Barcode - 4990010123348
Title - Bengal Legislative Assembly Proceedings (1999) vol.114, no. 4
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1108
Publication Year - 1999
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123348

Vol. 114, No.—IV

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Hundred and Fourteenth Session

(March to July, 1999)

(The 6th, 7th, 8th, 9th, 12th, 13th, 14th, 15th, 16th, 19th & 20th July, 1999)

Published by aurhority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

rice Rs. 299/-

Vol. 114, No.—IV

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Hundred and Fourteenth Session

**(March to July, 1999)**

(The 6th, 7th, 8th, 9th, 12th, 13th, 14th, 15th, 16th, 19th & 20th July, 1999)

Published by aurhority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

328 BL
V. 114 No. IV (iii)

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor
## SHRI K. V. RAGHUNATHA REDDY

## MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Jyoti Basu,** Chief Minister, Minister-in-charge of Home (Excluding Police) Department, Hill Affairs Department.
2. **Shri Buddhadeb Bhatacharjee,** Minister-in-charge of Home (Police) Department, Information & Cultural Affairs Department.
3. **Dr. Surjya Kanta Mishra,** Minister-in-charge of Land and Land Reforms Department, Rural Development Department & Panchayat Department.
4. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department, Development & Planning Department and Excise Department.
5. **Dr. Sankar Kumar Sen,** Minister-in-charge of Power Department and Science & Technology Department.
6. **Shri Santi Ghatak,** Minister-in-charge of Labour (excluding Employment & ESI) Department.
7. **Shri Subhas Chakraborti,** Minister-in-charge of Transport Department & Sports Department.
8. **Shri Mohammad Amin,** Minister-in-charge of Deptts. of Minority Affairs, Wakf & Urdu Academy and Haj.
9. **Shri Kanti Biswas,** Minister-in-charge of Departments of School Education, Madrasah and Refugees, Relief & Rehabilitation.
10. **Shri Goutam Deb,** Minister-in-charge of Department of Housing and Public Health Engineering.
11. **Shri Partha De,** Minister-in-charge of Department of Health & Family Welfare
12. **Shri Bidyut Ganguly,** Minister-in-charge of Commerce & Industries Department.
13. **Shri Satyasadhan Chakraborty,** Minister-in-charge of Department of Higher Education.

14. **Shri Abdur Razzak Molla,** Minister-in-charge of Food Processing, Horticulture and Sundarban Affairs Deptts.

15. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Department of S.C., S.T. & OBC welfare

16. **Smt. Chhaya Bera,** Minister-in-charge of Department of Self Employment Generation Programmes (Urban) & Employment Exchange & ESI.

17. **Shri Asok Bhattacharya,** Minister-in-charge of Departments of Municipal Affairs, Urban Development, HRBC and Town & Country Planning.

18. **Shri Manabendra Mukherjee,** Minister-in-charge of Departments of Youth Services, Environment and Tourism

19. **Shri Bhakti bhusan Mandal,** Minister-in-charge of Department of Co-operation.

20. **Shri Narendra Nath Dey,** Minister-in-charge of Agriculture Department (excluding Horticulture).

21. **Shri Debabrata Bandopadhyay,** Minister-in-charge of Irrigation & Waterways Department.

22. **Shri Kshiti Goswami,** Minister-in-charge of Public Works Department.

23. **Shri Nanda Gopal Bhattacherjee,** Minister-in-charge of Water Investigation and Development Department.

24. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Fisheries Department.

25. **Shri Prabodh Chandra Sinha,** Minister-in-charge of Parliamentary Affairs Department.

26. **Shri Upen Kisku,** Minister of State for S.C., S.T. and O.B.C. Welfare Department.

27. **Shri Pratim Chatterjee,** Minister of State for Department of Fire Services.

28. **Shri Mrinal Banerjee,** Minister-in-charge of Department of Public Undertakings & Industrial Reconstruction.

29. **Shri Pralay Talukdar,** Minister-in-charge of Cottage & Small Scale Industries Department.

30. **Shri Bansa Gopal Choudhury,** Minister-in-charge of Department of Technical Education & Training.

31. **Shri Anisur Rahaman,** Minister-in-charge of Animal Resources Development Department.

32. **Shri Nisith Adhikary,** Minister-in-charge of Law and Judicial Department.

33. **Shri Jogesh Chandra Barman,** Minister-in-charge of Forests Department.

34. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Food & Supplies Department.

35. **Shri Birendra Kumar Maitra,** Minister-in-charge of Agriculture Marketing Department.

36. **Shri Satya Ranjan Mahata,** Minister-in-charge of Relief Department.

37. **Shri Biswanath Chowdhury,** Minister-in-charge of Social Welfare & Jails Department.

38. **Smt. Anju Kar,** Minister-of-State of Mass Education Extension Department.

39. **Shri Maheswar Murmu,** Minister-of-State of Special Tribal Areas Development including Jhargram Affairs Department.

40. **Shri Nimai Mal,** Minister-of-State Department of Library Services.

41. **Shri Srikumar Mukherjee,** Minister-of-State of Civil Defence Department.

42. **Shri Kamalendu Sanyal,** Minister-of-State of Land & Land Reforms, Panchayats and Rural Development Department.

43. **Shri Susanta Ghosh,** Minister-of-State of Transport Department.

44. **Smt. Minati Ghosh,** Minister-of-State of Health & Family Welfare Department.

45. **Smt. Bilasi Bala Sahis,** Minister-of-State of Forests Department.

46. **Shri Ganesh Mondal,** Minister-of-State of Irrigation & Waterways Department.

47. **Shri Manohar Tirkey,** Minister-of-State of Public Works Department.

48. **Shri Dhiren Sen,** Minister-of-State of Excise Department.

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**
**PRINCIPAL OFFICERS & OFFICIALS**

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

**SECRETARIAT**

**Secretary : Shri Md. Nesar Khan**

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

1. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
2. Abdur Razzak Molla, Shri (106-Canning East-South 24 Parganas)
3. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
4. Abu Ayes Mondal, Shri (278-Monteswar—Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak—Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abu Sufian Sarkar, Shri (56-Bhagabangola—Murshidabad)
8. Abul Basar Laskar, Shri (120-Magrahat West—South 24-Parganas)
9. Acharjee, Shri Maniklal (257-Kulti—Burdwan)
10. Adhikary, Shri Nisith (270-Burdwan North—Burdwan)
11. Akbor Ali Khandoker, Shri (178-Chanditala—Hooghly)
12. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
13. Ankura, Shri Saresh [266-Kanksa (SC)—Burdwan]
14. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC)—Burdwan]
15. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
16. Bagdi, Shri Kirity [247-Indpur (SC)—Bankura]
17. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
18. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
19. Bakshi, Shri Sanjoy (142-Jorabagan—Calcutta)
20. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
21. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipore—Calcutta)
22. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
23. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
24. Banerjee, Shri Debabrata (265-Durgapur-II—Burdwan)
25. Banerjee, Shri Mrinal (264-Durgapur I—Burdwan)
26. Banerjee, Shri Pankaj (150-Tollygunge—Calcutta)
27. Banerjee, Shri Shyamadas (259-Hirapur—Burdwan)
28. Banerjee, Shri Tapas (260-Asansol—Burdwan)
29. Bangal, Dr. Makhanlal (216-Sabang—Midnapore)
30. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)
31. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC)—Jalpaiguri]
32. Basu, Shri Baren (87-Habra—North 24-Parganas)
33. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)
34. Basu, Shri Jyoti (117-Satgachia—South 24-Parganas)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
38. Bera, Shri Dipak (203-Moyna—Midnapore)
39. Bhaduri, Shri Timir Baran (64-Beldanga—Murshidabad)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
42. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan—Midnapore)
43. Bhattacharjee, Shri Sudhir (118-Falta—South 24-Parganas)
44. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
45. Biswas, Shri Ananda Kumar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
46. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Jayanta Kumar (61-Naoda—Murshidabad)
49. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
50. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC)—North 24-Parganas]
51. Biswas, Shri Kanti [98-Sandeshkhali (SC)—North 24 Parganas]
52. Biswas, Shri Shashanka Shekhor [79-Hanskhali (SC)—Nadia]
53. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
54. Biswas, Smt. Susmita (250-Barjora—Bankura)
55. Bose, Shri Syama Prasad (271-Burdwan South—Burdwan)
56. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
57. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
58. Chakrabortty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakravartty, Shri Gautam (46-Englishbazar—Malda)
60. Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)
61. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar—Hooghly)
62. Chatterjee, Shri Rabindranath (280-Katwa—Burdwan)
63. Chattopadhyay, Shri Jyoti Krishna (179-Uttarpara—Hooghly)
64. Chattopadhyay, Shri Sobhan Deb (104-Baruipur—South 24-Parganas)
65. Chattopadhyay, Shri Tapas (275-Memari—Burdwan)
66. Chaudhuri, Shri Amar (137-Baranagar—North 24-Parganas)
67. Chhetri, Shri Narbahadur (23-Darjeeling—Darjeeling)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

68. Chhetri, Shrimati Shanta (24-Kurseong—Darjeeling)
69. Choudhuri, Shri Adhir Ranjan (57-Nabagram—Murshidabad)
70. Choudhury, Shri Bansa Gopal (261-Ranigunj—Burdwan)
71. Chowdhary, Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
72. Chowdhury, Shri Biswanath (38-Balurghat—South Dinajpur)
73. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur—Bankura)
74. Chowdhury, Shri Jyoti (180-Serampore—Hooghly)
75. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur—Howrah)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)
77. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (S.C.)—Cooch Behar]
78. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
79. Dalui, Shri Sibaprasad [272-Khandaghosh (S.C.)—Birbhum]
80. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
81. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
82. Das, Shri Dilip Kumar [31-Raiganj (SC)—North Dinajpur]
83. Das, Shri Nirmal (12-Alipurduar—Jalpaiguri)
84. Das, Shri Paresh Nath [54-Sagardighi (S.C.)—Murshidabad]
85. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC)—Cooch Behar]
86. Das, Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)
87. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
88. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
89. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
90. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
91. Das Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur—Midnapore)
92. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West—Midnapore)
93. Datta, Shri Binoy (194-Arambagh—Hooghly)
94. D'Costa Hurt, Shrimati Gillian Rosemary (295-Nominated)
95. De, Shri Ajoy (78-Santipur—Nadia)
96. De, Shri Partha (251-Bankura—Bankura)
97. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge—South 24-Parganas)
98. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
99. Deb, Shri Rabin (152-Ballygunge—Calcutta)
100. Dey, Shri Gopal Krishna (125-Patharpratima—South 24-Parganas)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**--*Contd.*

101. Dey, Shrimati Ibha (177-Jangipara—Hooghly)
102. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
103. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
104. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
105. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
106. Dutta, Shri Gurupada (196-Chandrakona—Midnapore)
107. Dutta, Shri Himangshu (279-Purbasthali—Burdwan)
108. Dutta, Shri Sabju (173-Bagnan—Howrah)
109. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
110. Ganguly, Shrimati Kanika (161-Bally—Howrah)
111. Ganguly, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
112. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
113. Ghatak, Shri Santi Ranjan (136-Kamarhati—North 24-Parganas)
114. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
115. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
116. Ghosh, Shri Nirmal (135-Panihati—North 24-Parganas)
117. Ghosh, Shri Pankaj Kumar (85-Bongaon—North 24-Parganas)
118. Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
119. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
120. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
121. Giri, Shri Asok Kumar (126-Kakdwip—South 24-Parganas)
122. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
123. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
124. Goswami, Shri Mihir (4-Cooch Behar North—Cooch Behar)
125. Goswami, Shri Subhas (248-Chhatna—Bankura)
126. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
127. Gulsan Mullick, Shri (168-Panchla—Howrah)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)
130. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar—North Dinajpur)
131. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore)
132 Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
133. Hazra, Shri Samar [274-Jamialpur (SC)—Burdwan)
134. Hembram, Shrimati Deblina [246-Ranibandh (ST)—Bankura)
135. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST)—Purulia]

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.***

136. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST)—Malda]
137. Hira, Shrimati Mili (83-Haringhata—Nadia)
138. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
139. Humayun Reza, Shri (51-Aurangabad—Murshidabad)
140. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
141. Idrish Mondal, Shri (269-Galsi—Burdwan)
142. Kabi, Shri Pelab (262-Jumuria—Burdwan)
143. Kalimuddin Shams, Shri (293-Nalhati—Birbhum)
144. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
145. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)
146. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
147. Khanra, Shri Ajit (208-Bhagabanpur—Midnapore)
148. Khanra, Shri Saktipada (190-Polba—Hooghly)
149. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia]
150. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura]
151. Kujur, Shri Sushil (14-Madarihat (ST)—Jalpaiguri)
152. Kundu, Shri Ranjit (129-Naihati—North 24-Parganas)
153. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong—Darjeeling)
155. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum)
156. M. Ansar Uddin, Shri (167-Jagathallavpur—Howrah)
157. Mahamuddin, Shri (27-Chopra—North Dinajpur)
158. Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)
159. Mahammed Hannan, Shri (291-Rampurhat—Birbhum)
160. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)
161. Mahata, Shri Khagendranath (222-Salbani—Midnapore)
162. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
163. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
164. Mahato, Shri Shantiram (238-Joypur—Purulia)
165. Maikap, Shri Chakradhar (210-Contai North—Midnapore)
166. Mainul Hoque, Shri (50-Farakka—Murshidabad)
167. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC)—Hooghly]
168. Maitra, Shri Birendra Kumar (42-Harischandrapur—Malda)
169. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia]
170. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

171. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC)—Burdwan]
172. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC)—Birbhum]
173. Mal, Shri Nimai (192-Pursurah—Hooghly)
174. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly)
175. Mallik, Shrimati Sadhana (281-Mangalkot—Burdwan)
176. Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
177. Mondal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
178. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
179. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
180. Mandal, Dr. Rani Chandra [209-Khajuri (SC)—Midnapore]
181. Mandal, Shri Ram Prabesh (47-Manickchak—Malda)
182. Mandal, Shri Subhas (268-Bhatar—Burdwan)
183. Mandal, Shri Tushar Kanti [205-Sutahata (SC)—Midnapore]
184. Manjhi, Shri Ramjanam [170-Uluberia North (SC)—Howrah]
185. Md. Fazle Haque, Dr. (6-Sitai—Cooch Behar)
186. Md. Sohrab, Shri (52-Suti—Murshidabad)
187. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
188. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
189. Minj, Shri Prokash [26-Phansidewa (ST)—Darjeeling]
190. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
191. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)
192. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas)
193. Mitra, Shri Asit (174-Kalyanpur—Howrah)
194. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
195. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
196. Mitra, Shri Somedra Nath (156-Sealdah—Calcutta)
197. Mohammad Amin, Shri (114-Garden Reach—South 24-Parganas)
198. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
199. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
200. Mondal, Shri Ganesh [100-Gosaba (SC)—South 24-Parganas]
201. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
202. Mostafa Bin Quasem, Shri (93-Swarupngar—North 24-Parganas)
203. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

204. Mozammel Hoque, Shri (58-Murshidabad—Murshidabad)
205. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)
206. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
207. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
208. Mukherjee, Shri Ashoke (90-Barasat—North 24-Parganas)
209. Mukherjee, Shri Kamal (182-Chandernagore—Hooghly)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manbendra (155-Beliaghata—Calcutta)
212. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113 Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Pratyush (175-Amta—Howrah)
215. Mukherjee, Shri Rabin (187-Bansberia—Hooghly)
216. Mukherjee, Shri Samar (43-Ratua—Malda)
217. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
218. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
219. Mukherjee, Shri Subrata (142-Chowringhee—Calcutta)
220. Mukhopadhyay, Shri Chitta Ranjan (198-Dasput—Midnapore)
221. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
222. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
223. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
224. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)
225. Nanda, Shri Brahmamoy [207-Narghat—Midnapore]
226. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
227. Naskar, Shri Sankar Saran (111-Bishnupur West—South 24-Parganas)
228. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
229. Nath, Shri Madanmohan (132-Noapara—North 24-Parganas)
230. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
231. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
232. Paik, Shri Nikunja [122-Mandirbazar (SC)—South 24-Parganas]
233. Paik, Shrimati Sakuntala [124-Kulpi (SC)—South 24-Parganas]
234. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]
235. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
236. Panda, Shri Debi Sankar (206-Nandigram—Midnapore)
237. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

238. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
239. Paul, Shrimati Maya Rani (63-Berhampore—Murshidabad)
240. Paul, Shri Paresh (159-Manicktola—Calcutta)
241. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
242. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
243. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
244. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
245. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
246. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Calcutta)
247. Rana, Shrimati Shakti (230-Gopiballavpur—Midnapore)
248. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
249. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
250. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
251. Roy, Shri Bachcha Mohan [17-Mayanaguri (SC)—Jalpaiguri]
252. Roy, Shri Banamali (15-Dhupguri (SC)—Jalpaiguri)
253. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
254. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
255. Roy, Shri Manmatha (86-Gaighata—North 24-Parganas]
256. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
257. Roy, Shri Narmada Chandra [33-Kushmandi (SC)—South Dinajpur]
258. Roy, Shri Phani Bhusan [45-Malda (SC)—Malda]
259. Roy, Shri Ramesh [1 Mekliganj (SC)—Cooch Behar]
260. Roy, Shri Sougata (148-Alipore—Calcutta)
261. Roy, Shri Tapas (157-Vidyasagar—Calcutta)
262. Roychowdhury, Shri Nirode (88-Ashoknagar—North 24-Parganas)
263. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)
264. Saha, Shri Kripa Sindhu (191-Dhaniakhali (SC)—Hooghly)
265. Saha, Dr. Tapati [154-Taltola (SC)—Calcutta]
266. Sahis, Shrimati Bilasi Bala (240-Para (SC)—Purulia)
267. Samanta, Shri Rampada (217-Pingla—Midnapore)
268. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia)
269. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
270. Saren, Shri Subhas Chandra [229-Nayagram (ST)—Midnapore]
271. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Concld.*

272. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
275. Sengupta Basu, Shrimati Kamal (128-Bijpur—South 24-Parganas)
276. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Sheikh Daulat Ali, Shri (119-Diamond Harbour—South 24-Parganas)
279. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
280. Singha, Shri Sankar (81-Ranaghat West—Nadia)
281. Singha, Shri Suresh Chandra (30-Karandighi—North 24-Parganas)
282. Sinha, Shri Anay Gopal (131-Jagatdal—North 24-Parganas)
283. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
284. Sinha, Dr. Nirmal [121-Mograhat East (SC)—South 24-Parganas]
285. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
286. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
287. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]
289. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Manohar [11-Kalchini (ST)—Jalpaiguri]
292. Toppo, Shri Salib [10-Kumargram (ST)—Jalpaiguri]
293. Unus Sarkar, Shri (59-Jalangi—Murhsidabad)
294. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)
295. Zamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday the 6th July, 1999 at 11.00 a.m.

### PRESENT

**Mr. Speaker** (Shri Hasim Abdul Halim) in the Chair, 09 Ministers, 03 Ministers of State and 132 Members.

### Starred Questions
### (to which oral Answers were given)

[11.00-11.10 a.m.]

### Reconversion of Christians

*470. (Admitted Question No. *73) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether there has been any complaints about forcible reconversion of Christians in West Bengal; and

(b) the policy of the State Government in the matter?

**Shri Buddhadeb Bhattacharjee :**

(a) No.

(b) State Government does not interfere in religious matters. However, appropriate action will be taken if any complaint of forcible conversion/reconversion is received.

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী বলেছেন এ রাজ্যে ধর্মান্তকরণ বা পুনর্ধর্মান্তকরণের কোন অভিযোগ তিনি পান নি। কিন্তু আমরা সংবাদপত্রে দেখেছি ৩ মাস আগে মালদার গাজলে আদিবাসীদের খ্রীষ্টান ধর্মে ধর্মান্তকরণ করা হয়েছিল। তার পর বিশ্বহিন্দু পরিষদ সেখানে গিয়ে তাদের পুনর্ধর্মান্তকরণ করে এবং সেখানে যথেষ্ট উত্তেজনার সৃষ্টি হয়। গাজল আদিবাসী অধ্যুষিত এলাকা। এ ব্যাপারে মন্ত্রীর কাছে কোন খবর আছে কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যর প্রশ্ন ছিল কোন নির্দিষ্ট অভিযোগ করা হয়েছিল কি না। আমি উত্তর দিয়েছি না। কিন্তু আপনি যে ঘটনার কথা বললেন আমি শুধু আপনাকে অনুরোধ করবো আপনি যে জেলার কথা বললেন আরও দু-তিনটি জেলাতে ইন্টেলিজেন্স ব্রাঞ্চ আমার কাছে খবর দিয়েছিল যে খবরগুলি খুবই ডিস্টার্বিং। কিন্তু আমি সেই মুহূর্তে ব্যবস্থা

নেওয়ায় যে ঘটনা চলছিল সেটা ব্যর্থ করে দিয়েছি। কিন্তু আর কোন জেলাতে পরবর্তীকালে আর কোন ঘটনা ঘটেনি। যেহেতু ঘটনায় কেউ পুলিশের কাছে ডায়েরী বা ফর্মাল কমপ্লেন সরকারের কাছে করে নি—দু তিনটে জেলাতে এই রকম রিপোর্ট আমাদের কাছে ছিল। আমরা সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার জন্য তা তারা করতে পারে নি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী বলেছেন যে রাজ্যে সাধারণত ধর্মের ব্যাপারে হস্তক্ষেপ করে না, তাদের নীতি সংবিধানসম্মত। কারণ সংবিধানে ফ্রীডম অফ রিলিজিয়নস আছে, মানুষ ধর্ম প্রচার করতে পারবে। কিন্তু আমরা দেখছি তারা গুজরাটে জানুয়ারী মাসে যে গন্ডগোল হয়েছিল, খ্রীষ্টানদের উপর আক্রমণ হয়েছিল এবং সব ঘটনাই ধর্মান্তকরণের এবং জোর করে পুর্নধর্মান্তকরণ তাকে নিয়েই। উড়িষ্যাতে ২৩শে জানুয়ারী গ্রাহাম ষ্টেইনস্ মারা গেল এটাও একই ব্যাপার। ধর্মীয় অভিযোগ এবং পুর্নধর্মান্তকরণের চেষ্টা এবং উগ্র হিন্দুত্ববাদী সংগঠনের কাজ। এটা ঠিক যে আমাদের রাজ্যে এই ধরনের কোন গুরুতর ঘটনা ঘটে নি, যদিও ছোট-খাটো ঘটনা ঘটেছে। এ ব্যাপারে মন্ত্রীর পরিষ্কার নীতি ঘোষণা করা উচিত নয় কি? আমরা ধর্মান্তরিত করি, কিন্তু কোন ইনডিউসমেন্ট বা লোভ দেখিয়ে বা ভয় দেখিয়ে ধর্মান্তকরণ করা যায় না, তেমনি পুর্নধর্মান্তকরণ জোর করে বা ইনডিউসমেন্ট দেখিয়ে করা যায় না। এ ব্যাপারে সরকার ক্রিয়ার পলিসি ঘোষণা করছেন না কেন? যাতে এই রাজ্যে এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি না হয়। যদি করেন তাহলে এ ব্যাপারে ওনার কি ভাবনা-চিন্তা বা কি পলিসি সেটা জানান?

**শ্রী বুদ্ধদেব ভাট্টাচার্য ঃ** মাননীয় সদস্যকে প্রথমে বলি তিনি যে দুটো ঘটনার উল্লেখ করেছেন—গুজরাট এবং উড়িষ্যার ঘটনা—আমি তার সঙ্গে সম্পূর্ণভাবে একমত, এটা বর্বরতার পর্যায়ে গিয়ে পৌঁছেছিল। বিশেষ করে উড়িষ্যার ঘটনা আমরা সবাই জানি কি হয়েছিল। আমাদের রাজ্যে প্রাথমিকভাবে কয়েকটা রিপোর্ট পাবার পর, মাননীয় সদস্য বিশেষ করে মালদার কথা বলেছেন, আমি আর অন্য জেলাগুলোর নাম করছি না, সেই সব এস. পি.-দের আলাদা করে মিটিং ডাকা হয় এবং তাদের কাছে সরকারের অবস্থান পরিষ্কার ভাবে বলে দিই। কেউ যদি নিজে থেকে ধর্ম পরিবর্তন করতে চান তাহলে তিনি তা করতে পারেন। কিন্তু যদি জোর করে, লোভ দেখিয়ে, ভয় দেখিয়ে কাউকে ধর্মান্তকরণের চেষ্টা হয় তাহলে আমরা তা আমাদের রাজ্যে বরদাস্ত করব না। এ ব্যাপারে ডি. এম. এবং এস. পি.-দের কাছে নির্দিষ্ট ভাবে বলা আছে। আর, সরকারের নীতির কথা যেটা বলছেন, আজকে আলোচনা যা হচ্ছে তাকেই সরকারের নীতি হিসাবে ধরে নিতে পারেন। ধর্মপালনের অধিকার সকলের আছে। এটা সাংবিধানিক অধিকার। আর নিজের ইচ্ছামত, স্বাধীন ভাবে ধর্ম পরিবর্তনের অধিকারও সকলের আছে। কিন্তু জোর করে, ভয় দেখিয়ে, লোভ দেখিয়ে ধর্মান্তকরণ সম্পূর্ণভাবে বে-আইনি। এই রাজ্যে আমরা তা করতে দেব না।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমাদের কাছে খবর আছে, বিশ্বহিন্দু পরিষদ একটা সাম্প্রদায়িক সংগঠন, তারা পশ্চিমবাংলার বেশ কিছু আদিবাসী এলাকায় কাজ করছে এবং তারা সাম্প্রদায়িক অ-সম্প্রীতির ভাব, বৈরীর ভাব ছড়াবার চেষ্টা করছে। বিশেষ করে এইসব আদিবাসী এলাকা এবং সীমান্ত এলাকা, বাংলাদেশ সীমান্তের কাছে যেসব জেলা সেখানে তাদের বেশী গতিবিধি

লক্ষ্য করা যাচ্ছে। মাননীয় মন্ত্রীও কয়েকটা জায়গায় উল্লেখ করলেন। তাই মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, এই সব জেলায় বিশ্বহিন্দু পরিষদের গতিবিধির উপর বিশেষ দৃষ্টি রাখা হচ্ছে কিনা এবং যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনাকে শুধু এটুকু বলতে চাই, যতটুকু ক্ষমতা আমাদের আছে আমরা চেষ্টা করছি। আই. বি. কে নির্দিষ্ট ভাবে বলা হয়েছে, যে এলাকাগুলো এবং জেলাগুলো চিহ্নিত করতে। আমি খৃষ্টান মাইনরিটি নেতৃত্বকেও আমার ঘরে ডেকেছিলাম। তাঁরা কি ভাবছেন? তাঁদের কাছে কোন সংবাদ আছে কিনা? তাঁদের বক্তব্য আমি শুনে নিয়েছি এবং সেই ভাবে ইন্টালিজেন্স ব্রাঞ্চকে, কলকাতার এস. বি.-কে সব কথা বলা আছে। যে এলাকায় ঘটনা ঘটেছিল বা সূত্রপাত হয়েছিল সেখানে বিশ্ব-হিন্দু পরিষদ হোক, এক জায়গায় বি. জে. পি. নিজের নামে করেছিল। আরেকটা জায়গায় বজরঙ্গী দলকে শতর্ক করে দেওয়া হয়েছে। মালদাতে যারা ঐ কর্মসূচীর পরিকল্পনা করেছিল তাদের নির্দিষ্ট ভাবে বলে দেওয়া হয়েছিল যদি ঐসব করতে চাও করতে পারবে না। তারা শুধু গান গেয়ে ফেরত এসেছিল, করতে পারে নি। জেলাস্তরে এ ব্যাপারে এস. পি., ডি. এম.-দেরও বলে দেওয়া আছে। ঐ দলগুলো, বজরঙ্গী দল, হনুমানের দলকে বলে দেওয়া হয়েছে এই রাজ্যে এই সব করলে গ্রেপ্তার হবে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** কনভারশন এবং রি-কনভারশনের অধিকার আমাদের সংবিধানে আছে। কিন্তু যেখানে ভলান্টারি কনভারশন হচ্ছে তাকে ফোরসিভলি রি-কনভারশন করার চেষ্টা একটা মৌলবাদী সংগঠন করছে। এই রকম দু-একটা কেসে আমাকে ইন্টারফেয়ার করতে হয়েছে। এ ব্যাপারে প্রচলিত আইনকে কঠোর ভাবে প্রয়োগ বা নতুন কোন আইন করছেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নতুন করে কোন আইন করার দরকার নেই। যেটা আছে— জোর করে কাউকে ধর্ম পরিবর্তন করানো যায় না। যদি কেউ নিজের ইচ্ছায় ধর্ম পরিবর্তন করেন তাহলে অন্য কথা। যেমন—মাইকেল মধুসূদন রাহুল সংস্কৃত্যায়ন হয়েছিলেন। সেটা অন্য ব্যাপার। কিন্তু উগ্র মৌলবাদী সংগঠন যদি জোর করে বা লোভ দেখিয়ে সংগঠিত ভাবে ধর্মান্তকরণ করতে চায় তাহলে তা বে-আইনি। আর, তার জন্য নতুন কোন আইন করার দরকার হবে না।

[11.10–11.20 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে উগ্র মৌলবাদী সংগঠণ বা শক্তিগুলো যে ভাবে মাথাচাড়া দিচ্ছে এটা সকলের কাছেই উদ্বেগ এবং উৎকণ্ঠার বিষয়। একদিকে এর বিরুদ্ধে কার্যকরী পদক্ষেপ নেওয়ার প্রশ্নে সরকার এবং জনগণকে সতর্ক থাকতে হবে, তার সাথে সাথে এই শক্তি যাতে জমিটা ভাল করে না করতে পারে সেই জমিটাকে নষ্ট করার জন্য একটা পদক্ষেপ নেওয়া যাতে সাম্প্রদায়িক সম্প্রীতির পরিবেশ সৃষ্টি করা যায় তার জন্য একটা বিশেষ পরিস্থিতিতে সরকার বিশেষ কোন কার্যসূচী নেওয়ার কোন উদ্যোগ আছে কি? থাকলে সেটা কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আমি শুধু বলতে চাই এই যে বিপদগুলো আমাদের রাজ্যে ছিল না। আর. এস. এস., বিশ্বহিন্দু পরিষদ, বজরং দল এগুলো কাগজে সংগঠন ছিল। কিন্তু এখন কিছু কিছু জেলায় এসব খবর পাওয়া যাচ্ছে। তারা এসব করছে। আমি আপনার প্রশ্নের উত্তরে বলতে চাই যে, শুধু প্রশাসনিক ব্যবস্থা দিয়ে ফল হয় না। এ ব্যাপারে রাজনৈতিক দলগুলোর দায়িত্ব রয়েছে. রাজনৈতিক দলগুলোকে মতাদর্শগত ভাবে এর বিরুদ্ধে লড়াই করতে হবে। তৃণমূল কংগ্রেস এখানে বি. জে. পি.-কে টেনে এনেছে। তার ফলে বি. জে. পি. মাঠে-ময়দানে এদের ঢোকাচ্ছে। সুতরাং রাজনৈতিক দলগুলোকে মতাদর্শগত ভাবে এর বিরুদ্ধে আপোষহীন সংগ্রাম করা উচিত, শুধু প্রশাসনিক ভাবে কিছু হবে না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন যে, কন্‌ভার্‌সন্‌ বা রি-কন্‌ভারস্‌নের জন্য কোন দল বা গোষ্ঠী জোর করে যাতে কিছু করতে না পারে তার জন্য আপনি এস. পি. এবং ডি. এম. কে নির্দেশ দিয়েছেন। কিন্তু দেখা গেছে, এর আগেও আপনি নির্দেশ দিয়েছিলেন যে, কলকাতাসহ পশ্চিমবঙ্গের কোন থানার ভিতরে মন্দির, মসজিদ, গীর্জা রাখা যাবে না। কিন্তু তা সত্ত্বেও প্রত্যেকটি থানায় এগুলো আছে। আপনার নির্দেশ তাহলে কিভাবে পালিত হচ্ছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যের প্রশ্নটা একটু অন্যরকম হল। এর সঙ্গে এটা যুক্ত নয়। মাননীয় স্পীকার একটু অন্যমনস্ক আছেন বলে এটা করতে দিলেন। জানি না কেন এটা করতে দিলেন। স্যার, আপনার অনুমতি নিয়ে বলছি, এটা খুব কঠিন কাজ এবং স্পর্শকাতর কাজ। আমি একটা জিনিষ করতে পেরেছি সেটা হচ্ছে, থানায় পূজো করতে পারবে না, ব্যারাকে করতে হয় করবে। নতুন করে যে থানাগুলো হচ্ছে সেই থানাগুলোর মধ্যে ধর্মের কোন ব্যবস্থা করা যাবে না, কোন ধর্মই করা যাবে না, কালী করা যাবে না, মাজার করা যাবে না। আর যেগুলো পুরোনো সেগুলোতে ব্যবস্থা করতে হবে। জিনিষটা স্পর্শকাতর। বুঝে শুনে এগোতে হবে, হৈ-চৈ করে করা যাবে না। তবে গত ২ বছরের মধ্যে আমরা এটা করতে পেরেছি পুলিশ ষ্টেশনের মধ্যে পুজো করতে পারবে না। এটা খানিকটা এনফোর্স করতে পেরেছি। পূজো করতে গেলে বাইরে করতে হবে।

**শ্রী তপন হোড় ঃ** ফোরসিব্‌লি রি-কনভারশন বা ধর্মান্তকরণের ব্যাপারে আর. এস. এস., বজরং দল ও বিশ্বহিন্দু পরিষদ—এদের নিয়ে বি. জে. পি. জোট কেন্দ্রীয় সরকারে আছে। তৃণমূল কংগ্রেসও এদের শরিক। এই যে জোর করে ধর্মান্তকরণের ব্যাপারে আমাদের রাজ্যে একটা নির্দিষ্ট আদর্শ, একটা নির্দিষ্ট প্রক্রিয়ার মধ্যে দিয়ে চলেছে। এই ফোরসিব্‌লি ধর্মান্তকরণ সম্পর্কিত ব্যাপারে কেন্দ্রীয় সরকার কোন উদ্যোগ নিয়েছেন কি? বা কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারের সঙ্গে কোন কথা বলেছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** একেবারে কোন উৎসাহ নেই। উপরন্তু গুজরাটের ঘটনার পরে প্রধানমন্ত্রী এসে বললেন, 'জাতীয় বিতর্ক চাই।' অদ্ভুত ব্যাপার! যখন প্রধানমন্ত্রীর হচ্ছে এই মনোভাব তখন কেন্দ্রীয় সরকারের কি মনোভাব তা নিশ্চয়ই আমরা বুঝতে পারছি? খ্রীশ্চানদের পুড়িয়ে মারা হবে কিনা, তাই নিয়ে জাতীয় বিতর্ক! তাই আমরা নিজেদের দায়িত্ব নিজেরাই পালন করছি।

**শ্রী সত্যসাধন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আর. এস. এস., বজরং দল ইত্যাদি বি. জে. পি.-রই শাখা সংগঠন। এদের বড় কর্তা বিজেপিকে পশ্চিমবাংলায় নিয়ে আসার ক্ষেত্রে আপনাদের দায়িত্বও কিছু কম নয়। আপনারাই প্রথম বি জে পি'কে পশ্চিমবাংলায় ঢুকিয়ে ছিলেন। এখন আপনারা ভয় পাচ্ছেন। আপনাদের সৃষ্টি—সেই সাপ এখন আপনাদের কামড়াচ্ছে। পশ্চিমবাংলায় এখন যা হচ্ছে তার পেছনে আপনাদেরও যে দায়িত্ব ছিল তা আপনারা পালন করতে পারেন নি। একথা কি আপনারা আজকে অস্বীকার করতে পারেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** স্যার, আমি বলতে বাধ্য হচ্ছি, মাননীয় সদস্যর প্রশ্নোত্তর পর্বে কি হওয়া উচিত এবং কি হওয়া উচিত নয় তা জানেন না। অথচ তিনি দীর্ঘদিন হাউসে আছেন। কিন্তু যেহেতু তিনি রাজনৈতিক উদ্দেশ্যে প্রশ্নটা করলেন সেহেতু তাঁকে আমি বলেছি, তাঁরা গেরুয়াদের সঙ্গে এক হয়ে ভি. পি. সিং সরকারকে লোকসভার ভোটে হারিয়ে যে দিন ফেলে দিয়েছিলেন সেদিন থেকেই এই পাপের শুরু। সুতরাং এর জন্য দায়ী তাঁরাই।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করার ক্ষেত্রে আমাদের বামফ্রন্ট সরকার বিরাট একটা ভূমিকা পালন করছে। তথাপি আমরা লক্ষ্য করছি আমাদের রাজ্য প্রশাসনের মধ্যে বেশ কিছু সরকারী কর্মচারী এবং অফিসার আছেন যাঁরা সাম্প্রদায়িক মনোভাবাপন্ন। সুতরাং তাঁদের সম্পর্কে আই. বি. আপনার কাছে কোন তথ্য দিয়েছে কি এবং আপনি তাঁদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সরকারী কর্মচারীদের মধ্যে কে কে বি জে পি. মনোভাবাপন্ন, আর. এস. এস. মনোভাবাপন্ন তা খুঁজে বের করা আই. বি. বা এস. বি.-র কাজ নয়। অন্তত এখন পর্যন্ত নয়। কিন্তু যখন আমরা দেখি কোন আধিকারিক বা অফিসারের কাজের মধ্যে—সে পুলিশের মধ্যেই হোক বা অন্য কোন বিভাগেই হোক—সাম্প্রদায়িক মনোভাবের পরিচয় রয়েছে তখন তাঁর বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়। তবে আমি মনে করি আমাদের রাজ্য প্রশাসনের অধিকাংশই, শতকরা হার বলতে পারব না, ধর্মনিরপেক্ষ আদর্শে আন্তরিকভাবে বিশ্বাসী। হ্যাঁ, নিশ্চয়ই দু'একজন সাম্প্রদায়িকতায় বিশ্বাসী বা সম্প্রদায়িক মনোভাবাপন্ন। তা না হলে পুলিশের ডি. জি. চাকরি থেকে অবসর গ্রহণের পরে বি. জে. পি.-তে চলে যায়! এর থেকেই বোঝা যাচ্ছে তাঁর কি মনোভাব ছিল। যাই হোক কাজের ক্ষেত্রে যখন এরকম কাউকে দেখি তখন তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নিই।

### দুগ্ধ উৎপাদনের পরিমাণ

*৪৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের দুগ্ধাগারগুলি থেকে প্রতিদিন কত লিটার দুধ উৎপাদন হয়;

(খ) উক্ত উৎপাদিত দুধ সাধারণ মানুষ ও সরকারী হাসপাতালে কত পরিমাণে সরবরাহ করা হয়; এবং

(গ) ঐ সরবরাহ বাবদ সরকারের লাভ বা লোকসানের পরিমাণ কত?

**শ্রী আনিসুর রহমান ঃ**

(ক) রাজ্যে সরকারী দুগ্ধাগার থেকে প্রতিদিন গড়ে ৫,৬৪,০০০ লিটার দুধ সরবরাহ হয়। ১৯৯৮-৯৯ সালের হিসাব মত।

(খ) রাজ্যের সরকারী দুগ্ধাগারগুলি থেকে দৈনিক গড়ে ৫,৫৫,৮০০ লিটার দুধ সাধারণ মানুষের জন্য ও হাসপাতালগুলিতে ৮,২০০ লিটার দুধ সরবরাহ করা হয়।

(গ) ১৯৯৭-৯৮ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গ সরকার অধীনস্থ রাজ্যের ৫টি দুগ্ধ সরবরাহ কেন্দ্র থেকে সরকার কর্তৃক সরবরাহকৃত দুগ্ধ বাবদ লোকসানের পরিমাণ-সরকারী দুগ্ধাগারগুলিতে (মাদার ডেয়ারী সহ) কর্মচারীদের বেতন ও পরিবহন খরচ বাদে দৈনিক গড়ে ৫৯ হাজার ১০ টাকা।

[11.20–11.30 a.m.]

**শ্রী জ্যোতি কৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** আমি জানতে চাইছি, আমাদের রাজ্যে গড়ে দৈনিক দুধের চাহিদা কত তার কোন পরিসংখ্যান বা সমীক্ষা সরকারী তরফ থেকে করা হয়েছিল কিনা?

**শ্রী আনিসুর রহমান ঃ** বিভিন্ন সময়ে এন. আই. এমের যে নর্মস আছে সেই নর্মস মত মাঝে-মাঝে ঠিক করা হয়। কয়েক বছর আগে ঠিক করা হয়েছিল। এখন রেডি করা নেই। এখন চেষ্টা হচ্ছে এটা কিভাবে মোট চাহিদা ঠিক করা যায়। প্রধানতঃ কলকাতা এবং সংলগ্ন এলাকায় দুধের চাহিদার কারেন্ট যে হিসাব তা হচ্ছে প্রতিদিন ২০ লক্ষ লিটার দুধ লাগার কথা।

**শ্রী জ্যোতি কৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** আমাদের সরকারী দুগ্ধাগার থেকে প্রতিদিন গড়ে ৫ লক্ষ ৬৪ হাজার লিটার দুধ সরবরাহ করা হয়। সরকারী দুগ্ধাগার থেকে এই ঘাটতি মেটানোর জন্য কোন পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** আমাদের কলকাতা এবং সংলগ্ন এলাকায় যা প্রয়োজন প্রধানত তাই আমরা সরবরাহ করি, তবে সবটা সরকারীভাবে হয় না। আমি যে হিসাবটা দিয়েছি ৫ লক্ষ ৬৪ হাজার লিটার দুধ সেটা মূলতঃ সরকারের যে ৫টি ডেয়ারী আছে এবং নতুন একটি মাদার ডেয়ারী সবটা মিলিয়ে আমরা সরবরাহ করি কলকাতা এবং তার সংলগ্ন এলাকায়। এ ছাড়া অন্যান্য যে সব সংস্থা আছে, বহু প্রাইভেট আছে, জয়েন্ট ভেনচার আছে, মেট্রো ডেয়ারী তারা ২ লক্ষ লিটার সরবরাহ করে। আর বাকিটা সরবরাহ করার জন্য কলকাতার বাইরে অর্থাৎ শহরের বাইরে যে সমস্ত খাটাল আছে তারা করে। তবে কলকাতার যা প্রয়োজন তা আমরা পাচ্ছি না এটা ঠিক নয়। আমরা বাইরে থেকেও দুধ কিনি, এস. এম. পি. কিনি। আমাদের যা প্রয়োজন আছে আমরা তা মেটাতে পারি। প্রয়োজন যেমন যেমন বাড়বে সেইরকম ব্যবস্থা নেওয়া যেতে পারে।

**শ্রী জ্যোতি কৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** আপনি জানিয়েছেন, আমাদের ৫টি সরকারী দুগ্ধাগার কেন্দ্রগুলিতে লোকসান হচ্ছে ৫৯ হাজার ১০ টাকা। এই লোকসানটাকে কমিয়ে কিভাবে লাভজনক করা যায় তার কোন ব্যবস্থা নিয়েছেন কি? যেমন, আমার উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত মাদার ডেয়ারী একটা লাভজনক প্রতিষ্ঠান। আমার যতদূর মনে হচ্ছে, মাদার ডেয়ারী লাভ করছে কিন্তু অন্যান্য কেন্দ্রগুলি লোকসানে গিয়ে গড়ে সবগুলি লোকসানে চলে আসছে। এই লোকসান কমানোর জন্য কি ধরণের পরিকল্পনা নেওয়া হয়েছে এবং তা কিভাবে বাস্তবায়িত করার চেষ্টা করছেন?

**শ্রী আনিসুর রহমান ঃ** যে হিসাবটা দেওয়া হয়েছে লাভ-ক্ষতির ৫৯ হাজার ১০ টাকার, এর দুটো ভাগ আছে। মাদার ডেয়ারী লাভ করে এবং লোকসানও করে। প্রতিদিন ১২ হাজার টাকা করে সাড়ে ৪ কোটি টাকা সেই বছরে লাভ করেছিল। এর আগে মাদার ডেয়ারী যখন তৈরী হয় তখন এটা এন. ডি. ডি. পি তৈরী করেছিল এবং এটা গর্ভণমেন্টের নামে ঋণ হয়েছিল। প্রথম কয়েক বছর মাদার ডেয়ারী এন. ডি. ডি. পির হাতে ছিল। পরবর্তীকালে ১৯৯৬ সালে সেই দায়িত্ব আমরা নিয়েছি। পশ্চিমবঙ্গ মিল্ক ফেডারেশন তাদের ম্যানেজমেন্টের দায়িত্বে ছিল। একটা অদ্ভুত ছবি দেখলাম, যখন দায়িত্ব নিলাম তখন লোকসান ছিল ১ কোটি ২৫ লক্ষ টাকা। তার পরের ২ বছর ১৯৯৭-৯৮ সালে মোট লাভ করেছি ৫ কোটি ৩০ লক্ষ টাকা। তার পরের বছর ১৯৯৮-৯৯ সালে—সেই সময়ে দুধের দাম বেড়ে গিয়েছিল-তাসত্ত্বেও ৪ কোটি ৫ লক্ষ টাকা লাভ হয়েছিল। এটা ভাল দিক।

আর অন্যদিকে আমাদের আরও ৫টা সেন্ট্রারী ডেয়ারি আছে এবং সেখানে লোকসান আছে। তবে কয়েক বছর আগে যে লোকসান ছিল, '৯৬ সালে দুধের দাম বাড়ালাম, তার আগে লোকসান ভীষণ ছিল, ৬০/৬৫ কোটি টাকা করে ভরতুকি দিতে হ'ত, সেখানে কিছু দাম বাড়ানোয় এবং কিছু ব্যবস্থা নেওয়ায় লোকসান অনেকটা কমেছে। এখন প্রধানতঃ বেতন, ভাতা যেটা দিতে হয় সেটাই লোকসান, মেটিরিয়াল কষ্টে ভরতুকি দিতে হয় না। কতকগুলি পুরানো ব্যবস্থা আছে যার ফলে এখনই সমস্যার সমাধান করা সম্ভব নয়। সেখানে বিশাল সংখ্যক কর্মী আছে, বিশাল অঙ্কের বেতন, ভাতা তাদের দিতে হয়। কিছু জটিলতা আছে, আমরা চেষ্টা করছি কিন্তু এখনই এটাকে লাভের মধ্যে আনা সম্ভব নয়

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে হাসাপাতালগুলিতে সরকারী সংস্থা থেকে দুধ সরবরাহ করা হয়। রোগীদেরও অভিযোগ এবং আমরাও দেখি সেই দুধের মান খুব নিম্নমানের। সেখানে দুধের মানের উন্নতি করার জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন বা দুধের মানের উন্নতি ঘটানোর সুযোগ সেখানে আছে কিনা মন্ত্রী মহাশয় তা জানাবেন কি? তা ছাড়া আপনি বললেন, ৫টি মাত্র সরকারী দুগ্ধ সরবরাহ কেন্দ্র আছে। এই কেন্দ্র আরও বাড়াবার পরিকল্পনা আছে কিনা এবং সম্প্রতি আলিপুরদুয়ারে আপনি বলেছিলেন একটা পরিকল্পনা আছে সেটা কোন অবস্থায় আছে সেটা বলুন।

**শ্রী আনিসুর রহমান ঃ** ৮ হাজার ৫ শো লিটার করে হাসপাতালে দুধ সরবরাহ করা হয়। এর মধ্যে এক মাদার ডেয়ারি থেকে ১।। হাজার লিটার সরবরাহ করা হয় এবং বাকিটা অন্য ৫টি থেকে সরবরাহ করা হয়। মাদার ডেয়ারির দুধের কোয়ালিটি নিয়ে প্রশ্ন আসে নি, আসলে দেখবো। আমাদের সরকারী সেন্ট্রাল ডেয়ারি থেকে যে দুধ সরবরাহ করা হত তা নিয়ে কিছু প্রশ্ন এসেছিল। আমরা ব্যবস্থা নিয়েছি। এখন যে মান রক্ষা করা হয় তা নিয়ে কিন্তু গত ২/৩ বছরে প্রশ্ন আসে নি। আমরা কিছু পরিবর্তন করার ব্যবস্থা নিয়েছি যার ফলে দুধের মান নিয়ে প্রশ্ন নেই বলেই আমার ধারণা। আর আমাদের ৫টা নয়, ১০টা.ডেয়ারি আছে। ৫ টা সরাসরি গভর্ণমেন্টের যা আগে থেকেই ছিল—কলকাতা, হরিণঘাটা, বর্ধমান, দুর্গাপুর, কৃষ্ণনগর। এ ছাড়া এখন মাদার ডেয়ারিটা এসেছে। তারপর জয়েন্ট ভেনচারে আছে মেট্রো ডেয়ারি। ডেয়ারি এ্যান্ড পোলট্রি ডেভালপমেন্ট কর্পোরেশনের একটা আছে। আর একটা আছে হিমুল, এক লক্ষ লিটার ক্ষমতাসম্পন্ন। বহরমপুরে আছে ভাগীরথী কো-অপারেটিভ মিল্ক ইউনিয়ন। এ ছাড়া ছোট ছোট কিছু প্ল্যান্ট করা হয়েছে। জলপাইগুড়ি জেলাতে হয়েছে, মেদিনীপুর জেলাতে হয়েছে, আলিপুরদুয়ারে করার কথা আছে। এ ছাড়া কুচবিহারে একটা বড় প্ল্যান্ট হবে। আমাদের পরিকল্পনা আছে প্রতিটি জেলাতে এক একটি করে প্ল্যান্ট করার যাতে জেলার চাহিদাটা মেটানো যায়।

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, আমাদের দার্জিলিং জেলাতে যে হিমুল বলে সংস্থাটি আছে গত বছর তাতে কত লাভ হয়েছে এবং সেখানে দুধের পরিমাণ কত?

**শ্রী আনিসুর রহমান ঃ** নোটিশ চাই।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে প্রতিদিন লোকসান হচ্ছে দুধ সরবরাহ করতে। আমার প্রশ্ন, খুব তাড়াতাড়ি দুধের দাম বাড়িয়ে লোকসান কমানোর বা পূরণ করার কোন পরিকল্পনা আছে কিনা এবং আরও দুধ উৎপাদন কেন্দ্র গড়ে তোলার পবিকল্পনা আছে কিনা?

**শ্রী আনিসুর রহমান ঃ** দুধের দাম আমরা কয়েকবার বাড়িয়েছি। একটা সমস্যা হচ্ছে, আমাদের সরকারী যে ডেয়ারিগুলি আছে তাতে আমাদের কর্মীবাহিনী বিশাল। তাদের বেতন, ভাতার জন্য খরচ অনেক বেশী। ওখানে পরিবহনের দায়িত্বটা সরকারের উপর রয়েছে। দাম বাড়াবার ব্যাপারে যা বললেন, লিটার প্রতি মাইনে এবং ভাতা বাবদ খরচ হয় তিন-চার টাকা, সুতরাং দাম বাড়ালে লিটারে ৩-৪ টাকা বাড়াতে হয়। কিন্তু এখনই এতটা বাড়ানো যাবে না। তবে কতটা সম্ভব সেটা আমরা চেষ্টা করে দেখবো।

**শ্রী নিশিকান্ত মেহতা ঃ** পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় দুগ্ধ সরবরাহ করবার জন্য নতুন কোন পরিকল্পনা বিবেচনাধীন রয়েছে কিনা? আর পুরুলিয়ার অযোধ্যা হীলের একটি পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে যা পাঠান হয়েছিল তার অবস্থাটা বা কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** আমরা পুরুলিয়া জেলার জন্য বিশেষ ব্যবস্থা নিয়েছি। সে মত কেন্দ্রীয় সরকারের কাছে একটি প্রকল্পের প্রস্তাব পাঠিয়েছিলাম কয়েক কোটি টাকার। তার

মধ্যে ৮৭ লক্ষ টাকার অনুদান আমরা ইতিমধ্যে পেয়েছি। সেই স্কিমটির নাম ইনটিগ্রেটেড ডেয়ারী ডেভেলপমেন্ট প্রজেক্ট। সেখানে একটি ছোট প্ল্যান্ট হবে এবং অনেকগুলো সোসাইটি হবে যাদের জন্য অনুদানের ব্যবস্থাও রয়েছে। আগামীকাল আমি সেখানে যাচ্ছি। সেটা রূপায়িত করা হবে। এটা করতে পারলে আমরা আরো টাকা পাবো। এছাড়া বাঁকুড়ার ক্ষেত্রেও ইতিমধ্যে ব্যবস্থা নিয়েছি। ওখানে একটি প্রজেক্ট রূপায়িত হচ্ছে। ওখানে বড় একটি চিলিং প্ল্যান্ট হবে এবং একটি ছোট ডেয়ারী প্ল্যান্ট হবে। তার জন্য জায়গা ঠিক হয়ে গেছে; অল্পদিনের মধ্যে কাজটা শুরু করতে পারবো।

### Police Firing

*474. (Admitted Question No. *311) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state–

(a) on how many occasions the police opened fire in the State during the year 1998; and

(b) the number of persons killed and/or injured in the above firing?

**Shri Buddhadeb Bhattacharjee :**

(a) 116 times.

(b) Killed - 21

Injured - 46.

[11.30—11.40 A.M.]

**Shri Gyan Singh Sohanpal :** Police opened fire 116 times this year. Last year it was 95 times. Sir, if you go through the previous records you will be pleased to observe that between 92 & 98 police opened fire 866 times resulting in the death of 291 persons. Sir it is a matter of grave concern for all of us. A matter unthinkable in a civilised country. Naturally we are interested to know the reasons behind such incidents. Therefore I would like to put a supplementary. This year 116 times police opened fire. I would like to know from the Hon'ble minister :

(a) On how many occasions it was in respect of political clashes?

(b) On how many occasions it was in respect of democratic movements?

**Shri Buddhadeb Bhattacharjee :** Do you want me to reply in English? I would rather prefer Bengali for obvious reasons.

**Shri Gyan Singh Sohanpal :** Anything that suits you.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপনি এটা লক্ষ্য করেছেন যে, ১৯৯৫ সালে ১০৭, ১৯৯৬ সালে ১০১, ১৯৯৭ সালে ৯৫ অর্থাৎ ট্রেন্ডটা নেমে এসেছিল। কিন্তু ১৯৯৮ সালে বেড়েছে। এটা বেড়েছে সেটা আমি স্বীকার করছি। উনি যেটা প্রশ্ন করেছেন, পুলিশ ফায়ারিং বলতে পারেন, ফায়ারিং ইটসেল্ফ ইজ রং। দেন হোয়াই পলিটিক্যাল মেন আর ক্যারিং রিভলভার এ্যান্ড রাইফেলস্। সেখানে অন্যায়ভাবে মানুষকে খুন করেছে, নিরীহ মানুষকে খুন করেছে। কিন্তু এমন এমন সময় আসে এবং পরিস্থিতি আসে যে, পুলিশকে গুলি চালাতে হয়। যেমন গত বছরে কয়েকটি জায়গায় দেখেছি পুলিশের ক্ষেত্রে উল্টো হয়েছিল। ইট ইজ এ ক্রাইম নট টু ফায়ার। হোয়েন ফায়ার ইজ নেসেসারি, ইউ সুড অলসো ট্রাই টু আন্ডারস্ট্যান্ড। পলিটিক্যাল ক্ল্যাশে কতগুলি পুলিশকে চালাতে হয়েছে আর ক্রিমিন্যালদের ডিল করতে গিয়ে কতগুলি পুলিশকে চালাতে হয়েছে সেটা আলাদা করে বলা সম্ভব নয়। যেমন পঙ্কজবাবু জানেন যে, রিজেন্ট পার্কে একজন ডাকাতকে গুলি করতে হয়েছিল, কারণ ডাকাতটি গুলি করে পালাতে গিয়েছিল। তখন পুলিশকে পাল্টা গুলি করতে হয় এবং তাতে ডাকাতটি মারা গেছিল। কিছু কিছু ক্ষেত্রে গুলি না করলে পুলিশকে চলে না। তবে এই বছর যে অপরাধীর নাম্বারটা বেড়েছে সেটা কমিয়ে আনতে হবে যাতে নিরপরাধী লোকেরা গুলি না খায়। কিন্তু পুলিশের এই গুলি করার অপরাধের প্রসঙ্গে ১৯৯২ সাল পর্যন্ত গেলেও ডেমোক্রেটিক মুভমেন্ট এবং পলিটিক্যাল ক্ল্যাশকে ভিত্তি করে এবং ক্রাইমকে ভিত্তি করে কতগুলি পুলিশ চালিয়েছে সেটা বলতে পারছি না। আপনি ডেফিনেট প্রশ্ন করলে উত্তর দেব। সেই সাথে মাননীয় সদস্যকে ২০-২৫ বছর পেছিয়ে ১৯৭২ সালের কথা মনে করতে বলি। ১৯৭২ সালে মাননীয় সদস্য জ্ঞান সিং সোহনপাল সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে ক্যাবিনেট মন্ত্রী ছিলেন। তিনি যখন ক্যাবিনেট মন্ত্রী ছিলেন সেই সময়ের একটা সংখ্যা আমি বলে দিই তাতে আমি কলকাতারটা জোগাড় করতে পারিনি। রাজ্যের জোগাড় করেছি কলকাতারটা দিলে আরো বেশী হত। তাতে ১৯৭২ সালে ফায়ারিং হয়েছে ১৪৭, কিল্ড হয়েছে ৫২। ১৯৭৩ সালে ফায়ারিং হয়েছে ১১১ আর কিলড্ হয়েছে ৩২। ১৯৭৪ সালে ফায়ারিং হয়েছে ১২৬ আর কিল্ড হয়েছে ৪০, আর কি বলব, সুতরাং আপনাদের সময়ে ফায়ারিং অনেক বেশী হয়েছে।

**শ্রী জ্ঞান সিং সোহনপাল ঃ** স্যার, আই ডু নট ইউজ টু গো ইনটু কনট্রোভার্সি। উনি যে ফিগার দিয়েছেন যে, ১৯৯২ সালে ১৮৩, আমি সেই ফিগারের মধ্যে যাচ্ছি না। আমি প্রশ্ন করেছিলাম এই যে ১১৬ বার পুলিশ ফায়ারিং হয়েছে তারমধ্যে কতগুলো পলিটিক্যাল ক্ল্যাশের উপরে আর কতগুলো ডেমোক্রেটিক মুভমেন্টের উপরে ঘটেছে, এটাই ছিল আমার প্রশ্ন কিন্তু এর উত্তর পাই নি, এর উত্তর পেলে পড়েই সাপলিমেন্টারী করব।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আমার এখানে যেভাবে ক্যাটিগরী করা আছে তাতে আপনার নির্দিষ্ট প্রশ্ন আসে না। ডাকাতি আর আদারস্ ক্রিমিন্যাল এ্যাকটিভিটিজ-এর প্রশ্নে স্পেসিফিক

১৯৯৮ সালে পুলিশ ফায়ারিং পলিটিক্যাল ইনসিডেন্ট বা পলিটিক্যাল ক্ল্যাশেস কত ক্ষেত্রে অপারেশান করতে হয়েছে ক্রিমিন্যাল এ্যাকটিভিটিজের ক্ষেত্রে কত ফায়ারিং হয়েছে এই মুহূর্তে সেটা বলা সম্ভব নয়।

**শ্রী জ্ঞান সিং সোহনপাল ঃ** মাননীয় মন্ত্রী যে ফিগার দিলেন না সেটা ওঁনার পক্ষে দিলে এমব্যারেসিং হত। মাননীয় মন্ত্রী বললেন যে, পুলিশ ফায়ারিং এইসব ডাকাতির ক্ষেত্রে সব সময়ে আনজাস্টিফায়েড নয়, অনেক সময়ে পুলিশ ফায়ারিং দরকার হয়ে পড়ে। এই ব্যাপারে আমার সাপ্লিমেন্টারী যে, ১১৬টি কেসের মধ্যে কটা কেসে ডাকাতির জন্য পুলিশ ফায়ারিং হয়েছে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** এ্যান্টি ডেকোইটির ক্ষেত্রে ৬০ হচ্ছে নাম্বারটি আর রায়েট কন্ট্রোলিংয়ের জন্য ৬টি। আদার ক্রিমিনাল এ্যাকটিভিটিজ্ এই রকম ১৫ আছে। এই ভাবে ফিগারগুলি আছে, পলিটিক্যাল এ্যাকটিভিটিজ্ বলে এখানে কিছু নেই।

(গোলমাল)

টোটালটা যেটা বললাম এটা ১১৬। কিন্তু ১১৬ টার মধ্যে আমি বলেছি, মেইনলি এ্যান্টি ডাকাইতি একটা ক্যাটিগোরি করেছে আর একটা ক্যাটিগোরি করেছে সেটা ৫৬ এটা করেছে রায়ট কন্ট্রোলিং এ্যান্ড ল এ্যান্ড অর্ডার কন্ট্রোলিং। পলিটিক্যাল কন্ট্রোলিং এর জন্য যদি নির্দিষ্টভাবে প্রশ্ন করেন তাহলে নির্দিষ্টভাবে উত্তর দেব। এখানে যেটা বললাম রায়ট কন্ট্রোলিং এ্যান্ড ল এ্যান্ড অর্ডার-এর জন্য, এটা সবটা পলিটিক্যাল কারণে নয়।

[11.40–11.50 a.m.]

**শ্রী জ্ঞান সিং সোহনপাল ঃ** ৯৮ মার্চ-এ অনারেবেল মিনিস্টার উত্তর দিতে গিয়ে ফায়ারিং সম্বন্ধে বলেছিলেন, উনি কিছু কিছু মেজারস নিচ্ছেন, তাতে ক্রাইম কমবে এবং ফায়ারিংটা যাতে কম হয় সেটার ব্যবস্থা করেছেন। কিন্তু লাস্ট টাইমে যে ১০১ থেকে বেড়ে ১১৬ হয়েছে, এইভাবে বেড়েছে, তার মানে কি? এটার বাড়ার কারণটাই বা কি? আপনি দয়া করে বলবেন কি, এটা যে বেড়েছে, এটা কি এই জন্য বেড়েছে, ক্রাইম বেড়েছে বলে, এতটা বেড়ে গিয়েছে, যার জন্য ল এ্যান্ড অর্ডার আউট অফ কন্ট্রোল হয়ে গেছে, যেখানে ফায়ারিং ছাড়া অন্য কোন রেমিডি নেই। এটা কি বলবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য আমি বুঝতে পারছি না, গত ৩ বছরে যেটা বলেছি, ৯৫-৯৬তে ১৫৩, ৯৬-৯৭তে ১০১, আর ৯৭-৯৮তে ১১৬ — এই বেড়ে যাওয়াটা যেভাবে পোট্রে করতে চেয়েছেন সেটা ঠিক হচ্ছে না। থিঙ্কস আর নট সো ব্যাড। আমি জবাবে বলেছি, আমি বলেছি, টানা ৩ বছর কমে আসছিল, কিন্তু দুর্ভাগ্যবশতঃ এই বছরে বেড়ে গিয়েছে। এর ২টি কারণ, একটা হচ্ছে ডাকাতি। বিশেষ করে রেল ডাকাতি, এটা আমি স্বীকার করি। আর একটা হচ্ছে, রাজনৈতিক কারণে বজবজে তৃণমূল কয়েকটি জায়গায় মারাত্মক রকমের সন্ত্রাসমূলক কাজ করছে। এই কাজ করছে বলে এটা বেড়েছে।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী মহাশয়, গত ৩ বছরের যে পরিসংখ্যান আপনি দিয়েছেন, আমার যেটা জিজ্ঞাস্য সেটা হচ্ছে, ল এ্যান্ড অর্ডার মেইনটেইন করতে গিয়ে পুলিশ আক্রান্ত হয়েছে, এবং বাধ্য হয়ে পুলিশ গুলি চালিয়েছে। থানা আক্রান্ত হয়েছে থানা জ্বালিয়ে দেওয়া হয়েছে যা খবরের কাগজে বেরিয়েছে, গত তিন বছরে পুলিশের উপর আক্রমণ এবং তার জন্য পুলিশ থানা জ্বালিয়ে দেওয়ার যে প্রচেষ্টা এটার যদি কিছু পরিসংখ্যান আপনি দেন তাহলে ভাল হয়।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য আপনি নির্দিষ্টভাবে আমাকে প্রশ্ন করবেন কয়টি থানার উপরে আক্রমণ হয়েছে, কয়জন পুলিশ অফিসার ও কর্মী মারা গিয়েছেন, এটা নির্দিষ্টভাবে প্রশ্ন করলে উত্তর দেব। এটা এই প্রশ্নের সঙ্গে উত্তর দিতে পারবো না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী কথায় কথায় কংগ্রেসের সব নজির টেনে আনলেন। ভাল কথা। আমিও কংগ্রেসের নজির টেনেই বলছি, আপনি জানেন কেন্দ্রে যখন কংগ্রেস সরকার ছিল, দিল্লির বোট ক্লাবে একটা সাম্প্রদায়িক শক্তির সমাবেশ ডেকেছিল এবং সেটাকে হিংসাত্মক পর্যায়ে নিয়ে যাওয়ার একটা প্রচেষ্টা হয়েছিল, কেন্দ্রে তখন স্বরাষ্ট্রমন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ছিলেন রাজেশ পাইলট। দিল্লীতে লক্ষ লোকের সমাবেশ হয়েছিল দিল্লীর বোট ক্লাবে। সেখানে তাদের ছত্রভঙ্গ করার জন্য জল কামান ব্যবহার করা হয়েছিল, কিন্তু একটা লোকও খুন হয়নি। আপনি কংগ্রেসের রেফারেন্স তুললেন বলে আপনাকে বললাম কংগ্রেসের রাজত্বে কি হয়েছিল। কিন্তু রাজ্য পুলিশ এত ট্রিগার হ্যাপি হয়ে গেছে যে, তারা জল কামান ব্যবহার করার কোন চেষ্টাই করছেন না, বা কোন রাবার বুলেটও ব্যবহার করছেন না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যকে আমি বলেছি, পুলিশ বাজেটেও আমি বলেছি, বাজেট স্পীচটা আপনারা ভালোভাবে পড়েন না। আমরা জল কামান, প্লাস্টিক বুলেট ব্যবহার করে ভালো ফল পেয়েছি। কিন্তু কলকাতায় সাধারণভাবে যখন কোন জমায়েত গণতান্ত্রিক পদ্ধতিতে হয় সেটা আলাদা কথা। কিন্তু যারা খুব ডিটারমাইন্ড ভায়োলেন্স করতে চান তাদেরকে জল কামান দিয়ে হটানো যায় না।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১১৬ বার ফায়ারিং হয়েছে তাতে ২১ জন মারা গেছেন। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি জিজ্ঞাসা করতে চাই, ১১৬টি ফায়ারিং হয়েছে বললেন, তার মধ্যে আপনি কটার জ্যুডিসিয়াল এনকোয়ারি করেছেন এবং কোন কেসে কম্পেনসেশান দিয়েছেন কি? কারণ পুলিশের গুলিতে কেউ মারা গেলে তাকে দশ হাজার টাকা কম্পেনসেশান দেওয়ার নিয়ম আছে। আমরা দেখেছি সি. পি. এম যখন বিরোধী দলে ছিল তখন কোন পুলিশ ফায়ারিং হলেই তারা জ্যুডিসিয়াল এনকোয়ারির দাবি করত। একবারও আপনি জ্যুডিসিয়াল এনকোয়ারি করেছেন কি.?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যকে আমি বলতে চাই, ফায়ারিং হল একটা স্ট্যাটিউটারি অবলিগেশান। ম্যাজিসট্রিয়াল এনকোয়ারি রিপোর্ট পাওয়ার পর সরকার মত ঠিক করে। আমার মনে পড়ছে না ১৯৯৮ সালে কোন জ্যুডিসিয়াল এনকোয়ারি দিয়েছি কিনা। তবে আমরা ম্যাজিসট্রিয়াল এনকোয়ারি করে এবং কম্পেনসেশানও দেওয়া হয়েছে। তবে রায়ট মবিং বা

হাতে বোম নিয়ে কেউ যদি মারা যায় তাদের আমরা ক্ষতিপূরণ দেব না। ১১৬টির মধ্যে ৬০টিতে রুটিন এনকোয়ারি হয়েছে। ডাকাতির ক্ষেত্রে যারা মারা গেছে তাদের কম্পেনসেশান দেওয়ার কোন প্রশ্নই নেই। জলপাইগুড়ি জেলার ধূপগুড়িতে পুলিশ বেপরোয়া ফায়ারিং করেছিল বলে আমরা সেই পরিবারকে সাহায্য করেছিলাম। ডাকাতি আটকাতে গিয়ে একটি পরিবারের একজন মারা যায়। তার পরিবারের একজনকে আমরা চাকরি দিয়েছি।

**শ্রী সৌগত রায় ঃ** নাম্বার অফ ইনজিওর্ড—কতজনকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে বলতে পারবেন না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপনার দপ্তরও তৎপর নয়, না হলে নির্দিষ্ট প্রশ্ন করতেন -৯৮ সালে কত ফায়ারিংয়ে কত ইনজিওর্ড হয়েছে, কতজন ক্ষতিপূরণ পেয়েছে। আমি নাম্বার অফ ইনজিওর্ড, নাম্বার অফ কিল দিতে পারব, কিন্তু ক্ষতিপূরণটা বলতে পারব না। ৯৮ সালে যে ফায়ারিং হয়েছে, তার অর্ধেক-এরও কম রিপোর্টে সাবমিট হয়েছে। এত তাড়াতাড়ি সব রিপোর্ট পাওয়া যায় না, আমি কি করে দেব?

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, ১১৬টি ফায়ারিং এবং প্রতিটি ফায়ারিং-এর ক্ষেত্রে রুটিন ইনভেস্টিগেসন হয়েছে। কতগুলো অভিযোগ উঠেছে যে, ট্রিগার হ্যাপি পুলিশ প্রয়োজন না থাকলেও ফায়ারিং করেছে? এবং, ফায়ারিং-এর ক্ষেত্রে সব ডিসবার্স করতে গেলে সেখানে কতগুলো কোড থাকে—কোমবের নিচে গুলি করা, ইত্যাদি। আমার জিজ্ঞাস্য, যে কটা ফায়ারিং-এর ক্ষেত্রে যেখানে ইনজিওর্ড হয়েছে বা মারা গেছে, সেখানে এই কোডগুলির ভায়োলেশন হয়েছে কিনা।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** একই ভুল করলেন। '৯৮ সালে যে কটা ফায়ারিং হয়েছে, তার এনকোয়ারি রিপোর্ট ২।৩টে জমা পড়েছে। এটা করতে সময় লাগে। বজবজে যে ফায়ারিং হ'ল, একজন এ. ডি. এম. এনকোয়ারি আরম্ভ করেছেন। এই এনক্যায়ারি রিপোর্ট দিতে অন্ততঃ ৩ থেকে ৬ মাস সময় লাগে, তার আগে করা যায় না।

অন্য যে-কথা বলেছেন, কোড নিয়ে, তার পরিপ্রেক্ষিতে বলছি—পুলিশ যখন ট্রেনিংয়ে যায়, কতগুলো মৌলিক জিনিষ তারা জানে কি করতে হয়। প্রথমে সতর্ক করতে হয়, তারপর ১৪৪ করতে হয়, না শুনলে লাঠি চার্জ করতে হয়, তারপর টিয়ার গ্যাস ছুড়তে হয়, তারপর না পারলে আকাশে গুলি ছুড়তে হয়, তারপর না হলে পায়ে গুলি ছুড়তে হয়। এই সব পুলিশ জানে। কিন্তু পরিস্থিতি সবসময় এক থাকে না। রিপোর্ট না এলে আমি বলতে পারছি না কতগুলো ফায়ারিং জাস্টিফায়েড হয়েছে কতগুলো জাস্টিফায়েড হয় নি।

### সবুজ গো-খাদ্য চাষে বিশ্বব্যাঙ্কের ঋণ

*৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৮) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের কিছু নির্বাচিত বনভূমিতে সবুজ গো-খাদ্য চাষের

জন্য বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় একটি প্রকল্প রূপায়ণের কাজ শুরু করা হয়েছে:

(খ) সত্যি হলে, কোন্ কোন্ নির্বাচিত বনভূমিতে উক্ত প্রকল্প রূপায়ণের কাজ চলছে: এবং

(গ) বিশ্বব্যাঙ্কেব আর্থিক সহায়তার পরিমাণ কত ?

**শ্রী আনিসুর রহমান ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১। মেদিনীপুর—ঝাড়গ্রাম, শালবনী, গড়বেতা ১নং ও গড়বেতা ৩নং ব্লকে।
২। জলপাইগুড়ি- ময়নাগুড়ি, ধুপগুড়ি, আলিপুরদুয়ার ২নং ও ফালাকাটা ব্লকে।
৩। বীরভূম- ইলামবাজার ব্লকে।
৪। বাঁকুড়া- খাতড়া ২নং, সোনামুখী, বিষ্ণুপুর ব্লকে।
৫। পুরুলিয়া ঃ- ঝালদা ২নং ব্লকে।
৬। ২৪-পরগণা (দক্ষিণ) - নামখানা ও পাথর প্রতিমা ব্লকে।

(গ) ৭.৩৬ কোটি টাকা।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** অতিরিক্ত প্রশ্ন। এই প্রকল্পটি কোন্ আর্থিক বছরে এই রাজ্যে গ্রহণ করা হয় এবং এই পর্যন্ত কি কি উল্লেখযোগ্য কাজ সম্পাদিত হয়েছে?

**শ্রী আনিসুর রহমান ঃ** '৯২ সাল থেকে '৯৭ সাল পর্যন্ত আমাদের ফরেস্ট ডেভলপমেন্টের জন্য ১০০ কোটি টাকা বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে পাওয়া যায়। তার একটা ছোট্ট অংশ হিসাবে সাড়ে চার কোটি টাকা, পরে সাত কোটি টাকা ফডার ডেভলপমেন্টের জন্য আমরা স্কিম পাই। এব প্রধান কারণ, আমাদেব রাজ্যে চারণভূমি কম, সেইজন্য সবুজ গো-খাদ্য কি ভাবে বাড়ানো যায়। এইজন্য যে সমস্ত পতিত জমি আছে, সেগুলি কিভাবে ব্যবহার করতে পারি, তার চেষ্টা করছি। এই ব্যাপার নিয়ে দুটো গবেষণাকেন্দ্র করেছি। আমাদের দেশে এবং সারা পৃথিবীতে যে সমস্ত সবুজ ঘাস হয়, সেগুলি আমাদের পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতে যে সমস্ত ছায়া জমি, জলা জমি, পাহাড়ি জমি, ল্যাটেরাইট জোন আছে, সেখানে কোন ধরণের ফডার ভালো হতে পারে, তা নিয়ে আমরা চিন্তা-ভাবনা করছি। শালবনীতে আমরা কাজ শুরু করেছি। আর একটা হচ্ছে জলপাইগুড়ির ঝুটিয়াখালিতে কাজ শুরু হয়েছে। ইতিমধ্যে এক ধরণের বিভিন্ন জাতের, বিভিন্ন ধরণের ঘাস আমরা এনেছি। এই ব্যাপারে গবেষণা করা হচ্ছে। তার মধ্যে ৪০টি বাছাই করেছি। সেগুলি যাতে আমাদের বিভিন্ন জমিতে হতে পারে, তার ব্যবস্থা করছি। এছাড়া ১৫টি বিভিন্ন ব্লকে যে ছায়া জমি, জলা জমি আছে, সেখানে পরীক্ষা করা হচ্ছে। তার মধ্যে যে বীজ তৈরী হচ্ছে, সেই বীজ পশ্চিমবঙ্গের সর্বত্র বিলি করার চেষ্টা করছি।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আপনি বলছেন যে, গবেষণাকেন্দ্র স্থাপন করেছেন বলছেন। সেখানে বীজ সংগ্রহ করছেন। কিন্তু এজন্য প্রদর্শনী খামারের কোন পরিকল্পনা আছে

কিনা এবং গবেষণা লব্ধ বিষয়, তার থেকে গ্রামের যারা চাষী, তারা যাতে বেনিফিটেড হয়, তাদের এই বীজ সরবরাহ করার কোন পরিকল্পনা নিয়েছেন কিনা বলবেন।

**শ্রী আনিসুর রহমান** ঃ প্রথম কাজ হচ্ছে গবেষণা, দ্বিতীয় কাজ হচ্ছে প্রশিক্ষণ। যারা চাষী, এই কাজের সঙ্গে যুক্ত আছেন, তারা যাতে উন্নত জাতের বীজ নিতে পারে তার জন্য তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করেছি। শালবনীতে আছে, তারপর ঝটিয়াখালিতে আছে। এছাড়া ১৫টি ব্লকের সর্বত্র আমাদের প্রদর্শনী খামার আছে। প্রধানতঃ শালবনীতে যে ফার্ম আছে, সেখানে বীজ তৈরী করছি। সেই বীজ সরকারীভাবে বিনা পয়সায় কিছুটা কম দামে যাদের ইচ্ছা আছে, তাদের মধ্যে সরবরাহের ব্যবস্থা করেছি।

**শ্রী আবু আয়েশ মন্ডল** ঃ কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় আমাদের রাজ্যে যে গ্রামবন এবং কৃষিবনে এই ধরণের ঘাস উৎপাদন করার কথা, সেই ধরণের একটা প্রকল্প করার কথা হয়েছিল. সেটা এখন কোন পর্যায়ে আছে এবং চাষীরা এতে উপকৃত হচ্ছে কিনা।

**শ্রী আনিসুর রহমান** ঃ এই প্রকল্পের মাধ্যমে কৃষিবন এবং গ্রামবনের ব্যবস্থা আমরা কয়েকটি জেলায় রূপায়িত করেছি। এছাড়া আমাদের ডেয়ারী ডেভলপমেন্ট-এর দুটো প্রজেক্ট আছে। একটা হচ্ছে ইন্টিগ্রেটেড ডেয়ারী ডেভলপমেন্ট প্রজেক্ট। আর একটা হচ্ছে ওমেনস্ ডেয়ারী কো অপারেটিভ স্কিম। সেই দুটো স্কিমের মধ্যে এই ধরণের প্রভিশান আছে যে, গ্রামবন এবং কৃষিবন। ব্যক্তিগতভাবে যারা করে, তাদের কৃষিবন এবং যৌথভাবে গ্রামের এলাকায় যারা করছে, তাদের গ্রামীণবন বলা হয়। সেখানে প্রধান কাজ হচ্ছে—ফডার চাষের ব্যবস্থা করা এবং সেগুলি প্রদর্শনের ব্যবস্থা করা।

**শ্রী শৈলজা কুমার দাস** ঃ সবুজ গো খাদ্য এখন সঙ্কটের মুখে। আমাদের চাষযোগ্য জমিগুলি হচ্ছে দু'ফসলী, তিন ফসলী চাষ হওয়ার জন্য গো খাদ্যের অভাব দেখা দিয়েছে। আপনি যে কয়েকটি অঞ্চলে নির্দিষ্ট করে যে সবুজ গো খাদ্য চাষের ব্যবস্থা করেছেন, তার বাইরেও যে চাষের জায়গাগুলি আছে সেখানে কি গো খাদ্যের চাষের ব্যবস্থা করেছেন?

**শ্রী আনিসুর রহমান** ঃ আমি যে ৬টি জেলার কথা বললাম, সেটা দেখলেই বুঝতে পারবেন যে, এখানে করছি সেটা শুধু নয়, এটা পরীক্ষার জন্য পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার বিভিন্ন জায়গায় যে পাহাড়ি জমি আছে, জলা জমি আছে, যেমন পুরুলিয়া, দক্ষিণ ২৪ পরগণা, মেদিনীপুরের কিছুটা অংশে আছে, সেই সব জায়গার ১৫টি ব্লকে পরীক্ষা হচ্ছে। কোন জেলায় কোন বীজ ভালো হতে পারে, কোনটার প্রডাকশান বেশী হতে পারে তার একটা পরীক্ষা হচ্ছে। এটা করার পরে যেগুলি মনে করছি যে, সুটেবেল জমিতে যেটা ভালো হবে, তার বীজ তৈরী করে আমরা সারা পশ্চিমবাংলায় বিলি করছি।

## Starred Questions
## (to which Answers were laid on the Table)

### বাংলাদেশের প্রধানমন্ত্রীকে সংবর্ধনা

*৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৯) **শ্রী অধীররঞ্জন চৌধুরী** ঃ তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাংলাদেশের প্রধানমন্ত্রীকে সংবর্ধনা দেবার জন্য কোন কমিটি গঠিত হয়েছিল কি না?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

## মহিলা কমিশনের সুপারিশ

*৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৮) **শ্রী তপন হোড়** ঃ সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ ও ১৯৯৯-এর ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্য মহিলা কমিশন কতগুলি সুপারিশ রাজ্য সরকারের কাছে পাঠিয়েছে; এবং

(খ) উক্ত সুপারিশের ভিত্তিতে রাজ্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছে?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭ - ৯৮ও '৯৯ এর ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্য মহিলা কমিশন ৩টি সুপারিশ রাজ্য সরকারের কাছে পাঠিয়েছেন।

(খ) সুপারিশের ভিত্তিতে সরকার প্রয়োজনীয় অনুমতি প্রদান ও অর্থ বরাদ্দ করেছেন। সুপারিশগুলি ইতিমধ্যেই কার্যকর হয়েছে।

## Land Awarded to Street Hawkers near Krishna Glass

*476. (Admitted Question No. *1068) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Public Enterprises Department be pleased to state–

(a) whether it is a fact that a portion of land of Krishna Glass & Silicate Works of Jadavpore is awarded to street side hawkers by C.M.C.; and

(b) if so, what action the department has taken to recover the same?

**Minister-in-Charge of the Public Enterprises Deptt.**

(a) It is a fact that a group of uprooted shopkeepers of Raja Subodh Mullick Road near the factory of Krishna Silicate have been allowed to occupy a portion of the land on a temporary basis before this final settlement to be arranged by CMC or PWD.

(b) This arrangement was arrived at a pursuance of a request made

by the MIC, Public Works Deptt., Govt. of West Bengal as well as the Mayor of CMC to the MIC, PE & IR Deptts.

This is a temporary arrangement.

### বাংলা "সঙ্গীত মেলা"

*৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭২) **শ্রী রামপদ সামন্ত ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১লা বৈশাখ (১৪০৬) থেকে টানা সাতদিন নন্দন, রবীন্দ্র সদন, মুক্তমঞ্চ, শিশির মঞ্চ চত্বরে তৃতীয় বছরের বাংলা "সঙ্গীত মেলা" বাবদ কত টাকা আয় ও ব্যয় হয়েছে; এবং

(খ) বাঙ্গালী সংস্কৃতির অবক্ষয় রুখতে জেলায় জেলায় ঐ ধরনের বাংলা "সঙ্গীত মেলা" করার কোন সরকারী পরিকল্পনা আছে কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট আয় হয়েছে ১৫,৫২,০৪১ (পনেরো হাজার বাহান্ন হাজার একচল্লিশ টাকা) এবং ব্যয় হয়েছে ২২,১৫,৮৮৫ টাকা (বাইশ লক্ষ পনেরো হাজার আটশ পঁচাশি টাকা) ধার রয়েছে ৬ লক্ষ টাকার মতো।

(খ) হ্যাঁ।

### বন্দী মুক্তি

*৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬২) **শ্রী জটু লাহিড়ী ঃ** কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৭-৯৮ আর্থিক বছরে সরকার কতজন সাজাপ্রাপ্ত ও কতজন বিচারধীন বন্দীকে মুক্তি দিয়েছে?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৭-৯৮ আর্থিক বছরে সরকার ২৮ জন সাজাপ্রাপ্ত বন্দীকে মুক্তি দিয়েছেন। বিচারাধীন বন্দীর মুক্তির প্রশ্ন আসে না।

### রাজ্যে শিশু-বিকাশ প্রকল্প

*৪৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৪) **শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শিশু-বিকাশ প্রকল্প রাজ্যে কতগুলি ব্লকে চালু হয়েছে; এবং

(খ) সারা রাজ্যে উক্ত প্রকল্প চালু হতে কত সময় লাগবে বলে আশা করা যায়?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এখন পর্যন্ত রাজ্যে ২৯৪টি ব্লকে সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প চালু হয়েছে।

(খ) আগামী দুই বছরের মধ্যে সারা রাজ্যে উক্ত প্রকল্প চালু হয়ে যাওয়ার সম্ভাবনা আছে।

## বিচারাধীন বন্দীর সংখ্যা

*৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৭) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের জেলাগুলিতে সাজাপ্রাপ্ত বিচারাধীন বন্দীর সংখ্যা কত; এবং

(খ) প্রতিদিন প্রতিটি বন্দীর জন্য আর্থিক বরাদ্দের পরিমাণ কত?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের জেলাগুলিতে ৩১.১২.৯৮ তারিখ অনুযায়ী সাজাপ্রাপ্ত বন্দীর সংখ্যা = ২৪৪৬জন।
বিচারাধীন বন্দীর সংখ্যা = ৭৩৯৯ জন।

(খ) প্রতিদিন প্রতিটি বন্দীর জন্য আর্থিক বরাদ্দের পরিমাণ = ২৯.৪৭ টাকা।

## পুরুলিয়া অস্ত্রবর্ষণে অভিযুক্ত বন্দী

*৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫০) **শ্রী সৌগত রায় ঃ** কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি প্রেসিডেন্সী জেলে পুরুলিয়া অস্ত্রবর্ষণে অভিযুক্ত লাটভীয় বন্দীদের দৈহিক নির্যাতন করা হয়েছে;

(খ) তারা কোন অনশন করছিলেন কি; এবং

(গ) করে থাকলে, ঘটনার পূর্ণ বিবরণ কি?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) 'না'।

(খ) 'হ্যাঁ'।

(গ) প্রেসিডেন্সি জেলে ৪ জন লাটভীয় বিচারাধীন বন্দী ৩১.৩.৯৯ তারিখ সকাল থেকে অনশন শুরু করে। তাদের দাবী ছিল যে, তাদের বিরুদ্ধে আনা

অভিযোগের স্বপক্ষে সরকারী তরফের সাক্ষীদের (কেন্দ্রীয় তদন্ত ব্যুরোকে) সাক্ষ্য পরবর্তী তারিখ অর্থাৎ ১৯.৪.৯৯.-এর মধ্যে শেষ করিতে হইবে। যাহা হোক, ৯.৪.৯৯. তারিখে আদালতের নির্দেশে অনশনরত অবস্থায় তাহাদের ৪ জনকে আদালতে হাজির করানো হয় এবং সেইদিন বিকালবেলায় (৯.৪৪.৯৯) আদালত হইতে ফিরিয়া ৪ জন লাটভীয় বিচারাধীন বন্দী তাহাদের অনশন ভঙ্গ ক'রে।

[12.00–12.10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment Motion on the subject of withdrawal of Higher Secondary Classes from some colleges and consequential problem from Shri Kamal Mukherjee, Shri Dilip Kumar Das, Shri Ramjanam Manjhi and Shri Sudhir Bhattacharjee.

On the subject matter of the Motion the Minister-in-Charge of Higher Education have already made a statement in the House on 30th June, 1999 under Rule 346 on which a notice under Rule 319 has been received and admitted by me.

The present notice of adjournment Motion is out of order and I disallow it.

**Mr. Speaker :** Mr. Saugata Roy, I told before that mobiles should be put off in the House. But your mobile repeatedly rings. I know you have to do outside contacts. But inside the House you have to keep contact with me.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :–

(i) Alleged physical tortures on a girl (student) by a teacher of Majhdiya Taraknagar under Krishnagang P. S.: Shri Sudhir Bhattacharjee

Mr. Bhattacharjee, this is an individual case. Individual case should not be brought to the House. This is lobbying. It is anti-Parliamentary. Do not do it in future. You know, Mr. Mudgal lost his membership because of lobbying.

(ii) Heavy losses of properties in Sagar due to the recent storms and heavy rainfall : Shri Pankaj Banerjee

(iii) Spurt in incidents of murder in train and bus dacoity in the area under Diamond Harbour P. S. : Shri Sk. Daulat Ali

(iv) Alleged malpractice in identifying the physically handicappeds in different hospitals in the State : Shri Ashok Kumar Deb

(v) Reported arrest of Shri Dipankar Biswas alias Palash, a Trinamool Congress leader allegedly involved in ULFA terrorist activities at Jalpaiguri : Shri Jyoti Krishna Chattopadhyay

I have selected the notice of Shri Jyoti Krishna Chattopadhyay on the subject of reported arrest of Shri Dipankar Biswas alias Palash, a Trinamool Congress leader allegedly involved in ULFA terrorist activities at Jalpaiguri.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 13th July, 1999.

### Statement on Calling Attention

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-Charge of the Home (Police) Department to make a statement on the subject of reported arrest of one Samit Khemka, allegedly involved in cyber-crime.

(Attention called by Shri Saugata Roy on the 25th June, 1999)

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, কিছুদিন আগে সাইবার ক্রাইম সংক্রান্ত অপরাধ কলকাতায় শমিত খেমকাকে গ্রেপ্তার করা সম্পর্কে বিধায়ক শ্রী সৌগত রায় মহাশয়ের আনা দৃষ্টি আকর্ষনী প্রস্তাব-এর উপর আমার বিবৃতি দিচ্ছি।

কিছুদিন আগে নির্ভরযোগ্য সূত্রে জানা যায় যে, জনৈক অজ্ঞাত পরিচয় ব্যক্তি, অশ্লীল তৈরী একটি সংকেত বাক্যের মাধ্যমে "ইন্টারনেট" একটি "ওয়েব সাইট" চালু করে মূলত বাঙালীদের বিরুদ্ধে খুবই আপত্তিজনক কিছু তথ্য ছড়াচ্ছে। খোঁজ করতে গিয়ে জানা যায় যে, এতে বাঙালীদের মধ্যে সংহতি, শান্তি-শৃঙ্খলা নষ্ট করার উদ্দেশ্যে ধর্ম এবং জাতপাত নিয়ে, অপমানজনক এবং উস্কানিমূলক সংবাদ রয়েছে। এই ওয়েব সাইটে অনেক সম্মানিত বাঙালীদেরও সম্মানহানি করা হয়েছে।

এই ওয়েব সাইট, কে চালু করেছে তা জানার জন্য তদন্ত শুরু করা হয়। জানা যায় যে, যে ব্যক্তি এই ওয়েব সাইট চালু করে, সে অসত্যভাবে দাবী করেছে যে, এটা পশ্চিমবঙ্গ রাজ্য সংস্কৃতি বিভাগ, রাইটার্স বিল্ডিং, কলিকাতা-৭০০ ০০১ থেকে চালু করা হয়েছে। তাদের সাথে যোগাযোগের জন্য ভুল ঠিকানা ও ভুল টেলিফোন নম্বর দেওয়া ছিল।

এই ওয়েব সাইট নেটকম নামে আমেরিকা (ইউ. এস. এ) র একটি প্রতিষ্ঠান (ওয়েব সার্ভার)-এর মাধ্যমে চালু করা হয়। নেটকম এর সাথে যোগাযোগ করা হলে তারা, তাদের গোপনীয়তা রক্ষার দোহাই দিয়ে, প্রচারকের বিষয়ে আর কিছু তথ্য দিতে অস্বীকার করে।

এ বিষয়ে বিদেশ সঞ্চার নিগম লিমিটেডের অধিকর্তাদের সাথে দফায় দফায় আলোচনা করা হয়। এই বিশেষ ওয়েব সাইট এবং এদের আর্থিক বিষয়গুলি নিয়ে যারা অতিরিক্ত উৎসাহ দেখাচ্ছিল তাদের উপর নজর রাখা হয়। অবশেষে গত ১৯.৬.৯৯ তারিখে সন্ধ্যাবেলায় সন্দেহাতীতভাবে জানা যায় যে, কে এই ওয়েব সাইট চালাচ্ছে। বিদেশ সঞ্চার নিগম লিমিটেড কর্তৃপক্ষ এ সব জানিয়ে একটি প্রতিবেদন জমা দেন। তাঁরা জানান যে এর পেছনে রয়েছে জনৈক এস. খেমকা।

পরে আরও তদন্তে এই এস খেমকার পূর্ণ নাম ও পরিচয় জানা যায়। শমিত খেমকা পিতা অমিতাভ খেমকা, ১১৩ সাদার্ন এ্যাভিনিউ কলকাতা—৭০০ ০১৯। শমিত খেমকা নিজে একজন কম্পিউটার ব্যবসায়ী এবং গত কয়েক বছর ধরে কম্পিউটার সংক্রান্ত কাজকর্ম করছে।

এই তদন্ত সূত্রে, পুলিশ নিজেরাই ভারতীয় দন্ডবিধির ১২০ বি। ১৫৩ এ। ৪১৯। ৫০৪ ধারা অনুযায়ী ২২.৬.৯৯ তারিখে, লেক থানায় ২৫৪ নং কেস রুজু করে, ঐ দিনই সমিত খেমকার অফিসে পুলিশ অভিযান করে। শমিত খেমকাকে গ্রেপ্তার করা হয়। ওখান থেকে চারটি কম্পিউটার এবং কিছু আনুসাঙ্গিক জিনিষপত্র ক্রোক করা হয়।

অভিযুক্ত ব্যক্তিকে আলিপুর এস. ডি. জে. এম এর আদালতে ২৩.৬.৯৯ তারিখে হাজির করানো হয়। আপনি জানেন গতকাল ম্যাজিস্ট্রেট স্ট্রেট নির্দেশ দিয়েছেন তাকে পুলিশ হাজত থেকে জেল হাজতে দেওয়া হয়েছে।

**আরও তদন্তের প্রয়োজনে ওয়েবল কর্তৃপক্ষের কাছ থেকে একজন কম্পিউটার বিশেষজ্ঞের সাহায্য চাওয়া হয়েছে। শমিত খেমকার অপরাপর সহযোগীদের চিহ্নিত করার জন্য তদন্ত চলছে।**

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী যে ঘটনার ব্যাপারে জবাব দিলেন সেটা একটা গুরুতর ঘটনা, কিন্তু একদম নতুন ধরনের অপরাধ। তার কারণ ইন্টারনেট চালু হয়েছে কয়েক বছর এবং কলকাতায় এখনও ইন্টারনেট ব্যবহারকারীদের সংখ্যা খুব সীমিত। কিন্তু ইন্টারনেট যদি কোন তথ্য ছড়ানো যায় পৃথিবীতে মুহূর্তের মধ্যে সেটা ছড়িয়ে পড়ে। সুতরাং এটার অনেক বিপদ আছে। মাননীয় মন্ত্রীর কাছে আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই যে শুধু এটা নয়, ইন্টারনেটে এ রকম অনেক আরও উষ্কানিমূলক সাম্প্রদায়িক বক্তব্য থাকে। শমিত খেমকা মুখ্যমন্ত্রীর

বিরুদ্ধে খুব অপমানজনক কথা বলেছিলেন, তার বিরুদ্ধে শাস্তি নেওয়া হয়েছে। আমি তাই মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন যে তাঁর দপ্তর থেকে ইন্টারনেটে যে সব বিভিন্ন খবর বিভিন্ন ওয়েবসাইটে চালু আছে, সেই ওয়েবসাইট ব্রাউজিংয়ের জন্য কোন লোক ঠিক করেছেন কিনা? তার কারণ মামলা করা ছাড়াও যদি দেখা যায় যে এই ওয়েবসাইটে আপত্তিজনক খবর আছে তাহলে আমেরিকায় ওদের যে অরিজিনাল যারা সার্ভার তাদেরকে জানালে ওরা ডিলিট করে দেয় এবং সেখানে কমপ্লেন করার সুযোগ থাকে। কিন্তু সেখানে আমাদের পুলিশের কেউ বসে ওয়েবসাইট ব্রাউজিং করতে হবে এবং দেখতে হবে এবং পরে বিদেশ সঞ্চার নিগমের মাধ্যমে সম্ভব হলে তাদের নাম্বার, ঠিকানা বার করে তাদের ধরতে হবে। আমার নিজের মাননীয় মন্ত্রীর কাছে বিনীত নিবেদন যদি এখনও পর্যন্ত যে আইন আপনি দিয়েছেন ১২০ বি, ১৫৩এ, ৪১৯, ৫০৪ এগুলি কিন্তু দাঁড়াবে না, তার কারণ ওয়েবসাইটের ডিফরমেশানের ব্যাপারে কোন আইন এখনও পর্যন্ত নেই। আপনি জেনারেল ডিফরমেশান ক্রিমিনাল কন্সপিরেসী ইত্যাদি দিয়েছেন। বর্তমান যুগে আপনার যে আইন আছে সাইবার ক্রাইমের জন্য তা যথেষ্ট নয়। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে দুটি স্পেসিফিক প্রশ্ন করছি, ১) ওয়েবসাইড ব্রাউজিং করে এর মাধ্যমে কেউ এ রকম উস্কানীমূলক তথ্য ছড়াচ্ছে কিনা সেটা দেখার জন্য আপনি কোন লোক দিয়েছেন কিনা? ২) এই সাইবার ক্রাইমের ব্যাপারে যাতে পজিটিভ ব্যবস্থা করা যায় সে জন্য নতুন সাইবার ল পেনাল কোডে প্রভিশান চেঞ্জ করার বা নতুন সাইবার ক্রাইমের জন্য ল সে ব্যাপারে তিনি ভারত সরকারকে কিছু জানিয়েছেন কিনা, বা নিজের তরফ থেকে কোন আইনের খসড়া উনি তৈরী কবেছেন কিনা? তার কারণ এই জিনিস হতেই থাকবে এবং এত সহজে একটা ওয়েবসাইট লোড করা যায় যেটা করে খারাপ খবর ছড়ানো কোন কঠিন কাজ নয়, ইনফ্যাক্ট ইন্টারনেটে কেউ দেখলে বুঝবেন এটা ফুল অফ পর্ণগ্রাফি মেটিরিয়াল। লোকে ইগনোর করতে পারে, কিন্তু ইগনোর নাও করতে পারে। এখানে নিজেদের একটু নিয়ন্ত্রণ করার দরকার আছে। এ ব্যাপারে আপনি কোন ব্যবস্থা নিয়েছেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য যেটা বললেন, তিনি দু-একটি কথাও বলেছেন, তিনি নির্দিষ্ট প্রশ্নটা পরে করেছেন। এই ওয়েবসাইটে তিনি শুধু জ্যোতিবাবুর বিরুদ্ধেই ঘৃণা প্রচার করেন নি, সেখানে প্রফেসার অমর্ত্য সেন, ইন্দ্রজিৎ গুপ্ত, অভিনেত্রী শর্মিলা ঠাকুর,— মানে যে ভাষায় করেছেন, কি বলবো, ফোর লেটার্স ওয়ার্ড, অকথ্য ভাষায়। এখানে প্রফেসার অমর্ত্য সেনও বাদ যান নি। এই যে তাদের কাজ এটা দুর্ভাগ্য যে আমাদের কয়েকটা সংবাদপত্রের এডিটরিয়াল লেখা হয়েছে এটা নাকি বাক্ স্বাধীনতা এটা নাকি মত প্রকাশের স্বাধীনতা। দুটি এডিটরিয়ালে লেখা হয়েছে, আমার হাতে আছে, একটা হচ্ছে আনন্দবাজার পত্রিকা, আরেকটা হচ্ছে টেলিগ্রাফ পত্রিকা, এই দুটোর এডিটরিয়ালে লেখা আছে সার্পোর্টিং খেমকা। হ্যাঁ, এটা দুর্ভাগ্যজনক টেলিগ্রাফ এবং আনন্দবাজার লিখেছে। শুধু এটা বামপন্থী একজন নেতার বিরুদ্ধেই নয়, জ্যোতিবাবুর বিরুদ্ধেই নয়, অমর্ত্য সেনের মতো লোককেও এমন কি শর্মিলা ঠাকুরের বিরুদ্ধে কুৎসা করে এই সব হয়েছে। সুতরাং এটা একটা বিকৃত মস্তিষ্কের, রুচির লোক। ২) আপনি যেটা বললেন আমরাও মনে করি নিশ্চয়ই এটা অপরাধ, কিন্তু আপাততঃ আমাদের হাতে যে আইন আছে আমরা যে কয়টা দিয়েছি তার মধ্যে ১৫৩ এ এটা একটু শক্ত হবে। যদিও আপনি বললেন সঠিক কথাই বলেছেন যে এই ধরণের অপরাধের মামলা এখনও হয় নি। ফলে

আমরা খুব পরিষ্কার নয় কি দাঁড়াবে। আমি ১২০ বি, ১৫৩ এ—১৫৩ এ হচ্ছে প্রোমোটিং এনিমিটি ইন বিটুইন টু কমিউনিটিজ—এটা দাঁড়াতে পারে, দেখা যাক কি দাঁড়ায়।

এই অবস্থা আছে। আপনি যেটা বললেন, সঠিকভাবে বলেছেন। এব্যাপারে উদ্যোগ নিতে হবে। আমার স্টেটমেন্টের শেষ ভাগে আছে, আমরা ওয়েবেলের এক্সপার্টের কাছে জানতে চেয়েছি কি ভাবে এটা মনিটরিং করা যায়। গত ৬ মাস ধরে আমরা ধরতে পারছিলাম না। শেষ পর্যন্ত ক্রেডিট গোস টু ক্যালকাটা পুলিশ। সে বলছে, আমরা গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গলের কালচারাল ডিপার্টমেন্ট থেকে এটা চালাচ্ছি। কে করছে এটা ধরতেই আমাদের ৬ মাস লেগেছে। এ ব্যাপারে বিদেশ সঞ্চার নিগমের সাহায্যের জন্য তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। তারা সাহায্য করেছিলেন এবং পুলিশও ছিল। আমাদের বিশেষজ্ঞ লোক চাই। ইনফর্মেশন টেকনোলজি অতি জটিল বিজ্ঞান। সবার পক্ষে বোঝা সম্ভব নয়। আপনি তো বিজ্ঞানের মানুষ আপনার পক্ষে কিছুটা সম্ভব হলেও আমার পক্ষে বোঝা মুসকিল। এ জন্য এক্সপার্ট লোক খুঁজে বার করতে হবে। এই ধরনের অপরাধের জন্য নির্দিষ্ট আইনের জন্য ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করতে হবে। কিন্তু এই ডামাডোলের বাজারে কাকে চিঠি লিখব, কে পড়বে তা নিয়ে আমার সন্দেহ আছে। তবে আমি লিখব।

[12.10–12.20 p.m.]

## Statement on Calling Attention

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of the Home (Police) Department to make a statement on the subject of reported murder of a Congress (I) Leader, Shri Manas Choubey on 27.5.99 at Kharagpur.

(Attention called by Shri Jatu Lahiri, Shri Pankaj Banerjee, Shri Saugata Roy and Shri Abdul Mannan separately on the 29th June, 1999.)

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিগত ২৭শে জুন, ১৯৯৯ তারিখে খড়গপুরে মানস চৌবেকে হত্যার ঘটনা সম্পর্কে বিধায়ক শ্রী আবদুল মান্নান, বিধায়ক শ্রী সৌগত রায়, বিধায়ক শ্রীজটু লাহিড়ী এবং বিধায়ক শ্রী পঙ্কজ ব্যানার্জী মহাশয়গণ কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষনী প্রস্তাব-এর ওপর আমার বিবৃতি দিচ্ছি।

গত ২৭শে জুন, ১৯৯৯ বেলা ১১টা ৩৫ মিনিট নাগাদ খরিদার জনৈক সুশীল ঘোষ খড়গপুর (টাউন) থানায় টেলিফোনে জানায় যে, প্রাক্তন সাংসদ নারায়ণ চৌবের পুত্র, খরিদার জনৈক মানস চৌবেকে কিছু দুষ্কৃতিকারী গুলি করে গুরুতররূপে আহত করেছে। খবর পেয়েই খড়গপুর (টাউন) থানার আই. সি. তাঁর থানার লোকজন নিয়ে, দুটি পলিশের জিপে করে, ঘটনাস্থলের উদ্দেশ্যে রওনা হন। পথে তাঁরা খবর পান যে দুই (২) জন আহত ব্যক্তিকে চক্রবর্তী নার্সিংহোমে পাঠান হয়েছে। তাঁরা তখন সেখানে যান। সেখানে পৌঁছে পুলিশ জানতে পারে যে, চিকিৎসকেরা জানিয়েছেন যে মানস চৌবেকে মৃত অবস্থায় আনা হয়েছে। অপর আহত ব্যক্তি স্বপন সাহার (পিতা প্রয়াত সুরেশ সাহা) চিকিৎসা চলছে।

ঐ দিন বিকেল সাড়ে পাঁচটার সময়, বিধান পল্লীর খরিদার শ্রীমতী হেমা চৌবে, স্বামী গৌতম চৌবে, খড়গপুর থানার আই. সি. কে লিখিতভাবে একটি অভিযোগ দায়ের করেন। তিনি জানান যে, ২৭.৬.৯৯ তারিখে বেলা ১১টা নাগাদ, গুপ্তমনিতে পূজা দিয়ে তিনি যখন ফিরে এসে তাঁদের বাড়ীর কাছে, ঝন্টুর পানের দোকানের সামনে বাড়ী থেকে নামছিলেন, তখন হঠাৎ গুলির শব্দ শুনতে পান। দেখেন যে, তাঁর দেওর মানস চৌবেকে, (১) কে. শিবা, পিতা—কে. সীমাচলম, (২) কে. নাগরাজ, পিতা-কে. সীমাচলম, (৩) সুনীল শর্মা পিতা অজ্ঞাত, (৪) বাবু রায় পিতা - শঙ্কর রায় এবং আরও দু-তিন জন অজ্ঞাত পরিচয় ব্যক্তি, ঘিরে ধরেছে। তারা মানস চৌবের দিকে গুলি চালাচ্ছে। মানস দোকানের সামনের নর্দমাতে পড়ে যায়। তিনি ঐ দৃশ্য দেখে, মানসকে রক্ষা করার জন্য দৌড়ে এগিয়ে যান। তিনি সাহায্যের জন্য চেঁচাতে থাকেন কিন্তু ভয়ে কেউই এগিয়ে আসেনি। বিধানপল্লীর খরিদার জনৈক স্বপন সাহা, মানসকে বাঁচাতে সাহায্য করতে গিয়ে, আহত হয়। মানস ঐ জায়গাতেই মারা যায়। তিনি জানান যে ঐ দুষ্কৃতকারীরা, মথুরাকাটির কুখ্যাত মাফিয়া বি. রামবাবু, এন. তারকেশ্বর রাও ওরফে তারকিদের ঘনিষ্ঠ ব্যক্তি। তিনি আরও জানান যে বি. রামবাবু ও তার আগে, অনেক বারই গৌতম চৌবে ও মানস চৌবেকে হুমকি দিয়েছিল। এই অভিযোগের ভিত্তিতে ভারতীয় দন্ড বিধির ৩২৬ ।৩০২ ।৩৪ ।১২০ বি ধারায় অস্ত্র আইনের ২৫ ।২৭ ধারা অনুযায়ী ২৭.৬.৯৯ তারিখে খড়গপুর (টাউন) থানায় ১৮১ ।৯৯ নং কেস রুজু করা হয়।

তদন্তে জানা গিয়েছে যে ২৭.৬.৯৯ তারিখে বেলা সোয়া ১১টা নাগাদ, মানস চৌবে যখন ঝন্টুর পানের দোকানে খবরের কাগজ পড়ছিল, ৯ ।১০ জন দুষ্কৃতকারী দুই (২)টি মোটর সাইকেলে করে এবং হেঁটে ওখানে আসে। তারা হঠাৎ মানস চৌবেকে পাইপগান নিয়ে আক্রমণ করে, গুরুতররূপে আহত করে, মানস পালাতে গিয়ে নর্দমায় পড়ে যায়। ওখানে স্বপন সাহা পান কিনছিল, সেও বন্দুকের গুলিতে আহত হয়। দুষ্কৃতকারীরা এরপর মোটর সাইকেলে ও গাড়ী করে মথুরাকাটির দিকে পালিয়ে যায়।

এরপর স্থানীয় লোকেরা আহত দুজনকেই চক্রবর্তী নার্সিংহোমে নিয়ে যায়। ওখানে ডাক্তারবাবুরা জানান যে মানসকে মৃত অবস্থায় নিয়ে যাওয়া হয়েছিল।

এ প্রসঙ্গে জানানো যেতে পারে যে রামবাবুর গোষ্ঠী এবং গৌতম চৌবে ও মানস চৌবের গোষ্ঠীর মধ্যে অনেক দিন ধরেই প্রতিদ্বন্দ্বিতা চলছে। দুই গোষ্ঠীরই অভিযোগ প্রতি অভিযোগ নিয়ে। তাদের অনুগামীদের বিরুদ্ধে অনেকগুলি কেস চলছে। মানস চৌবের বিরুদ্ধেও বেশ কতগুলি কেস আছে।

২৭.৬.৯৯ তারিখে মানস চৌবের হত্যার ঘটনায় ৫ (পাঁচ) জনকে পুলিশ গ্রেফতার করেছে।

(১) কে. চিন্না পিতা কে. বাসু

(২) রমেশ পিতা বি. রাজু

(৩) মনোজ ওরফে সুরেশ সিং পিতা প্রয়াত কেদার

(৪) আর. মোমন পিতা- আর. বি. স্বামী

(৫) টুনটুন ওরফে কালিন চৌধুরী পিতা - বিভূতি রঞ্জন।

এদের কাছ থেকে ৩ (তিন)টি দোনলা পাইপগান, ২ (দুই)টি একনলা পাইপগান, বত্রিশ (৩২)টি .৮ সি সি বোরের গুলি, ৩ (তিন)টি .৩০৩ বোরের গুলি, পঁয়ত্রিশ (৩৫)টি তাজা বোমা এবং কিছু বোমা বানানোর মশলা পাওয়া যায়।

এই আগ্নেয়াস্ত্র এবং গুলি ইত্যাদি পাওয়া নিয়ে, অস্ত্র আইনের ২৫।২৭ ধারা অনুযায়ী খড়গপুর (টাউন) থানায় ২৭.৬.৯৯ তারিখে ১৮৩।৯৯ নং কেশ রুজু করা হয়েছে। ডবলিউ. বি. ০২-টি. এ ২৬৭৯ নম্বর যুক্ত একটি গাড়ীও বাজেয়াপ্ত করা হয়েছে। এই গাড়ীটির ঐ ঘটনায় জড়িত থাকার কথা তদন্তে প্রকাশ পেয়েছে।

পুলিশ এফ আই আর-এ যে সব দুষ্কৃতকারীর নাম আছে, তাদের সবাইকে গ্রেফতার করার চেষ্টা করছে। কিন্তু তারা বর্তমানে আত্মগোপন করে থাকায় এখনও সবাইকে ধরা যায়নি।

এ প্রসঙ্গে আরও জানানো যায় যে, ২৭.৬.৯৯ তারিখে খড়গপুর (টাউন) থানার আই. সি. যখন লোকজনসহ চক্রবর্ত্তী নার্সিংহোমে যায়, তখন চার পাঁচ শত লোকের এক উত্তেজিত জনতা তাদের আক্রমণ করে। ঐ জনতা পুলিশের একটি জিপ পুড়িয়ে দেয়। খবর পেয়ে অতিরিক্ত এস. পি. একদল পুলিশ বাহিনী নিয়ে ঐ জায়গায় যান এবং উত্তেজিত জনতাকে তাড়া করে সরিয়ে দেন। ঐ জায়গা থেকে নয় (৯) জন লোককে পুলিশ গ্রেফতার করে। এ প্রসঙ্গে ভারতীয় দন্ডবিধির ১৪৭।১৪৮।১৪৯।৩৫৩।৩৩২।৩৩৭।৪০৫ প্রিভেনশন অব ডেস্ট্রাকশন অব পাবলিক প্রপার্টিস এ্যাক্ট-এর ৩।৪ ধারা এবং মেইন্টেনন্স অব পাবলিক অর্ডার এ্যাক্ট-এর ৯ ধারা অনুযায়ী খড়গপুর (টাউন) থানার ২৭.৬.৯৯ তারিখের ১৮২।৯৯ নম্বর কেশ রুজু করা হয়।

মানস চৌবের হত্যার পর এক (১)টি বাড়ীতে ৩ (তিন) টি দোকানে এবং ফরোয়ার্ড ব্লকের একটি দলীয় অফিসে ভাঙচুর করে। আগুন লাগানো হয়।

চৌবের মৃতদেহ তার ভাই গৌতম চৌবে এবং অন্যান্যরা কংগ্রেসের শীর্ষস্থানীয় নেতারা ওখানে আসার আগে পুলিশের হাতে দেন নি। সন্ধ্যে ৫টা ৪০মিনিটে মানস চৌবের মৃতদেহ পুলিশের হাতে তুলে দেওয়া হয়। সুরত হাল ও ময়না তদন্ত ২৮.৬.৯৯ তারিখে করা হয়।

২৮.৬.৯৯ তারিখে কংগ্রেস (আই)-এর থেকে ২৪ ঘন্টার এক বন্ধের ডাক দেওয়া হয়। তা শান্তিপূর্ণ ভাবে শেষ হয়।

বর্তমান পরিস্থিতি শান্তিপূর্ণ। অবস্থার ওপর নজর রাখা হচ্ছে।

**Mr. Speaker :** There are three clarification questions. One from Shri Saugata Ray, one from Shri Jatu Lahiri and one from Shri Pankaj Banerjee. Shri Saugata Roy may put his question. Mr. Roy, be brief. You tend to make a speech rather than asking questions.

**Shri Saugata Ray :** You see Sir, in formulating questions sometimes it is necessary to state certain facts. With your indulgence I try to do that so that the whole thing is revealed.

**Mr. Speaker :** To make a speech you have to come on this side. We cannot make a speech from that side. You can ask questions from that side.

**Shri Saugata Ray :** Sir, there is a tide in the affairs of men which when taken in full tide may carry people to destination. So, you never know what happens.

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী যে বিবৃতি দিলেন সেটা আমি মন দিয়ে শুনেছি। কিন্তু খড়গপুরে এমন ঘটনা নতুন নয়। ১৯৯৭ সালে এখানে মাফিয়া এ্যাকটিভিটিতে ১০ জন খুন হয়। তার মধ্যে একজন ছিলেন সিটু কর্মী উদয় মাইতি। সিটু অফিসের সামনেই তাঁকে খুন করা হয়। উদয় মাইতি বুদ্ধদেব ভট্টাচার্য্যকে জানিয়েছিলেন যে, তাঁর উপর রামবাবুর লোকেরা আক্রমণ করতে পারে। সেই সময় ওখানকার আমাদের এম. এল. এ. মাননীয় জ্ঞান সিং সোহন পাল মহাশয় বুদ্ধদেব ভট্টাচার্য্যকে ফ্যাক্সে জানান যে, ওখানে সিচুয়েশন মে গো আউট অফ্ কন্ট্রোল। কিন্তু পুলিশ কোন ব্যবস্থা নেন নি। মাননীয় জ্ঞান সিং সোহনপাল মহাশয় ২৩.৩.৯৯ তারিখে খড়গপুরের ল এন্ড অর্ডার নিয়ে হাউসে কলিং এটেনশন মোশান এনেছিলেন। তখন বুদ্ধদেববাবু বলেছিলেন, মাননীয় সদস্যের যে উৎকণ্ঠা সেটা আমি ভাগ করে নিচ্ছি। আমি ওখানে নিউ এ্যাডিশনাল এস. পি. এবং এস. ডি. পি. ও. কে নিয়োগ করব। অবস্থা নিয়ন্ত্রণে এসে যাবে। কিন্তু দেখা গেল তারপর অভূতপূর্ব ঘটনা ঘটল, ক্ষতি হল এবং ২৭.৬.৯৯ তে মারা গেল মানস চৌবে পুলিশকে জানিয়েছিল যে, তাদের উপর আক্রমণ হতে পারে। মাননীয় মন্ত্রীর কাছে আমার পরিষ্কার বক্তব্য যে, মাননীয় সদস্য জ্ঞানসিং সোহন পাল মহাশয় বার বার জানানো সত্ত্বেও আপনি যথেষ্ট ব্যবস্থা নিতে পারেন নি। ২৩.৩.৯৯ তে হাউসে খড়গপুরের ল এন্ড অর্ডারের কথা উঠেছে, তারপর জুন মাসে এই ঘটনা ঘটল। এটা খুব দুঃখজনক। এই ঘটনার পিছনে মূল আসামী খুনে শিবা ইজ্ এফ. আই. আর. নেমড্ ওয়ান। ১০ দিন হয়ে গেল কিন্তু আজ পর্যন্ত খুনে শিবাকে গ্রেপ্তার করা হয় নি। পি. রামবাবু এখন ওখানকার ফরওয়ার্ড ব্লক নেতা। ফরওয়ার্ড ব্লকের রাজ্য সম্পাদক অশোক ঘোষ এবং আমাদের হাউসের একজন মাননীয় সদস্য, আপনি না থাকলে যিনি আপনার চেয়ারে বসেন তিনিও ওর আমন্ত্রণে ওখানে যান।

অথচ রামবাবু একজন নোন মাফিয়া, এটা পৃথিবী শুদ্ধ লোক জানে। এখন পর্যন্ত রামবাবু গ্রেপ্তার হয়নি।

(প্রচন্ড গোলমাল)

সবাই জানে স্পীকার না থাকলে উনি হাউসের চেয়ারে বসেন।

(গোলমাল)

স্যার, আমি আপনার কাছে জানতে চাইছি যাঁরা চেঁচাচ্ছেন তাঁরা কী রামবাবুর সমর্থক? তাঁরা কি খুনী রামবাবুর সমর্থক?

(প্রচন্ড চীৎকার চেঁচামেচি)

আমার মন্ত্রীর কাছে স্পেসিফিক প্রশ্ন, উনি মামলাটা সি. আই. ডি-কে কি দিচ্ছেন এবং সি. আই. ডি. যদি না পারে সি. বি. আই.-কে কি দেবেন?

(গোলমাল)

অশোক ঘোষ গিয়েছিলেন রামবাবুর ফাংশনে, সবাই এটা জানে। এতে না বলার কি আছে? আপনারা ক্রিমিনালের ফাংশনে যান, আপনাদের মেম্বার যান।

(প্রচন্ড চীৎকার চেঁচামেচি)

স্যার, আপনি আমাকে একটু প্রোটেকশন দিন, আমি প্রশ্নটা কমপ্লিট করতে চাই। আমি মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাই এখন পর্যন্ত রামবাবু এবং খুনী শিবাকে গ্রেপ্তার করা হ'ল না কেন? কবের মধ্যে পুলিশ তাদের গ্রেপ্তার করবে? যদি তাদের গ্রেপ্তার করতে রাজ্য পুলিশ ব্যর্থ হয়, যদি রামবাবু এবং খুনী শিবা পশ্চিমবাংলা থেকে পালিয়ে গিয়ে থাকে তাহলে তাদের গ্রেপ্তার করার জন্য সি. বি. আই.-কে বলবেন কিনা? আর যদি ফরোয়ার্ড ব্লকের নেতাদের সঙ্গে রামবাবুর যোগ থাকে তাহলে সে ক্ষেত্রে কোন রাজনৈতিক ব্যবস্থা নেবেন কিনা? এই হচ্ছে আমার প্রশ্ন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্যকে আমি বলছি যে, মাননীয় সদস্য জ্ঞান সিং সোহনপাল জানেন গত প্রায় কয়েক মাস ধরে তাঁর সঙ্গে আমি খড়গপুরের আইন-শৃঙ্খলার বিষয় নিয়ে আলাপ-আলোচনা করছি। আন্তরিকভাবে চেষ্টা করেছি, নতুন অফিসার পাঠিয়েছি ব্যবস্থা গ্রহণ করতে। পরিস্থিতির আস্তে আস্তে উন্নতি হচ্ছিল। হঠাৎ একটা ভয়ঙ্কর দুর্ঘটনা ঘটে গেছে, তাতে কোন সন্দেহে নেই। এই ঘটনার পরে আমি আমাদের রাজ্যের ডি. জি.-কে মেদিনীপুরে পাঠিয়েছিলাম গত বৃহস্পতিবার। তিনি গিয়েছিলেন এবং ফিরে এসে এ বিষয়ে আমাকে একটা রিপোর্ট দিয়েছেন। আমি বলছি, রাজ্য সরকারের পুলিশ বাহিনীর ওপর একটু বিশ্বাস রাখুন, সি. বি. আই.-র প্রয়োজন হবে না। আমরা অপরাধীদের গ্রেপ্তার করবই।

**শ্রী জটু লাহিড়ী ঃ** এই ঘটনার মানস চৌবে খুন হয়েছেন। আমরা বিগত দিনে দেখেছি যে সমস্ত অপরাধীদের নামে এফ. আই. আর. থাকে তাদের পুলিশ খুঁজে পায় না। ফলে মানুষ সেই সমস্ত খুনে অপরাধীদের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করে। কারণ সাধারণ মানুষের অভিজ্ঞতা হচ্ছে, পুলিশ ইনটেনশনালি কেশ ধামা-চাপা দেবার চেষ্টা করে, অপরাধীদের পালিয়ে যাবার সুযোগ করে দেয়। যত টাইম কিল হবে ততই অপরাধীরা সুযোগ পেয়ে যাবে, গ্রেপ্তার হবে না। এই সমস্ত অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে আজকে সর্বত্র সাধারণ মানুষ নিজেদের হাতে আইন তুলে নিচ্ছে বা তুলে নেবার চেষ্টা করছে। খড়গপুরের মানুষও তাই করেছিল, পুলিশের বিরুদ্ধে সোচ্চার হয়েছিল। অথচ পুলিশ এখন পর্যন্ত অপরাধীদের ধরতে পারে নি। যে সমস্ত নিরীহ মানুষের অপরাধীদের খুঁজে বের করার দাবিতে বিক্ষোভ দেখিয়েছিল পুলিশ তাদের ৯ জনকে গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে বিভিন্ন সেকশনে কেস দিয়ে দিল। বেশ মজার জিনিস! অথচ যাদের নামে এফ. আই. আর. রয়েছে পুলিশ এখন পর্যন্ত তাদের কাউকে গ্রেপ্তার করতে পারে নি। দীর্ঘসূত্রতার জন্যই তাদের ধরা যায় নি, সনাক্তকরণ প্যারেড হয় নি। এমন কি আমরা

লক্ষ্য করি বিভিন্ন ক্ষেত্রে পুলিশ সাধারণ মানুষদের পর্যন্ত ভয় দেখার যাতে কেউ অপরাধীদের বিরুদ্ধে সাক্ষী না দেয়। এ ব্যাপারে পুলিশ যাতে রামবাবুকে গ্রেপ্তার করে যিনি ফরওয়ার্ড ব্লকের সঙ্গে যুক্ত—চেঁচামেচি করছেন—যিনি অপরাধের সঙ্গে যুক্ত, যিনি একটার পর একটা অন্যায় করছেন, তাকে অবিলম্বে ধরে তার যাতে যথাযথ বিচার হয়, চার্জশিট দেওয়া হয় তার জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রী বুদ্ধদেব ভাট্টাচার্য্য ঃ** সেই একই কথা বলছি একটু আগে ওনাকে যা বললাম, আমরা আপ্রাণ চেষ্টা করছি অপরাধীকে ধরার জন্য।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় আপনি আপনার লিখিত বিবৃতিতে বলেছেন যে, আপনি ঘটনার তদন্ত করছেন। কিন্তু এখানে আপনার বিবৃতিতে আছে, গৌতম চৌবে এবং মানস চৌবেকে হুমকি দিয়েছিল। এই অভিযোগ-এর ভিত্তিতে ভারতীয় দন্ডবিধির ৩২৬।৩০২। ৩৪। ১২০ বি ধারায় অস্ত্র আইনের ২৫।২৭ ধারা অনুযায়ী ২৭.৬.৯৯ তারিখে খড়গপুর (টাউন) থানায় ১৮১।৯৯ নং কেস রুজু করা হয়েছিল। তারপরেও রামবাবু শহরে প্রকাশ্য রাস্তায় ঘুরে বেড়ালো। ১ মাস পরে ঘটনা ঘটলো। আপনি এখানে বলেছেন দুর্ভাগ্যজনক ঘটনা। এক মাস আগে এতগুলি কেস এবং থানায় ডায়েরী করা সত্ত্বেও পুলিশ তখন কেন গ্রেপ্তার করলো না? দ্বিতীয়তঃ এদের কাছ থেকে ৩ (তিন) টি দোনলা পাইপগান, দুটি একনলা পাইপগান, ৩২টি .৮ সি সি বোরের গুলি, ৩টি .৩০৩ বোরের গুলি, ৩৫টি তাজা বোমা এবং কিছু বোমা বানানোর মশলা পাওয়া গেছে বলেছেন। এগুলি কোথা থেকে পাওয়া গেছে? পকেটে নিয়ে কি ঘুরে বেড়াচ্ছিলো? নিশ্চয়ই কোন অফিসের কার্যালয় থেকে কিম্বা রাজনৈতিক কার্য্যালয় থেকে পাওয়া গেছে। আপনাদের পার্টির জেলা সম্পাদক শ্রী দীপক সরকার, তাকেও এই রামবাবু ফোনে হুমকি দিয়েছেন। খবর নিয়ে দেখেছি, আপনাদের পার্টি অফিস থেকেও ১ মাস আগে ওর সম্পর্কে থানায় ডায়েরী করা হয়েছিল স্পেসিফিক কতগুলি ধারা দিয়ে, খুনের অভিযোগের ভিত্তিতে, অ্যাটেম্পট টু মার্ডারের ভিত্তিতে। অথচ ১ মাস ধরেও তাকে ধরলেন না। এতগুলি জিনিস সেখানে উদ্ধার করলেন, দীপক সরকারকে হুমকি দেওয়া সত্ত্বেও তারপরও তাকে গ্রেপ্তার করলেন না। এটা কি নির্বাচনের আগে ফ্রন্টের ঐক্য যাতে বিঘ্নিত না হয় তার জন্যই কি প্রশাসনকে নিশ্চুপ করে রেখেছেন, নাকি সত্যিই পুলিশের ব্যর্থতার জন্য তাকে গ্রেপ্তার করতে পারছেন না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপনি একটু ভুল বললেন। আপনি এই যে ৩২৬।৩০২ প্রভৃতি এইসব ধারার কথা বললেন—এটা ঘটনা ঘটবার পর অভিযোগ দেওয়া হয়েছে। তারপর আত্মগোপন করেছেন। তার আগে কেস ছিল না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** পুলিশকে তো আগে বলেছিল?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** দুর্ভাগ্যক্রমে মানস চৌবের বিরুদ্ধেও অনেকগুলি মামলা ছিল।

(গোলমাল)

**মিঃ স্পীকার ঃ** বসুন, বসুন, টেক্-ইওর সিট।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** ২ জনের বিরুদ্ধেই মামলা ছিল। তারপর হত্যাকান্ডের পর সমস্ত পরিস্থিতিটা অন্যদিকে চলে গেছে। অতএব আমাকে হত্যাকারীকে খুঁজে বের করতে হবে। এখানে রাজনৈতিক প্রসঙ্গ জানবেন না। আইনের চোখে কে কংগ্রেস, কে ফরওয়ার্ড ব্লক, কে সি. পি. আই. এম. সেটা দেখা আমার দরকার নেই।

(গোলমাল)

আইনের চোখে অপরাধীর রাজনৈতিক চরিত্র কি তা দেখার দরকার নেই, অপরাধী গ্রেপ্তার হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** কতদিন লাগবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপনি বিশ্বাস করেন জ্যোতিষীতে, আমি করি না। আমরা চেষ্টা করছি, যত তাড়াতাড়ি সম্ভব গ্রেপ্তার করবো।

## PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Seventeenth Report of the Subject Committee on the Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes (1998-99)

**Shri Kshiti Ranjan Mondal :** Mr. Speaker, Sir, with your permission, I beg to present the Seventeenth Report of the Subject Committee on the Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 1998-99.

(At this stage Congress Members walked out of the Chamber.)

## LAYING OF REPORTS

Reports of the Comptroller and Auditor General of India

**Dr. Asim Kumar Dasgupta :** Mr. Speaker, Sir, I beg to lay

(a) Report of the Comptroller and Auditor General of India for 1997-98 (Revenue Receipts) No. 1;

(b) Report of the Comptroller and Auditor General of India for 1997-98 (Commercial) No. 2;

(c) Report of the Comptroller and Auditor General of India for 1997-98 (Civil) No. 3;

(d) Report of the Comptroller and Auditor General of India for 1997-98 (Civil) No. 4;

(e) Finance Accounts for 1997-98: and

(f) Appropriation Accounts for 1997-98.

## MENTION CASES

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত দিনের কংগ্রেস সরকারের অনুসৃত নীতি এবং বর্তমানে কেন্দ্রে বি. জে. পি. সরকারের নীতির ফলে দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গে এখন বেকার ৫৬ লক্ষ ৪৬ হাজার ৫ শো ৫২ জন। প্রতি বছর চাকরি পাচ্ছে ৯ থেকে ১০ হাজার ছেলে। চাকরিতে ঢোকার ক্ষেত্রে যে বয়স সীমা নির্ধারণ করা আছে সেই সীমা থাকলে বহু বেকার ছেলে আর চাকরিই পাবে না। তার কারণ বয়স সীমা পেরিয়ে গেলে বলা হয় চাকরির ক্ষেত্রে তারা অযোগ্য। তাই সরকারের কাছে জোরালোভাবে আমি দাবী তুলছি, বেকারদের চাকরিতে ঢোকার ক্ষেত্রে এই বয়স সীমা তুলে দেওয়া হোক।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে অর্থমন্ত্রীমহাশয় সভায় ছিলেন, আমি ঈপ্সছিলাম, আমার মেনশানের উত্তর তার কাছ থেকে পাব। স্যার, আপনি জানেন, প্রায় ১।। বছর হতে চললো ডানলপ কম্পানী বন্ধ। দুর্ভাগ্যজনকভাবে সেখানে ৯ জন, সেখানকার কর্মী এবং তাদের পরিবারের লোকরা মিলিয়ে, তার মধ্যে আপনাদের পার্টির লোকও আছেন, তারা আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন। পরিস্থিতিটা এমন একটা জায়গায় পৌঁছে গিয়েছে যে সেখানে শুধু আর্থিক বিপর্যয়ই নয়, একটা সামাজিক বিপর্যয় যে কোন সময় ঘটে যেতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী দিল্লীতে গিয়ে এ ব্যাপাবে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন। আমরা জানতে চাই, তাদের মধ্যে কি কথা হয়েছে। তা ছাড়া সংবাদপত্রে দেখলাম, গতকাল মনু ছাবরিয়ার মেয়ের সাথে মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী কথা বলেছেন। আমরা খুশি যে কথা বলা শুরু হয়েছে। কিন্তু কি কথা হ'ল সেটা বিধানসভার মাধ্যমে তাদের কাছ থেকে আমরা জানতে পারলে সেখানকার শ্রমিক কর্মচারীদের কাছে তা পৌঁছে দিতে পারতাম। এখানে মন্ত্রীমহাশয়, মৃণালবাবু রয়েছেন, ছবিতে দেখলাম, উনিও সেই কথাবার্তার সময় ছিলেন, আমি বিনয়ের সাথে তাকে অনুরোধ করবো, ডানলপ সংক্রান্ত এই দুটি বৈঠকে কি কথাবার্তা হয়েছে তা আমাদের জানান। কারণ এই ডানলপের বিষয়টা আর ডানলপের মধ্যেই সীমাবদ্ধ নেই বা কোন একটি রাজনৈতিক দল বা ট্রেড ইউনিয়ানের মধ্যে সীমাবদ্ধ নেই। এটা একটা এখন যৌথ আন্দোলনে পরিণত হয়েছে। কাজেই উনি জানান, মুখ্যমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বাক্যালাপের কি পরিণতি হয়েছে এবং গতকাল যে আলোচনা হয়েছে মনু ছাবরিয়ার মেয়ের সাথে তার কি পরিণতি হয়েছে। মাননীয় মন্ত্রী মৃণালবাবুকে আমি অনুরোধ করবো এই দুটি বিষয় সম্পর্কে আমাদের অবগত করুন।

**শ্রী মৃণাল ব্যানার্জী ঃ** আগামী ৮ তারিখে ডানলপের ব্যাপারে একটা ষ্টেটমেন্ট দেওয়া হবে।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এন. আর. এস. হাসপাতালে ক্যানসার রোগীদের চিকিৎসার জন্য কোবাল্ট থেরাপি ইউনিট বসাতে কেন্দ্রীয় সরকারের দেওয়া ২০ লক্ষ টাকা গত ৮ বছর ধরে পড়ে

রয়েছে, কারণ রাজ্য সরকার সমপরিমাণ টাকার ম্যাচিং গ্রান্ট দেয়নি। এর ফলে এন. আর. এস. হাসপাতালে ক্যানসার রোগীদের চিকিৎসার গুরুত্বপূর্ণ ওই উপকরণটি এখনও বসানো হয়নি। সম্প্রতি কোবাল্ট থেরাপি ইউনিট বসানোর সম্ভাবনা তৈরী হয়েছে, কারণ কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের ক্যান্সার নিরোধক সেল ১ কোটি ৩০ লক্ষ টাকা দিতে রাজী আছে। কেন্দ্রীয় সরকার থেকে ৮ বছর আগে পাওয়া ২০ লক্ষ টাকা আছে। ৮ বছর আগে রাজ্য সরকার টাকা দিলে অনেক আগেই কোবাল্ট থেরাপি তৈরী হয়ে যেতো। অসংখ্য রোগী এতে উপকৃত হতো। আর তখন বসালে খরচ অনেক কম হত। ৮ বছর আগে ঐ ইউনিট বসাতে যেখানে খরচ হত ৪০ লক্ষ টাকা, এখন এর চারগুণ অর্থাৎ ১ কোটি ৬০ লক্ষ টাকা খরচ হবে। তাই ঐ কোবাল্ট থেরাপি ইউনিটটি যাতে তাড়াতাড়ি বসানো হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি।

**শ্রী ইউনুস আলি সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুর্শিদাবাদ জেলার একটি বিশেষ সমস্যার প্রতি মাননীয় সেচমন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ভাঙন মুর্শিদাবাদ জেলার একটা প্রধান সমস্যা। এবারে সেই মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার শিরাচর, মোরাদপুর এবং জয়কৃষ্ণপুর—এই তিনটি গ্রামে ভাঙন শুরু হয়েছে। গতকালই সেখানকার ১০টি বাড়ি নদী গর্ভে চলে গেছে। এছাড়া সি. পি. ডব্লু. ডি.-র একটি রাস্তা নদীগর্ভে গেছে, একটি মসজিদও চলে গেছে। অবিলম্বে ওখানে জরুরী ভিত্তিতে ভাঙন রোধ করা হোক। সামনেই বর্ষা আসছে, কাজেই এখনই যদি ব্যবস্থা নেওয়া না হয় তাহলে জলঙ্গীর ভাঙন একটা বিশাল সমস্যা হয়ে দেখা দেবে। তার জন্য এই বিষয়টির প্রতি আমি রাজ্য সরকার এবং মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় পুলিশমন্ত্রী যখন পুলিশকে জনমুখী আচরণ করবার কথা বারবার বলছেন, তখন আমরা দেখতে পাচ্ছি, পশ্চিমবঙ্গের থানাগুলিতে হিউম্যান রাইটস লঙ্ঘিত হচ্ছে। ঐ থানাগুলিতে যে সব অভিযোগ নথিভুক্ত করা হচ্ছে সেক্ষেত্রে পুলিশ প্রকৃত ঘটনা এড়িয়ে গিয়ে শাসক দলের পৃষ্ঠপোষকতা করছেন এবং বিত্তবানদের স্বার্থরক্ষা করছেন। সেখানে তারা প্রকৃত অপরাধীদের আড়াল করছেন এবং প্রকৃতপক্ষে অপরাধী যারা নন তাদের অপরাধী সাজাচ্ছেন। এসব মিথ্যা পুলিশী তথ্যের উপর ভিত্তি করে মন্ত্রী বক্তব্য রাখছেন এখানে। ফলে অপরাধীরা সাজা পাচ্ছে না। যাতে থানাগুলি যথাযথ অভিযোগ নথিভুক্ত করে, হিউম্যান রাইটস যাতে লঙ্ঘিত না হয়, যাতে অপরাধীরা সাজা পায়, তার জন্য ব্যবস্থা নিতে আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সমাজকল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে যে আই. সি. ডি. এস. প্রকল্পগুলি রয়েছে সেখানে এম. এল. এ.-রা হচ্ছেন চেয়ারম্যান। তাতে হোম এবং আদারস' ক্যাটাগরী রয়েছে। কিন্তু ওয়ার্কার এবং হেল্পার পদে হোম থেকে মেয়েদের কোন নাম পাঠান হচ্ছে না, আদারস' ক্যাটাগরীতে এলাকার মহিলাদের নাম পাঠানো হচ্ছে এবং সেটা পাঠানো হচ্ছে ডেপুটি ডাইরেক্টরের কাছে। তার ফলে সিলেকশন কমিটি কোনরকম গুরুত্ব

পাচ্ছে না। যদি হোম থেকে কোন মেয়ের নাম পাঠানো সম্ভব না হয় ওয়ার্কার এবং হেল্পার পদের জন্য, তাহলে সিলেকশন কমিটির মাধ্যমে এম. এল. এ.-রা যে সব মেয়েদের নাম সুপারিশ করবেন সেটা মানতে হবে। মাননীয় মন্ত্রী সভায় আছেন। এ-ব্যাপারে আমি তাঁকে বলতে বলছি।

[12.40–12.50 p.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গোটা কলকাতায় পানীয় জলের তীব্র সঙ্কট দেখা দিয়েছে এবং এই ব্যাপারে মাননীয় পৌরমন্ত্রীর আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ কলকাতাতে জলের এই তীব্র সঙ্কট বেশী। উত্তর কলকাতাতে টালা পাম্পিং স্টেশন থাকার ফলে টালা পাম্প থেকে জল পায়। কিন্তু দক্ষিণ কলকাতাতে বিস্তীর্ণ এলাকায় ডিপ টিউবওয়েল থেকে জল আসে এবং সেই জল না ওঠার ফলে জলের তীব্র সঙ্কট দেখা দিয়েছে। গার্ডেন রীচ প্রকল্প থেকে জল আনার অনেক চেষ্টা করা হয়েছে কিন্তু সেই পরিকল্পনা ব্যর্থ হয়েছে। বিস্তীর্ণ এলাকা দক্ষিণ কলকাতাতে ডিপ টিউবওয়েল থেকে জল না ওঠার ফলে ওখানকার মানুষ হাহাকার করছে। ইতিমধ্যেই বস্তি এলাকাতে মহামারী রোগ দেখা দিয়েছে এবং আই ডি হাসপাতালে গত এক সপ্তাহে ১২৯ জন ভর্তি হয়েছে। গ্যাসট্রো এনট্রাইটিজ রোগে আক্রান্ত হয়ে আই ডি হাসপাতালে ভর্তি হয়েছে। বস্তি এলাকাগুলো জল পাচ্ছে না। এই ব্যাপারে মাননীয় পৌরমন্ত্রীকে ব্যবস্থা নেবার জন্য আবেদন করছি।

**শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া)** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমার বিধানসভা এলাকায় ডাঙ্গাপাড়া গ্রামে একজন সি পি এম সমর্থিত ক্ষেত-মজুর মাঠে কাজ করার সময়ে কংগ্রেসী মদতপুষ্ঠ সমাজবিরোধী তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করে। আমার এলাকার কয়েকটি গ্রাম পঞ্চায়েত এলাকা যেমন ধরমপুর, সড়কপুর, নওদা, দৌলতাবাদ, হরিহরপাড়ার বিভিন্ন জায়গায় কুখ্যাত সমাজবিরোধীরা কংগ্রেস দলের নেতৃত্বে এই ধরণের খুন খারাপি করে যাচ্ছে। এ বিগত ৪-৫ মাসে এ পর্যন্ত ৫,৬ জন খুন হয়েছে। তারা প্রতাপপুর দুগ্ধ সমবায় সমিতির টাকা ছিনতাই করেছে এবং ওই অঞ্চলের পরিবারের বাড়িতে ডাকাতি করতে গিয়ে চারজন মহিলাকে রেপ করেছে। সুতরাং অবিলম্বে ওই অপরাধীদের গ্রেপ্তার করা হোক এই দাবী আমি মন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী অশোককুমার দেব** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা কাগজে দেখেছি যে, কৃষ্ণনগরে সি পি এমের একজন শিক্ষক আছেন, তাঁকে দেখলেই মেয়েরা বাড়িতে পালাচ্ছে. এই শিক্ষক আবার পঞ্চায়েতের সদস্য। তিনি একজন কিশোরীকে নিয়ে গিয়ে সিঁধেয় সিঁদুর পরিয়ে দিয়ে হোটেলে নিয়ে গিয়ে উঠে তার ওপরে নির্যাতন করেছে। এখানে হোম মিনিষ্টার নেই, তাঁকে এই ব্যাপারে বলেছি। এই ধরণের ঘটনার পরেও আসামী ধরা পড়ছে না। দিনের পর দিন এইরকম ঘটনা ঘটছে। আমি পুলিশ মন্ত্রী থেকে মুখ্যমন্ত্রী সবাইকে জানিয়েছি কিন্তু কোন সুরাহা হয় নি। একজন শিক্ষক এইরকম ভাবে অন্যায় কাজ করা সত্ত্বেও কোন ব্যবস্থা হল না তার বিচার করবে না। আমার অনুরোধ অবিলম্বে ওই শিক্ষককে

শাস্তি দেওয়া দরকার এবং ওই শিক্ষকের ওই হাইস্কুলে থাকার কোন প্রয়োজন নেই। সুতরাং অবিলম্বে ওই শিক্ষকের শাস্তির দাবী আমি জানাচ্ছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মেদিনীপুর জেলার পিংলা ব্লকে কড়কাই গ্রামে ১০২কে. ভির বিদ্যুতের সাব-স্টেশান অনুমোদিত হয়েছে এবং তার জন্য ১৬৬১.১৯ লক্ষ টাকা বাজেটে ধরা হয়েছে। ২ হাজার সালের ভেতরে এটা যাতে কমপ্লিট হয় তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ও লিখিত প্রতিশ্রুতিও দিয়েছেন। মেদিনীপুরের জেলা পরিষদ এবং পিংলার পঞ্চায়েত সমিতি বিদ্যুৎ-এর সাব-স্টেশান তৈরী করার জন্য পাকা রাস্তা কমপ্লিট করেছেন, ১৫ একর জায়গাও নির্ধারিত হয়েছে। ঐটা কমপ্লিট করার জন্য ওয়ার্ক অর্ডার এখনও হয়নি।

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্যের মন্ত্রীদের আইনভঙ্গ করার একটা দৃষ্টান্ত সভায় উপস্থাপন করছি। আপনি জানেন, নয়েজ পলিউশান বা শব্দ দূষণ বন্ধ করার জন্য হাইকোর্ট থেকে শব্দ দূষণের মাত্রা ৬৫ ডেসিবেল-এর বেশী করা যাবে না বলা হয়েছে এবং হাসপাতালের সামনেও মাইক ব্যবহার করা যাবে না। গত ৪ঠা জুলাই আমি যে কলেজে পড়াই, আমার বিধানসভা কেন্দ্রে ডি. ওয়াই এফ. আই. একটা সভা করছিল, আমার সেই কলেজের উল্টোদিকে চিত্তরঞ্জন ক্যান্সার হসপিটাল, তার পাশে চিত্তরঞ্জন সেবাসদন, তার পাশে চিত্তরঞ্জন শিশু সদন রয়েছে। তারা রাস্তার একটা দিক বন্ধ রেখে মিটিং করছিল, সেই মিটিং-এ বুদ্ধদেব ভট্টাচার্য্য এবং পরিবেশ মন্ত্রী মানব মুখার্জী ছিলেন, সেখানে গাঁক গাঁক করে মাইক বাজছিল, সেই শব্দের মাত্রা ৬৫ ডেসিবেল ছিল না, সেটা ১৩০ ডেসিবেল হয়ে যাবে; এমনভাবে আওয়াজ হচ্ছিল। বহু ক্যান্সার পেশেন্ট সেখানে তারা বলছিল, আওয়াজ শুনে আমাদের শরীর খারাপ হয়ে গেছে, সেখানে কিন্তু মন্ত্রীরা মিটিং করেছেন তারা আইনভঙ্গও করেছেন, তারা যখন আইনভঙ্গ করবেন, তখন কোন কেস হবে না? এটা আমি হাউসের কাছ থেকে জানতে চাইছি, এইভাবে রাজ্যে আইনশৃঙ্খলা থাকবে কি থাকবে না?

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** স্যার, গতকাল বিদ্যুৎ দপ্তরের বাজেট নিয়ে এখানে আলোচনা হয়েছে এবং একটা সিদ্ধান্তও এখানে গৃহীত হয়েছে। একটি দৈনিক পত্রিকায় খবরে আমরা দেখলাম, সেই খবরটি অত্যন্ত ইল মোটিভেটেড, আত্মপ্রণোদিত, সেখানে বলেছেন, কোন এক নেত্রীর কাছে যেন সরকার মাথা নত করেছে। এটা উদ্দেশ্যমূলক এবং এই জন্যই এখানকার যারা সাংবাদিকরা আছেন তাদের সংবাদপত্রের প্রতি সততা এবং সংবাদ পরিবেশন করার ক্ষেত্রে তাদের যে ভূমিকা থাকা দরকার সাংবাদিক হিসাবে, সেই দায়িত্ব তারা সঠিক হিসাবে পালন করেন নি। আমি তাই এই সংবাদের তীব্র প্রতিবাদ করছি এবং সংবাদ পরিবেশের প্রতি তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের সকল সদস্যর এবং স্পীকারের দৃষ্টি আকর্ষণ করছি। কার্গিল যুদ্ধের জন্য যখন সারা ভারতবর্ষের মানুষ জওয়ানদের পাশে এসে দাঁড়িয়েছে, তখন পাকিস্তান ভীত হয়ে আমেরিকার প্রেসিডেন্ট বিল ক্লিন্টন এর কাছে সাহায্যের জন্য চেষ্টা করছে। বামফ্রন্ট এর প্রতিবাদ করবে কিনা জানিনা।

তবে আমি বলব, এই বিধানসভায় দাঁড়িয়ে সমস্ত সদস্যদেরকে এক হয়ে দলমত নির্বিশেষে এখান থেকে একটা সর্বদলীয় প্রস্তাব নেওয়া হোক, রাজ্যসভার অধিবেশন ডাকার জন্য, সেখানে এই ঘটনার পরিপ্রেক্ষিতে যাতে আলোচনা করা যায় এবং সেটা আমাদের রাষ্ট্রপতির কাছে পাঠিয়ে দেওয়া দরকার বলে মনে করছি।

**শ্রী অশোককুমার গিরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৯।৬।৯৯ তারিখে কাকদ্বীপ থেকে ২টি ট্রলার-এতে ফিশারম্যানরা যায়। এই ট্রলারগুলির নাম ছিল এফ. বি. জয়গুরু এবং এফ. বি. রসুল এতে করে তারা গভীর সমুদ্রে মাছ ধরতে যায়। তারা মোট ২০ জন ছিলেন, ২৩ জনের মধ্যে ২ জনের হদিশ পাওয়া গিয়েছে, বাকি মৎস্যজীবিদের কারুর হদিশ পাওয়া যায়নি। এরা সবাই যথেষ্ট গরীব এবং দুঃস্থ মৎস্যজীবি পরিবারের থেকে এসেছেন।

অবিলম্বে এই সমস্ত নিখোঁজ ব্যক্তিদের যাতে খুঁজে পাওয়া যায় তার জন্য ব্যবস্থা গ্রহণের জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[12.50–1.00 p.m.]

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় পাগলাচন্ডীতে ৩৪ নম্বর জাতীয় সড়কের কাছে দ-এর ব্রীজ আছে। কিছুদিন আগে আমরা দেখেছি যাদবপুরে সুকান্ত সেতু ভেঙ্গে এবং বহরমপুরে সেতু ভেঙ্গে বাস পড়ে গিয়ে বহু লোক মারা গেছে। দ-এর ব্রীজটার অবস্থাও খুব খারাপ, জল চোয়াচ্ছে, যে কোন সময় এটি ভেঙ্গে প্রচন্ড রকম ক্ষতি হতে পারে। পূর্তমন্ত্রীর কাছে আমার দাবি এই ব্রীজটি যুদ্ধকালীন ভিত্তিতে মেরামত করার ব্যবস্থা করা হোক।

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে, দ্বারকা এবং ব্রাহ্মণী নদীর ধারে যে বাঁধটা আছে সেটা সেচ দপ্তর দেখাশোনা করে। গত বছর এই বাঁধটা ভেঙ্গে গিয়ে ছয়টি গ্রাম সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল এবং বাড়িঘর নষ্ট হয়েছিল। এই বছরে আবার জল বাড়ছে সাংঘাতিকভাবে, অবিলম্বে সাগরঘাট বাঁধটা মেরামতির ব্যবস্থা করার দাবি আমি জানাচ্ছি।

**শ্রী দিলীপ দাস ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জ্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পাবলিক হেলথ্ ইঞ্জিনিয়ারিং দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়াতে পাইপের মাধ্যমে জল সরবরাহ প্রকল্পে ফাস্ট জোনের টাকা মিটিয়ে দেওয়ার পরেও পি. এইচ.ই ডিপার্টমেন্টের দীর্ঘসূত্রিতায় কাজ অর্ধেক হয়ে পড়ে আছে। ফলে এই প্রকল্পের ব্যয় আরও বেড়ে যাওয়ার সম্ভাবনা আছে। তাই এই প্রকল্প যাতে ঠিক সময়ে রচিত হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে দাবি করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া-বর্ধমান মেইন লাইনে শ্রীরামপুর স্টেশনের

কাছে জি. টি. রোডের উপরে একটি ফ্লাইওভার আছে এবং বালি হল্ট স্টেশনের কাছে যে রেলওয়ে সেতুটি আছে— এই দুটি সেতুই খুব বিপজ্জনক অবস্থায় রয়েছে। দিল্লী রোড এবং জি. টি রোডের উপরে অবস্থিত এই সেতু দুটি দিয়ে লরি ও বাস যাতায়াত করে। কয়েকদিন আগে বহরমপুরে এবং যাদবপুরে সেতু ভেঙ্গে দুর্ঘটনা ঘটে। অবিলম্বে এই সেতু দুটি মেরামত করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তাপস ব্যানার্জ্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সরকার কি বাঙালীদের সরকার। অন্য ভাষাভাষীর মানুষরা কি এখানে থাকতে পারবে না। আমার ধারণা ছিল সমস্ত ভাষাভাষীর মানুষ সমস্ত জায়গায় থাকতে পারেন, কারণ এটা একটা সেকুলার স্টেট বলে আমরা নিজেদেরকে জাহির করি। সম্প্রতি পঞ্চায়েত দপ্তর থেকে একটা নির্দেশ জারি করা হয়েছে পঞ্চায়েত কর্মী নিয়োগ হবে বলে।

সেখানে বলা হয়েছে, ক্লাস এইট পাশ ছেলেদের নেওয়া হবে এবং মাধ্যম হবে খালি বাংলা। সে সব জায়গায় যে সব হিন্দী, উর্দু ভাষাভাষি মানুষ রয়েছে, যারা বাংলা জানে না এবং যারা পঞ্চায়েতের অধীনে আছে, তারা কি দরখাস্ত করতে পারবে না? এক্ষেত্রে সমস্ত বর্গের মানুষ যাতে এ্যাপ্লাই করতে পারে, তার ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় ডানলপ-আলমবাজার অঞ্চলে প্রচুর হিন্দী ভাষাভাষি মানুষ বসবাস করে। তাদের কথা ভেবে সেখানে আলমবাজার আর্য বিদ্যালয়কে জুনিয়র হাইস্কুল থেকে হাইস্কুল করার জন্য এবং আলমবাজার হিন্দী স্কুলকেও জুনিয়র হাইস্কুলে উন্নীত করার আবদেন জানাচ্ছি।

[1.00–2.00 p.m. including House adjourned]

**श्री राम जनम माँझी :** आदरणीय डिपुटी स्पीकर सर, आपके माध्यम से तथ्य और संस्कृति मंन्त्री का ध्यान आकर्षित कराना चाहता हूँ। पुलिस की मदद से बहुत से विडिओ हांल में अशिलील चित्र प्रसारित किया जाता है। इससे समाज पर इसका बहुत गन्दा प्रभाव पड़ता है। पुलिस और तथ्य-संस्कृति मंन्त्री से मैं अनुरोध करता हूँ कि जो विडिओ हांल ऐसे चित्र प्रसारित करता है उसे बन्द करने के लिए जल्द -से -जल्द व्यवस्था किया जाए।

**শ্রী সুনীল কুমার ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কুটির এবং ক্ষুদ্র শিল্প দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি, কংগ্রেস- বি. জে. পি.-র অনুসৃত নীতির ফলে সহস্রাধিক বছরের ঐতিহ্যবাহী ক্ষুদ্র শিল্পগুলো অবলুপ্ত হয়ে যাচ্ছে। তার মধ্যে কংস বা বেলমেটাল শিল্প একটি। এই শিল্পের প্রশিক্ষণ এবং দক্ষতা বাড়ানোর জন্য নবদ্বীপে পশ্চিমবঙ্গ হস্তশিল্প নিগম একটি ট্রেনিং-কাম-প্রোডাকশন সেন্টার স্থাপন করেন। ঐ সেন্টারটি কোন এক অজ্ঞাত কারণে বন্ধ করা হয়েছে। অবিলম্বে ঐ কেন্দ্রটি খোলার জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর

দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকারের ঘোষণা মোতাবেক পশ্চিমবাংলার বেশ কিছু কলেজ থেকে উচ্চ মাধ্যমিক তুলে দেওয়া হয়েছে। আমাদের বীরভূম জেলার বোলপুর, সিউড়ি, এবং রামপুরহাট কলেজ থেকেও তুলে দেওয়া হয়েছে। প্রয়োজনীয় পরিকাঠামো তৈরী না করে হঠাৎ করে এটা করার ফলে ছাত্র-ছাত্রীদের ভর্তি হওয়ার ব্যাপারে খুব অসুবিধা হচ্ছে। আমরা বেসিক্যালি এর বিরুদ্ধে নই, আমরা দেখেছি হাওড়া কলেজে তুলে দেওয়া হবে ঘোষণা করেও পরবর্তীকালে রেখে দেওয়া হয়েছে। বোলপুর কলেজেও যতক্ষণ না উপযুক্ত পরিকাঠামো হচ্ছে ততক্ষণ - ১১ এবং ১২ ক্লাস রাখার দাবী জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমগ্র হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে আমাদের দেশের বীর সৈনিকরা বাতালিক, দ্রাস, কার্গিল সেক্টরে প্রবল যুদ্ধ করছে।

এই যুদ্ধ করতে গিয়ে আমাদের বহু সৈনিক মারা গেছে এবং অনেকে আহত হয়েছেন। ভারতের বিভিন্ন রাজ্যের বিভিন্ন সদস্যরা নজির সৃষ্টি করেছেন। আমরা কেবল আলোচনা করেছি, আমরা তাদের প্রতি সমবেদনা জানিয়েছি। কিন্তু পারসোনালি তাদের জন্য কিছু করিনি। আমি আপনার মাধ্যমে সমস্ত বিধানসভার সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি যে, আমাদের এক মাসের মাইনে যেন দেওয়া হয়।

**শ্রী শীতল সর্দার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র সাঁকরাইলে একটা কানা নদী আছে। এই নদীতে আগে সেচের ব্যবস্থা ছিল এবং নৌকা চলাচল করত। এই নদীটার দূরত্ব হচ্ছে সাঁকরাইল থেকে কল্যানী, ত্রিবেণী পর্যন্ত। এই নদীটা যদি সংস্কার করা যায়, তাহলে অনেকেই উপকৃত হবে এবং সেচের ব্যবস্থা হবে। নৌকা চলাচল করলে ব্যবসাবাণিজ্যেরও সুবিধা হবে।

**শ্রী কমল মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চন্দন নগর হচ্ছে একটা পুরানো শহর এবং বহু ঐতিহ্যের অধিকারী। এখানে ব্যাপক পানীয় জলের সঙ্কট দেখা গিয়েছে। চন্দননগরে যে সব ডিপ টিউবওয়েল আছে, সেগুলি বহুদিনের ফলে সেগুলিতে জল উঠছে না। মানুষ জল পাচ্ছে না এবং এ্যাডেড এলাকাতে আমাদের সাধারণ টিউবওয়েলের মাধ্যমে জল সরবরাহ করা হয়। এখানে অধিকাংশ টিউবওয়েলই অকেজো। এই ব্যাপারে পৌরমন্ত্রীর কাছে আবেদন করছি যেন দ্রুত এই ব্যাপারে কিছু ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী অজয় দে ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২ বছর আগে ৯৭ সালে আমার বিধানসভা এলাকা বাবলা অঞ্চলের অধীনে আরবান্দা গ্রামে ৬৬ বিঘা জমিতে দীর্ঘ ৩০ বছর ধরে যারা চাষ করছিলেন, তৎকালীন কংগ্রেস সরকার ২৫১ জনকে পাট্টা দেন। এটা জানেন যে, যখন পাট্টা দেওয়া হয় তখন দপ্তর থেকে এনকোয়ার করা হয়েছিল তাদের যে সমস্ত নিময়কানুন আছে সেগুলো লক্ষ্য রেখেই পাট্টা দেওয়া হয়। কিন্তু আজকে বামফ্রন্ট সরকার বড় কথা বলে যে, ভূমি সংস্কার নীতি সম্পর্কে বলেন যে, বর্গাদারদের পাট্টা দেওয়া হচ্ছে কিন্তু ২৫১ জনের মধ্যে ১১ জনের কেস আছে,

তাদের উচ্ছেদ করা হয়েছে। আজকে ২ বছর ধরে তারা জমিতে চাষ করতে পারছে না। জমি শুকিয়ে যাচ্ছে। এই ব্যাপারে যেন সরকার যথাযথ ব্যবস্থা গ্রহণ করে।

**শ্রী অসিত মাল** ঃ স্যার, আপনি জানেন যে তাঁতশিল্পীদের অবস্থা খুবই খারাপ। তারা এখন দীর্ঘদিন কোন কাজ না পেয়ে যে সমস্ত পাহাড়ে পাথর ভাঙছে, সেখানে তারা কাজ করতে যাচ্ছে। হাজার হাজার মানুষ না খেয়ে মরছে। এই খবর সরকারের কাছে পৌঁছেচ্ছে না। বিষ্ণুপুরের হাজার হাজার তাঁতশিল্পী সকালবেলায় ক্ষুধা নিয়ে ওই পাহাড়ে যাচ্ছে। আমি পরিবহণ মন্ত্রীর কাছে এই কথা বলতে চাই যে, বিশেষ করে বিষ্ণুপুর থেকে রামপুরহাট এবং ভদ্রপুর থেকে রামপুরহাট, এই দুটো রুটে যেন বাসের ব্যবস্থা করেন, তাহলে তাদের যাতায়াতের সুবিধা হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ** ঃ স্যার, বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প অনেক বেনিয়মে কনট্রাক্টরস প্যারাডাইসের মধ্যে চলছে। আমার বক্তব্য হচ্ছে আজকে ১২ হাজার শ্রমিক কন্ট্রাক্টরদের আন্ডারে কাজ করছে। ল্যান্ড লুজারস মাত্র ৭৫৮ জন। আমি জি. এমের সঙ্গে কথা বলেছি। ওখানে মাত্র ৭শো জন টোটাল এমপ্লয়মেন্ট। ১২ হাজার বেকার যুবক যারা কন্ট্রাক্টরদের আন্ডারে কাজ করছে তাদের ভবিষ্যত কি? সরকার কি জানেন? বক্রেশ্বর তাপবিদ্যুৎ নিয়ে যে অশান্তি বীরভূমে হবে তাকে সামলাতে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার হিমশিম খাবেন। আমি অগ্রিম জানিয়ে দিতে চাই। বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পে ১২ হাজার ঠিকাদার শ্রমিক আছে তাদের কিভাবে অন্য জায়গায় এমপ্লয়মেন্ট দেওয়া যায়, ডাইরেক্টলি অথবা ইনডাইরেক্টলি তার জন্য চিন্তা করতে হবে। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till 2.00 P.M.)

[2.00–2.10 p.m.]

(After recess)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand No. 38

**Mr. Deputy Speaker :** There are 57 cut motions on Demand No. 38. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Saugata Roy | Sir I beg to move that the Demand be reduced to Rs. 1/-. |
| Shri Abdul Mannan<br>Shri Tarak Bandyopadhyay<br>Shri Nirmal Ghosh<br>Shri Sultan Ahmed<br>Shri Shashanka Sekhor Biswas<br>Shri Pankaj Banerjee<br>Shri Shyamadas Banerjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-. |

Shri Ajoy De
Shri Kamal Mukherjee
Shri Deba Prasad Sarkar
} Sir, I beg to move the Demand be reduced by Rs.100/-.

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** শ্রী সুব্রত মুখার্জী বলুন।

(এই সময় মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জী উপস্থিত ছিলেন না)

**শ্রী রবীন্দ্র নাথ মন্ডল ঃ** স্যার, আপনার কাছে কোন খবর আছে কি, কারণ আমি জানি যে এঁদের একটা মিটিং হচ্ছে।

(এই সময় মাননীয় সদস্য শ্রী আব্দুল মান্নান হাউজে প্রবেশ করে
মিঃ ডেপুটি স্পীকারের কাছে কিছু বলার অনুমতি চান)

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমরা ওয়াক-আউট করি নি। আপনি জানেন আমাদের একটা পরিষদীয় দলের সভা ডাকা হয়েছিল এবং এই সভাটি আগে থেকেই ঠিক হয়েছিল। আমি মিঃ স্পীকার সাহেবকে বলেছিলাম আপনি রিসেস্‌টা একটু বাড়িয়ে দেবেন। যাই হোক, আমাদের প্রথম বক্তা শ্রীসুব্রত মুখার্জী এসেছেন, এবার উনি বলবেন।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বুদ্ধদেববাবু যে দাবী এখানে পেশ করেছেন তথ্য ও সংস্কৃতির জন্য আমি তার বিরোধিতা করছি এবং আমাদের যে সমস্ত কাটমোশান আছে তাকে সমর্থন করছি। স্যার, আমি এই বাজেট বইটা লাইন-বাই-লাইন খুব বিস্তৃত ভাবে বেশ কয়েকবার পড়েছি। আমি একথা অস্বীকার করি না যে আপনার এই দপ্তরে দীর্ঘ প্রায় ২১ বছর ধরে কোন কাজ হয় নি। আমি একথাও বলছি যে যে কাজ করেছেন সেগুলির পরবর্তীকালে প্রশংসাও করেছি। কিন্তু সামগ্রিক ভাবে আপনাকে সমর্থন করতে পারছি না এই কারণে যে সংস্কৃতি রক্ষার ক্ষেত্রে আপনার এবং আপনার দপ্তরের চূড়ান্ত ব্যর্থতা। মূলতঃ আপনি নিজে এমন একটা দপ্তরের সঙ্গে জড়িত হয়ে গেছেন পুলিশমন্ত্রী হওয়ার পর যে, এই দপ্তরের প্রতি আপনার উদাসীনতা এবং সময় দেওয়ার ক্ষেত্রে অক্ষমতার জন্য ব্যুরোক্র্যাসি এবং আমলাতন্ত্রের হাতে সমস্ত উন্নয়ন কর্মসূচী চলে গেছে। এর ফলে সংস্কৃতি রক্ষা, তথ্য সংগ্রহ করা এবং দপ্তরকে গতিশীল করার ক্ষেত্রে একটা প্রচন্ড অন্তরায় হয়ে পড়েছে। আগে এই দপ্তর ছিল না, পরবর্তীকালে আমরা এটাকে একটা দপ্তরের আকার দিই। আগে এটা মুখ্যমন্ত্রীর দপ্তরের সঙ্গেই একটা শাখা দপ্তর হিসাবে ছিল এবং পরবর্তীকালে আপনারা এসেছেন এবং বিভিন্ন সোর্স থেকে অর্থ পেয়েছেন এবং কাজ করার চেষ্টা করেছেন।

আমি ইনফর্মেশনের বিষয়টা প্রথমে বলছি। ইনফর্মেশনের তত্ত্বাবধানে ক্যালকাটা ইনফর্মেশন সেন্টার, রাইটার্স বিল্ডিং-এ একটা জন অভিযোগ সেল খুলেছেন পাবলিক গ্রিভেন্স সেল নাম দিয়ে। ক্যালকাটা ইনফর্মেশন সেন্টারের এই সেলের আন্ডারে প্রচুর অভিযোগ জমা পড়ছে। খুব ঢাকঢোল পিটিয়ে সেক্রেটারি নিজে দাঁড়িয়ে থেকে উদ্বোধন করালেন। কিন্তু তার পরিণতি কি? আজকে এই মুহূর্তে তার পরিণতি কি? আপনি পরিষ্কার ভাবে কি কোন জায়গায় বলতে পেরেছেন যে, এতগুলো অভিযোগ এসেছে, এতগুলো অভিযোগের কিনারা করতে পেরেছি এবং এতগুলো অভিযোগের তদন্ত হচ্ছে? তার মানে শুধু লোক দেখানো।

একটা নয় দুটো—রাইটার্স বিল্ডিং এ্যান্ড ইনফর্মেশন সেন্টার—দুটো জন অভিযোগ থাকা সত্ত্বেও বিষয়টা একটা লজ্জাকর জায়গায় পৌঁছে গেছে। মাননীয় মন্ত্রীকে বলতে চাই, আপনি এই ভাবে মানুষকে ধোকা দেবেন না। মাননীয় মুখ্যমন্ত্রী বারে বারে বলে থাকেন, 'আমরা যা পারি না, বলব পারি না। আর যা পারব, করব।' কিন্তু আজকে আমরা পরিষ্কার দেখছি : পনি পারছেন না জেনেও চিৎকার করে বলছেন, আমরা করছি করব। এই অসঙ্গতি তাই আপনার দপ্তরে হচ্ছে। বিষয়টা আপনার গোচরে নিয়ে এলাম, আপনি নিশ্চয় দেখবেন। দ্বিতীয়তঃ, আমি দেখছি বহু জায়গায়, বহুদিন ধরে এই অভিযোগগুলো উঠছে। আমি কতগুলো অভিযোগ জানি যেগুলো অত্যন্ত সঙ্গত। সেগুলোর ব্যাপারে আপনার সেক্রেটারিয়েটের থ্রু দিয়ে ফাইল পাঠানো সত্ত্বেও আপনি কোন বিচার করছেন না এবং ক্রিয়ারও করছেন না। এক্ষেত্রে আমার অনুরোধ এই ধরনের অভিযোগের ব্যাপারটা তথ্য দপ্তরের জুরিসডিকশনের মধ্যে আনুন। আপনার মেইন দপ্তব পুলিশমন্ত্রী হিসাবে। আপনি প্রয়োজনে তার এক্তিয়ারে নিয়ে আসুন। আপনি মানুষের অভিযোগের জন্য সেল খুলেছেন কিন্তু সেখানে বিচার দিতে পারেন? বরং হোম মিনিষ্টার হিসাবে খানিকটা দিতে পারেন। সুতরাং আমি বলব, জুরিসডিকশন চেঞ্জ করে দিন। জুরিসডিকশনটা তথ্যমন্ত্রীর থেকে সরিয়ে হোম মিনিষ্ট্রিতে নিয়ে আসুন। আপনি এখানে সংস্কৃতির কথা বারে বারে বলেছেন। কিন্তু আজকে সংস্কৃতির অবক্ষয় কোথায় গিয়ে দাঁড়িয়েছে? বিশেষ করে এই পশ্চিমবাংলায় আমরা গর্ব করে বলতাম, না পাওয়ার যন্ত্রনা আছে, দুঃখ আছে, বেদনা আছে। কিন্তু তবুও আমাদের সংস্কৃতি, আমাদের কৃষ্টি, আমাদের সভ্যতা, আমাদের ঐতিহ্য আমাদের গলায় মুক্তোর মালার মত, চোখের মণির মত। কিন্তু আজকে লক্ষ্য করছি অপ-সংস্কৃতি সর্বত্র ক্যান্সারেব মত ছড়িয়ে গেছে। যুবকদের মাদকাশক্ত করে দেওয়া হয়েছে। আমাদের অর্থমন্ত্রী তার এক্সাইজ বাড়াবার জন্য গ্রামে-গঞ্জে, শহরে, শহরতলিতে, স্কুল, স্কুলের পাশে, সর্বত্র চোলাই মদের ঢালাও লাইসেন্স দিয়ে দিয়েছেন। এমন কি গ্রামে পর্যন্ত সন্ধ্যাবেলা গেলে আপনাদের সহকর্মীকে খুঁজে পেতে অসুবিধা হয়।

[2.10–2.20 p.m.]

এ কোন পরিবেশে পৌঁছে দিয়েছেন? সন্ধ্যের পর কলকাতার সদর স্ট্রীট থেকে আরম্ভ করে বিভিন্ন রাস্তায় আপনি হাঁটতে পারবেন না। অসত্য, কুরুচিপূর্ণ মহিলা যাদের আমরা পিম্প্ বলি তাদের অত্যাচারে মানুষ অতিষ্ঠ হয়ে ওঠে। এই ধরনের নোংরা জিনিষ উপভোগ করার জন্য বাইরে থেকে লোক আসে। যে সমস্ত কুটির ভাড়া পাওয়া যায় সেগুলো তারা ব্যবহার করছে। আমরা কোন দেশে বাস করছি? আপনার চোখের সামনে এগুলো হচ্ছে। বার বার পুলিশের কাছে ডেপুটেশন দিয়েছি। নির্বাচনের আগে আমি বলেছিলাম এগুলো সম্বন্ধে। কুইন্স ম্যানসন্, পার্ক ম্যানসনের বড় বড় বাড়িগুলোতে সন্ধ্যের পর ভয়ঙ্কর অপসংস্কৃতির কাজ হয়। কোনো দায়িত্ব আপনার নেই? পুলিশ মন্ত্রী হিসেবে কোন দায়িত্ব আপনার নেই? সন্ধ্যের পর এই সব মধুচক্রগুলোতে জুয়োর আড্ডা বসে। সেখানে যারা যায় তারা সমাজের তথাকথিত প্রতিষ্ঠিত নাম, তাদের আপনি ছুঁতে পারবেন না। বহু অসাধু মানুষ আছে যারা এই এ্যারেঞ্জমেন্ট করে দেয়। কলকাতাকে পরিষ্কার করবেন। আজকে আর্থ-সামাজিক যে পরিস্থিতি তাতে বাংলাদেশ, নেপাল ইত্যাদি জায়গা থেকে আগত কিছু মহিলা যাদের দেহ ব্যবসায়ী বলা হয়

তারা আজকে কলকাতাকে নরক তৈরী করে দিয়েছে। এমন কি বালিগঞ্জের মত জায়গায় সন্ধ্যের পর হাঁটা যায় না। চোখের সামনে দেখা যায় মহিলারা দাঁড়িয়ে আছে আর গাড়ী করে লোকে এসে তাদের তুলে নিয়ে যাচ্ছে। আপনি সংস্কৃতি সংস্কৃতি করে চিৎকার করছেন। কিন্তু আমি একথা প্রায়ই বলি যে, একটা লোক না খেতে পেয়ে মরে যায় না, একটা পরিবার না খেতে পেয়ে মরে যায় না, একটা পাড়া না খেতে পেয়ে মরে যায় না, একটা সমাজ না খেতে পেয়ে মরে যায় না, কিন্তু দেশের মৃত্যু সেদিন হয় যখন সে তার সংস্কৃতি, কৃষ্টি, মৌলিকত্ব, ঐহিত্য থেকে দূরে সরে যায়। আজ আপনি সেই জায়গায় নিয়ে যাচ্ছেন, সেটা হল যে, খাও আর খাওয়াও কিন্তু সংস্কৃতি থেকে দূরে সরে যাও। অর্থাৎ মাথা উঁচু করে যাতে সরকারের বিরুদ্ধে কথা বলতে না পারে। আজকে এডুকেশন ডিপার্টমেন্ট কি করছে? এডুকেশন ডিপার্টমেন্ট দ্বিমুখী শিক্ষা ব্যবস্থা চালু করেছেন। যে কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে আপনারা বলেন যে ক্লাসলেস্ সোসাইটি তৈরী করতে হবে সেই আপনারাই শিক্ষা ব্যবস্থার মধ্যে থেকে দুটো শ্রেণী করলেন। যে বড়লোকের ছেলে সে ভাল খাবে, ভাল পরবে, ইংলিশ মিডিয়ামে ভর্তি হবে, সে আই. এ. এস., আই. পি. এস. হবে। তারা বিলেত যাবে। আর যারা গ্রামে থাকবে তারা বাংলা মিডিয়ামে পড়বে। তাদের কপালে অশেষ দুঃখ ঘুরবে, কোন দাদা ধরে চাকরি পেলে ভাল না পেলে অসুবিধা। এইভাবে আপনারা শ্রেণীবৈষম্য বাড়িয়ে দিয়েছেন। আজকে আমাদের কাছে গাদা গাদা ছেলে ভর্তি হতে আসছে। যারা ভর্তি হতে আসছে তাদের ৯০ ভাগই ইংলিশ মিডিয়ামে ভর্তি হতে আসছে। তারা তাদের অভিভাবকদের বলছেন, অমুক স্কুলে দিন, তমুক স্কুলে দিন। বাংলা মিডিয়ামে কেউ ভর্তি হতে আসে না। আজকে আমরা যেন ব্রাহ্ম সমাজের দিকে ফিরে যাচ্ছি। যে ছেলেটা ইংরেজী জানে তার বাবাও যেন তাকে একটু এ্যাকস্ট্রা খাতির করেন। বাইরে ঘুরতে যাওয়ার সময় ইংরাজী জানা ছেলেকে নিয়ে যান, বন্ধুর বাড়িতে বেড়াতে গেলে সেই ছেলেটাকে বাবা বলেন, বল্তো টুইঙ্কিল্ টুইঙ্কিল্ লিটিল্ ষ্টার। এতে একটু বেশী খাতির পাওয়া যায়, বাবাও সামাজিকভাবে প্রতিষ্ঠিত হন। কিন্তু এই জিনিস হয়েছে। অনেক সময় এই নিয়ে আমার নিজের দলের সঙ্গেও আমার বিরোধ হয়েছে। কেউ কেউ বলেন, 'ইংরাজি না হলে মরে যাবো' আপনাদের আশীর্বাদে আমি পৃথিবীর অনেক দেশ ঘুরেছি। বলুন তো পৃথিবীর কোন্ দেশ বড় হয়েছে নিজের মৌলিকত্ব ছেড়ে, নিজের ভাষা ছেড়ে? নিজের ভাষা ছাড়া, মাতৃভাষা ছাড়া একটা দেশ দেখাতে পারবেন বড় হয়েছে? একটাও হয় নি। আমরা এখনো ভাষা-সাম্রাজ্যবাদের ক্রীতদাস। যখন আমরা এখানে বক্তৃতা করছি, সংস্কৃতির কথা বলছি তখন আমরা ভাষা-সাম্রাজাবাদের ক্রীতদাস হয়ে আছি। যে দেশ ভাষা সাম্রাজ্যবাদের ক্রীতদাস হয়ে থাকে সে দেশ মাথা তুলে কোন দিন দাঁড়াতে পারে না। কারণ তার মৌলিক চিন্তা বিকৃত হয়ে গেছে। মৌলিক ভাবনা-চিন্তার শক্তি নষ্ট হয়ে গেছে। আজকে আমাদের এখানে ইংরাজী মিডিয়াম স্কুলের রমরমা শহর, শহরতলি ছাড়িয়ে গ্রামাঞ্চলেও ঢুকে যাচ্ছে। বাচ্চা ছেলেদের টাই না পরলে ইজ্জত্ থাকে না। সংস্কৃতির অবক্ষয় আজকে কোন্ জায়গায় চলে গেছে। আপনি সেন্ট জেভিয়ার্স কলেজের সোস্যাল দেখলে লজ্জায় মাথা হেঁট করবেন। তাদের সোসালের' দিন রাত্রিবেলা আপনি সেখানে থাকলে আপনি দেখতে পারেন কি ধরণের পরিবেশ সেখানে সৃষ্টি হয় এবং লজ্জায় আপনার মাথা হেঁট হয়ে যাবে। দিস ইজ ইংলিস মিডিয়াম স্কুল। আপনি 'ডনবসকো', 'লরেটো', 'ল্যা-মার্টস'-এর সোসালের দিন রাত্রিবেলা

সেখানে থাকুন, লজ্জায় আপনার মাথা হেঁট হয়ে যাবে। আপনার পুলিসকে ডেকে জিজ্ঞাসা করবেন, সেখানে কি হয়। এরপরেও আপনি নিজেকে সংস্কৃতির ধারক-বাহক বলে চীৎকার করছেন! আপনি আপনার বাজেট ভাষণে পাবলিকেশনের কথা অনেক বলেছেন—অনেক পাবলিকেশন হয়। কিছু কিছু পাবলিকেশন যে হচ্ছে না, তা নয়। যেমন একটা পাবলিকেশনের ক্ষেত্রে আমি আপনাকে সমর্থন করি। প্রত্নতত্ত্বের ওপর জেলাওয়ারি আপনি অনেকগুলো পাবলিকেশন করেছেন। ভাল কাজ করেছেন। এই কাজে আপনি এগিয়েছেন। অনেকটা করেছেন। কিন্তু 'ওয়েষ্ট বেঙ্গল' এবং আপনাদের মুখপত্র 'পশ্চিমবঙ্গ' নামে যেটা বের করেন, সেটাতে কি দেখছি? কখনো একটা আধটা নিরপেক্ষ লেখা ছাড়া একেবারে সরাসরি 'গণশক্তি'-র মত তাকে আপনাদের প্রচার মাধ্যমে পরিণত করেছেন। কেন? আপনার দায়িত্ব কি? আপনার দায়িত্ব কি শুধুই পার্টির কথা প্রচার করা? পার্টি করেন, করুন। তার জন্য গর্ব অনুভব করুন। কিন্তু তা বলে কি পার্টির ক্রীতদাস হয়ে যেতে হবে? আপনি যখন মন্ত্রী তখন সকলের মন্ত্রী। কোন্ টাকা দিয়ে আপনি 'পশ্চিমবঙ্গ', 'ওয়েষ্ট বেঙ্গল' বের করেন? দু'একটা লেখা ছাড়া তাতে কখনো কোন সাধারণ লেখা থাকে না। শুধু মাত্র আপনাদের প্রচার ছাড়া আর কিছুই থাকে না। আমি দায়িত্ব নিয়ে বলছি, দরকার হলে বিধানসভার কমিটি করে গত দু'তিন বছরের পশ্চিমবঙ্গ এবং ওয়েষ্ট বেঙ্গল-এর কপিগুলি তাদের কাছে দিন, আমি প্রমাণ করে দেব ওটাকে আপনারা কিভাবে আপনাদের মুখপত্র এবং প্রচারপত্রে পর্যবশিত করে রেখেছেন। আপনাদের দলের সরকার হলেও সরকার কখনো এটা করতে পারে না। আপনাকে নিরপেক্ষ হওয়ার জন্য এবং গবেষণামূলক প্রবন্ধ ইত্যাদি প্রকাশ করার জন্য আমি দাবি জানাচ্ছি। এটা নোট করতে হলে, আপনি নোট করুন। 'নন্দন' আপনার গর্ব। আমাদের কাছেও গর্ব, সরকারের সম্পত্তি হলেও। কিন্তু আজকে নন্দন, বাংলা ভাষা অ্যাকাডেমি, রবীন্দ্র সদন, শিশিরমঞ্চ ইত্যাদি সব মিলিয়ে ঐ যে চত্বরটা রয়েছে, ওটার কি অবস্থা তা আপনি কি জানেন? ওটা নন্দন নয়, নরক-নন্দন হয়ে দাঁড়িয়েছে। পুলিশকে জিজ্ঞাসা করবেন, গাঁজা, চরস, হেরোয়িন কোথাও না পেলেও নন্দন চত্বরে একটা বট-গাছ আছে—যার চারদিক আপনি বাঁধিয়ে দিয়েছেন সেখানে পেয়ে যাবেন। সন্ধ্যার পর থেকেই সেখানে গাঁজা, চরস প্রভৃতি খাওয়া চলছে। পুলিস সব জানে। সেই সমস্ত পুলিসের নাম আপনি ব্যাক্তিগতভাবে চাইলে আমি আপনাকে বলে দেব। পুলিসের বড় কর্তাদের ছেলেমেয়েরা চরস, গাঁজা, এল. এস. ডি.—র সঙ্গে যুক্ত। আমি আগেই বলেছি এই অ্যাকাডেমি আমাদের গর্ব। এই অ্যাকাডেমিটাকে আপনি দেখুন। আমি সত্যি বলছি, না অসত্য বলছি, পুলিসের কাছে খোজ নিন। আপনি বাংলা অ্যাকাডেমী করেছেন, সঙ্গীত অ্যাকাডেমী করেছেন, নাট্য অ্যাকাডেমী করেছেন। এগুলির ভাল ভাল নাম দিয়েছেন। কিন্তু এতগুলি অ্যাকাডেমী করার দরকার কোথায়? এমনিতে এই কাজ অনেক কম অর্থ ব্যয় করে রবীন্দ্র ভারতী এবং বিশ্বভারতীকে দিয়ে করাতে পারেন। বাংলা অ্যাকাডেমী ছোট একটি হল, কাজের কাজ কিছু হয় না। ছোট মিটিং যদি কেউ করেন কিম্বা আমরা যারা ট্রেড-ইউনিয়ন করি, কোন ওয়াকিং কমিটির মিটিং থাকলে সেখানে গিয়ে করে আসি। এছাড়া আর কোন কাজ হয় না। আপনি এই যে বাংলা অ্যাকাডেমী করেছেন তার জন্য কোথাও কোথাও প্রচার করেছেন। এখানে একটি ছত্রে সেকথা লিখেছেন। কিন্তু আপনার ব্যর্থতা কোথায়? ব্যর্থতা হচ্ছে সরকারী কাজে বাংলার ব্যবহার। স্যার, ইতিহাস কি বলে? সরকারী কাজে মাতৃভাষা তথা বাংলা যদি ব্যবহৃত না হয়

তাহলে সংস্কৃতি এবং ঐতিহ্য বৃদ্ধি পায়না, ভাষার স্বীকৃতি পায় না। সরকার যদি সমস্ত বিভাগে বাংলা ভাষাকে চালু করতে পারতেন তাহলে দেশের অনেক কিছু উন্নতি হতো। কিন্তু বহু চেষ্টা করেও কয়েক ইঞ্চির বেশী এগুতে পারে নি। আপনি কয়েকটি ক্ষেত্রে চেষ্টা করেছেন, কিন্তু আমলাতন্ত্র এবং বৃটিশী কায়দায় সেই হাত থেকে বাংলা ভাষার উন্নতি করতে পারেন নি। বিশেষ করে সরকারী কাজে বাংলার ব্যবহার করতে পারেননি। কোন কোন জায়গায় এমনও অনুবাদ বেরিয়েছে যা ইংরাজীর চেয়েও দুর্বোধ্য বলে আমি মনে করি। সুতরাং বাংলা ভাষাকে সরকারী কাজে ব্যবহার করার ক্ষেত্রে আপনার আরো বেশী গুরুত্ব দেওয়া উচিত, অপরিসীম গুরুত্ব দেওয়া উচিত। আপনি দু-একটি কম্পিউটার করবেন, কিম্বা টাইপ মেশিন কিনবেন তাতে কাজ হবে না। আপনি দু-একটি ক্ষেত্রে ট্রেনিংও দিচ্ছেন। কিন্তু তাতে কোন কাজ হবে না। বাংলা ভাষাকে ব্যবহারের ক্ষেত্রে অনেক বেশী গুরুত্ব দিতে হবে। সরকারের আই. এ. এস এবং আই. পি. এস অফিসাররা সবাইকে লজ্জা না পেয়ে বাংলা লিখতে হবে এবং লিখতে বাধ্য করতে হবে। আপনি বিহার এবং ইউ. পি তে যান। সেখানে হিন্দীতে লেখা হয়। তাহলে আমাদের এখানেও বাংলাতে লেখা হবে না কেন? যদি ইংরাজীর কৌলিন্য ভেঙে দিতে পারেন, যদি ভাষা সাম্রাজ্যবাদের বিষ দাঁত ভেঙে দিতে পারেন তবেই বাংলা ভাষার উন্নতি হবে। আপনি তো কমিউনিস্ট পার্টির লোক, সাহিত্যের লোক, আপনি নিশ্চয়ই বাংলা ভাষা ব্যবহার করবেন সরকারী কাজে। আপনার হাতে তাবড়-তাবড় দপ্তর রয়েছে, আপনি এটা করতে পারতেন। কিন্তু ২০।২২ বছর ধরে সরকারী কাজে বাংলা ভাষার ব্যবহার বাধ্যতামূলকভাবে আপনি চালু করতে পারলেন না—এটা একটা অদ্ভুত ব্যাপার। এ ব্যাপারে ইউ. জি. সি. সাহায্য করার জন্য অনেক এগিয়ে এসেছে অনেক জায়গায়। অনেক জায়গায় কেন্দ্রীয় সরকার অনুদানও দিয়েছেন এবং বহু রাজ্য তাঁদের ভাষাকে উন্নত করার জন্য যখনই কোন প্রোজেক্ট দিতে পেরেছে তখনই টাকা দিয়েছেন। যেমন, ইউ. পি. দিয়েছে, বিহার দিয়েছে, মহারাষ্ট্র দিয়েছে ইত্যাদি—ইত্যাদি। আপনি পরিযেবাই তৈরী করতে পারেন নি যাতে অর্থ পেতে পারেন। খালি উচ্চ শিক্ষামন্ত্রীকে টাইট দেবার জন্য করেছেন। আপনি আবার নতুন করে বঙ্গভবন চাইছেন কেন? বঙ্গভবন এই দপ্তরে না চেয়ে হোম ডিপার্টমেন্টে চান, তথ্য দপ্তরের আন্ডারে নিয়ে আসতে চাইছেন কেন তা আমি বুঝতে পারছি না। সংবাদপত্রে দেখেছি, আর. এস. পি'র লোকের হাতে আছে বলে আপনি নিয়ে নিতে চাইছেন। তারপর টি. ভি. চাওয়ার কথা বলেছেন। সংস্কৃতিকে ধ্বংস করে দিচ্ছে এই ইলেকট্রনিক মিডিয়া। এই ইলেকট্রনিক মিডিয়াকে আপনার ভাষা এবং সংস্কৃতিকে বড় করার জন্য ব্যবহার করুন। খালি আনন্দবাজার এবং বর্তমান কাগজকে গালাগালি দিয়ে কিছু হবে না। আমি মনে করি, ইলেকট্রনিক মিডিয়া সংস্কৃতিকে যে ক্ষতি করছে এটা ঠিক কথা। কিন্তু বহু জায়গায় আপনি এটা ব্যবহার করতে পারতেন। কি করে ব্যবহার করবেন? প্রাইভেট কোম্পানী আজকে গণ-মাধ্যমে আসছে, আপনি আপত্তি করেছেন আপনার বক্তৃতায় কিন্তু তার উদ্বোধনী সভায় গিয়েছিলেন কে? সোমনাথবাবু তাদের উদ্বোধনী সভায় গিয়েছিলেন, আপনাদের নেতৃবৃন্দ গিয়েছিলেন। একদিকে তার উদ্বোধনী সভায় আপনারা যাবেন তার অপর দিকে আপনার বক্তৃতায় আপনি বলবেন, টি. ভি., ইলেকট্রনিক্স গণ মাধ্যমে যদি এই সমস্ত প্রাইভেট লোকেরা আসে তাহলে আমি তার তীব্র নিন্দা করছি। আপনার বই-তে অনেক জায়গায় আপনি গ্লোবালাইজেশানের কথা বলেছেন, অর্থনীতির কথা বলেছেন। জানি, পার্টির

কারণে আপনি বলেছেন। আমরা সেটা সমর্থন করি। গ্লোবালাইজেশান আমাদের প্রবলেম, সমস্যা। গ্লোবালাইজেশান আমাদের ক্ষতি করছে কিন্তু তা সত্ত্বেও আজকে বহু দেশ তাদের সভ্যতা, সংস্কৃতি নিয়ে বেঁচে আছে। স্কানডেনেভিয়ান কানট্রির ছোট ছোট দেশগুলি বেঁচে আছে তাদের সভ্যতা, সংস্কৃতি নিয়ে। জাপান বেঁচে আছে, তাইপের মতন দেশও বেঁচে আছে তাদের সভ্যতা, সংস্কৃতি নিয়ে। জাপান বেঁচে আছে, তাইপের মতন দেশও বেঁচে আছে তাহলে আমরা আমাদের সভ্যতা, সংস্কৃতি নিয়ে বেঁচে থাকতে পারবো না কেন ইলেকট্রনিক মিডিয়া এবং গ্লোবালাইজেশানকে চ্যালেঞ্জ করে? এর উত্তর আপনাকে দিতে হবে। আপনি আপনার বক্তৃতায় রবীন্দ্র সদনের কথা বলেছেন। রবীন্দ্র সদন ভেঙ্গে পড়ছে, তাকে আপনি সারান এখনই। জেলায় জেলায় রবীন্দ্র সদনগুলির অবস্থা দেখলে আপনি আতঙ্কিত হয়ে যাবেন। সর্বোপরি আপনাকে সিনেমার কথাটা একটু বলি। সিনেমার অবস্থা ভয়ঙ্কর। ২৬টার বেশী সিনেমার প্রডাকসান হচ্ছে না। বাংলা সিনেমার অবস্থাটা এখানে সকলেই স্বীকার করবেন যে বাণিজ্যিক দিক থেকে এবং গুণগত দিক থেকে ধ্বংস হয়ে গিয়েছে। রূপায়নের ব্যাপারে আপনি ব্যর্থ। রূপায়নকে আপনি ভালোভাবে চালাতে পারছেন না। রূপায়নটা ভালো হয়েছে কিন্তু যাদের দিয়ে তা পরিচালনা করছেন তাতে পার্টিবাজী হচ্ছে, সেখানে যথার্থ কাজ হচ্ছে না। সেখানে ১০টা থেকে ৫টা পর্যন্ত ডিউটি করাচ্ছেন কিন্তু ভালোভাবে তা পরিচালিত হচ্ছে না। রূপায়ন বাংলা চলচ্চিত্রকে সাহায্য করুক আমরা সেটা চাই। আমরা দাবী করছি, ফিল্ম প্রডিউসড ইন বেঙ্গল—এই শ্লোগানের ভিত্তিতে এবং এই টাইটেলের ভিত্তিতে আপনি সাহায্য করুন। ওড়িয়া ফিল্মও যদি পশ্চিমবাংলায় তৈরি হয় তাহলে তাকেও সমান সাহায্য করুন নতুবা পারবেন না। আর সিনেমার মার্কেটটা আইন করে বাড়িয়ে দিন এবং তা সম্ভব। এই কথা বলে আমাদের কাটমোশানগুলি সমর্থন করে শেষ করছি।

[2.30–2.40 p.m.]

**শ্রী অজিত পান্ডে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেট প্রস্তাব সমর্থন করছি এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশানের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। সর্বপ্রথমে আমি লালন ফকিরের গানের কয়েকটি লাইন স্যার, আপনার সামনে নিবেদন করতে চাই।

"আমার ঘরের চাবি পরের হাতে রে
আমি কেমনে খুলিয়া দেখবো সে
ধন রে।"

আমার ঘরের চাবি পরের হাতে। লালন ফকির, নজরুল তাদের সংস্কৃতি, তাদের চিন্তা, রামমোহন, বিদ্যাসাগর, বিবেকানন্দ-এর চিন্তাভাবনা, সভ্যতা, সংস্কৃতি সব আজ আক্রান্ত। আপনি বললেন, আমিও বলছি, ঐ যে গ্যাট চুক্তি করেছিলেন তার ৮ নং রাউন্ডে ছিল যে দুয়ার খুলে দিতে হবে অবাধে। অবাধে দু মাস খুলে দিয়েছেন, মিডিয়া ঢুকে গিয়েছে। সেখান থেকে আসছে লালসা, যৌনতা, হিংস্রতা, খুন। তার ফলে নব প্রজন্মকে আজকে আপনারা রাস্তায় দাঁড়াতে বাধ্য করিয়েছেন। অবক্ষয়ী মূল্যবোধের স্রষ্টা আপনারাই। আপনারাই আগে থেকে এসব করিয়েছেন, দুয়ার খুলে দিয়েছেন। আমাদের রবীন্দ্রনাথ, নজরুল, বিবেকানন্দ আজকে

আর নেই, তাদের শেষ করে দিয়েছে ভোগবাদী সংস্কৃতি। রাজ্যসরকারের কতটুকু ক্ষমতা আছে তা রোখার? আকাশবাণীর ব্যাপারে যে প্রসার ভারতী বিল তার অবস্থা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেটা কি কেউ ট্রেস আউট করতে পারেন? দূরদর্শন কার? দূরদর্শনে কে আছেন? রাজ্য তো কতবার বলেছে—সেকেন্ড চ্যানেল আমাদের দিয়ে দেওয়া হোক, আমরা সেখানে সাংস্কৃতিক প্রোগ্রাম করবো। এ নিয়ে আমরা যে মিছিল করেছিলাম, কই, আপনারা তো যাননি সেই মিছিলে! আজকে দূরদর্শনের যে এ্যাডভাইসরী কমিটি রয়েছে তাতে পশ্চিমবঙ্গের কতজন বুদ্ধিজীবী, কতজন শিল্পী রয়েছেন? এখানে আপনারা অপ-সংস্কৃতির বিরুদ্ধে কথা বলছেন, কিন্তু তার বিরুদ্ধে আন্দোলনে তো আপনাদের আমরা কোনদিন পাইনি! একটা টিভি চ্যানেল রয়েছে সেখানে 'খাস খবর' হয়। এই খাস খবরের মালিক কে বলতে পারেন? আমি মন্ত্রীর কাছে জানতে চাইছি, তার মালিক রমেশ গাঙ্গুলী, কি তাঁর পরিচয়? আমরা এসবের মধ্যেও ধ্বংসের মধ্যেও আলো দেখতে পাই। আপনারা আমাদের গান গাওয়া বন্ধ করে দিয়েছিলেন, জেলে পাঠিয়েছিলেন। কিন্তু আজকে আমরা ঐ অবস্থা থেকে স্বাধীনতা পেয়েছি, শিল্পীরা স্বাধীনতা পেয়েছেন। রাজ্যের সঙ্গীত এ্যাকাডেমীর কথা বলছিলেন, কিন্তু আজকে সেখানে অনেক ট্যালেন্টকে নিয়ে আসা হয়েছে। সেখান থেকে সুন্দর সুন্দর সব শিল্পী তৈরী হচ্ছেন। আব বাংলা এ্যাকাডেমী? আজকে পৃথিবীর ২২ কোটি মানুষ তাকিয়ে রয়েছেন রবীন্দ্র প্রাঙ্গনে। তাঁরা আনন্দ পেতে আমাদের চলচ্চিত্র উৎসবে আসেন। কিন্তু আমার মনে আছে, কয়েক বছর আগে এক আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে মঙ্গলঘট আপনারা পা দিয়ে ভেঙে দিয়েছিলেন। আর মন্ত্রী সেখানে সংস্কৃতিকে প্রতিষ্ঠিত করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে বলছি, এই যে লোক সংস্কৃতি, মার্গ সঙ্গত, এসবকে বয়ে নিয়ে যাওয়ার দায়-দায়িত্ব মাননীয় মন্ত্রী, আমাদের সরকার গ্রহণ করেছেন। এই যে বিচ্ছিন্নতা আন্দোলন, উত্তরবঙ্গের কামতাপুরী আন্দোলন, এসবের মোকাবিলায় অতি সম্প্রতি মাননীয় মন্ত্রী সেখানে তীস্তা-তোর্যা উৎসব করলেন। আমি দাবী করছি, ঐসব শিল্পীদের এখানে নিয়ে এসে ওদের দেখান। বাংলা এ্যাকাডেমী দেখতে যে ইচ্ছা, চৈতন্য, যে মানসিকতা লাগে ওদের তার অভাব রয়েছে। আমি দেখছি, প্রতিদিন ওখানে সুন্দর সুন্দর সব সেমিনার হয়, মনীষীদের লেখা নিয়ে সেখানে আলোচনা হয়, লিটল ম্যাগাজিন; কবিদের যা হৃদপিন্ড—তা নিয়ে নানাভাবে চর্চা হয়। আমরা এসব পেয়েছি এবং তারজন্য আমরা গর্ব বোধ করি, আনন্দিত বোধ করি। আমি এই প্রসঙ্গে বলতে চাই, সুন্দর কাজের মধ্যে আর একটি কাজ; আপনি জানেন, আমরা পাকিস্তানে গিয়েছিলাম। সেখানে দেখলাম, পাকিস্তানের মানুষ শিল্পী ভীমসেন যোশী, অজয় চক্রবর্তীর গান শোনেন, তাঁদের গানের ক্যাসেট বাজান। কিন্তু এখানে ফ্যাসিষ্ট বাল ঠ্যাকারে গোলাম আলির অনুষ্ঠান বন্ধ করে দিয়েছিলেন। তার ফলে আমাদের আন্তর্জাতিক ক্ষেত্রে কি সম্মান বেড়েছে? আমরা জানি যে, সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে সবকিছু পূরণ করা সম্ভব নয়। আমার কিছু কিছু ছোট দাবী আছে সেই সম্পর্কে আমি বলতে চাই—আমাদের পশ্চিমবঙ্গে প্রচুর নবীন শিল্পী আছে তাদের কথা চিন্তা করুন, তাদের কোন আর্ট গ্যালারী নেই। আপনি তো অনেক নাটক উৎসব করেছেন, লালন ফকিরকে নিয়ে নাটক করেছেন, নাট্য আন্দোলন করেছেন, কিন্তু কোন আর্ট গ্যালারী নেই। গ্রামে গ্রামে এই আর্ট গ্যালারী করতে পারলে অসংখ্য ভাল ভাল ছবি তাতে কালেকশান করে যদি রাখা যায় তাহলে খুব তো ভাল হয়। তারপরে আপনি অনেক টাকা খরচ করে টাউন

হল তৈরী করেছেন, এই ভবনটি কিন্তু সন্ধ্যের পরে একেবারে অন্ধকার হয়ে যায় এই বিষয়টা একটু ভাববেন। এই ব্যাপারে কোন টেকনিক্যাল কিছু আছে কিনা জানি না। তবে সন্ধ্যের পরে যদি এখানে কোন অনুষ্ঠানের ব্যবস্থা করা যায় তাহলে ভাল হয়। সুব্রতবাবু বাংলার কথা বলেছেন এবং বাংলা ভাষা চালু হবার কথা বলেছেন। হ্যাঁ, ঠিকই আমরা কলকাতার বাইরে গেলেই কালকুত্তা শুনতে হয়, কানে বড় লাগে। কানে লাগে এই ফোনেটিক শব্দটি—'কালকুত্তা' তাই আমার দাবী কলকাতার ইংরাজি অক্ষর "কোলকাতা" করা হোক। আপনি নজরুল মঞ্চকে একটা অপূর্ব সুন্দর মঞ্চ হিসাবে তৈরী করেছেন কিন্তু ওই মঞ্চের সামনে কোন নজরুলের পূর্ণবয়ব মূর্তি তৈরী করেন নি। সুতরাং ওখানে একটা মূর্তি চাইই-চাই তারপরে রবীন্দ্র ভবন সম্পর্কে অনেকেই বলেছেন এবং আমি যখন গ্রামে গ্রামে এবং বিভিন্ন শহরে গান গাইতে যাই তখন দেখি এই রবীন্দ্র ভবনগুলোর অবস্থা খুবই খারাপ। কোথাও আলো নেই, কোথাও স্টেজের অবস্থা খারাপ, সুতরাং এই রবীন্দ্র ভবনগুলোর সংস্কার করা দরকার। আরেকটি কথা এই মুহূর্তে যে ভয়ঙ্কর বিষের মত হয়েছে সেটা হচ্ছে যে, কার্গিল প্রশ্ন—এতে অন্তত আমি মনে করি কারুর কোন দ্বিমত নেই, কোন বিরোধ নেই যে ছেলেগুলো মারা যাচ্ছে এবং যে সৈনিকরা যুদ্ধ করছে তারা কেউ আমার ভাই, কেউ আমার ছেলে। কিন্তু যেটা নিয়ে আমরা শঙ্কিত সেটা হচ্ছে যে, পাকিস্তান-ভারতের এই যুদ্ধের মধ্যে দিয়ে আমাদের মাথায় রাখতে হবে সাম্প্রদায়িকতার বীজ, দাঙ্গার বীজ ছড়িয়ে না পড়ে। আপনি তো বহু সংস্কৃতি, নাটক আন্দোলন করেছেন, আপনাকে তাই অনুরোধ করছি চলচ্চিত্রের মাধ্যমে হীরক রাজার দেশে' এবং সাত্তুপ ছবি 'গরম হাওয়া' প্রতিদিন দেখানো হোক। যাতে এসব দেখে মানুষের মনে সাহস হয় এবং সাম্প্রদায়িকতার বীজ এতে ছড়িয়ে পড়তে পারবে না। আমাদের যারা মাইনোরিটি বন্ধুরা আছেন তারা আজকে বড় অসহায়বোধ করছে। সেই কারণে আপনার কাছে দাবী নাটক, গান, সংস্কৃতি এবং চলচ্চিত্রের মাধ্যমে প্রচার করতে হবে। আর বন্ধু সাউথ বিগ্রেড চলে গেলেন, তাকে উল্লেক করে বলতে চাই যে, আজকে পশ্চিমবঙ্গের শিল্পী, সাহিত্যিক এবং সাংবাদিকরা স্বাধীনভাবে লিখতে পারছে বা গান গাইতে পারছে। তাদের খুন করা আর হয় না। কিন্তু সেই সরোজ দত্তের খুনের কথা আমরা জানি। শিল্পী সরোজ দত্ত খুন হয়েছিল তা আমরা জানি। আমরা মনে করি আমরা যারা শিল্পীরা গান গাই, নাটক করি তারা স্বাধীনভাবে আমাদের কাজ করতে পারছি। আজকে নাটক, গান দেখতে এসে কালো গাড়ি এসে বাদাম ভাজা খাওয়ানোর নাম করে তুলে নিয়ে যায় না। আজকে আমাদের অবাধ স্বাধীনতা এবং তার জন্য এই সরকার এবং বিদগ্ধ মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। আমি তাঁকে সম্মান করি। এই প্রসঙ্গে আমার বন্ধুদের বলছি যে, রবীন্দ্রনাথ বলেছিলেন যে দেশপ্রেম আর জাতীয়তাবাদ এক কথা নয়। জাতীয়তাবাদ যখন উগ্র রূপ নেয়, হিংস্র হয়ে পড়ে তখন সংযত করতে হয়। সুতরাং আমাদের উগ্র জাতীয়তাবাদ এবং জাত্যাভিমান সম্পর্কে সজাগ থাকতে হবে। সুব্রতবাবু এসে গেছেন, তাঁকে আরেকবার একটা শেষ গান শুনিয়ে আমার বক্তব্য শেষ করব "ওরা আমাদের গান গাইতে দেয় না, আমরা আমাদের গান গাই, ওরা চায় না .... (এই সময়ে উনি গান ধরেন।)

চরৈবতি, চরৈবতি। সুস্থ সংস্কৃতির জন্য আমাদের যাত্রা অব্যাহত থাকবে, এই আশা আমি করি, এই বলে নমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2.40–2.50 p.m.]

## Fifty third Report of the Business Advisory Committee

**Mr. Speaker** : I beg to present the 53rd Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the following Revised Programme of Business for the 7th July 1999 and Programme of Business from 8th July to the 13th July. 1999 :

| | | |
|---|---|---|
| 7.7.99, Wednesday : | (i) Motion under rule 319 on the statement of the Higher Education Minister on the problem of admission to the Higher Secondary Classes made on 30.6.99–Notice given by Shri Saugata Ray ... | 1 hours. |
| | (ii) Demand No. 66 Irrigation & Waterways | |
| | (iii) Demand No. 68 Department ... | 3 hours |
| | (iv) Demand No. 56 Food Processing & Horticulture Department ... | 1 hour. |
| 8.7.99, Thursday: | (i) Demand No. 59 | |
| | (ii) Demand No. 60 Panchayat & Rural | |
| | (iii) Demand No. 62 Development Department ... | 4 hours. |
| | (iv) Demand No. 63 | |
| 9.7.99, Friday: | (i) Demand No. 25 Public Works | |
| | (ii) Demand No. 79 Department ... | 3 hours. |
| | (iii) Demand No. 54 Food & Supplies | |
| | (iv) Demand No. 86 Department ... | ½ hour. |
| 12.7.99, Monday: | (i) Demand No. 51 Fisheries Department | 1 hour. |
| | (ii) Demand No. 82 Environment | |
| | (iii) Demand No. 89 Department ... | 1 hour. |
| | (iv) Demand No. 12 | |
| | (v) Demand No. 77 | |
| | (vi) Demand No. 78 Transport Department | 2 hours. |
| | (vii) Demand No. 80 | |
| | (viii) Demand No. 81 | |
| 13.7.99, Tuesday: | (i) Demand No. 42 Social Welfare | |
| | (ii) Demand No. 43 Department ... | 1 hour. |
| | (iii) Demand No. 22 Jails Department 1 hour. | |
| | (iv) Demand No. 49 \| Animal Resources Deve- | |
| | (v) Demand No. 50 \| lopment Department | 1 hour. |
| | (vi) Demand No. 44 Relief Department ... | 1 hour. |

I now request the Minister in charge of Parliamentary Affairs Department to please move the motion for acceptance of the House.

**Shri Rabindra Nath Mondal** : Sir, with your permission, I beg to move that the 53rd Report of the Business Advisory Committee, as presented in the House be adopted

The Motion was then put and agreed to.

[2.50–3.00 p.m.]

## Discussion on Demand No. 38 Resumed

**মহঃ ইয়াকুব ঃ** অনারেবল স্পিকার স্যার, এখানে তথ্য-সংস্কৃতির দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেটে বরাদ্দ পেশ করেছেন, তাকে আমি সমর্থন করছি।

**অনারেবল স্পিকার স্যার,**

مسٹر ڈپٹی اسپیکر سر!

بنگلہ . . . . . . . . . . - - - - - - - - - -

...تو سب سے پہلے میں آپ کی خدمت میں شعر پیش کرنا چاہتا ہوں ـــ

میں نہ چھوڑوں گا دامنِ ضبطِ الم
لاکھ توڑے زمانہ ستم پہ ستم
ان پہ الزام آنے نہ دوں گا کبھی
چاہے جتنی بھی ہو میری رسوائیاں
اہلِ ساحل کو ساحل مبارک رہے
غرق ہونے کا کچھ مجھ کو صدمہ نہیں
ڈوب کر میں نے اتنا سمجھ تو لیا
بحرِ الفت میں ہیں کتنی گہرائیاں
یہ ماہتابی ضیا یہ آفتابی کرن
یہ ستاروں کی محفل یہ رنگِ چمن
کالی کالی گھٹائیں یہ سنکی پون
سب اسی کی تو ہیں کارفرمائیاں

(بنگلہ) - - - - - - - - - - - - - -

এই বাজেটকে সমর্থন করে আমি দু-একটি বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথমেই আমি তাঁকে অভিনন্দন জানাই এই জন্য যে, বাংলা ভাষার সমৃদ্ধির জন্য এবং ব্যাপক হারে প্রচারের জন্য বাংলা এ্যাকাডেমির মাধ্যমে বিভিন্ন মনিষীদের জীবনী ও অন্যান্য রচনা এবং বিভিন্ন সাহিত্যিক কবিদের রচনা ছাড়াও বাংলা কোষগ্রন্থ, বাংলা অভিধান ওঁনার নিরলস চেষ্টায় প্রকাশ করার ব্যবস্থা করছেন। সাথে সাথে তাঁর কাছে একটা আবেদন করব এই বাজেটকে সমর্থন করতে গিয়ে গত কয়েক বছর ধরে এখানে উল্লেখিত হয়েছিল এবং বিভিন্ন সময়ে আমরা জানতে পারি যে, নেতাজীর রচনাবলী প্রকাশিত হবে। কিন্তু এখনও সেটা প্রকাশ পায়নি। সেই জন্য তাঁর কাছে আমার অনুরোধ যে, তিনি নিজে ব্যক্তিগতভাবে এই বিষয়ে উদ্যোগ নেবেন।

পাশাপাশি চলছে বিদ্রোহী কবি নজরুলের জন্মশতবর্ষ। যার রচনায় ও গানে বাংলার যুবসমাজ বহু সংগ্রামের প্রেরণা পেয়েছিল। আবার চলছে কবি জীবনানন্দ দাসের জন্মশতবর্ষ। এই দুজনের রচনাবলীও যাতে প্রকাশিত হয়, সেই বিষয়ে আপনি চিন্তা-ভাবনা করবেন।

আমার বিশ্বাস যে, সেটা খুবই শীঘ্রই প্রকাশিত হবে। সাথে সাথে আর একটা কথা বলব যে, বারাসতে রবীন্দ্র ভবন এবং উলুবেড়িয়ায় যে রবীন্দ্র ভবন আছে, সেগুলি একটা ভগ্নস্তূপে পরিণত হয়েছে। এই দুটি ভবনকে সরকারী ভাবে বা বেসরকারীভাবে সংস্কার করা যায় কিনা, তা নিশ্চয় চিন্তাভাবনা করবেন। পাশাপাশি এই কথাও বলব যে, সংবাদপত্রের স্বাধীনতা আছে, কিন্তু দুঃখের কথা যে, কয়েকটি সংবাদপত্র আছে, যারা মিথ্যা সংবাদ পরিবেশন করেন। আমাদের সাথে মানুষের সম্পর্ক নষ্ট করে দেবার একটা চেষ্টা তারা করে থাকেন। স্বাভাবিকভাবে স্বাধীনতা আছে বলে এর অর্থ এটা নয় যে, ভুল বিভ্রান্তিকর মিথ্যা সংবাদ পরিবেশন করে মানুষকে বিপথগামী করতে হবে। আমি ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে এই কথা জিজ্ঞাসা করতে চাই যে, তাদের বিরুদ্ধে কিভাবে ব্যবস্থা নেওয়া যায় বা জনমত গড়ে তোলা যায়, সেই দিকে চিন্তাভাবনা করতে হবে।. আর একটা কথা বলতে চাই যে, পশ্চিমবঙ্গে ৩১টি সংবাদপত্র প্রকাশিত হয় এবং অন্যান্য রাজ্যের ভাষা মিলিয়ে ৫৮টি সংবাদপত্র প্রকাশিত হয়। তাদের বিজ্ঞাপন দেওয়া হয় এবং ক্ষুদ্র সংবাদপত্রও আছে ১৩১টা। তাতেও বিজ্ঞাপন দেওয়া হয়। সেইজন্য তাকে আমি ধন্যবাদ জানাই। কিন্তু সাথে সাথে এই কথা বলতে চাই যে, বিজ্ঞাপন দেওয়ার ক্ষেত্রে উর্দুভাষাভাষীর প্রচুর মানুষ আমাদের পশ্চিমবাংলায় সংবাদপত্র পড়েন। স্বাভাবিকভাবেই সেই সংবাদপত্রকে বাচিয়ে রাখতে হবে। তারা সরকারী বিজ্ঞাপন আশা করে। সেক্ষেত্রে যে উর্দু পত্রিকাগুলি সরকারী বিজ্ঞাপন যাতে পর্যাপ্ত পরিমাণে পায়, সেদিকে লক্ষ্য রাখার জন্য আমি বিশেষভাবে আবেদন করছি। আমি আর একটা কথা বলতে চাই যে, সুব্রতবাবু একবারও উল্লেখ করলেন না, কারণ তাদের নীতির ফলে আজকে এই আধুনিক বিজ্ঞানের প্রযুক্তির যুগে টি ভি চ্যানেলে দেশী বিদেশী বিজ্ঞাপন, নানা রকম কুরুচিপূর্ণ যেসব জিনিষ দেখানো হয়, তাতে আমাদের সংস্কৃতি যেভাবে নষ্ট হচ্ছে তা আমরা কেউই অস্বীকার করি না। কিন্তু তারা কেন কেন্দ্রীয় সরকার যখন এই নীতি ঘোষণা করেছিল, যখন অবাধ, একেবারে দরজা জানালা খোলা নীতি ঘোষণা করেছিল, তখন তার প্রতিবাদ একবারও করলেন না। কেন করলেন না? এই কথা তার বক্তব্যের মধ্যে আসা উচিত ছিল। এক্ষেত্রে যেভাবে পশ্চিমবঙ্গের মানুষের চরিত্র নষ্ট হয়ে যাচ্ছে, সংস্কৃতি নষ্ট হয়ে যাচ্ছে, কালচার নষ্ট হয়ে যাচ্ছে তাতে আরও একটু নজর

দেওয়া উচিত। এইকথা বলে কাটমোশানের বিরোধিতা করে, বাজেট-এর সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3.00–3.10 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকারের ৯৯-২০০০ সালের আর্থিক বছরে ৩৮ নম্বর দাবির অধীনে তথ্য সংস্কৃতি দপ্তরের মন্ত্রীমহোদয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করছি। আমরা সকলেই জানি যে একটা জাতি তার পরিচয় বহন করে তার সংস্কৃতি কতটা উজ্জ্বল তার উপর। আমরা এই ব্যাপারে নিশ্চয়ই গর্বিত যে আমাদের পশ্চিমবাংলা, আমাদের বাংলার যে সংস্কৃতি বৈচিত্র্যের মধ্যে ঐক্যের যে সংস্কৃতি তাকে আরও সমৃদ্ধ করার জন্য তথ্য সংস্কৃতি দপ্তর-এর পক্ষ থেকে বিশকিছু উদ্যোগ গ্রহণ করা হয়েছে, সদর্থক উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন জেলা শহরে এবং বেশকিছু মহকুমা শহরে সরকারের পক্ষ থেকে আমাদের গর্ব যে রবীন্দ্রনাথ সেই রবীন্দ্রনাথের নামে রবীন্দ্র সদন প্রতিষ্ঠা, তাকে কেন্দ্র করে সাংস্কৃতিক পরিমন্ডল গড়ে উঠেছে। তা সত্ত্বেও আপনাকে অনুরোধ করেছিলাম আরও কিছু এলাকায় রবীন্দ্রসদন, বা এখন যেটা প্রাসঙ্গিক নজরুল ভবন করে সেই সাংস্কৃতিক আন্দোলনকে ধরে রেখে সেটাকে আরও সম্প্রসারিত করা। এটা জরুরী। মন্ত্রীমহাশয় জানেন যে আমি যে এলাকা থেকে প্রতিনিধিত্ব করি আলিপুরদুয়ার, তার পাশে কুমারপুর দুয়ার, আসাম, ভূটান পরিবেষ্টিত এলাকা। সেই এলাকাতে অতি সম্প্রতি ভাষার নামে একটি বিচ্ছিন্নতাবাদী আন্দোলন গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে। কামতাপুরী। এই ব্যাপারে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি এই আন্দোলন দমন করার জন্য। যেমন একদিকে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া দরকার। তেমনি কিছু তথাকথিত বুদ্ধিজীবি, কেউ কেউ হয়তো অধ্যাপক, প্রিন্সিপ্যালও আছেন, কেউ আবার বিশ্ব বিদ্যালয়েও গবেষণা করেন তারা আজকে এই যুবসমাজকে, সাধারণ মানুষকে বিপথে পরিচালিত করার জন্য চেষ্টা করছে। এটাও দেখা দরকার। অতি সম্প্রতি একটা ইন্টারভিউতে ছিলাম। আমি একটা ছেলেকে জিজ্ঞেস করলাম, কামতাপুরী ভাষায় স্বরবর্ণ, ব্যঞ্জনবর্ণের প্রথম অক্ষরকে কি বলে? সে বলল 'অ', 'আ'। অর্থাৎ বাংলা ভাষায় তার যে স্থানীয় রূপ তাই তারা ব্যবহার করে। তাদের জন্য নিশ্চিতভাবে উদ্যোগ গ্রহণ করে সেটাকে সমাধান করার চেষ্টা করতে হবে। আমাদের তথ্য সংস্কৃতি দপ্তর থেকে কমিটি থেকে সফর করতে যাওয়া হয়েছিল সেখানে ডি. এম ছিলেন, জেলাপরিষদের সভাধিপতি ছিলেন আমিও ছিলাম। আমি সুনির্দিষ্ট প্রস্তাব দিয়েছিলাম তার কাছে নির্দিষ্ট কতগুলো জায়গাতে এই জিনিস হচ্ছে। গোটা পশ্চিমবাংলাতে হয়তো ছড়িয়ে পড়েনি কিন্তু কুমারগ্রাম, হলদি বাড়ী ধূপগুড়ি, ময়নাগুড়ি এই সমস্ত জায়গায় অ্যাকশন প্ল্যান করে একদিকে সাংস্কৃতিক আন্দোলন কর্মসূচী, আর একদিকে উন্নয়নের কর্মসূচী যেন গ্রহণ করা হয়। সেটা হলে যে অবস্থা সৃষ্টি করা হচ্ছে সেটা প্রতিহত করা যাবে। আমি মাননীয় মন্ত্রীকে বলেছিলাম, আমাদের এলাকায় আলিপুরদুয়ারে এটা হচ্ছে বিশ্বের অন্যতম সংস্থ' .যখানে ২০টি ভাষার এথনিক গ্রুপ বাস করে। তাদের নানা ভাষা, নানা সংস্কৃতি। তাদের অ.েক সংস্কৃতি এবং টোটো, কুর্মি থেকে শুরু করে অনেক ভাষা। তাদের যে সংস্কৃতি তাকে সমৃদ্ধ করার জন্য আলিপুরে আপনার যে দপ্তর আছে সেখানে আর্ট গ্যালারী, সংস্কৃতিকেন্দ্র যেমন কলকাতায় করেছেন, পূর্বাঞ্চলে সংস্কৃতি কেন্দ্র করেছেন, সেই

রকম মিনিয়েচারে করা যায় কি না সেটা দেখবেন। এটা গড়ে উঠলে আমাদের উত্তরবঙ্গের প্রত্যন্ত এলাকার যত প্রতিনিধি নির্বাচিত হয়েছেন এস. সি., এস. টি. থেকে শুরু করে অধিকাংশ মানুষই বামফ্রন্টের পক্ষে। আজকে আশঙ্কা যে একটা অশুভ শক্তি তারা নানা বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করবো কলকাতা এবং তার পাশাপাশি এলাকায় কিছু ভাল কাজ হচ্ছে এবং এখানে অনেক ভবন আছে সদন আছে, কিন্তু প্রত্যন্ত এলাকায় এ রকম কিছু গড়ে ওঠে নি। এই রাজ্যের ২০ ভাগ মানুষ উত্তরবঙ্গে বাস করে মন্ত্রী মহাশয় এ ব্যাপারে বলেছেন যে কিছুটা পিছিয়ে আছে, সেখানে আমি আবেদন করছি এই সমস্ত এলাকার জন্য যেন এ্যাটেনশান দেওয়া হয়। বসুমতি পত্রিকা যেন শিলিগুড়িতে প্রকাশের ব্যবস্থা করা হয়। এই পত্রিকা বন্ধ হয়ে যাবে, যেটা মেনে নেওয়া যায় না। বসুমতি পত্রিকা শিলিগুড়িতে নিয়ে যাবার জন্য যারা বিরোধিতা করেছিলেন তাঁরা শুনলে আনন্দিত হবেন যে বসুমতি পত্রিকা বন্ধ হতে বসেছে। বসুমতি পত্রিকা বন্ধ যেন না হয়। বর্তমানে ওখানে যে ডব্লু. বি. সি. এস. অফিসাররা আছেন তারা সংস্কৃতি ও নন্দনতত্ত্ব জ্ঞ জানেন, তবে কতটা জানেন? আমি আবেদন করবো রাজ্য সরকার যেন বসুমতি পত্রিকাকে নানা ভাবে সহযোগিতা করেন। ওখানে বসুমতির অকর্মণ্য অফিসাররা আছেন, তাদের উঠিয়ে নিন। হাইকোর্টে কেস করে ১৭, ১৮ জন বেতন নিচ্ছেন, কিন্তু কাজ করছেন না। দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলার উন্নয়নমূলক কাজের খবরাখবর বসুমতিতে বেরোয় না। সেখানে এজেন্টরা লক্ষ লক্ষ টাকা মেরে দিচ্ছে, সেখানে এজেন্টের পরিবর্তন করা হোক। বসুমতি পত্রিকা শিলিগুড়ি থেকে যেন বন্ধ না হয়। রাজ্য সরকার নানা ভাবে নানা জায়গায় ভরতুকি দেন আমরা জানি, আমি চাইছি—মাননীয় মন্ত্রী উত্তরবঙ্গে এই রকম দৈনিক পত্রিকার সংখ্যা খুবই কম, সেখানে যাতে এটা বন্ধ না হয় তার জন্য আপনি দেখবেন। এই বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** (হাউজে উপস্থিত নেই।)

**শ্রী পেলব কবি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে কিছু কথা বলছি। আমাদের বিরোধী পক্ষের নেতা সুব্রত মুখার্জী উনি বক্তৃতা দিতে গিয়ে আমাদের পশ্চিমবঙ্গের যে অবক্ষয়, অব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে কিছু কিছু জায়গায় অপসংস্কৃতিমূলক কাজকর্ম হচ্ছে তা নিয়ে সমালোচনা করলেন আমাদের সরকারের। কিন্তু আজকে কি একথা তাঁকে স্মরণ করিয়ে দেওয়া উচিত নয় আজকে যে পরিস্থিতি তার জন্য আপনাদের কতখানি দায়িত্ব। এই পশ্চিমবঙ্গে আপনাদের সময়ে যে অবস্থা তৈরী করেছিলেন তখন কি কুম্ভিরাশ্রু করেছিলেন? উৎপল দত্তর মতো নাট্যকারকে আক্রমণ করেছিলেন, তাঁর ব্যারিকেড, কল্লোল এইগুলি অঘোষিত ভাবে বে-আইনী ঘোষণা করেছিলেন।

[3.10–3.20 p.m.]

আপনারা প্রবীর দত্তকে খুন করেছিলেন কার্জন পার্কে। আপনারা কোন নাট্যকর্মীকে সুস্থির ভাবে নাটক করতে দেননি। নাটকের অনুশীলন যে সমস্ত ঘরে হত তা আক্রমণ করে

ভেঙ্গে দেওয়া হয়েছে। এখানে অজিত পাড়েও বলেছেন, তাঁকেও অনেক জায়গায় গান গাইতে দেওয়া হয়নি। সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের বামফ্রন্ট সরকার, আমাদের সংস্কৃতির আঙ্গীকের প্রতিটি ক্ষেত্রে যে গণতান্ত্রিক অবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার বিশিষ্ট মানুষ, শিল্পী, বুদ্ধিজীবী, দলমত নির্বিশেষে তাদের মতামত নিয়ে, তাদের পরামর্শ নিয়ে যে একাডেমিগুলো চলছে তাতে করে আমরা লক্ষ্য করছি তাদের কাজকর্মের মধ্যে দিয়ে আজ সারা পশ্চিমবাংলায় যে অবক্ষয়, বিশেষত চলছে সারা ভারতবর্ষ তথা পৃথিবীতে, আজকে সেখানে দাঁড়িয়ে এই লড়ায়ের মধ্যে দিয়ে, একটা অসম লড়াই বলা যেতে পারে, আমাদের রাজ্য সরকারের সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে প্রতিটি অঙ্গনের বিরুদ্ধে লড়াই কার্যকরী ভাবে এগোনোর চেষ্টা হচ্ছে। আজকে কি ভয়ঙ্কর পরিস্থিতির মধ্যে আমরা এসে দাঁড়িয়েছি আপনারা জানেন। গোটা দেশে বিচ্ছিন্নতাবাদ, মৌলবাদ জন্ম নিচ্ছে। সেই জায়গায় দাঁড়িয়ে আজকে আমরা পশ্চিমবাংলায় এদের বিরুদ্ধে লড়াই করছি। আজকে আমাদের দেশে মকবুল ফিদা হুসেনকে আক্রমণ করা হচ্ছে, গোলাম আলিকে গান গাইতে দেওয়া হচ্ছে না। আমাদের এই যে হাজার হাজার বছরের ঐহিত্যময় সংস্কৃতি সেখানে বড়ে মিয়া, গোলাম আলি, বিসমিল্লা খাঁ—এঁরা এঁদের সংস্কৃতি চর্চা করতে পারবেন না? জাকির হোসেনের তবলা আক্রান্ত হবে? নজরুলের কবিতা, গান চর্চা করা যাবে না মুসলমান বলে? এই রকম একটা পরিস্থিতির মধ্যে আজকে অবস্থাটা নিয়ে যাওয়ার চেষ্টা করা হচ্ছে। সেই জায়গায় পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এর বিরুদ্ধে লড়াই করছে। আমরা জানি, আজকে বিদেশী শক্তির মদতপুষ্ট হয়ে আমাদের দেশের শাসক শ্রেণী খোলাখুলি ভাবে অপসংস্কৃতির বন্য বইয়ে দিচ্ছে। সেইখানে দাঁড়িয়ে অপ-সংস্কৃতি-হতাশা সারা দেশে একটা প্রশ্ন হয়ে দেখা দিয়েছে। সৌগত বাবু উল্লেখ করেছেন কি ভয়ঙ্কর অবস্থা এক্ষেত্রে। আজকে ইলেকট্রোনিক্স মিড়িয়াকে কাজে লাগিয়ে মিথ্যা কুৎসা, অপ-প্রচার চলছে।

বামফ্রন্টের চলচ্চিত্র বিভাগ ভালো-ভালো ছবি তৈরী করত। কিন্তু বর্তমানে আমরা লক্ষ্য করছি বাংলায় একটাও দেখার মত ছবি নেই। কারণ, আগে প্রয়োজকরা ভালো ভালো ছবি প্রযোজনা করত। কিন্তু এখন তা তারা দিতে পারছেন না। পশ্চিমবঙ্গ সরকারও ভালো, সুন্দর ছবি পেতেন। তাও কিছুটা মনে হয় কমেছে। কিন্তু এটা স্বাভাবিক। আজকে ভি. ডি. ও. কালচার যে ভাবে গ্রামে-গঞ্জে গরীব মানুষের বাড়ীতে প্রসারিত হয়েছে তাতে করে আমরা গরীব মানুষকে জিজ্ঞাসা করে জানতে পেরেছি, তারা অন্নপ্রাশনেও ভি. ডি. ও শো করান। তাদের জিজ্ঞাসা করলে বলে ভালো ছবি কোনটা বলুন তো? আমরা দেখছি, বাজারে ভালো ছবির কাসেট পাওয়া যাচ্ছে না। আজকে এদের বিরুদ্ধে যদি সংগ্রাম করতে হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকার যে ভালো ছবিগুলো প্রযোজনা করেছেন তা যাতে গ্রামে-গঞ্জে পৌছে দিতে পারা যায় তার জন্য সুষ্ঠ ব্যবস্থা করতে হবে।

যে সমস্ত লাইব্রেরি ও ক্লাবগুলো রয়েছে তারা যাতে পয়সা দিয়ে ক্যাসেটগুলো কিনে পাড়াতে পাড়াতে দেখাতে পারে তার ব্যবস্থা করতে হবে। বিভিন্ন পাড়ায় যে লাইব্রেরী ও ক্লাবগুলো আছে তাদের হাতে ক্যাসেটগুলো তুলে দিতে হবে। আজকে সরকারের যে কর্মকান্ড রয়েছে তার মধ্যে এটাকে অন্তর্ভূক্ত করার জন্য আমি দাবি জানাচ্ছি। পশ্চিমবঙ্গ ভারতের একটা অঙ্গরাজ্য। একটা অঙ্গরাজ্য হিসেবে পশ্চিমবঙ্গের সংস্কৃতি বিভাগ প্রশংসনীয়ভাবে কাজ

করছেন। কিন্তু পশ্চিমবঙ্গের সংস্কৃতি জগতে অনেক হামলা চালানোর চেষ্টা করছে। এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা দরকার। এই কাজকে আমাদের ঠেকাতে হবে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে নির্দিষ্ট নীতি গ্রহণ করতে হবে। তা না হলে চেতনার জগতে এই ভয়ঙ্কর আক্রমণকে আমরা ঠেকাতে পারব না। আজকে সংস্কৃতি হচ্ছে সেই চেতনার বৃদ্ধির ক্ষেত্রে তীক্ষ্ণতম হাতিয়ার। বামফ্রন্ট সরকারের কর্মকান্ডকে পূর্ণ সমর্থন করে, এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাটমোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের আনীত কাটমোশানগুলোকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। বক্তব্যের প্রথমে একটা বড় অংশ তিনি সংস্কৃতির ক্ষেত্রে যে আক্রমণ, কালচারাল ইনভেশন সম্পর্কে বলেছেন এবং উদ্বেগ প্রকাশ করেছেন যে, আমাদের নিজেদের সংস্কৃতি এর ফলে দুর্বল হয়ে যাচ্ছে এবং সাংস্কৃতিক মূল্যবোধ নষ্ট হয়ে যাচ্ছে। আমি ওঁর উদ্বেগের কিছুটা অংশীদার। কিন্তু তার সঙ্গে সঙ্গে এটাও বলতে চাই যে, এটা শুধু উদ্বেগ করার নয়। তার কারণ এনটারটেইনমেন্ট মানুষের প্রমোদের জন্য মানুষের সামনে যদি রাস্তা খোলা থাকে তাহলে মানুষ যেটাকে পছন্দ করবে সেটাকে দেখবে। পৃথিবীতে যে সমস্ত সমাজবাদী দেশগুলো আছে তারা বাইরের কোন চ্যানেল, কোন টেলিভিশন আসতে দিত না। তা সত্ত্বেও তাদের দেশ পাশ্চাত্য প্রভাব, ওয়েস্টার্ন ইনফ্লুয়েন্স আটকাতে পারেনি। সোভিয়েত ইউনিয়ন সহ সমস্ত সমাজবাদী দেশগুলো ভেঙে পড়েছে। চীনের যুব সমাজ পাশ্চাত্য ভাবধারার প্রতি আকৃষ্ট হয়েছে এবং তাব জন্য গণতান্ত্রিক সংগ্রাম করতে গিয়ে তাদের অনেক ছাত্র-যুবক প্রাণ দিয়েছেন। তাই আজকে এই পাশ্চাত্য সভ্যতা খারাপ, ওদের সংস্কৃতি অপসংস্কৃতি একথা বললে আমরা আত্মপ্রসাদ লাভ করতে পারি কিন্তু শেষ পর্যন্ত লড়াইটা হবে সুস্থ সংস্কৃতির সাথে অপসংস্কৃতির। যা জনপ্রিয় হতে পারছে না তার সঙ্গে পাল্লা দিতে পারছে কিনা তার উপর নির্ভর করবে এবং দুর্ভাগ্যবশতঃ আমাদের রাজ্যে সেই রকম কোন প্যারালাল কালচার, সমান্তরাল সংস্কৃতি করতে পারিনি। তাই ভারতবর্ষের অন্য রাজ্যের মত আমাদের রাজ্যেও স্যাটেলাইট ইনভেশন স্বীকৃত হয়েছে। অনেক আলোচনা হয়েছে যে, স্যাটেলাইট টেলিভিশনের উপর কোন বিধিনিষেধ আরোপ করা যায় কিনা। তবে এখনও পর্যন্ত কেন্দ্রীয় আইন নেই। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার একটা আইনের ব্যবস্থা করছিলেন এবং তা নিয়ে নীতি ঠিক করার কথা ছিল। কিন্তু পর পর কেন্দ্রীয় সরকার ভেঙে যাচ্ছে। সেজন্য কেন্দ্রীয় সরকার কোন চূড়ান্ত নীতি ঠিক করতে পারেনি। স্যাটেলাইট টেলিভিশন যেটা ডায়রেক্ট টু হোম টেলিভিশন তাতে ডিস্ এ্যন্টেনা লাগবে না। আপনি নিজের বাড়িতে যে কোন চ্যানেল ডাইরেক্টলি পাবেন। এই প্রস্তাব আইনে ছিল। এখনও পর্যন্ত ভারত সরকার এ ব্যাপারে কোন নীতি নিতে পারেন নি। আমাদের মূল প্রশ্ন হল আমরা পাল্টা সংস্কৃতি দিতে পারছি কিনা।

[3.20–3.30 p.m.]

আমাদের দেশের দূরদর্শনের চ্যানেল ওয়ান, চ্যানেল টু আছে এবং বাংলা চ্যানেল এসেছে, চ্যানেল-৭। আমরা যদি সেই ধরণের এনটারটেনমেন্ট মানুষকে দিতে পারি যা তাদের কাছে আবেদন করে, হৃদয়গ্রাহী হয় তাহলে আমরা নিশ্চয়ই এই স্যাটেলাইট ইনভেশনকে কিছুটা রুখতে

পারব। কিন্তু সেখানে হয়ত অর্থের অভাবে রাজ্য সরকারের যে ব্যবস্থা নেওয়া দরকার তা তারা নিতে পারে না। আমার মনে আছে সি পি এম পার্টি, যারা সরকারের প্রতিনিধি সেই সি.পি.এম. পার্টির ছাত্র, যুবদের দাবি ছিল দূরদর্শনের সেকেন্ড চ্যানেল রাজ্য সরকারকে দিতে হবে। তখন স্যাটেলাইট টেলিভিশন আসে নি। আজকে এটা সম্ভব যে, রাজ্য সরকারের পক্ষে একটা আলাদা টেলিভিশন চালু করা। কেরালা সরকার একটা স্যাটেলাইট চ্যানেল এনেছে। আমি বুদ্ধদেববাবুকে বলব, এটা আপনার কাছে একটা চ্যালেঞ্জ। আপনি সরকার থেকে টাকা জোগাড় করে, স্পনসার জোগাড় করে আর একটা চ্যানেল আনুন। মানুষকে সেই চ্যানেল দিন। আপনার চ্যানেল যদি জনপ্রিয় হয় তাহলে যে অপসংস্কৃতির প্রভাব রুখবেন বলছেন সেটা রুখতে পারবেন। শুধু সিনেমাই নয়, এদিকে আপনাকে চিন্তা করতে হবে। সিনেমা হলগুলি আজকে আর্থিক দুর্দশার মধ্যে রয়েছে। গ্রামে-গঞ্জে আজ ভিডিও পার্লার ছড়িয়ে পড়েছে ছোঁয়াচে রোগের মত। সেখানে অধিকাংশই অশ্লীল ছবি দেখানো হয়। এমন কি অনেক ভারতে তৈরী অশ্লীল ছবি দেখানো হয়। আপনাদের সরকার এবং পুলিশ মাঝে মাঝে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়, কিন্তু যথেষ্ট ব্যবস্থা নিতে পারে না। আপনি যে কোন মফঃস্বল শহরে বা গঞ্জে যান দেখতে পাবেন ভিডিও পার্লারে রমরমিয়ে অশ্লীল ছবি চলছে। আপনারা কোনভাবেই আটকাতে পারছেন না। আপনি মন্ত্রী, আপনাকে এ-ব্যাপারে, ভিডিও পার্লারের ব্যাপারে, যারা অশ্লীল ছবি দেখায় তাদের বিরুদ্ধে আরো কড়া ব্যবস্থা দিতে হবে। মানুষ শুধুমাত্র অশ্লীলতায় আকৃষ্ট হয় বলে আমি বিশ্বাস করি না। মাঝে আমরা দেখেছিলাম শ্যামবাজারের থিয়েটারে অশ্লীল নাটক করার প্রবণতা দেখা গিয়েছিল। ক্যাবারে নাচ শ্যামবাজারের থিয়েটারে দেখাচ্ছিল। সেই ট্রেন্ড আজ আর নেই, তা মারা যাচ্ছে। কারণ স্টোরি না থাকলে শুধু অশ্লীলতা দিয়ে দীর্ঘদিন নাটক চালানো যায় না। তাই বলছি লড়াইটা অপসংস্কৃতির বিরুদ্ধে শুধু সুস্থ সংস্কৃতিরই নয়, পাল্টা সংস্কৃতির। প্যারালাল কালচার সমানভাবে মানুষকে এনটারটেন করতে পারছে কিনা, আকর্ষণ করতে পারছে কিনা, সেটা দেখতে হবে। বুদ্ধদেববাবু, আপনি লণ্ডনে গিয়েছিলেন। সেখানে "মাউস ট্রাপ" বলে একটা নাটক ৩০ বছর চলছে। আগাথা ক্রিষ্টির একটা সাধারণ গল্পের ভিত্তিতে নাটক কেন চলছে? তাতে কি কোন অশ্লীলতা আছে? না নেই। একটা নিটোল গোয়েন্দা গল্পের নাটক ৩০ বছর চলছে। মানুষের নান্দনিক প্রবৃত্তিকে আকর্ষণ করছে। সংস্কৃতি একটা এমনই জিনিস যা মানুষের প্রবৃত্তিকে উত্তোরণ করতে শেখায়। আজকে আমাদেরও সেই চেষ্টাই করতে হবে। তাই মাননীয় বুদ্ধদেববাবু, আমি আপনাকে বলতে চাই, আপনার দপ্তর থেকে আপনি সেই ব্যবস্থা করার চেষ্টা করুন। কিন্তু সাথে সাথে এটাও মনে রাখবেন যে, সরকারী ব্যবস্থাপনায় কখনো সংস্কৃতি তৈরী হয় না। সেই জন্য সোভিয়েত ইউনিয়নের আগে রাশিয়ার গোর্কি তৈরী হয়েছিল, চেক্‌ভ তৈরী হয়েছিল। কিন্তু রুশ বিপ্লবের পরে একজনের নামই সাহিত্যিক হিসাবে শোনা যায়—সেল্‌জেন্থেসিন্। তিনি সোভিয়েত ব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন। সব সময় সংস্কৃতি আসে সংগ্রামের মধ্যে দিয়ে, লড়াই-এর মধ্যে দিয়ে। তাই তো দেখা যায় পল গগা, ভ্যান-গগ্ ছবি এঁকেছিলেন প্রচণ্ড দারিদ্র্যের মধ্যে। আজকে ভারতীয় শিল্পীদের এক একটা ছবি এক লক্ষ, দেড় লক্ষ টাকায় বিক্রি হচ্ছে। কিন্তু সেই ধরণের ছবি আর হচ্ছে না। যদি বুদ্ধদেববাবু মনে করেন সরকারী ব্যবস্থায় সংস্কৃতি তৈরী হবে, তাহলে ভুল করবেন। এক সময় কমিউনিষ্ট পার্টি ব্যান্ড হয়ে গিয়েছিল। তখন তার সংস্কৃতিক সংগঠন ছিল

আই. পি. টি. এ.। সে সময়ে কারা তার সদস্য ছিলেন? শম্ভু মিত্র, উৎপল দত্ত, হেমাঙ্গ বিশ্বাস, দেবব্রত বিশ্বাস, সুচিত্রা মিত্র প্রভৃতি সাংস্কৃতিক জগতের যে সমস্ত নক্ষত্ররা মারা গিয়েছেন বা এখনো আছেন, তাঁদের ছাপিয়ে বর্তমানে কেউ যেতে পারছে না। সে সময়ে তাঁরা পেরেছিলেন, কারণ তখন একটা স্ট্রাগল্ ছিল, লড়াই ছিল। বুদ্ধদেববাবু বলুন না - আপনি তো অনেকগুলি অ্যাকাডেমী করেছেন, নাট্য অ্যাকাডেমী করেছেন, সঙ্গীত অ্যাকাডেমী করেছেন, বাংলা অ্যাকাডেমী করেছেন। কিন্তু সেই আই. পি. টি. এর স্ট্রাগ্‌ল-এর যে সংস্কৃতি সেই সংস্কৃতি কি উঠে এসেছে? আগে তো এত মঞ্চ ছিল না। আপনি মধুসূদন মঞ্চ করেছেন, গিরিশ মঞ্চ করেছেন, লালন মঞ্চ করেছেন। কিন্তু সেই যুগের যে থিয়েটার সেটা রেপ্লিকেটেড হচ্ছে? আমি তাই আপনার কাছে নিবেদন করতে চাই, আজকে সংস্কৃতির ক্ষেত্রে নতুন ভাবনা ভাবা দরকার। সরকারের কাজ হবে শুধু যেটুকু ইনফ্রাস্ট্রাকচার করতে পারেন সেইটুকুই দেওয়া। সরকার ভাল থিয়েটার হল করে দেবেন। সিনেমার জন্য ভাল স্টুডিও করে দেবেন, যেমন আপনি চ্যাপলিন করে দিয়েছেন — এই রকম দু-একটি ভাল সিনেমা হল চালাবেন। সাহিত্য, সঙ্গীত, শিল্প, সিনেমা, নাটক সমস্তই মানুষের সৃজনশীল প্রতিভার উপর ছেড়ে দিতে হবে। একদেশদর্শিতা বা পক্ষপাতিত্বমূলক দৃষ্টিভঙ্গী দিয়ে যদি দেখেন, পার্টির কথায় বিশেষ সংস্কৃতিকে যদি প্রোমোট করার চেষ্টা করেন তাহলে আমার মনে হয় উন্নততর শিল্প-কৃতি তৈরী হবে না। তাই ইনফ্রাস্ট্রাকচারের ক্ষেত্রে যে প্রচেষ্টা নিয়েছেন সেখানে আমার সমর্থন থাকলেও আমি এই কথা বলছি, যে অ্যাকাডেমীগুলি তৈরী করেছেন সেগুলি আপনাদের পার্টির একদেশদর্শিতা থেকে মুক্ত নয়। আপনি যখন অ্যাকাডেমীর প্রধান করার কথা ভাবেন তখন আপনি গণতান্ত্রিক লেখক, শিল্পী গোষ্ঠীর মধ্য থেকে কাকে সেক্রেটারী করা যায় এই কথাই ভাবেন। এইভাবে কিন্তু ইনফ্রাস্ট্রাকচারগুলি থাকবে না। আমাদের অনেক অসুবিধা আছে। আমাদের রাজ্যের স্টুডিওগুলি বোম্বের স্টুডিওগুলির যে আধুনিক টেক্‌নিক্যাল ব্যবস্থা তার সাথে খাপ-খাওয়াতে পারছে না। আমাদের এখানে ট্রেনিং দেওয়ার ব্যবস্থা ছিল না। কেন্দ্রীয় সরকারে কংগ্রেস থাকার সময়ে সত্যজিৎ রায় ফিল্ম, টি. ভি ইনস্টিটিউট পশ্চিমবঙ্গে তৈরী করেছেন। সেখানে কলা-কুশলী বাড়ছে, আরো কিছু স্টুডিও দরকার। এ ব্যাপারে কতটা এগিয়ে আসতে পারেন সেটা দেখবেন। নিউ থিয়েটার (১) যেটা আছে সেখানকার অবস্থা ভাল নয়। আমি মাঝে-মাঝে সেখানে যাই, সেখানে অত্যন্ত করুণ অবস্থা। থিয়েটারটি খুবই ব্যাকওয়ার্ড অবস্থায় রয়েছে। তবে এটা ঠিক, এর আগে এর মধ্যেই বহু শিল্প সৃষ্টি করা সম্ভব হয়েছে। সত্যজিৎ রায় এই কলকাতাতেই ছবি করেছেন, মৃণাল সেন, ঋত্বিক ঘটক এই কলকাতাতেই ছবি করেছেন। সত্যিকারের যারা ট্যালেন্ট তাদের টেক্‌নিক্যাল ফেসিলিটির অভাবে আটকে রাখা যায় না। কিন্তু আজকে যখন আধুনিক টেক্‌নিক্যাল ফেসিলিটি এসেছে তখন তাকে ব্যবহার করাই উচিত। এখন বোধ হয় ৩টি ক্ষেত্রে আপনার প্যাট্রোনেজ দেবার সুযোগ আছে। একটা প্যাট্রোনেজ আপনি দেন ফিল্ম ডকুমেন্টারী করতে। সেই ফিল্ম ডকুমেন্টারী যাদের করতে দেবেন সেটা যাতে পার্টির প্রভাব থেকে মুক্ত হয় - এটা দেখা দরকার। (২) আপনার প্যাট্রোনেজ দেবার ক্ষমতা আছে সংবাদপত্রে বিজ্ঞাপনের মাধ্যমে। রাজ্য সরকারের সমস্ত বিজ্ঞাপন আপনার দপ্তরের মাধ্যমে বের হয় এবং আমি এই হাউসে দেখিয়েছি, সেই বিজ্ঞাপনগুলি সব সময়ে সংবাদপত্রের সার্কুলেশন অনুযায়ী অর্থাৎ প্রচার সংখ্যা অনুযায়ী হয় না। এটা দেখা দরকার যাতে সংবাদপত্রের প্রচার সংখ্যা অনুযায়ী বিজ্ঞাপনের

একটা ট্রান্সপারেন্ট পলিসি থাকে। তার সঙ্গে ছোট যে সংবাদপত্রগুলি আছে তাদেরকেও যেটুকু সাপোর্ট দেবার সেই সাপোর্ট দেবার ব্যবস্থা থাকা দরকার। আর একটা ভাল স্কীম চালু করেছেন দুঃস্থ শিল্পীদের সাহায্য দেবার জন্য। কিন্তু তার টাকা খুবই অপ্রতুল, মাত্র ১ লক্ষ টাকা করে দেওয়া হয়। আমি সিনেমার একস্ট্রাদের ইউনিয়নের সঙ্গে যুক্ত আছি অনেকদিন। তারা টাকা চাইছে, কিন্তু টাকা নেই, খুব কম লোকে পাচ্ছে। তাই বলছি, দুঃস্থ শিল্পীদের যাতে ভাতা দেবার ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করুন। এ ছাড়া আমাদের রাজ্যে যে কাজ আর কেন্দ্রীয় সরকারের কাজগুলি ডুপলিকেশন হয়ে যায়। কেন্দ্রীয় সরকারের ডি. এ. ভি. পি আছে, তার ফিল্ম একজিবিশন অফিস আছে, ফিল্ম ডিভিশন আছে, ন্যাশানাল ফিল্ম ডেভেলপমেন্ট করপোরেশন আছে। সেই একই প্যারালাল ব্যবস্থা রাজ্য সরকারের আছে। কেন্দ্রীয় সরকারের বিরাট আর্কিওলজিক্যাল সার্ভে আছে। রাজ্যসরকারেরও আর্কিওলজিক্যাল ডিপার্টমেন্ট আছে। কিছু কিছু কাজ তারা করে থাকেন।

আমার প্রায়ই মনে হয় যে, কাজগুলি ডুপলিকেশান এবং ওভারল্যাপিং হয়ে যায় — একই কাজ। কিছু জিনিস যেগুলি অরাজনৈতিক যেমন এডসের বিরুদ্ধে প্রচার বলুন, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে প্রচার বলুন, এগুলি কেন কেন্দ্রীয় সরকারের সংস্থাগুলি এবং রাজ্যসরকারের সংস্থাগুলি একমাত্র করতে পারবে না? এটা তো করা উচিত। এই যে ফিল্ড এগজিবিশান হয় যেখানে বিভিন্নভাবে মানুষকে স্বাস্থ্য সম্বন্ধে সচেতন করা হয় সেগুলি কেন একসঙ্গে করা যাবে না? আমার তাই মনে হয়, এই ডিপার্টমেন্টের যথেষ্ট পোটেনসিয়াল আছে, কিছু কাজও হয়েছে কিন্তু যে পরিমাণ কাজ করা দরকার তা হয়নি। আমাদের মতন সীমান্তবর্তী রাজ্যে যেখানে সাম্প্রদায়িকতার সমস্যা আছে এবং অন্যান্য সামাজিক সমস্যা আছে সেখানে যে পরিমাণ কাজ হওয়ার দরকার ছিল এই দপ্তর তা করে উঠতে পারে নি। আমাদের রাজ্যে একটা প্যারালাল সাংস্কৃতিক আন্দোলন গড়ে এবং সেই আন্দোলনে দলমত নির্বিশেষে সমস্ত মানুষকে এনে তার মাধ্যমে সাংস্কৃতিক অবস্থা থেকে মানুষকে দূরে নিয়ে যাওয়ার যে কাজ সেই রকম কাজ এই সরকার করে উঠতে পারে নি। আমি আশা করি রাজ্য মন্ত্রিসভার এদিকে দৃষ্টি আকৃষ্ট হবে। এই কথা বলে, আমাদের কাটমোশানগুলি সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

[3.30–3.40 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ—** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার বাজেট প্রস্তাবের পক্ষে এবং বিরোধীদের আনা কাটমোশানগুলির বিরোধিতা করে সংক্ষেপেই কয়েকটি কথা বলছি। সুব্রতবাবু তার বক্তব্য বলে বেরিয়ে গেলেন, তিনি একটা কথা তুলেছেন, কথাটা এই রকমই যে, দেশের মধ্যে একটা সাংস্কৃতিক অবক্ষয়ের ধারা চলছে। কিন্তু তিনি এর আর্থ, সামাজিক কারণগুলি ব্যাখ্যা না করেই কোথায় মদ বিক্রি চলছে, কোথায় দেহ ব্যবসা চলছে এইসব বললেন। কথাটা হচ্ছে, এই অবক্ষয়-এর কারণ কি? কেন হচ্ছে? এই ভোগবাদ কোথা থেকে আসছে? এই ভোগবাদের প্রচার কি ভাবে ইলেকট্রনিক মিডিয়া মানুষের মধ্যে বেপরোয়াভাবে ছড়িয়ে দিচ্ছে ইত্যাদি প্রশ্নগুলি খতিয়ে দেখা দরকার। আমার মনে আছে পুলিশ বাজেটের আলোচনাকালে আমি এই কথাগুলি বলার চেষ্টা করেছিলাম যে আমরা এমন একটা সমাজে বাস করছি যেখানে খুব তাড়াতাড়ি বড়লোক হবার ঝোঁক, বেপরোয়াভাবে

টাকা জোগাড় করার ঝোঁক বাড়ছে। ভোগবাদের প্রভাব বাড়ছে। টেলিভিশনে দিনের পর দিন গাড়ী, মোটর সাইকেল, কস্টিউম, পারফিউম এইসবের বিজ্ঞাপন দেখতে দেখতে মানুষের মধ্যে, যুব সমাজের মধ্যে একটা প্রচন্ড অবক্ষয় বাড়ছে। আমি সুব্রতবাবুকে চিন্তা করতে বলব, গোটা সমাজের মধ্যে এই যে অবক্ষয়, এই যে দুর্নীতি, এই যে ভোগবাদের প্রতি একটা টান—এটা কি একটা রাজ্য সরকারের একটা দপ্তর ঠেকাতে পারে? বোধ হয় পারে না। আমাদের তাই সমস্যার গভীরে গিয়ে রাজনৈতিক, সামাজিক, দার্শনিক সমস্ত স্তরেই একটা আন্দোলন গড়ে তুলতে হবে, একটা সংগ্রাম গড়ে তুলতে হবে। এই সংগ্রাম না করলে এর প্রভাব থেকে আমরা মুক্ত হতে পারবো না। সঠিকভাবেই তিনি বলেছেন যে এর জন্য চাই একটা বিকল্প সাংস্কৃতিক ধারা তৈরি করা। একটা বিকল্প সাংস্কৃতিক ধারা তৈরি করতে পারলেই তবেই আমরা এই ধরণের অবক্ষয়ের হাত থেকে, সাংস্কৃতিক অবক্ষয়সহ, এর হাত থেকে আমরা বাঁচতে পারবো, তা না হলে পারবো না। দ্বিতীয় একটা প্রশ্ন উঠেছে সৌগতবাবু তুলেছেন, আমি প্রায় তার সঙ্গে একমত যে ইলেকট্রনিক মিডিয়াকে আসতে দিও না, আটকে রাখ—এই এই মনোভাব নিয়ে, এই নেতিবাচক মনোভাব নিয়ে এগুলো ঠিক হবে না। রবীন্দ্রনাথ তার একটা কবিতায় লিখেছিলেন—

"মনেরে আজ কহ যে
ভাল, মন্দ যাহাই আসুক
সত্যরে লও সহজে।"

এই সত্যটাকে সহজভাবে নিতে হবে এবং নিতে গেলে এ সম্পর্কে আমাদের একটা দৃষ্টিভঙ্গী চাই। উনি দুটি কথা বলেছেন। একটা কথা ঠিক যে আমরা অপেক্ষা করছিলাম, আগের যুক্তফ্রন্টের আমলে একটা কমপ্রিহেনসিভ বিল আনতে চেয়েছিলাম যে কি করে এই ফরেন চ্যানেলগুলিকে একটা জায়গায় নিয়ন্ত্রণ করা যায়, আমাদের দূরদর্শনের জন্য যে গাইড লাইন আছে সেই গাইড লাইনগুলি ওদের উপর প্রয়োগ করা যায়। কিন্তু সেই বিলটা জন্মেতেই মারা গিয়েছে। সেই বিলটার কি হবে কেউ বলতে পারছে না। এই সরকারের হাতে কি হবে তাও কেউ জানে না। এখন মূল কথা হচ্ছে এই চ্যানেলের শুধু বিরোধিতা করে লাভ নেই, এর বিকল্প আমাদের দাঁড় করাতে হবে। উনি যেটা বলেছেন সেটা যে আমরা ভাবিনি তা নয়। আমি কয়েক বছর ধরে চিন্তা করছি। উনি ঠিক জানেন না। কেরালা সরকার যেটা করতে চেষ্টা করেছিলেন, বেসরকারীভাবে কিছু উদ্যোগ চলছে, সব রাজ্যেই চলছে। আমাদের রাজ্যের বিপদ হচ্ছে, আমাদের রাজ্যের কয়েকটি বেসরকারী প্রতিষ্ঠানের অনেকগুলো চ্যানেল কেনা। তার ফলে সমস্যা বেড়ে গেছে। আমরা আপ্রাণ চেষ্টা করছি সরকারী উদ্যোগ এ ব্যাপারে খানিকটা নিতে পারি কিনা। আমি ব্যক্তিগতভাবে চেষ্টা করছি এই রাজ্যের জন্য একটি বাংলা চ্যানেল তৈরী করবার কয়েকজনকে জড়ো করে একটা কর্পোরেট হাউস, কনসোরটিয়াম ধরণের, করা যায় কিনা। তার খরচ ৫০ কোটি টাকার কাছাকাছি, কারণ এরজন্য হার্ডওয়ার, সফটওয়ার, ষ্টুডিও ইত্যাদি করতে হবে, আরো অনেক জিনিস করতে হবে। কঠিন কাজ। উনি একটা মূল কথা বলেছেন—ঐ চ্যানেলের বিরুদ্ধে বাংলা চ্যানেল দরকার। কেরালায় কি হয়েছে তার খবরাখবর রাখি। তার জন্য পাল্টা বিকল্প চ্যানেল দরকার। উনি প্রতিবারই বলেন, আমাদের

সোভিয়েত ইউনিয়ন দেখিতে বলেন, কিন্তু আমরা এখানে সোভিয়েততন্ত্র প্রতিষ্ঠা করিনি এবং তার কর্মসূচীও আমাদের নেই। তবে সোভিয়েত ইউনিয়ন সৃষ্টির আগেও কিন্তু অনেকে ছিলেন, ল্যাপসকি, ইভান তুর্গেনিভ, টলষ্টয়, চেকভ—এঁরা জন্মেছিলেন। আর আপনি নিশ্চয়ই জানেন যে, মস্কো থিয়েটার লন্ডন থিয়েটারকে ছাড়িয়ে গিয়েছিল। এটা কিন্তু খবরের কাগজে হয় না। ইউরোপের ব্যালে কখনই সোভিয়েত ব্যালের সমান্তরাল হয়ে ওঠেনি। কিন্তু তিনি যা বলছিলেন, এই অপচয়ের বিরুদ্ধে সুস্থ সংস্কৃতি সৃষ্টি করতে হবে এবং তার একমাত্র অধিকার সরকারের থাকা উচিত, এটা আমি মনে করি না। এক্ষেত্রে সরকারের দায়িত্ব একটা পরিকাঠামো তৈরী করে দেওয়া, তারপর সিদ্ধান্ত যা নেবার সেটা শিল্পীদেরই নিতে হবে। আমরা একদেশদর্শিতায় বিশ্বাসী নই এবং বিশ্বাসী নই বলেই বাংলা একাডেমীতে অন্নদাশঙ্কর রায়, সঙ্গীত একাডেমীতে জ্ঞানপ্রকাশ ঘোষ এবং তাঁর প্রয়ানের পর ভি. বালসারা, চারুকলা শিল্পে চিন্তামনি কর এবং নন্দনে বসন্ত চৌধুরীকে সভাপতি করেছি। জানিনা, ওরা কোন পার্টির সদস্য। সেখানে একজনও আমাদের ঘনিষ্ঠ লোক পাবেন না। আপনার ঘনিষ্ঠ এবং পরিচিত লোক নন্দনে বেশী রয়েছেন। আমার কাছে লিষ্ট রয়েছে। কাজেই একদেশদর্শিতা করবেন না। কিন্তু আমি জানি, অতীতের হিসাব থেকে জেনেছি, সংস্কৃতি জগতে এই চিন্তাভাবনাই চলতো। সেখানে স্বাধীন অধিকার দিতে হবে। বিজ্ঞাপনের ক্ষেত্রেও সংবাদপত্রগুলির সঙ্গে আমরা কোনরকম রাজনীতি করি না। এই কাগজ আমাদের বিরোধিতা করছে, ওই কাগজ আমাদের পক্ষে লিখছে—এভাবে বিচার করে আমরা চলি না। আমার কাছে পাঁচ বছরের হিসাব রয়েছে, সেখানে কোন কাগজ আমাদের বিরুদ্ধে এই অভিযোগ করতে পারে নি। আনন্দবাজার সবচেয়ে বেশি বিজ্ঞাপন পায়। তারা টপিং দি লিষ্ট। তাহলে এটাও তো আমিই করেছি। গণশক্তি ওদের অর্ধেকও পায় না। ডক্যুমেন্টারী ফিল্ম সম্বন্ধে আপনি যেটা বলছিলেন, আপনি জানেন না, ফরমালি ডক্যুমেন্টারী ডিপার্টমেন্ট থেকে ফিল্ম তৈরী করা হ'ত। সেই ব্যবস্থা তুলে দিয়ে এখন তরুণ ডক্যুমেন্টারী ফিল্ম মেকাররা ফিল্ম তৈরী করছেন এবং তার থেকে আমাদের যে উপদেষ্টা কমিটি রয়েছেন তারা ছবি বেছে নিচ্ছেন। গত এক বছরের এর হিসেব আমার কাছে রয়েছে। গত বছর মূল ডক্যুমেন্টারী ৭টি এবং ডি. ডি. ও. ডক্যুমেন্টারী ১৫টি নিয়েছি। কিন্তু তার মধ্যে একজনও আমাদের লোক বের করে দিতে পারবেন না।

[3.40–3.50 p.m.]

এইবার আমি আরেকটা কথা বলতে চাই সেটা হচ্ছে যে, বাংলা ভাষার প্রয়োগ সম্পর্কে অনেকগুলো কথা সুব্রতবাবু বলেছেন প্রশাসনে বাংলা ভাষার প্রয়োগ না হয়ে থাকলে আমাকেই নিজের আত্মসমালোচনা করতে হয়। এই সমস্যাটা আমি কয়েক বছর ধরেই বোঝার চেষ্টা করেছি। করব করব করব বলেও কাজটা অতোটা এগোচ্ছে না। কেন এগোচ্ছে না—এই প্রসঙ্গে বাংলাদেশের সঙ্গে তুলনা করেছেন। আমরা একটা মাল্টি ন্যাশানাল স্টেট, একটা বহু জাতিক রাষ্ট্র। আমাদের এখানে এতোগুলো ভাষাভাষি রাজ্যের মানুষ আছে, সেখানে বাংলাদেশের সঙ্গে তুলনা হয় না। কিন্তু তাতেও আমরা যতটুকু করতে পেরেছি সেটাও আমি মনে করি না খুব ভাল করেছি, তবে একেবারে যে কিছু করতে পারিনি তাও নয়। যেখানে জোর দেওয়ার দরকার সেখানেও আমরা জোর দিচ্ছি। কিন্তু সেখানে রাইটার্স বিল্ডিংসে কে কি ভাষায়

লিখছে সেটা দেখার সেরকম দরকার নেই। যেখানে আমাদের মানুষের সঙ্গে সম্পর্ক, সেখানে যদি কেউ বাংলাতে চিঠি দেয় তাকেও আমাদের বাংলাতে চিঠি দিতে হবে। এই ব্যাপারে পঞ্চায়েতকে নির্দেশ দেওয়া হয়েছে, সার্কুলার দেওয়া হয়েছে যে, সমস্ত কাজ বাংলায় হবে। তার পরে হাসপাতালে টিকিট নিতে গিয়ে যে ফর্ম আছে, সেই ফর্মও বাংলায় লেখা হবে এবং ফিল আপও বাংলায় হবে। থানায় ডায়েরী করতে গেলে বাংলায় ডায়েরী করতে হবে। সুতরাং আট বিভাগ যথা পঞ্চায়েত, পুলিশ, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিভাগ, যেখানে জনগণের সঙ্গে একেবারে বাস্তব সম্পর্ক নিয়ে কাজ করতে হয় সেই বিভাগগুলোতে বাংলা ভাষায় লেখালেখি নিয়ে আসা হচ্ছে। এছাড়া টাইপ রাইটার রিপ্লেসমেন্টেরও একটা ব্যাপার রয়েছে এবং এতে একটা পলিসি রয়েছে—কত ইংরাজি হবে, কত বাংলা টাইপ রাইটার হবে। ট্রেনিং নেওয়ার ক্ষেত্রেও একটা ইনসেনটিভের ব্যবস্থা রয়েছে। তারপরে আপনি আরেকটা বললেন বাংলা একাডেমী সম্পর্কে, এই বাংলা একাডেমী সম্পর্কে আপনি ওয়াকিবহাল নন এবং খোঁজখবরও রাখেন না কেন? বাংলা একাডেমীর দোতলায় একটা ঘর করা হয়েছে। শুধু তাই নয়, সেখানে আর্কাইভ আছে, লাইব্রেরী আছে। তাতে বাংলা সাহিত্যিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় এবং মানিক বন্দোপাধ্যায়ের পাণ্ডুলিপি, মূল ম্যানুযক্রিপট্ সব ওই বাংলা একাডেমিতে রয়েছে। বাংলা এ্যাকাডেমিতে এর যে সব পাবলিকেশনগুলো আছে, আপনি দেখেন নি। তারপরে বাংলা অভিধান আমরা বার করেছি, বাংলা বানানের অভিধান বের করেছি। বিশ্বকোষ, এনসাইক্লোপেডিয়া আমরা বাংলায় করবার চেষ্টা করছি। গত ৫-৬ বছরের পাবলিকেশানের তালিকা আছে, আপনাকে দেব, আপনি দেখে নেবেন। এর পরে আপনি "পশ্চিমবঙ্গ পত্রিকা" সম্পর্কে কিছু কথা বলেছেন। আমাদের এই পত্রিকার থেকেই বেরিয়েছে রবীন্দ্র সংখ্যা, নেতাজী সংখ্যা, অমর্ত্য সেন সংখ্যা, স্বাধীনতার ৫০ বছর সংখ্যা, নদীয়া সংখ্যা, বর্ধমান সংখ্যা ইত্যাদি, এর বিশাল বিক্রি হয়েছে। শুধু রাজ্যে নয়, রাজ্যের বাইরেও প্রচুর বিক্রি হয়েছে। আপনি বলেছেন একপক্ষের থেকেই লেখা হয়েছে, এটা ঠিক নয়। স্বাধীনতার ৫০ বছর সংখ্যায় বাংলা এবং ইংরাজি দুটোতেই বেরিয়েছে। এতে সৌগতবাবু লিখেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। ওঁনাকে বলেছিলাম উনি লিখে দিয়েছেন। প্রিয়রঞ্জন দাসমুন্সীকেও দু তিনবার বলেছি, ফোন করে বলেছি এবং একাধিকবার বলেছি, উনি দেব দেব করেও শেষ পর্যন্ত দেন নি। কাজেই আপনি যেভাবে বললেন সেটা ঠিক নয়। আমরা সব সময় একটা ভারসাম্য বজায় রেখেই কাগজটাকে চালাতে চাই এবং তার চেষ্টা করছি। এরপরে সুব্রতবাবু সিনেমা সম্পর্কে যে কথা বলেছেন তাতে বলছি তিনি অভিনেতা, সুতরাং সিনেমার চিন্তাটা একটু বেশী হবেই। কিন্তু সেক্ষেত্রে উনি যেভাবে চিত্রটা তুলেছেন আমার মনে হয় অতটা খারাপ নয়. আপনি এর কোন খবর রাখেন না কেন? উনি বলেছেন ২৫ টি বই বেরিয়েছে, না — ২৫টা নয়, ১৯৯৮ সালে ৪৪টা বই হয়েছে, তার সবই বেরিয়েছে দু একটি বাদ দিয়ে। ৪৪ টা ফিল্ম হয়েছে। আর একটি কথা বললেন রূপায়ণের উপর, আপনার রাগ থাকতে পারে, রূপায়ণ একটা সরকারি আন্ডারটেকিং সংস্থা, এটা মুনাফা করছে, লাভ করছে। আমাদের রাজ্যের ৯৮ শতাংশ ফিল্ম ওখানে না গেলে হয় না, আপনারা জানেন না সারা ভারতের মধ্যে একমাত্র পশ্চিমবাংলার সরকার কালার ল্যাবরেটরি করেছে, যা কোন রাজ্যে করেনি। সব প্রাইভেট। ভুবনেশ্বরে ওরা সেটা হচ্ছে জয়েন্টে। আমরা ওদেরকেও হারিয়ে দিয়েছি। এখন আমাদের সামনে কমপিটিশানে

আছে ম্যাড্রাস, বোম্বে। আমাদের রূপায়ণ ঠিক আছে। রবীন্দ্র সদনগুলি নিয়ে কথা উঠেছে, এটা ঠিকই ওদের দায়ভার আমাদের ঘাড়ে, আমাদের এর জন্য বাজেট আছে ১৫ লক্ষ টাকা। আমি ডিটেল্‌স যাচ্ছি না। আমি আপনাদের কাছে উল্লেখ করতে চাই, বিভিন্ন জায়গায় কিছু দেবার চেষ্টা করেছি, কিন্তু এই ১৫ লক্ষ টাকা দিয়ে সব রাজ্যের রবীন্দ্রসদনগুলির জন্য রেনোভেশানে যা প্রয়োজন তা করা যায়নি। এক একটা করে করছি। এই বছরে পাঠাচ্ছি উলুবেড়িয়াকে। ২।৩ লক্ষ টাকা করে পাঠাচ্ছি। এই ভাবে আমরা কিছু করার চেষ্টা করছি। নন্দন সম্বন্ধে সুব্রতবাবু একটা অভিযোগ করেছেন, এটাও বললেন, নন্দন-এর সমস্ত ব্যাপারটা হয়ত জানেন না, নন্দনে ফিল্মের যে ল্যাবরেটরি আছে তা সারা ভারতবর্ষের কোথাও নেই। নন্দনে আর্কাইভ আছে, নন্দনে ৩টি হল আছে, নন্দন চত্বরে কিছু সমস্যা হচ্ছিল, নন্দন চত্বরে কিছু ছেলেমেয়ে ভিড় করে আমি জানি, তাই কিছুদিন আগে বাধ্য হয়ে আমি কর্মচারীদের একটু শক্ত হতে বলেছিলাম—ওরা রেলিঙে বসে থাকে, তাদের একটু খোঁচা দিয়েছে,—ওরা একটু আপত্তি করেছে, খোঁচা মেরেছে, অমনি সংবাদপত্রে খবর বেরোল, নন্দনে পেটে খোঁচা। ওদের তো মেরে মাথা ভেঙে দেওয়া উচিত,—রেলিঙে বসে থাকলে সেখানে কি করবে? আমি আপনাকে কথা দিচ্ছি, নন্দনে শক্ত হাতে আমি ব্যবস্থা করবো, নন্দনের মধ্যে অপরাধ প্রবণতা করতে দেব না। এখানে ইয়াকুব সাহেব একটি কথা স্মরণ করিয়ে দিয়েছেন, সেই ব্যাপারে বলি, আমরা একাধিক ব্যক্তি শতবার্ষিকী করছি, নেতাজী শতবার্ষিকী অনুষ্ঠানের ব্যবস্থা নেওয়া হচ্ছে, নেতাজীর শতবার্ষিকী উপলক্ষ্যে গ্রন্থাবলী বের করা দরকার। কিন্তু আইনগতভাবে আমাদেরকে সেই অধিকার দেওয়া হচ্ছে না। সেই জন্য পারছি না। নজরুল শতবার্ষিকী চলছে, নজরুল শতবার্ষিকী উপলক্ষে গ্রন্থাবলী সরকার বের করবে। জীবনানন্দ দাস তাঁর শতবার্ষিকী অনুষ্ঠান চলছে, অনেকগুলি ভাল প্রকাশনা আমরা করবো। প্যানিশ কবি, কার্শিয়াল লোরকা তিনি কবি এবং নাট্যকার তাঁর শতবার্ষিকী অনুষ্ঠান হচ্ছে,—যে বই-এর কথা বলছেন, যেগুলো ফ্রী আছে সেইগুলো দিতে পারবো, কিন্তু যেগুলোর দাম আছে সেইগুলো দিতে পারবো না, কিনতে হবে— মাণিক গ্রন্থাবলী ঐটার ভলিউমটা ফ্রি দিতে পারবো না। মন্মথ রায়-এর শতবার্ষিকী অনুষ্ঠান হচ্ছে বালুরঘাটে। ছবি বিশ্বাস এর ব্যাপারে আমি খবর নিলাম, নন্দনে ওরা কর্মসূচী নিচ্ছে, যখন হবে তখন আপনাকে আমন্ত্রণ জানাবো, আপনি যাবেন। ইন্দুবালা এখনও ঠিক হয়নি, ছবি বিশ্বাস-এরটা নেওয়া হয়েছে। নির্মলবাবু যেটা বলেছেন, কামতাপুরির ভাষা সম্বন্ধে, আমরা এই ব্যাপারে সচেতন, সতর্ক আছি, ওখানে প্রতিটি জায়গায় ভাষা সংক্রান্ত সেমিনার হয়েছে। তারপরে গঙ্গা-তিস্তা-তোর্সা উৎসব হয়েছে। এই সমস্ত উৎসব করে আমরা বিচ্ছিন্নতাবাদের বিরোধিতা করছি। আলিপুরে একটি সাংস্কৃতিক কেন্দ্র আছে, আপনারা চাইছেন সেখানে একটা হল। আমি আপনাদের একটু অপেক্ষা করতে বলছি। জলপাইগুড়ি শহরের উপরে একটি অনবদ্য হলের কাজ প্রায় শেষ হয়ে গিয়েছে, আরেকটি হল সত্যিই আমি এখন করতে পারব না। সুতরাং আপনাদের আরেকটু সময় অপেক্ষা করতে হবে। জি. এন. এল. এফের মাননীয়া সদস্যা যে কথা বলেছেন, তাকে আমি শুধু বলতে চাই, আই. এন. সি ডিপার্টমেন্ট হিসাবে আমরা শুধু ট্রান্সফার করিনি, আমাদের যা সম্পত্তি ছিল আমরা সব ট্রান্সফার করে দিয়েছি। আমাদের যে হল ছিল ভানুভক্ত মঞ্চ, যার নাম এখন হয়েছে গোর্খা রঙ্গ মঞ্চ, সেই হলের অবস্থা অত্যন্ত খারাপ, অন্ধকার হয়ে থাকে। একটা বিপর্যয়কর অবস্থার মধ্যে আছে। আমরা নেপালি প্রিন্টিং প্রেস হ্যান্ড ওভার

করেছিলাম, সেই প্রেসের অবস্থাও খুব খারাপ, সেখানে কোন কাজ হচ্ছে না। সঙ এন্ড ড্রামা ইউনিট, সেটাও আমরা হ্যান্ড ওভার করেছি, সেটাও পড়ে আছে। তাই আমি আপনাদের বলছি আপনাদের কাজ আপনাদেরই করতে হবে। আই. এন. সি. ডিপার্টমেন্ট থেকে হিল এ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের মাধ্যমে আমরা ডি. জি. এইচ. সি-কে বছরে পাঁচ লক্ষ টাকা দিই, এর বেশী টাকা আমরা আর দিতে পারব না। সুতরাং তথ্য সংস্কৃতির সব কিছু ওখানকার দায়িত্ব ডি. জি. এইচ. সি-কেই নিতে হবে। এখানে মাননীয় সদস্য সুব্রতবাবু অভিযোগ সেল সম্পর্কে একটা অভিযোগ করলেন। আপনি এটা তুলে দিতে বলেছেন, কোন জিনিস তুলে দেওয়া খুবই সহজ, কিন্তু সৃষ্টি করা খুবই কঠিন। আমি শুধু আপনাদের বলছি, এই অভিযোগ সেলটা ইনফর্মেশান এন্ড কালচার ডিপার্টমেন্টের আন্ডারে নয়, এটা হোম পার ডিপার্টমেন্টের আন্ডারে এবং সে সম্পর্কে সরকারের একটা আদেশনামাও আছে কিভাবে কাজ করতে হবে। তবে অবস্থাটা একেবারে খারাপ নয়। রাইটার্স বিল্ডিং-এ ২,৪১০টি অভিযোগ পাওয়া গিয়েছে, তার মধ্যে ৬১৫টি আন্ডার প্রসেস এবং ১০২টির নিষ্পত্তি করা হয়েছে। নিউ সেক্রেটারিয়েটে ৪১টি অভিযোগ পেয়েছি তার মধ্যে ৭টি আন্ডার প্রসেস এবং পাঁচটির সলিউশান হয়েছে। বিকাশ ভবনে ১১৪টি অভিযোগ পেয়েছি, আন্ডার প্রসেস ১১১টি, আর তিনটির নিষ্পত্তি হয়েছে। একেবারে যে কাজ হচ্ছে না সেটা ঠিক নয়। তবে ডিপার্টমেন্ট থেকে উত্তর দিতে খুব দেরী হচ্ছে। গভর্ণমেন্ট অর্ডার আছে একজন জয়েন্ট সেক্রেটারিকে এগুলো বিচার করে দেখতে হবে, কিভাবে এটা তাড়াতাড়ি হতে পারে। আমার বক্তব্য আর দীর্ঘায়িত করব না, বিরোধী দলের পক্ষ থেকে যে কাট মোশানগুলো দেওয়া হয়েছে সেগুলো পড়ে খুব খারাপ লাগছে, এমন কিছু কাট মোশান আছে যেগুলো অবাঞ্চনীয়। একজন সদস্য কাট মোশানে লিখেছেন আপনি বসুমতী চালাতে ব্যর্থ। আমি তো বসুমতী চালাবো না বলেই ঠিক করেছি। আমাদের ওখানে বছরে ১ কোটি ৩০ লক্ষ টাকা দিতে হয়। শিলিগুড়িতে যাওয়ার পরে আমি ভেবেছিলাম খরচটা কমে আসবে। এখানে টেক্সট বুক ছাপিয়ে, পাবলিকেশান, জব প্রিন্টিং করে আমরা খরচ কিছুটা তুলে নিতে পারব। কিন্তু আয়-ব্যয়ের হিসাব করে দেখা যাচ্ছে ঘাটতি থেকেই যাচ্ছে। আর বসুমতী নতুন করে কলকাতা থেকে বেরোনোর কোন প্রশ্নই নেই। শিলিগুড়ি থেকে আমরা তুলে দেব কিনা এটা জানতে আমরা একটা কমিটি করে দিয়েছি। নেতাজী রচনাবলী বার করার অধিকার আমাদের নেই, আইনগত কিছু অসুবিধা আছে। মান্নান সাহেব তার কাট মোশানে বলেছেন, রাজ্যে আধুনিক মানের কোন ল্যাবরেটরি নেই। আমাদের রূপায়ণ ল্যাবরেটারিটি আন্তর্জাতিক মানের, তিনি হয়ত জানেন না এটা। সুব্রতবাবুর ফেবারিট সাবজেক্ট যাত্রা, তিনি যাত্রা উৎসব করতেন।

সুব্রত বাবু, যাত্রা উৎসব আপনিও করতেন, আমিও করেছি। আপনি যাত্রায় কোন অনুদান দিতেন না, আমি অনুদান দিই। আপনার তিনগুণ করেছি, বিডন স্কোয়ারে। সর্বশেষে বলছি, বাগবাজারে যাত্রার জন্য একটা স্থায়ী মঞ্চ করছি - আপনি জানেন ক্ষিরোদ প্রসাদ বিদ্যা-বিনোদের নামে। তার কাজ প্রায় শেষ, অল্প কয়েকদিনের মধ্যে খুলে দেব। রডন নিয়ে আমি আগেও বলেছি। কাগজে যে সমস্ত অনুযোগ উঠেছে - সেখানে বাণিজ্যিক কেন্দ্র হবে ইত্যাদি। সেখানে কোন বাণিজিক কেন্দ্র বা কমার্শিয়াল কমপ্লেক্সের ব্যাপার নেই, কোন দোকান-বাজার, কিছুই হবে না। সেখানে আন্তর্জাতিক মানের মঞ্চ হবে—থ্রি ইন ওয়ান্ একটা বড় হল। রবীন্দ্র সদনেও জায়গা হয় না আন্তর্জাতিক মানের শিল্পী এলে সল্ট লেক আছে। এটা হবে রডন

স্কোয়ারে। সেখানে পরিবেশ নষ্ট হবে কিনা প্রশ্ন উঠেছে। সেখানে কোন পরিবেশ নষ্ট হবে না। একটা ঝোপঝাড় মত আছে, সেখানে জলাভূমিকে সুন্দর করে সাজাবো, বাগান করা হবে। এই কথা বলে, কাটমোশানগুলোর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.00–4.10 p.m.]

The Cut Motions, except 1, 2, 4, 5, 20, 33 and 49, were then put and lost.

The Cut Motions 1, 2, 4, 5, 20, 33 and 49 were then put and a Division was taken with the following results :

**NOES**

Abu Ayes Mondal, Shri
Bag, Shri Kartick Chandra
Banerjee, Shri Debabrata
Bhattacharjee, Shri Buddhadeb
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shrimati Susmita
Chakraborty, Shri Sujan
Chattopadhyay, Shri Jyoti Krishna
Chaudhuri, Shri Amar
Chowdhury, Shri Nani Gopal
Chowdhury, Shri Sibendra Narayan
Dal, Shrimati Nandarani
Das, Shri Ananda Gopal
Das, Shri Bidhyut Kumar
Das, Shri Nirmal
Das, Shri Pushpa Chandra
Deb, Shri Rabin
Dey (Bose), Shrimati Ibha
Dhar, Shri Padmanidhi
Dutta, Shri Binoy
Dutta, Shri Gurupada
Gayen, Shri Nripen
Ghosh, Shri Biren
Ghosh, Shri Rabindra
Ghosh, Shri Sunil, Kumar
Giri, Shri Ashoke
Goswami, Shri Subhas
Hafiz Alam Sairani, Shri

Hembram, Srimati Deblina
Hembaram, Shri Jadu
Id, Mohammed, Shri
Kabi, Shri Pelab
Khanra, Shri Saktipada
Kisku, Shri Lakshiram
Kundu, Shri Ranjit
Mahammad Hannan, Shri
Mahata Shri Khagendra Nath
Mal, Shri Nimai
Malik, Shri Shiba Prasad
Mallik, Shrimati Sadhana
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Prabhanjan
Mandal, Shri Ramchandra
Md. Yakub, Shri
Mehbub Mondal, Shri
Mehta, Shri Nishikanta
Mistry, Shri Bimal
Mitra, Shri Biswanath
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Rabindranath
Mostafa Bin Quasem, Shri
Mozammel Haque, Shri
Mozammel, Haque, Shri
Mukherjee, Shrimati Mamata
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Pratyush
Mursalin Molla, Shri
Naskar, Shri Sankar Sharan
Nath, Shri Madanmohan
Paik, Shri Nikunja
Pandey Shri Ajit
Ray, Shri Dwijendra Nath
Routh, Shri Dibakanta
Roy, Shri Narmada Chandra
Roy, Shri Ramesh
Saha, Shri Kripa Sindhu
Saha, Dr. Tapati
Samanta, Shri Rampada
Saren, Shri Subhas Chandra

Saresh, Shri Ankura
Sengupta (Bose), Shrimati Kamal
Sinha, Dr. Nirmal
Zamadar, Shri Badal

**AYES**

Abdul Mannan, Shri
Abdus Salam Munshi, Shri
Abu Hena, Shri
Abu Sufian Sarkar, Shri
Bhattacharjee, Shri Sudhir
Biswas, Shri Shashanka Shekhor
Chakraborty, Shri Gautam
Chattopadhyay, Shri Shobhandeb
Das, Shri Pulak Chandra
Das, Shri Sailaja Kumar
Deb, Shri Ashoke Kumar
Dey, Shri Ajoy
Ghosh, Shri Nirmal
Goswami, Shri Mihir
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Lahiri, Shri Jatu
Mainul Haque, Shri
Mal, Shri Asit Kumar
Manjhi, Shri Ramjanam
Mondal, Shri Ramprabesh
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Kamal
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Paul, Shri Paresh
Roy, Shri Saugata
Roy, Shri Tapas
Sardar, Shri Sital Kumar
Singha, Shri Sankar
Sinha, Shri Atish Chandra
Sk. Daulat Ali, Shri

AYES being - 32; and NOES - 74

The motions were then lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 35,95,88,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads: "2220-Information and Publicity, 4220-Capital Outlay on Information and Publicity and 6220-Loans for Information and Publicity" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 11,86,64,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

## Discussion and Voting on Demand for Grant

## Demand No. 57

**Mr. Deputy Speaker :** There are 21 cut motions to demand no. 57. All the cut motions are in order and Members may now move their motions.

Shri Saugata Roy
Shri Nirmal Ghosh
Shri Ashok Kumar Deb
Shri Shashanka Shekhor Biswas
Shri Ramjanam Majhi
Shri Kamal Mukherjee

Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-.

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রদ্ধেয় ভক্তিদা তিনি পুরনো মানুষ। বহু সংগ্রামের নায়ক। তিনি এই রাজ্যের সমবায়ের মত একটা গুরুত্বপূর্ণ দপ্তরের দায়িত্ব কাঁধে তুলে নিয়েছেন চালাবার জন্য। তাই তাঁর কাছে এই রাজ্যের সমবায় আন্দোলনের সাথে যুক্ত মানুষের প্রত্যাশা অনেক বেশী ছিল। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের উপসংহারের বক্তৃতাটুকু পড়ে গুটি কয়েক কথা তার উপর আলোচনা করতে চাই। তিনি বাজেট বক্তৃতার শেষ অংশে নিবেদন করেছেন পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলন সন্দেহাতীতভাবে গ্রামীণ অর্থনীতির ক্ষেত্রে বৈশিষ্ট্যপূর্ণ পরিবর্তন সাধন সমবায়ের মাধ্যমে গ্রহণ করে সমাজের দুর্বলতর শ্রেণীর উন্নত জীবনযাত্রায় পথ দেখাবে। এই কথাগুলো তাঁর বাজেট বক্তৃতার অন্তিম লগ্নে এসে তিনি প্রকাশ করেছেন। আমিও তাঁকে বলতে চাই, আপনার কাছেও আমাদের অনেক প্রত্যাশা ছিল কিন্তু আমি আপনাকে বলতে চাই সমবায় আন্দোলন শুধু এই রাজ্যে থমকে দাঁড়ায় নি, এই আন্দোলন শেষ হয়ে যাবার মুখে এসে দাঁড়িয়েছে। কেন এই কথা বলছি। এটা আপনি, আপনার প্রিডিসেশররা যে সমবায় বাজেট উত্থাপন করেছেন গতানুগতিকভাবে। তার পরের কথা হচ্ছে সার্বজনীন সদস্যভুক্তি প্রকল্প, মাননীয় মন্ত্রীমহাশয়, যদি আপনি পুরনো বাজেট বক্তৃতা দেখেন আর এবারের বাজেট বক্তৃতায় কি বলছেন, ৯৭-৯৮ সালে দেখা যাচ্ছে, "আমরা ১০ লক্ষ ৮৪ হাজার স্বল্পবিত্ত মানুষকে সরকার সাহায্য দিয়ে, অনুদান দিয়ে সদস্যভুক্ত করেছেন।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনারা ঠিকই বলেছেন। দু তিনজন মন্ত্রী থাকা উচিত। আমি প্রবোধবাবুকে ডেকে পাঠিয়েছি। তিনি আসলে ব্যাপারটা দেখা হবে।

(হই—চই)

[4.10–4.20 p.m.]

**শ্রী তাপস রায় ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** পরে বলবেন তাপস বাবু, আগে বুদ্ধদেববাবু কিছু বলবেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** স্যার, আমাদের উপস্থিত থাকা উচিত ছিল। কিন্তু মানদন্ড এক দিকে হয় না। যখন আমার বাজেট শুরু হয়েছিল তখন ওঁদের একজন উপস্থিত ছিল না। তার দু মিনিট পরে মান্নান সাহেব এবং তিন মিনিট পরে সুব্রত মুখার্জী এলেন। আমরা তখন কিন্তু চিৎকার করি নি। আর বিরোধী দলের নেতা এলেন ভোটের সময়। আমরা না থাকলে ওঁরা চেঁচাবেন, আর ওঁরা না থাকলে আমরা কি করবো?

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে গুরুত্বপূর্ণ আলোচনা চলছে অথচ সভায় এক জনের বেশী কোন মন্ত্রী নেই। এখানে বুদ্ধদেববাবু বললেন যে ওঁনার বাজেট শুরু হয়েছিল তখন আমরা কেউ ছিলাম না। তখন আমাদের C.L.P-র একটি জরুরী সভা চলছিল। আরেকটা কথা, এখানে আমাদের সরকারকে কো-অপারেশান করার কথা বলা হয়েছে। কিন্তু কো-অপারেশান মন্ত্রী তিনি একজন অশীতিপর বৃদ্ধ মানুষ অথচ তাঁকে আপনাদের কেউ কো-অপারেশান করছেন না।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** এটা কোন পয়েন্ট অফ অর্ডার নয়, তাপসবাবু আপনি বসুন।

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলছিলাম মাননীয় মন্ত্রী ইউনিভার্স্যাল মেম্বারের কথা বলতে গিয়ে বলেছেন ১৯৯৮-৯৯ সালে যে টাকা ব্যয় ধরা হয়েছিল তাতে ১৯৯৭-৯৮ সালের জন্য ১০ লক্ষ ৮৪ হাজার সদস্যভূক্ত করতে পেরেছেন। আমি ভক্তিবাবুকে বলি আপনার অফিসাররা এবং আপনার আগে যিনি মন্ত্রী ছিলেন তিনি তাঁর বাজেটে বলেছিলেন ১২ লক্ষের বেশী মানুষকে ইউনিভার্স্যাল মেম্বারশিপ-এর আওতায় আনা গেছে। আমি জানি এটা কমে গেছে, না বাদ দেওয়া হয়েছে। এটা আপনি আপনার জবাবী ভাষণে বলবেন। সত্যি করে আপনি কি উদ্দেশ্যে তাদের সদস্য করছেন। গ্রামীন কৃষি ঋণ দান সমিতিতে গ্রামের ছোট ছোট সমিতি গুলির জন্য সদস্য সংখ্যা বাড়ানোই কি আপনাদের উদ্দেশ্য। যাদের সদস্য করেছেন তারা ভূমিহীন মানুষ এবং স্বল্পবিত্ত মানুষ অথচ তাদের ঋণ দান সমিতি থেকে লোন নেওয়ার জন্য সেখানে তাদের বিশেষ সুযোগসুবিধার ব্যবস্থা আছে কি?

এই সমবায়ের ব্যয়-বরাদ্দের আলোচনায় বলতে উঠে যে কথা সদস্যকরণের পরে আপনি আপনার বাজেটে বলার চেষ্টা করেছেন তা হচ্ছে, প্রত্যেক সমবায় কৃ যি ঋণ-দান সমিতিগুলোকে শক্তিশালী করবেন। কি ভাবে করেছেন? তার অবস্থা কি? আপনি একটা সংখ্যা দিয়েছেন— ৬,৬০১-টা 'প্যাক্স' আছে। কিন্তু কতগুলো 'প্যাক্স' ইন অ্যাকশন, ইন ওপারেটিভ, কাট-অফ হয়ে

গেছে? কেন হয়ে গেছে? তার কারণ কি? যেখানে স্বল্প-মেয়াদী ঋণ ১৯৯৮-৯৯ সালের বাজেটে ধরেছিলেন ২৩০ কোটি টাকা সেখানে আপনি কত খরচ করতে পেরেছেন? ১৭৭ কোটি ১ লক্ষ টাকা আপনি খরচ করতে পেরেছেন। অর্থাৎ, সোজাসুজিভাবে যে 'প্যাক্স'-গুলো আসলে সমবায় আন্দোলনের ভিত্তি, সমবায় আন্দোলনের বেস, যেখানে স্বল্পবিত্ত, মধ্যবিত্ত চাষী, পাট্টাদারের জীবন-জীবিকা জড়িত আছে সেখানে স্বল্পবিত্ত ঋণ ১৯৯৮-৯৯ সালের জন্য ২৩০ কোটি টাকার মধ্যে ১৭৭ কোটি ১ লক্ষ টাকার দাঁদন করতে পেরেছেন, এর বেশী পারেন নি। কারণ কি? সেই কারণ আজকে আপনাকে বলতে হবে।

আবার শুধু দাঁদন দিলেই হবে না আদায় করার ব্যাপারও আছে। সেই আদায়ের ক্ষেত্রে আজকে অবস্থাটা কি? এখানে স্বল্প-মেয়াদী ঋণ আদায়ের একটা চিত্র আমি দেবার চেষ্টা করছি। দেখা যাচ্ছে ৩১.১২.৯৮ তারিখ পর্যন্ত ২৬.৭৬ শতাংশ আদায় করতে পেরেছেন। এটা হতাশাব্যঞ্জক, নৈরাশ্যজনক ব্যাপার। এর মধ্যে দিয়ে আবার সমবায় আন্দোলনের ছত্রে ছত্রে আপনাদের বিরাট কৃতিত্ব, আপনাদের নাকি উজ্জ্বল ভবিষ্যৎ এবং তার জন্য আপনি প্রশংসার দাবী করেছেন। কি করে আপনি করতে পারেন? তাহলে আজকে সমবায় আন্দোলনের অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে?

আজকে আপনাদের যে 'এপেক্স সোসাইটি'গুলো আছে তার অবস্থাটা কি? সেই 'এপেক্স সোসাইটি'গুলোতে কোন না কোন নেতা, কেউ হয়তো নির্বাচনে হেরে গেলেন তাকে সেখানে চেয়ারম্যান করে বসিয়ে দিলেন। আবার হয়তো সন্তুষ্ট করবার জন্য বড় শরিকদের বহু নেতাকে গর্ভনমেন্ট মনোনয়ন দিয়ে এই জায়গায় বসাতে হয়েছে। যদিও আমরা মনে করি, এই রাজ্য শুধু নয় সারা ভারতবর্ষের সমবায় আন্দোলন একটা বে-সরকারী আন্দোলন।

আজকে গ্রামের কৃষি ঋনদান সমিতি ভালো কাজ করছে, আপনার সমবায় দপ্তরের সুনাম আছে, খুব আছে। সেই বে-সরকারী আন্দোলনের ক্ষেত্রে আপনার দপ্তর হাতে-নাতে কিছু করে না। আপনার দপ্তর বরং এই বে-সরকারী আন্দোলনের ক্ষেত্রে প্রতিটি দিকে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। আপনাদের কাছে আমরা বহুবার আবেদন করেছি, আপনার আগে যিনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন, শ্রীসরল দেব মহাশয়ের কাছে ১৯৯৬ সাল পর্যন্ত বলেছি এবং তার অনেক আগে থেকে আলোচনা চলছে যে গোটা পৃথিবী জুড়ে আন্তর্জাতিক এবং জাতীয় স্তরে একটা অর্থনৈতিক সিনারিও যখন বদলে গেল তখন সেই চেঞ্জড সিনারিওতে দাঁড়িয়ে সমবায় আন্দোলনকে, সমবায় ব্যবস্থাকে একটা হাতিয়ার করে আমরা সাধারণ মানুষের জীবন এবং অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে একটা চেষ্টা করতে পারি।

[4.20–4.30 p.m.]

আমরা সাধারণ মানুষের জীবন এবং তার বিকাশের ক্ষেত্রে একটা বিশেষ ভূমিকা পালন করতে পারি। কিন্তু কেমন করে হবে? আপনাদের যে সমবায় এ্যাক্ট তৈরী হয়েছিল সেটা আজকে প্রায় দেড় শতক পেরিয়ে গেছে। এই আইন এখন ভোঁতা হয়ে গেছে। এই আইন অপ্রাসঙ্গিক হয়ে গেছে, অচল হয়ে গেছে। কিন্তু এর আগে মাননীয় সরল দেব মহাশয় সমবায়

মন্ত্রী ছিলেন। তিনি বিধানসভায় দাঁড়িয়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, 'আমরা খুব শীঘ্রই এই আইনের বদল করব'। আপনার সাথে আমার ব্যক্তিগত ভাবে বহুবার কথা হয়েছে। আমরা যারা সমবায়ের বিভিন্ন দায়িত্বশীল পদে ব্রতী আছি এবং সমবায় আন্দোলনের মধ্যে দিয়ে আর্থিক, সামাজিক বিকাশের ক্ষেত্রে একটা ভূমিকা পালন করার চেষ্টা করছি আমরা জানি যে আপনাদের অবহেলা এবং উপেক্ষা এই দপ্তরের প্রতি এবং এই সমবায় আন্দোলনের প্রতি আছে। তাই আজকে মাননীয় মন্ত্রীর কাছ থেকে স্পষ্ট ভাবে জবাব চাই যে, আপনাদের গড়িমসির জন্য, আপনাদের আন্তরিকতা না থাকার জন্য এই রাজ্যের সমবায় আন্দোলন ব্যাহত হচ্ছে। যে মানুষগুলো দিন-রাত সমবায়ের মাধ্যমে কাজ করার চেষ্টা করছেন তাদের জন্য আপনি আশা-ব্যঞ্জক কিছু করবেন কিনা সে ব্যাপারে আপনার জবাবী ভাষণে স্পষ্ট উত্তর চাই। আপনি গত সেশনে কথা দিয়েছিলেন যে. এই অধিবেশনের মধ্যে আপনি গোটা খোলনলচে বদলে ফেলবেন এবং সমবায়ের এ্যাক্টস এন্ড রুলস্ চেঞ্জ করবেন। কিন্তু এগুলো আপনি চেঞ্জ করবেন কিনা জানি না। বিভিন্ন জায়গায় সমবায়ের যে প্রতিষ্ঠান আছে সেখানে গভর্ণমেন্ট নমিনি অর্থাৎ সরকার মনোনীত করা সদস্য থাকেন। ৬ মাস পর পর সেই সদস্য পালটান। মাননীয় ভক্তিবাবু, আপনি গণতান্ত্রিক আন্দোলনের কথা বলেন, আজকে যে গণতান্ত্রিক ব্যবস্থার কথা আপনি বলেন, গণতান্ত্রিক আন্দোলনের সঙ্গে আপনি দীর্ঘ দিন ধরে জড়িত আছেন, আমরাও দীর্ঘদিন ধরে সমবায় আন্দোলনের মধ্যে আছি, সেজন্য আমরা এই নিয়ে বলছি যে আপনি অ্যাক্ট ৩৮ নম্বর ধারা বদল করুন। (এখানে মাইক অফ হয়ে যায়।)

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** হাউসে তখন মন্ত্রী ছিলেন না বলে গন্ডগোল হচ্ছিল, সেজন্য এখন কিছুটা সময় দিতে হবে।

**মিঃ চেয়ারম্যান ঃ** মিঃ ডেপুটি স্পিকার যে ভাবে এখানে লিখে গেছেন আমি তার বাইরে যেতে পারব না। ঠিক আছে ৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, মুর্শিদাবাদ জেলার এক মুসলিম ভদ্রমহিলা আপনাকে একটা চিঠি দিয়েছেন এবং তার কপি আমার কাছেও পাঠিয়েছেন। তাঁর স্বামী সমবায় তথা বেনফেডে চাকরি করতেন। ওখানে ৬৫ লক্ষ টাকার একটা সার কেলেঙ্কারি হয়েছিল এবং তাঁকে তদন্ত করতে দেওয়া হয়েছিল। তাঁর সঙ্গে এমনই নগ্ন রাজনীতি করা হয়েছিল—ওখানে আপনাদের বড় শরিকের যে ইউনিয়ন আছে তার তিনি সদস্য নন বলে তাঁকে সাসপেন্ড করা হয়েছিল। তারপর এন্‌কোয়ারী কমিটি হয় এবং তাঁকে বেকসুর খালাস করে দেওয়া হয়। কিন্তু রাজনৈতিক কারণে তাঁর ওপর থেকে সেই সাসপেন্‌শন্ তুলে নেওয়া হয় না। মহিলার নাম সোনালি বেগম, তাঁর স্বামীর নাম পরিরোখ হোসেন। কয়েক দিন আগে তিনি যে চিঠি আপনার কাছে পাঠিয়েছেন, সেই চিঠির কপি আমার কাছেও এসেছে। আমি আশা করব ব্যাপারটা আপনি জুডিসিয়াসলি দেখে তাঁর সাসপেন্‌শন্ প্রত্যাহার করে নিয়ে একটা সংসারকে বাঁচার সুযোগ করে দেবেন। এন্‌কোয়ারী কমিটি তাঁকে ইতিমধ্যেই অ্যাকুইটেড করেছে। আমি সেই রিপোর্ট সংগ্রহ করেছি, কিন্তু এখানে পড়ে সময় নষ্ট করতে চাই না। কেন্দ্রীয় মন্ত্রী চৌধুরী ব্রহ্ম প্রকাশ ১৯৯১ সালে যে মডেল অ্যাক্ট করে গেছেন, আজ ১৯৯৯, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে সেই মডেল অ্যাক্ট চালু হয়ে গেছে, কিন্তু আপনারা প্রগতিশীল বামপন্থী মন্ত্রী হয়ে বিগত ৮ বছরের

মধ্যে সেই মডেল অ্যাক্ট চালু করতে পারলেন না। এই যদি অবস্থা হয় তাহলে এ রাজ্যে কি করে সমবায় আন্দোলন চলবে? চলতে পারে না। তাই তো দেখা যাচ্ছে সারা ভারতবর্ষে ১৪৫০-টি আর্বান কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে। অথচ আমাদের রাজ্যে মাত্র ৫০টি। আমাদের রাজ্যে ৮-টি জেলা আছে, যে জেলাগুলির শহরাঞ্চলেও কোন সমবায় ব্যাঙ্ক নেই। এর পরেও মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলবেন আন্দোলন চলছে? আমাদের রাজ্যে একটা সুযোগ ছিল, পরিকল্পনা নেওয়া হয়েছিল—ধীরে ধীরে সমস্ত প্যাক্সগুলোকে বি. ডি. পি.-র আন্ডারে আনা হবে, গভর্ণমেন্ট থেকে সেই ব্যাপারে সহযোগিতা করবে। কোথায় সেই ব্যাপার? কোন উদ্যোগ নেই। সমবায় কর্মচারীদের বেতনের বিষয়ে সমবায় মন্ত্রী এবং অর্থমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন—সমবায় কর্মচারীদের আইনের ব্যবস্থা করবেন। তারা কোথাকার কর্মচারী? তারা রাজ্য সরকারের কর্মচারী, আপনাদের দপ্তরের কর্মচারী। তাদের ৬০ : ৪৮ দেওয়া হবে বলেছিলেন। শত শত কর্মচারী গত তিন মাস আগে এখানে রাজভবনে এবং বিধানসভায় এসেছিল, আন্দোলন করেছে, অনশন করেছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নিজেকে একজন প্রগতিবাদী মানুষ হিসাবে দাবি করেন—সেই সমস্ত কর্মচারীরা, যারা দিন রাত পরিশ্রম করে সমবায়ের অফিসের শাখাগুলি চালু রাখে, সাধারণ মানুষকে দাদন দেয়, দাদন আদায় করে প্রতিনিয়ত ৬০০ টাকা বেতনের বিনিময়ে কাজ করে। আপনাদের হাত কোথায় তাদের ক্ষেত্রে প্রসারিত হচ্ছে? কাজেই ১৯৮০ সালে যে অ্যাক্ট তৈরী হয়েছিল—অ্যাক্ট, ৩৫, তাতে বলা হয়েছিল একটা সময়-সীমার মধ্যে ইলেকশন অথরিটি তৈরী করবেন। ১৯৮৩ সাল থেকে আজ ১৯৯৯ সাল হয়ে গেল, কোথায় সেই ইলেকশন অথরিটি? মাননীয় মন্ত্রী মহাশয়, অথচ আপনি আপনার বক্তৃতার ছত্রে ছত্রে বলেছেন—আমাদের সমবায় আন্দোলন এ রাজ্যে মানুষের মনে আশা জুগিয়েছে। যা কিছু কাজ হচ্ছে তা ঐ নীচের তলার কিছু সমবায় সমিতিতে এবং কিছু ব্যাঙ্কে। তারাও আপনার দপ্তর থেকে সহযোগিতা পাচ্ছে না। অডিট ফি ১০ লক্ষ টাকা ওয়ার্কিং ক্যাপিটলের ক্ষেত্রে ৫ হাজার টাকা করেছেন এবং তার নীচে ৫০০ টাকা করেছেন। এই নিয়ে কত দরবার হয়েছে আপনার দপ্তরের কাছে, আপনার কাছে। আপনি এই সমস্যার সমাধান করবেন বলেছিলেন, প্রতিকার করবেন বলেছিলেন, কিন্তু করেন নি।

এই সমবায় বাজেটের উপর বক্তৃতা শেষ করার আগে আমি এই কথা বলতে চাই, ১৯৮৩ সালের আইনের ৮৭-র ধারা, এই ধারা এবং আইনের পরিবর্তন করে এই রাজ্যের সমবায় আন্দোলন এবং সমবায়ীদের সমবায় আন্দোলনকে জোরদার করতে সাহায্য করুন। কিন্তু এতদিনেও সেই কাজ আপনি করতে পারেননি বলে এই সমবায় বাজেটের ব্যয়-বরাদ্দকে আমি বিরোধিতা করি এবং আমাদের পক্ষ থেকে যে সব ছাঁটাই প্রস্তাব দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.30–4.40 p.m.]

**শ্রী নারায়ণ মুখার্জী ঃ** স্যার, মাননীয় সমবায় বিভাগের মন্ত্রীমহাশয় এখানে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। এর আগে মাননীয় সদস্য শ্রী শৈলজা দাস মহাশয় কতগুলি ভুল তথ্য দিয়ে গেলেন। উনি বললেন, ১৯৯৩-৯৪ সালের যা বাজেট বরাদ্দ তার চাইতে এখন বাজেট বরাদ্দ নাকি কম। উনি এটা

কোথা থেকে পেলেন? এবারে বাজেট বরাদ্দ দেখছি, ৬৮ কোটি ১০ লক্ষ ৭৭ হাজার টাকা আর ১৯৯৩-৯৪ সালে ছিল ৪৪ কোটি ২৭ লক্ষ ৪৮ হাজার টাকা। সুতরাং কোন্‌টা বেশী? এটা ঠিক কথা, সমবায় আন্দোলন স্বাধীনতার অব্যবহিত পরেই আমাদের রাজ্যে তথা পশ্চিমবাংলায় আন্দোলন হিসাবে গড়ে ওঠেনি। তখন আমরা দেখেছিলাম, কংগ্রেসের কিছু নেতা, কিছু এম. এল. এ., কিছু এম. পি. তাদের পিছনে ঘুর-ঘুর করতো একদল মানুষ লাইসেন্স এবং পারমিট নেবার জন্য আর অনুমতিপত্র নেবার জন্য। সমবায় আন্দোলনের যে উদ্দেশ্য, যে লক্ষ্য সেই লক্ষ্য ভ্রষ্ট হয়ে গেছে, সেই উদ্দেশ্য ব্যাহত হয়ে গেছে। কিছু সুবিধাভোগী মানুষ, কিছু স্বার্থপর মানুষ সমবায় আন্দোলনের নামে ব্যবসা ফেঁদে ছিল। এখনো পর্যন্ত তার কিছু লোক অবশিষ্ট আছে। আমাদের এদিকে যারা বসে আছেন অর্থাৎ ট্রেজারী বেঞ্চের দিকে — আমার ব্যক্তিগত উপলব্ধি — আমরা বামপন্থীরাও সব সময়ে এই সমবায়ের সুযোগ গ্রহণ করতে পারি না, সমবায়কে আন্দোলন হিসাবে গ্রহণ করে দুর্বলতর শ্রেণীর মানুষকে সংগঠিত করে সমবায়েতে অর্ন্তভুক্তিকরণ সেটা করতে পারিনি। তা সত্ত্বেও এই সমবায় আন্দোলন ১৯৭৭-৭৮ সালে বামফ্রন্ট সরকার গঠিত হবার পর কিছুটা রূপ পেয়ে আন্দোলন হিসাবে দেখার চেষ্টা চলেছে এবং সাফল্যের সঙ্গে আমরা কিছুটা এগুতে পেরেছি। মাননীয় সদস্য শ্রী শৈলজা কুমার দাস যেটা বললেন সেটা ভুল তথ্য দিলেন। ১৯৯৫-৯৬ সালে এই রাজ্যে মোট সমবায়ীর সদস্য সংখ্যা ছিল ৪.৬১ লক্ষ। আর বর্তমানে এই সদস্য সংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছে ৬৬ লক্ষেরও বেশী। অথচ উনি ভুল তথ্য দিয়ে গেলেন। স্বল্প সার্বজনীন সদস্যভুক্তি প্রকল্পে বর্তমানে এই রাজ্যে কৃষি ঋণদান সমিতিগুলির মোট সদস্য ৩৬ লক্ষ, যার প্রায় ৮০ শতাংশ সদস্য ক্ষুদ্র ও প্রান্তিক চাষী। স্বল্প-মেয়াদী ঋণদানের ক্ষেত্রে আমাদের রাজ্য খুবই গুরুত্বপূর্ণ, যেহেতু আমাদের মূল অর্থনীতির ভিত্তি কৃষির উপর সেইজন্য কৃষিক্ষেত্রে স্বল্প-মেয়াদী ঋণ-দান প্রকল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ।

১৯৭৫/৭৬ সালে এই খাতে বিনিয়োগ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৫১.০৫ কোটি টাকা ও ৩৮.৮০ কোটি টাকা আর ১৯৯৫/৯৬ সালে এই খাতে বিনিয়োগ ও আদায়ের পরিমাণ বেড়ে হয়েছে যথাক্রমে ১৬৭.৯৭ কোটি টাকা ও ৬৯.০৫ কোটি টাকা। শৈলজাবাবু এখানে সমস্ত ভুল তথ্য দিয়ে গেলেন। তারপর দীর্ঘমেয়াদী ঋণ দান প্রকল্প বিগত ২২ বছরে এ রাজ্যে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। ১৯৭৫/৭৬ সালে এখানে এই দীর্ঘমেয়াদী ঋন দান-এর ক্ষেত্রে বিনিয়োগ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৮.০৬ কোটি ও ৬.০৮ কোটি টাকা, ১৯৯৫/৯৬ সালে সেটা বেড়ে হয়েছে যথাক্রমে ৪০.২০ কোটি টাকা ও ২৪.১২ কোটি টাকা। তারপর আমাদের এই রাজ্যে ক্রেতা সমবায় প্রকল্প যথেষ্ট অগ্রগতি ঘটেছে এবং এ ক্ষেত্রে আমরা সাফল্যের সঙ্গে এগিয়ে যেতে পেরেছি। কংগ্রেসের আমলে নামমাত্র মানুষ এর সুবিধা ভোগ করতেন কিন্তু এখন সাধারণ মানুষের স্বার্থে ও এই প্রকল্পকে আমরা অনেকটা এগিয়ে নিয়ে যেতে পেরেছি। এ রাজ্যে শহর ও গ্রামাঞ্চলে বিভিন্ন ধরণের ভোগ্যপণ্য বিতরণের জন্য বিশাল ও সুবিন্যস্ত পরিকাঠামো রয়েছে। বর্তমানে এই রাজ্যে ক্রেতা সমবায় সংঘ (কনফেড) সহ ৩১টি পাইকারী ক্রেতা সমবায় সমিতি ও ৭৫০টি প্রাথমিক ক্রেতা সমবায় সমিতি ব্যাঙ্ক পরিকাঠামোর মাধ্যমে ন্যায্যমূল্যে ভোগ্যপণ্য বিক্রয়ের ব্যবস্থা করেছে। আগে এসব ছিল না। ১৯৭৫/৭৬ সালে ক্রেতা সমবায় সমিতিগুলির মাধ্যমে যেখানে ৭২.৮০ কোটি টাকা মূল্যের ভোগ্যপণ্য সরবরাহের কাজ করা হয়েছিল ১৯৯৫/৯৬ সালে ক্রেতা সমবায় সমিতিগুলির মাধ্যমে

প্রায় ৪০০ কোটি টাকার ভোগ্যপণ্য সরবরাহ করা হয়েছে। এর থেকে প্রমাণিত হয় যে সমবায় আন্দোলন এ রাজ্যে কংগ্রেসের আমলের চেয়ে আমাদের আমলে অনেক শক্তিশালী হয়েছে। ওরা ৭১/৭২ সালের কথা বললেই চিৎকার করেন। কংগ্রেস আমলে আমরা কি দেখেছি? আমরা দেখেছি সেই সময় মুষ্টিমেয় কিছু কায়েমী স্বার্থের মানুষ এই সমবায়ের সুবিধাগুলি ভোগ করতো এবং তা করে তারা বাড়ী, গাড়ী করতো আর অপর দিকে লক্ষ লক্ষ দরিদ্র মানুষ তারা বঞ্চিত থাকতো। তাদের দিয়ে সই করিয়ে নিয়ে কংগ্রেসের কিছু নেতা সুবিধাগুলি ভোগ করতো, তারা কিছুই জানতে পারতো না। আজকে কিন্তু সেই অবস্থার পরিবর্তন ঘটেছে এবং সমবায় আজ দরিদ্র মানুষদের কল্যাণে কাজ করে চলেছে। এ তো গেল সাফল্যের দিক, আবার কিছু কিছু ত্রুটিও আছে যার প্রতি আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে সেগুলি দুর করতে বলব। যেমন সমবায়ের যে ট্রাইব্যুনাল আছে তার কাজে গতি আনা দরকার। তারপর পত্রিকার মাধ্যমে যে আমরা জেনেছি যে কেরল রাজ্য সমবায়ের ব্যাপারে কিছু পরিকল্পনা করার চেষ্টা করছেন এবং সমবায় আইন বদলাতে চাইছেন। সেখানে সমবায় নির্বাচন কমিশন গঠন, সমবায় হিসাব পরীক্ষা কমিশন গঠন, সমবায়গুলির জন্য রিক্রুটমেন্ট বোর্ড গঠন ইত্যাদি ইত্যাদি বিষয় আছে। এসব নিয়ে বিতর্ক আছে, সবগুলি ঠিক আমি তা বলছি না। এ ক্ষেত্রেও আমি বলতে চাই সমবায়ের সঙ্গে যুক্ত যে সব অফিসার তাদের সমবায়মুখী করা দরকার এবং তাদের কিছু প্রশিক্ষণ থাকা দরকার, কিছু সততা থাকা দরকার। সততা আছে। কিন্তু আরও কিছু নিয়ন্ত্রণ থাকা দরকার। সে ক্ষেত্রেও কেরল সরকার যে বিলটা এনেছেন সেটা আমাদের এখানে উপযোগী কিনা বা ঐ ধরণের আইন আমাদের এখানে করা উচিত কিনা সেটা মাননীয় মন্ত্রীমহাশয়কে ভেবে দেখতে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.40–4.50 p.m.]

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, মাননীয় সমবায় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের মঞ্জুরী চেয়েছেন আমি তার বিরোধিতা করছি। এখানে শাসক দলের বন্ধুরা বলছিলেন, রাজ্যে স্বল্পমেয়াদী ঋণদানের অগ্রগতি হয়েছে। স্বল্পমেয়াদী ঋণটাই তো কৃষকদের সবচেয়ে উপযোগী। কিন্তু আপনি যে হিসেব দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি, আপনাদের আদায় হয়েছে ২৭১ কোটি টাকার মধ্যে ৭৪ কোটি ১৫ লক্ষ টাকা, অর্থাৎ পারসেন্টেজে দাঁড়ায় ২৬.৭৬। সমবায় আন্দোলন হচ্ছে গ্রামীন জীবনের ক্ষেত্রে সবচেয়ে বড় আন্দোলন, কিন্তু পশ্চিমবঙ্গে সত্যিকারের সেই সমবায় আন্দোলনের বিশেষ অগ্রণী ভূমিকা দেখতে পাচ্ছি না। যে সমবায়ের মাধ্যমে গ্রামবাংলার গরীব প্রান্তিক চাষীদের আর্থ-সামাজিক ক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়া যায় সেই সমবায় সমিতি আজও আমরা তৈরী করতে পারলাম না। আপনার রিপোর্ট বলছে, রাজ্যে ৬,৬০০টি প্রাথমিক কৃষি ঋণদান সমিতি হয়েছে। কিন্তু জানবেন, রিপোর্টটা সত্য নয়। আজকে গ্রামে ভায়াবেল সোসাইটির দারুণ অভাব। ভায়াবেল সোসাইটি সম্পর্কে আপনার দপ্তরের অফিসারদের জিজ্ঞাসা করলেই বুঝতে পারবেন, গ্রামবাংলায় সমবায় ঋণদান সমিতির মাধ্যমে যে লড়াই চলছে তাতে কিন্তু ভায়াবেল সোসাইটির সংখ্যা অত্যন্ত কম। অর্থাৎ এখানে সমবায় আন্দোলনের নামে একটা হ্যান্ডিক্যাপড় আন্দোলন চলছে। যদিও আপনারা চিৎকার করে বলেন যে, ১৯৯১ থেকে ১৯৭৭ পর্যন্ত সময়ে আমরা কিছুই করিনি, কিন্তু তখন সমবায় সম্পর্কে মানুষের মধ্যে একটা

উৎসাহ ছিল। আজকে কিন্তু সমবায় আন্দোলন মানুষকে সেভাবে নাড়া দেয় না। একটা কথা বুকে হাত দিয়ে বলুন তো — যেটা সবচেয়ে বড় ক্রাইটিরিয়া হয়ে দাঁড়িয়েছে — আজকে টাকা পয়সার ক্ষেত্রে যে ইমব্যালান্স সেটা কি দূর করতে পেরেছেন? আপনি বলেছেন, ৩৫ কোটি টাকা রেখেছেন। কিন্তু ৩৫ কোটি টাকা থাকা সত্ত্বেও কেন ঠিক সময়ে চাষী টাকা পাচ্ছেন না? তারা ঋণের টাকা পাচ্ছেন না, ফলে টাকা পরিশোধের ক্ষেত্রেও তদের গরিমসি। তার জন্য আমি আপনার বাজেটের বিরোধিতা করছি। আমি বিনয়ের সঙ্গে বলছি, আপনি এই ইমব্যালান্স সিস্টেম দূর করবার চেষ্টা করুন। এটা করলে গ্রামবাংলায় সমবায় আন্দোলন আবার মাথা তুলে দাঁড়াতে পারবে। চাষী ঠিক সময়ে ঋণের টাকা পেলে সেটা শোধও করতে পারবেন। আপনি বলেছেন, কনফেডারেশানের মাধ্যমে বেশ কিছু কাজ করতে পেরেছেন। কিন্তু বর্তমানে কনফেড আপনাদের দলীয় আখড়ায় পরিণত হয়েছে। অথচ এর একটা মহান ভূমিকা ছিল। ন্যায্যমূল্যের দোকানগুলি থেকে দারিদ্র্যসীমায় নীচে বাস করা মানুষেরা কিছু পাচ্ছেন না। তারা সমবায় সমিতির মাধ্যমে অনেক কিছুই পায় না। এবং সেখানে আমাদের জেলার মাধ্যমে অথবা সাধারণ স্তরে যে সব জায়গায় এসব দোকানগুলো আছে সেখান থেকে যে মালমশলা বিশেষ করে ভাল থেকে আরম্ভ করে বিভিন্ন ভোগ্যপণ্য যেগুলো দেওয়া হয় তাতে যা রিপোর্ট দিয়েছেন এবং বাজেট বক্তব্য পেশ করেছেন তার কোন ক্লিয়ার পিকচার আপনি দিতে পারেন নি। সেখানে আপনার দপ্তর সম্পূর্ণ ব্যর্থ। আপনার এই কো-অপারেটিভ সোসাইটিগুলোতে দুর্নীর্তির আখড়া চলে। আজকে শৈলজাবাবু যে বললেন খবরের কাগজে বেরিয়েছে ৬৫ লক্ষ টাকার সার্কিলিংয়ের যে হিসাব সেটা পাওয়া যায় নি এবং কোথায় গরমিল রয়ে গেছে। এবং তার জন্য রিপোর্টের ভিত্তিতে যাদের সাসপেনশান করা হল তাদের কোন দোষ নেই। অথচ তাদের চাকুরী চলে গেল। অথচ যারা আপনার দুর্নীতিগ্রস্ত অফিসার তাদের শাস্তি হল না। যারা দুর্নীতি করেন নি, তারাই আজকে দুর্নীতির শিকার হচ্ছে। সেইজন্য বলব আপনার কনফেডকে নতুনভাবে দেখবার চেষ্টা করুন এবং দলীয় আখরা থেকে মুক্ত করবার চেষ্টা করুন। তারপরে ক্রেতা সমবায়ের কথা বলতে গিয়ে ন্যায্য মূল্যে ভোগ্য পণ্য পাওয়ার ক্ষেত্রে সাধারণ মানুষকে সাহায্য করার কথা সেক্ষেত্রেও পুরোটা চিত্র হতাশাব্যঞ্জক এই রিপোর্টের ভিত্তিতে। আর বেনফেডের ক্ষেত্রে আমরা দেখছি যে, কেবলমাত্র কৃষকদের ডিসট্রেস অর্থ সাহায্য করা হয়ে থাকে। কিন্তু কৃষকদের যে কৃ ষির সাজসরঞ্জাম তার বিতরণের কোন ব্যবস্থা নেই। সুতরাং আপনার বেনফেড এবং কনফেডকে যদি সতিাকারেব শক্তিশালী করতে হয় তাহলে দলীয় আখরা থেকে মুক্ত করতে হবে। তাহলেই সত্যিকারের গ্রামীন সমবায় সমিতি আন্দোলন সফল হবে। তারপরে আমরা দেখছি মহিলা সমবায় সমিতি হয়েছে, একে আমরা স্বাগত জানাচ্ছি। কিন্তু যতটুকু রিপোর্ট পেয়েছি তাতে সংখ্যা খুবই কম। মহিলারা যারা এসেছেন তাদের দিয়ে কো-অপারেটিভ সোসাইটি করতে হলে ইনসেনটিভ দিতে হবে। আরেকটি কথা বলে শেষ করব সেটা হচ্ছে যে, গত ১৯৭৩ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত আমি কো-অপারেটিভ ব্যাংকের চেয়ারম্যান ছিলাম সাউথ ইউনিটের। আমার সময়ে ৫ টি ব্রাঞ্চ আমরা তৈরী করেছিলাম এবং তাতে স্টাফ ছিল ১২৫ জন। আজকে ৫ বছর পরে ১০টি ব্রাঞ্চ হয়েছে কিন্তু স্টাফের সংখ্যা কমে ১২৫-এর জায়গায় ৯৫ তে দাঁড়িয়েছে। সুতরাং আপনার পরিকাঠামো কোথায় গিয়ে দাঁড়িয়েছে আপনি দেখুন। আপনি সার্ভিস কমিশন করেছেন, কিন্তু সেখানে লোক দিতে পারছেন না। আপনাদের

সময়েই ক্যাডার সার্ভিস চালু করেছিলেন। আমি যখন চেয়ারম্যান ছিলাম তখন ফুলফিল করেছিলাম পোস্টগুলো। আজকে তারাই ম্যানেজার হয়ে মাইনে নিচ্ছে। এই কথা বলে এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে এবং আপনার দপ্তর পুরোপুরি ব্যর্থ এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্র নাথ ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় সমবায় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে এনেছেন তাকে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। বিরোধীদের সমবায় দপ্তরের হাতে যতদিন ক্ষমতা ছিল ততদিন তারা সরকারে থেকে বড়লোক জমিদারদের-জোতদার হয়ে কাজ করেছে।

[4.50–5.00 p.m.]

সেই সমবায়কে ওরা কোথায় নিয়ে গেল। সেই বড়লোক জোতদার, জমিদার, মহাজনদের হাতে। সমবায়কে ওরা তুলে দিয়েছিল। সমবায় আন্দোলনে যে গরীব কৃষক, প্রান্তিক কৃষক, ক্ষুদ্র কৃষক তাদের জন্য আমরা বামফ্রন্টের আমলে তাদের মুখে হাসি ফোটাতে পেরেছি। এটা কিন্তু বিরোধীদের সহ্য হচ্ছে না। তাই মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি বলব লঙ টার্ম ও সট্ টার্ম লোন আমরা সিক্স্টি পারসেন্ট কৃষকদেরকে দিয়েছি, ব্যাজ দিয়েছি ৪০ শতাংশ, জামানত জমা পড়েছে ৭০ শতাংশ। ন্যাশানালাইজড ব্যাঙ্ক ৫০ শতাংশ দেয়। তাই আমি মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে যে কথাটা বলতে চাইছি, একটা উদাহরণ দিই যে হাওড়া জেলায় যখন আমরা সমবায় ব্যাঙ্কে আসি, সেটা কাদের হাতে ছিল, যে ব্যাঙ্কটা তখন প্রায় দেড় কোটি লসে ছিল, আজকে সেই ব্যাঙ্ক ২ কোটি টাকা লাভে চলছে। আজকে পশ্চিমবাংলায় ওদের কুক্ষিগত থেকে গরীব মানুষদের বাঁচাবার জন্য যখন সমবায় আন্দোলন সৃষ্টি করি, ফলে কৃষকরা বেঁচে যায়, তাদেরকে আজকে মহাজনী বড়লোক সুদখোরদের কাছে কংগ্রেসিদের থেকে টাকা নিয়ে চাষ করতে হয় না। আজকে গরীব মানুষদের মুখে হাসি ফুটেছে। এটা সমবায় আন্দোলনের মধ্যে দিয়ে হয়েছে। আজকে গরীব কৃষক, ক্ষুদ্র কৃষক, তাদের মুখে হাসি ফোটাতে পেরেছি। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি বলতে চাই, আজকে যে সব প্যাক্স আছে, পশ্চিমবাংলায় এই রকম হাজার হাজার প্যাক্স আছে, যারা একেবারে গ্রাস রুটে কাজ চালায়, তাদের আজকে পে স্কেল আইন অনুযায়ী করা উচিত। দে আর ডিপ্রাইভড ফ্রম দি মানি। খুবই অল্প টাকা তারা পায়। তারা গ্রামে গ্রামে ক্ষুদ্র কৃষক, গরীব কৃষককে ঋণ দেয় এবং গ্রামের কৃষকের মুখে হাসি ফোটায়। তাদের মাহিনা সম্বন্ধে মাননীয় মন্ত্রীকে চিন্তা করতে হবে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি একটা উদাহরণ দিচ্ছি, এখানে বিরোধী নেতা অম্বিকাবাবু আছেন, হাওড়া জেলার শ্যামপুর ব্লকে (১) প্রায় ২৮ লক্ষ টাকা গরীব মানুষের গোবরদহ সমবায় কৃষি উন্নয়ণ সমিতি তারা গরীব মানুষ, প্রান্তিক চাষী তাদের টাকা নয়ছয় করেছে। আমরা এ. আর. সি. এস. কেস দিয়েছি, এক বছর হল, কোন আইনগত ব্যবস্থা হচ্ছে না। আমরা বলার পরে রেজিস্টার একটা কেসে এফ. আই. আর. হয়েছে, কিন্তু কোন শাস্তিমূলক ব্যবস্থা হয়নি।

এই রকম লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা জমিদার-জোতদার শ্রেণীর মানুষ, কৃষি উন্নয়ণ সমিতির ম্যানেজার, সেক্রেটারী এবং সভাপতি, তারা গরীব মানুষকে ঠকাচ্ছিল আপনাদের

আমলে। কিন্তু আমরা সেই অবস্থার উন্নতি করতে পেরেছি। সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সমবায় আন্দোলনকে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পেরেছে। মাননীয় চেয়ারম্যান স্যার, উদয়নপুরে একটা কোল্ড স্টোরেজ আছে, তারা ৫২ লক্ষ টাকা আদায় করতে পারেনি, যারা দায়িত্বে ছিলেন তারা সেই দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন সেখানে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পরে আমরা পঞ্চায়েতে মহিলাদের অধিকার দিয়েছি, আজকে প্রতি জেলায় আমরা মহিলা ব্যাঙ্ক তৈরী করতে পেরেছি—যেটা আগে ছিল না।

মিঃ চেয়ারম্যান স্যার, ১৯৯৮-৯৯ সালে আমরা প্রায় দুই কোটি টাকা লাভ করেছি। দার্জিলিং, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, রায়গঞ্জ, এই রকম প্রায় ১১টি ব্যাঙ্ক লিক্যুইডিশানে চলে গেছে। উডবার্ণ কো-অপারেটিভ ব্যাঙ্ক তারা ভুল হিসাব দেখাচ্ছে। বাগনান কো-অপারেটিভ ব্যাঙ্ক, ব্যাটরা কো-অপারেটিভ ব্যাঙ্ক, এইগুলোতে অডিট হয় না, অডিটররা গিয়ে ফিরে আসছে। অডিট করতে না দিয়ে গরীব মানুষের টাকা তারা নয়ছয় করছে। মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি, অধিকাংশ কো-অপারেটিভগুলোকে ব্যক্তিগত করে, তারা গরীব মানুষকে ঠকাচ্ছে। তাই মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি, এই প্যাক্স সম্পর্কে আমাদের আরও চিন্তাভাবনা করার দরকার আছে। কোন দুর্নীতি ধরা পড়লে কো-অপারেটিভ যে আইন আছে সেটা আরও কঠিন হওয়া উচিত। মাননীয় বিরোধী সদস্য এখানে বললেন, চুরি ধরা পড়েছে, তাদের কেন চাকরি দেওয়া হচ্ছে না। যে আইন অন্যায় করলে, চুরি করলে, গরীব মানুষকে ঠকায় তার বিরুদ্ধে আইন করা উচিত।

এই কঠিন আইন প্রয়োগ করার জন্য যে ব্যাঙ্ক লিক্যুইডিশনে চলে যাচ্ছে-হাওড়া জেলা ডিস্ট্রিক্ট সমবায় ব্যাঙ্ক, সেই ব্যাঙ্ক ২ কোটি টাকা লাভে চলছে, একটা ব্রাঞ্চ চালু করেছে, কম্পিউটার চালু করেছে। তাদের একটা পে স্কেলে দেওয়ার প্রয়োজন আছে। রাজ্য সমবায় ব্যাঙ্ক সমস্ত ব্যাঙ্কের মতামত নিয়ে একটা পে স্কেল তৈরী করার ব্যবস্থা করেছেন, তাই এই বাজেটকে সমর্থন করে, বিরোধীদের কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য পেশ করছি।

মাননীয় সদস্য ঠিকই বলেছেন, বামফ্রন্ট মন্ত্রিসভার প্রবীনতম সভ্য শ্রদ্ধেয় ভক্তিদা আজকে এই দপ্তরে এসে সারা পশ্চিমবাংলায় কি করেছেন জানি না, তবে বলতে পারি গণতন্ত্রের রীতিনীতিকে বিসর্জন দিয়ে নোংরা, জঘন্য দলবাজী করতে গিয়ে সমবায় আন্দোলনকে পিছিয়ে দিয়েছেন—এটা এক বাক্যে বলতে পারি। চোখ থাকলে নিশ্চয় দেখতে পাবেন, সমবায় আন্দোলনের মাধ্যমে সর্বস্তরের মানুষকে সংগঠিত করে পশ্চিমবাংলায় অনেক উন্নয়ন সম্ভব ছিল। তবে দুর্ভাগ্য যে তিনি এই দপ্তরের মন্ত্রী হিসাবে সে সব করতে ব্যর্থ। তাঁর অনেক বয়স হয়েছে, তিনি বুঝতে পারেন না অনেক সময় যে, এটা বর্ষাকাল না গ্রীষ্মকাল। এই বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে তিনি বক্তব্য রাখবেন, তাই বিরোধীদের কিছু কথা শোনার জন্য তিনজন মন্ত্রী তাঁকে গার্ড দিচ্ছেন, যাতে ঘুমিয়ে না পড়েন। তাই আমি ওনাকে বেশী কথা বলব না—আমারও একদিন বয়স হবে। কিন্তু এটুকু বলতে চাই, সমবায় আন্দোলনের মাধ্যমে মেহনতি, খেটে-খাওয়া মানুষ, শ্রমজীবী মানুষ, কৃষক শ্রেণীর মানুষ, বেকারদের অনেক উন্নয়ন করা যেত, যেটা ওঁনারা করেন নি। তার কারণটা কি? তার কারণ হচ্ছে এই, যে সমস্ত সমবায় সমিতিতে নির্বাচনের মাধ্যমে বোর্ডের সদস্যরা নির্বাচিত হয়েছেন তাদের কোন গুরুত্ব না দিয়ে নিজের দলের কমরেডদের সেই জায়গায় বসিয়ে, দুর্নীতি করার সুযোগ দিয়ে, কাজকর্ম ব্যাহত

করছেন। আজকে আপনাকে জানাতে চাই, '৯০ সালে শেওড়াফুলি কো-অপারেটিভে নির্বাচন হয়েছিল, ১৩ জন সদস্য বোর্ডে নির্বাচিত হয়েছিল—বামফ্রন্টের একজনও নির্বাচিত হতে পারেনি। আপনি কাকে চেয়ারম্যান নিযুক্ত করেছেন? প্রত্যেকটা জায়গাতেই গণতন্ত্রকে শেষ করে যারা নির্বাচিত হয়েছে, তাদের সম্মান না জানিয়ে, তাদের ক্ষমতাকে কুক্ষিগত করে দলীয় কমরেডদের ক্ষমতা দিয়ে সেই নোংরা রাজনীতি করার জন্য আজকে সমবায় সমিতিগুলো ডকে উঠেছে। এটা আপনাকে ভাবতে হবে। এটা আপনাকে ভাবতে হবে। আপনি তো চীনে গিয়েছেন। খবরের কাগজে দেখেছি। আপনি তো জ্যান্ত মাছও দেখেছেন। আপনি ভারতের বিভিন্ন রাজ্যেও ঘুরেছেন। আপনি যদি দক্ষিণ ভারতে যান, দেখবেন সমবায় আন্দোলন কিভাবে সংগঠিত হয়েছে। সেখানে সমবায় আন্দোলনের মাধ্যমে কিভাবে বেকার সমস্যার সমাধান হয়েছে, কিভাবে শ্রমিক, কৃষক তারা কিভাবে সাহায্য পাচ্ছে। আপনি মহারাষ্ট্রে গেলে দেখতে পাবেন যে, সেখানে বড় বড় হসপিটালও কো-অপারেটিভের মাধ্যমে চলছে। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে, পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলন যেভাবে পিছিয়ে পড়ছে, ভারতের সব রাজ্যের বহু পিছনে পড়ে রয়েছে। আপনি এই সমবায় আন্দোলনের মধ্যে আপনি কি করতে পেরেছেন? আপনারা সব সময় ১৯৭২-৭৭ সালের কথা তোলেন। তখন কি অবস্থা ছিল, আর এখন কি অবস্থায় আপনারা পৌঁছে দিয়েছেন, তা দেখুন। আপনার সামনে একমত হয়ে বলতে চাই যে, দীর্ঘ ২০ বছরের রাজত্বে কত হাজার সমবায় সমিতি জীবিত আছে, আর বর্তমানে কত জীবিত আছে, তা আপনার রিপ্লাইয়ে বলবেন। আপনি এটাও বলবেন যে, যে সমস্ত সমবায় সমিতিগুলি আছে, যেগুলি উঠে গিয়েছে, যেগুলি ডেড হয়ে গেছে, তাদের সম্পদ, তাদের টাকা পয়সা, তাদের লায়াবিলিটি কোথায়? এটা আপনি একটু পরিস্কার করে দেবেন। তাহলে বুঝতে পারবেন যে, আপনার দপ্তরের দুর্নীতি কি? আপনার সরকারের ব্যর্থতা কি। আপনার সরকার কোন জায়গায় এই দপ্তরকে নিয়ে যেতে চায়। কংগ্রেসের আমাদের মাননীয় দুজন সদস্য একই কথা বলেছেন। আপনাকে থার্ড টাইম স্মরণ করিয়ে, দেবার জন্য বলছি যে, বর্তমান কাগজে বেরিয়েছিল যে, ১৯৯০ সলে বেনফেড রাজ্য সমবায় সংস্থা, ৬৫ লক্ষ টাকা তছরূপ করেছে। আপনি তদন্ত করতে বলেছেন। এই বিধানসভায় প্রশ্ন হয়েছে ১৯৯৩ সালে। শুনেছি বলির পাঁঠা করে একজনকে সাসপেন্ড করা হয়েছে। তাকে সাসপেন্ড করা হয়েছে ১৯৯৬ সালে। কিন্তু আজ পর্যন্ত তার তদন্তের রিপোর্ট প্লেস করা হল না কেন? আমি দাবি করছি যে, তদন্ত রিপোর্ট যদি তাকে দোষী সাব্যস্ত করে, তাহলে তাকে জেলে পুরে দিন। কিন্তু যদি তদন্ত রিপোর্টে দেখা যায় যে তিনি নির্দোষ, তাহলে তাকে তার সমস্ত খেসারত দিয়ে, তাকে চাকুরীতে জয়েন করতে দিন। আপনি বলেছেন যে, কৃষি ঋণের ক্ষেত্রে সুদ বাবদ কয়েক লক্ষ মানুষকে অনুদান বাবদ গত বছর ১৯৯৭-৯৮ সালে ৫ কোটি ৫২ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এবার ৫ কোটি ৫০ লক্ষ টাকা অনুদান বাবদ দেওয়া হবে। এই টাকা সাধারণ কৃষক শ্রমিকদের ঘরে পৌঁছবে না। এ টাকা কমরেডদের ঘরে পৌঁছাবে। দুর্নীতি স্বজনপোষণ করবেন। তাই আমি একে সমর্থন না করে এর বিরোধিতা করে কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.10–5.20 p.m.]

**শ্রী ইদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ভক্তিভূষণ

মন্ডল মহাশয় ৯৯-২০০০ সালের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং কংগ্রেস বন্ধুদের দ্বারা আনীত যে কাটমোশন তার বিরোধিতা করছি। সমবায় গ্রামীণ অর্থনীতির ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ দপ্তর। সমবায় আন্দোলনের ফলে গ্রামাঞ্চলের দরিদ্রতম শ্রেণীর মানুষ, তফশিলী, আদিবাসী এবং যারা অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া তাদের আর্থিক দিক থেকে দাঁড় করানোর অন্যতম প্রতিষ্ঠান হচ্ছে সমবায় আন্দোলন থেকে গ্রামাঞ্চলের, শহরাঞ্চলের মানুষ যারা সাধারণ মানুষ তারা উপকার পেয়েছে। এটা বামফ্রন্ট সরকারের কৃতিত্ব। সমবায় আন্দোলন সম্পর্কে মানুষের সচেতনতাকে আরও বাড়াতে হবে। সমবায় আন্দোলনের গুরুত্ব কি অপরিসীম সেটা মানুষের কাছে আরও বিস্তারিত ভাবে নিয়ে যাওয়ার দরকার আছে। কারণ সমবায় সমিতির মাধ্যমে গ্রামাঞ্চলে বিশেষ করে যারা চাষী প্রান্তিক চাষী, ক্ষুদ্রচাষী তারা কৃ ষি সমবায় সমিতির মাধ্যমে তাদের কম সুদে লোন দেওয়া হয় তখন তাদের গ্রামের ধনী, জোতদার, মহাজন এদের উপর নির্ভর করতে হয় না। আমরা দেখেছি অতীতে, কংগ্রেস আমলে গ্রামীণ জোতদার, সুদখোর মহাজন তাদের কাছে ঘটি বাটি বন্ধক রেখে চাষীরা চাষ করত। পৌষ মাসে সেই ধান মহাজনদের কাছে তুলে দেওয়া হত অতি অল্প মূল্যে আজকে সেই অবস্থার অবসান ঘটেছে। আজকে যে সমবায় সমিতিগুলি আছে সেখান থেকে তারা লোন পান, ফসল ওঠার পর তারা তাদের সুবিধামত সেই ধান বিক্রি করে লোন জমা দেন। শুধু কৃ ষি নয় তন্তুবায় সমবায় সমিতি, মৎস্যজীবি সমবায় সমিতি, দুগ্ধ সমবায় সমিতি - এই সমস্ত সমিতির কথা বলা যেতে পারে। লেবার কো-অপারেটিভ গঠন করে এর সহায়তা এরা পাচ্ছেন। আমাদের দেশের যা জনসংখ্যা তার অর্ধেক মহিলা। আজকে মহিলাদের কো-অপারেটিভ গঠন করা যেতে পারে। মহিলারা সমাজে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। অর্থনৈতিক ক্ষেত্রে বলুন রাজনৈতিক ক্ষেত্রে তাদের ভূমিকা গুরুত্বপূর্ণ। এই সমস্ত সমিতিগুলোতে তাদের অংশগ্রহণ করতে হবে। কৃষি, শিল্পজাত হস্তশিল্প বলুন, উল কিনে তৈরী করা বলুন, এই সমস্ত কো-অপারেটিভের মাধ্যমে মহিলাদের কাজে লাগানো যেতে পারে এগুলির দিকে আরও বেশী করে নজর দিতে বলবো। আমি এছাড়াও বলছি গ্রামীণ যে সমবায় সমিতিগুলি আছে তাদের অনেক সম্পদ আছে। কেউ কেউ এখানে অনেক দিন ধরে সেক্রেটারী হয়ে বসে আছেন সেই কংগ্রেস আমল থেকে, সেখানে নির্বাচন করেন নি। নির্বাচন হলে সেখানে হেরে যাবেন এবং নির্বাচনে হেরে গেলেও দেখা যাচ্ছে তারা হাইকোর্টে গিয়ে আটকে রেখেছেন। এগুলিকে দেখতে হবে। এগুলি পরিচালনার ক্ষেত্রে দৃষ্টি রাখতে হবে। সমবায়গুলিতে যারা কর্মী হিসাবে নিযুক্ত আছেন সেই কর্মচারীদের প্রতি সুবিচার করতে হবে। বর্তমানে তাদের যে অনারিয়াম দেওয়া হয় বা যে সাম্মানিক দেওয়া হয় সেটা বাড়ানোর পরিকল্পনা নিতে হবে। কুচবিহারে একটা কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে সেটা লিকুইডেশানের অবস্থায় আছে। এটা যে কোন সময় বন্ধ হয়ে যেতে পারে। মন্ত্রী মহাশয় আলিপুরদুয়ার সম্বন্ধে বলেছেন এটাকে বন্ধ করে দেবেন। আলিপুর দুয়ারের মাননীয় সদস্য বলছিলেন সেখানে বহু অভিযোগ আছে, সেখানে যিনি ম্যানেজার হিসাবে আছেন তিনি নাকি ইনস্‌পেক্টার এবং তিনি চেয়ারম্যানের সঙ্গে কথা বলে কাজ করেন। এবং সে জন্য সাধারণ মানুষের মনে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। সারা পশ্চিমবঙ্গে যে কো-অপারেটিভগুলি আছে সেগুলির জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। আমি এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

করছেন। আজকে আপনাকে জানাতে চাই, '৯০ সালে শেওড়াফুলি কো-অপারেটিভে নির্বাচন হয়েছিল, ১৩ জন সদস্য বোর্ডে নির্বাচিত হয়েছিল—বামফ্রন্টের একজনও নির্বাচিত হতে পারেনি। আপনি কাকে চেয়ারম্যান নিযুক্ত করেছেন? প্রত্যেকটা জায়গাতেই গণতন্ত্রকে শেষ করে যারা নির্বাচিত হয়েছে, তাদের সম্মান না জানিয়ে, তাদের ক্ষমতাকে কুক্ষিগত করে দলীয় কমরেডদের ক্ষমতা দিয়ে সেই নোংরা রাজনীতি করার জন্য আজকে সমবায় সমিতিগুলো ডকে উঠেছে। এটা আপনাকে ভাবতে হবে। এটা আপনাকে ভাবতে হবে। আপনি তো চীনে গিয়েছেন। খবরের কাগজে দেখেছি। আপনি তো জ্যান্ত মাছও দেখেছেন। আপনি ভারতের বিভিন্ন রাজ্যেও ঘুরেছেন। আপনি যদি দক্ষিণ ভারতে যান, দেখবেন সমবায় আন্দোলন কিভাবে সংগঠিত হয়েছে। সেখানে সমবায় আন্দোলনের মাধ্যমে কিভাবে বেকার সমস্যার সমাধান হয়েছে, কিভাবে শ্রমিক, কৃষক তারা কিভাবে সাহায্য পাচ্ছে। আপনি মহারাষ্ট্রে গেলে দেখতে পাবেন যে, সেখানে বড় বড় হসপিটালও কো-অপারেটিভের মাধ্যমে চলছে। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে, পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলন যেভাবে পিছিয়ে পড়ছে, ভারতের সব রাজ্যের বহু পিছনে পড়ে রয়েছে। আপনি এই সমবায় আন্দোলনের মধ্যে আপনি কি করতে পেরেছেন? আপনারা সব সময় ১৯৭২-৭৭ সালের কথা তোলেন। তখন কি অবস্থা ছিল, আর এখন কি অবস্থায় আপনারা পৌঁছে দিয়েছেন, তা দেখুন। আপনার সামনে একমত হয়ে বলতে চাই যে, দীর্ঘ ২০ বছরের রাজত্বে কত হাজার সমবায় সমিতি জীবিত আছে, আর বর্তমানে কত জীবিত আছে, তা আপনার রিপ্লাইয়ে বলবেন। আপনি এটাও বলবেন যে, যে সমস্ত সমবায় সমিতিগুলি আছে, যেগুলি উঠে গিয়েছে, যেগুলি ডেড হয়ে গেছে, তাদের সম্পদ, তাদের টাকা পয়সা, তাদের লায়াবিলিটি কোথায়? এটা আপনি একটু পরিস্কার করে দেবেন। তাহলে বুঝতে পারবেন যে, আপনার দপ্তরের দুর্নীতি কি? আপনার সরকারের ব্যর্থতা কি। আপনার সরকার কোন জায়গায় এই দপ্তরকে নিয়ে যেতে চায়। কংগ্রেসের আমাদের মাননীয় দুজন সদস্য একই কথা বলেছেন। আপনাকে থার্ড টাইম স্মরণ করিয়ে, দেবার জন্য বলছি যে, বর্তমান কাগজে বেরিয়েছিল যে, ১৯৯০ সলে বেনফেড রাজ্য সমবায় সংস্থা, ৬৫ লক্ষ টাকা তছরূপ করেছে। আপনি তদন্ত করতে বলেছেন। এই বিধানসভায় প্রশ্ন হয়েছে ১৯৯৩ সালে। শুনেছি বলির পাঁঠা করে একজনকে সাসপেন্ড করা হয়েছে। তাকে সাসপেন্ড করা হয়েছে ১৯৯৬ সালে। কিন্তু আজ পর্যন্ত তার তদন্তের রিপোর্ট প্লেস করা হল না কেন? আমি দাবি করছি যে, তদন্ত রিপোর্ট যদি তাকে দোষী সাব্যস্ত করে, তাহলে তাকে জেলে পুরে দিন। কিন্তু যদি তদন্ত রিপোর্টে দেখা যায় যে তিনি নির্দোষ, তাহলে তাকে তার সমস্ত খেসারত দিয়ে, তাকে চাকুরীতে জয়েন করতে দিন। আপনি বলেছেন যে, কৃষি ঋণের ক্ষেত্রে সুদ বাবদ কয়েক লক্ষ মানুষকে অনুদান বাবদ গত বছর ১৯৯৭-৯৮ সালে ৫ কোটি ৫২ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এবার ৫ কোটি ৫০ লক্ষ টাকা অনুদান বাবদ দেওয়া হবে। এই টাকা সাধারণ কৃষক শ্রমিকদের ঘরে পৌঁছবে না। এ টাকা কমরেডদের ঘরে পৌঁছাবে। দুর্নীতি স্বজনপোষণ করবেন। তাই আমি একে সমর্থন না করে এর বিরোধিতা করে কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.10–5.20 p.m.]

**শ্রী ইদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ভক্তিভূষণ

দলাদলীতে পরিচালন ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে। আপনার উন্নতির প্রচেষ্টা এতে ব্যাহত হচ্ছে। কৃষি সমবায় আন্দোলন বা সমবায় আন্দোলনেও বিঘ্ন সৃষ্টি হচ্ছে। মাননীয় মন্ত্রী এ ব্যাপারে সমস্ত বাধা দূর করে সমবায় আন্দোলনের লক্ষ্যকে পূরণ করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন তা তিনি তাঁর ভাষণে বলবেন। যে সমস্ত জায়গায় অর্থনৈতিক দুর্নীতি আছে তা কঠোর হাতে বন্ধ করা দরকার, আইনগত ভাবে ব্যবস্থা নেওয়া দরকার এবং সম্পূর্ণ দলীয় স্বার্থের উর্দ্ধে উঠে আগামী দিনে সমবায় আন্দোলনকে পরিচালিত করা হবে এই আশা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরীটী বাগ্‌দী ঃ** আজকে বিধানসভায় মাননীয় সমবায় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বামফ্রন্ট সরকারের আমলে সমবায় আন্দোলন অত্যন্ত জোরদার হয়েছে এবং এর ফলে গ্রামের ক্ষুদ্র চাষী ও প্রান্তিক চাষীরা লাভবান হয়েছেন। তাদেরকে মহাজনদের কাছে জমি বন্ধক রেখে জমি বিক্রি করতে বাধ্য করার যে রাস্তা ছিল সেট আজকে এই সমবায় আন্দোলন বন্ধ করেছে। তা যদি না হতো তাহলে কৃষক, ছোট ও মাঝারি কৃষক যারা আছেন তাঁরা আজকে ভূমিহীন কৃষকে পরিণত হতেন। আজকে এই সমবায় আন্দোলনকে আরও দৃঢ় করতে হবে, আজকে এই সমবায় আন্দোলনকে ব্যাপকভাবে ছড়িয়ে দিতে হবে। আজকে সমবায়ের যে যে অসুবিধাগুলো রয়েছে সেগুলোর দিকে নজর দিতে হবে। সমবায়কে আরও বেশী বেশী কাজে লাগানো যায় তার জন্য আমি অনুরোধ করছি। আমি আরেকটা কথা বলতে চাই যে, সমবায়ের যে টাকা প্রান্তিক ও ভূমিহীন ক্ষেতমজুরদের ভর্তুকি দেওয়ার কথা সেই যে শেয়ার সেটা সম্পূর্ণ ভাবে সব জায়গায় কার্যকরী হচ্ছে না। আমি একটি সমবায় সমিতির সভাপতি। কিন্তু আজ পর্যন্ত আমরা সমবায়ের কোন শেয়ারের টাকা পাই নি। আমি আশা করব এ ব্যাপারটায় নজর দেবেন। এছাড়া ভূমিহীন কৃষকরা যাতে সমবায় সমিতির সদস্য হতে পারেন সে ব্যাপারে আপনি দৃষ্টি দেবেন। আজকে বামফ্রন্ট সরকার একটা উৎসাহ দিয়েছেন যে, যারা সময় মত ঋণ নিয়ে সময় মত শোধ করবে তাদের ভর্তুকি দেওয়া হবে। কিন্তু আজ পর্যন্ত এমন অবস্থা হয়েছে যে, সাধারণ মানুষকে সাহায্য করার জন্য সেই টাকা সময় মত নিয়ম মত পৌছায় না। সেই টাকা সময় মত পৌছালে কৃষক সময় মত ঋণ পাবে এবং তাদের পক্ষে সময় মত ঋণ শোধ করার উৎসাহ থাকে। আরও ঋণ প্রস্তুত করার রাস্তা পরিস্কার হয়। এই ব্যাপারটা দেখার জন্য আমি অনুরোধ করছি। আরেকটা ব্যাপার হচ্ছে, সমবায়কে যাঁরা পরিচালনা করছেন সেই ম্যানেজারদের যে ভাতা দেওয়া হয় সেটা খুবই অল্প এবং সেটা নিয়মিত দেওয়া হয় না। এই ম্যানেজাররা অমানুষিক পরিশ্রম করেন। তাঁদের ভাতা যাতে নিয়মিত দেওয়া হয় তার জন্য আমি আপনাকে অনুরোধ করছি। তা না হলে সমবায়গুলো আস্তে আস্তে নিঃশেষ হয়ে যাবে। এই ব্যাপারটার প্রতি নজর দেওয়ার জন্য আমি অনুরোধ করছি। আজকে সমবায়ের যে সব কর্মী ও ম্যানেজার আছেন তাঁরা সমবায়কে সত্যিকারের সঠিক রাস্তায় নিয়ে গেছেন। ১৯৯৮ সালে সমবায় সমিতি ব্যাঙ্ক এ্যাকাউন্ট খুলেছে, ১০ লক্ষ টাকা ডিপোজিট করতে পেরেছে। ২৮ শে মে আরও একটা রেকারিং ব্যবস্থা চালু করেছে। সমবায়ের কাজে আরও ব্যাপকভাবে যাতে উৎসাহ দেওয়া হয় তার জন্য অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.30–5.40 p.m.]

**শ্রী শশাঙ্ক শেখর বিশ্বাস ঃ** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, পশ্চিমবঙ্গ সরকারের সমবায় মন্ত্রী মাননীয় ভক্তিভূষণ মন্ডল মহাশয় ১৯৯৯-২০০০ সালের ৫৭নং দাবির ভিত্তিতে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং কংগ্রেস দলের পক্ষ থেকে যে সমস্ত কাট্‌মোশান বা ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তা সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। স্যার, আপনি জানেন দ্বাদশ বিধানসভা শুরু হওয়ার পর থেকে বোধ হয় এই প্রথম সমবায় দপ্তরের বাজেট বিতর্কের মাননীয় মন্ত্রী মহাশয় জবাব দেবেন। আমরা দেখি সমবায় দপ্তরের যে বাজেট বিবৃতি বার বার প্রকাশিত হয় তাতে একটা কথা বরাবরই বলা হয় যে, সমাজের পিছিয়ে পড়া মানুষ, দুর্বল শ্রেণীর মানুষ, তাদের সংগঠিত করে সমবায় আন্দোলনকে গণ-আন্দোলনে রূপান্তরিত করার জন্য, সমবায় আন্দোলনকে আরো বৃহত্তর পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য প্রয়াস চালানো হচ্ছে। একথা এবারেও মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বিবৃতিতে বলেছেন। কিন্তু ইতিমধ্যে তিনি কতটা সফলে হয়েছেন, সেকথা বলেন নি। দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছে। আমরা গ্রাম-গঞ্জে লক্ষ্য করে দেখছি, সমবায় আন্দোলনকে এমন জায়গায় নিয়ে আসা হয়েছে যে, আজকে আর গ্রামের মানুষের সমবায়ের প্রতি কোন আগ্রহ নেই। এক সময়ে যে সব গ্রামের স্বল্প আয়ের মানুষেরা সমবায়ের মাধ্যমে চাষাবাদ করতেন, তাঁদের আজকে সমবায়ের প্রতি আগ্রহ সৃষ্টি না হয় তার জন্য প্রচেষ্টা চালিয়েছেন। স্যার, মাননীয় মন্ত্রী তার দপ্তরের বাজেট বরাদ্দের পরিমাণ গতবারের চেয়ে এবারে ১৪ কোটি ৮১ লক্ষ ৬৫ হাজার টাকা বেশী দাবি করেছেন। আমার প্রশ্ন উনি বাজেটে প্রতি বছর যে বরাদ্দদের কথা বলেন তা কি শেষ পর্যন্ত মঞ্জুর করা হয়? অর্থ দপ্তর কি সেই সমস্ত টাকা রিলিজ করে? কতটা পরিমাণ সমবায়ের উন্নতির জন্য ব্যয় করা হয়? মাননীয় মন্ত্রী মহাশয় এর আগের বছরগুলিতে যেহেতু কোন দিন জবাবী ভাষণ দেবার সুযোগ পাননি, সেহেতু এটা আমরা তাঁর কাছ থেকে জেনে নিতে পারি নি। বরাদ্দের কত অংশ প্রতি বছর মঞ্জুর করা হচ্ছে তা আমরা জানতে পারি নি। এবারে আশা করছি মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণের মধ্যে দিয়ে আমাদের তা অবগত করবেন। আমরা লক্ষ্য করলাম ১৯৯৭-৯৮ সালের সার্বজনীন সদস্য ভুক্তির সংখ্যা হচ্ছে ১০ লক্ষ ৮৪ হাজার। আমাদের গ্রামবাংলার জনসংখ্যা যদি মোটামুটি পাঁচ কোটি হয় এবং ১০ লক্ষ ৮৪ হাজার যদি ইউনিভার্সাল মেম্বারের সংখ্যা হয় তাহলে তা মোট জনসংখ্যার শতাংশের হারে হচ্ছে মাত্র ২ শতাংশর সামান্য কিছু বেশী। দীর্ঘদিনের বামফ্রন্ট শাসনে আমাদের রাজ্যের সমবায় আন্দোলন এই জায়গায় এসে দাঁড়িয়েছে। সমবায় আন্দোলনকে শক্তিশালী করার জন্য বাজেটে টাকা বরাদ্দ করে সার্বজনীন সদস্য সংগ্রহের কথা বলা হয়েছে। কিন্তু আমরা আমাদের দীর্ঘদিনের অভিজ্ঞতায় দেখছি গ্রামাঞ্চলের মাত্র দুই শতাংশের অল্প কিছু বেশী মানুষকে এখন পর্যন্ত সার্বজনীন সদস্য করা সম্ভব হয়েছে। ১৯৯৭-৯৮ সালের পরে আমরা দেখছি ১৯৯৮-৯৯ সালে অতিরিক্ত ২ লক্ষ সদস্য সংগ্রহ করার জন্য ১ কোটি টাকা বাজেটে বরাদ্দ করা হয়েছিল। পরবর্তী পরিসংখ্যানে দেখছি যে, ঐ আর্থিক বছরে মাত্র ১ লক্ষ ৭৪ হাজার সদস্য নিযুক্ত হয়েছিল এবং ৭৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছিল। আরো ৫৬ হাজার সদস্য অন্তর্ভুক্ত হওয়ার কথা ছিল এবং তার জন্য আরো ২৭ লক্ষ টাকা বরাদ্দ ছিল। ২৭ হাজার টাকা ব্যয় করা হ'ল না এবং ৫৬ হাজার

সার্বজনীন সদস্যও নিযুক্ত হ'ল না। আসলে মাননীয় মন্ত্রীর বাজেটে যা বরাদ্দ করা হয় তা কি শেষ পর্যন্ত মঞ্জুর করা হয়? না, অর্থ দপ্তর নির্দিষ্ট সময়ের মধ্যে সব টাকা রিলিজ করতে পারে না, তাই গ্রামের দরিদ্র মানুষদের বঞ্চিত হতে হয়? প্রকৃত ব্যাপারটা কি তা আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে বলবেন। স্যার, আমরা যেটা দেখতে পাচ্ছি গোটা পশ্চিমবাংলার যে সমস্ত জায়গায় জি. পি. এস. বা কে. এস. ইউ.গুলি আছে বা থানা মার্কেটগুলি আছে সেগুলিতে দীর্ঘদিন কোন নির্বাচনের ব্যবস্থা করা হয় নি।

এবারের বাজেট অধিবেশনে মাননীয় মন্ত্রীমহাশয়কে লিখিত প্রশ্ন করা হয়েছিল। তিনি পরিসংখ্যান দিলেন কোথায় কোথায় নির্বাচন করা হয়নি, মনোনীত পরিচালন সমিতি করে কাজ চালাচ্ছেন। ওনাকে আরো প্রশ্ন করা হয়েছিল তিনি কবে ঐ সব সমিতিগুলিতে নির্বাচন করবেন? তার উত্তরে মন্ত্রীমহাশয় ভাসা-ভাসা বললেন, উপযুক্ত সময়ে নির্বাচন করা যাবে। যেখানে নির্বাচন করা হয় না, যেখানে রাজনৈতিক দলের দলীয় ক্যাডারদের দিয়ে সমবায়-সমিতিগুলি পরিচালনা করা হয় সেখানে সদস্য-ভুক্তির ক্ষেত্রে দলবাজিই করা হয়। সার্বজনীন সদস্য গ্রহণের ক্ষেত্রে নিয়ম আছে, গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি যদি নামের তালিকা অনুমোদন না করে তাহলে এ. আর. সি. এসের মাধ্যমে টাকা অনুমোদন করা হয় না। যেসব জায়গায় গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিগুলিতে বামফ্রন্টের শরিকদলের লোকেরা ক্ষমতায় আছে, সেই জায়গায় নির্দিষ্টভাবে বলা যেতে পারে, কংগ্রেসের যারা সমর্থক, যারা কর্মী তারা যতই দরিদ্র হোক, তাদের যতই যোগ্যতা থাকুক, সার্বজনীন সদস্য গ্রহণের সময় তাদের নামের তালিকা সই করা হয় না, সুপারিশ করা হয় না। এইভাবে সব জায়গাতেই রাজনীতি করা হয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের নিজের জেলা বীরভূমে—বীরভূমে ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে। সেই ব্যাঙ্কের কমপক্ষে ১০ বছর নির্বাচন করা হয় নি। সেখানে ফরওয়ার্ড ব্লকের দুই নেতা এবং সি. পি. এমের ১ নেতাকে দিয়ে মনোনীত বোর্ড করে রাখা হয়েছে। সেই মনোনীত বোর্ড আজকে যা খুশী তাই করছেন, সেখানে কারো কিছু বলার অপেক্ষা থাকে না। সেই জায়গায় সদস্যরা তাদের মনোনীত প্রার্থীদের নির্বাচিত করার সুযোগ পাচ্ছে না। তারা মনোনীত পরিচালন সমিতিতে বসে একটার পর একটা বে-আইনী কাজ করে চলেছেন। কারণ তারা সদস্যদের কোন কৈফিয়ত দিতে বাধ্য থাকে না। সাধারণ সভ্যদের বার্ষিক সভায় কোন প্রস্তাব গ্রহণ করার অধিকার থাকে না, ভোট প্রয়োগের অধিকার থাকে না। যেভাবে তারা স্বেচ্ছাচারিতা চালাচ্ছেন তার বিরুদ্ধে বলার কোন স্কোপ থাকে না এবং ব্যবস্থা নেওয়ারও অধিকার থাকে না। মাননীয় মন্ত্রীমহাশয় এতই ব্যর্থ। এর আগে মাননীয় যিনি সমবায় মন্ত্রী ছিলেন তিনি বলেছিলেন বগুলাতে একটি মিনি জুট মিল করা হবে এবং এর জন্য তিনি উদ্বোধনও করে এসেছিলেন এবং ফলক লাগানো হল। আমি এই বিধানসভায় প্রশ্ন করেছিলাম, কবে থেকে এর কাজ শুরু হবে, মিনি জুট মিল কবে তৈরী করা হবে, বেকার মানুষের কবে কর্মসংস্থান হবে? আজ পর্যন্ত বাজেট বিবৃতিতে মন্ত্রীমহাশয় এ সম্পর্কে কোন কথা উল্লেখ করলেন না। তাই আমি এই ব্যয়-বরাদ্দের তীব্র বিরোধিতা করছি এবং কংগ্রেসের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব রাখা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.40–5.50 p.m.]

**শ্রী ভক্তি ভূষণ মন্ডল ঃ** ডেপুটি স্পীকার স্যার, আমি প্রথমে কয়েকটি কথা বলছি যেটা আপনারা একটু শুনলে ভাল হয়। আমি ৩৫ বছরের বেশী দিন আছি। এইসব বক্তৃতার স্টানডার্ড যে একেবারে খারাপ হয়ে গেছে একথা বলতে আমি বাধ্য হলাম। বিশেষ করে আমি লিডার অফ দি অপোজিশনকে বললাম, তুমি কি করেছ, যারা কো-অপারেটিভের ফানডামেন্টাল জানে না তাদের বক্তৃতা দিতে দিয়েছো। আমি বললাম, এবারের বক্তৃতা খুব জোলো হয়ে গেল। তোমার সিলেকশন একেবারে ভাল হয়নি।

আমি অতীশকে বললাম। এখন কেন বললাম সেটা শুনুন। ফানডামেন্টালিজম যেটা সেটা নিয়ে চিন্তাভাবনা করতে হবে। বর্তমান সালটা হচ্ছে ১৯৯৯ সাল। এখন আর ১৯৭০ সালের বক্তৃতা চলবে না। ১৯৯৯ সালে সারা পৃথিবীর পলিটিক্যাল, ইকনমিক সমস্ত ব্যাপারগুলিই নষ্ট হয়ে গিয়েছে, বিপদের সৃষ্টি হয়েছে। অন্য পথে চলে গিয়েছে। তার পরিপ্রেক্ষিতে কো-অপারেটিভ-এর কি করা দরকার সেটা জেনেই আমরা কো-অপারেটিভকে চালাতে চাচ্ছি বামফ্রন্টের তরফ থেকে। এগুলি আপনাদের বুঝতে হবে। আশা করি পড়াশুনা করে এগুলি বুঝবেন। আজকে জি-এইট সারা বিশ্বের সমস্ত লোককে কিভাবে শোষণ করছে সেটা ভেবে দেখবেন। এখন কো-অপারেটিভটাকে পাবলিক ফাইন্যান্সে কনভার্ট করা যায় কিনা সে সব কথা আপনাদের মুখে শুনতে চেয়েছিলাম কিন্তু দেখলাম একজনও কেউ আপনাদের ফানডামেন্টালিজম সম্বন্ধে বললেন না। পাবলিক ফাইন্যান্সটা দেখুন। আজকের ওয়ার্ল্ডের পরিপ্রেক্ষিতে যদি দেখেন দেখবেন যদিও আমরা বলছি সভারেন কিন্তু মোটেই কোন দেশ সভারেন নয় জি এইট ছাড়া। তাহলে পাবলিক ফাইন্যান্সটা তো দাস হয়ে যাবে। সেইজন্য একমাত্র পথ ছিল এই কো-অপারেটিভটা দিয়ে, কো-অপারেটিভ-এর দ্বারা পাবলিক ফাইন্যান্সের ব্যাপারটা করানো। কংগ্রেসের মন্ত্রীরা সেখানে হাজির ছিলেন, হায়দ্রাবাদের মিটিং-এ আমি প্লেস করেছিলাম যে কেন বলছি পাবলিক ফাইন্যান্সটা রিপ্লেস করতে পারে কো-অপারেটিভ ডিপার্টমেন্ট। সুব্রতবাবু, ধোঁকায় মেলালে চলবে না। এটা আপনারা ভেবে দেখবেন আশা করেছিলাম কিন্তু দেখলাম এ সম্বন্ধে আপনারা কিছুই বললেন না। আপনারা যে সব কথা বলেছেন ইউনিভার্স্যাল মেম্বারশিপের এ্যাক্ট ও রুলসের কথা। উনি জানেন যে কো-অপারেটিভ সেক্টারটা হচ্ছে স্টেটের সেক্টার কিন্তু এখানেও খবরদারী চলছে সেন্ট্রালের। ওরা মডেল কো-অপারেটিভ আইন করলেন। আইন বলতে পারেন না কিন্তু জগাখিচুড়ি করে দিয়েছেন। তারপর ৪টে স্টেটে কো-অপারেটিভের ল হয়েছে। সেগুলি সমস্ত দেখার পর এক্সটেনসিভলি এটার এ্যামেন্ডমেন্টের জন্য তৈরি হয়ে এসেছে। '৯৯-এর মধ্যেই সেটা করবো। কিছুদিন সময় নিচ্ছি। ৯৯-এর মধ্যে আমরা এ্যাক্ট ও রুলস চেঞ্জ করবো। আপনারা বহু বছর রাজত্ব করলেও কিছুই করেন নি, আইনটার এক্সটেনসিভ এ্যামেন্ডমেন্ট আমরাই করছি।

১৯১২ সালে আইনটা একবার এ্যামেন্ড করা হয়েছিল, তারপর আর কিছু হয়নি। ভাল করে বুঝে যান—সেন্ট্রাল গভর্নমেন্ট, যার অধিকার কিছু নেই, সে কতটা যেতে পারে। সেটা জেনে ১৯৯৯ সালে এসে সেই আইনটা আমরা করছি ইউনিভার্সাল মেম্বারশীপের। এটা একটা বড় কথা। ১৩ লক্ষের বেশী হচ্ছে আমাদের মেম্বারশীপ। আপনাদের আমলে ক'টা হয়েছে

সেটা বলুন ! একটা কথা বলছি, দৌলত আলি সাহেব, আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি কনষ্ট্রাকটিভ ক্রিটিসিজম্ করেছেন কনফেড, বেনফেড সম্পর্কে। দৌলত আলি সাহেব আপনাদের দলের লোক। এই যে কনফেড করা হয়েছিল তার মূল কারণ হচ্ছে, প্রাইস লাইনকে ঠিক রাখা। কিন্তু আমাদের বিজনেস ট্রানজাকশন লো, সেটা ঠিক রাখা যায় নি এবং তারই জন্য কনফেডের উপকারিতা পাওয়া যায় নি। প্রতি কর্মচারী সাব সিডি যা পেত তার পরিমাণ ছিল ৫০ টাকা। সেটা ৫০ টাকা থেকে বেড়ে ১০০ টাকা, ১০০ টাকা থেকে বেড়ে ২৫০ টাকা, ২৩০ টাকা থেকে বেড়ে ৬০০ টাকা হয়েছে। ৬০০ টাকা যা করা হ'ল, বাজেট তো ছিল মাত্র ৫০ কোটি টাকার, ডেফিসিট বাজেট। একটু ভেবে দেখবেন। সেই ডেফিসিট অবস্থায় অসীমবাবু এটা ডিক্লেয়ার করেছিলেন, কিন্তু আমি ভয় পেয়েছিলাম। বলেছিলাম, 'না, বাজেটে আগে টাকা দিন, তারপর এটা করবেন।' এখনও মূল যে বাজেট তাতে টাকাটা পাওয়া যায়নি। সেজন্য এটা আমরা ইনষ্টলমেন্টে করেছি। এটা ভাল করেছি, কি মন্দ করেছি? আর একটি কথা অসীত মাল বলেছেন। তিনি মহারাষ্ট্রে গিয়েছিলেন কিনা জানি না, তবে মহারাষ্ট্রের কো-অপারেটিভের সঙ্গে পশ্চিমবঙ্গের কো-অপারেটিভের তফাত রয়েছে।

[5.50–5.59 p.m.]

মহারাষ্ট্র এবং গুজরাটে যে সব কো-অপরেটিভ আছে সেগুলো স্ক্যান করলে বা এ্যানালাইসিস করলে দেখুন যে ওখানে লিমিটেড কোম্পানীগুলো টাকা পাওয়ার জন্যে কো-অপারেটিভের ছাপ মেরে চালাচ্ছে। আমি এই ব্যাপারে কুরিয়ানকে বলেছিলাম যে, আপনারা অন্তত যখন দুধগুলো পাঠান তখন লিমিটেড কোম্পানী উইথ কো-অপারেটিভ ছাপ মেরে তো পাঠাতে পারেন। তার উত্তর তারা কিন্তু দেন নি। কাজেই অনেক জায়গারই কো-অপারেটিভের কথা শুনেছি, তাদের সঙ্গে আমাদের কো-অপারেটিভের তফাত রয়েছে। আপনারা তো কো-অপরেটিভ নিয়ে খুব বলছেন, আপনারা শুনে রাখুন রবীন্দ্রনাথ নিজে কো-অপারেটিভ আন্দোলন করতে চেয়েছিলেন এবং শান্তিনিকেতনে তার প্রচেষ্টাও চালিয়ে ছিলেন। আমি আজকের লোক নই, বহু বছর ধরে এই রাজনীতি করছি, সুতরাং কো-অপারেটিভ আন্দোলন সম্পর্কে যথেষ্ট জ্ঞান আছে। কো-অপারেটিভ মুভমেন্ট টু বি পারকোলেটেড এবং আমরা বামফ্রন্ট সরকার একে চেষ্টা করছি একে আরো বিস্তার লাভ করাতে। সেখানে আপার ক্লাস বা মিডিল ক্লাসের জন্যে নয়, ধনী শ্রেণীর জন্যে নয়, এই সমবায় আন্দোলন সম্পূর্ণভাবে গরীব শ্রেণীর জন্যে। এতে ১৮ থেকে ৩০ পার্সেন্ট এস সি এবং এস টির জন্য ধরা রয়েছে। এই এস সি এবং এস টিরা এই সমবায় আন্দোলনের মাধ্যমে অনেক সুযোগসুবিধা পাচ্ছে। এসব একটু পড়ে দেখবেন। এসব মাথায় না রাখলে আর বই না পড়লে সমবায় আন্দোলনের উন্নতি চোখে পড়বে না। এর জন্য গ্রামে গ্রামে ঘুরে বেড়াতে হয়, খুব প্র্যাকটিক্যাল জিনিস, এর জন্য নিজেদের এর মধ্যে জড়িয়ে পড়তে হবে। আমি যেমন গ্রামে গ্রামে ঘুরে অভিজ্ঞতা সঞ্চয় করেছি আমি চ্যালেঞ্জ করে বলতে পারি আপনারা তা পারেন নি। তবে কো-অপারেটিভের ক্ষেত্রে কিছু কিছু ডিফেক্ট আছে এবং সব কো-অপারেটিভ মুভমেন্ট যে একেবারে ডিফেক্টমুক্ত একথা বলছি না। আমাদের ৬,৭০০ হাজার প্যাক্স আছে তার মধ্যে ৫০-১০০টি ডিফাংক্ট মুক্ত রয়েছে। এখনো ওগুলো সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারিনি। তারই মধ্যে আমরা অনেকটা ঠিক করে এনেছি। আগেকার দিনের সঙ্গে

তুলনা করলে দেখা যাবে যে, অনেক উন্নতি আমরা করেছি। কংগ্রেস তো ৪০ বছর রাজনীতি করেছে, আমি ৬৫ বছর ধরে রাজনীতি করছি, একটা দিনের রাজনীতি নয়। আজকে তোমাদের দোষে বি জে পি সরকারের সৃষ্টি হয়েছে এই ব্যাপারটা জেনে রাখ। কর্মচারীদের ক্ষেত্রে ৬০০ টাকা করেছি, বাজেটে এই টাকা না থাকার জন্যে ইনস্টলমেন্টে টাকা চেয়েছি। এতে কোন অন্যায় হয় নি। আরেকটা কথা বলে শেষ করব সেটা হচ্ছে যে, দুর্নীতির বলুন আর যাই বলুন না কেন করাপশানের পারসেন্টেজ অস্বীকার করতে পারব না কারণ আই বিলিভ ট্রুথ ইন ফ্যাক্টস্-এর উপরে বেস করে এবং সেই ট্রুথটা জানা অত্যন্ত কঠিন, তার জন্য অনেক জ্ঞান থাকার দরকার। এই সব বলছি এই কারণে যে, এর জন্য অনেক চিন্তাভাবনা করার দরকার। আজকে কো-অপরেটিভ মুভমেন্ট ছাড়া আর বাঁচার কোন পথ নেই।

যদি সব লোকে সাহায্য করে তবেই হবে, তাছাড়া আর বাঁচবে না মানুষ। কারণ তাতে ৯ রকমের মুস্কিল, সারা পৃথিবীর লোককে পন্ড করে দেবে। যাই হোক ভাববার দিন এসেছে আমাদের, একটু সবাই চিন্তা-ভাবনা করো। শুনে রাখ জিনিসগুলি। আমি তোমাদের কাছে বলছি ইন দি লাইট অফ দ্যাট চিন্তা করো। আমি আশা করবো কো-অপারেটিভ যাতে ভাল হয় তোমরাও সাহায্য করবে। কারণ আমি কোন জায়গায় বাদ দিইনি। যেহেতু তোমরা কংগ্রেসি তোমাদের নেব না, এই রকম করো না। এই রকম খুব কম জায়গাতেই হয়েছে। তোমরা চেষ্টা করো যাতে সাহায্য করতে পারো। পাবলিক ফিনান্স চেঞ্জ করা যায় কিনা সেটাও ভাবো। আমি তোমাদের সবাইকে বলছি, যে দাবীগুলি রেখেছি, সেটা তোমরা গ্রহণ করো, আমি কাটমোশানগুলি অপোজ করছি, আমি আশা রাখি সকলে মিলে এই কো-অপারেটিভ বাজেট পাশ করাবে. এইটক বলে আমি বক্তব্য শেষ করছি।

## Demand No. 57

**Mr. Dy. Speaker :** The motions that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 68,10,77,000 be granted for expenditure under Demand No. 57, Major Heads "2425-Cooperation, 4425-Capital Outlay on Cooperation and 6425-Loans for Cooperation" during the year 1999-2000 (This is inclusive of a total sum of Rs. 22,47,55,000 already voted on account in March, 1999)

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.59 p.m. till 11 a.m. on Wednesday, the 7th July, 1999 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 7th July 1999 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 11 Ministers, 06 Ministers of State and 136 Members.

[11.00–11.10 a.m.]

**Mr. Speaker :** In today's list of business, the statement to be made by the Minister-in-Charge, Industrial Reconstruction Department on Dunlop matter will be made tomorrow.

### Held over starred Questions (to which Answers were given)

#### সার্বজনীন প্রাথমিক শিক্ষা

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২ সালের মধ্যে পশ্চিমবঙ্গে ৫ থেকে ৯ বছর বয়সের সমস্ত শিশুর জন্য প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করার যে পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন তা বাস্তবায়িত করার জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে; এবং

(খ) উক্ত কর্মসূচী রূপায়ণের জন্য কত টাকা ব্যয় হবে বলে আশা করা যায়?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) প্রয়োজনীয় সংখ্যক বিদ্যালয় স্থাপন; উপযুক্ত সংখ্যক শিক্ষক নিয়োগ এবং সম্মতিপূর্ণভাবে উৎসাহমূলক প্রকল্প প্রণয়ন।

(খ) উক্ত কর্মসূচী রূপায়ণের জন্য ১,৫৭৬/- কোটি টাকা (আনুমানিক) ব্যয় হবে বলে আশা করা যায়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, বিফোর আই পুট মাই কোশ্চেন, আই উড লাইক টু ড্র ইওর এ্যাটেনশান টু দি নেচার অফ রিপ্লাই গিভেন বাই দি মিনিষ্টার-ইনচার্জ। স্যার, আই সীক ইওর প্রোটেকশান। আমার প্রশ্নের উত্তর যেটা মাননীয় মন্ত্রীমহাশয় দিয়েছেন সেটা অত্যন্ত ভেগ এবং প্র্যাকটিক্যালি সরকারের অবস্থানটা কোন জায়গায়

এই উত্তর থেকে সেটা বোঝা যাচ্ছে না। প্রয়োজনীয় সংখ্যক বিদ্যালয় আপনি স্থাপন করবেন বলেছেন। কত সংখ্যক বিদ্যালয় আপনি স্থাপন করবেন সেটা বলেন নি। সংখ্যাটা আমি জানতে চাইছি। উপযুক্ত সংখ্যক শিক্ষক নিয়োগ বলতে কত সংখ্যক শিক্ষক আপনি নিয়োগ করবেন? সঙ্গতিপূর্ণ উৎসাহমূলক প্রকল্প বলতে আপনি কি বোঝাচ্ছেন সেটা সুনির্দিষ্টভাবে বলুন? এইজন্য আমি জিজ্ঞাসা করছি, নোবেল জয়ী অমর্ত্য সেন প্রাথমিক শিক্ষার অগ্রগতি সম্পর্কে এখানে প্রসঙ্গ তুলেছিলেন এবং রাজ্য সরকার তা খুব গুরুত্বপূর্ণভাবে দেখবেন বলেছিলেন। আমরা দেখেছি গত ২৬শে জানুয়ারি স্বাক্ষরতার উপরেও বেশ জোর দেওয়া হয়েছে। আগামী ১৩ তারিখ অমর্ত্য সেন আবার এখানে আসছেন এবং তার সঙ্গে অসীম বাবু আবার দেখা করবেন। তাই সুনির্দিষ্টভাবে আমার প্রশ্নের উত্তরটা বলুন।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য যদি সুনির্দিষ্টভাবে প্রশ্ন করতেন তাহলে আমিও সুনির্দিষ্টভাবে উত্তর দিতাম। বিদ্যালয় সংক্রান্ত যে কোন প্রশ্নের জবাব দিতে আমি প্রস্তুত। মাননীয় সদস্য ইংরাজী মিশ্রিত যে প্রশ্ন করলেন তার উত্তর আমি দিচ্ছি। কত সংখ্যক বিদ্যালয় স্থাপন করা হবে? উত্তর হচ্ছে, ৫,২৪০টি বিদ্যালয় স্থাপন করা হবে এবং বিদ্যালয় পিছু চারজন করে শিক্ষক নিয়োগ করা হবে। এরজন্য আমাদের ব্যয় হবে ২৬৭ কোটি টাকা। আপনাকে আরও জানাই যে, এই নতুন বাড়িগুলি তৈরী করবার জন্য ৭৮ কোটি টাকা লাগবে এবং সরকারী পাঠ্য পুস্তক যা বিতরণ করা হবে তারজন্য অতিরিক্ত ২০ কোটি টাকা ব্যয় হবে। বিদ্যালয়ে অন্যান্য উৎসাহমূলক প্রকল্প যেমন—পোশাক বিতরণ ইত্যাদির জন্য ১৪৫ কোটি টাকা ব্যয় হবে। আরও কিছু জানবার থাকলে আপনি বলতে পারেন, আমি উত্তর দেব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী এবারে তাঁর বাজেট স্পিচে যে তথ্য দিয়েছেন, তাতে ইউনিভার্সালাইজেশন অফ প্রাইমারী এডুকেশনে বলেছেন যে, ১৪ বছর বয়স পর্যন্ত অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষা অর্থনৈতিক অসুবিধার কারণে দিতে পারছেন না। ইউনিভার্সালাইজেশন অফ প্রাইমারী এডুকেশন সরকারের নাইনথ্ প্ল্যানের মধ্যে আছে এবং তাতে স্পেসিফিক ভাবে বলেছিলেন যে, ৭,৪২০টি স্কুল লাগবে, তার মধ্যে ২ হাজার স্কুল গত ২ বছরে স্যাংশন হয়ে গেছে, আরও ১ হাজার স্কুল এই বছরে স্যাংশন হবে আর ৬ হাজার শিক্ষক পদ স্যাংশন হয়েছে, আরও এ্যাডিশনাল সাড়ে ৪ হাজার শিক্ষক নিযুক্ত হবে। আমার জিজ্ঞাস্য, আপনি যে রিপ্লাই দিয়েছেন এর সঙ্গে বাজেট স্পিচে যে স্পেসিফিক সংখ্যা বলেছেন, তার মধ্যে কোন সম্পর্ক আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই সম্পর্কটা দিন-এর আলোর মত পরিস্কার। নবম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৭ হাজার প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ২ হাজার প্রাথমিক বিদ্যালয়ের আদেশ দেওয়া হয়েছে—অর্থ বিভাগের সম্মতি নিয়ে। আজকে বললাম আরও ৫ হাজার নতুন বিদ্যালয় হবে। ৫ এবং ২ যোগ করলেই ৭ হয়, সুতরাং কোন ব্যবধান নেই। একই সঙ্গে ১৪ বছর পর্যন্ত শিশুদের জন্য প্রারম্ভিক শিক্ষাটা সার্বজনীন করার ক্ষমতা এই মুহূর্তে আমাদের নেই, যদি কেন্দ্রীয় সরকার যোগ্য ভূমিকা পালন না করে। আমরা

সার্বজনীন প্রারম্ভিক শিক্ষা, প্রাথমিক শিক্ষা প্রনয়ণ করার জন্য চেষ্টা করছি। জাতীয় পরিকল্পনা কমিশন শিক্ষা বাবদ কি বরাদ্দ করবে, তার উপর নির্ভর করবে। নতুন বিদ্যালয় করতে হলে পরিকল্পনা খাতে ব্যয় বৃদ্ধি করতে হয়। এর নীতি নির্ধারণ করে জাতীয় শিক্ষা কমিশন। এক্ষেত্রে আমরা যে কথাই বলি না কেন—আমাদের আকাঙ্খা, আমাদের সিদ্ধান্ত নিয়ে—এটা নির্ভর করবে কেন্দ্রীয় সরকার এবং জাতীয় প্ল্যানিং কমিশনের উপর। আপনি প্রবীন সদস্য, আপনি তো এটা জানবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সম্পর্কে তাঁর সরকারের ঘোষণার মধ্যে যে আগ্রহ, উদ্বেগ, এইগুলো প্রকাশ করেছেন, আমি তার সঙ্গে সহমত পোষণ করি। ২ বছর আগে ২ হাজার স্কুল স্যাংশন হয়েছিল, আমি যত দূর জানি—তার মধ্যে ৩ থেকে ৪ শ স্কুল তৈরী হয়েছে। আর, ৬ হাজার শিক্ষক পদ যে-স্যাংশন হয়েছে, তার মধ্যে কতজন এ্যাপয়েন্টমেন্ট পেয়েছে? বাজেট স্ক্রুটিনিতে দেখলাম, প্ল্যান বাজেটে আপনি ২৯ কোটি খরচ করতে পারেন নি। বলেছেন, বিল্ডিং-এর জন্য যে ফান্ড রিলিজ করার কথা ছিল, সেটা হয়নি। এই ব্যাপারে আলোকপাত করুন।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এর জন্য যদি পৃথক প্রশ্ন করতেন, তাহলে বিভিন্ন সংখ্যা তথ্য দিয়ে যেটা বলা দরকার সেটা বলতে পারতাম। তবুও বলি—এই সংখ্যাটা ৭ শ-এর উপর—যথার্থ সংখ্যাটা বলতে পারছি না, ২ হাজারের মধ্যে। আপনিও জানেন, আপনার জেলাতেও উদ্যোগ নেওয়া হয়েছে। সেখানে ২ হাজার ৯০০ জন শিক্ষক নিযুক্ত হবে এবং সেই শিক্ষক নিযুক্ত হওয়ার ফলে অনেক প্রাথমিক বিদ্যালয় নতুনভাবে সেখানে চালু হবে। কিন্তু কতগুলি উচ্চ আদালতে মামলা থাকার জন্য সব জায়গায় শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না। প্রাথমিক বিদ্যালয় থাকা মানেই হচ্ছে শিক্ষক নিয়োগ। শিক্ষক নিয়োগের ব্যবস্থা না করা পর্যন্ত কোন নতুন বিদ্যালয় স্থাপন করা যায় না। নদীয়া জেলায় আদালতের নিষেধাজ্ঞা আছে, শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না। হাওড়া জেলায় আদালতের নিষেধাজ্ঞা আছে, শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না। আর বাকী যে মামলা হয়েছিল, সেগুলিতে আমরা জয়যুক্ত হয়েছি। তার ফলে শিক্ষক নিয়োগ অনেকগুলি জেলায় শুরু হয়েছে। আমি আশা করি যে, এরমধ্যে নতুন নিষেধাজ্ঞা যদি না আসে, তাহলে আমরা যে আদেশ দিয়েছি, তা অনুসারেই কিছুদিনের মধ্যেই বিদ্যালয় স্থাপন করতে পারব।

[11.10–11.20 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সরকারী প্রথাগত প্রাথমিক শিক্ষার ব্যবস্থা, এর একটা হচ্ছে ডি পি ই পি। জেলায় প্রাথমিক উন্নয়ন সংস্থা পরিচালনাধীন শিক্ষা কেন্দ্র। আর একটা হচ্ছে পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়ন দপ্তরের পরিচালনাধীন শিশু শিক্ষা কেন্দ্র। এই ৩ রকম শিক্ষা কেন্দ্র এখানে চালু হল। আমার জিজ্ঞাসা হচ্ছে ইউনিভার্সালাইজেশান অফ প্রাইমারী এডুকেশান এর মধ্যে এগুলির রোল আছে কিনা এবং থাকলে এগুলির

মধ্যে সমন্বয় কি করে হবে এবং সুসংহত প্রাথমিক শিক্ষা ব্যবস্থা থাকবে কিনা বলবেন।

**শ্রী কান্তি বিশ্বাস :** জেলায় রাজ্য পরিচালিত শিক্ষা ব্যবস্থার কোন বিরোধ নেই। নিবিড় কর্মসূচী নেওয়া হয়েছে, যাতে বিদ্যালয় তৈরী হতে পারে এবং ব্যাপক অংশের মানুষকে শিক্ষা ব্যবস্থার সঙ্গে যুক্ত করা যায়। তার জন্য জেলা প্রাথমিক বিদ্যালয় প্রকল্প তাকে যুক্ত করা হয়েছে। পঞ্চায়েত পরিচালিত প্রাথমিক শিক্ষার সঙ্গে এর কোন বিরোধ নেই। সি ই সি যেটা গ্রামোন্নয়ন পঞ্চায়েত বিভাগ করছে, তার যাবতীয় উত্তর ডঃ সূর্যকান্ত মিশ্র দেবেন। সেখানে পাঠ্যসূচী, পাঠক্রম, পাঠ্য পুস্তক একই রকম অনুসরণ করা হবে। এই তিনটির মধ্যে কোন প্রকার বিরোধ নেই। শুধু সামঞ্জস্যের ব্যবস্থা করা আছে তিনটির মধ্যে।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** আপনি বললেন যে, জেলা প্রাথমিক শিক্ষার কাজকর্মের সাথে প্রথাগত শিক্ষার বিরোধ নেই। এখানে কর্মসূচী সফল করার জন্য সহায়ক হবে। আমি জানতে চাচ্ছি যে, ডি পি ই পি তে টোটাল যে টাকা খরচ হবে, তারমধ্যে রাজ্য সরকারের কোন টাকা থাকবে কিনা, যদি থাকে, তা বলবেন।

**শ্রী কান্তি বিশ্বাস :** এই প্রকল্পে একটা জেলায় আনুমানিক ৪০ কোটি টাকা ব্যয় হবে ৭ বছরে। এই যে টাকা ব্যয় হবে, এর ১৫ শতাংশ দেবে রাজ্য সরকার, আর ৮৫ শতাংশ আসবে বাইরে থেকে। বাইরে মানে যুক্ত রাজ্য। যাকে ইংরাজীতে বলা হয় ছোট্ট ব্রিটেন। সেই যুক্ত রাজ্য থেকে টাকা আসবে বৈদেশিক মুদ্রা হিসাবে কেন্দ্রীয় সরকারের কাছে। কেন্দ্র সেটা ভারতীয় টাকায় রূপান্তরিত করে আমাদের কাছে পাঠাবে। তাহলে মোট প্রকল্প ব্যয়ের ৮৫ শতাংশ এইভাবে আসবে এবং বাকী ১৫ শতাংশ রাজ্যের যে ব্যয়বরাদ্দ তার থেকে খরচ করা হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে প্রায় দু-হাজার স্কুল চালু করেছেন। আরও ৫ হাজার প্রাইমারী স্কুল চালু করবেন কিন্তু সকলের জন্য শিক্ষা প্রকল্প করতে গিয়ে লক্ষ্য করেছেন কি প্রাথমিক স্তর থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত যেতে গিয়ে প্রাথমিক স্তর থেকেই বিদ্যালয় থেকে চলে যাওয়ার শিশু ছাত্রের সংখ্যা উত্তরোত্তর বেড়ে চলেছে এই পশ্চিমবঙ্গে? এই প্রবণতা বন্ধ করার জন্য সরকারী স্তর থেকে কি পদক্ষেপ নিয়েছেন?

**শ্রী কান্তি বিশ্বাস :** আপনার প্রশ্নের জবাব আমি দিচ্ছি কিন্তু আপনার বিবৃতির সঙ্গে আমি একমত নই। কেন্দ্রীয় সরকার পরিবেষ্টিত যে তথ্য, সেই তথ্য কিন্তু এই কথা বলে না। একটা বিষয় বিভ্রান্তি সৃষ্টি করা হয়েছে। কেন্দ্রীয় সরকার যেভাবে হিসাব করে প্রথম শ্রেণীতে কত ছাত্র, তার পরবর্তী শ্রেণীতে কত ছাত্র, আপনি পঙ্কজ বাবু জানেন, আমাদের রাজ্যে প্রথম শ্রেণীতে 'ক', 'খ' এইভাবে ভরতি হয়। পাঁচ বছরের ছেলেদের আসার কথা, অনেক সময়ে ৩।৪ বছরের ছেলেমেয়েরাও এসে যায়। তাই ক, খ এইভাবে বিবেচনা করা হয়। কেন্দ্রীয় সরকার এই ক, খ দুটো ধরেই হিসাব করে, বিদ্যালয় ছুটের সংখ্যা ধরা হয়। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে বিদ্যালয় ছুটের সংখ্যা

কমা। এতদসত্বেও বিদ্যালয় ছুটের সংখ্যা যা আছে তাদের সংখ্যা কমানোর জন্য আমাদের ভূমি সংস্কার, গ্রামোন্নয়ন, শিক্ষা সম্পর্কে মানুষের সচেতনতা বৃদ্ধি, বেশী বেশী করে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা, শিক্ষার অনুকূল পরিমন্ডল সৃষ্টি করার জন্য আমরা কর্মসূচী নিয়েছি। আমি মনে করি সেই কর্মসূচী সফল হলে, প্রকৃতপক্ষে বিদ্যালয় ছুটের সংখ্যা যা আছে তা কমানো যাবে।

**শ্রী হাফিজ আলম সৈরাণী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন হল এই যে সরকার-এর কাছ থেকে অনুমতি নিয়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় ইংলিশ মিডিয়াম স্কুলগুলো চলছে। প্রাথমিক স্তরে সেই সমস্ত স্কুলে কে. জি. ওয়ান, কে. জি. টুতে যে সমস্ত সিলেবাস পড়ানো হয় সেটা সাধারণতঃ থ্রী ফোরের সমান। এই যে সিলেবাসের বোঝা তাদের কোমল শিশু মনের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে তার প্রতিকারের কোন ব্যবস্থা আপনাদের আছে কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তার সঙ্গে দেবপ্রসাদ বাবু যে মূল প্রশ্ন করেছেন, তার সঙ্গে কোন সঙ্গতি নেই। সেজন্য এই প্রশ্নের জবাব দেওয়া উচিত না। এই কারণে আমি এই প্রশ্নের উত্তর দিচ্ছি না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল** ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে বলবেন কি, ডি. পি. ই. পি যে প্রোগ্রাম আপনি করছেন ইউনিভারসালাইজেশন অফ প্রাইমারী এডুকেশন করার জন্য, আমার প্রশ্ন হচ্ছে যে এখানে যে শিক্ষক শিক্ষিকা নিয়োগ হবে সেখানে নিয়োগের বিষয় কারা ঠিক করবে, সিলেকশন করবে কারা?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ প্রাথমিক জেলা বিদ্যালয় সংসদ তাদের নিযুক্ত করবেন।

[11.20–11.30 a.m.]

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস** ঃ যে সমস্ত স্কুলে পরিকাঠামো আছে এবং বাড়তি শিক্ষক আছে সেই সমস্ত স্কুলগুলিকে তাদের আবেদনের ভিত্তিতে পঞ্চম শ্রেণী পড়ানোর অনুমোদন দেওয়া হবে কি না? মাধ্যমিক স্কুলগুলিতে পঞ্চম শ্রেণীতে ভর্তি হওয়া সম্ভব হচ্ছে না এবং প্রাইমারী উত্তীর্ণ হয়ে যাচ্ছে অথচ সেই জায়গায় বহু ছেলেরা ভর্তি হতে পারছে না। শুধু হায়ারসেকেন্ডারীই নয় পঞ্চম শ্রেণীতেও ভর্তির তীব্র সমস্যা হচ্ছে। সেই সব প্রাইমারী বিদ্যালয়গুলিতে যাদের পরিকাঠামো আছে তারা যদি আবেদন করেন তাহলে সেখানে পঞ্চম শ্রেণী পড়ানোর অনুমোদন দেওয়া হবে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ তথ্যগতভাবে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক বিদ্যালয় মধ্যেই হয় এবং সারা ভারতবর্ষেই এটা ধরা হয়। আমাদের পশ্চিমবঙ্গে ৫টি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী পর্যন্ত পড়ানো হয়। আমরা নীতিগতভাবে এর সাথে সহমত পোষন করলেও কোন প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী পড়ানোর অনুমোদন দিচ্ছি না। আপনি জানেন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ করা একটা সমস্যা। প্রচুর সংখ্যক প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ শূন্য থাকে, কিন্তু মাধ্যমিকে তা থাকে না। যদি শিক্ষক নিযুক্ত না করতে

পারি তাহলে পড়াশোনা ব্যাহত হবে। আমরা কোন প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণীকে তাই যুক্ত করতে চাইছি না।

**শ্রী বংশীবদন মৈত্র :** আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে ৫ থেকে ৯ বছর বয়স্ক যে শিশু এরা যাতে স্কুলে আসে তার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। কিন্তু আমরা আমাদের হুগলী জেলায় দেখছি স্কুলের তরফ থেকে এবং প্রাইমারী স্কুলের পক্ষ থেকে জানানো হয়েছিল যে প্রাথমিক বিদ্যালয়ে একটা সমীক্ষা করতে হবে যে ৫ থেকে ৯ বছরের ছেলেরা কতজন স্কুলে আসছে না। তারপর তাদের নামের লিস্ট হবে এবং এটা মাষ্টার মহাশয়দের উপরেই দায়িত্ব দেওয়া হয়েছে যে আপনারা গিয়ে গার্জেনদের বোঝাবেন যাতে করে তাদের ছেলেমেয়েদের স্কুলে ভর্তি করেন। আমরা দেখেছি যত জনকে সমীক্ষার মধ্যে আনা হলো তারাই আসছে না। এবং গার্জেনরাও আশানুরূপ সাড়া দিচ্ছে না। এই বিষয়ে অন্য কোন উপায় অবলম্বন করা হবে কি?

**শ্রী কান্তি বিশ্বাস :** একটা সার্বিক প্রয়াসের মধ্যে দিয়ে শিক্ষার অনুকূল পরিবেশ এবং অভিভাবকদের মধ্যে শিক্ষার মানুষিকতা তৈরী করা ছাড়া এই সমস্যার সমাধান করা যাবে না। পশ্চিমবাংলার মানুষের আর্থিক অবস্থা এত নীচে নয় যে তাদের ছেলেমেয়েদের বিদ্যালয়ে পাঠাতে পারছেন না। কিন্তু কোথাও কোথাও বিদ্যালয় হয়তো অনেক দূরে এবং বিদ্যালয়ের যে পরিমন্ডল সেটা উৎসাহ সৃষ্টি করতে পারে না ফলে অভিভাবকদের মধ্যে আগ্রহ লক্ষ্য করা যাচ্ছে না। তবে শিক্ষা আন্দোলনের মধ্যে দিয়ে এই অসুবিধা দূর করা যাবে বলে আমি মনে করি।

### G.S.F.P. Schools in Calcutta

*45. (Admitted Question No. *822) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-Charge of the School Education Department be pleased to state–

(a) whether it is a fact that a good number of G.S.F.P. Schools located in different areas of Calcutta have no students; and

(b) if so, the reason/reasons thereof?

**শ্রী কান্তি বিশ্বাস :**

(ক) বহু নয়—কিছু স্কুলে ছাত্র সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে।

(খ) সংশ্লিষ্ট এলাকায় অধিবাসীদের ভাষা সহ অন্যান্য বৈশিষ্ট্যর পরিবর্তন হওয়ার জন্য এই ঘটনা ঘটছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন বহু নয়, আবার আমি জানতে চেয়েছিলাম কত স্কুলে এই রকম অবস্থা হয়েছে। মাননীয় মন্ত্রীকে জানাবার

জন্য বলছি একমাত্র টালিগঞ্জ, ঢাকুরিয়া অঞ্চলে ২২ টি জি. এস. এফ. পি. স্কুল উঠে গেছে, কারণ সেখানে ছেলেরা আসছে না। স্কুল উঠে গেছে, শিক্ষকবা আসছেন, মহিলা শিক্ষিকা যাঁরা আছেন তারা সেখানে উল বোনেন এবং ১২টা, ১টা বাজলেই বাড়ী চলে যাচ্ছেন।

দিনের পর দিন এই ঘটনা ঘটছে। ঐই যে স্কুল থেকে আজকে ছাত্র-ছাত্রীরা চলে যাচ্ছে এর কারণটা জানতে চেয়েছিলাম। আপনি বলেছেন ভাষা-সহ অন্যান্য বৈশিষ্ট্যের পরিবর্তনের কথা। যেহেতু প্রাইমারী স্কুলে ইংরাজী নেই সেইজন্য আজকে অভিভাবকরা জি. এস. এফ. পি. স্কুলে তাদের ছেলে-মেয়েদের পাঠানোতে উৎসাহ বোধ করছেন না। আসল কারণটা কি তাই ? না কি ভাষা-সহ অন্যান্য পরিবর্তনের কথা যেটা বলেছেন তাই। আমার এবং আমাদের ধারণা যেহেতু প্রাইমারী স্কুলে ইংরাজী পড়ানো হচ্ছিল না তাই আজকে গরীবতর সমাজের মানুষও তাদের ছেলে-মেয়েদের ঐ স্কুলে পাঠাচ্ছে না। এর কারণটা যদি তাই হয় তাহলে আপনি এই যে স্কুলগুলো এ বছর উঠে যাবার উপক্রম হয়েছে সেই স্কুলগুলোর বিষয়ে কি করবার কথা চিন্তা করছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্যের ধারণা যাই থাকুক না কেন প্রশ্নের উত্তর তো সরকার পক্ষ থেকে আমি দেব তাই বলছি, আপনার সাথে আমি একমত নই। বাজেট বক্তৃতার সময় এবং অন্য সময়ও সেই জবাব দিয়েছি। আর, আপনি সত্য কিনা জিজ্ঞাসা করেছিলেন তাই বলেছিলাম 'কিছু'। যদি সংখ্যা জানতে চান তাহলে সংখ্যা হচ্ছে ১০-টা। কলকাতা জেলায় ১০-টা এই রকম বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। তার শিক্ষক শিক্ষিকাদের আমরা অন্যত্র সরিয়ে নিয়েছি, বিদ্যালয় ছেড়ে দিয়েছি। আপনি দায়িত্বশীল সদস্য, আপনি যখন বলেছেন যে, আরো কিছু প্রাইমারী বিদ্যালয় আছে যেখানে শিক্ষক-শিক্ষিকা আছেন কিন্তু ছাত্র-ছাত্রী নেই, আমাদের খাতায় সেই বিদ্যালয়ের অস্তিত্ব এখনও রয়ে গেছে, যে শিক্ষক-শিক্ষিকারা যাচ্ছেন তারা সরকার থেকে বেতন পাচ্ছেন—আপনি যদি এই রকম তথ্য দিতে পারেন তাহলে আমরা নিশ্চয় কলকাতা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদকে বলব বিষয়টা অনুসন্ধান করার জন্য। এবং যদি প্রকৃত অবস্থা তাই হয় তাহলে সেই বিদ্যালয়ের শিক্ষকদের অন্য জায়গায় সরিয়ে নেব। কিন্তু তার কারণ এই নয়, এখানে যারা আছেন আমাদের সবাই একমত যে, প্রাইমারী বিদ্যালয়ে ইংরাজী চালু হলে পরে সঙ্গে সঙ্গে অভিভাবকরা, যারা ইংরাজী মাধ্যমের বিদ্যালয়ে ছেলে-মেয়েদের পাঠায় তারা প্রথম শ্রেণীতে হোক আর দ্বিতীয় শ্রেণীতে হোক ইংরাজী চালু হলে তাদের সন্তান সন্ততিদের সেখানে পাঠিয়ে দেবেন। এটা মনে করার কোন কারণ নেই। যারা ইংরাজী মাধ্যমে পাঠায় তাদের ভিন্ন মানসিকতার জন্য, ভিন্ন উদ্দেশ্য সামনে রেখে, ভিন্ন আবেগ তাড়িত হয়ে, ভিন্ন উদ্দেশ্য সাধন করবার জন্য তাদের সন্তানদের ইংরাজী মাধ্যমের বিদ্যালয়ে পাঠায়। প্রথম শ্রেণী থেকে ইংরাজী চালু করার ব্যাপারে, যদি ভবিষ্যতে কোনদিন চালুও হয়, তাতেও এই কারণের জন্য ছাত্র-সংখ্যা বৃদ্ধি পাবে তা মনে করার কোন কারণ নেই। সেই জন্য আপনার এই অভিমতের সঙ্গে আমি একমত নই।

তবে ভাষাগত বিরোধের পার্থক্যের কথা যেটা বলছেন, আমার থেকে আপনি আরো ভালো জানেন যে, কলকাতা থেকে যে সমস্ত প্রাইমারী বিদ্যালয় উঠে যাচ্ছে সেগুলো হচ্ছে বাংলা ভাষা-ভাষী প্রাথমিক বিদ্যালয়, বাংলা মাধ্যমের বিদ্যালয়। আপনি জানেন, বিশেষ করে উত্তর কলকাতার বঙ্গ ভাষা-ভাষী মানুষ একাধিক কারণে কলকাতা ছেড়ে চলে যাচ্ছেন এবং সেখানে বঙ্গ ভাষা-ভাষী নয় এমন মানুষ বেশী বেশী করে বাড়ী-ঘর কিনছেন, বসতি স্থাপন করছেন। তাদের ছেলে-মেয়েরা কেউ বাংলা ভাষা মাধ্যমের বিদ্যালয়ে যাচ্ছে না। এটা একটা অন্যতম প্রধান কারণ। যাইহোক, আপনি যদি ঐ বিদ্যালয়ের কোন সন্ধান আমাকে দিতে পারেন তাহলে আমি নিশ্চয় উপযুক্ত ভাবে সেগুলোকে দেখব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** এটা ভালো যে, মাননীয় মন্ত্রী স্বীকার করেছেন কলকাতা থেকে নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত বাঙ্গালীরা চলে যেতে বাধ্য হচ্ছেন। আপনাদের সরকারের নানাবিধ ব্যবস্থার জন্য কলকাতা শহর থেকে মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষ চলে যাচ্ছে প্রত্যন্ত অন্য জায়গায়। কিন্তু আমার প্রশ্নটা সেক্ষেত্রে অন্য। এই যে স্কুল, আপনি বলেছেন, কতগুলো স্কুল উঠে গেছে এবং সেই স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের অন্যত্র পাঠিয়ে দিয়েছেন। এই স্কুলের ইনফ্রাস্ট্রাকচারগুলো সেখানে অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। অনেকগুলো স্কুল, সি. এম. ডি. এ তদানিন্তন সময়ে দোতলা স্কুল তৈরী করে দিয়েছে এখন সেগুলো গরু-বাছুর ব্যবহার করছে, কোথাও ভবঘুরেরা বসে আছে। অথচ অন্যদিকে পরিকাঠামো না থাকার জন্য কারিগরী, অপ্রচলিত শিক্ষার ব্যবস্থা করতে পারছেন না। এ ব্যাপারে যখন আমরা বলি তখন আপনারা অর্থ সংকটের কথা বলেন। তাই এই সমস্ত পরিকাঠামোগুলো, যে স্কুলগুলোর ছাত্র-ছাত্রী চলে গেছে, শিক্ষক-শিক্ষিকাদের অন্যত্র ট্রান্সফার করে দিয়েছেন, কিন্তু সরকারের যে প্রপার্টি আছে, পরিকাঠামো আছে, স্কুল আছে, ক্লাসরুম আছে, শিক্ষক-শিক্ষিকার ঘরগুলো আছে, অন্যান্য আনুসঙ্গীক ব্যবস্থা আছে। তাই এই পরিকাঠামোকে আপনি অন্যান্য শিক্ষার অনুকূল করে ব্যবহার করার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস :** কলকাতায় দুই ধরনের বাড়ীতে প্রাথমিক শিক্ষা হয়। কলকাতার প্রাথমিক বিদ্যালয়ের অধিকাংশই হচ্ছে ভাড়া বাড়ীতে স্বাধীনতার আগে থেকে এবং স্বাধীনতার পরে আপনাদের আমলেও কলকাতায় যে প্রাথমিক বিদ্যালয় হয়েছে, পুর-বিদ্যালয় নয়, পুরসভা পরিচালিত বিদ্যালয় নয় তার বাইরে যে প্রাথমিক বিদ্যালয় আছে তার অধিকাংশের বেশীই ভাড়া বাড়ীতে হয়। আর, কিছুটা সি. এম. ডি. এ. যে বাড়ীগুলো তৈরী করে দিয়েছিল সেখানে। সি. এম. ডি. এ.-র বাড়ী, তার যে চেহারা বা পরিসর সেখানে কোন কারিগরী শিক্ষার বিদ্যালয় করা সম্ভবপর নয়।

তার যে পরিসর সেই পরিসরে অন্য কোন বিদ্যালয় স্থাপন করা সম্ভব নয়। শ্রেণীকক্ষের যে পরিসর তাতে অন্য কোন বিদ্যালয় স্থাপন করা সম্ভব নয়। ভাড়াবাড়িতে যে বিদ্যালয় আছে সেখানে ছাত্র-ছাত্রী না থাকলে সেখান থেকে বিদ্যালয় যদি সরিয়ে নিতে যাই তাহলে যে অভিযোগ উঠবে তার কথা বিবেচনা করতে হয়। সেটা হল

সেখানে প্রোমোটার এসে বাড়ি তৈরী করবে। এতে মালিকের স্বার্থ সিদ্ধি করা হবে। যতক্ষণ দেখি ছাত্র আনার চেষ্টা সুফল হচ্ছে ততক্ষণ ভাড়া করা বাড়িতে বিদ্যালয় চালানোর চেষ্টা করি। সেই সমস্ত জায়গায় বিকল্প ব্যবস্থা করতে হয় যেখানে কলকাতা পুরসভা বিভিন্ন আনন্দপাঠের মধ্যে দিয়ে নতুন নতুন প্রকল্প গঠন করছে। সেই কারণে সি. এম. ডি. এ. র নির্মিত বাড়িগুলোকে আমরা ব্যবহার করার চেষ্টা করছি।

[11.30–11.40 a.m.]

শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ এই জি. এস. এফ. পি. স্কুলগুলো যেখানে ক্লাস ওয়ান থেকে ফোর পর্যন্ত আছে, সেখানে ন্যূনতম ৪ জন শিক্ষক বা শিক্ষিকা থাকা দরকার। কিন্তু দেখা যায় যে সেই সব স্কুলগুলোতে ১ জন শিক্ষক বা শিক্ষিকা রয়েছেন। ঐ ১ জন শিক্ষক বা শিক্ষিকাই হেডমাস্টার বা হেডমিসট্রেস হিসেবে কাজ করছেন, ঐ ১ জনই বোর্ডে যাচ্ছেন, রিপোর্ট লিখছেন, বিশেষ অসুবিধা হলে তাকে অভিভাবকদের বাড়িতেও যেতে হচ্ছে। এভাবে এক জন শিক্ষক বা শিক্ষিকাকে দিয়ে ৪ জনের কাজ করিয়ে ধোঁকা দেওয়া হচ্ছে। ন্যূনতম ৪ জন শিক্ষক বা শিক্ষিকা না থাকলে ৪টে ক্লাস নেওয়া যায় না। সুতরাং যেখানে ১ জন শিক্ষক বা শিক্ষিকা আছেন সেখানে পড়াশোনা হচ্ছে না। সেই স্কুলগুলো নাম কা ওয়াস্তে আছে, সেখানে মাইনে দেওয়া হচ্ছে, খাতায় নাম্বার দেওয়া হচ্ছে, বাজেট ভাষণে সংখ্যাটা রিফ্লেকটেড হচ্ছে। কিন্তু একজন শিক্ষক বা শিক্ষিকা দিয়ে ১১টা থেকে ৪টে পর্যন্ত স্কুল চালানো যায় না। ন্যূনতম ৪ জন শিক্ষক বা শিক্ষিকা দিয়ে স্কুল চালানোর কোন পরিকল্পনা আপনার আছে কি? এই ধরনের কত স্কুল আছে তার সঠিক সংখ্যাটা আপনার কাছে আছে কি? এই ডেফিসিট পূরণ করার কথা কোন চিন্তা করছেন কিনা?

শ্রী কান্তি বিশ্বাস ঃ সমস্ত সংখ্যাটাই আমার কাছে আছে। কিন্তু আমি সমস্ত জায়গার সংখ্যাটা দিচ্ছি না। কারণ আপনার প্রশ্নটা হল কলকাতা কেন্দ্রীক। তবে একজন শিক্ষক বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে একজন মাননীয় সদস্যের প্রশ্ন আছে। তখন সুযোগ আসছে, জবাব দেব। তবে আমাদের পশ্চিমবঙ্গে কোথাও এক শিক্ষক বিশিষ্ট বিদ্যালয় নেই। সেখানে ৩-৪ জন শিক্ষক বা শিক্ষিকা আছেন। বিভিন্ন কারণে অনেক জায়গায় শিক্ষক নিয়োগ করা সম্ভবপর হচ্ছে না। যেমন অনেক জায়াগায় শিক্ষক অবসর নিচ্ছেন সেখানে শিক্ষকের পদ শূন্য থেকে যাচ্ছে। প্রয়োজনীয় অনুমোদিত পদ আছে কিন্তু শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না। যখন শিক্ষক পদে নিয়োগ করা যাবে তখন আমরা এই যন্ত্রণা থেকে অব্যাহতি পাব। তবে এক শিক্ষক বিশিষ্ট বিদ্যালয়ের ক্ষেত্রে আমরা ভিন্নমত পোষণ করি না। কারণ এক শিক্ষক বিশিষ্ট বিদ্যালয়ে পড়াশোনা হয় না। এরজন্য আমরাও উৎকণ্ঠার মধ্যে রয়েছি। শূন্য পদে শিক্ষক নিয়োগ হয়ে গেলে আমাদেরও আর উৎকণ্ঠা থাকবে না।

শ্রী নির্মল দাস ঃ একজন শিক্ষক-শিক্ষিকা বিশিষ্ট স্কুলের সমস্যা আমাদের এখানে প্রচুর আছে, বিশেষ করে বনাঞ্চল ও পাহাড় অঞ্চলে। কলকাতা মহানগরীতে যে সমস্যা

তা হল ছাত্রের অভাবে বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। এই রাজ্যের রাজধানীতে আমাদের রাজ্যের বিভিন্ন জায়গা থেকে বহু ছাত্র-ছাত্রী পড়াশোনা করতে আসে। কিন্তু তাদের সবচেয়ে বড় সমস্যা হল থাকার সমস্যা, হোস্টেল কম ইত্যাদি। আমরা যারা বিধায়ক তাঁরা নানাভাবে এ ব্যাপারে বিব্রত হই। কারণ আমরা কিছু করতে পারি না। সুতরাং যে সব পরিত্যক্ত স্কুলগুলো আছে সেগুলোকে যদি আইডেনটিফাই করে রিভাইভ করার সুযোগ দিয়ে এবং রেনোভেট করে দূর থেকে আগত ছাত্র-ছাত্রীদের জন্য ব্যবহার করার কোন ব্যবস্থা করা যায় কিনা সে ব্যাপারে আপনারা কোন উদ্যোগ নেবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাস নির্মাণের কোন ব্যবস্থা নেই এবং সেটা সম্ভবপরও নয়। কারণ শিশুদের থাকতে হলে যে পরিমন্ডল রচনা করতে হবে সেটা সম্ভবপর নয়। মাননীয় পঙ্কজ বাবু যে পরিত্যক্ত বিদ্যালয়গুলোর কথা বললেন—সেখানে মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য কোন ছাত্রাবাস করা যায় কিনা। সরকারী ব্যবস্থায় মূলতঃ তপশিলী জাতি এবং উপজাতিদের জন্য যে 'অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ' আছে তাদের পক্ষ থেকে বিভিন্ন জায়গার কেন্দ্রীয় ছাত্রাবাস করা হয়েছে। কিন্তু শিক্ষা বিভাগের পক্ষ থেকে কোন কেন্দ্রীয় ছাত্রাবাস করার পরিকল্পনা নেই। সুতরাং যত বড় বাড়িই পাইনা কেন আমাদের বিভাগের পক্ষ থেকে উদ্যোগী হয়ে সেখানে ছাত্রাবাস করা সম্ভব নয়। কারণ তার জন্য আমাদের কোন ব্যয়-বরাদ্দের ব্যবস্থা নেই। তবে কোন্ কোন্ মাধ্যমিক বিদ্যালয় স্বেচ্ছায় ছাত্রাবাস করার জন্য এগিয়ে আসে, আমরা তাদের যতখানি সাহায্য করা সম্ভব করি। অনুরূপভাবে যদি কেউ এগিয়ে আসে তাহলে আমাদের বিভাগের পক্ষ থেকে যতখানি সাহায্য করা সম্ভব, করা হবে। কোন কেন্দ্রীয় ছাত্রাবাস করার কোন পরিকল্পনা আমাদের নেই।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রীর উত্তরের পরিপ্রেক্ষিতে আমি তাঁকে বলতে চাই যে, যতক্ষন না ক্লাস ওয়ান থেকে প্রাথমিক স্কুলে ইংরাজি চালু করছেন ততক্ষণ শুধু ১০-টা স্কুল উঠে গেছে, তাই নয়, আরো উঠে যাবে। এখন ইংরাজি চালু করবেন, কি করবেন না, সেটা আপনাদের ব্যাপার। পঙ্কজবাবু জিজ্ঞাসা করলেন, এমন স্কুল ক'টা আছে যেখানে কোন ছাত্র নেই? আপনি বললেন কলকাতার ডিমোগ্রাফি চেঞ্জ হয়ে গেছে, বাঙালীরা বাইরে চলে গেছে, সে জন্য কেউ বাংলা প্রাথমিক স্কুলে পড়তে আসছে না। আমি জানতে চাইছি (ক) আপনার প্রাথমিক বিদ্যালয় গুলিতে ইন্সপেকশন কি হয় না? পঙ্কজবাবুকে আপনার জিজ্ঞাসা করতে হয় কোন্ স্কুলে ছাত্র নেই বলুন! (খ) যদি বাংলা মিডিয়াম না চলে, যদি হিন্দীভাষীরা এখানে বেশী এসে থাকে তাহলে হিন্দী ভাষার বিদ্যালয় কেন করছেন না? (গ) কলকাতা কর্পোরেশনের প্রাথমিক বিদ্যালয়গুলির সঙ্গে আপনার দপ্তরের সাহায্য প্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়গুলিকে মার্জ করছেন না কেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনি একটা প্রশ্নই করতে পারেন, এতগুলি করতে পারেন না। পঙ্কজবাবু বলেছেন তাঁর এলাকার কিছু প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র নেই। তাতে আমি পরিদর্শন করা, না করার কথা বলি নি। আমি ওঁকে বলেছি, যদি আপনার কাছে ঐ রকম কোন তথ্য থাকে তাহলে তা আমাকে দেবেন, আমি দেখব। আর শেষে যেটা বললেন

সেটা আমাদের দপ্তরের সঙ্গে সংশ্লিষ্ট নয়। সুতরাং এই প্রশ্ন আসেনা। পঙ্কজবাবু যেটা বলেছেন, সেটা আমার জানা নেই। ওঁর জানা থাকলে, উনি দিলে আমি দেখব।

**শ্রী মুস্তফা বিন্ কাশেম ঃ** মাননীয় মন্ত্রী জানালেন, বাস্তব কারণে ১০-টি জি. এস. এফ. পি. স্কুল বন্ধ হয়েছে। ডঃ অশোক মিত্র কমিশনের রিপোর্টে উল্লিখিত ছিল—কলকাতা কর্পোরেশন পরিচালিত যে-সমস্ত প্রাইমারি স্কুল আছে সে-সমস্তর ছাত্র সংখ্যা আশাপ্রদ নয়। আবার আজকেই একটা প্রশ্নের উত্তরে ইউনির্ভাসালাইজেশন অফ প্রাইমারি এডুকেশন, কলকাতা শহরে প্রাথমিক শিক্ষাকে সর্বজনীন করার জন্য কিছু নতুন স্কুল করার সরকারের পরিকল্পনা আছে বলা হ'ল। সুতরাং সার্বিকভাবে কলকাতার কত প্রাথমিক স্কুল করা দরকার, এটা ঠিক করার জন্য একটা সার্বিক সমীক্ষা মাননীয় মন্ত্রীর দপ্তর থেকে—জি. এস. এফ. পি. স্কুলে বর্তমান বাস্তব অবস্থা দেখে, কলকাতা কর্পোরেশন পরিচালিত প্রাথমিক বিদ্যালয় গুলির বাস্তব অবস্থা পর্যালোচনা করে, যদিও সেগুলির ক্ষেত্রে হস্তক্ষেপের কোন প্রশ্ন নেই, তথাপি প্রাথমিক শিক্ষার স্বার্থে সমন্বয় বা সংহতি থাকা দরকার—এ রকম করার কোন পরিকল্পনা আছে কি? একটা সার্বিক সমীক্ষার ব্যবস্থা করবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** কলকাতা পৌরসভা পরিচালিত বিদ্যালয় ছাড়া প্রাথমিক শিক্ষা সংসদ থেকে পরিচালিত হয় ১,৭১১-টি বিদ্যালয়। এগুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা কিছু কমেছে এবং পঙ্কজবাবুও এটাই বলেছেন। এটা ঘটনা। আমরা এ বিষয়ে সমীক্ষা করছি যে, কলকাতার কোন্ কোন্ জায়গায় বাংলা, হিন্দী, উর্দু মাধ্যম বিদ্যালয় স্থাপনের প্রয়োজন আছে।

বিভিন্ন ভাষা-ভাষীর মানুষ কলকাতায় বসবাস করেন। তাদের মাতৃভাষায় শিক্ষার সুযোগ যাতে সুনিশ্চিত করা যায় তারজন্য আমরা উৎসাহী। যষ্ঠ শিক্ষা সমীক্ষা হয়েছিল সারা ভারতবর্ষ ব্যাপী। তার থেকে আমরা যে তথ্য পেয়েছিলাম তাতে কলকাতায় নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার উদ্যোগ নিয়েছিলাম। এখনো কলকাতা পৌরসভার সাথে আলোচনা চলছে। কলকাতা মহানগরী একটা ঐতিহ্যবাহী শহর। এখানে বিভিন্ন ভাষা-ভাষীর লোকেরা বসবাস করেন। তাদের শিশু-সন্তানরা যাতে নিজেদের মাতৃভাষায় লেখাপড়া করতে পারেন তারজন্য যেখানে যেখানে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা প্রয়োজন সেখানে সেখানে বিদ্যালয় স্থাপন করার ক্ষেত্রে আমরা সচেষ্ট।

[11.40–11.50 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সারা পশ্চিমবাংলায় যতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে সেই সব প্রাথমিক বিদ্যালয়ে—আমরা যেমন, কলেজের ক্ষেত্রে সব সময়ে উত্তর পাই কতগুলি লেকচারারের পদ খালি, কতগুলি অধ্যক্ষের পদ খালি, তেমনি সেকেন্ডারীর ক্ষেত্রেও পাই—কিন্তু প্রাইমারীর ক্ষেত্রে অ্যাকচুয়ালি কত শিক্ষকের পদ শূন্য এবং যেটা ৩ জন শিক্ষক থাকলে ১জন, ২জন থাকলে ২জন কিম্বা ৩জন থাকলে ১জন — এই রকম কোন তথ্য আপনার কাছে আছে কিনা? যদিও অল ইন্ডিয়া এডুকেশন সার্ভেতে

এগুলির কিছু রিপোর্ট পাওয়া যায়, কিন্তু আপনার দপ্তর থেকে কারেন্ট অর্থাৎ লেটেস্ট এইরকম তথ্য আছে কিনা বা আপনি সমীক্ষা করেছেন কিনা, থাকলে জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** তথ্য আমার কাছে আছে। কিন্তু আপনি জানেন, প্রতি-নিয়ত তথ্যের পরিবর্তন হচ্ছে। আজকে যে শূণ্য পদ কালকে কেউ যদি নিযুক্ত হয় তাহলে কমে গেল। আবার কেউ অবসর নিলে সেটা বেড়ে গেল। সুতরাং নিয়মিতভাবে সংখ্যার পরিবর্তন হয় এবং এই সংখ্যা খুবই পরিবর্তনশীল। কর্মরত শিক্ষক যদি চলে যান তাহলেও পরিবর্তন হয়। সারা পশ্চিমবাংলাব্যাপী এই সংখ্যা আমাদের কাছে আছে। যদি নির্দিষ্ট তারিখের ভিত্তিতে চান তাহলে বলা যেতে পারে।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় মাননীয় সদস্য শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসের প্রশ্নের উত্তরে বললেন প্রাথমিক স্কুলে পঞ্চম শ্রেণী চালু করা অসুবিধা, শিক্ষক ঠিক নেই। শিক্ষক নিয়োগের অসুবিধার জন্য পঞ্চম শ্রেণীতে প্রাইমারী স্কুলে ভর্তি করা যাবে না। আমি টি. ভি. তে দেখছিলাম, কলকাতা এবং শহরতলী এলাকায় পথ-শিশুদের জিজ্ঞাসা করা হয়েছিল, তোমরা পড়াশুনা ছেড়ে দিয়ে বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াচ্ছো কেন? তার উত্তরে তারা বলেছিল, আমরা হাইস্কুলে ভর্তি হতে পারিনি। প্রত্যেক স্কুল ইনটারভিউয়ের মাধ্যমে পঞ্চম শ্রেণীতে ভর্তি করছে, যার ফলে সবাই হাইস্কুলে পঞ্চম শ্রেণীতে ভর্তি হতে পারছে না। তার ফলে তারা বাধ্য হয়ে পড়াশুনা ছেড়ে দিয়ে বিভিন্ন কলকারখানায়, দোকানে নিযুক্ত হয়ে ফাই-ফরমাস খাটতে বাধ্য হচ্ছে। এই সমস্ত শিশুদের পড়ানোর জন্য কেন প্রাথমিক স্কুলে পঞ্চম শ্রেণীতে শিক্ষাব্যবস্থা করবেন না? তারা ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে না বলেই বাধ্য হয়ে পড়াশুনা ছেড়ে দিচ্ছে। তাহলে এটাই কি ধরে নেওয়া যেতে পারে যে আপনি ইচ্ছা করে এই সমস্ত শিশুদের পঞ্চম শ্রেণীতে ভর্তি হওয়ার সুযোগ থেকে বঞ্চিত করার ব্যবস্থা করেছেন? এর ফলেই তাদের ড্রপ-আউট হতে হচ্ছে? কেন তাদের ভর্তি করার ব্যবস্থা করা হবে না? আপনি এ ব্যাপারে কি চিন্তা-ভাবনা করেছেন সেই সম্পর্কে স্পেসিফিক জবাব আপনাকে দিতে হবে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনি দূরদর্শনে কি দেখেছেন তা আমি জানি না। কিন্তু কলকাতায় পঞ্চম শ্রেণীতে ভর্তি হওয়ার কোন সুযোগের অভাব নেই। যারা ভর্তি হতে চান কলকাতাতে অন্ততঃ পঞ্চম শ্রেণীতে ভর্তি হওয়ার অবকাশ আছে। অতএব আপনার যে বিবৃতি সেই বিবৃতির সাথে আমি একমত নই।

## Starred Questions
## (to which answers were given)

### পরিবেশ দূষণ মুক্তির ছাড়পত্র

*৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং. *৫৭৩) **শ্রী তপন হোড় ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সমস্ত হাসপাতাল এবং নার্সিং হোমগুলিকে সরকারের নিকট থেকে "পরিবেশ দূষণ মুক্ত" ছাড়পত্র নিতে হবে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত ব্যবস্থা কার্যকর হবে বলে আশা করা যায়।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ভারত সরকারের জীব চিকিৎসা অপশিষ্ট (প্রবন্ধন ও ব্যবহার) নিয়মবিধি, ১৯৯৮ অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকার একটি বিহিত প্রধিকারী (Prescribed Authority) গঠন করেছে। সরকার ও এই প্রাধিকারীকে সাহায্য করার জন্য সম্প্রতি একটি উপদেষ্টা কমিটিও (Advisory Committee) গঠন করা হয়েছে।

বিহিত প্রধিকারী সম্প্রতি তার কাজ শুরু করেছে।

মাননীয় সদস্যদের বোঝার সুবিধার জন্য আইনের ইংরাজী নামটাও বলে দিচ্ছি। সেটা হচ্ছে, Bio-Medical Waste (Management and Handling) Rules, 1998. চালু হয়েছে এবং সেই অনুযায়ী এটা হচ্ছে।

**শ্রী তপন হোড় ঃ** নার্সিং হোম বা হাসপাতালগুলি থেকে যে পরিবেশ দূষন হচ্ছে সে সম্পর্কে ব্যবস্থা নেওয়ার জন্য এখানে আপনি প্রেসক্রাইবড অথরিটি গঠন করেছেন এবং তাকে সাহায্য করার জন্য এ্যাডভাইসারি কমিটি গঠন করেছেন। আমার প্রশ্ন, এই এ্যাডভাইসারি কমিটি সেন্ট্রালি করা হয়েছে, না কি জেলা ভিত্তিক করা হয়েছে এবং কাদের নিয়ে এই এ্যাডভাইসারি কমিটি গঠন করা হয়েছে, তার নিয়মটা কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** কেন্দ্রীয় নিয়মবিধি অনুযায়ী একটা রাজ্যে একটা এ্যাডভাইসারি কমিটি গঠন করার কথা এবং সেটা গঠিত হয়েছে। তার সদস্যদের নাম হচ্ছে। Member Secretary, West Bengal Pollution Control Board—Chairman, Dr. Somnath Chatterjee, Director, Health Services, Health & Family Welfare Department, Govt. of West Bengal, Sri Pranabes Sanyal, Chief Environment Officer, Environment Department, Govt. of West Bengal, Capt. A. K. Chakrabarti, Adviser (Conservancy), Calcutta Municipal Corporation, Prof. Arunava Majumder, All India Institute of Hygiene & Public Health, a representative from Animal Resources Department, Urban Development Department, Municipal Affairs Department, Howrah Municipal Corporation, Sri Subir Ghosh, Senior Environment Officer, Environment Department, Govt. of West Bengal, Sri Santosh Mondal, Scientist, Centre for Study of Man & Environment. Sri Subir Mitra, Environmental Engineer, West Bengal Pollution Control Board.

**শ্রী তপন হোড় ঃ** এই এ্যাডভাইসারি কমিটি গঠনের পরিপ্রেক্ষিতে এখনও পর্য্যন্ত কোন কোন শহরে এটা চালু করা সম্ভব হয়েছে মাননীয় মন্ত্রীমহাশয় তা জানাবেন কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** এই কেন্দ্রীয় আইনটি হবার আগে থেকেই সি. এম. সি. — কোলকাতা পৌরসভা অঞ্চলে এই আইন চালু হবার আগে থেকেই এই ব্যবস্থায় এর কাজ শুরু হয়েছিল। আইনগত কিছুটা উদ্যোগ শুরু হয়েছে হাওড়া ও শিলিগুড়ি কর্পোরেশনে। তবে প্রধানতঃ পূর্ণাঙ্গভাবে চলছে ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকায়।

**শ্রী তপন হোড় ঃ** আমরা জানি যে হাসপাতালগুলির যা অবস্থা তাতে সেখানে দুর্গন্ধে পরিবেশ দূষিত হচ্ছে। একেবারে তো করতে পারবেন না, আমি জানতে চাই, হাসপাতালগুলির মধ্যে কোন কোন হাসপাতালগুলিতে অগ্রাধিকার দিয়ে এটা চালু করার ব্যবস্থা করেছেন?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** কোন ধরনের হাসপাতাল এবং কোন ধরণের নার্সিং হোম কোন সময়ের মধ্যে এই ব্যবস্থার আওতায় আসবে সেটা আইনেই নির্দিষ্টভাবে বলা হয়েছে। সরকারের সেটা বেছে নেওয়ার কোন প্রশ্ন নেই। যদি ইমিডিয়েট কথাটা ব্যবহার করেন তাহলে দাঁড়াবে Hospital, nursing home in the town with a population more than 30,00,000.

৩০ লক্ষের বেশী জনসংখ্যা বিশিষ্ট শহরগুলির সমস্ত হসপিটাল এবং নার্সিং হোম। এছাড়া ৫০০-র বেশী বেড আছে এরকম হাসপাতালগুলির ক্ষেত্রে ১৯৯৯ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে ব্যবস্থাটা চালু হবার কথা। পশ্চিমবঙ্গে ৩০ লক্ষের বেশী জনসংখ্যা রয়েছে এমন শহর হচ্ছে কলকাতা। আগেই জানিয়েছি যে, কলকাতায় ইতিমধ্যে এই তালিকার মধ্যে কাজটা শুরু হয়ে গেছে। এবং ৫০০-র বেশী বেড বিশিষ্ট হাসপাতাল, যেগুলো এর আওতার মধ্যে আসবে বলে ধারণা, তার সংখ্যা ১৬। কলকাতার বাইরে এরকম ১৬টি হসপিটাল ১৯৯৯ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে এর আওতায় আসবে।

**শ্রী তপন হোড় ঃ** ১৬টি হাসপাতালের নামগুলি কি জানাবেন? পাশাপাশি নার্সিংহোমগুলিও কিন্তু খুবই বেপরোয়াভাবে চলছে। তারা ইনজেকশন সিরিঞ্জসহ হসপিটাল ওয়েষ্ট সব ওপেন জায়গায় ফেলে রাখছে। এ ব্যাপারে কোনরকম কন্ট্রোল নেই। সে ক্ষেত্রে বিশেষ কোন ব্যবস্থা নিচ্ছেন কিনা?

[11.50--12.00 Noon]

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** এই নিয়মবিধির আওতার মধ্যে যা বলা আছে তাতে ২০০২ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে পশ্চিমবঙ্গের সমস্ত নার্সিংহোম, হাসপাতাল, এমন কি প্যাথলোজিক্যাল ল্যাবরেটরীগুলি পর্যন্ত এর আওতায় আসবে। এ বছর যে হাসপাতালগুলি এর আওতায় আসবে তার বেড সংখ্যা ৫০০-র বেশী। এক্ষেত্রে ৫০০-র বেশী বেডে, এটা আমরা স্বাস্থ্য দপ্তরের বিগত রিপোর্ট থেকে তৈরী করেছি। এটা কিছু পরিবর্তিত হতে পারে। এখনও পর্যন্ত যে হিসাব রয়েছে তাতে বাঁকুড়া জেলার দুটি হসপিটাল—

বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ এ্যান্ড হসপিটাল এবং গৌরীপুর লেপ্রোসী হসপিটাল, বর্ধমান—বর্ধমান মেডিক্যাল কলেজ এ্যান্ড হসপিটাল, বীরভূম—শিউড়ী সদর হসপিটাল, দার্জিলিং—নর্থবেঙ্গল মেডিক্যাল কলেজ, হাওড়া—ষ্টেট জেনারেল হসপিটাল, হুগলী—ইমামবাড়া হসপিটাল, জলপাইগুড়ি—জলপাইগুড়ি সদর হসপিটাল, মালদা—মালদহ ডিষ্ট্রিক্ট হসপিটাল, মেদিনীপুর—মেদিনীপুর ডিষ্ট্রিক্ট হসপিটাল, মুর্শিদাবাদ—বহরমপুর ডিষ্ট্রিক্ট হসপিটাল, পুরুলিয়া—পুরুলিয়া ডিষ্ট্রিক্ট হসপিটাল, নদিয়ায় ৩টি—জওহরলাল নেহরু মেমোরিয়াল হসপিটাল, কল্যাণী, নেতাজী সুভাষ স্যানেটোরিয়াম এবং ডঃ বি. সি. রায় স্যানেটোরিয়াম, ধুবুলিয়া, এই ১৬টি হসপিটাল এর আওতায় আসবে। এছাড়া দক্ষিণ ২৪-পরগণার এম. আর. বাঙ্গুর হসপিটাল রয়েছে। যেহেতু এটা কলকাতার মধ্যে, তারজন্য ওখানে কাজটা শুরু হয়ে গেছে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** সামগ্রিকভাবে পরিবেশের ভারসাম্য রাখবার স্বার্থে আপনার দপ্তর কাজ করে। তাই আমার প্রশ্ন, হাসপাতাল এবং নার্সিংহোমগুলি তাদের বজ্যপদার্থ যত্রতত্র যেভাবে ফেলছে তাতে কি পরিমান পরিবেশ দূষণ ঘটছে সে-ব্যাপারে আপনার দপ্তর কোন রিপোর্ট তৈরী করেছে কিনা?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, আপনার যে প্রশ্ন সেই একই ধরণের প্রশ্নের উত্তরে জানিয়েছি যে, ইতঃমধ্যে আমরা কি কি ব্যবস্থা নিয়েছি এবং আইন অনুযায়ী কি কি ব্যবস্থা ভবিষ্যতে নেবো। আপনার অবগতির জন্য জানাই, কলকাতার পুরসভা এলাকার সমস্ত হাসপাতাল, নার্সিংহোমগুলি ১৯৯৯ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে এই আইনের আওতায় চলে আসবার কথা। এই কাজটা শুরুও হয়ে গেছে। ৩১শে ডিসেম্বর, ১৯৯৯-এর মধ্যে রাজ্যের আরো ১৬টি হাসপাতাল, যাদের বেড সংখ্যা ৫০০-র বেশী, সে সব হসপিটাল এর আওতায় আসবে এবং পর্যায়ক্রমে ২০০২-এর ৩১শে ডিসেম্বরের মধ্যে আমাদের রাজ্যের সমস্ত হসপিটাল এবং নার্সিংহোম এর আওতায় আসবে।

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** নার্সিং হোম এবং হসপিটাল থেকে যে সব বর্জ্য পদার্থ বেরচ্ছে সেই বর্জ্য পদার্থ পরিবেশ দূষণ করছে এই ব্যাপারে আপনার দপ্তর কি ব্যবস্থা নিচ্ছেন এবং প্লাইন আছে সেটা জানাবেন কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্যে জানাই যে, অন্য যে কোন বর্জ্য পদার্থের সঙ্গে হাসপাতাল থেকে বর্জ্য পদার্থ বেরনোর অনেক গুণগত এবং চরিত্রগত পার্থক্য আছে। এখানে আইনের উদ্দেশ্যে এই হাসপাতাল নিসৃত বর্জ্য পদার্থ আরো পাঁচটি বর্জ্য পদার্থের মধ্যে না ফেলে বিশেষ ব্যবস্থার মাধ্যমে করতে হবে। সেখানে ওয়েষ্টের ট্রিটমেন্টের জন্য আলাদা ব্যবস্থা করা হয়েছে। এই ব্যাপারে কেন্দ্রীয় যে আইন আছে তাতে ইতিমধ্যেই কলকাতা করপোরেশান তার কাজ শুরু করে দিয়েছে। ইতিমধ্যেই প্রাথমিক কিছু কাজ শুরু হয়েছে যেমন হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশানে। এই ব্যাপারে মাননীয় সদস্যকে অবগতির জন্য একটু বিস্তারিতভাবে বলছি যে, ৩১.১২.৯৯ তারিখের মধ্যে ৫০০ বেড যুক্ত সব

হাসপাতাল এই আইনের আওতায় আসবে। এই রকম ৫০০ র বেশী বেডের বর্জ্য পদার্থ ফেলার দায়িত্ব মিউনিসিপ্যাল কর্পোরেশান তারাই এর ওয়েস্টের ব্যবস্থা করবে। তার পরে ৩১.১২.২০০০ সালের মধ্যে ২০০ বেড বিশিষ্ট সব হাসপাতালগুলো এর আওতায় আসবে। তার পরে দু হাজার এক সালের ৩১.১২-র মধ্যে ৫০টি বেড বিশিষ্ট এই হাসপাতালগুলো এই আইনের আওতায় আসবে। এবং অবশেষে দু হাজার দুই সালের ৩১.১২ এর মধ্যে এই ক্যাটাগরীর যে সব পড়বে তার সবটাই এই আইনের আওতায় চলে আসবে। এখানে একটা প্রস্তাব আছে যে, হাসপাতালগুলোর এই সব বর্জ্য পদার্থ ফেলার ব্যাপারে মিউনিসিপ্যালিটি এবং পঞ্চায়েতগুলোকে এ্যারেঞ্জ করতে হবে।

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এই যে নিয়মটা আপনি করলেন এটা কি আমাদের দেশের পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রেখে করেছেন নাকি ওয়ার্ল্ড হেল্‌থ অরগানাইজেশানের সঙ্গে সমতা রেখে কথা হয়েছে সেটা বলুন?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** এই যে আইনটা করা হয়েছে এটা ভারতবর্ষের কথা ভেবেই ভারত সরকার করেছেন। ওয়ার্ল্ড হেল্‌থ অরগানাইজেশান এইরকম ক্ষেত্রে আলাদা করে কোন নির্দেশিকা দিতে পারে না। কিন্তু পরিবেশ বিষয়টা এমনই একটা বিষয় যে, গোটা পৃথিবীতে এটা নিয়ে উৎকণ্ঠা এবং এরজন্য কিছু কমন এজেন্ডা রি-এ্যাক্ট করবে। এতে আমি মনে করি না যে কারুর নির্দেশিকার পদক্ষেপ হিসাবে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। পরিবেশের ব্যাপারে অবশ্য কিছু আন্তর্জাতিক সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

## শিক্ষকদের জন্য গৃহনির্মাণকল্পে ঋণ

*৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩) **শ্রী কমল মুখার্জী ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে বিভিন্ন স্তরের শিক্ষকগণ "গৃহনির্মাণ"-কল্পে ঋণ পান না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, ভবিষ্যতে শিক্ষকসমাজকে এই ধরনের সুযোগ-সুবিধা প্রদানের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) বে-সরকারী বিদ্যালয়ের কোনো স্তরের শিক্ষকগণ গৃহ নির্মাণকল্পে ঋণ পান না।

(খ) বর্তমানে HUDCO-র সহায়তায় একটি প্রকল্প বিবেচনাধীন আছে।

**শ্রী কমল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, চতুর্থ বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী শিক্ষকদেরও বেতন বেড়েছে একথা সত্যি কিন্তু সরকারী কর্মচারীদের মত শিক্ষকরা সুযোগ সুবিধা পাচ্ছে না এই ব্যাপারে আপনি কি চিন্তা ভাবনা করছেন জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য কমল বাবু যে প্রশ্ন করেছেন তার উত্তর দিতে গেলে বহু আলোচনার বিষয় এসে পড়বে। সরকারী কর্মচারী এবং শিক্ষকদের মাইনের মধ্যে ব্যবধান রয়েছে নিশ্চিত ভাবে। সেখানে পশ্চিমবঙ্গে গত ২২ বছরে প্রাথমিক শিক্ষকদের বেতন বেড়েছে সাড়ে ১৬ গুণ আর মাধ্যমিক শিক্ষকদের বেতন বেড়েছে ২২ গুণ যা ভারতবর্ষের আর কোথাও নেই।

এটা ভারতবর্ষের কোথাও নেই। কিন্তু সাথে সাথে এটাও ঠিক সরকারি কর্মচারীদের সাথে যে চাকরির বিষয়বস্তু তার অনেক ব্যবধান আছে। সরকারি কর্মচারীরা সরাসরি সরকারের তহবিল থেকে বেতন পান। সরকারি শিক্ষকরা তারা সেটা পান না, বিদ্যালয় শিক্ষকদের অর্থ বিদ্যালয়কে দেওয়া হয়, সেটা বিদ্যালয় শিক্ষকদের বেতন বাবদ দেয়। এর জন্য চাকরির শর্তাবলীর মধ্যে স্কুলের শিক্ষক আর সরকারি কর্মচারী উভয়ের মধ্যে অনেক ব্যবধান আছে। সেই ব্যবধানের জন্য সরকারের পক্ষ থেকে এই রকম কোন প্রকল্প গ্রহণ করা হচেছ না।

**Mr Speaker :** Question Hour is Over.

## Starred Questions
## (to which answers were laid on the Table)

### রাজ্যের আবগারী দোকানের সংখ্যা

*৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৮) **শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ** আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্য সরকার অনুমোদিত কতগুলি (১) বার এবং (২) সিদ্ধি, গাঁজা ও আফিমের দোকান আছে;

(খ) অদূর ভবিষ্যতে ঐ সকল দোকানের সংখ্যাবৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) থাকলে, তা কোথায় কোথায় এবং কী ধরনের দোকান?

**আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—**

(ক) বর্ত্তমানে রাজ্যে সরকার অনুমোদিনে ২৯১টি বার, ১০৫টি আফিমের দোকান এবং ৩২৬টি সিদ্ধি/ভাঙ্-এর দোকান আছে। কোনও গাঁজার দোকান নেই।

(খ) অদূর ভবিষ্যতে আফিম ও সিদ্ধি/ভাঙ্-এর দোকানের সংখ্যা বৃদ্ধির কোন পরিকল্পনা নেই। অন্য প্রকার দোকানের সংখ্যা প্রয়োজনে বাড়তে পারে।

(গ) আবগারী আইন ও বিধি অনুযায়ী নতুন দোকানের প্রস্তাব জেলাশাসকরা অন্তঃশুল্ক মহাধ্যক্ষের মাধ্যমে সরকারের বিবেচনার জন্য পাঠান। ঐ প্রস্তাব সমূহ বিবেচনার পরই ঠিক হয় কোথায় কোথায় কি ধরনের আবগারী লাইসেন্স দেওয়া হতে পরে।

### উদ্বাস্তুদের জমির পড়চা

*৪৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের গভঃ কলোনীগুলিতে সরকারীভাবে পুনর্বাসন (দলিল) পেয়েছেন এমন অধিকাংশ নাগরিকরা এখনও জমির পড়চা পান নি;

(খ) সত্যি হলে, তার সংখ্যা কত (জেলাওয়ারী তথ্য); এবং

(গ) কবে নাগাদ তাঁরা এই পড়চা পাবেন বলে আশা করা যায়?

**উদ্বাস্তু ত্রাণ ও পূর্ণবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) জমির পর্চা দেওয়ার অধিকার ভূমি ও ভূমি সংস্কার বিভাগের। সেজন্য আলোচ্য প্রশ্নের উত্তর দেওয়া এই বিভাগের পক্ষে সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

### New Foreign Liquor Shops

*486. (Admitted Question No. *1067) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Excise Department be pleased to state–

(a) whether it is a fact that the State Government has decided to issue licence to open new Foreign liquor shops in the State; and

(b) if so, the criteria for issuance of such licence?

**M.I.C of the Excise Deptt :**

(a) Yes.

(b) After the Government selects a site for grant of licence for the retail sale of spirit in accordance with the West Bengal Excise (Selection of New sites and grant of license for Retail Sale of

Spirit and certain other Intoxicants) Rules, 1993, the Collector invites applications through open advertisement and selects a person from amongst the applicants on the basis of principles enunciated in the Excise Deptt. Order No. 315-Ex dated 25th April, 1991.

### মুক্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা

*৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫৮) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমান রাজ্যের মুক্ত বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যে মুক্ত বিদ্যালয়গুলি নয়—মুক্ত বিদ্যালয় একটিই—নাম "রবীন্দ্র মুক্ত বিদ্যালয়"। উক্ত বিদ্যালয়ে এখন পর্যন্ত নথিভুক্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ১,৮০৫ জন।

### একশিক্ষক-বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়

*৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩১) **শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

পশ্চিমবঙ্গের একজন শিক্ষক-বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগের জন্য সরকার কী ব্যবস্থা নিচ্ছেন?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পশ্চিমবঙ্গে কোনো বিদ্যালয়ই এক শিক্ষক বিশিষ্ট নয়—কিন্তু কোনো কারণে যথা শিক্ষকের অবসর, পদত্যাগ প্রভৃতি কারণে এক-শিক্ষক বিশিষ্ট বিদ্যালয়ের সৃষ্টি হয়। জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ শিক্ষক নিয়োগ অথবা অন্য বিদ্যালয় হতে বদলী করে এক শিক্ষক বিশিষ্ট বিদ্যালয়কে একাধিক শিক্ষক বিশিষ্ট বিদ্যালয়ে রূপান্তরিত করে।

### জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্প

*৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬৬) **শ্রী চিত্তরঞ্জন মুখোপাধ্যায় ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্প (ডি. পি. ই. পি.)-এর অগ্রাধিকার নির্ণয়ের পদ্ধতি কী; এবং

(খ) মেদিনীপুর জেলাকে এই প্রকল্পের অধীনে আনার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) জেলা নির্বাচনের ক্ষেত্রে মূলত দুটি বিষয়কে অগ্রাধিকার দেওয়া হয়েছে ঃ

(i) শিক্ষাক্ষেত্রে পশ্চাদপদ এমন জেলা যেখানে মহিলাদের মধ্যে স্বাক্ষরতার হার জাতীয় স্তরে মহিলাদের সাক্ষরতার হারের চেয়ে কম।

(ii) জাতীয় সাক্ষরতা অভিযানে সফল হয়েছে এমন জেলা যেখানে এই অভিযানের ফলে বিদ্যালয়গুলিতে অতিরিক্ত ছাত্র ভর্তির চাপ বেড়েছে।

(খ) আপাততঃ নেই।

**নকল পাঠ্যপুস্তক ছাপানোর অভিযোগে গ্রেপ্তার**

*৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৫) **শ্রী শংকর সিং এবং শ্রী অসিত মিত্র ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ কর্তৃক প্রকাশিত নবম ও দশম শ্রেণীর পাঠ্যপুস্তকের নকল ছাপানোর অভিযোগে কতজনকে গ্রেপ্তার করা হয়েছে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কতজনকে গ্রেপ্তার করা হয়েছে শিক্ষা বিভাগে তার কোনো তথ্য নেই।

**শিক্ষক-শিক্ষণকেন্দ্রে সংরক্ষণ**

*৪৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩৮) **শ্রী অবিনাশ মাহাত ও শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন প্রাথমিক শিক্ষক-শিক্ষণকেন্দ্রগুলিতে ও. বি. সি. প্রার্থীদের আসন সংরক্ষণের ব্যবস্থা আছে কী; এবং

(খ) থাকলে, কত শতাংশ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও. বি. সি. প্রার্থী বলতে মাননীয় সদস্য কী বলতে চেয়েছেন তা পরিস্কার নয়—শিক্ষক-শিক্ষণ পাঠক্রমে ভর্তি হওয়ার প্রার্থী অথবা উক্ত শিক্ষণ কেন্দ্রে শিক্ষক পদে নিযুক্ত হওয়ার প্রার্থী, প্রশ্নটি সুনির্দিষ্ট না হওয়ার জন্য উত্তর দিতে অসুবিধা হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**উদ্বাস্তুদের জমির স্থায়ী স্বত্ব**

*৪৯২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪৩) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শহরাঞ্চলে উদ্বাস্তুদের জমির স্থায়ী স্বত্ব দেওয়া হয় কী;

(খ) 'ক' উত্তর 'না' হলে শহরাঞ্চলের উদ্বাস্তুদের মধ্যে জমি বিতরণের পদ্ধতি কি; এবং

(গ) জমির স্থায়ী স্বত্ব দেওয়ার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অনুমতির প্রয়োজন আছে কি না?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সরকারীভাবে স্বীকৃত কলোনীতে বসবাসকারী উদ্বাস্তুদের জমির স্থায়ী স্বত্ব দেওয়া হয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না।

[12.00–12.10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received one notice of adjournment motion from Shri Pankaj Banerjee on the subject of filling up of ponds and water-bodies in Calcutta and surrounding area by unscrupulous promoters causing serious environmental imbalance.

The subject matter of the motion is not of urgent public importance or of recent occurrence as it should for raising in an adjournment motion.

Moreover, a starred question (No. *428) from Shri Banerjee on the subject matter of the adjournment motion was taken up and discussed in the House on 1.7.99.

The adjournment motion is thus out of order and I disallow it.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received six notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Spurt in incident of bus-dacoity at Haridevpur-more under Diamond Harbour P.S. | : | Shri Sk. Daulat Ali |
| (ii) | Reported incident of blast and collapse of roof at Parash Coal Mine of ECL in Andal, Burdwan on 6.7.99 resulting death of 4 mining workers. | : | Shri Deba Prasad Sarkar<br>Shri Sudhir Bhattacharjee<br>Shri Ashok Kumar Deb<br>Shri Mozammel Haque (Hariharpara)<br>Shri Unus Sarkar &<br>Shri Tapan Hore |
| (iii) | State Governments decision regarding setting up of a new law college | : | Shri Ajoy De |
| (iv) | Delay in finding clues of the murder of Smt. Leena Sen in South Calcutta. | : | Shri Saugata Roy |
| (v) | Alarming situation due to outbreak of malignant malaria in the State including Calcutta. | : | Shri Nirmal Das |
| (vi) | Reported arrest of some persons allegedly involved in transmission message to the I.S.I. in Islamabad (Pakistan). Oman, Afganistan and Arabian countries over the phone through a telephone booth at Bandel, Hooghly. | : | Shri Jyoti Krishna Chattopadhyay<br>Shri Sk. Majed Ali &<br>Shri Benoy Datta |

I have selected the notice of Shri Ajoy De on the subject of "State Government decision regarding setting up of a new law college".

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Singh :** Sir, the statement will be made on 12th July, 1999.

**Mr. Speaker :** The Minister-in-charge of the Industrial Reconstruction Department will make the statement on the subject of steps taken by

the State Government to re-open the Dunlop Rubber Industries at Sahaganj, Hooghly, on tomorrow instead of today.

(Attention called by Shri Abdul Mannan, Shri Jyoti Chowdhury and Shri Kamal Mukherjee separately on the 18th June, 1999.)

**শ্রী আব্দুল মান্নান ঃ** যদিও আজকে সেচ দপ্তরের বাজেট হবে। মাননীয় মন্ত্রীও এখানে আছেন। স্যার, আপনি জানেন গঙ্গা পদ্মা ভাঙনের জন্য মুর্শিদাবাদ জেলায় বিরাট অংশের মানুষ ঘর ছাড়া হয়ে গেছে। তাদের বাড়ী ঘর গঙ্গায় চলে গেছে। আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমাদের কিছু মাননীয় সদস্য তারা এখানে বাইরে ধর্ণা দিচ্ছেন—যেহেতু হাউসে এই ব্যাপারে বলে বলে তারা ব্যর্থ হয়েছেন—আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি, তিনি অন্তত সেখানে গিয়ে তাদেরকে একটু আশ্বস্ত করুন, তাদের পাশে দাঁড়ান, তাহলেই তারা ধর্ণাটা তুলে নেন।

**মিঃ স্পীকার ঃ** মেম্বাররা হাউসের বাইরে ধর্ণা করছে, যে কথাটা হাউসের ভেতরে বলার কথা, সেটা তারা বাইরে করছেন কেন? এটা আপনারা করছেন ফর আদার পারপাস, ইট ক্যান নট বি এ্যালাউড। এটা ইললিগ্যাল, এটা হবে না।

## PRESENTATION OF COMMITTEE REPORTS

### Presentation of the Third Report of the Subject Committee on Social Welfare (1998-99)

**Shri Subhas Goswami :** Sir, I beg to present the Third Report of the Subject Committee on Social Welfare (1998-99) on its study visit to the Districts of Nadia, Burdwan and Midnapore.

### Presentation of the Twentieth and the Twenty-first Reports of the Committee on Public Accounts, 1998-99

**The Chairman (Shri Satyaranjan Bapuli) :** Sir, I beg to present the Twentieth Report of the Committee on Public Accounts, 1998-99 on the Report of the Comptroller and Auditor General of India for the year 1993-94 (Civil) No. 4 relating to the Hill Affairs Department, Government of West Bengal.

(ii) The Twenty-First Report of the Committee on Public, Accounts, 1998-99 on the Report of the Comptroller and Auditor General of India for the year 1993-94 (Civil) No. 3 relating to the Cottage and Small Scale Industries Department, Government of West Bengal.

## LAYING OF REPORTS

### The 7th to 21st Annual Reports of the West Bengal Ceramic Development Corporation Ltd. for the years 1982-83 to 1996-97.

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your kind permission, I beg to lay the 7th to the 21st Annual Reports of the West Bengal Ceramic Development Corporation Limited for the years 1982-83 to 1996-97 respectively.

### Point of Information

**শ্রী অতীশ চন্দ্র সিনহা ঃ** স্যার, একটা গুরুত্বপূর্ণ ব্যাপার আমি আপনার মাধ্যমে এই হাউসে বলছি। আমরা শুনেছি ইউকো ব্যাঙ্কের হেড অফিস কলকাতা থেকে সরিয়ে নিয়ে যাওয়া হবে। ওখানকার ব্যাঙ্ক অফিসার কংগ্রেস, ইউকো ব্যাঙ্কের হেড অফিস যাতে ট্রান্সফার না হয় তার জন্য তারা চেষ্টা করছে এবং ওরা যে চিঠি দিয়েছে সেটা আপনার কাছে আমি দিচ্ছি। আপনি যদি রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকারের কাছে এটা দিয়ে দেন তাহলে ভালো হয়, ইউকো ব্যাঙ্কের হেড অফিস কলকাতা থেকে যাতে না সরানো হয়। কারণ এটা আমাদের গর্ব। হয়ত এটা দুর্বল হয়ে যাচ্ছে, কিন্তু কলকাতা থেকে হেড অফিস তারজন্য সরিয়ে নিতে হবে। সেইজন্য আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের যাতে দৃষ্টি গোচর হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

### Motion under Rule 319

**Mr. Dy. Speaker :** Shri Saugata Roy may now move his motion under rule 319.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that the Statement of the Higher Education Minister made on 30.06.1999 on the problem of admission of students after withdrawal of Higher Secondary classes from 30 Colleges be taken into consideration.

[12.10–12.20 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** প্রথমেই আমি মাননীয় স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানাই। এই ব্যাপারে আমাদের সদস্যদের মধ্যে উষ্মা বা উত্তেজনা ছিল, আগের দিন এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় বিবৃতি না দেওয়ায়। সেইজন্য আমরা ওয়াক আউটও করেছিলাম। আপনি এতটা আগ্রহ নিয়ে আমাদের বলতে দিচ্ছেন বলে আবার আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিবৃতিটা দিয়েছেন সেই বিবৃতিটা অসম্পূর্ণ এবং কোন কোন ক্ষেত্রে আমাদের মনে হয়েছে অসত্য।

এই কয়েকটি পয়েন্টে মাননীয় মন্ত্রীর কাছে ক্ল্যারিফিকেশন চাইব। স্যার, রিপোর্ট অফ দা ডিপার্টমেন্ট অফ স্কুল এডুকেশন অনুযায়ী—তার ৭৩ পাতায় আছে যে, পশ্চিমবাংলায় কত স্কুলে হায়ার সেকেন্ডারি পড়ানো হয়। ১৬৪৪টি এমনি স্কুলে, ইন্ডিপেন্ডেন্ট ইনিস্টিটিউশন ১৬টি, নাম্বার অফ ভোকেশনাল ইনিস্টিটিউশন ৩৮টি, আর নাম্বার অফ কলেজেস ২৬৩টি, মন্ত্রী এখানে আড়াইশ না কত বলেছেন, এটা অনুযায়ী ২৬৩টি কলেজে আছে—মোট ১৯৬১টি প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক পড়ানো হোত। গত বছর ১৪৮টি প্রতিষ্ঠানকে আপগ্রেডেশান করা হয়েছে। এর একটা লিস্ট মাননীয় স্কুল শিক্ষামন্ত্রী তাঁর রিপোর্ট অন স্কুল এডুকেশন—তাতে দিয়েছেন। এইবার মজার ব্যাপার দেখুন যে, মাননীয় স্কুল শিক্ষা মন্ত্রী বলছেন ১৪৮টি স্কুলকে আপগ্রেড করা হয়েছে। এদিকে উচ্চশিক্ষা মন্ত্রী জানেনও না যে কটা কলেজে পড়ানো হয়—বললেন ২৫০টির উপর, - ২৬৩ এই স্পেসিফিক নাম্বারটা দেওয়া উচিত ছিল। তার পর বলেছেন ৩০টি কলেজকে অনুমতি দেওয়া হয়েছে উচ্চ মাধ্যমিক তুলে দেওয়ার জন্য। সেখানেও সংখ্যা নিয়ে সংশয় আছে। প্রথমে সংবাদপত্রে রিপোর্ট বেরিয়েছিল ৩৪টি কলেজে তুলে দেওয়া হয়েছে। আজকেও কান্তি বাবুর বিবৃতি আছে ৩০টি কলেজ। এই ব্যাপারটা ক্ল্যারিফাই করবেন—কোন্ কোন্ কলেজ থেকে তুলে দেওয়া হয়েছে। এখনও আমরা কোন লিস্ট পাইনি কোন্ কোন্ কলেজ থেকে তুলে দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রীকে বলব, যে ৩০টি কলেজে তুলে দেওয়া হয়েছে উচ্চ মাধ্যমিক, তার লিস্ট পেশ করুন। —হ্যাঁ, আমি বলেছিলাম ৩৯টি, কটা এখনও তো ঠিক বোঝা যাচ্ছে না, এখনও কাগজে বেরিয়েছে ৩৪টি। এই বার আপনি বলেছেন যে, নতুন ১৪০টি মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিকে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছেন এবং ৯৮টি স্কুলকে ইতিমধ্যে উন্নীত করা হয়েছে। মাননীয় মন্ত্রীর কাছে বুঝতে চাই এই ১৪০টি স্কুল কি গত বছরের হিসেব অনুযায়ী, নাকি ৯৯-২০০০ সালের হিসেব অনুযায়ী ১৪৮টি। নাকি গত বছরের ১৪৮টি প্লাস। এখনও কিন্তু হাউসের কাছে তার লিস্ট নেই। খুব সহজ একটা জিনিস আপনাদের দেখাই—কলকাতার যে দুটো কলেজ থেকে তুলে দেওয়া হয়েছে, তার একটি হচ্ছে আমার কলেজ—আশুতোষ কলেজ, আর একটি হচ্ছে বিদ্যাসাগর ডে। আপনি বলেছেন তার কাছাকাছি স্কুলকে উন্নীত করা হয়েছে। গত বছর রিপোর্ট অনুযায়ী যে স্কুলগুলোকে উন্নীত করেছেন, সেইগুলো হচ্ছে কাশীপুর, বেলেঘাটা, যাদবপুর, কড়েয়া, প্রভৃতি। সেইগুলো কি আশুতোষ কলেজের কাছাকাছি নাকি ভবানিপুর এলাকার কাছাকাছি? এটা তো অসত্য বলছেন। কলকাতায় যে দুটি কলেজ থেকে হায়ার সেকেন্ডারি তুলে দিয়েছেন, তার পাশে কোন্ স্কুলকে উন্নীত করেছেন? মাননীয় মন্ত্রী এটা ক্ল্যারিফাই করবেন।

আসলে যে জায়গায় প্রবলেম হচ্ছে, সেটা এই গত বছরের ১৪৮টি, এবারের ৯৮টি হয়েছে। যদি এই ৩০টি কলেজ ধরা যায়, সেখানে টোটাল নাম্বার কত ছিল — ১২,৯০০? এ্যাভারেজ একটি কলেজে—ধরুন আমার কলেজেই—৪০০ জন মত হায়ার সেকেন্ডারি পড়বে। তার পর বলছেন, তুলে নিয়েছেন এবং এতগুলো স্কুলকে আপগ্রেড করেছেন। কোন্ কোন্ স্কুলকে আপগ্রেড করছেন তার সত্যতা ভেরিফাই করতে হবে।

আমার কাছে যে রিপোর্ট আছে, তাতে সত্যতা ভেরিফায়েড হচ্ছে না। আমি বলতে চাই, যে স্কুলগুলোকে আপগ্রেড করলেন, সেইগুলোতে হায়ার সেকেন্ডারি করার জন্য কোন পরিকাঠামোই তৈরী হয় নি। মেন প্রবলেম হচ্ছে কলেজগুলিতে সুবিধা ছিল যে, ক্লাস রে ন্দার না হলেও কলেজের ল্যাবরেটারী ইনফ্রাস্ট্রাকচার ছিল। সায়েন্স বেসড্ সাবজেক্ট যে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি যে পড়ছে, তারজন্য ৪টি ল্যাবরেটারী দরকার। এই নতুন উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে এই ইনফ্রাস্ট্রাকচার নেই। এই ল্যাবরেটারী নেই। মাননীয় মন্ত্রী ু-দর দেখতে, বক্তব্য রাখেনও সুন্দর। কিন্তু তার বক্তব্য অত্যন্ত ছেঁদো হয়ে যায়। তার মানে সাবস্ট্যান্স কিছু থাকে না। ডি পি আইয়ের পক্ষ থেকে যেটা গেছে, সেখানে কলেজের অধ্যক্ষদের বলা হয়েছে যে, বিজ্ঞানের ক্ষেত্রে অসুবিধা হতে পারে। স্কুলে ক্লাস যদি দেরী হয়, তাহলে সাময়িকভাবে কলেজগুলিই সেই কাজগুলি করবে। তাহলে স্যার, কলেজ থেকে তুলে দিয়ে আবার সেই কলেজেই করতে বললেন কেন? তোলবার কি দরকার ছিল? আমি জানি যদি কলেজের তুলে দেয়, তাহলে সেই কলেজের যারা অধ্যাপক তারা স্কুলে গিয়ে ক্লাস করতে চাইবে না। কারণ একজায়গায় স্কুল, আর এক জায়গায় কলেজ। তার ফলে এই যে ১২ হাজার ৯০০ টা সিট কমে গেল, এর জায়গায় ইকুইভ্যালেন্ট সিট তৈরী হল না। এই বছর এবং পরের বছরের স্কুলগুলির মিনিমাম ইনফ্রাস্ট্রাকচার তৈরী হতে ২ - ৩ বছর সময় লেগে যাবে। এই বছর এবং পরের বছরে ছাত্র ছাত্রীরা প্রচন্ড অসুবিধায় পড়বে। আপনি বলেন নি, আমি আপনার হয়েই বলছি যে, কলেজে যে চেঞ্জ হয়েছে—বি এস সি পাস কোর্স ৩ বছরের হয়েছে। অর্থাৎ কলকাতা ইউনিভার্সিটিতে বি এস সি পাস কোর্স সারা ভারতে রেকগনাইজড্ ছিল না, এখন সারা ভারতের সঙ্গে সমতা আনার জন্য বি এস সি পাসকোর্স ৩ বছরের হয়েছে। এই বছর থেকে হলেও এখনও ইনস্ট্রাকশান যায় নি। এবার আমি মূল কথায় আসছি। তার ফলে এতে বিশেষ করে হায়ার সেকেন্ডারী সায়েন্সে ভীষণ অসুবিধা হবে। কিন্তু অসুবিধা শুধু হায়ার সেকেন্ডারী সায়েন্সে নয়, এই বছর থেকে ইনস্ট্রাকশান গেছে বলে কলেজগুলিতে সিট কমতে শুরু করেছে। আমি একটা উদাহরণ দিচ্ছি—শ্যামাপ্রসাদ কলেজ, আর্টস এবং কমার্সে ২৭৫ জন ছাত্র নিত। রাত্রে পড়ানো হত। এই বছর থেকে শ্যামাপ্রসাদ কলেজে হায়ার সেকেন্ডারী আর্টসে ছাত্র ভর্তি বন্ধ করে দিয়েছে এবং কমার্সে কমিয়ে দিয়ে করেছে ১৮০। তার মানে ৯৫ জন কমে গেল। এটা আপনার ওই ৩০টা কলেজের লিস্টের মধ্যে পড়ে না। আপনার জানা উচিত ছিল যে, বঙ্গবাসী কলেজ তারাও এ বছর থেকে হায়ার সেকেন্ডারী বন্ধ করে দিয়েছে। সেখানে ছাত্র পরিষদ আন্দোলন করছে। সি টি কলেজও এই লিস্টের মধ্যে পড়ে না। তা সত্ত্বেও ওরাও বন্ধ করে দিয়েছে। আপনি বলছেন যে, কোঠারী কমিশন, ভবতোষ দত্ত কমিশন, অশোক মিত্র কমিশন এরা রেকমেন্ড করেছিল। এটা তো ৬ বছর আগে রেকমেন্ড করেছিল? এর মধ্যেও স্কুলগুলির ইনফ্রাস্ট্রাকচার না তৈরী করে আপনি তড়িঘড়ি করে ৩০টি কলেজের ১২ হাজার ৯০০ সিট কমিয়ে দিলেন। তাকে দেখে আরও কলেজে কমে যাচ্ছে। আমি আপনার কাছে স্পেসিফিক জবাব চাই। ৩০টি কলেজের নাম কি? তার সঙ্গে রেলিভ্যান্ট স্কুলগুলি যেগুলি তার লিংকেজ রেলিভ্যান্ট কলেজ, সেটা

আপনাকে দিতে হবে। না হলে এই বছর সিদ্ধান্ত অ্যাবেন্সে রাখতে হবে। বন্ধ রাখতে হবে।

(এই সময় মাইক অফ হয় যায়)।

[12.20–12.30 p.m.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায় যে মোশন এনেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। যে উদ্দেশ্যে তিনি এই মোশনটা এনেছেন, শিক্ষার স্বার্থে শিক্ষা বিস্তারের স্বার্থে, শিক্ষাকে গ্রামের দিকে পরিচালিত করার স্বার্থে, যে ব্যবস্থা সরকার নিতে যাচ্ছে তার বিরোধিতা করা। শিক্ষার স্বার্থে যে ভূমিকা থাকা দরকার সেই ভূমিকা যদি বিরোধী পক্ষের নেতা হিসাবে তার থাকত তাহলে তাঁর মোশনের উদ্দেশ্য আমরা বিবেচনা করতাম। কিন্তু উদ্দেশ্য তা নয়। এর পরিপ্রেক্ষিতে, আজকে বিভিন্ন কমিশন রিপোর্ট দিয়েছেন। সেই রিপোর্টের উপর বেস করে, শিক্ষাকে আরও সম্প্রসারিত করার জন্য, শিক্ষাকে গ্রামের দিকে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে, শিক্ষা বিস্তারের প্রশ্নে এই ৩০টা কলেজ থেকে হায়ার সেকেন্ডারী তুলে দেওয়া হচ্ছে। আজকে গ্রামের মানুষের কাছ থেকে চীৎকার ওঠে নি। চীৎকার উঠেছে আপনাদের কাছ থেকে। ষ্টুডেন্ট অ্যাজ এ হোল সারা পশ্চিমবঙ্গে কলকাতা সহ তা নয়, শুধুমাত্র একটা কলেজকে বলছেন, আশুতোষ কলেজ, শ্যামাপ্রসাদ কলেজ, বঙ্গবাসী কলেজ কিন্তু বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা ৩০টা এগেনষ্টে যে ১৪০টা স্কুলকে আপগ্রেড করা হচ্ছে। সে টা বললেন না। আপনি ৩০টা কলেজ থেকে ১২ হাজার ষ্টুডেন্ট এর অ্যাডমিশন প্রবলেম তুলেছেন বাট ইউ ডু নট থিংক, ডু নট ডিসকাস যে এখানে ১৪০টা স্কুল আপগ্রেড করে ২২ হাজার ছেলের অ্যাডমিশন সমস্যাকে সমাধান করা হয়েছে এটা বললেন না। তাছাড়া আরও আছে, হায়ার সেকেন্ডারী কাউন্সিল পারমিশন দেয় যদি কখনো অ্যাডমিশনের অ্যাকিউট প্রবলেম দেখা দেয়। হায়ার সেকেন্ডারী কাউন্সিল স্পেশাল পারমিশন দেয়, ওভার অ্যান্ড অ্যাবভ দি অ্যাডমিশন অ্যাজ রিগার্ডস দি হায়ার সেকেন্ডারী ক্লাসেস, ইলেভেন ক্লাসেস অ্যাডমিশন। এইগুলো আছে। তাছাড়া আপনারা যে উদ্দেশ্যে এটা করতে চাচ্ছেন তা হল আপনারা শিক্ষাকে কলকাতা মুখী করতে চাইছেন। কলকাতা কেন্দ্রিক করতে চাইছেন। গার্জিয়ানরা চাইবেন ভাল স্কুল, ছাত্ররা চাইবে ভাল স্কুল। আমরাও চাই কিন্তু এটা মনে রাখবেন সব স্কুলকেই কলেজকে একেবারে প্রেসিডেন্সী কলেজের মত ভাল জায়গায় নিয়ে যাওয়া, ভাল স্কুলের মর্যাদা পেয়েছে, সব জায়গায় এটা করা সম্ভব না। আমাদের এই পরিস্থিতিতে সম্ভব না। আমি মনে করি শিক্ষা বর্তমান যে অবস্থার মধ্যে আছে, সেই জায়গায় দাঁড়িয়ে আপনারা মাননীয় মন্ত্রীকে নিশ্চয়ই সমর্থন করবেন। যে ষ্টেপ তিনি নিয়েছেন সেটা সম্পূর্ণ শিক্ষার স্বার্থে। যারা শিক্ষার সাথে যুক্ত মানুষ তাদের এটা সমর্থন করা উচিত। একটা কথা সৌগতবাবু বললেন কেন ইনফ্রাষ্ট্রাকচার তৈরী করলেন না। ৬ বছর ধরে রেকমেন্ড শন করে এসেছে এইজন্য, স্কুলগুলোকে হায়ার সেকেন্ডারী করবেন। তখন থেকে কেন বিল্ডিং করবেন না, ল্যাবরেটরী করলেন না। এটা তো কথাই আছে "টু প্লেস দ্য কাট বিফোর দি হর্স"। এটাও তাই হয়েছে। অনেক স্কুল তো আছে। আমার ওখানে তো স্কুল আছে, মণিরামপুর

স্কুল, বেলসিংঘা স্কুল, বড়বড় স্কুল আছে সেখানে তো অ্যাডমিশনের প্রবলেম নেই। মাধ্যমিক পরীক্ষার পর একটু হুজুগ তুলে দেওয়া হচ্ছে। এই হুজুগ রাজনৈতিক দৃষ্টি কোন থেকে উদ্দেশ্যমূলক ভাবে তোলা হচ্ছে। হুজুগ তুলে এ্যাডমিশান প্রবলেমকে জোর করে দেখানোর চেষ্টা করা হচ্ছে। কিন্তু কোথাও কি দেখেছেন পরীক্ষা হয়ে যাবার পর এ্যাডমিশান ক্লোজ হয়ে যাবার পর এই সমস্যা হচ্ছে? কতগুলি সংবাদপত্র ইচ্ছাকৃত ভাবে উদ্দেশ্যমূলক ভাবে জোর করে প্রবলেমগুলি তুলে ধরার চেষ্টা করছে। হ্যাবিং নো নলেজ অফ রুরাল এরিয়াজ। ছাত্র-পরিষদ আন্দোলন করছে, কোন বিষয় নিয়ে তারা আন্দোলন করছে, তারা আপনাদের শেখানো কথাগুলি নিয়ে আন্দোলন করছে। আপনারা কেন মন্ত্রী মহাশয়কে অনুরোধ করেছেন। কারণ আজকে ইরিগেশানের বাজেট আছে। এখানে ইরিগেশান নিয়ে আলোচনা না করে লবিতে বসে গেছেন, ওখানে কেন হবে? আপনারা একটা সার্কাস করছেন।

(নয়েজ)

(এই সময় মাননীয় সদস্য শ্রী তাপস ব্যানার্জী, অশোক দেব, সুধীর ভট্টাচার্য্য এঁরা দাঁড়িয়ে উঠে কিছু বলার চেষ্টা করেন।)

আমি যে কথা বলছিলাম এ্যাডমিশান নিয়ে, ছাত্রদের জীবন নিয়ে শিক্ষা ক্ষেত্রে একটা জঘন্য চক্রান্ত হচ্ছে, আমাদের শিক্ষা ব্যবস্থাকে বানচাল করার চেষ্টা হচ্ছে। আমি সৌগতবাবু যে প্রস্তাব রেখেছেন তার বিরোধীতা করছি, এটাকে একটা জঘন্য উদ্দেশ্য বলে মনে করছি।

**মিঃ স্পীকার ঃ** তাপস ব্যানার্জী, সুধীর ভট্টাচার্য্য, অশোক দেব আপনারা যখন বক্তৃতা করবেন তখন এঁরা ডিসটার্ব করলে আমি বারন করবো না কিন্তু।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সৌগতবাবু যে মোশান এনেছেন আমি তাঁকে আন্তরিক ভাবে সমর্থন করছি। কারণ, আমাদের বন্ধুবর প্রভঞ্জনবাবু যে কথা বলছিলেন—উনি আমার স্কুলের কথা বলছিলেন। কিন্তু আমাদের স্কুলটি হয়েছিল যখন আমাদের ব্লকে দুটি হায়ার সেকেন্ডারী স্কুল ছিল। কিন্তু উনি ভুলে যাচ্ছেন যে উনিও ছাত্র ছিলেন। ফকির চাঁদ কলেজের, আমি সাইন্সে ছিলাম, আর উনি আর্টসে ছিলেন। এই ডায়মন্ড হারবার কলেজটি তখন আলো দেখিয়ে ছিল দক্ষিণ ২৪ পরগণা জেলাকে। আজকে সেই কলেজটির এ্যাডমিশান তুলে দেওয়া হচ্ছে। আপনি ভাবুন স্যার, এটা একটা লিডিং কলেজ, ওখানে ৫০০ ছেলে ভর্তি হয়। তার পরিবর্তে যে স্কুলগুলি দিয়েছেন, যেমন ভারত সেবাশ্রম সংঘ স্কুল তারা বলছে সাইন্স ছাড়া নেবে না। সেখানে ৫০টা সিট। ওঁদের দলের একজন নেতা রায়নগর মাধবপুর স্কুলে সি. পি. এমের আখরা করেছে। ওই সি. পি. এম নেতা ছিল বলেই স্কুলটি হলো। সেখানে পরিকাঠামো নেই, চালচুলো নেই, স্টাফ্ নেই। এটা কি শিক্ষার প্রসারণ হচ্ছে, নাকি শিক্ষা সংকোচন হচ্ছে? এই শিক্ষা প্রতিষ্ঠানটিকে হায়ার সেকেন্ডারী

করার আগে যদি তার পরিকাঠামো তৈরী করে দিতেন তাহলে আমাদের বলার কিছু থাকতো না। মাথুরপুর স্কুলে আর্টসে ৬০টি সিটের স্যাংশান হয়েছে।

[12.30–12.40 p.m.]

আমার স্কুলে পৌনে ৩০০। এটা বরাবর আছে। আমি জিজ্ঞাসা করতে চাই, এটা শিক্ষার সংকোচন না প্রসারণ? আমরা বার বার দেখছি ছাত্র-ভর্তির ক্ষেত্রে সমস্যা দেখা দিচ্ছে। আজকে যখন বেশী সংখ্যক ছাত্র ভর্তি হবে তখন ৩০ বা ৩৪ বা ৩৯-টা কলেজে উচ্চ-মাধ্যমিকের ছাত্রদের ভর্তি তুলে দিলেন। এটা বেদনার ব্যাপার। এই যে ছেলে-মেয়েরা ভর্তি হতে পারবে না তারা যাবে কোথায়? পরিকাঠামোর অভাবে আজকে তারা ভর্তি হতে পারবে না। আপনি 'বেলসিঙ'-র কথা বলেছেন, কিন্তু সেটা ফলতা থেকে অনেক দূরে। আজকে যখন উচ্চ-মাধ্যমিকের ছাত্র-ছাত্রীরা ভর্তি হওয়ার পথে, তারা জানে বিভিন্ন কলেজে তারা পড়বে তখন এই অবস্থা হ'ল। এটা যদি আপনারা ইন এডিশন টু স্কুল করতেন তাহলে হয়তো এটা হ'ত না। আপনারা দেখবেন যে স্কুলগুলোর কথা বলছেন সেখানে ষ্টাফ নেই, শিক্ষক নেই, বিল্ডিং নেই। কোন পরিকাঠামো নেই, ব্যবস্থাপনার অভাব রয়েছে। তাহলে আজকে আমাদের ছেলেমেয়েরা, সন্তান-সন্ততিরা ঐখানে ভর্তি হতে গিয়ে কি শিক্ষা পাবে? তাহলে তারা কি সুকান্ত ভট্টাচার্যের কবিতার মত 'হেথা হোথা মন্ত্রনা' করবে? আপনাদের ঝান্ডা নিয়ে বিভিন্ন জায়গায় যা ১? ইনক্লাব জিন্দাবাদ করে তাদের জীবন নষ্ট করবে? এটা আজকে আমাদের বোঝা দরকার। তাই আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, ওরা কি ভর্তি হতে না পেরে বীরেন্দ্রবাবুর দপ্তরে গিয়ে হানা দেবে? না, নেশায় বুঁদ হয়ে থাকবে? তাই আমি বলব, ছাত্রদের ভর্তি না হতে পারাটা একটা জ্বলন্ত সমস্যা। সাইন্সের ছাত্ররা ভর্তি হতে পারছে না। সেখানে প্রাকটিক্যালে ক্লাসের ব্যবস্থা নেই, শিক্ষক নেই। আর্টসের একটা স্কুল ৫০।৬০ বছর ধরে চলছে। যারা শিক্ষক, যারা রিটায়ার করেছেন তারা কি হায়ার সেকেন্ডারির সাবজেক্ট পড়াতে পারবেন? অনেক স্কুলে শিক্ষকের অভাবে কমার্সে ভর্তি করতে যাচ্ছে না। আবার কি আমাকে ইতিহাসের কথা বলতে হবে আপনারা মহঃ বিনতুঘলকের মত দেশের অবস্থার কথা না ভেবে ছাত্র-ছাত্রীদের বিপথে চালিত করছেন। আপনারা আবার বলছেন, অন্ধকারের পথে চলে যাচ্ছে। কলেজগুলোতে এই ভাবে লাল-বাতি জ্বালিয়ে দিলে তো এই রকম হবে। স্কুলের সম্প্রসারণ হোক এটা আমরাও চাই, স্কুলগুলো হায়ার সেকেন্ডারি হোক তা আমরাও চাই। কিন্তু যে স্কুলেতে হায়ার সেকেন্ডারির যোগ্যতার মাপকাঠি লাল-ঝান্ডা সেখানে আপনারা ছেলেমেয়েদের লালঝান্ডায় যেতে প্ররোচিত করেছেন। তাই আজকে আপনাদের এই সিদ্ধান্ত শিক্ষার স্বার্থে, ছাত্রদের স্বার্থে, উচ্চ-শিক্ষার স্বার্থে প্রত্যাহার করা উচিত, পুনরায় বিবেচনা করা উচিত। এই সিদ্ধান্ত প্রত্যাহার করা হোক। ধন্যবাদ।

**শ্রী হাফিজ আলম সৈরাণী ঃ** মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রীসৌগত রায় যে মোশান এনেছেন তার বিরোধিতা করছি। এখানে আলোচনার মূল উদ্দেশ্য হ'ল

ছাত্র-ভর্তির সমস্যা আছে কিনা। সৌগতবাবুর তথ্য থেকে আমার তথ্যে একটু ফারাক আছে। তিনি বলেছেন, পশ্চিমবাংলায় ১,৯১৬-টা উচ্চ-মাধ্যমিক স্কুল আছে। কিন্তু আমার কাছে যে তথ্য আছে তাতে দেখা যাচ্ছে ১,৯৭৫-টা উচ্চ-মাধ্যমিক স্কুল আছে। আমাদের রাজ্যে এ বছর রেগুলার প্রাইভেট এবং কম্পার্টমেন্টাল নিয়ে পাশ করেছেন ৩ লক্ষ ২৭ হাজার ৪৬৯ জন। এখন যদি আমরা ধরে নিই ১,৯৭৫-টা স্কুলের মধ্যে ৩০ পারসেন্ট স্কুলে ৩-টে বিভাগ পড়ার সুযোগ আছে তাহলে বিভাগের সংখ্যা দাঁড়ায় প্রায় ৪ হাজার। এই ছাত্র সংখ্যাকে যদি ৪ হাজার বিভাগে ভাগ করি তাহলে প্রত্যেক বিভাগে ছাত্র ভর্তি যদি ৮০ হয় তাহলে ছাত্র ভর্তির সমস্যা থাকে না। এখানে ছাত্র ভর্তির সমস্যা নেই। আসল সমস্যা হল, আমরা জেনারেল এডুকেশন সমস্ত ছেলেমেয়েদের মধ্যে ছড়াতে পারছি না। জেনারেল এডুকেশন আমাদের ছড়িয়ে দিতে হবে। এখন বিজ্ঞানের যুগ, প্রযুক্তির যুগ। স্বাভাবিক ভাবে আমরা চাইব যে, আমাদের পশ্চিমবঙ্গের ছেলেমেয়েরা বহুমুখী শিক্ষা, প্রযুক্তিমুখী শিক্ষা নিক। আমাদের কয়েকটা কলেজ থেকে হায়ার সেকেন্ডারি সরিয়ে দিলেও প্রায় ১৪৮টি নতুন স্কুলকে হায়ার সেকেন্ডারি স্কুলের অনুমোদন দেওয়া হয়েছে। ১৪৮টা স্কুলে সাইন্স পড়ানোর উপযুক্ত ব্যবস্থা হয়েছে কিনা সেটা দেখতে হবে। যদি এই ১৪৮টা স্কুলে সাইন্স পড়ানোর উপযুক্ত ব্যবস্থা না হয়ে থাকে তাহলে সেখানে আমাদের উপযুক্ত ব্যবস্থা করতে হবে, যাতে বেশী বেশী ছাত্র বর্তমান যুগের চাহিদা অনুযায়ী সাইন্স নিয়ে পড়তে পারে। তার জন্য সরকারকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারণ এটা প্রযুক্তির যুগ, বিজ্ঞানের যুগ। কোঠারি কমিশন, ভবতোষ দত্ত কমিশন, মিত্র কমিশন হয়েছে। এই ৩টি কমিশনের রিপোর্টে ছাত্রদের বয়স অনুযায়ী তাদের একটা বৃত্তের মধ্যে রাখা হয়েছে। প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত ছাত্রদের একটা বৃত্তের মধ্যে, পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্রদের একটা বৃত্তের মধ্যে, অষ্টম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত ছাত্রদের একটা বৃত্তের মধ্যে এবং একাদশ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রদের একটা বৃত্তের মধ্যে রাখার সুপারিশ করা হয়েছে। স্কুলের ছাত্ররা কোমল ও নরম মন নিয়ে স্কুল থেকে একেবারে কলেজে আসে। সেখানকার পরিবেশ ও পরিস্থিতি তাদের কোমল মনকে আঘাত করতে পারে। সেজন্য আমাদের সরকার ঐ ৩টি কমিশনের সুপারিশ এবং বাস্তব দৃষ্টিভঙ্গিকে সামনে রেখে কলেজে উচ্চমাধ্যমিক পড়ার ব্যবস্থা না করে স্কুলে উচ্চমাধ্যমিক পড়ানোর ব্যবস্থা করেছেন। তার জন্য আমি আমাদের সরকারকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ৩০ শে জুন মাননীয় শিক্ষামন্ত্রী কিছু কলেজ থেকে উচ্চমাধ্যমিক তুলে দেওয়ার ব্যাপারে যে সিদ্ধান্ত নিয়েছেন তাতে সমস্যার সৃষ্টি হয়েছে। সে সম্পর্কে তিনি যে বিবৃতি দিয়েছেন তার উপর আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে আমি প্রথমে বলতে চাই যে, প্রয়োজনীয় পরিকাঠামোর ব্যবস্থা না করে কিছু মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিকে উন্নীত করে, ৩৯টি কলেজ থেকে যে ভাবে উচ্চমাধ্যমিকে ভর্তি রাজ্য সরকার বন্ধ করে দিলেন তাতে সমস্যার সৃষ্টি হবে। এই রাজ্যে একদিকে উচ্চমাধ্যমিকে ভর্তির সমস্যা আছে, সেটা এখন আরও ভয়ংকর

রূপ নেবে। অপরদিকে এই পরিকাঠামোর জন্য উন্নীত উচ্চমাধ্যমিক স্কুলগুলোতে এখন শিক্ষার মান কম হবে। রাজ্যসরকার এই সিদ্ধান্ত গ্রহণ করার পক্ষে কোঠারি কমিশন, ভবতোষ দত্ত কমিশন ও অশোক মিত্র কমিশনের সুপারিশের কথা বলেছেন সেই সুপারিশে বলা আছে কলেজ থেকে উচ্চমাধ্যমিক সরিয়ে স্কুলে নিয়ে আসার প্রয়োজনীয়তার কথা।

[12.40–12.50 p.m.]

কিন্তু আমি তাঁর কাছে জানতে চাইছি, এই সমস্ত কমিশন কি তাঁদের কাছে এই কথা বলেছিল যে, প্রয়োজনীয় পরিকাঠামো না করেই কলেজগুলি থেকে উচ্চ মাধ্যমিক তুলে দিয়ে স্কুলেই শুধু উচ্চ-মাধ্যমিক পড়াবার ব্যবস্থা করতে হবে? আজকে প্রভঞ্জন-বাবু বললেন, উচ্চ-মাধ্যমিকে যে ভর্তির সমস্যার কথা বলা হচ্ছে, এটা নাকি কল্পিত! উনি যদি ভাবের ঘরে চুরি করেন তাহলে আমার কিছু বলার নেই। আমরা লক্ষ্য করি প্রতি বছরই উচ্চ-মাধ্যমিকে ভর্তি হবার জন্য অভিভাবকদের এবং ছাত্রদের সমস্যার সম্মুখীন হতে হয়। এ বছর সেই সমস্যা ভয়াবহ হয়ে উঠেছে সরকারী এই ঘোষণার পরে। যে সমস্ত স্কুলে হায়ার সেকেন্ডারি কোর্স চালু আছে সে-সমস্ত স্কুলগুলি এবারে ভর্তির ব্যাপারটা অনেক স্ট্রিক্ট করেছে। তারা ফার্স্ট ডিভিশন ছাড়া অ্যাডমিশন নিচ্ছে না। ফলে স্কুলে স্কুলে অভিভাবকরা, ছাত্র-ছাত্রীরা মাথা কুটছে। কলেজে ভর্তির সুযোগ সরকার কেড়ে নিয়েছে। সরকারী সিদ্ধান্তের ফলেই উচ্চ-মাধ্যমিকে ছাত্র-ছাত্রী ভর্তির সমস্যা ভয়াবহ জায়গায় গিয়েছে। অপরদিকে যে সমস্ত স্কুলে উচ্চ-মাধ্যমিক পড়ার ব্যবস্থা করা হচ্ছে সে সমস্ত জায়গায় সঠিক পরিকাঠামো নেই। অর্থাৎ পরিক[illegible]তভাবে কোন ব্যবস্থা করা হচ্ছে না। কলেজ থেকে তুলে দেবার পরিপ্রেক্ষিতে স্কুলগুলির ক্ষেত্রে যে ব্যবস্থা করা উচিত ছিল তা করা হয় নি। এই সমস্ত কিছুর পেছনে শিক্ষা সংকোচনের একটা উদ্দেশ্য কাজ করছে। সুতরাং আমি মনে করি শিক্ষার স্বার্থে উচ্চ-মাধ্যমিক স্তরে যে সমস্ত স্কুলকে উন্নীত করা হচ্ছে তাদের প্রয়োজনীয় পরিকাঠামোর ব্যবস্থা করা দরকার। সেই পরিকাঠামো গড়ে না তুলে তড়িঘড়ি সেগুলিকে উচ্চ-মাধ্যমিকে উন্নীত করে কলেজগুলি থেকে উচ্চ-মাধ্যমিক তুলে দেওয়া ঠিক হচ্ছে না। আমার মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, আপনারা বিদ্যালয়গুলির ক্ষেত্রে প্রয়োজনীয় পরিকাঠামোর ব্যবস্থা করুন, তারপর সেগুলিকে উচ্চ-মাধ্যমিকে উন্নীত করুন। যতক্ষণ সেই কাজ না হচ্ছে ততক্ষণ কলেজগুলিতে ইতিপূর্বে যেমন উচ্চ-মাধ্যমিক চালু ছিল তেমন চালু রাখুন। আপনাদের এই তড়িঘড়ি সিদ্ধান্তের মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় যাতে আবার নতুন করে শিক্ষা সংকোচন না হয় তা দেখুন। শিক্ষার স্বার্থেই শিক্ষার সম্প্রসারণ প্রয়োজন, শিক্ষার মান উন্নত করা প্রয়োজন। অন্ততঃ শিক্ষার মানকে অব্যাহত রাখার জন্য সরকার আপাততঃ কলেজগুলিতে উচ্চ-মাধ্যমিকে ভর্তি হওয়ার যে সুযোগ ছাত্র-ছাত্রীদের কাছ থেকে কেড়ে নিয়েছেন এবং সে উদ্দেশ্যে যে আদেশ জারি করেছেন তা প্রত্যাহার করুন; এই দাবি আমি জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, মাননীয় সদস্য সৌগত রায় অত্যন্ত উদ্দেশ্যপ্রণোদিতভাবে আজকে এই মোশান এখানে উত্থাপন করেছেন এবং শুধু মাত্র সারী সিদ্ধান্তের বিরোধিতা করবার জন্যই তিনি এটা করেছেন। কারণ আমাদের দাবি ছিল মোট কেন্দ্রীয় বাজেটের অন্তত ১০ ভাগ শিক্ষা খাতে ব্যয় করতে হবে। ওঁরা কেন্দ্রীয় সরকারে থাকাকালীন এ বিষয়ে কোন ব্যবস্থাই করেন নি। এমন কি উচ্চ-বাচ্য পর্যন্ত করেন নি। ওঁরা এ নিয়ে কোন দিন কোন আন্দোলন পর্যন্ত করেন নি। কাজেই ওঁদের মুখে শিক্ষা নিয়ে বড় বড় কথা মানায় না। ঘটনাটা হচ্ছে, আমরাই দাবি তুলেছিলাম যে, বিভিন্ন শিক্ষা কমিশন বলছে—নানা কারণে উচ্চ-মাধ্যমিকটা স্কুলেই পড়ানো দরকার। কলেজ থেকে উচ্চ-মাধ্যমিক তুলে দিয়ে উচ্চ-মাধ্যমিক স্কুলের সংখ্যা আরো বাড়ানো দরকার। কারণ আমরা দেখছি স্কুলের যে পরিবেশ থেকে ক্লাস টেন পাশ করে ছাত্র-ছাত্রীরা উচ্চ-শিক্ষা লাভের জন্য কলেজের যে পরিবেশে যাচ্ছে তাতে অকালপক্কতার সুযোগ থেকে যাচ্ছে। সেই জন্য আমরা কলেজে উচ্চ-মাধ্যমিক পড়ানোর বিরোধিতা করেছিলাম। কাজেই এটা সঠিক সিদ্ধান্ত হয়েছে। সিদ্ধান্ত হয়েছে, উচ্চ-মাধ্যমিক শুধু মাত্র স্কুলেই পড়ানো হবে। তবে এই মুহূর্তে কলেজ থেকে উচ্চ-মাধ্যমিক তুলে দিয়ে সমস্তটাই স্কুলে নিয়ে আসার ক্ষেত্রে অবশ্যই সামান্য কিছু সমস্যা দেখা দিচ্ছে। বিভিন্ন মাধ্যমিক স্কুলকে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীত করা হচ্ছে। আমাদের বোলপুরের দুটি স্কুলকে — মাধ্যমিক স্কুলকে—উচ্চ-মাধ্যমিকে উন্নীত করার অনুমতি দেওয়া হয়েছে। একটা গার্লস স্কুলকে এবং একটা হাই স্কুলকে অনুমোদন দেওয়া হয়েছে।

কিন্তু সেখানে যে ধরণের টিচিং স্টাফ থাকা দরকার, যে ধরণের স্ট্রিম থাকা দরকার কোন জায়গায় কমার্স পড়ার সুযোগ পাচ্ছে না, কোন জায়গায় নির্দিষ্ট সাবজেক্ট পড়ার সুযোগ পাচ্ছে না—এগুলি একটু দেখতে হবে। যেমন আমরা প্রাথমিক স্কুলে ইংরাজী পড়াবো বললাম। এর জন্য একটা সময় নেওয়া হয়েছিল। কেন সময় নেওয়া হয়েছিল? কারণ, যাতে ঐ সময়ের মধ্যে ইংরাজী বই ছেপে বের করা যায়, যাতে হঠাৎ করে সিদ্ধান্ত নিয়ে কোন অসুবিধার মধ্যে না পড়ে যাই। কিন্তু আজকে এই সিদ্ধান্তের ফলে ইমিডিয়েট কিছু সমস্যা তৈরী করেছে। যেমন, হাওড়া জেলার কলেজ থেকে যে উচ্চ মাধ্যমিক পড়ার সুযোগটা তুলে দেওয়া হয়েছিল, কিছু অসুবিধার জন্য আবার এ বছরের জন্য পুনরায় সেই সুযোগ করে দিয়েছেন। আমাদের বোলপুরের ক্ষেত্রে দেখেছি, সিউড়ির ক্ষেত্রে দেখেছি, রামপুরহাটের ক্ষেত্রে দেখেছি কিছু কিছু প্রবলেম হচ্ছে। সেই প্রবলেমগুলি সহৃদয়তার সঙ্গে আপনাকে দেখতে হবে। কারণ ইনফ্রাস্ট্রাকচার না থাকলে ছাত্র-ছাত্রীদের পঠন-পাঠনের ক্ষেত্রে অসুবিধা তৈরী করবে। আজকে ভর্তির সমস্যার ব্যাপারে মিডিয়া যেভাবে বলছেন, কিন্তু আমরা দেখছি ঘটনা ঘটছে বেসিক জায়গায়। যেমন, প্রাইমারী স্কুলগুলিতে যে নো-ডিটেনশন হচ্ছে, ক্লাস—৫।৬ যখন আসছে তখন তাদের মধ্যে কিছু ছাত্র-ছাত্রী ২।৩ বছর একই ক্লাসে থেকে যাচ্ছে। প্রাইমারী ক্ষেত্রে যেখানে নো-ডিটেনশন হচ্ছে তারা হাই-স্কুলে এসে ডিটেনশন হচ্ছে। সুতরাং এখানে একটা স্টাগনেশন তৈরী হচ্ছে। এই স্টাগনেশন তৈরী হওয়ার ফলে ভর্তির সমস্যা কিছু কিছু ক্ষেত্রে লক্ষ্য করছি। তবুও আমি এই কথা বলি, সঠিক সময়ে সঠিক

সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেই সঠিক সিদ্ধান্ত নিতে গিয়ে যে প্রয়োজনীয় ব্যবস্থাগুলি নেওয়া দরকার সেই ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে আপনি বিবেচনা করবেন। এই প্রসঙ্গে আমি বলি, বোলপুরে যে সমস্যা তৈরী হয়েছে সেকথা আমি গতকাল বলেছিলাম। কমার্স স্ট্রিম যদি না থাকে তাহলে কমার্সের ছাত্ররা যাবে কোথায়? ঠিক তেমনি, পলিটিকাল সায়েন্স যারা নেবে, ঐ নির্দিষ্ট সাবজেক্ট না থাকার ফলে তারা কোথায় যাবে? তাই আপনাকে অনুরোধ করছি, এ বছর বোলপুরের ক্ষেত্রে এই সুবিধাটা দিতে পারেন কিনা সেটা আপনি দেখবেন।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আন্ডার রুল ৩১৯-এ শ্রী সৌগত রায় যে মোশনটি এনেছেন আমি তাকে সমর্থন করে দু-একটি কথা বলছি। আপনি জানেন, প্লাস-২-এ কোঠারি কমিশনের যে রিপোর্ট ১৯৬৬ সালে প্রকাশিত হয়েছিল তারই ভিত্তিতে ওয়েষ্টবেঙ্গল গর্ভনমেন্ট ১৯৭৪ সালে ডিসিশন নিয়েছিল যে আমরা প্লাস-২ স্টেজ চালু করবো এবং সেই ডিসিশনের ভিত্তিতে ৩টি জায়গায় এই ধরণের ইনস্টিটিউশন হয়, প্লাস-২ স্টেজ খোলা হয়—নতুন নতুন ইনডিপেনডেন্ট ইনস্টিটিউশন, মাধ্যমিক স্কুল এবং কলেজে। স্যার, আপনি জানেন, প্লাস-২ যে পার্ট অফ সেকেন্ডারী এডুকেশন এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু বাস্তব এবং আদর্শ এই দুটোর সঙ্গে যখন মিল হয়না তখন বাস্তবকেই মেনে নিতে হয়। এই জন্য এতগুলি কলেজে প্লাস-২ স্টেজ ইনট্রোডিউস করা হয়েছে। এখন যেটা প্রবলেম দেখা দিচ্ছে, অনেক মাধ্যমিক স্কুলে আপনি হায়ার সেকেন্ডারী করেছেন। গত বৎসর ১৪৮টি হায়ার সেকেন্ডারী করা হল। গত বৎসর মাধ্যমিকে নাম্বার অফ স্টুডেন্ট পাশ করলো ৩ লক্ষ ১০ হাজার আর এবারে পাশ করলো ৩ লক্ষ ২৭ হাজার-এর কিছু বেশী। এ ছাড়া মাদ্রাসা বোর্ড থেকে গত বছরের চেয়ে এবারে পাশ বেশী করেছে, ২০ হাজারেরও কিছু বেশী পাশ করলো। ১৯৭৬ সাল থেকে নাম্বার অফ ইনস্টিটিউশন (হায়ার সেকেন্ডারী) বেড়ে যাচ্ছে যেহেতু ছাত্র-ছাত্রীদের সংখ্যা বাড়ছে বলে। তখন ডিসিশন হয়েছিল—আমি তখন হায়ার সেকেন্ডারী কাউনসিলের সদস্য ছিলাম—প্রতিটি ব্লকে একটি করে হায়ার সেকেন্ডারী ইনস্টিটিউশন হবে, হোয়েদার ইন দি কলেজ অর ইন দি হাইস্কুলস। সাবসিকোয়েন্ট্‌লি প্রথম বৎসর বাড়লো যেহেতু নাম্বার অফ স্টুডেন্টস বেড়েছে বলে। গত বৎসর ১৪৮টি স্কুলকে আপ-গ্রেড করলো নাম্বার অফ স্টুডেন্টস বাড়লো বলে। এবারে ১৪০টি করেছেন গত পরশু পর্যন্ত। যেহেতু প্রতি বৎসর বাড়ছে তার জন্য করছেন।

[12.50–1.00 p.m.]

এবারে ২০ হাজার ছাত্রছাত্রী বাড়তি পাশ করেছে। যদি কলেজ থেকে তুলে নাও নিতেন তাহলেও ১৪০টা স্কুলকে আপগ্রেড করতে হত for the increasing number of students. তাহলে ১৪০ প্লাস ১৪০ করা উচিত। কলেজগুলিতে বড় বড় ঘর আছে, অনেক ছাত্রছাত্রী একটা ক্লাসে বসতে পারে কিন্তু হাইস্কুলগুলিতে তো ৫০/৬০টির বেশী ছাত্রছাত্রী একটা ক্লাসে বসতে পারবে না। এটা ঠিকই যে অশোক মিত্র কমিশন, ভবতোষ

দত্ত কমিশন তারা বলেছেন যে এটা স্কুলে যাওয়া উচিত। অনেক ষ্টেটে আবার ইনডিপেনডেন্ট কলেজ এরজন্য আছে, ইনটারমিডিয়েট কলেজ আছে। নীতিগতভাবে প্লাস টু-র জন্য আলাদা ইন্সটিটিউসানই করা উচিত কিন্তু সেটা যখন পারা যাচ্ছে না তখন যা ছিল তা রেখে দিন। তারপর অনেক স্কুলে ইনফ্রাষ্ট্রাকচার নেই তবুও সেখানে দেওয়া হচ্ছে। আমার ৪০ বছরের শিক্ষক জীবনের অভিজ্ঞতা থেকে বলছি, আমার বাড়ীর পাশে কালিতলা হাইস্কুলকে হায়ার সেকেন্ডারি স্কুল করেছেন কিন্তু সেখানে না আছে বাড়ীঘর, না আছে বেঞ্চ, না আছে শিক্ষক এই হচ্ছে অবস্থা। তাহলে সেখানে কি করে ছাত্র ভর্তি হবে? অপর দিকে জঙ্গীপুর কলেজ, যেখানে ৫০০/৬০০ ছাত্র ভর্তি হতে পারতো তারা বলছেন ভর্তি করবেন না। তাই আমি বলছি, আস্তে আস্তে আগে পরিকাঠামো তৈরি করুন এবং তারপর যদি সম্ভব হয় ইনডিপেনডেন্ট স্কুল তৈরি করুন। Independent schools are the best type of school for plus two. সেটা না করা পর্যন্ত যেহেতু ছাত্রছাত্রী বাড়ছে, ২০ হাজার ছাত্রছাত্রী এবারে বেশী পাশ করেছে তারা যাতে ভর্তি হওয়ার সুযোগ পায় বিশেষ করে সায়েন্সে সেইজন্য কলেজগুলিকে যে আদেশ দিয়েছেন সেটা প্রত্যাহার করে নিন এবং ছাত্রছাত্রীদের সেখানে ভর্তি হওয়ার সুযোগ করে দিন—এই হচ্ছে আমার বক্তব্য।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই মোশানের বিরোধিতা করছি। স্যার, মাধ্যমিক পরীক্ষার্থী যারা উত্তীর্ণ হয়েছে তাদের সংখ্যা এবং বর্তমানে যে স্কুলের সংখ্যা এবং ভবিষ্যতে যে আরও ১৩০/১৪০টি স্কুলকে উচ্চ মাধ্যমিক স্কুলে পরিণত করা হচ্ছে তাতে সেখানে ভর্তির সমস্যা না হওয়াটাই মনে করা যায়। এখন অনেক ছাত্রছাত্রী তাদের পছন্দমত স্কুলে হয়ত ভর্তি হতে পারছে না। মাধ্যমিক স্কুল যেগুলি উচ্চ মাধ্যমিক স্কুলে উন্নীত হল সেখানে হয়ত সায়েন্স ল্যাবোরেটরি নেই। এ ক্ষেত্রে সরকারের একটা দায়দায়িত্ব থেকে যাচ্ছে। কাজেই যে সমস্ত স্কুলে সায়েন্সে ল্যাবোরেটরি নেই, কমার্স পড়াবার ব্যবস্থা নেই কিম্বা জিওগ্রাফির ল্যাবোরেটরি নেই বা পরিকাঠামো ঠিক মতন নেই সেই সমস্ত ক্ষেত্রে দায়দায়িত্ব সরকারকে নিতে হবে। এটা কিন্তু আমরা ইচ্ছা করে করি নি। কতকগুলি কমিশন বারবার একই ধরণের রিপোর্ট দেওয়ার পর পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার নীতিগতভাবে এটা মেনে নিয়েছেন। এখন প্রশ্ন উঠতে পারে যে, এই যে এটা আমরা মেনে নিলাম এতে ছাত্রছাত্রীদের ভর্তির সমস্যাটা বিবেচনার মধ্যে না এনেই কি রাতারাতি এই কাজ আমরা করেছি? তা যদি করতাম তাহলে নিশ্চয় সরকারকে দোষারোপ করা যেত। এখন এই যে ৩০টা কলেজে ১২ হাজার কি ২২ হাজার ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে না এর মধ্যে দেখছি বোধহয় কোলকাতার মাত্র দুটি কলেজকে চিহ্নিত করা হয়েছে আর সারা পশ্চিমবাংলায় ২৮টি কলেজ। এতে সংবাদপত্রগুলি বলুন বা এখানকার বিরোধীপক্ষ বলুন তারা গেল গেল রব তুলে পশ্চিমবাংলায় যে সব ছাত্রছাত্রী পাশ করেছে তাদের মনে একটা আতঙ্ক সৃষ্টি করছে। এবং অভিভাবকদের মনে একটা ত্রাসের সঞ্চার করে দিয়ে তারা একটা নতুন জিনিস সৃষ্টি করবার চেষ্টা করছেন। আমি তাদের এই ষড়যন্ত্রমূলক আচরণ, যেটা সত্যিকারের ঘটনা নয়, যা অসত্যের উপর দাঁড়িয়ে রয়েছে, তা নিয়ে ছিনিমিনি খেলা

এবং অভিভাবক ও ছাত্রছাত্রীদের মনে তার মাধ্যমে আতঙ্ক সৃষ্টির যে প্রয়াস তার বিরোধিতা করতে গিয়ে আমি এই মোশনের বিরোধিতা করছি এবং সরকারের সিদ্ধান্তকে স্বাগত জানাচ্ছি।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে আলোচনা সেই আলোচনায় বিরোধীপক্ষ এবং সরকার পক্ষের বক্তব্য শুনলাম। আমি বিনীতভাবে কয়েকটি কথা এখানে বিরোধী দলের সদস্যগণের কাছে পেশ করতে চাই।

সৌগত রায় মহাশয় বলেছেন, 'এর আগে উদ্যোগ নেননি কেন?' আমি তাঁকে স্মরণ করতে বলছি, ডাঃ বিধানচন্দ্র রায় ১৯৫৪ সালে যে দে কমিশন গঠন করেছিলেন এবং ১৯৫৬ সালে সেই কমিশন যে রিপোর্ট পেশ করেছিলেন তাতে বলা হয়েছিল, কলকাতার কোন কলেজে উচ্চমাধ্যমিক পড়ানো চলবে না, উচ্চমাধ্যমিক স্কুলের শ্রেণীকক্ষ বৃদ্ধি করতে হবে। ১৯৫৬ সালে দে কমিশন এই রিপোর্ট ডঃ বিধানচন্দ্র রায়ের কাছে পেশ করেছিলেন। কিন্তু কংগ্রেস সরকার তাকে গুরুত্ব দেননি। ১৯৬৪ সালে শিক্ষামন্ত্রীদের যে সম্মেলন হয় সেই সম্মেলন প্রধানমন্ত্রী উদ্বোধন করেছিলেন। সেই সম্মেলনে সিদ্ধান্ত গৃহীত হয় যে, কলেজে নয়, বিদ্যালয় স্তরেই এটা চালু করতে হবে। ১৯৬৪ সালের ঐ সম্মেলনে প্রস্তাব গ্রহণের পরও তারা তখন কোন ব্যবস্থা গ্রহণ করেননি। ১৯৭৭ সালে যখন আমরা সরকারে আসি সেই ১৯৭৭ সালে উচ্চমাধ্যমিক স্কুলের সংখ্যা ছিল ৭৪৩। এত সুপারিশ করবার পরও মাত্র ৭৪৩টি বিদ্যালয় ছিল বাংলার মাটিতে। এটা কি দায়িত্ব পালন করা!

এখানে প্রশ্ন উঠেছে পরিকাঠামো নিয়ে। সোহরাব সাহেব বলেছেন, এবারে মাধ্যমিকে ছাত্রছাত্রী বেশী পাশ করেছে। এটা তো আমাদের গর্ব; গতবারের চেয়ে ২০,৯০০ জন ছাত্রছাত্রী এবারে বেশী পাশ করেছে। এবারে ১৪০টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে। এই সংখ্যাটা আরো বাড়বে। স্কুলে উচ্চ-মাধ্যমিকে ১৫০জন ছাত্র ভর্তি হতে পারে এবং সেখানে ২৭৫ জনকে ভর্তি করার নিয়ম রয়েছে। তাহলে ২ লক্ষ ৮৯ হাজার ৮০০ ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে। ২৬৬টি কলেজের মধ্যে সত্যসাধনবাবু যদি ৪০টি কলেজ থেকে উচ্চ-মাধ্যমিক তুলে দেন তাহলে ২২৬টি কলেজে থাকবে। ২২৬টি কলেজে আরো ৬৯ হাজার ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে। সব মিলিয়ে ৩ লক্ষ ৫৮ হাজার ৮০০ জন ভর্তি হতে পারবে। এই বছর ১৯৯৯ সালে মাধ্যমিক পাশ করেছে ৩ লক্ষ ২৭ হাজার ছাত্রছাত্রী। তাহলে সবাই ভর্তি হয়েও ৩১ হাজার ৮০০ সিট পড়ে থাকবে। কাজেই ভর্তির সুযোগ সবার থাকবে।

পরিকাঠামোর ক্ষেত্রে বলছি, গত বছর কয়েক কোটি টাকা বরাদ্দ করেছি পরিকাঠামো উন্নয়নের জন্য। বিক্ষণাগার নির্মাণের জন্যও গত বছর টাকা মঞ্জুর করেছি। এছাড়া সাংসদদের অর্থেও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ের পরিকাঠামোর উন্নয়ন ঘটানো হয়েছে। এই বছরের ব্যয়-বরাদ্দের মধ্যেও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়ন, বিক্ষণাগারের জন্য অর্থ ধরা আছে। এটাও বলবো যে, বিদ্যালয়ে বাণিজ্য,

মানবিক এবং বিজ্ঞান শাখায় যত সংখ্যক শিক্ষক নিয়োগ করা দরকার সেই সংখ্যক শিক্ষক নিয়োগ করে তবেই মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করেছি। বস্তুতঃ আমাদের রাজ্যে যত সংখ্যক ছাত্রছাত্রী পাশ করে মাধ্যমিক পরীক্ষায় তাদের মধ্যে ৯০ শতাংশই ভর্তি হয় পশ্চিমবাংলাতেই। এটা আমাদের বাংলার গৌরব, এই বাংলা রবীন্দ্রনাথের বাংলা, এই বাংলা নজরুলের বাংলা, এই বাংলা স্বামী বিবেকানন্দের বাংলা। সেই বাংলাতে আমরা বাস করি এবং এখানে ৯০ শতাংশ ছাত্র-ছাত্রী মাধ্যমিক পাশ করে উচ্চমাধ্যমিক স্তরে ভর্তি হতে পারছে। সেখানে গোটা ভারতবর্ষের চিত্রটা কি—মাত্র ৭১ শতাংশ ছেলে মেয়ে মাধ্যমিক উত্তীর্ণ হয়ে উচ্চমাধ্যমিক স্তরে ভর্তি হতে পারে। সুতরাং এই বাংলার দায়িত্ব বিশাল যে তারা উচ্চ মাধ্যমিকে ভর্তি হওয়ার সুযোগ বৃদ্ধি করতে পেরেছে। এবং সেই ব্যাপারে কিছু তথ্য পেশ করেছি সেটা হচ্ছে এডুকেশান সিলেকটেড স্ট্যাটিসটিক্স। কেন্দ্রীয় সরকার পরিবেশিত তথ্য, সেই সর্বভারতীয় তথ্য সেগুলো আমি পেশ করেছি। সেই কারণে আমি পুনর্বার আমি আবেদন করব যে, যে উদ্যোগ আমরা নিয়েছি তাতে ছাত্র-ছাত্রীদের স্বার্থ রক্ষা করেই করেছি। বারে বারে কমিশন সুপারিশ করেছে যে, এগারো বারো ক্লাস বিদ্যালয়ে করা উচিত কারণ ছাত্র-ছাত্রীদের বয়সের সংবেদনশীলতার সাথে সাথে মানসিকতার দিক থেকে বিদ্যালয় স্তরে এটা উপযুক্ত ক্ষেত্র। সেইজন্য যে উদ্যোগ আমরা নিয়েছি আগামী দু বছরের মধ্যে সমস্ত কলেজে ৩ বৎসরের স্নাতক স্তর চালু হয়েছে। সেখানে যাতে কোন অসুবিধায় না পড়ে সেইজন্য এগারো বারো শ্রেণীতে সুষ্ঠভাবে শিক্ষার পরিমন্ডল তৈরী করে আগামী দু বছরের মধ্যে সমস্ত কলেজ থেকে উচ্চ মাধ্যমিক স্তর প্রত্যাহার করে নিয়ে বিদ্যালয় স্তরে আনবার ক্ষেত্রে সকলের সহযোগিতা একান্ত গুরুত্বপূর্ণ বিষয়। ছেলেমেয়েদের পড়াশুনার ক্ষেত্রে তাদের মানসিকতার উপরে চাপ সৃষ্টি না করে এই ব্যবস্থা আমরা করার চেষ্টা করছি এবং এতে সকলের সহযোগিতা কাম্য এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[1.00–1.10 p.m.]

**Mr. Speaker :** Hon'ble Members, time for discussing of the motion concludes at 8 minutes past 1 p.m. I think some more time will be required because Shri Saugata Roy has given a notice for voting on it. So, I am extending the time by 15 minutes.

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায় যে মোশান এনেছেন সেই সম্পর্কে মাননীয় সদস্যগণ সরকার পক্ষের এবং বিরোধীপক্ষের সদস্যারা অংশগ্রহণ করেছেন। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সেইজন্য মনোযোগ সহকারে আমি সবার বক্তব্য শুনেছি। আমি প্রথমত মাননীয় সদস্য অধ্যাপক সৌগত রায়কে আন্তরিক ধন্যবাদ জানাই, তার কারণ তিনি তার বক্তব্যে কোথাও নীতিগতভাবে কলেজ থেকে উচ্চমাধ্যমিক বিদ্যালয় স্তরে সরিয়ে আনার ব্যাপারে বিরোধিতা করেন নি। এই হাউসে আপনি লক্ষ্য করবেন যে নীতির উপরে দাঁড়িয়ে উচ্চ মাধ্যমিক ধীরে ধীরে

কলেজ স্তর থেকে তুলে দেওয়া হচ্ছে বলা হয়েছে তাতে সবাই সমর্থন জানিয়েছেন। সকলকে কি বিরোধী বা কি সরকার পক্ষ সবার কাছে কৃতজ্ঞ এইজন্য যে গুরুত্বপূর্ণ প্রস্তাব হাউসে ঐক্যমতভাবে এসেছে। আমার বক্তব্যের বিষয়ে সৌগতবাবু অনেক সময়ে বলেছেন যে অসত্য ভাষণ, আমি মনে করি এতে কিন্তু আমাকে অবিচার করছেন। আমি কোন জায়গাতেই ভুল তথ্য দিই নি। শুধুমাত্র নির্দিষ্ট সংখ্যা দিতে পারিনি তার কারণ যে আমি হাউসে এসে সেদিন দেখলাম যে অনেক সদস্যই এই বিষয়ে প্রশ্ন তুলেছেন। আমি তখনই মাননীয় স্পীকার সাহেবের কাছে গিয়ে বললাম যে এই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, এই বিষয়ে যে উদ্বেগ প্রকাশ করেছেন এটা খুব সংগত কারণেই করেছেন, কারণ একটা বড় পরিবর্তন ঘটতে চলেছে। ফলে ওই মুহূর্তে আমার স্মৃতির থেকে যতটা বলা যায় তার চেষ্টা করতে হয়েছে। মাননীয় সদস্য অধ্যাপক সৌগত বাবুকে সঠিক তথ্য এবং তাতে কোন ধোঁয়া না রেখে বলছি যে, এই যে মূল প্রশ্ন আপনাদের এসে দাঁড়িয়েছে সেটা হল স্কুলগুলোর যে উন্নতি করা হচ্ছে এটা সঠিক কিনা।

কিন্তু পরিকাঠামো আছে কি? আপনাবা বিবৃি:তে দেখবেন, আমরা যেটা বলেছি এবং আমাদের কাছেও আছে, আমার দপ্তর থেকে কলেজগুলিতে চিঠি গিয়েছে, তাতে বলা হয়েছে যেখানে পরিকাঠামো থাকবে না, বিশেষ করে বিজ্ঞানেব ক্ষেত্রে কলেজের অধ্যক্ষরা সেই ব্যাপারে খবর নেবেন। মাননীয় সদস্য সৌগত রায় মহাশয়, আপনি জানেন যে আমরা যখন কোন কাউকে বলি তখন বলি হোয়াট ইজ ডিজায়ারেবিল, ডিজায়ারেবিল যেটা সেটা কখন প্রাকটিক্যাল নাও হতে পারে। আমরা প্রিন্সিপালদের সঙ্গে আলোচনা করেছি, এবং সেক্ষেত্রে এটাও বলেছি, কোন জায়গায় বিশেষ করে বিজ্ঞানের ক্ষেত্রে যদি অসুবিধা হয় তাহলে আপনারা বিশেষ অবস্থায় বিবেচনা করে আপনারা স্কুলগুলির সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেবেন। সৌগতবাবু জানেন কোন কাজ করতে গেলে একটা ফ্লেকসিবিলিটির ব্যাপার আছে, সেটা আমরা রাখছি। এবারে আমি প্রশ্নগুলির সম্বন্ধে বলছি, যেহেতু সৌগতবাবু মোশান এনেছেন তাই বলছি, ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন আমাদের চিঠি দিয়ে বলেছেন যে তোমাদের যে ২ বছরের পাস কোর্স আছে, সর্বভারতীয় ক্ষেত্রে যেহেতু তিন বছরের ডিগ্রি কোর্স, তোমাদেরটা ২ বছরেব ডিগ্রি বলে তোমরা এটাকে তিন বছরের ডিগ্রি করো। দ্বিতীয়তঃ বহু ছাত্র যারা আছেন, ২ বছরের ডিগ্রি পড়েছে, ডিগ্রি পেয়ে গিয়েছে, অন্য রাজ্য বলছে, আমাদের এখানে তিন বছরের ডিগ্রি কোর্স, তোমাদেরটা ২ বছরের ডিগ্রি কোর্স যেহেতু, তাই এটা আমাদের সমতুল্য নয়। আমরা গ্রহণ করব না। সঙ্গে সঙ্গে আমরা হায়ার সেকেন্ডারী কাউন্সিল এর সঙ্গে আলোচনা করি, ঠিক করি, শিক্ষা বর্ষেই ৯৮-৯৯ সাল থেকে এইটা তিন বছরের ডিগ্রি কোর্স চালু হবে। সঙ্গে সঙ্গে প্রশ্ন জাগে, তিন বছরের ডিগ্রি কোর্স যদি কলেজগুলিতে চালু হয় এবং তার সঙ্গে আপনারা জানেন, আমি হাউসেও বলেছি, ইংরাজী এবং আর একটা মাতৃভাষা যেটা আবশ্যিক করা হয়েছে এবং পরিবেশ বিদ্যা আবশ্যিক করা হয়েছে, এতে কলেজগুলির বোঝা এবং স্থানের চাহিদা বেড়ে যাচ্ছে তাহলে আগামী বছর পর্য্যন্ত ঐ তিন বছরের ক্লাসটা নূতন ক্লাসটা যেটা শুরু হবে এবং এর বোঝা সেই নতুন ক্লাসগুলির জন্য—মাননীয় সদস্য সৌগত রায় অধ্যাপক মানুষ তিনি জানেন—

নূতন বিষয় কিছু করতে গেলে নূতন ক্লাস রুম দরকার হয় এবং শিক্ষক এর প্রয়োজনও হয়। আমরা বিদ্যালয় বিভাগের সঙ্গে আলোচনা করি এবং এটার কথাটা আগে থেকে আমরা দুই দপ্তর আলোচনা করতে শুরু করি তার জন্য গত বছরে তুলে দেওয়া হয়নি। তার জন্য ১৪৮টি নূতন স্কুল উন্নীত হয়েছে, প্রক্রিয়াটা আমরা শুরু করেছি আগেই। আপনারা জেনে রাখুন, আমরা ১ বছর আগে প্রিন্সিপালদের সঙ্গে মিটিংও করেছি, তাই নয়, আমরা বিকাশ ভবনেও অধ্যক্ষদের সঙ্গে মিটিং করেছি, এই বছরে এক মাস আগেও আমি এবং কান্তিবাবু উপস্থিত থেকে মিটিং করেছি। এবং মিটিং করে সেখানে সমস্ত বিষয়টা নিয়ে আলোচনা করি এবং আমরা এই সিদ্ধান্তগুলি করেছি, আপনারা দেখবেন, এতগুলি কলেজের মধ্যে অল্প সংখ্যক কলেজ বেছে নিয়েছি, অনেক জেলাতে দেখবেন, কোন কলেজ বেছে নেওয়া হয়নি। তবে আমাদের কাছে যারা এসেছে, যেখানে অসুবিধা আছে, নূতন স্কুল করা যাবে না, আমরা প্রথমে দেখছি, সেটার সংশ্লিষ্ট অঞ্চলে স্কুল করা যাচ্ছে কিনা, বিদ্যালয় বিভাগ তারা কতটা স্কুল করতে পারছেন তার উপরে দাঁড়িয়ে করা হচ্ছে, এই যে নির্দিষ্ট সংখ্যার কথা বলা হচ্ছে, এটা প্রথম ছিল ২৬, ওরা যখন স্কুলের সংখ্যা বাড়ালেন, তখন হল ৩০, বর্তমানে আজকে পর্য্যন্ত এটা হয়েছে ৩২।

[1.10–1.20 p.m.]

বিদ্যালয় বিভাগ তারা আরও বলছেন যে আরও স্কুলের সংখ্যা বাড়বে। এটা হচ্ছে একটা প্রক্রিয়া। আজকে কলেজগুলোর অবস্থা কি? আজকে সকালে কলকাতার একটা নাম করা কলেজের অধ্যাপক বলছিলেন, আপনি এই বছরে তো তুলবেন না, কিন্তু আমার তো ক্লাস রুম দরকার, নতুন ল্যাবরেটরির জন্য জায়গা দরকার। আপনি কম্পিউটার সায়েন্স পড়াতে বলছেন, ইলেকট্রনিক্স পড়াতে বলছেন, মলিকিউলার বায়োলজি পড়াতে বলছেন, শিক্ষাকে আধুনিক করার কথা বলছেন, চাহিদা মেটানোর কথা বলছেন। কিন্তু আমাদের জায়গা কোথায়। আমরা দুটো কাজ করছি, আমাদের দপ্তর থেকে সম্প্রসারনের জন্য আমরা টাকা দিচ্ছি এবং স্কুল দপ্তর তারা এইগুলোকে ধীরে ধীরে স্কুলে নিচ্ছে। এর ফলে শিক্ষা সম্প্রসারিত হবে। কলেজ থেকে ধীরে ধীরে এটা চলে গেলে আমাদের দেশের মানুষের উচ্চ শিক্ষা লাভের সুযোগ আরও বাড়বে। আমরা তো চাই এই এ্যাকসেসটাকে আরও বাড়িয়ে দিতে। কোন কাজ শুরু করলে প্রথমে একটু অসুবিধা হয়। আসুন, কোন জায়গায় কোন অসুবিধা হচ্ছে সেটা আলোচনা করে আমরা অসুবিধাগুলো দূর করার চেষ্টা করব। ইতিমধ্যে আমরা স্কুল দপ্তর থেকে অর্ডার দিয়েছি ইমিডিয়েট তোমরা শিক্ষক নিয়োগ করো। স্কুল সার্ভিস কমিশান তারা শিক্ষক নিয়োগ করবে। আপনারা বলছেন পরিকাঠামো নেই। হিউম্যানিটিস, সোসাল সায়েন্স এর জন্য কি পরিকাঠামো লাগে। সৌগত বাবু আপনি একজন অধ্যাপক, এই হাউসে আপনি বলুন তো কলেজে যখন কোন নতুন বিষয় আপনারা নেন, সঙ্গে সঙ্গে আপনারা বই কেনেন। আরেকটি কথা আপনাদেরকে বলি, একটা স্কুলে হায়ার সেকেন্ডারি চালু হল না, কিন্তু স্কুল দপ্তর পরিকাঠামো উন্নয়নের জন্য কি সেখানে টাকা দিতে পারে? আপনি নিজে এক সময় মন্ত্রী ছিলেন, একটা স্কুলে হায়ার সেকেন্ডারি চালুই হলো না,

সেখানে পরিকাঠামোর জন্য কি টাকা দেওয়া যায়, ল্যাবরেটরির জন্য টাকা দেওয়া যায়। এটা দেওয়া যায় না, এটাই হচ্ছে প্রক্রিয়া। আপনারা দাবি করতে পারেন এবং কান্তিবাবুও যেটা বলেছেন, যে আপনারা তাড়াতাড়ি পরিকাঠামো গঠন করুন। এটা সঠিক দাবি। আমি আবার বলছি, এখানে অনেক মাননীয় সদস্য আছেন যারা আমাকে বলেন আমার এলাকায় আপনি একটা কলেজ করে দিন। আমরা যখন কলেজের অনুমতি দিই তখন কলেজের বিল্ডিং থাকে না, একটা স্কুলে তারা ক্লাস করেন। এইভাবেই ক্লাস হয়, এইভাবেই কলেজ হয়, বিল্ডিং হয়, ল্যাবরেটরি হয়। আপনাদের একজন সদস্য আমাকে বললেন দক্ষিণ ২৪ পরগণায় একটা কলেজ করার জন্য। আমি তাকে বললাম ওখানে রাস্তাঘাট ইত্যাদির অভাব আছে, কি করে করবেন। উনি আমাকে বললেন স্যাংশানটা দিয়ে দিন, আমরা সব গড়ে তুলব। সৌগত বাবু আমার বক্তব্যকে নীতিগতভাবে মেনে নিচ্ছেন, বিরোধীতা করেন নি। অন্যরা কি বলছেন জানি না।

**শ্রী সৌগত রায় ঃ** আমি নীতিগতভাবে মেনে নিয়েছি এই কথা কখনো বলিনি। তাহলে আপনার কথা—'অশ্বত্থমা হত ইতি গজ'। আপনি আপনার নিজের সিদ্ধান্ত কি সেটা বলেছেন।

**শ্রী সত্যসাধন চক্রবর্ত্তী ঃ** আমি শুধু একটি কথা বলতে চাই, আমাদের সরকার শিক্ষা সম্প্রসারণে, বিশেষ করে জেলাতে গ্রামীন শিক্ষা সম্প্রসারণে শিক্ষার সুযোগ বৃদ্ধিতে যে দৃঢ় পদক্ষেপ নিয়েছে, আমরা তা থেকে পিছিয়ে আসব না। আমরা মাননীয় অধ্যক্ষ এবং মাননীয় প্রধান শিক্ষকদের সঙ্গে কথা বলে ছাত্রদের যাতে কোন অসুবিধা না হয় ভর্তির ক্ষেত্রে এবং পরিকাঠামোর ব্যাপারে, তার ব্যবস্থা নেব। এবং, আমরা আগামী দিনগুলোতে উচ্চ মাধ্যমিক কলেজ থেকে ধীরে ধীরে সরিয়ে—যেটা মাননীয় মন্ত্রী কান্তিবাবু বললেন—স্কুলে নিয়ে যাব। আমরা আহ্বান করব, আপনারা দয়া করে সহযোগিতা করুন যাতে আমাদের ছাত্র-ছাত্রীরা আরও সুযোগ পেতে পারে। আমি কলকাতার কথা বলছি। কলকাতায় যে কলেজগুলো থেকে উচ্চ মাধ্যমিক তুলে দেওয়া হয়েছে, তার আসন সংখ্যা ছিল ১১০০ মত, নতুন যে ২০টি স্কুলে করা হয়েছে, তার আসন সংখ্যা হচ্ছে ২০০০ এর মত। শিক্ষা কি এখানে সম্প্রসারিত হ'ল না সঙ্কুচিত হ'ল? এই প্রশ্ন আপনার কাছে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সৌগত বাবু আমার কাছে লিস্ট চেয়েছেন কোন্ কোন্ স্কুলকে উন্নিত করা হয়েছে, কোন্ কোন্ কলেজ থেকে তুলে নেওয়া হয়েছে। আমি গোটা ফাইলটাই এনেছি, আপনার কাছে দিয়ে দেব, কারণ ১০ মিনিটে এটা বলা সম্ভব নয়। আমি আবার আহ্বান করব—এরকম একটা বড় পরিবর্তনের ক্ষেত্রে আপনারা সহায়তা করুন, রাস্তায় নেমে শুধু শুধু জনগনকে বিভ্রান্ত করবেন না।

(নয়েজ)

**মিঃ স্পিকার ঃ** মি. তাপস রায়, আপনি তো হাইকোর্টে প্রাকটিস করেন। এই ভাবে ডিস্টার্ব করছেন কেন? আপনারা যখন ডিস্টার্ব করেন, তখন তো ওরা ডিস্টার্ব

করে না। একজন যখন আর্গুমেন্ট করে, তারপর অপর পক্ষ আর্গুমেন্ট করে। প্লিজ ডোন্ট ডিস্টার্ব। ডিবেটের জায়গা আছে।

[1.20–2.00 p.m. including House adjourned]

**Mr. Speaker :** Mr. Saugata Roy, you have given a substantive motion which reads as follows :-

"That the Statement of the Higher Education Minister made on 30.6.99 on the problem of admission of students after withdrawal of Higher Secondary classes from 30 colleges be taken into consideration."

I have only submission to make that if any member wants to give any motion that has to be circulated amongst the members in advance. But you have submitted it today. This is not correct. Sufficient time should be given to the members to read it. Because if the members do not get it then they do not know what the motion is Please don't take it carelessly. This is a responsible forum and you are a responsible member of this House supporting the intention of the people. You must follow the norms.

মিঃ রায়, আপনি কোনটাই ফলো করছেন না। এটা কি, ওটা কি, এরকম করলে কি হবে? আমি ইন ফিউচার এ্যালাও করব না। In future I will not allow you. If any member wants to give a substantive motion, that should be submitted in proper time — he has to give it to the members 24 hours' prior notice. It has to be circulated amongst the members well in advance. In future I will not allow it. Mr. Roy may now move his motion.

[1.20–1.30 p.m.]

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি যেটা বলছি—এটা কিন্তু আপনি বললেন ঠিকই। আপনি যা বলবেন, আমরা মেনে নেব। এর আগে নোটিশ দেব। তবে এক নাম্বার হচ্ছে রুল ৩১৯ এ সাবস্টানটিভ মোশান এখানে কিভাবে দিতে হবে, সে ব্যাপারে বলা নেই। দ্বিতীয় নাম্বার হচ্ছে এই হাউসের মধ্যে মিনিস্টার এসেই বিলের অ্যামেন্ডমেন্ট দেন। বিলের ডিসকাশান শুরু হবার পরে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন, এটা বলতে পারি। হাউসে ফর্মটা বড় কথা নয়, কনটেন্টটাই বড় কথা। হাউসে স্পিরিটটা হচ্ছে আসল কথা, লেটারটা বড় কথা নয়। প্রপারলি স্পিরিটটা মনে রাখাই আমাদের উদ্দেশ্য। এই ব্যাপারটা হাই লাইট করার জন্য আমরা করেছি। যদি আপনি স্ট্রিক্টলি আপনি ফর্ম চান, আমরাও আইন জানি। এটার পাবলিক সার্পোটের জন্য আমি সাবস্ট্যানটিভ মোশান দিচ্ছি।

**Mr. Speaker :** I have some comment. I have consented it. The question over here is that if there is an amendment allowed, it is allowed with

the consent of the House. If you want to take advantage of that then I have to take the consent of the House also here. Please don't try to take any advantage of it. If there is consent of the House then it is all right. Please don't pull my legs in this way. You cannot succeed this way. When there is no consensus in the House, how can I allow it?

**Shri Saugata Roy :** Mr. Speaker Sir, you have given consent. You can give consent.

**Mr. Speaker :** If a Member objects, 'I have not received a copy of the motion', then how can I discuss? How the discussion can take place? Don't try to misrepresent. Don't do it. Media is there.

**Shri Saugata Roy :** Sir, I am not concerned with the media. You are concerned with the media. For ascertaining the public opinion we should take recourse to the media...... Under rule 319 I beg to move the following substantive motion 'Further to the motion moved by me that the House disapproves of the statement of the Minister for Higher Secondary Education on the problem of admission of students after withdrawal of Higher Secondary classes from 30 colleges and urges that the order for withdrawal be kept in abeyance. আমি সেইজন্য মন্ত্রীর কাছে অনুরোধ করছি যে, এই সিদ্ধান্ত ১ বছরের জন্য অ্যাবেয়ান্সে রেখে দিন। পরের বছরে চালু করুন।

The motion of Shri Saugata Roy "that the House disapproves the statement of the Minister-in-charge of Higher Education Department on the problem of admission of students after withdrawal of Higher Secondary Classes from thirty colleges and urges that the order for withdrawal be kept in abeyance." was then put and a Division taken with the following results :

**NOES**

Abu Ayes Mondal, Shri
Acharya, Shri Maniklal
Bagdi, Shri Kirity
Bagdi, Shri Lakhan
Bag, Shri Kartick Chandra
Banerjee, Shri Debabrata
Bera, Shri Dipak
Biswas, Shri Ananda Kumar
Biswas, Shri Chittaranjan
Biswas, Sri Hari Pada
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi

Biswas, Shri Kanti
Biswas, Shri Sushil
Bouri, Shri Angad
Chakraborty, Shri Satyasadhan
Chattopadhyay, Shri Jyoti Krishna
Chaudhuri, Shri Amar
Chowdhury, Shri Nani Gopal
Das, Shri Ananda Gopal
Das, Shri Bidyut Kumar
Das, Shri Pushpa Chandra
Deb, Shri Rabin
Dey (Bose), Shrimati Ibha
Dhar, Shri Padmanidhi
Doloi, Shri Siba Prasad
Ganguly, Shrimati Kanika
Gayen, Shri Nripen
Giri, Shri Ashoke
Goswami, Shri Subhas
Hazra, Shri Samar
Hembram, Srimati Deblina
Hembaram, Shri Jadu
Hira, Shrimati Mili
Hore, Shri Tapan
Id. Mohammed, Shri
Kabi, Shri Pelab
Khanra, Shri Saktipada
Kisku, Shri Lakhi Ram
Kujur, Shri Sushil
Mahammad Hannan, Shri
Mahata, Shri Kamala Kanta
Mahata, Shri Khagendra Nath
Mahato, Shri Abinash
Maitra, Shri Banshi Badan
Majhi, Shri Nanda Dulal
Mallik, Shrimati Sadhana
Mandal, Shri Prabhanjan
Meheboob Mondal, Shri
Mehta, Shri Nishikanta
Mirquasim Mondal, Shri
Mitra, Shri Biswanath
Moitra, Shri Birendra Kumar

Mondal, Shri Biswanath
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Rabindranath
Mondal, Shri Subhas
Mostafa Bin Quasem, Shri
Mozammel Haque, Shri
Mukherjee, Shri Anil
Mukherjee, Shrimati Mamata
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Pratyush
Mukhopadhyay, Shri Chittaranjan
Murmu, Shri Maheswar
Nanda, Shri Brahmamoy
Naskar, Shri Sankar Sharan
Naskar, Shri Subhas
Pan, Shri Bhaktaram
Ray, Shri Dwijendra Nath
Routh, Shri Dibakanta
Roy, Shri Manmatha
Roy, Shri Ramesh
Samanta, Shri Rampada
Sanyal, Shri Kamalendu
Saren, Shri Subhas Chandra
Sengupa, Shri Purnendu
Shaw, Dr. Prabin Kumar
Sinha, Shri Prabodh Chandra
Sk. Majed Ali, Shri
Soren, Shri Khara
Toppo, Shri Salib
Unus Sarkar, Shri

**AYES**

Abdul Mannan, Shri
Abdus Salam Munshi, Shri
Abu Sufian Sarkar, Shri
Banerjee, Shri Tapas
Bhattacharjee, Shri Sudhir
Biswas, Shri Shashanka Shekhor
Chattopadhyay, Shri Shovandev
Das, Shri Dilip Kumar
Deb, Shri Ashoke Kumar

Dey, Shri Ajoy
Gyan Singh Sohanpal, Shri
Humayun Reza, Shri
Mahato, Shri Shantiram
Mahbubul Haque, Shri
Mainul Haque, Shri
Mal, Shri Asit Kumar
Manjhi, Shri Ramjanam
Md. Fazle Haque, Dr.
Mukherjee, Shri Kamal
Mukherjee, Shri Samar
Paul, Shrimati Mayarani
Poddar, Shri Deokinandan
Quazi Abdul Gaffar, Shri
Roy, Shri Phani Bhusan
Roy, Shri Pramatha Nath
Roy, Shri Tapas
Sinha, Shri Atish Chandra
Sk. Daulat Ali, Shri

The Ayes being 30, and the Noes 80, the motion was lost.

At this stage,

(the House was adjourned till 2.00 p.m.)

[2.00–2.10 p.m.]

**(After Adjournment)**

**Point of Information**

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমার পয়েন্ট অফ্ ইনফরমেশান হচ্ছে, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে হাউজকে বলছি রায়দীঘিতে সুন্দরবন হসপিটাল এটাকে রুরাল হসপিটাল করে দেওয়া হয়েছে। হসপিটালটির জরাজীর্ণ অবস্থা, জানালা, দরজা ভেঙে গেছে, আমি সেখানে গিয়েছিলাম। স্যার, আপনি শুনলে আনন্দিত হবেন সেখানকার মেডিকেল অফিসার সেখানকার সহকর্মীদের কাছ থেকে ৫৫০০ টাকা কারগিল তহবিলের জন্য তুলে আমার হাতে দিয়েছে। এবং মথুরাপুর রুরাল হসপিটালটিরও একই অবস্থা সেখানে মেডিকেল অফিসার রাজনৈতিক দলের কাছে লাঞ্ছিত হয়েছেন। পুলিশ ও প্রশাসনের কাছে সাহায্য চেয়ে পাননি। হসপিটালে ছাদ দিয়ে জল পড়ে এই সব দুরবস্থার কথা বলেছেন। মথুরাপুরেও একই অবস্থা। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করবো এই দুটি হাসপাতালের ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 56

**Mr. Deputy Speaker :** There are two cut motions to demand No. 56. All the cut motions are in order and Hon'ble Member may now move the motion.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100/-.

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় আব্দুল রেজ্জাক্ মোল্লা ১৯৯৯ সালের বাজেট প্লেস করেছেন। আমি তার বিরোধীতা করছি। বিরোধীতা করছি তার, বিরোধী দলের সদস্য হলেই যে বিরোধীতা করতে হবে এমন কোন কথা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি দেখেন তাহলে দেখবেন শ্রীমোল্লা গত বছর অর্থাৎ ১৯৯৮-৯৯ সালের জন্য ৪ কোটি ৪৪ লক্ষ ৭০ হাজার টাকা বাজেট প্লেস করেছিলেন হাউজের অনুমোদনের জন্য। ৬ কোটি ৮১ লক্ষ ৭ হাজার টাকা বাজেট অনুমোদনের জন্য আমাদের কাছে আজকে আলোচনার মাধ্যমে গ্রহণের আবেদন জানিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, টাকা বাড়ানো হচ্ছে, কিন্তু টাকা বাড়ালেই যে কাজ হচ্ছে এটা আমরা দেখতে পাচ্ছি না। টাকা আমরা যেটা বাজেটে বৃদ্ধি করেছি কিন্তু একচুয়াল এক্সপেনডিচার যদি দেখেন তাহলে দেখবেন ১৯৯৭-৯৮ এবং ১৯৯৮-৯৯ সনের ক্রপ্ হ্যাসব্যান্ডি, হর্টিকালচার এ্যান্ড ভেজিটেবল্ ক্রপস্ এর নন্-প্ল্যানে মাননীয় মন্ত্রী ২২৮ লক্ষ ৮৫ হাজার টাকা অরিজিনাল বাজেট প্লেস করেছিলেন। কিন্তু একচুয়াল এক্সপেনডিচার হয়েছে ১ লক্ষ ৪৬ হাজার টাকা। অর্থাৎ ৮২ লক্ষ টাকা সেখানে খরচ করা গেল না, তা না হলে অর্থ দপ্তর দেয় নি। ২২৮ লক্ষ টাকা তিনি বাজেট বরাদ্দ করলেন, আমরা করে দিয়েছিলাম, কিন্তু তাঁর একচুয়াল এক্সপেনডিচার হলো ১৪৬ লক্ষ ৭৫ হাজার টাকা। ৮২ লক্ষ টাকা খরচ করা গেল না বা বাজেটে থাকা সত্ত্বেও মাননীয় অর্থমন্ত্রী সংশ্লিষ্ট মন্ত্রীকে সেই টাকা দিতে ভরষা পান নি, কিম্বা প্রয়োজনীয়তা বোধ করেন নি। মদ্দা কথা হলো বাজেট অনুমোদনে পাওয়া এবং মঞ্জুরী হওয়া এবং খরচ করার মধ্যে আকাশ-পাতাল পার্থক্য।

ঐ সময়ে যদি দেখেন মাননীয় অধ্যক্ষ মহোদয় ২৮৫২ - ইন্ডাষ্ট্রিস (ফুড এ্যান্ড বেভারেজ)-এ উনি বরাদ্দ করলেন ১৮৫ লক্ষ টাকা। খরচ করলেন ৫ লক্ষ ৯৪ হাজার টাকা। সুতরাং, এটা আলোচনা করেই বা কি হবে। আর, মন্ত্রীকে কাঠগড়ায় রাখার জন্য এই রকম বাজেট করা হয়, আমরা তার দোষ-ত্রুটি বার করবার চেষ্টা করব, বিরোধী পক্ষের সদস্য হিসাবে সরকারের কাছে বলব এই ত্রুটি দুর্বলতাগুলো ঠিক করুন-এটা হওয়া উচিৎ নয়। কিন্তু চেহারা যা দাঁড়িয়েছে ১৮৫ লক্ষ টাকা যেখানে বরাদ্দ হয় সেখানে ৮০ লক্ষ টাকাও দপ্তরে গিয়ে পৌঁছায় না। তারা বছরের শেষে হিসাব দেন ১৮৫ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও আমি খরচ করতে পেরেছি ৫ লক্ষ টাকা। এই ভাবে ৪৪০১, ৬৮৬০ - প্রত্যেকটা জায়গায় যদি দেখেন তাহলে বরাদ্দকৃত টাকা এবং ব্যয়ের মধ্যে আকাশ-পাতাল তফাৎ, কোন সামঞ্জস্য নেই। আমাদের দেশ কৃষি

প্রধান দেশ। পৃথিবী উন্নতি করছে, আমরাও করছি। আমাদের এখানে ধান, গম, ইত্যাদি চলতি রেওয়াজের চাষ আছে। উৎপাদনে আমাদের চাষীভাইরা নিজেদের ব্যস্ত রেখেছেন। এখানে অন্যান্য নতুন ক্ষেত্রেও যাওয়ার প্রবণতা দেখা দিচ্ছে। আজকে সেই জায়গায় মহারাষ্ট্র ৩০০ কোটি টাকার মত প্রসেসিং ফুড বিদেশে রপ্তানি করতে পেরেছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, তিনি তাঁর জবাবী ভাষণে বলবেন যে, পশ্চিমবাংলায় আমরা কত কোটি টাকার ফল এবং প্রসেস ন বিদেশে রপ্তানি করতে পেরেছি। এমনি ভাবেই কর্ণাটক, তামিলনাড়ু, হিমাচলপ্রদেশ - অনেক পরিমাণ টাকা বিক্রি করেছে। আপনারা পৃথিবীর বিভিন্ন জায়গায় কত প্রসেস ফুড এক্সপোর্ট করতে পেরেছেন? আমাদের পশ্চিমবাংলা এ ব্যাপারে পিছিয়ে আছে। আজকে আমরা দেখছি, চাষের উন্নতির জন্য উত্তরবাংলার টমোটো চাষীরা মাথার ঘাম পায়ে ফেলে প্রচুর টাকা বিনিয়োগ করে হাজার হাজার মেট্রিক টন টমেটো উৎপাদন করল। কিন্তু বাজারে গিয়ে সেই হারে খরিদ্দার পেল না। আবার, বাজার থেকে গরুর গাড়ী, ঘোড়ার গাড়ী ভাড়া করে বাড়ী নিয়ে যাবার মানসিকতাও হল না। কিন্তু বাজারে যেটুকু বিক্রি হ'ল তার থেকে বেশী টমেটো সেখানেই পড়ে পড়ে নষ্ট হয়ে গেল। বাজার থেকে বাড়ী যাবার সময় অবিক্রীত ফল নিয়ে যাবার প্রয়োজনীয়তাও বোধ করল না। কারণ বাড়ীতে বয়ে নিয়ে যাওয়ার টাকাটাও লোকসান হবে। তাই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের দেশে এই যে চিরাচরিত চাষের বাইরে গিয়ে নতুন নতুন ক্ষেত্রে এক্সপ্লয়েট করার চেষ্টা হচ্ছে, হর্টিকালচার হচ্ছে, তাতে করে এই ইন্ডাষ্ট্রি যাতে তৈরী হয়, যাতে ফুড প্রসেস করা যায়, হিমায়িত ঘরে রাখা যায়, সেটা দেখা দরকার। এর জন্য একটা আলাদা দপ্তর দীর্ঘদিন ধরে করলেও কোন ডাইরেক্টরেট নেই, তাই সিদ্ধান্ত নেবার ব্যবস্থা নেই এবং সেই সিদ্ধান্তকে কাজে লাগাবার পরিপূরক ব্যবস্থাও কিছুই নেই। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এগ্রিকালচার এ্যান্ড এগ্রিকালচার মার্কেটিং, ফুড প্রসেসিং এ্যান্ড ফিসারিজ-এই সাবজেক্ট কমিটির প্রতিবেদন যদি দেখেন তাহলে দেখবেন তারা কতগুলো অবজারভেশন দিয়েছেন। মাননীয় মন্ত্রী এবং তার দপ্তর থেকে অন্তত এই প্রতিপাদ্য বিষয়, যেগুলো নিয়ে আলোচনা করা হয়েছে এবং অবজারভেশন দিয়েছে তাও যদি কাল্টিভেট করতেন, নাড়া-চাড়া করতেন তাহলে দেখতে পেতেন এই দপ্তর আজকে রক্তাপ্লতায় ভুগছে।

মাননীয় মন্ত্রী মহাশয় চেষ্টা করছেন। আমি বলছি না যে, উনি চেষ্টা করছেন না। উনি একজন সক্রিয় সামাজিক কর্মী, দায়িত্ব পেয়েছেন, উনি চেষ্টা করছেন। কিন্তু যে অবজারভেশন গুলো হচ্ছে, "For Food Processing Industries, major item of shortfall is in infrastructure for food processing Industries, where against outlay of Rs. 60 lakhs, only Rs. 11.67 lakhs have been spent, i.e., a shortfall of Rs. 48.33 lakhs."

[2.10–2.20 p.m.]

মাননীয় রেজ্জাক সাহেব আপনি ভেবে বলবেন যে, আপনি ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য ৬০ লক্ষ টাকার যে প্রোজেকশন করলেন তাতে আপনি ১১ লক্ষ

টাকার বেশী খরচা করতে পারলেন না। ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট না হলে সেখানে আপনি এফেক্ট দিতে পারবেন না। তার ফলে আপনি দরিদ্র চাষীদের কাছে গিয়ে পৌঁছাতে পারলেন না। আজকে এর জন্য একটা ডাইরেক্টর তৈরী করুন এবং সেই ডায়রেক্টর থেকে গোটা জিনিষটাকে আপনি পরিচালনা করুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমার সময় খুব কম। আমাদের প্রধান বক্তা শ্রী শেখ দৌলত আলি সাহেব বলবেন। তবে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে, আপনি যে অরিজিনাল বাজেট পেশ করবেন, তাতে আপনি যেটুকু খরচা করতে পারবেন, যে বিধি ব্যবস্থা করতে পারবেন তার উপর নজর রেখে বাজেট করুন। গত বছর ৬ কোটি টাকা করেছিলেন, এবছর ৮ কোটি টাকা রেখেছেন। এই টাকা বাড়িয়ে নিয়ে বাজেট পুস্তিকা স্ফীত করে লাভ নেই। পরিবর্তিত পরিস্থিতিতে চাষীদের কাছে গিয়ে নতুন নতুন ক্ষেত্রে চাষীদেরকে বিনিয়োগ করে লাভবান হতে পারেন। নতুন নতুন চাষের নীতি তৈরী করে, অপ্রচলিত কৃষি ব্যবস্থা বিশেষ করে ফুলের ক্ষেত্রে নতুন দিগন্ত তৈরী করতে পারবেন। আপনার ব্যর্থতা শুধরে নেবেন এই আবেদন জানিয়ে আপনার বাজেটের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভক্তরাম পান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ১৯৯৯-২০০০ সালের ৫৬ নম্বর দাবির সমর্থণে যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করা হয়েছে সেই দাবিকে আমি সমর্থণ করছি। মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট ভাষণ রেখেছেন তাকে সমর্থণ করে এবং বিরোধীদের আনীত কাটমোশানের বিরোধীতা করে আমার বক্তব্য রাখছি। এই দপ্তর খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প এবং উদ্যান পালনের ব্যাপারে একটা নির্দিষ্ট লক্ষ্য এবং কার্যক্রমকে সামনে রেখে আমাদের রাজ্যের যে ক্ষমতা সেই ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে কাজ করে চলেছে। ১৯৯৬ সাল থেকে উদ্যান পা[illegible] এই দপ্তরের সঙ্গে যুক্ত হয়েছে, কাজ করার চেষ্টা করা হচ্ছে। গ্রামাঞ্চলে যে কৃষক রয়েছেন তার প্রায় ৯০ ভাগই গরীব প্রান্তিক চাষী ও ক্ষুদ্র চাষী। আজকে বিশ্বায়ণ ও উদারীকরণের ফলে গোটা ব্যবস্থার মধ্যে সাধারণ মানুষ, শ্রমজীবি মানুষ ও কৃষকের উপর যে আক্রমণ নেমে এসেছে তাতে সেখানে দাঁড়িয়ে আমাদের রাজ্যের ভূমি সংস্কার ও পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে এই দপ্তরের চেষ্টা হচ্ছে, স্বল্প ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে কৃষক, সাধারণ উৎপাদকদের স্বার্থ রক্ষা করা এবং কৃষি ক্ষেত্রের আরও নতুন নতুন কি কি ব্যবস্থা যুক্ত করে এবং কৃষির মধ্যে চিরাচরিত যে ব্যবস্থাগুলো ছিল যার ফলে কৃষি মার খেত, সেখান থেকে কৃষিকে সরিয়ে এনে আরও নতুন নতুন যে ব্যবস্থা আছে সেই জায়গায় কৃষি ও উদ্যান পালনকে নিয়ে যাওয়া। এটা করতে গেলে বিশাল পরিকাঠামো করা দরকার। সেই পরিকাঠামো নেই। তার জন্য যে পরিকাঠামোর দরকার, সেই পরিকাঠামো করার আমাদের ক্ষমতা নেই। সেই পরিমাণ অর্থ বিনিয়োগের মত বাস্তব অবস্থায় আমরা নেই। স্যার, একটা তথ্য আমি আপনার সামনে উপস্থিত করতে চাই। আমাদের দেশে যে নয়া-অর্থনীতি এবং কৃষি-নীতি চালু হয়েছে তারপর থেকেই আমরা আমাদের কৃষি এবং শিল্প ক্ষেত্রে মারাত্মক অধগতি লক্ষ্য করছি। ল্যাগড়াওয়ালা কমিটির রিপোর্ট বলছে, '১৯৯২ সাল থেকে ১৯৯৪ সালের মধ্যে গোটা ভারতবর্ষের গ্রামাঞ্চলের ৪০ লক্ষ মানুষ নতুন করে কর্মহীন হয়েছে।' কৃষিতে মজুরী বেড়েছে ঠিকই, কিন্তু কর্মহীনের সংখ্যাও

বেড়েছে। ৮০-র দশকে গ্রামাঞ্চলে ৮% কর্ম-সংস্থান বৃদ্ধির সুযোগ ছিল, এখন সেটা ২%-এ নেমে এসেছে। আমরা আমাদের দেশ থেকে বিদেশে যা রপ্তানী করি তার সঙ্গে আমাদের দেশের জনসংখ্যা বৃদ্ধির হারের সব সময় একটা সমতা থাকা দরকার এবং সেই হিসাবে ৩ শতাংশ হারে রপ্তানী বৃদ্ধি করা উচিত। কিন্তু গত বছর সে জায়গায় আমাদের মাত্র ১.৩ শতাংশ রপ্তানী বেড়েছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে একটা রাজ্য সরকারকে বিভিন্ন কাজ পরিচালনা করতে হচ্ছে। বিশেষ করে কৃষি ক্ষেত্রে গোটা দেশে এক ভয়াবহ সংকট সৃষ্টি হয়েছে। নতুন পেটেন্ট আইন চালু হয়েছে। কংগ্রেস এবং বি.জে.পি. যৌথভাবে চালু করছে। এর মধ্যে দিয়ে কৃষি, কৃষিজাত শিল্প এবং ভেষজ শিল্পের ওপর মারাত্মক সমস্যা নেমে এসেছে। বীজ এবং সারের ক্ষেত্রে আমাদের যে অধিকার ছিল, সেই অধিকার হরণ করা হয়েছে। উৎপাদনের ক্ষেত্রে টন প্রতি ৬০০০ টাকা যে সারের দাম ছিল, তা আজকে বিদেশী সার আমদানী করার ফলে টন প্রতি ৮০০০ টাকা হয়ে যাচ্ছে। উৎপাদন খরচ সাংঘাতিকভাবে বেড়ে যাচ্ছে। শিল্প ক্ষেত্রেও এর প্রভাব পড়ছে। একদিকে কৃষিক্ষেত্রে সমস্যার সৃষ্টি হচ্ছে, অপর দিকে শিল্প ক্ষেত্রে সংকট সৃষ্টি হচ্ছে। আমরা দেখেছি ১৯৭৯-৮০ সালে কেন্দ্রীয় সরকারের মোট বাজেটের ২৯ শতাংশ কৃষি, সেচ, বন্যা নিয়ন্ত্রণ, গ্রামোন্নয়নে বরাদ্দ করা হয়েছিল। এখন সেটা কমে ২০ শতাংশের নীচে চলে এসেছে। আজকে আমরা কৃষি ক্ষেত্রে যাই করি না কেন, সে ক্ষেত্রে সেচ একটা গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে। অথচ সেচের ক্ষেত্রে মারাত্মকভাবে বরাদ্দ হ্রাস করা হয়েছে। এই রকম একটা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আমরা আমাদের রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালনের চেষ্টা করছি। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই, আমাদের ডানকুনিতে যে সবচেয়ে বড় প্রকল্পটি গড়ে উঠছে, সেটার জমি অধিগ্রহণের ক্ষেত্রে কিছু সমস্যা ছিল, আমরা উদ্যোগ নিয়ে সেই সমস্যার সমাধান করে ১৫৩ একর জমি অধিগ্রহণ করছি এবং সবচেয়ে বড় ফীড প্রোসেসিং ইউনিট আমরা পশ্চিমবাংলায় গড়ে তুলতে চলেছি। এই কথা বলে, এই বাজেটকে সমর্থণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.20–2.30 p.m.]

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী জনাব আবদুর রেজ্জাক মোল্লা যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। ১৯৯২ সালে একটা শুভ মনোভাব নিয়ে এই দপ্তর স্থাপন করা হয়েছিল। তখন এর নাম ছিল খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প দপ্তর। আজকে এই 'শিল্প' শব্দটা সম্বন্ধেই আমার মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন। শিল্পের জন্য যে পরিকাঠামোর প্রয়োজন, আধুনিক শিল্পের জন্য যে প্রযুক্তির প্রয়োজন তা কি তিনি সংগ্রহ করতে পেরেছেন? ১৯৯২ সালে একটা নতুন দপ্তর শুরু হয়েছিল, শুভ উদ্যোগ, তাকে আমি অ্যাপ্রিসিয়েট করছি। কিন্তু তারপর কি হ'ল? মাননীয় মন্ত্রী মহাশয়ের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প দপ্তরের সঙ্গে উদ্যানপালন বিভাগ যুক্ত হয়ে, নতুন করে পদযাত্রা শুরু হয়েছে। উদ্দেশ্য এর মধ্যে যে ভাল সেটা অস্বীকার করার উপায় নেই। কেননা এর

মধ্যে আমাদের অর্থনীতি বিশেষ করে গ্রামীন অর্থনীতি বিশে. করে আমাদের দেশ তথা পশ্চিমবাংলা যখন মূলতঃ কৃষি-ভিত্তিক, সুতরাং সেই কৃষি-ভিত্তিক অর্থনীতিকে প্রসারিত এবং উন্নত করা দরকার। আর কৃষিক্ষেত্রে যে নতুন প্রগতি এসেছে তাকে নতুন ভেলোসিটি দেবার জন্য, নতুন প্রচেষ্টা দেবার কথা মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন। যারা প্রান্তিক চাষী তাদের আয়ের উৎস সন্ধানে তিনি নতুন কথা বলবার চেষ্টা করেছেন। কিন্তু বাস্তব ক্ষেত্রে কি দেখছি? ১৯৯২ সালে থেকে ১৯৯৬ আর ১৯৯৬ সাল থেকে ১৯৯৯ নতুন দপ্তর হলেও তার পরিকাঠামো কেন এখনো অকেজো অবস্থায় পরি ঠামো না থাকার ফলে তার যে উদ্দেশ্য ছিল তা অপচয় হচ্ছে। আজকে কৃষিজ শিল্পে সবচেয়ে বেশী অপচয় হচ্ছে। আমি বড় শিল্পের কথা বলতে চাচ্ছি না, কিন্তু কৃষি ক্ষেত্রে কি ধরণের অপচয় হচ্ছে। সেকথা আপনারা সকলেই জানেন। কিন্তু আজকে এই দপ্তর ফুল, ফল আর সবজি নিয়ে বেড়ে চলবে। সেই ফুল, ফল আর সবজি যাদের আমরা বলি ছোট চাষী তারাই চাষ-বাস করে। সুতরাং তারাই আমাদের আয়ের উৎস একথা মন্ত্রীমহাশয় বারে-বারে বলেছেন। আমি তার সেই কথার তারিফ করছি। কিন্তু যে প্রসেসে গেলে, যে পদ্ধতিতে গেলে, যে ইনসেনটিভ দিলে আজকে এই সমস্ত চাষী-বাসীরা উপকৃত হবেন সেক্ষেত্রে আমি দেখছি তিনি ঐ জায়গায় পৌঁছাতে পারেন নি। আজকে তিনি কৃষিজ উৎপাদনকে বহুমুখী করতে গিয়ে, তাকে বানিজ্যিককরণ করতে গিয়ে তিনি ফুড প্রসেসিং, কমার্শিয়াল কমোডিটি করতে চেয়েছেন, কিন্তু তিনি পারেন নি। আজকে আপনারা দেখেছেন, ভাল সবজি বা প্ল্যানটেশন, শস্যাদি, মশলা, ফুল, মাসরুম, ভেষজ, সুগন্ধি দ্রব্য, উদ্ভিজ-এগুলি আজকে আমাদের জীবনে অপরিহার্য অঙ্গ হয়ে দাঁড়িয়েছে। কেননা একদিকে খাও আর অন্যদিকে জীবনের নানারকম যে মানসিকতা আছে সেগুলি পূরণ করতে সাহায্য কর। ফুলকে আমরা আজকে প্রথম থেকেই বলেছি, ফুল আমাদের প্রাণের জিনিস। ফুল দেবতার লাগে আবার আপনাদেরও লাগে। কবি বলেন, যদি এক পয়সা জোটে সেটা দিয়ে তন্ডুল কেনো ক্ষুধার লাগি, আর যদি ২ পয়সা জোটে তাহলে সেটা দিয়ে ফুল কিনো, হে অনুরাগী'। আজকে উনি তাঁর দপ্তরের যে ফুলের হিসাবটা দিয়েছেন তাতে দেখছি, ১৯৯৬-৯৭ সালে তিনি পেয়েছেন .৫৩ লক্ষ টন আর ১৯৯৭-৯৮ সালে সেটা বেড়ে হয়েছে .৫৬ লক্ষ টন। সেইজন্য তিনি এখানে একটা ফ্লাওয়ার কমপ্লেক্স করতে চান। কিন্তু যেটুকু আমাদের পথ রয়েছে সেটুকু কাজে লাগাতে পারেন নি, ভাল মার্কেটিং তিনি করতে পারেন নি। উনি দক্ষিণ ২৪-পরগণায় যে জায়গায় থাকেন সেখানে যেতে গেলে আলি [illegible] দিয়ে টু-য়ার্ডস ডায়মন্ডহারবার গেলে রাস্তার দুইধারে উনি কি দেখতে পান না গরীব চাষীরা কি রকম জবা ফুলের চাষ করে থাকে? তারা ছোট-ছোট জায়গায় কিরকম জবা ফুলের চাষ করেছে। জবা ফুল মা-কালীর পায়ে যেমন লাগে, তেমনি জবা ফুল বিভিন্ন কাজে লাগে। আবার জবা ফুল প্রসেস করে সেই প্রসেসিং আমাদের কাছে মেডিসিন হয়ে আসে। সুতরাং সেই জবা ফুল যারা চাষ করে সেই চাষীরা আজকে মার খাচ্ছে। আপনারা লাল জবাকে তো শেষ করে দিলেন, লাল জবাকে জবাই করে দিয়েছেন। সেইজন্য বলছি, জবা ফুলের চাষীরা আজকে মার খাচ্ছে।

আপনি ফুলের কথা এখানে বলতে চেয়েছেন। গোলাপ, রজনীগন্ধা ইত্যাদি ফুলের চারার ব্যাপারে আপনি প্রাইভেট নার্সারি বা ব্যক্তিগত মালিকানাকে উৎসাহ দিচ্ছেন। সেখানে সরকারী মালিকানায় কেন করা গেল না বা সম্ভব হল না সে প্রশ্ন আমি নিশ্চয় আপনাকে করতে পারি। আপনার প্রচেষ্টাকে আমি ছোট করছি না কিন্তু সেই প্রচেষ্টার ক্ষেত্রে ব্যক্তিগত মালিকানার কাছে এখনও কেন বামফ্রন্ট সরকার নতি স্বীকার করে থাকবে আশা করি জবাবী ভাষনে সেটা বলবেন। আজকে এই গোলাপ, রজনীগন্ধা ফুল যেমন বাড়ীতে রাখা যায় তেমনি একে প্রসেস করে আতর, সেন্ট ইত্যাদিও করা যায়। আতর সেন্ট কিন্তু এক নয়, আলাদা। সিরাজউদৌল্লা গোলাপের আতর জলে মিশিয়ে স্নান করতেন, সেটা হচ্ছে আতর আর সেন্ট সেটা সাধারণতঃ মার্কেট থেকে আমরা কিনে নিয়ে আসি। তারপর পদ্মফুল সম্পর্কে আপনি বলেছেন। কেন পশ্চিমবাংলায় এই পদ্মফুলেব প্রজনন করতে পারছেন না, কেন ভাল চারা দিতে পারছেন না সেটা আপনাকে বলতে হবে। এরজন্য আপনাকে আমি দোষারোপ করছি। গোলাপ প্রসেস কি আপনি করতে পারছেন? ভাল গোলাপের চারা কি দিতে পারছেন? হর্টিকালচার থেকে ভাল, উন্নত মানের চারা কি আপনি দিতে পারছেন? কেন্দ্রীয় সরকারের যে হাইব্রীড চারা সেগুলি কি আপনি দিতে পারছেন? পারছেন না। আজকে মার্কেট থেকে আতর উধাও হয়ে গিয়েছে। রজনীগন্ধার সেন্ট যেটা মানুষ ব্যবহার করতেন সেটাও ঠিকমত পাওয়া যায় না। আপনি ফ্লাওয়ার কমপ্লেক্স করতে গিয়ে তাকে বাণিজ্যিক রূপ দিতে চাইছেন কিন্তু এটা আরও ভালোভাবে রূপায়িত হবে যদি আরও বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার এ ক্ষেত্রে আনতে পারেন। ফলের ব্যাপারে আপনার দপ্তর ভাল কাজ করতে পারে নি। আমরা কলা শুধু খাচ্ছি কিন্তু অন্যরা এই কলাকে প্রসেস করে মদ তৈরি করছে। আপনি সবেদার কথা বলেছেন। এটা একটা অর্থকরী ফসল, তার দাম বেশী। বামফ্রন্টের রাজত্বে অবশ্য সব জিনিসেরই দাম বেশী। এই সবেদাকে প্রসেস করে কিন্তু মদের মতন জিনিস করা যেতে পারে। এদিকে আপনাকে চিন্তা করতে হবে। তা ছাড়া আম, জাম ইত্যাদি ফল সম্পর্কেও আপনাকে চিন্তা করতে হবে। এর থেকে জ্যাম, জেলি, আচার যদি একটু বেশী করা যেত তাহলে অন্ততঃ ভাবা যেত আপনার দপ্তর কিছু কাজ করছে কিন্তু সেটা হয়নি। মশলার ব্যাপারে টি. ভি. তে অনেক বিজ্ঞাপন দেখা যায়। আজকাল আর গৃহিনীরা লংকা, হলুদ বাড়ীতে বাটে না, প্রসেস করা জিনিস নিয়ে আসে। এটা কিন্তু বড় লোকরাই পারে, গরীব লোকরা এটা কিনতে পারে না। প্রসেস মসলা যাতে গরীব লোকরা ব্যবহার করতে পারে সেটা দেখা দরকার। সবজির আরও উন্নতি হোক সেটা আমরা সকলেই চাই। সবজি চাষীদের দিকেও নজর দিতে হবে। যারা বাগান করছেন, চাষবাস করছেন তাদের ক্ষেত্রে শুধুমাত্র ১০ লক্ষ টাকা মার্জিন মানি দিলেই হবে না, এই মার্জিন মানির ক্ষেত্রে আপনাকে আরো একটু বিশেষভাবে ভাবতে হবে। সেখানে কমলা, মুসুম্বি, আনারস, পেয়ারা ইত্যাদি ফল প্রসেসিং-এর কথাও ভাবতে হবে। পান একটা অর্থকরী ফসল, কিন্তু আজও কি আপনারা পানের ভাল বাজার তৈরী করতে পেরেছেন? একটা বড় কথা বলতে চেয়েছেন—মাছ এবং মাংস প্রসেসিং করতে চেয়েছেন। এটা ভাল কথা। ইতঃমধ্যে মাংসের প্রসেসিং শুরুও

করেছেন; পৌরসভার ৬০০টি দোকানকে প্রসেসিং-এর পারমিশন দিয়েছেন। কিন্তু মাছ প্রসেসিং-এর কি হ'ল? শঙ্করপুর থেকে তো মাছ আসছে, কিন্তু তার কতটা প্রসেসিং হচ্ছে? আগে আমরা চিংড়ীর আচার পেতাম। সে সব ব্যাপারে কি করছেন? এত বছর ধরে দক্ষ কারিগর তৈরী করতে গিয়ে আজ পর্যন্ত ৪৪০ এবং ৫০ জনকে ট্রেনিং দিতে পেরেছেন। কিন্তু এর মাধ্যমে আরো মানুষের কর্মসংস্থানের স্কোপ ছিল। কিন্তু মন্ত্রী মহাশয়ের ডিপার্টমেন্ট টাকার অভাবে এসব কাজ করতে পারে নি। তারজন্য প্ল্যান্ট ক্লিন করবার যে ইচ্ছা রয়েছে সেগুলো ফলবতী করলে তার পর্যায় বিশ্লেষণ করবো। তাই আমাদের দলের পক্ষ থেকে যে কাটমোশন আনা হয়েছে সেই কাটমোশনকে সমর্থন করে, সৌগতবাবু যে কাটমোশন এনেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[2.30–2.40 p.m.]

**শ্রী মেহবুব মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প এবং উদ্যানপালন বিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি দু'একটি কথা বলতে চাই। পশ্চিমবঙ্গের উত্তরে নাতিশীতোষ্ণ অঞ্চল থেকে দক্ষিণে সমুদ্র উপকুল অঞ্চল পর্যন্ত বিভিন্ন ধরণের আবহাওয়ার ফলে বিভিন্ন ফল এবং তৈলবীজ প্রচুর পরিমানে উৎপন্ন হয়। আরো বেশী পরিমানে এসব উৎপন্ন করা যাবে যদি সরকার সচেষ্ট হন। সরকারের এ ব্যাপারে চেষ্টাও আছে। পশ্চিমবঙ্গে ২৩ বছরের রাজত্বকালে যে ভূমি সংস্কার হয়েছে তার ফলে ক্ষুদ্র প্রান্তিক চাষীরা জমি পেয়েছে। আগে এসব জমি বুর্জোয়া জ[illegible]দের ছিল এবং তারা সেখানে নিজেদের মনোরঞ্জনের জন্য বাগান করতো, কিন্তু [illegible]রা তাতে ফসল ফলাচ্ছে, বাগান করছে। সরকারও নিজেদের প্রচেষ্টায় বিভিন্ন জায়গায় বাগান করছেন। এ ব্যাপারে পরিস্কার চিত্র মন্ত্রী মহাশয়ের বাজেট পুস্তিকায় দেওয়া রয়েছে। সরকারের মূল লক্ষ্য হচ্ছে রাজ্যে উৎপাদনশীলতা বৃদ্ধি। তারই জন্য রাজ্য আজকে আলু উৎপাদনে দ্বিতীয়, আনারস উৎপাদনে প্রথম। এছাড়া আম সহ অন্যান্য ফল রাজ্যে ১২ লক্ষ টনের বেশী উৎপাদিত হয়। সব্জির উৎপাদনও বছরে ৫৪ লক্ষ টন। আমি জানি পশ্চিমবঙ্গের জনসংখ্যা বিশাল, কাজেই তাদের সমস্ত চাহিদা এত অল্প সময়ের মধ্যে পূরণ করা সম্ভব নয়। মাননীয় মন্ত্রী অনেক চেষ্টা করছেন এবং সঙ্গে সঙ্গে উৎপন্ন দ্রব্যের মানের উৎকর্ষ সাধনের ক্ষেত্রে যে প্রশিক্ষণ শিবির খুলেছেন তাতে বহু বেকার যুবক-যুবতী কাজ করছে। বহু আদিবাসী এবং তফসিলী সম্প্রদায়ের বেকার যুবক যুবতীরাও কাজ করছে। সবচেয়ে বড় কথা হচ্ছে যে, গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদ পর্যায়ে ক্ষমতার বিকেন্দ্রীকরণের মাধ্যমে তিনি কাজ করার চেষ্টা করেছেন। উৎপন্ন ফসলের ন্যায্য মান নির্ণয়ের ক্ষেত্রে চাষীদের বিক্রয় কর ছাড় দিয়েছেন এবং চুঙ্গীকর পাল্টে করা হয়েছে। মাননীয় মন্ত্রীকে কয়েকটি বিষয়ে নজর দেওয়ার জন্য বলব যেমন পশ্চিমবঙ্গে আলু উৎপাদনের ক্ষেত্রে লক্ষ্য মাত্রা ধার্য হয়েছে ৬৪ লক্ষ মেট্রিক টন। সেখানে সংরক্ষণের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ৩৪ লক্ষ মেট্রিক টন। যেখানে অধিক পরিমাণে আলু বিশেষ করে বর্দ্ধমান জেলায় হয়েছে। সেখানে ৭ লক্ষ ৯০ হাজার মেট্রিক টন

আলু উৎপন্ন হয়েছে, সেখানে উপযুক্ত সংরক্ষণের ব্যবস্থা নেই। এই আলু থেকে এ্যালকোহল তৈরী করার প্রসেসিং করা যেতে পারে। শুধু তাই নয়, ভারতবর্ষের জনসংখ্যার ১০ কোটি লোক ড্রাই ফুড খেতে ভালবাসে। পটেটো চীপসের ক্ষেত্রে আমাদের রাজ্যে ১ কুইন্টাল আলু থেকে ৭ কে. জি. পটেটো চীপস্ করা যেতে পারে। সেই পটেটো চীপস্ যদি বাজারে ড্রাই ফুড হিসাবে বিক্রি করা যায় তাহলে প্রচুর অর্থ লাভ হবে। এবং এই শিল্প স্থাপন করে প্রচুর অর্থ আনা যাবে। তাছাড়া আলুর থেকে বেসন তৈরী হতে পারে। সুতরাং এইসব দিকে লক্ষ্য রাখতে বলব তাছাড়া হলদীবাড়িতে প্রচুর টমেটো উৎপন্ন হয় এবং মালদাতে প্রচুর আম হয়। তার প্রায় ৩০ পার্শেন্টি ফসল নষ্ট হয়ে যাচ্ছে। ওইসব ফল থেকে জুস তৈরী করে এবং টমেটোর স্যাপ তৈরী করে বাজারে আনতে পারলে বহু কর্মসংস্থান হবে। অনেক যুবক যুবতীর এতে কর্মসংস্থান হবে এবং আর্থ সামাজিক ক্ষেত্রে একটা পরিবর্তন আসবে। এইকথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করার আগে পেটেন্ট বিল যেটা বিরোধীপক্ষরা সই করে এনেছে। যার ফলে নিম গাছের মত ভেষজ উদ্ভিদ বাইরে পাঠিয়ে দেওয়া হল। আমার মন্ত্রীর কাছে আবেদন যে এই ধরণের ভেষজে উদ্ভিদে মিনিকিট দিয়ে এদেরকে বাঁচিয়ে রাখতে হবে, যাতে করে এর থেকে ওষুধ তৈরী করে সাহায্য করা যেতে পারে। এই ব্যবস্থা নিলে পরে কংগ্রেসীদের মুখে ঝামা ঘোষে দেওয়া যাবে এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ফুড প্রসেসিং বিভাগের মন্ত্রীর যে পরিমাণ দাবী সেই তুলনায় তাঁর দপ্তর হয়ে গেছে ছোট। তাঁকে তাঁর দপ্তরের সঙ্গে বেমানান। এখানে যে ব্যয় বরাদ্দের দাবী করা হয়েছে তা অত্যন্ত কম ২০ কোটি ৬৩ লক্ষ ৮২ হাজার টাকা। তাঁর এই পরিকল্পনা বহুমুখী এবং তাতে মাত্র ২০ কোটি টাকার মত ধরা হয়েছে। আমি তাৎখনিকভাবে বাজেট বিবৃতি পড়লাম তাতে রাজ্যের সবজি, শস্য, ফল, ফুল প্ল্যানটেশান এইরকম নানা রকম বহুমুখী কাজ করে অসাধ্য সাধন করতে চাইছেন। কিন্তু তার পরিকল্পনা অনুপাতে টাকা পয়সা কম। ফুল নিয়ে আমি বেশী বলছি না কারণ দৌলত আলি সাহেব বলেছেন। আমি বলছি এই একটা ফসল ক্রমশ চাষের ক্ষেত্রে কমে যাচ্ছে সেটা হচ্ছে পাট নিয়মিতভাবে মার খাচ্ছে। চাষীরা তার দর পাচ্ছে না, বিক্রির সুযোগ নেই। এই অবস্থাতে পান চাষের ব্যাপারে যদি উদ্যোগ বেশী নেওয়া হয় এবং পান চাষীদের দিয়ে যদি বেশী করে পান উৎপন্ন করানো যায় তাহলে এটা একটা বিকল্প ফসল হিসাবে এবং অর্থকরী ফসল হিসাবে বাজারে বিক্রি হবে। এই ফসলকে বিকল্প ফসল হিসাবে গ্রহণ করলে ভাল হয়।

আপনি তাদেরকে উৎসাহিত করুন। তার সঙ্গে সঙ্গে তাদের জন্য বিপণন এর ব্যবস্থা এটাও করুন। সমস্যা হয়ে গেছে, এখানে যে পান চায হচ্ছে, হুগলী, মেদিনীপুর, মুর্শিদাবাদ, নদীয়া সর্বত্র পানের সমস্যা আছে, তাকে কি করে সহায়তা করতে পারেন সেটা দেখুন। এছাড়া আমাদের দেশে গৃহস্থরা তারা খুব সচেতন, তারা বাড়ীর সামনের কিছুটা জায়গা যেটা থাকে সেখানেই তারা লেবু, পাতিলেবু, পেয়ারা গাছ লাগায়। মানুষের

মনে সচেতনতা বাড়ছে, এইগুলি প্রচার মাধ্যমকে কাজে লাগিয়ে নানা রকম সহায়তা প্রদান করে চাষ বাড়াতে পারেন কিনা দেখুন। আমরা ব্যাঙ্গালোরে দেখেছি, সেখানে মানুষের রুচির পরিবর্তন ঘটেছে, সেখানে দেখবেন প্রত্যেকটি বাড়িতে তারা ফুল ফলের গাছ লাগিয়েছে, যার জন্য ব্যাঙ্গালোরকে বলা হয় সিটি অফ টেম্পল এ্যান্ড গার্ডেনস। সেখানে মানুষের রুচি বোধ যে ভাবে গড়ে উঠেছে, সেই পরিপ্রেক্ষিতে বলি, আমাদের ফেলে রাখা জমিগুলি নিয়ে যে ভাবে এগিয়েছেন তাতে কিছু সহায়তা হতে পারে। অর্থাৎ সমাজ মনস্কতার জন্য যে প্রচেষ্টা সেটা আপনি নিন, তাহলেই আপনার দপ্তরের যে উদ্দেশ্য সেটা স্বার্থক হবে। আর একটি কথা আমি আপনাকে বলব, এই যে খামারের কথা বলেছেন, আপনি আপনার দপ্তরে অর্ন্তভুক্ত করেছেন, সেই খামারের মধ্যে থেকে আপনি চেষ্টা করছেন বাগিচা ইত্যাদি ব্যাপারে আধুনিকীকরণের জন্য। পশ্চিমবাংলায় অসংখ্য কৃষি খামার আছে, সেইগুলি বিপর্য্যস্ত। একটা সময় এই সমস্ত খামারগুলি দেখার মত অবস্থায় ছিল, আপনি হাইব্রীডের কথা বলেছেন, হাইব্রীডে বাড়তি ফলন হবে না, একবারই উৎপাদন হবে। এইজন্য বলব খামারগুলি নিয়ে সেখানে পরীক্ষা-নিরীক্ষা করতে পারেন। এত বেশী খামার আছে, সেইগুলিকে অধিগ্রহণ করে কাজে লাগাতে পারলে বীজ ফলের যে সমস্যা ফুল ফল সব ক্ষেত্রে সমস্যার সমাধান হতে পারে। আমি আপনাকে বলব, আরো বড় ভূমিকা গ্রহণ করতে পারবেন এর ফলে। তবে কৃষি খামারগুলিকে কৃষি দপ্তরের সঙ্গে কথা বলে আপনার দপ্তর এর মধ্যে আনতে পারেন কিনা দেখুন। গত বছরে কি তার আগের বছরে আপনি বলেছিলে সর্বশেষে বক্তব্য রাখার সময়ে ওরা লঙ্কার ফলন সম্বন্ধে জানতে চেয়েছিলেন, আপনি বলেছিলেন দক্ষিণবঙ্গে ভাল করে লঙ্কা বেঁটে দিয়েছি, দক্ষিণবঙ্গে এখানে দৌলত সাহেব দেখছি টিম টিম করে জ্বলছে, ঐ লঙ্কার চাষটা আপনি বাড়ান, এটা বেঁটে দেবেন, তাহলেই ওরা নিশ্চিহ্ন হয়ে যাবে।

[2.40–2.50 p.m.]

**শ্রী কিরীটী বাগদি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের মাননীয় মন্ত্রী রেজ্জাক সাহেব যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন, তাকে আমি সমর্থন জানাচ্ছি। স্যার, আমি যেটা বলতে চাই, সেটা হচ্ছে, অনেকগুলি বিষয় নিয়ে আলোচনা হয়েছে, আমার সময় কম আমি তাই একটি বিষয়ে বলতে চাই, সেটা হচ্ছে, পান চাষীদের ক্ষেত্রে যে অসুবিধা হচ্ছে, সেগুলির প্রতি একটু নজর দেওয়া দরকার। আমি বাঁকুড়া জেলায় দেখছি, পান চাষীরা তারা পান বাজারে বিক্রি করার জন্য যায়, কিন্তু তাদের বসার কোন জায়গা নেই, তাদেরকে আড়তদারদের কাছে জায়গা ভাড়া নিয়ে পান বিক্রি করতে হয়। বিক্রি করার সময় কিছু পান আবিক্রিতও থেকে যায়, তার জন্যও অসুবিধা হয়, তারা যাতে বসার একটা জায়গা পায় এবং বিক্রি করার পরিবেশ পায় সেটার দেখা দরকার। আমার জেলার পান চাষীরা যাদের বোরোজ আছে, তারা অনেকখানি উৎসাহিত হয়েছে, প্রাকৃতিক বিপর্য্যয়ে যে ক্ষয়ক্ষতি হয় তখন তারা খুব অসুবিধার মধ্যে পড়ে।

বিভিন্ন রকম সাহায্য দেওয়ার জন্য আমি অনুরোধ করব। আমি আশা করব সেই বিপর্যয়ের সামনে যখন পান চাষীরা পড়ে এবং সাহায্যের জন্য তারা যখন আবেদন করে, সেই সাহায্য যাতে তারা পায় সেই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমস্ত ছাঁটাই প্রস্তাবগুলোর আমি বিরোধিতা করছি, তবে মাননীয় সদস্য পঙ্কজ বাবু যে সমালোচনা করেছেন তার একটা বড় অংশ আমি মেনে নিচ্ছি। উনি টাকা খরচের কথা বলেছেন, টাকা খরচ করা কোন সমস্যা নয়। টাকা জলে ঢেলে দেওয়া যায়। কিন্তু টাকা যদি গাছের গোড়ায় ঢেলে দেওয়া হয় এবং রস, পাতা, ফুল বার করতে হয় তাহলে কঠিন ব্যাপার। আমরা গাছের গোড়াতেই ঢালছি এবং তারজন্যই আমাদের অসুবিধা আছে। দৌলত আলি সাহেব এখানে ফুলের কথা বলেছেন, এরজন্য ওর মুখে ফুল চন্দন পড়ুক। আমি নিজেই আমার সমালোচনা একটু করি। আমাদের রাজ্যে এই যে ফলমূল, শাক-সবজি হচ্ছে, এর একশভাগ কৃতিত্ব কিন্তু আমাদের রাজ্যের চাষীদের, সরকারের কৃতিত্ব যৎসামান্য। আমাদের যে পরিকাঠামো আছে তাতে মাথায় এক কলসি জল ঢাললে চাষীর কাছে গিয়ে দু ফোঁটাও পৌঁছায় না। তাই আমি অন্য পথে চলার চেষ্টা করছি। আমাদের চিরাচরিত নিয়মে মিনিকিট বিলি করা হয়। তার কোয়ালিটি কি সেইসব প্রশ্নে আমি যাচ্ছি না। আমি মিনিকিট বিলি করছি এবং তার সঙ্গে নতুন একটা নিয়ম আমি করেছি পান চাষী এবং ফুল চাষীদের ক্ষেত্রে, পঞ্চায়েতের মাধ্যমে সরাসরি সেই চাষীদের হাতে আমরা টাকা তুলে দিচ্ছি। এই আশায় দিচ্ছি, যে তারা বাজারে গিয়ে, গঞ্জে গিয়ে বীজ কিনবেন, সার কিনবেন, আর যদি ফেরার সময় একটা গামছা বা একটা শাড়ীও কেনেন তাতেও আমার আপত্তি নেই। কিন্তু টাকাটা যাতে পাঁচ হাতে না যায় সেই চেষ্টাই আমরা করছি। আমাদের হর্টিকালচারে যদি উন্নতি করতে হয় তাহলে লেখাপড়া জানা ছেলেদের আমাদের ডেকে নিতে হবে। রাজ্যে খাদ্য উৎপাদন কমিয়ে দিয়ে সেই জায়গায় হর্টিকালচারতো করা যাবে না। ফুড সিকিউরিটিকে বজায় রেখেই আমাদের হর্টিকালচার-এর প্রডাকশান বাড়াতে হবে, প্রডাকটিভিটি বাড়াতে হবে, উৎপাদনশীলতা বাড়াতে হবে। বিজ্ঞান সম্মতভাবে, বৈজ্ঞানিক পদ্ধতিতে এই নিয়ম-কানুন মানা সম্ভব। আমাদের রাজ্যের ছেলেরা যাদের দশ বিঘা জমি আছে, পনেরো বিঘা জমি আছে, বি. এ., এইচ. এস, হায়ার সেকেন্ডারি পাশ করা ছেলেরা তারা গ্রুপ ডি চাকরি করার জন্য, চা বওয়ার কাজ করার জন্য আমার আপনার হাতে পায়ে ধরছে, কিন্তু তারা চাষের কাজে যাচ্ছে না। আমাদের দেশে চাষ ব্যবসাটা এখনো ডিগনিফায়েড হয়নি। অনেক সময় আমরা শিষ্টাচারের অভাব দেখলে কাউকে বলি—ব্যাটা চাষা। সেইজন্য কোন শিক্ষিত ছেলের হাতে যদি পাওয়ার টিলার ধরিয়ে দেওয়া যায়, মেশিন বা ইক্যুইপমেন্ট ধরিয়ে দেওয়া যায় তাদের ট্রেন্ড দেওয়া যায় তাহলে প্রফেশানাল ডিগনিটি আসবে। চাষা কথাটা উঠে গিয়ে চাষী কথাটা আসবে, কাল্টিভেটার কথাটা আসবে, ফার্মার কথা আসবে।

[2.50–3.00 p.m.]

তাহলে এর একটা উন্নতি হতে পারে। সেটা করবার দিকে নজর দিয়ে আমি কাগজে বিজ্ঞাপন দিই-যার এক একর জমি আছে বা পরিবারের এক একর জমি আছে, সে সব মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করুক। তারা আবেদন করলে তাদের মধ্যে কিছু সংখ্যককে এক মাসের ট্রেনিং দিয়ে তাদের কাজ করবার জন্য একটা কম্পোজিট স্কিম ধরিয়ে দিচ্ছি। প্যাকেজ অফ প্রাকটিস-এক একরে করলে কি করা যায়, দু একরে করলে কি করা যায়, তিন একরে করলে কি করা যায় এবং এর জন্য এই এই খরচ হয়। এই সমস্ত দিয়ে বলেছি, আপনারা এটা করুন, করলে যা খরচ হবে তার ৫০ পার্সেন্ট আউট রাইট গ্রান্ট একেবার সাবসিডি হাতে দিয়ে দেব। এতে ভালো ফল পাওয়া যাচ্ছে। এতে একদিকে যেমন এমপ্লয়মেন্ট সমস্যার সমাধান কিছুটা হবে, অপর দিকে হর্টিকালচার প্রোডাকসনের যে মূল বিষয়, সেটা বাড়াবার দিকে অসুবিধা হবে না। এই হর্টিকালচারের ভালো করতে হলে ভালো বীজ এবং ভালো চারা সরবরাহ করতে হবে। এখানেই আমরা ঠেকে যাচ্ছি। এখানে ভালো বীজের প্রচন্ড অভাব, নেই বললেই চলে। আমবা বাজার থেকে যে চারা কিনি, মিনিকিট, তার কোন বাপ-মা নেই বললেই চলে, তাদের কোন ঠিকানা নেই। ভালো বীজ দিতে হলে সময় লাগবে। প্রথমে বীজটা এনে কোন ফার্মে ফাউন্ডেশন করতে হয়। তারপর সেটাকে সার্টিফায়েড করতে হয়, তারপর সেটা মাল্টিপ্লাই করতে পারলে একটা জেনুইন ভ্যারাইটি সিড পাওয়া যায়। জয়ন্ত বাবু বললেন হাউব্রিড, দেওয়া যাচ্ছে না। ও. প্রি. ভ্যারাইটি, হাই ইল্ডিং ভ্যারাইটি যাতে দেওয়া যায়, তার জন্য গত বছর আই. সি. আর থেকে বেটার সিড এনে ফার্মে ফাউন্ডেশন কবা হয়েছে। এবারে সেটাকে সার্টিফায়েড লেভেলে নিয়ে যাওয়া হবে। তারপর গ্রামে লোকেদের হাতে ধরিয়ে দিয়ে বলতে পারব গ্যারান্টি দিয়ে এই ভ্যারাইটির সিড আমরা দিলাম এবং সিডলিং দিলাম। যেমন ধরুন অম্রপলী, মল্লিকা, নতুন নতুন ভ্যারাইটির জিনিসপত্র, এর কোন মাদার প্ল্যান্ট আমাদের রাজ্যে নেই। এই বছর ১ হাজার মাদার প্ল্যান্ট এনে লাগিয়েছি। কিন্তু, এই বছর লাগালেই আগামী বছরই কলম করা যাবে না, অন্ততঃ তিন বছর সময় লাগবে। তবে, আমি তো সম্পূর্ণ করতে পারব না, আমার পরে যিনি আসবেন তিনি যাতে মাদার প্ল্যান্ট থেকে সিডলিং সব চাষীদের হাতে তুলে দিতে পারেন তার ব্যবস্থা করে যাচ্ছি। আমাদের পশ্চিমবাংলায় ৫।৬ রকমের আবহাওয়ার তারতম্য আছে। এ্যাগ্রো ক্লাইমেটিক জোন। এটাকে চারটে ভাগে ভাগ করে কোথায় কি হবে সেই ভাবে করার চেষ্টা করছি। যেমন পাহাড়ে তরাই অঞ্চলে-সেখানে বড় এলাচ, সুপুরি, কাঁঠাল, গোল মরিচ, কমলালেবু, আনারস, এইগুলো বেশী করে করা এবং এইগুলোকে এক্সটেনশান করার জন্য, মাল্টিপ্লাই করার জন্য যে যে ব্যবস্থা নেওয়া দরকার, তা নিচ্ছি। আমরা বলছি-সমতল এলাকায় আম, পেয়ারা, পেঁপে মূলো, সবজী করার দিকে জোর দিতে। শুকনো এলাকা-পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর - সে সব জায়গায় মুসুমবি, ডালিম, কাজু বাদাম, কুল, বেল, আমলকি, পাতিলেবু, এইগুলোর উপর জোর দিতে। এবং এইগুলোর সব ফার্মে নিয়ে গিয়ে এক্সটেনশান করার, মাল্টিপ্লাই করার চেষ্টা করছি। তবে, রাতারাতি তো ফল পাওয়া যায় না।

বলা হয়েছে কোস্টাল এরিয়ার স্যালাইন জোনে এই জায়গাগুলিতে কলা, সবেদা, তরমুজ, বেল, কাজু বাদাম এগুলির প্যাকেজ তৈরী করার চেষ্টা করছি। আপনারা বলছেন মেদিনীপুরের পান, সাগরের পান। এই পান চাষীদের জন্য ৪ টি ট্রেনিং এর ব্যবস্থা করা হয়েছে। পানের জন্য রাধামণি বাজার তৈরী করা হয়েছে। পান রেলে যায়। এই রেলের ভাড়া বেশী ছিল, রেল দপ্তরের সঙ্গে কথা বলে ভাড়া কমানো হয়েছে। আগে ৩ মিনিট মেচেদা স্টেশনে রেল দাঁড়াতো। সেটাকে ৫ মিনিট করা হয়েছে। সাউথের যে সমস্ত ট্রেন আছে, সেগুলিকে থামানোর জন্য কথা হয়েছে। পান বোরোজে সরাসরি টাকা দিয়ে সাহায্য করা হয়েছে। পানের সিডিং কাটিং এগুলি চাষীদের দায়িত্ব। আর রোগের আক্রমণকে প্রতিরোধ করার জন্য ইন্টিগ্রেটেড পেস্ট ম্যানেজমেন্ট এই সমস্ত বন্দোবস্ত করা হয়েছে। অবশ্য মেদিনীপুরকে জোর দিচ্ছি। কারণ মেদিনীপুরে পান চাষ বেশী হয়। ফুলের বিষয়ে তুললেন। দু ধরণের ফুল আছে। একটা হচ্ছে রাজ্যে বিক্রি হয়। আর একটা ফুল রপ্তানী হয়। যেমন—গ্ল্যাড়ুলাস, এন্থুরিয়াম, জের্বেরা, কারনেশান যেগুলি রপ্তানী হয়, তাদের জন্য অন্য রকম। শিলিগুড়িতে একটা কোল্ড স্টোরেজ তৈরী করে বাগডোগরা হয়ে এগুলিকে পাঠানো যায়, তার ব্যবস্থা করছি। আর আমাদের মেদিনীপুরের পাঁশকুড়ায় দেশীয় ফুলের জন্য কোল্ড স্টোরেজ করে যাতে রাখা যায়, সেই রকম ব্যবস্থা হচ্ছে। মেডিক্যাল প্ল্যান্টের ব্যাপারে আসছি। এটার প্রচুর ভান্ডার আছে। একেবারে কুলেখাঁড়া থেকে আরম্ভ করে বাসক, তুলসী, নিম যে আছে, তার ১০০ রকম ভ্যারাইটি আছে, তার মাদার প্ল্যান্টে প্রোপাগেশান করতে গেলে, যেটা লাগে সেটা আমরা করছি। এই বছর কিছুটা পরিমাণে দেওয়া যাবে। পরে ব্যাপক হারে দেওয়া যাবে। মশলার মধ্যে লংকা, হলুদও পড়ে, আবার বড় এলাচও পড়ে। দার্জিলিং কাউন্সিলকে টাকা পয়সা দিয়েছি। সেখানে যাতে বড় এলাচ, আদা ইত্যাদি হয়, তার চাষ যাতে বাড়ানো যায়, তার চেষ্টা করছি। মাশরুম একটা প্ল্যান্ট আছে, তার ব্যবস্থা করা হয়েছে। আর প্ল্যান্ট ক্লিনিকের কথা বলছিলাম, এই চিন্তাভাবনা, এই পশ্চিমবঙ্গে ১৮ - ২০টি জেলায় পঞ্চায়েত সমিতি বেছে নিয়ে আমরা প্ল্যান্ট ক্লিনিকের চেষ্টা করছি। মানুষের যেমন অসুখ করলে ডাক্তারের কাছে যায়, সেটা হচ্ছে হেল্‌থ ক্লিনিক। তেমনি গাছেদের অসুখ হলে প্ল্যান্ট ক্লিনিকে যাবে। ডাক্তারখানায় ডাক্তার বসলে তার রেড ক্রশ, আর এখানে ডাক্তার বসলে গ্রিণ ক্রস। এই গ্রিণ ক্রশ ডাক্তারদের কাজ হচ্ছে, তার কাছে সয়েল টেস্ট থেকে আরম্ভ করে প্যাথোলজিক্যাল টেস্ট সব কিছুই থাকবে। যার যখন অসুবিধা হবে, সে ফিজ দিয়ে যাবে। অর্থাৎ কর্মাশিয়ালি যাবে। আমি চাষীদের সঙ্গে কথা বলেছি। অনেক সময় পোকা লেগে গাছের ফসল নষ্ট হয়ে যায়। ঠিক সময়ে তারা অ্যাডভাইস পায় না। তাদের দোকান থেকেই অ্যাডভাইজ পেতে হয়। সেইজন্য এক্সপেরিমেন্টাল ওয়েতে কাজ শুরু হয়েছে। তার ব্যবস্থা হয়েছে। যাদের নেওয়া হবে, তাদের ইন্টারভিউ হয়ে গেছে। যদি এটা সাকসেসফুল হয়, তাহলে অন্যান্য জায়গায় ছড়িয়ে দেওয়া হবে। এবার ফুড প্রসেসিং এ আসছি। এখানে কিছু কিছু লোকেদের ট্রেনিং দিয়ে জ্যাম জেলি, আচার ইত্যাদি করবার জন্য অনেক রকম ব্যবস্থা করে চেষ্টা করছি। কিন্তু মুশকিল হচ্ছে বাজারে ঢুকতে পারছি না। কারণ জ্যাম,

জেলি, সস থেকে আরম্ভ করে সব জায়গায় মাল্টি ন্যাশানাল এসেছে। পার্লে এসেছে, গোদরেজ এসেছে, টাটা এসেছে। এই যে মার্কেটিং, এখানে যে প্রবলেম এসেছে— এখানের লোক ব্রান্ডের নামে জিনিষ খায়। ছোট একজন কেউ ভালো হলুদ গুঁড়ো করে বাজারে বিক্রি করছে, কিন্তু সেই জিনিষ কেউ কেনে না।

এই যে ব্র্যান্ড নেম কেনা শুরু হয়েছে তারজন্য ছোটরা বাজারে টিকতে পারছে না। তাদের ট্যাক্স ফ্রি করে তাদের প্রাণে বাঁচিয়ে রাখার চেষ্টা করা হয়েছে। মাঝামাঝি কিছু আছে পেপসি কোলা, তারা প্রোডাকশন শুরু করে দিয়েছে। এইভাবে ফুড প্রসেসিং অংশটা কিছু বড় বড় গোটা দশেক কোম্পানী ৪০ কোটি টাকার উপর উৎপাদন শুরু করে দিয়েছে।

[3.00–3.10 p.m.]

**মিঃ ডেপুটি স্পীকার :** সভার অনুমতি নিয়ে আমি আরও দশ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** এই কথা বলে বাজেটকে সমর্থন করে, কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 20,63,82,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads: "2401-Crop Husbandry (Horticulture and Vegetable Crops), 2852-Industries (Foods and Beverages), 4401-Capital Outlay on Crop Husbandry (Horticulture and Vegetable Crops), 6860-Loans for Consumer Industries (Foods and Beverages)" during the year 1999-2000. (This is inclusive of a total sum of Rs. 6,81,07,000 already voted on account in March, 1999)

was then put and agreed to.

### Point of Information

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** স্যার, আমার একটা পয়েন্ট অব ইনফরমেশন আছে। আপনি জানেন স্যার, আজকে সকাল থেকে বিধানসভার লবিতে মুর্শিদাবাদ এবং মালদা জেলার বিধায়করা ধর্ণা দিচ্ছেন। গঙ্গা এবং পদ্মার ভাঙনে এই জেলাগুলির বিস্তীর্ণ এলাকা জুড়ে যে ক্ষয়ক্ষতি হয়েছে তার প্রতিরোধ কল্পে সে রকম কিছু কাজ হচ্ছে না। আমি আপনার এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে উনি যখন বক্তৃতা দেবেন তখন মালদহ এবং মুর্শিদাবাদ বিশেষ করে গঙ্গা, পদ্মার ভাঙনে গতবার ফ্লাডের সময়ে বিস্তীর্ণ এলাকা জুড়ে যে ক্ষতি হয়েছিল, কোটিকোটি টাকার ফসল নষ্ট হয়েছে, ঘরবাড়ি নষ্ট হয়েছে তারজন্য যাতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়, এই ব্যাপারটা তিনি বলবেন। আমি এই ব্যাপারটা আপনার কাছে দাবি জানাচ্ছি।

## Discussion And Voting On Demand for Grants

### Demand Nos. 66 and 68

**Mr. Deputy Speaker :** There are 22 Cut Motions on Demand No. 66 and 10 Cut Motions on Demand No. 68. All the Cut Motions are in order and taken as move.

### Demand No. 66

| | |
|---|---|
| Shri Saugata Roy | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Re.1/-. |
| Shri Saugata Roy<br>Shri Nirmal Ghosh<br>Shri Sankar Singha<br>Shri Ajoy De<br>Shri Tarak Bandyopadhyay<br>Shri Sanjoy Bakshi<br>Shri Sudhir Bhattacharjee<br>Shri Md. Sohrab<br>Shri Kamal Mukherjee<br>Shri Deba Prasad Sarkar | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/- |

### Demand No. 68

| | |
|---|---|
| Shri Nirmal Ghosh<br>Shri Sultan Ahmed<br>Shri Saugata Roy<br>Shri Sankar Singha<br>Shri Sudhir Bhattacharjee<br>Shri Pankaj Banerjee<br>Shri Ajoy De<br>Shri Kamal Mukherjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/- |

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী এই ক্যাবিনেটে মুখ্যমন্ত্রীকে বাদ দিলে তিনি সব চেয়ে এক্সপিরিয়েন্সড মিনিষ্টার। প্রথম থেকেই তিনি এই ক্যাবিনেটে আছে প্রায় ২২ বছরই আছেন। তিনি কিছু দিনের মধ্যেই মন্ত্রীত্ব ছেড়ে দিচ্ছেন। তিনি আমার জেলার মানুষ, তিনি ব্রিলিয়ান্ট স্টুডেন্ট, তাঁকে আমি দেবুদা বলেই এড্রেস করি। তাঁর যাবার প্রাক্কালে আমি তাঁকে জিজ্ঞাসা করি তিনি আমাদের বলুন যে মন্ত্রী হিসাবে ব্যর্থতার গ্লানি নিয়েই তিনি বিদায় নিচ্ছেন কি না? আস্ক ইয়োর কনসেন্ট, আমি তাঁকে জিজ্ঞাসা করছি মন্ত্রী হিসাবে আপনি ব্যর্থ হয়েছেন কি? মন্ত্রী হিসাবে আপনি ব্যর্থ হয়েছেন তাই এই বাজেটকে সমর্থন করছি না, বিরোধীতা করছি। তিনি

যে ব্যর্থ হয়েছেন তা এ বছরের সাবজেক্ট কমিটির রিপোর্ট দেখলে বোঝা যাবে, সেই রিপোর্ট থেকে আমি পড়ে শোনাচ্ছি যে তিনি কি রকম ব্যর্থ হয়েছেন। It is also mentionable that the original total plan budget provision of Rs. 265.30 crores for the year 1998-99 was reduced to Rs. 164.40 crore in the Revised Budget while the anticipated actual expenditure amounted to Rs. 156.95 crore thereby reflecting a noticeable shortfall both in available provision and effective utilisation.

আজকে তিনি রিভাইজড বাজেটে বলেছেন সেই টাকা ডিপার্টমেন্ট তাঁকে দেয় নি। আজকে বাজেট পাশ করার মানে কি? সেখানে বলা হচ্ছে ইরিগেশানের সাথে ফ্লাড কন্ট্রোল আজকে মাননীয় সদস্যরা বাইরে অবস্থান করছেন। সাবজেক্ট কমিটির রিপোর্টে বলা হয়েছে The provision of Rs. 145.90 coreres for the sector has been drastically reduced to Rs. 71.40.

সাবজেক্ট কমিটির রিপোর্টে তাঁর বিভিন্ন ব্যর্থতার কথা বলা হয়েছে, সেগুলি আর আমি তুলে ধরতে চাই না। ক্যাপিটাল এক্সপেনডিচারে খরচ কমিয়ে দেওয়া হয়েছে, সেখানে রেভিনিউ এক্সপেনডিচার খরচ বাড়িয়ে দেওয়া হয়েছে। Both in the revised estimate while the actual release of fund for the purpose ceased surprisingly at a further lower amount of Rs. 62.80 crores.

গত বছর প্ল্যান বাজেটে এই ভাবে কমিয়ে দিয়েছেন, সমস্ত দিক থেকে কমিয়েছেন। যে দপ্তরের দুটি কাজ, একটি হচ্ছে জমিতে সেচ দেওয়া এবং আরেকটি হচ্ছে ফ্লাড কন্ট্রোল। এই দুটি দপ্তরে তিনি ব্যর্থ হয়েছেন এবং এই অবস্থায় তিনি আজকে বাজেট প্লেস করেছেন। মালদা ও মুর্শিদাবাদের কথা বলা হয়েছে, এটা আপনি ভালো করেই জানেন স্যার, যে বিগত কয়েক বছরে মুর্শিদাবাদ জেলায় ৬০ কি.মি. এবং মালদাতে ২৫ কি. মি. জায়গা গঙ্গা-পদ্মায় ভেঙে চলে গেছে।

[3.10–3.20 p.m.]

প্রতি বছর এখানে বন্যায় কোটি কোটি টাকার ফসল নষ্ট হচ্ছে, মানুষের দুঃখ দুর্দশার শেষ হচ্ছে না। ১৯৯৮ সালে এই দুটো জেলাতেই কেবল ১১০০ কোটি টাকার ফসল নষ্ট হয়েছে এবং হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ বিপদে পড়েছে। আজকে মুর্শিদাবাদ জেলার ফারাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত বিস্তীর্ণ এলাকা ভাঙ্গনের মুখে পড়ে গ্রামকে গ্রাম 'মুছে যাচ্ছে এবং জঙ্গীপুরের আপ স্ট্রীমে ফাজিলপুরের কাছে পদ্মা এবং ভাগীরথীর ডিস্টেন্স ১.৪ কি. মি. গিয়ে দাঁড়িয়েছে। এটা যে কোন সময় ভেঙ্গে যেতে পারে। তাহলে জঙ্গীপুর, রঘুনাথপুর, বহরমপুর, প্রভৃতি জায়গা-সহ কলকাতা নিশ্চিহ্ন হয়ে যাবে এবং দি ভেরি পারপাস অফ দি ফারাক্কা ব্যারেজ উইল বি ফ্রাসট্রেটেড। সুতরাং আপনি এ ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন সেটা বলবেন। আজকে ধুলিয়ানের মত শহরেও ভাঙ্গন হচ্ছে। ফারাক্কা, জলঙ্গী, আখেরিগঞ্জ, লালগোলা, সর্বত্র আজ এক অবস্থা। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এ ব্যাপারে বলতে গেলে উনি বলেন টাকা নেই। এই যদি অবস্থা

হয় তাহলে কি হবে? অপরদিকে আবার, মালদার দিকে গঙ্গা-পদ্মা-জলঙ্গীর ভাঙ্গন হচ্ছে। পদ্মার ভয়ংকর রূপ নিয়ে তো বহু ইতিহাস আছে। ৫০০ বছর আগেও পদ্মাকে বলা হত কীর্তিনাশা পদ্মা। এক পাড় ভাঙ্গে তো আর এক পাড় গড়ে। কিন্তু After the commissioning of the Feeder Canal, Maldah is always on the left embankment and Murshidabad is always on the right embankment. I do not know whether it is for the very design of the Farakka Barrage or not.

আজকে মালদার মানিকচক থেকে কালিয়াচক পর্যন্ত স্পারগুলো দুর্বল হয়ে গেছে। বাঁধ নষ্ট হয়ে গেছে। বিহারে যে স্পারগুলো আছে তাতে ধাক্কা খেয়ে ভুতনির দিকে লাগছে কিনা সেটা আমি বলতে পারব না, তবে এই রকম একটা ধারনা আছে। এবং সেই জন্য নাকি ভুতনির দিকের পাড় ভেঙ্গে যাচ্ছে। মহানন্দা এবং ফুলহারের জন্য মালদায় বন্যা হয়। আজকেও খবরের কাগজে দেখছিলাম, মালদায় কন্ট্রোল রুম খোলা হয়েছে এবং ফুলহার নদীতে আবার ভাঙ্গন হচ্ছে। যদি এই ভাঙ্গন রোধ করা না যায় তাহলে কালিন্দির গতিপথ এমন হবে যে মালদা শহর বন্যায় ভেসে যাবে। সুতরাং আপনাকে এ বিষয়ে খুব গুরুত্ব দিয়ে দেখতে হবে। আপনি জানেন ১৯৭৮ সালে প্রীতম সিং কমিশন হয়েছিল এবং তারপর ১৯৯৬ সালে জি. আর কেশকারও ঐ ব্যাপারে একটা রিপোর্ট দিয়েছেন। তিনি বলেছেন, যদি গঙ্গার ভাঙ্গন রোধ করতে হয় তাহলে সটটার্ম এবং লংটার্মে কিছু মেজার নিতে হবে। সর্টটার্মে ৩১৫ কোটি এবং লংটার্মে ৬১২ কোটি টাকার তিনি সুপারিশ করেছিলেন। সেই রিপোর্টের কপি আমার কাছে আছে। সর্টটার্মে এবং লংটার্মে কোথায় কি করতে হবে, কোথায় স্পার করতে হবে তা আমার কাছে আছে। এই ব্যাপারে আমাদের এখান থেকে একটা সর্বদলীয় কমিটি দিল্লীতে গিয়েছিল কিন্তু তার পরও কিছু হচ্ছে না। আজকে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষের জমি, ফসল, ঘর-সম্পত্তি সব জলে চলে যাচ্ছে। ধুলিয়ানের ওদিকে ভাঙ্গনের ফলে নতুন নতুন চরের সৃষ্টি হচ্ছে। ওদিকে আবার ইন্টারন্যাশানাল বর্ডার, বাংলাদেশের বর্ডার থাকায় চরের দখল নিয়ে ল এ্যন্ড অর্ডারের সমস্যা দেখা দিচ্ছে।

সুতরাং এগুলো একটার সঙ্গে আরেকটা রিলেটেড হয়ে যাচ্ছে। মুর্শিদাবাদে পদ্মা-গঙ্গা ভাঙনের ফলে কান্দি মহকুমা ও জঙ্গিপুর মহকুমায় প্রতি বছর বন্যা হয়। সেপটেমবর-অকটোবরে বিহারের ছোটনাগপুরে বৃষ্টি হলে ময়ুরাক্ষী প্রজেক্টের বাঁধ সেই জলচ্ছাস ধরে রাখতে পারে না। ফলে কাঁথি মহকুমা ডুবে যায়। কিন্তু এ ব্যাপারে আপনারা কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। এই তিনটি নদী নিয়ে যে বেসিন, বিশেষ করে পাগলা, বাঁশলই বেসিনে পরিকল্পনা করলে বীরভূম জেলার জলসেচের ব্যবস্থা হবে। জঙ্গীপুর মহকুমা বন্যার হাত থেকে রক্ষা পাবে। ফরাক্কা ফিডার ক্যানেল তৈরী হওয়ার পর ১৮ বর্গ কিলোমিটার জায়গা ১২ মাস জলে ডুবে থাকছে। আপনারা সেখানে জল নিষ্কাশনের কোন ব্যবস্থা আজ পর্যন্ত করতে পারেন নি। মুর্শিদাবাদ, মালদা, নদীয়া, উত্তরবঙ্গের বাকি জেলাগুলো যেমন দার্জিলিং, কুচবিহার, জলপাইগুড়ি, উত্তর-দিনাজপুর, দক্ষিণ-দিনাজপুরে বন্যা হয়। সেখানে তিস্তা নদীর যে প্রকল্প সেই প্রকল্প আজ পর্যন্ত আপনারা কমপ্লিট করতে পারলেন না। এখানে জলের সঙ্গে ডলোমাইট, ছোট ছোট

পাথর নেমে আসে। এর ফলে সেখানে ভূমিক্ষয় হয়ে যায়, ফসল নষ্ট হয়, বাঁধগুলো নষ্ট হয়। সুতরাং এখানে এই বাঁধের সংস্কার করতে হবে। দার্জিলিং-এ যাতে ধ্বস না নামে তার ব্যবস্থা করতে হবে। বঙ্গোপসাগর উপকূলবর্তী এলাকার দক্ষিণ-২৪ পরগণার কাকদ্বীপ মহকুমায় এবং মেদিনীপুরের কাঁথি মহকুমায় বন্যা হয়। এই সব জায়গায় সামুদ্রিক জলচ্ছাস এবং ঘূর্ণিঝড়ের ফলে প্রচুর ক্ষতি হয়। এই সব জায়গায় নদীতে পলিমাটি পড়ে চর সৃষ্টি হয়ে ভূমি ক্ষয় হয়। সুন্দরবনের ৯ হাজার ৬৩০ বর্গ কিলোমিটার এলাকায় যে সমস্ত বদ্বীপ আছে সেখানে সাড়ে তিন হাজার কিলোমিটার বাঁধ আছে। এই বাঁধগুলোকে আরও শক্তিশালী করতে হবে। এই বাঁধগুলোকে আরও সুদৃঢ় করে বন্যা নিয়ন্ত্রণ, ও ভূমিক্ষয় রোধের জন্য আপনারা কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। এদিকে দৃষ্টি দেওয়ার দরকার। বন্যা নিয়ন্ত্রণ ও ভূমিক্ষয় রোধের জন্য ১৯৬৮ সালে বিশেষজ্ঞ অধ্যাপক জেম্‌সনের রিপোর্ট অনুযায়ী সুন্দরবন ডেল্টা প্রোজেক্ট নামে একটা প্রকল্প হয়। কিন্তু আজ পর্যন্ত সেই রিপোর্ট অনুসারে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। বঙ্গোপসাগরের তীরবর্তী এলাকায় বন্যা রোধ ও ভূমিক্ষয় রোধের জন্য আপনারা কোন ব্যবস্থা গ্রহণ করেন নি, এর জন্য আপনার দপ্তর থেকে কোন মাস্টার প্ল্যান করা হয় নি। এ ব্যাপারে সাবজেক্ট কমিটির টুয়েলভ্থ্ রিপোর্টে বলা আছে, Report of the Subject Committee, Irrigation and Waterways Department 1997-98. স্যার তাঁরা সাজেশন দিয়েছিল যে বঙ্গোপসাগরের তীরবর্তী এলাকার ব্যাপারে কি করা যায়, Improper/inadequate/untimely maintenance/restoration of embankments revetment-works, sluices etc. due to paucity of fund or irregular flow of fund. Sea storm/high tide erosion, havocs particularly at Paschim and Purba Sripatinagar Gobardhanpur, Sitarampur continuously eroding/land into the sea. কিন্তু সাবজেক্ট কমিটির সেই রিপোর্ট থেকেও আপনারা কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। The Committee on the basis of the above makes the undernoted suggestion with a view to controlling or minimising the flood and erosion problems ih this region :

The budgetary allotment for this flood-prone region should be adequately augmented.

[3.20–3.30 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয় আপনি তো কমিয়ে দিচ্ছেন, বাড়াচ্ছেন কোথায়? কোথাও বাড়াতে পারছেন না। সে জন্যই আমি প্রথমে বলেছি, আপনি ব্যর্থ। আপনি জানেন পশ্চিম বাংলায় যত গুলি দপ্তর আছে তার মধ্যে এই দপ্তর সবচেয়ে গুরুত্বপূর্ণ দপ্তর। কিন্তু আপনি তো চলে যাচ্ছেন, যিনি এই দপ্তরের দায়িত্বে আসবেন তাঁর উদ্দেশ্যে আমি কতগুলি সাজেশন রাখছি। মালদা এবং মুর্শিদাবাদ জেলাকে বন্যা এবং ভাঙনের হাত থেকে বাঁচাবার জন্য 'কেশকার কমিটি'-র রিপোর্টের ভিত্তিতে লঙ্‌টার্ম অ্যান্ড শর্ট টার্ম ব্যবস্থা নিতে হবে। দামোদর, ময়ূরাক্ষী প্রভৃতি বৃহৎ সেচ প্রকল্প গুলির জলাধার গুলি বড় করতে হবে। নদীগুলির পলি-মাটি সরাবার ব্যবস্থা করতে হবে। প্রতিটি বাঁধকে

উঁচু করতে হবে। নেভিগেশন ক্যানেলগুলিকে ইরিগেশন ক্যানেলে রূপান্তরিত করতে হবে—যেমন উড়িষ্যার কোস্টাল ক্যানেল হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনারা তিস্তা প্রকল্প নিয়ে অনেক কথাই বলেন, কিন্তু সেই প্রকল্পের কাজ আজ পর্যন্ত কমপ্লিট্ হ'ল না। উত্তরবঙ্গের তিস্তা প্রকল্প কমপ্লিট হলে গোটা উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকায় অনেক রকম ফসল ফলবে। উত্তরবঙ্গের অনেক উন্নতি হবে। কিন্তু তিস্তা প্রকল্পের কাজ শেষ করতে দেরি হওয়ার জন্য খরচ বেড়ে যাচ্ছে। যে কোন প্রকল্পই উইদিন দি পিরিয়ড কমপ্লিট না হলে খরচ বেড়ে যায়। তিস্তা প্রকল্পের কাজ শেষ করতে এত দেরি হচ্ছে বলেই খরচ এত বেড়ে যাচ্ছে। সুতরাং তিস্তা প্রকল্পের কাজ অবিলম্বে সম্পূর্ণ করতে হবে। সুবর্ণরেখা পরিকল্পনা নিয়ে আপনাদের কত কথা! সেই সুবর্ণরেখা নিয়ে এখন পর্যন্ত আপনারা কি প্ল্যান প্রোগ্রাম নিয়েছেন? এখনো সুবর্ণরেখা প্রকল্পের কাজ শুরুই হ'ল না। কাঁথির সুবর্ণরেখা প্রকল্পের কাজ অবিলম্বে শুরু করতে হবে। বীরভূম জেলার সিদ্ধেশ্বরী-নুনবিল জলাধার প্রকল্পের কাজ নিয়ে অনেক দিন আগে আমরা অনেক কথা শুনেছিলাম। সেই কাজ এখনো শুরু হ'লনা। সেই কাজ করতে হবে। বাংলাদেশের সঙ্গে যখন জল দেওয়ার ব্যাপারে চুক্তি হয়েছিল তখন ঠিক হয়েছিল—সংকোশ নদী পরিকল্পনা হবে। সেই থেকে এখন পর্যন্ত সংকোশ নদী পরিকল্পনার কোন রূপরেখা প্রস্তুতের কাজই শুরু হ'লনা। সংকোশ নদী পরিকল্পনার বিষয়টা অবশ্যই আপনাদের দেখতে হবে। মেদিনীপুর জেলার কেলেঘাই-কপালেশ্বরী পরিকল্পনা নিয়ে অনেক দিন ধরে নানান কথা চলছে। সেটা করতে পারলে মেদিনীপুর জেলার মানুষের বহু দিনের একটা চাহিদা মিটবে। এর সাথে সাথে কংশাবতী নদী প্রকল্পকে আরো উন্নত করতে হবে। ইট উইল বি মোর সাইনটিফিক্ — আরো উন্নত যাতে করা যায়, সে রকম ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্যার, আপনি জানেন আগেকার দিনের জমিদাররা তাদের জমিদারির মধ্যে যাতে বন্যার জল ঢুকতে না পারে, চাষের জমি যাতে প্লাবিত হতে না পারে তার জন্য নদী তীরের বিস্তীর্ণ এলাকা জুড়ে বাঁধ দিতেন। সেগুলিকে এখনো জমিদারি বাঁধ হিসাবে চিহ্নিত করা হয়। কিন্তু সেই বাঁধগুলি বর্তমানে আর সঠিকভাবে রক্ষণা-বেক্ষণ করা হচ্ছে না। সেগুলি ভেঙে যাচ্ছে। মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর, ভগবানগোলা, লালগোলায় আমরা দেখেছি সেই সমস্ত এক্স জমিদারি বাঁধ আজকে ভেঙে গেছে। ফলে বিস্তীর্ণ এলাকায় বন্যার জল ঢুকে যাচ্ছে। স্যার, আপনি আরো জানেন ডঃ মেঘনাদ সাহা বলেছিলেন, সমস্ত নদীর বেড অব দি রিভার মজে যাচ্ছে। রিভার বেড মজে যাওয়ার ক্যাপাসিটি অব দি রিভার কমে যায়, ফলে অতি সহজেই বন্যা হয়। নদীর ক্যাপাসিটি কমে গেছে, বাঁধ ভেঙে গেছে ফলে অতি বৃষ্টিতে বন্যা হবেই। সুতরাং ড্রেজিং প্রয়োজন। আমি নিজে ফরাক্কার প্রীতম সিং-এর সঙ্গে দেখা করেছিলাম। তিনি বলেছিলেন, 'ড্রেজিং না করা গেলে, নদীর মাঝ দিয়ে জল পাশ করাতে না পারলে যতই এমব্যাংমেন্ট বাঁধার চেষ্টা করা হোক না কেন সব নষ্ট হয়ে যাবে।' সুতরাং যে এমব্যাংমেন্ট বাঁধাবার চেষ্টা করা হচ্ছে, ইট উইল নট বি সাকসেসফুল। বাট্ নট্ বিয়িং ফ্রুটফুল, নট্ বিয়িং সাক্সেসফুল। সুতরাং আজকে ডি. ভি. সি বলুন আর যে কোন নদীই বলুন ড্রেনেজ করা এসেনসিয়াল হয়েছে। ড্রেনেজ যদি না করা যায়

তাহলে বন্যার হাত থেকে পশ্চিমবাংলাকে বাঁচানো যাবে না। আপনার যে সব পরিকল্পনা আছে—যেমন এই যে জলাধারের কথা বললাম—সে ময়ূরাক্ষী পরিকল্পনায়ই হোক আর ডি. ভি. সিই হোক—সেখানকার জলাধারগুলি, নদীগুলি উঁচু হয়ে যাচ্ছে। তাই সেখানকার পলিমাটিগুলি সরাতে হবে। সেই পলিমাটি যদি সরানো না যায় তাহলে বন্যার হাত থেকে পশ্চিমবাংলাকে কিছুতেই বাঁচাতে পারবো না। আজকে দীঘার কি অবস্থা? দীঘা আজকে নষ্ট হতে চলেছে। দীঘা এবং শঙ্করপুর উপকূলে যে জলোচ্ছাস হচ্ছে সাগর থেকে, প্রতি বছর সেখানকার বাঁধগুলি যদি মেরামত না করা যায়, বাঁধ যদি ভালভাবে শক্ত না করা যায় তাহলে পরে দীঘাব অস্তিত্ব বিপন্ন হয়ে যাবে। তা সত্ত্বেও দেখছি সেচ দপ্তর দীঘার ক্ষেত্রে কিছু করছে না এবং তার সাথে-সাথে দীঘা উন্নয়ন পর্যদও কিছু করছে না। সুতরাং দীঘার ভবিষ্যৎ অত্যন্ত বিপন্ন। আজকে অন্যান্য স্টেটে কি দেখছি? সেখানকার রাজ্যে ইরিগেশনের জন্য যে বাজেট হয় তা আমাদের রাজ্য থেকে বেশী। আজকে সেচের জন্য আপনাকে জমির পরিমান বাড়াতে হবে। আপনি রিপোর্টে বলেছেন, গত বৎসর বাড়িয়েছেন। কিন্তু বন্যা যদি প্রতিরোধ না করতে পারেন তাহলে যতটুকু বাড়াচ্ছেন তা সব নষ্ট হয়ে যাবে এবং তার সঙ্গে সঙ্গে ফসলও নষ্ট হয়ে যাবে। আর আমাদের রাজ্যে যদি ফসল নষ্ট হয়ে যায় তাহলে পরে লোকেরা দুর্দশায় পড়বে। আজকে ইরিগেশনের সঙ্গে সেচ দপ্তর, কৃষি দপ্তর এবং মাইনর ইরিগেশন দপ্তরের যোগ অত্যন্ত বেশী, একসঙ্গে রিলেটেড। কিন্তু কোন কো-অর্ডিনেশন নেই। মাইনর ইরিগেশন (বড় এবং মাঝারী) এর কোন কো অর্ডিনেশন নেই। আর কো-অর্ডিনেশন না থাকার ফলে এ একটা স্কীম নিচ্ছে তো ও আর একটা স্কীম নিচ্ছে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, প্রতিটি স্টেজে এগুলি দেখার জন্য। কিন্তু আপনি এক্ষেত্রে প্রতিটি স্তরে ব্যর্থ হয়েছেন। আপনার বিবেক সেই কথাই বলবে এবং আপনি নিজেই এটা স্বীকার করবেন। মন্ত্রী এবং মানুষ হিসাবে আপনাকে যথেষ্ট সম্মান করি। আপনি পারফেক্ট জেন্টেলম্যান। আপনি আমার চেয়ে সিনিয়র মানুষ, কলেজে পড়েছি, আপনার গানও শুনেছি। কিন্তু দীর্ঘ জীবনের মন্ত্রিত্বের বিদায়ের সময়ে আপনাকে ব্যর্থতার গ্লানি নিয়ে যেতে হবে। এইজন্য জেলার মানুষ হিসাবে আমি বেদনাহত। আপনি প্রতি বৎসরই ব্যর্থ হয়েছেন। তাই আপনার এই ব্যর্থতার জন্য আপনি যে বাজেট প্লেস করেছেন তার বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে কাট-মোশনগুলি এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3.30–3.40 p.m.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সেচ দপ্তরের মাননীয় মন্ত্রী সেচ ও জলপথ বিভাগের যে বাজেট প্রস্তাব উৎথাপন করেছেন দুটি হেডের উপর তাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করে আমি দু-একটি কথা আপনাদের কাছে এই হাউসে তুলতে চাই।

এই বিভাগটি একটি বিশাল বিভাগ এবং এর কাজের উপর নির্ভর করছে আমাদের গোটা পশ্চিমবাংলার গ্রামীণ অর্থনীতির বনিয়াদ। আমাদের গোটা রাজ্যের অর্থনীতিও

এই দপ্তরের কাজের সঙ্গে জড়িত। এই দপ্তরের কাজ যদি সঠিকভাবে না হয় এবং অন্যান্য দপ্তরের কাজের সঙ্গে এই দপ্তরের কাজের সমন্বয় যদি সঠিকভাবে করা না যায় তাহলে আমাদের অর্থনীতির বনিয়াদের উপর আঘাত আসবে। এই দপ্তরের মূলতঃ কাজ হচ্ছে বন্যা নিয়ন্ত্রণ এবং সেচের ব্যবস্থা করা। বন্যা নিয়ন্ত্রণের মধ্যে যেমন কতকগুলি বিষয় আছে তেমনি সেচের ব্যাপারেও কতকগুলি বিষয় আছে। সেচের মধ্যে ক্ষুদ্র সেচের যে অংশটা তারজন্য আলাদা ডিপার্টমেন্ট আছে। এই দপ্তর বড় এবং মাঝারি সেচ প্রকল্পটা দেখে এবং আমাদের গ্রামের কৃষক ভাইদের কাছে জল পৌঁছে দেয় সেচের জন্য। আমাদের সরকারের দৃষ্টিভঙ্গী হচ্ছে, আমাদের বিস্তীর্ণ এলাকা যে ভাবে বন্যায় আক্রান্ত হচ্ছে তাকে কিভাবে নিয়ন্ত্রণ করা যায় তা দেখা। এই বন্যা নিয়ন্ত্রণের কাজটা কিন্তু সহজ কাজ নয়। টি. ভি. তে দেখি, খবরের কাগজেও দেখি যে ব্রহ্মপুত্রে একটু জল বাড়লেই ঐ বেল্টটা প্লাবিত হয়ে যায়। আমরা বই-তে পড়েছি, এক সময় হোয়াং হো চীনের দুঃখের নদী ছিল। ইয়াং-সি-কিয়াং প্লাবিত করতো। কাজেই এই বন্যানিয়ন্ত্রণের মতন বড় ব্যাপারটাতে আমাদের সরকার এই আর্থিক অবস্থার মধ্যে দাঁড়িয়েও কতকগুলি বিষয়কে প্রায়রিটি দিয়ে দেখছেন এবং সেই কাজে অগ্রসর হয়েছেন। বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারটা দু দিকে দু'রকম ভাবে আছে। একটা হচ্ছে মালদহ, মুর্শিদাবাদের দিক। এটা নিয়ে বাইরে সার্কাস করলে হবে না, এরজন্য যে উদ্যোগ নেওয়া দরকার, যে ব্যবস্থা গ্রহণ করা দরকার সে ব্যবস্থা গ্রহণ করার ক্ষেত্রে একটা দায়িত্বশীল বিরোধীপক্ষ হিসাবে ওরা ওদের দায়িত্ব পালন করছেন কিনা সেটা আমি ওদের ভেবে দেখতে বলব। কারণ, এখানকার এই বিরোধীপক্ষই দীর্ঘদিন ধরে দিল্লীতে ক্ষমতায় ছিলেন। দেখতে হবে তারা যখন ক্ষমতায় ছিলেন তখন তাদের দায়িত্ব তারা পালন করেছিলেন কিনা। ভারতবর্ষ স্বাধীন হবার পর ৫০ বছর অতিক্রান্ত হয়ে গেলেও, পশ্চিমবাংলার নদীগুলি নিয়ে বিশেষ করে গঙ্গা, পদ্মার ব্যাপার নিয়ে বারবার প্রস্তাব পাঠান সত্বেও আমরা দেখছি দিল্লীর সরকার বিশেষ গুরুত্ব দেন নি। মালদহ থেকে আরম্ভ করে পর পর মুর্শিদাবাদ, নদীয়া এই সমস্ত এলাকায় ভাঙ্গন রোধ করার জন্য বিরাট বিরাট পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেই সব পরিকল্পনাতে প্রথম যে টাকা খরচ হবে বলে ভাবা হয়েছিল পরবর্তীকালে দেখা গিয়েছে যে প্রাইস এসকালেসান ইত্যাদির জন্য টাকার অংক অনেক বেড়ে গিয়েছে এবং তার সঙ্গে সঙ্গে আরও দেখা গিয়েছে যে যে অঞ্চলটুকুর জন্য পরিকল্পনা করা হয়েছিল সেই অঞ্চল ছাড়িয়ে ভাঙ্গন আরও বিস্তৃত হয়েছে। এক সময় তো আশংকাই করা হয়েছিল যে গঙ্গা-পদ্মা এক জায়গায় মিলে যাবে। অর্থাৎ সেখানে পশ্চিমবাংলার যে ভূখন্ডের প্রশ্নটা সেটাই একটা কোয়েশ্চেনের মধ্যে দাঁড়িয়ে গিয়েছিল। এই রকম একটা বিপর্যায়কর, ভয়ঙ্কর অবস্থার মধ্যে দাঁড়িয়ে এখানে কাজ করতে হচ্ছে আমাদের সেচ দপ্তরকে। মালদার ভয়ঙ্কর বন্যা আমরা দেখলাম, যেন একটা জাতীয় বিপর্যয়। ওই রকম একটা জাতীয় বিপর্যয়ের পরও কেন্দ্রীয় সরকার কিছুই দিলেন না। বিষয়টা নিয়ে এখানে অনেক আলোচনা হয়েছে, কেন্দ্রের কাছে আবেদন-নিবেদন জানানো হয়েছে। আমাদের মন্ত্রীরা সেখানে ছুটে গেছেন কিভাবে মানুষকে বাঁচানো যায় সেই চিন্তা নিয়ে। ৩০-৩৫ দিন সেখানে জল আটকে থেকেছে। এই যখন অবস্থা তখন দীর্ঘ

৪০ বছর আগে যে পরিকল্পনা করবার কথা সেটা তারা করলেন না কেন? তিস্তা ব্যারাজ প্রকল্পের জন্য তাদের যে টাকা দেবার কথা সেটা তারা দেননি, তারজন্য কাজটা হয়নি। এইভাবে প্রতিশ্রুতি রক্ষা না করবার বিরুদ্ধে দাঁড়িয়ে আমাদের সরকারকে ঐ প্রকল্প গ্রহণ করতে হয়েছে। রাজ্যে বামফ্রন্ট সরকার দায়িত্ব গ্রহণ করবার পরই তাঁরা দায়িত্বটা গ্রহণ করেছিলেন। বলেছিলেন, উদ্বৃত্ত জমি গ্রামের মানুষের হাতে তুলে দাও। চাষীদের জমি দেবার সাথে সাথে দায়িত্ব গ্রহণ করা হয়েছে একফসলী জমিকে কিভাবে দো-ফসলী করা যায়। তারই ফলে আমাদের রাজ্যে এমন মোনোক্রপ কাল্টিভেশনের জায়গায় মাল্টিক্রপ কাল্টিভেশন চলছে। এই কাজটা আমরা করছি। আজকে ৫০ ভাগ জমি সেচের আওতায় এসেছে। এটা সেচ বিভাগের কৃতিত্ব। যখন কংগ্রেস সরকার চলে যায় তখন আমাদের রাজ্যে শতকরা ১৮ ভাগ জমি সেচের আওতায় ছিল। আজকে ৫০ ভাগ জমি সেচের আওতায় এসেছে এবং এটা সেচ বিভাগের কর্মসূচী রূপায়ণের সাফল্য, কৃতিত্ব। তবে এক্ষেত্রে কাজের প্রসঙ্গ আছে, নিষ্ঠার প্রসঙ্গ আছে, যে সব ইঞ্জিনিয়াররা কাজ করেন তাদের প্রসঙ্গ আছে। এসব প্রসঙ্গে সমালোচনা কিন্তু কাজের স্পিরিট নষ্ট করে ফেলবে। সুন্দরবন এলাকায় ২২০০ কিলোমিটার এনব্যাঙ্কমেন্ট রয়েছে। কয়েকদিন আগে সেখানে প্রচন্ড টর্নেডো টাইপের ঘূর্ণীঝড় হয়ে গেছে এবং তার ফলে বিস্তীর্ণ এলাকার বাঁধ ভেঙে গেছে। আজকে ভাঙ্গন শুধুমাত্র গঙ্গা-পদ্মার ভাঙ্গন নয়, এই ভাঙ্গন চলে যাচ্ছে সুন্দরবন এবং গঙ্গাসাগর পর্যন্ত। সেই ভাঙ্গনকে রোধ করবার জন্য আমার সুনির্দিষ্ট প্রস্তাব হ'ল—গঙ্গার জলবাহিকা হচ্ছে হুগলী নদী, কিন্তু তার মাঝখানে সিল্টেশন হয়ে চর পড়ে যাচ্ছে। এই সিল্টেশনকে যদি কন্ট্রোল করা না হয় তাহলে মালদা মুর্শিদাবাদের বন্যা কন্ট্রোল করা যাবে না, ভাঙ্গনও রোধ করা যাবে না। এই কথা বলে মাননীয় মন্ত্রীর বাজেটকে সমর্থন করে শেষ করছি।

[3.40–3.50 p.m.]

**শ্রী প্রমথ নাথ রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমাদের আনীত কাটমোশানকে সমর্থন করছি। মন্ত্রীর এখন থাকার খুব দরকার, কিন্তু তিনি এখন নেই। মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে তিস্তা প্রকল্প সম্পর্কে বলেছেন যে এই তিস্তা প্রকল্প ময়ুরাক্ষী, কংসাবতী, ডিভিসির সেচসেবিত এলাকা নিয়ে যে বড় প্রকল্প, তার চেয়ে বড় প্রকল্প এই তিস্তা সেচ প্রকল্প। এর সেচ, সেবিত এলাকার পরিমাণ হচ্ছে ৯ লক্ষ ২২ হাজার হেক্টর জমি। এই ৯ লক্ষ ২২ হাজার হেক্টর জমি উত্তরবঙ্গের ৬টি জেলা যথা কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর এবং মালদা নিয়ে। এই প্রকল্প ১৯৭৫ সালে শুরু হবার কথা, সেখানে শুরু হয়েছে ১৯৭৬-৭৭ সালে। খরচ ধরা হয়েছিল ৫৯ কোটি ৭২লক্ষ টাকা। ১৯৯০ সালের শেষের দিকে খরচ হল ৬৫৯ কোটি টাকা। এর লক্ষ্যমাত্রা কোথায় গেল বোঝা গেল না। আমার মূল বক্তব্য হচ্ছে মন্ত্রী এই তিস্তা প্রকল্পে সম্পূর্ণ ব্যর্থ এবং তাঁর দপ্তরেও সীমাহীন অপদার্থতার ফলে নিয়ন্ত্রণহীন নৈরাজ্য চলছে। ১৯৯২ সালের জুন মাসের যে হিসাব দিয়েছি তাতে ৯ লক্ষ ২২ হাজার হেক্টর জমিতে তিস্তা প্রকল্পের জল দেওয়ার

কথা। সেই হিসাবে ধরলে ৩৪ লক্ষ ৯৭ হাজার ২০০ হেক্টর জমিতে জল আজ পর্যন্ত চলে যাওয়ার কথা, তাহলে বাকী থাকল কত—এই বছর ধরলে ৮ লক্ষ সেচ জমিতে জল দেওয়া বাকী থাকে। ১ লক্ষ হেক্টর জমিতে জল দিতে তিস্তা প্রকল্পের সময় লেগেছে ২৪ বছর। তাহলে বাকী ৮ লক্ষ হেক্টর জমিতে জল দিতে সময় লাগবে কত, এর উত্তর সরকার পক্ষের বন্ধুরাই বলুন। তাহলে লাগছে চব্বিশকে আট দিয়ে গুণ করলেই পাওয়া যাবে ১৯২ বছর। আমি সাবজেক্ট কমিটির মিটিংয়ে তপন বাবুকে বলেছিলাম এই পদ্ধতিতে যদি তিস্তা প্রকল্পের কাজ চলে তাহলে কোনকালেই এর কাজ সম্পন্ন হবে না। আমরা ১৯২ বছর বাঁচব না, আমাদের পরবর্তী প্রজন্মও থাকবে, তারপরে আরো কয়েকটি প্রজন্ম হয়ত থাকবে। তাতেও কিন্তু তিস্তা প্রকল্পের কাজ শেষ হবে না। তাতেও ১৯৯৯ সাল জুন পর্যন্ত খরচ হয়েছে ১ লক্ষ হেক্টর জমিতে ৭৮৩ কোটি টাকা, একে ৮ দিয়ে গুণ করলে যে হিসাব আসছে তা হচ্ছে ৬,২৬৪ কোটি টাকা। এই অবস্থাতে তিস্তা প্রকল্পে মন্ত্রীর কোন নিয়ন্ত্রণ নেই, একটা চরম নৈরাজ্য এই তিস্তা প্রকল্পে চলছে।

আমি দেবব্রতবাবুকে বলব, ৯৭ সালের ২৯শে জানুয়ারী নাগরা নদীর উপর যে ক্যানেল, এ্যাকুইডাক্ট আছে যেটাকে বলা হচ্ছে এশিয়ার মধ্যে অন্যতম হবে। সেটার শিলান্যাস আপনি করতে গিয়েছিলেন বলেছিলেন ৪।৫ বছরের মধ্যে ক্যানেলটা হবে। আপনার দপ্তর সেখানে কি করছে? মন্ত্রী হিসাবে তো আপনি খবরটা নেবেন। সেখানে একটা বড় বিপর্যায় হয়েছে। সেখানে ৯টি ওয়েল এউটপর এ্যাকুইডাক্টটা থাকার কথা। কল্যাণী রিভার রিসার্চ ইন্সটিটিউট সরকারি সংস্থা তারা রিসার্চ করলো ৩০ মিটার মাটির ভূগর্ভস্থ স্থানে যদি ওয়েল করা যায় তাহলে এটা থাকবে। অদ্ভুত ব্যাপার, ৯টি ওয়েলের মধ্যে ২।৩টি ওয়েলে ৩।৪ মিটার বসে গেছে। এই ২।৩টি ওয়েল তলিয়ে গেছে মাটির তলায়। আমার প্রশ্ন কল্যাণীর সংস্থা যারা এই রিসার্চ এর কাজ করেছিল, যারা সয়েল টেস্ট করেছিল সম্ভবতঃ তারা ঠিক মতন সয়েল টেস্ট করেনি, সমস্তটাই ভ্রান্ত মিথ্যা, ব্যর্থতায় পর্যাবসিত হয়েছে। আমার ধারণা ৩০ মিটার গভীরে তারা সয়েল টেস্ট করেনি। এই রকম একটা সংস্থা তারা সয়েল টেস্ট করলো ২৮ কোটি টাকার একটা এ্যাকুইডাক্ট হওয়ার কথা, সেটার সর্বনাশটা হয়েছে। এই ব্যাপারে আপনি কি কল্যাণীর ঐ সংস্থাকে শো কজ করেছেন? তাদেরকে কি ডেকেছেন, তাদেরকে ডাকেননি। এই ব্যর্থতা, অপদার্থতা চলছে তিস্তা প্রকল্পে। তিস্তা প্রকল্পে যে কাজগুলি হচ্ছে, সেখানে যে লাইনিংগুলি হচ্ছে, সেইগুলি ৪ ইঞ্চি হওয়ার কথা, কিন্তু ৪ ইঞ্চি কোথাও নেই, এক থেকে দেড় ইঞ্চি রয়েছে। ফলে বেডগুলি ধ্বসে যাচ্ছে। এই ব্যাপারে বলি, ঐ সংস্থা তারা যে পেমেন্ট পেয়ে গেল, আর এখন যে বেডগুলি ধ্বসে পড়ছে, এই ব্যাপারে আপনি কি তদন্ত করবেন? এই ব্যাপারে সত্য প্রমাণিত হওয়া দরকার। তারা পেমেন্ট পেয়ে গেলেও ঐ কাজে যে সমস্ত ইঞ্জিনীয়াররা ছিলেন তাদেরকে কি শো কজ করা হয়েছে? ৪ ইঞ্চির জায়গায় ১ থেকে দেড় ইঞ্চি ঢালাই করা হয়েছে। ফলে আজকে সেখানে লিকেজ দেখা যাচ্ছে। সেখানে একটা নিয়ন্ত্রণহীন নৈরাজ্য চলছে, দুর্নীতির একটা বড় আখড়া হয়েছে। তিস্তা প্রকল্প থেকে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা চুরি হয়ে যাচ্ছে। ৯৭ সালের ঐ সময়ে আপনি সেখানে শিলান্যাস করে এলেন, তারপরে এতবড়

যে বিপর্যায় হয়ে গেল, সেখানে আপনি একবারও গেলেন না। আপনি কি তিস্তা প্রকল্পের কাজ ছেড়ে দিয়েছেন, যদি না ছাড়েন তাহলে একবার দেখতে যাওয়া উচিত ছিল। সেখানে যে কাজগুলি হচ্ছে সেইগুলি খুবই নিকৃষ্ট মানের কাজ হচ্ছে। জমি অধিগ্রহণের ব্যাপারে বলছি, সেখানে আপনার দপ্তর আছে, আনারস বাগানগুলির জমি অধিগ্রহণ করতে গিয়ে দালাল শ্রেণীর লোক যারা আছেন, সরকার থেকে যাদের ফিট করা হয়েছে, তারা সেখানে ঐ সমস্ত বাগানে যেখানে ১ হাজারটি হয়ত আনারস বাগান আছে, সেখানে তারা দেখিয়ে দিচ্ছে ২ হাজারটি আনারস বাগান আছে, এইভাবে সেখানে চুরি হচ্ছে।

১৯৯৯ সালের জুন মাসে ওয়েষ্ট দিনাজপুর জেলায় তিস্তার জল আসবে। কিন্তু আমি খবর নিয়ে জেনেছি, এখনো জল আসেনি। বিতর্কিত এলাকাটি ক্লিয়ার না হলে তিস্তার কাজ এগোতে পারবে না। তাই আমি এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.50–4.00 p.m]

**শ্রী হরিপদ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ৬৬ নম্বর এবং ৬৮ নম্বর দাবির অধীনে মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করে এবং বিরোধী পক্ষের আনীত কাট মোশানগুলোর বিরোধিতা করে কিছু বক্তব্য এখানে রাখছি। বিরোধী পক্ষ থেকে বলা হল সেচের ব্যাপারে আমাদের রাজ্যে নাকি কোন উন্নতিই হয়নি। ঠিক কথা নয় এটা, অবস্থাটা কি রকম চলছে এটা একটু মূল্যায়ন করার প্রয়োজন আছে। পৃথিবীর মোট জলের ৯৭.২০ ভাগ হচ্ছে সমুদ্র, ২.১৫ শতাংশ হচ্ছে পাহাড়ের মাথায় এবং ০.৬৫ শতাংশ জল হল ভূ-পৃষ্ঠে বা ভূগর্ভে। ভারতবর্ষের অবস্থাটা কি? পৃথিবীতে মানুষের ব্যবহারযোগ্য জলের নয়ভাগ আমরা ভারতবাসীরা ভোগ করতে পারি। পৃথিবীর মধ্যে ভারতবর্ষে জমির পরিমাণ ২.৪৭ পারসেন্ট। পৃথিবীর মধ্যে জল সম্পদের দিক থেকে আমরা বিত্তশালী কিন্তু আজকে আমরা কোন জায়গায় দাঁড়িয়ে আছি। সারা ভারতবর্ষে মাত্র ৩০ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। পশ্চিমবাংলায় এই বামফ্রন্ট আসার পরে সেচ ব্যবস্থা উন্নতি হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় এবং তার দপ্তর এর প্রচেষ্টার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গে ৫৯ শতাংশ জমিতে সেচের জল পৌঁছে দিতে পেরেছে। এখনো অনেক কাজ বাকি আছে এটাও ঠিক। তবে সেই বাকি থাকার পিছনে যে ষড়যন্ত্র, তারজন্য তো দায়ী আপনারা। আপনারা সেই কথা একবারও চিন্তা করবেন না। আজকে এই কথা তো অস্বীকার করবেন না, পশ্চিমবাংলা কৃষির দিক থেকে ভারতবর্ষের মধ্যে উচ্চতম স্থান অধিকার করেছে, প্রথম স্থান অধিকার করেছে। এরজন্য ভূমিসংস্কার যেমন সবদিক থেকে গুরুত্বপূর্ণ ছিল, তার পরে হচ্ছে সেচ দপ্তর এবং এরা এদের দায়িত্ব পালন করার মধ্যে দিয়েই কিন্তু এটা সম্ভব হয়েছে। আজকে ৫৯ শতাংশ জমির কৃষকের কাছে জল পৌঁছে দিতে পেরেছি। আপনারা বইতে নিশ্চয় দেখেছেন ১৯৯৭-৯৮ সালের শেষ পর্যান্ত ১,৩৫৬ হেক্টর জমিতে জল পৌঁছে দেওয়া সম্ভব হয়েছিল; ১৯৯৮-৯৯ সালে ৪০ হাজার হেক্টর জমিতে জল পৌঁছে দেওয়া সম্ভব হয়েছিল এবং ১৯৯৯-২০০০ সালের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে ৫০ হাজার হেক্টর।

পৃথিবীর উন্নত দেশগুলোতে ভূপৃষ্টের জল ব্যবহার করেই কৃষিকার্য করা হয়। কিন্তু ভারতবর্ষের ক্ষেত্রে বিষয়টি একটু অন্যরকম। আমাদের দেশে আমরা ভূগর্ভের জলই বেশী ব্যবহার করছি। এর ফল হবে মারাত্মক। আমি বলেছি যে, ০.৬৫ পার্সেন্ট জল গোটা পৃথিবীর মানুষের ব্যবহারের জন্য আছে। সেই জল কি অবস্থায় আছে? আজকে এক লিটার দুধের দাম ১০।১২ টাকা, সেখানে দিল্লী বা উত্তর ভারত, দক্ষিণ ভারতে এক লিটার জলের দামও ১০।১২ টাকা। এই জল সম্বন্ধে এখনই সচেতন না হলে সমূহ বিপদে আমাদের পড়তে হবে। জল ব্যবহারের ক্ষেত্রে রিচার্জিং বিষয়টি বিজ্ঞানীরা রেখেছেন, সেটা কাজে লাগাতে পারছি না। সোক পিট করে জল সঞ্চয় করার ব্যবস্থাও খুব নগন্য। ভূগর্ভস্থ জল সঞ্চয়ের ব্যাপারে মাঝারি এবং বৃহৎ পরিকল্পনা গ্রহণ করা হোক, না হলে আগামী দিনে জলের বিষয়ে সমূহ বিপদ দেখা দেবে। আমাদের রাজ্যে বার্ষিক বৃষ্টিপাত উত্তরবঙ্গে ৩৩০০ মিলিমিটার, পুরুলিয়ায় ১৪০০ মিলিমিটার। পরিমান কম নয়, প্রয়োজন হ'ল-এর আহরণ এবং সংরক্ষণের সুষ্ঠু ব্যবস্থা। তা কি হচ্ছে? সম্ভবতঃ না। পুরুলিয়াকে মিডিয়াম ইরিগেসনে মডেল জেলা হিসাবে ঘোষণা করা হয়েছিল, কিন্তু অবস্থার উন্নতি হয়নি। কারণ, ৩৩টি ইরিগেসন স্কিমের মধ্যে ২২টি চালু হয়েছে, ১১টি চালু হয়নি। অনতিবিলম্বে এইগুলো চালু করা গেলে পুরুলিয়ায় সার্বিক উন্নয়নের সম্ভাবনা দেখা দেবে। এছাড়া নতুন যে সমস্ত সেচ পরিকল্পনার প্রস্তাব আছে, - কারু, রামবেড়া সেচ প্রকল্প, রাজাবাঁধ সেচ প্রকল্প, এইগুলো অনতিবিলম্বে চালু করা দরকার বলে আমি মনে করি।

গঙ্গা-পদ্মা ভাঙন নিয়ে আমার পূর্ববর্তী বক্তারা যা বলেছেন, আমি তার সঙ্গে একমত। সেখানে ভাঙন খুব মারাত্মক। আগে দুটো নদীর দূরত্ব ছিল ৪৫ কিলোমিটার, এখন সেটা ৫ কিলোমিটার বা তারও কম এসে দাঁড়িয়েছে। করিমপুর ব্লকে গঙ্গা-পদ্মা কাছাকাছি এসে ঠেকেছে। বর্ডারের কাঁটা-তার পর্যন্ত পদ্মা এসে গেছে। এখনই গঙ্গা-পদ্মার ভাঙন রোধ না করা গেলে নদীয়া জেলার একটা বড় অংশ নিশ্চিহ্ন হয়ে যাবে। অপর দিকে বহরমপুর শহর ইতিহাসের পাতায় চলে যাবে তার অস্তিত্ব থাকবে না, শুধু মুর্শিদাবাদ জেলাতেই নয়, গঙ্গার ভাঙন মালদা, নদীয়া জেলাতেও ভয়ঙ্কর হয়ে উঠছে। নদীয়া জেলার চাকদা ব্লকে সন্যালচরে ব্যাপক ভাবে ভাঙন শুরু হয়েছে। প্রত্যেক বছর বহু মানুষ ক্ষতিগ্রস্থ হচ্ছে। অবিলম্বে সেখানে বোল্ডার্স ফেলে বাঁধ পাকা করা প্রয়োজন। মুঘল যুগে পূর্ত কাজ বলতে বোঝাত খননকার্য। তারপর থেকে এই খনন কার্য আস্তে আস্তে লোপ পেয়ে যায়। আমাদের দেশে খনন কার্যের মধ্যে একটা বিশেষ বিষয় লক্ষ্য করছি। সেটা হচ্ছে আগেকার দিনে পুকুর খনন করা হত জলাশয়ের জন্য এবং সেটা ধর্মীয় অর্থাৎ পুণ্য হিসাবে সেটাকে দেখা হত। কিন্তু সেই খনন কার্য আজকে ব্যাহত হয়েছে। এখানে খননকার্য বাতিল হয়েছে। আজকে জলাশয় বোজানোর ব্যবস্থা লক্ষণীয় বিষয়। আজকে আমাদের রাজ্যে পঞ্চায়েত এর মাধ্যমে, জেলা পরিষদের মাধ্যমে এবং পঞ্চায়েত সমিতির মাধ্যমে গোটা রাজ্য জুড়ে ব্যাপক রাস্তাঘাট সারানো হয়েছে। এটা আমরা অনুসন্ধান করেছি। একটা কথা বলি—৫ কিলোমিটার লম্বা রাস্তা হতে পারে বা ১০ কিলোমিটার লম্বা হতে পারে। সেই রাস্তা তৈরী করতে গিয়ে প্রথমে মাটির কাজ

হয়, তারপরে ব্রিকসের কাজ হয়, তারপর মেটালের কাজ হয়। কিন্তু ঐ রাস্তা হিসাব না করেই করা হয়। এরজন্য কতগুলি চওড়া কালভার্ট করা দরকার, কতটুকু চওড়া ব্রীজ করা দরকার সেটা করে না এবং যার ফলে এই ওয়াটার লগড্ হয়ে যায় এবং বন্যার সৃষ্টি হয়। আমি আর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, বাঁকুড়া জেলার কংসাবতী এবং কুমাবী কংসাবতী আছে, তার ৪ নাম্বার ডিস্ট্রিবিউটারী ক্যানেল যেটা ওঁদার উপর দিয়ে গেছে, তার শেষ পর্যন্ত জল পৌঁছায় না। এছাড়া আপার কংসাবতী প্রজেক্ট করার কথা ছিল, ওই কাজ সম্পন্ন করা খুবই জরুরী। এছাড়া দারকেশ্বর প্রজেক্টের জন্য কেন্দ্রীয় সরকারের সহায়তা চাওয়া হয়েছিল, তার বর্তমান অবস্থা কি, তা যদি মন্ত্রী আজ এই হাউসে জানান তাহলে ভালো হয়। এই কথা এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.00–4.10 p.m.]

**শ্রীমতি শান্তা ছেত্রী ঃ** আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে বাজেটের উপর বলতে উঠে, কিছু কথা বলতে চাই। আপনি জানেন যে, দার্জিলিং হিল কাউন্সিলের যে ট্রান্সফার্ড ডিপার্টমেন্ট আছে, এটা একটা অটোনমাস বডি। সেখানে এই ইরিগেশান ডিপার্টমেন্ট একটা গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্ট। আমি বলতে চাইছি যে, দার্জিলিং গোর্খা হিল তিনটি সাব ডিভিশান। কার্শিয়াং, কালিংপঙ এবং দার্জিলিং ইনক্লুডিং মিরিক। স্যার, ১৯৯৯-২০০০ সালে এখানে মাত্র ৪৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে, এটা অত্যন্ত লজ্জার বিষয় এবং দুঃখের বিষয়। কারণ শিলিগুড়ি সাব ডিভিশানে প্রত্যেক বছর ২ কোটি টাকা ইরিগেশান ডিপার্টমেন্টের থেকে বরাদ্দ করা হয়। কিন্তু দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলে মাত্র ৪৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এই বছর মাত্র ৪৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। ডিফারেন্স হচ্ছে ৫ লক্ষ টাকা। আপনি জানেন স্যার, পাহাড়ে যে ধ্বস নামে, ল্যান্ড স্লাইডের ফলে বিভিন্ন রাস্তাঘাট খারাপ হয়ে যায়, ঝোরা সব নষ্ট হয়ে যায়। সমতলে যেভাবে বন্যা হচ্ছে সেই বন্যাকে বাঁচাতে গেলে সর্বপ্রথমে পাহাড়কে বাঁচাতে হবে। আপনি নিজেই বলুন আমাদের হিলের জন্য আপনারা ষ্টেপ মাদারলি ট্রিটমেন্ট করছেন না? আমাদের দার্জিলিঙে তিনটে সাব ডিভিশন এর জন্য ৪৫ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। এটা খুবই লজ্জার কথা। আমি দুঃখের সাথে বলতে চাই শিলিগুড়িতে একটা সাবডিভিশন, তার জন্য দুকোটি টাকা বরাদ্দ করেছেন। আমি আশা করব মন্ত্রীমহাশয় সহানুভূতির সঙ্গে পাহাড়ের মানুষের কথা চিন্তা করবেন। পাহাড়ের মানুষের বিকাশের জন্য চিন্তা করবেন। স্যার, আপনি জানেন যে দার্জিলিঙ হিল কাউন্সিল যখন ছিল না তখন ইরিগেশন চ্যানেল ছিল ৪৩টা। সেই চ্যানেলের মেনটিনেন্সের জন্য ওয়ার্কচার্জ ষ্টাফের পেমেন্টের জন্য সরকার ৫৫ লক্ষ টাকা দিত। কিন্তু ডি. জি. এইচ. সি. গঠিত হওয়ার পর আজকে সেই ৪৩টা ইরিগেশন চ্যানেলের ওয়ার্কচার্জ ষ্টাফদের জন্য এক পয়সাও বরাদ্দ করেন নি। এটা কি ষ্টেপ মাদারলি ট্রিটমেন্ট নয়? আমাদের হিলের জন্য ইরিগেশন ডিপার্টমেন্ট কি বরাদ্দ করেছেন? এটা একটা বড় ডিপার্টমেন্ট, একটা ভাইটাল রোল প্লে করে সেখানে পাহাড়ের জন্য কাজ হয়নি। এফ. ডি. আর.

ফান্ড ছিল সেখান থেকে ল্যান্ড স্লাইডের জন্য অ্যাডভান্স টাকা দেওয়া হত। কিন্তু ডি. জি. এইচ. সি গঠিত হবার পর সেখানে আমরা একটা পয়সাও পাই নি। তাই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এফ. ডি. আর ফান্ডের জন্য কিছু টাকা দেওয়া হোক। আপনি জানেন স্যার, প্ল্যান সেক্টরের মধ্যে রাজ্য সরকার যে টাকা দিত ৯৮ সাল পর্যন্ত কিছু রিভার ট্রেনিং ওয়ার্কের জন্য ৬০ লক্ষ টাকা দিত। কিন্তু ডি. জি. এইচ. সি হওয়ার পর আমরা সে টাকা পাই নি। মন্ত্রী মহাশয়ের কাছে তাই আমার আবেদন যে সমতলকে বাঁচাতে গেলে পাহাড়কে বাঁচান ডি. জি. এইচ. সিকে ফান্ড দেওয়ার জন্য অনুরোধ করছি।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ৬৬ এবং ৬৮ নম্বর যে দাবি উত্থাপন করেছেন, এই প্রসঙ্গে এই সভায় কয়েকটি বিষয় উল্লেখ করছি। তার বাজেট বরাদ্দকে সমর্থন করছি। সেচ ব্যবস্থা সম্প্রসারণ নিয়ে আমি একটা কথা বলতে পারি।

[4.10–4.20 p.m.]

সেচ ব্যবস্থা সম্প্রসারণের বিষয় নিয়ে আমি একটা কথা বলতে পারি যে আমাদের রাজ্য খাদ্যে স্বয়ং ভরতা নির্ভর করছে সেচের উপর। বিগত কয়েক বছর ধরে এই সম্প্রসারণ অব্যাহত আছে। এটা ঠিক যে আমাদের সেচ সেবিতে এলাকা বাড়ছে। এই বিষয়ে একটা কথা বলার আছে, আমরা দেখেছি আমাদের বাজেটে দুটি ক্ষেত্রের উপর বরাদ্দ হয়ে থাকে। একটা হচ্ছে সেচমূলক এবং আরেকটা হচ্ছে বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্র সম্পর্কিত। এর বাইরে বাজেটে আরেকটা বিষয় আলোচনা হওয়া দরকার। পরবর্তীকালে এটা আলোচনা করে দেখতে হবে। বন্যা নিয়ন্ত্রণের বাইরে সেচ নিকাশী একটা ক্ষেত্র বাজেটে চিহ্নিত হওয়া উচিত। কারণ বছরের পর বছর নিকাশী ব্যবস্থা রয়েছে, এতে অর্থবরাদ্দ না হওয়ার জন্য সিল্ট ক্লিয়ার হচ্ছে না এবং নিকাশী সমস্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। মূলতঃ বাজেটে নিকাশী একটা ক্ষেত্র হিসাবে চিহ্নিত হওয়া উচিত। আর যে বিষয় বাজেট বরাদ্দের মধ্যে উল্লিখিত আমরা দেখতে পাচ্ছি এ্যাট এ গ্ল্যান্স স্টেট প্ল্যান বাজেটের কোর সেক্টরে ২৯২ কোটি টাকার উল্লেখ আছে। সর্বসাকুল্যে ২৯২ কোটি টাকা। টোটাল বাজেটে স্টেট প্ল্যানের কোর সেক্টরে ৮৯.৫৫ কোটি টাকা। সুতরাং এই মুহূর্তে ৮৯ কোটি টাকা দিয়ে সারা বছর একটা ডিপার্টমেন্ট কাজ করবে কি ভাবে? এ ক্ষেত্রে টাকা বরাদ্দ ঠিক হয়েছে কি না এটা বিশ্লেষনের দরকার। টোটাল বাজেটে অন্য বিষয়গুলি আলোচনা করলে আরও একটা বিষয় এখানে চোখে পড়ার মতো। আমরা জানি গঙ্গা-পদ্মা নিয়ে আমাদের বন্ধুরা তারা বাইরে অবস্থান করছেন। গঙ্গা-পদ্মার ইরিগেশান, মালদা ও মুর্শিদাবাদে ইরিগেশানে ১৯৯৮-৯৯ সালে ৬০ কোটি টাকা বরাদ্দ ছিল এবং ৩০ কোটি টাকা এষ্টিমেট ধরা হয়েছিল, তাতে খরচ হয়েছে ২৩ কোটি ৫৫ লক্ষ টাকা। ১৯৯৯-২০০০ সালে এ বছরে কোন বরাদ্দ ধরা হয় নি। সুতরাং এটা একটা বিরাট সমস্যা। মালদা এবং মুর্শিদাবাদের বিষয় নিয়ে এই টাকা বরাদ্দ নেই কেন? এর কোন সুস্পষ্ট ব্যাখ্যা আমরা ঠিক বুঝতে পারছি না। আরেকটা বিষয় গ্র্যান্ট ইন এইড টু জিলা পরিষদ এ বছরই প্রথম এটা বাজেটে ধরা হয়েছে ৯২ কোটি টাকা। গ্র্যান্ট ইন

এইডের প্রকৃতপক্ষে ব্যাখ্যা কি, পলিশি কি, কি ভাবে জিলাপরিষদকে টাকা দেওয়া হবে, কোন সেক্টরের জন্য কাজ করবে, তার পদ্ধতি কি হবে তার নির্দিষ্ট কোন ব্যাখ্যা এই বাজেটের মধ্যে বা বক্তৃতার মধ্যে বলা নেই। সুতরাং এই বিষয়টা একটু চিন্তা করার আছে। কয়েকটি বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন তার মধ্যে তিস্তা বাঁধ প্রকল্পের কথা বলেছেন। আবার মাঝারী সেচ প্রকল্পের ব্যাপারে বলেছেন বাঁকুড়া ও পুরুলিয়া জল সেচ প্রকল্প রূপায়ণে বিলম্ব ঘটেছে জমি অধিগ্রহণের ক্ষেত্রে। তিনি আরেকটি জায়গায় বলেছেন যে ভূতনি দিয়ারাতে চতুর্থ রিটায়ার্ড বাঁধটি জমি অধিগ্রহণের ব্যাপারে এখনও কাজ শেষ করা যাচ্ছে না। জমি অধিগ্রহন একটা বিরাট সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই সমস্যা আমাদের খুব ভাবিয়ে তুলেছে। আরেকটা সমস্যা হচ্ছে আগে এ্যাক্ট-২ তে জমি অধিগ্রহন করা হতো, কিন্তু এখন এ্যাক্ট-১তে জমি অধিগ্রহণ করা হবে।

সুতরাং আমরা দেখছি ২২ বছর আগে যে জমি সেচ বিভাগ বা অন্যান্য দপ্তর নিয়ে কাজে লাগিয়েছিল তারা এখনও পর্যন্ত জমির মালিককে ক্ষতিপূরণ শুধু নয় সার্ভে ওয়ার্ক, প্রাইমারি ওয়ার্ক পর্যন্ত করা হয়নি। এক্ট ওয়ানের ব্যাপারে আরো বিষয় খুব উল্লেখযোগ্য। এ্যাক্ট ওয়ান গঙ্গা-পদ্মার ক্ষেত্রে চালু হতে পারে কিন্তু এটা সুন্দরবনে সম্ভব নয়। সুন্দরবনে কোটালে নদীর বাঁধ ভেঙ্গে যায়, জল উপচে যায়। এক কোটাল থেকে আরেক কোটালের সময় ১৫ দিন। কিন্তু এ্যাক্ট ওয়ানে অধিগ্রহণ করতে ১৫ মাস সময় লাগবে। সুতরাং যদি মাটি দিয়ে বাঁধ রক্ষা করা না যায় তাহলে নোনা জলে জমি, পুকুর ভেসে যাবে, চাষা-বাদ নষ্ট হয়ে যাবে। সুতরাং, এ্যাক্ট ওয়ান সুন্দরবনে করা যাবে না। মানুষ বাঁধের জন্য জমি দিয়ে যাচ্ছেন, কোথায় যাবেন তার ঠিক নেই, বাসস্থানে করবেন তার ঠিক নেই কোন গ্যারান্টি নেই, সার্ভে কে করবে তার ঠিক নেই, ইরিগেশন থেকে, ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট থেকে একটা করে মেমো নম্বর চাষীদের ধরিয়ে দেওয়া হচ্ছে। কিন্তু না সেখানে যাচ্ছেন, না কিছু করছেন ইরিগেশন দপ্তর। আজকে আমরা এ ব্যাপারে মানুষের কাছে কোন প্রতিশ্রুতি দিতে পারছি না। ২২ বছর আগে যাদের জমি চলে গিয়েছে তারা আজ পর্যন্ত টাকা পাইনি। অথচ দপ্তর বলছে, ল্যান্ড দপ্তর বলছে কালেকটরেটে দেওয়া হয়েছে। আজকে এত বছর ধরে এই অবস্থার পরিবর্তন হওয়া দরকার বলে আমি মনে করি। এইভাবে ব-দ্বীপ এলাকার সাড়ে ৩ হাজার কিলোমিটার বাঁধের ক্ষেত্রে কোন নির্দিষ্ট পরিকল্পনা হ'ল না। আমরা তো গঙ্গা-পদ্মার ভাঙ্গনের ব্যাপারে এখানে চিৎকার করছি কিন্তু কংগ্রেস দল নিজেদের ভাঙ্গন রোধ করতে পারছে না। কিন্তু মূল বিষয়টা হচ্ছে, আমরা বন্যা নিয়ন্ত্রণ কি করে করব? প্রকৃতিকে নিয়ন্ত্রণ করার ক্ষমতা মানুষের নেই। প্রকৃতিকে যদি নিয়ন্ত্রণ করতে পারা যায় তাহলে বন্যা নিয়ন্ত্রণ সম্ভব। জলস্রোতের প্রচণ্ড ক্ষমতা এবং সে নিজের গতিতে চলে। হিমালয়ের আশীর্বাদে অতিবৃষ্টির ফলে অতিরিক্ত জলকে যদি না আমরা সমুদ্রে যাওয়ার পথ করে দিতে পারি, মাঝখানে প্রতিবন্ধকতা দেখা দেয় তাহলে সমস্যা সৃষ্টি হবে, ভাঙ্গন দেখা দেবে। সমুদ্রের খাঁড়ির সাড়ে ৩ হাজার কি. মি. এলাকায় যে ব-দ্বীপ আছে সেগুলো সিল্ট হয়ে যাচ্ছে। কিন্তু এ ব্যাপারে কোন বিকল্প পরিকল্পনা এত বছরেও হ'ল না। সুতরাং, এই রকম একটা পরিকল্পনা আগামী বছরের জন্য চিন্তা করবেন এটা আমি

আশা করব। জমিদারি আমলের বাঁধগুলো পলিসির অভাবে পরিকল্পনা-হীন ভাবে চলছে। এগুলোকে পরিকল্পনার মধ্যে আনা যায় কিনা সেটা আমি আপনাকে দেখতে বলব। মাননীয় অধ্যক্ষ মহোদয় এইভাবে সারাটা বছর আমাদের বন্য নিয়ন্ত্রণ নিয়ে চিন্তা করতে হয়। আমাদের দেশে জাতীয় জলপথ নিয়ন্ত্রণের জন্য প্রয়োজন অনেক টাকার। কিন্তু কেন্দ্রীয় সরকার প্রতি বছর আমাদের রাজ্য সরকারের টাকার একটা অংশ দিচ্ছে না এবং তার ফলে পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের মানচিত্রের পরিবর্তন হতে চলেছে। কোথাও শহর, গ্রাম, জমি জলের নিচে চলে যাচ্ছে, রিটায়ার এমব্যাংকমেন্টও চলে যাচ্ছে। আবার নতুন নতুন চর সৃষ্টি হচ্ছে। তাই আজকে নতুন করে সেখানে কিছু ভাবতে হচ্ছে।

সুতরাং দিনের পর দিন এই ভূমিক্ষয় বেড়ে যাচ্ছে। এ ব্যাপারে একটা স্পষ্ট পরিকল্পনা হওয়া দরকার। আরও একটা বিষয় আমি উল্লেখ করতে চাই, ময়ূরাক্ষী থেকে জল নিয়ে বিদ্যুৎ প্রকল্প তৈরী হবে। আগামী বছর সেই জল ময়ূরাক্ষী প্রকল্প থেকে বক্রেশ্বর তাপ বিদ্যুতের জন্য দিতে হবে। এরজন্য জল না দিয়ে উপায় নেই। এরজন্য বীরভূম, বর্ধমান, মুর্শিদাবাদের সেচ ব্যবস্থা ব্যাহত হবে। কিন্তু তারজন্য বিকল্প পরিকল্পনা কোথায়? এটা নিশ্চয় আপনার জবাবী ভাষণে আপনি বলবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.20–4.30 p.m.]

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচমন্ত্রী মহাশয় যে বাজেট মঞ্জুরী এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের আনীত কাট-মোশানকে সমর্থণ করছি। আজকে শাসক দলের এবং আমরা যারা বিরোধী দলে আছি আমরা সবাই মালদা, মুর্শিদাবাদের বন্যা নিয়ে আলোচনা করেছি। এই বন্যার ফলে অনেক ক্ষতি হয়েছে। কিন্তু এই দপ্তর থেকে আমরা বার বার শুনেছি যে, টাকা-পয়সা আসছে না, কেন্দ্রীয় সরকার থেকে যে পরিমাণ অর্থ আশা করছি তা আসছে না। এই রকম পরিস্থিতির মধ্যে আমরা আছি। আপনারা বলছেন, 'কৃষিতে আমরা' এ গ্রেড হয়েছি, সেই কৃষি আবার অসেচ এলাকার মধ্যে গড়ে উঠেছে। সে কথা একেবারে আমরা ভুলে যাচ্ছি। কিন্তু মাননীয় সেচমন্ত্রী আমরা আশা করেছিলাম খরা প্রবণ এলাকায় আপনি জলের ব্যবস্থা করে আরও যাতে চাষবাস করা যায় তার জন্য ব্যবস্থা নেবেন। কিন্তু সেই জায়গায় আমরা বারে বারে হতাশা ব্যাঞ্জক ছবি দেখতে পাচ্ছি। অথচ সেচ আমাদের সম্পদকে শক্তিশালী করে। কিন্তু সে ব্যাপারে অবহেলা রয়েছে। উপযুক্ত পরিকল্পনার অভাবে, আপনার দপ্তরের তদারকির অভাবে সেচের জন্য যে এ্যাকটিভ কাজকর্ম করার দরকার সেটা এই দপ্তর করতে পারে নি। মালদায় বারে বারে যে বন্যা হচ্ছে তার জল এখনও শুকোতে পারে নি। এ ব্যাপারে বিরোধী দল থেকে বলা হয়েছে, শাসক পার্টি থেকে বলার চেষ্টা হয়েছে। কিন্তু কিছু হয় নি। এছাড়া আরেকটা ব্যাপারে বলছি যে, দক্ষিণ-২৪ পরগণাকে আপনারা বোধ হয় সেচ দপ্তরের মানচিত্র থেকে বাদ দিয়েছেন। দক্ষিণ-২৪ পরগণার অনেক জায়গায় বন্যা হয়। সেই বন্যার জন্য ক্ষতি হয়। কিন্তু তারজন্য সেচ দপ্তর থেকে ব্যবস্থা নেওয়া হয় নি। সুন্দরবনে

ঠিক বন্যা হয় নি, সেখানে কেবলমাত্র জলচ্ছাস হয়েছে। একটু জলচ্ছাস হয়েছে তাতে নদী বাঁধগুলো ভেঙে গেছে। এই নদীবাঁধগুলো ভাঙল কি করে? সেখানে ব্লক পিচিং করা হয়েছে। কিন্তু সেখানে কি এমন জলচ্ছাস হল যে সেই ব্লক পিচিং উঠে গেল? সিমেন্ট জমানো ব্লক পিচিংগুলো কি লাল ইঁদুরে খেয়ে গেল? সেখানে মানুষের অসহায় অবস্থার কথা আপনাদের বলতে চাই না। সেখানে মানুষ যে ভাবে নিরাশ্রয় হয়ে বসবাস করছে তার কথা আমি বলতে চাইছি না। একটু আগে আমাদের শাসক দলের সঙ্গে যুক্ত একজন বন্ধু বললেন, 'দক্ষিণ ২৪-পরগণার সুন্দরবন অঞ্চলের জন্য আমরা কেবলমাত্র নাকে কাঁদছি অথবা কুম্ভকর্ণের মত নিদ্রা দিচ্ছি। মাঝে মাঝে যখন ঘুম ভাঙছে তখন একটা করে বিরাট হুঙ্কার দিচ্ছি।' ক্যানিং, বাসন্তী, গোসাবা অঞ্চলের আজকে কি অবস্থা? ওখান থেকে নির্বাচিত মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন তাঁর কাছে জিজ্ঞাসা করলেই জানতে পারবেন আপনার সেচ দপ্তরের ব্যর্থতার জন্য মানব সম্পদ থেকে কৃষি সম্পদ পর্যন্ত সব নষ্ট হয়ে যাচ্ছে। মানব সম্পদ নষ্ট হচ্ছে মানে জালা, যন্ত্রণা সহ্য করতে না পেরে ঐ এলাকার মানুষ আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। চাষের সময় যখন সে চাষই করতে পারছে না তখন সে বেঁচে থাকার জন্য আর কিই বা করতে পারে! আপনার দপ্তর ছাড়া অন্যান্য দপ্তর সেই সময় গিয়ে তাদের কাছে হাজির হয় তখন আর চাষ হবার মত অবস্থা থাকে না। চাষের সময়সীমা পার হয়ে যাবার পরে কৃষি দপ্তরের লোকেরা সেখানে মিনি-কিট্ নিয়ে গিয়ে হাজির হয়। ওখানে আজ আপনার নদী বাঁধ ভেঙে যাওয়ার পরে আমাদের আর আশ্রয় নেই। সেখানে আজকে নৌকার মধ্যে গ্রামবাসীরা বসবাস করছে। তাদের আজকে স্থলে বাঘ এবং জলে কুমিরের সঙ্গে লড়াই করে বাঁচতে হচ্ছে। আপনার সেচ দপ্তর একটা সুষ্ঠু এবং সুন্দর পরিকল্পনা নিয়ে নদী বাঁধগুলিই মেরামত করতে পারছে না। সেচ দপ্তরের সামগ্রিক কাজ-কর্ম সম্পূর্ণ হতাশাব্যঞ্জক। সুতরাং আপনার দপ্তরের ব্যর্থতার পরিপ্রেক্ষিতে আপনি আজকে আমাদের সামনে যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন তাকে তো আমরা কখনোই সমর্থন করতে পারি না। আপনি খবর নিলেই জানতে পারবেন আমাদের দক্ষিণ ২৪-পরগণার পাথর-প্রতিমায় যে পাথরের ব্লকগুলি করে দেওয়া হয়েছিল সেগুলি নদীর জলে ভেসে গেছে। সেখানে গ্রামের পর গ্রামের মানুষের বাড়িঘর নদী-গর্ভে নিঃশ্চিহ্ন হয়ে গেছে। ফলে যা যা দুর্ঘটনা ঘটার সবই ঘটছে। আপনার প্রশাসন সেখানে গিয়ে হাজির হচ্ছে না। আমি এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বাংলাদেশের সঙ্গে জল-চুক্তি করেছিলেন। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর জল চুক্তির ফলে আমাদের দক্ষিণ ২৪-পরগণার বিভিন্ন এলাকা চাষের সময় নদী থেকে জল পাচ্ছে না। সেই সময় খালের জলের ওপর আমাদের ভরসা করতে হয়। একদিকে প্রয়োজনের জল পাচ্ছি না, অপর দিকে জলে ভেসে যাচ্ছি। ওখানে যে ইরিগেশন ক্যানেলগুলি নষ্ট হয়ে গেছে সেগুলি আর মেরামত করা হ'ল না। আমি আগেই বলেছি, এই ক্যানেল গুলির মেরামত দরকার। অথচ সেই সমস্ত কোন কাজই হচ্ছে না। ফলে আপনার এই বাজেট বরাদ্দ আমাদের ব্যঙ্গ করছে। আমরা আপনার দপ্তরের সাহায্যে কোন রকম চাষবাসের সুযোগ পাচ্ছি না। আপনার দপ্তরের গাফিলতিতে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর

জল চুক্তির সাফল্যে আমরা চাষের সুযোগ হারাচ্ছি। এক সময় আমরা মগরাহাট ড্রেনেজ থেকে মগরাহাটকে জলে চুবিয়ে রেখেছিলাম। সুন্দর চাষ হচ্ছিল। আজকে আর সেখানে সেই চাষ হচ্ছে না। আপনারা মেদিনীপুর জেলার কেলেঘাই প্রকল্পের কাজ আজ পর্যন্ত চালু করতে পারলেন না। কেলেঘাই, কেলেঘাই করে মাঝে মাঝে শুধুই ঘাই মারেন। সর্বত্র বাঁধ ভাঙছে, নদীর জল সব ভাসিয়ে নিয়ে যাচ্ছে, আপনার দপ্তর মাঝে মাঝে লীক মেরামতের চেষ্টা করছে। আপনার দপ্তরের ব্যর্থতায় রাজ্যের কোথাও সেচের কোন উন্নতি হচ্ছে না। তাই আমি আপনার দপ্তরের বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম। থ্যাংক ইউ স্যার।

[4.30–4.40 p.m.]

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাবগুলি আনা হয়েছে সেগুলির সমর্থনে কিছু বক্তব্য রাখছি। পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় সেচ মন্ত্রী এখানে বসে আছেন। উনি ওঁর বাজেট ভাষণে বলেছেন মালদা এবং মুর্শিদাবাদ জেলার ভাঙন রোধের জন্য এবং বন্যা প্রতিরোধের জন্য বাঁধ নির্মাণের অনেক কাজই শেষ করা হয়েছে। এবং অনেক জায়গায় কাজ চলছে এবং অনেক জায়গার কাজ যুক্ত হয়েছে—এই যে কথাটা বলেছেন এই কথাটা মিথ্যা কথা। আমি কোথাও দেখতে পাচ্ছি না একটা বাঁধ নির্মাণ করেছেন কিম্বা একটা স্পার নির্মাণের কাজ শুরু হয়েছে। সুতরাং বাজেটে এই ধরণের মিথ্যা কথা বলা উচিৎ নয় বলে আমি মনে করি। যেখানে কাজ শেষ হয়নি সেখানে বলা হয়েছে কাজ শেষ হয়েছে। গত বছর বন্যার সময়ে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত মালদায় গিয়েছিলেন। উনি ওখানে গিয়ে বান-ভাসি মানুষদের কাছে বলেছিলেন, আগামী বছরের মধ্যে কেন্দ্রীয় সরকার যদি টাকা নাও দেয় তাহলেও রাজ্য সবকারের টাকায় মালদা এবং মুর্শিদাবাদ জেলার গঙ্গার ভাঙন এবং বন্যা প্রতিরোধের জন্য সমস্ত বাঁধ নির্মাণের কাজ সুখা মরসুমেই শেষ করা হবে। আজকে ১৫।২০ দিন হল অবিরাম মালদায় বৃষ্টি হচ্ছে। অথচ মালদা জেলায় যে সব পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার একটাও কাজ শেষ হয়নি। এর কারণে কি হতে পারে? আমার যা মনে হয়, সেচ দপ্তরকে হাজার কোটি টাকা দিয়ে দিলেও মালদা, মুর্শিদাবাদ এবং অন্যান্য জায়গায় গঙ্গার ভাঙন এবং বন্যা প্রতিরোধের কাজ সম্পূর্ণ করতে পারবে না এই সেচ দপ্তর। তাই অনেক টাল-বাহানা করার পর মালদা জেলার সেচ দপ্তর প্রায় ৩৪ কোটি টাকার প্রকল্প হাতে নিয়েছেন। সেই কাজগুলি আমি তুলে ধরছি এবং সেই কাজের কি অবস্থা সেটাও আমি তুলে ধরছি। গোপালপুরের কাছে অলিটোলা থেকে বালুটোলা পর্যন্ত ৯.৭ কিলোমিটার দীর্ঘ যষ্ঠ রিটায়ার্ড বাঁধ। এর খরচ ধরা হয় ৯ কোটি ২১ লক্ষ টাকা। তারপর, ভুতনীর নন্দীটোলা জিরো পয়েন্ট থেকে শিশু বোনা পর্যন্ত ৫ কিলোমিটার বাঁধ। খরচ ধরা হয়েছে ৩ কোটি ৯৪ হাজার টাকা। তারপর, মোট ২৭ লক্ষ টাকা খরচ করে ইংলিশবাজারের নরসিংহ কুপ্পার কাছে ৫০ মিটার, ১০০ মিটার এবং ৩৬০ মিটার

তিনটি ছোট বাঁধ নির্মাণ। তারপর ২০ নম্বর স্পার মেরামতি এবং সেটিকে আরো শক্ত-পোক্ত করে তোলা। তারজন্য খরচ ধরা হয়েছে ৫ কোটি ৫৪ লক্ষ টাকা। তারপর, ২৪ নম্বরের কাছা-কাছি একটি নতুন স্পার তৈরী হবে। খরচ হবে ১৩ কোটি ৫০ লক্ষ টাকা। বোল্ডার চুরি রুখতে ঠিকাদারের মাধ্যমে সেচ দপ্তর নিজেরাই বোল্ডার কিনবে। খরচ হবে ৩ কোটি ১০ লক্ষ টাকা। সেচ দপ্তর এই ৬টি পরিকল্পনা হাতে নেওয়ার পর নিয়ম-মাফিক টেন্ডার শেষ হয় গত জানুয়ারী মাসে। কিন্তু তারপর শুরু হয় বাঁধগুলো নির্মাণের কাজ করতে গিয়ে নানা টাল-বাহানা। সেচ দপ্তর ও জেলা প্রশাসন জমি অধিগ্রহণের ব্যাপার নিয়ে একে অন্যের ঘাড়ে দোষ চাপাতে শুরু করে। তারপর মালদহের কংগ্রেস নেতা বরকত সাহেবকে নিয়ে ডি. এম. ও এ. ডি.মের সাথে দেখা করি এবং এ ব্যাপারে আলোচনা করি। টাকা না পেলে মানুষ কাজ করতে দিতে চাইছে না। তারপর এ. এম তাড়া-হুড়ো করে টাকা দেওয়ার ব্যবস্থা করেন। তারপর এপ্রিল মাসের প্রথম সপ্তাহেই বাঁধ নির্মাণের জন্য জমি সেচ দপ্তরের হাতে তুলে দেওয়া হয়। শুরু হওয়ার পরে পরেই ধান কাটার সময়। সেই সময়ে কনট্রাক্টররা এক মাস বাঁধ নির্মাণের কাজ না করে বসে থাকেন। সেই সময়ে মালদার সেচ দপ্তর নীরব দর্শকের মত কাজ করেন। ফলে বাঁধ নির্মাণ এবং স্পার নির্মানের কাজ শেষ করতে পারেনি সেচ দপ্তর। আমার প্রশ্ন যখন টেন্ডার করলেন তখন কন্ট্রাক্টরদের বাধ্যতামূলকভাবে কেন বলেন নি যে তোমাদের ২ মাসের মধ্যে কাজ শেষ করতে হবে। যেখানে অর্থমন্ত্রী নিজেই বলেছেন খরা মরশুমে কাজ করতে এবং মাননীয় সেচমন্ত্রী তিনিও বলেছেন খরা মরশুমে কাজ করতে। এ ব্যাপারে সাবজেক্ট কমিটি রেজোলিউশন করেছে এবং ঐ কমিটির চেয়ারম্যান তিনিও বলেছেন খরা মরশুমে কাজ করতে হবে। তাই বলছি, কেন খরা মরশুমে মালদা জেলার কাজ শেষ করা গেল না তার জবাব মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে দিতে হবে? কেন নির্দিষ্ট সময়ে শেষ করা গেল না? আজকাল পত্রিকায় বেরিয়েছে, ফুলহরনদীতে মহানন্দাটোলা থেকে বিলাইমারিতে প্রচন্ড ভাঙন শুরু হয়েছে। আমাদের বিধায়ক সমরবাবুর বাড়ী হচ্ছে মহানন্দাটোলায়। তার বাড়ীসহ সমগ্র মহানন্দাটোলা আজকে থাকবে কিনা সন্দেহ দেখা দিয়েছে। সেই ভাঙন প্রতিরোধের কাজ সেচ দপ্তর করতে পারেনি। তাই সেচ দপ্তর ব্যর্থ। গত বৈশাখ মাসে মালদা জেলার সেচ দপ্তর ৫ থেকে ৭ লক্ষ বোল্ডার কালেকশন করেছেন যেগুলি আন্ডার এসটিমেট বোল্ডার। যে মাপ দেওয়া হয়েছে সেটা নির্দ্ধারিত মাপের থেকে ছোট বোল্ডার।

অর্থাৎ কম টাকার বোল্ডার। সেটা আমাদের সামনে মালদহ জেলার সেচ দপ্তর রিফিউজ করেছিলেন। গত পরশুদিন আমি সেচ দপ্তরের একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে ফোন করে বলেছি, আপনি যেটা রিফিউজ করেছিলেন গত বৈশাখ মাসে আজকে সেই বোল্ডারগুলিই ২০ নং স্পারে লাগিয়ে দেওয়া হল কেন তার জবাব দিতে হবে। মাননীয় সেচ মন্ত্রী মহাশয়, শুধু বিরোধিতার জন্য বিরোধিতা করছি না, আপনার কাছে আবেদন জানিয়ে বলছি, যেভাবে গঙ্গার ভাঙ্গন চলছে তাতে আগামীদিনে মালদহ শহরই শুধু নয়, মালদহ জেলা থাকবে কিনা সন্দেহ। তাই শুধু টাকা দিলেই হবে না, খরা মরশুমে সমস্ত কাজ যাতে হয় সেটা আপনাকে দেখতে হবে এবং আমরাও সেটা দেখবো।

সমস্ত কাজ সেখানে দেখে শুনে করাতে হবে। তা না হলে সেখানে কোনদিনই কাজ শেষ হবে না। পরিশেষে আমি বলব, দুর্নীতির মধ্যে ডুবে রয়েছে মালদহ জেলার সেচ দপ্তর। তার প্রতি দৃষ্টি না দিলে আগামীদিনে মালদহ ও মুর্শিদাবাদ জেলা বলে কিছু থাকবে না। এই বলে বাজেটের বিরোধিতা করে এবং আমাদের ছাঁটাই প্রস্তাবগুলি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যা নন্দন দাসমহাপাত্র ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রীদেবব্রত ব্যানার্জী মহাশয় এই বিধানসভায় সম্ভবতঃ মন্ত্রী হিসাবে সর্বশেষ তার ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করেছেন। বর্তমানে সংসদীয় মোহ এবং ক্ষমতার নাগপাশ যখন অনেক বিপ্লবীর চরিত্র নষ্ট করে দিচ্ছে তখন আমরা দেখতে পাচ্ছি তিনি মন্ত্রীত্ব ছেড়ে সংগঠনের কাজে আত্মনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমি প্রথমেই তাকে তার এই সিদ্ধান্তের জন্য অভিনন্দন জানাচ্ছি। বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে প্রথমেই যে কথাটা বলতে চাই সেটা হ'ল, অর্থের অপ্রতুলতা এবং আপাতঃ অনতিক্রম্য বহুবিধ সমস্যা ও জটিলতার মধ্যে দাঁড়িয়ে আপনার দপ্তরের কাজের মূল্যায়ণ যদি করতে হয় তাহলে সেটা হবে সাফল্যের মূল্যায়ণ। আমি আপনার ব্যয় বরাদ্দের দাবী সমর্থন করছি। বিরোধীপক্ষের বক্তব্য আমি মন দিয়ে শুনছিলাম। আমাদের পশ্চিমবঙ্গের যে ভৌগলিক অবস্থান এবং যে বিশেষ বিশেষ সমস্যা সেই সমস্যার পরিপ্রেক্ষিতে কেন্দ্র এবং রাজ্য সরকারের যে ভূমিকা সেই ভূমিকার বিষয়ে বিন্দুমাত্র কোন আলোচনা বিরোধীপক্ষের বক্তব্যের মধ্যে শুনলাম না। গঙ্গা অববাহিকার একেবারে শেষ প্রান্তে পশ্চিমবাংলার অবস্থান। এর অনিবার্য ফল হিসাবে প্রতি বছর উপরের জলের চাপ পশ্চিমবঙ্গকে সইতে হয় ফলে স্বাভাবিকভাবে এখানে বন্যার সমস্যা দীর্ঘদিনের। এই বাস্তব অবস্থা দাবী করে—সংবিধানে যাই লেখা থাক, সেচ ষ্টেট সাবজেক্ট ইত্যাদি বলে—এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। ওদের আলোচনায় কিন্তু এসব কথা কোনদিনই শুনি নি। ইতিপূর্বে অনেকবার বলেছি, আবার বলছি, এই বিধানসভা থেকে আবার এই কণ্ঠস্বর ধ্বনিত হওয়া দরকার যে, অবিলম্বে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারগুলির মিলিতভাবে একটা জাতীয় জলনীতি গ্রহণ করা দরকার। শুধু তাই নয়, কেন্দ্র এবং রাজ্য সেই জলনীতি প্রসঙ্গে কে কতখানি আর্থিক দায়িত্ব পালন করবেন তাও নির্দিষ্ট করা দরকার। এ দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে পালন করতে হবে। এ দাবী আপনিও করেছেন, এ দাবী রাজ্য সরকারেরও দাবী, আমাদের সকলেরই দাবী কিন্তু এ ব্যাপারে বিরোধীপক্ষ কোন দাবী তোলেন নি। আমাদের পশ্চিমবঙ্গের এই বিশেষ সমস্যার ব্যাপারে নেপাল ও ভুটানেরও একটা দায়িত্ব আছে। এগুলি বিদেশী রাষ্ট্র। কাজেই স্বাভাবিকভাবেই বন্যা নিয়ন্ত্রণের জন্য সেখানে একটা ফোরাম সৃষ্টি করার প্রয়োজন হয়ে পড়েছে যেখানে সংশ্লিষ্ট রাজ্যসরকার, কেন্দ্রীয় সরকার এবং বিদেশী রাষ্ট্রগুলির একটা করে রোল থাকবে। সেখানে কার কতখানি আর্থিক দায়-দায়িত্ব তা ও নির্দিষ্টভাবে থাকা দরকার। এই দুটি ব্যাপার সম্পর্কে বিরোধীপক্ষের কাছ থেকে কিন্তু কোনদিন কিছু শুনি নি।

[4.40–4.50 p.m.]

সে সম্পর্কে কোন বক্তব্য শোনা যায় নি। আমি আপনার বিভাগ সম্পর্কে বলবো— বিভিন্ন দপ্তরের সঙ্গে যে কো-অর্ডিনেশন সেটা আরো বেশী করে বাড়ানো প্রয়োজন আপনার। দ্বিতীয়তঃ বলছি, একদিকে সাফল্যের কথা বলবো, আর একদিকে বিস্মরণের কথা বলবো। কেন্দ্রের বঞ্চনার কথা বললে ওরা ক্ষেপে যান, কিন্তু বিধানচন্দ্র রায়ের আমল থেকে এই বঞ্চনা চলছে। ইরিগেশন স্কিমে ন্যূনতম রেসপনসিবিলিটি পালন করবার জন্য—এই রাজ্য এবং তাদের যে কমিটমেন্ট সেই প্রশ্ন নয়—কেন্দ্রীয় সরকারের যে দপ্তরগুলি এই রাজ্যে রয়েছে তাদের যে রেসপনসিবিলিটি সেটা তারা পালন করেন নি। উত্তরবঙ্গে ধূপগুড়ির কাছে রেল সেতুর বাঁধ ভেঙে সেখানে ভয়ঙ্করভাবে ভাঙন হচ্ছে, ফলে সেখানে রেললাইন বিপন্ন: স্বাভাবিকভাবেই ঐ ভাঙন রোধের ব্যাপারটা নর্থ-ফ্রন্টিয়ার রেলের উপর এসে যায়। কিন্তু সেই দায়িত্ব তারা পালন করেনি। যে কাজটা কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরের সেটা তারা করলেন না, সেটা আমাদের করতে হ'ল। মালদার কথা এখানে অনেকেই বলেছেন। মালদার বাঁধের ব্যাপারে আমরা সবাই একমত এবং ঐ ব্যাপারে সমগ্র ভারতবাসীর একমত হওয়া উচিত। সেখানকার লেফট্ এনব্যাঙ্কমেন্টের যে বাঁধ তার রিপেয়ারের দায়িত্ব ফরাক্কা ব্যারাজ অথরিটির, কিন্তু তারা কোন রেসপন্স করলেন না। সেন্ট্রাল গভর্ণমেন্ট পাথরের মত পড়ে রয়েছেন। ফলে তার রিপেয়ারের দায়িত্ব রাজ্য সরকারকে নিতে হয়েছে। সুতরাং ঐ দায়িত্ব রাজ্য সরকার এবং এই দপ্তর পালন করেছেন, এটা অভিনন্দনযোগ্য।

এবারে এই দপ্তরের বিস্মরণের বিষয়টা আলোচনা করছি। গঙ্গা-পদ্মা ভাঙনের ব্যাপারটা এখানে অনেকে বলেছেন, আর. এস. পি. বেঞ্চ থেকেও বলেছেন। এটা ঠিকই, ম্যাচিং গ্র্যান্ট প্ল্যানিং কমিশনের কাছ থেকে কত পাওয়া যাবে সেটা জানা যায়নি। ধরে নিতে হবে সেটা পাওয়া যাবে না। কিন্তু এবারে রাজ্য বাজেটে গঙ্গা-পদ্মা ভাঙনের জন্য এক পয়সাও বরাদ্দ করতে পারলেন না কেন? অর্থের অসুবিধা আছে এটা ঠিক, কিন্তু সুবর্ণরেখা প্রকল্পের জন্য ৫ কোটি টাকা রেখেছেন কেন? আর যেভাবে টাকা রাখছেন তাতে ঐ কাজটা একশ' বছরেও শেষ হবে না। তারজন্য আমার নির্দিষ্ট প্রস্তাব, এই ৫ কোটি টাকা শিফট্ করুন গঙ্গা-পদ্মা ভাঙনের জন্য। এরকম অনেক স্কিম আছে যেগুলোর জন্য ২০-৩০ বছর ধরে এভাবে ২-৪ লক্ষ করে টাকা রাখছেন, কিন্তু কাজ কিছুই হচ্ছে না। অন্য কোন প্রকল্পের কাজ ৩০ বছর পরও হতে পারে, সুবর্ণরেখা প্রকল্পের কাজ পরে হতে পারে, কিন্তু ভূখন্ড যদি ধ্বসে যায় তাহলে একশ' কোটি বছরেও সেটা আমরা ফিরে পাবে না। তারজন্য গঙ্গা-পদ্মা ভাঙনসহ অন্যান্য ভাঙন রোধে আপনার দপ্তরের বাজেটে তার মেজর ক্ল্যাশ হওয়া দরকার। আশা করি, এ বিষয়ে বিশেষ জোর দেবেন। এই প্রসঙ্গে আরো দু'একটি কথা উল্লেখ করছি। আপনি দায়িত্ব যথাযথভাবেই পালন করছেন, ব্যক্তি জীবনে আপনার সদিচ্ছা এবং সততাও সন্দেহাতীত, কিন্তু দপ্তর পরিচালনার ক্ষেত্রে আপনাকে দেখলে মনে হয় আপনি বোধ হয় ডেনমার্কের রাজপুত্রের মত দোদুল্যমানতায় ভুগছেন। আপনার দপ্তর সম্পর্কে অনেক অভিযোগ উঠেছে, যেন

আপনার দপ্তর কলুষ কালিমায় লিপ্ত। আপনার দপ্তরে গেলে মনে হয়, হ্যামলেটের প্রয়াত পিতার আত্মা কনট্রাকটরের রূপ ধরে কালো হাত নিয়ে সেখানে ঘুরে বেড়াচ্ছে। অনেক সমস্যা রয়েছে, কিন্তু তার সমাধান আপনি করতে পারেননি। ভুতনিতে ফোর্থ এনব্যাঙ্কমেন্টে যে নতুন কাজ করা হয়েছে তা ঠিকমত করতে পারেন নি। তাহলে কি আপনার দপ্তরের যারা ইঞ্জিনিয়ার তাদের প্ল্যানের মধ্যে ভুল ছিল? আমি কিন্তু সেটা মনে করি না। আমার বিশ্বাস, সেখানে যে কন্ট্রাক্টর কাজ করেছেন তার কাজের মধ্যে ভয়ঙ্কর গাফিলতি ছিল যেটা আপনার সুপারভাইসররা ধরতে পারেননি। ভেরী রিসেন্টলি আপনাকে জানিয়েছি কেলেঘাই প্রকল্পের ফাস্ট ফেজের কাজের ব্যাপারে। আমরা বারেবারে মেদিনীপুরের লোকেরা আপনার দপ্তরের অধীনে যে কিছু ঠিকাদার ওখানে আছে, মাফিয়া গ্যাং স্টার ঠিকাদার তাদের সম্বন্ধে বারেবারে আপনাকে বলেছি যে ওদের দিয়ে কাজ করাবেন না। ওই ঠিকাদাররা আপনার অফিসারদের গিয়ে হেকেল করে, টেন্ডার পেপার ছিনিয়ে নেয়, নানা রকম জুলুমবাজি করে, ওদেরকে আর কাজ দেবেন না। ওদেরকে ব্ল্যাক লিস্টেড করুন। কিন্তু আপনি তা পারেন নি। অতি সম্প্রতি যে কাজ তারা করেছে তার দু একটি ফেজের প্রায় ৯০ শতাংশ কাজ ইনকমপ্লিট। তাতে বাঁধ কেটে জল ঢুকিয়ে দেওয়া হয়েছে। এই যে কাজগুলো এগুলো আপনি ফাইন্ড আউট করবেন। অনেক বাধা বিপত্তি সত্বেও আপনার দপ্তরের অফিসাররা এবং ইঞ্জিনীয়াররা কাজ করে যাচ্ছেন। আপনার দপ্তরে অসংখ্য ভাল জানা ইঞ্জিনীয়ার রয়েছেন, তারা ভারতের যে কোন রাজ্যের ইঞ্জিনীয়ারের সমতুল্য, কোথাও আবার তাদের থেকে বেশী যোগ্য। কিন্তু আপনার এ্যাডমিনিষ্ট্রেশান চূড়ান্ত ব্যর্থতা এবং গাফিলতির জন্যে আপনার দপ্তর তার জড়তা কাটিয়ে উঠতে পারছে না। সেখানে আপনি যদি শক্ত না হন, আপনি যদি দোদুল্যমান হন তাহলে কাজ হবে কি করে। আমরা মেদিনীপুর থেকে এবং জেলা পরিষদ থেকে বারে বারেই দাবী করেছি যে, সেচপত্র বার করুন। আপনিও সেচপত্র বার করেছেন জেলার সঙ্গে লিংক করার জন্যে। কিন্তু পাবলিক কমিটমেন্টের ক্ষেত্রে আপনি যে লায়াবেল সেটা আপনি করতে পারেন নি। আমরা বারে বারে দাবী জানিয়েছি যে, মেদিনীপুর হেড কোয়ার্টারে নয় নং ফোর সেকশানে সবং নিয়ে আসুন, আপনি অর্ডার পর্যন্ত দিয়েছেন এবং সিদ্ধান্তও নিয়েছেন কিন্তু সেটাকে ইমপ্লিমেন্ট করতে পারেন নি। আপনি বারে বারে হেজিটেশানে ভুগছেন। আপনার সততা, নিষ্ঠা এবং আন্তরিকতা রয়েছে, কিন্তু আপনার ঘাড়ে যে কালোভূত চেপে বসেছে সে আপনাকে কুরে কুরে খাচ্ছে। আপনার সততা থাকা সত্বেও সাফল্যের সঙ্গে বেরিয়ে আসতে পারছেন না। এইকথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দিলীপ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী ১৯৯৯-২০০০ সালের জন্য উৎথাপন করেছেন আমি তার বিরোধিতা করে আমাদের দলের আনীত কাটমোশানকে সমর্থন করে কথা বলছি। পশ্চিমবঙ্গে চাষযোগ্য জমির পরিমাণ ৭৮.৪২ লক্ষ হেক্টর, তারমধ্যে ৫৮.৫ শতাংশ সেচের আওতায় আছে। মাননীয় মন্ত্রীকে বলছি ১৯৫২ সাল থেকে ৬৭ সাল এবং ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল এই ২০ বছরে কংগ্রেস ৩৩ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা করেছিল। আর

আপনারা ২৩ বছরে মাত্র ২৫.৮ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা করেছেন। তাহলে সেচ ভিত্তিক জমির পরিমাণ কত —৪৫.৬০ লক্ষ হেক্টর। এর মধ্যে মাইনর ইরিগেশান কত—৩৩.৬৪ লক্ষ হেক্টর, আর আপনার দপ্তরে কত —১২.১৬ লক্ষ হেক্টর। পৃথিবীর কোন উন্নত দেশে ক্ষুদ্র সেচের ব্যবস্থা আর নেই, উঠে গেছে। মাননীয় প্রাক্তন অর্থমন্ত্রী এই বিধানসভাতে বাজেট বক্তৃতায় বলেছিলেন যে মাইনর ইরিগেশান যদি বন্ধ না রাখা হয় এবং ভূগর্ভস্থ জল যদি বন্ধ না রাখা যায় তাহলে আগামীদিনে ভূ-পৃষ্ঠের জল কমবে এবং পরিবেশ দূষণ হবে এবং মাটি তার ভারসাম্য হারাবে। সেখানে আমাদের এখানে মাইনর ইরিগেশান তার কাজ ক্রমশ বাড়িয়ে যাচ্ছে আর আপনার দপ্তরের কাজ কমে যাচ্ছে। অবশ্য আপনাকে বললেও আপনি করবেন বা কি।

মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত তিনি মালদা উত্তর দিনাজপুর জেলায় বন্যা হলে হেলিকপ্টারে তিনি পরিদর্শন করেন। আপনি সেচমন্ত্রী ভাঙন রোধে কি করেছেন? মালদায় বন্যা হলে আপনি সেখানে থেকে তদারকি করলেন, আপনি ট্রেনে গেলেন, সেখানে থাকলেন, কিন্তু অর্থমন্ত্রী সেখানে যে দাদাগিরি করছে, তা সহ্য হয় না। আপনার দপ্তর, আপনি একজন সজ্জন ব্যক্তি, আপনি সাচ্চা জগন্নাথ, পুরীর জগন্নাথ, আসলে আপনি ঠুঁটো জগন্নাথ, আসলে আপনার কোন কাজ নেই, আপনার দপ্তরে যেখানে দাদাগিরি করে, সেখানে আপনি কেন মন্ত্রী আছেন, আপনি তো পার্টির সর্বভারতীয় সম্পাদক হয়েছেন। আপনি সেখানে যাচ্ছেন না কেন? আমি এখানে আপনাকে তথ্য দিয়ে বলছি, আমি এবারে এসেছি, তিস্তা প্রকল্পের কথা আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি, আমার বন্ধুবর তিস্তা প্রকল্পের কথা বলেছেন, আমি এই ব্যাপারে অফিসিয়াল রেকর্ড থেকে বলছি, স্যার, তিস্তা প্রকল্পর জন্মদাতা কে? তিস্তা প্রকল্পর জন্মদাতা এ. বি. এ. গণিখান চৌধুরী উনি ৭৫ সালে তিস্তা প্রকল্প করেছিলেন, সেই প্রকল্পর গত ২৩ বছরে কি করেছেন দেখুন, ২৩ বছরে এই প্রকল্পতে প্রায় ৭ হাজার ৭ শত কোটি টাকা খরচ করেছেন। আপনার দেওয়া তথ্য, তারও বেশী। আপনার দেওয়া তথ্য আমি বলছি, আপনাকে আমরা সবাই শ্রদ্ধা করি, আপনার দেওয়া তথ্য, আপনি কি দিয়েছেন, আমি চ্যালেঞ্জ করছি বিধানসভায়, আপনি বলেছেন কুচবিহারে ৫ শত ২ হাজার হেক্টর জমিতে জল দিয়েছেন, জলপাইগুড়িতে ৪৬ হাজার ১৯৩ হেক্টর জমিতে জল দিয়েছেন, দার্জিলিঙে দিয়েছেন ৭ হাজার ৫১৬ হেক্টর জমিতে। উত্তর দিনাজপুরে দিয়েছেন ৬ হাজার হেক্টর জমিতে। আমি স্যার, আপনার মাধ্যমে বলছি, আমি এই বিধানসভায় একটা মেনশান দিয়েছিলাম, তিস্তা প্রকল্প আমার জেলায়, প্রায় ৬০ কি. মি. রাস্তার স্লাব নেই, উঠে গিয়েছে। সুতরাং আমার জেলায় যদি ৬ হাজার হেক্টর জমির মধ্যে যদি ৬ শত হেক্টর জমিতে জল এসে থাকে তাহলে চ্যালেঞ্জ করছি, আপনার দেওয়া যে তথ্য তা সম্পূর্ণ অসত্য। এইভাবে মানুষকে কেন ভুল তথ্য পরিবেশন করেন। আপনি তদন্ত কমিশন করেছিলেন, ইসলামপুর, চোপড়ায় যে দুর্নীতি হয়েছে, সেই ব্যাপারে, আপনার সেই রিপোর্ট কোথায়? তিস্তা প্রকল্পর কাজে কিছু সৎ অফিসার যেমন আছে, তেমনি বেশ কিছু অসৎ অফিসার সেখানে আছে, তারা তাদের পকেট ভরছে। স্যার, গ্রাম বাংলায় আগে যারা সি. পি. এম. করতো, তারা বিড়ি খেত, এখন তারা ফিল্টার উইলস সিগারেট

খাচ্ছে, যাদের একটা বৌ ছিল, তাদের এখন ৫টা বৌ হয়েছে, যাদের কিছু ছিল না, তাদের কোটি কোটি টাকা হয়েছে। আপনি কি করবেন? আপনি যদি সেই চোরকে ধরেন তাহলে চাকরি থাকবে না। আমার সময় অল্প, তাই বেশি কিছু বলতে পারছি না, আমি এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4.50–5.00 p.m.]

**শ্রী ননী গোপাল চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় সেচের উপরে যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থাপিত হয়েছে, তাকে সমর্থন করে বিরোধী বন্ধুদের যে কাটমোশান এসেছে তার বিরোধিতা করছি। অবশ্য বিরোধিতা করছি এই জন্য নয়, কেবল সংখ্যাধিক্যের জোরে তা নয়, আমি কতকগুলি যুক্তি হাজির করতে চাই। সেইগুলি দেখলে বোঝা যাবে যে সত্যিই একটা বিরোধীতা করার জন্যই বিরোধিতা করা। এই জন্য বলছি, একটা জিনিস তারা কি করে ভুলে যান?

এখানে একজন বক্তৃতা রাখার সময় মাননীয় মন্ত্রী মহাশয়কে বললেন টৌটো জগন্নাথ। আমি বিলিয়ারের গল্প পড়ছিলাম, তিনি সমুদ্রের গর্জনকে থামতে বললে থেমে যায়। পশ্চিমবাংলায় ভৌগলিক অবস্থা যা, তাতে নদীগুলিকে উপর থেকে নেমে আসতে বললে নেমে আসবে, আর উঠে যেতে বললে উঠে যাবে, তাতো হবে না। ডানদিকে বা বাঁদিকে তো ঘোরানো যাবে না, এটা আপনারা একটু খেয়াল করলে বা দেখলে বুঝবেন। বামফ্রন্ট সরকার তো আজকে এসেছে, আমি রেকর্ড দেখে বলছি, ১৯৩১ সাল থেকে ১৯৩৩ সালের মধ্যে আখেরিগঞ্জের তেরো কিলোমিটার জায়গার মধ্যে ৩০০ মিটার চওড়া জায়গা নদীগর্ভে চলে গিয়েছিল। কিন্তু তখন তো বামফ্রন্ট সরকার ছিল না। ১৯৪৫ থেকে ১৯৫০ সালের মধ্যে ধূলিয়ানের অর্ধেকটা নদীগর্ভে চলে গিয়েছিল, তখন তো সেখানে বামফ্রন্ট সরকার ছিল না। ১৯৬০ সালের আগে শাখোপাড়া হল্ট থেকে প্রায় তেরো কিলোমিটার রেলপথ নদীগর্ভে চলে যায়, তখন তো বামফ্রন্ট সরকার ছিল না। এই যে নদীর গতিপ্রকৃতি এবং আমাদের যে অবস্থান, সেই অবস্থানের উপরেই এই অবস্থা। আমরা ছেলেবেলায় পড়েছি, 'পদ্মা একূল ভাঙ্গে, ওকূল গড়ে, এই তো নদীর খেলা'। সেই চিন্তাভাবনার উপরে দাঁড়িয়ে আমি বিরোধী বন্ধুদের বলি ১৯৪৭ সালের স্বাধীনতার পরের কথা। এখানে আবার একজন বলছেন সেই ১৯৪৭ সালের কথা, হ্যাঁ, আমি বাণভাসি এলাকার মানুষ। যদি তার পিতার জন্য কোন পুত্রের শরীরে এইডস্ সংক্রামক হয়, রোগ ছড়িয়ে পড়ে তাহলে কি সে বলবে না এরজন্য কি আমি দায়ী। এইসব ব্যাপারগুলোকে নিয়ে যখন চিন্তাভাবনা শুরু হল তখন ডি. ভি. সি-র কথা আসল। ডি. ভি. সি ৩টি ফেজে তৈরী হয়। এক হচ্ছে নদীর বহতা, দুই হচ্ছে নদীর এমব্যাঙ্কমেন্ট এবং তিন হচ্ছে আটটি ব্যারেজ তৈরী হবে। হারান মাষ্টার হেরে গেছে সেটা তো জানাতে হবে তাই ঢাক না পেটালে লোকে জানবে কি করে, কারণ সেতো ডোন্ট নোর দলে। মুন্ডেশ্বরী নদীর তিন কিলোমিটার দূর দিয়ে একটা বাঁধ হওয়ার কথা ছিল। এই বাঁধটা তৈরী হলে শয়ে শয়ে বসতি চলে যাবে। তাই ওদের দল প্রচন্ড বিরোধিতা করল এবং তার সঙ্গে দেশের মানুষও বিরোধিতা করল, তারপরে

সেটা এ্যাবানডান হয়ে গেল। আটটির জায়গায় মোট পাঁচটি ব্যারেজ তৈরী হল। আজকে যারা বিরোধিতা করছেন তারা দয়া করে দেখবেন ব্যারেজগুলোর জল ধারণ করার ক্ষমতা আজকে কোন জায়গায় গিয়ে পৌঁচেছে। প্রতি বছর যে শিলটেশান পড়ে সেটা ডিসিল্ট করার জন্য কোন ব্যবস্থা নেওয়া হল না কেন? ডি. ভি. সি ব্যারেজ যখন তৈরী হল তখন তার সংবিধানে বলা হল, বোরো চাষের জন্য সেখান থেকে জল দেওয়া যাবে না। কিন্তু সংবিধানকে অতিক্রম করে পশ্চিমবঙ্গ সরকার কৃষকদের কথা ভেবে বোরো চাষে জল দেওয়ার চেষ্টা করছে।

[5.00–5.10 p.m.]

কেন আজকে কেন্দ্রীয় সরকার, কেন্দ্রীয় সরকার এই কথাটা ওঠে? আপনারা দেখুন, গত বছর এবং তার আগের বছর কি হয়েছিল। ওদের জল ধারণ করার ক্ষমতা নেই। আর তেনুঘাট নামক একটি বস্তু আছে, সেখান থেকে জল কখন ছাড়া হয়? যখন আমরা জলে ভাসছি, আমাদের নাক পর্যন্ত ডুবে গেছে, তখন দুম করে সেখান থেকে জল ছেড়ে দিল—আমরা কিছু করতে পারি না, ভেসে চুরমার হয়ে যাই। তখন আপনারা বলেন—কি করছে বামফ্রন্ট সরকার? এর জন্য কি বামফ্রন্ট সরকার দায়ী? কেন সেই ভাবে পরিকল্পনা নেওয়া হল না? আমি জানি, কে. এল. রায়ের সময় একবার চিন্তা-ভাবনা হয়েছিল। আজকে পশ্চিমবাংলায় লোড সেডিং-এর কথা বলছেন। আমরা মাঝে-মাঝেই কাগজে দেখি দিল্লীতে লোডসেডিং। তখন কি করে দিল্লী? পশ্চিমবাংলা থেকে বিদ্যুৎ নিতে হয়। অবশ্য পশ্চিমবাংলাকেও কখনো কখনো প্রয়োজন হলে মহারাষ্ট্র বা অন্য জায়গা থেকে নিতে হোত। কে. এল. রায়ের সময় নদীচক্র করার পরিকল্পনা হয়েছিল। কোথায় গেল সেটা? সেটা কেন ভাববেন না? আজকে সঙ্কোশ নিয়ে অনুমতি পাওয়া যায় না দিল্লি থেকে, বিদেশের থেকে অনুমতি নিতে হবে। আজকে আপনারা সঙ্কোশ সঙ্কোশ করছেন। আগে ভাবনা করা উচিত ছিল। কোন ভাবনাই নেওয়া হয়নি। নদী পরিকল্পনা কম কথা নয়। এক্ষেত্রে অসংখ্য ব্যাপার থাকে, আন্তর্জাতিক প্রশ্ন এসে দাঁড়ায়। কি সাংঘাতিক অবস্থার মধ্যে আমরা এসেছি ভেবে দেখুন। আমি যেখানে বাস করি—মুন্ডেশ্বরী, লোয়ার দামোদর, সেখানে অদ্ভুত পরিকল্পনা ছিল। দামোদরকে ভেঙে দিয়ে ডাকাতিয়া, ইত্যাদি করে ডাইভার্সিফিকেশন করা হ'ল। ৫৮ গেট করে উলুবেড়িয়ায় দামোদরের গলাটা বন্ধ করে দিল। বলল, ২০ হাজার কিউসেক জল যাবে। তারপর যখন নদী তার নিজস্ব গতিতে এল, তখন আর কিছু করার রইল না। আমি বলেছি দামোদর মানে—দাম উদরে যস্য সঃ—বাঁধলে যে খেয়ে ফেলে, যে বন্ধন স্বীকার করে না এবং নিজের গতিতে যায়।

আজকে হুগলীর অবস্থা কি? গত বছর গ্রীষ্মের সময় এই ঘটনা ঘটেছে। যেহেতু খানাকুল এলাকা বর্ষার সময় ডুবে যায়, সেখানে জল দিতে হবে। দামোদর বন্ধ করে হুগলীতে দিতে হবে, কিন্তু দিতে পারেনি। কারণ ডি. ভি. সি.-র পরিকল্পনায় ছিল ভ্রান্তি। জল ধারণের যে ক্ষমতা ছিল, সেটা আর না থাকাতে জলও দিতে পারে না। যদি ডি. ভি. সি.-র পরিকল্পনাতে ভ্রান্তি না থাকত, তাহলে হাওড়া, হুগলী, বর্ধমান, কাটোয়া এলাকায়

কতগুলো গ্রাম পঞ্চায়েতকে সুখা মরশুমে এরকম ভয়ঙ্কর বিপদের সম্মুখীন হতে হোত না। মন্ত্রী মশাইকে বলব, প্রতি বছর যাতে এটা না হয় সেটা ভেবে দেখতে যে, কি ভাবে কি পরিকল্পনা গ্রহণ করলে এতটা জায়গাতে চাষটাকে বাঁচিয়ে রাখা যায়। আজকে নদীর যে সমস্যা, এখানে শুধু টাকা বরাদ্দ করলেই হবে না—একটা ভারি সুক্ষ্ম বৈজ্ঞানিক প্রক্রিয়াতে, চিন্তা-ভাবনার, সমীক্ষার মধ্যে দিয়ে চলতে হবে। নদী কোন্ সয়েলের উপর দিয়ে বইছে, কেমন করে জল পারকুলেট করে নিচ নামাতে হবে, কোন্ দিকে ঢাল আছে—বৈজ্ঞানিক প্রক্রিয়ায় এসব দেখতে হবে। কদিন আগে একটা ইনিস্টিটিউট তৈরী হয়েছে এবং তার যে বরাদ্দ তা এত স্বল্প যে, তাতে হয় না, এটা আরও বাড়ানো দরকার। ড্রেনেজ হাওড়া জেলার পক্ষে একটা ভয়ানক অবস্থা। দীর্ঘদিন ধরে আমরা দেখছি, আর এবারের বাজেটও দেখছি—আমার কিন্তু মনে হয়েছে এর জন্য সংশোধনী বাজেট দরকার। সরস্বতী ড্রেনেজ স্কিম, সেখানে ওয়াটার লগিং হচ্ছে। হাওড়া, হুগলীতে এরকম অনেক আছে। এই বিষয়ে নিশ্চয় আপনার ভাবনা আছে। যারা বলছে কোন ভাবনা নেই, তাদের বলব—থরোলি দেখুন, দেখতে পাবেন ভাবনা আছে, চিন্তা আছে। আপনারা মালদা মুর্শিদাবাদের অবস্থা ভেবে দেখবেন। এমনটা কি হয় যে, বন্যা যখন আসে, বন্যার মাথায় দুটো চোখ থাকে? সি পি এমের জমির উপর দিয়ে বন্যার জল নেঁচে খেলে চলে যাবে, আর কংগ্রেসের জমির উপর দিয়ে বন্যার জল গর্ত করে দিয়ে চলে যাবে এটা তো হয় না। সুতরাং সমস্যাটা সকলের। এই ব্যাপারে সকলেরই কাজ করা উচিত। আজকে কিভাবে নগরোন্নয়ন হয়ে গেছে? তিস্তায় গিয়ে দেখেছি যে, যেখানে শিলিগুড়িতে প্রথম ল্যান্ড করে, সেখানে যে ফেন্সিং এলাকা বলা হয়, সেখানে কিভাবে সংকুচিত হয়ে যাচ্ছে সেটা দেখতে হবে। দীঘায় দেখেছি যেখানে জোয়ারের জল চলে এসে প্রসারিত করত, আস্তে আস্তে ওই জায়গাগুলিতে কিভাবে সংকুচিত হয়ে যাচ্ছে। বাগজোলা খাল দেখতে গিয়ে দেখেছি যে, সেখানে মানুষ কিভাবে খাল বন্ধ করে দিচ্ছে। রাধাপুর ড্রেনেজেরও ঠিক একই অবস্থা। সেখানে মানুষ গোবর ফেলছে। এটা একদিন বুজে যাবে। সুতরাং সামগ্রিকভাবে যদি না ভাবা হয়, তাহলে পরিবর্তন আসবে না। বিরোধিতা করলে যে আসবে, আর না করলে যে আসবে না তা নয়। সমালোচনার জন্য সমালোচনা করবেন না। সত্যিকারের যদি সমালোচনা করতে চান, তাহলে ত্রুটিগুলি দেখিয়ে দেবেন। এই ব্যয়বরাদ্দকে শুধু সমর্থন নয়, আরও বৃদ্ধির আবেদন রেখে, বিরোধী বন্ধুরা আপনাদের আনা কাটমোশানের উইথ ড্র করুন এই আবেদন রেখে এবং এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মইনুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে সেচ ও জলপথ বিভাগের যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে তাকে বিরোধিতা করে, আমাদের আনা কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। তিস্তা প্রকল্প নিয়ে অনেক কথা অনেক সদস্য বলেছেন। আমার মন্ত্রী এবং তাঁর দপ্তরের কাছে প্রশ্ন যে, ১৯৭৫ সালে তিস্তা প্রকল্পের কাজ শুরু হয়েছে। যেখানে প্রায় ৯ লক্ষ হেক্টর জমিতে চাষের ব্যবস্থা করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে সরকার, সেখানে মাত্র ১ লক্ষ হেক্টর জমিকে চাষের আওতায় আনা হয়েছে বা জল দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আজকে মন্ত্রীর কাছে প্রশ্ন করব যে,

২৪ বছরে যেখানে ৯০ সালে তিস্তা প্রকল্পের কাজ শেষ করার কথা ছিল, সেটা আজকে ৯৯ সাল, ২৪ বছর পার হয়ে গেছে, আপনি কাজ শেষ করতে পারেন নি। আপনাকে জানাতে হবে যে, কবে নাগাদ এই কাজ আপনি শেষ করবেন। কারণ এই গল্প আমরা প্রতিবারই শুনি যে, একটা টার্গেট থাকে। দপ্তরের একটা টার্গেট থাকে এবং ঠিক সেইভাবে একটা টার্গেট দিয়েছিলেন, একটা নির্দিষ্ট সময় বেঁধে দিয়েছিলেন।

[5.50–5.20 p.m.]

আপনারা কিন্তু পারেন নি। প্রতিবার টাকা শুধু নয়ছয় হয়েছে। কোটি কোটি টাকা তিস্তা প্রকল্পে আপনি দিন আমাদের অসুবিধা নেই। কিন্তু আজকে একটা কবর স্থান নিয়ে, ইসলামপুরে, গুঞ্জরি কবরস্থান, সেই এলাকায় দীর্ঘদিন ধরে কাজ বন্ধ হয়ে আছে। আজকে আপনার দপ্তরের কাছে আমার মনে কোন তথ্য নেই এই যে একটা কাজ এইভাবে বন্ধ হয়ে পড়ে আছে গত তিন বছর ধরে। এর কোন সুরাহা হয় নি। আজকে আমি হাউসকে জানাতে চাই যে আজকে বাংলাদেশের সঙ্গে ফরাক্কা যে এলাকায় আমি বাস করি—একটা চুক্তি হয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রী সম্পূর্ণ তাঁর দায়িত্বে নিয়ে ভারতসরকারকে দিয়ে বাংলাদেশের সঙ্গে চুক্তি করে ছিলেন। আজকে মাননীয় মন্ত্রী আপনি জানেন কি ৪০ হাজার কিউসেক জল ফিডার ক্যানেলকে দিতে হয়। হলদিয়া বন্দরকে বাঁচাবার জন্য আপনারা ফিডার ক্যানেল তৈরী করেছিলেন। সেই জল দেওয়া হবে বাংলাদেশকে। কতটুকু জল দেওয়া সম্ভব। এখন বর্ষার সময়। মার্চ মাস থেকে জলের কি কষ্ট আপনারা বুঝতে পারবেন। আপনি তো জেলাতে যাওয়া ছেড়েই দিয়েছেন, সেখানে গঙ্গার আপে জল জমেছে, সিলট্রেশন হয়ে যাচ্ছে, এই সিলটেশন যদি সংস্কার করা না হয় তাহলে—আপনারা তো অনেক ঢাকঢোল পিটিয়ে প্রচার করে যে চুক্তি করেছিলেন—সেই চুক্তি ব্যর্থ হবে। এর কোন কার্যকারিতা থাকবে না। আজকে ঠিক সেইভাবে ৭৫ সাল থেকে সিলটেশন হয়ে আছে। হাজার হাজার বিঘা জমি আমাদের বুক চিরে গেছে। আপনারা জোর করে দখল করেছেন, আমরা জমি দিয়েছি হলদিয়া বন্দরকে বাঁচাতে। আপনি আমাদের জেলার মন্ত্রী ৪০ বর্গ কিলোমিটার এলাকায় জলাশয় হয়ে আছে। আজকে ৭৫ সাল থেকে সিলট্রেশন হয়ে আছে, আজকে ২৫ বছর অতিবাহিত হয়ে গেল, সেই এলাকার মানুষের কয়েক হাজার জমি জলাশয় হয়ে আছে। জল নিষ্কাশনের কোন ব্যবস্থা হয় নি। কোন প্রতিকার আপনি করেছেন? করেন নি। আজকে দুঃখের বিষয়, আজকে এতজন সদস্য তারা সকলেই গঙ্গা, পদ্মার ভাঙনের কথা বলেছেন। মালদহের ভয়াবহ ভাঙনের কথা বলেছেন কিন্তু দুর্ভাগ্যের বিষয় আমাদের জেলার মন্ত্রী প্রায় ২৩ বছর আছেন অন্য জেলা তো দূরের কথা তিনি মুর্শিদাবাদ জেলাতেও কিছু করতে পারেন নি। আজকে এই ব্যয়বরাদ্দ যেখানে গঙ্গা, পদ্মা ভাঙনের জন্য উনি এক পয়সাও দেন নি। আমি দায়িত্ব নিয়ে বলছি, আজকে এই ভাঙন আপনাদের ভাঙন জেনে রাখুন।

**শ্রী রামপদ সামন্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ৬৬ ও ৬৮ দাবী খাতে যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন আমি

তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাটমোশান-এর বিরোধীতা করছি। আপনারা সবাই জানেন পশ্চিমবাংলার আজকে বিভিন্ন ক্ষেত্রে যে সাফল্য — বিশেষ করে ভারতবর্ষের মধ্যে চাল উৎপাদন করার ক্ষেত্রে যে বিরাট সাফল্য অর্জন করেছে। এই সাফল্যের ক্ষেত্রে যে সব বিষয়গুলি সাহায্য করে তার মধ্যে ভূমি সংস্কার অন্যতম, আর সেচ বিভাগের যে সাফল্য তাও উল্লেখ্যের দাবী রাখে। আপনি নিশ্চয়ই জানেন সেচ বিভাগের সাফল্যের ফলে আমাদের দেশে সেচের বিরাট উন্নতি হয়েছে এবং তার ফলেই কৃষিতে বিরাট সাফল্য এসেছে। ১৯৯৭-৯৮ সালে ১৩৫৭ হাজার হেক্টর জমিতে সেচের ব্যবস্থা হয়েছে। ১৯৯৮-৯৯ আর্থিক বছরে আরও ৪০ হাজার হেক্টর জমিতে জল সেচের ব্যবস্থা বাড়ানো হয়েছে। ১৯৯৯-২০০০ সালে যে বাজেট হয়েছে তাতে আরও অতিরিক্ত ৫০ হাজার হেক্টর জমিতে জল সেচের ব্যবস্থা করা হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আমি কংগ্রেসী বন্ধুদের বলবো আপনারা কি চান না সেচ ব্যবস্থায় একের পর এক সাফল্য আসুক, সেচ ব্যবস্থার বিস্তার ঘটুক। আপনারা যদি চাইতেন তাহলে এই ধরনের বিরোধীতা করতেন না। আমরা সবাই উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, মালদা প্রভৃতি অঞ্চলের যে ভয়াবহ বন্যা হয়েছে তার জন্য উদ্বিগ্ন। এ ব্যাপারে সেচ বিভাগ যথেষ্ট ব্যবস্থা নিয়েছেন এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে ভাবে সাহায্য আসা উচিত ছিল, তা আসে নি। আপনারা তো তার উল্লেখ করেন নি। আপনারা জানেন আমাদের সেচ বিভাগ তোর্সা নদীর উপর বাঁধ নির্মান প্রকল্প, সঙ্কোস নদীর উপর বাঁধ নির্মান প্রকল্প, জলঢাকা নদীর উপর বাঁধ নির্মান প্রকল্প উত্তরবঙ্গকে রক্ষা করার জন্য নিয়েছে। তাকে বাস্তবায়িত করতে গেলে এই ব্যবস্থাকে সমর্থন করতে হবে। যদি না করেন তাহলে আপনারা উত্তরবঙ্গে যে বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা তার বিরোধীতা করবেন। কিন্তু তা আপনারা নিশ্চয়ই করবেন না। আপনারা জানেন তিস্তা প্রকল্পের মাধ্যমে জল বিদ্যুৎ সরবরাহের একটা বিরাট সাফল্যজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এই তিস্তা প্রকল্পের মাধ্যমে ১৬ হাজার হেক্টর জমিতে জল সেচের ব্যবস্থা হয়েছে এবং বর্তমান বছরে আরও দু-গুন জমিতে জল সেচের ব্যবস্থা করা হবে। আমাদের মেদিনীপুরে কপালেশ্বরী, কেলেঘাই, কাঁসাই-এর কাজ হাতে নেওয়া হয়েছে। আমি এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.20–5.30 p.m.]

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** স্যার, সেচ দপ্তরের যে বাজেট এখানে প্লেস করা হয়েছে তাকে সমর্থন করতে পারছি না এবং আমাদের আনা কাট-মোশানের সমর্থনে কিছু বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী একটা গতানুগতিক বাজেট এখানে পেশ করেছেন। গত বছর থেকে বাজেটে টাকা খুব একটা বাড়েনি। আপনি বাজেটে তিস্তা ব্যারেজ, সুবর্ণরেখা, কেলেঘাই-কপালেশ্বরী, প্রভৃতি কাজের কথা তুলে ধরেছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বিগত দিনে আপনি সব কাজে ব্যর্থ হয়েছেন। কোন কাজ সঠিক ভাবে এগোয় নি। অপরপক্ষে মুর্শিদাবাদ এবং মালদা জেলাতেই গঙ্গা-পদ্মার ভাঙ্গন যে ভয়াবহ আকার ধারন করেছে তাই নয় এটা হাওড়া পর্যন্ত বিস্তৃত হয়েছে। আপনার দপ্তর এটা

রোধ করতে পুরোপুরি ব্যর্থ হয়েছে। উত্তরবঙ্গ থেকে সুন্দরবন পর্যন্ত যে পরিকল্পনা হাতে নেওয়া হয়েছিল তাতে আমাদের দাবী ছিল সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নিয়ে কাজ করবেন। কিন্তু আমাদের বার বার বলা সত্ত্বেও সেই বর্ষাতে কাজ করা হচ্ছে। এটা আপনাদের একটা ব্যর্থতা। এই দপ্তরকে রাজ্য সরকারের অর্থমন্ত্রী টাকা দেয় কিনা জানি না, বিমাতৃ সুলভ ব্যবহার করে কিনা জানি না, কিন্তু আমরা দেখছি টাকা পেতে দেরী হয়েছে এবং কাজ হয়নি। অনেক ক্ষেত্রে রাজ্য সরকারের বাজেটে কোন টাকা রাখা হয়নি, কেন্দ্রীয় সরকারের টাকার উপর নির্ভর করে মুর্শিদাবাদের গঙ্গা-পদ্মার ভাঙ্গনের কাজ করা হচ্ছে। এক্ষেত্রে কেন্দ্র ৪৫ কোটি টাকা দেবে বলেছিল কিন্তু ২৫ কোটি টাকা দিয়েছে, ২০ কোটি টাকা এখনও দেয়নি। মুর্শিদাবাদে শুধু কেন্দ্রের টাকায় কাজ করবেন বলে আপনারা আশা করছেন। ইতিমধ্যে আবার মহাকরণে মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে। এই তো সরকারের হাল। আজকে তাঁদের টাকা দেওয়ার অসুবিধার জন্য কাজ ভালো ভাবে হচ্ছে না। তাহলে আজকে মালদার কি অবস্থা হবে? মাননীয় অর্থমন্ত্রী অসীমবাবু আবার মালদায় ছুটছেন আগামী দিনে সেখানে আবার বন্যা হতে পারে। তা যদি হয় তাহলে কি অবস্থা হবে সেটা আমরা বুঝতে পারছি। আপনি আখেরী গঞ্জের উপর মোট ৯৬০ মিটার কাজ করেছেন কিন্তু আগের বছরের কাজের থেকে থিকনেস কমিয়ে দেওয়া হয়েছে, বোল্ডারের পরিমাণও কমেছে। তাও সঠিক সময়ে সঠিক কাজ করা যাচ্ছে না। অন্যদিকে শিবনগর থেকে যে কাজ করেছেন সেখানে এক্‌জিষ্টিং চিফ ইঞ্জিনিয়ার গিয়ে দেখে এসেছেন। ১০ হাজার গাড়ী বোল্ডার সেখানে যাবে বলেছিলেন। ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের মানুষ, সারা পশ্চিমবাংলার মানুষ, আপনার দপ্তর ভালো করে জানে প্রতিনিয়ত ভাঙ্গছে হনুমন্তনগর। বেশ কিছু বাড়ী-ঘর প্রতি বছর সরাতে হচ্ছে। দু-বছরে ৫০০ বাড়ী সেখান থেকে সরাতে হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী স্বাধীনতার ৫০ বছরে এই প্রথম সেখানে টাকা দিয়েছেন এবং প্রতিশ্রুতি দিয়েছিলেন পদ্মার ভাঙ্গন আন্তরিক ভাবে দেখবেন এবং হনুমন্তনগরে ৪ কোটি টাকা খরচ করবেন এবং জুলাই মাসে আবার আসবেন বলেছিলেন। আজকে আবার তিনি বললেন ১৫ দিনের মধ্যে যাবেন। আজকে মালদা-মুর্শিদাবাদ জেলার সমস্যা শুধু নয়, এটা একটা জাতীয় সমস্যা হয়ে গেছে। ফারাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত ১০৫ কি. মি. পার আজকে ভেঙ্গে যাচ্ছে।

আজকে কেন্দ্রীয় কমিশনের কথা আপনারা বলেছেন। আপনারা বলেছেন কেন্দ্রীয় সরকার টাকা দিলে ৩০০ কোটি টাকার, ৬০০ কোটি টাকার স্বল্পমেয়াদী, দীর্ঘমেয়াদী প্রকল্পের কথা আপনারা বলেছেন। কিন্তু এতে সাধারণ মানুষের কোন কাজ হবে না। কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর না করে কিভাবে মুর্শিদাবাদ, মালদা ও নদীয়ার জন্য ভাঙন রোধ করা যায় তারজন্য নিজেদের চেষ্টা করা দরকার। প্রতি বছর এখানে হাজার হাজার মানুষ গৃহহীন হয়ে পড়ছে। কিন্তু তাদের পুনর্বাসনের জন্য কোন ব্যবস্থা হচ্ছে না। অনেক জায়গায় দেখা যাচ্ছে, রেল-লাইনের পাশে ইরিগেশনের বাঁধের ধারে যেখানে একটু মাথা গোঁজার জায়গা পাচ্ছে সেখানেই তারা আস্তানা করছে। ফাঁকা আকাশের নীচে তারা বাস করছে। আপনার দপ্তর আজকে ব্যর্থ। আপনি তাদের জন্য কোন কাজ

করতে পারছেন না। তারা যেখানে নীচু জায়গা সেখানে বাস করছেন, এবং এই যে পদ্মার বিধ্বংসী ভাঙন তার ফলে প্রতি বছরই ঐ সমস্ত এলাকায় ভাঙন হচ্ছে। উত্তরবঙ্গে প্রতি বছরই এরকম বন্যা হচ্ছে এবং গত বছরেও হয়েছে। গত বছর বিধ্বংসী বন্যা হয়েছে, তবে দক্ষিণবঙ্গেও বন্যা হয়েছে। তবে পরে মুর্শিদাবাদ, মালদায় বন্যা হয়। মুর্শিদাবাদে সবচেয়ে বেশী বন্যা হয়েছে। ভগবানগোলা, ধুলিয়ান শেষ হয়ে গেছে। এই ভাঙন রোধের জন্য আপনি কি সুষ্ঠু পরিকল্পনা করেছেন? সেটা আপনার জবাবী ভাষণে বলবেন। কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করে আপনার সেচ দপ্তর চুপচাপ বসে আছে। তিস্তা ব্যারেজ প্রকল্প গনিখানের সময় শুধু হয়েছিল। আপনি বলবেন প্রতি বছর কিছু কিছু টাকা দিচ্ছেন। ৬০০ কোটি টাকার মধ্যে এ পর্যন্ত কত কোটি টাকা খরচা করেছেন? কবে এই কাজ চূড়ান্ত হবে? প্রতিটি পরিকল্পনায় একটা লক্ষ্যমাত্রা থাকা উচিত। ১০ কি ১৫ বছরে শেষ হবে এরকম একটা লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করা উচিত। প্রতি বছর কিছু কিছু টাকা দিয়ে আপনারা বসে আছেন। চরম ঢিলেমি চলছে। তিস্তা প্রকল্প যদি দ্রুত সম্পন্ন না করা যায় তাহলে প্রতি বছর রাজ্যসরকারকে ড্যামারেজ দিতে হবে। কবে পাবলিক বেনিফিট পাবে তা কেউ জানে না। কবে মালদার লোক জল পাবে জানি না। আপনি পবিত্র বিধানসভায় জানাবেন তিস্তা প্রকল্পের কাজ কবে শেষ হবে? ডিপার্টমেন্টের কর্মচারী, ইঞ্জিনিয়ারদের অনেক টাকা মাইনে দেন। কিন্তু তারা সব প্রকল্প নিয়ে ছিনিমিনি খেলে। ভাঙন প্রতিরোধে তাদের কোন আন্তরিকতা নেই। একদিক বাঁধছেন তো আরেকদিক ভাঙছে। আপনারা প্রতি বছর আশ্বাস দেন, এই কাজটা করছি। কিন্তু কিছুই হয় না। দেবগৌড়া থেকে সকলে এসে পশ্চিমবঙ্গে ঘুরে গেছেন, জেনে গেছেন। অনেক প্রতিশ্রুতির কথা হয়েছে, কিন্তু কাজ কিছুই হয় নি। এবছর অনেক জায়গায় সেচের জল পায় নি, লক্ষ্যমাত্রা পূরণ হয় নি। ইরিগেশনের দপ্তর ব্যর্থ হয়েছে। খরার সময় আপনি জলও দিতে পারেন নি। সার্বিক ভাবে এই দপ্তর একটা ব্যর্থতার দপ্তরে পর্যবসিত হয়েছে। একটা চরম ঢিলেমি রয়েছে এই দপ্তরের। শুধু তাই নয় এই দপ্তরের অনেক ম্যাল-প্র্যাকটিশও রয়েছে। বড় বড় ইঞ্জিনিয়াররা রয়েছেন, কর্মচারীরা রয়েছেন। তাদের অনেক টাকা বেতন দেন। কিন্তু তা সত্ত্বেও আপনার দপ্তর ব্যর্থ। বাংলাদেশের সাথে গঙ্গার জল নিয়ে চুক্তি হল। পোর্ট ট্রাস্টের মতামতকে উপেক্ষা করে চুক্তি হল এবং আমাদের পশ্চিমবঙ্গের স্বার্থকে ক্ষুন্ন করে এই চুক্তি হয়েছে। আজকে আপনি জানাবেন কেন এই দপ্তরের অর্থ বরাদ্দ কম হচ্ছে? কেন অর্থমন্ত্রী আপনার দপ্তরকে টাকা কম দিচ্ছেন? আপনার দপ্তর কেন নেগলেগ্‌টেড সেটা জানাবেন। শরিকি দ্বন্দ্বের বলে এই অবহেলা হচ্ছে, না কি জেলা পরিষদের সাথে সৎভাবের অভাবের ফলে বরাদ্দ কম হচ্ছে? এই কথা বলে এই বাজেটের বিরোধীতা করে এবং আমাদের দলের আনীত কাট-মোশানকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.30–5.40 p.m.]

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে আমাদের সেচ মন্ত্রী যে ৬৬ নং এবং ৬৮ নং ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তার সমর্থনে কিছু

আলোচনা রাখছি। প্রথমেই আমি বলতে চাই, এই দপ্তরের কাজ মূলতঃ তিনটি ভাগে বিভক্ত। যথা—বন্যা প্রতিরোধ, ভাঙন প্রতিরোধ এবং সেচের জল সরবরাহ। এই তিনটি কাজ একই সঙ্গে করাটা খুব একটা সহজ বিষয় নয়। বিরোধীরাও এটা উল্লেখ করেছেন। সুতরাং আমরা সকলেই এটা জানি। এখানে প্রথম প্রশ্ন হচ্ছে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা বার বার বন্যা হচ্ছে কেন? ইতঃপূর্বে সরকারী দলের বিভিন্ন বক্তা এই প্রসঙ্গে আলোচনা করেছেন। আমি শুধু এই টুকুই এখানে উল্লেখ করতে চাই যে, আমাদের বন্যা প্রতিরোধের জন্য যে বাঁধগুলি আছে সেগুলির রক্ষণা-বেক্ষণের জন্য আমাদের যে পরিমান অর্থের প্রয়োজন সেই পরিমান অর্থের যোগান নেই। অর্থ সংকুলান হচ্ছে না, অর্থের অভাব আছে, তার মধ্যে দিয়েও কাজ হচ্ছে; সেই কারণে আমি বাজেটকে সমর্থন করছি। দ্বিতীয়তঃ এই যে বন্যা প্রতি বছর হচ্ছে, এর পেছনে একটা বড় কারণ হচ্ছে, একদিকে নদীগুলি ভরাট হয়ে যাচ্ছে, অন্যদিকে আমাদের যে দীর্ঘ মেয়াদী নদী পরিকল্পনাগুলি হয়েছে সেগুলির মধ্যে কিছু ত্রুটি আছে। সেগুলি আমরা সঠিক সময়ে সঠিকভাবে সংশোধন করতে সক্ষম হই নি। যাঁরাই যখন এই দায়িত্বে ছিলেন তাঁরাই তখন সেই ভাবে এই কাজ করতে পারেন নি। আমরা দেখছি বন্যা ছাড়াই মুর্শিদাবাদ জেলার বিস্তীর্ণ অঞ্চলের মানুষ সারা বছরই জলে ডুবে থাকেন। কারণ ফরাক্কা ব্যারেজ প্রকল্প। সোহরাব সাহেব ইতঃপূর্বেই বলেছেন, ফরাক্কা ব্যারেজের জন্য হাজার হাজার একর জমি সব সময় জলমগ্ন হয়ে থাকে। অন্য ভাবে, বন্যা ছাড়াই সারা বছর সেই জমি জলমগ্ন হয়ে থাকে। ফরাক্কা ব্যারেজের বিষয়ে অতীতে অনেক আলোচনা হয়েছে। সেই আলোচনায় আমরা কি দেখছি? ইঞ্জিনিয়ারদের বক্তব্য কি ছিল? বিখ্যাত ইঞ্জিনিয়ার কপিল ভট্টাচার্য এবং দেবেশ মুখার্জী বলেছিলেন, 'এই যে ব্যারেজ তৈরী হচ্ছে, এটা ডিফেক্টিভ। এটা হলে গোটা মুর্শিদাবাদ, মালদা এমন কি পশ্চিমবাংলার ক্ষতি হবে।' তখন কেউ তাঁদের কথা শোনেন নি। এর প্রতিবাদ করেছিলেন আজকে যাঁরা বিরোধিতা করছেন তাঁদের দলের এক সময়ের পশ্চিমবাংলার এক মাত্র সাংসদ তথা কেন্দ্রীয় মন্ত্রী। তিনি প্রতিবাদ করেছিলেন। তিনি বলেছিলেন, 'এটা হতে পারে না, হ'লে মুর্শিদাবাদ, মালদা থাকবেনা।' আজকে বিরোধীরা এই সভার বাইরে ধর্ণা দিচ্ছেন কাগজে পাবলিশিটি পাওয়ার জন্য। আজকে প্রতিবাদ করছেন, প্রতিবাদ তো হওয়া উচিত ছিল সেদিন, যে দিন ভুল পরিকল্পনা কার্যকরী করা হয়েছিল। চলুন, আজকে আমরা দল-মত নির্বিশেষে বাইরে গিয়ে বসি, হাজার হাজার মানুষকে সঙ্গে নিয়ে বলি— সেদিনের পরিকল্পনা ভুল ছিল, সেই ভুলের আজকে প্রায়শ্চিত্ত করতে হবে। আমরা এই দাবিতে কেন্দ্রীয় সরকারের কাছে যাই। সাথে সাথে রাজ্য সরকারের যেখানে যা ঘাটতি আছে তাও আমরা পূরণ করতে চাই। মুর্শিদাবাদ, মালদার ভাঙন আজকে আমাদের কাছে একটা বিরাট সমস্যা। এই সমস্যা মোকাবিলায়, ভাঙন প্রতিরোধের জন্য রাজ্য সরকার প্রচন্ড রকম চেষ্টা করছে। প্রতি বছর বাজেটে টাকা রাখা হচ্ছে। একজন মাননীয় বিরোধী সদস্য বললেন, 'আপনারা এ বিষয়ে বাজেটে টাকা রাখেন নি। আপনারা সম্পূর্ণ কেন্দ্র নির্ভরশীল হয়ে পড়ছেন।' তিনি কিসের ভিত্তিতে এটা বললেন আমি জানি না। ভাঙনের তীব্রতা বুঝতে পারছেন কিনা তাও জানি না। গত পরশু দিন আমি বাড়ি থেকে এসেছি। পরশু দিন

সেখানে আমি যে বাড়ি-ঘর গুলি দেখে এসেছি, কালকে বাড়ি গিয়ে দেখব হয়ত সেই বাড়ি-ঘর গুলি আর সেখানে নেই, সেগুলি সরান হয়েছে ভাঙনের হাত থেকে মানুষগুলিকে রক্ষা করার জন্য। শুধু আমার এলাকাতেই নয়, মালদায় এবং অন্যান্য জায়গায়ও এই জিনিস চলছে। বিরোধী দলের নেতা মাননীয় অতীশ সিংহর সঙ্গে আমরা সর্বদলীয় প্রতিনিধি দল নিয়ে দিল্লীতে ডেপুটেশনে গিয়েছিলাম। সেখানে গিয়ে কি দেখলাম? সে সময়ে দিল্লীতে সরকারে কারা ছিলেন তা নিশ্চয়ই আপনারা জানেন। সে সময়ে দিল্লীতে আলোচনা করে আমরা দেখেছি কেন্দ্রীয় মন্ত্রীরা মুর্শিদাবাদ মালদার বিষয়ে বিশেষ কিছুই জানেন না। এমন কি শীঘ্রই যিনি পশ্চিমবাংলা থেকে রাজ্যসভার নির্বাচিত হতে চলেছেন তিনিও সঠিকভাবে বুঝতে পারেন নি মুর্শিদাবাদ, মালদায় কতখানি ভাঙন হয়েছে। এত বড় ভাঙনের বিশাল সমস্যা, এই সমস্যার সমাধান রাজ্যসরকারের চৌহদ্দির মধ্যে তা প্রতিরোধ করা যায় না। এক্ষেত্রে কেন্দ্রীয়সরকারের দায়িত্ব আছে। কিন্তু তারা কোনদিনও এ ব্যাপারে দৃষ্টি দেননি এবং আমাদের কথাতেও তারা দৃষ্টি দিচ্ছেন না। আজ পর্যন্ত কোন প্রধানমন্ত্রী এ ব্যাপারে আমল দেননি, একমাত্র দেবগৌড়া যখন প্রধানমন্ত্রী ছিলেন তিনি একবার মালদা এবং মুর্শিদাবাদ পরিদর্শন করেছিলেন এবং সঠিক যে সমস্যাগুলি আছে সেগুলি বোঝার চেষ্টা করেছিলেন। কিন্তু কাজ হয়নি। এ ছাড়া আর অন্য কোন প্রধানমন্ত্রী এই সমস্যার কথা বিবেচনা করেন নি কিম্বা অন্য কোন কেন্দ্রীয় মন্ত্রী বিবেচনা করেন নি। আমাদের সরকার এই সমস্যার সমাধানের জন্য চেষ্টা করেছিল। সেই কারণেই বলতে চাই, এই ভাঙন প্রতিরোধের কাজ আমাদেরই করতে হবে। ইতিমধ্যে সেচের কাজ অনেকটা এগিয়েছে। কংগ্রেস আমলে ২০ ভাগের নিচে যেখানে সেচের ব্যবস্থা ছিল সেখানে আমাদের আমলে ৬০ ভাগের কাছে পৌঁচেছে। অবশ্য আরো বেশী হলে ভাল হতো। যাইহোক এই রকম একটা অবস্থার মধ্যে সেচের কাজ চলছে। এই সেচের কাজ একদিকে যেমন চালিয়ে রাখতে হচ্ছে তেমনি অপরদিকে মন্ত্রীমহাশয় ভাঙন প্রতিরোধের জন্য টাকা ব্যয় করছেন। কিন্তু সেই কাজগুলি দপ্তরের মাধ্যমে কনট্রাক্টরদের মাধ্যমে করছেন। এই ব্যাপারে মন্ত্রীমহাশয়কে দৃষ্টি দেবার জন্য আমি অনুরোধ করবো। বিশেষ করে যে কথা মালদা, মুর্শিদাবাদের বিধায়করা বললেন এবং কামাক্ষ্যাবাবুও বললেন যে, কনট্রাক্টরদের দৌরাত্ম এই ডিপার্টমেন্টে রোধ করতে পারছেন না। আমি এই দিকে সমালোচনা করতে চাই, একজন বিধায়ক হিসাবে আমার দায়িত্ব এ ব্যাপারে কিছু বলা বিশেষ করে মুর্শিদাবাদ জেলার ক্ষেত্রে। তা না বললে একজন বিধায়ক হিসাবে ঘাটতি থাকে। আজকে বিধায়করাও কন্ট্রাক্টর নিযুক্তির ক্ষেত্রে সেখানে নিজেদের কন্ট্রাকটর ঢুকিয়ে দেবার চেষ্টা করছেন এবং সেক্ষেত্রে কন্ট্রাক্টরদের সঙ্গে গোপনে লেন-দেনে যুক্ত হচ্ছে। এর ফলে ভাঙন প্রতিরোধ কি অবস্থায় হবে? শুধুমাত্র সরকারের একক চেষ্টায় করা যায় না। বিশেষ করে মুর্শিদাবাদ জেলার ক্ষেত্রে এই সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। আজকে মইনুল হক সাহেব, আবু সুফিয়ান সাহেব বলুন, মুর্শিদাবাদ জেলায় কন্ট্রাক্টর রাজের ক্ষেত্রে বিধায়করা নামছে কিনা? এখনই যদি এই ব্যবস্থা না নেওয়া হয় তাহলে পরে ভাঙন রোধ আমরা সুষ্ঠুভাবে করতে পারবো না। আমি এই ব্যাপারে দুটি উদাহরণ দিতে পারি যে কি ধরণের কন্ট্রাক্টর রাজ কায়েম

হয়েছে। আমরা জানি, ১৯৯৪ সালে জলঙ্গীতে যে ভাঙন হয়েছিল সেই ভাঙনের পর তার প্রতিরোধের কাজ করা হয়েছিল। সেই কাজ ডিপার্টমেন্ট এবং জেলা প্রশাসন ও পঞ্চায়েত সমিতি সবাই যুক্ত হয়ে সেই কাজ করেছিলাম। সবাই যুক্ত হয়ে যে কাজটি হয়েছিল সেটা খুবই সুষ্ঠুভাবে হয়েছিল। পরবর্তী সময়ে আমরা কি দেখলাম? আমরা দেখলাম ডিপার্টমেন্ট সরাসরি কাজ করলো। ৰছসই কাজ অর্ধেক হয়েছিল, বাকিটা হয়নি। সেই কাজ দাঁড়াতে পারেনি। কারণ ডিপার্টমেন্ট এককভাবে কন্ট্রাক্টর নিযুক্ত করে সেই কাজ করেছেন। ফলে কোন কাজ হয়নি, কাজ খুঁজেও পাবেন না। তাই বলছি, জনগণকে যুক্ত করে যদি কাজ করা হয় তাহলে সেই কাজ হতে পারে। যেমন, সরকাব পাড়ায় মালির বাঁধের যে কাজ হচ্ছে, সেখানে ৮০০ মিটার সরকারের আর ৫০০ মিটাব পঞ্চায়েত সমিতিকে দিয়ে করানো হচ্ছে। পঞ্চায়েত সমিতির কাজের রেট কত—২ টাকা ৫৪ পয়সা বস্তার দাম আর নেটের দাম ৫৫ টাকা। অপরদিকে ডিপার্টমেন্ট অ্যাট পার রেট দিলেন ৩ টাকা বস্তা আর ৭০ টাকা নেটের দাম। তাহলে ভাবুন কিভাবে কন্ট্রাক্টরদের দৌরাত্ম্য বেড়েছে? এই দৌরাত্ম প্রতিরোধ করার জন্য সরকারের দৃষ্টি দেওয়া উচিৎ। এই সমস্ত দুর্নীতির সঙ্গে যারা যুক্ত তাদের আইডেনটিফাই করা উচিৎ, এবং কন্ট্রাক্টরদের ঠেকিয়ে কাজ করা দরকার। তা না হলে মুর্শিদাবাদ এবং মালদা জেলা বাঁচবে না, কোন জেলাই বাঁচবে না। প্রয়োজন হলে সর্বদলীয়ভাবে ডিপার্টমেন্টের কাজকে ত্বরান্বিত করার জন্য এবং সুষ্ঠুভাবে করার জন্য সবাই মিলে ঝাপিয়ে পড়া উচিৎ। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5.40-5.50 p.m.]

**শ্রী গৌতম চক্রবর্তী** : স্যার, এখনো এক বছর হয়নি, গত বছর আমরা মালদা এবং মুর্শিদবাদ জেলার মানুষ বন্যায় আক্রান্ত হয়েছিলাম। আমরা ভাগ্যবান হয়েছিলাম যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী এবং আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী যদিও তাদের বিভাগ নয়, তবুও তাঁরা গিয়েছিলেন। আপনি ব্যক্তিগতভাবে, গণেশবাবু ব্যক্তিগতভাবে সেখানে একবার নয়, একাধিকবার গিয়েছিলেন। এই বন্যাতে একমাত্র মালদহ জেলাতেই ক্ষতি হয়েছে ১ হাজার ৫৭ কোটি টাকার ফসল এবং জাতীয় সম্পত্তি। আমরা আশা করেছিলাম যে গঙ্গার সমস্ত পাড় বাঁধিয়ে দিতে না পারলেও এখানে মূল যে সমস্যা সেই সমস্যার হাত থেকে বামফ্রন্ট সরকার হয়ত আমাদের কিছুটা নিষ্কৃতি দেবেন। কিন্তু আমরা দেখলাম, তারা কিছুই করলেন না। সেখানে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গিয়ে বললেন যে আমি মালদহের স্পার এবং বাঁধ নির্মাণের জন্য ৩৬ কোটি টাকা দিয়েছি। আমাদের মাননীয় সেচমন্ত্রী গিয়ে বললেন যে আমি আপাতত ৯ কোটি টাকা দিয়েছি এবং তার সবটাই নতুন যে ৯.৬ কিঃ মিঃ এর ষষ্ঠ রিটায়ার্ড বাঁধ হচ্ছে তার জমি এ্যাকোয়ার করতে খরচ হয়ে গিয়েছে। আমরা ভেবেছিলাম, একটা শক্তিশালী এজেন্সী দিয়ে ২০ এবং ২৪ নং স্পার তৈরি করে মালদহকে গঙ্গার ভাঙনের হাত থেকে, মুর্শিদাবাদকে ভাঙনের হাত থেকে রক্ষা করতে পারবেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা আমরা দেখলাম সেটা হল না। আমরা বারবার আপনাদের বলেছি, অর্থমন্ত্রীও বলেছেন যে বোল্ডার ফেলার নাম

করে যাতে সেখানে কোন রকম দুর্নীতি না হয় সেটা দেখতে হবে কিন্তু অত্যন্ত আশ্চর্যজনকভাবে দেখা গেল আপনার ডিপার্টমেন্ট যে ৫০ হাজার কিউবিক মিটার বোল্ডার সংগ্রহ করেছিলেন সেই বোল্ডার দিয়ে স্পার তৈরি করার মতন একটা শক্তিশালী এজেন্সী এলো না যারা ঠিকমতনভাবে ২০ এবং ২৪ নং স্পারকে তৈরি করতে পারবে। আপনি মালদহের সার্কিট হাউসে বসে বললেন যে আমার হাতে অর্থ নেই, কন্ট্রাক্টররা কি করে কাজ করবে? মাননীয় মন্ত্রীমহাশয়, আপনাকে জানাতে চাই, গত বন্যায় মালদহের যে সমস্ত মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছিল তারমধ্যে কিছু কিছু মানুষ এখনও গৃহহীন হয়ে আছে, এখনও পর্য্যন্ত তাদের বাসস্থান তৈরি করা হয় নি। মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি জানেন, একটা ট্রেন যখন চলে তখন ইঞ্জিনই তার সবচেয়ে বড় শক্তি! ইঞ্জিন না থাকলে ট্রেন চলতে পারে না। আপনার ডিপার্টমেন্টে যে সমস্ত সাব এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ারদের নিয়োগ করা হয় তারাই মাঠে-ঘাটে গিয়ে কাজ করেন। আপনার ডিপার্টমেন্ট-এ বড় বড় সব অফিসাররা আছেন কিন্তু এই সাব এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়াররাই হচ্ছে আপনার ডিপার্টমেন্টের চলমান শক্তি। তাদের কিন্তু নিয়োগ করা হয় লক্ষ লক্ষ টাকা ঘুষের বিনিময়ে। আমি এ ব্যাপারে বিচার বিভাগীয় তদন্ত চাইছি না কিন্তু আপনাকে বলছি, যদি আপনার ক্ষমতা থাকে তাহলে আপনি এ ব্যাপারে ডিপার্টমেন্টাল তদন্ত করুন এবং দেখুন এই দুনীর্তির পেছনে কোন শক্তি কাজ করছে, রুলিং পার্টির মধ্যে কোন পার্টি কাজ করছে যাদের অঙ্গুলি হেলনে এইভাবে ঐ সাব এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ারদের নিয়োগ করা হচ্ছে। আপনি বলেছেন যে আপনি দুর্নীতি দমন করবেন। যতই চেঁচান দুর্নীতি দমন করবো বলে কিন্তু তা করবেন কি করে? তা আপনি করতে পারবেন না। মেজারমেন্ট যেখানে নেয় সেখানেই দুর্নীতি এবং টাকার খেলা ঐ সমস্ত সরকারী কর্মচারীদের মধ্যে যারা অসাধু তারাই করেন। এই প্রসঙ্গে একটা ঘটনার কথা বলি। ডাঃ বিধান চন্দ্র রায় যখন রাইটার্স বিল্ডিং-এ বসতেন তখন ততকালীন ইষ্টার্ন রেলওয়ের জেনারেল ম্যানেজার কিছু বাঙালী অফিসারকে ষ্ট্রাইক করার জন্য সাসপেন্ড করেছিলেন। সেদিন ডাঃ রায় হট লাইনে ততকালীন প্রধানমন্ত্রী নেহেরুকে বলেছিলেন যে তোমার জি. এম. কে আমি এ্যারেষ্ট করবো। কারণ ইষ্টার্ন রেলওয়েতে সে আমাদের বাঙালী ছেলেদের সাসপেন্ড করছে। মাননীয় মন্ত্রীমহাশয়, দিন কয়েক আগে আপনি এবং মাননীয় অর্থমন্ত্রী আমাদের ওখানে গিয়েছিলেন এবং সার্কিট হাউসে মিটিং করেছিলেন। বিগত বন্যাতে মালদহ শহর ভেসে গিয়েছিল, ১।। মাস ধরে আমরা জলের তলায় ছিলাম। আপনি বলেছিলেন, এ্যাফ্লেক্স বাঁধ নতুন করে তৈরি করছি, সারাচ্ছি। কিন্তু সেখানে একটা মাত্র ৪ শো মিটারের মতন জায়গা যেটা নিয়ে রেলওয়ে ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলে বাঁধ করতে হবে, আপনি ব্যক্তিগতভাবে এবং মুখ্যমন্ত্রী কথা বলে সেই বাঁধটা এখনও করতে পারলেন না। আপনারা বলছেন, কথা চালাচালি হচ্ছে। নাকি কথা চালাচালি হচ্ছে। উত্তরবঙ্গে বর্ষা শুরু হয়ে গেছে, কিন্তু মালদা শহরকে বাঁচাবার জন্য সেখানে ৪০০ মিটার বাঁধ তৈরী করতে পারলেন না। আপনারা জানেন, ১৯৭৩-৭৪ সালে শ্রী সিদ্ধার্থ শঙ্কর রায় তিস্তা প্রকল্প তৈরী করেছিলেন এবং সেদিন ওটা ২০০ কোটি টাকার প্রজেক্ট ছিল। কিন্তু আজকে সেটা ৬০০ কোটি টাকা হয়ে গেছে। এখানে

৪১০ কোটি ৯৭ লক্ষ ২ হাজার টাকার বাজেট-বরাদ্দ চেয়েছেন। ওখানে ৩৩ কিলোমিটার একজিষ্টিং বাঁধ রয়েছে যা রক্ষণাবেক্ষণ করতে গেলে ৮৩ কোটি ৯৫ লক্ষ টাকা লাগবে। তাহলে মাননীয় মন্ত্রী কোথায় পাবেন সেই অর্থ? এখানে যে বাজেট করেছেন তাতে অর্থমন্ত্রী সেই টাকা আপনাকে দেননি। এভাবে আপনার ডিপার্টমেন্ট অকর্মণ্য করে রেখেছেন। অথচ মালদা, মুর্শিদাবাদে বন্যা হলে সি. পি. এম. সেখানে ঝড় তুলবার চেষ্টা করে। যেহেতু এটা আর. এস. পি.-র দপ্তর তাই এই দপ্তরকে টাইট করতে হবে। তারজন্য কিভাবে এই ডিপার্টমেন্টকে ডিসক্রেডিটেড করা যায় সেই চেষ্টা তারা করছেন। তার ফলে বাংলার মানুষ গৃহহারা হচ্ছেন। মালদার বুকে বাঁধ করতে গিয়ে অক্লান্ত পরিশ্রম করেছিলেন শ্রী গনি খান চৌধুরী, অথচ রাজ্যে রুলিং পার্টি হয়ে আপনারা কোন সহযোগিতা করেন নি। এরজন্য সেখানে যখন ল্যান্ড এ্যাকুইজিশন করা হ'ল সে ব্যাপারেও উনি সহযোগিতা করেছিলেন। আজকে যেহেতু ঐ জেলার ১১ জনের মধ্যে ৮ জনই কংগ্রেস বিধায়ক তারজন্য কি করে কানটা মলে দেওয়া যায় তার চেষ্টা হচ্ছে। উত্তর মালদা বিহারের সঙ্গে এ্যাটাচড। হরিশ্চন্দ্রপুরে ভাঙন হচ্ছে, রতুয়ার হাসপাতাল ভেঙে চলে গেছে, মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুরে ৪০ বর্গকিলোমিটার চাষযোগ্য জমি সারা বছর জলের তলায় থাকে। এসব নিরসনের কোন ব্যবস্থা করলেন না। ভাঙন রোধে মুর্শিদাবাদকে ২ কোটি টাকা দিলেন, বড় বড় বোল্ডার ফেলবেন বলে টেন্ডার করলেন। কিন্তু সেখানে বোল্ডার ফেলা হ'ল না, বুলি ছড়ানো হ'ল। ইউ শুড এ্যাক্ট এ্যাজ ইরিগেশন মিনিষ্টার, শুড নট এ্যাক্ট এ্যাজ এ সার্ভেন্ট অফ সি. পি. এম.।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** সময় শেষ হয়ে যাওয়ায় আলোচনার সময় ৩০ মিনিট বাড়িয়ে দেবার জন্য প্রস্তাব রাখছি।

(সভার সম্মতিক্রমে এই সময় আলোচনাকাল ৩০ মিনিট বর্ধিত হয়)

[5.50–6.00 p.m.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার যে বাজেট বরাদ্দ পেশ করেছি তার উপরে ১৬জন বক্তা অংশগ্রহণ করেছেন, তারমধ্যে ৮ জন কংগ্রেসের বক্তা বলেছেন। আমি প্রথমেই বিরোধীদলের উদ্দেশ্যে একটি কথা বলতে চাই---আমি গান পছন্দ করি, কে এল সাইগলের একটি গান আমি ছোটবেলায় খুব গাইতাম—"এ গান তোমার শেষ করে দাও, নতুন সুরে বাঁধ বীণা খানি"। তা এখানে কিছু নতুন সুরে বলেছেন সোহরাব সাহেব, কিছুটা নতুন সুর দৌলত আলির বক্তব্যের মধ্যেও ছিল। বাকীরা যেন বীণা বাঁধতে পারেন নি। গতবারের বক্তব্যও দেখলাম, এবারও শুনলাম, যেন একই পুরনো সুরে কথা বলেছেন। ইন ডেপথ্ স্টাডি ব্যাপকতা, গভীরতা কোথাও নেই। আপনারা সমালোচনা করুন, সমালোচনাটা কিন্তু বাস্তব জায়গায় দাঁড়িয়ে করবার চেষ্টা করুন যাতে আমাদের সবার উপকার হয়। এই বিরাট সমস্যা, একা আমরা বন্যা রুখতে পারব না। সেইজন্য যে গান আমি গাইতাম সেটাই আবার বলছি "এ গান তোমার শেষ করে দাও, বাঁধ বীণাখানি"। এইবার যেটায় আসছি সেটা হচ্ছে যে, এই

মুহূর্তে যে সমস্যা তাতে আমরা যে জায়গায় দাঁড়িয়ে আছি তাতে কার্গিলে যুদ্ধ চলছে। বাইরের থেকে পাক হানাদাররা অভ্যন্তরে প্রবেশ করেছে এবং যুদ্ধ চলছে। সেই রকম সেচ দপ্তরও যুদ্ধ করছে প্রকৃতির বিরুদ্ধে, বন্যা তান্ডবের বিরুদ্ধে, ভীষণ কঠিন এই যুদ্ধ। টাইগার হিলে পাক হানাদাররা সেখান থেকে গুলি, গোলা, কামান বন্দুক ছোঁড়াতে কত প্রাণ নিষ্প্রভ হয়ে গেছে। সেখানে যারা থেকে গেছে তাদের খুব কঠিন অবস্থার মধ্যে থাকতে হচ্ছে। আপনারা ভাবছেন কি বলতে চাইছি আমি। আমি বলতে চাইছি যে, যে জায়গায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ রয়েছে তাতে খুব কঠিন অবস্থার মধ্যে দিন কাটাতে হয়। প্রতি মূর্হুর্তে বন্যার আতংক, বন্যার ভয় এবং আশঙ্কা আমাদের উপরে চেপে বসে আছে। আমি বহুবার বলেছি যে, আপনার আমার সকলের সহযোগিতা দরকার, তা না পেলে কিছুই করা যাবে না। যুদ্ধেব পরিস্থিতিতে যেমন গোটা দেশের মানুষকে এগিয়ে আসতে হবে তেমনি প্রকৃতির বিরুদ্ধে লড়তে গেলেও সবাইকে আমাদের এগিয়ে আসতে হবে। প্রকৃতির বিরুদ্ধে রুখতে গিয়ে আমরা খুব খারাপ জায়গায় রয়েছি। একেবারে টাইগার হিলের অনেক নীচে অবস্থান। পশ্চিমবঙ্গ এইরকম জায়গায় অবস্থিত হওয়াতে মালদার বন্যার খবর সব জায়গায় জানেন এবং সারা বিশ্ব জানে। গঙ্গা-ব্রহ্মপুত্রের অববাহিকার শেষ মিলিত জায়গায় এর অবস্থান তা আপনারা সবাই জানেন। যার ফলেই আজকে আনপ্রিসিডেন্ট রেনফল, আনপ্রিসিডেন্ট হাইটে সেখানে জল হচ্ছে। সেখানে যে জল আসছে লক্ষ লক্ষ কিউসেক জল বাংলাদেশ থেকে পশ্চিমবঙ্গে ঢুকে পড়ছে। পশ্চিমবঙ্গে আমরা সরকারে রয়েছি আর বিহারে আরেকটা সরকার রয়েছে—কখনো সেখানে কংগ্রেস, কখনো বিজেপি যেটা জনতা দল।

এখানে ২৮টি জেলা না থাকলেও মনে রাখবেন, আপনাদের সময়েই ১২ বার বন্যা হয়েছে। সেই সময় বিভিন্ন এলাকা নিয়ে ২৮ থেকে ৩২টা জেলা ভেসে গিয়েছিল। তার জন্য সরকারকে কে দায়ী করেছে? কি করবে—উপর থেকে যদি জল চলে আসে, একেবারে এসে মালদা মুর্শিদাবাদকে ভাসিয়ে দিয়েছে, এখানে যারা জলপাইগুড়ির বিধায়ক আছেন, সরকার পক্ষের বা বিরোধী পক্ষের, কিংবা কুচবিহারের যারা আছেন তারাও জানেন, কখন রায়ডাক কখন সঙ্কোশ ভাসাচ্ছে। একটা ভয়াবহ জায়গা। আমি নিজের চোখে কয়েকবার দেখে এসেছি সেখান দিয়ে একা পার হওয়া সম্ভব নয়, ভূটান থেকে জল চলে আসছে হুড়মুড় করে, সিকিম থেকে জল চলে আসছে হুড়মুড় করে, লক্ষ লক্ষ কিউসেক জল চলে আসছে। ছোটনাগপুরের দিকের পাহাড় থেকে যদি জল চলে আসে, যদি বৃষ্টি হয়, তাহলে কি তাকে রুখতে পারা যাবে, সবটা পারা যাবে না। প্রকৃতির বিরুদ্ধে লড়াই করা যায় না। ম্যান এ্যাকটিং আপন নেচার, ক্যান চেঞ্জ ইট এ্যান্ড ক্যান চেঞ্জ হিমসেল্ফ। তবে সবটা পারা যায় না, এটা আমার কথা নয়, মনীষির কথা। ম্যান ক্যান চেঞ্জ এ্যাকটিং আপন নেচার। কাজ করতে গেলে সকলকে লাগবে। কেবল কি শিখন্ডী খাড়া করে নিজেকে বাঁচাবার জন্য বলছি। সৌগতবাবুর কাছে কৃতজ্ঞ, তিনি সমস্যাটা কিছুটা বুঝেছেন, ৩৩ হাজার কি. মি. বাঁধ রয়েছে, হিসাবমত, সুতরাং বলতে পারেন তাতে ৯০ কোটি টাকা রক্ষণাবেক্ষণ এর জন্য চাই। বাজেট কত? ৯০ কোটি টাকা। বাঁধ মেরামতি করা দরকার, তাহলে বাকি কতটা থাকে? গৌতমবাবুকেও ধন্যবাদ,

তিনি এর একটা অন্য ফাসেটে এ্যাসপেকটা তুলে ধরেছেন। এখানে একটা কথা বলবার চেষ্টা করেছেন মালদা মুর্শিদাবাদ এর এ্যান্টি ইরোশানের ফলে বাঁধ রক্ষা করা বড় কঠিন। তা সত্ত্বেও চেষ্টা করে আসছি এবং চেষ্টা করে যাচ্ছি ও কাজ করার চেষ্টা করছি। আমি কোন জিনিসই ঢাকঢাক গুড়গুড় করি না, মালদায় গিয়েছি, সেখানে বিরোধী দলকে নিয়ে খোলা মনে বসেছি, আলোচনা করেছি। আমি এটা সার্টিফিকেট বাড়াবার জন্য বলছি না, এমন একজনের সার্টিফিকেট এর কথা বলতে পারি, ফ্রম এ ম্যান নো আদার দ্যান শ্রী এ. বি. এ. গণি খান চৌধুরী; আমি তাঁকে শ্রদ্ধা জানাব, কৃতজ্ঞতা জানাব, তিনি নিজে এসে বললেন, এবারে আমি আপনাদের কাজে ভীষণ সন্তুষ্ট। মুখ্যমন্ত্রীকে বলে এসেছি, আমি নিজে দেখেছি ভূটান থেকে কি বোল্ডার এসেছে, কি সাইজ এসেছে, এবং বলতে পারি এই ব্যাপারে আমি ভেরি মাচ স্যাটিসফাইড। এদের সামনেই বলেছে। হ্যাঁ, ত্রুটি থাকতে পারে, সমস্ত সমালোচনার উর্দ্ধে আমি নই, এটা অস্বীকার করতে পারবেন না, ত্রুটি থাকা সত্ত্বেও জলঙ্গীকে কি ভাবে বাঁচিয়েছি। সবচেয়ে বেশী নিশ্চয় স্বীকার করবেন সুফিয়ান সাহেব, আখরিগঞ্জে কত অসুবিধার মধ্যেও বোল্ডার যোগাড় করে বাঁচাবার চেষ্টা করেছি। মিনারেল ডেভলাপমেন্ট কর্পোরেশন এর কাছ থেকে নিয়ে এসে, যাতে সেন্ট্রাল এর হাত থেকে ক্ষমতাটা নিতে পারি সেই প্রচেষ্টা আমরা চালাচ্ছি। আমি আশা করি, আমার বিশ্বাস আখরিগঞ্জকে বাঁচাতে পারব, সেই কাজ করেছি। ৫৭ কোটি টাকার কাজ হয়েছে, যা গণিখান সাহেবের সময়েও হয়নি, এটা আমাদের আমলেই হয়েছে, এত ব্যাপকভাবে হয়েছে। এই ৫৭ কোটি টাকার কাজ ২টি জেলায় কখন হয়নি। এর কতটা বাইরে থেকে আসছে, সেই ব্যাপারে বলেছি, বিস্তারিতভাবে সেই ব্যাপারে পরে আসব। স্পার নির্মাণ এর যে কথাটা বলছেন, এটা আমার করার কথা নয়, ফারাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের খরচ করার কথা, তার মানে কেন্দ্রীয় সরকারের, এটা ৬ বছর ধরে বলে আসছি। আসলে মালদায় যত কিছুই আমরা করি না কেন, বন্যাকে রোখা যাবে না, যদি জলস্রোতের গতিপথকে অন্যদিকে সরিয়ে না নিতে পারি।

[6.00–6.10 p.m.]

গতিপথ যদি সরিয়ে দিতে না পারি তাহলে মুশকিল। বাঁধ যেটা সেখানে হয়েছে— এবারে তো আধুনিকতম কাজ হয়েছে, মোষ্ট সফিসটিকেটেড কাজ সেখানে হয়েছে। আপনারা যদি সেটা এপ্রিসিয়েট না করেন তাহলে কি করে হবে। এই বাঁধের ফলে এলাকায় যুগান্তকারী অবস্থার সৃষ্টি হবে। লেটেস্ট টেকনোলজি সেখানে ব্যবহার করা হয়েছে, আমরা সাকসেসফুল হতে চলেছি। কেন্দ্রীয় সরকার যখন স্পার তৈরী করে দিল না, তখন আমরা বলেছি টাকা দিতে হবে, না হলে মালদহের মানুষদের বাঁচানো যাবে না। যেটা কেন্দ্রীয় সরকারের করার কথা ছিল, সেটা তারা করল না। ১২ কোটি টাকা খরচ করে আজকে সেই স্পার নির্মিত হয়েছে। এটা কি আপনারা এপ্রিসিয়েট করবেন না? হ্যাঁ, আমরা পারছি না। ঠিক ঠিকভাবে দুটো জেলাকে যদি ইরোশানের হাত থেকে বাঁচাতে হয় তাহলে আরও ১৯টি কাজ আমাদের করতে হবে। এই কাজ করতে গেলে কত টাকা লাগবে। টাকা কোথা থেকে আসবে? কেন আমরা বারবার

বাজপেয়ীর সরকারের কাছে যাব, নরসিমা রাওয়ের সরকারের কাছে যাব, দেবগৌড়ার সরকারের কাছে যাব, ইন্দিরা গান্ধীর সরকারের কাছে যাব। আমরা ছয়-সাত বার গেছি নরসিমা রাওয়ের সরকারের কাছে, ভি. পি. সিংয়ের সরকারের কাছে, রাজীব সরকারের কাছে, দেবগৌড়ার সরকারের কাছে, চন্দ্রশেখরের সরকারের কাছে, গুজরালের সরকারের কাছে, কিন্তু তারা কেউ কিছু করেন নি। তবে কিছু করার চেষ্টা করেছেন এইচ. ডি. দেবগৌড়া। দশম অর্থ কমিশানের কাছ থেকে আমরা ২০ কোটি টাকা পেয়েছি। তার পরেও যে পাইনি তা বলব না। ৫৭ কোটি টাকা আরও বেশী লাগতে পারত, লাগা উচিত ছিল। এই কথাটা মনে রাখা দরকার, তিস্তা প্রোজেক্ট সম্বন্ধে আমাদের যেখানে যাওয়ার দরকার ছিল সেখানে আমরা যায়নি। পারিনি এই কারণে, আর যেটা পেরেছি সেটাও বলছি। যেটা আমরা পেরেছি সেটাও কিন্তু অসাধারণ কাজ। সাবজেক্ট কমিটির মেম্বাররা এবং অন্যরা গিয়ে দেখে এসেছেন। এশিয়ার বৃহত্তর এ্যাকুয়াডাক্ট স্ট্রাকচার এই আমলেই তৈরী হয়েছে। আপনারা বললেন, আসল হচ্ছে ফলেন পরিচয়তে, কতটা জল আমরা দিলাম। আমরা পারিনি। জমির আইন বদলাবার ফলে অবস্থা এত কঠিন হয়ে পড়েছে যা কোন আমলেই ছিল না। সেই অসুবিধার মধ্যে দাঁড়িয়েও জেলা সমাহোর্তা আরও বেশী ইন্টারেষ্ট নিয়েছেন, অনেকটা এগিয়ে গেছেন। কে যেন এখানে জানবার চেষ্টা করছিলেন ৩ লক্ষ ৪২ হাজার যেটা ফার্স্ট স্টেজে হওয়ার কথা ছিল সেটা কি অবস্থায় আছে। নবম যোজনা শেষ হওয়ার আগে আমরা এটা প্রায় শেষ করতে পারব। গ্রেভিয়ারের কাজ কেন বাধাপ্রাপ্ত হয়েছিল সেই সম্বন্ধে আমি যাব না। আপনারা নিজেদের বিবেকের কাছেই জিজ্ঞাসা করুন না কোথা থেকে বাধা এসেছিল। কাজটা পুরোদমে শুরু হতে চলেছে এবং আমরা বাধা অতিক্রম করেছি। এসত্ত্বেও আমরা অনেকগুলো জিনিস এখনো করতে পারছি না টাকার অভাবে। তা সত্ত্বেও আমি বলতে চাই, অনেক গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে যা উল্লেখ করার মত।

তা নিশ্চয় সপ্রশংসার উল্লেখের দাবী রাখে।

১. মালদায় নিশ্চয় দেখেছেন ৯ কিলোমিটার ৬৩ এমব্যাঙ্কমেন্ট-এর কাজ একদম শেষ পর্যায়ে। বিরোধী দলের একজন নেতা চিফ ইঞ্জিনিয়ারের সঙ্গে বসে কাজটা দেখে এসেছেন।

২. ব্রিক স্পার আমাদের করার কথা ছিল না। কোর্ট কেসে পড়ি, বাঁচব কি করে? কাজটা কিন্তু হয়েছে এবং আপনাদের নেতাই তা দেখে এসেছেন এই অল্প সময়ের মধ্যে কি কাজ হয়েছে।

৩. আখেরিগঞ্জের কাজের জন্য আমরা গৌরব বোধ করি। সবাই বলছে— অসাধারণ কাজ করেছেন। কিন্তু এসব প্রচার হয় না। আপনারা জানলেও প্রশংসা করতে চান না, অথবা আমরা আপনাদের কাছে পৌঁছাতে পারিনি। আমাদের শ্বেতপত্র কাগজে আছে। কোয়ালিটি প্রোডাকসনের দিক থেকে পশ্চিমবঙ্গে ১ বা ২ বা ৩ নম্বরে আছে।

৪. উত্তরবঙ্গে প্রচন্ড বন্যায় ধূপগুড়িতে রেলওয়ে এমব্যাঙ্কমেন্ট উড়ে গিয়েছিল, প্রবল বেগে জল ঢুকছিল। নর্থ-ইস্ট-ফ্রন্টিয়ার রেলওয়ে অথরিটির সেই কাজটা করার কথা ছিল। মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে ৪ কোটি ৬৬ লক্ষ টাকা খরচ করে সেই কাজটা করেছি। জলপাইগুড়ি জেলার বিধায়ক এখানে আছেন, নিশ্চয় জানেন।

৫. না জেনেই হয়ত তিন-চারজন বলে গেলেন কেলেঘাই-কপালেশ্বরী কি হ'ল? কেলেঘাই-কপালেশ্বরীতে ৩ কোটি ৪২ লক্ষ টাকার কাজ হয়ে গেছে। সেচ দপ্তরের নাম সেখানে সোনার অক্ষরে লেখা থাকবে—যেমন লেখা থাকবে বিশ্বনাথ মুখার্জীর নাম। অনেক তো সমালোচনা করেছেন, একটু এ্যাপ্রিসিয়েট করুন। মানস থাকলে এ্যাপ্রিসিয়েট করত।

৬. মান্নানকে আমি রেফার করব না, সে ভালো ছেলে। অন্য কোন ব্যাপারে আমি জানি না, একটা ব্যাপারে অন্ততঃ সত্য কথা বলেছেন—দীঘা সম্বন্ধে হয়ত জেনেশুনেই বলেছেন। দীঘা কোস্টে যে সি ওয়াল তৈরী করেছি, ৫০ বছরের মধ্যে এমন হয় নি। আই ফিল প্রাউড অফ ইট এজ এ মিনিস্টার অফ দিস ডিপার্টমেন্ট। প্রচার করতে পারে না যে, এই সম্পর্কে কাজ করেছি। আপনি ভুল পথে লিড করছেন কিনা আমি জানি না। ইলেকশান আসছে। আমি খুব চিন্তিত ছিলাম এই মুহূর্তে। আমি এখানে ৭ই জুলাই বাজেট আলোচনা করছি। আমার ধারণা ছিল যে, আমি চরম বিপর্যয়ের মুখে পড়ব। সংকোশ নিয়ে এখানে চরম বিপর্যয় আসবে। আমি পারিনি, টাকার অভাবে। আই কনফেস ইট ফ্র্যাঙ্কলি। প্রচুর টাকা লাগবে। আমি সংকোশে গতবার গিয়েছিলাম। সেখানে দাঁড়িয়ে দেখেছি—কি বিভৎস জায়গায় সেটা আছে। আজকে নির্মল দাসের সঙ্গে কথা হচ্ছিল। তিনি বললেন যে, ওই টিকে আছে।

[6.10–6.20 p.m.]

আমরা অল্প টাকার মধ্যে করতে পারি। এটা নিশ্চয় উত্তরবঙ্গের বিধায়করা আমার সঙ্গে সহমত পোষণ করবেন। ইলেকট্রিক টাওয়ার উড়ে যেত, সেটা আমরা কিভাবে সারিয়েছি, তার স্বীকৃতি দেবেন না আপনারা? কিভাবে নদীয়ার চড়সরাতে ব্রীজ আমরা সারিয়েছি, তারকথা বলবেন না? তিস্তা নিয়ে এখানে আলোচনা হচ্ছে। এটা বোধহয় আমাদের সবচেয়ে পজিটিভ অ্যাচিভমেন্ট। তিস্তায় আমরা যে মাল্টি পারপাস প্রজেক্ট করেছি, সেখানে খাদ থেকে ২২ মেগা ওয়াট ইলেকট্রিসিটি তৈরী করার ব্যাপারে আমাদের বিরাট অবদান রয়েছে। শিলিগুড়িতে পৌর নিগমে প্রচুর লোকের বাস। সেখানে আমরা জল সরবরাহ করছি মহানন্দা ব্যারেজের ড্যাম থেকে। আর একটা হচ্ছে—দিলীপ দাস এর একটা ফিগারে গোলমাল হল। এটা একটু পরিষ্কার করে দিই। বুঝতে ভুল হয়েছে, অথবা বোঝাতে ভুল হয়েছে। আপনারা ৩০ বছরে কতটা করেছিলেন, একটা ফিগার দিয়েছিলেন। ফিগারটা আমার রয়েছে। ফার্স্ট প্ল্যান এবং প্রি প্ল্যানের হিসাব আমার কাছে রয়েছে। সিদ্ধার্থ শঙ্কর রায়ের সরকার ছিল ১৯৭৭ সাল পর্যন্ত। মাঝে কিছুদিন অজয় বাবুরা ছিল। তখন কতটা হয়েছে এবং আমরা ১২৩৯ নয়, এখন ১৪০০ পার

হয়ে গেছে। ২২ এবং ৩০ এর হিসাবটা কেবল আপনি আমার কাছ থেকে দয়া করে ফিগারটা নিয়ে নেবেন। অঙ্ক কষবেন। আমি শুনেছি আপনি ভালো ছাত্র। নেকস্ট হচ্ছে আপনি বলছিলেন যে কুচবিহারের কথা আমার বক্তব্যের মধ্যে কোথাও নেই। আমি যেটা বলেছি সেটা হচ্ছে—আই স্ট্যান্ড বাই ইট। আই স্ট্যান্ড বাই ইট। আই স্ট্যান্ড বাই ইট। আমি যেটা বলছি সেটা হচ্ছে যে ওটারও বুঝতে ভুল হয়েছে। ইরিগেশান পোটেনশিয়াল ক্রিয়েট আর অ্যাকচুয়াল জমিতে জল যাওয়ার মধ্যে এক কথা বোঝায় না। উত্তর দিনাজপুরে ইরিগেশান পোটেনশিয়ালিটি ক্রিয়েট হচ্ছে ৮ হাজার ১৭৫ হেক্টর। এটার মানে নিশ্চয় আপনি জানেন। আর জমিতে জল যাওয়া মানে নিশ্চয় আপনি জানেন। এটা যদি আপনার বোধগম্য হয়, তাহলে বুঝব যে, আপনি ঠিক বুঝেছেন, যদি বোঝাবুঝির জায়গাটা ঠিক থাকে। এখন যে জিনিসটা বলছি যে, টাকার ব্যাপারটা যেটা বলছিলাম যে আমাদের পজিটিভ অ্যাচিভমেন্ট প্রায় ১২ দফা। যেটা এই বছরের মধ্যে করেছিলাম। এখন যে জায়গাটায় আমরা দাঁড়িয়েছি যে জায়গার জন্য আমরা বারবার বলছি। টাকার পরিমাণ বেড়েছে। আগের বাজেট যদি দেখেন তাহলে দেখবেন টাকার পরিমাণ বেড়েছে। টাকাটা বেড়েছে ন্যাবার্ডের মাধ্যমে। ন্যাবার্ড তো ঋণ। সরকারী ডিপার্টমেন্ট থেকে টাকা পাই তার ন্যাবার্ডের কাছ থেকে টাকা পাই। টাকা টাকাই যেখান থেকে পাই না কেন। ন্যাবার্ডের টাকা পেতে একটু ঘোরপ্যাঁচ আছে। ডিষ্ট্রিক্ট প্ল্যানিংএ যাবে, জেলাপরিষদে যাবে, ডিষ্ট্রিক্ট প্ল্যানিংএ যাবে আসবে এবং বিরোধীদের নেতা তো আমার দিকে তাকিয়ে আছেন মাষ্টার প্ল্যানের ব্যাপারে। ন্যাবার্ড ছেড়ে দিক, কাল থেকেই শুরু হয়ে যাবে। টাকার অসুবিধা আমাদের নেই। তবে নিশ্চয়ই আমাদের প্রবলেম আছে। আপনি ইরিগেশন বলুন, বন্যা নিয়ন্ত্রণ বলুন, জল নিষ্কাশন বলুন যে টাকার পরিমাণ আছে ন্যাচারাল সম্ভব নয় যেখানে এতগুলো কাজ করার আছে তবুও কিন্তু ন্যাবার্ড সেই মোকানিজম গড়ে তুলতে পারলে, ন্যাবার্ডের টাকা সরকারের হাতে তাড়াতাড়ি এসে যাবে তাহলে আমাদের কাজটা ত্বরান্বিত করতে পারব। তিস্তার ব্যাপারে একটা ব্যাপার বেশী ভোগ করছি, সেটা হচ্ছে জমি পাওয়া। অ্যাক্ট (ওয়ান থেকে টু তে যে পরিবর্তন হয়ে গিয়েছে, মালদহের বিধায়করা নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন যে ৯ কিলোমিটার জমি পেতে যে পরিমাণ কাঠখড় পোড়াতে হত ল্যান্ড অ্যাকুইজিশন ডিপার্টমেন্টের সঙ্গে। আর এতো ৯ কিলোমিটার নয় দুশো, আড়াইশো, চারশো, পাঁচশো কিলোমিটারে খনন এর কাজ চলছে। এখানে এই সমস্যাটা রয়েছে। সকলে মিলে এগিয়ে এসেছেন, জেলাপরিষদও আমাদের সঙ্গে সহযোগিতা করেছেন। আমরা একসঙ্গে দাঁড়িয়ে তিস্তার যে মেন বটলনেকসগুলো আছে সেগুলো আমরা দমন করতে পারব বলে আশা করছি। আমি প্রাউড অব ইট আমাদের ডিপার্টমেন্ট বোধ হয় সবচেয়ে বেশী ষ্ট্রিনজেন্ট মেজর নিয়েছে। এইটুকু আপনাদের সামনে বলছি কোর্ট কাছারিতে আছে বলে আপনাদের সামনে বললাম না, উচ্চতম পদস্থ লোকদের যারা অন্যায় করছে, আমাদের ডিপার্টমেন্ট সেই জায়গায় ষ্টেপ নিয়েছে। স্বভাবতঃ কোর্ট কাছারিতে আছে বলে এই ব্যাপারে বলাটা সমীচীন বলে মনে করছি না। এটা বলি যে সব জায়গায় দুর্নীতি আছে আর সেচ দপ্তরে থাকবে না এটা তো হতে পারে না। তার মধ্যে কত মূল জায়গায় আমরা ধরতে

পারি এবং সেই জায়গাটা আমরা ধরবার চেষ্টা করছি। আপনারা দু-তিন চার মাসের মধ্যে বিভিন্ন সূত্র থেকে সে খবর গুলো পেয়ে যাবেন। কোর্ট কাছারিতে আছে বলে আমার সেটা বলা উচিত নয় বলে আমি বলতে চাইছি না। এই কথা বলে, আমি বিশ্বাস করি কারগিল সীমান্তে যে যুদ্ধ সেখানে আমাদের ভিন্ন মত থাকা সত্ত্বেও আমরা সেই যুদ্ধে একসঙ্গে দাঁড়িয়েছে......

(এ ভয়েস ঃ- সুন্দরবনের কথা বলুন)

সুন্দরবনের ব্যাপারে আমরা কিছু কিছু মেজার নিতে শুরু করেছিলাম। আমরা নিশ্চয়ই যতটা হওয়া দরকার পেরে উঠি নি কিন্তু ইতিমধ্যে ফ্লাড রেষ্টোরেশনের কাজ শুরু করেছি। আমি যদি আরেকটু বেশী করে টাকা পাই রাজ্যসরকারের তরফে এবং সুন্দরবনের ব্যাপারে ......(গন্ডগোল)

কাজেই আমরা আশা করছি, অর্থমন্ত্রীর কাছ থেকে কিছু টাকা পাব। আশা করছি কাজের পরিমাণ বাড়াতে পারব। মাষ্টার প্ল্যানের কথা বলছিলেন, তার থেকে মাষ্টার প্ল্যানের থেকে সুন্দরবন ডাটা প্রোজেকটের কথা বলছিলেন, তার থেকে অনেক অ্যাডভান্স স্কীম আমাদের দপ্তরে কয়েক বছর আগে তৈরী করে ৫শো কোটি টাকার একটা স্কীম সেন্ট্রাল ওয়াটার স্কীমের কাছে দিয়েছেন এবং সেটা যদি থ্রু হয় সুন্দরবনের দিকে, আমরা আগামী দিনে অনেক কাজ শেষ করতে পারব। দার্জিলিং সম্বন্ধে শান্তা ছেত্রী যে কথা বলেছেন আমি তাঁর সঙ্গে সমব্যথী, নবম পরিকল্পনায় মাত্র ২০০ কোটি টাকা বরাদ্দ আছে, তার থেকে ৫০.৪৮ টাকা যদি করা যায় আমি খুশী হব। আমি চেষ্টা করবো। আমি আশা করবো প্রবলেমের ডেপ্‌থটা আপনারা নিশ্চয়ই বুঝবেন। আমাদের সকলে মিলে কাজটা করা দরকার। আমি আশা করবো অতীতে সহযোগীতার হাত বাড়িয়েছেন, এবারেও সহযোগীতার হাত বাড়াবেন। সকলের কাছে বলবো এই বাজেট বরাদ্দ অনুমোদন করবেন এবং যে কাটমোশান এসেছে তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6.20–6.24 p.m.]

**Demand No. 66**

The Motion of Shri Saugata Roy that the amount of the Demand be reduced to Re 1/- was then put and lost.

The Motions of Shri Saugata Roy, Shri Nirmal Ghosh, Shri Sankar Singha, Shri Ajoy De, Shri Tarak Bandyopadhyay, Shri Sanjay Bakshi, Shri Sudhir Bhattacharjee, Shri Md. Sohrab, Shri Kamal Mukherjee and Shri Deba Prasad Sarkar that the amount of Demand be reduced by Rs. 100 were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 410,97,02,000 be granted for expenditure under

Demand No. 66, Major Heads: "2701-Major and Medium Irrigation and 4701-Capital Outlay on Major and Medium Irrigation" during the year 1999-2000. (This is inclusive of a total sum of Rs. 164,38,81,000 already voted on account in March, 1999)

was then put and agreed to.

**Demand No. 68**

The Motions of Shri Nirmal Ghosh, Shri Sultan Ahmed, Shri Saugata Roy, Shri Sankar Singh, Shri Sanjay Bakshi, Shri Sudhir Bhattacharjee, Shri Pankaj Banerjee, Shri Ajoy De, and Shri Kamal Mukherjee that the amount of Demand be reduced by Rs. 100 were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 228,62,83,000 be granted for expenditure under Demand No. 68, Major Heads: "2711-Flood Control and 4711-Capital Outlay on Flood Control Projects" during the year 1999-2000 (This is inclusive of a total sum of Rs. 91,45,13,000 already voted on account in March, 1999)

was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 6.24 p.m. till 11 a.m. on Thursday, the 8th July, 1999 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 8th July, 1999. at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 12 Ministers, 09 Ministers of State and 136 Members.

[11.00–11.10 a.m.]

**OBITUARY REFERENCE**

**Mr. Speaker :** Hon'ble Members, before I take up the business today, I rise to perform a melancholy duty to refer to sad demise of Shri M. L. Jaisimha, a former test cricketer of India. After a protracted illness from cancer Shri Jaisimha passed away yesterday, the 7th July, 1999 in his residence at Hyderabad. He was 60.

Born at Secunderabad. Shri Jaisimha had his schooling at the Jagirdar Public School and Mehboob College of Hyderabad where his cricketing talent bloossomed.

Jaisimha made his Ranji debut for Hyderabad is 1954-55 against Andhra Pradesh and went on to play for 23 seasons without a break. He represented India in 39 Tests. During 1964-65 he scored 1401 runs in first-class cricket including 713 runs in the Ranji Trophy which is the seventh highest agreegate in the domestic championship. His career-best 239 came against Bengal.

He led Hyderabad for 14 seasons till his retirement in 1976-77. He was regarded as one of the finest strategist in Indian cricket. In the memorable 1970-71 tour of the West Indies, he helped Shri Ajit Wadakar, the Indian Captain in planning the series which was acknowledged by Wadakar later. He was also a good cricket coach Under his coaching Hyderabad reached the Semi Final of Ranji Trophy in the last two seasons.

At the death of Shri Jaisimha the country has lost a cricketer of supreme style and finest strategists.

Now I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Members stood in silence for two minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the messge of condolence to the members of the bereaved family of the deceased.

## Held over starred Questions
## (to which Answers were given)

### গভীর ও অগভীর নলকূপের জলে আর্সেনিকের প্রবণতা

*২৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৮০১) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতার কোন কোন অঞ্চলে গভীর ও অগভীর নলকূপে আর্সেনিকের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে, এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** সাধারণতঃ ভারী ধাতু এবং বর্জ্য পদার্থ থেকে নির্গত জল মাটির নিচে গিয়ে ভূ-পৃষ্ঠে আর্সেনিকের প্রবণতা বাড়ায়। এটা মাটির বহু নীচেও দেখা যায়। বহুতল বাড়ি নির্মাণ এর কারণ হতে পারে। তবে কলকাতা এবং কলকাতার আশেপাশে আর্সেনিক নেই জেনে আমি আশ্বস্ত হয়েছি। আর্সেনিকের যে প্রবণতা সেটাকে পরীক্ষা করার জন্য কলকাতায় কোন ব্যবস্থা আছে কি?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** কলকাতায় আর্সেনিকের কোন প্রভাব কোন অঞ্চলেই নেই। ইতিমধ্যে আমাদের সরকারের পক্ষ থেকে সি. এম. ডি. এ.র পক্ষ থেকে এনভায়রন্‌মেন্টাল সেলের পক্ষ থেকে একটা স্ট্যাটাস অফ গ্রাউন্ড ওয়াটার স্টাডি করা হয়েছিল। তাতে দেখা গেছে যে কলকাতার আশেপাশে এবং কলকাতা শহরের কোথাও কোন জায়গায় পানীয় জলের যে ব্যবস্থা আছে তাতে আর্সেনিকের প্রভাব নেই। আমরা যে ব্যবস্থাগুলো নিয়েছি তাতে কলকাতার কোন কোন অঞ্চলে আয়রণ, ক্লোরাইডের প্রবণতা আছে। যেটা এক্‌সেসনের জন্য কোন কোন জায়গায় হচ্ছে। সেজন্য ব্যবস্থা নিয়েছি, সেটা হল যে, যে বাড়িগুলো সাড়ে আট মিটারের উপর হবে সেই বাড়িগুলো করতে গেলে কলকাতার জল সরবরাহ দপ্তরের কাছ থেকে নো-অবজেকশন সার্টিফিকেট নিতে হবে। সেই অনুমতি ছাড়া কোন নকশা অনুমোদন দেওয়া হবে না। দ্বিতীয়তঃ- মূলত শ্যালো স্তরে এবং ডিপার্ স্তরে কোন জায়গায় আর্সেনিক পাওয়া যায় নি। কিন্তু ঢাকুরিয়াতে একবার পাওয়া গিয়েছিল সেটা সিল্ করা হয়েছিল। সারফেস্ ওয়াটার যখন আমরা খুব বেশী বেশী করে মানুষের কাছে পৌঁছে দিতে পারব, তখন আমরা অনেক বেশী মানুষের কাছে দূষণমুক্ত পরিশ্রুত জল তুলে দিতে পারব। সে জন্য আমরা সরকারের

পক্ষ থেকে এবং কর্পোরেশনের পক্ষ থেকে সার্ফেস ওয়াটার আরো বেশী মানুষের কাছে পৌঁছে দেওয়ার উদ্যোগ নিয়েছি।

[11.10–11.20 a.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** যদিও প্রশ্নটি কলকাতার ওপরে তবুও আমি আপনাকে জিজ্ঞাসা করছি, অন্য কোন পৌরসভার সরবরাহ করা পানীয় জলের মধ্যে আর্সেনিক পাওয়া গেছে কি ?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** সি. এম. ডি. এ. এলাকার মধ্যে বারুইপুর পৌর এলাকায় কিছু টিউবওয়েলে আর্সেনিক পাওয়া গিয়েছে এবং বারাসাতের তিন থেকে চার নং ওয়ার্ডে আর্সেনিক পাওয়া গিয়েছে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী বললেন যে, কলকাতা পৌরসভার কোন জায়গায় জলে আর্সেনিক পাওয়া যায় নি। এটা ঠিকই কলকাতার মূলতঃ যে জল সরবরাহ করা হয় তা সার্ফেস ওয়াটার —গঙ্গার জল পলতা এবং গার্ডেনরীচে শোধন করে সরবরাহ করা হয়। সুতরাং সেই জলে আর্সেনিক দূষণের সম্ভাবনা নেই। কিন্তু যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এন্‌ভারনমেন্টাল স্টাডিস স্যামপেল্ নিয়ে সার্ভে করে দেখেছে কলকাতার দু' জায়গায়, লেক-গার্ডেন্স অঞ্চলে এবং বেহালা অঞ্চলে যে ডীপ টিউবওয়েল থেকে জল সরবরাহ করা হয় তা আর্সেনিক যুক্ত জল। তবে এটাও ঠিক যে একটা স্যাম্পেলের ওপর নির্ভর করে কোন সিদ্ধান্ত গ্রহণ করা ঠিক নয়। কিন্তু আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, এ রকম কোন তথ্য তাঁর কাছে আছে কিনা এবং থাকলে সেই সমস্ত ডীপ টিউবওয়েলগুলি বন্ধ করে দিয়ে সর্বত্র পুরোটাই সার্ফেস ওয়াটার সরবরাহের জন্য তিনি কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** ঢাকুরিয়া অঞ্চলের লেক গার্ডেন-এর কয়েকটা জায়গার '৯৫ সালে আর্সেনিক পাওয়া গিয়েছিল এবং তখনই সেগুলি সিল করে দেওয়া হয়েছিল। আর আমার কাছে যে রিপোর্ট আছে তাতে বেহালার কোথাও জলে আর্সেনিক প্রভাব পাওয়া যায় নি। দ্বিতীয় কথা হচ্ছে কলকাতার জল সরবরাহ করার ক্ষেত্রে আমরা সবচেয়ে বেশী সারফেস ওয়াটার বা ভূ-পৃষ্ঠের জলের ওপর জোর দিচ্ছি। বর্তমানে ২২০ মিলিয়ন গ্যালন পরিশ্রুত জল পলতা এবং গার্ডেন রীচ থেকে সরবরাহ করা হয়। ২০০০ সালের মধ্যে ৩১৪ মিলিয়ন গ্যালন জল প্রতিদিন সরবরাহ করার জন্য উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। কলকাতার যে বুস্টিং পাম্পিং স্টেশনগুলি আছে সেগুলিতে ম্যাকসিমাম ১২ মিলিয়ন গ্যালন জল জমা করে সরবরাহ করা সম্ভব হ'ত। এক বছরে সেই ক্ষমতা বাড়িয়ে আমরা ২০.১ মিলিয়ন গ্যালন করেছি। এর সাথে সাথে আরো ৯.৫ মিলিয়ন গ্যালন জল আন্ডারগ্রাউন্ড রিজার্ভারে ধরে রাখার কাজে হাত দিয়েছি। সুতরাং ডীপ টিউবওয়েল নির্ভরশীলতা আসতে আসতে কমে আসবে—গ্রাজুয়ালি সেটা কমিয়ে দেব। পরিশ্রুত পানীয় জল মানুষের কাছে বেশী পরিমাণে পৌঁছে দিতে পারলেই কন্টামিনেশন-এর ভয় অনেকটাই দুর হবে।

**শ্রী নির্মল দাস ঃ** জল বিজ্ঞানীরা এবং আমাদের দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গবেষকরা বলছেন যত্র-তত্র হাই ইলডিং চাষের জন্য বিশেষ করে দক্ষিণবঙ্গে এবং উত্তরবঙ্গের মালদা

জোনে প্রচণ্ড আর্সেনিক দূষণ হচ্ছে। ফলে আমাদের যে পানীয় জলের সোর্সগুলি আছে সেগুলি বিঘ্নিত হচ্ছে। এই ব্যাপারটার সঙ্গে পি. এইচ. ই. এবং আপনার দপ্তর যুক্ত। তাই আমি আপনার কাছে প্রশ্ন করছি, যত্র-তত্র হাই ইন্ডিং যাতে করা না যায় তার জন্য কি চিন্তাভাবনা করছেন ? কোন রেস্ট্রিকশন আরোপ করার কথা কি রাজ্য সরকার ভাবছে?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** সি. এম. ডি. এ. এলাকার মধ্যে প্রশ্নটা ছিল। সি. এম. ডি. এ. করপোরেশন এলাকার মধ্যে করে। সি. এম. ডি. এ র বাইরে যে এলাকা সেখানে পি. এইচ. ই আছে। পি. এইচ. ই দপ্তরের কাছে প্রশ্নটা করলে তার জবাব দিতে পারবে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** এই হাউসে ১১-১২ মিনিটে আপনি বললেন কলকাতার কোন অঞ্চলে আর্সেনিকের প্রবণতা লক্ষ্য করা যায় নি। আবার ১১-১৩ মিনিটে সৌগত রায়ের প্রশ্নের উত্তর দিতে গিয়ে বললেন ৯৩ এবং ৯৪ নম্বর ওয়ার্ডে আর্সেনিক লক্ষ্য করা গেছে এবং ডীপ-টিউবওয়েলগুলি সিল্ করে দেওয়া হয়েছে। আমার প্রশ্ন, আপনি প্রথমে বললেন কোথাও পাওয়া যায়নি, তারপরে বললেন ৯৩ এবং ৯৪ ওয়ার্ডে আর্সেনিক পাওয়া গেছে। আমি বলছি, কলকাতায় বিশেষ করে যে সব জায়গায় টিউবওয়েল করা হয়েছে—আমি পলতা, গার্ডেনরীচের কথা বলছি না—বিশেষ করে জলের ট্যাঙ্কের কাছে পাইকপাড়া ঐ সাইডে যেখানে টিউবওয়েল খনন করা হয়েছে সেখানে আর্সেনিকের প্রবণতার কোন রিপোর্ট এসেছে কিনা কিম্বা এই ব্যাপারে আপনি কোন পিটিশন পেয়েছেন কিনা ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য শ্রী সৌগত রায়ের প্রশ্নের উত্তরে যে জবাব দিয়েছি এবং তার আগের প্রশ্ন কর্তার প্রশ্নের জবাবের মধ্যে কোন পার্থক্য নেই। আমি প্রথমেই বলেছি, এটা যেখানে পাওয়া গিয়েছিল—আমি বলেছিলাম ঢাকুরিয়া আর উনি বলেছেন লেক-গার্ডেন্স। যাই হোক, ০.০৫ ই. পি. এমের উপর হলে পারমিসিবিল লেভেলের উপর হয়। এর উপরে কোথাও নেই। ১৯৯৫ সালে স্টাডি হয়েছিল এবং ১৯৯৮ সালে আমরা রিপোর্ট পেয়েছি এবং তা সিল করে দেওয়া হয়েছে। আর কোন জায়গায় চিহ্ন পাওয়া যায়নি। কেউ কেউ পেয়ে থাকতে পারেন। কিন্তু আমরা যা স্টাডি করেছি সেই রিপোর্টের ভিত্তিতে আমি এই কথা বললাম। আর এইরকম কোন দরখাস্ত আমি পাইনি।

**শ্রী মুস্তাফা বিন কাশিম ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন, সি. এম. ডি. এ এলাকায় মোট দৈনিক পানীয় জলের চাহিদা আর সরবরাহের যা ব্যবস্থা করতে পেরেছেন তার মধ্যে অসাম্য আছে কিনা, ঘাটতি আছে কিনা, নাকি পুরোটাই মেটানো যাচ্ছে ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** প্রথমত, কলকাতায় এখনো পর্যন্ত প্রায় ৪২ গ্যালন প্রতিদিন মাথা-পিছু পানীয় জল সরবরাহ করা উচিত। সেই দিক থেকে এখনো পর্যন্ত ডীপ-টিউবওয়েলের উপর নির্ভরশীল থাকতে হচ্ছে। আমি এর আগে এক প্রশ্ন কর্তার জবাবে বলেছি, ডীপ-টিউবওয়েলের সংখ্যা কমিয়ে দিয়ে পরিশ্রুত ভূ-পৃষ্ঠের পানীয় জল সরবরাহ করতে চাচ্ছি। এখনো পর্যন্ত দেখছি কিছু ঘাটতি আছে। সেই ঘাটতি মেটানোর জন্য আমরা পলতায় নতুন

প্রোজেক্ট হাতে নিয়েছি এবং একই সাথে গার্ডেনরীচে প্রোজেক্ট হাতে নিয়েছি। আমরা হিসাব করে দেখেছি, ১০০ মিলিয়ন গ্যালন অতিরিক্ত জল আমরা আগামী ২ হাজার সালের মধ্যে পাবো। এই ২ হাজার সালে ১০০ মিলিয়ন গ্যালন পরিশ্রুত অতিরিক্ত পানীয় জল সি. এম. ডি. এ. এলাকায় সরবরাহ করলে মাথা পিছু বেড়ে যাবে এবং এই সমস্যার অনেকটা সমাধান হয়ে যাবে। সারা দেশে পানীয় জল সরবরাহের ক্ষেত্রে কলকাতা মহানগরীতে এটাই হচ্ছে সবচেয়ে বেশী।

**কলকাতা উন্নয়নে বৈদেশিক আর্থিক সহযোগিতা**

*২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪৭) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, কলকাতা পুরসভাকে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, কলকাতা উন্নয়নের জন্য আর্থিক সহযোগিতা করছে;

(খ) সত্যি হলে, উক্ত অর্থের পরিমান কত;

(গ) উক্ত অর্থ অনুদান হিসাবে/ঋণ হিসাবে দেওয়া হয়েছে কি, এবং

(ঘ) ঐ টাকায় কলকাতা পুরসভার কোন্ কোন্ উন্নয়নমূলক কাজ হবে?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী—**

(ক) এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক কলকাতার উন্নয়নের জন্য সরাসরি কলকাতা পুরসভাকে কোন অর্থ দিচ্ছে না। তবে কেবলমাত্র কনসালটেন্সীর জন্য ঋণ হিসাবে ভারত সরকারকে টাকা মঞ্জুর করেছে।

(খ) এই বাবদ ১৩.১০ লক্ষ ডলার দেওয়া হয়েছে।

(গ) উক্ত অর্থ ঋণ হিসাবে দেওয়া হয়েছে।

(ঘ) ঐ টাকায় কলকাতার পরিবেশগত উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে নিকাশী ব্যবস্থার উন্নয়ন, দূষিত জলের নির্বাহ (Waste Water Management), কঠিন বর্জ্য নির্বাহ (Solid Waste Management) হাসপাতালের বর্জ্য নির্বাহ (Hospital Waste Management), বস্তি এলাকায় পবিবেশের উন্নয়ন এবং আগামী ২০ বছরে পরিবেশের উন্নয়নের জন্য প্রযুক্তিগত ও আর্থিক পরিকাঠামো নির্মাণ।

### নতুন শিল্প

*৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৭) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫ থেকে ১৯৯৯-এর ফেব্রুয়ারী মাস পর্যন্ত রাজ্যে কতগুলো নতুন শিল্প উৎপাদন শুরু করেছে; এবং

(খ) উক্ত শিল্পে মোট কতজন শ্রমিক ও কর্মচারী নিযুক্ত হয়েছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :**

(ক) ঐ সময়ের মধ্যে রাজ্যে মোট ১৫২টি নতুন শিল্প উৎপাদন শুরু করেছে।

(খ) উক্ত শিল্পে ১৬ হাজার ৩ শত ১৫ জন শ্রমিক কর্মচারী প্রত্যক্ষভাবে নিযুক্ত হয়েছেন বলে রিপোর্ট পাওয়া গেছে।

[11.20–11.30 a.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** আপনি বলেছেন যে, ১৯৯৫ থেকে ১৯৯৯ পর্যন্ত ১৫২টি নতুন শিল্প উৎপাদন শুরু করেছে। আমার প্রশ্ন, এই সময়ের ভেতরে মোট কতগুলি মৌ সই হয়েছিল এবং এই ১৫২টি শিল্পে কত টাকা নতুন করে বিনিয়োগ করা হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :** আমি যে ১৫২টির কথা বললাম তার সঙ্গে আরও একটু এ্যাড করে নিতে পারেন। যেহেতু মুল প্রশ্নের মধ্যে ছিল না সেইহেতু আমি উত্তরে বলিনি। ঐ সময় আরও ৪৭টি সম্প্রসারিত শিল্প তাদের উৎপাদন শুরু করেছে। ভাল রকম এক্সপানসানটাও ইনভেষ্টমেন্ট বলা যায়। এই ১৫২টা ও ৪৭টা—এই দুটি মিলিয়ে মোট ইনভেষ্টমেন্ট হচ্ছে ১৯৫১.৮৬ ক্রোরস। আর বাজেটের দিন আমি বলেছি যে এই মৌ নিয়ে চারিদিকে একটা কনফিউসন সৃষ্টি করা হচ্ছে। আমি বলি, ১৯ শো ইনভেষ্টমেন্টের প্রোপোজাল আমরা পেয়েছিলাম, ৭১টা হয়েছে। মৌটা কোন প্রিকনভিকসান নয়, পূর্ব শর্ত নয় ইনভেষ্টমেন্টের। ১৯ শোর মধ্যে ৭১টা হয়েছে। তার ঐ ১৫২টার মধ্যে কতগুলিতে মৌ হয়েছিল সেটা আমি এখনই বলতে পারছি না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** তাহলে দেখা যাচ্ছে ১৯ শোর মধ্যে ১৫২টা হল। আমার প্রশ্ন, বাকি গুলি কেন হল না? সরকারী সাহায্য ইনফ্রাস্ট্রাকচারাল কোন সাহায্য সরকারের কাছ থেকে পায় নি বলে, না কি সোর্স অব ফান্ড পায় নি বলে, না কি র' মেটিরিয়ালের সাপ্লাই পাই নি বলে—what are the reasons behind it? ১৯ শোর মধ্যে যে মাত্র ১৫২টা হল তার পেছনে কারণটা কি? ইনফ্রাসট্রাকচারাল ডেফিসিয়েন্সী কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ** ঠিক এক সপ্তাহ আগে বাজেটের দিন আমি বিস্তৃতভাবে সব কিছু সবিনয়ে আপনাদের কাছে রেখেছি। আপনি উপস্থিত ছিলেন। আমি বলেছি, এটা একটা কনটিনিউয়াস প্রসেস। একটা পিরিওড আপনি জানতে চেয়েছেন, ১৯৯৫ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত। আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, যে ইনভেষ্টমেন্টে প্রপোজালগুলি পেয়েছি তার '৩৬ পারসেন্ট এখন পর্যন্ত ইমপ্লিমেন্টেড হয়েছে মাঝারী বড় সব মিলিয়ে। কথা হচ্ছে, একটা প্রস্তাব এলেই তো সে সঙ্গে সঙ্গে ইমপ্লিমেন্ট হয় না। সেক্ষেত্রে জমি ইত্যাদির নানা প্রশ্ন আছে। এখন ৮০টি প্রজেক্টের কাজ হচ্ছে। বাজেটের দিন পরিস্কারভাবে বলা হয়েছে কত আন্ডার কনষ্ট্রাকশন হয়েছে, কত ইমপ্লিমেন্টেড হয়েছে। তবে ইনফ্রাষ্ট্রাকচারের জন্য দেরী হচ্ছে সেটা নয়। নানা কারণে দেরী হয় একটি প্রপোজাল হয়তো কেউ দিলেন, কিন্তু তারপর তার দ্বিতীয় চিন্তা এলো, ফলে তিনি সেটা আর করতে চাইলেন না। আর একটা হচ্ছে, মার্কেটের ব্যাপার রয়েছে, র' ম্যাটেরিয়ালস পাওয়ার অসুবিধার ব্যাপার রয়েছে। গত দুই বছর যাবৎ ক্যাপিটাল মার্কেট ভেঙে চুরমার হয়ে গেছে, ফলে পাবলিক ইস্যু হয় না। কাজেই ফিনানসিয়াল ইনষ্টিটিউশনের কাছ থেকে টাকা না পাওয়ার ব্যাপারটাও কারণ হতে পারে। জমি পেতে দেরীর কারণে হতে পারে। শুধু ইনফ্রাষ্ট্রাকচার করে দিলাম; জল, আলো ইত্যাদির ব্যবস্থা করে দিলাম—তা নয়। রাস্তাঘাটের অগ্রগতি অনেকটাই হয়েছে। কিন্তু অতগুলো কারণের জন্য দেরী হয় ইনভেষ্টমেন্ট, কিছু কিছু ক্ষেত্রে পিছিয়ে যায়। ১৯০৬টি প্রস্তাব যা পেয়েছি তার সবটাই কার্যকর হবে মনে করি না, তবে ৩৬ পারসেন্ট চালু হয়ে গেছে এবং এটা সর্বভারতীয় গড় থেকে বেশী, লিডিং ষ্টেটের কাছাকাছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** ১৯০০-এর ৩৬ পারসেন্ট কিন্তু ৫২ নয়। আপনি একটু অঙ্ক কষে দেখবেন, ৩৬ পারসেন্ট ডাজ নট রিপ্রেজেন্ট অর রিফ্লেক্ট দ্যাট। আমার প্রশ্ন, ওয়ান ওয়ে সিস্টেম চালু করে বিশেষ করে গুজরাট, অন্ধ্রপ্রদেশ, কর্নাটক এবং মহারাষ্ট্র ভাল ফল পেয়েছে। সেখানে ইন্ডাষ্ট্রিয়ালিষ্টরা তাদের প্রপোজাল নিয়ে, ফিনানশিয়াল প্রজেকশন নিয়ে, প্রফিট এ্যান্ড লসের প্রজেকশন নিয়ে সরকারের কাছে আসেন এবং সরকারের কাছে এসে ওয়ান উইনডো পলিসিতে তারা ইনফ্রাষ্ট্রাকচারাল ফেসিলিটিজ, ইকোনমিক ফেসিলিটিজ, গভর্ণমেন্ট কতদিনের জন্য স্থানীয় ট্যাক্স মকুব করে দেবেন, এক্সপোর্ট ওরিয়েন্টেড হলে কত পারসেন্ট সরকার ছাড় দেবেন সেসব জেনে নিতে পারেন। তার ফলে তারা বুঝতে পারেন যে, এগোনো ঠিক হচ্ছে, কি হচ্ছে না। তার জন্য মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু, গুজরাট এবং পার্ট অফ কেরালায় ইন্ডাষ্ট্রি ব্যাপকভাবে হচ্ছে। একমাত্র মহারাষ্ট্রেই ১৯৯৫ থেকে ১৯৯৯ সালের মধ্যে ৪৮ হাজার কোটি টাকা নিয়োজিত হয়েছে। আমার প্রশ্ন, পশ্চিমবঙ্গে এই ওয়ান উইনডো সিষ্টেম চালু আছে কিনা এবং যে স্কিম চালু আছে তাতে তার মাধ্যমে শিল্পপতিরা ঐসব সুযোগ নিতে পারবেন কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ** প্রথমে বলি, ৩৬ পারসেন্ট যেটা বলেছি সেটা মূল প্রশ্নের জবাব নয়, সাপলিমেন্টারী প্রশ্নের জবাব। টোটাল যে প্রস্তাব আছে সেটা ১৯৯১ থেকে ১৯৯৩-এর এবং সেটা ৩৬ পারসেন্ট। ১৯৯৫ থেকে ১৯৯৯ এই সময়ের নয়। কাজেই আমারটা ঠিকই আছে। ওয়ান উইনডো সিস্টেম আমাদের এখানে চালু আছে এবং সেটা ভালভাবে চালু করা হচ্ছে। মডার্ণ ইনফ্রাষ্ট্রাকচার এবং অফিসার দিয়ে ওয়ান উইনডো সিষ্টেমকে কনটিনিউয়াসলি আপগ্রেড

করা হচ্ছে। আমি এই সভায় সদস্যদের মাননীয় অধ্যক্ষের মাধ্যমে অনুরোধ করছি যে, আপনারা এক সময়ে গিয়ে ওই ওয়ান উইনডো সিস্টেম কিভাবে কাজ করছে দেখে আসবেন। আপনাদের সময়ে এই ধরণের ব্যবস্থার কোন নামগন্ধ ছিল না। একে এখন কত আপগ্রেড করা হয়েছে। এতেও আমাদের আত্মসন্তুষ্টি নেই। তা সত্বেও ইমপ্লিমেনটেশানের ব্যাপারে সরকারী পর্যায়ে বা কর্পোরেশান পর্যায়ে দেরী হচ্ছে কেন এটা দেখতে হবে। আমাদের একটা বিশেষ কমিটি রয়েছে তারাই বিষয়টা দেখছেন। তার নেতৃত্বে রয়েছেন চীফ সেক্রেটারি। ম্যাকেন্সির রিপোর্টে এটাই ছিল যে এটা দেখা দরকার এবং সেইভাবে দেখা হচ্ছে। কন্টিনিউয়াসলি ওয়ান উইনডো সিসটেমকে আপগ্রেড করা হচ্ছে এবং সার্পোট দেওয়া হচ্ছে। একটা শিল্প খুলতে গেলে যতগুলো দপ্তর লাগে তার, সব অফিসারদের একসাথে বসিয়েছে। তাতে সমস্ত উত্তর একসঙ্গে পাওয়া যাচ্ছে। আপনি মহারাষ্ট্রের কথা বলেছেন, সেই প্রসঙ্গে বলি যে, মহারাষ্ট্রের ইনফ্রাষ্ট্রাকচার ফেসিলিটি, ফান্ডামেন্টাল এবং সোস্যাল সব রকম সাহায্য সেন্ট্রাল গভর্ণমেন্ট করেছে। যা পশ্চিমবঙ্গের কোথাও হয় নি, পশ্চিমবঙ্গকে বঞ্চিত করা হয়েছে স্বাধীনতার পর থেকে। মহারাষ্ট্রে রাস্তা হয়েছে, গ্যাস লাইন হয়েছে, আই পি সি এল হয়েছে, ইলেকট্রনিক কমপ্লেক্স হয়েছে। সুদৃঢ় হাইওয়ে হয়েছে, ন্যাশানাল হাইওয়ে অথরিটি ইনফ্রাস্ট্রাকচারাল ডেভলাপমেন্টের জন্য ওয়েষ্টার্ণ ইন্ডিয়াতে ইন্ডিয়া গভর্ণমেন্ট যা করেছে তারজন্য আমরা বিরোধিতা করছি না বা আপত্তি করছি না, কিন্তু এখানের ইনফ্রাস্ট্রাকচারের কোন ব্যবস্থা নেয় নি। ওসব জায়গায় রেলে ইনভেস্টমেন্ট হয়েছে, হাইওয়ে হয়েছে, সেগুলো এখানেও হওয়া দরকার।

[11.30–11.40 a.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** ঃ আপনারা ডেস্টিনেশান ওয়েষ্ট বেঙ্গল রায়চকে করেছেন। তারজন্য আবার ৬টি কমিটি করেছেন, তাদের মাথায় চীফ সেক্রেটারিকে রেখে এই ৬টি কমিটি করেছেন, টাস্ক ফোর্স করেছেন, কি ফোর্স তারা এ্যাপলাই করেছে এবং হুইচ ওয়াজ এক্সপেকটেড আউট অফ দেম। গত চার মাসে একবারও কি শিল্প দপ্তরের অফিসারদের নিয়ে এই টাস্ক ফোর্স বসেছে এবং কতটা আলোচনা করেছে এবং ডব্লিউ বি আই এফ সি যেটা হয়েছে, সেখান থেকে সহজ লাভে টাকা পাওয়ার ক্ষেত্রে কি ব্যবস্থা নিয়েছেন জানাবেন। যে রিপোর্টের ভিত্তিতে টাস্ক ফোর্স করলেন তারা কতটা কাজ করেছে এবং সরকারের কাছে রিপোর্ট জমা দিয়েছে কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী** ঃ কিছুদিন আগেই টাস্ক ফোর্স নিয়ে একটা প্রশ্ন ছিল, তাতে বিস্তারিত বলা হয়েছিল। তবুও মাননীয় সদস্যকে জানাই যে, টাস্ক ফোর্সের কাজ শেষ হয়েছে। ৬টি টাস্ক ফোর্স তাদের সুপারিশ চূড়ান্ত করে ফেলেছে।

**শ্রী তপন হোড়** ঃ মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, বীরভূম জেলাতে অতি উচ্চ মানের কয়লা আছে। আসানসোল এবং রাণিগঞ্জে যেমন কয়লা রয়েছে তেমনি বীরভূমের কয়লা রয়েছে, এই কয়লা উত্তোলনের ব্যাপারে কোন প্রস্তাব আপনার কাছে এসেছে কিনা, এই কয়লা উত্তোলন করতে পারলে প্রচুর অর্থ আসবে। সুতরাং এই কয়লা উত্তোলনের ব্যাপারে আপনার কাছে কোন প্রস্তাব এসেছে কিনা এবং না এসে থাকলে আপনি এই বিষয়ে কি বিবেচনা করছেন জানাবেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :** মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে বলি, বীরভূম বা অন্য জায়গায় যে কয়লা মাটির নীচে আছে তা নিয়ে জিওলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া এবং আমাদের দপ্তর যুগপৎ অনুসন্ধান চালাচ্ছে। সেই অনুসন্ধানের কাজ শেষ হলে, খনন কতটা করা যাবে কতটা তোলা যাবে, কতটা কর্মাসিয়ালি ভায়াবেল হবে সেটা দেখতে হবে।

**শ্রী তপন হোড় :** ওখান থেকে চোরাপথে কয়লা তোলা হচ্ছে ?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :** জেলা পরিষদ বা অন্যান্য স্থানীয় সংস্থার সহযোগিতায় রাজ্য সরকার এই বে-আইনী কাজ বন্ধ করার জন্য জাগ্রত আছে। মাননীয় সদস্য যখন বললেন, তখন আমরা দেখব এবং এই ব্যাপারে যা ব্যবস্থা নেওয়ার দরকার তা আমরা নেব।

**শ্রী অম্বিকা ব্যানার্জী :** মাননীয় মুখ্যমন্ত্রী ব্যক্তিগতভাবে চেষ্টা করছেন আমি জানি। আপনি বললেন ওয়ান উইন্ডো কাজ করছে। আমি নিজে এ্যাপ্লিকেন্ট এবং আমি দায়িত্ব নিয়ে বলছি তারা কাজ করছে না। পলিউশানের একটা ক্লিয়ারেন্স পেতে এক বছরেরও বেশী সময় লেগে যাচ্ছে। তাহলেই বুঝুন ওয়ান উইন্ডো সিস্টেম কি কাজ করছে। খবরের কাগজে বা বইতে যা লেখা আছে সেখান থেকে আপনি বলছেন, দয়া করে আপনি এই ব্যাপারে সচেষ্ট হন। কিছুদিন আগে গেটওয়ে নাইনটি নাইন আপনি ডিক্লেয়ার করেছিলেন। ভারতবর্ষের বিভিন্ন জায়গা থেকে ইন্ডাস্ট্রিয়ালিস্টদের নিয়ে এসে ইলেকট্রনিক্স কমপ্লেক্স আপনারা সাকসেসফুল করতে চেয়েছিলেন। কিন্তু সেই গেটওয়ে নাইনটি নাইন ডিক্লেয়ার করার পরেও সেটা ক্যানসেল করে দেওয়া হল কেন ?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :** গেটওয়ে নাইনটি নাইন এক সময় প্রস্তাব করা হয়েছিল। যথেষ্ট প্রস্তাব পাইনি বলে এটা হয়নি, তবে এটা বাতিল হয়নি, এটা আমরা আবার করব।

**শ্রী নাজমূল হক :** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে বলবেন কি, বিগত আর্থিক বছরে মূলতঃ আমাদের রাজ্যের সাথে গুজরাট, তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ এই সমস্ত রাজ্যে কেন্দ্রীয় বিনিয়োগ, বিশেষ করে আই. ডি. বি. আই বা আই. এস. সি. আই-এর বিনিয়োগের পরিমাণ কি বা পার্থক্য কি ?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :** আপনি যে প্রশ্নটা তুলেছেন সেটা ক্রেডিট রেশিও সম্পর্কে, কতটা জমা পড়েছে, কতটা ঋণ পাওয়া গিয়েছে বিভিন্ন ফিনানসিয়াল ইন্সটিটিউশানগুলো থেকে। এই ব্যাপারে পশ্চিমবঙ্গের সাথে সীমাহীন বঞ্চনা করা হয়েছে। সেখানে সর্বভারতীয় এ্যাভারেজ হচ্ছে ৬১-৬২ শতাংশ, সেখানে আমাদের রাজ্যের পরিমাণ ৪২-৪৩ শতাংশ। এটাও জানবেন কোন কোন রাজ্য ৭০-৭৫-৮০ শতাংশ পাচ্ছে। কিন্তু এ্যাভারেজ হচ্ছে ৬১-৬২ শতাংশ।

এখানে যাতে কর্ম বিনিয়োগ না হয়, পশ্চিমবাংলা যাতে শ্মশান হয়ে যায়, এর বরাবর একটা চেষ্টা হয়েছিল, তার সঙ্গে টাকার ব্যাপারটাও ছিল। সেই সাইকোলজি দূর হয়নি। ওরা মুখে বলছে যে, এখানে বেশী টাকা আটকে গেছে। ১-লা জুলাই এই বিধানসভায় বাজেট বিতর্কের

সময় দেখিয়েছি টাকা বেশী আটকে গেছে মহারাষ্ট্রে, পশ্চিমবঙ্গে নয় রুগ্ন, বন্ধ কারখানার জন্য। একট কারখানা বন্ধ হয়ে গেলে আর একটা নো ইন্ডাষ্ট্রি ডিস্ট্রিক্টে, ব্যাকওয়ার্ড সেন্টারে পারমিশন দিচ্ছে অন্য রাজ্য, হাই ইন্সেন্টিভ্ দিয়ে, যেটা পশ্চিমবঙ্গে হয় না। একদিকে হচ্ছে বঞ্চনা, আর অন্য দিকে আইন অন্য রাজ্যগুলো সম্পর্কে উদার, আমাদের রাজ্য সম্পর্কে অনুদার—এটা সত্য। আর, কংগ্রেসের লাগবার কি আছে, এখন তো বি. জে. পি. গভর্ণমেন্ট?

[11.40–11.50 a.m.]

**শ্রী নির্মল ঘোষ :** মাননীয় স্পিকার স্যার, উনি বলেছেন ৯৮-৯৯ হিসেব অনুযায়ী একটা জায়গায় ৭ হাজার কোটি টাকার কাজ শেষ হয়েছে, আর একটি জায়গায় ১৩ হাজার কোটি টাকার কাজ চলছে। উনি বলেছেন সবটা নিয়ে ৩৬ পার্সেন্ট। এটা আমার প্রশ্ন নয়। ইট ডাজ নট কাম আপ টু পার্সেন্টি। নতুন ১৫২ টি এবং এক্সপ্যানসারের কাজ শেষ হয়েছে ৪৭ টি ক্ষেত্রে, আর ৮৪ টি ক্ষেত্রে কাজ চলছে। এতে মোট ১৬,৩০০ লোক কাজ পেয়েছে। এই প্রকল্প শেষ হয়ে গেলে, ৪৭ টি যে এক্সপ্যানসান করছেন তাতে কত লোক এমপ্লয়মেন্ট পেয়েছে, আর ৮৪ টি কবে শেষ হবে এবং এই তিনটি ক্ষেত্রে মোট কত এমপ্লয়মেন্ট পাবে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :** এমপ্লয়মেন্টের সংখ্যা বলেছি মূল প্রশ্নের উত্তরে। আর পরোক্ষ বলা যায় ১:৫। আর, হাইটেক ইন্ডাষ্ট্রি একবকম এবং লেবার ইনটেন্সিভ ইন্ডাস্ট্রিতে এক রকম হয়। বর্তমান যুগে নতুন টেকনোলজি, হাইটেক ইন্ডাস্ট্রি মেনে নিতে হয়। তাতে প্রত্যক্ষ ভাবে এমপ্লয়মেন্ট হবে না, পরোক্ষে যেটা হবে, সেটা ১:৫।

**শ্রী নির্মল দাস :** আপনি শিল্প দপ্তর-এর ভার নেওয়ার পর দেখছি যে সমস্ত শিল্প কারখানা বন্ধ হয়ে গেছে, সেইগুলো রিভাইব করার চেষ্টা করছেন এবং বেশ কিছু সাফল্য পেয়েছেন। এবং, নতুন যে সমস্ত মৌ সাক্ষর হয়েছে, তারপর কিছু কিছু শিল্প উদ্যোগ এখানে এসেছে। নতুন যে সমস্ত কল-কারখানা গড়ে উঠেছে, তার জেলাওয়ারি ব্রেক আপ কি বলবেন। আর, ডানলপ সহ যেসব কল-কারখানা ধুকছে, সেসব উদ্যোগের ক্ষেত্রে কি কি ব্যবস্থা নিয়েছেন? এবং, ৯৫ থেকে ৯৯ পর্যন্ত কত কল-কারখানা বন্ধ হয়েছিল এবং কতগুলো চালু হ'ল, এর একটা তুলনামূলক চিত্র এখানে দিলে ভালো হয়। মহারাষ্ট্রের কথা আপনি ঠিকই বলেছেন। আমরা জানি, নেহেরু, ইন্দিরার আমল থেকে রাজীব গান্ধীর আমল পর্যন্ত পশ্চিমবাংলাকে বঞ্চিত করা হয়েছে। সেখানে আপনি আসার পর আজকে যে পরিস্থিতি এসেছে, সেই সম্পর্কে আমাদের সবাইকে, রাজ্যবাসীকে অবহিত করলে বাধিত হব।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :** শিল্প, কল-কারখানার পুনরুজ্জীবনের বিষয়টি রাজ্য সরকার সামগ্রিক ভাবে দেখছে। এটা কঠিন সমস্যা। এটা শুধু এই রাজ্যের সমস্যা নয়, সারা দেশের, সারা পৃথিবীর সমস্যা। সমাজতান্ত্রিক দেশগুলো একভাবে দেখছে, ধনবাদী দেশগুলো আর এক ভাবে দেখছে। জেলা ওয়ারী যে তালিকা আপনি চেয়েছেন, তার হিসাব আমি দিচ্ছি। কলকাতা - ২৫১, দক্ষিণ ২৪ পরগণা ২৪২, উত্তর ২৪ পরগণা ২০৮, হাওড়া ২৫৭, হুগলী ১৯৭, বর্ধমান ৬৬, মেদিনীপুর ৪৫, বাঁকুড়া ১০, বীরভূম ৬, পুরুলিয়া ৫, নদীয়া ৬২, মুর্শিদাবাদ ১, মালদা ৮, দিনাজপুর ৮, দার্জিলিং ১৮, জলপাইগুড়ি ১৯, কুচবিহার - ১৩। এই হচ্ছে মূল প্রস্তাব। এছাড়া আরও

কর্মসূচী আছে। আমি আপনাকে বলছি যে, রাজ্য সরকার এবার একটা সুচিন্তিত মত নিয়েছে। আগে রাজ্য ৪ ভাগে ভাগ ছিল। এখন সেটা ৩ ভাগ করে আরও সুযোগ সুবিধা এমনভাবে বাড়ানো হয়েছে, যে, শিল্পে অনগ্রসর যে জেলা, সেই জেলাই পাবে। কাঁচামালের অন্যান্য যে সুযোগসুবিধা তার ভিত্তিতে যে শিল্প অর্থনীতি, কার্যকলাপ দ্রুত এগোতে পারে। তার মত করে পরিকল্পনা গ্রহণ করেছি। সেটা বিধানসভায় ঘোষণাও করা হয়েছে।

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** আপনি একটু আগে বললেন যে, মুর্শিদাবাদে একটা প্রকল্প করার প্রস্তাব আছে। সেই প্রকল্পটা কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ** মুর্শিদাবাদ জেলার জন্য একটা নির্দিষ্ট প্রস্তাব আছে। সেটা আমি এখানে বলতে পারব না। আপনি আলাদা ভাবে প্রশ্ন করলেন আমি সামগ্রিকভাবে বলব। তবে মুর্শিদাবাদে বড় ইন্ডাস্ট্রি খুব কমই এসেছে। এখানে ছোট মাঝারী, নানাবিধ বৈচিত্র্যপূর্ণ কর্মসংস্থান প্রকল্প চালু আছে। ফরাক্কা তাপ বিদ্যুৎ কেন্দ্র আছে, তার ফলে অনেক সম্ভাবনা আছে। কিন্তু এক্ষেত্রেও কিছু অসুবিধা আছে। আপনি নির্দিষ্টভাবে আলাদা করে প্রশ্ন করলে আমি উত্তর দেব।

### গঙ্গা অ্যাকশন প্ল্যান

*৪৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৯) **শ্রী সুভাষ গোস্বামী** এবং **শ্রী তপন হোড় ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার গঙ্গা অ্যাকশন প্ল্যানের জন্য সম্প্রতি কেন্দ্রীয় সরকারের নিকট নির্দিষ্ট কিছু প্রস্তাব পেশ করেছে?

(খ) সত্যি হলে, প্রস্তাবগুলি কি কি; এবং

(গ) উক্ত প্রস্তাব কার্যকর করতে কত পরিমাণ টাকা খরচ হতে পারে।

**শ্রী অশোক ভট্যাচার্য্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) গঙ্গা অ্যাকশন প্ল্যানের দ্বিতীয় পর্যায়ে পশ্চিমবঙ্গের মোট ২৬টি শহর জোনে এ পর্যন্ত সর্বসমেত ৬৭টি প্রকল্পের নির্দিষ্ট প্রস্তাব রাজ্য সরকারের মাধ্যমে পেশ করা হয়েছে। প্রকল্পগুলির নামের তালিকা সঙ্গে দেওয়া হল।

(গ) উক্ত প্রস্তাবগুলি কার্যকর করতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সর্বসমেত তিনশ চুয়াল্লিশ কোটি তিপ্পান্ন লক্ষ টাকার প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। কিন্তু ডি. পি. আর. গুলি চুড়ান্তভাবে স্থির করার সময় ব্যয়ভার বহনের রীতি ও কর্মসূচীর পরিধি ইত্যাদির পরিবর্তনজনিত কারণে উপরোক্ত অর্থের পরিমাণের হেরফের হতে পারে।

## পশ্চিমবাংলায় গঙ্গা অ্যাকশন প্ল্যানের দ্বিতীয় পর্য্যায়ে অন্তর্ভুক্ত প্রস্তাবিত প্রকল্পগুলির নামের তালিকা।

| সারণি | গঙ্গার মূল স্রোতের অববাহিকায় অবস্থিত, সুপ্রিম কোর্ট নির্দেশিত শহরের জোনের নাম | ইন্টারসেপশন এবং ডাইভারসান | | | সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট | বৈদ্যুতিক শবদাহ চুল্লী | নদীর পাড় উন্নয়ন | সুলভ শৌচালয় | জমি সংগ্রহ | টালিনালা পলিমুক্ত করণ | মোট প্রকল্প |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সুয়ার লাইন | লিফটিং স্টেশান | মেন পাম্পিং স্টেশান | | | | | | | |
| ১ | নৈহাটী | ১টি | — | ২টি | ২টি | — | ১টি | — | ১টি | — | ৭ |
| ২ | খড়দহ (সংযুক্ত অঞ্চলসহ) | ১টি | — | — | — | — | — | — | ১টি | — | ২ |
| ৩ | গয়েশপুর, হালিশহর ও চোঁচড়াপাড়া | ১টি | — | — | ১টি | — | — | — | ১টি | — | ৩ |
| ৪ | কোন্নগর | ১টি | — | — | — | — | — | — | ১টি | — | ২ |
| ৫ | উত্তরপাড়া-কোতরাং | ১টি | — | — | — | — | — | — | ১টি | — | ২ |
| ৬ | নর্থ-ব্যারাকপুর | ১টি | — | — | — | — | — | — | ১টি | — | ২ |
| ৭ | জিয়াগঞ্জ-আজিমগঞ্জ | ১টি | — | — | — | — | — | — | — | — | ১ |
| ৮ | ডায়মন্ডহারবার | ১টি | — | — | — | — | — | — | ১টি | — | ২ |
| ৯ | গাকলিয়া | ১টি | ১টি | ১টি | ১টি | — | — | — | ১টি | — | ৫ |
| ১০ | কাটোয়া | ১টি | — | — | — | — | — | — | ১টি | — | ২ |
| ১১ | ধুলিয়ান | ১টি | ১টি | ১টি | ১টি | — | — | — | ১টি | — | ২ |
| ১২ | জঙ্গীপুর | ১টি | — | — | — | — | — | — | ১টি | — | ২ |
| ১৩ | মহেশতলা | — | — | ১টি | — | ১টি | — | — | ১টি | — | ৩ |
| ১৪ | চান্দহ (পরিত্যক্ত) | — | — | — | — | — | — | — | — | — | |
| ১৫ | মুরশিদাবাদ | ১টি | — | — | — | — | — | — | ১টি | — | ২ |
| | মোটঃ | ১৩টি | ২টি | ৫টি | ৫টি | ১টি | ১টি | — | ১৩টি | — | ৪০ |

| সারণি | গঙ্গার জলস্রোতের অববাহিকায় অবস্থিত অন্যান্য শহর জোনের নাম। | ইন্টারসেপশন এবং ডাইভারসান | | | সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট | বৈদ্যুতিক শবদাহ চুল্লী | নদীর পাড় উন্নয়ন | সুলভ শৌচালয় | জমি সংগ্রহ | টালিনালা পরিমুক্ত করণ | মোট প্রকল্প |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সুয়ার লাইন | লিফটিং স্টেশান | মেন পাম্পিং স্টেশান | | | | | | | |
| ১ | ব্যারাকপুর | ১টি | — | — | — | — | — | — | ১টি | — | ২ |
| ২ | বাঁশবেড়িয়া | ১টি | — | — | ১টি | — | — | — | ১টি | — | ৩ |
| ৩ | রিষড়া | ১টি | — | — | — | — | — | — | ১টি | — | ২ |
| ৪ | বৈদ্যবাটি | ১টি | ১টি | ১টি | ১টি | — | — | — | ১টি | — | ৫ |
| ৫ | সাবকুলার ক্যানাল | ১টি | ১টি | — | — | — | — | — | — | — | ২ |
| ৬ | টালিনালা | — | ১টি | — | — | — | — | — | — | ১টি | ২ |
| ৭ | বজবজ | ১টি | — | — | ১টি | ১টি | — | — | ১টি | — | ৪ |
| ৮ | ভদ্রেশ্বর-চাঁপদানী | ১টি | ১টি | — | ১টি | — | — | — | ১টি | — | ৪ |
| | **মোট :** | **৭টি** | **৪টি** | **১টি** | **৪টি** | **১টি** | — | — | **৬টি** | **১টি** | **২৪** |
| | দামোদর নদের অববাহিকায় শহর জোনগুলোর নাম। | | | | | | | | | | |
| ১ | রাণীগঞ্জ | ১টি | — | — | — | — | — | — | — | ১ | |
| ২ | আসানসোল | ১টি | — | — | — | — | — | — | — | ১ | |
| ৩ | অন্ডাল | ১টি | — | — | — | — | — | — | — | ১ | |
| ৪ | দুর্গাপুর | — | — | — | — | — | — | — | — | | |
| | **মোট:** | **৩টি** | — | — | — | — | — | — | — | ৩ | |
| | **সর্ব্ব সমেত :** | **২৩টি** | **৬টি** | **৬টি** | **৯টি** | **২টি** | **১টি** | — | **১৯টি** | **১টি** | **৬৭** |

প্রস্তাবিত মোট প্রকল্পের সংখ্যা—৬৭টি

**শ্রী তপন হোড় ঃ** এই গঙ্গা অ্যাকশন প্ল্যানের মধ্যে আপনার টালিজ নালা অন্তর্ভূক্ত কিনা, যদি এটা হয়ে থাকে, তাহলে টালিজ নালার কাজ শুরু হয়েছে কিনা। এর জন্য কত টাকা আপনি পেয়েছেন বা রাজ্য সরকার এর জন্য কত টাকা খরচ করেছেন।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** টালিজ নালার কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। সি এম ডবলু এস এ কলকাতা পুরো কর্পোরেশান এবং সেচ দপ্তর এই দুটো সংস্থা যৌথভাবে টালিজ নালার কাজ করছে এবং এই প্রকল্পের জন্য ব্যয় হবে ৩৩ কোটি ৬৪ লক্ষ টাকা। এই টাকার ভিতরে ২৭ কোটি ৬৩ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকারের দেওয়ার কথা। বাকী ৬ কোটি ১ লক্ষ টাকা রাজ্য সরকারের দেওয়ার কথা। এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টালিজ নালা বাবদ ৪ কোটি টাকা পেয়েছি। রাজ্য সরকারের কাছ থেকে ৪ কোটি ৪৬ লক্ষ টাকা পেয়েছি।

[11.50–12.00 Noon]

**শ্রী তপন হোড় ঃ** সারকুলার ক্যানেল যেটা সেই সারকুলার ক্যানেলের কাজ শুরু করেছেন কিনা, করলে এর জন্য কত টাকা পেয়েছেন? কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন কিনা, রাজ্য সরকার টাকা দিচ্ছেন কিনা, কত টাকা খরচ করছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** ৬৭টা প্রকল্পের কথা বলেছিলাম। সারকুলার ক্যানেলের কাজ এই প্রকল্পের অন্তর্ভূক্ত রয়েছে। এটা ইতিমধ্যেই অনুমোদন পেয়েছে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এখনও টাকা পাই নি। টাকা পেলে সারকুলার ক্যানেলের সংস্কারের কাজ শুরু হবে।

**শ্রী তপন হোড় ঃ** গঙ্গা অ্যাকশন প্ল্যানে কাজ হচ্ছে। গঙ্গা অ্যাকশন প্ল্যানের জন্য কি কাজ আপনি করেছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** গঙ্গা অ্যাকশন প্ল্যানে দ্বিতীয় পর্যায়ে ইন্টারসেপসন অ্যান্ড ডাইভারশন। যে সমস্ত নালা বর্জ্যপদার্থ বহন করে, যেগুলো গঙ্গা নদীতে পড়ছে সেগুলোকে কমিয়ে আনা। মূলতঃ গঙ্গা নদীর যে দূষণ সেই দূষণের মাত্রা অন্ততঃ পক্ষে ৫০ এম. জি নীচে নিয়ে আসা, বি. ও. ডি করে পরিমাণটা কমিয়ে আনা। পরের কাজ হচ্ছে ইন্টারসেপশন অ্যান্ড ডাইভারশন। যেগুলো ছোট নালা গঙ্গার ভেতর পড়ছে সেগুলোর মুখটা অন্যদিকে ঘুরিয়ে দেওয়া। ইলেকট্রিক ক্রিমোটোরিয়াম নির্মাণ করা। তৃতীয় হচ্ছে নদীর ধার সৌন্দর্য্যকরণ করা। নদীর ধারগুলোকে বাঁধানো। বিভিন্ন জায়গায় লো কষ্ট ল্যাট্রিন করা, নদীর দুইধারে গাছ লাগানো।

**শ্রী তপন হোড় ঃ** গঙ্গার ওপারে যে বিস্তীর্ণ এলাকা পড়ে আছে, সেখানে ঘিরে রাখা হয়েছে। এখানটা সৌন্দর্য্যকরণ করার জন্য গঙ্গা অ্যাকশন প্ল্যানের মধ্যে পড়ে কিনা। এখানে আপনার কি পরিকল্পনা আছে? এর জন্য কতটাকা বরাদ্দ আছে, কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** গঙ্গার তীরবর্তী সৌন্দর্য্যকরণ কর্মসূচী আমরা নিয়েছি। এটা গঙ্গা অ্যাকশন প্ল্যানের সঙ্গে যুক্ত নয়। এটা একটা আলাদা প্রকল্প। এরজন্য কেন্দ্রীয় সরকারের কাছ

থেকে কোন টাকা পাওয়া যায় নি। ক্যালকাটা পোর্ট এই কাজে সাহায্য করবে, বাকিটা করবে কলকাতা পৌরসভা। সবচেয়ে বড় যে কাজটা সেটা করবে সি. এম. ডি. এ। এই কাজটা শুরু হয়ে গেছে। আগামী ডিসেম্বরের মধ্যে গঙ্গা সৌন্দর্য্যকরণের কাজ শুরু হয়ে যাবে।

**শ্রী অজয় দে ঃ** আপনি বলেছেন যে গঙ্গা অ্যাকশন প্ল্যানের আন্ডারে যে কাজগুলো হয়েছে তার কথা। আমি জানতে চাইছি যে জায়গায় বৈদ্যুতিক চুল্লী নেই—আপনি বলেছেন ৬৭টা প্রোপোজাল পাঠিয়েছেন। এই ৬৭টার ক্ষেত্রে ক্রাইটেরিয়া কি, কারা নির্ধারণ করেন, আপনাদের কোন এক্সপার্ট কমিটি কি এগুলো সিলেকশন করেন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** আমাদের তৃতীয় পর্যায়ে শুরু করার আগে সুপ্রীম কোর্টের একটা রায় ছিল। সেই রায় অনুযায়ী ১৫টা শহর রয়েছে। তার মধ্যে আটটা শহরকে প্রথম পর্যায়ে আনা যায় নি। আরও ৪টে দামোদর তীরবর্তী শহরকে অন্তর্ভুক্ত করা। বি. ও. ডি যেখানে ৫০ এম. জি'র নীচে আছে, সেখানে বি. ও. ডি নীচে আছে এই রকম অনেকগুলি শহরকে আমরা অন্তর্ভূক্ত করতে পারি।

**শ্রী রবীন দেব ঃ** স্যার, মাননীয় মন্ত্রী গঙ্গা অ্যাকশন প্ল্যান সম্পর্কে অনেকগুলি পরিকল্পনার কথা বলেছেন। কলকাতার টালিনালা, বাগজোলা খাল এবং বিদ্যাধরী দক্ষিণ ২৪ পরগণা পর্যন্ত এগুলি এর সাথে যুক্ত করার জন্য অনেক দিন আগে থেকেই ঘোষণা করা হয়েছিল, কিন্তু কার্যকরী পদক্ষেপ কি নেওয়া হয়েছে?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** টালিনালার কাজ শুরু হয়ে গেছে, প্রায় ১৫ কি. মি. খালের সাথে যুক্ত করা হয়েছে। এখন এর মূল কাজ ডিসিলট্রেশান হবে। আর সার্কুলার ক্যানেলের কাজ কিছুদিনের মধ্যেই শুরু হবে। বাগজোলা খালের কাজ আমাদের নিজেদের ১৪ কোটি টাকা ব্যয়ে সি. এম., ডি. এ. কাজ শুরু করে দিয়েছে এবং খানিকটা কাজ হয়েও গেছে। কলকাতা এবং তার আশেপাশের সমস্ত খালগুলি সংস্কারের জন্য একটা বড় প্রকল্প আমরা তৈরী করেছি, যে প্রকল্পটি ফরাসী সরকারের সঙ্গে কথাবার্তা চলছে এবং প্রাথমিক কথাবার্তা হয়েছে এবং ওঁরাও আগ্রহ প্রকাশ করেছেন, যদি এটা আরও এগোয় তাহলে কলকাতা এবং তার আশেপাশের খালগুলির সংস্কারের কাজ আমরা হাতে নিতে পারবো।

**শ্রী আব্দুল মান্নান ঃ** গঙ্গা এ্যাক্‌শন প্ল্যানে শ্মশান চুল্লীর কথা বললেন, এখানে একটা সমস্যা দেখা দিয়েছে মন্ত্রী হিসেবে আপনি নিশ্চয়ই এটা জানেন। এই শ্মশান চুল্লীগুলি তৈরী করা হয়েছে কিন্তু ১০, ১২টি ডেডবডি না আসলে এগুলিতে লোকসান হচ্ছে, বিভিন্ন জায়গায় লসে রান করছে বিদ্যুতের বিল বেশী হচ্ছে বলে। সেখানে যে লোকেরা কাজ করছে তাদের মিউনিসিপ্যালিটির স্টাফ্ করা যাচ্ছে না। তারা কন্ট্রাক্টরের মাধ্যমে কাজ করে। গঙ্গা এ্যাক্‌শন প্ল্যানে জলের ক্ষেত্রে যা হয়েছে এখানেও তাই হচ্ছে। মেনটেন্যান্সের দায়িত্ব নিচ্ছে না। বহু জায়গায় ক্রিমেটোরিয়াম বন্ধ থাকছে। যদিও এগুলি চলছে না, তবুও যারা এগুলি চালাচ্ছে তাদের মিউনিসিপ্যালিটির এম্প্লয়ী হিসাবে নেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা? ম্যাক্‌সিমাম মিউনিসিপ্যালিটিতে এই সমস্যা হচ্ছে।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম এবং যে সমস্ত ট্রিটমেন্ট প্ল্যান্ট তৈরী

করা হচ্ছে যদি সেগুলিকে ভালো ভাবে মেনটেন করতে হয় তাহলে সমস্ত পৌরসভাগুলি মিলে বছরে প্রায় ৫ কোটি টাকা খরচ হবে। এটা ঠিক যে পৌরসভাগুলির খরচ করার ক্ষমতা নেই। অপারেশান এবং মেনটেন্যান্সের জন্য ৫০ ভাগ টাকা আমরা এতদিন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেতাম। কিন্তু কেন্দ্রীয় সরকার এখন বলছে এর ১০০ ভাগ খরচ রাজ্য সরকারকে বহন করতে হবে। রাজ্য সরকার এখন এর খরচ বহন করছে। তবে ইলেকট্রিক ক্রিমেটোরিয়ামের ক্ষেত্রে এটা তার নিজের পৌরসভাকেই পরিচালনা করতে হবে। কোথাও কোথাও পৌরসভার উদ্যোগে পরিচালিত হচ্ছে, আবার কোথাও ঠিকাদাররা পরিচালনা করছে। কিন্তু দৈনিক ৮, ১০টা ডেড-বডি দরকার। আমাদের রাজ্যে মৃত্যুর হার হয়তো কমে গেছে এটাও একটা কারণ হতে পারে. আরেকটা কারণ পৌরসভাগুলির অসুবিধা হচ্ছে এর যে বিদ্যুতের খরচ এটা অতিরিক্ত খরচ। আমি বিদ্যুৎমন্ত্রীর কাছে অনুরোধ জানিয়েছি যাতে গঙ্গা এ্যাক্শন প্ল্যানে এই বৈদ্যুতিক চুল্লীগুলিকে বিশেষ পরিষেবা প্রকল্প বলে গ্রহণ করে এদের কনসেশনাল রেট করা হয়। এটা যদি করা হয় তাহলে পৌরসভার যে ক্ষতি হচ্ছে সেটা কমে যাবে।

[12.00–12.10 p.m.]

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** গঙ্গা এ্যাকশন প্ল্যানে যে ১৫টা শহরের কথা বলা হয়েছে তার মধ্যে বহরমপুর শহরও আছে। আমার প্রশ্ন, খাগড়াতে যে নালা আছে তার সংস্কারের জন্য বহরমপুর পুরসভা খাগড়াকে কত টাকা দিয়েছে এবং কি কাজ হয়েছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** কত টাকা দেওয়া হয়েছে তার উত্তর এখনই দেওয়া যাবে না। তবে বহরমপুরে দুটো ইলেকট্রিক চুল্লী তৈরী করা হয়েছে এবং পয়ঃপ্রণালীর ব্যবস্থা করা হয়েছে। কিন্তু কিছু ত্রুটি দেখা দেওয়ার জন্য সংশোধন করার চেষ্টা করছি। আর, কত টাকা দেওয়া হয়েছে তা জানতে গেলে নোটীস লাগবে।

### Fire Services in Metro Railway

*497 (Admitted Question No. *2473) **Shri Saugata Roy : Will the** Minister in-charge of the Fire Services Department be pleased to state–

(a) whether Metro Rail proposes to close down its own fire services;

(b) the response of the State Government to the proposal; and

(c) the condition of the Metro's fire services?

**Shri Pratim Chatterjee :** Yes, the first-hand report is correct.

We have taken some steps against the closure notice of the Metro Rail Fire Wing, i.e., the Government is very much concerned about it. Accordingly, we had written a letter at that time to the Union Government's

Minister-of-State Shri Ram Naik and protested about the withdrawal of fire wing from Metro Rail and that was simultaneously reported by the Apex Body of the Railway Passengers' Union and also from the MTP Workmen's Union. We learnt about it only by seeing the newspapers and no one asked or consulted the West Bengal Government in any way. However, today the position is this that they have stopped the withdrawal of the fire wing from the Metro Rail - that is the net result.

The third question that you have put, I can say, –No, that is not adequate at all as per West Bengal Fire Service Department's opinion and also as per the opinion of the officers of Metro Rail Authority. They are also not happy and they are writing the Authority at Delhi for adequate arrangements which we are telling for the last two years when Jatin Das Park incident happened. You know, about three years ago a hazardous fire occurred at Jatin Das Park. Then we had taken the matter seriously and we are having an opinion to make a disaster management for Metro Rail with the collaboration of us because we have nothing to do with the Metro's. Metro are having their own preventive people - fifty people are with them.

Now that danger is over they are not withdrawing the fire wing.

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আপনি আমাদের মন্ত্রীদের থেকে একটু বাঁচান। মন্ত্রী মহাশয়, আপনি যে রিপ্লাই দিলেন তা আপনার ডিপার্টমেন্ট থেকে দিয়েছে? হাউজে যেটা লে করা হয়েছে সেটা পড়লেন? না কি নিজের মন থেকে জবাব দিলেন? আপনি যে জবাব দিলেন, কন্ডিশন অফ মেট্রো ফায়ার সার্ভিস কি। আপনি যে রিটন রিপ্লাই দিয়েছেন তাতে বলছেন, 'মেট্রো.....Fire Service is controlled and operated by Railway Authority.

আপনি রিটিন উত্তরে দিয়েছেন যে আপনি প্রথমে কোন ক্লারিফিকেশান করবেন না, আপনি মুখে বললেন ইয়েস ইট ইজ, স্যাটিসফ্যাকটারি, উই হ্যাভ টেকেন কেয়ার, যতীন দাস পার্কে কি হয়েছে? ডিজাসটার্স ম্যানেজমেন্ট চলছে। হু ইজ দি রিয়েল প্রতীম চ্যাটার্জী? এটা বুঝে বলবেন কি আপনি?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** (Noise) If you want (Noise) So, it to only to let you know the fact (Noise) we should not comment on that (Noise)

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমি জিজ্ঞাসা করতে চাই, মেট্রো রেল তো আপনাদের অধীনে নয়। আপনি যখন উত্তর দেবেন আমি সাপ্লিমেন্টারী করলে আপনি বলতে পারতেন। আপনি রিটিন একটা উত্তর দিয়েছেন, তখন আপনার প্রথম কাজ হচ্ছে এটা পড়ে দেওয়া। তার উপরে সাপ্লিমেন্টারী করলে আপনি তখন বলতে পারতেন। আপনি লিখিতভাবে এক রকম দেবেন, আর মুখে আর এক রকম বলবেন, এটা মনে হয় বিধানসভায় এ্যাকসেপ্ট হতে পারে না।

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** মাননীয় সদস্যকে বলি, আমি উপরে ঘড়ির দিকে তাকিয়ে আপনার উত্তরটা পুরো কভার করে দিলাম।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এটা কি করা যায়? করা যায় না। কোন সদস্য উপরের দিকে তাকিয়ে গ্যালারির দিকে তাকিয়ে কাউকে এ্যাড্রেস করতে পারে না।

(গোলমাল)

**মিঃ স্পীকার ঃ** এ্যাকচুয়ালি মিঃ চ্যাটার্জী বলছেন, যে উত্তরটা আপনার পছন্দ সেটা আপনি গ্রহণ করে নেবেন।

## Starred Questions
## (to which Answers were laid on the Table)

### জেলাভিত্তিক আবাসন প্রকল্প

*৪৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯২) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত তিন বছরে রাজ্যে জেলাভিত্তিক কতগুলি আবাসন প্রকল্প নির্মাণের কাজ শেষ হয়েছে এবং কতগুলির নির্মাণকাজ চলছে;

(খ) (১) নির্মিত মোট ফ্ল্যাটের সংখ্যা কত;
(২) ঐগুলি মোট কত টাকা ব্যয়ে নির্মিত হয়েছে; এবং

(গ) কত সংখ্যক ফ্ল্যাট বিক্রি হয়েছে এবং মোট কত টাকা পাওয়া গেছে?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পাঁচটি জেলায় (কলকাতা, উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, হুগলী ও জলপাইগুড়ি) দশটি প্রকল্প শেষ হয়েছে। এ ছাড়া পাঁচটি জেলায় (কলকাতা, উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, হুগলী এবং নদীয়া) আটটি প্রকল্পের কাজ চলছে।

(খ) (১) ২৪৮৫টি।
(২) ৮৫৫৪.২৪ লক্ষ টাকা।

(গ) ২২৪৭টি।
৬৮৮৫.৩২ লক্ষ টাকা।

### করপোরেশন পরিচালিত বিদ্যালয়

*৪৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৪) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** পৌর-বিষয়ক বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, করপোরেশন পরিচালিত বিদ্যালয় শিক্ষকদের বেতন প্রদান অনিয়মিত হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শিল্পবিহীন জেলা**

*৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬০) **শ্রী রামপদ সামন্ত ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কোন্ কোন্ জেলাকে শিল্পবিহীন জেলা হিসাবে চিহ্নিতকরণ করা হয়েছে; এবং

(খ) শিল্পবিহীন জেলায় স্থানীয় বেকারদের জীবিকার জন্য কোন পরিকল্পনা নেওয়া হয়েছে কি?

**শিক্ষা ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে কোন জেলাকেই বর্তমানে শিল্পবিহীন জেলা হিসাবে চিহ্নিত করা হয় না।

(খ) প্রশ্ন উঠে না।

**পৌরকর্মীদের বেতন**

*৪৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫৬) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকারের নির্দেশানুযায়ী রাজ্যের পৌরসভাগুলিতে স্থায়ী শূন্যপদগুলিতে কোন নতুন লোক নিয়োগ করলে, পৌরকর্মীদের বেতনের যে অংশ রাজ্য সরকার বহন করে তা ঐ সমস্ত নতুন লোকেদের ক্ষেত্রে দিতে পারবে না; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বিষয়টি বর্তমানে অর্থ দপ্তরের সম্মতির অপেক্ষায় আছে।

### খরাক্লিষ্ট এলাকায় পানীয় জল

*৫০০। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫৫) **শ্রী সৌগত রায় :** জনস্বাস্থ্য (কারিগরী) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

খরাক্লিষ্ট এলাকায় পানীয়জল সরবরাহের ব্যাপারে সরকার কি কি জরুরী এবং বিশেষ পদক্ষেপ নিয়েছে?

**জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

রাজ্যের বিভিন্ন এলাকায় গত নভেম্বর মাস থেকে অনাবৃষ্টিজনিত পানীয় জলের অভাববোধে রাজ্য সরকার জেলা পরিষদগুলির সহযোগে নিম্নোক্ত ব্যবস্থাদি গ্রহণ করেছেন :-

(ক) বিকল নলকূপগুলির দ্রুত মেরামতির ব্যবস্থা।

(খ) অকার্যকরী নলকূপগুলির পুনঃপ্রোথনের দ্রুত ব্যবস্থা।

(গ) জরুরী ভিত্তিতে বিভিন্ন এলাকায় নলকূপ স্থাপন।

(ঘ) অসমাপ্ত নলবাহিত জলপ্রকল্পগুলির সমাপ্তিকরণের দ্রুত ব্যবস্থা নেওয়া।

উপরোক্ত ব্যবস্থাদি গ্রহণের জন্য জনস্বাস্থ্য কারিগরী দপ্তর মোট ১৮ কোটি টাকা জেলা পরিষদগুলিকে বরাদ্দ করেছিল। এছাড়া ত্রাণ দপ্তর এবং উন্নয়ন ও পরিকল্পনা দপ্তর যথাক্রমে ৬ কোটি ও ৩৫ কোটি টাকা পৃথকভাবে জেলাগুলিকে বরাদ্দ করেছিল।

### শিলিগুড়ির সন্নিকটে উপনগরী

*৫০১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৫) **শ্রী তপন হোড় :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, শিলিগুড়ির সন্নিকটে একটি উপনগরী গড়ে তোলার জন্য কয়েকটি চা বাগান তুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, তা কোন্ কোন্ চা বাগান?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received three notices of Adjournment Motion. The first one is from Shri Pankaj Banerjee on the subject of delay in payment of salaries of school teachers. The second one is from Shri

Sudhir Bhattacharya on the subject of alleged political influence in the recruitment of the primary teachers in the state and the third one is from Shri Saugata Roy on the subject of reported presence of a Doctor without any medical qualification in the Pediatric Department of S. S. K. M. Hospital, Calcutta.

The subject matter of all the three motions are related to day-to-day administration of the Government and do not call for adjournment of the business of the House.

The Members may invite attention of the Ministers concerned through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withheld my consent to all the motions.

One Member of the party may, however, read the text of his motion as amended.

**Shri Saugata Roy :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public impoitance and of recent occurance namely :-

It has been discovered that a person without medical qualifications has been sitting in the outdoor of the Children's Department of the SSKM Hospital, Calcutta. The imposter was also writing out prescriptions. Inspite of 'Khas Khabar' (a TV news programme) reporting on the matter for four days successively, the imposter Sukumar Dhara has not yet been arrested. The imposter might have endangered the lives of several children.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day I have received six notices of Calling Attention on the following subjects, namely :

(1) Non-compliance of the order of the Hon'ble High Court with regard to dismissal from service of Shri Sreekanta Pathak, Head Master of Uday Pratap School at Burrabazar, Calcutta. (Sub-judice) from Shri Sudhir Bhattacharya.

(2) Reported blast and collapse of Parash Coal Mine of ECL in Andal resulting death of 5 miners and injuries to many others from Shri Deba Prasad Sarkar, Shri Ashok Kumar Deb, Shri Sudhir Bhattacharya, Shri Mozammal Haque, Shri Tapan Hore, Shri Unus Sarkar.

(3) Reported presence of fictitious doctor at S. S. K. M. Hospital from Shri Pankaj Banerjee, Shri Mozammal Haque (Hariharpara) and Shri Rabin Mukherjee.

(4) Strike called for indefinite period by the Workers of Tea Gardens at Darjeeling and Jalpaiguri from 12.07.99 from Shri Ashok Kumar Deb and Shri Nirmal Das.

(5) Present position of land handed over to the Martin Light Railway in 1889 on lease for 99 years from Shri Padmanidhi Dhar and Shri Bhaktaram Pan.

(6) Urge for setting up of a Fire Brigade at Karimpur from Shri Chittaranjan Biswas.

I have selected the notice of Shri Deba Prasad Sarkar, Shri Sudhir Bhattacharya, Shri Mozammal Haque, Shri Tapan Hore, Shri Unus Sarkar, Shri Ashok Kumar Deb on the subject of (2) Reported blast and collapse of Parash Coal Mine of ECL in Andal resulting death of 5 miners and injuries to many others.

**Shri Probodh Chandra Sinha :** Mr. Speaker, Sir, the Statement will be made on 15th July, 1999.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-Charge of the Industrial Reconstruction Department to make a statement on the subject of steps taken by the State Government to reopen the Dunlop Rubber Industries at Sahaganj, Hooghly, (Attention called by Shri Abdul Mannan, Shri Jyoti Chowdhury and Shri Kamal Mukherjee on the 18th June, 1999)

[12.10—12.20 p.m.]

**শ্রী মৃণাল ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ১৮ই মার্চ এই বিষয়ে এখানে স্টেটমেন্ট দেওয়া হয়েছিল এ্যাসেম্বলিতে। আজকে ৩ পাতার প্রিনটেড স্টেটমেন্ট সবাইকে দেওয়া হয়েছে। যেটা জানতে চাওয়া হয়েছিল সেটা হল যে ডেভেলপমেন্ট কি হয়েছে? সেই বিষয়ে আপনার অনুমতি পেলে নতুন অংশটা আমি পড়ে দিচ্ছি।

**Government of West Bengal**
**Industrial Reconstruction Department**

*Sub:*– **Reply to calling attention of MIC, PE & IR Department.**

In reply to the former communication addressed by Chief Minister to the Union Finance Minister, the Union Minister for Law, Justice and Company Affairs informed CM (18th May '98) that inspection of DIL Book

of Accounts had revealed violations and serious irregularities. The Company Law Board was accordingly moved (16th April, 98) by Government of India for appointment of Government Directors on the Board of the Company. The Registrar of Companies Calcutta, filed prosecution for violation of provisions of the Companies Act, 1953 in the Court of Metropolitan Magistrate, Calcutta. The Company management moved a petition before the Hon'ble High Court, Calcutta seeking relief from the prosecution. In reply to the latter communication addressed by Chief Minister to Prime Minister, the Union Industry Minister informed CM (16th April, '98) that the "Policy of the Government of India is not to take over any sick unit under the provisions of the Industries (Development & Regulation) Act so that the scarce resources of the country could be better utilised for the setting up of viable and efficient units". The Union Industry Minister also stated that the general health of the tyre and tube industry did not justify invocation of provisions of this Act. It was further intimated that BIFR had appointed IDBI under section 16 (2) of SICA, 1985 to enquire into the accounts of the Company and submit report within 4 weeks.

In supplementary replies to Questions in the Rajya Sabha on 21.07.98 on the affairs of DIL, the Union Industry Minister has acknowledged that "Mr. Chhabria and his team of directors in Dunlop Company had not only diverted the funds but also played the trick of referring the case to the BIFR. Now it is under the BIFR. It is true that it is not sick and they had tried their best to make it sick because of their irregularities. The Government recognised it and right now, there are legal constraints for the Government taking over the company. We are totally aware of the fact and we are going to save the company....."

In its next hearing (22nd June '98), BIFR considered IDBI report and declared DIL as a sick company in terms of provisions of section 3(1)(0) of SICA, 1985. DIL management proposed submission of a package under section 17(2) of the Act on the ground that promoters would bring in the necessary funds for reviving the company through fresh infusion of funds. The main source of raising the funds required for meeting the liabilities of the company was however, proposed to come from sale of unencumbered properties. In consideration of the lack of confidence in the promoters expressed by the Consortium of Bankers, BIFR did not accept this contention of the management. BIFR appointed IDBI as Operating Agency (OA) to prepare a rehabilitation package for the company under section 17(3) of the Act, that would have the consent of all participating parties namely, Financial Institutions, Banks, Employees and State Governments. BIFR further directed OA that it could among other things, examine the necessity

of change of management and also directed the Company not to alienate any of its assets under section 22A of SICA 1985, without prior approval of BIFR. On being aggrieved by this order, the Company preferred an appeal before AAIFR to allow them to present the revival package for the Company under section 17(2) of SICA before proceeding with action for invoking of the provisions of section 17(3) ibid. The grounds for appeal also covered the restriction imposed by BIFR on the alienation of assets of the company and the routine direction to OA for considering change in management of the company, if necessary. State Government consistently opposed these grounds of appeal before AAIFR and sought it's dismissal in order that the preparation of a viable revival package for the company with the consent of all participating agencies including its employees, can proceed further. In view of the lack of confidence in the promoters reiterated by Banks and Employees, State Government also sought interim direction of AAIFR to the management to prevent the alienation of any of the company's assets unless it was part of an all agreed and all accepted revival scheme. It is understood that AAIFR has dismissed the appeal but has granted an opportunity to DIL management to formulate a revival package under Section 17(2) of SICA.

It will be observed that the Government of India has not taken any steps to actively intervene in the affairs of the company under the provisions of the I(D&R) Act, 1951, although there is substantial evidence of violations and serious irregularities of the Companies Act, 1956 by M/s. Dunlop India Limited. It will also be observed that actions taken under SICA 1985 have not resulted thus far, in any positive steps for reopening the works of the company and ameliorating the distress of its workers. It will also be observed that actions taken under SICA 1985 have not resulted thus far, in any positive steps for reopening the works of the company and ameliorating the distress of its workers. As both these statutes governing the present affairs of DIL are administered by the Union Government, State Government is limited in the actions that it can take for the reopening of the Sahaganj works of the company. Chief Minister has again drawn Prime Minister's attention by highlighting the continuing plight of the employees of the company, in his letter of 8.06.99. Subsequently in their discussion of 15.06.99, C.M. has once again stressed appropriate action under the provisions of the I (D&R) Act, 1951 as the only measure that will allow the Sahaganj works of the company to be reopened at the earliest possible. P. M. has stated that GOI will communicate its views to GOWB within a week. This communication is awaited.

The unfortunate case of suicide by Shri Prosenjit Sarkar, an employee

of DIL, also highlights the suffering of the workers of the company. State Govt. have taken up the issue of extending financial support to the bereaved family for the medical treatment of his minor daughter. State Government have also, in consideration of the hardship suffered by DIL employees during the continuing closure of the Sahaganj works, extended in the interim, financial assistance @ Rs. 500 P.M. to the employees of the closed works of Dunlop Industries at Sahaganj with effect from 1.04.99. State Government is separately considering an extension of this support to the dependent families of deceased workers of closed industrial units, who would otherwise have been eligible to receive this financial assistance.

[12.20–12.30 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আজকে মৃণালবাবু একটা লেন্দি স্টেটমেন্ট দিলেন। এর আগে ১৮ই মার্চ একটা স্টেটমেন্ট দিয়েছিলেন। দুটোর মধ্যে খুব একটা নতুনত্ব দেখছি না, খালি লাস্টে কয়েকটি কথা আছে। এক সপ্তাহ চলে গেল আমরা উত্তর পেলাম না। সি. এম কি অ্যাকশন নিচ্ছে সেটা একটা হয়েছে। কিন্তু এ ব্যাপারে সংবাদপত্রে বিভিন্ন বিবৃতি দেখছি যে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী দিল্লীতে এ ব্যাপারে কথা বলছেন এবং বিভিন্ন সংবাদপত্রে যে বিবৃতিগুলি দেখছি তাতে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর স্টেটমেন্ট কন্ট্রাডিক্টরী হচ্ছে, দু'জনে দু'রকম কথা বলছেন। আমি ডিটেলসে যাচ্ছি না। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন। আমরা চাইছি এ ব্যাপারে কতদূর কি হয়েছে তা উনি বলবেন। খবর পেয়েছি, ইতিমধ্যে ছাবারিয়ার মেয়ে কমল ছাবারিয়া ওনার সঙ্গে দেখা করেছেন। খবর শুনেছি, স্টেট গভর্নমেন্ট এম. আর. এফ অরগ্যানাইজেশনকে দিয়ে খোলার চেষ্টা করছেন। এর আগে মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, নিজে থেকে অধিগ্রহণ করবেন, কিন্তু সেটা আজ পর্যন্ত হল না। এখন পরিস্থিতিটা কি—মাননীয় মুখ্যমন্ত্রী যদি বলেন তাহলে আরো ভাল হয়। ওনার জন্মদিন, আশা করি সুখবর দিতে পারবেন। এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী যদি বিস্তারিতভাবে বলেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** স্পীকার মহাশয়, আমার মাননীয় মন্ত্রী এইমাত্র তাঁর বিবৃতি দিয়েছেন সমস্ত ঘটনা প্রথম থেকে যা হয়েছে ডানলপ বন্ধ হবার পর এবং আমি আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বলেছিলাম যে, যদি প্রয়োজন হয় তাহলে আমরা কিছুদিনের জন্য, হয়তো কয়েক মাস এর পরিচালন ভার নিতে পারি। কিন্তু কেন্দ্রীয় সরকার আই. ডি. আর অ্যাক্টে যদি না গ্রহণ করেন তাহলে আমাদের চেষ্টায় এই ভার নেওয়া সম্ভব নয়, কোন রাজ্যসরকারের পক্ষে সম্ভব নয়, আইনে নেই। কবে লিখেছিলাম এইরকম তারিখগুলি উনি সবই বলেছেন। তারপর আমি নিজে অর্থমন্ত্রীকে নিয়ে কেন্দ্রের কাছে গিয়েছিলাম। সেখানে বোধ হয় ইনডাস্ট্রি ডিপার্টমেন্টের সেক্রেটারীকে উনি ডেকে পাঠান। তিনি সেখানে উপস্থিত ছিলেন। আমি ওদের বলেছিলাম, আমরা তো চালাতে পারবো না, আমাদের পয়সা কোথায়? ওদের যারা ব্যাঙ্কারস তারা ওদের উপর খুশী নয়, ফিনানসিয়াল ইনস্টিটিউশন ওদের উপর খুশী নন। বি. আই. এফ-আরের কাছে পাঠান হয়, বি. আই. এফ. আর যদি গ্রহণ করে। আমি বলেছিলাম, দিজ ইজ নট এ সিক্ কোম্পানী, আপনারা কেন গ্রহণ করছেন না? ওরা আমাদের বলেন ইট

ওয়াজ নট্ সিক, বাট ইট হ্যাজ বিন মেড সিক্ নাউ। সেইজন্য আমরা এটা গ্রহণ করছি না। তারপর আই. ডি. বি. আইকে ডেকে বলা হয়েছিল—বি. আই. এফ. আর থেকে যা খবর—আপনারা একটা স্কীম দিন। তখন আমি বলেছিলাম যে, কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমরা একমত যে এটা নিয়ে জাতীয়করণ করা—এইসবের মধ্যে যেতে চাইছি না—আমরা চাচ্ছি রিভাইভ করতে যাতে কারখানাটি চলে, এতগুলি শ্রমিক এখানে আছে। একটা ইউনিট এখানে আছে আর একটা তামিলনাড়ুতে ইউনিট আছে। আর একটা প্রাইভেট কাউকে পাওয়া যায় কিনা—টায়ার ফ্যাক্ট্রীর এক-আধটা ম্যানেজমেন্টের সঙ্গে কথা বলেছিলাম। একটা বড় কোম্পানী রাজি ছিল যে আমরা দেখতে পারি। তারপর আমি শুনলাম, ছাবারিয়া মহাশয়কে ফোন করেছিল দুবাইতে, তিনি বলেছেন, আমি কখনও শেয়ার বিক্রি করবো না, আমি নিজে রিভাইভ করার চেষ্টা করবো, আপনাদের নাক গলাবার দরকার নেই। এইসব রিপোর্ট আমি শুনেছিলাম। কিন্তু তারা কিছু করেনি। আমি আমাদের অর্থমন্ত্রীকে নিয়ে প্রধানমন্ত্রীর কাছে যাই। তখন সেক্রেটারী বলেছিলেন বি. আই. এফ. আরে আছে তো, আমাদের গভর্নমেন্ট—এখনকার যে গভর্নমেন্ট—তারা বলেছেন আমাদের নীতি নয় কোন ফ্যাক্টরী বা কোন শিল্পকে জাতীয়করণ করা, আই. ডি. আর অ্যাক্টে নেওয়া।

তবে আপনারা বলছেন, আমরা দেখবো। আমি জানি না তারপরে কি হয়েছে। তখন আমি জিজ্ঞাসা করলাম, এটার কতদিনের মধ্যে জবাব পাব, কারণ আপনাদের বি. আই. এফ. আরের সঙ্গে আলোচনা করতে হবে, আপনাদের নিজেদের একটা ক্যাবিনেট ডিসিসান, অন্ততঃ প্রধানমন্ত্রীকে কিছু বলতে হবে, তার মতামত কি, কি করে এটা তাড়াতাড়ি আমরা খুলতে পারি। তা ওরা বললেন, ৭ দিনের মধ্যে আপনাদের আমরা জানাব। সেই ৭ দিন অনেকদিন কেটে গিয়েছে। সেসব তারিখ-টারিখ উনি বলেছেন। ৭ দিন অনেকদিন আগে কেটে গিয়েছে। এবারে যখন আমি দিল্লী যাই, অবশ্য অন্য একটা কাজে, মুখ্যমন্ত্রীদের সম্মেলনে গিয়েছিলাম তখন আবার—৬ তারিখে আমি দিল্লীতে ছিলাম। ৬ তারিখে আমি আবার চিঠি লিখি, সেই চিঠিটাও উনি পড়ে দিয়েছেন। প্রধানমন্ত্রীর সঙ্গে তো আমি দেখা করতে পারলাম না কারণ উনি বসেছিলেন প্ল্যাটফর্মে। আমি ওঁকে একটা চিঠি লিখে এলাম যে আপনাদের ৭ দিনে কি হ'ল, এতদিন হয়ে গেল? এটা ১৫ তারিখের কথা, এখন এতদিন হয়ে গেল, আজকে ৬ তারিখ, আপনাকে আমি লিখছি, আপনি আমাকে জানান। কারণ, আমাদের একটা খবর ছিল, সত্য কিনা জানি না, জিজ্ঞাসা করার সময় পাই নি যে ইন্ডাস্ট্রিস ডিপার্টমেন্ট নাকি মনে করছেন যে আমাদের এটা নীতি নয়, সরকারের এরকম ফ্যাক্টরি নেওয়া ইত্যাদি কিন্তু আমরা প্রধানমন্ত্রীর কাছে ছেড়ে দিচ্ছি। তবে প্রধানমন্ত্রীর কাছ থেকে এসব কথা আমি শুনি নি। এখন আমি আর দু/একদিন দেখবো তারপর আবার প্রধানমন্ত্রীকে ফোন করতে হবে। কারণ বি. আই. এফ. আর কিছু না করলে তো আমরা কিছু করতে পারি না। কেন্দ্রীয় সরকার কিছু না করলে আমরা কি করতে পারি? আমরা যা করতে পারি সেটা করেছি। ঐ ৫শো টাকা কিছুই নয় ওদের কাছে, ওরা অনেক বেশী মাহিনা পেতেন ওখানে। আমাদের যা নিয়ম আছে সেই অনুযায়ী দিচ্ছি। এখন যদি দু/একদিনে না আসে আমাকে আবার ফোন করতে হবে, জানতে হবে ওরা কি করবেন। তবে এটা আমি আজকে শুনলাম, জানতাম না যে ঐ মালিকরা, ঐ নতুন ম্যানেজিং ডিরেকটার—মিঃ লুম্বা আর ছাবরিয়ার মেয়ে, এরা দু জন এসেছিলেন। ওরা কিছুদিন ধরে

বলছিলেন যে আমাদের সঙ্গে দেখা করছেন না কেন। ওরা এলো, দেখা আমি করলাম দিল্লী যাবার আগে। আমি বললাম, আমার সঙ্গে কেন দেখা করতে চাইছেন আপনারা? আমার কি করার আছে? ওরা একটা ফিরিস্তি দিল যে সবই আমাদের করতে হবে। আমি বললাম, আপনাদের উপর তো দুর্ভাগ্যবশতঃ কারুরই বিশ্বাস নেই। এখন আপনারা আপনাদের একটা পরিকল্পনায় বলছেন যে ৩ হাজার লোককে ভি. আর. এস. করতে হবে। আমি বললাম, ভি. আর. এসের ব্যাপারটা তো ওয়ার্কাররা বুঝবেন। ওখানে সি. আই. টি. ইউ., আই. এন. টি. ইউ সি, এইসব ইউনিয়ান আছে, এটা তারা বুঝবেন, তাদের সঙ্গে কথা বলুন। তাদেরও তো আস্থা নেই আপনাদের উপর বলছেন। তারপর সুপ্রিম কোর্ট আপনাদের অর্ডার দিয়েছে যে আপনারা আপনাদের মেশিন ইত্যাদি যেন বার করে নিতে না পারেন। এখন আমার কাছে কেন এসেছেন? আমাদের যেগুলি বলছেন আপনারা যে ডব্লু. বি. আই. ডি. সি. ১০ কোটি টাকা দিক, আপনারা ঐ নানান রকমের কনসেসান বলছেন, যেটা আইনতঃ কিছু হয়, কিছু আইনতঃ হয় না, বললাম, এগুলি তো পরের কথা। বি. আই. এফ. আর যদি একটা স্কিম দেয়, যা বরাবর দেখে আসছি, সেখানে ওরা তখন বলে যে পশ্চিমবঙ্গ সরকার-- যেখানে এটা আছে বা তামিলনাড়ু সরকার তাদের কি কি করা উচিত, কি কি কনসেসান দেওয়া উচিত। আপনারা যেটা বলছেন নিশ্চয় সেটা আপনারা তাদের কাছে দেবেন। তারা তারমধ্যে কোনগুলি গ্রহণ করবেন, কোনগুলি সুপারিশ করবেন আমি বলতে পারছি না। সেইজন্য এখন সমস্তটা নির্ভর করছে বি. আই. এফ. আরের উপর। কিন্তু বি. আই. এফ. আরেরও মুশকিল হচ্ছে যে ব্যাঙ্কাররা বলছেন---ওদের যে ব্যাঙ্কে, ইউনাইটেড ব্যাঙ্ক, তাদের চেয়ারম্যানের সঙ্গে আমাদের অর্থমন্ত্রীর কথা হয়েছিল। তারা বলছেন, এরা টাকা এতো এ দিক ও দিক করেছে যে আমাদের পক্ষে ওদের উপর বিশ্বাস রাখা কঠিন। এই ম্যানেজমেন্টকে দিয়ে এটা খোলানো—এটা কঠিন আমাদের পক্ষে। আমি ওদের বললাম, এই তো আমাদের রিপোর্ট। তা আপনারা ব্যাঙ্কারের কাছে যান, বি. আই. এফ. আরে যান। বিশেষ করে বি. আই. এফ. আর. ব্যাঙ্কারকে যদি বলে যে এখন এমন একটা স্কীম হচ্ছে যাতে আপনারা টাকা দিতে পারেন তাহলে তো অসুবিধা থাকে না। ওরা যদি খোলেন আপত্তি নেই। আমি ঐ ছাবরিয়ার মেয়েকে বললাম, আপনার বাবাকে তো আমি অনেক আগে চিনতাম। ক্যালকাটা কেমিক্যাল আপনারা কিনেছেন।

ওটা আবার বিক্রি হয়ে গিয়েছে, হেনকো কোম্পানী কিনেছে। ওখানে আমাকে নিয়ে গেল খোলার সময়। তো ছাবরিয়াকে আমি বললাম, এরা বলছে, ইউনিয়ানের লোকেরা যে আপনি এটা বন্ধ করে দিন। উনি অনেক কথা বলেন, ভাল ভাল কথা বলেন। উনি বলেছিলেন— 'ডানলপই হোক বা আর যাই হোক, এসব বন্ধ হবার কথা আপনি কেন বলছেন? ওনলি ওভার মাই ডেডবডি এগুলো বন্ধ হতে পারে।' বাট হি ইজ স্টীল এ্যালাইভ। আমি ওর মেয়েকে বলেছিলাম—'আপনি একটু—ওর মধ্যে কি একটা পোজিশনে উনি আছেন, একজিকিউটিভ না কি একটায় আছেন—আপনার বাবাকে বলুন, উনি যদি না পারেন তাহলে কেন এতগুলো লোককে কষ্ট দিচ্ছেন পশ্চিমবঙ্গ এবং তামিলনাড়ুতে। খুলবার আমরা অন্য ব্যবস্থা করতে পারি; কোম্পানী আছে, যারা আমাদের বলেছেন, আমরা ওদের টেলিফোন করে দেখছি। শেয়ার না পেলে আমরা কি করবো?' কেন্দ্রীয় সরকার পারে, কিন্তু ওরা কিছু করছেন না। ওদের সত্যিই যদি আপত্তি থাকে ঐ কোম্পানীর ম্যানেজমেন্টের বিরুদ্ধে তাহলে ওরা নিয়ে, আমাদের

যা বলেছেন, আমাদের দিয়ে দিন, একটা প্রাইভেট কোম্পানী আমরা খুঁজে বের করি, তাদের হাতে আমরা তুলে দেবো। আমাদের পক্ষে তো এটা সম্ভব নয় যে, টাকা-পয়সা বাজেট থেকে দিয়ে ওটা চালাবো। এটা সম্ভবই নয় তা সবাই জানেন। তবে আমি এটুকু বুঝেছি যে, ওখানে অর্ডার আছে, ডিফেন্স ডিপার্টমেন্টকে ওরা প্লেনের টায়ার ইত্যাদি দেয়। খুব ভাল একটি কোম্পানী, ওটাকে এভাবে নষ্ট করছেন ওরা। এটুকু আপনাদের আমি জানালাম। দু'একদিনের মধ্যে যদি আবার কিছু খবর পাই, আমি আপনাদের সেটা জানাবো। ওরা চেয়েছেন যাতে ইউনিয়নের সাথে মিটিং আমরা করিয়ে দিই। কিন্তু আমরা কি করে করাবো? আমাদের তো কোন আপত্তি নেই—সুব্রতবাবু, এসেছিলেন আমাদের সঙ্গে কথা বলতে। তখন সুব্রতবাবুকে আমি বলেছি—আমরা এবং আপনারা তো ওখানে একসঙ্গে বসে চেষ্টা করছি কোম্পানীটা খুলতে, তাহলে যদি হয় তো আপনারা দেখুন না ওদের কি স্কিম আছে।' কিন্তু ভি. আর. এস.-য়ে তো আমরা গভর্নমেন্টের পক্ষ থেকে ইন্টারফেয়ার করি না। আমরা বলি—এটা এক একটি প্রতিষ্ঠানে এক একরকম। কেউ বলেন—ভি. আর. এস.য়ে আমরা রাজি আছি, বেশী টাকা দিলে চলে যাবো, যে নিয়ম আছে সে অনুযায়ী টাকা দিলে চলে যাবো। আবার কিছু আছেন যারা বলেন—আমরা ভি. আর. এস. চাই না। কাজেই আপনাদের ইউনিয়নের সঙ্গে বসতে হবে—এটা লাস্ট আমি ওদের বলেছি। আমি ফিরে এসে অবশ্য খোঁজ নিইনি যে, আমাদের ইউনিয়ন এতে রাজি আছে কিনা। আর এটা আমার মনে হয়, সুব্রতবাবু এক্ষেত্রে যদি একটু ইনিসিয়েটিভ নেন তাহলে ভাল হয়। আব এটা নিয়ে বসতে আপত্তির কি আছে? আমি তো বলি, আমরা আপনাদের সাথেও বসি, আবার শত্রুর সাথেও বসি। বসে আপনি দেখুন না ওরা কি করতে চাইছেন। আর আমরা যে কনসেশন দিই সেক্ষেত্রে, আমি আবার বলছি যে, বি. আই. এফ. আর. যদি আমাদের বলেন যে এই এই ক্ষেত্রে আপনাদের কিছু করা উচিত—যেমন কিছু ক্ষেত্রে বলেছেন, আমরা করছি—আমরা সেটা দেখবো। টাকা-পয়সার কি হবে আমি এখন বলতে পারছি না, কিন্তু আমরা নিশ্চয়ই সাহায্য করবো এরকম একটা প্রতিষ্ঠান, ফ্যাক্টরীকে খুলবার জন্য।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটার গুরুত্ব তো আপনি উপলব্ধি করতে পারছেন যে, এটা কোন রাজনৈতিক দলের—সরকার পক্ষের বা বিরোধী পক্ষের—কোন চাপ বা উপচাপ নয়। কিন্তু প্রায় দেড় বছর হয়ে গেল ডানলপের মত একটি কোম্পানী বন্ধ হয়ে রয়েছে। লোক ওখানে আত্মহত্যা করতে শুরু করেছে। এবং এটা আরো আমাদের লজ্জার কথা, ওখানে ঘোষিত বা অঘোষিতভাবে বাড়িতে বাড়িতে ব্রথেল শুরু হয়ে গেছে শুধু বাঁচবার এবং বাঁচাবার জন্য। এই ভয়াবহ দৃশ্য চোখে দেখা যায় না। আমি যেটা সরকারের কাছে আবেদন করছি—কারণ বাইরে আমরা আমাদের যৌথ আন্দোলন হচ্ছে এবং সেখানে আই. এন. টি. ইউ. সি., সি. আই. টি. ইউ. বা কংগ্রেস, কম্যুনিষ্ট -এই দৃষ্টিভঙ্গী নিয়ে আন্দোলন করি না। প্রশ্ন হ'ল, মুখ্যমন্ত্রী ও জানেন, প্রথম থেকে কিছু কিছু ত্রুটি আপনাদের সরকার পক্ষ থেকে হয়ে আছে। প্রথম ত্রুটি হ'ল,—এটা ত্রুটি হিসাবেই নিন, এটা আমার অভিমানের কথা—ওই কারখানার গেটে দাঁড়িয়ে অর্থমন্ত্রী যে সব কথা বলে এলেন তার সঙ্গে কিন্তু তাঁর পদক্ষেপের কোন প্রকাশ বা সঙ্গতি নেই। রাজনৈতিক কথাবার্তা গেটে দাঁড়িয়ে বলে আসবার মাধ্যমে তিনি যে উৎসাহ উদ্দীপনা তৈরী করে এলেন তার পরিণতি কি দাঁড়াল? আপনি তো খুব ন্যায্য কথা

বললেন—'ক্ষমতা নেই সেন্ট্রাল গভর্নমেন্টকে বাদ দিয়ে।' বলেছেন, 'যদি ছাবারিয়া চালাতে না পারে তাহলে—আমি একটি অক্ষরও বিকৃত করছি না—আমরা তৈরী, আমরা নিয়ে চালাবো, একটা লোককেও মরতে দেবো না।' কিন্তু আজকে পরিণতিটা কি? ইন্ডাস্ট্রী মিনিষ্টারকে বিশ্বাস করে দিলেন না ফাইল, লেবার মিনিষ্টারকেও দিলেন না; ফাইল দিয়ে গেলেন অর্থমন্ত্রীকে। বিশ্বস্ত শিল্পপতিদের গিয়ে আমি জিজ্ঞাসা করেছিলাম, তারা বলেছেন যে, প্রকৃত শিল্পের ধ্বংসের মূলে ওঁনার নেতিবাচক মানসিকতা কাজ করছে। যখন মুখ্যমন্ত্রীর ঘরের সামনে আমরা দাপাদাপি করে বেড়াচ্ছি তখন উনি টোটাল ফাইলটাকে ড্রয়ারের মধ্যে ঢুকিয়ে রেখে দিলেন। আজকে মুখ্যমন্ত্রী বললেন, ভাল লাগল শুনতে যে, আমি শত্রুদের সঙ্গেও বসি, মিত্রদের সঙ্গেও বসি। এই এ্যাটিচিউডটিই হওয়া উচিত। আর উনি বলছেন কি, আমি ছাবারিয়াদের সঙ্গে বসব না। আমি সত্যি কথা বলছি কিনা, উনি আছেন, উনি বলবেন। ছাবাড়িয়াকে পছন্দের ব্যাপার নয়, আমি নিজে জানি ছাবাড়িয়া খুব ভাল শিল্পপতি নয়। শিল্পপতি হিসাবে কি ধরণের মানুষ আমার জানার দরকার নেই। কিন্তু শুনেছি তিনি কখনো কখনো চীফ মিনিষ্টারের সঙ্গে বসে খাওয়া-দাওয়া করেছেন, ডিনার করেছেন ইত্যাদি। কিন্তু শিল্পপতি হিসাবে যে তিনি ভাল শিল্পপতি নয় তার প্রমাণ হিসাবে দেখা গেছে যে, ৮০০-৯০০ কোটি টাকা দুই গভর্ণমেন্টের কাছ থেকে মেরে দিয়ে এখন দুবাইতে বসে আছেন। আজকে রাজ্য সরকার এবং দেশের কেন্দ্রীয় সরকার তো এখন নেই, সেখানে একটা লোককে নিয়ে এসে একটা কারখানা খোলার ব্যবস্থা করা যাচ্ছে না। আজকের এই তিন পাতার মধ্যে শেষ পাতায় ইনিয়ে বিনিয়ে যা বলা হয়েছে আমি মনে করি ইট ইজ এ ব্যুরোক্র্যাটিক জাগলারি এবং ভাষণের মধ্যে দিয়ে এটাই বোঝা গেছে যে, ডানলপ খুলছে না, এবং মৃত্যু চলবে, এটাই হচ্ছে পরিণতি। এইবার আমি আসল কথায় আসছি যে, ওঁনাদের বলার পরে কতদিন পরেও এবং আজও পর্যন্ত আমরা একটা জিনিস বলতে চেয়েছিলাম যে আপনাদের কাছে কিছু চাই না, আপনারা শুধু একটা ত্রিপাক্ষিক বৈঠকের ব্যবস্থা করুন। আপনারা তো দ্বিপাক্ষিক বৈঠকেই মালিক পক্ষের সঙ্গে বসছিলেন না। দীর্ঘ এক বছর পর তাদের সঙ্গে বসলেন, তখন আমরা বলেছিলাম ত্রিপাক্ষিক বৈঠক করুন। অর্থাৎ মালিক পক্ষ আমাদের যে প্রয়োজন সেটা কম জানেন। কিন্তু আজ পর্যন্ত এই মুহূর্তেও ত্রিপাক্ষিক বৈঠক হয় নি। সিটু করতে চায় নি বলে করা হয় নি। আমরা বারে বারে বলেছি যে, ত্রিপাক্ষিক মিটিং করুন। আমাদের সামনে বলুন ছাবাড়িয়া কি বলতে চায়, ছাবাড়িয়ার লোক কালকেও আমার কাছে এসেছিল। আমরা বলেছি এবং আপনারাও বলছেন যে, প্রচুর টাকা তারা নয়ছয় করেছে। আর আপনাদের যে ব্যাঙ্কারস্, স্টেট গভর্ণমেন্টের যে ব্যাঙ্কারস্ সেই মেন ব্যাঙ্কার ছাবাড়িয়ারও ব্যাঙ্কার। সেই ব্যাঙ্কার বলছে যে, ৯ কোটি টাকার মামলা রয়েছে। এমন কিছু বড় মামলা নয় এবং সেখানে ব্যাঙ্কের সহযোগিতা ছাড়া কারখানা খোলাও চলবে না। নতুন করে আবার কারখানা খোলা অসম্ভব। শুধু বি আই এফ আর এ আই এফ আর দেখালেই তো হবে না। এর সঙ্গে সরকারেরও সহযোগিতা দরকার। তামিলনাড়ুতে যে ইউনিটটি রয়েছে সেই ইউনিটটিকে সরকার সিক ইউনিট হিসাবে ধরে তার যে সমস্ত দরকার, তার সহযোগিতা করছে। সেখানে সরকার পরিকাঠামো তৈরী করার ক্ষেত্রে যেগুলো চেয়েছে তার মধ্যে ইলেকট্রিসিটির জন্য কিছু আর্থিক সাহায্য করার ব্যাপারে ছাবাড়িয়া বলেছে এবং বলেছে যে, ১৫০ কোটি টাকার ওয়াকিং ক্যাপিটাল দরকার। তার মধ্যে কিছু আমরা বিক্রি করব, যেটা লং টার্ম হবে খেপে

খেপে সেই টাকাটা আসবে। এখানে আমাদের সরকার যদি এই রকম একটা প্রতিশ্রুতি দিয়ে ব্যাঙ্কারের কাছে যাবার মত পরিস্থিতি করে দেয়, তার ক্রেডিটিবিলিটি খানিকটা কম হয়, একটু সহযোগিতা করে, গ্যারান্টার হন তাহলে ব্যাঙ্কারেরাও এগিয়ে আসে এবং তাহলে পরে এই কারখানা যে কোন দিন খুলতে পারে। ৩ হাজার লোককে ছাঁটাই করে তো আমরা কারখানা খুলব না। ওঁনাদেরই আবার মালিকপক্ষ পরবর্তীকালে ভাল কথাই বলেছেন কিন্তু ডিফারেন্স হচ্ছে কোথায় যে, মালিকপক্ষ এবং সরকার ভাল ভাল কথাই বলছেন এবং সেখানে চীফ মিনিষ্টার নিজে বলেছেন ওঁদেরকে যে, আমি আপনাদের জন্য কি করতে পারি বলুন। চীফ মিনিষ্টার নিজে একথা বলেছেন আর অর্থমন্ত্রী বাইরে বেরিয়েই টি.ভি.তে স্টেটমেন্ট দিচ্ছেন যে, চীফ মিনিষ্টার আউট রাইট রিজেক্ট করে দিয়েছেন। এই জিনিস তিনি করবেন কেন? এই মুখ্যমন্ত্রী বি আই এফ আর এবং প্রাইম মিনিষ্টারের স্টেটমেন্ট দেখিয়েছেন। এই মুখ্যমন্ত্রী প্রথম দিন বলেছিলেন আমি ১ ঘন্টায় যে ট্রাম নিয়েছি, সুতরাং ডানলপের মত কারখানা, যেখানে এখনো মনোপলি প্রোডাকশান আছে, দরকার হলে ১০মিনিটে এটা নিতে পারি। সেই কথা শুনে সত্যি আমার মনে হয়েছিল যে এ হচ্ছে "বাঘের বাচ্ছা জ্যোতি বোস।" তিনি ঠিকই বলেছেন যে, আই জি এ্যাক্টের অনুমতি দিন এবং তিনি বিদেশ থেকে ফিরে এসেই তার পরের দিনই বসেন, তার জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। এবং বুদ্ধদেব বাবুকেও ধন্যবাদ যে তিনি এ্যারেঞ্জমেন্ট করে দিয়েছিলেন ওঁনাকে আমাদের সঙ্গে বসার জন্যে। আমাদের সঙ্গে তিনি বসেছিলেন। সেখানে মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি বলেছি যে, আপনারা ইউনিয়নের সঙ্গে বসুন। সেখানে কোথায় দুটো ইউনিয়ন একসাথে লড়াই করছিল, আমরা আই এন টি ইউ সির পক্ষ থেকে কালকেও মিটিং করেছি। চীফ মিনিষ্টারের অনুরোধে আমরা বসেছিলাম কিন্তু সিটু ইউনিয়ন যায় নি। এটা কার স্বার্থে বসবে? সেইজন্য আমি বারে বারে বলছি ত্রিপাক্ষিক মিটিং ডাকুন। সেখানে সিটু আসবে, জয়েন্ট কমিটি আসবে, আমরা যাব, ছাবারিয়া থাকবে, সরকার পক্ষ থেকে লেবার ডিপার্টমেন্ট-এর লোকেরা থাকবে। তবেই একটা সুষ্ঠু আলোচনা হতে পারে। আমরা বারে বারে বলছি এটা সবচেয়ে আগে ঘোষণা করুন। আই. ডি. আর. এ্যাক্ট প্রাইম মিনিষ্টার এগুলি দেখবার আগে ত্রিপাক্ষিক মিটিং ডাকুন। এই ঘোষণা কি হতে পারে না, আমি মুখ্যমন্ত্রীর কাছে কি এটুকু দাবী করতে পারি না। মাননীয় অর্থমন্ত্রীর কাছে কি এটা দাবী করতে পারি না? প্রথমে বললেন বসব না, পরে বসলেন। একটা ত্রিপাক্ষিক মিটিং কি করতে পারেন না? আমি আবেদন করছি, অনেক কিছু চেষ্টা করছেন, অবিলম্বে ঘোষণা করুন যাতে ত্রিপাক্ষিক চুক্তি হয়, ব্যাঙ্ক, ইলেকট্রিক, সেলস ট্যাক্স এই সমস্ত জিনিস ছাড়া দেওয়ার যে রীতি সেইগুলি এখানে দেওয়ার ব্যবস্থা করুন। কারখানা খুলল কি খুলল না সেটা ইমমেটিরিয়াল। কারখানা খোলার ব্যবস্থা করুন।

[12.40–12.50 p.m.]

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুখ্যমন্ত্রীর সহমত নিয়েই সংক্ষেপে দু-একটি কথা বলতে চাই। কারণ মাননীয় সদস্য কিছু কথা বলেছেন, আমাকে উল্লেখ করে, সেইগুলি তথ্যানুগ হওয়া উচিত; ডানলপ কারখানা যখন বন্ধ হয়ে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন এই কারখানা বন্ধ হয়ে আসে রাজ্য সরকার সিদ্ধান্ত নেন মাননীয় মুখ্যমন্ত্রী যা

বলেন, চীফ সেক্রেটারী যা জানান, আমিও তখন একজাক্ট একই কথা বলি, এদের উপর কারুর আস্থা নেই—ব্যাঙ্ক, বি. আই. এফ. আর. এর — এই ম্যানেজমেন্ট থাকলে তারা রিভাইভেলে অংশগ্রহণ করবে না; বি. আই. এফ. আর. লিখেছে, প্রসিডিংস আছে। এটা হচ্ছে ব্যাঙ্কের বক্তব্য। সেখানে দাঁড়িয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বলেন, আমরাও বলি, প্রয়োজন হলে সেখানে আই. ডি. আর. এ্যাক্ট কেন্দ্রীয় সরকার ব্যবহার করুক; যেহেতু এটা কেন্দ্রীয় আইন। আমরা সেটা চালানোর জন্য প্রস্তুত আছি। এটা আগেও বলেছি, এখনও বলছি, আমরা চালানোর জন্য প্রস্তুত আছি। তার কারণ এই পরিচালকরা থাকলে কেউ ওদের সঙ্গে কথা বলতে পারছে না। তবে যে অচলাবস্থা সৃষ্টি হয়েছে ওরা থাকলে ব্যাঙ্কও আসছে না, অন্য কোন প্রমোটারও আসছে না। আমরা সেটার সকল দায়িত্ব নিতে চাই, যাতে অন্য প্রমোটাররা আসে। যেহেতু আই. ডি. আর. এ্যাক্ট কেন্দ্রীয় সরকারের অধীন, ওদের কাছ থেকে তো টাকা চাইনি আমরা, এই রকম অবস্থায় অন্য কারখানা চলেছে, এখনও চলে, সীমাবদ্ধতার মধ্যেও আমরা চালানোর জন্য প্রস্তুত আছি, প্রস্তুত আছি, প্রস্তুত আছি। আপনি কার স্বার্থ দেখছেন? আপনি এখানে ছাবারিয়ার গুণগান করছেন, যে ছাবারিয়া সম্পত্তি হস্তান্তর করেছে প্রমাণিত, যা শ্রমিক স্বার্থ বিরোধী, আপনি ছাবারিয়ার স্বার্থে কথা বলছেন, উনি ত্রিপাক্ষিক বৈঠক বসাতে বলেছেন। মুখ্যমন্ত্রী পরিষ্কার করে বলেছেন শ্রমিকদের আপনি সঙ্গে বসুন—আমিও বাইরে বেরিয়ে সেই একই কথা বলেছিলাম। আপনি সেই কথা বিকৃত করেছেন। you have to convince bank, you have to convince workers সেই কথা আবারও বলছি। আপনি কার ব্রীফ ধারণ করছেন? ছাবারিয়ার ব্রীফ ধারণ করছেন? এই মানসিকতা কেন জানতে পারি, এই কথা আপনি বলতে পারছেন? সেখানে এই অবস্থার মধ্যে চালানোর দায়িত্ব নিচ্ছি, সেখানে এই কথা বলছেন? আবার রিপিট করছি—এটা আই. ডি. আর. এ্যাক্ট অনুযায়ী যাতে চলে, নূতন পরিচালক যুক্ত হোক।

## Statement on Calling Attention

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of the Department to make a statement on the subject of reported incident of devastating fire at 1, India Exchange Place, Calcutta on 4.7.99.

(Attention called by Shri Ashok Kumar Deb, Shri Sailaja Kumar Das, Shri Saugata Roy, Shri Deba Prasad Sarkar and Shri Sudhir Bhattacharya separately on the 5th June, 1999).

**শ্রী প্রতিম চ্যাটার্জী ঃ** মিঃ স্পীকার স্যার, প্রথম প্রস্তাবের উত্তরে বলছি, মহাকরণের পিছনে অবস্থিত ১ নং ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেসের বাড়ীতে ৪ঠা জুলাই, ১৯৯৯ তারিখ ১২.৩০ নাগাদ যে বিধ্বংসী অগ্নিকান্ড ঘটেছে তার কারণ অনুসন্ধানের জন্য সরকার ইতিমধ্যেই পৌর বিষয়কদপ্তরের সচিব শ্রী অশোক মোহন চক্রবর্ত্তী মহাশয়ের নেতৃত্বে একটি পাঁচ সদস্যের বিশিষ্ঠ অনুসন্ধান কমিটি গঠন করেছেন। উক্ত কমিটি অগ্নিকান্ডের সঠিক কারণ অনুসন্ধান করে ১৬ই আগষ্ট, ১৯৯৯ এর মধ্যে তাদের বিস্তারিত প্রতিবেদন পেশ করবেন। ঐ কমিটি ঐ বাড়ীর যথাযথ অগ্নি নির্বাপণ ব্যবস্থা ছিল কিনা ও যাতে এই ধরনের অগ্নিকান্ডের ঘটনা ভবিষ্যতে আর না হয় তার সম্বন্ধেও যথাবিহিত সুপারিশ দেবেন। মাননীয় বিধায়ক শ্রী অশোক দেব মহাশয়ের জ্ঞাতার্থে এই তথ্য পেশ করা হল।

## MENTION CASES

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে উপস্থাপন করছি। দেশের সামনে যখন ভয়ঙ্কর বিপদ আবার বিপদ তখন বাড়িয়ে তুলেছেন দিল্লীর তদারকি সরকার। তারা আমাদের দেশের একটির পর একটি রাষ্ট্রায়ত্ত সংস্থাকে বে-সরকারীকরণ করছে। প্রাইভেট টেলিকম কোম্পানিগুলোকে এ্যালাউ করা হয়েছে লাইসেন্সিং থেকে রেভিনিউ শেয়ারিং সিস্টেম যাওয়ার জন্য। যার ফলে বেশ কিছু বহুজাতিক সংস্থা যেমন—রিলায়েন্স, টাটা, এসার, হবগাস ইস্পাত এবং অন্যান্য সংস্থা তারা লাভবান হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখলাম কিছুদিন আগে কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জগমোহনকে তার পদ থেকে সরিয়ে দেওয়া হল এইসব পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করানোর জন্য। সম্প্রতি গত পরশু দিন আমাদের রাষ্ট্রায়ত্ত সংস্থা এন. টি. এন. এল., ভি. এস. এন. এল, গ্যাস অথরিটি অফ ইন্ডিয়া এবং আই. ও. সি তাদের শেয়ারিং ডিসইনভেস্টমেন্ট করা হয়েছে এবং সাথে সাথে অল ইন্ডিয়া রেডিও, ৪০টি শহরে এফ. এম. রেডিও সম্প্রসারণের জন্য সেগুলিকে বে-সরকারী সংস্থার হাতে তুলে দেওয়া হয়েছে। এখানে তৃণমূলের প্রতিনিধি বসে আছেন, ওদের দোসর মুখে স্বদেশীয় কথা বলেন, কিন্তু কার্যক্ষেত্রে মাল্টিন্যাশানাল কোম্পানির হাতে সমস্ত কিছু তুলে দিচ্ছেন। আমাদের দেশের সমস্ত লাভজনক সংস্থাগুলোকে তাদের হাতে তুলে দেবার চেষ্টা করা হচ্ছে কার স্বার্থে। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং এর বিরুদ্ধে আমরা আগামী ১৬ই জুলাই প্রতিবাদ দিবস ডেকেছি।

**Smt. Shanta Chetri :** Hon'ble Speaker, Sir, I would like to inform the House that through the Board of Revenue's Notification No. "566" WDB/F dt. 22.1.93 announced the proposal of transferring the administration of D.I.Fund areas to D.G.H.C. It is a great pity that although almost six years have elapsed, the matter is hanging in the balance Besides, when the reigns of administration is in the hands of Darjeeling Zilla Parishad, what holds the Government back from transferring the same power to D.G.H.C., that too, when they had officially declared their intention to do so under the notification mentioned above, is beyond our comprehension. Nevertheless, it is hoped that the Govt. will abide by its earlier decision and implement the proposal under review at their earliest convenience.

**শ্রীমতী মিলি হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য-সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার হরিণঘাটা কেন্দ্রে স্কুল ৬টি, মহা বিদ্যালয় একটি এবং একটি বিশ্ব বিদ্যালয় হয়েছে। সেখানে জনসংখ্যা আড়াই লক্ষের কাছাকাছি। বিশাল ছাত্রসংখ্যা তাদের সুস্থ বিনোদনের জন্য সাংস্কৃতিক চাহিদা রয়েছে এবং, নদীয়া জেলায় লোকসংস্কৃতির নিজস্ব ধারা বা বৈশিষ্ট্য রয়েছে। বিশাল স্টুডেন্ট কমিউনিটি এবং জনসাধারণের সুস্থ সাংস্কৃতিক চাহিদা মেটাবার জন্য হরিণঘাটার প্রাণকেন্দ্র বড়জাগুলিয়াতে একটি লোক সংস্কৃতি চর্চা কেন্দ্র বা এই ধরণের কোন কেন্দ্র গড়ে তোলার আবেদন জানাচ্ছি।

[12.50–1.00 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় নগর-উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, আপনি নিশ্চয় জানেন যে, ১৯শে জুন ১৯৮৯ তারিখে, আজ থেকে ১০ বছর আগে ভবানীপুর ডঃ রাজেন্দ্র রোডে প্রদীপ কুন্দলিয়া নির্মিত একটি বহুতল বাড়ী ভেঙে পড়ে এবং তাতে ১১ জনের প্রাণহানি ঘটে। সরকার বলেছিল, প্রমোটার প্রদীপ কুন্দলিয়ার বিরুদ্ধে ৩ মাসের মধ্যে চার্জসিট আনা হবে এবং তাকে কঠোর শাস্তি দেওয়া হবে। কিন্তু আজ ১০ বছর হয়ে গেলেও কোন চার্জসিট তার বিরুদ্ধে দেওয়া হয়নি। সে আবার বিল্ডিং কনস্ট্রাকশনের ব্যবসায় ফিরে এসেছে এবং এই সিটিতে বিভিন্ন প্রজেক্টের কাজে ইনভলভ্ হয়েছে। সে যে বিভিন্ন বেআইনি বাড়ি নির্মাণ করেছিল, সেইগুলো এখন সি. এম. সি. রেগুলারাইজ করে দিচ্ছে। সেই ঘটনা যাতে ১১ জন নিরীহ গরীব মানুষ মারা গিয়েছিল, যেটা ক্রিমিনাল অফেন্স, সেটা যাতে মানুষের বিস্তারিততে চলে যায়, সরকার বোধ হয় সেদিকে চলছে। শোনা যাচ্ছে প্রদীপ কুন্দলিয়ার সঙ্গে সরকারের উপর মহলের কর্তৃপক্ষের ঘনিষ্ঠ যোগাযোগ রয়েছে। সেই সময় যে প্রোব কমিটি হয়েছিল, তারা বলেছিল সাব-স্ট্যান্ডার্ড মেটেরিয়াল দিয়ে বাড়ি তৈরী হয়েছিল এবং বেআইনি ভাবে তৈরী হয়েছিল। এর সঙ্গে যে সমস্ত অফিসার যুক্ত ছিল, কর্তব্যে অবহেলার দায়ে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। সরকার কেন এই ঘটনা ধামাচাপা দিচ্ছে? এই ঘটনার প্রকৃত পরিণতি কি? সরকার এর বিরুদ্ধে কি ব্যবস্থা নিচ্ছে? আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীকে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করার জন্য বলছি। এখনও এই ব্যাপারে জনসাধারণ জিজ্ঞাসা করেন। কলকাতার মানুষ ভুলে যায় নি। এই ঘটনায় ১১ জনের মৃত্যু হয়েছিল। আজকে সরকার ভুলে যেতে পারে, প্রশাসন ভুলে যেতে পারে। কিন্তু এই দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হচ্ছে। এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতি ইভা দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা জঙ্গিপাড়ায় প্রবাহমান নিম্ন দামোদর নদী বয়ে চলেছে এবং সেই নদীতে ক্রমশ ভাঙ্গন বেড়েই চলেছে। বিশেষতঃ রাজবলহাট ১ নাম্বার গ্রাম পঞ্চায়েতে নদীপাড় এত ভেঙ্গে যাচ্ছে, যে সেখানে চাষযোগ্য জমি নদীগর্ভে চলে যাচ্ছে। প্রতি বছরই ৪০ - ৪৫ বিঘা জমি জলের তলায় চলে যাচ্ছে। এখানকার কৃষকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেখানে দ্রুত যাতে সংস্কার করা যায়, তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৭.৭.৯৯ তারিখে ফলতা বিধান সভার গোপালপুর অঞ্চলে পাইকেন গ্রামে কংগ্রেসের সদস্য রাজ কুমার সর্দার-এর বাড়ীতে সি পি এমের গুন্ডা রাত্রি ৮ টার সময় গিয়ে আক্রমণ করে। তার বাড়ীর অন্যান্য সামগ্রী ভাঙচুর করে। তাকে খুন করার চেষ্টা করে। পশ্চিমবঙ্গে বিশৃঙ্খলা চলছে। এখানে জঙ্গলের রাজত্ব চলছে। অন্য রাজনৈতিক দল হলেই তাকে খুন করা হবে, তার বাড়ী আক্রমণ করা হবে, সি পি এমের জল্লাদবাহিনী এইভাবে অত্যাচার করবে। এইভাবে এখানে অত্যাচারের বন্যা বয়ে চলেছে।

আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই সি পি এম আশ্রিত সমাজবিরোধীকে অ্যারেস্ট করতে হবে এবং অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**শ্রী সমর হাজরা ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জামালপুর বিধানসভা কেন্দ্রের বেশ কয়েকটি গ্রামে কাড়াল, গঙ্গা, নসীপুর, আরাসুল মাঠ নসীপুর প্রত্যেক জায়গায় প্রতি বছর খরা মরসুমে পানীয় জলের সঙ্কট দেখা যায়। বর্ষার সময় দেখেছি যে, দামোদরে জল বাড়ে এবং তখন দামোদরে বাঁধ থাকে না। দামোদরের আশেপাশের গ্রামগুলি জলমগ্ন হয়ে যায়। আবার খরা মরশুমে জল পাওয়া যায় না। তাই আমি জনস্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই গ্রামগুলিতে পি এইচ ই জল সরবরাহের ব্যবস্থা করেন।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, সি ই এস সির ফুয়েল সারচার্জ বাড়ানো নিয়ে এই হাউসে অনেক প্রতিবাদ করেছি। সম্প্রতি সেই ফুয়েল সারচার্জের প্রতিবাদে তৃণমূল কংগ্রেস নেত্রী ধর্ণা দিয়েছিলেন সি ই এস সির অফিসের সামনে এবং তার পাশাপাশি সি পি এম পার্টির পক্ষ থেকেও ফুয়েল সারচার্জ কমানোর দাবিতে আন্দোলন করেছিল। আমরা যারা সাধারণ মানুষ, আমরা আশা করেছিলাম যে, নেত্রী যখন স্বয়ং ধর্ণায় নেমেছেন, এরপর হয়ত ফুয়েল সারচার্জ কমবে এবং তারপর তিনি ঘোষণা করেছিলেন যে, যদি না কমে, তাহলে গণ আমরণ অনশন করবে। কিন্তু শেষ পর্যন্ত শংকর সেন বিধানসভায় যে ঘোষণা করেছেন তাতে একটা পয়সাও ফুয়েল সারচার্জ কমানো হয়নি। শুধু ২৩ পয়সা কমিয়ে নিয়ে, এটা আরও কিস্তি বাড়িয়ে দেওয়া হয়েছে। এটা তারপর বলছেন যে নৈতিক জয়। আমি দাবি করছি ফুয়েল সারচার্জ বিচার করার জন্য একটা পরিষদীয় কমিটি করে বিচার বিভাগীয় তদন্ত করা উচিত। কলকাতায় কেউ সি. পি. এম, সি. পি. আই, কেউই ফুয়েল সারচার্জ কমানো নিয়ে সন্তুষ্ট নয়। এইভাবে মানুষকে যেন ধোঁকা না দেওয়া হয়।

[1.00–1.10 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডানলপ নিয়ে এতক্ষণ আলোচনা হয়ে গেল। মুখ্যমন্ত্রীও বলেছেন। কাল আই. এন. টি. ইউ. সি.'র সঙ্গে ছাবড়িয়াদের বৈঠক হয়েছে। সেই বৈঠকে তারা বলেছেন, সমস্ত দায়দায়িত্ব শ্রমিকদের উপর চাপিয়ে দেওয়া হয়েছে এবং সেখানে ভলান্টারি রিটায়ারমেন্ট স্কীম করে তারা তিন হাজার শ্রমিককে বসিয়ে দিতে চেয়েছেন। তাদের ব্যাঙ্ক থেকে টাকা লোন চেয়েছেন। রিটায়ারমেন্টের ব্যাপারটা হচ্ছে নানারকম টালবাহানা, ডানলপ খোলার ব্যাপারে তাদের কোন ভূমিকাই নেই। কোন ভূমিকা তারা পালন করছেন না। ডানলপ আমাদের গর্ব। ছাবড়িয়াদের যে ভূমিকা তা অত্যন্ত নিন্দনীয়। আমি এই কথা বলতে চাই যে আমাদের ত্রি-পাক্ষিক বৈঠক হওয়া উচিত। যার মধ্যে দিয়ে ডানলপের একটা পরিস্কার ধারণা পাওয়া যায়।

**শ্রী অসিত পাল ঃ** (অনুপস্থিত)
**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** (অনুপস্থিত)
**শ্রী অশোক দেব ঃ** (অনুপস্থিত)
**শ্রী শেখ দৌলত আলি ঃ** (অনুপস্থিত)

**শ্রী কমল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে পশ্চিমবঙ্গের সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার চন্দননগরে আর ভদ্রেশ্বর শহরে ভাগীরথী নদী ব্যাপকভাবে ভাঙন দেখা দিয়েছে। আগেও আমি দৃষ্টি আকর্ষণ করেছি। আবার করছি—। চন্দননগর শহরে তেলিঘাট থেকে বিনোদ তলা, ভদ্রেশ্বরে তেলেনো পাড়াতে ব্যাপক ভাঙন দেখা দিয়েছে। অবিলম্বে সংস্কার করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরের পিংলা থানার জামনা বাস স্টপেজ থেকে পিংলা ডাকবাংলো পর্যন্ত একটা তিন কিলোমিটার রাস্তা রয়েছে। এই রাস্তাটা পাকা করার জন্য আমি দাবি জানাচ্ছি। রাস্তাটা যদি পাকা করা যায় তাহলে জামনা থেকে বড়বেটিয়া হয়ে খড়গপুর মেদিনীপুর যাওয়ার যে রাস্তা, সেই রাস্তার সঙ্গে পিংলা, জামনার একটা সংযোগ স্থাপিত হবে। যদি সংযোগ স্থাপিত হয় তাহলে ময়নার পূর্ব দিকে কংসাবতী নদী চলে গেছে। এখানে শ্রীরামপুর ব্রীজ তৈরী হচ্ছে। এই ব্রীজের সঙ্গে মেদিনীপুর, খড়গপুর গড়বেতার সঙ্গে সরাসরি তমলুক, হলদিয়া, কলকাতার সঙ্গে একটা যোগাযোগ স্থাপিত হবে। এতে মোট ১১ কিলোমিটার রাস্তা কমে যাবে। নিত্যযাত্রী, ছাত্রছাত্রী, ব্যবসায়ীরা উপকৃত হবে।

**শ্রী মৈনুল হক্‌ ঃ** মাননীয় উপাধক্ষ্য মহাশয়, মুর্শিদাবাদ জেলায় বি. পি. এল. স্কীমে অর্থাৎ দারিদ্র্য সীমার নীচে যে সমস্ত মানুষ তাদেরকে রেশনের মাধ্যমে কম পয়সায় চাল দেওয়ার যে ব্যবস্থা সরকারের পক্ষ থেকে করা হয়। আমার ওখানে অন্যান্য গ্রামে সেই চাল অন্যান্য ডিলাররা পেলেও আমার ফারাক্কা ব্লকে গত ১৮ মাস ধরে সেই চাল আসে না। আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফারাক্কা ব্লকে গত ১৮ মাস ধরে বি. পি. এল. স্কীমের যে চাল সেটা বন্ধ হয়ে আছে, এটা যাতে গুরুত্ব দিয়ে দেখা হয় এবং এর ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রী নির্মল চন্দ্র দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ম্যালিগন্যান্ট ম্যালেরিয়াতে ডুয়ার্সে, জলপাইগুড়ি, কুচবিহারে ১৭ জনের মৃত্যু হয়েছে এবং কলকাতাতেও মৃত্যুর খবর লক্ষ্য করা যাচ্ছে। জলপাইগুড়ি জেলাতে হাজার হাজার লোক আক্রান্ত হয়েছে। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশান বলেছে ২০০০ সালের মধ্যে ম্যালেরিয়া উত্তরবঙ্গে ভয়াবহ আকার ধারণ করবে, মহামারী রূপ ধারণ করবে। সেখানে গত ১৫ জুন থেকে ডি. ডি. টি. স্প্রে বন্ধ করে দেওয়া হয়েছে। আমি রাজ্য সরকারের কাছে এবং স্বাস্থ্য দপ্তরের কাছে আবেদন করছি অবিলম্বে ডি. ডি. টি. স্প্রে করা দরকার যাতে ম্যালেরিয়া নিবারণ করা হয়। শুধু বক্তৃতা নয়, প্রচার নয়, কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**শ্রী শোভন দেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এস. এস. কে. এম. হসপিটালে সুকুমার ধারা প্রায় ৪ মাস শিশু চিকিৎসা করলেন। যাদের চিকিৎসা করেছেন তাদের কি অবস্থা আমরা জানি না। তিনি ডাক্তার নন কিন্তু পেড়িয়াট্রিক ট্রিটমেন্ট করে গেলেন। আমাদের স্বরাষ্ট্র দপ্তর রয়েছে কিন্তু তাঁকে ধরতে পারলো না, গ্রেপ্তার করতে

পারলো না। গত কাল 'খাস খবরে' তাকে দেখানো হলো, তাকে আইডেন্টিফাই করলো তার বাড়ীতে ৫ দিন ধরে সে রয়েছে। যেখানে পুলিশমন্ত্রী অনেক দিন ধরেই তাঁর যোগ্যতা নিয়ে অনেক কথাই বলেন, কিন্তু একজন ভদ্রলোক তিনি ডাক্তার নন কিন্তু তা সত্ত্বেও শিশুদের চিকিৎসা করলেন। তিনি পলাতক নন, তিনি তার নিজের বাড়ীতেই আছেন। কিন্তু পুলিশ জেনেও তাকে ধরতে পারলো না। আমি শুধু তাকে গ্রেপ্তারের দাবীই করছি না, আমি স্বরাষ্ট্রমন্ত্রী বুদ্ধদেববাবুর পদত্যাগ দাবী করছি। একটা মিড়িয়া তাকে দেখালো, কিন্তু তিনি তাঁকে গ্রেপ্তার করতে পারলেন না। তাঁর এখানে থাকার কোন নৈতিক অধিকার আছে বলে আমি মনে করি না।

**শ্রী রমেশ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমার কেন্দ্র মেখলীগঞ্জে ভারত ও বাংলাদেশের ১৯৯২ সালে চুক্তি হলো ১ ঘন্টা পর পর ৬ ঘন্টা দুই দেশের মধ্যে যাতায়াত করা যাবে। কিন্তু বর্তমানে কেন্দ্রীয় সরকার সেখানে ২৪ ঘন্টা যাতায়াতের ব্যবস্থা গ্রহণ করেছে। কেন্দ্রীয় সরকার কুচবিহারের ডি. এম. -এর মাধ্যমে মেখলীগঞ্জ মহকুমা শাসককে একটা চিঠি লিখে জানিয়েছে যে বাংলাদেশের জনসাধারণ ২৪ ঘন্টাই যাতায়াত করতে পারবে। যদি ২৪ ঘন্টা যাতায়াত চলে তাহলে দুই দেশের মধ্যে দ্বন্দ্বের সৃষ্টি হবে, অশান্তি দেখা দেবে। আমি অবিলম্বে এ ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1.10–1.20 p.m.]

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যে ৬৫ লক্ষ বেকার। কোন চাকরি-বাকরি নেই। কিন্তু স্বনির্ভর করার জন্য সে সরু, স্বর্ণ জয়ন্তী, প্রভৃতি সেল্‌ফ এমপ্লয়মেন্ট স্কীম আছে। প্রতি বছরই ষ্টেট লেভেল, ডিস্ট্রিক্ট লেভেল, ব্যাঙ্কার্স কমিটি বসে বিভিন্ন দপ্তরের প্রতিনিধিদের নিয়ে টার্গেট ঠিক করে। কিন্তু প্রতি বছরই পুরসভা বা পঞ্চায়েত স্তরের বিভিন্ন জায়গা থেকে আবেদন করা হচ্ছে যে, ব্যাঙ্কের অসহযোগিতার জন্য সেগুলো কার্যকর হচ্ছে না। শুধু তাই নয় ঐ স্কীমগুলোর সাথে অর্থ দপ্তর, পঞ্চায়েত, পুরসভা, শ্রম দপ্তর, প্রভৃতি জড়িত রয়েছে। কিন্তু ঐ দপ্তরগুলোর মধ্যে কোন কো-অর্ডিনেশন নেই। কিছুদিন আগে সংবাদপত্রে দেখলাম মাননীয় অর্থমন্ত্রীকে সভাপতি করে একটা তদারকি কমিটি করা হয়েছে। কাগজে-কলমে এসব থাকলেও কিন্তু কার্যকরী কিছু হচ্ছে না। আজকে বেকাররা বিভিন্ন রকমের স্কীমের জন্য টাকা-পয়সার আবেদন করে পাচ্ছে না এবং মাইনরিটি ডেভেলপমেন্টে টাকা থাকা সত্ত্বেও তারা বঞ্চিত হচ্ছে। আমি উক্ত অবস্থার অবসানের জন্য এবং যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মহঃ হান্নান ঃ** স্যার, রামপুরহাট কেন্দ্রের রামপুরহাট শহরের উপর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে। সেখানকার দুজন অফিসারের মধ্যে একজন শ্রীরবিলাল গুপ্তা নিজের খেয়াল-খুশী মত চলে, নিয়মিত অফিস করে না এবং আমাদের সরকারের যে নিয়ম আছে, ভ্যাকান্সির এগেইনষ্টে নামগুলো পাঠানো ও লিষ্ট টাঙানো তাও করে না। এছাড়া, বেকার ছেলেমেয়েরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাতে গেলে দুর্ব্যবহার করে। এই ভাবে সে আমাদের সরকারের

ভাবমূর্তি নষ্ট করছে। কেউ যদি এইট পাশ সার্টিফিকেট নিয়ে যায় তাহলে তাকে প্রশ্ন করে, 'আমি ভাত খাব' ইংরাজী কি হবে। সুতরাং ঐ অফিসার যাতে ঠিক ভাবে চলে তার ব্যবস্থা করার জন্য আমি কর্ম বিনিয়োগ কেন্দ্রের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন মুখার্জী ঃ** স্যার, সারা পশ্চিমবাংলায় আলুর দাম বাড়ছে না। ৯০টাকা আলুর বস্তা। অথচ শহরে সাড়ে ৪ টাকা কে. জি. আলু কিনতে হচ্ছে। কোল্ড স্টোরেজে আলু পড়ে আছে কিন্তু চাষীরা আলুর দাম পাচ্ছে না। গ্রামবাংলার কিছু কিছু চাষী যারা আলু স্টোরে রেখেছে তারা যাতে মূল্য পায় তার জন্য আমি কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** স্যার, মেদিনীপুর জেলায় ধানের পর পানকে অর্থকরী ফসল হিসাবে ভাবা হয়। রাজ্যের মোট পান চাষের জমি ১৮,৬০০ হেক্টর এবং পান চাষীর সংখ্যা ২,৯৭,৩০০ জন। মেদিনীপুরের মধ্যে তমলুক এবং কাঁথী মহাকুমায় পান চাষের জমি এবং চাষীর সংখ্যা বেশী। তাই স্যার, আমি এই ব্যাপারে দৃষ্টি দিয়ে নরঘাট বিধানসভার মূলাখোপের ২৫ একর যে কৃষি ফার্ম আছে তাতে পানের উপর একটা রিসার্চ সেন্টার তৈরীর আবেদন আপনার মাধ্যমে মাননীয় হর্টিকালচার মন্ত্রীর কাছে করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে ৫ জন শিক্ষামন্ত্রী আছেন। অথচ পশ্চিমবঙ্গের প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা নিয়মিত বেতন পাচ্ছেন না। প্রতি মাসে তাঁদের মাইনে পেতে ১০ থেকে ১৫ তারিখ হয়ে যাচ্ছে। অনেকেরই শিক্ষকতা করে পরিবারের ভরণ-পোষণ চালাতে হয়। সুতরাং এই অর্থনৈতিক দুরবস্থা তাঁদের কাছে যন্ত্রণা হয়ে দাঁড়িয়েছে। রাজ্যসরকারের সমস্ত কর্মচারীরা মাসের ১ লা তারিখে মাইনে পান, সরকারের মন্ত্রীরা মাসের ১ লা তারিখে মাইনে পান। কিন্তু পশ্চিমবঙ্গের প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা মাসের মাঝামাঝি হয়ে যায় তখনও তাঁরা মাইনে পান না। এরজন্য তাঁদের ট্রেজারিতে যেতে হয়, সেখান থেকে ফিরে আসতে হয় তারপর ট্রেজারি থেকে স্কুল বোর্ড যেতে হয়। এই ভাবে দিনের পর দিন তাঁদের ঘুরতে হয়। তারপর মাস শেষ হতে চলে তখন তাঁরা মাসের মাইনে পকেটস্থ করতে পারেন। যাতে প্রতি মাসের ১ লা তারিখে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষক ও অশিক্ষক কর্মীরা মাইনে পান সেজন্য আমি সরকারের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মডেল পঞ্চায়েতের মাধ্যমে সারা পশ্চিমবঙ্গের সাংঘাতিক ভাবে উন্নয়ণ হচ্ছে। এবং এরজন্য প্রচুর পরিমাণে অর্থ দেওয়া হচ্ছে। আমার বক্তব্য হল যে, কয়েকটি এলাকায় কংগ্রেসের প্রধান রয়েছেন এবং তাঁরা এই টাকা উন্নয়ণের নামে তুলে নিয়ে খরচা না করে আত্মসাৎ করছেন। কয়েকটি কংগ্রেস পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে এই অভিযোগ রয়েছে। আমার অনুরোধ পঞ্চায়েতকে যে টাকা দেওয়া হয় সেগুলো যাতে জয়েন্ট অপারেশনের মাধ্যমে তোলার ব্যবস্থা করা হয় এবং যে ভাবে কাজের পরিমাণ বাড়ছে তারজন্য একজন এস. এ. ই. রাখা হোক। ২-৩টি পঞ্চায়েতকে ভাগ করে এস. এ. ই.-র সঙ্গে যুক্ত করা হোক। এছাড়া যে সমস্ত কংগ্রেস পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে টাকা আত্মসাৎ করার অভিযোগ রয়েছে অবিলম্বে সে ব্যাপারে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যুতের যে সারচার্জ ও ফুয়েল চার্জ বৃদ্ধি পেয়েছে তার ফলে কৃষিতে সঙ্কট দেখা দিয়েছে। মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া, থানা খিদিরপুরে সমবায় ভিত্তিতে চাষের জন্য নেতাজী আর. এল. আই. সেন্টার তৈরী করা হয়েছে। সেখানে গত ফেব্রুয়ারী মাসে বিদ্যুতের বিল এসেছিল ২ হাজার টাকা, আর মার্চ মাসে সেখানে বিদ্যুতের বিল হয় ৪ হাজার ৯৯৯ টাকার। ফুয়েল চার্জ আর সারচার্জ মিলিয়ে এই অবস্থা হয়। এর ফলে সেচ ব্যবস্থা বন্ধ হয়ে যাবে। অবিলম্বে এই ফুয়েল চার্জ ও সার চার্জ বাতিল করার জন্য মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে অনুরোধ করছি। নতুবা মাননীয় জলসম্পদ মন্ত্রী এ ব্যাপারে দায়িত্ব গ্রহণ করুন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ও উদ্বেগজনক বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া পশ্চিমবঙ্গে ১৭টা পাট ক্রয় কেন্দ্র বা পার-চেজিং সেন্টার কে তাঁরা বন্ধ করে দেবেন। ১৭ টার মধ্যে ৪টে রয়েছে মুর্শিদাবাদ জেলায়। জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার কর্তৃপক্ষের সঙ্গে ট্রেড ইউনিয়ন নেতারা এবং কৃষক নেতারা মিট্ করেছিলেন। তাঁরা বলেছিলেন যে, যা আছে সেগুলোকে উঠানো হবে না। পাটের মরসুমে পাট বিক্রি করা প্রচন্ড সমস্যা হয়ে দাঁড়ায়। আর যে ভাবে পারচেজিং সেন্টারগুলো কে তাঁরা তুলে দিচ্ছেন তাতে পাট চাষীরা অসুবিধার মধ্যে পড়বেন। তাঁরা পশ্চিমবঙ্গ থেকে পার চেজিং সেন্টারগুলো তুলে দিচ্ছেন। সুতরাং জে. সি. আই-র এই কাজের বিরুদ্ধে মন্ত্রি সভার পক্ষ থেকে প্রতিবাদ জানাতে হবে।

এগুলো যাতে বন্ধ হয়ে না যায় সে জন্য অবিলম্বে দৃষ্টি দিতে হবে। নচেৎ পাট বিক্রি করার ক্ষেত্রে চাষীরা মারাত্মক অবস্থার মধ্যে পড়বে।

[1.20—1.30 p.m.]

**শ্রী মৃণাল কান্তি রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের রামনগর দু'নং ব্লকে লক্ষ মানুষের বাস এবং অধিকাংশই সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত। ওখানে 'মান্নারপুর জুনিয়র স্কুলটি' ১৯৭৫ সাল থেকে চলছে এবং ১৯৯৫ সালে সেটির ইনসপেকশন হয়ে গেছে। দেড় শো'র বেশী ছাত্ররা ওখানে পড়াশুনা করছে। কিন্তু স্কুলটিকে এখনো পর্যন্ত অনুমোদন দেওয়া হয় নি। যাতে স্কুলটি দ্রুত অনুমোদন পায় তার জন্য আবার আমি আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ!

**শ্রী রবীন্দ্র ঘোষ :** (অনুপস্থিত)

**শ্রী ভক্তরাম পান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এখানে অনেকেই জানেন যে, আমার চন্ডীতলা বিধানসভা কেন্দ্রের মধ্যে 'ডানকুনি মাদার ডেয়ারী' অবস্থিত। ১৯৯৬ সালের ২৬শে এপ্রিল তারিখে মাদার ডেয়ারী কর্তৃপক্ষের একাংশ, কংগ্রেস এবং বি. জে. পি. মিলিতভাবে আমাদের একজন ট্রেড ইউনিয়ন নেতা এবং মাদার ডেয়ারীর কর্মী শ্রীসুমিত ব্যানার্জীর বিরুদ্ধে

শালীনতাহানির অভিযোগ আনে এবং তা ওখানে বিগত নির্বাচনের আগে প্রচারে ব্যবহার করে আমাদের পার্টির বিরুদ্ধে। গত ৫ই জুলাই চুচুড়া সেশন কোর্টে সেই মামলার রায় প্রকাশিত হয়েছে এবং তাঁকে বেকসুর খালাস করে দেওয়া হয়েছে। এই অবস্থায় আমি দাবি করছি অবিলম্বে মাদার ডেয়ারী ম্যানেজমেন্টের বিরুদ্ধে তদন্ত করে দেখা হোক এবং দোষীদের শাস্তি দেওয়া হোক। যে জঘন্য ঘটনা কংগ্রেস এবং বি. জে. পি. ঘটিয়েছিল তা আমি আপনার মাধ্যমে এই সভার সামনে তুলে ধরলাম।

**শ্রী শেখ মাজেদ আলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার যে সমস্ত আলু চাষীরা স্টোরে আলু রেখেছেন তাদের ৯০ টাকা দরে আলু বিক্রি করতে হচ্ছে। বস্তার খরচ বাদ দিলে ৭৫ টাকা করে দাম পাচ্ছে। অর্থাৎ চাষীরা দেড় টাকা কিলো প্রতি আলুর দাম পাচ্ছে। এই অবস্থায় আমাদের মার্কেটিং বিভাগ যদি ডাইরেক্ট স্টল মারফত আলু বিক্রির ব্যবস্থা করে তাহলে কলকাতার এবং গঞ্জ এলাকার ক্রেতারা তিন টাকা থেকে চার টাকা কে. জি. দরে আলু কিনতে পারে। বাস্তবিকই যদি এই অবস্থা হয়, দেড় টাকা কে. জি. দরে আলু বিক্রি করতে হয়, তাহলে আগামী বছর স্টোরগুলির অবস্থা খুবই শোচনীয় হবে। সুতরাং অবিলম্বে সরকারকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জেলার মেজিয়া থার্মাল পাওয়ার প্ল্যান্টের কাজ শুরু হয়েছে এবং তার পাশ দিয়ে একটা বাই-পাশ রাস্তা হয়েছে। জিগাটি-দুর্গাপুর রাস্তা, সেটার ওপর দিয়ে থার্মাল পাওয়ার প্রোজেক্টের কয়লা নিয়ে যে ট্রাকগুলি যাতায়াত করে সেগুলিকে সেই রাস্তার ওপর দাঁড় করিয়ে দেওয়া হয়। ফলে রাস্তাটিতে প্রচন্ড জ্যাম হচ্ছে। ফলে বাঁকুড়ার রুগী নিয়ে যেতে দেরি হয়ে যাচ্ছে। অবিলম্বে ঐ ট্রাকগুলিকে অন্য জায়গায় সরিয়ে নিয়ে গিয়ে রাখার ব্যবস্থা করে, ঐ রাস্তাটিকে পরিস্কার রাখার ব্যবস্থা করার জন্য আমি বিষয়টি প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জ্যোতি কৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ ৮ই জুলাই, ১৯৯৯ আমাদের রাজ্যের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী, আমাদের দেশের বর্ষীয়ান জননেতা, ভারতের কমিউনিষ্ট পার্টি মার্কসবাদী-র পলিটব্যুরোর সদস্য শ্রীজ্যোতি বসুর ৮৬ তম জন্ম দিন। শ্রী বসু ৮ই জুলাই ১৯১৪ সালে জন্মগ্রহণ করেছিলেন। তাঁর এই দীর্ঘ জীবন ধরে তিনি নিপীড়িত জনগণের স্বার্থে, শ্রমজীবী মানুষের স্বার্থে কাজ করে যাচ্ছেন। এই শুভ জন্মদিনে আজকে তাঁকে শ্রদ্ধা জানাচ্ছি এবং এই বিধানসভা থেকে তাঁকে অভিনন্দন জানাচ্ছি, তাঁর দীর্ঘ কর্মক্ষম জীবন কামনা করছি।

**শ্রী লক্ষ্মণ বাগদি ঃ** ডেপুটি স্পীকার স্যার, বর্ধমান জেলার অন্ডাল থানার অন্তর্গত কাজোরা এরিয়ায় গত ৬-৭-৯৯ তারিখে পরাশকোল কোলিয়ারীতে এক ভয়ঙ্কর দুর্ঘটনার ফলে ৪ জন শ্রমিক মারা গেছে এবং ২৮ জন শ্রমিক আহত হয়ে হাসপাতালে রয়েছে। এদের মধ্যে ২।৩ জন শ্রমিক আশংকাজনক অবস্থায় রয়েছে। ই. সি. এল কর্তৃপক্ষ তাদের কয়লাখনিতে যে নিরাপত্তা রাখা দরকার তা মোটেই রাখতে পারছে না। যার ফলে কয়লাখনিতে দুর্ঘটনা ঘটছে এবং শ্রমিকদের জীবন যাচ্ছে কেন্দ্রীয় সরকার এবং ই. সি. এল কর্তৃপক্ষের নিরাপত্তা গাফিলাতির

জন্য এই দুর্ঘটনা ঘটছে। আমি তাই আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে কেন্দ্রীয়-সরকারের সাথে কথা বলে কয়লা খনিতে নিরাপত্তা থাকে, যাতে শ্রমিকদের দুর্ঘটনায় মরতে না হয় তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এবারে পশ্চিমবাংলায় পাট চাষ ব্যাপকভাবে হয়েছে এবং এই পাটের উৎপাদন গত বছরের ৮০ লক্ষ বেলের চেয়ে বেশী হবে। বিশেষ করে নদীয়া জেলায় পাট চাষ অত্যন্ত ভাল এবং ভালই উৎপাদন হবে। আমরা জানি, কংগ্রেস সরকারের আমল থেকে জে. সি. আইয়ের গুরুত্ব কমে গেছে, খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। এখন আবার তৃণমূল - বি. জে. পি. জোট সরকারের আমলে সেটা একেবারেই অচল। গত বছর পাট কেনা হয়নি। এর ফলে চাষীরা অত্যন্ত কম দরে এই পাট বেচতে বাধ্য হয়েছে এবং ফড়েরা, দালালরা এবং মিল-মালিকরা প্রচন্ড ভাবে লাভ করেছে। পাট চাষীরা তাদের রক্ত জল করা পয়সা পায়নি। তাই আমি আপনার মাধ্যমে দাবী করছি জে. সি. আইকে পুনরুজ্জীবিত করে তাদের মাধ্যমে চাষীদের যাতে পাট কেনা হয় তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

[1.30–2.00 p.m. including adjournment]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র বীরভূমের চাষীদের ক্ষেত্রে অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। গত কয়েকদিন আগে যখন চার্জ করা হল সেই চার্জের সময়ে যে পলিউটেড ধোঁয়া বেরোলো তাতে অন্তত সাহাপুর পর্যন্ত সমস্ত মাঠের ধান ঐ ধোঁয়াতে নষ্ট হয়ে গেছে। ময়ুরাক্ষীর কমান্ড এরিয়াতে ৫ পারসেন্ট জল রেখে বাকি ৯৫ পারসেন্ট জল বক্রেশ্বরকে দেওয়ার ফলে কান্দি পর্যন্ত কাল্টিভেটররা এই বক্রেশ্বর তাপ বিদ্যুতের জন্য ক্ষতিগ্রস্থ হচ্ছে। বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প করার জন্য কয়েকটি গভীর নলকূপ দিয়েছে। তাতে ২০ পারসেন্ট কমান্ড এরিয়া কভার হবে আর ৭০ পারসেন্ট কমান্ড এরিয়া নন-কভার থাকছে। সুতরাং কাল্টিভেটরদের কি হবে সে বিষয়ে সরকারকে চিন্তা করতে অনুরোধ করছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলায় নর্থ সাবডিভিশন তেহট্টে ১৯৯৭ সালে স্থাপন করা হয়েছে মানুষকে প্রশাসনিক সু-ব্যবস্থা দেবার জন্য। তেহট্ট এবং করিমপুরের মানুষ যাতে স্মুথ অ্যাডমিনিস্ট্রেশন পান, প্রশাসনিক সুযোগসুবিধা পান তার জন্য।

স্যার, এই তেহট্ট সাবডিভিশানে আজ পর্যন্ত প্রশাসনিক পরিকাঠামো বা প্রয়োজনীয় ইনফ্রাষ্ট্রাকচার গড়ে ওঠে নি। এর ফলে তেহট্ট, করিমপুরের লোকদের প্রশাসনিক সুযোগ-সুবিধা পাওয়ার ক্ষেত্রে খুবই অসুবিধা হচ্ছে। তেহট্ট, করিমপুরের মানুষদের এস. ডি. ও. অফিসের কাজ অসম্পূর্ণ থাকার জন্য তাদের আবার কৃষ্ণনগরে আসতে হচ্ছে। এর ফলে প্রশাসনিক সুযোগ-সুবিধা থেকে তারা বঞ্চিত হচ্ছেন। অবিলম্বে সেখানে একটা সাব ডিভিশানের সম্পূর্ণ পরিকাঠামো গড়ে তোলার জন্য আমি দাবী জানাচ্ছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ ইনফরমেশান, বাংলার এক তরুণ, তার নাম গনেশ ঘোষ, সে কারগিল ফ্রন্টে লড়াই করতে গিয়েছিল পাকিস্তানের হানাদারদের বিরুদ্ধে। সেখানে অনেক হানাদারকে খতম করার পর গনেশ ঘোষ শহিদ হয়েছেন। স্যার, নদীয় জেলার নোনাগঞ্জের এই দুঃসাহসিক যুবকের জন্য আমরা সকলেই গর্বিত। বিধানসভায় মাননীয় সদস্যদের কাছে আমার অনুরোধ, এই অসীম সাহসী যুবক, পাকিস্থানী হানাদারদের খতম করার পর যার অকাল প্রয়াণ ঘটলো, আসুন, আমরা সকলে তার স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করি এবং তার শোক সন্তপ্ত পবিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** এখন বিরতি, আবার আমরা মিলিত হ'ব দুটোর সময়।

(At this Stage the House was adjourned till - 2.00 p.m.)

[2.00–2.10 p.m.]

**(After recess)**

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 59

**Mr. Deputy Speaker :** There are 20 cut motions on Demand No. 59. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Abdul Mannan<br>Shri Pankaj Banerjee<br>Shri Shashanka Sekhor Biswas<br>Shri Ramjanam Manjhi<br>Shri Nirmal Ghosh<br>Shri Saugata Roy<br>Shri Kamal Mukherjee<br>Shri Deba Prasad Sarkar | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

### Demand No. 60

**Mr. Deputy Speaker :** There are 20 cut motions on Demand No. 60. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Abdul Mannan | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Re. 1/- |
| Shri Abdul Mannan<br>Shri Saugata Roy<br>Shri Pankaj Banerjee<br>Shri Ramjanam Manjhi | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

Shri Ashok Kumar Deb
Shri Shaskanka Shekhor Biswas
Shri Ajoy De
Shri Kamal Mukherjee
Shri Deba Prasad Sarkar

**Demand No. 62**

**Mr. Deputy Speaker :** There are 39 cut motions on Demand No. 62. All the cut motions are in order.

Shri Nirmal Ghosh
Shri Pankaj Banerjee
Shri Ajoy De
Shri Ashok Kumar Deb
Shri Ramjanam Manjhi
Shri Shashanka Shekhor Biswas
Shri Sankar Singh
Shri Deba Prasad Sarkar
Shri Kamal Mukherjee

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**Demand No. 63**

**Mr. Deputy Speaker :** There are 5 cut motions on Demand No. 63. All the cut motions are in order.

Shri Shashanka Shekhor Biswas
Shri Kamal Mukherjee

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**শ্রী শেখ দৌলত আলি :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী ডঃ সূর্যকান্ত মিশ্র মহাশয় যে বাজেট-বরাদ্দ প্লেস করেছেন ৯১ কোটি ১২ লক্ষ ৩৮ হাজার টাকার, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের আনা কাটমোশনকে সমর্থন করছি। মাননীয় মন্ত্রী সগর্বে ঘোষণা করেছেন যে, পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের মাধ্যমে জনগণের হাতে ক্ষমতা এসেছে এবং ১৯৭৮ সাল থেকে ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে দরিদ্রতম মানুষের স্বার্থে কাজ চলছে। তিনি বলেছেন—তার ফলে আমাদের রাজ্যে দরিদ্র জনসাধারণের আর্থ-সামাজিক উন্নতি ঘটবে এবং তার সাথে একটা বড় কথা বলতে চেয়েছেন—সামাজিক ন্যায়বিচার পাওয়া যাবে। আমরা জানি, মহাত্মা গান্ধীর স্বপ্নের যে পঞ্চায়েতীরাজ সেই পঞ্চায়েতীরাজ আমাদের পশ্চিমবঙ্গে অগ্রগতির সঙ্গে চলছে। এটা স্বীকার করে নিয়েই বলবো, আরো দ্রুততার সঙ্গে এগিয়ে যাওয়া যেতো গ্রাম-স্বরাজের দিকে, কিন্তু মন্ত্রী মহাশয় সেদিকে ঠিকভাবে পদক্ষেপ নিচ্ছেন না। তার জন্য আমি আজকে এই বাজেটের বিরোধিতা করছি। আপনি জানেন, অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে ভারত সরকার যে জাতীয় সামাজিক সহায়তা প্রকল্প চালু করেছেন তাতে

দারিদ্র-লাঞ্ছিত ৬৫ বছরের বৃদ্ধ যারা তাদের ১০০ টাকা করে ওল্ড এজ পেনশন দিচ্ছেন। এর ৭৫ ভাগ কেন্দ্রীয় সরকার দিচ্ছেন এবং বাকি ২৫ ভাগ দিচ্ছেন রাজ্য সরকার। জাতীয় পরিবার কল্যাণ প্রকল্পে যারা বি. পি. এল.-এর নিচে সেরকম পরিবারের উপার্জনশীল ব্যক্তি মারা গেলে সেই পরিবারকে ১০,০০০ টাকা দেওয়া হচ্ছে এটা বলেছেন। জাতীয় মাতৃকল্যাণ প্রকল্পে যে সব মায়েদের দুটি জীবিত কন্যা সন্তান তাদের ৫০০ টাকা করে দিচ্ছেন। কিন্তু এক্ষেত্রে যে হিসেব দিয়েছেন তাতে এইসব প্রকল্পের কাজ এগোচ্ছে, না পেছোচ্ছে? ১৯৯৮ সাল পর্যন্ত ওল্ড এজ পেনশন ৩ লক্ষ ৪০ হাজার ৯১৬জন পেয়েছেন, আর ১৯৯৮-৯৯ সালে ৩৫ হাজার ৯০০ জন পেয়েছেন। জাতীয় পরিবার কল্যাণ প্রকল্পে আপনার ছিল ৪ হাজার ৮৩৩ জন, এবারে সেটা আপনি বাড়িয়ে ২০ হাজার ৭৪ জন করেছেন। আমার মনে হয়, ঐটাতো আপনার প্রিন্টিং মিসটেক হয়েছে কিনা বলতে পারছি না। মাতৃকল্যাণ ক্ষেত্রে আপনার ছিল ৪ হাজার ৫৮৮ সেখানে ৯৮-৯৯তে হয়েছে ১১ হাজার ৮৪৯। আজকে সেই ওল্ড এজ পেনশান এটা নিয়ে আমার বন্ধুরা অনেকে বলেছেন, বলার চেষ্টা করেছেন, এখনও বলছেন বিভিন্ন সময়ে, এই যে গ্রামে গঞ্জে বার্ধক্য ভাতা অর্থাৎ ওল্ড এজ পেনশান স্কিম সেটায় পর্যন্ত বারে বারে পঞ্চায়েত পক্ষপাতিত্ব করছে, না হলে আপনার এই প্রকল্পে আরো বেশী সংখ্যায় এদেরকে সাহায্য করতে পারতেন এই ব্যাপারে। আপনার নজরদারী কাউকে কাউকে দেওয়া উচিত ছিল, আমার মনে হয়, সেখানেই এই দপ্তর ফেইল করেছে। যদিও আপনি বলেছেন এই যে সমাজ কল্যাণ দপ্তরের ৬১৭ কোটি আছে, সমাজ কল্যাণ দপ্তরের টাকা আপনার পঞ্চায়েত দপ্তরের মধ্যে ইউটিলাইজ হচ্ছে, সেই সংখ্যা আরো বাড়ত গ্রাম বাংলায়। আজকে বার্ধক্যজনিত অবস্থায় যারা ভুগছেন তাদের অসহায় অবস্থার কথা আপনি নিশ্চয় জানেন, আপনার এলাকা থেকে, গ্রাম বাংলায় এই যে ওল্ড এজদের ভরণ পোষণ এদের কেউ দেখছে না, এটা হয়ত যুগের দোষ হতে পারে, যুগের অন্য রকম অবস্থা হতে পারে, সেইদিকে আপনি নজর দেবেন। এটা আপনার এখানে সুস্পষ্ট নেই। আর একটি কথা আমি বলতে চাই, পঞ্চায়েতের মাধ্যমে এই যে শিশু শিক্ষাকেন্দ্র, এই কেন্দ্রতে আপনি বলেছেন ইউনিভার্সালাইজেশান অফ প্রাইমারী এড়কেশান অর্থাৎ সার্বজনীন প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে আপনার এত দয়া শিক্ষা দপ্তরের এত টাকা আছে, তা সত্ত্বেও পঞ্চায়েতের মাধ্যমে সেখানে আপনি শিশু শিক্ষা কেন্দ্র তৈরী করছেন এই টাকায়। এখানে যারা গ্রাম বাংলা থেকে এসেছেন তারা প্রতিদিন চীৎকার করছেন, চার জন শিক্ষকের জায়গায় এখন ১ জন হাজির হয়েছে, কোথাও টিচারলেস অবস্থা, এই টাকায় যদি চতুর্থ শ্রেণী পর্য্যন্ত প্রাথমিক স্কুলগুলিতে যেখানে শিশুশ্রেণীগুলি ছিল, সেখানে যদি এই টাকা দিতেন তাহলে প্রপারলি ইউটিলাইজ হত। তাহলে সেখানে শিক্ষার গুণগত মানটা আসত। আমার যে পয়েন্টে দৃষ্টি আকর্ষণ করতে চাই, এইভাবে কন্ট্রাক্ট বেসিসে আজকে শিক্ষক যদি নিতে চান, যদি এটা উন্নীত করা যায় তাহলে সেক্ষেত্রে নিশ্চয় আপনি ভেবে দেখবেন, এটা সম্বন্ধে আপনারা বারে বারে দলবাজী করছেন। যে সমস্ত ছেলেমেয়েরা পাঁচ থেকে নয় পর্যন্ত বয়সের যেতে পারছে না, তাদের সামর্থ্য নেই, তার সঙ্গে যুক্ত করে বলেছেন ৯ থেকে ১৪ পর্যন্ত তাদেরকে টেনে আনবেন। শিক্ষিকা দেবেন, তার জন্য অন কন্ট্রাক্ট বেসিসে ১ হাজার টাকা দেবেন। আপনার রিপোর্টে এটা সুস্পষ্ট। এটার ব্যাপারে যদি মনে হয় এটা সত্যি, সেই শিক্ষকদের ১ হাজার টাকায় নেওয়া হবে এবং তাদের ওভার ফর্টি ইয়ারস হলে নেওয়া হবে। যেখানে যেখানে এ্যাভেলেবেল হবে, সেখানে নেওয়া

হবে। আর যারা এস. সি. আছে, তাদের খোলা মনে রেখেছেন এই জায়গাটা পঞ্চায়েত সমিতির হাতে ছেড়ে দেওয়ার ফলে ঐ জায়গাটায় শিক্ষার পরিবেশটা আসীন হচ্ছে না। শিক্ষাক্ষেত্রে গুণগত মানটা হচ্ছে না। কেবলমাত্র সই করতে পারে, যেভাবে জনশিক্ষার কল্যাণে সব জায়গায় অভিযান চালিয়ে ছিলেন, এটাও তেমনি কাগজে কলমে ফুলফিল হবে। এটা যে শিশু শিক্ষা কেন্দ্রের নাম করে হবে, এতে প্রকৃত শিশুদের শিক্ষা হবে না। কোয়ালিটি আমরা যেটা চাইছি, সেই গুণগত মান-এর উন্নতি হবে না। আমার বন্ধুবর বলেছেন, সোসাল এডুকেশান এর টাকাটা ঐ জায়গায় দেবেন সেটা ৬২ নম্বর ডিমান্ডের চার্টে আছে, এটা ইউটিলাইজড হবে আপনার পঞ্চায়েত সিস্টেম এর মাধ্যমে, যে দিকে আমরা যাচ্ছি।

[2.10–2.20 p.m.]

পঞ্চায়েতের মাধ্যমে এই শিশু শিক্ষার পরিচালন ব্যবস্থা আপনি নির্ধারণ করে দিয়েছেন, এতে শিক্ষার গুণগত মান কি বাড়বে। অন্যথায় শিশু শ্রেণীতে ঐ টাকা যদি আমরা দিতে পারতাম তাহলে শিক্ষার মান আরও বাড়ত। আই. আর. ডি. পি. প্রকল্পে ৩৮ কোটি ৫৫ লক্ষ ৩ হাজার টাকা রাখা হয়েছে, তার মধ্যে আপনি এক কোটি টাকা গঙ্গা কল্যাণ যোজনায় দিয়েছেন। আমি সাবজেক্ট কমিটির সাথে এই সমস্ত খরা প্রবণ এলাকা বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূমে গিয়েছিলাম, সেখানে খরার সময়ে মানুষ কষ্টের মধ্যে দিন কাটাচ্ছেন। সেখানে এক কোটি টাকা খরচ করে কি আপনি খরাকে দমন করতে পারবেন? খরা দূর করার জন্য যে প্রকল্প নেওয়ার কথা ছিল সেটা সুষ্ঠভাবে করা হয়নি। ঐ এলাকার বন্ধু যারা আছে তারা তাদের বক্তৃতার সময়ে সেটা তুলে ধরবেন। দারিদ্র্য দূরীকরণের ব্যাপারটা আপনি গ্রামোন্নয়ন সংস্থার হাতে তুলে দিয়েছেন। জেলা পরিষদের মাধ্যমে যেখানে যেখানে এইসব প্রকল্প তৈরী করা হয়েছে সেখানে টাকাগুলো মার খেয়েছে। টাকাগুলো প্রপারলী ইউটিলাইজড্ হচ্ছে না। আপনি এখানে বলেছেন ৩৩.৩ লক্ষ পরিবার এখানে উপকৃত হয়েছে। কিন্তু সেই উপকৃতদের ক্ষেত্রে ভরতুকি যেটা আপনি দিচ্ছেন, সেই উপকৃতদের পরিবারের সংখ্যা কি আরও বাড়বে না কমবে। এই ব্যাপারটা নিয়ে আমাদের মনে সন্দেহ দেখা দিয়েছে। ৬০৯ কোটি ৩৩ লক্ষ টাকা আপনারা ভরতুকি হিসাবে খরচ করছেন, কিন্তু কাজের অগ্রগতি আশাব্যঞ্জক নয়। আই. আর. ডি. পি. প্রকল্প অনুমোদন এবং বন্টন ব্যবস্থা ঠিকমত হচ্ছে না। আপনি নিজে চিন্তা করে দেখুন, আই. আর. ডি. পি.-র যে সমস্ত প্রকল্প স্যাংশান করা হয়েছে, তার অনেকগুলোই ব্যাঙ্ক থেকে সাহায্য পাচ্ছে না। আই. আর. ডি. পি. প্রকল্পে এই ব্যর্থতা কার? ব্যাঙ্ক তাদের সাহায্য করছে না এই ব্যাপারে ব্যাঙ্কের উপরে চাপ সৃষ্টি করতে হবে। আপনারা কেবলমাত্র তাদের কেসগুলো স্যাংশান করে দিয়েই খালাস। আই. আর. ডি. পি-র পরিপূরক হিসাবে ট্রাইসেম আছে। কিন্তু ট্রাইসেমে যারা ট্রেনিং নেয়, আপনার হিসাবে আছে ১৯৯৯ সালের জানুয়ারি মাস পর্যন্ত ৭,৭২৯ জন ট্রেনিং নিয়েছেন। আরও ৭,২৫৯ জন ট্রেনিং নেবে। কিন্তু তারা কতখানি কর্মসংস্থানের সুযোগ পাচ্ছেন? ছয় মাসের ট্রেনিং পিরিয়ড়ে তারা যে কটা টাকা পেয়েছে ঐ কটা টাকায় তাদের কি আর্থিক সাহায্য হয়েছে বলতে পারেন। এই বেকার যুবকদের কোন কর্মসংস্থানের সুযোগ আপনারা দিতে পারেন নি। আজকে ডোকরা প্রকল্প ডুকরে ডুকরে কাঁদছে পশ্চিমবাংলার সরকার এই ডোকরা প্রকল্পে সবচেয়ে বেশী ব্যর্থ।

সেই ডোকরা প্রকল্পের কথা, যা আমাদের বিশেষ করে নারী জাতির অর্থনৈতিক বুনিয়াদ সম্মানের সঙ্গে তৈরী করে দিতে চেয়েছিলেন। সেই প্রকল্পের গ্রুপগুলো আপনার হিসাবে অনেকগুলো করেছেন, কিন্তু সেইগুলো কার্যকরী হয়নি। ডোকরা প্রকল্প পশ্চিমবাংলায় নাম কা ওয়াস্তে আছে, তার সুষ্ঠু রূপায়নে আপনারা ব্যর্থ হয়েছেন। ঠিক তেমনি সেক্রা প্রকল্প, যাতে কারুশিল্পীরা আশা করেছিল আপনাদের সাহায্য পাবে—তারা দেবে ২০০ টাকা আপনারা দেবেন ১৮০০ টাকা। আজ পর্যন্ত ৯৮-৯৯ সালে আপনি বলেছেন ২২,১১৫ জন আশা করেছে। এই পরিপ্রেক্ষিতে আপনি তো আগে ভালো কাজ করতে পারেন নি। কিন্তু আমরা গ্রামে-গঞ্জে দেখছি-নদীয়া থেকে আরম্ভ করে দক্ষিণবঙ্গে সেই কাজ ঠিক মত হচ্ছে না, আপনার হিসেবে নেই। ক্ষুদ্র সেচ, বনসৃজন, পশু পালন, অনুর্বর জমিতে লাক্ষা বা রেশম চাষ করার প্রকল্প হিসাবে যে প্রকল্পগুলো তুলে ধরেছেন বা যেগুলো আই আর. ডি. পি. -র মধ্যে রয়েছে, সেইগুলো কাগজ-কলমেই রয়েছে, সেইগুলো যদি সাকসেসফুল হত, তাহলে আরও বেশী ফল আমরা পেতাম। জল বিভাজিকা প্রকল্প কি আপনি চোখে দেখেছেন মাননীয় মন্ত্রী মহাশয় ? কটা জায়গায় দুর্গত বা প্রান্তিক চাষী বা মার্জিনাল চাষী এর দ্বারা উপকৃত হয়েছে? বা যাদের এক একরের বেশী জমি আছে, তাদের কাছে আপনার সাহায্যের হাত পৌঁছচ্ছে কিনা নিজে একবার চিন্তা করে দেখবেন। আপনার বিবেকের কাছে এই প্রশ্নটা আমি রাখলাম। জল বিভাজিকা প্রকল্প নিয়ে মানুষ অনেক প্রত্যাশা করেছিল। কিন্তু কোন ব্লকেই তা গড়ে উঠতে পারেনি। সেদিক থেকে আপনি ব্যর্থতার পরিচয় দিয়েছেন। সেইজন্য এই বাজেটকে সমর্থন করতে পারছি না। আপনি জানেন স্যার, জওহর রোজগার যোজনার মূল কথা সামাজিক এবং প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে সম্পদ সৃষ্টি করা। জে. আর. ওয়াই. তে হিসেব দিয়েছেন, ৪৪ কোটি ১৯ লক্ষ ২০ হাজার টাকা দিয়েছেন। ই. এ. এস. - এ দিয়েছেন ৪০ কোটি ৫০ লক্ষ ৪৬ হাজার টাকা। এম. ডব্লু. ই. এস.-এ দিয়েছেন ৮ কোটি, ৭১ লক্ষ, ৩৬ হাজার টাকা। সবই দিয়েছেন। কিন্তু জে. আর. ওয়াই. বা এম. ডব্লু. এস. যেগুলো ছিল, পরবর্তীকালে আলাদা অস্তিত্ব নিয়ে থাকলেও টোটাল বলেছেন ৪০৯ কোটি ২৬ লক্ষ, ৯২ হাজার টাকা খরচ করেছেন। তাতে জওহর রোজগার যোজনায় কেন্দ্র ৮০ পার্সেন্ট দিচ্ছে আর আপনারা দিচ্ছেন ২০ পার্সেন্ট। সেইসব বড় বড় কাজের ক্ষেত্রে আজকে কিন্তু তার সুফল জওহর রোজকার যোজনার ক্ষেত্রে দেখতে পাইনি। বরং দেখি, আগে যে সমস্ত প্রকল্পে আপনি হাত দিয়েছিলেন, আপনার পঞ্চায়েত ব্যবস্থা হাত দিয়েছিল, তারা এখন চুপচাপ বসে আছে, টাকাব অভাবে ধুকছে, তার সুফল আজকে আমরা দেখতে পাচ্ছি না। এটা নিয়েও আপনাকে ভাবতে হবে। জে. আর. ওয়াই. তে এন. আর. ই. পি. যুক্ত ছিল, আর. এল. ই. জি. পি. যুক্ত ছিল। দুটোই মজুরি ভিত্তিক। কিন্তু মজুরেরা কাজকর্ম পায় না। এর মূল কথা ছিল কর্মসংস্থানের সুযোগ হবে। মাঠনাড়া কি বেশী করতে পেরেছেন ? বেশী পুকুর খনন করতে পেরেছেন ? না পারেন নি। আজকে জলের উৎসগুলো পর্যন্ত শুকিয়ে গেছে পশ্চিমবাংলায়। আজকে আপনি বলুন তো, প্রত্যেকটা গ্রাম আজকে পানীয় জলের অভাবে ভুগছে কিনা? গ্রামে গ্রামে পানীয় জল পাচ্ছে না, মানুষ হাহাকার করছে। এইগুলো কিন্তু কিছুতেই আপনার ডিপার্টমেন্টের ভালো কাজ হ'ল না।

[2.20–2.30 p.m.]

রবীন্দ্রনাথের কথা মনে পড়ে যাচ্ছে। পথের প্রান্তে মোর দেবালয় নয়, পথের দু ধারে রয়েছে মোর দেবালয়। হ্যাঁ, যারা পথের দু ধারে আছেন, তাদের আপনি শিক্ষা দিতে চেয়েছেন। তাদের জন্য রাস্তাঘাট ভালো করতে চেয়েছেন। তাদের জন্য আবাসন করতে চেয়েছেন। কিন্তু ইন্দিরা আবাসনের ক্ষেত্রে আপনি দেখবেন যে, লক্ষ লক্ষ টাকা এই আবাসনের নাম করে চুরি জোচ্চুরি হয়েছে। সেখানে গিয়ে দেখেছি যে, যারা স্যাংশান করেছে টাকা, তারা আগে থেকে টাকা তুলে নিচ্ছে। এগুলি আপনাকে দেখার জন্য বলছি। প্রকল্পগুলি খারাপ নয়। গরীব মানুষরা পাবে। যারা বি পি এলের নীচে আছে, তারাই সাহায্য পাবে। কিন্তু আজ পর্যন্ত তার সুফল যতটুকু পাওয়ার আশা ছিল, সেটাও উঠে গেছে। আপনি বলেছেন যে, আমরা আগে রাজ্য সরকারের মাধ্যমে নির্বাচন করতাম, বর্তমানে আমরা রাজ্য নির্বাচন পরিচালন ব্যবস্থার মধ্যে আছি। তাতে সচেতনতা বেড়েছে। অ্যাওয়ারনেস বেড়েছে। সেটা বাড়ার ফলে আজকে গবীর মানুষের অর্থ মোক্ষণ করেছেন। আপনারা রক্ত চুষছেন, আর সেই রক্তের উপর পুষ্ট হতে চান। এই অর্থ গরীব মানুষরা পাচ্ছে না। শ্রম দিবসের ক্ষেত্রে আপনার চেষ্টা আছে। কিন্তু আরও বাড়ানো উচিত। শ্রম দিবসে জে আর ওয়াই অথবা এম ডবলু এস যেগুলি রয়েছে বা এমপ্লয়মেন্ট অ্যাসিওরেন্স স্কিম যেগুলি রয়েছে, সেটার ক্ষেত্রে আপনি কি করেছেন? আপনি বলেন যে, প্রতিটি জায়গায় প্রতিটি পরিবারের যারা ৭০ ভাগ নীচে থাকে, তাদের প্রত্যেকের বাড়ী থেকে একজন করে লোক নিয়ে কর্মসংস্থানের কথা বলেছিলেন। সেখানে আপনি নিচ্ছেন ৪০ পারসেন্ট। তাহলে ৩০ পারসেন্ট থাকছে। তাদের জন্য আপনি কি চিন্তাভাবনা করছেন? তাদের জন্য এই বাজেটে সুন্দর ব্যবস্থাপনা দেখতে পাচ্ছি না। তাই আজকে শ্রমদিবসের আগে বিভিন্ন ভাবে দেখিয়েছেন যে, প্রত্যেক বড় বড় স্কিমের মধ্য দিয়ে আপনি কিছু করতে চাইছেন। কিন্তু আজকে পঞ্চায়েতে যে নির্দেশ দেওয়া হচ্ছে, সেখানে সেই নির্দেশ ফলোড আপ হচ্ছে না। ইন্দিরা আবাসন যোজনায় বলেছেন ১৯৯৬-৯৭ সালে ৫৫ কোটি ৪৬ লক্ষ টাকা খরচ করে ৩৪ হাজার ৮১০ জন পেয়েছে। আর ১৯৯৭-৯৮ সালে ৭৮ কোটি ৩২ লক্ষ ৫৭ হাজার টাকা খরচ করে ৪৩ হাজার ৯৩১ জন পেয়েছে। সবগুলিই বাড়িয়েছেন। কিন্তু আমি আপনাকে বলব যে, এটা কাগজে কলমের হিসাব। কিন্তু অ্যাকচুয়ালি যারা বেনিফিটেড, তারা পাচ্ছে না। একই অবস্থা মিলিয়ান ওয়েল স্কিমের ক্ষেত্রে দেখবেন। সেখানে সেচের পুকুর মাটি ফেলা, অথবা ওয়াটার হার্ভেস্টিং সব জায়গাতেই সাফল্য লাভ করেনি। তাই আপনাকে বলতে চাই যে, এই বিরাট ব্যবস্থাপনার মধ্য দিয়েও সাকসেসফুল হয়নি। এছাড়া আপনি বলেছেন যে, সেন্ট্রিফিউগাল ফোর্সে কাজ করছেন। সেন্ট্রিফিউগাল ফোর্সে জেলা পরিষদে কাজ করবেন। জেলা প্ল্যানিং কমিটিতে আজকে কংগ্রেস এর কোন এম এল এ প্রতিনিধি থাকবে না। তারা কি এসব প্ল্যানিং কমিটিতে থাকবে না? টাকা পয়সার দিকেও তাদের দায়দায়িত্ব থাকবে না? কেন আজকে এই রকম ব্যবস্থা করেছেন? এ দিকে বলছেন আপনারা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে সব জায়গায় সুফল পাইয়ে দিচ্ছেন। কিন্তু আমি বলছি ক্ষমতা আস্তে আস্তে সেন্ট্রিপিটাল ফোর্সের দিকে নিয়ে আস্তে আস্তে ক্ষমতা কুক্ষিগত করে রেখেছেন। পঞ্চায়েতে আজকে টাকা নয় ছয় হচ্ছে। আমি হুগলী জেলার পঞ্চায়েতের উদাহরণ দিচ্ছি। প্রাথমিক শিক্ষা উন্নয়ণের বরাদ্দের টাকা আজকে বিদ্যুতায়নে খরচ হয়েছে। আবার গরীব ছাত্র-ছাত্রীদের দুপুরের আহার জোগান দেবার টাকা

ব্যয় হয়েছে প্রাথমিক স্কুল মেরামত করতে। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১ কোটি ২ লক্ষ ৮৭ হাজার টাকা রাস্তা মেরামতির জন্য চলে গেছে। এরকম আরও উদাহরণ রয়েছে। এক খাতের টাকা আপনি অন্য খাতে ব্যয় করেছেন। এটা আপনার দেখা দরকার। আজকে এই টাকা নয়ছয় হয়েছে। এটা অনুসন্ধান হওয়া দরকাব। যেটা আপনি বলেছেন অর্থনৈতিক উন্নয়ন। কাদের উন্নয়ন আপনার রুলিং পার্টির নেতাদের অর্থনৈতিক উন্নয়ন। যাদের দেখতাম চলতে পারত না, বিড়ি কেনার পয়সা ছিল না, আজকে পঞ্চায়েতের মহানুভবতায় তারা তেতলা, চৌতলা হাঁকিয়ে দিয়েছে। কুঁড়ে ঘর যেখানে ছিল সেখানে রাজপ্রসাদ গড়ে উঠেছে। আজকে সমস্ত রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ঢুকে পড়েছে। এবারে জেলা-পরিষদের ক্লাস ফোর যে ষ্টাফ নিয়েছেন সেখানে আপনার নেতাদের আপনি পুনর্বাসন দিয়েছেন। এক্স-প্রধানদের আপনি পুনর্বাসন দিয়েছেন। তাই বলছি আপনাদের বুক ভরা লোভ রয়েছে আর দু চোখে স্বার্থের ঠুলি পড়ানো রয়েছে। আমি আরেকটা কথা বলতে চাই।

(মাইক অফ)

**শ্রী মনোরঞ্জন পাত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই সভায় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে সমর্থন করছি। কংগ্রেসের আনা কাটমোশনের বিরোধিতা করছি। একটু আগে বিরোধী দলের সদস্য বলছিলেন পশ্চিমবঙ্গে নাকি কিছুই উন্নতি হয় নি। আমরা অবাক হয়ে যাচ্ছি। এই যে প্রায় ১১৭ বছরের পার্টি—যারা বলেন আমরা স্বাধীনতা এনেছি, সেই স্বাধীনতা ওয়ালা পার্টি নাকি পশ্চিমবঙ্গের কোন উন্নয়ন দেখতে পাচ্ছেন না। ওরা কুয়োর ব্যাঙ ওরা কি করে উপরের দিকটা দেখতে পাবেন, তাই উপরে কি হচ্ছে দেখতে পাচ্ছেন না। সেজন্য কি পশ্চিমবঙ্গে উন্নয়ন হয় নি? পশ্চিমবঙ্গে ৫ বার পঞ্চায়েত নির্বাচন হয়েছে। এটা পৃথিবীর ইতিহাসে একটা বিরল ঘটনা। ভারতবর্ষ যেখানে অনেক পরিবর্তন ঘটেছে। পশ্চিমবঙ্গে পঞ্চায়েত থেকে শুরু করে জেলাপরিষদ অধিকাংশ জায়গায় শাসকদল ক্ষমতায় আছেন। আপনারা কি এটা জানেন না পশ্চিমবাংলায় পঞ্চায়েতের কাজ দেখার জন্য আজকে বহু বিদেশী গবেষক তারা এসেছেন। আর উনি বলছেন আমরা পিছনের দিকে চলে যাচ্ছি। হল্যান্ডের আমস্টারডম্ ইউনিভারসিটির. জি. কে. লিটেন তাঁর প্রবন্ধে রেখেছেন, ডেনমার্কের কোপেনহেগেনে সেন্টার ফর ডেভলপমেন্ট রিসার্চের নিল ওয়েবষ্টার বলেছেন, তারা বলেছেন যে পশ্চিমবঙ্গে ৭৮ সাল থেকে যে পঞ্চায়েত তৈরী হয়েছে, সেখানে নেতৃত্বে এসেছেন গ্রামের গরীব ক্ষেতমজুর, তফশিলী জাতি, উপজাতি এবং মহিলারা এবং সেখানে বিভিন্ন ধরণের প্রকল্প পঞ্চায়েত গ্রহণ করেছে। তা থেকে যে কাজগুলো হয়েছে, তাতে মানুষের জীবনযাত্রার উন্নতি ঘটেছে। এটা আমাদের কথা নয়। আমাদের দেশের যে জাতীয় নমুনা সমীক্ষা হয়েছে। সেখানে তারা এই কথা বলেছে। যে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে যারা কৃষিমজুর ছিল আপনাদের আমলে, তখন আপনারা ক্ষমতায় ছিলেন, ভোট তো করতেন না ক্ষমতাকে কুক্ষিগত করে রাখবার জন্য—তখন একজন কৃষিমজুর মজুরী পেত ৫ টাকা ৬৫ পয়সা। আর আজকে একজন মজুর মজুরী পায় ৪২ টাকা ৫৪ পয়সা। এটা আমাদের কথা নয়। ৯০ সালের গ্রামের গরীব মানুষ খাদ্যশস্য গ্রহণ করত ১৫ কেজি ৮ শো গ্রাম।

[2.30–2.40 p.m.]

ভারতবর্ষের অন্যান্য রাজ্যে কম, ভারতবর্ষে এখন হচ্ছে ১৪ কেজি, পশ্চিমবঙ্গে ছিল ১৪.২ কেজি, সেটা হয়েছে ১৫ কেজি ৪০০ গ্রাম। পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের বিভিন্ন পরিকল্পনার মধ্যে দিয়ে যে কাজ হচ্ছে তাতে কৃষি, সেচ ইত্যাদির পরিবর্তন হয়েছে। তা ছাড়াও অন্যান্য দিকে অনেক ধরনের কর্মসূচী গ্রহণ করেছে। এই পরিসংখ্যান থেকে বোঝা যাবে, সারা ভারতবর্ষে কৃষি শ্রমিকের সংখ্যা বেড়েছে ২.৩৭ পারসেন্ট, পশ্চিমবঙ্গে ১.৭৫ শতাংশ। পশ্চিমবঙ্গের উন্নয়নের মধ্যে দিয়ে নতুন নতুন বাজার-গঞ্জ বেড়েছে, যেহেতু মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে। গ্রামাঞ্চলে গরীব কৃষক যারা আছে সেচ ব্যবস্থার উন্নতি ঘটার ফলে সেখানে ১ লক্ষ ১০ হাজার ৬৯৬ টাকার শিল্প পণ্য তারা কিনেছেন। পশ্চিমবঙ্গে এই গ্রোথ রেট প্রতি বছর ১০ পারসেন্ট হারে বাড়ছে। এটা পশ্চিমবঙ্গের পঞ্চায়েতের সব চেয়ে বড় সাফল্য। মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ, আমাদের বাঁকুড়া জেলার ৭টি ব্লকে ডি. পি. এ. পি. জল বিভাজিকা যে প্রকল্পে প্রথম দিকে যে টাকা পেয়েছিল তা তারা খরচ করেছে। বাঁকুড়া জেলাকে খরা জেলা হিসাবে ঘোষণা করা হয়েছিল যেহেতু সেখানে লাল কাঁকুড়ে মাটির জন্য সেখানে চাষ বাস হয় না। সেখানে খরা অবস্থায় বোরো ধানের চাষ হয়েছে। ১৯৫৯ সালে ওই খরাপ্রবণ জেলা থেকে ১৯৫৯ সালের ৩১ শে আগষ্ট খাবারের জন্য বহু মানুষ এখানে মিছিল করেছিল। আপনারা খাবারের বদলে তাদের বুলেট দিয়ে ছিলেন। সেই বুলেট খাওয়া মানুষরা, আপনারা যখন নির্বাচনের আগে সেখানে যান তারা বিদ্যুতের কথা বলে। তারা এখন আর বর্ধমান, হুগলীতে যায় না। আপনারা বলছেন উন্নয়ন কিছু হচ্ছে না, আপনারা মিথ্যা কথা বলছেন, আপনারা আত্মপ্রবঞ্চকে পরিণত হয়েছেন। আপনারা সত্যি কথা বলছেন না। সকলকে আহ্বান জানাচ্ছি বাঁকুড়া জেলায় জল বিভাজিকা যে প্রকল্প আছে সেটা গিয়ে দেখে আসুন। আপনারা বলছেন জে. আর. ওয়াই, ই. এ. এস. প্রকল্পে শ্রম দিবস তৈরী করে এ্যাসেট তৈরী করা দরকার। আমি উল্লেখ করতে চাই ১৯৯৮-৯৯ সালে এই জে. আর. ওয়াই. তে ৯৫ কোটি ৪০ লক্ষ ৭৬ হাজার টাকার সম্পদ এবং ১ কোটি ৪ লক্ষ ২৯ হাজার শ্রমদিবস তৈরী হয়েছে। এই সমস্ত প্রকল্পে যারা সত্যি উপকৃত হয়েছে তারা হচ্ছে তপসিলি জাতি ও উপজাতি মানুষরা। ১৯৯৯ সালে ৫৪.২৬ পারসেন্ট তপসিলি জাতি-উপজাতি মানুষ উপকৃত হয়েছেন। আমি আপনাদের বুকে হাত দিয়ে বলতে বলছি যখন আপনারা ক্ষমতায় ছিলেন তখন আপনারা দুর্নীতি করেছেন, আবার যখন আপনারা ক্ষমতায় নেই তখনও আপনাবা দুর্নীতি করছেন! আপনাদের একজন বিধায়ক যার জন্য বিধানসভায় এই সব করতে হয়েছে। আপনারা নিজেদেরকে পরিবর্তন করতে চান না। যে কথাগুলি বলেছেন সেগুলি প্রত্যাহার করে নেওয়া উচিত। দুর্নীতি হচ্ছে কংগ্রেসের অঙ্গের ভূষণ, পায়ের নখ থেকে মাথার চুল পর্যন্ত দুর্নীতিতে আপনারা ডুবে আছেন। সেই জন্য মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গে এই পঞ্চায়েতের কাজ যাতে সুষ্ঠু ভাবে করা যায় তার জন্য তিনি গ্রামসংসদ তৈরী করেছেন। সেখানে বছরে দুবার মিটিং হয় এবং সেখানে কাজের হিসাব-নিকাশ হয় এবং আগামী দিনে কি কাজ করা হবে সেটাও ঠিক হয়।

অডিট পঞ্চায়েত সমিতিতে হয়। তবে আমাদের আসল অডিট হচ্ছে জনগণের কাছে। ভারতবর্ষকে একমাত্র কেরল ও পশ্চিমবঙ্গ ছাড়া আর কোথাও এত ভালো অডিট হয় না।

আজকে পশ্চিমবাংলায় জেলা কাউন্সিল তৈরী করা হয়েছে। সেখানে বিরোধী দলের একজন সদস্যও যদি থাকেন তাহলে তাকে ডিস্ট্রিক্ট কাউন্সিলের চেয়ারপার্সন করা হয়, তাকে রাষ্ট্রমন্ত্রীর ষ্ট্যাটাস দেওয়া হয়, গাড়ী দেওয়া হয়, একটা অফিস থাকে। ঐ গাড়ীতে করে তিনি যে কোন সময়ে, যে কোন পঞ্চায়েত সমিতির কাজেব দুর্নীতি হচ্ছে কিনা তা দেখতে পারেন। এটা ভারতবর্ষের আর কোথাও নেই। পশ্চিমবাংলায় প্রতিনিয়ত যে নির্বাচন হচ্ছে তার মধ্যে দিয়ে পঞ্চায়েত মানুষের জন্য কাজ করে যাচ্ছে এবং ৫০ বছর ধরে আপনারা যে দুর্নীতি করেছেন তা এই বিধানসভায় উত্থাপিত হয়েছে।

আমাদের দেশ ৫২ বছর হল স্বাধীন হয়েছে। এখানে শিশু শিক্ষাকেন্দ্র নিয়ে অনেক কথা হয়েছে। এই কাজ তো আপনাদের করা উচিত ছিল। আপনারাই বলেছিলেন, ১০ বছরের মধ্যে প্রত্যেক শিশুকে প্রাথমিক শিক্ষায় শিক্ষিত করবেন। কিন্তু সেই কাজ আপনারা করেন নি। মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাবো, সেই কাজ আমাদের শিক্ষা বিভাগ করছে এবং সঙ্গে সঙ্গে যে সমস্ত স্কুল-ছুট ছেলেমেয়ে বা যারা এখনও স্কুলে যেতে পারছে না সেই সমস্ত ৫ থেকে ৯ বছরের ছেলেমেয়েদের এই শিশু শিক্ষাকেন্দ্রে আনার জন্য পঞ্চায়েত দপ্তর ব্যবস্থা করেছে। ভারতবর্ষের আর কোথাও আছে এই ব্যবস্থা? ২০০১ সালের মধ্যে ৫ থেকে ৯ বছরের শিশুদের সবাইকে শিক্ষার মধ্যে আনার জন্য পঞ্চায়েত দপ্তর আজকে কাজ শুরু করেছে। আমাদের বাঁকুড়া জেলাতেও এই কাজ শুরু হয়েছে। বয়স্ক মহিলারা খুব নিষ্ঠা নিয়ে এই কাজ শুরু করেছে। হতে পারে তাদের মাইনে এক হাজার টাকা কিন্তু তারা খুব আগ্রহ নিয়ে কাজ করছে। গ্রামের জনগণের মধ্যে এ বিষয়ে উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে।

সাথে সাথে আমি কংগ্রেসী বন্ধুদের কাছে অনুরোধ করব আপনারা তো ১৯৪২ সালে স্বাধিকারের কথা বলেছিলেন কিন্তু তা করেছিলেন কি? আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছে। সরকারের হাতে যে সমস্ত দপ্তর রয়েছে রাজ্য সরকার তাদের কাজগুলো বিকেন্দ্রীকরণ করেছেন। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন পশ্চিমবাংলার বাঁকুড়া জেলার খেজুরী স্বাস্থ্যকেন্দ্রকে পঞ্চায়েতের হাতে তুলে দেওয়া হয়েছে। পঞ্চায়েত তার কাজ-কর্ম তদারকি করবেন। চিকিৎসা হচ্ছে কিনা সেটাও তারা দেখবেন। ভারতবর্ষে কোথাও আছে নাকি, পুরোপুরি পঞ্চায়েতের হাতে কোন হাসপাতালের দেখ-ভালের দায়িত্ব তুলে দেওয়া হয়েছে এমন। আজকে গোটা দেশে যে অর্থনৈতিক সঙ্কট চলছে যার উপর কিনা দাঁড়িয়ে আছে উন্নয়ন, অগ্রগতির ভূত ও ভবিষ্যৎ সেই জায়গায় আজকে পশ্চিমবাংলায় একজন নাগরিক হিসাবে. পশ্চিমবাংলায় উন্নয়নের জন্য যে যে পরিবর্তনের কথা এখানে বলা হয়েছে তাতে আমি গর্ব বোধ করি। আজকে এই বাজেটের মধ্যে স্বাধিকারের প্রশ্ন, গ্রামোন্নয়নের প্রশ্ন, মানুষের উন্নয়নের প্রশ্ন জড়িয়ে রয়েছে। তাই আমি এই বাজেটকে সমর্থন করে এবং কাট-মোশান প্রত্যাহার করে নেওয়া হবে এই আশা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সঞ্জীব কুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই রাজ্যের পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের আনীত কাট-মোশানের সমর্থন করে কয়েকটা কথা বলছি। বিরোধিতার কারণ হ'ল, এই পঞ্চায়েতের উদ্দেশ্য ছিল 'নজরদারী' করা 'খবরদারী' করা নয়।

কিন্তু ২২ বছরে বামফ্রন্ট সরকার পঞ্চায়েতকে শিখিয়েছে যে, 'তোমরা খবরদারি কর, কিন্তু নজরদারি করো না'। মনোরঞ্জনবাবু, বলেছিলেন, আজকে গ্রামপঞ্চায়েতের ইলেকটেড মেম্বাররা পঞ্চায়েতগুলো চালাচ্ছেন না, আজকে পার্টির লোকেরা বসে বসে পঞ্চায়েতগুলো চালাচ্ছে। আজকে পঞ্চায়েতে কাজ হয় না। আজকে পঞ্চায়েত দপ্তরকে বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত করা উচিত ছিল। আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে জিজ্ঞাসা করি, আমাদের ত্রিস্তর পঞ্চায়েত আছে। সবচেয়ে বেশী আমাদের structurally — the Panchayats, at present in the structural way.

[2.40–2.50 p.m.]

গ্রাম-পঞ্চায়েত যখন শুরু হয়েছিল তখন একজন সেক্রেটারি ও জব্ এ্যাসিসট্যান্ট ছিল, এখনও সেটাই চলছে। লক্ষ লক্ষ টাকা খরচা করে কাজের দায়িত্ব দিচ্ছেন, কিন্তু ব্যর্থতা বাড়ছে। অনেক গ্রামপঞ্চায়েত সেই একই স্টাফ রেখেছেন, স্টাফ বাড়ানোর চেষ্টা করেন নি। আমরা প্রত্যেকবার বলি কিন্তু আপনারা কোন সংশোধন আনার চেষ্টা করেন নি। প্রকৃত অর্থে সাবজেক্ট কমিটির রিপোর্টে আমরা অনেকবার বলেছি, কিন্তু ক্ষমতা বিকেন্দ্রীকরণ হয় নি, ক্ষমতা কেন্দ্রীকরণ হয়েছে। জেলাপরিষদের হাতে এখনও প্রচন্ড ক্ষমতা আছে। মাননীয় মনোরঞ্জন বাবু আপনি কি জানেন যে, একটা ডিসট্রিক্টে ১০০টা মত কমিটি থাকে, জেলাপরিষদের সভাধিপতি তার মোর দ্যান ৬০টি কমিটির চেয়ারম্যান। এটা সম্ভব? আপনারা জানেন এ ব্যাপাবে আপনারা এই রাজ্যের ২ জন এক্সপার্টকে নিয়োগ করেছিলেন। তাঁরা হলেন মুখার্জী এন্ড বন্দ্যোপাধ্যায়, তাঁরা একটা সুন্দর কথা বলেছিলেন, 'The Committee system has proved to be costly, time consuming, ineffective and inefficient.' You have learnt no lesson from their recommendation.....

আপনি তাঁদের রেকমেন্ডেশন থেকে কিছু শিখতে পারলেন না। তবে এ ব্যাপারে আমার বক্তব্য এই নয় যে, আপনি কিছুই করেন নি। ২২ বছর একটা রাজ্যে পঞ্চায়েত চলছে। এখানে টাইমলি ইলেকশন হয় এটা সত্যি কথা। কিন্তু পঞ্চায়েতের মূল আদর্শ ছিল সেল্‌ফ গভর্ণমেন্ট। কিন্তু সেল্‌ফ গভর্ণমেন্ট আনতে গেলে প্রথমে চাই সেল্‌ফ অটোনমি, সেল্‌ফ অটোনমি আনতে গেলে চাই সেল্‌ফ রিলায়েন্স। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী আপনি বলতে পারবেন যে, একটা গ্রামপঞ্চায়েত নিজের পায়ে দাঁড়াতে পেরেছে? সেল্‌ফ গভর্ণমেন্টের মূল আদর্শ পৌঁছানো যায় নি। কত টাকা কিভাবে খরচা করলেন সেটার মাপকাঠি আছে? একটা গ্রামপঞ্চায়েত কতখানি সম্পদ সংগ্রহ করতে পেরেছে এবং সেটা মানুষের জন্য কতখানি কাজে লাগাতে পেরেছে এটাই আসল কথা। কিন্তু এই রাজ্যের পঞ্চায়েতগুলো কিছু সম্পদ সংগ্রহ করতে পারেনি। তারা প্রতিটি টাকা সময় মত খরচা করতে পারে নি। পঞ্চায়েতের মাধ্যমে যে উন্নয়ন হওয়ার কথা ছিল, আমাদের রাজ্যে সেটা সম্ভব হয়নি। মনোরঞ্জনবাবু অডিটের কথা বলছিলেন। অডিটের অবস্থা কি? গ্রামপঞ্চায়েতে অডিট করেন কে? ই. ও. পি. সাহেব যিনি গ্রামপঞ্চায়েতের ডেইলি এ্যাডমিনিস্ট্রেশনের সঙ্গে যুক্ত সেই লোকই অডিট করছে। এ ব্যাপারে কোন সংশোধন হবে না? অডিটের যে মূল উদ্দেশ্য সেটা কি সম্ভব হয়েছে? যে লোকই পঞ্চায়েতের ডেইলি এ্যাডমিনিস্ট্রেশনের সঙ্গে যুক্ত সেই লোকই অডিট করছে। আমাদের রাজ্যের কি অবস্থা এসেছে।

মাননীয় মনোরঞ্জনবাবু আপনি কি জানেন এটা? আমি বলছি, প্রগ্রেস অফ অডিট, পঞ্চায়েত স্ট্যাটিসটিক্স এ্যাজ অন ১২.১.৯৯-এতে আছে ১৯৯০-৯১ সালে হুগলী পঞ্চায়েত সমিতিতে একবার অডিট হয়েছে, এরপর একবারও অডিট হয় নি। পুরুলিয়ায় ১৯৯৬-৯৭ সালে একবার অডিট হয়েছে। হাওড়ায় ১৯৯০-৯১ সালের পর একবারও পঞ্চায়েত সমিতির অডিট হয় নি, অথচ কাজ হয়ে যাচ্ছে। অডিট না হলেও টাকা-পয়সা পেতে অসুবিধা নেই। আর গ্রামপঞ্চায়েতের অডিটের কথা আমি বাদই দিলাম। এই হচ্ছে অবস্থা। আপনারা অন্য রাজ্যের সঙ্গে এই রাজ্যের তুলনা করেন, কিন্তু আপনারা আমার বক্তব্য শোনার চেষ্টা করবেন। ফিনানসিয়াল প্রোগ্রেস আন্ডার জওহর রোজগার যোজনা ডিউরিং ১৯৯৮-৯৯ (প্রোগ্রেস আপ টু নভেম্বর '৯৮) পারসেনটেজ অব ইউটিলাইজেশন দেখুন—অন্ধ্রপ্রদেশ ৭১.৬৬%, গোয়া ৭৯.৫৭%, গুজরাট ৭০.৩২%, কর্ণাটক ৬৭.০৭%, মধ্যপ্রদেশ ৬৬.৪৩%, মহারাষ্ট্র ৬৮.৯৩%, উড়িষ্যা ৬১.২৬%, পাঞ্জাব ৭২.৮৩%, রাজস্থান ৯৩.৯৬%, আর পশ্চিমবাংলা সেখানে ৩৭.২৪%। ন্যাশনাল অ্যাভারেজ ৫৫.৯৭%। আমি দায়িত্ব নিয়ে এই তথ্য পেশ করছি, আমি জানি আগামীকাল আমাকে এখানে এসে ক্ষমা চাইতে হবে না। আপনি দেখুন 'অ্যানুয়াল রিপোর্ট-১৯৯৮-৯৯ গভর্ণমেন্ট অব ইন্ডিয়া মিনিষ্ট্রি অব রুরাল এরিয়াজ অ্যান্ড এমপ্লয়মেন্ট'-এর পৃষ্ঠা ১৪৪। এটাই হচ্ছে আমার সোর্স। এবারে আসুন ফিনানসিয়াল পারফর্মমেন্স আন্ডার এমপ্লয়মেন্ট অ্যাসিওরেন্স স্কীম—১৯৯৮-৯৯, আসাম ৬১.২১%, গোয়া ৭৫.৪৯%, গুজরাট ৬৯.১৭%, রাজস্থান ৬২.২২%, সিকিম ৯৭.১৬%, ত্রিপুরা ৯৯.৬৭%, উত্তর প্রদেশ ৫৩ ৮৯%, আর ওয়েস্ট বেঙ্গল ২৮.১৯%। ন্যাশনাল অ্যাভারেজ হ'ল ৫৫.৮০%। আপনার দপ্তর এরপরেও বলবে যে, আপনার দপ্তরের সব কাজকর্ম ঠিক আছে। তারপরে আসুন ফিনানসিয়াল পারফর্মেন্স আন্ডার মিলিয়ন ওয়েলস স্কীম ডিউরিং ১৯৯৮-৯৯ কর্ণাটক ৫৬.৭৫%, কেরালা ৫৫.৫২%, মহারাষ্ট্র ৬১.৯৮%, তামিলনাড়ু ৬৯.৬০%, ত্রিপুরা আপনাদের পাশের রাজ্য, সেখানেও মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সরকার আছে, সেখানে ৯৯.৪৪%। আর পশ্চিমবাংলার ৩৭.৯৪%। এ-ক্ষেত্রে ন্যাশানাল অ্যাভারেজ ৪৬.৪২%। এর পরে যদি আমি বলি আপনার এই দপ্তর অপদার্থ, এই দপ্তরের মন্ত্রী ঠিক মত কাজ করতে পারছেন না, তাহলে কি অন্যায় করব? ফিজিক্যাল অ্যান্ড ফিনানসিয়াল প্রোগ্রেস আন্ডার আই. আর. ডি. পি. ডিউরিং ১৯৯৭-৯৮, টার্গেট অ্যাচিভমেন্ট (পারসেনটেজ) —অন্ধ্রপ্রদেশ ৭৫.৩০%, কেরালা ১৩৬.৪৩%, গুজরাট ৬৪.২৫%, মহারাষ্ট্র ৮৩.২৪%, আর ওয়েস্ট বেঙ্গল কত, না ৪১.৫৯%। অথচ ইউ পি. ৯৩.৫২%। এই হচ্ছে চিত্র। এই হচ্ছে সমস্ত ডিপার্টমেন্টের চিত্র। এরপরেও আপনারা বলবেন, আপনারা ভাল কাজ করছেন? ফিনানসিয়াল প্রোগ্রেস আন্ডার ইনট্রিগেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম ডিউরিং ১৯৯৮-৯৯—অন্ধ্রপ্রদেশ ৬৪.৪৬%, তামিলনাড়ু ৭৪.১০% আর পশ্চিমবাংলায় ২৫.৪৮%। অথচ ন্যাশানাল অ্যাভারেজ ৩৭.২১%। এই হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার দপ্তরের সাফল্যের নমুনা। ফিনানসিয়াল প্রোগ্রেস আন্ডার ট্রাইসেম ডিউরিং ১৯৯৮-৯৯ অন্ধ্রপ্রদেশ ৪৬.৫৪%, পাঞ্জাব ৫৫.২৬%, ত্রিপুরা ৪৬.৩৪%, আমাদের রাজ্য-পশ্চিমবাংলা ৪১.৫২%। এই হচ্ছে অবস্থা। প্রত্যেকটা দপ্তরের এই অবস্থা। এ রাজ্য বেশীরভাগ রাজ্যের পেছনে এবং ন্যাশানাল অ্যাভারেজের পেছনে পড়ে রয়েছে প্রতিটি ক্ষেত্রে। অতএব মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার দপ্তর একদম কাজ করতে পারছে না। ইউটিলাইজেশন সার্টিফিকেট দিচ্ছে না। ইন্দিরা আবাসন যোজনায় গরীব মানুষের বাড়ি হবে, সেখানে পারসেনটেজ অব

ইউটিলাইজেশন—অন্ধ্রপ্রদেশ ৫০.২৫%, গুজরাট ৬৯.৪৩%, মধ্যপ্রদেশ ৭১.০৪%, তামিলনাড়ু ১২৫.৪৩% আর আমাদের রাজ্য পশ্চিম বাংলার ২৬.৭২%। ন্যাশনাল অ্যাভারেজ ৪৭.৮৮%। এই হ'ল আমাদের রাজ্যের অবস্থা! সমস্ত দপ্তরের সমস্ত ব্যাপারে আমরা পিছিয়ে আছি।

[2.50–3.00 p.m.]

এম. এন. পি—আন্ডার রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম—শুনলে অবাক হয়ে যাবেন—১৯৯৮-৯৯ সালে অন্ধ্রপ্রদেশ—৮০.৯৯, আসাম—৫২.৮২, কর্ণাটক—৫১.৪৯, মধ্যপ্রদেশ—৬০.৩৫, উড়িষ্যা—৪২.১৯, তামিলনাড়ু—৬৭.৭৫, ত্রিপুরা—৫৬.৬৯ আর আমাদের রাজ্য—২৯.০৮ পার্সেন্ট। ন্যাশনাল এ্যাভারেজ - ৪৫.২৩। এইরকম প্রত্যেকটি দপ্তরের ক্ষেত্রে করে দেখিয়ে দিতে পারি যে আপনারা ১৯৯৮-৯৯ সালে কত টাকা ইউটিলাইজেশন করেছেন। এর পরে আমি বলতে চাই, কেন্দ্রীয় সামাজিক সহায়তা প্রকল্প, গরীবদের জন্য বরাদ্দ টাকা খরচ করতে এই রাজ্য একেবারে ব্যর্থ। জাতীয় সামাজিক সহায়তা প্রকল্পের মধ্যে ৩টি প্রকল্প আছে। একটা হচ্ছে, জাতীয় মাতৃত্বজনিত সহাযতা প্রকল্প। প্রথম বছর, ১ লক্ষ ৪৪ হাজার ৭০০ জনকে কেন্দ্র টাকা দেন। ১৯৯৭-৯৮ সালে সাহায্য পেয়েছে, ৭৭ হাজার ১৮৩ জন। ১৯৯৮-৯৯ সালে ৪৮ হাজার ৫০৮ জন। আপনারা টার্গেট ফুল-ফিল করেননি। আমি জানি না, গরীবের অভাব হয়েছে কিনা? তারপর হচ্ছে পরিবার সহায়তা প্রকল্প—১৯৯৭-৯৮ সালে ১৫ হাজার ৮০০ জন। আর আপনারা টাকা দিতে পেরেছেন—৭ হাজার ৪২২ জনকে। বাকি লোককে আপনারা দিতে পারেননি। ১৯৯৮-৯৯ সালে ১০,৭৭৪ জনকে দেওয়ার কথা ছিল, সেক্ষেত্রে দিয়েছেন মাত্র ৪৮৩৩ জনকে। গরীব লোকের অভাব হয়েছে। বার্ধক্য ভাতা কর্মসূচীর ক্ষেত্রে দেওয়ার কথা ছিল ১৯৯৭-৯৮ সালে ৩ লক্ষ ৫৩ হাজার ৯০০ জনকে। আর পেয়েছে কত—৩ লক্ষ ২৯ হাজার ৩৬৫ জন। ১৯৯৮-৯৯ সালে ৩ লক্ষ ৪০ হাজার ৯১৩ জন পেয়েছে; গরীব লোকের অভাব হয়েছে তাই এই ৩টি প্রকল্পে আপনারা টাকা খরচ করতে পারেননি। ১৯৯৬-৯৭ সালে ২৯ কোটি ৮৯ লক্ষ ২২ হাজার ৪০০ টাকা খরচ করতে পারেন নি আর ১৯৯৭-৯৮ সালে খরচ করতে পারেন নি ২৫ কোটি ৬৮ লক্ষ ৫৬ হাজার টাকা। এরপর টেন্থ ফিনান্স কমিশন-এর রিপোর্ট বলছি। মনোরঞ্জনবাবু ডেনমার্কের উদাহরণ দিলেন। কিন্তু আমি এই রাজ্যের উদাহরণ দিচ্ছি। টেন্থ ফিনান্স কমিশন বলছে, ১৯৯৭ সালের আগের বছর ইউটিলাইজেশন সার্টিফিকেট প্রোডিউস করতে পারেন নি বলে টাকা পান নি। ৪টি ইন্সটলমেন্টে টাকা দেওয়া হয়। কেরল, মহারাষ্ট্র, হিমাচল প্রদেশ, তামিলনাড়ু, ত্রিপুরা - is the only state which obtains only four instalments, during 1997-98.

১৯৯৭-৯৮ সালে পশ্চিমবাংলার নাম নেই। Andhra Pradesh and Uttar Pradesh have managed to obtain three out of four instalments. The remaining states have obtained either one or two instalments only.

আমাদের পশ্চিমবাংলা একটি পেয়েছে, কি দুটি পেয়েছে। বিহার একটাও পায়নি। কারণ তাদের পঞ্চায়েত রাজ ইন্সটিটিউশন্স ইলেকটেড হয়নি বলে তারা এখনো পায় নি। আমি আবার বলছি, গরীবদের জন্য কোন কাজ হয়নি, কোন উপকার হয়নি একথা বললে অস্বীকার করা হবে। কিন্তু যা হওয়া উচিত ছিল সেই কাজ এই দপ্তর করতে পারেনি, পঞ্চায়েতকে

মবিলাইজেশন করতে পারে নি। আমি একটা উদাহরণ দেব, আউটলুক পত্রিকা। হোয়ার এ্যাট দি রিয়েল পুওর। হেডিংটা দেখবেন মনোরঞ্জনবাবু state ranking from highest performance 16 to the lowest performance 1, out look, 1990, Page-80.

তাতে পাঞ্জাবের নাম্বার—১৬, অন্ধ্রপ্রদেশ—১৫, গুজরাট—১৪, কেরল—১৩, হরিয়ানা—১২, রাজস্থান—১১, হিমাচল প্রদেশ—১০, তামিলনাড়ু—৯, কর্ণাটক—৮, মহারাষ্ট্র—৭, আর আমাদের ওয়েষ্টবেঙ্গল—৬। হোয়ার এ্যাট দি রিয়েল পুওর? এটা আমি তৈরী করিনি, কংগ্রেসের কোন নেতাকে দিয়ে তৈরী করা হয়নি, এটা "আউট-লুক পত্রিকায়" আছে। পড়ে দেখবেন। এই হচ্ছে আমাদের অবস্থা। আজকে পভার্টি লাইনের নিচে কত লোক বাস করেন তা নিশ্চিতভাবে আপনি জানেন।

মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি জানতে চাই. তিনি কি অবগত আছেন যে ৩,১১,৯৮ পর্যন্ত আমাদের এই রাজ্যের তিনটি জেলাপরিষদ একটা পয়সাও পায় নি? আমি যে জেলার অধিবাসী সেই হাওড়া জেলা, নদীয়া জেলা এবং সাউথ ২৪ পরগণা এই তিনটি জেলা একটি পয়সাও পায় নি। জানি না পরে আবার কি অবস্থা হয়েছে, পেয়েছে কিনা. পেলে কতটা পেয়েছে। হাওড়া জেলার একটি চিত্র আপনার কাছে তুলে ধরি। ২০.১.৯৯ তারিখ পর্যন্ত উলুবেড়িয়া (১) পঞ্চায়েতে সমিতি জওহর রোজগার যোজনার যোজনাতে খরচ করতে পেরেছে ৯.০৮ পারসেন্ট। মাননীয় মন্ত্রীমহাশয় কি বলতে পারেন তার হাতে কি ম্যাজিক কিওর আছে যাতে মার্চের মধ্যে সবটা খরচ হয়ে যাবে? বাগনান (১)—এ জানুয়ারীর ২০ তারিখ পর্যন্ত ৯.৬৬ পারসেন্ট খরচ হয়েছে। ফেব্রুয়ারী, মার্চে কোন ম্যাজিক কিওরের দ্বারা ১০০ পারসেন্ট খরচ হয়ে যাবে সেটা মন্ত্রীমহাশয় জানাবেন কি? এর পরও কি আপনি বলবেন, আপনার বাজেট আমাদের সমর্থন করতে হবে। তারপর আপনারা ভিজিলেন্স এবং মনিটরিং কমিটির কথা খুব বড় করে বলেছেন। এই ভিজিলেন্স এবং মনিটারিং কমিটি শুধুমাত্র খাতায় কলমে তৈরি হয়েছে। এর মিটিং হয় না। এমন ব্লকও আছে যেখানে এই কমিটিও তৈরি হয়নি। হাওড়া জেলার এম. এল. এ. রা এখানে বসে আছেন, তারা কি বলতে পারবেন আজ পর্যন্ত সেখানে এই ভিজিলেন্স এ্যান্ড মনিটারিং কমিটির ক'টা মিটিং হয়েছে? প্রথমে যখন কমিটি-টি তৈরি হয়েছিল তখন সেন্ট্রাল গভর্ণমেন্টের একটা সার্কুলার ছিল যে তাতে কারা কারা থাকবেন। কিন্তু সেখানে আপনি আপনার পার্টির লোকদের বসাবার জন্য সেই সার্কুলার পর্যন্ত চেঞ্জ করে দিলেন। কেন্দ্রের মন্ত্রী এবং প্রধানমন্ত্রীকে ধরে কেন্দ্র যে সার্কুলার পাঠিয়েছিল এবং তাতে যে সিসটেমের কথা বলা হয়েছিল তা আপনি পাল্টে দিলেন। ভাল করলেন। এখানে আপনাদের মেজরিটি আছে, ক্ষমতা আছে করলেন কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলছি যে আমার শ্যামপুর দু নং ব্লকে এখনও পর্যন্ত এই কমিটিই তৈরি হযনি মিটিং হওয়া তো দূরের কথা আপনি বলেছেন ভারতবর্ষের কোথাও হয়নি। একটা খাতের টাকা অন্য খাতে খরচ হওয়া একটা কথা কিন্তু এখানে আমরা দেখছি আপনি গরিব মানুষদের জন্য কেন্দ্রের বরাদ্দ করা টাকা পর্যন্ত খরচ করতে পারেন নি। মনোরঞ্জনবাবু দুর্নীতির কথা বলছিলেন। আপনারা যদি মনে করেন যে এম. এল. এ. রা চুরি করছে, এম. পি. রা চুরি করছে, মন্ত্রীরা চুরি করছে অতএব পঞ্চায়েতের লোকরাও চুরি করবে তাহলে অবশ্য I have nothing to say.

কিন্তু সেটা তো চলতে পারে না। পরিশেষে মাননীয় মন্ত্রীমহাশয়কে একটি কথা ভাবতে বলি। বহু জায়গায় পঞ্চায়েতে একটা হেটারোজিনিয়াস ব্যাপার হয়ে গিয়েছে। ধরুন যেমন উদয়নারায়নপুরের একটা পঞ্চায়েতে সমিতির সভাপতি হচ্ছেন কংগ্রেসের কিন্তু সেখানে কর্মাধ্যক্ষ সব সি. পি. এমের। আবার উল্টো দিকে কোন জায়গায় হয়ত পঞ্চায়েত সমিতির সভাপতি সি. পি. এমের কিন্তু কর্মাধ্যক্ষ সব কংগ্রেসের। এ ব্যাপারে সংশোধনের জন্য দুটি পথ আছে—একটি হ'ল সংবিধান সংশোধন করা এবং দ্বিতীয়টি হল সি. পি. এমকে সংশোধন করা। সি. পি. এম. কে সংশোধন করা দুঃসাধ্য ব্যাপার, তার চেয়ে সংবিধান সংশোধন করাই শ্রেয়। আপনার দপ্তর টোটালি ব্যর্থ, তাই আপনার বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে এবং আমাদের কাটমোশানগুলি সমর্থন করে শেষ করছি।

[3.00–3.10 p.m.]

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পঞ্চায়েত মন্ত্রী ১৯৯৯-২০০০ সালের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধী দলের কাটমোশানের বিরোধিতা করছি। আমাদের বিরোধী দলের বন্ধুরা আজকে পঞ্চায়েত বাজেটের উপর বলতে গিয়ে সমালোচনা করতে গিয়েও সমালোচনা করতে পারেন নি, তার জন্য আমি আনন্দিত। একথা বলবার সঙ্গে সঙ্গে তাঁদের আমি একথা মনে করিয়ে দিতে চাই, নিশ্চয়ই আপনারা সহমত পোষণ করবেন, আপনাদের রাজত্বে ১৯৫৭ সালে পঞ্চায়েত আইন তৈরী হয়। ১৯৫১ সালে আইন পাশ হবার পর মাত্র একবার নির্বাচন হয়, কিন্তু তারপর দীর্ঘ ১৪ বছর নির্বাচন করেন নি। সংবিধান সংশোধনের পর ১৯৭৭ সাল পর্যন্ত তারা কোন নির্বাচন করেন নি। তার কারণ, ওরা জনগণকে নিয়ে চলতে চান না, তার জনাই নির্বাচন করেন নি। কিন্তু ১৯৭৮ সাল থেকে বামফ্রন্ট সরকার ধারাবাহিকভাবে পঞ্চায়েত নির্বাচন করে আসছেন এবং সমাজের নিম্ন স্তরের সকল মানুষকে সঙ্গে নিয়ে তাদের অর্থনৈতিক এবং সামাজিক অবস্থার আরো দ্রুত উন্নয়ন করবার জন্য এবং মজবুত করবার জন্য কাজ করে আসছেন। কাজেই এই বিষয়টা ওদের সমর্থন করা উচিত। কিন্তু সেটা ওরা করবেন না। ওদের মনে করিয়ে দিতে চাইছি, নরসীমা রাও যখন প্রধানমন্ত্রী ছিলেন, তাঁর পাঁচ বছর প্রধানমন্ত্রী থাকাকালীন সময়ে আমাদের দেশে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষের সংখ্যা হ্রাস না পেয়ে ৭ শতাংশ বৃদ্ধি পেয়েছিল। আজকে গোটা দেশে যেখানে এই সংখ্যাটা হ্রাসের পরিমাণ ২২ পারসেন্ট, তখন বামফ্রন্ট সরকারের ২২ বছরের রাজত্বে সেটা হ্রাস পেয়েছে ২৮ পারসেন্ট আমাদের রাজ্যে। এটাই হচ্ছে আমাদের সাফল্য।

এই সঙ্গে আমি আরো কয়েকটি কথা বলতে চাই। আমাদের সরকারের পক্ষ থেকে আমাদের রাজ্যে বয়স্ক মানুষদের ভাতা, গরীব পরিবারের একমাত্র উপার্জনশীল মানুষের মৃত্যুতে সেই পরিবারকে ১০,০০০ টাকা সাহায্যদান এবং মাতৃকল্যাণ প্রকল্পে দুই কন্যার জননীকে সাহায্য দানের যে সব কর্মসূচীর কাজ চলছে সেদিকে আপনাদের লক্ষ্য করা উচিত। আজকে আমাদের সরকার ৬৫ বছর বয়স্ক মানুষদের প্রতি মাসে ১০০ টাকা পেনশন দিয়ে অর্থনৈতিক সাহায্য করছেন, একমাত্র উপার্জনশীল ব্যক্তির মৃত্যু হলে, দরিদ্র পরিবারের ক্ষেত্রে, সেই পরিবারকে এককালীন ১০,০০০ টাকা সাহায্য করছেন।

[3.10–4.10 p.m. including House adjourned]

আমাদের রাজ্যে এই দারিদ্রসীমার নীচে যে সমস্ত গরীব মা এবং বোনেরা আছেন তাদের কল্যাণের জন্য, তাদের গর্ভাবস্থায় তাদের শরীরে যাতে পুষ্টির অভাব না থাকে তার জন্য মা বোনেদের ক্ষেত্রে ৫০০ টাকা করে সরকার সাহায্য করছে। আজকে এই যে অবস্থা গরীব মানুষদের দিকে লক্ষ্য রেখে সরকার চলছে, এই কথাটা আপনাদের ভাবা উচিত। দ্বিতীয় কথা, এছাড়াও আজকে আমাদের রাজ্যে ৬ লক্ষ কৃষি শ্রমিক আছে, এদের জন্য আমাদের রাজ্য সরকার প্রভিডেন্ট ফান্ড চালু করেছে। ১০ টাকা করে কৃষি মজুরদের জমা দিতে হবে, আর রাজ্য সরকার ১০ টাকা দেবে। ১৮ বছর বয়স এর কোন কৃষি মজুর ১০ টাকা করে দিলে, সে ৫০ বছর বয়স পর্যন্ত যেমন দেবে, তেমনই সরকারও ঐ পরিমাণ টাকা দিয়ে যাবে, এতে সে সুদ সমেত একসঙ্গে ফেরত পাবে। এখানেই বোঝা যাচ্ছে, গরীব মানুষদের জন্য দরিদ্র সমাজের মানুষের জন্য এই সরকার ভাবছে। বাস্তব অবস্থার ভেতর দিয়ে সরকার যেভাবে দরিদ্র মানুষের স্বার্থে কাজ করছে, এই কথা কি আপনারা ভাববেন না? এছাড়া পানীয় জল, রাস্তাঘাট, বিদ্যুৎ অন্যান্য বহুমুখী পরিকল্পনার ভেতর দিয়ে আমাদের রাজ্যে বামফ্রন্ট সরকার গ্রাম বাংলায় উন্নতির জন্য ব্যাপক কাজকর্ম করছে। (এই সময় হঠাৎ করে কয়েকজন যুবক স্পীকার গ্যালারিতে ঢুকে বন্দেমাতরম স্লোগান দিতে থাকেন।)

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** হাউস এখন বিরতি আধঘন্টার জন্য।

(এরপর হাউস ৩ ০৫ থেকে ৩.৩৭ পর্যান্ত বিরতি থাকে)

(At this stage the House was adjourned till - 3.37 p.m.)

**(After recess)**

[3.37–4.10 p.m. including adjournment]

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আমরা হাউস আরো আধঘন্টার জন্য বিরতি রাখছি।

(এরপর হাউস ৩.৩৯ থেকে ৪.১০ পর্যন্ত বিরতি থাকে)

(At this stage the House was adjourned till 4.10 p.m.)

**(After recess)**

[4.10–4.20 p.m.)

Point of Order on Slogan, Shouting from Hon'ble Speaker's Gallery

**শ্রী রবীন্দ্র নাথ মন্ড ল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা নজিরবিহীন অসভ্য বর্বরোচিত

ঘটনা আমরা লক্ষ্য করলাম এই বিধানসভাতে। এই বিধানসভার একটা ঐতিহ্য আছে। আমি দীর্ঘদিন এই বিধানসভাতে আছি, আপনিও আছেন, আপনি জানেন যে, এর আগে কিছু কিছু ঘটনা এই বিধানসভাতে হয়েছে। কিন্তু আজকে যেভাবে পাঁচখানা গাড়ি পুলিশের সামনে দিয়ে ঢুকেছে, রাস্ করে হাউসের মধ্যে খানিকটা ঢুকে আর খানিকটা বাইরে যেভাবে নিরাপত্তারক্ষীদের সঙ্গে হাতাহাতি করল এবং এম, এল এ দের মারার যে ঘটনা ঘটল এটা খুবই জঘন্য নজির। এতে এই বিধানসভার মর্যাদা লুণ্ঠিত হয়েছে। ব্যক্তিগতভাবে আমি মনে করি সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় তার ঐতিহ্য এবং মর্যাদাকে সু উচ্চে তুলে রাখা উচিত। সেক্ষেত্রে কোন ব্যক্তি যদি তার রাজনৈতিক কার্যকলাপের মধ্যে দিয়ে খানিকটা সামনের সারিতে আসবার চেষ্টা করেন এই প্রচেষ্টাকে আমি ধিক্কার জানাই। নিন্দা জানানোর ভাষা আমার নেই। এই হাউসে দলমত নির্বিশেষে সমস্ত সদস্যদের নিরাপত্তার প্রশ্ন জড়িত এবং সেই নিরাপত্তার দিক থেকে যেটা দেখবার সেটা হল যে যারা এইভাবে এখানে ঢুকল এখনো পর্যন্ত যতটুকু জেনেছি যে, তাদের কোনরকম গেট পাস ছিল না। যদিও থেকেও থাকে সেটা দেখবার এক্তিয়ার কাদের উপরে? পুলিশ তাদের এ্যারেষ্ট করে ডিটেন করল না কেন? তাদেরকে এ্যারেষ্ট করে ডিটেন করল না কেন? তাদেরকে পালিয়ে চলে যাওয়ার ব্যাপারে একাধিক সদস্য সাহায্য করছিল। এটা আমার মনে হয়েছে খুব নিন্দনীয় কাজ হয়েছে। এই প্রচেষ্টা থাকা উচিত নয়। পরবর্তীকালে তারা এ্যারেষ্ট হয়েছে। তাদের কি আইডেনটিটি, কি ইনটিগ্রিটি, কি তাদের অথরিটি বা কি তাদের একটা ইন্টেলমেন্ট আছে বা ছিল এই হাউসে ঢোকার ব্যাপারে, সেসব স্পীকার আছেন তিনি দেখবেন। কিন্তু নিরাপত্তা রক্ষার স্বার্থে যে ধরণের দৃষ্টান্ত মূলক ঘটনা ঘটল তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেখানে বিধানসভা সম্পর্কে সামান্যতম শ্রদ্ধা এবং মর্যাদা থাকা উচিত ছিল। তৃতীয়তঃ, যে সমস্ত পুলিশ অফিসাররা সিকিউরিটির দায়িত্বে ছিলেন তাদের মনে করি দিজ ইজ এ্যাবসুলিটউলি এ নেগলিজেন্স অন দি পে অফ দেয়ার ডিউটিজ। এই ব্যাপারটা আপনাকে দেখতে হবে। সাধারণ মানুষ যেভাবে লবির মধ্যে ঢুকে নিরাপত্তা রক্ষীদের হেকেল করল এবং ল এ্যান্ড অর্ডার ভাঙ্গল এর তো ব্যবস্থা নেওয়া উচিত। এতোগুলো সমাজ বিরোধী বিধানসভায় ঢুকে বিধানসভার মর্যাদা ক্ষুন্ন করল এটা খুবই নিন্দনীয়। এই ব্যাপারে পুলিশের কাছে কৈফিয়ত নেওয়ার দরকার; সর্বশেষে আমি বিরোধী দলের কাছে যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, আমি কোন নাম কোট করে বলতে চাইছি না, তবে কোন অবস্থাতেই এ হতে পারে না নিজের সদস্য পদের সুযোগ নিয়ে বিধানসভার মর্যাদা ক্ষুন্ন করব। এইভাবে এটা কখনো এ্যালাউ করা উচিত হবে না এবং কোন অবস্থাতেই এটাকে গ্রহণ করা বা সমর্থন করা উচিত হবে না। ওঁদের ক্ষমা করার অর্থ সমাজবিরোধীদের প্রশ্রয় দেওয়া এবং বিধানসভার মর্যাদা ক্ষুন্ন করা আমি মনে করি। এই ন্যাক্কারজনক প্রচেষ্টার খুব শক্তভাবে এবং যথোচিত শাস্তি হওয়া উচিত। সর্বশেষে এই আবেদন বিধানসভার সব মেম্বারদের কাছে রাখছি যে, এখানে সব মেম্বারদের যেমন অধিকার আছে তেমনি প্রেসের অধিকার আছে, ফটোগ্রাফারদের অধিকার আছে কিন্তু আমি শুনেছি উইদাউট কোটিং দি নেম অফ এনি বডি—আমি বলতে চাই কয়েকজন মেম্বার তারা অন্ততপক্ষে সাংবাদিক বা জার্নালিস্টদের উপর চড়াও হয়েছিলেন, আবার কেউ কেউ ঘুসিও মারতে গিয়েছিলেন এটা ন্যাক্কারজনক ঘটনা। এটা হওয়া উচিত নয়। আজকে যে ঘটনা ঘটল তা পশ্চিমবঙ্গের মানুষের কাছে একটা উদ্বেগের বিষয়। আমি মনে করি কঠোর হাতে এই হাউসের মর্যাদা রক্ষা

করা উচিত, এবং মর্যাদা সুরক্ষার ক্ষেত্রে যা ব্যবস্থা নেওয়ার দরকার আপনি নেবেন এই আবেদন আমি রেখে বক্তব্য শেষ করলাম।

**Mr. Speaker :** Hon'ble Members I have received a report from the Marshal of this House as around five minuits past three p.m. today the following persons found shouting slogans inside some galleries and the chamber of this House. Their names are

| | |
|---|---|
| Shri Susanta Paul | 31, Jhamapukur Rd. |
| Shri Dipak Lal | 5B, Garpar Rd. |
| Shri Subrata Saha | 102, Raja Ram Mohan Sarani |
| Shri Amit Sarkar | 3B, Raja Dinendra St. |
| Shri Raj Kumar Banerjee | 10/1, Raja Ram Mohan Sarani |
| Shri Rajdeep Sil | 4/1, Sashi Bhusan Dey St. |
| Shri Bisu Mandal | 102/1 Raja Ram Mohan Sarani |
| Shri Sanjib Das | 2, Hindusthan Park Rd. Cal. 24 |
| Shri Asim Das | 41, Raja Ram Mohan Sarani |
| Shri Sushanta Kundu | 33/D, Dum Dum Rd. |
| Shri Niladri Shekhor Maity | 21A, Patuatola Lane, Cal-9. |
| Shri Subrata Ray | Sodepore |
| Shri Sushanta Saha | 12/2, Patwar Bagan Lane |
| Shri Sajal Ghosh | 11, Hururimal Lane |
| Shri Kausik Chatterjee | Govt. Qtrs. MIG-10 |
| Shri Sujay Roy | AA 42 Salt Lake City |
| Shri Ganesh Choudhury | 46, A. J. C. Bose Road. |
| Shri Amit Kumar Daripar | 45, Raja Ram Mohan Roy Rd. |
| Shri Sudipta Brahma | H. Rani Harsha Mukhi Rai Rd. Cal - 2. |
| Shri Braja Gopal Ghosh | Kestopur. FD 92. Cal - 59. |
| Shri Surajit Mukherjee | P21 CIT Rd. Cal - 10. |

Now I think, this is very serious offence that has taken place which should not be tolerated by any member of this House, as the prestige high standard parliamentary democracy and decorum demand that it should not be allowed.

This kind of offence must not be repeated in future and as such I have directed that these twenty one persons be produced in the Bar of the House for consideration of the House. Yes Abdul Mannan.

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, একটু আগে সরকার পক্ষের চিফ হুইপ যে কথা বললেন, আমরা হাউসের প্রেস্টিজ এবং ডিগনিটি বজায় রাখতে সবাই প্রতিশ্রুতিবদ্ধ। কতগুলি নজিরের কথা তিনি বললেন। এই হাউসে নজিরবিহীন ঘটনা এর আগেও ঘটেছে। পলিশ হাউসে ঢকে

তান্ডবলীলা চালিয়েছে, একটা চেয়ারের বিনা অনুমতিতে এবং আরেকটি অনুমতি নিয়ে। এই নজিরবিহীন ঘটনা এর আগেও ঘটেছে। এই ঘটনা যখন ঘটে তখন আমিও হাউসে ছিলাম না এবং আমাদের নেতাও হাউসে ছিল না এবং ঘটনাটা তখনও পর্যন্ত আমি জানতাম না। হঠাৎ ডেপুটি স্পীকার আধ ঘন্টার জন্য হাউস এডজর্ন করে দেন। কি কারণে হাউস এডজর্ন হল এটা দেখতে এসে দেখলাম একটা ছেলে প্রচন্ড ভাবে মার খাচ্ছে, কিছু স্টাফ এবং কিছু সরকারী দলের বিধায়ক তাদের মারছে।

**Mr. Speaker :** I think, there should not be any disturbance. The debate should go on. No disturbance. It is very serious matter concerning all the members of this House. There is no scope of mutual acrimony and aspersion for each other as the decorum and dignity of the entire House is involved. I feel all sections should learn from the matter that the decorum, dignity and solemnity be maintained as it deserves.

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমি দেখলাম সরকারী দলের চিফ্ হুইপ রবীন বাবু এবং ফরোয়ার্ড ব্লকের চিফ্ হুইপ কৃপাসিন্দু সাহা মহাশয় তাকে বাঁচাবার চেষ্টা করছেন। সেই ছেলেটিকে তারা কোনরকমে উদ্ধার করে নিয়ে এল। নিয়ে আসার পরও আমরা বুঝতে পারিনি কারা এই ঘটনা ঘটিয়েছে। যা হোক একটা ছেলে আক্রান্ত হয়েছে, সেই ছেলেটিকে তারা বাঁচাবার চেষ্টা করেছেন এবং আমাদের ঘরের দিকে নিয়ে যাওয়ার চেষ্টা করছিলেন। পরে দেখলাম গেটেও একটা জটলা হচ্ছে। রবীনবাবু গেলেন, আমরাও গেলাম সেখানে। দেখলাম কিছু ছাত্র আছে, তাদের আমি চিনি। তাদের আমি জিজ্ঞেস করলাম, এখানে তোমরা এলে কেন। তারা কতগুলো কথা বলল, হায়ার সেকেন্ডারিতে ভর্তি হওয়া নিয়ে প্রবলেম, ইত্যাদি। এটা বহু আলোচিত বিষয়, এই নিয়ে বাইরে আন্দোলন হচ্ছে, ভেতরেও আমরা অনেক বলেছি। কিন্তু তাদের সাথে এক মত হইনি। তাদের বক্তব্যগুলো ঠিক আছে, কিন্তু আন্দোলনের ধারাকে নিশ্চয় একজন বিধায়ক হিসাবে আমি সমর্থন করতে পারি না। তাদের কথা আমাদের বিবেচনা করতে হবে। আমরা যারা এখানে হাউসে আছি, তাদের বয়সের সঙ্গে ওদের বয়সের তফাত আছে। ছাত্ররা অনেক বেশী আবেগপ্রবণ হয়। একটা ম্যাচিওর্ড ব্যক্তি আন্দোলন করলে যেরকম হয়, মুল কোন গোষ্ঠী আন্দোলন করলে যেরকম হয়, ১৮ বছর বয়সের ছেলেদের কাছে সেরকম আশা করি না। একটা কথা ঠিকই, হাউসের ডিগনিটি আমাদের বজায় রাখতে হবে। এক্ষেত্রে আমরা সবাই, প্রতিশ্রুতিবদ্ধ। রবীন বাবু যে প্রশ্নটা করেছেন—চারটে গেট পার হয়ে-মেইন গেট এবং তারপরে তিনটি গেট কি ভাবে ঢুকল - সেটা তদন্ত করা দরকার আছে।

[4.20–4.30 p.m.]

দ্বিতীয়তঃ আর একটা জিনিস আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম - এখানে আমাদের খুব কম সংখ্যক বিধায়ক ছিলেন - বাইরে একটা মিটিং ছিল, বাইরে কিছু আলোচনাতে আমিও ব্যস্ত ছিলাম, আমাদের লিডারও চলে গিয়েছিলেন পার্টি অফিসে, - যে অল্প সংখ্যক বিধায়ক হাউসে ছিলেন, তারাও আক্রান্ত হ'ল। তাঁরা এই ঘটনার সঙ্গে যুক্ত ছিলেন না, এমন কি এই ঘটনাকে সমর্থন করেও কিছু বলেন নি - কিন্তু তারাও অক্রান্ত হলেন। আবেগপ্রবণ ছেলেরা যদি অন্যায়

কিছু করেও থাকে, আজকে যারা জনপ্রতিনিধি তারা যদি এই অবস্থা সৃষ্টি করে, সেটা খুবই দুর্ভাগ্যজনক। ভবিষ্যতে যাতে এরকম ঘটনা না ঘটে হাউসের ভিতরে, সেই ব্যাপারে সবাইকে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে। এটা ঠিকই, আজকে যারা আমরা হাউসে আছি, ভবিষ্যতে কে থাকব না থাকব ঠিক নেই, কিন্তু হাউস থাকবে। সাথে সাথে এটাও বলব, সরকারি দলের সংখ্যাধিক্য-এর জোরে বিরোধী দলের কয়েকজন সদস্যকে যদি হাউসে আক্রান্ত হতে হয়, সেটা খুবই দুর্ভাগ্যজনক। আশা করব সরকারি দলের চিফ হুইপ তার দলের সদস্যদের এই বিষয়ে বলবেন। আমি স্যার সেই জন্য বলছি, এই হাউসের মর্যাদা রক্ষার জন্য আপনি যে কোন সিদ্ধান্ত নেবেন, সেখানে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু একটা জিনিস, - কোন ব্যক্তিগত উদ্দেশ্য নিয়ে, ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করতে এখানে কেউ আসেনি। কিছু ছেলে আবেগপ্রবণ হয়ে আজকে যে সমস্যা, তার প্রতি দৃষ্টি আকর্ষণ করতে গিয়ে কিছু অন্যায় কাজ করে থাকতে পারে, আপনি সিদ্ধান্ত নেওয়ার সময় সেটা বিবেচনা করবেন। সাথে সাথে বলছি, রবীনবাবু বলেছেন কিছু সাংবাদিক আক্রান্ত হয়েছে। সেখানে শাসক দলের কিছু বিধায়ক ছিল, সেটা দুর্ভাগ্যজনক। সাংবাদিকরা তো সংবাদ সংগ্রহ করতে এসেছিল। কিন্তু বিধায়করা যদি আক্রমণ করে, সেটাই দুঃখের। যে কোন পরিস্থিতিকে মোকাবিলা সংযত ভাবে করা বিধায়কদের কর্তব্য। কিন্তু শাসক দলের বিধায়করা সেটা করেন নি। যারা এসেছিল—আবারও বলছি - তারা সমাজবিরোধী কার্যকলাপের সঙ্গে যুক্ত নয়। স্যার, আজকে ছাত্র সমাজের কাছে যে সমস্যা, সেই সমস্যা, তারা আজকে দৃষ্টি আকর্ষণ করার জন্য তারা আবেগপ্রবণ হয়ে যেটা করেছে, সেটা বিবেচনা করে সিদ্ধান্ত নেবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, কিছুক্ষণ আগে এই পবিত্র হাউসে যে ন্যক্কারজনক ঘটনা ঘটেছে, তা নিন্দা করার ভাষা নেই। আমাদের সরকারের চিফ হুইপ যে বক্তব্য এখানে রেখেছেন আমি তার সাথে একমত। এই হাউসে আমরা অনেক পুরানো সদস্য আজকে ২৩ বছর একসাথে এবং ১৯৭৭-৭৯ সালে একটা বছর গেছে, তখন এখানে দু একবার ঘটনা ঘটেছে। এখানে দু একজন সেটা উল্লেখ করেছেন। তারও সাক্ষী আমি। কিন্তু একটা কথা হচ্ছে যে এই পবিত্র গৃহ, এখানে যে ঘটনা ঘটল, তাকে যাতে উচিত শিক্ষা দেওয়া হয়, তার ব্যবস্থা আপনি করবেন। কারণ গণতান্ত্রিক অধিকারের কথা বলছেন। আবেগপ্রবণের কথা বলেছেন। এটা একটা পবিত্র গৃহ। এই হাউসে যাতে ভবিষ্যতে এই জাতীয় ঘটনা না ঘটতে পারে, সেইভাবে শিক্ষা দিন। ছাত্র বলুন বা অন্যান্য মানুষ বলুন, তারা এখানে এসে ভবিষ্যতে আর এ রকম ঘটনা না করতে পারে, সে দিকে আপনি লক্ষ্য রেখে বিচার করবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসে কিছুক্ষণ আগে যে ঘটনা ঘটে গেছে, সেই সময় আমি হাউসে ছিলাম না। ঠিক হাউসের ভিতরে ঘটনা ঘটে যাওয়ার পরে এখানে এসে যেটা শুনলাম, তাকে খানিকটা নজিরবিহীন ঘটনাই বলব। আন্দোলন হয়, বিধানসভার সামনে আইনভঙ্গ করে। এগুলি হয়। বিভিন্ন দাবি দাওয়া নিয়ে এগুলি হয়। কিন্তু হাউসের ভিতর এই রকম করে ঢুকে এই রকম ঘটনা এর মধ্যে ঘটে নি। এখানে যারা আইন ভঙ্গ করলেন, তাদের বিরুদ্ধে, সংসদীয় রীতিনীতি অনুযায়ী সংসদীয় মর্যাদা রক্ষা করার জন্য যে প্রয়োজনীয় পদক্ষেপ, সেটা আপনাকেই নিতে হবে এবং সেটা সবাইকেই সমর্থন করতে হবে।

তবে এখানে যে বিষয়টা উঠেছে, সেটা কিন্তু লক্ষ্য করার বিষয়। এখানে কি করে নিরাপত্তা রক্ষীরা থাকা সত্ত্বেও একেবারে গেট দিয়ে ঢুকে, একেবারে এখানে হাউসের মধ্যে ঢুকে গেল? এখানে আমাদের চিফ হুইপ রবীনবাবুও বলেছেন যে, হাউসের নিরাপত্তারক্ষীদের সতর্কতার জন্য আমাদের এই বিধানসভার সদস্যদের অনেক বাধাপ্রাপ্ত হন, সেই অভিযোগও আপনার কাছে এসেছে। কিন্তু সেই নিরাপত্তারক্ষীরা থাকতে এই রকম ভাবে বাধা অতিক্রম করে কি ভাবে হাউসে ঢুকে গেল? তারা যদি সতর্ক থাকতে পারেন, তাহলে এমন ঘটনা নাও ঘটতে পারত। ফলে এ দিকটাও দেখা দরকার।

**শ্রী জয়ন্ত বিশ্বাস** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে ঘটনা ঘটেছে, পশ্চিমবঙ্গের সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে একটা অন্ধকারাচ্ছন্ন দিন হিসাবে চিহ্নিত হয়ে থাকবে। আজকে আমরা দেখছি যে, তাতে কোন সন্দেহ নেই যে, অত্যন্ত সংগঠিতভাবে পরিকল্পিতভাবে গণতান্ত্রিক প্রক্রিয়াকে ধ্বংস করার জন্য বিধানসভার উপর আক্রমণ করতে যারা এসেছিল, তাদের মধ্যে ছাত্র সুলভ কিছু ছিল না।

[4.30–4.40 p.m.]

বিধানসভার উপর আক্রমণ, এখানে যারা এসেছিলেন তাদের মধ্যে শত্রুসুলভ কিছু ছিল না। তারা যে স্লোগান দিচ্ছিলেন, মান্নান সাহেব অনেক পরে এসেছিলেন, তিনি যা বললেন তার সঙ্গে সত্যের কাছাকাছি নেই। ট্র্যাভেস্টি অব ট্রুথ, সত্যের অপলাপ করেছেন। কোন নির্দিষ্ট দলের না হলেও তাদের আওয়াজ ছিল জাতীয় কংগ্রেস জিন্দাবাদ। বন্দেমাতরম ধ্বনি এবং যে পদ্ধতিতে তারা ঢুকে গিয়েছিল বিধানসভার অভ্যন্তরে, যে কায়দায় ধাক্কাধাক্কি করে এবং সে ক্ষেত্রে রক্ষী যারা ছিলেন তারাও আক্রান্ত হয়েছেন। প্রথম দফায় তারা বাধা না দিলেও পরের দফায় তারা অপ্রাণ চেষ্টা করেছিলেন এরা যাতে ঢুকতে না পারে। সে ক্ষেত্রে তারা ধস্তাধস্তি করে আক্রমণ করে ভেতরে ঢুকে গিয়েছিল। প্রথমে সকলেই সন্ত্রস্ত হয়ে পড়েছিলেন কিন্তু তার পর ওদের যেটা বলছেন সেখানে কোন প্রতিরোধ গড়ে ওঠে নি। তাদের নিরস্ত করার চেষ্টা হয়েছিল সবাই মিলে উল্টে সেখানে তারা যথেচ্ছ ঘুসি চালিয়েছেন। প্রথম দফায় প্রায় সব সদস্যই গেছেন, তারাও আক্রান্ত হয়েছেন, এটা স্বাভাবিক। আজকে ওদের যে ভাবে আবেগ প্রবণতা, ছাত্র এইসব বলে গোটা বিষয়টাকে লঘু করে দেখানোর চেষ্টা করা হচ্ছে, আমি আশা করব বিরোধী পক্ষের যাঁরা প্রবীণ সদস্য তাঁরা এই বিষয়ের গুরুত্ব অনুধাবন করবেন এবং এইভাবে লঘু করার চেষ্টা করবেন না। যে ঘটনা ঘটেছে তাতে অনেক বড় ঘটনা ঘটতে পারত। আর যে অভিযোগ করলেন, তাঁরা ছিলেন সদস্যরা কেউ বলতে পারেন যে তারা কেউ আক্রান্ত হয়েছেন। তাদের সঙ্গে কথাবার্তা হয়েছে, তাতে অনেকে বলেছেন যে এটা অভাবিত, এ জিনিস ভাবা যায় না। ওদের সদস্যরা বলেছেন, কনডেম করেছেন, আমি এই মুহূর্তে বিশেষ কারো নাম করতে চাই না। তাঁরা তখন দাঁড়িয়ে বলেছেন যে এটা অসভ্যতা, বর্বরতা। এসবের সঙ্গে কারা যুক্ত আমি জানি না, ভেতরে যারা ছিলেন—বাইরে যারা ছিলেন তারা কথা বললে হবে না, ভেতরে যারা ছিলেন তারা কনডেম করেছেন এখন প্রত্যাহার করবেন না। মান্নান সাহেব ছিলেন না তিনি প্রত্যক্ষদর্শী না, তিনি বাইরে ছিলেন, তিনি সেইভাবে বললেন আমি সব

সময়ে ভেতরে ছিলাম। সেইজন্য মাননীয় স্পীকার মহাশয়, অতীতে দেখেছি যে অনেক সময়ে এই ধরণের বড় ঘটনা ঘটেছে, সেই ক্ষেত্রে সবাই কনডেম করেছেন, গণতন্ত্রের উপর আঘাত, নিন্দা করেছেন, আবার সঙ্গে সঙ্গে বলেছেন আপনি ক্ষমা করে দিন অতীতে আপনি সেই নজির রেখেছেন এবং খুব সুস্থ নজির করেছেন। আপনি যে আচরণ করবেন বা যে ভূমিকা নেবেন সেটা নিশ্চয়ই আমরা সকলে মেনে নেব কিন্তু আজকে আমরা আশা করব আপনি যে বিচার আজ করবেন সেটা যেন দৃষ্টান্তযোগ্য বিচার হয়, যাতে করে এর পুনরাবৃত্তি না হয়। এই রকম দুষ্কৃতীরা—দুষ্কৃতী এখনও বলছি না, তাদের সংগঠিত কার্যকলাপ দুষ্কৃতীর মত। সংগঠিতভাবে এবং রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে গণতন্ত্রের উপর আঘাত করার জন্য এই কার্যকলাপ। সেজন্য আশা করব, ওরা বলার চেষ্টা করেছিলেন ছাত্র ইত্যাদি বলে যে ভাবাবেগ তৈরী করার চেষ্টা করেছিলেন।

যেভাবে গোটা বিষয়টাকে আজকে উল্টে দেখাবার চেষ্টা করছেন এটা একটা অভিসন্ধি এবং তারা যুক্ত কিনা এটা ভেবে দেখতে হবে। যেভাবে তারা সমর্থন করছেন তাতে এই ঘটনার সঙ্গে তারা যুক্ত কিনা এটা ভেবে দেখতে হবে। তা না হলে যে ভঙ্গীতে সমর্থনের নামে গোটা বিষয়টাকে—-সরকার পক্ষের সদস্যরা যখন করছেন, বিতর্ক চলছে, একজন সদস্য বিতর্ক অংশগ্রহণ করেছেন তখন গোটা বিষয়টাকে পরিবর্তিত করে দেওয়া একটা অসম্ভব ব্যাপার আজকে এখানে দায়িত্বজ্ঞানহীনতা হয়েছে, পুলিশের একটা অংশ, সে ক্ষেত্রে আপনাকে অনুসন্ধান করতে হবে এদের উপর নিরাপত্তার দায়িত্ব ছেড়ে দেওয়া যায় কিনা, এইসব আপনাকে ভাবতে হবে। বিধানসভার যারা সদস্য তাদের নিরাপত্তা থাকবে কিনা। এই কথা বলে আমি আশা করব যে আপনি একটা দৃঢ় ভূমিকা নেবেন, আমরা অতীতে দেখেছি যে আপনি অনেক সময়ে দয়ার্দ্র হয়ে দয়া প্রদর্শন করেছেন। এই ক্ষেত্রে আপনি তা করবেন না। নেপথ্যে যারা আছেন তারা যেন এতে উৎসাহ না পায়। এদের পিছনে এর নেপথ্যে যাঁরা আছেন তাঁরা যেন উৎসাহ না পায়, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দ্বিপ্রহরে যে ঘটনা ঘটলো এবং এই ঘটনা পরোক্ষে যাঁরা ঘটালেন সেটা আমাদের পশ্চিমবঙ্গের সংসদীয় ব্যবস্থার ইতিহাসে গণতন্ত্রের ইতিহাসে নিঃসন্দেহে একটা কালো দিন। আমরা জানি পবিত্র বিধানসভার মধ্যে দিয়ে মানুষের অভাব-অভিযোগ তাঁর বক্তব্য প্রতিফলিত হয়। যাঁদের সমর্থন পুষ্ঠ তথাকথিত ছাত্ররা আজকে এখানে প্রবেশ করলো বোধ হয় তাঁদের নেতৃত্ব তাদের বক্তব্যকে বিধানসভায় তুলে ধরতে যারপর নাই ব্যর্থ হয়েছেন। সেই কারণে নিজেরা তাঁদেরকে পরোক্ষ ভাবে উসকিয়ে তাদেরকে ইন্ধন দিয়ে এই জাতীয় একটা ঘটনার মধ্যে দিয়ে নিজেদের তথাকথিত আন্দোলনকারী চেহারাটাকে তুলে ধরার একটা ব্যর্থ প্রচেষ্টা চালাচ্ছেন। এটা শুধু পশ্চিমবাংলার নয় গণতন্ত্রের ইতিহাসে যে ন্যক্করজনক ঘটনা এই ন্যক্করজনক ঘটনার বিরুদ্ধে আমাদের সবার দল-মত নির্বিশেষে ঐক্যমত ভাবে প্রতিবাদ জানানো উচিত। যারা এই ধরনের একটা ঘটনা ঘটালো তারা কেউ কিন্তু বিচ্ছিন্ন ব্যক্তি নয়, নিশ্চিত ভাবে কোন রাজনৈতিক মদত ছাড়া এ জাতীয় ঘটনা ঘটানোর সাহস তাদের হতো না। সুতরাং এটাকে নিছক ভাবাবেগ বা কিছু কিছু ছাত্রের দাবী বলে উড়িয়ে দেওয়াটা বোধ হয় আমাদের সমীচীন হবে না। সাথে সাথে আবেদন করবো এতগুলো লোক

একসাথে এই পবিত্র জায়গায় প্রবেশ করলো কি ভাবে সেটা আপনি বিচার-বিবেচনা করে দেখবেন। আমরা জানি আপনার এই সমস্ত ক্ষেত্রে অতীতে এবং বর্তমানে যথেষ্ট সুনাম আছে এবং আপনি অত্যন্ত ধৈর্য এবং নিষ্ঠা সহকারে বিচার-বিবেচনা করবেন। আজকে এই ভাবে সামগ্রিক ঘটনাটাকে বিচার-বিবেচনা করবে না। যাতে করে ভবিষ্যতে অনুরূপ ধরণের ঘটনা ঘটাতে কেউ সাহস না পায় এবং গনতন্ত্রের উপর নির্লজ্জ্য ভাবে এই রকম আক্রমণ ঘটাতে কেউ সাহস না পায়।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমাদের পশ্চিমবাংলার বিধানসভার ইতিহাসে আমাদের সংসদীয় শাসন ব্যবস্থার ইতিহাসে গণতন্ত্রের ইতিহাসে অন্যতম একটা কলঙ্কিত দিন। যে ঘটনা আজকে ঘটে গেল তা শুধু আজকে নয় আগামী দিনে ভারতবর্ষের গণতন্ত্রের ঐতিহ্য এবং সংসদীয় ব্যবস্থা কি ভাবে রক্ষিত হবে তা নিয়ে মানুষের মধ্যে আশঙ্কা দেখা দিচ্ছে. আমাদের এখানে মাননীয় বিরোধী দলের বিধায়ক তিনি বললেন আবেগ প্রবণতার কথা। তিনি বললেন অল্প বয়সী ছাত্রদের মানসিকতার কথা। কিন্তু নিঃসন্দেহে আইন আবেগপ্রবণের জন্য এক ধরনের আইন আর অন্য ক্ষেত্রের জন্য আইন তা হয় না। মানুষ যখন কোন অপরাধ করে থাকে সে অপরাধের পূর্বে তার ভিতরে একটা আবেগ কাজ করে থাকে। সুতরাং যে কোন অপরাধে আবেগ থাকবেই। এই আবেগ প্রবণতার দোহাই দিয়ে তার যে অপরাধ সেটা ক্ষমা করা না হয় এবং আমি মনে করি আজকে তারা যে ভূমিকা নিয়েছে তার পিছনে দক্ষ বাজিগরের মতো কখনও অদৃশ্য আবার কখনও অদৃশ্য ভূমিকা রয়েছে সেই বাজিগরদেরও এই অবস্থায় খুঁজে দেখা দরকার। এই সংসদীয় ব্যবস্থাকে ঠিক মতো পরিচালনা করার জন্য আইনগত ভাবে যা উচিত আপনি নিশ্চয়ই সেই ব্যবস্থা নেবেন।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জঘন্যতম ঘটনা আজ দুপুরে ঘটে গেল এবং এটা ঘটানো হয়েছে পরিকল্পিত ভাবে। আমাদের ডঃ ওপর আলি আমি তাঁকে দেখেছি তিনি অন্তত প্রতিরোধ করার চেষ্টা করেছেন, ছুটে গেছেন।

ছুটে গিয়েছে কিন্তু তার মধ্যে সব দল-বল নিয়ে ঢুকে পড়ল। গেটে যারা ছিল তারা বাধা দেবার চেষ্টা করেছিল কিন্তু তাদের ঘুসি-টুসি মেরেছে। এই অবস্থার মধ্যে দিয়ে ওরা প্রমাণ করতে চেয়েছিল পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা বলে কিছু নেই। প্রমাণ করতে চেয়েছিল যেখানে আমরা বিধানসভায় ঢুকে যেতে পারি সেখানে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলার অবস্থা কী রকম হতে পারে। আর, তাদের এই কাজে কোন কোন অদৃশ্য দাদারা এটা বুঝিয়েছিল। আমাদের গভর্ণমেন্ট চিফ হুইপ বিশেষ করে বলেছেন যে, ওরা নাকি গাড়ী করে এসেছিল। তাই যদি হয় তাহলে পুলিশের কর্তব্য ছিল গাড়ীগুলো দেখা। তা না দেখে কি করে এ্যালাউ করলো? আমি চাই, আপনি সমস্ত বিষয়টার তদন্ত করে দেখবেন এবং যাতে আর কোনদিন কেউ এই রকম অপরাধ করার সাহস না পায় তার দৃষ্টান্ত আশা করি রাখবেন।

[4.40–4.50 p.m.]

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছু দুষ্কৃতকারী আজকে এই বিধানসভায় দুঃখজনক ঘটনা ঘটিয়েছে। এই পবিত্র বিধানসভার একটা ঐতিহ্য এবং সম্মান আছে। মাননীয়

সদস্য রবীন মন্ডল এ বিষয়ে বলেছেন। এখানে এতগুলো ছেলে ঢোকার চেষ্টা করেছে, ঢুকেছে এবং বিধানসভার মধ্যে হট্টগোল পাকিয়ে তুলেছিল, ধ্বস্তা-ধ্বস্তি হয়েছে। কিন্তু গেটে তো পুলিশ ছিল। এখানে এম. এল. এ. বা মন্ত্রীরা খোলাখুলি ভাবে ঘুরে বেড়ায়। কিন্তু গোয়েন্দা দপ্তর তাহলে কি কাজ করছে? ওরা আজকে এখানে এইভাবে ঢুকে এটা তুলে ধরলো যে আইন-শৃঙ্খলার অবস্থা দুর্বল। সুতরাং আজকে আপনি তাদের যে সাজা দেবেন সেটাই আমি চাচ্ছি।

**Mr. Speaker :** Now, I direct the Marshall to produce 21 persons before the Dock of the House.

...... (at this stage, the Marshall went to take 21 persons to produce in the Dock of the House).....

.... (21 persons were produced at the Dock).....

**Mr. Speaker :** Now, the Marshall will ask each one of them - 21 persons over here-whether they are repentent for what they have done.... (At this stage the Marshall asked them)......

..... (Voice - হ্যাঁ) .......

**Mr. Speaker :** Marshall, again ask them, 'if they get further opportunity whether they will repeat what they have done today'

..... (**Marshall :** আর করবে তোমরা?) ........

. ..... (Voice - 'না') ........

........ (**Marshall** : Sir, in future they will not do.) .......

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** Very well. Hon'ble members, I have reported that the incident took place this afternoon five minutes past three. In course of the session what has happened is most unfortunate and it should not have happened at all. We have got the names of 21 persons. They are before us, very young boys, misled and misguided. Parliament is a forum of debate, guided by its own rules, precedents and conduct and society has to respect Parliament. Any attempt to denigrate the Parliament is to denigrate society. It is an attack on the democratic system. If the democratic system does not exist, then you don't exist. We can only exist and survive if the democratic system is sustained, is made healthy, is made strong not to subversive activity, not to anti-democratic activities, not to anti-parliamentary activities. These 21 young men have most probably led themselves be guided by motives which are not parliamentary. Whatever may be the actual idea, whatever

may be the goal, but it is against the very system which tends to support the parliamentary system in our country. What has happened today is a direct and severe attack on this august House. I know two incidents earlier in this House- one was the police attack during United Front Government and the other was related to one of our Hon. Members now - Tapas Roy, happened in the year 1983. But today's incident seems to be bit more violent, the method it was done, the way it was organised. It seems a semi-terrorist fashion. We are passing through a very delicate phase in our country where securities are to be respected, not violated. They came in five vehicles, violated the gate, drove past security, broke through all security barriers and entered the gallery of the House. How can that be accepted? It should never be accepted. When the Hon. Member Tapas Roy in his younger days entered the gallery of this House, he came through a Member's pass. He entered legitimately but then conducted himself in an unparliamentary manner. These young men entered illegitimately, illegally, in a near violent fashion. It is a grave threat to the security of the country, security of the State, security of members and security of the parliament which should never be tolerated. It is very easy and good to say that young people are misguided. We are very compassionate to the young men. We should mould themselves in a correct fashion. At the same time we should be stern and should have taken a lesson for future. Don't misbehave in this manner in future. Parliament has to be stern and compassionate both at the same time - only compassionate not enough. We are very liberal here. We are very compassionate. But, in this case I do not intend to be compassionate. Serious offence, serious attempts have been made. The whole system is denigrated. As such, I intend to move a resolution that the persons calling themselves (1) Susanta Paul, (2) Amit Sarkar, (3) Dipak Lal, (4) Subrata Saha, (5) Raj Kumar Banerjee , (6) Rajdeep Seal, (7) Bisu Mondal, (8) Sanjib Das, (9) Asim Das, (10) Sushanta Kundu, (11) Niladri Sekhar Maity, (12) Subrata Roy, (13) Sushanta Saha, (14) Sajal Ghosh, (15) Kausik Chatterjee, (16) Sujay Roy, (17) Ganesh Chowdhury, (18) Amit Kumar Daripar, (19) Sudipta Brahma, (20) Broja Gopal Ghosh and (21) Surajit Mukherjee entered the gallery of this Assembly at about five minutes past three today, shouted slogans, disturbed the proceedings and were taken into custody by the concerned Watch & Ward and Security Officers of this House and have committed grave offence and are guilty of the contempt of the House.

The House further resolves that the said persons calling themselves - (1) Sushanta Paul, (2) Amit Sarkar, (3) Dipak Lal, (4) Subrata Saha, (5) Raj Kumar Banerjee, (6) Rajdeep Seal, (7) Bisu Mondal, (8) Sanjib Das, (9) Asim Das, (10) Sushanta Kundu, (11) Niladri Sekhar Maity, (12) Subrata Roy, (13) Sushanta Saha, (14) Sajal Ghosh, (15) Kausik Chatterjee,

(16) Sujay Roy, (17) Ganesh Chowdhury, (18) Amit Kumar Daripar, (19) Sudipta Brahma, (20) Broja Gopal Ghosh and (21) Surajit Mukherjee be sentenced to suffer simple imprisonment for three days at Presidency Jail, Alipore, Calcutta.

The motion was then put and agreed to.

I think, these people be taken away by the Marshall of the House and be taken to custody.

The House further resolves that the said persons calling themselves Shri Susanta Paul, Shri Dipak Lal, Shri Subrata Saha, Shri Amit Sarkar, Shri Raj Kumar Banerjee, Shri Rajdeep Seal, Shri Bisu Mandal, Shri Sanjib Das, Shri Asim Das, Shri Sushanta Kundu, Shri Niladri Shekhar Maity, Shri Subrata Roy, Shri Sushanta Saha, Shri Sajal Ghosh, Shri Kausik Chatterjee, Shri Sujay Roy, Shri Ganesh Chowdhury, Shri Amit Kumar Daripar, Shri Sudipta Brahma, Shri Braja Gopal Ghosh, Shri Surajit Mukherjee be sentenced to suffer simple imprisonment for three days at Alipore Presidency jail. I think, these people be taken away by the Marshall of the House and be removed into custody.

.... (The motion was then put and agreed to.).....

....(At this stage the Marshal took them away from the House).....

Now, I have got to make an announcement in this regard. From tomorrow the visitors accompanying the MLAs in vehicles will have to get down at the security gates. The MLAs will be allowed to enter through the gate in the vehicles and the visitors will have to walk into the Assembly. Make a note of it. The visitors in vehicles will not be allowed to enter from tomorrow even if they are accompanied by MLAs. MLAs will be allowed to come in vehicles and the visitors will have to get off at the gates. These security steps I am constrained to take. I did not want to take it. But I am forced to take it because of what has happened today. Members will make a note of it.

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আপনি হিয়ারিং দিয়েছেন, আমরা কৃতজ্ঞ। আপনার রুলিংকে চ্যালেঞ্জ করছি না। কিন্তু আপনি একটু আগে ছেলেগুলিকে দেখেছেন। তাদের সবারই প্রায় বয়স ১৮ বছরের নীচে। আপনি স্যার, অতীতেও—

(প্রচন্ড চীৎকার—চেঁচামেচি ; গোলমাল)

**মিঃ স্পীকার ঃ** বলতে দিন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি অতীতে অনেক এ-রকম ঘটনা দেখেছেন এবং সিদ্ধান্ত

নিয়েছেন। আমি আগেও যেটা বলেছিলাম, স্যার, এই ছেলেরা পার্লামেন্টরি ডেমোক্রেসির যে সিস্টেম, তাকে অবমাননা করার জন্য আসে নি—যাই করুক। সারা পৃথিবীতে ছাত্ররাই হচ্ছে যে কোন মুভমেন্টের টর্চ বেয়ারার। আপনি রুলিং যেটা দিয়েছেন এবং পানিসমেন্ট যেটা দিয়েছেন, ওটা আমাদের বেশী মনে হচ্ছে। আপনি একটু রিকন্সিডার করুন।

**Mr. Speaker :** After the motion is passed generally no debate takes place. I can only tell you because they are repentent I have recommended three days' detention. Had they been not repentent I would have recommended for one month's detention.

[5.00–5.05 p.m.]
(including adjournment)

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, একটু আগে একটা সিদ্ধান্ত হ'ল। আমি মনে করি ছাত্রদের গণতান্ত্রিক আন্দোলনের উপর একটা আঘাত হয়েছে এবং যেভাবে অল্প অপরাধে তাদের শাস্তি দেওয়া হয়েছে তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আমরা এই সভা থেকে ওয়াক-আউট করছি।

(এই সময়ে সমস্ত কংগ্রেস দলের সদস্যরা হাউস থেকে বেরিয়ে যায়)

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আমি ১০ মিনিটের জন্য হাউস অ্যাডজোর্ণ করছি টু রিমুভ the deck and thereafter we shall start the proceedings of the House.

(At this stage the House was adjourned till 5-05)

**(After recess)**

[5.05–5.10 p.m.]

**শ্রী মহঃ হান্নান ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি পঞ্চায়েত বাজেটের সমর্থনে বলতে গিয়ে শিক্ষা, স্বাস্থ্য এবং অন্যান্য বিষয়ে বলতাম। কিন্তু আমার সময় কম করে দেওয়ার জন্য আমি একটি বিষয় হাউসের সামনে উল্লেখ করতে চাইছি। সেই বিষয়টি হচ্ছে, মাননীয় মন্ত্রীমহাশয় পশ্চিমবাংলার পঞ্চায়েতী ব্যবস্থাপনার ভিতর দিয়ে গ্রাম সংসদ করে এক নজীর-বিহীন ইতিহাস তৈরী করেছেন এবং গ্রাম সংসদের বিষয়ে এলাকার মানুষ অভিভূত হয়েছে। আমি এই প্রসঙ্গে একটি বিষয়ে অনুরোধ করবো, গ্রাম সংসদের প্রচারের ব্যাপারটা আরো জোরদার করা দরকার। কারণ গ্রাম সংসদের সভাগুলিতে উপস্থিতির সংখ্যা খুবই কম। এটা বেশী করে যাতে করা যায় সেই দিকে লক্ষ্য দেওয়া উচিত। এ ছাড়া আর একটি কথা বলছি, ২৯টি দপ্তরকে এই পঞ্চায়েতী ব্যবস্থার মধ্যে আজকে যুক্ত করেছেন। সুতরাং এর পরিকাঠামো আরো বেশী বাড়ানো দরকার। এই কথা বলে আমি পুনরায় এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করি এবং আমার

কাট-মোশানের সমর্থনে বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েত দপ্তর তারা যেভাবে একটার পর একটা বিভিন্ন দপ্তরকে এই পঞ্চায়েতের মধ্যে নিয়ে আসছেন, গণতন্ত্রের নামে, সেটা মূল ক্ষেত্রে একটা ভয়ঙ্কর পরিণতি দেখা যাবে।

[5.10–5.20 p.m.]

আমরা দেখতে পাচ্ছি সম্প্রতি ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের সমস্ত কাজকর্ম পঞ্চায়েত দপ্তরের আওতায় নিয়ে আসা হচ্ছে। এ. ডি. এম. (এল. আর) এখন থেকে পুরোপুরি জেলাপরিষদের অধীনে কাজ করবেন এবং তার নামটাও পরিবর্তন করা হয়েছে। এতদিন পর্যন্ত ভূমি সংস্কারের প্রশ্নে বন ও ভূমি সংস্কারের স্থায়ী কমিটি যেটি ছিল তারা সিদ্ধান্ত নিতেন যে খাস জমি কোনটা বিলি হবে, না হবে ইত্যাদি এবং ঐ সম্পর্কে রিভিউ রিপোর্ট ভূমিসংস্কার দপ্তরে পাঠিয়ে দিতেন এবং সেখান থেকে সমস্ত কাজকর্ম হত এখন সমস্তটাই জেলাপরিষদের আওতায় নিয়ে আসা হ'ল। এইভাবে দারিদ্র্য দূরীকরণ এবং গ্রামীন উন্নয়নের ব্যাপারে যে ডি. আর. ডি. এ.-এর কাজ সেগুলিও পুরোপুরি জেলাপরিষদের অধীনে চলে আসছে। আগে এর গভর্ণিং বডির চেয়ারম্যান ছিলেন জেলার সভাধিপতি, এখন সেটা পুরোপুরি জেলাপরিষদ-এর আওতায় নিয়ে আসা হচ্ছে। এ ছাড়া স্বাস্থ্যকেন্দ্র, গ্রামীন হাসপাতাল, শিক্ষা, স্বাস্থ্য, পূর্ত ইত্যাদির কাজও জেলাপরিষদের মাধ্যমে হবে। এর ফলে জেলাপরিষদের যে পরিকাঠামো, তাদের যে শক্তি সেই শক্তির বাইরে দায়িত্ব তাদের উপর চলে আসছে এবং পঞ্চায়েতের যে দক্ষতা সেই দক্ষতার স্বাভাবিকভাবে ঘাটতি হচ্ছে ফলে গ্রামীন বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলি রূপায়নের ক্ষেত্রে পঞ্চায়েত ব্যর্থ হচ্ছে। গ্রামীন উন্নয়নের বিভিন্ন প্রকল্পের জন্য কেন্দ্র যে টাকা দেয় যেমন এমপ্লয়মেন্ট এ্যাসিওরেন্স স্কীম, জওহর রোজগার যোজনা, ইন্দিরা আবাস যোজনা এর ফলে সেই টাকা পঞ্চায়েত খরচ করতে পারছে না, কোটি কোটি টাকা কেন্দ্রে ফেরত চলে যাচ্ছে। এর ফল হচ্ছে মারাত্মক। একটা দৃষ্টান্ত দিলেই সমস্ত ব্যাপারটা স্যার, আপনি বুঝতে পারবেন। একটা জেলা-উত্তর ২৪পরগণা জেলার উদাহরণ আমি দিচ্ছি। এই জেলা গত বছর ১৯ কোটি ১ লক্ষ টাকা ইন্দিরা আবাস যোজনায়, জওহর রোজগার যোজনায়, এমপ্লয়মেন্ট এ্যাসিওরেন্স স্কীম ইত্যাদি নানান স্কীমে কেন্দ্রের দেওয়া টাকা খরচ করতে পারে নি, সেই টাকা ফেরত চলে গিয়েছে। যেমন ইন্দিরা আবাস যোজনা প্রকল্প তারা খরচ করতে পেরেছে৩ কোটি ৬৭ লক্ষ টাকা, খরচ করতে পারে নি ৫ কোটি ২৬ লক্ষ টাকা। মিলিয়ান ওয়েল স্কীম-জল সরবরাহ প্রকল্প তাতে খরচ করেছে ১ কোটি ৪৩ লক্ষ টাকা, খরচ করতে পারে নি ২ কোটি ৪৫ লক্ষ টাকা। এমপ্লয়মেন্ট এ্যাসিওরেন্স স্কীমে খরচ করেছে ২ কোটি ৬৯ লক্ষ টাকা, খরচ করতে পারে নি ৫ কোটি টাকা। ইন্দিরা আবাস যোজনায় খরচ করেছে ৫ কোটি ১৫ লক্ষ টাকা, খরচ করতে পারে নি ৬ কোটি ৩০ লক্ষ টাকা। আমাদের পঞ্চায়েত সাবজেক্ট কমিটি তাদের রিপোর্টে বলেছেন যে স্পেশ্যাল প্রোগ্রাম ফর রুরাল ডেভেলপমেন্ট-গ্রামীণ উন্নয়নের জন্য কেন্দ্রের দেয় টাকা ঠিক মতন খরচ হচ্ছে না। তারা আরও বলেছেন, পঞ্চায়েতগুলি ইউটিলাইজেসান সার্টিফিকেট ঠিক সময় মত না দেওয়ার ফলে কেন্দ্রের পরিপূরক টাকা থেকে রাজ্য বঞ্চিত হচ্ছে। গণতন্ত্রের নামে পঞ্চায়েতের হাতে ক্ষমতা কুক্ষিগত করা হচ্ছে কিন্তু সেখানে তাদের দক্ষতার ঘাটতি থাকায় স্বাভাবিকভাবেই রাজ্যবাসী বঞ্চিত হচ্ছেন। অর্থাৎ এটা করার উদ্দেশ্য

হচ্ছে বিভিন্ন ডিপার্টমেন্টগুলিকে ঠুঁটো জগন্নাথ করা। আজকে বামফ্রন্টের বৃহত্তম দল, যাদের হাতে বেশীরভাগ পঞ্চায়েত রয়েছে, এটা করে তারা ডিপার্টমেন্টগুলিকে কুক্ষিগত করছে। কার্যত তারা ক্ষমতা বিকেন্দ্রীকরণের নামে ক্ষমতাকে কুক্ষিগত করার প্রচেষ্টা নিয়েছে। কিন্তু এটা বিপজ্জনক। তার ফলে আজকে জনগণ সাফার করছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, পেজ ৬.২ তে রয়েছে, আপনি চাইল্ড এডুকেশন সেন্টার করেছেন। ইতিমধ্যে ৮০০ সেন্টার করা হয়েছে, এই বছরের টার্গেট ১০০০। আগামী বছরের মধ্যে ২০০০ সেন্টার করবেন বলে বলেছেন। কিন্তু একটি রিটন্ কোয়েশ্চনের উত্তরে বলা হয়েছে, ৩০০০ শিশু শিক্ষাকেন্দ্র করা হবে। আমার ১নং প্রশ্ন, এই শিশু শিক্ষাকেন্দ্র কোন ক্লাস থেকে কোন ক্লাস পর্যন্ত পড়ান হবে। দ্বিতীয় প্রশ্ন, এই শিশু শিক্ষাকেন্দ্রের পাঠ্যক্রম প্রচলিত প্রাথমিক শিক্ষাক্রমের সঙ্গে সঙ্গতি পূর্ণ কিনা এবং এই শিক্ষার মানে Uniformity থাকবে কিনা? এগুলো যেহেতু গ্রামীন উন্নয়ন দপ্তরের অধীনে, ফলে সমস্ত রাজ্যজুড়ে Uniform শিক্ষার মান ব্যাহত হবে কিনা? তৃতীয় প্রশ্ন, এই শিশু শিক্ষাকেন্দ্রে কতজন করে শিক্ষক থাকবেন এবং শিক্ষকদের বেতনক্রমই বা কি হবে? আমরা শুনেছি, এতে অনুর্ধ্ব ক্লাস এইট পাশ মহিলা, না হলে প্রতিবন্ধী পুরুষরা শিক্ষকতা করবেন। আমার প্রশ্ন, এদের নিয়োগ কে করবেন, নিয়োগের পদ্ধতি কি হবে এবং প্রচলিত প্রাথমিক শিক্ষাস্তরের শিক্ষকদের বেতনক্রমের সমপরিমাণ হবে কিনা? যদি তা না হয় তাহলে এক্ষেত্রে শিক্ষার মানে কি Uniformity থাকবে? এসব প্রশ্ন আজকে মারাত্মকভাবে উঠেছে। আশা করি, এসব প্রশ্নে স্পষ্ট উত্তর দেবেন।

তারপর কথা হচ্ছে, পঞ্চায়েতে যেভাবে দুর্নীতি বেড়েছে—আপনি গ্রাম সংসদ কমিটি, ভিজিলেন্স, মনিটরিং কমিটি ইত্যাদি করেছেন—তাতে এসব তদারকি কমিটির কোন কার্যকারিতা নেই। ফলে যাদের হাতে ক্ষমতা দেওয়া হ'ল তারা কাজ করছেন কিনা, নাকি ক্ষমতার দুর্নীতিকরণ হচ্ছে সেটা ধরতে পারছেন না। পাবলিক এক্সচেকার গ্রাসরুট লেভেলে চলে যাচ্ছে, কিন্তু সেক্ষেত্রে বছর বছর যদি অডিট না হয়, হিসেবের ক্ষেত্রে যদি প্রপার মনিটরিং না হয় তাহলে টাকা ছড়িয়ে দিলেও তার প্রপার ইউটিলাইজেশন হবে না। ফলে এসব বিষয়গুলি দেখা দরকার। এসব বিষয়ে আপনার কাছ থেকে আমি জানতে চাই, বিশেষ করে শিশু শিক্ষাকেন্দ্র সম্পর্কে যা জানাবার বিষয় সেটা স্পষ্ট করে জানাবেন, কারণ রাজ্যের শিক্ষা দপ্তরও কতগুলো শিক্ষাকেন্দ্র পরিচালনা করবেন। আপনি বললেন যে, পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তর প্যারালালভাবে শিক্ষা পরিচালনা করবে, আমার মনে হয় এতে শিক্ষার একটা মানের ইউনিফরমিটি থাকবে কিনা এটা খুব গভীরভাবে চিন্তা করা দরকার এবং এই সম্পর্কে আলোকপাত করবেন এই কথা বলে বাজেটের বিরোধিতা করে কাটমোশান সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.20–5.30 p.m.]

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দলের কেউ নেই, কাজেই আমার বাজেট বক্তৃতার পরেও খুব একটা যে বলার প্রয়োজন আছে বলে মনে করি না। আমি আমার বাজেটকে সমর্থন করছি এবং বিরোধীদের আনীত কাটমোশানের বিরোধিতা করছি। আপনারা যা বলেছেন তার জবাব সংক্ষিপ্ত করে দু-একটি কথা উল্লেখ করতে চাই। বিরোধীপক্ষরা সবাই বলেছেন যে, জওহর রোজগার যোজনা, এমপ্লয়মেন্ট এ্যাসুরেন্স স্কীম

এবং জাতীয় সামাজিক সহায়তা প্রকল্পে কোন কাজ হয় নি। এর বাবদ নাকি কোন টাকা খরচ হয় নি এবং কোন কাজই হয় নি। তাহলে তা মানতে হবে যে, টাকার হাত পা আছে, তাই হাঁটতে হাঁটতে দিল্লী চলে যাচ্ছে। আজকে ওঁনারা থাকলে আমি বলতাম যে, দেখতে অসুবিধা হচ্ছে তো চোখের ডাক্তার দেখান, চশমা ব্যবহার করুন এবং তাতেও না হলে আরো ভাল চিকিৎসার ব্যবস্থা করুন। এখানে ওঁদের একজন এ্যানুয়েল রিপোর্ট পড়লেন এবং তাতে যত খরচ হয়েছে বললেন। অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনাও করলেন। মুশকিল হচ্ছে ওঁনারা যখন পড়লেনই আরেকটু ভাল করে পড়লে ভাল হত। এখানে যে মাসের হিসাব দেওয়া আছে সেগুলো একটু ভাল করে পড়ে দেখলে পারতেন। সেখানে জুলাই মাস পর্যন্ত কত খরচ হয়েছে এবং কোন ক্ষেত্রে নভেম্বর মাস পর্যন্ত কত খরচ হয়েছে তার রিপোর্ট দেওয়া আছে। কিন্তু সেপ্টেম্বর-অক্টোবর মাসের হিসাব তো জুলাই মাসের খরচের হিসাবের সঙ্গে দেখানো যাবে না। সেপ্টেম্বর-অক্টোবর মাসের খরচের বার্ষিক হিসাব সেই বছরের শেষে পাওয়া যাবে। অথচ ওঁনারা বললেন যে, এই খরচের ক্ষেত্রে শতাংশের হার খুব কম। এ্যানুয়াল রিপোর্ট নিয়ে হিসাব নির্ধারণ করতে গেলে আর্থিক বছরের হিসাব ধরে করতে হয়। সব আর্থিক বছরের হিসাব একসঙ্গে ধরা তো সম্ভব নয়। জাতীয় সামাজিক সহায়তা প্রকল্পের সম্পর্কে বলছি আমার কাছে দু-একটি হিসাব আছে। অতো সময় নেই বলার তবুও দু-একটি বলতে হচ্ছে যেহেতু বিধানসভায় লিপিবদ্ধ থাকবে। তারপরে বার্ধক্য ভাতার কথা বললেন এবং কোথার থেকে তথ্য তুলে আনলেন বুঝতে পারলাম না। ১৯৯৮-৯৯ সালের আর্থিক বছরে এই বার্ধক্য ভাতার লক্ষমাত্রা ছিল ৩ লক্ষ ৫৩ হাজার ৯০০ অর্থাৎ তার প্রায় ৯৯ শতাংশ আমরা অর্জন করতে পেরেছি। ৩ লক্ষ ৫৬৫ জনকে আমরা বার্ধক্যভাতা দিতে পেরেছি। তারপরে ফ্যামিলি বেনিফিট স্কীমে একজনও এ্যাকসিডেন্ট বা দুর্ঘটনাজনিত কারণে মারা গেলে তাদেরকেও অর্থ সাহায্য দেওয়া হচ্ছে। অবশ্য দারিদ্র্য সীমার নীচের পরিবারবাই এই আর্থিক সাহায্য পেয়ে থাকে। এক্ষেত্রে ওইসব পরিবারের কেউ যদি ১৮ - ৬৫ বছরের মধ্যে মারা যায় তাদেরকেই এই আর্থিক সহায়তা দেওয়া হয়ে থাকে। সেখানে লক্ষ্যমাত্রা ছিল ১ লক্ষ ৭৪, আর আমরা সেখানে ১ লক্ষ ৮২৭ জনকে আর্থিক সাহায্য দিয়েছি অর্থাৎ ১৬০ পার্শেন্ট অর্জন করেছি। আমরা কেবল টাকা বেশী খরচ করতে পাবিনি মাতৃত্বকালীন ভাতা দেওয়ার ক্ষেত্রে। সেখানে একটু কম হয়েছে, এর লক্ষ্যমাত্রা ছিল ৭১ শতাংশ, এক্ষেত্রে আমাদের উন্নতির আরো সুযোগ আছে। এইরকম কয়েকটি উদাহরণ তুলে তার হিসাব দিলাম। জওহর রোজগার যোজনা এমপ্লয়মেন্ট এ্যাসুরেন্স স্কীম এবং আই আর ডি পি স্কীমের খরচের হিসাব দেওয়া আছে বাজেট বইতে। বাজেট বইতে যে বিবৃতি দিয়েছি তাতে আমাদের যে যে খরচ হয়েছে তার হিসাব দিয়েছি। কিন্তু এতে আমরা কখনো বলছি না যে এতে আমরা আত্মসন্তুষ্ট। আত্মসন্তুষ্টির আমাদের কোন কারণ নেই। আমরা কাজের ধারা অনুযায়ী করে যাচ্ছি। এই বছরের কাজের হিসাবের সঙ্গে সেপ্টেম্বর-অক্টোবর মাসের যে খরচ সেটা দিতে পারিনি কারণ গতবারে নতুন পঞ্চায়েত বসার পরে নতুন কর্মাধ্যক্ষ নিয়োগ এসব হতে সময় লাগে।

ওরা সব সেপ্টেম্বর, অক্টোবরে কাজ বুঝেছেন, তার পরে আমাদের এখানে কাজ হয় ডিসেম্বর মাসের পরে, কারণ জুন থেকে ডিসেম্বরে বৃষ্টি আরম্ভ হয়ে গেলে আর ডিসেম্বর পর্যন্ত কাজ হয় না। ওরা গ্রামে থাকেন না, এইসব কথা জানেন না। তারপরে এবারে পঞ্চায়েত

নির্বাচন হল, তার আগে লোকসভা নির্বাচন হয়ে গেছে। নির্বাচনের সময় আমাদের কাজকর্ম একটু ক্ষতিগ্রস্ত হয়, বিশেষ করে পঞ্চায়েত নির্বাচনের জন্য। যারা চলে যাচ্ছেন, যারা আসবেন তাদের জন্য মাঝখানে কয়েক মাস কিছুটা ক্ষতিগ্রস্ত হয়। তার জন্য আমাদের যা খরচ করা উচিত ছিল ততটা আমরা ঠিক ঠিকভাবে খরচ করতে পারিনি। এছাড়াও অনেক অসুবিধা আছে। আমরা দিল্লী থেকে টাকা-পয়সা যে সব পাই সেখানেও আমাদের একটু বিলম্ব হয়। আমরা হয়ত রিপোর্ট পাঠালাম তার পরে টাকা-পয়সাটা পেতেও সময় লাগে। আমি দু-একটি উদাহরণ উল্লেখ করছি, এখানে জেলার নাম ধরে কয়েকটি কথা বলা হয়েছে। এমপ্লয়মেন্ট এ্যাসিওরেন্স স্কিমে দক্ষিণ ২৪ পরগণা জেলা অর্থ খরচ করার পরে তার হিসাবের ইউটিলাইজেশান সার্টিফিকেট পাঠালেন এবং দিল্লী গেল, এটা হচ্ছে ২৪।১২।৯৮ তে ওরা পেলেন। একটা ইনষ্টলমেন্ট এল ফেব্রুয়ারী মাসের ৪ তারিখে। তাহলে এই যে ২ মাস সময় লাগল-এর জবাব কে দেবে? মুর্শিদাবাদ জেলা ওরা হিসাব পাঠালেন এমপ্লয়মেন্ট এ্যাসিওরেন্স স্কিমের, ইউটিলাইজেশান সার্টিফিকেটও দিলেন ফেব্রুয়ারী মাসের ২২ তারিখে, সেটা মে মাসে এ্যড-হক রিলিজ হয়েছে দিল্লি থেকে। ফেব্রুয়ারী থেকে মে মাস - তিন মাস কাজটা কি করে করবেন? জওহর রোজগার যোজনা দক্ষিণ ২৪ পরগণা ১৮।১২।৯৮ তে ইউটিলাইজেশান রিপোর্ট দিল, সেখানে রিলিজ হল গভর্ণমেন্ট অফ ইন্ডিয়া থেকে ফেব্রুয়ারীর ২৬ তারিখে, যখন ফিনান্সিয়াল ইয়ার শেষ হতে যাচ্ছে। কুচবিহারের ডিসেম্বরের ২৪ তারিখে গেল, ফলে ইনষ্টলমেন্টটা মার্চ মাসের ৮ তারিখে পেলেন। আরো উদাহরণ আমি দিতে পারি। আমরা বলি কেন্দ্রের এই যে খবরদারীর একটা চেষ্টা, সর্বসম্মত সিদ্ধান্ত হয়েছে, প্রায় বছর দশেক আগে, জাতীয় উন্নয়ন পর্ষদ-এন. ডি. সি. র সিদ্ধান্ত, কেন্দ্রীয় প্রকল্পগুলি রাজ্যের হতে হস্তান্তর করে দিতে হবে অর্থ দিয়ে ওরা সেখানে কি করছেন? এই বছরে ৩ বার গাইড লাইন দিয়েছেন। এখন তো মুস্কিল হচ্ছে বছর বছর সরকার বদ্‌লাচ্ছে, কর্মসূচীর নামও বদলে যাচ্ছে, গাইড লাইন বদলে যাচ্ছে। একটা শুরু করতে না করতে আর একটা এসে গেল। কেমন করে কাজ করবেন। ওরা হেড মাস্টারি করছেন দিল্লিতে, এই অবস্থার মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে, এই হচ্ছে অসুবিধা। আর ছোটখাট দু-একটি কথা আমাদের উল্লেখ করতে হবে যেহেতু ওরা বলেছেন। দেব প্রসাদবাবু একটা কথা বলেছেন, অনেকেই বলেছেন, শিশু শিক্ষা কেন্দ্র নিয়ে, বাংলায় আমরা এত গাইড লাইন দিচ্ছি। আমরা বলিনি-প্রথাগত শিক্ষা যা আছে প্রাথমিক বিদ্যালয়ে তার পরিবর্তন হবে, বিকল্প হবে। এটা আমরা বলছি না। ঐটাও চলছে তার সঙ্গে এটাও চলবে। কেন এটা চালু করার দরকার হল, এটা অনেক আগেই হওয়ার দরকার ছিল। স্বাধীনতার সময়ে সংবিধানের নির্দেশিকাতে বলা হয়েছিল সার্বজনীন শিক্ষা ব্যবস্থা চালু করতে হবে। এত বছর পেরিয়ে গেল ৫টি দশক অতিক্রম হয়ে গেল তার পরেও আমরা কিছু করতে পারলাম না। এখন আমরা হিসাব করে দেখছি দিল্লিও করে দেখেছে প্রথাগত শিক্ষা দিতে গেলে সার্ব্বজনীন শিক্ষা দিতে গেলে যে টাকা লাগবে, যা বেতনক্রম লাগবে তাতে পুরো পঞ্চবার্ষিকী পরিকল্পনার যা মোট টাকা সেটা দিয়েও হবে না। আমরা কি এক্ষেত্রে হাত গুটিয়ে বসে থাকবো? আমরা এটাকে আন্দোলনে রূপ দিতে চাইছি, যাতে আমাদের গ্রামের ছেলেমেয়েরা স্কুলে যেতে পারে। তার জন্য আমাদের গ্রামের মানুষরা তারা নিজেরা সংগঠিত হবেন এবং শিশু শিক্ষাকেন্দ্র সংগঠিত করবেন। তারা ৯ জনের পরিচালন কমিটি গঠন করবেন। তার মধ্যে ৭ জন হবেন

অভিভাবক, এই ছেলেমেয়েদের যারা অভিভাবক অভিভাবিকা তারাই হবেন সংখ্যাগরিষ্ঠ। তারা নিয়োগপত্র দেবেন। নিয়োগপত্র নিয়ে দলবাজী হবে-এই কথা বলা হয়েছে এখানে, যাকে নিয়োগ করবেন তিনি সেই গ্রাম থেকে হবেন বাইরে থেকে আসবেন না। তারা ওদের কাছে দায়বদ্ধ থাকবে। আমরা সমগ্র পঞ্চায়েতের মাধ্যমে টাকাটা তাদেরকে পৌছে দেব। মূল কথা হচ্ছে, ঐ ম্যানেজিং কমিটি পরিচালন কমিটির কাছে। এখানে এই যে বললেন একজন, পরিচালনা নিয়ে দলবাজী হবে, গ্রুপ হবে, কে নিয়োগ করবেন, এইসব কিছু পঞ্চায়েত করবে। বেতন বলে কিছু নেই। ১ হাজার টাকা সরকার সহায়কি পিছু দেবে। বেতনক্রম কিছু নেই। ওরা যদি মনে করেন বেশী দেবেন তাহলে পরিচালনা কমিটি তা দিতে পারে। সেটা ওদের ব্যাপার। ওদের উপর প্রধানতঃ নির্ভর করতে হবে আমাদের। এটা হচ্ছে মূল কথা।

[5.30–5.40 p.m.]

প্রাইমারী স্কুলে যে বই দেওয়া হয় সেই বই তাদেরও দেওয়া হবে, পরীক্ষা একই সঙ্গে নেওয়া হবে। কাজেই এখানে আলাদা কিছু ব্যাপার নেই। আর মানটা কি হবে সেটা দু-তিন বছর গেলে দেখা যাবে। এছাড়া আরও অনেক তথ্য এখানে বলা হয়েছে, কিছু উল্টোপাল্টা কথা এখানে বলা হয়েছে। দশম অর্থ কমিশনে এই এই রাজ্য অনেক বেশী ইনস্টলমেন্ট পেল। কিন্তু আমরা এত কম ইন্সটলমেন্ট পেলাম কেন? আমরা সব ইন্সটলমেন্ট পেয়েছি, চতুর্থ ইনস্টলমেন্টটা এই বছরেই পাব। আমি শুধু এইটুকু বলব যা খরচ হয় সেটার রিপোর্ট আমরা পাঠিয়ে দিই, যেটা খরচই করলাম না তার রিপোর্ট পাঠাব কি করে। এখানে একজন সদস্য বক্তৃতা দেওয়ার সময় বলেছেন ভিজিলেন্স সব কাগজে কলমে আছে। আমাদের দুর্ভাগ্য হচ্ছে বিরোধী দল ভিজিলেন্স কমিটিতে তাদের প্রতিনিধি ঠিক করতে দু'বছর সময় লাগিয়েছে। আমরা প্রতি জেলায় ডিস্ট্রিক্ট কাউন্সিল করেছি এবং বিরোধী দলের নেতাকে সেখানে চেয়ারপার্সন করা হয়েছে। একটি ডিস্ট্রিক্ট কাউন্সিলে প্রথম মিটিং হওয়ার পরে আমি তাদের জিজ্ঞাসা করলাম কোন অসুবিধা হচ্ছে কিনা। আমাকে সেখানে থেকে বলা হয়, অসুবিধা হচ্ছে চেয়ারপার্সন গাড়ী চাইছে। আমি তাদের বললাম গাড়ী যদি কাজে লাগে তাহলে দেবেন। ওরা আমাকে বলল, অসুবিধা হচ্ছে ওনার গাড়ী কেউ চালাতে চান না। উনি গাড়ীতে যান, কিন্তু ওনার সাথে এমন কিছু যায় যাতে ওরা ভয় পায়। যাই হোক ঐ লোকটিকে পুলিশ গ্রেপ্তার করেছে এবং ওর বাড়ী থেকে অস্ত্রশস্ত্র পাওয়া গিয়েছে। তাহলে আমি কি করতে পারি। এই বিষয়গুলো আমি বলতে পারছি না। আমার অনেক কথা বলার ছিল, কিন্তু সেই সব কথায় আমি যেতে পারছি না। খালি আমি এইটুকু বলতে পারি, যা কিছু হচ্ছে এখানকার পঞ্চায়েতেই হচ্ছে। আর কোথায় কি হচ্ছে সেটা সবাই জানে, আর সেইজন্য অন্য রাজ্য থেকে বা অন্য দেশ থেকে তারা আমাদের পঞ্চায়েত দেখতে আসছে। তবে তার মানে এই নয় যা হচ্ছে তার সবটাই ঠিক। এখানে আমি হিসাব পরীক্ষা-নিরিক্ষা, অডিট নিয়ে কয়েকটি কথা বলতে চাই। ওরা বললেন আমরা নাকি অডিট করছি না। এই বছরে আমরা যা অডিট করেছি তা অতীতের সমস্ত রেকর্ড ম্লান করে দিয়েছে। জেলা পরিষদের অডিট, পঞ্চায়েত সমিতির অডিট করাটা আমাদের উপরে নির্ভর করে না। এটা একজামিনার অফ লোকাল এ্যাকাউন্টস করে, আর এটা আমাদের রাজ্য সরকারের অধীনে নয়। ১৯৯৬-৯৭ সালে আমরা পাঁচ বছর পিছিয়ে ছিলাম, ১৯৯৭-৯৮

সালে আমরা আড়াই বছর পিছিয়ে ছিলাম, আমরা অনেক চাপ দিয়েছি তাদের উপরে, এখন আমরা মাত্র এক বছর পিছিয়ে আছি। সব জেলা পরিষদেই ১৯৯৬-৯৭ সাল পর্যন্ত স্ট্যাটিউটারি অডিট আমরা করিয়ে নিয়েছি। পঞ্চায়েত সমিতির অডিটও ওরা করেন, কিন্তু নানান কারণে ওরা এটা করতে পারছিলেন না। ১৯৯৬-৯৭ সালে এটা ১৪টা হয়েছিল, ১৯৯৭-৯৮ সালে এটা ২৬টা হয়েছিল এবং গত আর্থিক বছরে এটা ১৬৬টা হয়েছিল। রাজ্য সরকার যেটা করে সেটা হচ্ছে গ্রাম পঞ্চায়েতের অডিট। গ্রাম পঞ্চায়েতের অডিটে আমরা সর্বোচ্চ জায়গায় যেতে পেরেছি। এই রেকর্ড অতীতে ছিল না। বেশীর ভাগ জায়গাতেই গ্রাম পঞ্চায়েতের অডিট ৯৫ শতাংশে আমরা পৌঁছাতে পেরেছি। আমরা আশা করছি গত আর্থিক বছরের অডিটের কাজটাতেও আমরা অনেকটা এগিয়ে যেতে পারব। কাজের ধারার আমরা উন্নতি করতে পেরেছি।

দুর্নীতি হলে কেউ কোথাও পার পেয়ে যায়, সেটা নয়। আমরা অডিট ফলোআপ করে ব্যবস্থা নিচ্ছি। ৯২তে পঞ্চায়েত হওয়ার পর এই পর্যন্ত ১০৮ জনের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। তার ২৩টির এখনও তদন্ত চলছে। ৪টি কেসে তদন্তে যা পাওয়া গেছে—সেটা ছোটখাটো পদ্ধতিগত ত্রুটি, ইত্যাদি করেছে, তাদের সতর্ক করা হয়েছে। ৭৩টি কেসে এফ. আই. আর. করা হয়েছে এবং ২০ জনকে সাসপেন্ড করা হয়েছে। আর ৫ জনকে গ্রেফতার করা হয়েছে। এই মোটামুটি হিসেব দিলাম বোঝাবার জন্য যে, অডিট করার পরও ফলোআপ করি। গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতির কর্মচারীরা সরকারি কর্মচারি হওয়া সত্ত্বেও তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়। গ্রাম সংসদে ভালো রেকর্ড হয়েছে। গত নভেম্বর মাসে গ্রাম সংসদে ৮৯ শতাংশ মিটিং হয়েছিল। আমরা বলেছিলাম কেন বাকি ১১ শতাংশ হবে না? আমরা চাপ দিয়ে ৯৯ শতাংশে আনতে পেরেছি। তবুও বলেছি আর ১ শতাংশ কেন হবে না? উপস্থিতির হার ১৯ শতাংশ ছিল, সেটা এবারে ৯৯ শতাংশ হলেও ১৬ শতাংশ গ্রাম সংসদের সভা বেশী হয়েছে, কিন্তু উপস্থিতির হার কম হয়েছে। নভেম্বরে হয়েছিল ১৯ শতাংশ ভোটার। নির্বাচকমন্ডলী পশ্চিমবাংলায় এক জায়গায় সম্মত হয়েছে, উপস্থিতি বেশী হতে হবে। গ্রাম সংসদের মিটিংগুলোতে এখন উপস্থিতির হার বেশী হলেও এটা যথেষ্ট না। কিন্তু এই রেকর্ডও ভারতবর্ষ কেন, পৃথিবীর মধ্যে কত জায়গায় আছে কেউ বলতে পারবে? এর চেয়ে ভালো রেকর্ড কোথায় আছে কেউ বলতে পারবে? আমরা করবার চেষ্টা করছি। তার মানে এই নয় যে, আমাদের কাজ আমরা সব করতে পেরেছি। বাজেট বক্তৃতায় লিখিত ভাবেও সেটা দেখিয়েছি। আমাদের এই কাজ কিছু হলেও ক্ষতিগ্রস্ত হচ্ছে, আমরা এর উন্নতি বিধানের চেষ্টা করব। অন্যাদের সঙ্গে তুলনা করে কি হবে, সেখানে তো পঞ্চায়েত নেই, আমাদের আছে, আমরা সেটাকে আরও উন্নত করবার চেষ্টা করছি। আমরা যে দৃষ্টান্ত এখানে তুলে ধরেছি, সেই দৃষ্টান্তকে আরও উজ্জ্বলতর করে তুলতে পারব।

এই কটি কথা বলে, আমাদের বাজেটকে সমর্থন করে, বিরোধী পক্ষের আনিত কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 59**

The motions of Shri Abdul Mannan, Shri Pankaj Banerjee, Shri Shashanka Sekhar Biswas, Shri Ram Janam Manjhi, Shri Nirmal Ghosh,

Shri Saugata Roy, Shri Kamal Mukherjee, Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs.38,55,03,000 be granted for expenditure under Demand No.59 Major Head : "2501-Special Programmes for Rural Development" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 12,72,16,000 already voted on account in March, 1999 )

was then put and agreed to.

**Demand No. 60**

The motion of Shri Abdul Mannan that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motions of Shri Abdul Mannan, Shri Saugata Roy, Shri Pankaj Banerjee, Shri Ram Janam Manjhi, Shri Ashok Kumar Deb, Shri Shashanka Sekhor Biswas, Shri Ajoy De, Shri Kamal Mukherjee and Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

[5.40–5.44 p.m.]

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 409,26,92,000 be granted for expenditure under Demand No. 60, Major Head: "2505-Rural Employment" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 135,05,88,000 already voted on account in March, 1999)

was then put and agreed to.

**Demand No. 62**

The motions of Shri Nirmal Ghosh, Shri Shashanka Shekhar Biswas, Shri Sankar Singh, Shri Deba Prasad Sarkar, Shri Kamal Mukherjee, Shri Pankaj Banerjee, Shri Ajoy De, Shri Ashoke Kumar Deb, Shri Ram Janam Majhi, that the amount of the demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 370,04,78,000 be granted for expenditure during the year 1999-2000 under Demand No. 62, Major Heads: "2515-Other Rural Development Programmes (Panchayati Raj), 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515-Loans for Other Rural Development Programmes (Panchayati Raj)".

(This is inclusive of a total sum of Rs. 122,11,58,000 already voted on account in March, 1999).

was then put an agreed to.

### Demand No. 63

The motion of Shri Shashanka Shekhar Biswas and Shri Kunal Mukherjee that the amount of the demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 91,12,38,000 be granted for expenditure during the year 1999-2000 under Demand No. 63. Major Heads: "2515-Other Rural Development Programmes (Community Development) 4515-Capital Outlay on Other Rural Development Programmes (Community Development) and 6515-Loans for Other Rural Development Programmes (Community Development.)"

(This is inclusive of a total sum of Rs. 30,07,09,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 5.44 p.m. till 11 a.m. on Friday, the 9th July, 1999 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 9th July, 1999 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 7 Ministers, 6 Ministers of State and 126 Members.

[11.00–11.10 a.m.]

**Mr. Speaker :** I have to inform the members that the former member of this House Mr. Nihar Dutta Mazumdar has expired. The dead body will be coming here around 11.30 - 11.45 p.m. as I am informed. When the dead body will arrive I will close the question hour and ask the Hon'ble minister to make a statement, if any. After that we will go to pay homage to the dead body and we will be meeting after recess only, today being Friday. There will be no mention and zero hour.

### Held over Starred Questions
### (to which oral Answers were given)

#### ডানকুনি স্টেশনের পাশে উড়ালপুল নির্মাণ

*৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডানকুনি স্টেশনের পাশে রেলওয়ে লেভেল ক্রসিং-এ উড়ালপুল নির্মাণের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ**

(ক) আছে।

(খ) বিষয়টি একেবারেই প্রাথমিক পর্যায়ে আছে, তাই উক্ত কাজ কবে নাগাদ শুরু করা যাবে সে ব্যাপারে এখনই কিছু বলা যাচ্ছে না।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে অতিরিক্ত প্রশ্ন মন্ত্রীমহাশয় জানিয়েছেন ডানকুনি ষ্টেশনের পাশে রেলওয়ে লেভেল ক্রশিং-এর ফ্লাই ওভার-এর কাজ সরকারের বিবেচনাধীন আছে। এটা প্রাথমিক পর্যায়ে আছে। ওই

অঞ্চলের মানুষ খুবই দুর্গতির মধ্যে আছে লেভেল ক্রশিং না হওয়ার ফলে। প্রতিদিন প্রায় ১৬ ঘন্টা গাড়ি বন্ধ হয়ে থাকছে। একটা গাড়ি যদি আটকে যায় তাহলে ৪০। ৪৫ মিনিট মানুষকে অপেক্ষা করতে হয়। এটা খুবই গুরুত্বপূর্ণ রাস্তা। দিল্লী রোড, দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে, অহল্যাবাই রোড ডানকুনি লেভেল ক্রশিং-এর একটি লিঙ্ক রোড। তো এই আপনি বলেছেন, এই কাজটা প্রাথমিক পর্যায়ে আছে। এই কাজটা করার জন্য আমাদের রাজ্য সরকার কতটা দায়িত্ব পালন করবেন। যেহেতু রেল দপ্তর এর সঙ্গে জড়িত তারাই বা কতটা দায়িত্ব পালন করবে। এই বিষয়ে আপনাদের দুই দপ্তরের সঙ্গে কোন কথাবার্তা হয়েছে কিনা?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** এই বিষয়ে একটা গণ কনভেনশন অনুষ্ঠিত হয়েছিল কিছুদিন আগে। সেই গণ কনভেনশনে আমিও উপস্থিত ছিলাম। স্থানীয় মানুষ, জনপ্রতিনিধি অনেকে উপস্থিত ছিলেন এবং বিশদভাবে তারাও সেখানে বলেছিলেন যে এটার প্রয়োজনীয়তা কতখানি। প্রস্তাবটা পাওয়ার পর আমাদের পি. ডব্লু. ডি. রোডসের যারা একজিকিউটিভ ইঞ্জিনিয়ার তাদের সঙ্গে যোগাযোগ করতে বলি, স্থানীয় জনপ্রতিনিধিদের। সমস্ত বিষয়টা একটা এষ্টিমেট করে দিলে, সেই এস্টিমেটটা আমি ডি. পি সি. তে দেব। তাদের থ্রু দিয়ে ষ্টেট প্ল্যানিং বোর্ডে পাঠাবার কথা বলেছি। সেই অনুযায়ী এষ্টিমেট তৈরী হচ্ছে এবং এষ্টিমেট তৈরী হওয়ার পর এটা প্ল্যানিং কমিটির অনুমোদনের দরকার এবং প্ল্যানিং কমিটির অনুমোদন পাওয়ার পর স্টেট প্ল্যানিং বোর্ডে আসবে। আমরা নীতিগত ভাবে রাজ্য সরকারের পক্ষ থেকে এটা মেনে নিয়েছি, এখন ফ্লাই ওভার করতে হবে। ফ্লাই ওভার করতে গেলে সাধারণত যে ব্যয় হয় তার ৫০ ভাগ রেল দেবে, আর ৫০ ভাগ রাজ্য সরকার দেয়। সুতরাং বিভিন্ন জায়গায় যে ফ্লাই-ওভার যে নিয়মে হয় এখানেও সেই নিয়মেই হবে। রেলের অফিসারদের সাথে বেশ কয়েকটা ফ্লাইওভার নিয়ে কথাবার্তা বলেছি। ইষ্টার্ন রেল এবং সাউথ ইষ্টার্ন রেলের সাথে কথা বলেছি। গতকালই আমরা বাগনানে একটা ফ্লাই-ওভারের জায়গা দেখেছি। সাউথ ইষ্টার্ন রেলের চীফ্ জেনারেল ম্যানেজারের সাথে চীফ্ ইঞ্জিনীয়ারদের সঙ্গে বৈঠক হয়েছে। ইষ্টার্ন রেলের সঙ্গে কথাবার্তা হয়েছে ডানকুনিসহ আরও কতগুলি ফ্লাই-ওভারের ব্যাপারে ওদের নীতিগত ভাবে কোন আপত্তি নেই। এখন প্রস্তুতি পর্যায়ে যেগুলি দরকার সেগুলি করতে হবে। তার পর ওদের সঙ্গে আরও বসতে হবে, আলোচনা করতে হবে এবং আশা করছি ওরা অনুমোদন দেবেন।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী জানালেন যে কত দূর অগ্রগতি হয়েছে এখনও এষ্টিমেট কিছুই হয়নি এবং উনি কনভেনশনের কথা বললেন, আমরা সকলে গিয়েছিলাম এবং উনিও ছিলেন। কনভেনশনের পর ৫ হাজার মানুষের গণস্বাক্ষর রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে জমা দেওয়া হয়েছে এই দাবীতে। আমি এই প্রসঙ্গে একটা কথা জানতে চাইছি আমাদের রাজ্যে বিভিন্ন ফ্লাই-ওভার আছে রেল লাইনের উপরে। সেগুলি মেনটেন্যান্সের দরকার। এর মেনটেন্যান্স কারা করে? এর আগেও বিধানসভায় অনেক সদস্য উল্লেখপর্বে আলোচনা করেছেন যে বহু ফ্লাইওভার-এর উপর রেলিং ছিল

সেগুলি ভেঙে গেছে। যেমন বালিতে দিল্লী রোডের একটা ফ্লাইওভার এবং শ্রীরামপুরে লেভেল ক্রসিংয়ের উপর ফ্লাইওভারটি ভেঙে গেছে। এর রক্ষণাবেক্ষণের জন্য রেল দপ্তর কোন টাকা রাজ্য সরকারকে দেয় কি না? যদি দেন, তাহলে আপনাদের দপ্তর করে কি না? এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়, যদিও এটা ডানকুনির সাথে যুক্ত নয়। কিন্তু রেলের ফ্লাইওভারের উপর রেলিং সেগুলি বেশীর ভাগ জায়গায় ভেঙে গেছে, এ ব্যাপারে যদি কিছু বলেন।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** রেলের উপরে যে অংশটা সেটা রেল তৈরী করে, আর দুদিকের এ্যাপ্রোচ সেটা আমরা তৈরী করি। সাধারণতঃ যদি রেলের পোর্সানে কোন ফ্লাইওভার হয় সেটা রেল রেকটিফাই করে থাকে। কোন কোন ক্ষেত্রে এই ফ্লাইওভার তৈরী হয়ে যাবার পর যখন সেখানে ফেলইয়োর আমরা দেখি এবং রেলকে আমরা বলি। রেল তখন আমাদের কাছে টাকা চেয়ে বসেন। এ ক্ষেত্রে রেলকে আমাদের টাকা জমা দিতে হয়, টাকা জমা দেওয়ার পর রেল সেই কাজ করে। ফ্লাইওভার তৈরী হওয়ার সময় ৫০ পারসেন্ট রেলের আর ৫০ পারসেন্ট খরচ আমাদের রাজ্য সরকারের থাকে, কিন্তু রক্ষণাবেক্ষণার দায়দায়িত্ব সেটা বেশীর ভাগ ক্ষেত্রেই রাজ্য সরকারের উপর যায়। লোকে যখন ফ্লাইওভার ব্যবহার করতে শুরু করেন, স্বাভাবিক ভাবেই তখন রাজ্য সরকারকে বলেন। আমরা রেলকে এ্যাপ্রোচ করি এবং রেলকে অর্থ দিই এবং রেল করে দেয়। ছোট-খাটো রিপেয়ার যেগুলি আছে সেটা আমরা করি এবং সে জন্য রেল অনুমোদন দেয়। কিন্তু মেজর ফেলইয়োর হলে সেই কাজ করতে গেলে রেল করে, আমরা রেলকে টাকা জমা দিই।

[11.10–11.20 a.m.]

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, ডানকুনি ফ্লাইওভার তৈরীর কাজ প্রাথমিক পর্যায়ে বিবেচনাধীন আছে এবং তার সঙ্গে আরো কয়েকটা নিয়ে ভাবছেন। আমি শক্তিগড় ব্রীজের কথা জানতে চাইছি। শক্তিগড়ের গেটে বাস, ইত্যাদি গাড়ীর জ্যাম হয়ে যায় এবং লোকাল ট্রেন, মেইল, এক্সপ্রেস ট্রেন এখান দিয়ে পাস করে। সুতরাং, শক্তিগড়ের ওখানে কোন ফ্লাইওভার তৈরীর চিন্তা-ভাবনা আছে কিনা এবং এ নিয়ে রেল দপ্তরের সঙ্গে কথা-বার্তা হচ্ছে কিনা?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** হ্যাঁ, শক্তিগড়ে ফ্লাইওভার করতে হবে। না হলে দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে যথাযথ ভাবে ব্যবহার করা যাবে না। পানাগড়ে আগেই ফ্লাইওভার হচ্ছে, শক্তিগড়েও করলে এই রাস্তায় আর বাধা থাকবে না। কিন্তু এটা এন. এইচ. -র উপর এবং এই অংশটা উন্নত করার দায়-দায়িত্ব 'ন্যাশানাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া' বলে একটা নতুন সংগঠনকে দেওয়া হয়েছে। কাজেই শক্তিগড় ফ্লাইওভার এন. এইচ. এ. আই.-রা করবেন। সেই ভাবে কথা হয়েছে। কাজেই পানাগড় থেকে পালসিট পর্যন্ত রাস্তাটা প্রশস্ত করার দায়িত্ব তারা নিয়েছেন। পানাগড়-রাণীগঞ্জও তারাই করছেন। এর পরে ডানকুনি থেকে পালসিট করবেন। এর মধ্যে শক্তিগড় পড়ছে। সেটা করার দায়িত্ব তাদের। কাজেই এটা হবে। তারা নেক্সট এটা করবেন।

**শ্রী রমেশ রায় ঃ** স্যার, মেখলিগঞ্জ-চেংড়াবান্ধা থেকে ময়নাগুড়ি রাস্তাটা গুরুত্বপূর্ণ। চা-য়ের এক্সপোর্ট ইমপোর্টের ব্যবসার জন্য এখানে প্রতিদিন ৫।৬০০ ট্রাক দাঁড়িয়ে থাকে। এতে সাধারণ যাত্রীদের যাতায়াতের সমস্যা সৃষ্টি হচ্ছে। বর্ষার সময় হলে অবস্থা আরো খারাপ আকার ধারণ করে এবং মাঝে মধ্যেই ট্রাক পাল্টি খেয়ে যাতায়াত বন্ধ হয়ে যায়। আমরা শুনেছি বিশ্ব-ব্যাঙ্কের সহায়তায় ময়নাগুড়ি থেকে চেংড়াবান্ধা রাস্তাটা নাকি সম্প্রসারণ করা হবে। এটা কবে হবে?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** প্রশ্নটা প্রাসঙ্গিক নয়, আমরা ফ্লাইওভার সম্বন্ধে আলোচনা করছিলাম। তাও মাননীয় সদস্য জানতে চেয়েছেন বলে বলছি। বিশ্বব্যাঙ্কের সহায়তা যে কটা রাস্তার জন্য চিহ্নিত হয়েছে তার মধ্যে এই রাস্তাও আছে। কাজেই বিশ্ব-ব্যাঙ্কের সঙ্গে যে কথা-বার্তা হচ্ছে তা যদি ম্যাচিওর করে তাহলে এই রাস্তাটাও প্রশস্তকরণ, শক্তপোক্তকরণ এবং আন্তর্জাতিক মানের করে তৈরী করা হবে বলে ঠিক হয়ে আছে। তবে এটা নির্ভর করছে বিশ্ব-ব্যাঙ্কের সঙ্গে যে কথাবার্তা হয়েছে তা শেষ পর্যন্ত কতটা সফল হবে তার উপর।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** আপনি লিলুয়া রোড ওভারব্রীজ উদ্বোধন করে এসেছিলেন। এই ষ্টেশনে মেইন এবং কড লাইনের যত লোক্যাল ট্রেন, এক্সপ্রেস ট্রেন এসে দাঁড়িয়ে পড়ে এবং যারা রাজধানীতে চড়েন তারাও জানেন রাজধানীও এখানে এসে আটকে যায়। এই রোড ওভার ব্রীজটা গুরুত্বপূর্ণ। কিন্তু এর কাজ খুবই শম্বুক গতিতে হচ্ছে বলে মনে হচ্ছে। এর ফলে যাত্রী বিক্ষোভ হচ্ছে। রেলের সঙ্গে কি কথাবার্তা হয়েছে জানি না তবে শোনা যাচ্ছিল রেল জায়গা ছেড়ে দিতে গড়িমসি করছে। এখন এটা পেয়েছেন কিনা এবং যেখানে পশ্চিমদিকে এ্যালাইনমেন্ট হচ্ছে সেখান থেকে বোম্বে রোড পর্যন্ত কানেকশনের কোন পরিকল্পনা আছে কি?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** এটা ঠিকই যে রেল কর্তৃপক্ষের গড়িমসি ছিল। আমরাও বেশ কয়েকবার আলোচনা করেছি এবং ওদেরকে বলেছি যে জায়গাটা আপনারা দিয়ে দিন। ওঁরা নীতিগতভাবে অস্বীকার করেন নি, কিন্তু নানা প্রশ্ন তোলার চেষ্টা করেছেন। ওখানে কিছু পরিত্যক্ত রেলওয়ে বিল্ডিং আছে এবং সেই পরিত্যক্ত বিল্ডিং-এর তাঁরা দাম চাইলেন। তাঁরা বললেন একেবারে নতুন দাম দিতে হবে। এসব নিয়ে ওঁদের কতকগুলো দাবি ছিল। কিছু ব্যারাক টাইপ ঘর ছিল, সেগুলোর ক্ষেত্রে তাঁরা ক্লেইম করে বসলেন, কোন কোন ক্ষেত্রে ইন্‌মেট্‌ আছে, সেই এ্যাবান্‌ডানড্‌ বিল্ডিং-এর মধ্যে তাদের রিমুভ্‌ করার ক্ষেত্রে রেলকে দায়িত্ব নিতে হবে, সেই সব ক্ষেত্রে তাদের গড়িমসি ছিল। আমরা বার বার আলাপ-আলোচনা করেছি। প্রত্যক্ষ ক্ষমতা রেল দেবেন না, তা তাঁরা দিতে পারেন নি। কিন্তু তাতে দেরি হয়েছে। সেজন্য কাজের গতিও শ্লথ হচ্ছে। সর্বশেষ অবস্থা হল রেল তাদের জায়গা ছেড়ে দিতে রাজি হওয়ায় রেলের জায়গার মধ্যে দিয়ে ফ্লাই-ওভার যাবে। সুতরাং ওঁরা রাজি হয়েছেন। পরিত্যক্ত বিল্ডিংগুলোর ক্ষেত্রে আমরা বলেছিলাম অত দাম দিতে পারব না। সেগুলোকে পরিত্যক্ত বিল্ডিং হিসাবে যাতে কেনা যায় সে ব্যাপারে ওঁরা বিবেচনা করছেন। ওঁরা আমাদের জায়গা

ছেড়ে দেবেন এবং আমরা কাজটা করতে পারব। বিল্ডিং রিমুভ্ করার পর্যায়ে এখনও না আসলেও আমরা পশ্চিমদিকে কাজটা শুরু করলে আস্তে আস্তে কাজটাকে এগিয়ে নিয়ে যেতে পারব। ওদিকে যে সমস্ত স্ট্রাকচার আছে সেগুলো ওঁরা সরিয়ে নেবেন। মাননীয় বিধায়ক সঠিক ভাবেই বলেছেন যে, রেল যদি সেখানে সহযোগিতা করত তাহলে আমাদের কাজটা আরও গতিতে সম্পন্ন হতে পারত। এ ক্ষেত্রে জায়গার প্রশ্নে, কাজটা উপযুক্ততার প্রশ্নে দেরি হয়েছে। সেজন্য কাজের গতি শ্লথ হয়েছে।

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, অনেক জায়গায় প্রস্তাব আছে উড়ালপুল করার। যেমন মুর্শিদাবাদ জেলায় ন্যাশানাল হাই-ওয়ের উপরে উড়ালপুল করার কথা বলেছিলেন। এই ন্যাশনাল হাইওয়ের উপর উড়ালপুল করার খুব দরকার। কারণ এখান থেকে উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগের এই একটাই পথ আছে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী কি চিন্তা-ভাবনা করছেন?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** এ ব্যাপারে আমরা অনেকটা এগিয়েছি। এখানে উড়ালপুল হবে। রেলওয়ে কর্তৃপক্ষ মেনে নিয়েছেন। তাঁদের সঙ্গে আমাদের কথাবার্তা অনেকটা এগিয়েছে এবং উড়ালপুল ঠিকই হবে। এই উড়ালপুল থেকে শহরের দিকে যে জায়গাটা ঢুকেছে ভাগীরথী পর্যন্ত সেই রাস্তাকে ফোর্-লেন্ করার প্রস্তাব মিনিস্ট্রি অফ সারফেস্ ট্র্যান্সপোর্ট গ্রহণ করেছেন। সুতরাং ফ্লাই-ওভার হবে। তার সঙ্গে একটা রাস্তা ভাগীরথী ব্রীজ পর্যন্ত নিয়ে যাওয়া হবে।

**শ্রী শ্যামাপ্রসাদ বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বর্ধমান জেলার শক্তিগড়ে লেভেল-ক্রসিং-এর উপর ফ্লাই-ওভার তৈরী করার ব্যবস্থা করা হয়েছে। পানাগড়ের কাছে ব্যবস্থা করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি, বর্ধমান জেলার কালনা গেট্'টি অত্যন্ত বিজি গেট্ কিন্তু সেই লেভেল ক্রসিং-এ কোন ফ্লাইওভার নেই, সেখানে ফ্লাইওভার করার জন্য রেলওয়ের সঙ্গে কোন রকম যোগাযোগ করা হয়েছে কি?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** কালনা গেট্ সম্পর্কে আমার কাছে আবেদন করা হয়েছে। কিন্তু সে সম্বন্ধে আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে এখনো পর্যন্ত কোন প্রস্তুতি নিতে পারি নি। অ্যাপ্রোচ্ নির্মাণের জন্য প্রয়োজনীয় আর্থিক সংস্থানের জায়গায় পৌঁছতে পারলেই আমরা রেলওয়ের সঙ্গে কথাবার্তা বলব। সাধারণতঃ রেলওয়ে ফ্লাইওভার তৈরীতে আপত্তি করে না। ফ্লাই ওভার হ'লে ওদের এফিসিয়েন্সী বাড়ে, সময়-সূচী ঠিক রাখতে পারে। সেজন্য ওরা এ বিষয়ে আগ্রহী। আমাদের অ্যাপ্রোচ করার জন্য যে খরচ পড়ে তার সংস্থান করতে পারলেই আমরা রেলের সঙ্গে কথাবার্তা বলি। কালনা গেট্ সম্পর্কে এখন পর্যন্ত তেমন কোন আর্থিক সংস্থান করতে পারি নি। সেজন্য এই প্রস্তাব খুব বেশী এগোয় নি।

[11.20–11.30 a.m.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ফ্লাইওভার গুলির এরিয়াল ভিউ অংশের মেন্টিনান্স রেলওয়ে করে থাকে। অথচ সেগুলি কনটিনিউয়াস ব্রিজ। অতএব যাদবপুরের সুকান্ত সেতুতে কিছুদিন আগে যে ঘটনা ঘটে গেল—একটা বাস জাষ্ট অন দি রেল লাইন পড়ে গিয়েছিল, সাধারণে দায়ী করল রাজ্য সরকারকে। আমার প্রশ্ন হচ্ছে রেলওয়ে যাতে তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করে তার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আমি আগেই বলেছি রেল লাইনের ওপরের অংশটুকু রেলওয়ে করে, আমরা অ্যাপ্রোচ তৈরী করি। তাদের অংশের কাজের দায়-দায়িত্ব তাদের; আমাদের অংশের কাজের দায়-দায়িত্ব আমাদের। বক্ষণা-বেক্ষণের ক্ষেত্রে নানান প্রক্রিয়া আছে। রেলের নানা-রকম আপত্তির ব্যাপার আছে। হাইটেনশন লাইনের ওপরে ওদের অংশ যেহেতু অবস্থিত সেহেতু ওদের নিজস্ব কিছু স্পেসিফিকেশন আছে এবং সে অনুযায়ী ওরা কাজ করে। এ বিষয়ে ওদের একটা বিশেষ টেকনিক্যাল নো-হাউ আছে। সে জন্য ওরা ঐ জায়গার কাজটা রিজার্ভড রাখে এবং ওরা নিজেরা করে। তবে মাননীয় সদস্য ঠিকই বলেছেন, ফ্লাইওভারগুলি এক একটা কনটিনিউয়াস রাস্তা। প্রশাসনিক দায়-দায়িত্বের একটা ব্যাপার আছে। আমি এখানে উদাহরণ হিসাবে একটা ঘটনা উল্লেখ করছি—বর্ধমানে দীর্ঘদিনের একটা সমস্যা আছে, সেখানে রেল লাইনের ওপর একটা ব্রিজ আছে। সেই ব্রিজের একটা পোর্শান ভেঙে অ্যাকসিডেন্ট হয়েছে। বর্ধমানের বিধায়করা আমাদের কাছে বলেছেন, কিন্তু আমরা ওখানে কিছুই করতে পারি নি। তারপর ওঁরা বুঝতে পেরেছেন যে, আমাদের পক্ষে ওখানে কিছু করতে যাওয়া মুশকিল, রেলকে দিয়েই করাতে হবে। রেল সেই দায়িত্ব নিয়েছে, আমরা টাকা দিচ্ছি।

কেন—দায় আমাদের। টাকা আমাদের জমা দিতে হচ্ছে। তেমনি করে আসানসোলে এইরকম ব্যাপার আছে। আমরা আগে থেকে প্রস্তুতি নিয়ে রেলকে বলেছি। যাইহোক, ওদের পোরশন ওরা যেহেতু করে সেই রাইট রিজার্ভড। ন্যাচারালি ওদেরকে আমাদের বলতে হবে। ওরা মানলে রিপেয়ারে যেতে পারি। ওরা না মানলে—যেমন বিবেকানন্দ ব্রীজ হচ্ছে, তার জন্য রেলকে টাকা দিতে হচ্ছে, কারণ রেল রিপেয়ারের দায়িত্ব নিয়েছে, রেলের পোরশন রেল করবে, এটা তাদেরই মূল দায়িত্ব। সেগুলি ফেলিওর হলে ওদের কাছে অ্যাপ্রোচ করতে হয়, ওরা রিপেয়ার করতে চাইলে আমাদের টাকা দিতে হয়।

## Held over Starred Questions
## (to which Answers were laid on the Table)

### বেনিফীশ্যারী কমিটি

*৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৫) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** পূর্ত (সড়ক)

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পূর্ত দপ্তরের কাজকর্ম বেনিফীশ্যারী কমিটির মাধ্যমে সম্পন্ন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আছে এবং এই বিভাগের বিভিন্ন জায়গায় বেনীফিসারী কমিটির মাধ্যমে কাজ সম্পন্ন করার বিষয়টি চালু হয়েছে।

**বিশ্বব্যাঙ্কের সাহায্যে রাস্তা নির্মাণ**

*৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৫) **শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিশ্বব্যাঙ্ক এবং বিদেশী কোন সংস্থার সাহায্যে রাজ্যে কোন রাস্তা নির্মাণ হচ্ছে কি না; এবং

(খ) যদি হয়ে থাকে, কোন্ কোন্ জেলায় উক্ত রাস্তাগুলি নির্মাণ করা হচ্ছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিশ্বব্যাঙ্ক এবং এশীয় উন্নয়ন ব্যাঙ্কের ঋণ সহায়তায় রাজ্যে একাধিক রাস্তা নির্মাণের কাজ চলছে। এগুলি ছাড়াও বিশ্বব্যাঙ্কের ঋণ সহায়তায় আরও কিছু রাস্তার উন্নয়নের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) উক্ত রাস্তাগুলি কলিকাতা, উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, বর্ধমান, বীরভূম, হুগলী, মেদিনীপুর, মুর্শিদাবাদ, বাঁকুড়া, মালদহ, নদীয়া, জলপাইগুড়ি, কোচবিহার, দার্জিলিং ইত্যাদি জেলায় অবস্থিত।

**Starred Questions**
**(to which oral Answers were given)**

**সার্বিক সাক্ষরতা অভিযান**

*৫০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে রাজ্যের সমস্ত জেলাতেই সার্বিক সাক্ষরতা অভিযান বিস্তৃত হয়েছে;

(খ) সত্যি হলে, বর্তমানে মোট কয়টি জেলাতে সার্বিক সাক্ষরতা অভিযানের প্রথম পর্বের কাজ সম্পন্ন হয়েছে; এবং

(গ) সংশ্লিষ্ট জেলাগুলিতে মোট কতজন নিরক্ষর সাক্ষর হয়েছেন?

**শ্রীমতী অঞ্জু কর ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৩টি জেলায়।

(গ) ৭৯.২৮ লক্ষ।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়া 'খ' প্রশ্নের উত্তরে বললেন আমাদের রাজ্যে সমস্ত জেলাতেই সার্বিক সাক্ষরতা অভিযান বিস্তৃত হয়েছে এবং ১৩টি জেলায় এই অভিযানের কাজ সম্পন্ন হয়েছে এবং মোট সাক্ষর হয়েছেন ৭৯.২৮ লক্ষ। আমার প্রশ্ন ১৯৯০ সালে যখন এই কর্মসূচী শুরু হয় তখন কত লক্ষ্যমাত্রা ছিল?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** তখন ছিল ১ কোটি ৪১ লক্ষ ৫ হাজার।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** ৫টি জেলা বাকি আছে। এই প্রথম পর্বের কাজ কোন্ অবস্থায় আছে? প্রাথমিক পর্যায়ে যে লক্ষ্যমাত্রা ছিল সাক্ষর করার জন্য সেটা কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** ১ কোটি ৪১ লক্ষের মধ্যে যে অংশটুকু বাকি আছে এগুলি বেশীরভাগই উত্তরবাংলার বিভিন্ন জেলাগুলিতে। এ ছাড়া আমাদের দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় কিছু কিছু আছে। সমস্ত অংশের মানুষকে সাক্ষরতার আলোতে নিয়ে আসার জন্য আমাদের সমস্ত জেলায় জেলা সাক্ষরতা সমিতির উদ্যোগে ব্যাপক এবং বহুমুখী কর্মসূচী গ্রহণ করেছি এবং তার সাথে স্বায়ত্বশাসিতমূলক প্রতিষ্ঠান ও গণসংগঠনগুলিকে যুক্ত করে কর্মসূচী নেওয়া হয়েছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আমাদের কয়েকটি জেলায় ধারাবাহিক প্রবাহমান সাক্ষরতা কর্মসূচী চালু হয়েছে। এখন এই যে কেন্দ্রগুলি চলছে, প্রাথমিক পর্যায়ে যে উৎসাহ এবং উদ্দীপনা ছিল, সেই উৎসাহ এবং উদ্দীপনা বর্তমানে কিছু ঘাটতি পরিলক্ষিত হচ্ছে কিনা, যদি হয় তবে তার কারণ কি এবং প্রথম পর্যায়ের মতন উৎসাহ এবং উদ্দীপনা সৃষ্টি করার জন্য বিশেষ কোন পরিকল্পনা নিয়েছেন কি না?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** প্রথম পর্যায়ের মত সব জায়গায় উৎসাহ সমানভাবে ধরে রাখা যাচ্ছে না—এটা একটা সমস্যা বটে। তবে এই সমস্যা স্বাভাবিক মনে করছি। কিন্তু প্রথম পর্যায়ে দলমতনির্বিশেষে সমস্ত অংশের মানুষকে যুক্ত করে গণ-আন্দোলন যেভাবে গ্রহণ করেছিলাম, এখনো একইভাবে, একই পর্যায়ে, একই পদ্ধতিতে একেবারে অনির্দিষ্ট কাল ধরে চালিয়ে যাব বলে মনে করি না। কেননা স্বেচ্ছাসেবীর সমস্যা, পরিবেশ সৃষ্টির সমস্যা, ধারাবাহিকভাবে লেগে থাকার সমস্যা—এইরকম কিছু কিছু হচ্ছে। তবে বলতে পারি, স্থানীয়ভাবে নানা পরিকল্পনা গ্রহণ করে সেই দুর্বলতাগুলি কাটিয়ে নতুন উদ্যমে সব জেলায় কর্মসূচী পরিলক্ষিত হচ্ছে।

[11.30–11.40 a.m.]

**শ্রীমতী সাধনা মল্লিক :** মাননীয়া মন্ত্রীমহোদয়া জানাবেন কি, এরজন্য এ পর্য্যন্ত কত টাকা খরচ হয়েছে এবং তার মধ্যে রাজ্যের কত টাকা ও কেন্দ্রের কত টাকা?

**শ্রীমতী অঞ্জু কর :** এখনও পর্যন্ত তিন ধরণের প্রকল্প আমাদের রাজ্যে সাক্ষরতার অভিযানের জন্য চলছে এবং মোট আমাদের রাজ্যে এর জন্য এখনও পর্যন্ত খরচ হয়েছে ৮২ কোটি ৩০ লক্ষ ২৯ হাজার টাকা। এখনও পর্যন্ত আমাদের কাছে যে হিসাব আছে তাতে বলতে পারি, কেন্দ্রীয় সরকারের ৫৭ কোটি ৪১ লক্ষ ৭৪ হাজার টাকা এবং রাজ্যসরকারের ২২ কোটি ১৭ লক্ষ ২৩ হাজার টাকা। কুচবিহারকে খুব সম্প্রতি আমরা টাকা দিয়েছি, ওর সঙ্গে এটাও যুক্ত হবে, তার পরিমাণ হচ্ছে ২ কোটি ৭১ লক্ষ ৩২ হাজার টাকা।

**শ্রী পেলব কবি :** মাননীয়া মন্ত্রীমহোদয়া জানাবেন কি, কোন স্বেচ্ছাসেবী সংস্থাকে এই সাক্ষরতা আন্দোলনের সঙ্গে যুক্ত করার কোন পরিকল্পনা আছে কিনা?

**শ্রীমতী অঞ্জু কর :** স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে শুধুমাত্র শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে নয়, রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের সঙ্গে যুক্ত করার পরিকল্পনা আমাদের আছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** আপনি বললেন যে, সাক্ষরতা অভিযানের ক্ষেত্রে প্রথম দিকে যে উৎসাহ দেখা গিয়েছিল তাতে আস্তে আস্তে ভাটা পড়ছে এবং তার কারণও আপনি ব্যাখ্যা করেছেন। কেন্দ্রীয় সরকার একটা অঙ্কের টাকা দিয়েছিলেন সাক্ষরতার জন্য এবং রাজ্য সরকার খরচ করেছে। এই কাজের সঙ্গে যারা যুক্ত ছিলেন তারা কিছু কিছু করে টাকা পেতেন—একেবারে লোয়ার লেভেলে ভলেনটিয়ার টিচার ইত্যাদিরা। এখন সেই টাকাটা বন্ধ হবার জন্যই কি উৎসাহে ভাটা পড়েছে?

**শ্রীমতী অঞ্জু কর :** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, '৯০ সাল যখন থেকে এই সার্বিক সাক্ষরতা অভিযান শুরু হয়েছে তখন থেকে স্বেচ্ছাসেবকরা ব্যক্তিগতভাবে এই প্রকল্প বাবদ কোন টাকা পয়সা পান না, এখনও পাচ্ছেন না। আর আপনি যেটা বললেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিম্বা রাজ্যসবকারের কাছ থেকে টাকা কম পাবার জন্য উৎসাহ কমেছে, এটা ঠিক নয়। রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের দিক থেকে সাক্ষরতা অভিযানের জন্য আমরা সেইভাবেই টাকা পয়সা বরাদ্দ করে চলেছি।

**শ্রী বিনয় দত্ত :** সার্বিক সাক্ষরতার সঙ্গে যুক্ত হচ্ছে প্রবাহমান শিক্ষা। আমার প্রশ্ন, এখনও পর্য্যন্ত পশ্চিমবাংলায় কোন কোন জেলা এই প্রবাহমান শিক্ষা কেন্দ্র-এর অনুমোদন পেয়েছে?

**শ্রীমতী অঞ্জু কর :** আমাদের রাজ্যে এখনও পর্যন্ত ৬টি এই ধরণের প্রকল্প অনুমোদিত হয়েছে এবং জেলাগুলি হচ্ছে, বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা ও মেদিনীপুর।

**শ্রী অজিত পান্ডে ঃ** মাননীয় মন্ত্রীমহোদয়া জানাবেন কি, কোলকাতা শহরে সাক্ষরতার কাজ চলছে কিনা এবং চললে কবে থেকে তা শুরু হয়েছে এবং এর জন্য লক্ষ্যমাত্রা কত ধরা ছিল ও এ পর্যন্ত কত সাক্ষর হয়েছে?

**শ্রীমতি অঞ্জু কর ঃ** কলকাতা শহরে সাক্ষরতা অভিযান আমরা শুরু করেছিলাম সম্পূর্ণভাবে রাজ্য সরকারের আর্থিক সহায়তার মাধ্যমে এবং সেটা শুরু হয়েছিল ১৫ই মার্চ, ১৯৯০ থেকে। এক্ষেত্রে লক্ষ্যমাত্রা ছিল ১ লক্ষ ৬১ হাজার। আমরা এখনো পর্যন্ত সেখানে বহির্মূল্যায়ণের মাধ্যমে ১৮ হাজারকে সাক্ষরিত করতে পেরেছি। কলকাতা সম্পর্কে আর একটি খবর জানাচ্ছি যে, কেন্দ্রীয় সরকারের জাতীয় নমুনা সমীক্ষা জানিয়েছে যে, সার্ভের মাধ্যমে কলকাতার ক্ষেত্রে এখন পর্যন্ত যে রিপোর্ট পাওয়া গেছে তাতে শতকরা ৮০ ভাগের উপর মানুষ সাক্ষরিত আছেন।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** যারা সাক্ষরিত হয়েছেন তাদের ক্ষেত্রে নতুন করে কি সাক্ষরতার কাজটা চলবে? এই কর্মসূচীর জন্য কেন্দ্র এবং রাজ্য সরকার উভয়েই টাকা দিচ্ছে। এক্ষেত্রে পঞ্চায়েতের প্রধানরাও টাকা খরচ করছেন সেটা আপনি জানেন কি?

**শ্রীমতি অঞ্জু কর ঃ** সাক্ষরতা অভিযানের জন্য যে টাকা খরচ হয় তার এক-তৃতীয়াংশ রাজ্য সরকার এবং দুই-তৃতীয়াংশ কেন্দ্রীয় সরকার বহন করছেন। এই কর্মসূচীর জন্য জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েত যদি টাকা খরচ করেও থাকে তো রাজ্য সরকার কেন্দ্র থেকে যখন টাকা পান তখন সেই টাকা তাদের দিয়ে দেওয়া হয়। তাছাড়া পরিবেশের স্বার্থে তারা টাকা খরচ করতেই পারেন। এ সম্পর্কে আমাদের কাছে খবর আছে।

## রাজ্যে সেতুর শিলান্যাস

*৫০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৫) **শ্রী তপন হোড় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯৮-৯৯ আর্থিক বছরে রাজ্যে কতগুলি সেতুর শিলান্যাস করা হয়েছিল;

(খ) উক্ত আর্থিক বছরে কতগুলি সেতু উদ্বোধন করে চালু করার ব্যবস্থা হয়েছে;

(গ) এ পর্যন্ত কতগুলি সেতু নির্মীয়মান অবস্থায় আছে; এবং

(ঘ) উক্ত সেতুগুলির জন্য মোট বিনিয়োগের পরিমাণ কত?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ**

(ক) পাঁচটি।

(খ) নয়টি।

(গ) ছিয়াত্তরটি।

(ঘ) দুই শত পঁয়ষট্টি কোটি উনত্রিশ লক্ষ টাকা।

**শ্রী তপন হোড় :** আপনি খরচের যে হিসাব দিলেন তার মধ্যে যে সেতুগুলির শিলান্যাস হয়েছে সেগুলো আছে। আমার প্রশ্ন, আপনি কোন কোন সেতুর জন্য ডব্লু. বি. আই. ডি. এফ. সি. -র কাছ থেকে লোন নিয়েছেন; লোনটা প্রকৃতপক্ষে কে দিচ্ছে; এবং সেটা রিপেমেন্ট কি করে হবে?

**শ্রী ক্ষিতি গোস্বামী :** ডব্লু. বি. আই. ডি. এফ. সি. থেকে ঋণ গ্রহণ করে আমরা বেশ কয়েকটি ব্রীজ করেছি। একটি হচ্ছে ফালাকাটার কাছে শিলতোর্ষা ব্রীজ। সেটার ব্যাপারে ডব্লু. বি. আই. ডি. এফ. সি.-র কাছ থেকে ঋণ নেওয়া হয়েছে। ভাগীরথীর উপর জঙ্গীপুরে যে ব্রীজ হচ্ছে তার জন্য ওদের কাছ থেকে ঋণ নেওয়া হয়েছে। বর্ধমান এবং বীরভূমের যোগাযোগকারী ভীমগড়-পান্ডবেশ্বর সেতুর জন্য ওদের কাছ থেকে ঋণ নেওয়া হয়েছে। বর্ধমানে করলাঘাটে দামোদর নদের উপর একটি সেতুর জন্য ওদের কাছ থেকে ঋণ নেওয়া হয়েছে। এই ঋণ সংশ্লিষ্ট জেলা পরিষদগুলো নিয়েছে কিন্তু নির্মাণের দায়িত্ব দেওয়া হয়েছে আমাদের বিভাগের উপরে। অর্থাৎ নির্মাণের ব্যাপাবে যে সমস্ত কাজকর্ম আছে সেগুলো আমাদের দপ্তরের পক্ষ থেকে দেখা হবে। আর অর্থের জোগান দেবে জেলা পরিষদ, জেলা পরিষদ এই ঋণগুলো গ্রহণ করেছে।

[11.40–11.50 a.m.]

**শ্রী তপন হোড় :** আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে যে, জেলা পরিষদ এই ঋণগুলোর দায়িত্ব গ্রহণ করেছে কিন্তু তাদের অর্থের সংগতি এত কম যে এই ঋণগুলো পে করার ব্যাপারে যে টাইম রয়েছে তাতে খুব অসুবিধায় পড়বে এবং এক্ষেত্রে রাজ্য সরকার তার কিছুটা অংশ নেবেন কিনা জানাবেন কি?

**শ্রী ক্ষিতি গোস্বামী :** এটা আমার পক্ষ থেকে বলা খুব কঠিন, রাজ্য অর্থ দপ্তর তারা এটা বিচার-বিবেচনা করেন। জেলা পরিষদ যে নিয়েছে তাদের উপরে কোটি কোটি টাকা ধরা আছে যেমন কোথাও ২৪ কোটি, কোথাও ৩০কোটি টাকা ধরা আছে। তাদের পক্ষে সত্যি এই টাকা ফেরত দেওয়া কঠিন। তবে এই ব্রীজগুলোর উপরে টোল বসান হবে। এই টোলের থেকে কিছু টাকা আসবে। এটা নিয়ে কথাবার্তা হচ্ছে, তবে আমার পক্ষে এটা বলা কঠিন। অর্থ দপ্তর এর উত্তর দিতে পারবে।

**শ্রী তপন হোড় :** আপনি জানেন যে, কুচবিহাবে ঘুঘুমারির উপরে একটা ব্রীজ আছে, ওই ব্রীজ দিয়ে যানবাহন চলাচলের ক্ষেত্রে একটা জরাজীর্ণ অবস্থায় রয়েছে। অথচ ওই রাস্তা দিয়ে প্রচুর মানুষ চলাফেরা করে। সুতরাং ওই ব্রীজের কাজে হাত দেওয়ার ব্যাপারে কাজটা কতটা অগ্রসর হয়েছে জানাবেন কি এবং এছাড়া আপনার এ

ডি বি রাস্তা, যেটি মাননীয় মুখ্যমন্ত্রী ইলামবাজারে গিয়ে উদ্বোধন করে এলেন, একটা প্রসারিত রাস্তা যেটা পানাগড় থেকে মৌড়গ্রাম পর্যন্ত গেছে এবং এই রাস্তার পাশে একটা বড় ফ্লাইওভার মল্লারপুরে হওয়ার কথা, সেটা না হওয়ার ফলে অসুবিধা হচ্ছে। মল্লারপুর রেল লাইনের উপরেই ওই ফ্লাইওভারটি হওয়ার কথা কিন্তু আজ পর্যন্ত হয় নি, এই ব্যাপারে আপনার দপ্তরের ভূমিকা কি এবং কবে নাগাদ শেষ হতে পারবে জানাবেন কি?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** কুচবিহারের ঘুঘুমারি ব্রীজটি কুচবিহারের সংলগ্ন তোর্ষা নদীর উপরে করতে হচ্ছে। আমাদের রাজ্যের অন্যতম ব্রীজ এটি। এর কাজও যথেষ্ট পরিমাণে সতর্কতা নিয়ে করতে হচ্ছে। এই ব্রীজটির কাজ প্রায় শেষ করে এসেছি। বৃষ্টি না হওয়া পর্যন্ত এখানে মাটির কাজ হয়েছে, বর্ষাতে মাটি খানিকটা বসবে। বর্ষার সময় এলে এর কম্প্রেশান করে পীচের কাজ করব। আশা করা যাচ্ছে আগামী বছরের মার্চ-এপ্রিল মাসের মধ্যে এই ব্রীজের কাজ পরিপূর্ণভাবে শেষ করে দিতে পারব। এটা এলাকার মানুষের একটা বিরাট চাহিদা এবং জনগণও বিশেষ আগ্রহ নিয়ে বসে আছে। আমরা আশা করছি দু হাজার সালের মধ্যে এই ব্রীজটি দিতে পারব। মল্লারপুর ফ্লাইওভারটি না হওয়ার ফলে এ ডি বি এতো বড় রাস্তা, সেখানে ফ্লাইওভার না হওয়ার ফলে নীচ দিয়ে যেতে হচ্ছে।

সেখানে এই লেবেল ক্রসিংয়ে দারুণভাবে যানজট হচ্ছে। মল্লারপুর ফ্লাই ওভার নিয়ে রেলের সাথে আলোচনা হয়েছে। ওখানে একটা সিগন্যাল পোস্ট আছে, সেটাকে সরাতে হবে। আমরা বহুদিন ধরে ওদের বলছিলাম—টাকা-পয়সা যা লাগে সব জমা দেওয়া হয়েছে। প্রথমে ওরা সিগন্যাল পোস্ট সরাতে চায়নি, তার পরে নানা রকম কথাবার্তার পরে তারা রাজী হয়েছেন, যখন তারা রাজী হলেন তখন আমাদের দিককার কাজ শেষ হয়ে এসেছে। কিন্তু মল্লারপুরের ফ্লাইওভার পোরশান হচ্ছে না, আমাদের কাজটা শেষ হয়ে গেছে। রেলের কাজটা বাকি আছে, তাও আমরা রাস্তা ওপেন করে দিয়েছি। ওরা আমাদের আশান্বিত করেছেন এই বলে যে সেপ্টেম্বর মাসের মধ্যে ওরা উপরের কাজটা করে ফেলবেন। তা যদি হয় তাহলে এই রাস্তাটা সম্পূর্ণভাবে খুলে গেল। তাহলে আর নিচে দিয়ে যেতে হবে না। একেবারে উপর দিয়ে মৌড়গ্রাম পর্যন্ত যাওয়া যাবে। সুতরাং সেই কাজটায় সেইভাবে আমরা চাপ দিচ্ছি, ওরা বলছেন রেলের ব্রীজটা হয়ে যাবে।

**মিঃ স্পীকার ঃ** No more. The dead body is arriving. We have to go there.

## Starred Questions
## (to which Answers were laid on the Table)

### নিত্যপ্রয়োজনীয় সামগ্রী আমদানী

*৫০২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১) **শ্রী কমল মুখার্জী ঃ** খাদ্য ও সরবরাহ

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রেশনিং ব্যবস্থাকে জোরদার করার উদ্দেশ্যে সরকার অন্য দেশ থেকে নিত্যপ্রয়োজনীয় সামগ্রী আমদানী করতে পারেন; এবং

(খ) সত্যি হলে, এই ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গি কিরূপ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না ইহা সত্য নহে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

## বিনা ব্যয়ে চিকিৎসা

*৫০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৬) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকারী হাসপাতালগুলিতে 'বিনা ব্যয়ে' চিকিৎসা বন্ধ করে দেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, চিকিৎসা ব্যয়ে অসমর্থ রোগীদের চিকিৎসার জন্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন; এবং

(গ) উক্ত হাসপাতালগুলিতে জীবনদায়ী কি কি ঔষধ দেবার ব্যবস্থা আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) বিভিন্ন সরকারী হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্র থেকে প্রাথমিক স্তরের জন্য ৯৬টি, মধ্যবর্তী স্তরের জন্য ৬১টি, বিশেষ চিকিৎসার জন্য ২৬টি এবং সর্বস্তরের চিকিৎসার জন্য ৫৪টি ঔষধ নির্দ্দিষ্ট হয়েছে। সাধারণভাবে সরকারী হাসপাতালে দারিদ্র্য সীমার নিচের মানুষদের বিনামূল্যে পরীক্ষা-নিরীক্ষা ও চিকিৎসা করা হয়। যে সব ক্ষেত্রে ফি নির্ধারিত আছে সেই সব ক্ষেত্রে বিশেষ বিবেচনায় বিনামূল্যে চিকিৎসার সুযোগ দেওয়া হয়।

## রেশনকার্ড বিতরণ

*৫০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১০) **শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮ সালের জানুয়ারী থেকে ১৯৯৮ সালের জুলাই পর্যন্ত রাজ্যে কতগুলি ব্যক্তিগত রেশনকার্ড বিলি করা হয়েছে; এবং

(খ) উক্ত সময় পর্যন্ত রেশন কার্ড পাওয়ার জন্য কতজন আবেদন করেছিলেন?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত সময়ে এই রাজ্যে মোট ২৮,৮৬,৩৬৭টি ব্যক্তিগত রেশনকার্ড বিলি করা হয়েছে।

(খ) উক্ত সময়ে নূতন রেশনকার্ড প্রদানের জন্য ২৮,৮৭,৩৩০টি আবেদনপত্র গ্রহণ করা হয়েছিল।

**রেশন দোকান মারফত খাদ্যসামগ্রী সরবরাহ**

*৫০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৫) **শ্রীমোজাম্মেল হক** (হরিহরপাড়া) ও **শ্রী ইউনুস সরকার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ন্যায্য মূল্যে কোন্ কোন্ দ্রব্য রেশন দোকান মারফত সরবরাহের জন্য তালিকাভুক্ত আছে; এবং

(খ) গ্রাম ও শহর এলাকায় কোন্ কোন্ দ্রব্য কি পরিমাণ সরবরাহ করা হয়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই রাজ্যে রেশন দোকান থেকে চাল, গম ও লেভি চিনি সরবরাহ করা হয়। এছাড়া এ রাজ্যে রেশন দোকান থেকে ভোজ্য তেল, কাপড় কাচা সাবান, গায়ে মাখা সাবান, বিস্কুট, দিয়াশলাই, এক্সারসাইজ খাতা, কেরোসিন তেল, ঘি, লবন প্রভৃতি নিত্য ব্যবহার্য অত্যাবশ্যকীয় পণ্য দেওয়া হয়।

(খ) বিধিবদ্ধ এবং সংশোধিত রেশনিং এলাকায় অত্যাবশ্যকীয় পণ্যগুলি নিম্নলিখিত হারে দেওয়া হয় ঃ—

বিধিবদ্ধ রেশনিং এলাকা

| | | |
|---|---|---|
| ১। | চাল —<br>(বি. পি. এল) | ২ কেজি চাল অথবা গম<br>(প্রতি প্রাপ্তবয়স্ক প্রতি মাসে) |
| ২। | চাল<br>এ. পি. এল. | ১৭৫০ গ্রাম |
| ৩। | লেভি চিনি | ১০০ গ্রাম<br>মাথাপিছু প্রতি সপ্তাহে |

৪। ভোজ্য তেল—খোলা - ৫০০ গ্রাম মাথাপিছু প্রতি সপ্তাহে
ভোজ্য তেল - প্যাকেট - ১ লিটার মাসে পরিবার পিছু

৫। ঘি - ৪০০ গ্রাম পরিবার পিছু প্রতি সপ্তাহে

৬। আয়োডিন লবন - ২ কিঃ গ্রাঃ - প্রতি সপ্তাহে পরিবার পিছু

৭। বিস্কুট - ২ প্যাকেট - প্রতি সপ্তাহে পরিবার পিছু

| সংশোধিত রেশনিং এলাকা | | | পরিমান | |
|---|---|---|---|---|
| | | মাথাপিছু | বি. পি. এল. | এ. পি. এল |
| ১। | চাল | ” | ৫০০ গ্রাম | ১ কেজি |
| ২। | গম | ” | ৫০০ গ্রাম | ১ কেজি |
| ৩। | চিনি | ” | ১০০ গ্রাম | ১০০ গ্রাম |
| ৪। | কেঃ তেল | ” | ১ লিটার | ১ লিটার |
| ৫। | ভোজ্য তেল | | ১ লিটার | |
| ৬। | কাপড় কাচা সাবান | | ২ পিস | |
| ৭। | গায়ে মাখা সাবান | | ২ পিস | |
| ৮। | দিয়াশলাই | | ১০ বাক্স | |
| ৯। | এক্সারসাইজ খাতা | | ৩ পিস | |

**থ্যালাসেমিয়া রোগীদের রক্ত পরীক্ষা**

*৫০৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯৭) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতার কোন্ কোন্ হাসপাতালে স্ক্যান ও আলট্রাসোনোগ্রাফি করার ব্যবস্থা আছে;

(খ) থ্যালাসেমিয়া রোগীদের রক্ত পরীক্ষার ব্যবস্থা কলকাতার কোন্ কোন্ হাসপাতালে আছে; এবং

(গ) আর. জি. কর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালে স্ক্যান ও এম. আর. আই. ইউনিট খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) স্ক্যান কেবলমাত্র বাঙ্গুর ইনসটিটিউট অফ নিউরোলজিতে করার ব্যবস্থা আছে।

আলট্রাসোনোগ্রাফী করার ব্যবস্থা সমস্ত মেডিকেল কলেজ এবং ইহার অধীনস্থ হাসপাতালগুলিতে আছে।

(খ) বর্তমানে নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতাল এবং স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনে-থ্যালাসেমিয়া রোগীদের রক্ত পরীক্ষার ব্যবস্থা আছে।

(গ) এখনও পর্যন্ত কোন সিদ্ধান্ত নেওয়া হয়নি।

**ধান সংগ্রহ বন্ধ**

*৫০৯। (অনুমোদিত প্রশ্ন নং *২০৪৯) **শ্রী সুভাষ গোস্বামী :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বেশ কিছু সংখ্যক চালকল মালিক ধান্য সংগ্রহ/ক্রয় করা বন্ধ করে দিয়েছেন; এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না। ইহা সত্য নহে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**হাস্কিং মিল**

*৫১০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭৫) **শ্রী নন্দদুলাল মাঝি :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সরকার অনুমোদনহীন হাস্কিং মিলের অনুমোদন দেওয়ার ক্ষেত্রে কোন রকম অসুবিধা আছে কি না;

(খ) থাকলে, (১) অসুবিধার কারণ কি; এবং
(২) ঐরূপ হাস্কিং মিলের সংখ্যা কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) কেন্দ্রীয় সরকার গত মে ১৯৯৭ সালে আর. এম. আই (আর) এ্যাক্ট ১৯৫৯, বাতিল ঘোষণা করেছেন। স্বভাবতঃই রাজ্য সরকার কর্তৃক আগের অনুমোদনহীন হাস্কিং মিলের অনুমোদন দেওয়ার ক্ষেত্রে কোন সুবিধা বা অসুবিধার প্রশ্ন আসে না। যাহা হউক সমস্ত হাস্কিং মিলগুলিকে ওয়েষ্ট বেঙ্গল রাইস এবং প্যাডি (লাইসেন্সসিং এবং কন্ট্রোল) আইন, ১৯৯৮ সংশ্লিষ্ট ধারা অনুযায়ী ধান গুদামজাত করার জন্য লাইসেন্স নিতে হয়।

(খ) (১) এ প্রশ্ন ওঠে না।
(২) যে ১৯৯৭ এর আগে রাজ্যে অনুমোদিত এবং অনুমোদনহীন হাস্কিং মিলের সংখ্যা যথাক্রমে ১০,০০০ এবং ১৬,০০০। বর্তমানে এই সমস্ত হাস্কিং মিলগুলিকে 'ক'য়ে উল্লিখিত আইন অনুযায়ী ধান গুদামজাত করার জন্য লাইসেন্স নিতে হয়।

## প্রতিবন্ধী শিক্ষাকেন্দ্র

*৫১১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮৯) **শ্রী ব্রহ্মময় নন্দ** ঃ শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের জেলায় জেলায় প্রতিবন্ধীদের জন্য শিক্ষাকেন্দ্র গড়ে তোলা হবে; এবং

(খ) সত্যি হলে, বর্তমানে রাজ্যে প্রতিবন্ধীদের জন্য কতগুলি প্রতিষ্ঠান রয়েছে?

**শিক্ষা (প্রথাবর্হির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) হ্যাঁ।

খ) বর্তমানে বিভিন্ন জেলায় প্রতিবন্ধীদের জন্য মোট ৫২টি প্রতিষ্ঠান রয়েছে। এই প্রতিষ্ঠানগুলি সরকারের তত্ত্বাবধানে কাজ করে।

## রেশনকার্ড

*৫১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২) **শ্রী কমল মুখার্জী** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চাহিদানুযায়ী নতুন রেশনকার্ড করানোর জন্য ছাপানো ফর্ম পাওয়া যাচ্ছে না; এবং

(খ) সত্যি হলে, ফর্ম ছাপার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, ইহা সত্য নয়।

(খ) এ প্রশ্ন ওঠে না।

## কেন্দ্রীয় সহায়তা প্রকল্প

*৫১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৬) **শ্রী আবু আয়েশ মন্ডল** ঃ কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে কেন্দ্রীয় সহায়তা প্রকল্পের মাধ্যমে কারিগরী শিক্ষা অধিকারের অধীনস্থ কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বৃত্তিমূলক পাঠক্রম প্রবর্তনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, বৃত্তিমূলক পাঠক্রম প্রবর্তনের কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে পলিটেকনিক প্রতিষ্ঠানগুলি ছাড়া আমাদের রাজ্যে ৮০টির অধিক সম্প্রসারণ কেন্দ্রের মাধ্যমে স্বল্পমেয়াদী বৃত্তিমূলক প্রশিক্ষণের কার্যক্রম চালু আছে।

### খোলা বাজারে রেশনদ্রব্য বিক্রি

*৫১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৩) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কোন্ কোন্ রেশন দোকানের মালিক রেশনে বিক্রি করার সামগ্রী খোলা বাজারে বিক্রি করছে, এরূপ কোন অভিযোগ সরকারের গোচরে এসেছে কি না; এবং

(খ) এসে থাকলে, তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সম্প্রতি বাঁকুড়া এবং মেদিনীপুর জেলা থেকে কিছু এম. আর. ডিলারদের বিরুদ্ধে অভিযোগ সরকারের গোচরে এসেছে।

(খ) সংশ্লিষ্ট এম. আর. ডিলারদের বিরুদ্ধে নিয়ম মাফিক যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

### ভিজিল্যান্স কমিশন

*৫১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৬) **শ্রী তপন হোড় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ভিজিল্যান্স কমিশনের কাছে স্বাস্থ্য বিভাগের দুর্নীতিগ্রস্ত ডাক্তারদের সম্পর্কে রিপোর্ট দিচ্ছেন না;

(খ) সত্যি হলে, কারণ কি; এবং

(গ) বর্তমানে কতজন "শিক্ষক চিকিৎসক" এবং "কতজন হেলথ্ সার্ভিসের চিকিৎসকের" বিরুদ্ধে উক্ত কমিশন অভিযোগ পেয়েছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বর্তমানে ৫ জন শিক্ষক চিকিৎসক এবং ৩০ ন হেল্‌থ সার্ভিসের চিকিৎসকের বিরুদ্ধে ভিজিল্যান্স কমিশনে অভিযে : পাঠানো হয়েছে।

**রেশন সরবরাহে আর্থিক সাহায্য**

*৫১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬২) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমান আর্থিক বছরে চাল ও গমের দাম রেশন সরবরাহের উপর কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার কত টাকা বৃদ্ধি করেছেন?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

কেন্দ্রীয় সরকার ১-২-৯৯ তারিখ থেকে এ. পি. এলকে সরবরাহকৃত চাল ও গমের কেন্দ্রীয় মূল্য যথাক্রমে কেজি প্রতি ৭ টাকা থেকে ৯.০৫ এবং ৪.৫০ থেকে ৬.৫০ বাড়িয়েছেন। আবার এ. পি. এলের গমের কেন্দ্রীয় মূল্য ১.৪.৯৯ থেকে ৬.৫০ পঃ থেকে ৬.৮০ পঃ কেজি প্রতি বাড়িয়ে দিয়েছেন। বি. পি. এল. এর চাল ও গমের ক্ষেত্রে কোন দাম বাড়ানো হয়নি। রাজ্য সরকার চাল ও গমের খুচরা মূল্য ঠিক করেছেন যথাক্রমে কেজি প্রতি ১০.৪০ এবং ৮.০০ টাকায়।

**বিধানসভার সদস্য/সদস্যাদের আবাসন সমস্যা**

*৫১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫১) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য বিধানসভা সদস্য/সদস্যাদের আবাসন সমস্যা দূর করার জন্য সরকার নতুন আবাসন নির্মাণের কাজ আরম্ভ করেছেন; এবং

(খ) সত্যি হলে, কতদিনের মধ্যে উক্ত নির্মাণকাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, সত্যি। ২ নং কিড স্ট্রীট বর্তমান চারতলা রাজ্য অতিথি নিবাসের উপরে এবং পার্শ্বে দুই প্রস্তে সরকার নতুন আবাসন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে এবং তন্মধ্যে উহার উপরের দুইতলের মোট ২৮টি কক্ষের নির্মাণ কাজ চলছে। ইহার পার্শ্বে সাততলা বিশিষ্ট একটি ভবন তৈরীর পরিকল্পনাও আছে।

(খ) এখনি বলা সম্ভব নয়।

[11.50–1.30 p.m. including adjournment]

## Adjournment Motion

**Mr Speaker :** Today I have received one notice of Adjournment Motion from Shri Deba Prosad Sarkar on the subject of devastating fire in a factory at Baguihati, North 24-Parganas on 08.07.99, causing death of ten (10) workers.

The subject matter of the Motion is not such that may call for adjournment of the business of the House.

The member may invite attention of the Minister concerned through Question, Mention, Calling Attention etc.

I, therefore, withheld my consent to the Motion.

The Member may, however, read the text of the Motion as amended.

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হ'ল—

গতকাল সকালে বাগুইহাটি ঘনবসতিপূর্ণ এলাকায় একটি কারখানায় আগুন লেগে জীবন্ত দগ্ধ অবস্থায় ১০ জন শ্রমিকের মর্মান্তিক মৃত্যুর ঘটনা পুনরায় প্রমাণ করল প্রশাসনের চূড়ান্ত অবহেলা। কারখানাটিতে এর আগে দুবার আগুন লেগেছিল। দমকল অধিকর্তাকে এই বিপজ্জনক বাড়িটির কথা জানিয়ে স্থানীয় বাসিন্দারা '৯৭ সালের ২৪শে সেপ্টেম্বর গণস্বাক্ষর সম্বলিত স্মারকলিপি দিয়েছিলেন। '৯১ সালে রাজ্যের চিফ ইনস্পেকটর অফ ফ্যাকটরিজ ও শ্রম দপ্তরের কমিশনারের কাছে এবং '৯৭ সালে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এবং রাজ্যের পরিবেশমন্ত্রী মানব মুখোপাধ্যায়ের কাছে অভিযোগ পাঠান হয়। রাজারহাট পুরসভার চেয়ারম্যানের কাছে '৯৭ সালের ২রা সেপ্টেম্বর এবং রাজারহাট থানায় '৯৭ সালের ১৫ই ডিসেম্বর অভিযোগ জানান হয়। কিন্তু কেউই স্থানীয় বাসিন্দাদের অভিযোগের কোন মূল্য দেয়নি। এই ক্ষমাহীন প্রশাসনিক গাফিলতির তীব্র নিন্দা করে জনস্বার্থে আমি দাবি করছি—(১) এই দুর্ঘটনার বিচার বিভাগীয় তদন্ত করতে হবে (২) এই কারখানার মালিককে কঠোর শাস্তি দিতে হবে (৩) নিহতদের পরিজনদের ২ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে হবে এবং (৪) সকল বে-আইনী ও বিপজ্জনক কারখানা বন্ধ করতে হবে।

## Calling Attention

**Mr. Speaker :** Today I have received one notice of Calling Attention on the following subject :

| Subject | Name |
|---|---|
| Reported fire at Moon Electric Factory at Baguihati under Rajarhat P. S. on 8/7/99 | : Shri Mozammel Haque (Hariharpara)<br>Shri Rabindra Nath Mondal<br>Shri Tapan Hore<br>Shri Nirmal Das and<br>Shri Jyoti Krishna Chattopadhyay. |

I have admitted it.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 15th July, 1999.

## LAYING OF REPORTS

### The Annual Accounts and Audit Reports of the West Bengal Industrial Infrastructure Development Corporation for the years 1994-95 and 1995-96.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the Annual Accounts and Audit Reports of the West Bengal Industrial Infrastructure Development Corporation for the year 1994-95 and 1995-96.

**Mr. Speaker :** Now the dead body will be arriving here. It has arrived in the High Court, and it will be arriving here now. I would request the Hon'ble Members to pay the homage at the Assembly. We would now adjourn for recess and meet again at 1.30 p.m.

.... (At this stage the House was adjourned till 1/30 p.m.) .....

**(After recess)**

[1.30–1.40 P.M.]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 25 & 79

**Mr. Deputy Speaker :** There are 19 cut motions on Demand No. 25

and 31 cut motions on Demand No. 79. All the cut motions are in order. As the concerned members are not present, the motions cannot be moved.

**শ্রী শ্যামাপ্রসাদ বোস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই যে বাজেট মাননীয় মন্ত্রী শ্রীক্ষিতি গোস্বামী এই বিধানসভায় রেখেছেন, আমি তাকে সমর্থন করছি এবং যদিও বিরোধীরা এখানে অনুপস্থিত - তারা যে ছাঁটাই প্রস্তাব এনেছিল তার বিরোধিতা করে কয়েকটি বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কিছু বলতে চাই।

বিগত ২২ বছর ধরে আমাদের রাজ্যে বামফ্রন্টের আমলে এই দপ্তরের পক্ষ থেকে যে কাজকর্ম করা হয়েছে, সেইগুলো অবশ্যই প্রশংসার যোগ্য। মন্ত্রী মহাশয় অবশ্য স্বীকার করেছেন যে, যদিও বিগত বছরে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন কাজকর্মের, এবারে তার থেকে ভালো জায়গায় অবস্থান করছে। তা সত্ত্বেও কয়েকটি বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি-এর মধ্যে আমাদের বিধায়কদের অভিজ্ঞতাও আছে। যদিও বিগত বছরে কিছুটা কাজকর্মের উন্নতি হয়েছে, তা সত্ত্বেও কয়েকটি বিষয়ে দৃষ্টি দেওয়া দরকার বলে আমরা মনে করি। কংগ্রেসীরা যখন ছিল, তখন মানুষের মনের মধ্যে কোন প্রত্যাশা ছিল না। এখন মানুষের মনের প্রত্যাশা বেড়েছে। আজকে মানুষ জি আর চায় না। আমরা যখন বিভিন্ন জায়গায় যাই, তখন আমাদের জনগণ বলে যে, পাকা রাস্তা করতে হবে। আজকে মানুষের প্রত্যাশা এটাই। ইলেকট্রিসিটি দিতে হবে। মানুষের এখন ভালো রাস্তার চাহিদা বাড়ছে। আমরা দেখেছি যে, সঠিক সময়ে রাস্তাগুলি মেরামতের কাজ হয় না। এই রকম বহু উদাহরণ আমি বিনম্রভাবে মন্ত্রীমহাশয়ের কাছে জানাতে চাই যে, আমাদের রাজ্যে এই রকম আছে। আমি যে জেলা থেকে নির্বাচিত, সেই জেলার কাটোয়া থেকে ৫ কিলোমিটার দূরে সোদপুরে একটা অনুষ্ঠানে যাওয়ার সময় মাননীয় রাজ্যপালের খুব অসুবিধা হয়েছিল। তিনি ক্ষোভ প্রকাশ করেছিলেন যে ওই রাস্তা এতই খারাপ যে, চলার অযোগ্য অবস্থায় ছিল। কিন্তু পরবর্তীকালে সেখানে কাজকর্ম হয়েছে, সেটা আমরা জেনেছি। হুগলী, বাঁকুড়া, মেদিনীপুর এর সঙ্গে বর্ধমান যেভাবে যুক্ত, যে রাস্তা দিয়ে এখানে গাড়ী চলাচল করে, ১৭ ঘাট রোড, বর্ধমান থেকে আরামবাগ পর্যন্ত সেই রাস্তার যে দুরাবস্থা, এখনও পর্যন্ত যে অবস্থায় আছে, তা নিশ্চয় মন্ত্রীমহাশয়ের জানা। কাটোয়া এবং কালনা থেকে আসতে গেলে, যে রাস্তা দিয়ে আসতে হয় সেগুলিও গাড়ী চলাচলের অযোগ্য অবস্থায় আছে। মেমারী মন্তেস্বর-এর যে রাস্তা আছে, তার অবস্থা অত্যন্ত বেহাল। ১৯৯৯ সালের ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি সময়ে আমরা ট্রান্সপোর্ট সাবজেক্ট কমিটির পক্ষ থেকে কুচবিহারে স্টাডি ট্যুরে গিয়েছিলাম। তখন শীতকাল ছিল। এন বি এস টি সি-র পক্ষ থেকে যারা অফিসিয়ালস্ আছেন, তাদের পক্ষ থেকে জানানো হল যে, এন এইচ ৩৪ এমন একটা অবস্থায় আছে যে, ওই রাস্তা দিয়ে কোন গাড়ীই চালানো যায় না। আমরা সত্যই অনুভব করলাম যে, অত্যন্ত খারাপ অবস্থায় সেই রাস্তা রয়েছে। আমরা জিজ্ঞাসা করেছিলাম যে, এরজন্য কি টাকা ধার্য করা হয়েছে? ডি এম জানালেন যে, দেড় কোটি টাকা ধার্য করা হয়েছে। জেলা শাসকের অনুমতি নিয়ে কুচবিহারের জেলাশাসকের সঙ্গে কথা বললাম। তিনি বললেন যে, হাঁ, সুপারিনটেনডেন্ট সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ারের

সাথে কথা বলতে পারেন। আমার কোন অসুবিধা নেই। কিন্তু তিনি জেলাশাসককে তার অ্যাপ্রিহেনশানের কথা জানালেন। রাত্রিবেলায় ওখানকার এস ডি ও এবং এস ই সবাই ছিলেন, তাকে জিজ্ঞাসা করলাম যে, প্রায় দেড় থেকে দু মাস হয়ে গেল টাকা দেওয়া আছে জেলা পরিকল্পনা ফান্ড থেকে, আপনাদের পক্ষ থেকে কোন কাজ হচ্ছে না। উনি এমন আনরেসপনসিভ ভাব দেখালেন যে, হচ্ছে হবে, এমন একটা জায়গায় আছে। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে, টাকা দেওয়া সত্ত্বেও যতটা কাজ হওয়া দরকার ততটা হয় নি এবং উনি এই ব্যাপারে ব্যবস্থা নিশ্চয় করবেন। আপনি হয়তো বলবেন যে আমি আমার জেলার পক্ষে বলছি। বিষয়টা তা নয়। যে সব জেলা অত্যন্ত খারাপ অবস্থায় আছে, কালনা বৈচি রোড এই রাস্তাটা বেহাল অবস্থায় রয়েছে। আর বিভিন্ন জায়গায় যে পি. ডব্লু. ডি'র যারা কন্ট্রাক্টর আছেন, বিত্তশালী কন্ট্রাক্টর যারা আছেন সেই কন্ট্রাক্টরদের একটা গ্রুপ তৈরী হয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে বলতে চাই এই ধরণের বিত্তশালী কন্ট্রাক্টর যারা আছেন সেখানে বিত্তশালী কনট্রাক্টরদের একটা ভেস্টেড ইন্টারেস্ট তৈরী করে রেখেছে। তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার জন্য আমি আপনার কাছে অনুরোধ করব। আরেকটা বিষয় হচ্ছে, আমি শুনেছি যে টোল ট্যাক্স বাড়ানোর জন্য একটা আদেশ গেছে। মন্ত্রীর সঙ্গে ব্যক্তিগত ভাবে কথা বলেছি, প্রত্যাহার করে নিয়েছেন। আমাব যেটা বক্তব্য আমি শুনেছিলাম যে একটা প্রশাসনিক কমিটি তৈরী হয়েছে। কত আদায় হচ্ছে, তার কোন রিপোর্ট যদি বেরিয়ে থাকে সেখানে টোল ট্যাক্স বাড়ানোর জন্য যদি সুপারিশ থাকে তাহলে নিশ্চয়াই এটা করতে হবে। সামগ্রিকভাবে রাজ্যের স্বার্থে এটা করতে হবে। এই কথা বলে, বাজেটের সমর্থন করে, কাট মোশনের বিরোধিতা কবে আমার বক্তব্য শেষ করছি।

[1.40–1.50 p.m.]

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। বিরোধীরা নেই, তাদের আনা কাট মোশনের বিরোধিতা করছি। আমাদের মাননীয় অর্থমন্ত্রী, পূর্তমন্ত্রীকে আমাদের হাওড়া জেলার পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছি। হাওড়া জেলা একটি ছোট জেলা হলেও গতকাল আমতা দু নম্বর ব্লক, বাগনান এক নম্বর ব্লক যে এলাকা দামোদর, রূপনারায়ণ, মস্তেশ্বর অন্ততঃ একটা দ্বীপের মত, ৫২ বছর পর, বামফ্রন্ট সরকারের যে নীতি কর্মসূচী, পিছিয়ে পড়া গরীব মানুষ তাদের প্রতিষ্ঠা করতে হবে। কালকে সেই জায়গায় মাননীয় অর্থমন্ত্রী, মাননীয় পূর্তমন্ত্রী ছিলেন, আমাদের শিক্ষামন্ত্রী ছিলেন, কুটিরশিল্পমন্ত্রী ছিলেন, অর্থ নিগম, আমিও উপস্থিত ছিলাম। তাই আজকে বিরোধীরা থাকলে ভালো হত। তারা সমালোচনা করবে। সেই জায়গায় ১৪ কোটি টাকা মঞ্জুর করে ২৩ মাসের মধ্যে সেতু এবং রাস্তা নির্মাণ করার প্রতিশ্রুতি দিয়ে এসেছেন। টেন্ডার হয়ে গেছে। কাজকর্ম শুরু হবে। শুধু তাই নয়, কলকাতা থেকে হাজার হাজার মানুষ মৌরীর উপর দিয়ে যাতায়াত করে। ওই এলাকার হাজার হাজার মানুষের দাবি ছিল যে মৌরীগ্রামে ফ্লাইওভার করতে হবে। কয়েকদিন আগে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী এবং পূর্তমন্ত্রী উদ্বোধন করে এসেছেন

হাওড়া জেলার লিলুয়া এবং শ্যামপুর, উলুবেড়িয়া যেখানে হাজার হাজার মানুষ বাগনান ষ্টেশন থেকে বিভিন্ন জায়গায় পৌছতে হয়। শ্যামপুর পৌছে মেদিনীপুর যাওয়া যায়। সেই শ্যামপুর, শ্রীরামপুর, গড়চুমুকের কাজ আরম্ভ হয়েছে, শেষ হতে চলেছে। দু হাজার সালে সেই কাজ শেষ হবে। ২০০০ সালে সেই সেতু ও রাস্তার কাজ শেষ হবে। হাওড়া জেলার উপর দিয়ে মেদিনীপুর, পুরুলিয়া, বর্ধমান, বাঁকুড়া, হুগলী ইত্যাদি চারিদিকে যাতায়াত করা যায়। আজকে সাউথ বেঙ্গল, নর্থ বেঙ্গলের মানুষরা যাতায়াত করে। দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে, কোনা এক্সপ্রেস ওয়ে এই যে রাস্তাগুলির ট্যাক্সের যে পয়সা সেটা পশ্চিমবাংলা থেকে চলে যাচ্ছে। এনট্রি ট্যাক্স থেকে আরম্ভ করে নানা ট্যাক্সে টাকা এই ভাবে চলে যাচ্ছে। আগে এক মাত্র ও. টি. রোড ছিল মিলিটারি লাল রাস্তা। আজকে জাতীয় সড়ক বেড়েছে, উন্নত হয়েছে, কোনা এক্সপ্রেস ওয়েও দু-সাইডে বেড়েছে। আজকে এখানে বিরোধীরা থাকলে শুনতে পেতেন যে তাঁদেরই এম. পি.-র জায়গায় ১৪ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। ২৩ মাসের মধ্যে সেই রাস্তা ও সেতু করবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, তার কাজ শেষ হতে চলেছে। হুগলী জেলার তারকেশ্বরের রাস্তার অবস্থা খারাপ, কোনা এক্সপ্রেস ওয়ের অবস্থা খারাপ। আজকে মাননীয় মন্ত্রীকে বলব যে মেটিরিয়াল এবং পিচ দিয়ে রাস্তা যেটা করা হয় সেই পীচ জলে নষ্ট হয়ে যায়। এটা আমার দীর্ঘদিনের অভিজ্ঞতা থেকে বলছি। এর আগে যখন যতীন চক্রবর্তীমহাশয় মন্ত্রী ছিলেন তখন আমি তাঁকে একথা বলেছিলাম। আরেকটা কথা হচ্ছে মেনটেন্যান্স ওয়ার্ক দরকার, কারণ হেভি ওয়েট লরি যাতায়াত করে। পি. ডব্লু. ডি. অফিসাররা অতীতে কাজ করেছেন এবং কম খরচে করেছেন। যে রাস্তায় জল জমে খারাপ হচ্ছে সেখানে প্যাচ ওয়ার্ক করে যদি করা হয় তাহলে বছর বছর টেন্ডার করতে হবে না। যার ফলে খরচও কম হবে। এই বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল চন্দ্র দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী ক্ষিতি গোস্বামী মহাশয় এখানে যে দাবী, যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব রেখেছেন আমি তার পরিপূর্ণ সমর্থন করছি। আমি সবিনয়ে নিবেদন করে বলছি আমাদের রাজ্যে ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট যেটা প্রকৃত পক্ষে পরিকাঠামো গড়ে তুলে যোগাযোগ ব্যবস্থার উন্নতির জন্য সচেষ্ট, কিন্তু এই দপ্তরকে কিছুটা সাইন বোর্ড সর্বস্ব করে তোলা হচ্ছে।

[1.50–2.00 p.m.]

আমি এই বাজেট বরাদ্দের সমর্থন শুরু করছি না সাথে সাথে দেখছি, যে সব প্রয়োজনীয় রাস্তা-ঘাট ভেঙ্গে যাচ্ছে সেগুলো ঠিক করার জন্য পূর্ত দপ্তরের অফিসারদের সঙ্গে যোগাযোগ করা হলে তারা বলেন, করা তো দরকার কিন্তু আমাদের হাত-পা বাঁধা, টাকা নেই স্যার। এই অবস্থায় রাজ্য সরকারের কাছে আমার নির্দিষ্ট প্রস্তাব, গত ২২ বছর ধরে যে উন্নয়নমূলক কাজ হচ্ছে তাকে ধরে রাখতে হলে, সম্প্রসারণ করতে হলে রাজ্য সরকার সঠিক সিদ্ধান্তই নিয়েছেন যে, শতকরা ৫০ ভাগ টাকা গ্রামীণ উন্নয়ন দপ্তরকে দিয়ে দেওয়া হবে এই দপ্তর থেকে। ঐ ১০ ভাগ টাকা দিয়ে বন্যার ফলে যে

সমস্ত গুরুত্বপূর্ণ রাস্তা ধ্বংস হয়ে গেছে তা এ্যাটেন করা যাবে। ইঞ্জিনিয়ারদের সঙ্গে কথা বলেছি কিন্তু ১৯৯৩ সালের পর ১৯৯৯ সাল, এই কয়েক বছরেও ৩১ নম্বর জাতীয় সড়ক এবং ল্যাটারেল রোড মেন্টেন করার জন্য যা দেয় তা দিচ্ছে না। অথচ, সেন্ট্রাল রোড ফান্ডে শত শত কোটি টাকা আমাদের রাজ্য থেকে নিয়ে নেওয়া হচ্ছে। মন্ত্রী মহাশয়কে এ বিষয়ে আরো উদ্যোগ নিতে বলব। কেন্দ্রীয় সরকারের দয়া-দাক্ষিণ্য আমরা চাইনা। আলিপুরদুয়ার এবং উত্তরবঙ্গের চা-শিল্প সোনার খনির মত। কিন্তু সেই চা-শিল্পের শ্রমিকরা আজকে তাদের মজুরী বৃদ্ধির জন্য ধর্মঘট করতে চলেছেন। চা-শিল্প থেকে কেন্দ্রীয় সরকার ৫ হাজার কোটি টাকা বিদেশী মুদ্রা অর্জন করেন। অথচ কেন্দ্রে কংগ্রেস, যুক্তফ্রন্ট বা বর্তমানে বি. জে. পি. সরকার - যারাই থাকুন না কেন, প্রতিনিয়ত, প্রতি বছর আমরা লক্ষ্য করছি সেন্ট্রাল রোড ফান্ড থেকে বঞ্চিত করা হচ্ছে আমাদের। আমরা চাইব রাজ্য সরকার এ ব্যাপারে উদ্যোগ নেবে না। আর, বাজেটে যা বরাদ্দ করা হয়েছে তা অপ্রতুল, এটা বাড়ানো দরকার। রুরাল ডেভেলপমেন্টের কাজ রাজ্যে আইডেন্টিফাই করে পূর্ত দপ্তর যে টাকা পাচ্ছে তার ১০ ভাগ যদি দেওয়া হয় তাহলে মনে হয় বর্তমান রাস্তার হাল-হকিকৎ ফিরে আসবে। একটু আগে বাঁকুড়ার এম. এল. এ. বলছিলেন, বাঁকুড়ায় এন. এইচ. টাচ করেনি। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, যে সমস্ত হাইওয়ে, এক্সপ্রেসওয়ে করার সিদ্ধান্ত আছে সেগুলো যেন উত্তরবঙ্গে কামতাপুরির মত প্রত্যন্ত এলাকা স্পর্শ করে এবং উন্নত যোগাযোগ ব্যবস্থার সুযোগ যাতে বঞ্চিত, অবহেলিত মানুষ পায় সেটা নিশ্চিত করা দরকার। তবে আমি এটাও জানি সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে বেশ কিছু প্রকল্প গ্রহণ করা হয়েছে। উত্তরবঙ্গে বাঁধ ভেঙ্গে যে রাস্তাগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলো ঠিক করার চেষ্টা হচ্ছে, এ্যাটেনশন দেওয়া হচ্ছে। কিন্তু সেই এ্যাটেনশন আরো বেশী করে দেওয়া দরকার। বিশেষ করে এন. এইচ., আলিপুরদুয়ার থেকে শিলিগুড়ি পর্যন্ত রাস্তাটা একেবারে বিপর্যস্ত হয়ে গেছে। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব ইঞ্জিনিয়ারদের সেখানে এটেন করতে বলবেন শুধু নয়, যাতে তারা সেখানে উপস্থিত হয়ে মনিটর করেন, সেটা দেখবেন। এই ভাবে আজকে মানুষকে যতটা বেশী সম্ভব সুযোগ-সুবিধা পৌঁছে দিতে হবে। যাইহোক, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** স্যার, মাননীয় পূর্তমন্ত্রী এখানে যে ব্যয়বরাদ্দ হাজির করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট-মোশানের বিরোধিতা করে আমি আমরা বক্তব্য রাখছি। আমরা পূর্ত ও সড়ক বিভাগের কাজকর্মকে দুই ভাগে ভাগ করতে পারি। একটা ধারা সৃষ্টি ও সংরক্ষণের ক্ষেত্রে তিনি যথেষ্ট গুণপনার পরিচয় দিয়েছেন। তাতে কোন সন্দেহ নেই। এবারের বাজেটে দেখলাম বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে ৪১৮ কোটি টাকা এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কাছ থেকে ৩৩৭ কোটি টাকা ঋণ নিয়েছেন। ঋণের টাকা চিরদিনই ভাল। কিন্তু এই টাকা কিভাবে খরচা হবে এবং আমাদের রাজ্যের অর্থনীতিতে তার প্রতিক্রিয়া কি হবে সে ব্যাপারে যদি আমাদের আশ্বস্ত করেন তাহলে ভাল হবে। এই প্রসঙ্গে বলি পরশু দিন একটা খবরের কাগজে দেখলাম, আমাদের দেশের কোন একটি অঙ্গরাজ্যের সরকার একটা নির্দিষ্ট সময়ের

মধ্যে সেতু নির্মান করে গিনেস্ বুকে নাম তুলেছেন। আমি বিশ্বাস করি আমাদের পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারও এইরকম কৃতিত্বপূর্ণ কিছু নজির সৃষ্টি করবেন যাতে আমাদের রাজ্যও গৌরোবজ্জ্বল রাজ্য হিসেবে নাম করতে পারে। আপনি টাইম-বাউন্ড প্রোগ্রামের উপর সবিশেষ গুরুত্ব দেবেন এই আবেদন জানাচ্ছি। এই প্রসঙ্গে বলি, আমাদের ৬ নম্বর জাতীয় সড়ক ও ৪১ নম্বর জাতীয় সড়কের অবস্থা খুব খারাপ। হলদিয়া এখন আমাদের প্রাণকেন্দ্র। এইসব রাস্তাগুলো খারাপ হওয়ার ফলে হলদিয়ায় যাতায়াত করা অসুবিধে হয়ে যাচ্ছে। এই রাস্তাগুলোকে সম্প্রসারণ করার কথা নানাভাবে সভায় আলোচশ্রীয়েছে। মাননীয় মন্ত্রী এবিষয়ে যারপরনাই ওয়াকিবহাল। তিনি যদি এই সভায় আমাদের আশ্বস্ত করেন যে ৬ নম্বর জাতীয় সড়ক ও ৪১ নম্বর জাতীয় সড়কের সমস্ত কাজকর্ম, সম্প্রসারণের কাজ কবে নাগাদ সমাপ্ত হবে তাহলে খুশী হব। সংরক্ষণের প্রশ্নে স্বাধীনতার আগে শাসকগণ আগামী দিনের পরিস্থিতির কথা ভাবেন নি। কিন্তু আপনারা লেঙ্গের উপর গুরুত্ব দিয়েছেন কিন্তু স্ট্রেন্থের উপর গুরুত্ব দেন নি। বর্তমানে শিল্প বাণিজ্যের ক্ষেত্রে যে অগ্রগতি ঘটেছে, মানুষের জীবনযাত্রার অগ্রগতি ঘটেছে, তার ফলে প্রশাসনের উপর ব্যাপক গুরুত্ব বাড়ছে, রাস্তার উপর চাপ বাড়ছে। রাস্তায় এমন ভাবে খানা-খন্দ বেড়েছে যাতে ঐ রাস্তা দিয়ে চলাফেরা করলে নাচের রিহার্সাল হয়ে যায়। সেই রাস্তাগুলোকে মেরামতের ক্ষেত্রে বিভাগকে যথেষ্ট গুরুত্ব দিয়ে কাজ করতে হবে। বিভাগীয় দপ্তরে যাঁরা আছেন তাঁদের কাজের গাফিলতির ফলে সরকারের সুনাম নষ্ট হচ্ছে। তাঁদের জন্য আমাদের সরকারের যে সুনাম অর্জন করা উচিত ছিল তা থেকে আমাদের সরকার বঞ্চিত হয়েছেন। আমার এলাকায় পাঁশকুড়া বাজার থেকে প্রতাপপুর বাজার পর্যন্ত একটা রাস্তা এক মাস আগে মেরামত করা হয়েছে। অথচ এরই মধ্যে সেই রাস্তায় ৭ খানা গর্ত হয়েছে। আমি নিজে এ্যাকজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে বলেছি যে, আপনাকে কাজ করতে দেব না এবং এ ব্যাপারে সাধারণ মানুষের মধ্যে ভীষণ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। এ ব্যাপারে সতর্ক হওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এ ছাড়া যে কাজকর্মগুলো ঠিকাদাররা করেন সেই কাজকর্মগুলো তাঁরা কিভাবে করেন, সেই কাজের জন্য কতটাকা বরাদ্দ হয়েছে, সেই টাকা কিভাবে খরচা হচ্ছে সে সম্পর্কে একটা ধারনা যদি টাঙিয়ে দেওয়ার ব্যবস্থা থাকে তাহলে জনসাধারণ এইসব কাজকর্ম সম্পর্কে বেশী সচেতন হতে পারতেন। গতবারে ১৯৯৭-৯৮ সালের বাজেটে ছিল যে জাতীয় সড়ক বাদ দিয়ে ১২ হাজার কিলোমিটার রাস্তা আপনার অধীনে ছিল এবং সেগুলোর দেখভাল আপনি করতেন। কিন্তু এবারে জাতীয় সড়ক বাদ দিয়ে সড়ক ও শাখা সড়ক মিলিয়ে কত কিলোমিটার রাস্তা আপনার অধীনে আছে সে ব্যাপারে যদি আমাদের বলেন তা হলে ভাল হয়। আমি অনুরোধ জানাচ্ছি যদি আপনি এইসব প্রশ্নের উত্তর আপনার জবাবী ভাষণে বলেন তাহলে খুব ভাল হয়। এই কথা বলে এই বাজেটকে পুনরায় সমর্থণ করে আমার বক্তব্য শেষ করছি।

[2.00–2.10 p.m.]

**শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, 'রেল পথ প্রবর্তনের মধ্যে দিয়ে ভারতবর্ষের জন-জীবনে আমূল পরিবর্তন ঘটেছিল।' এ-কথা পৃথিবী বিখ্যাত একজন মনীষী বলেছিলেন। আমাদের মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় রাজ্যের যোগাযোগ ব্যবস্থার অগ্রগতির উদ্দেশ্যে তাঁর দপ্তরের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। রাস্তা ও সেতু নির্মাণের ক্ষেত্রে ১৯৯৮-৯৯ সালে যে প্রকল্পগুলি গ্রহণ করা হয়েছিল তা প্রায় সবই মোটামুটি সম্পূর্ণ হয়েছে। ফলে রাজ্যের সামগ্রিক যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে এবং যোগাযোগ ব্যবস্থার উন্নতির ফলশ্রুতি হিসাবে রাজ্যের মানুষের অর্থনৈতিক উন্নতিও লক্ষ্য করা যাচ্ছে। এ-বারের বাজেট প্রস্তাবের মধ্যে দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় বড় মাপের ২৪টি প্রকল্পের প্রস্তাব রেখেছেন। এই প্রকল্পগুলির রূপায়নের মধ্যে দিয়ে যোগাযোগ ব্যবস্থার আরো উন্নতি ঘটবে. এ বিশ্বাস আমাদের আছে। বিশেষ করে এমন কয়েকটি সেতু নির্মাণের কথা মাননীয় মন্ত্রী মহাশয় ঘোষণা করেছেন, যার জন্য আমরা খুবই আনন্দিত এবং আমি তাঁকে স্বাগত জানাচ্ছি। যেমন—আমাদের জেলার ওপর দিয়ে যে গঙ্গা নদী গিয়েছে সেই গঙ্গা নদীর ওপর জঙ্গীপুরের সেতুটি শুধু মুর্শিদাবাদ জেলার সঙ্গেই নয়, সমগ্র উত্তর-পূর্ব ভারতের সঙ্গে আমাদের যোগাযোগ ব্যবস্থাকে আরো উন্নত করে তুলবে। আরো ভাল হবে। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি প্রস্তাব রাখছি। এর আগেও আমি এই বিধানসভায় দাবি করেছি—আমাদের জেলার সঙ্গে নদীয়া জেলার যোগাযোগের ক্ষেত্রে ন্যাশানাল হাইওয়ের ওপর যে চাপ পডছে, সেই চাপকে দূর করার জন্য রাধানগরে একটা সেতু নির্মাণ করা দরকার। তাই আমি প্রস্তাব রাখছি রাধানগরঘাটে একটা সেতু নির্মাণ করা হোক। এটা হলে জাতীয় সড়কের ওপর চাপ কমবে এবং কলকাতার সঙ্গে নদীয়া জেলার যোগাযোগ সুন্দরভাবে গড়ে উঠবে। এর পাশাপাশি মুর্শিদাবাদ জেলায় দ্বারকা নদীর ওপর সেতু নির্মাণের জন্য প্রস্তাব রাখছি। তাতে আমাদের জেলার সঙ্গে কলকাতার দূরত্ব ৫০ কিলোমিটার কমে আসবে। আমি আরো একটা প্রস্তাব রাখছি—আমাদের রাজ্যে পঞ্চায়েত যে সমস্ত রাস্তা তৈরী করেছে, সেই রাস্তাগুলির অনেকগুলিই গুরুত্বপূর্ণ রাস্তায় পরিণত হয়েছে এবং সেগুলির সাহায্যে বিভিন্ন এলাকার মানুষের অর্থনৈতিক উন্নতি ঘটেছে—শহর এবং গঞ্জের সঙ্গে দূর দূরান্তরের গ্রামগুলির যোগাযোগ ব্যবস্থা সুগম হয়েছে। কিন্তু মেনটিনান্স ফান্ডের অভাবে পঞ্চায়েত সেই রাস্তাগুলি ঠিক রাখতে পারছে না। সুতরাং সেই রাস্তাগুলি অবিলম্বে ডিপার্টমেন্ট অধিগ্রহণ করুক এবং সেগুলির যথাযথ রক্ষণা-বেক্ষণের ব্যবস্থা করুক। সর্বশেষে আমি আর একটা প্রস্তাব মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। হলদিয়া—ফরাক্কা রাস্তাটিকে জাতীয় সড়ক হিসাবে ঘোষণা করার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে সেই ব্যবস্থা করা হোক। মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের রাজ্যের বিভিন্ন জেলার রাস্তাঘাটগুলির উন্নতি হওয়া সত্ত্বেও, যোগাযোগ ব্যবস্থার উন্নতি হওয়া সত্ত্বেও মুর্শিদাবাদ জেলা-সহ সমগ্র উত্তর-বঙ্গের ক্ষেত্রে আমরা দেখছি এখনো অনেক পশ্চাদপদ এলাকা রয়েছে। সুতরাং উত্তর-বঙ্গের ঐ সমস্ত পিছিয়ে পড়া এলাকার-মুর্শিদাবাদ-সহ-রাস্তাঘাটের আরো একটু

উন্নতি ঘটাবার জন্য সরকারী পরিকল্পনা গ্রহণ করা হোক। এই দাবি আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, আমাদের মুর্শিদাবাদ জেলার মানুষের সঙ্গে বিদ্রোহী কবি কাজি নজরুল ইসলামের খুবই ঘনিষ্ঠ যোগাযোগ ছিল এবং তিনি মুর্শিদাবাদ জেলার বহরমপুর সেন্ট্রাল জেলে কারারুদ্ধ ছিলেন। আমরা দেখছি এই দপ্তর বিভিন্ন জায়গায় বিভিন্ন মনীষী, কবি, সাহিত্যিক, দেশপ্রেমিকের মূর্তি স্থাপন করেছে। সুতরাং আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি আমাদের মুর্শিদাবাদ জেলার বহরমপুর সেন্ট্রাল জেলের পাশে যে জায়গা রয়েছে সেই জায়গায় কাজি নজরুল ইসলামের একটা আবক্ষ মূর্তি স্থাপন করা হোক। এই ক'টি কথা বলে, এই ব্যয়-বরাদ্দের দাবিকে আর একবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রত্যুষ মুখার্জী :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি পি. ডব্লু. ডি. বাজেটকে সমর্থন করছি এবং এখানে ৪১৮ কোটি টাকার যে পরিকল্পনা বাজেট পেশ করা হয়েছে সেই বিষয়ে আমি দু-একটি কথা বলছি। আমাদের গোটা রাজ্যে গত বছর বিধ্বংসী বন্যা হয়েছে এবং তাতে ব্যাপক বিপর্যয় হয়েছে। তা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে টাকা দেননি। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে বিভিন্ন হেড থেকে টাকা দিয়ে রাস্তাগুলি তৈরী করতে হচ্ছে-এটা খুবই আশঙ্কার বিষয়। আমাদের এই আর্থিক সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে ন্যাশনাল হাইওয়ে, স্টেট হাইওয়ে এবং ডিস্ট্রিক্ট ও রুর‍্যাল রোডগুলি কিভাবে নির্দিষ্ট ফেজ-মাফিক করতে পারি সেই বিষয়ে পি. ডব্লু. ডি মিনিস্টারকে এই সভায় আশ্বস্ত করার জন্য বলতে চাই। কারণ আমরা দেখছি, গতবারের বাজেট যেখানে ছিল ৬০ কোটি ৭০ লক্ষ টাকা, এবারে সেটা হয়েছে ৭১ কোটি ৪০ লক্ষ টাকা। মেনটেনান্স এবং রিপেয়ারের জন্য এই সীমাবদ্ধ অর্থের মধ্যে কিভাবে কি করবেন? আমাদের গোটা রাজ্যে ১৭ হাজার কিলোমিটার পি. ডব্লু. ডি রোডস যদি মেইনটেন্ড করতে হয় তাহলে কিভাবে কি করবেন, ফেজ-মাফিক কোথায় কিভাবে হবে সে বিষয়ে বলা দরকার। আমরা লক্ষ্য করেছি, ন্যাশনাল হাইওয়ের জন্য গতবারের বাজেটে ৭০ কোটি টাকা ধরা হয়েছিল, সেই টাকা পুরো-পুরি খরচ করা যায়নি। এর মধ্যে ন্যাশনাল অ্যাসিসটান্স আছে কিনা জানি না। কিন্তু পরবর্তীকালে দেখছি, প্ল্যান ফান্ড থেকে টাকা ডাইভার্ট করে নন-প্ল্যান ফান্ডে এসেছে। আমরা দেখছি, বেসিক মিনিমাম নিড্স প্রোগ্রামে যেখানে গতবারে ১৮ কোটি টাকা ছিল, সেখানে এবাবে ১০ কোটি টাকা ধরা হয়েছে। এই পার্থক্যটা কেন হচ্ছে? এদিকে কেন্দ্রীয় সরকার বর্ডার এরিয়া ডেভেলপমেন্টের জন্য কোন টাকা খরচা করছেন না, ন্যাশনাল হাইওয়ের জন্য টাকা খরচ করছেন না। বিভিন্ন ডিপার্টমেন্টের টাকা নিয়ে টাকা দিতে হচ্ছে। এই সাংঘাতিক অবস্থার মধ্যে দাঁড়িয়ে পি. ডব্লু. ডি ডেভেলপমেন্টের কাজ কোথায় কিভাবে কি করবেন? এদিকে শিল্পায়নের ক্ষেত্রে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য বিভিন্ন সংস্থা যেমন, ন্যাবার্ড, বিশ্বব্যাঙ্ক এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে খরচ করতে হচ্ছে এবং তার জন্য সুদ পুরোমাত্রায় আমাদের দিতে হবে। সুতরাং এর সাংঘাতিক প্রভাব পড়বে। এ ছাড়া বাকি কতকগুলি ন্যাশানাল হাইওয়ে ডেভেলপমেন্ট করা হচ্ছে, যেমন, রাণীগঞ্জ এক্সপ্রেস হাইওয়ে, পানাগড় থেকে মৌর গ্রাম ভালভাবে করা হয়েছে।

আমরা দেখছি, আরো কিছু নতুন রাস্তা করার চেষ্টা হচ্ছে. যেমন, বিবেকানন্দ সেতু থেকে বেলঘরিয়া। হাওড়ার জি. টি. রোড বিশেষ করে আন্দুল রোড যাতে অবিলম্বে কার্যকরী করা যায় এবং অন্যান্য রাস্তাগুলি কার্যকরী করার জন্য আমি বলবো। এর সঙ্গে আমি বলবো, বেনিফিসিয়ারী কমিটির মাধ্যমে সমস্ত কাজগুলি যাতে কার্যকরী হতে পারে তা দেখা দরকার এবং এর সাথে সাথে সমস্ত জনপ্রতিনিধিরা যাতে ওয়ার্ক-শিডিউল বুঝতে পারে সেইভাবে রচনা করা দরকার এবং জনপ্রতিনিধিদেরও এইসব কাজের সঙ্গে যুক্ত হওয়া দরকার। আমরা লক্ষ্য করেছি, কিছু কিছু জায়গায় যেখানে দরকার হলে যুক্ত করার কথা বলেছেন। স্টেট হাইওয়ে, ডিস্ট্রিক্ট এবং রুর‍্যাল রোডের সঙ্গে কতগুলি গ্রাম যুক্ত করার জন্য আগামী বছরে কি পরিকল্পনা গ্রহণ করেছেন সে সম্পর্কে সভাকে আশ্বস্ত করা দরকার। এ ছাড়া কিছু কন্ট্রাক্টর তারা সঠিকভাবে কাজ করছে না। তারা সরকারের মর্যাদা মসীলিপ্ত করছেন। ঠিক-ঠাক যে কোয়ালিটি, যে স্টানডার্ড তা মেইনটেন হচ্ছে না। এই বিষয়টি দেখার জন্য বিশেষ ভাবে অনুরোধ করবো। আর আমাদের যে ল্যাকুনাগুলো আছেববজেক্ট কমিটি যেগুলি আইডেনটিফাই করেছেন সেগুলি আপনি দেখবেন। কাজগুলি যেন টাইম-বাউন্ড প্রোগ্রামের মধ্যে হয়, প্ল্যান ফান্ড থেকে টাকা যাতে ডাইভার্ট না হয়। এ ছাড়াও সাবজেক্ট কমিটি কতকগুলি বিষয় লিপিবদ্ধ করেছেন। আমি অনুরোধ করবো, মাননীয় মন্ত্রীমহাশয় সেগুলি একটু দেখবেন আর ফেজ বাই ফেজ স্টেট-হাইওয়ে, ন্যাশানাল হাইওয়ে কিভাবে ডেভেলপ করা যায় তার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা আপনি গ্রহণ করবেন এবং কি সেই পরিকল্পনা তা এই সভাকে বলে আস্বস্ত করবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.10–2.20 p.m.]

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** অনারেব্‌ল ডেপুটি স্পীকার স্যার, আজকে ডিমান্ড নম্বর ২৫ এবং ডিমান্ড নম্বর ৭৯ এর উপর যে বাজেট বই পেশ করা হয়েছে তা আমি পড়লাম এবং পড়ে খুবই দুঃখ পেলাম। বাজেটের মধ্যে যে এসটিমেট্‌গুলি প্রিপোয়ার্ড করা হয়েছে - ন্যাশানাল হাইওয়ে ৩১, ৩৪ যতগুলি প্রিপারেশন করা হয়েছে তার মধ্যে - আমি দুঃখের সঙ্গে বলছি - আমাদের শিলিগুড়ি থেকে দার্জিলিং যাওয়ার জন্য যে ন্যাশানাল হাইওয়ে - ৫৫ যেখানে প্রতি বছর ল্যান্ড-স্কাইড হয়, যে রাস্তার অবস্থা খুবই খারাপ, রাস্তা বন্ধ হয়ে যায়, গাড়ী-ঘোড়া চলে না সেই রাস্তার উপর মাননীয় মন্ত্রীমহাশয় কোন গুরুত্ব না দিয়ে বাজেটের মধ্যে রাখেন নি। সেইজন্য আমি মনে করি আমাদের হিলের ব্যাপারে উনি সত্যিকরের স্টেপ-মাদারলি ট্রিটেড করেছেন।

ফাঁসি দেওয়াতে কাজ হচ্ছে, মহানন্দা ব্রীজে কাজ হচ্ছে কিন্তু দুঃখের কথা বাজেট ভাষনের বই-তে দার্জিলিং, কার্সিয়াং, কালিম্পং-এর রাস্তাঘাটের ব্যাপারে উল্লেখ নেই। মাননীয় মন্ত্রীমহাশয়কে তাই স্যার, আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি, আগামী দিনে পাহাড়ের রাস্তাঘাটের প্রতি দৃষ্টি দিন এবং তারজন্য এষ্টিমেট তৈরি করে রাস্তাগুলি তৈরি করুন। আমি সাউথ বেঙ্গলের কথা বলছি না, নর্থ বেঙ্গলের জলপাইগুড়ি,

কোচবিহার, দার্জিলিং ইত্যাদি জায়গায় যে সব লিঙ্ক রোড আছে, স্টেট হাইওয়ে আছে সেই সমস্ত রাস্তাগুলির অবস্থা খুব খারাপ। টাইমলি সেগুলির মেরামতি হয় না। পূর্ত দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রী, উনি ডুয়ার্সের লোক, নর্থ বেঙ্গলে থাকেন, দার্জিলিং-এ আসেন, রাস্তাঘাট ইন্সপেকসান করেন কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি আমাদের হিল এরিয়াতে এবং নর্থ বেঙ্গলের রাস্তাঘাটের অবস্থা খুব খারাপ। সেখানে খুবই হেভি লোডেড ট্রাক চলাচল করে। শিলিগুড়ি থেকে দার্জিলিং পর্য্যন্ত প্রতিদিন তিন থেকে চারশো হেভি লোডেড ট্রাক চলাচল করে কিন্তু সেখানে রাস্তাঘাটের অবস্থা খুব খারাপ। অবিলম্বে এগুলির মেরামতির দিকে নজর দেবার জন্য দাবী জানাচ্ছি। তারপর রাস্তাগুলির মেরামতির ব্যাপারে আমরা দেখি যে রেনিসিজনে রাস্তাগুলির মেরামতি করা হয় ফলে অল্প সময়ের মধ্যেই সেগুলি আবার খারাপ হয়ে যায়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবী, নর্থ বেঙ্গলের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহারের রাস্তাগুলি রেনি সিজনের আগেই রিপেয়ার করা হোক। স্যার, পাহাড়ে ল্যান্ড স্লাইডের ব্যাপারটা আপনি জানেন। এই ল্যান্ড স্লাইডের জন্য স্টেট হাইওয়ে, ন্যাশানাল হাইওয়ে থেকে আরম্ভ করে অন্যান্য রাস্তাগুলি ড্যামেজ হয়ে যায়। যেমন বলা যায় ল্যান্ড স্লাইডের জন্য সুকিয়াপোকরির ওখানে রাস্তার অবস্থা খুব খারাপ হয়ে গিয়েছে। ল্যান্ড স্লাইডের জন্য লাপচু, পেসক, মংপুর রাস্তা ড্যামেজ হয়ে গিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবী, ল্যান্ড স্লাইডের মোকাবিলা করার জন্য আলাদা ফান্ড এ্যালট করা হোক। মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় কালিম্পং-এ গিয়েছেন। উনি জানেন, কালিম্পং-এর থানদারা থেকে সেন্ট ফিলোমিনা পর্য্যন্ত রাস্তাটি খুব সরু। এই রাস্তাটির ওয়াইডেনিং-এর জন্য এক্সটেনসানের জন্য এবং রিপেয়ার করার জন্য আমাদের কালিম্পং-এর এম. এল. এ. ওর কাছে আবেদন জানিয়েছিলেন। উনি নিজে গিয়ে সব দেখে এসেছেন, ওখানকার ইঞ্জিনিয়ারও গিয়েছিলেন কিন্তু দুঃখের কথা ঐ রাস্তাটির ওয়াইডেনিং-এর কাজ, রিপেয়ারের কাজ এখনও হয়নি। এই কাজটি অবিলম্বে করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এবারে আমি ন্যাশানাল হাইওয়ে ৫৫-এর কথা বলছি। '৯৮ সালের ৭ই জুলাই ল্যান্ড স্লাইডের জন্য এক মাস ঐ রাস্তাটি বন্ধ ছিল। ঐ রাস্তাটি অবিলম্বে মেরামত করা দরকার। ওখানে আপার পাগলাঝোরা থেকে লোয়ার পাগলাঝোরা পর্য্যন্ত রাস্তায় ল্যান্ড স্লাইডের সময় দুজন ছাত্র মারা যায় এবং রাস্তাটি ভীষণভাবে ড্যামেজ হয়। সেই সময় আরবান ডেভালপমেন্ট দপ্তরের মন্ত্রী শ্রীঅশোক ভট্টাচার্য এবং পি. ডব্লু. ডি. মন্ত্রী গিয়েছিলেন এবং ওখানে প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন যে গয়াবাড়ী থেকে গিরধা পাহাড় পর্যন্ত একটি অলটারনেটিভ রাস্তা বানানো হবে কিন্তু সেই রাস্তাটি এখনও পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি না। অবিলম্বে সেখানে ঐ অলটারনেটিভ রাস্তাটির জন্য আমি দাবী জানাচ্ছি। এই রাস্তাটি হলে সেখানে মানুষজন এবং গাড়ী ভালোভাবে চলতে পারবে। স্যার, আমাদের দার্জিলিং ট্যুরিষ্টদের উপর নির্ভরশীল। সেখানে এন. এইচ. ৫৫-এর অবস্থা খুব খারাপ। বর্ষার সময় ল্যান্ড স্লাইড হলে গাড়ী চলতে পারে না, ট্যুরিষ্টও আসতে পারে না ফলে সেখানে ট্যুরিজম ইন্ডাষ্ট্রি মার খাচ্ছে। পাহাড়ের ইকনমি ট্যুরিজমের উপর নির্ভরশীল। সেখানে টি ইন্ডাষ্ট্রি, ট্যুরিজম ইন্ডাষ্ট্রি রয়েছে। ঐ ইন্ডাষ্ট্রিকে যদি বাঁচাতে হয়, মানুষের ইকোনোমিক

আপলিফটমেন্ট যদি করতে হয়, তাহলে সেখানকার ন্যাশানাল হাইওয়ের উপর নজর অবশ্যই দিতে হবে। সেটা দেওয়ার জন্য আমি অনুরোধ করছি।

মিঃ ডেপুটি স্পীকার স্যার, আপনি জানেন, আমি এর আগেও হাউসে বলেছি, ডি. জি. এস. সি.-কে কনস্ট্রাকশন ডিপার্টমেন্ট হ্যান্ডওভার করা হয়েছে এবং সেটা করবার পর তার মাধ্যমে ডি. জি. এইচ. সি. গ্রামে গ্রামে ৭০০ থেকে ৭৫০ কিলোমিটার রাস্তা তৈরী করেছেন। কিন্তু তার মেন্টেনেন্স করা দরকার। তারজন্য মন্ত্রী মহাশয় এবং সরকারকে অনুরোধ করবো, ডি. জি. এইচ. সি. যতগুলো রাস্তা তৈরী করেছে তার মেন্টেনেন্সের জন্য তাদের টাকা বরাদ্দ করা হোক। এই বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[2.20–2.30 p.m.]

**শ্রী মনোহর তিরকি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২৫ এবং ৮৯ নং ডিমান্ডে যে ব্যয়-বরাদ্দের দাবী অনুমোদনের জন্য প্রস্তাব রাখা হয়েছে তার সমর্থনে মাননীয় সদস্যরা যে বক্তব্য রাখলেন তারজন্য তাঁদের ধন্যবাদ। মাননীয় সদস্যরা ডিপার্টমেন্টের কাজকর্ম সম্বন্ধে বলছিলেন। সবারই প্রচেষ্টায় এবং সরকারের প্রচেষ্টার ফলে রাজ্যে পূর্ত (সড়ক) দপ্তরের কাজও এগিয়ে চলেছে এবং কাজের ফিরিস্তিটাও আপনারা জানেন। গত বছরের বিধ্বংসী বন্যায় উত্তর এবং দক্ষিণ বঙ্গে যে ক্ষতি হয়েছিল সেই সময় চেষ্টার মাধ্যমে আমাদের দপ্তর কিভাবে মেরামতির কাজ করে যোগাযোগ-ব্যবস্থা কিভাবে পুনরুদ্ধার করেছিল সেটা নিশ্চয়ই দেখেছেন। আপনাদের সহযোগিতা নিয়েই সেসব কাজ হয়েছে। কাজেই পাহাড় হোক, বা সমতলই হোক, যেখানেই যোগাযোগ রক্ষার ব্যবস্থা করা দরকার সেখানেই এই দপ্তর তাদের কাজ করে চলেছে, কিভাবে রাজ্যে নতুন নতুন রাস্তা করা যায় সেটা কর্মসূচী গ্রহণের মাধ্যমে করা হচ্ছে। আগে বাজেটের টাকা থেকে এসব কাজ করা হোত, কিন্তু অর্থ সংকুলানের অভাবের ফলে অনেক কাজ করা যেতো না। এখন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিয়ে অনেক কাজ করা হচ্ছে। ডব্লু. বি. আই. এফ. ডি. সি. থেকে ঋণ নিয়ে রাস্তা এবং সেতু নির্মাণের ব্যবস্থা হচ্ছে। এরজন্য নাবার্ড থেকে টাকা-পয়সা নেওয়া হচ্ছে, বি. এ. ডি. পি. থেকে নেওয়া হচ্ছে। সর্বত্রই পূর্ত (সড়ক) দপ্তরের রাস্তা ঠিক রাখবার জন্য আমরা কাজ করছি। এখানে কার্শিয়াং-এর ম্যাডাম বলছিলেন, দার্জিলিংকে বঞ্চিত করা হচ্ছে। তিনি এন. এইচ. ৫৫ সম্বন্ধে যা বললেন, ওটা মিলিটারীর রাস্তা। রাস্তাটা ধ্বসে নষ্ট হয়ে গিয়েছিল। রাস্তাটা তৎপরতার সঙ্গে নির্দিষ্ট সময়ের মধ্যে মেরামত করে দেওয়া হয়েছে। পাহাড়ে বিশেষ করে পাগলাঝোরার কাছে ধ্বস নামে। তার জন্য সেখানে মেরামতির জন্য সব সময়ের লোক রাখা আছে। অবশ্য গতবারে সেখানে যে ডিজাষ্টার হয়েছিল তার মেরামতির কাজে ডি. জি. এইচ. সি. মেশিনপত্র দিয়ে সাহায্য করেছে। কথা হ'ল, পি. ডব্লু.ডি. (রোডস) ডিপার্টমেন্ট যোগাযোগ রক্ষায় কাজ করে চলেছে। কালিম্পংয়েও আছে, এইভাবে মোটামুটি আমাদের রাস্তা দুভাগে ভাগ করা আছে। দার্জিলিংয়ের সমস্ত রাস্তা-ঘাট ট্রান্সফার হয়ে গেছে এবং পার্টিকুলারলি কয়েকটি রাস্তা সম্পর্কে সাধারণ

লোক বলেন যে এই রাস্তাগুলো নিয়ে নিতে এবং তারা অনেক এই বিষয়ে ডেপুটেশানও দিয়েছেন। মাননীয় সদস্যার এলাকা তাগদা, বিজনবাড়ি, সুখিয়াপোখাড়ি এইসব জায়গার রাস্তাগুলি ডি জি এইচ সির আন্ডারে চলে গেছে। এই রাস্তাগুলো দুরবস্থার মধ্যে রয়েছে। সুতরাং আমাদের দিক থেকে মাননীয় সদস্যা যে বললেন বৈষম্য হচ্ছে তা ঠিক নয়, আমাদের কোন বৈষম্যমূলক আচরণ সমতলের মানুষের উপরে, কি পাহাড়ের মানুষের উপরে নেই। আমাদের কোন এই ব্যাপারে বিভেদ নেই। আমরা সমান দৃষ্টি-ভঙ্গী নিয়ে কাজ করে যাচ্ছি। আর সব যা বলার আমার মন্ত্রী বলবেন। তবে একটা সুখবর জানাই এম এল এদের যে, এম এল এ হোস্টেলে যে স্থান সংকুলান হত, এখন সেখানে দোতলা বিল্ডিং হয়েছে। মাননীয় স্পীকার এবং ডেপুটি স্পীকার টাকা স্যাংসান করাতে দোতলা বিল্ডিং হচ্ছে। বর্ষা শেষ হলেই নতুন বিল্ডিং ধরা হবে। কিছু এনক্রোচমেন্ট আছে কিছু গাছ আছে, এইসব ঝামেলা রয়েছে, সেগুলোও সমাধান করার চেষ্টা করছি। আরেকজন এম এল এ বললেন যে, আলিপুর-শিলিগুড়ি রাস্তাটি খুব খারাপ হয়ে গেছে। এখানে ঠিকাদারদের সঙ্গে কিছু অসুবিধা হচ্ছে, সময়মত তাদের ধরা যায় না। অনেক সময়ে কোর্ট কেসে চলে যায়। আমরা চাইছি নতুন মেশিন দিয়ে রাস্তাঘাট ঠিক করব। এই ব্যাপারে এজেন্সি এবং কন্ট্রাক্টররা যারা আছেন, তারা মাঝে মাঝেই হাইকোর্টে চলে যায়। আমরা অবশ্য অনেক ক্ষেত্রে কোর্ট থেকে জিতে আসি। আমরা রাস্তাঘাট তৈরীর ক্ষেত্রে মেশিন ব্যবহার করতে চাইছি। বেঙ্গল টু বেঙ্গল এটা একটা ন্যাশানাল হাইওয়ে, কলকাতা থেকে শিলিগুড়ি যেতে গেলে বিহারের মধ্যে দিয়ে যেতে হয়, সেই রাস্তাগুলো প্রসারিত করার দরকার। এবং খুলে দেবার ব্যবস্থা করতে হবে। রেল লাইন দিয়ে বিহারের কিষাণগঞ্জের মধ্যে দিয়ে যেতে হয়, এই রাস্তাটি উন্নতি করতে হবে। এই বলে আমার দপ্তরের বাজেটকে সমর্থন করছি এবং যেহেতু কাটমোশান মুভ হয়নি তাই বিরোধিতা করার প্রশ্নই ওঠে নি।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ বাজেটের উপরে বক্তব্য রেখেছেন এবং সমস্যা নিয়ে কিছু সমালোচনা করলেন, এটা খুবই বাস্তব আমাদের দপ্তর যে কাজের দায়িত্বপ্রাপ্ত সেটা এমনই মানুষের কাছে প্রয়োজনীয়, সাধারণ মানুষের নজরে পড়ে যে সর্বদা এই কাজ করতে গিয়ে সজাগ থাকতে হয়। এই কাজের জন্য খারাপ কিছু হলে স্বাভাবিকভাবে জনপ্রতিনিধি যারা আছেন তাদের মানুষের সামনে পড়তে হয় এবং সমস্ত সমালোচনার প্রাথমিক ঝাপ্টা তাদের উপরে এসে পড়ে, আবার কিছু ভাল কাজ করলে তার প্রশংসাও সরাসরিভাবে জনপ্রতিনিধিদের প্রাপ্য প্রাথমিকভাবে এবং তার পরে আমরা পেয়ে থাকি। পশ্চিমবঙ্গের রাস্তাঘাটের যে পরিস্থিতি তাতে বলা যায় যে, আমরা এখন একটু মাথা সোজা করে দাঁড়িয়ে আছি। একজন বিধায়ক বক্তব্য রাখতে গিয়ে বললেন গত বছরে আমাদের দপ্তরের পক্ষ থেকে যে কথাগুলি বলেছিলাম যে রাস্তাঘাটের অবস্থা যথেষ্ট পরিমাণে খারাপ, আমরা ভাল করবার চেষ্টা করছি; উঠে দাঁড়াবার চেষ্টা করছি। সেটা লক্ষ্য করেই মাননীয় বিধায়করা বলতে চেয়েছেন, গত বছরে যে অবস্থা ছিল তার থেকে এই বছরের অবস্থা একটু ভালোর দিকে আছে। এর অন্যতম কারণ হচ্ছে, আমরা এখন রাস্তাঘাটের ক্ষেত্রে খানিকটা প্রত্যাশিতভাবে যে ব্যয়

করতে চাই সেই ব্যয় আমরা করতে পারছি। এর আগে কিন্তু আমরা যখন প্রয়োজন দেখা দিয়েছে, প্রয়োজনে গাড়িঘোড়াগুলিকে চালু রাখার জন্য যতটা দরকার ততটা আমরা করতে পারছি না। কিন্তু রাস্তাঘাট ইত্যাদির একেবারে গোড়া থেকে পরিবর্তন এই উপায় আমাদের থাকতো না। কিন্তু কিছুদিন ধরে আপনারা লক্ষ্য করছেন আর. আই. ডি. এফ. বলে একটা প্রজেক্ট হয়েছে, তাতে আমরা ঋণ গ্রহণ করছি কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাঙ্কের কাছ থেকে। তাদের সহায়তায় আমরা গ্রামাঞ্চলে যে সমস্ত রাস্তা অনেক দিন উপেক্ষিত ছিল, সেইগুলি প্রশস্তিকরণের কাজে এবং শক্তপোক্তর কাজে অনেকখানি এগিয়ে নিয়ে যেতে পেরেছি। এবারে আমাদের টার্গেট হচ্ছে. ৪০০ কি. মি. রাস্তা। আগামী দিনে বর্ষার পরে কাজগুলি শুরু করবো। এবং এটা নির্দিষ্ট মেয়াদে শেষ হবে। আর. আই. ডি. এফ. এর কাজ শেষ করতে গেলে ২ বছরের মধ্যে করতে হবে। অতএব, ২ বছরের মধ্যে আরো ৪ শত কি.মি. রাস্তা যেটা শক্ত-পোক্ত হবে। এই সমস্ত রাস্তার যে ভিত সেটা অনেকখানি যাকে বলে আমরা থিকনেস বাড়াব। স্বভাবতঃই সেই সমস্ত রাস্তার গুণগত দিক থেকে উন্নতি হবে। এটা ঠিকই যে আপনারা অনেক সময় দেখেন, একটা রাস্তার কাজ হওয়ার পরে বর্ষাকাল চলে গেলেই সেটা উঠে যায়। কাজের ধরণের জন্য এটা হয়, অর্থাৎ যোগানটা যে রকমভাবে চাই, সেই রকম ভাবে কাজও হয়। কোন কোন ক্ষেত্রে অনেকে বলেন আপনারা পটহোলগুলি বুঝিয়ে দিন তারপরে প্রিমিক্স কার্পেট করে দিন। অর্থাৎ ১২ মি. মি. প্রিমিক্স কার্পেট যদি করা না যায় তাহলে সেটা সঠিকভাবে মেরামতি হল না। ঐটা তখনকার মত হল। গর্তটাকে চাপা দিয়ে রূপটাকে ঠিক করে দেওয়া হল। কালো পীচ রাস্তা দিয়ে গাড়ি যাবে। কিন্তু ভেতরে ভেতরে ঠিকমত সারানো হল না। ফলে বর্ষার পরে গাড়ি গেলেই সেটা আবার খারাপ হয়ে যায়। ফলে আবার পরে চিৎকার হয় রাস্তা ঠিকমত মেরামত হচ্ছে না। ফলে আমরা দেখছি ৬ মাস, ৯ মাস যাওয়ার পরেই রাস্তাটা খারাপ হয়ে যায়। গ্রামাঞ্চলে যে সমস্ত রাস্তায় পীচ হয়েছে, শুধুমাত্র কানেকশান দেওয়ার জন্য সেখানে কোন রকমে কালো পীচের রাস্তা করে দেওয়া হয়েছে। সব জায়গায় তিন থেকে সাড়ে তিন মিটার রাস্তা বেশী প্রশস্ত নয়। যখন এটা করা হয়েছিল তখন বড় জোর ঘোড়া গাড়ি, গরুর গাড়ি তাদের রিক্‌শা ভ্যান যাতায়াত করবে বলে, কিন্তু এখন মনে রাখতে হবে, গ্রামের প্রত্যন্ত অঞ্চলে লরী, ট্রাক, ম্যাটাডোর চলে যাচ্ছে। বহু জায়গায় মোরাম রাস্তাতেও এই সমস্ত গাড়ি ঢুকে যাচ্ছে, মানুষরা নিয়ে চলে যাচ্ছে। এই রাস্তাগুলির যে বহন ক্ষমতা নিয়ে তৈরী হয়েছিল, একটা ভারী লরী, লোডেড ম্যাটাডোর সেইগুলিকে ঠিক ঠিকভাবে নিয়ে যাওয়ার জন্য যতটা দরকার ছিল শক্ত করার, ততটা শক্তপোক্ত নয় একটা দিক দিয়ে একটা গাড়ি চললেই অন্য দিক দিয়ে যে গাড়িগুলি যাচ্ছে সেটা সাইডে নেমে যায়।

[2.30–2.40 p.m.]

সাইডে যদি চাকা নেমে পড়ে তাহলে রাস্তা বসে যাবে, রাস্তা দুর্বল হয়ে যাবে এবং সেখান থেকেই ভাঙ্গতে শুরু করবে। এই রাস্তাগুলোকেই আমরা চওড়া করার চেষ্টা করছি। এই রাস্তাগুলোকে যদি ৫.৫ মিটার চওড়া করা যায় তাহলে গ্রামাঞ্চলে দুটি

গাড়ী পাশাপাশি যাওয়ার ব্যবস্থা করা যাবে এবং তার পাশে যে কাঁধ বা সোল্ডার আছে সেটাকেও ভালো করে দিতে পারলে এই ৫.৫ মিটার চওড়া রাস্তাগুলো কিন্তু অনেকদিন টিকবে, পুরোনো তিন মিটার চওড়া রাস্তাগুলোর তুলনায়। এই ৫.৫ মিটার চওড়া করবার টার্গেট নিয়েই আমরা অনেকগুলো রাস্তাকে চওড়া করেছি। এই চওড়া করার মানটা উন্নত, এটা সহজে ভেঙ্গে পড়বে না। রাস্তা চওড়া করবার পরে মানুষ কিছুদিন রাস্তাটা ব্যবহার করতে পারবে। সেইজন্য আমাদের সোলডারিংটা শক্ত করে করতে হবে। এই কাজ করার পরে যদি ছয় মাসের মধ্যে রাস্তা নষ্ট হয়ে যায়, তাহলে আমাদের কৈফিয়ত দেওয়ার জায়গা থাকবে এবং নিশ্চয় আমাদের কৈফিয়ত দিতে হবে। বহু ক্ষেত্রে কিন্তু আমরা সেই জায়গায় যেতে পারছি না। মানুষ চায় ভালো কালো রাস্তা, সেই রাস্তার উপর দিয়ে তারা চলবে। তাদের এই প্রার্থনা খুবই সামান্য। আমরা ভালো রাস্তা করতে পেরেছি হরিহরপাড়াতে। কয়েকদিন আগে আমি সংবাদপত্রে দেখছিলাম - সংবাদপত্রে আমাদের সমালোচনাই বেশী শুনতে হয় - একটা সংবাদপত্রে বেরিয়েছে, যে রাস্তাটি চওড়া করা হয়েছে সেই রাস্তাটি নাকি মুর্শিদাবাদ জেলার সবচেয়ে ভালো রাস্তা। একজন বিধায়ক আমাকে বলছিলেন যখন মুর্শিদাবাদ জেলা দিয়ে যায় এবং কোন ভালো রাস্তার উপর দিয়ে যাচ্ছি মনে হয়, তখনই মনে হয় হরিহরপাড়ার রাস্তা দিয়ে যাচ্ছি। হরিহরপাড়ার বিধায়ক এখানে বক্তব্য রাখার সময়ে যদি সেটা উল্লেখ করতেন তাহলে তাদের ভালো হত। ন্যাবার্ডের কাজ করতে গিয়ে আমাদের সেখানে সুন্দর রাস্তা করতে হবে। ভালো রাস্তা পেতে গেলে এইভাবেই আমাদের কাজ করতে হবে। মুর্শিদাবাদ জেলার কাঁন্দি, লালবাগের পাশ দিয়ে যে রাস্তাটি যাচ্ছে সেখানেও আমরা ভালো কাজ করেছি। মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত রাস্তাগুলো খারাপ ছিল, নিঃসন্দেহে সেগুলো একটা অবস্থায় ফিরে এসেছে। হাওড়া জেলার বিধায়ক রবীন্দ্র ঘোষ মহাশয় এখানে প্রশংসা করলেন - নিজের প্রশংসা শুনতে ভালোই লাগছিল - এক সময় হাওড়া জেলার রাস্তাগুলো নিয়ে রবীন্দ্র ঘোষ মহাশয় আমাকে অনেক গালাগাল করেছে, মানুষ আমাকে গালাগাল করেছে। হাওড়া জেলাকে আস্তে আস্তে আমরা উন্নত করার চেষ্টা করছি। হাওড়া জেলার মানুষ বলবে সত্যিই রাস্তাগুলোতে আমরা ভালো কাজ করেছি। হাওড়া জেলাকে প্রাইওরিটি দিয়ে সেখানে আমরা কাজ করছি। উত্তর ২৪ পরগণার বসিরহাট, বনগা এই সমস্ত রাস্তা খুব খারাপ জায়গায় ছিল। সেখানে আর এখন সোরগোলটা নেই, সেখানে আমরা ভালো কাজ করতে পেরেছি। উত্তরবঙ্গের কথা নির্মলবাবু বললেন, ন্যাশনাল হাইওয়ের একটা পোর্শান যেটা আলিপুরদুয়ার এবং আসাম বর্ডারকে ক্রশ করছে, সেই এন. এইচের অবস্থা খুবই খারাপ হয়ে আছে। ১৯৯৩ সালের বন্যার পরে নানান কারণে কেন্দ্রীয় সরকারের নানা অবহেলা ছিল, সেই কারণেই আমরা যেভাবে রাস্তাটা করতে চাই সেইভাবে আমরা স্যাংশান আনতে পারিনি। এই স্যাংশানটা না হলে আমরা করতে পারব না। এখান দিয়ে ভারি ভারি লরি যাতায়াত করে। কিন্তু উত্তরবঙ্গের অন্যান্য রাস্তাগুলো যেমন শিলিগুড়ি-জলপাইগুড়ি রাস্তা সম্পর্কে আগে অনেক কথা বলা হত।

আজকে ন্যাশানাল হাইওয়েকে সে হার মানিয়ে দিচ্ছে। জলপাইগুড়ির কোন বিধায়ক থাকলে নিশ্চয় স্বীকার করতেন যে, যে লরিগুলোর এন. এইচ.-৩১ দিয়ে যাবার

কথা, তারা এই রাস্তা দিয়ে যেতে পছন্দ করছে। বিধায়ক শ্যামবাবু বললেন এন. এইচ. -৩৪ এর কথা। নিশ্চয়, তিনি সত্যি বলেছেন সেই রাস্তা দিয়ে যাওয়া যেত না - ইসলামপুর, - ডালখোলাতে খুব খারাপ ছিল, আমি নিজে গিয়ে দেখছিলাম খুব খারাপ। এবারে কিন্তু ভালো করেছি, শিলিগুড়ি থেকে কলকাতায় এখন ঐ রাস্তা দিয়ে স্বচ্ছন্দে চলে আসছে গাড়িগুলো। এখন আর কমপ্লেন নেই। আমরা বারবার বলছি, এইগুলো জাতীয় সড়ক, কেন্দ্রের কাছ থেকে স্যাংশন না পেলে মনোমত করে করতে পারি না। সেখানেও খুব ঝামেলা লেগেছে। সেখানে যখন আমরা যাচ্ছি, ওরা বলছে, মিনিস্টার অফ সারফেসের ক্ষমতা কতখানি তা বুঝতে পারছি না। ন্যাশানাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া বলছে, বিভিন্ন জায়গায় রাস্তাগুলোর ডেভলপ, ইত্যাদি তারা করবে। ওরা স্যাংশন দেবে কি দেবে না, এন. এইচ. এ. আই. দেবে কিনা, আর দিলে আমরা ডবল করে দিতে পারি না। গোল্ডেন কোয়াড্রাঙ্গেল বলে একটি পরিকল্পনা করা হয়েছে সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে, সেখানে পূর্ব-পশ্চিম-উত্তর-দক্ষিণ-এক্সপ্রেসওয়ে তৈরী করবার পদক্ষেপ নেওয়া হয়েছে। সেই কাজ এন. এইচ. এ. আই. কে দেওয়ার ফলে, উত্তরবঙ্গের বিভিন্ন রাস্তা, বিহারের ডালখোলা পর্যন্ত আমরা করতে পারব কিনা জানি না। সেখানে কাজ করতে গেলে মিনিস্ট্রি অফ সারফেস ট্রান্সপোর্ট টাকা দিচ্ছে না। এটা আমরা রিপেয়ারও করতে পারছি না, যদি অপব্যয় হয়ে যায়? মিনিষ্ট্রি অফ সারফেস ট্রান্সপোর্ট হেজিটেট করছে রাজ্য সরকারকে দেবে কিনা, নাকি এন. এইচ. এ. আই. করবে। চিত্তদাস ঠাকুর বললেন বম্বে রোডের কথা। এটা ৪ লেনিং করে খড়গপুর থেকে কলকাতায় আসছে। এন. এইচ. এ. আই. বলছে সেই রাস্তাটা তাদের দিতে হবে। তাতেও অনেক ঝামেলা হবে। আমাদের যেসব ইঞ্জিনিয়াররা সেখানে কাজ করছেন, রাস্তায় যে লোকগুলো কাজ করছে, তারা বাড়তি হয়ে যাবে, তারা কোথায় যাবে? সুতরাং আমরা হাত দিতে পারছি না। মেদিনীপুর জেলাতে আর একটা ন্যাশানাল হাইওয়ে করা হয়েছে - যেটা উড়িষ্যার বেলদা হয়ে খড়গপুর আসছে। এন. এইচ. এ. আই. সেটা অধিগ্রহণ করছে। সেসব রাস্তা খারাপ হলে আগে পি. ডব্লু. ডি. দেখত। এখন তারা যাবে কি যাবে না? নিশ্চয় যাবে। খারাপ হলে লোকে গালাগাল করছে - ন্যাশানাল হাইওয়ে কবে হবে না হবে, কিন্তু রাস্তাটা তো খারাপ হয়ে গেছে, সেটা ঠিক করতে হবে। সেখানেও অর্থব্যয় আমরা করতে পারি না, সেটা করলে অতিরিক্ত ব্যয় হয়ে যাবে। এরকম নানান সমস্যা প্রায় প্রত্যেকটা জায়গাতেই। তার মধ্যেও লক্ষণীয় যে, উত্তরণের ব্যাপার আছে। উত্তরবঙ্গ থেকে বিহারের ডালখোলা পর্যন্ত রাস্তা, বম্বে রোডকেও ৪ লেন করা হবে। দুর্গাপুর এক্সপ্রেসওয়ে ২ লেন করেছি, ওরা বলেছে ৪ লেন করবে। শক্তিগড়ের ফ্লাইওভার ওরা বলেছে করবে। সুতরাং এই সমস্ত যদি হয়, তাহলে পশ্চিমবঙ্গের রাস্তাঘাটের অবস্থা ভালো জায়গায় গিয়ে দাঁড়াবে। এছাড়া আপনারা দেখবেন, ডব্লু. বি আই. ডি. এফ. সি. রাজ্য সরকারের একটি সংস্থা, তারাও এগিয়ে এসেছে সহায়তা করার জন্য এবং ঋণদান করছে।

[2.40–2.50 p.m.]

তারা ঋণদান করছেন। এই সমস্ত ঋণ দেওয়ার ফলে লোন অ্যামাউন্টে টাকা

পাওয়ার ফলে আমাদের বাজেট ডাবল হয়ে দাঁড়াচ্ছে। গতবারের তুলনায় এবারের বাজেট অ্যালোকেশন ডাবল হয়ে যাচ্ছে। আমাদের অর্থ দপ্তর বলেছে যে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের ঋণ হিসাবে এটা শোধ করতে হবে না। অর্থ দপ্তর গ্যারান্টি দিচ্ছে যে তারা পি ডবলু ডিকে দিচ্ছে। বাজেট এর মধ্যে এটা ইনক্লুড করবেন না। এই লোন শোধ করার দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের। সুতরাং সেইভাবেই এটা আমাদের প্ল্যান বাজেটের মধ্যে অন্তর্ভূক্ত হচ্ছে। এটাকে লোন অ্যামাউন্ট ভাবা হচ্ছে। কিন্তু এখানে যদি কাজ করতে হয়, আমাদের স্টেট গভর্ণমেন্টের যে ফান্ড আছে, সেটা দিয়ে সব কাজ করা সম্ভব নয়। কাজেই আমাদের ঋণ নিতে হবে। এছাড়া আমাদের উপায় নেই। আপনারা শুনেছেন যে, আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রজেক্ট হাতে নিয়েছি। তাতে প্রায় ১০ হাজার কিলোমিটার প্রায় ৩০টি রাস্তা আন্তর্জাতিক মানের রাস্তা তৈরী করছি। পানাগড় থেকে মোরগ্রাম রাস্তা দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ের মত রাস্তা, ন্যাশানাল হাইওয়ের মত রাস্তা তৈরী করা হবে। এই ৩০টি রাস্তার জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে লোন অ্যাসিসট্যান্স চাওয়া হয়েছে। এটা যদি ম্যাচিওর করে, তাহলে আমাদের পশ্চিমবঙ্গের প্রত্যেক জেলায় উন্নতমানের রাস্তা তৈরী হবে এবং নিশ্চিতভাবে আমাদের যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে। কাজেই এই কর্মযজ্ঞ সমস্ত জায়গায় শুরু হয়েছে। ব্রীজের ক্ষেত্রে আমি বলছি যে, পি ডবলু ডির সৃষ্টির ইতিহাস শুরু হওয়ার পরে এত ব্রীজের কাজ এর আগে হয়নি, এখন যা আমরা ব্রীজের কাজ হাতে নিয়েছি। ৭৬টি ব্রীজের কাজ আমরা হাতে নিয়েছি। কাজ চলছে। অনেকগুলির কাজ প্রায় শেষ হওয়ার মুখে। এগুলি হচ্ছে গ্রামাঞ্চলে যেসব জায়গাগুলি একেবারে অবহেলিত ছিল, সেগুলি কানেকশান করা যাবে বলে ভাবা যেত না, সেগুলি কানেকশান করে এখন ভাবা হচ্ছে। সব জায়গায় সেতু বন্ধনের চিন্তা করা হচ্ছে। সুতরাং এতগুলি সেতুর কাজ হাতে নিয়ে চলা মানে বহু টাকা পয়সার খরচ। রাজ্য সরকারের পক্ষ থেকে টাকা পাওয়া যাচ্ছে বলেই আমরা এগুলি করতে পারছি। সুতরাং রাস্তাঘাট, সেতু তৈরীর প্রশ্নে আমরা নিঃসন্দেহে একটা ইতিবাচক দিকে এগোবার চেষ্টা করছি। সাথে সাথে এর গুণগত মানের দিকটাও দেখার চেষ্টা করছি। বিকেন্দ্রীকরণ নীতি অনুসারে আমরা পঞ্চায়েতের সাথে হাতে হাত মিলিয়ে কাজ করছি। তাদের সঙ্গে সম্পর্ক আমাদের ভালোই। আমি কালকে এই ব্যাপারে বলছিলাম যে, আমাদের সঙ্গে পঞ্চায়েতের বিরোধ নেই। আমরা একসঙ্গে কাজ করছি। তারাই আজকে এগিয়ে এসে দেখভাল করার চেষ্টা করছে। বেনিফিশিয়ারী কমিটি তৈরী হয়েছে বহু জায়গায়। তারাই দেখবেন, তারাই যাচ্ছেন। তারাই ধরিয়ে দিচ্ছেন। আমাদের ফোন করছেন, চিঠি লিখছেন, সব সময় তারাই করছেন। এর মধ্যেও কি চুরি চামারি হচ্ছে না? এটা আমি বলতে পারব না। তারা দেখেন, তারা জানেন, তারা দুঃখিত হন। তবে আমরা চেষ্টা করছি, একদিনে তো সব কিছু করা যায় না। কাজেই সেখানে দাঁড়িয়ে আমাদের দপ্তরের পক্ষ থেকে আমরা নজরদারী করার জন্য ওদের বলেছি। আমরা বলেছি যে, আপনারা নজরদারী করুন। আগে পি ডবলু ডির সঙ্গে ঠিকাদারদের নেকসাসের কথা যত সহজে বলে দেওয়া যেত, তা এখন বলা যাবে না। কারণ পঞ্চায়েতের বন্ধুরা দাঁড়িয়ে আছেন, তারা নজরদারী করছেন। তারা ঠিকাদারদের বাবা, মা সবাইকে চেনেন। সেইজন্য

মূল কাজটা ভালো করে যাতে হয়, তারজন্য আমরা চেষ্টা করছি। এই যে প্রচেষ্টা, এর মধ্য দিয়ে আমাদের দপ্তরের কাজ করে চলেছি। বলা যেতে পারে দারুণ কাজের চাপ এসেছে। আমাদের উপর বিরাট দায়িত্ব। আমরা চাইছি যে, আরও নতুন করে পদ সৃষ্টি করা হোক। তা না হলে এত কাজ এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে না। ৮০০ কিলোমিটার রাস্তা আমাদের ২ বছরে শেষ করতে হবে। এছাড়া এতগুলি ব্রীজ আছে, সুতরাং আরও বেশী লোক দরকার। দারুণ চাপের মধ্যে থেকেও আমাদের কাজ করতে হবে। আমাদের দপ্তরের ইঞ্জিনিয়ারদের বলেছি যে, প্রয়োজন হলে সময় বাড়াতে হবে। শুধু ১টা - ৫টা কাজ করলেই হবে না। রাত্রি ৭-৮ পর্যন্ত কাজ করতে হবে। তাছাড়া এই কাজ তোলা যাবে না। যেভাবে কাজ করার উদ্যোগ গ্রহণ করেছেন। অন্যান্য ক্ষেত্রে আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের সহায়তায় হেলথ প্রোজেক্টের কাজ হাতে নিয়েছি। আপনারা জানেন তার দায়িত্ব আমাদের কনষ্ট্রাকশন বোর্ডের কাঁধে দেওয়া হয়েছে। তারা বিভিন্ন জায়গায় কাজগুলো ভাল করে করবার জন্য চেষ্টা করছেন। গ্রামীণ হাসপাতাল যেগুলো আছে সেগুলো করা হচ্ছে নানাদিক থেকে। মানুষকে আর কথায় কথায় কলকাতায় ছুটে আসতে হবে না। ওয়ার্ল্ড ব্যাঙ্ক সেল থেকে এই কাজগুলো করা হচ্ছে। বিভিন্ন জায়গায় কোর্ট বিল্ডিং করা হচ্ছে, অ্যাডমিনিষ্ট্রেটিভ বিল্ডিং করা হচ্ছে, এম. এল. এ হোষ্টেল সম্প্রসারণের কাজ হচ্ছে। এইভাবে ক্যামাক ষ্ট্রীটে বিল্ডিং হচ্ছে। আমাদের রাইটার্স বিল্ডিংসে লোকজন আঁটছে না। আঁটছে না বলে পাশে জেশপের একটা বাড়ী কেনা হয়েছে। জেশপের বাড়ীটা ৭৬ হাজার স্কোয়ার ফিট আমরা পেয়েছি। এটা আমরা ব্যবহার করতে পারব। জেশপের বাড়ীটা নিয়ে আগামী ডিসেম্বরের মধ্যে ঠিক করে নিতে পারব। সেখানে বহু অফিস শিফটেড হয়ে যাবে। পাহাড়ের বিধায়ক বলেছেন, কতগুলো কথা। এন. এইচ. ৫৫ এর কথা তিনি বলেছেন। খুবই খারাপ অবস্থায় রয়েছে। এই রাস্তা টিকবে কিনা বলা সন্দেহ। প্রতি বছর বর্ষার সময়ে পাহাড়ে এত ধ্বস নামে, রাস্তায় এত বোল্ডার পড়ে যে রাস্তার অবস্থা খুবই খারাপ হয়ে পড়ে। পাগলাঝোরার কাছে একটা বোল্ডার পড়ে সেখানে একটা রেল লাইন তিন টুকরো করে নামিয়ে নিয়েছে। সেই বোল্ডারকে সরিয়ে নেওয়ার কাজটাও খুবই কঠিন। আর সেখানে তো প্রচুর বোল্ডার পড়ে। খুবই খারাপ অবস্থা। এন. এইচ. ৫৫কে ঠিক করে মেনটেন করে রাখার কাজটা খুবই দুরূহ হয়ে যাচ্ছে। আমরা একটা বাইপাস এর কথা বলেছিলাম, কিন্তু ওটা তো ন্যাশনাল হাইওয়ে। ওরা না বললে তো আমরা করতে পারি না। বাইপাস না করতে পারলে ওই রাস্তা দিয়ে দার্জিলিং যাওয়া যাবে না। পাংখাবাড়ী রোড, এই রাস্তাটাও খুবই খারাপ। একমাত্র মিরিক দিয়ে যে রাস্তায় দার্জিলিং যাওয়া যায় সেই রাস্তাটি ভাল আছে। মংপু দিয়ে যে রাস্তা, কালিম্পং, তিস্তার পাশ দিয়ে যে রাস্তা নামছে এই রাস্তাগুলোর অবস্থা খুবই খারাপ। গোটা পাহাড়ের রাস্তা বিশেষ করে বর্ষাকালে খুবই অনিশ্চিত অবস্থার সৃষ্টি হয়। ব্যাপক অর্থ ব্যয় করে পাহাড়ের রাস্তা রক্ষা করা যায়। বারবার আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি। আমরা চেষ্টা করছি। রাজ্যসরকারের পক্ষ থেকে যে রাস্তাগুলো করার কথা সেগুলো আমরা ঠিক করেই করছি। কেন্দ্রীয় সরকার যদি এগিয়ে আসতে পারেন, তাহলে আমরা আরও এগোতে পারব। হিলকার্ট রোড। যেটা আমাদের একটা

গৌরবময় রাস্তা। পাহাড় কেটে কেটে রাস্তা। পৃথিবীতে এত সুন্দর রাস্তা, সেই রাস্তা আজকে ভয়ঙ্কর দুর্দশার মধ্যে পড়েছে। পাহাড় সম্বন্ধে আমরা খুবই চিন্তা করছি। দেখছি কি করা যায়। নিশ্চয়ই আপনাদের রাস্তাঘাট সম্পর্কে আপনাদের শুনতে ইচ্ছা করে, আগ্রহ থাকে। এইটুকু শুধু বলতে পারি, একটা ইতিবাচক দিক উন্মুক্ত হয়েছে, নতুন শক্তি যুক্ত হয়েছে বিশেষ করে পঞ্চায়েত এগিয়ে এসেছেন। হাতে হাত মিলিয়ে কাজ করতে পারলে পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যেতে পারব।

[2.50–3.00 p.m.]

**Demand No. 25**

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 533,61,72,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "2059–Public Works, 2205–Art and Culture (Buildings), 2216–Housing (Buildings), 2853–Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059–Capital Outlay on Public Works, 4202–Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210–Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210-Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210–Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211–Capital Outlay on Family Welfare (Buildings), 4216–Capital Outlay on Housing (Buildings), 4220–Capital Outlay on Information and Publicity (Buildings), 4250–Capital Outlay on Other Social Services (Buildings), 4403–Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4408–Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4425–Capital Outlay on Co-operation (Buildings) and 4851–Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 213,44,69,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

**Demand No. 79**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 742,75,05,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads: "3054–Roads and Bridges and 5054–Capital Outlay on Roads and Bridges" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 297,10,02,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No.54 & 86

**Mr. Dy. Speaker :** There are thirty cut motions to Demand No.54 and there are seven cut motions to the Demand No.86. All the cut motions are in order but not moved as the Congress-members are not present in the House.

**শ্রী সুশীল বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৫৪ এবং ৮৬ দাবী মাননীয় মন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন, সেই বাজেটকে সমর্থন করছি। স্যার, আমাদের পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের ২৩ বছর আগেকার দিনগুলির কথা একটু খেয়াল রাখা দরকার। এখানে বিরোধীরা নেই, আমি খুব সংক্ষেপে আমার বক্তব্য বলবো। ২২ বছর আগে খাদ্যের কি অবস্থা ছিল সেটা—সেটা আমি যেখানে থাকি সেখানকার একটি গল্প মনে পড়ে যাচ্ছে।

আমাদের পাড়ায় একটা ছেলের নাম ভুট্টো ছিল। তাকে তার ঐ রকম নাম সম্বন্ধে জিজ্ঞাসা করা হলে সে জানায় তার জন্মের সময় তাদের ভুট্টা, মাইলো খেয়ে থাকতে হ'ত। তখন থেকেই ছেলেটার ঐ নাম প্রচলিত হয়ে গেছে। এখন কি এটা ভাবা যায়? ওদের আমলে খাবারের অভাবের জন্য খাবারের নামে ছেলের নাম রাখা হয়েছিল। যাই হোক, আজকে যদি ওদের কাট-মোশানগুলো দেখেন তাহলে বুঝতে পারবেন যে, কাট-মোশান আনতে হয় তাই এনেছেন, বাস্তবের সঙ্গে এর কোন মিল নেই। আমাদের পশ্চিমবাংলার জনসংখ্যা ৮ কোটি ১১ লক্ষ ১৯৯১ সালের হিসাব অনুযায়ী। আজকে খাদ্য উৎপাদন এমনি এমনি বাড়েনি। গত ২২ বছর ধরে পঞ্চায়েতের বা পনার মধ্যে দিয়ে, ভূমি সংস্কারের উন্নতির ফলে, কৃষি, সেচ এবং উন্নত মানের বীজের সরবরাহের মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণের পথে এগিয়ে যাচ্ছি। তবে এখনও কিছু ঘাটতি আছে। আমাদের মোট চাল ও গমের উৎপাদন ১৪০.৬৬ লক্ষ টন। মাথাপিছু ৫০০ গ্রাম করে যদি এক একটা পরিবারের জন্য ধরা হয় তাহলেও কিছু ঘাটতি থেকে যায়। দিল্লীতে যে সরকার এসেছে, কখনও কংগ্রেস সরকার, কখনও বি. জে. পি. সরকার, মাঝখানে কিছু দিন বন্ধু সরকারের আমল ছাড়া দেখেছি মন্ত্রিসভার অনুমোদন ছাড়া রান্নার গ্যাস থেকে শুরু করে বিভিন্ন নিত্য-প্রয়োজনীয় জিনিস-পত্রের দাম বাড়িয়ে যাচ্ছেন বারে বারে। আর, এর ফলে সাধারণ মানুষের উপর চাপ পড়ছে। সাধারণ মানুষের কথা তারা চিন্তা করে না। আমাদের সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে রেশন মারফত গরীব মানুষকে বাঁচিয়ে রাখার চেষ্টা করে যাচ্ছেন।

আমরা ২২ বছর আগে খাদ্য আন্দোলনের সময় দেখেছি কাঁচ-কলা খাওয়ার কথা বলা হয়েছিল। আজকে আবার আমরা দেখছি, ওঁরা খাদ্য বাজেটে কিছু বলতে পারবে না বলে কালকে একটা নাটক করে বিধানসভার অধিবেশনের বাইরে রয়েছেন। এই নাটক এখন প্রায়ই ওদের করতে দেখা যাচ্ছে। দু-একদিন আগে দেখলাম মাননীয় সদস্য শ্যামাদাসবাবুর মেডিকেল বিল নিয়ে ওরা এক প্রস্থ নাটক করলেন। এই রকম নাটক এখন ওদের কাছে দৈনন্দিন ব্যাপারে গিয়ে দাঁড়িয়েছে। ইতিমধ্যে আবার দেখছি, ওদের মধ্যে দুটো গ্রুপ হয়ে গিয়েছে এবং একটা গ্রুপের নেত্রী, আমি তাঁর নাম করতে চাই না, দুটো গ্রুপই আজকে প্রমাণ করতে উঠে-পড়ে লেগেছে যে, কে কত বামফ্রন্ট বিরোধী। আজকে খাদ্য বাজেটে ওরা উপস্থিত থাকলে ভালো হত। কাজে কোথায় ত্রুটি হচ্ছে তা তুলে ধরলে, ভালো হলে গ্রহণ করা যেত। তবে আজকে বাস্তবকে স্বীকার করতে হবে। ২২ বছর আগে এখানে গরীব মানুষ কি অবস্থায় ছিল? আমাদের পাড়ার জমিদার শ্রেণীর লোকেরা কাউকে ভালো জামা-কাপড় পরে যেতে দেখলে জিজ্ঞাসা করে সেই ছেলেটা ব্যাঙ্কে চাকরি পেয়েছে কিনা। আজকে ক্ষেত-মজুরের ছেলেরা আর না খেয়ে, না পরতে পেরে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ায় না। এটা তো এমনি এমনি হয়নি। মাননীয় মন্ত্রীকে বলব, আপনি এই দপ্তরকে সঠিক ভাবেই পরিচালনা করছেন। কিন্তু কিছু কিছু দুর্বলতা রয়ে গেছে। যেমন রেশন কার্ডের ক্ষেত্রে কিছু দুর্বলতা রয়ে গেছে। বিধিবদ্ধ রেশন এলাকায় মোট ৬,২৪,৮২৭-টি রেশন কার্ডের মধ্যে ২,১৮,৪৩-টি কার্ড বাতিল করেছেন। তার মধ্যে ভুয়ো রেশন কার্ডও আছে। সংশোধিত রেশন এলাকায় ১,১৬,৬৬৩টি রেশন কার্ডের মধ্যে ভুয়ো রেশন কার্ড ২,৮৮,৫০৯-টি। আজকে পঞ্চায়েত সমিতি খাদ্য ও সরবরাহ স্থায়ী সমিতির মাধ্যমে গ্রাম পঞ্চায়েতকে নির্দেশ দেওয়া যায় গ্রামে রেশন ডিলার তাদের যে তালিকা, কাদের কাদের রেশন দেয়, তার তালিকাগুলো পঞ্চায়েত অফিসে ডেকে নিয়ে সার্ভে করা দরকার।

[3.00–3.10 p.m.]

আমার মনে হয় এতে আরও অনেক বেশী রেশন কার্ড ধরা পড়বে। তাতে কাদের লোক ধরা পড়ল সেটা পরিষ্কার বোঝা যাবে। খাদ্য উৎপাদনের ক্ষেত্রে নদীয়ায় দেখেছি আগে সেখানে বাইরের রাজ্য থেকে চাল আসত, বাইরের জেলা থেকেও চাল আসত। কিন্তু আজ পঞ্চায়েত ব্যবস্থার সাফল্যের ফলে, কৃষি ব্যবস্থার উন্নতি এবং সেচ ব্যবস্থার উন্নতির ফলে আজকে নদীয়ায় ব্যাপক ভাবে আমরা চাল উৎপাদন করছি, খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছি। কিন্তু বলা দরকার যে, আমাদের যে জিনিষগুলো লাগবে সেগুলো আমরা বার বার কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছি, কিন্তু সেই জিনিষগুলো তাঁরা দিচ্ছেন না। এখানে ভোজ্য তেল আমদানি করতে হয় উত্তরপ্রদেশ, হরিয়ানা ও রাজস্থান থেকে। আপনারা পুজোর সময় এবং অন্যান্য কিছু কিছু সময়ে পাম্ তেল, কাপড় কাচার সাবান, গায়ে মাখার সাবান, ১০ কেজি করে চাল ইত্যাদি রেশন দোকান থেকে দেওয়ার ব্যবস্থা করেছেন। কিন্তু নির্দিষ্ট দামে, আরও অধিক সংখ্যায় গরীব মানুষ যাতে রেশন দোকান থেকে এই সমস্ত জিনিষগুলো পেতে পারেন তার জন্য

আমি আপনার কাছে আবেদন জানাচ্ছি। সীমান্তবর্তী এলাকায় অনেক রেশন কার্ড আছে। কিন্তু সত্যিকারের রেশন কার্ড হোল্ডাররা অনেকেই রেশন কার্ড পান নি। যাদের রেশন কার্ড পাওয়ার কথা নয় তারা রেশন কার্ড পেয়েছে। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাই যে, যাদের রেশন কার্ড পাওয়ার কথা নয় তারা যারা রেশন কার্ড পেয়েছে তাদের রেশন কার্ড বাতিল করবেন। ১৯৮৩ সাল অবধি রেশন কার্ড দেওয়ার দায়িত্ব ছিল পঞ্চায়েত প্রধানের উপর। আমার আবেদন নতুন করে একবার সার্ভে করা হোক যাতে প্রকৃত রেশন কার্ড কারা পাবেন। যাঁরা প্রকৃত রেশন কার্ড পাবেন তাঁদের রেশন কার্ড দেওয়া হোক আর অন্যাদের রেশন কার্ড বাতিল করা হোক। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে, চালের কোয়ালিটি যাতে ভাল হয় সেটা দেখবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিশিকান্ত মেহতা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় এই রাজ্যের খাদ্য সরবরাহ মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। আমি ভেবেছিলাম পি. ডব্লু. ডি.র মত গুরুত্বপূর্ণ বাজেটে বিরোধীপক্ষ অংশগ্রহণ করবেন এবং খাদ্য দপ্তরের বাজেটেও বিরোধীপক্ষ অংশগ্রহণ করবেন। কিন্তু তাঁদের অনুপস্থিতির ফলে বাজেটের যে স্পিরিট সেটা থাকল না। গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের জনসংখ্যা এবং রেশন কার্ডের সংখ্যা বেশী। যখন ভারত স্বাধীন হল, যখন আমরা ভাগ হলাম তখন বিরাট রেফিউজির সংখ্যা আমাদের ঘাড়ে চেপেছিল। এর ফলে বিরাট খাদ্য সমস্যা দেখা দিল। এই খাদ্য সমস্যাকে পূরণ করার ক্ষেত্রে আমরা পশ্চিমবঙ্গ সরকার উদ্যোগ নিয়েছিলাম। আমরা খাদ্যে ভরতুকি দিয়ে পাবলিক ডিসট্রিবিউশনকে চালু রেখেছিলাম। আমরা ভেবেছিলাম পাবলিক ডিসট্রিবিউশনকে স্ট্রেন্‌দেন্‌ করার জন্য কেন্দ্রীয় সরকার সাহায্য করবেন। কিন্তু আমরা দেখলাম কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের উপর অবহেলা করছে এবং প্রথম দিকে যেভাবে চাল, গম, চিনি, কেরোসিন কেন্দ্রীয় সরকার সরবরাহ করত সেটা পরে তারা কমিয়ে আনা শুরু করলেন। আজকে বি. জে. পি. সরকার আসার পর তাঁরা এই ডিসট্রিবিউশন তুলে দেওয়ার চেষ্টা করছেন। তাঁদের মূলনীতি হল যাঁদের পয়সা আছে তাঁরা বাঁচবে, আর যাদের পয়সা নেই তারা বাঁচবে না। গোটা ভারতবর্ষে যারা খেতে পায় না তারা সবাই পশ্চিমবঙ্গে চলে আসে। এত ভাল জায়গা, এত ভালো আইন-শৃঙ্খলা, এত কম পয়সায় বাঁচাব ব্যবস্থা পশ্চিমবঙ্গ ছাড়া আর কোথাও নেই। স্বভাবতই আমাদের ওপর এখনো বাড়তি চাপ আসছে। তবে এখানে লেফ্‌ট ফ্রন্ট গর্ভাণমেন্ট ২২ বছর ধরে সেচ ব্যবস্থার উন্নতি, ভুমি সংস্কার এবং উন্নত বীজ ও সার সরবরাহের মধ্যে দিয়ে এই রাজ্যকে ভারতবর্ষের মধ্যে চাল উৎপাদনে প্রথম এবং আলু উৎপাদনে দ্বিতীয় স্থানে উন্নীত করতে সক্ষম হয়েছে। এ সত্ত্বেও এখন পর্যন্ত আমরা আমাদের আকাংক্ষিত জায়গায় পৌঁছতে পারি নি। এখনো আমরা কেন্দ্রীয় সরকারের ওপর নির্ভরশীল। এই অবস্থায় বিলো পোভার্টি লাইনের মানুষদের যে চাল সরবরাহ করা হয় সেই চাল সরবরাহ করার ক্ষেত্রে রাজ্য সরকার কেন পুরোটা ভর্তুকি দেবে? এটা যেমন আমাদের ভেবে দেখতে হবে, তেমন পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার যদি আর কোন ক্ষেত্রেই ভর্তুকি না দেয়, পাবলিক ডিসট্রিবিউশন সিস্টেম তুলে দেয়

তাহলে আমাদের সরকার কি ব্যবস্থা গ্রহণ করবে? রাজ্য সরকারকে রাজ্যের সাধারণ গরীব মানুষের স্বার্থে যেমন করেই হোক এই ব্যবস্থা চালু রাখতে হবে। এ রাজ্যের গরীব মানুষরা, কৃষক শ্রমিকরা লড়াই করে যে সরকার গঠন করেছে সেই রাজ্য সরকারকে ভর্তুকি দিয়ে পাবলিক ডিসট্রিবিউশন সিস্টেম চালাতে হবে। আমরা লক্ষ্য করছি এখন রেশনে এবং খোলা-বাজারে চালের দাম প্রায় সমান সমান। রেশনের গম এবং খোলা-বাজারের গম প্রায় সেম টাইপ হয়ে গেছে। ফলে রেশন ডিলাররা অনেক জায়গায় মাল তোলে না। যখন দেখে মুনাফা বেশী থাকবে তখনই কেবল তোলে। ইতিমধ্যেই ব্যারাকপুরের কিছু রেশন ডিলার স্ট্রাইক করেছে। সে ক্ষেত্রে সরকার কি ব্যবস্থা নিয়েছে? যেভাবেই হোক আমাদের এই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম চালু রাখতে হবে। আমাদের বামফ্রন্টের দাবি ছিল, গোটা দেশে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেঁধে দিতে হবে। গোটা দেশে কেন্দ্রীয় সরকার যখন সেই ব্যবস্থা গ্রহণ করল না তখন আমাদের রাজ্য সরকারকে বাধ্য হয়ে রাজ্যের মানুষের স্বার্থে নিজেদের উদ্যোগে যত দূর সম্ভব নিত্য প্রয়োজনীয় জিনিস ন্যায্য দামে রেশন দোকানের মাধ্যমে সরবরাহের ব্যবস্থা করতে হবে। ডিষ্ট্রিক্ট এবং সাব-ডিভিশন লেভেলে সেই ব্যবস্থা গড়ে তোলার জন্য উদ্যোগী হতে পরামর্শ দিয়ে, এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী খাড়া সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। স্যার, আমরা সাধারণভাবে লক্ষ্য করি যে, বিরোধী বন্ধুরা আমাদের রাজ্য সরকারের যে কোন কর্মসূচীরই বিরোধিতা করেন। আমাদের সামনে বিভিন্ন সময়ের যে নজিরগুলি আছে সেগুলির মধ্যে দিয়েই আমরা এটা দেখতে পাই। কিন্তু তাঁরা অতীতে এ রাজ্যের অবস্থা কি ছিল, তা কখনো উল্লেখ করেন না। আজ থেকে ২২/২৪ বছর আগে আমরা দেখেছি আমাদের রাজ্যের গ্রামের মানুষ শাক-পাতা খেয়ে, ভুট্টা খেয়ে, মাইলো খেয়ে জীবনধারণ করতো। আমরা দেখেছি ক্ষেত-মজুররা অনাহারে, অর্ধাহারে থাকত। সে সময়ে কোন পাকা-পোক্ত রেশন ব্যবস্থা ছিল না। সব সময়েই গ্রামের গরীব মানুষদের অর্ধাহারে থাকতে হ'ত। কিন্তু পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের আমলে রেশন ব্যবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার কোন মানুষকে অভুক্ত অবস্থায় থাকতে হয় না। আমরা লক্ষ্য করছি বামফ্রন্ট আমলে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীর সুফল হিসাবে গ্রামের গরীব মানুষদের আর্থিক অবস্থার মধ্যে কিছু পরিবর্তন এসেছে, কিছু উন্নতি হয়েছে। বিশেষ করে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কৃষি উৎপাদনে বিশেষ সাফল্য লাভ করতে সক্ষম হয়েছে। কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে। তবে এখনো আমাদের কিছু কিছু অসুবিধা রয়েছে। আমরা লক্ষ্য করছি আমাদের রাজ্যে যে সমস্ত গরীব মানুষরা দারিদ্র্যসীমার নীচে বসবাস করেন তাঁরা রেশনের দ্রব্য তোলার ক্ষেত্রে অনেক রকম অভিযোগ করেন। অনেক সময়ই দেখা যায় রেশন ডিলাররা খাওয়ার উপযুক্ত চাল তোলেন না, অনুপোযুক্ত চাল ডিসট্রিবিউট করে। যে-সব ডিলাররা এই কাজ করে তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নিতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। অনেক সময়ই আমরা সংবাদ পাই, অভিযোগ করা সত্ত্বেও সঠিকভাবে

এনকোয়ারী হয় না। আর একটা জিনিস আমরা লক্ষ্য করেছি, অনেক সময়ই বলা হয় যে, ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া হাট থেকে চাল সংগ্রহ করছে। কিন্তু আমাদের অভিজ্ঞতা হচ্ছে, কোনদিনই তারা হাটে চাল কিনতে যায় না। তারা যদি তা করতো তাহলে একটা কমপিটিশন সৃষ্টি হ'ত এবং চাষীরা চাল, ধানের উপযুক্ত দাম পেতে পারত। সেই জিনিস না হওয়ায় চাষীদের অনেক কম দামে ধান, চাল বিক্রি করতে হয় বা তারা বিক্রি করতে বাধ্য হয়। যদি ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া সেখান থেকে সংগ্রহ করত তাহলে কৃষকরা উপযুক্ত দাম পেতে পারত। আমরা লক্ষ্য করছি, কেন্দ্রীয় সরকার বার বার খাদ্য-শস্যের দাম বাড়িয়ে দিচ্ছে। অথচ যে কৃষক শস্য উৎপাদন করছে সে কিন্তু উপযুক্ত দাম পাচ্ছে না। মন্ত্রী মহাশয়, তাঁর বাজেট ভাষণের মধ্যে বলেছেন— তাদের যাতে অধিক দাম দেওয়া যায় তার জন্য চিন্তা-ভাবনা হচ্ছে। তাদের ক্ষেত্রে দিতে হলে অন্ততঃপক্ষে খাদ্য সরবরাহ দপ্তরের যারা কর্মী আছেন তাদেরকে হাট থেকে খাদ্য সংগ্রহ করতে হবে। তাহলে পরে কমপিটিশনের বাজারে তারা দাম পেতে পারে। আর একটা জিনিস লক্ষ্য করছি, কেরোসিন তেলের ঘাটতি। আমরা দেখছি, শহরাঞ্চলে ইলেকট্রিক আছে কিন্তু গ্রামাঞ্চলে ইলেকট্রিক নেই। বর্ষার সময়ে গ্রামের মানুষকে অন্ধকারে পথ চলতে হয়। গ্রামের মানুষের জন্য মাথা -পিছু ২০০ গ্রাম কেরোসিন তেল অ্যালট করে থাকে। তাও অনেক সময়ে তারা পান না। সেই কারণে আমি অনুরোধ করবো, শহরাঞ্চলে মাথা-পিছু যা অ্যালটমেন্ট আছে গ্রামের মানুষের জন্য যাতে সেইরকম বৃদ্ধি করা যায় সেইদিকে আপনি লক্ষ্য রাখবেন। কারণ বর্ষাকালে গ্রামের মানুষকে পথ চলতে গেলে মাথা-পিছু ২০০ গ্রাম কেরোসিন তেলে চলে না। তাই এই কেরোসিন তেলের বরাদ্দ বাড়ানোর জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো। আর একটি বিষয়ে অনুরোধ করবো, পঞ্চায়েতের মাধ্যমে সার্ভে করে যাতে গ্রামের মানুষকে রেশন কার্ড দেওয়া যায়। এখানে বলা হয়েছে পঞ্চায়েতের মাধ্যমে ২১ দিনের মধ্যে জন্মের সার্টিফিকেট দিতে হবে। অনেক সময়ে ঢিলেমির জন্য শিশু জন্মাবার পর সার্টিফিকেট নেওয়া হয় না। এখন সার্টিফিকেট না দিতে পারলে তাকে রেশন কার্ড দেওয়া হয় না। যারা স্থানীয় মানুষ তারা অনেকদিন ধরে সেখানে বসবাস করে আসছেন। কিন্তু তাদের রেশন কার্ড নেই যেহেতু তারা জন্মের সার্টিফিকেট জমা দিতে পারে নি। এই জন্মের সার্টিফিকেট না থাকার ফলে তাদের নানারকম অসুবিধা হয়। তাদের শিশুরা স্কুলে ভর্তি হতে পারে না। সেইজন্য এটাকে নিশ্চিত করার জন্য পঞ্চায়েতের মাধ্যমে সার্ভে করার ব্যবস্থা করুন। পঞ্চায়েতের মাধ্যমে সার্ভে করার মধ্য দিয়ে যাতে রেশন কার্ড পাওয়া যায় সেই ব্যবস্থা আপনি নেবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3.10–3.20 p.m.]

**শ্রী কিরীটী বাগ্‌দি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, খাদ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় এখানে যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি সমর্থন করছি এবং সমর্থন করে দু-একটি কথা বলবো। আজকে বিশেষ করে গ্রামাঞ্চলে রেশন ব্যবস্থা খুবই

খারাপ, সেইদিকে লক্ষ্য রেখে গ্রামাঞ্চলে যাতে নিয়মিত রেশনের মাধ্যমে খাদ্য সরবরাহ করা যায় সেই ব্যবস্থা আপনি করবেন। আগে এটা দেখভালের ব্যাপার ছিল পঞ্চায়েতের। কিন্তু সেটা পুরোপুরি বন্ধ হয়ে গেছে। এর ফলে গ্রামাঞ্চলের সাধারণ মানুষ মাথা-পিছু কত মাল আসছে—৫০ গ্রাম চিনি, না ১০০ গ্রাম চিনি বা কত তেল আসছে তা বুঝতে পারে না। হয়তো নোটিশ বোর্ডে লেখা থাকে, কিন্তু তারা পড়তে পারে না। আগে তারা পঞ্চায়েতের মাধ্যমে জানতো, এই মাল এসেছে, এই মাল দেওয়া হবে। এই বিষয়গুলির প্রতি প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য আমি অনুরোধ করবো। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ নির্মল সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্য এবং সরবরাহ দপ্তরের মন্ত্রীমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী উপস্থাপিত করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করি এবং বিরোধীপক্ষ থেকে যে সমস্ত কাট-মোশন এনেছেন সেগুলির বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলতে চাই। স্যার, বিরোধীদের কাট-মোশন আনার কোন নৈতিক অধিকার নেই, কোন যৌক্তিকতা নেই। তার কারণ, বামফ্রন্ট সরকার এখানে একটা নতুন নজির সৃষ্টি করেছেন। বিশেষ করে আমাদের যে অ্যাসেম্বলী কমিটি আগে ছিল এবং বর্তমানে যে বিষয়ক কমিটি আছে—এবং সংসদে যে স্ট্যানডিং কমিটি আছে-খাদ্য দপ্তরের মত গুরুত্বপূর্ণ দপ্তরে - এই কংগ্রেস কেন্দ্রেও ক্ষমতায় ছিল আর এখানেও ক্ষমতায় ছিল - কোনদিনও তারা বিরোধী দলের কোন নেতাকে কমিটির চেয়ারম্যান হিসাবে রাখেনি। কিন্তু বামফ্রন্ট সরকারের এটাই দৃষ্টি-ভঙ্গী, বিরোধী দলের নেতা শ্রীসৌগত রায় মহাশয়কে এই কমিটির চেয়ারম্যান হিসাবে রেখেছেন। তার মূল কারণ হচ্ছে, এই বিভাগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনগণের কাছে খাদ্য পৌঁছে দিতে বামফ্রন্ট সরকার যে অঙ্গীকারবদ্ধ - এটা তারই প্রমাণ।

তাকে গুরুত্বপূর্ণ চেয়ারম্যানের পদে বসানো হয়েছে। একজন বিরোধীদলের নেতাকে চেয়ারম্যানের পদ দেওয়া হয়েছে তার কারণ, তারা অন্ততঃ গঠনমূলক সমালোচনা করে সত্যিকারের কি ভাবে এই ডিপার্টমেন্টকে জনমুখী করা যায় তার জন্য সাজেসান দেবেন। ঐ কমিটি যে প্রতিবেদন পেশ করেছেন তা ভালোভাবে আমি পড়েছি। সেই প্রতিবেদন ডিপার্টমেন্ট ভালোভাবে দেখে অঙ্গীকারবদ্ধ হয়েছেন যে, হ্যাঁ, এগুলি তারা পূরণ করবেন। তা সত্ত্বেও আমি অবাক হয়ে দেখলাম যে ঐ চেয়ারম্যান সাহেব, উনি নিজেই কতকগুলি কাটমোশান দিয়েছেন। এটা তিনি দিতে পারেন কিনা জানি না কারণ তার পুরো বক্তব্য তিনি থার্টিফাষ্ট রিপোর্টেই দিয়ে দিয়েছেন। তার মধ্যে সমালোচনা করেছেন, সাজেসান দিয়েছেন, মন্তব্য করেছেন। তা সত্ত্বেও আবার কেন কাটমোশান দিলেন বুঝতে পারছি না। তবে ওদের চালচলন আমরা দেখছি। আজকে ওরা পুরোপুরি বিধানসভা বয়কট করেছেন। আমি তাই বলব, তার কাটমোশানের কোন যৌক্তিকতা নেই। আমি সম্পূর্ণরূপে এই সমস্ত কাটমোশানের বিরোধিতা করছি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** মিঃ সিনহা, ঐ সমস্ত কাটমোশান মুভডই হয়নি। কাটমোশানই যখন নেই তখন তার বিরোধিতা করবেন কি করে?

[3.20–3.30 p.m.]

**ডঃ নির্মল সিনহা ঃ** ঠিক আছে স্যার। মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে ক্ষমতায় এসে একটা জনমুখী দৃষ্টিভঙ্গী নিয়ে মানুষের কাছে বিশেষ করে খাদ্য পৌঁছে দেওয়ার যে প্রচেষ্টা নিয়েছেন সেই প্রচেষ্টার জন্য আমি এই বাজেটকে সমর্থন করছি। আমার পূর্ববর্তী বক্তা বলেছেন, আমিও বলছি, কংগ্রেস আমলের দুঃশাসনের সময় আমরা দেখেছি যে মানুষকে মাইলো, ভুট্টা খেতে হত। সে সব দিনের কথা আমবা আজকেও ভুলে যাই নি। আমবা ভুলে যাই নি ১৯৫৯ সালের ৩১শে আগষ্ট ৮০ জন কৃষক খাদ্য চাইতে এসে প্রাণ দিয়েছিল এবং তিন হাজার মানুষকে জেলে পচতে হয়েছিল, পুলিশের লাঠি খেতে হয়েছিল হাজার হাজার মানুষকে। সিদ্ধার্থ রায়ের আমলে আমরা দেখেছি, জোর করে লেভি আদায় করা হয়েছিল ছোট কৃষকদের কাছ থেকে। এমন কি চাষীদের খেত থেকে ধান পর্যন্ত তুলতে দেওয়া হয়নি। এমন কি চাষীরা তাদের ধান বাজারে নিয়ে গিয়ে বিক্রি করে অন্য জিনিস কিনবে সে সুযোগও তাদের দেওয়া হয়নি, পুলিশ দিয়ে তাদের উপর অত্যাচার চালানো হয়েছিল। ছোট ছোট চাষীরা সাইকেলে করে যখন তাদের ধান বাজারে বিক্রি করার জন্য নিয়ে যেত তখন তাদের সাইকেল পর্যন্ত বাজেয়াপ্ত করা হয়েছিল। তার সঙ্গে সঙ্গে কালোবাজারীদের দিয়ে খাদ্যশস্য লুকিয়ে রেখে সেখানে কৃত্রিম অভাবের সৃষ্টি করা হয়েছিল। অপর দিকে '৭৮ সালের বন্যার পর আমরা দেখেছি, বামফ্রন্ট সরকারকে ক্ষমতাচ্যুত করার জন্য এবং মানুষকে বিক্ষুব্ধ করার জন্য যখন কালোবাজারীরা খাদ্যশস্যের দাম ১০০ পারসেন্ট বাড়িয়ে দিয়েছিল তখন জনগনের সহায়তায় বামফ্রন্ট সরকার কালোবাজারীদের সেই ষড়যন্ত্র নস্যাৎ করে দিয়ে মানুষের পাশে দাঁড়িয়েছিল। আমি তাই মাননীয় খাদ্যমন্ত্রীর বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং কাটমোশানের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডিমান্ড নং ৫৪ এবং ৮৬ যা মাননীয় অর্থমন্ত্রী সভায় পেশ করেছিলেন এবং সেই পরিপ্রেক্ষিতে যে ব্যয়-ববাদ্দের দাবী আজকে হাউসের অনুমোদনের জন্য প্লেস করা হয়েছে তার সমর্থনে আমি বক্তব্য রাখছি।

আপনি জানেন, যারা খাদ্য নিয়ে রাস্তায় দাঁড়িয়ে চেঁচামেচি করেন তারা আজকে হাউসে নেই। আশা করেছিলাম, তারা হাউসে থাকলে হয়তো কিছু কংক্রিট সাজেশনস রাখতেন। কারণ আমাদের দেশ ডেমোক্র্যোটিক দেশ, এখানে আমরা সবার কথা শুনি। বিশেষ করে এই হাউস - পার্লামেন্টারী সিস্টেম অফ গভর্নমেন্ট - ফর দি অপোজিশন। কিন্তু এটা বুঝেছি যে, তাদের এ সম্বন্ধে বলবার প্রয়োজনীয়তা নেই। ওরা এটাও জানেন, আমরা ১৯৬৭ সাল থেকে খাদ্য নিয়ে আন্দোলন করছি। দিল্লীতে যখন ওদের সরকার ছিল তখন আমরা খাদ্য নিয়ে আন্দোলন করেছিলাম, কিন্তু আমাদের খাদ্য না দিয়ে কাঁচকলা খাওয়ার নির্দেশ দিয়েছিলেন তারা। কিন্তু এখন আমরা খাদ্য সমস্যার সমাধানের পথে অনেক এগিয়ে গিয়েছি। আপনি জানেন, দুই বছর আগে পর্যন্ত আমাদের খাদ্যের

জন্য দিল্লীর উপর নির্ভর করতে হ'ত। কিন্তু লাষ্ট ইয়ার থেকে এফ. সি. আই.-এর কাছ থেকে চাল নেওয়া বন্ধ করে দিয়ে নিজেরা প্রকিওর করবার চেষ্টা করেছিলাম। লাষ্ট ইয়ারে প্রকিওরমেন্টের টার্গেট ছিল ২ লক্ষ ৩৫ হাজার মেট্রিক টন। কিন্তু এখন যারা দিল্লীতে বসে আছেন তারা জানেন যে পশ্চিমবঙ্গের খেটে খাওয়া মানুষদের তারা কোনভাবে টাইট করতে পারবেন না, তার জন্য খাদ্যের ব্যাপারে তারা আমাদের টাইট দেবার চেষ্টা করছেন। এ বছর আমরা চেষ্টা করেছিলাম ৫ লক্ষ মেট্রিক টন আমরা প্রকিওর করবো। মিঃ ডেপুটি স্পীকার স্যার, আপনি জানেন, প্রকিওরমেন্ট প্রাইস আমরা ফিক্স করি না, কেন্দ্রীয় সরকার করেন। কিন্তু কেন্দ্রের বি. জে. পি. সরকার চান না পশ্চিমবঙ্গের খেটে খাওয়া মানুষের মুখে হাসি ফুটুক। তার জন্য তারা যে প্রকিওরমেন্ট প্রাইস ফিক্স করেছেন তাতে মিল মালিকরা যদি চাল দেন তাহলে পার গাড়ীতে তাদের ২৫,০০০ টাকা লস হয়। এ ব্যাপারটা আমরা কেন্দ্রকে বারবার জানিয়েছি, মুখ্যমন্ত্রীও তাদের বলেছেন প্রকিওরমেন্ট প্রাইস সম্বন্ধে চিন্তা করতে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, তারা কিছুই করলেন না। ফলে তাদের এ্যান্টি-পিপল পলিসির কারণে আমরা প্রকিওর করতে পারছি না। আমরা চেষ্টা করেছিলাম হাসকিং মিলের মাধ্যমে প্রকিওরমেন্টের কাজটা জোরদার করতে, কিন্তু আমরা হাসকিং মিলের মাধ্যমে কোন চাল আজ পর্যন্ত পাইনি। আপনি ভাল করেই জানেন, কেন্দ্রীয় সরকার বার বার ঘোষণা করছেন, শুধু চাল নয়, গেঁহু, চিনিও আমাদের বন্ধ করে দেবেন। আমাদের মাননীয় সুশীল বিশ্বাস মহাশয় বলেছেন, পূজা বা অন্যান্য ফেষ্টিভালের সময় স্পেশাল পারমিটের মাধ্যমে চিনি যা দেওয়া হয় সেটাও দেওয়া হচ্ছে না। পারমিট তো দূরের কথা, দুই মাস আগে তারা ফতোয়া জারি করে বলেছিলেন — আমরা চিনি দিতে পারবো না। কিন্তু কেন্দ্র থেকে যদি চিনি না আসে তাহলে রাজ্যের কি করে চলবে? এখানে আমরা আখের উৎপাদন করি না, কাজেই আমাদের কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করতে হয়। আমরা যদিও কেন্দ্রীয় সরকারের উপরে নির্ভর করে আছি তবুও পরিষ্কার বলে দিয়েছি চিনি আমাদের দিন। আমি এই ব্যাপারে দিল্লীতে পর্যন্ত দরবার করেছি। কিন্তু তারা চিনি দিতে চায় না। এই ব্যাপারে আমাদের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে চিঠি লিখেছিলেন চিনি দেবার ব্যাপারে। তিনি লিখেছিলেন এই নির্বাচনের সামনে চিনি বন্ধ করে দিলে কি করে চলবে, কিণ্ত ওরা একদম বলে দিয়েছে চিনি দেবে না। আমরা তখন বললাম যে ঠিক আছে আমাদের যে ১৪কোটি টাকার প্রয়োজন, সেটা আমাদের দিয়ে দাও। আমরা তাই দিয়ে চিনি বিলি করার চেষ্টা করব। কিন্তু দুঃখের বিষয় যে, ওঁনারা কিছুই করলেন না। মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারকে বললেন যে এইভাবে করলে তো চলবে না, চিনি বন্ধ করে দিলে আমরা বাধ্য হয়ে রাস্তায় নামব। ওঁরা তখন আমাদের আরো দু মাস সময় দিয়েছে। এই দু মাসের মধ্যেই আমাদের চিনি দেবে কিন্তু টাকা পয়সা দিয়ে আমাদের সেই চিনি আনার ব্যবস্থা করতে হবে এই কথা ওঁনারা বললেন। আমাদের অফিসাররা এই ব্যাপারে কথাবার্তা বলছেন এবং আমি বলেছি যেভাবেই হোক লড়াই করে চিনি আদায় করতে হবে। কিণ্ত চিনি দেবার সঙ্গে সঙ্গে যে টাকার ব্যাপারটা আছে সেই সম্পর্কে কিছু বললেন না। যাই হোক আমাদের যে প্রোজেক্ট সেট আপ আছে তাই দিয়ে চেষ্টা

চালিয়ে যাচ্ছি। সেখানে সব ফর্মালিটিজ অবজারভ করে ইনফ্রাস্ট্রাকচারের উন্নতি করে ২-৩ মাসের মধ্যে চিনি আমরা আমাদের নিজের হাতে নিয়ে নেব। কিন্তু এটা নেবার জন্যে যা কিছু প্রয়োজন, টাকার প্রয়োজন সেটা আমরা কোথায় পাচ্ছি? আপনারা বললেন যে পশ্চিমবঙ্গে ক্রাইসিস এসেছে। এই ক্রাইসিসটা অদ্ভুত ক্রাইসিস, আমরা পি ডি এসের মাধ্যমে চাল পাচ্ছি। কিন্তু এর দাম খোলা বাজারের চেয়ে বেশী সেই কারণে লোকে কিনছে না। এখানে নিশীবাবু বললেন যে, এই রেশনের জন্য অনেকে ধর্না দিচ্ছেন, অনশন করছেন। তারা হয়ত সব জিনিসগুলো জানেন না বলে ধর্না দিচ্ছেন। তাদের যে ক্ষতি হচ্ছে, অসুবিধা হচ্ছে তাই জন্য তারা ধর্না দিচ্ছে কিণ্তু আমি বলছি যে, আমাদের চালের অভাব নেই, গমের অভাব নেই, কোন জিনিসের অভাব নেই। এখানে একজন সাংবাদিক একদিন আমাকে জিজ্ঞাসা করলেন যে আপনি যখন কলকাতা কর্পোরেশানের চেয়ারম্যান ছিলেন সেই সময়ে পাকিস্তান আক্রমণ করেছিল এবং সেই আক্রমণের সময়ে ক্যালকাটার সব ট্যাংক, পুকুর, জলাধারগুলোতে আপনি ইয়ার মার্ক করে মিলিটারী ডিউটি দিয়ে দিয়েছিলেন। এখন আবার পাকিস্তান আক্রমন করেছে আপনি খাদ্য সম্পর্কে কি বলতে চাইছেন বলুন। আমি তাদেরকে পরিষ্কার করে বলে দিয়েছিলাম যে, জওয়ানরা বর্ডার এলাকায় লড়াই করছে, চিন্তার কোন কারণ নেই। তেমনি জনগণেরও চিন্তার কোন কারণ নেই যতই ক্রাইসিস হোক না কেন, যতই বি জে পি স্টেপ মাদারলি বিহেভিয়ার করুক না কেন আমরা আমাদের খেটে খাওয়া মানুষদের জন্য লড়াই করব এবং তাদের খাদ্যের ব্যবস্থা যে করেই হোক করব। তাদের কারুকে না খাইয়ে রাখব না। কেন্দ্রীয় সরকারের এই স্টেপ মাদারলি বিহেভিয়ার সত্ত্বেও আমি জোর গলায় বলছি যে, আমাদের কাছে ৬ মাসের খাদ্য মজুত আছে তাই দিয়ে আমরা ব্যবস্থা করব। আজকে যারা রেশন দোকান বন্ধ করে দিচ্ছেন তাদের বিষয়টা একটু চিন্তা করা উচিত। আমাদের দেশকে আক্রমণ করে একটা টিকিট কর্নারে ফেলার চেষ্টা করছে, তেমনি রেশন দোকানের মালিকরা ধর্না দিয়ে রেশন দোকান বন্ধ করে ক্ষতি করার চেষ্টা করছে। এটা দেশের পক্ষে ঠিক নয়। সেইজন্য বলব আমরা দু চার মাসে টাকা আয় করতে না পারলেও উত্তেজিত হবার কোন কারণ নেই, আমাদের চাল, গম আছে। কিন্তু ডিলাররা লিফট্ করছে না অর্থাৎ তুলছে না।

[3.30–3.40 p.m.]

চাল তুলে কনজিউমারকে দেয় না দোকানদাররা। কারণ কি জানেন, আগে ওরা যে চাল তুলত বাজারের চাল এর থেকে রেশনের চালের দাম কম ছিল ফলে তারা চাল বিক্রি করে দিয়ে আর্থিক ব্যবস্থা করে ফেলত। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই, আমরা ১৫ কোটি টাকা এফ. সি. আই. কে দিয়ে রেখেছি আর এফ. সি. আই. যে এ্যালটমেন্ট করেছে এপ্রিল মাসে ৫৫ হাজার ৫৮০ মেট্রিক টন, মে মাসে ৫ হাজার ৫৮০ মেট্রিক টন, লিফটিং করেছে কত ৩ হাজার ১৫৯ এবং ২ হাজার ৮৪০। আর ওখান থেকে কেউ লিফট করল না। জুন মাসে এই অবস্থা দাঁড়িয়েছে। এই জুন মাসে যারা দোকান বন্ধ করে রেখেছে, তাদের জানাবার জন্য বলি, জুন মাসেই

এ্যালটমেন্ট ছিল ৫ হাজার ৫৮০; তারা তুলেছে ১ হাজার টন, এটাতো বোঝাই যাচ্ছে একটা চক্রান্ত আছে। এই চক্রান্তের জন্য খেটে-খাওয়া মানুষ, যারা খেয়ে বেঁচে থাকতে চায় তারা কিছু করতে পারছে না। সেই জায়গায় যেতে পারছে না। সেই জন্য আমি বলব এই সব ঠিক নয়। যে ভাবে চাল এর দাম বেড়েছে, যেভাবে কনজিউমারদের অসুবিধা হচ্ছে, আপনারা এটা জানেন ৯৭ সাল থেকে যে এ্যালোকেশান ছিল ফুড গ্রেনস-এ, সেটাকে কেন্দ্রীয় সরকার কমিয়ে দিয়েছে। এই অবস্থায় নিয়ে গিয়েছে। আজকে ১৯.৫৪ লক্ষ মেট্রিক টন থেকে ১৪.৫৪ লক্ষ করে দিয়েছে। এটা বিশেষ করে এস. আর. এরিয়ায় হয়েছে। যদি ওখান থেকে কমিয়ে দেয় তাহলে কি করা যাবে। বি. পি. এল.-এর কি অবস্থা। সেখানে লড়াই করে আমরা ১০ কে. জি. করেছি। আমরা বলেছিলাম পশ্চিমবাংলার মানুষের জন্য আমাদেরকে ৩০ কে. জি. করে দিন, সেই সময় তারা শুনলেন না, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী নিজে গিয়ে প্রাইম মিনিষ্টার-এর সঙ্গে কথা বললেন, আমি আর অর্থমন্ত্রীও প্রাইম মিনিষ্টার-এর সঙ্গে কথা বলেছিলাম যে ৩০ কে. জি. না দিতে পারলে ২০ কে. জি. করে দিন, কিন্তু ওরা তাতেও রাজী হল না, ১০ কে. জি. করে দিয়েছে। আজকে যে অবস্থা দাঁড়িয়েছে, এই যদি সাবসিডির রেট হয়ে থাকে তাহলে আমরা বি. পি. এল. কে কতদূর এগিয়ে নিয়ে যেতে পারব? আমি জনসাধারণকে বলতে চাই, আমাদের যা করার আমরা তা করবো, কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত সাবসিডি দিচ্ছে না, দাম বাড়িয়ে দিচ্ছে, পশ্চিমবঙ্গ সরকার মনে করছে চালের দাম গমের দাম কিছু কম করা উচিত। আমিও ব্যক্তিগতভাবে মনে করছি, সরকার মনে করছে, মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে, আমি খুব শীঘ্র দাম কমিয়ে দেওয়ার চেষ্টা করছি। কনজিউমার প্রাইস-এর যে দাম আছে, গমের দাম ছিল ৮ টাকা পার কে. জি. সেটা ৭.৭০ পয়সা পার কে. জি. করবার সিদ্ধান্ত নিয়েছি। চালের দাম ছিল ১০.৪০ পয়সা, ঐটা সিদ্ধান্ত নিয়েছি ১০ টাকা করে দেব। যেহেতু আমাদের সীমাবদ্ধ ক্ষমতা, নোট ছাপাবার ক্ষমতাও আমাদের নেই, দিল্লির আছে, দিল্লি আমাদের পয়সা দিচ্ছে না, তা সত্ত্বেও আমরা দামটা কমাবার চেষ্টা করছি। পশ্চিমবঙ্গে নিজের রিসোর্স এর মাধ্যমে এর চাহিদা পূরণের কাজটা করার চেষ্টা করছি। কেরোসিন তেল, চিনির ব্যাপার আছে, এসেনসিয়াল কমোডিটিজ সাপ্লাই কর্পোরেশানের মাধ্যমে চিনি বিলি করবার ব্যবস্থা করবো। কিন্তু যে ভাবে এখন বি. জে. পি. সরকার, ফ্রন্ট সরকারকে টাইট দেবার চেষ্টা করছে, আমাদের বুক ফুলিয়ে এগিয়ে আসতে হবে। আজকে বিরোধী দলের সদস্যরা হাউস থেকে ওয়াক আউট করেছেন, এর জন্য জনসাধারণের কাছে তাদের একদিন জবাব দিতে হবে। আজকে কেন্দ্রের বি. জে. পি. সরকার তারা কোন কাজ করলেন না, আমাদের সরকারের সঙ্গে তারা কোন সহযোগিতা করলেন না। আজকে কেরোসিন তেলের বরাদ্দ শহরে বেশী, কিন্তু গ্রামে কম আছে। এটা হওয়া উচিত নয়। এই সম্বন্ধে আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি শহরের সবাইকে এল. পি. জি. দেওয়ার ব্যবস্থা করা হোক। আমরা বলেছি, প্রয়োজন হলে খাদ্য সরবরাহ বিভাগের মাধ্যমে এই ব্যবস্থাটা করুন। শহর এলাকায় কেরোসিন তেলের কোটা কমিয়ে দিতে হবে। কিন্তু এসব তো ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের হাতে আছে, আমাদের কিছু

করার নেই। যদি আমাদের হাতে এই সমস্ত দায়িত্ব দেওয়া হয় তাহলে এই সমস্যার সমাধান হতে পারে। রেশন কার্ড সম্বন্ধে এখানে বলা হয়েছে। ভূয়ো রেশন কার্ড আমরা চেক করতে চাই। আমরা শুধু দার্জিলিঙেই ৬৫ হাজার ভুয়া রেশন কার্ড ধরেছি। আমরা পরিষ্কারভাবে বলে দিয়েছি যারা নতুন জন্ম নিচ্ছে তাদের নতুন রেশন কার্ড দিতে হবে, আর যারা মারা গেছে তাদের কার্ড ক্যানসেল করতে হবে। যারা মারা যাচ্ছে তাদের রেশন কার্ড কেউ জমা দেন না, তারা ভূতের নামে রেশন তুলে যাচ্ছে। এমনিতেই দেখা যাচ্ছে বার্থ রেশিওর তুলনায় ডেথ রেশিও অনেক কম। নতুন রেশন কার্ড সবাইকে দিতে হবে। আপনাদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। যেহেতু এখানে কাট মোশান মুভই হয়নি, তাই কাট মোশান সম্বন্ধে কিছু বলার দরকার নেই। ওরা জানে মুভ করে কোন লাভ হবে না, তাই ওরা মুভ করেনি।

### Demand No. 54

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 109,18,65,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads: "2408–Food, Storage and Warehousing and 4408–Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 36,03,15,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

### Demand No. 86

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March 1999, that a sum of Rs. 7,17,57,000 be granted for expenditure under Demand No. 86, Major Head: "3456–Civil Supplies" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 2,36,80,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

[3.40–3.43 p.m.]

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** Before I adjourn the House I would like to make an announcement.

Certain measures have been taken for tightening the security in the

Assembly Premises. From Monday, no taxis will be allowed in the Assembly compound strictly, and that will be enforced, and Members coming by taxis will have to get off from the taxi at the gate and enter by foot. Members will please make a note of it. Members coming by car, if accompanied by visitors who don't have a pass, the visitors have to get off at the gate and walk to the Reception arranged for visitors to get the pass and then come to the visitors' lobby. The Members will be entitled to enter in their cars. The main lobby of the Assembly House will be out of bound to all visitors. Please make a note of it. The main lobby in the Assembly Premises will be out of bound to all visitors; access will only be to Press Government staff, Assembly staff, security personnel and Members. Those visitors holding passes for the ground floor galleries will get access to the galleries only on production of their passes, not otherwise. Members will strictly keep this in mind, and Members are expected to co-operate.

Further, Members by moving around the periphery of the main hall in the passage will please see that if they have visitors in the gallery on the ground floor, the visitors only come, attend the Session and leave. Members should not try to gossip or talk to them or chat with them in the passage surrounding the Assembly on the ground floor. If they should talk to their visitors, they will have to take them to the visitors' lobby and seat down and talk over there.

I will expect all Members to co-operate and see that these rules are maintained.

## Adjournment

The House was then adjourned at 3-43 p.m. till 11-00 a.m. on Monday, the 12th July, 1999 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 12th July, 1999 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 1 Minister of State and 96 Members.

[11.00–11.10 a.m.]

**OBITUARY REFERENCE**

**Mr. Speaker :** Hon'ble Members, before I take up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shri Niharendu Dutta Mazumder,** former State Minister and **Shri Siddheswar Mukhopadhyay,** renowned clasical singer who had passed away very recently.

**Shri Niharendu Dutt Mazumder**, former State Minister breathed his last on the 8th July, 1999 at his residence after proionged illness from various ailments. He was 95.

A close associate of Netaji Subhas Chandra Bose, Shri Dutt Mazumdar in his early part of life was a member of Labour Party. Afterwards he became a member of Congress Party and also of the Forward Bloc for brief period. Besides politics he was associated with many philanthropic and social activities.

Shri Dutt Mazumder was first elected to erstwhile Bengal Legislative Assembly from Barrackpore (Registered Factories) Assembly Constituency in 1937 and then again in 1946 and later elected to the West Bengal Legislative Assembly from the same Constituency in 1947. He was inducted in the State Cabinet handed by Dr. Bidhan Chandra Roy as a Minister-in-charge of Judicial and Legislative Deptt. during the year 1948-51 and Aborginals & Backward Classes Branch of the Land and Land Revenue Department during the year 1951-52 in addition to Minister-in-charge of the Judicial and Legislative Department. Shri Mazumdar was the last surviving member of the 1937 Bengal Legislative Assembly.

At the demise of Shri Dutt Mazumdar the State has lost a veteran politician as well as an able administrator.

**Shri Siddheswar Mukhopadhyay,** renowned classical singer breathed his last on the 8th July, 1999, at his residence. He was 87.

Born in 1912 at Ujirpur in Barishal district (now in Bangladesh), Shri Mukhopadhyay was nurtured in a musical environment which helped him to develop deep attraction in music from his childhood. He was attracted towards the freedom movement of the country in his teenage. He used to sing patriotic songs for the freedom fighters which made him suffer imprisonment. Shri Mukhopadhyay came in close contact with Quazi Nazrul Islam in 1928 and later became his closest and oldest disciple. He helped Nazrul in composing many of his songs. In 1932 under the direction of Nazrul Islam be recorded his first song at All India Radio, Calcutta. He along with Nazrul Islam song in chorus patriotic songs at the AICC meeting at Calcutta of which Subhas Chandra Bose was the President.

Shri Mukhopadhyay had his music training under renowned classical singers like Ustad Khadim Hussain, Pandit Onkarnath Thakur, Danibabu, Anadi Ghoshdostidar, Brajagopal Adhikari, Quazi Nazrul Islam, Nabin Das and Janiuddin. He was the master of all kinds of Bengali songs like Tappa, Gazal, Bhajan, Kirtan, Rabindra Sangeet, Nazrul Geeti etc. He directed music in the Bengali films like "Sarbahara". He even acted in some films such as "Grihabandhu", "Mukti" and "Rikta". He was felicitated with the honour D. Lit. by Rabindra Bharati University. He was also the recipient of Nazrul Puraskar and many other coveted awards.

At the demise of Shri Mukhopadhyay the State has lost a great classical singer as also a veteran freedom fighter.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

.... (at this stage Hon'ble Members stood in silence for two minutes).......

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## Starred Questions
## (to which oral Answers were given)

### তন্তুজীবী সমবায় সমিতির বকেয়া অর্থ

*৫১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫১) শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার পরিচালনাধীন তন্তুজ, তন্তুশ্রী ও মঞ্জুষা সংস্থাগুলির কাছে রাজ্যের বিভিন্ন তন্তুজীবী সমবায় সমিতিগুলির কিছু অর্থ পাওনা আছে;

(খ) সত্যি হলে, ২৮শে ফেব্রুয়ারী, ১৯৯৯ পর্যন্ত উক্ত বকেয়া পাওনার পরিমাণ কত; এবং

(গ) কবে নাগাদ উক্ত বকেয়া শোধ করা যাবে বলে আশা করা যায়?

**শ্রী প্রলয় তালুকদার ঃ**

(ক) হ্যাঁ।

(খ) প্রায় ২০ কোটি ১৪ লক্ষ টাকা।

(গ) উক্ত সংস্থাগুলির রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে মাল সরবরাহ বাবদ এবং কেন্দ্রীয় সরকারের কাছে বিভিন্ন প্রকল্প রূপায়ণের বাবদ যে সব টাকা পাওনা আছে, সে সব টাকা পাওয়া গেলে বকেয়া শোধ করা যাবে।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে, বিভিন্ন সমবায় সমিতিগুলো ২০ কোটি ১৪ লক্ষ টাকা পাবে এবং এই টাকা বকেয়া রয়েছে রাজ্য সরকারের বিভিন্ন ডিপার্টমেন্ট যারা তন্তুজ, তন্তুশ্রী ও মঞ্জুষা থেকে বিভিন্ন জিনিসগুলো কিনেছিল তাদের কাছে। এছাড়া কেন্দ্রীয় সরকারের যে প্রকল্প, যাতে রাজ্য সরকারকে টাকা দিত সেখানে টাকা পাওনা আছে বলে বকেয়া শোধ করতে পারা যাচ্ছে না। আমার প্রশ্ন কেন্দ্রীয় সরকারের যে প্রকল্প ছিল তন্তুজীবীদের সাহায্য করার জন্য, যেমন, জনতা শাড়ী প্রকল্প ছিল। আমরা জানি বর্তমানে তা বন্ধ হয়ে গেছে এবং এর ফলে আমাদের রাজ্যের তন্তুজীবীরা সমস্যায় পড়েছেন। কেন্দ্রীয় সরকার তন্তুজীবীদের স্বার্থে এই রকম প্রকল্প যাতে আবার চালু করে এবং বকেয়া যে টাকা আছে সে ব্যাপারে আমাদের রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলেছেন কিনা এবং বলে থাকলে তার ফলাফল কি?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** বকেয়া কেন্দ্র এবং রাজ্য - দুটো জায়গায় রয়েছে। রাজ্যের বিভিন্ন দপ্তর এই সংস্থাগুলোর কাছ থেকে কম্পালসারী পারচেজ স্কীমে বিভিন্ন দ্রব্যাদি নেয়। হেলথ ডিপার্টমেন্ট নেয় এবং অন্যান্য ডিপার্টমেন্টও নেয়। আমরা সেই সব ডিপার্টমেন্টের কাছে বারবার তাগাদা মারছি এবং কিছু কিছু টাকা পাচ্ছি। তবে এছাড়াও অনেক টাকা পড়ে রয়েছে।

দ্বিতীয়তঃ, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা এম. বি. এ. বাবদ যে টাকা পাই তার একটা কিস্তি রিলিজ হয়েছে. দুটো কিস্তি বাকি আছে। এই নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করছি, কথাবার্তা বলছি, চিঠিপত্র লিখছি। এছাড়াও, বিষয়টি নিয়ে আমি নিজেও দিল্লী গিয়েছি এবং আলোচনায় তুলেছি।

তাছাড়া কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থা যেমন রেলওয়ে ইত্যাদি তারা কমপালসারি পারচেজের ক্ষেত্রে এই সংস্থাগুলোর কাছ থেকে বিভিন্ন দ্রব্যাদি নেয়। সেই বাবদ বহু টাকা পড়ে আছে। বকেয়া টাকা পড়ে থাকার ফলে তন্তুজীবীদের পাওনা টাকা ঠিকমত দিতে পারিনি। সবচেয়ে বড় সমস্যা হচ্ছে দীর্ঘদিন হল রিবেট্ উঠে গেছে এবং সাধারণ মানুষ জানেন যে, পূজোর সময়, নববর্ষের সময় ৯০ দিন ধরে রিবেট দেওয়া হয় এবং রিবেটের সময় তন্তুজ, তন্তুশ্রী ও মঞ্জুষার বিক্রি বেড়ে যায়। রিবেটের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ১০ পারসেন্ট টাকা দিতেন এবং রাজ্য সরকার ১০ পারসেন্ট টাকা দিতেন। কিন্তু এখন সেটা উঠে গেছে। এখন রাজ্য সরকার ১০ পারসেন্ট টাকা দিচ্ছেন কিন্তু কেন্দ্রীয় সরকার ১০ পারসেন্ট টাকা দিচ্ছেন না। এই সমস্যা শুধু আমাদের রাজ্যেই নয়, এই সমস্যা সারা ভারতবর্ষেই রয়েছে। এটা নিয়ে দিল্লিতে মন্ত্রীদের সঙ্গে আলোচনা হয়েছে। কিন্তু যে ১০ পারসেন্ট টাকা ভর্তুকি হিসেবে এই সংস্থাগুলোকে দিতে হচ্ছে তার ফলে বকেয়া বেড়ে যাচ্ছে। আমরা নো রিবেট স্কীম চালু করেছিলাম। কিন্তু তাতে সাড়া পড়ে নি। কারণ মানুষের মধ্যে রিবেট বদ্ধমূল হয়ে গেছে। সমস্ত ভারতবর্ষেই এই একই সমস্যা রয়েছে।

[11.10–11.20 a.m.]

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** ন্যাবার্ড যে টাকা দেয়, ব্যাংকের যে টাকা ঋণ হিসেবে পাওয়া যায় সেই টাকা তন্তুজ, তন্তুশ্রী ও মঞ্জুষা ঠিকমত পাচ্ছে কিনা এবং পেলে কি পরিমাণ টাকা পাচ্ছে সেটা যদি মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে বলেন তাহলে ভাল হয়।

**শ্রী প্রলয় তালুকদার ঃ** ন্যাবার্ড স্কীমের টাকা মঞ্জুষা বা তন্তুশ্রী পায় না। কারণ এই দুটোই হচ্ছে কর্পোরেশন। একমাত্র তন্তুজ পায়। ন্যাবার্ড স্কীমের টাকা গত কয়েক বছর ধরে কমে গেছে। কারণ যে ইউটিলাইজেশন আমাদের দিতে হচ্ছে—আমি আগেই বলেছি আমাদের প্রচুর বকেয়া টাকা পড়ে আছে এবং বকেয়া টাকা পড়ে থাকার ফলে প্রাইমারি সোসাইটিগুলো দুর্বল হয়েছে। ন্যাবার্ড স্কীমের প্রায় ৪ কোটি টাকা কমে গেছে।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, তন্তুজ, তন্তুশ্রী ও মঞ্জুষা এগুলো আমাদের রাজ্যে বিগত কয়েক বছর ধরে খুব বিকশিত হয়েছিল এবং সারা দেশে খুব সুনাম অর্জন করেছিল। বাংলার তাঁতের কাপড়, হস্ত শিল্প দেশে, বিদেশে খুব জনপ্রিয় ছিল এবং আমাদের রাজ্যে তো জনপ্রিয় ছিলই। কিন্তু নানা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে এগুলোতে এখন সঙ্কট এসেছে। আমরা সেটা বুঝতে পারছি এবং মাননীয় মন্ত্রীর জবাবে সেটা বেরিয়ে এল যে কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার জন্য এরকম হচ্ছে। এই সংস্থাগুলোকে বাঁচানোর জন্য রাজ্য সরকার লড়াই করছেন এবং রাজ্য সরকার এ ব্যাপারে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছেন। এই মুহূর্তে এই সংস্থাগুলোকে আরও বিকশিত করার বা আরও আকর্ষণীয় করে তোলার জন্য আপনার দপ্তরের কোন চিন্তা-ভাবনা আছে কি? চিন্তা-ভাবনা থাকলে সেটা কিভাবে আপনারা রূপায়িত করছেন?

**শ্রী প্রলয় তালুকদার :** তন্তুজ, তন্তুশ্রী ও মঞ্জুষাতে সব থেকে প্রথমে ধাক্কা আসে জনতা প্রকল্প স্কীম উঠে যাওয়াতে। এর আগে গত সপ্তাহে এই নিয়ে প্রশ্ন ছিল, তখন বলেছিলাম যে, জনতা প্রকল্প উঠে যাওয়ার ফলে আমাদের বিরাট সংখ্যক তন্তুবায় সমবায় সমিতি একেবারে ভারচুয়ালি লিকুইডেশনের পথে চলে গেছে। কারণ তারা জনতা স্কীমে শাড়ি, ধুতি করতেন। সমবায় সমিতিগুলোর বিভিন্ন খাত আছে। এ্যাসিসট্যান্স খাত আছে। সেই এ্যাসিসট্যান্স খাতে রাজ্যসরকার বহু টাকা দিয়েছেন। তাদের শেয়ার পার্টিসিপেশন ইত্যাদি এরকম অনেক কিছু আছে। ভাল চলছিল, কিন্তু 'জনতা' প্রকল্প উঠে যাওয়ার ফলে এই সমস্ত বিপণন বন্ধ হয়ে গেল। 'তন্তুজ', 'তন্তুশ্রী' এবং 'মঞ্জুষা' গ্রামাঞ্চলে বিপণন করত। বিপণন বন্ধ হওয়ার ফলে শুধু সমিতিগুলিই মারা গেল, তাই নয়, 'তন্তুজ', 'তন্তুশ্রী' এবং 'মঞ্জুষা'র অনেকগুলি ছোট ছোট দোকান ছিল, যারা 'জনতা' প্রকল্পের শাড়ি ধুতি বিক্রি করত তারাও নন-ভায়েবল্ হয়ে গেল। ফলে বিরাট সংখ্যক কর্মী উদ্বৃত্ত হয়ে গেছে, তাদের আজকে বসিয়ে মাইনে দিতে হচ্ছে। এ ছাড়া আমাদের সুতোকলগুলোয়ও সমস্যা এসে হাজির হয়েছে। এই সব সমস্যা শুধু আমাদের রাজ্যেই নয়, সারা ভারতবর্ষের সর্বত্রই এসেছে। গত বছর আমাদের দেশের সমস্ত বস্ত্র মন্ত্রীদের একটা মিটিং হয়েছিল, সেই মিটিং-এ সমস্ত রাজ্যের মন্ত্রীরা একই সুরে কথা বলেছিলেন— আবার স্কীম চালু করা উচিত গরীব মানুষদের জন্য। কিন্তু তা হয় নি। এখন আমরা যেটা দেখছি, এর সঙ্গে সঙ্গে আমাদের সামনে মিল এবং পাওয়ারলুমের একটা বিরাট কমপিটিশন এসে হাজির হয়েছে। আমাদের রাজ্যে কাপড়ের মিল বা পাওয়ারলুম খুবই কম। তার ফলে আমাদের রাজ্যে মিলের কাপড় বা পাওয়ারলুমের কাপড় খুবই সস্তায় আসে, ফলে তাঁতের সঙ্গে কমপিটিশন হয়। এই যে কমপিটিশন হচ্ছে, এতে তাঁত পিছিয়ে পড়ছে। এক্ষেত্রে আইনের একটা প্রতিবন্ধকতা আছে। আগে ২২-টা হ্যান্ডলুম আইটেমের জন্য রিজার্ভেশন ছিল, এখন সেটা কমিয়ে ১১টা করা হয়েছে। সেই আইটেমগুলি পাওয়ার-লুম প্রোডাকশন করতে পারবে না। কংগ্রেস গভর্নমেন্টের সময় এই আইনটা হয়েছিল। আইনটা হচ্ছে, যদি কেউ রিজার্ভেশন অ্যাক্ট ভায়োলেট করে, কোন পাওয়ারলুম, তাহলে যে রাজ্যে সেই পাওয়ারলুম অবস্থিত সেই রাজ্যের রাজ্য সরকারকেই ব্যবস্থা নিতে হবে। এ বিষয়ে আমরা বার বার কেন্দ্রীয় সরকারকে লিখেছি, আমার আগে যিনি মন্ত্রী ছিলেন—প্রবীর সেনগুপ্ত, তিনিও লিখেছিলেন, আমিও লিখেছি যে, কাপড় তৈরী হচ্ছে অন্য রাজ্যে, বিপণন হচ্ছে কলকাতা শহরে, হাওড়া শহরে এবং কলকাতার বিভিন্ন মফঃস্বল শহরে। কাজেই এখানে যদি আমরা আটকাতে না পারি তাহলে আমাদের রাজ্যের যে রিজার্ভ হ্যান্ডলুম আইটেমগুলি আছে সেগুলির প্রোডাকশন কমে যাবে, প্রতিযোগিতায় মার খাবে। সে জন্য আমাদের সেলস আউটলেটেই ধরার অধিকার দেওয়া হোক। কারণ যে রাজ্যে প্রোডাকশন হচ্ছে, সে রাজ্য কিছু করছে না। গত ১০ বছর ধরে এই নিয়ে প্রচুর লেখা-লিখি করছি, বক্তব্য রাখছি, কিন্তু আইন সংশোধন হয় নি। তার ফলে অন্য রাজ্যে হাজার হাজার কোটি টাকার পাওয়ারলুমের কাপড় আমাদের রাজ্যে এসে হাজির হচ্ছে। আমরাও পাওয়ারলুম সেক্টরে জোর দিয়েছি, সম্পূর্ণ করে উঠতে আমাদের কিছুটা সময় লাগবে। দ্বিতীয়

কথা হচ্ছে, এটা বুঝতে হবে, আমাদের হ্যান্ডলুম সেক্টর যেহেতু কম দামের কাপড়ের চাহিদা পূরণ করত এবং যেহেতু সে জায়গায় আজকে পাওয়ারলুমের কাপড় এসে গেছে সেহেতু তারা পাওয়ারলুমের সঙ্গে প্রতিযোগিতায় পেরে উঠছে না, সেই চাহিদা আজকে পাওয়ারলুম এবং মিলের কাপড় পূরণ করছে। সে জন্য আমরা হ্যান্ডলুমকে ভ্যালু-অ্যাডেড আইটেমে নিয়ে যাচ্ছি এবং সে জন্য আমরা শান্তিপুরের কাছে রিসার্চ ইন্সটিটিউশন করছি। এ বছরই এটা শুরু হয়ে যাবে। সেখানে বিভিন্ন রকম রিসার্চ হবে, কি করে হ্যান্ডলুমে ভাল কাপড়, ড্রেস মেটিরিয়াল তৈরী করা যায়, কমদামী এবং দামী কাপড় সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া যায়। ভ্যালু-অ্যাডেড আইটেম যাতে বেশী করা যায় তার জন্য আমরা চেষ্টা করছি এবং তার দ্বারা রপ্তানীর বাজার ধরার চেষ্টা করছি। ইতঃমধ্যে বেশ কিছু রপ্তানীর বরাত পেয়েছি। ১০টি সোসাইটি সেই কাজে লেগেছে। দিল্লীতে যখন রপ্তানীর ব্যাপারে একটা মেলা হয় তখন সেই মেলায় আমরা গিয়েছিলাম এবং সেখানে আমরা সুযোগ পেয়েছিলাম। এই হচ্ছে কথা। আমরা হ্যাণ্ডলুমের ক্ষেত্রে কতগুলি পরিকল্পনা নিয়েছি।

[11.20–11.30 a.m.]

**শ্রী শৈলজা কুমার দাস :** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, যে তন্তুজীবি সমবায় সমিতিগুলি আছে যার অ্যাপেক্স তন্তুজ, তন্তুশ্রী এবং মঞ্জুষা - এরা ন্যাবার্ডের অ্যাসিসটান্স পেয়ে থাকে এবং ন্যাবার্ড থেকে যে অ্যাসিসটান্স গ্রাস-রুট লেভেলে অর্থাৎ তৃণমূল স্তরে যে তন্তুজীবি সমবায় সমিতিগুলির কাছে পৌঁছায়। ন্যাবার্ড থেকে টাকা নেবার জন্য যে ইন্টারেস্ট তাদের দিতে হয় অথচ তন্তুজ সমবায় সমিতিকে যে আর্থিক সহায়তা দেওয়া হয় তার ইন্টারেস্ট অনেক বেশী। তাই ক্রমশঃ তন্তুজ সমবায় সমিতিগুলির মধ্যে বেশ কিছু সংখ্যক নিষ্ক্রিয় হয়ে যাচ্ছে এবং সমবায় সমিতিগুলি চালাতে অসুবিধা হচ্ছে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, ন্যাবার্ডের যে অ্যাসিসটান্স তাদের দেওয়া হয় নিচের তলার তন্তুজ সমবায় সমিতিগুলির কাছে, এই লোনের উপর ইনটারেস্ট কমাবার কথা তিনি ভাবছেন কিনা এই সমিতিগুলিকে বাঁচিয়ে রাখার জন্য?

**শ্রী প্রলয় তালুকদার :** ইনটারেস্টের ক্ষেত্রে কম করা যায় কিনা এবং যাদের ইনটারেস্ট বকেয়া পড়ে আছে তার কিছুটা মকুব করা যায় কিনা এই নিয়ে ন্যাবার্ডের সঙ্গে আলোচনা করছি। তবে এটা ঘটনা, ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি তারা ঠিক সময় মত তন্তুজ সমবায় সমিতির যে আবেদনগুলি তারা পাঠান না এবং মাননীয় বিধায়ক এইমাত্র যিনি প্রশ্ন করলেন তিনিও একটি কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান। সেই কো-অপারেটিভ ব্যাঙ্কের কাছ থেকেও সময় মত আবেদনপত্রগুলি দেয় না ন্যাবার্ডের কাছে। যদিও ওনার কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক প্রচুর টাকা নিয়ে বসে আছে টাকার পাহাড়ে। এ ব্যাপারে আমি ওনার কাছে আবেদন করবো, তিনিও ন্যাবার্ডের সঙ্গে কথা বলুন। উনি যে কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান সেই কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে সাহায্য দেওয়া যায় কিনা। অবশ্য কন্টাই বেল্টের উইভার্স

কো-অপারেটিভ কিছুটা পরিমাণে সাবলম্বী। আমি ওনার কাছে আবেদন করছি, উনি এই ব্যাপারটি দেখুন যেহেতু উনি কর্ণধার।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আমি জানতে চাইছি, বঙ্গশ্রীর কি অবস্থা? তারা কো-অপারেটিভ-এর কাছে পায় কিনা তাদের বকেয়া কিছু আছে কিনা, কিভাবে বঙ্গশ্রী চলছে সে ব্যাপারে আপনি যদি কিছু বলেন?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** বঙ্গশ্রী সম্বন্ধে কোন প্রশ্ন এখানে আসেনি। সেই জন্য এ সম্বন্ধে কোন তথ্য দিতে পারবো না। তবে নির্দিষ্ট আকারে যদি প্রশ্ন করেন তখন আমি সেই প্রশ্নের উত্তর দেব।

**শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) ঃ** বিভিন্ন তন্তুজ সমবায় সমিতিগুলির অবস্থা বর্তমানে খুবই করুন-এটা আপনি জানেন। আমার মনে হয়, এর অন্যতম কারণ হচ্ছে, যারা সমবায় সমিতিগুলি অরগ্যানাইজ করছে অর্থাৎ কর্মচারী হিসাবে আছে তাদের অবস্থা আরো খারাপ, ৫০০।৬০০ টাকার বেশী তারা মাহিনা পান না, সেইজন্য তাদের আগ্রহ কম। পাশাপাশি যারা তন্তুজীবি আছে তাদের ঠিকমত মাল এই সমিতিগুলি দিতে পারে না। এ ছাড়া বিভিন্ন সোর্স থেকে তাদের যে টাকা দেওয়ার কথা সেটাও তারা পাচ্ছে না। আমার প্রশ্ন, এইসব কর্মচারীদের ব্যাপারে কোন চিন্তা-ভাবনা আপনার আছে কিনা, তাদের বেতন বৃদ্ধি সহ যথোপযুক্ত মর্যাদা দেওয়া যায় কিনা? বিশেষ করে ভাঙন এলাকায় তাদের অবস্থা খুবই শোচনীয়। তারা কোন কাজ পাচ্ছে না। তাদের যাতে মেটিরিয়ালস সরবরাহ করা যায় এবং তারা যাতে ঠিক-ঠিক জিনিসের দাম পায় সেই বিষয়ে সরকারের চিন্তা-ভাবনা আছে কিনা?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** আপনার প্রশ্নটা ঠিক আমি বুঝলাম না। যেটুকু বুঝলাম, তাতে মনে হয় মূল প্রশ্নের আওতায় এটা আসে না। আপনি এর জন্য নির্দিষ্টভাবে আলাদা প্রশ্ন করুন, উত্তর দিয়ে দেব আগামী দিনে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, তন্তুজ, তন্তুশ্রী এবং মঞ্জুষার মোট কতগুলি ষ্টল আমাদের এ রাজ্যে আছে?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** নির্দিষ্টভাবে এখনই বলতে পারবো না, তবে দু শতাধিক আছে।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, তন্তুজীবী সমবায় সমিতিগুলির যে সাবসিডির টাকা পাওনা আছে তার মধ্যে বর্ধমান জেলার সেন্ট্রাল কো-অপারেটিভের কি পরিমাণ টাকা পাওনা আছে এবং কতদিনের মধ্যে তারা তা পেতে পারে?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** সাবসিডির টাকা পাওনা আছে অনেক জায়গারই। বর্ধমানের কথা জানতে হলে নোটিশ দিতে হবে। কারণ আমাকে তথ্যগুলি নিতে হবে। সেই তথ্যটা বিশাল তথ্য হয়ে যাবে।

*৫২০ নট্ কল্ড।

## গ্রামীণ বিদ্যুৎ সংস্থা

*৫২১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

গত ৬-৭-৯৮ তারিখে প্রদত্ত প্রশ্ন নং ৪৭ (অনুমোদিত প্রশ্ন নং ১৫)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে গ্রামীণ বিদ্যুৎ সংস্থা গঠনের কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**ডঃ শংকর কুমার সেন ঃ**

পশ্চিমবঙ্গ গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন সংস্থা (ডব্লু. বি. আর. ই. ডি. সি) গত ১৯৯৮-এর আগষ্ট মাসে গঠিত হয়েছে। গত ৪.৩.৯৯ তারিখে এই নবগঠিত গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন সংস্থার কার্যকরী সমিতির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে গ্রামীণ বিদ্যুৎ সংস্থা গঠিত হয়েছে এবং ইতিমধ্যেই কার্যকরী সমিতির প্রথম সভা গিয়েছে। আমার অতিরিক্ত প্রশ্ন, এই কার্যকরী সমিতিতে কারা কারা আছেন এবং তার প্রথম সভায় কি কি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে?

**ডঃ শংকর কুমার সেন ঃ** শ্রী সুজন চক্রবর্তী, এম. এল. এ. তিনি এর চেয়ারম্যান। এতে বিদ্যুৎ দপ্তরের সচিব, অর্থ দপ্তরের সচিব, প্লানিং এ্যান্ড ডেভোলপমেন্ট ডিপার্টমেন্টের সচিব আছেন। তা ছাড়া আমাদের রাজ্য বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যান, একজন মেম্বার, এই নিয়ে আমাদের আপাততঃ এটা গঠিত হয়েছে। আরও কিছু মেম্বার যেমন সভাধিপতি অথবা পঞ্চায়েত স্তরের কিছু সদস্যকে এর মধ্যে নেওয়া হবে। এর প্রথম মিটিং-এ আমরা কয়েকটা পোষ্ট ক্রিয়েট করেছি। ম্যানেজিং ডিরেক্টার, একজিকিউটিভ ডিরেক্টার, এ্যাডভাইসার ইঞ্জিনিয়ারিং। ম্যানেজিং ডিরেক্টার, একজিকিউটিভ ডিরেক্টার এ্যাপয়েন্টড হয়ে গিয়েছেন। ম্যানেজিং ডিরেক্টার জয়েন করেছেন, একজিকিউটিভ ডিরেক্টার জয়েন করতে পারেন নি, নির্বাচনের জন্য তাকে ডিস্ট্রিক্ট থেকে ছাড়া যায়নি। আর যিনি ইঞ্জিনিয়ারিং এ্যাডভাইসার, তিনিও কাজে যোগ দিয়েছেন। এ পর্যন্ত আমাদের এই কাজটুকু হয়েছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি '৯৮ সালের ফেব্রুয়ারী মাসে 'কৃষক সংগ্রাম' পত্রিকাতে একটি গুরুত্বপূর্ণ প্রবন্ধ লিখেছিলেন—"গ্রামীণ বিদ্যুতিকরণ ও পশ্চিমবঙ্গ" এই নামে। সেখানে এক জায়গায় আপনি বলেছিলেন, '৯৩ সালে জাতীয় উন্নয়ন পর্ষদের বিদ্যুৎ বিষয়ক যে সাব কমিটি সেখানে পশ্চিমবঙ্গের পক্ষ থেকে বলা হয়েছিল, আর. ই. সি. তুলে দিয়ে তার জায়গায় জাতীয় গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন নিগম এবং রাজ্যে রাজ্য গ্রামীন বিদ্যুৎ উন্নয়ন নিগম করা হোক। এই প্রস্তাব গৃহীত হয়েছিল কিন্তু তা কার্যকরী হয়নি। পরবর্তীকালে একাদশ লোকসভার যে বিদ্যুৎ

বিষয়ক কমিটি সেখানেও এটা অনুমোদিত হয়। আপনি তাতে বলেছেন যে, এবারে পশ্চিমবঙ্গ একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ এই বিষয়ে নিতে পারেন। আমার মনে হয় আপনি যা বলেছিলেন সেই ভাবে কার্যকরী করেছেন। কিন্তু আর. ই. সি যে উচ্চ হারে এস. ই. বি থেকে সুদ নিত এবং সুদের টাকা দিতে না পারলে শাস্তিমুলক ব্যবস্থা নিত। এই যে আর. ই. সি গঠিত হল পশ্চিমবাংলায়, এরা এস. ই. বি.-কে ঋণ দেয়। এদের সুদের রেটের পরিমাণ কি সেটা জানাবেন কি?

[11.30–11.40 a.m.]

**ডঃ শংকর কুমার সেন ঃ** ১৯৯৩ সালে জাতীয় স্তরে একটা সম্মেলন হয়েছিল বিভিন্ন জায়গার মুখ্যমন্ত্রীদের নিয়ে। আমাদের মুখ্যমন্ত্রী আমাকে পাঠিয়েছিলেন প্রতিনিধিত্ব করার জন্য। আমি সেখানে একটা প্রস্তাব রেখেছিলাম এবং সেটা গৃহীত হয়েছিল, যেটার নাম হচ্ছে শরদ পাওয়ার কমিটি, সেখানে গৃহীত হয়েছিল। কিন্তু তার পরে বিশেষ কিছু এগিয়ে যায়নি। ইতিমধ্যে আপনারা জানেন যে সংবিধান সংশোধন হয়েছে, ৯৩-৯৪ সংশোধন হয়েছে এবং তাতে পঞ্চায়েত স্তরে বিভিন্ন কাজকে পঞ্চায়েতের সঙ্গে যুক্ত করার কথা হয়েছে। তার মধ্যে গ্রামীণ বৈদ্যুতিকরণ হচ্ছে একটা। তার উপরে ভিত্তি করে যে প্রস্তাবটি গৃহীত হয়েছে অর্থাৎ আমার প্রস্তাব শরদ পাওয়ার কমিটিতে গৃহীত হয়েছে। ন্যাশান্যাল ডেভলপমেন্ট কাউন্সিলের সেই প্রস্তাবের ভিত্তিতে আমরা এখানে গঠন করেছি। আমাদের যে উদ্দেশ্য সেটা হচ্ছে, রাজ্য বিদ্যুৎ পর্ষদ একটা বিরাট ভারী সংস্থা। গ্রামীণ বিদ্যুতের প্রতি সন্ট লেক থেকে তাদের পক্ষে নজর দেওয়া সম্ভব নয়। আর যদি মানুষকে জড়িয়ে নেওয়া যায় তাহলে স্থানীয় সমস্যা কিছু প্রকট হয়ে উঠবে না এবং কিছু কিছু সমস্যা আমি অন্ততঃ আশা করি কমবে। বিদ্যুৎ চুরি, তার চুরি ইত্যাদি এগুলি কমবে। এগুলি আমার অভিজ্ঞতা আছে, ২।১টা জায়গাতে এর ভিত্তিতে আমরা দেখেছি। বিষয়টা অত্যন্ত ডেলিকেট, একটু সময় লাগছে। একটা রাজ্য বিদ্যুৎ সংস্থা বিভিন্ন জায়গায় কাজ করছে — বিল করা, কালেকসান করা, লাইন টেনে নিয়ে যাওয়া, বাড়ীতে কানেকশান দেওয়া, এটাকে তাড়াতাড়ি চেঞ্জ করা যায় না। সেজন্য আমরা যেটা ঠিক করেছি সেটা হচ্ছে অন্ততঃ ৫ বছর হ্যান্ডশেকের ভিত্তিতে চলবো। অর্থাৎ পর্ষদও থাকছে, আমাদের উন্নয়ণ সংস্থাও থাকছে। আস্তে আস্তে উন্নয়ণ সংস্থার হাতে এটা চলে আসবে। এখন দুই জনে মিলে কাজ করবো। এমন নয় যে, পর্ষদ শুরু হল এবং সব কিছু ওদের ঘাড়ে চাপিয়ে দিলাম। এটা হলে সমস্ত জিনিসটা বানচাল হয়ে যাবে এবং এর জন্য সবচেয়ে প্রয়োজন যেটা, এতে একটা প্রযুক্তির ব্যাপার আছে। পঞ্চায়েত স্তরে সেই প্রযুক্তি নিয়ে যাওয়া, তাদের বুঝিয়ে এটা করতে হবে। এর জন্য কিছু সময় লাগছে। জেলা পরিষদ বলুন, ব্লক বলুন, পঞ্চায়েত স্তর বলুন, গ্রাম পঞ্চায়েত বলুন, এটা করতে একটু সময় লাগছে। তাদের বুঝিয়ে হস্তান্তর করার জন্য একটু সময় লাগছে। এর মধ্যে একটা বিরাট জিনিস হচ্ছে সেফটি। এই সেফটিটা খুবই ইমপর্টেন্ট। আমার ধারণা যে আমরা সেই ভাবে প্লান করে এগিয়ে যাচ্ছি। ডিসেম্বর মাস নাগাদ ৫টি জেলা আমরা টেক আপ করছি। সেই ৫টি জেলায় আমরা কাজ শুরু করতে পারবো।

আমরা চাই একটা ব্লকে কাজটা শুরু হোক, এতে আমরা অভিজ্ঞতা সঞ্চয় করতে পারবো। এই হস্তান্তর হলে কি দাঁড়াবে, কি কি অসুবিধা হবে, সেই অভিজ্ঞতা কিন্তু আমারও নেই। একটা প্রসেস অব ট্রান্সফার আমরা শুরু করেছি, একটা বিষয় থেকে আর একটা বিষয়ে যাওয়া। সাধারণ মানুষ কিন্তু পর্ষদের সঙ্গে লেনদেনে অভ্যস্ত। কাজেই এটা হঠাৎ করে করা যায় না। এটা একটা ডেলিকেট ব্যাপার। আপনাদের সামনে আমি এটা রাখছি। আপনারা আমাকে সাজেশান দেবেন আপনারা বিভিন্ন সময়ে, বিভিন্ন ভাবে পত্র-পত্রিকার মাধ্যমেও এটা দিতে পারেন। মেনটেনেন্স করা খুব একটা ডিফিকাল্ট নয়। মানুষ নিজেরা বিভিন্ন জায়গায় মেনটেনেন্স করেন। স্থানীয় মানুষ দিয়ে যদি এটা চালাই তাহলে একটা বিরাট ব্যাপার হবে। আজকে ৭ হাজার ৫৫২ জন রাজ্য বিদ্যুৎ পর্ষদের কর্মী শুধু পঞ্চায়েত এলাকায় কাজ করেন। আপনারা মনে রাখবেন যে, রুরাল ডেভলপমেন্ট হল ৪০০ ভোল্টের লাইন গেলে তার পিছনে ৩৩ কে. ভি., ১১ কে. ভি. সাব-ষ্টেশান আছে। ১১ কে. ভি লাইন যাচ্ছে, এই ব্রেক আপ বাদ দিলেও, শুধু সাপ্লাইতে আমাদের ৭ হাজার ৫৫২ জন কর্মী আছে। গ্রাম থেকে তাদের হঠাৎ তো সরিয়ে আনা যাবে না, কারণ তাহলে বিরাট বার্ডেন হবে। সুতরাং অপশনের মাধ্যমে সেটা কিভাবে করা হবে সে ব্যাপারে ধীরে ধীরে এগোবার চেষ্টা করছি। আমার ধারণা, ৫ বছরের মধ্যে একটা সুস্থ জায়গায় আসবে, তার মধ্যে মানুষ তাদের ক্ষমতা ঠিকভাবে ব্যবহার করতে পারবেন। তার জন্য আমাদের কিন্তু মানুষকে দায়বদ্ধভাবে শিক্ষিত করতে হবে। আমি কিন্তু তাদের অপমান করছি না। তাঁরা জানেন, কিন্তু ব্যাপারটার ডিটেলসে যেতে হবে। সেফটির ব্যাপারটা যাতে তাঁরা বুঝতে পারেন তার জন্য আমাদের সময় লাগবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এখন তো এস. ই. বি. সমস্তটা দেখাশুনা করছে। কিন্তু আপনারা যে গ্রামীণ বিদ্যুৎ সংস্থা গঠন করছেন তারা আস্তে আস্তে গোটা গ্রামীন এলাকায় বিদ্যুৎ ব্যবস্থা দেখাশোনা করবে। ৫ বছর দুই সংস্থা এক সঙ্গে কাজ করবে। আমার জিজ্ঞাস্য, এস. ই. বি.-র যে স্টাফ এবং ইনফ্রাষ্ট্রাকচার এখন রয়েছে সেটা এফিশিয়েন্ট হোক বা না হোক, সাফিশিয়েন্ট হোক বা না হোক, গ্রামেও তারা কাজ করছেন। কিন্তু আপনার গ্রামীণ বিদ্যুতের যে সংস্থা তার তো একটা ইনফ্রাষ্ট্রাকচার দরকার। আমার প্রশ্ন, তার জন্য কি গ্রামীণ বিদ্যুৎ সংস্থা একটা সেপারেট ইনফ্রাস্ট্রাকচার গড়ে তুলবে, নাকি এস. ই. বির ইনফ্রাষ্ট্রাকচারের মাধ্যমে গ্রামীণ বিদ্যুৎ সংস্থার সঙ্গে সমন্বয় সাধন করে কাজটা করবে? অর্থাৎ প্যারালাল কোন সংস্থা গড়ে ওঠার কোন ব্যাপার আছে কিনা?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** না, প্যারালাল কোন অর্গানাইজেশন গড়ে ওঠার সম্ভাবনা নেই। গ্রামে সমস্তটাই লো টেনশন, কোন ইন্ডাষ্ট্রি নেই। সেখানে গৃহস্থ বাড়ী হোক, যাই হোক - সবটাই লো টেনশন। এর তিনটি ভাগ রয়েছে; শহরতলী এবং গ্রামীন মিক্সড এরিয়া, আর একটা হচ্ছে ছোটখাটো দোকানপত্র ইত্যাদি, তার একটা হচ্ছে শুধুমাত্র পঞ্চায়েত রুরাল এলাকা। সেখানে এরা সাপ্লাই করছে এবং সেটাই বলেছি ৭,৫৫২ জন। এবং আমাদের টোটাল এ্যাসেট এবং ম্যানপাওয়ার, সেটা তাদের হাতে চলে যাবে।

পাশাপাশি আমাদের চিন্তা-ভাবনার মধ্যে রয়েছে - এটা নিয়ে আমাদের পরীক্ষা-নিরীক্ষা করতে হবে - ব্লকভিত্তিক কোঅপারেটিভের মত সমিতি গঠন করে সেটা তাদের হাতে তুলে দিয়ে বলবো, 'তোমরা যতটা বিদ্যুৎ নিচ্ছ এবং বন্টন করছো তার থেকে আয় যা হবে সেটা তোমার, কিন্তু বিদ্যুতের দামটা এস. ই. বি.-কে দিয়ে দাও। আমি বুঝিয়ে বলি। ধরুন একটা জায়গায় শুধু চাষবাস হয়, বাড়ীঘর খুব কম, ফলে সেখানে ইউনিট রেট কম হবে এবং তার জন্য আয়ও কম হবে—এরকম একটা কনসেপশন। বাংলাদেশে এরকম ব্যবস্থা চলছে। ওরা বলেন পল্লী বিদ্যুৎ বোর্ড। ৭৬টি বোর্ড ওখানে রয়েছে এবং সেগুলো কমপ্লিটলি ইনডিপেনডেন্ট, ইলেকটেড বাই লোকাল পিপল বাই পঞ্চায়েত। না, ওখানে পঞ্চায়েত সিস্টেম নেই। সেখানে ঐ সংস্থা বিদ্যুৎ কেনে, রক্ষণাবেক্ষণ করে এবং বাড়ীতে বাড়ীতে বিদ্যুৎ কানেকশন দেওয়া সহ সবকিছু করে। এখানে কিন্তু রেটটা ভ্যারী করবে। পঞ্চায়েত এলাকার মধ্যে যেগুলো ডেভেলপড অঞ্চল সেখানে ইউনিট প্রতি দামটা বেশী হবে। কিন্তু একেবারে কৃষি এলাকা, যেখানে গরীব মানুষ - ট্রাইবাল, এস. সি., এস. টি সম্প্রদায় মানুষের বাস, সেখানে দামটা কম হবে। এখানেই আসছে রাজ্য সরকার। বলে দেবো—তুমি এই দামে বিক্রি করতে পারবে, তার বেশী বাড়াতে পারবে না। এটা হচ্ছে টোটাল চিন্তাধারা, এই চিন্তাধারা নিয়ে আমরা কাজ করছি। প্রশ্নটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই ব্যাপারে অত্যন্ত ধৈর্য সহকারে এগোতে হবে।

[11.40–11.50 a.m.]

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। স্যার, উনি যা বললেন তাতে জানতে পারলাম, বিদ্যুৎ চুরি তারপর মিটারে বিভিন্ন ভাবে টাকা ফাঁকি দেওয়ার প্রবণতা এই সমস্ত ব্যাপারে সঠিক ভাবে রুখতে ব্লক ভিত্তিক সমবায় করার চিন্তা ভাবনা করছেন। আমরা দেখতে পাচ্ছি আপনার এস. ই. বি-র পাশাপাশি সি. ই. এস. সি রয়েছে, এখানে তারা প্রায় মনোপলি ব্যবসা করছে। তারা কিন্তু এই জাতীয় চিন্তা-ভাবনা করেনি। কোথাও এই রকম ঘটনা ঘটেনি যে গ্রামীণ বিদ্যুৎ সংস্থা তৈরী করা বা কাউকে কন্ট্রাক্ট প্রথায় দেওয়া। এটা আপনি চিন্তা-ভাবনা করছেন। আপনার ইনফ্রাস্ট্রাকচার থাকা সত্ত্বেও, আপনার প্রচুর এমপ্লয়ী থাকা সত্ত্বেও আপনি বিদ্যুৎ দিতে পারছেন না অথচ বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। আমরা নানা রকম দেখতে পাচ্ছি, বিদ্যুৎ চুরি হচ্ছে, হাই টেনশান লাইন ড্যামেজড ইত্যাদি ইত্যাদি। আজকে বিদ্যুৎ সংস্থা তৈরীর পাশাপাশি এমন কি সমবায় ভিত্তিক, ব্লক ভিত্তিক করতে চাচ্ছেন, তার পাশাপাশি কোন প্রাইভেট সংস্থাকে, কোন লিমিটেড কোম্পানীকে বা ব্যক্তিকেন্দ্রিক সংস্থাকে চুক্তির ভিত্তিতে দেওয়া হবে এই রকম চিন্তা-ভাবনা রেখেছেন কি?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** প্রাইভেটাইজেশান পরবর্তীকালে হবে কিনা এটা আমার পক্ষে বলা শক্ত। আমার ব্যক্তিগত ধারণা হলো প্রাইভেট কোম্পানীগুলির প্রফিটের মোটিভ আছে এবং এ্যাক্ট অনুযায়ী প্রফিটের একটা পারসেন্ট তাদের দিতে হয়, ১৬ শতাংশ থেকে আরম্ভ করে রিজার্ভ ব্যাঙ্কের যে নিয়ম আছে তার সঙ্গে সংগতি রেখে দিতে হয়। আমার যা অভিজ্ঞতা তাতে গ্রামের মানুষ অধিকাংশ দরিদ্র, প্রায় ৫০ শতাংশ

মানুষ দরিদ্র, তাদের বিদ্যুৎ কেনার অবস্থা নেই। সেখানে প্রাইভেট কোম্পানী এসে ব্যবসা করবে কিনা তা নিয়ে সংশয় আছে। এই ক্ষেত্রে রাজ্য সরকারকে এগোতে হবে যে রকম বিভিন্ন ক্ষেত্রে যেমন শিক্ষা বলুন অন্যান্য ক্ষেত্রে সরকারকে এগোতে হয়। বিদ্যুতের ব্যবস্থা, সাধারণ মানুষের অবস্থার উন্নয়নের জন্য সরকারকে করতে হবে। প্রাইভেট কোম্পানী আসবে কিনা, ভবিষ্যতে কি হবে সেটা আমি জানি না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৪.৩.৯৯ তারিখে গ্রামীন সংস্থার প্রথম বৈঠক হয়েছে। উনি একটা কমিটি তৈরী করেছেন এবং যে কমিটিতে আছেন বিদ্যুৎ দপ্তরের সচিব, অর্থ দপ্তরের সচিব, ডব্লু. বি. এস. ই. বি.-র মহাধ্যক্ষ রয়েছেন এবং তার চেয়ারম্যান হচ্ছেন সুজন চক্রবর্ত্তী। আপনার এই গ্রামীন সংস্থা যারা বিদ্যুৎ নিয়ে চিন্তাভাবনা করবেন এবং এটা একটা নূতন করপোরেশান তৈরী করেছেন যারা গ্রামের দৈনন্দিন বিদ্যুতের সমস্ত ব্যাপারটা নিয়ে চিন্তাভাবনা করবে সেখানে সুজন চক্রবর্ত্তীকে চেয়ারম্যান হিসাবে কেন রাখলেন? আপনার টেকনিক্যাল লোক থাকা সত্ত্বেও নন-টেকনিক্যাল লোককে কেন রাখলেন? নির্বাচনের আগে ওনাকে মন্ত্রী করার কথা ছিল সেটা করতে পারেনি বলেই কি সুজন চক্রবর্ত্তী মহাশয়কে চেয়ারম্যান করেছেন?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** এই প্রশ্নের উত্তর আমার জানা নেই। একজনকে না একজনকে তো দায়িত্ব দিতেই হবে। সুজন চক্রবর্ত্তী মহাশয় টেকনিক্যাল পার্সন নয় ঠিকই। টেকনিক্যাল পার্সন ছাড়া মন্ত্রী হতে পারবে না এই রকম কোথাও নেই। আজকে আমি টেকনিক্যাল পার্সন মন্ত্রী হয়েছি, কালকে হয়তো আর একজন হবেন। টেকনিক্যাল নন, এই রকম বাধ্যবাধকতা নেই। টেকনিকাল হলেই পারবেন আর নন-টেকনিক্যাল হলে পারবেন না, এই রকম বাধ্যবাধকতা নেই, সংবিধানে এই রকম বাধ্যবাধকতা নেই।

## ব্যাটারীচালিত বাস

*৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩২) **শ্রী তপন হোড় ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের পরিবহণ ব্যবস্থার উন্নতি ঘটাতে রাজ্য সরকার ব্যাটারীচালিত বাস চালাবার পরিকল্পনা গ্রহণ করেছে;

(খ) সত্যি হলে, প্রাথমিকভাবে এই জাতীয় বাসের সংখ্যা কত হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত প্রকল্পে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**শ্রী সুভাষ চক্রবর্ত্তী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) পরীক্ষামূলক ভাবে দুটি বাস পঃ বঃ ভূতল পরিবহণ সংস্থা সল্ট লেকের করুণাময়ী থেকে উল্টাভাঙা পর্যন্ত চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

(গ) বাস দুটি অনুদান হিসাবে পাওয়া গিয়েছে।

**শ্রী তপন হোড় ঃ** পরীক্ষামূলক ভাবে দুটি বাস সল্টলেকের করুণাময়ী থেকে উল্টোডাঙ্গা পর্যন্ত চালাবার সিদ্ধান্ত আপনি নিয়েছেন। কবে নাগাদ সিদ্ধান্তটি কার্যকরী হবে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** একটু সংযোজন করছি, বাসটি চালু হয়ে গেছে।

**শ্রী তপন হোড় ঃ** বাস দুটি অনুদান হিসাবে পাওয়া গিয়েছে। কারা এই অনুদান দিয়েছেন; এক একটি বাসের মূল্য কত; এবং আপনি এই বাস আরও চালাবেন কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** বাস দুটি পাওয়া গেছে অনেকগুলি সংস্থা - ভারত সরকার এবং আমাদের রাজ্য সরকারের যে নন-কনভেনশন্যাল এনার্জি এবং সৌরশক্তির বিভিন্ন প্রকল্পগুলি আছে, এই সংস্থাগুলি যুক্তভাবে এটা তৈরী করেছে এবং আমাদের রাজ্য সরকারকে চালাবার জন্য হ্যান্ড ওভার করেছে। আমাদের পরিকল্পনা আছে যাতে আরও বেশী করে এই বাস কলকাতার রাস্তায় নামানো যায়। আমি যতখানি জানি, আনুমানিক ১১ লক্ষ টাকার মত খরচ পড়ছে এক একটি বাসের জন্য।

**শ্রী তপন হোড় ঃ** এই বাসগুলো পরীক্ষামূলক ভাবে চলছে। পরীক্ষামূলক ভাবে এগুলো কতদিন চললো এবং তার কি রেজাল্ট পেলেন? এটা ইতিবাচক কিনা, তা যদি হয়ে থাকে তাহলে ইতিমধ্যে আরও বেশী বাস চালাবার চেষ্টা করছেন কিনা? এরই সাথে সাথে গ্যাস চালিত বাস, ট্যাক্সি ইত্যাদি বিভিন্ন ধরণের পরিবহণের কথা যা শোনা যাচ্ছে, এ সম্পর্কে রাজ্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এই বাসগুলোর যা ব্যাটারি শক্তি তাতে একটানা ৬০ কি. মি.-র বেশী চলতে পারবে না। সেজন্য দূরত্বটা সেইভাবেই রাখতে হচ্ছে। আমি পরীক্ষার ব্যাপারে যেটা জানি, খুব সফল হচ্ছে। তবে খুব খালি জায়গা ছাড়া খুব কনজেস্টেড রাস্তায় গেলে, কোথাও আটকে গেলে চলার ক্ষেত্রে অসুবিধা হতে পারে। তবে প্রাথমিক পরীক্ষায় দেখা গেছে উত্তীর্ণ। সেজন্য আমরা স্বল্প দূরত্বে আরও বেশী বাস বার করবার চেষ্টা করছি। গ্যাসচালিত বাসের ব্যাপারে আমরা ইতিমধ্যেই পরীক্ষা-নিরীক্ষা শুরু করেছি সি এস টি সি-কে কেন্দ্র করে। এতে ব্যয়টা কম পড়ে। তবে এটাতে সমস্যা হচ্ছে, এই ব্যবস্থা শুরু করলে গ্যাসের যোগানটা ঠিকমত পাওয়া যাবে কিনা, সরবরাহ ঠিকমত পাওয়া যাবে কিনা। না পাওয়া গেলে চালানো কঠিন হয়ে যাবে। আমরা এটা পরীক্ষা করে দেখছি এবং এই ব্যাপারে আমরা শীঘ্রই সক্রিয় পদক্ষেপ নেব।

[11.50–12.00 Noon]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, ব্যাটারীচালিত গাড়ি আপনি পরীক্ষা-নিরীক্ষাভাবে চালাচ্ছেন এবং এই দিক থেকে

প্রাথমিক ইনভেস্টমেন্ট এবং মেনটেনেন্স কস্টের যে সমস্যাগুলো রয়েছে তাতে ডিজেল বা পেট্রোলচালিত গাড়ির থেকে বেশী পড়ছে কিনা এবং ইকনমির দিক থেকে সেটা কতটা কার্যকরী হবে কারণ পরিবেশ দূষণের ক্ষেত্রে ডিজেল বা পেট্রোলচালিত বাসের চেয়ে ব্যাটারী চালিত বাসে এই ধরণের পরিবেশ নষ্ট হবে না এবং সেইদিক থেকে এটা খুবই কার্যকরী হবে এবং সেইদিক থেকে এই ব্যাটারী চালিত বাস ইকনমিকালি ভায়াবেল হবে কিনা জানাবেন কি এবং এর থেকে কতটা ফল পেয়েছেন জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যকে আজকেই তথ্য দেওয়া সম্ভব নয়। ব্যাটারী চালিত বাস চালানো হয়েছে এবং চলছে এবং তার ভাড়া নির্ধারণ করা হয়েছে করুণাময়ী থেকে উল্টোডাঙ্গা ৫ টাকা। তুলনামূলকভাবে আমার মনে হয়েছে এই ভাড়া বেশী হচ্ছে। যার ফলে যাত্রী পাওয়া যাচ্ছে না। ভাড়ার এই রেঞ্জ করার ফলে যাত্রী পাওয়ার ব্যাপারটা ভায়াবেল হচ্ছে না। যেহেতু এই বাসটি অনুদান হিসাবে পেয়েছি সেই হিসাবে এর ভাড়া রেখেছি ৫ টাকা। একমাত্র অফিসের সময়ে কিছু যাত্রী উঠছে এবং ওই সময়ে ২-৩টে ট্রিপ পাওয়া যাবে, তার পরে আর যাত্রী পাওয়া যাচ্ছে না। আর্থিক দিক থেকে ভায়াবেল না হলেও আমার মনে হয় ক্রমে ক্রমে পরিবেশ দূষণ রোধ করতে এই সৌর চালিত বা ব্যাটারীচালিত বাস চালানো দরকার। সেখানে পেট্রোল বা ডিজেলের বাস না চালিয়ে ব্যাটারীচালিত বাস চালানো উচিত। সেখানে আর্থিক ভায়াবিলিটি দেখতে গেলে পরিবেশ দূষণ রোখা যাবে না, সেই কারণে সামাজিক এবং আর্থিক কর্মকান্ডের স্বার্থে এবং জনসাধারণের কর্মোদ্যোগের স্বার্থে এই সরকারের উদ্যোগের সঙ্গে সঙ্গতি রেখে আর্থিক ব্যবস্থায় যাতায়াতকে দ্রুততর যাতে করা যায় সেটা করতে হবে। এবং এক্ষেত্রে সাবসিডি দিয়ে ব্যাটারী চালিত বাস এবং এই ধরণের নন কনভেনশনাল এনার্জি চালিত বাস, সেখানে পেট্রোল এবং ডিজেল চালিত বাস কমিয়ে এই ধরণের বাস আমাদের চালাতে হবে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন যে, ব্যাটারীচালিত বাসের ক্ষেত্রে আমার যে অভিজ্ঞতা তা হচ্ছে যে, সাগরে একটা বাস গিয়েছিল এবং ওই বাসটি চালানোর ক্ষেত্রে দেখা গেল যে সোলার থেকে এনার্জি সংগ্রহ না করলে ব্যাটারী কাজ করে না এবং এতে ১৫ থেকে ২০মিঃ সময় লাগল পিক আপ করতে। শেষ কালে ওই ভেহিক্যালটি ফেরত পাঠান হয়। আমার প্রশ্ন হচ্ছে যে, পৃথিবীর কোন কোন দেশে এই সৌরচালিত বাস চলছে এবং ইকনমিক্যালি ভায়াবেলে চলছে কিনা জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য যে বিষয়টি উৎথাপন করেছেন তা মূলত টেকনিক্যাল বিষয়। খুঁটিনাটি যে বিষয়, এই বিষয়ে আমি ব্যক্তিগতভাবে এই মুহূর্তে উনি যে অভিজ্ঞতার কথা বলেছেন, সেই ব্যাপারে আমি প্রস্তুত নই। নোটিশ দিলে আমি পারব। আমি অনুরোধ করবো, আমাদের সাইন্স এ্যান্ড টেকনোলজির মন্ত্রী আছেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডঃ শঙ্কর সেন মহাশয় আছেন, তিনি হাউসকে এই ব্যাপারটা এক্সপ্লেন করতে পারেন, যদি প্রয়োজন বোধ করেন।

**পারিবারিক আদালত**

*৫২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৫) **শ্রীকমল মুখার্জী :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যের প্রতি জেলায় পারিবারিক আদালত স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

**শ্রী নিশীথ অধিকারী :** না।

**শ্রী কমল মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, এই রাজ্যে কবে থেকে পারিবারিক আদালতের কাজ শুরু হয় এবং কি উদ্দেশ্য নিয়ে গঠিত হয়েছিল?

**শ্রী নিশীথ অধিকারী :** প্রথমটা ৯৫ সালে এবং পরেরটা বলি, আদালতে যাতে এই পারিবারিক মামলাগুলি না হয়, অনেক ক্ষেত্রে যাতে এখানেই মিটিয়ে দেওয়া যায় কিনা সেটা দেখার জন্য, এটা হয়।

**শ্রী কমল মুখার্জী :** স্যার, আজ পর্যন্ত কত মামলা এই পারিবারিক আদালতে এসেছে এবং কত নিষ্পত্তি হয়েছে?

**শ্রী নিশীথ অধিকারী :** এই পরিসংখ্যান পেতে গেলে আর একটা প্রশ্ন দিতে হবে, এই প্রশ্নের সঙ্গে এটা রিলেটেড নয়।

**শ্রী কমল মুখার্জী :** পারিবারিক আদালত সম্বন্ধে আমরা কিছুদিন আগে কাগজে দেখে ছিলাম নানা রকমের দুর্নীতির অভিযোগ হয় এবং একটা রাজনৈতিক দলের মহিলা সদস্যারা পারিবারিক আদালতে বিক্ষোভ জানিয়ে ছিল, আপনার কাছে ডেপুটেশানও দিয়েছিল, আপনিও স্বীকার করেছিলেন দুর্নীতি হয়, আপনি দুর্নীতি বন্ধ করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী নিশীথ অধিকারী :** দুর্নীতি হয় এমন কোন কথা আমি বলেছি বলে জানি না। তবে অভিযোগ এসেছিল, তদন্ত হয়েছে, এবং তদন্তের পরে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**শ্রী কমল মুখার্জী :** কি ধরণের অভিযোগ এসেছিল?

**শ্রী নিশীথ অধিকারী :** অভিযোগ এসেছিল যে কয়েকজনকে নাকি হয়রানি করা হয়েছে, এই সম্পর্কে আমি আমাদের বিচার বিভাগের প্রধান সচিবকে দিয়ে তদন্ত করাই, এবং অধিকাংশ ক্ষেত্রে এই যে অভিযোগ তার কোন ভিত্তি পাওয়া যায়নি। যেটা সামান্য পাওয়া গিয়েছিল তাকে আমাদের বিচার বিভাগের তরফ থেকে যাতে ভবিষ্যতে না হয়, এই কথা বলে দেওয়া হয়েছিল।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** পারিবারিক আদালত স্থাপনের ক্ষেত্রে নির্দিষ্ট পরিমাণ

জনসংখ্যা না হলে পারিবারিক আদালত গঠন করা যায় না, এই রকম কোন নিয়মকানুন আছে কি?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** এই আইন অনুযায়ী যে শহরে ১ লক্ষ লোক আছে, সেই শহরে আদালত স্থাপন করা যাবে। তার কম হলে করা যাবে না।

[12.00–12.10 p.m.]

**শ্রী শৈলজা দাস ঃ** মাননীয় সদস্য কমল মুখার্জ্জী তার প্রশ্নে জানতে চেয়েছিল যে বিষয়টি, সেটি আপনি এড়িয়ে গেলেন। আমার প্রশ্ন হচ্ছে কি রকম দুর্নীতির অভিযোগ এসেছিল?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** মূল প্রশ্নের সঙ্গে এটি সঙ্গতিপূর্ণ নয়, আপনি আলাদাভাবে প্রশ্ন করলে আমি উত্তর দেব।

**শ্রী মহঃ হান্নান ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন লক্ষাধিক জনসংখ্যা না হলে এই লোক আদালত করা যাবে না শহরের ক্ষেত্রে। কিন্তু ব্লকে যেখানে লক্ষাধিক জনসংখ্যা আছে, সেখানে ব্লকভিত্তিক এই লোক আদালত করার পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** পারিবারিক আদালত কিন্তু কেন্দ্রীয় সরকারের আইন অনুযায়ী হয়, ফ্যামিলি কোর্ট এ্যাক্ট এবং সেন্ট্রাল এ্যাক্ট, কেন্দ্রীয় আইনেই বলা হয়েছে এক লক্ষের মত লোক যেখানে আছে সেখানে এই আদালত স্থাপিত হবে। তাই এই পারিবারিক আদালত ব্লক ভিত্তিক করার কোন প্রশ্নই আসে না।

## কলকাতা বিমানবন্দর বেসরকারীকরণ

*৫২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৪) **শ্রী সুভাষ গোস্বামী** এবং **শ্রী তপন হোড় ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, কলকাতা বিমান বন্দরের বেসরকারীকরণের বিষয়ে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করেছেন; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে কেন্দ্রীয় সরকারের প্রস্তাবটি কী?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী তপন হোড় ঃ** আমাদের কাছে খবর আছে কেন্দ্রীয় সরকার কলকাতা বিমানবন্দরকে বে-সরকারীকরণ করে দিচ্ছে। এই বে-সরকারীকরণ করার ব্যাপারে যে সিদ্ধান্ত সে সম্বন্ধে আপনি ওয়াকিবহাল আছেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্ত্তী ঃ** আমি অনেকদিন আগে সংবাদপত্রে এটা দেখেছিলাম যে, কয়েকটি বড় বড় বিমানবন্দরকে বে-সরকারীকরণ করার উদ্যোগ কেন্দ্রীয় সরকার নিচ্ছে। আমরা মন্ত্রকের সঙ্গে এই ব্যাপারে যোগাযোগ করলে তারা আমাদেরকে এই রকম কোন সংবাদ দিতে পারেন নি। আবার প্রকাশ্যে ঘোষণার জন্য যখন আমরা বলেছিলাম, তখন তারা প্রকাশ্যে ঘোষণাও করেন নি। আপনি যখন প্রশ্নটা তুলেছেন তখন আমি আরেকবার যোগাযোগ করব কেন্দ্রীয় মন্ত্রকের সঙ্গে।

**শ্রী তপন হোড় ঃ** আমার কাছে খবর আছে বে-সরকারীকরণ হয়ে যাচ্ছে। সামনেই পার্লামেন্ট ইলেকশান এসে যাচ্ছে, যেহেতু বিষয়টি সেনসেটিভ তাই পার্লামেন্ট ইলেকশানের আগে ওরা এটা করবেন না। আপনি এই প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করছেন কি?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** হাইপোথিটিকাল কোশ্চেন হয় না। মন্ত্রীমহাশয় এর উত্তর দেবেন না।

**শ্রী সুভাষ চক্রবর্ত্তী ঃ** আমার জানা নেই।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** কলকাতায় বিমান চালনা শিক্ষার জন্য যে ইন্‌স্টিটিউশন ছিল, সেটা বন্ধ হয়ে আছে। আপনার তরফ থেকে এই বিষয়ে কি কি চিন্তা করছেন এবং কি করছেন?

**শ্রী সুভাষ চক্রবর্ত্তী ঃ** যদিও এটা প্রাসঙ্গিক প্রশ্ন নয়, তবুও বলছি - বেহালায় যে ইন্‌স্টিটিউশন আছে, সেটা শিঘ্র চালু করবার চেষ্টা করছি।

**(Question Hour is Over)**

## Starred Questions
## (to which Answers were laid on the Table)

### মৎস্যচাষ প্রকল্প

*৫১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৪) **শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৬-৯৭ ও ১৯৯৭-৯৮ আর্থিক বছরে মৎস্য চাষ প্রকল্পের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ কত (পৃথক পৃথকভাবে); এবং

(খ) উক্ত বছর দুটিতে এই ক্ষেত্রে লাভের পরিমাণ কত?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত আর্থিক বছরে মৎস্য চাষ প্রকল্পের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ নিম্নরূপঃ

ব্যয়িত অর্থের পরিমাণ (লক্ষ টাকার হিসাবে)

| আর্থিক বছর | | | | |
|---|---|---|---|---|
| ১৯৯৬-৯৭ | (১) | নরম্যাল প্ল্যান বাজেট | - | ৭১০.৩৬ |
| | (২) | এক্সটারনালি (বিশ্বব্যাঙ্ক) এইডেড প্রজেক্ট | - | ১৩২১.৩৩ |
| | (৩) | নন্‌প্ল্যান ডেভেলপমেন্টাল | - | ১০৯৯.০৬ |
| | (৪) | সেন্ট্রাল সেক্টর স্কীম | - | ৬০.০০ |
| | (৫) | সেন্ট্রালি স্পনসরড্ স্কীম | - | ৪৯২.৬৬ |
| | | মোট | - | ৩৬৮৩.৩৫ |
| ১৯৯৭-৯৮ | (১) | নরম্যালপ্ল্যান বাজেট | - | ৭১১.৬৫ |
| | (২) | এক্সটারনালি (বিশ্বব্যাঙ্ক) এইডেড প্রজেক্ট | - | ৩০০.০০ |
| | (৩) | নন্‌প্ল্যান ডেভেলপমেন্টাল | - | ১১৪৬ ০০ |
| | (৪) | সেন্ট্রাল সেক্টর স্কীম | - | ২০.২২ |
| | (৫) | সেন্ট্রালি স্পনসরড্ স্কীম | - | ২৭১.২৬ |
| | | মোট | - | ২৪৪৯.১৩ |

(খ) মৎস্য দপ্তরের বিভিন্ন প্রকল্পের জন্য ব্যয়ের মূল উদ্দেশ্য হল জনকল্যাণমুখী প্রকল্পের মাধ্যমে রাজ্যের মৎস্য উৎপাদন বৃদ্ধি ও মৎস্যজীবীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতিসাধন করা। সুতরাং লাভের প্রশ্ন ওঠে না।

## হাইকোর্টে বিচারাধীন মামলা

*৫২০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৩) **শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

২৮শে ফেব্রুয়ারী, ১৯৯৯ পর্যন্ত কলকাতা হাইকোর্টে বিচারাধীন মামলার সংখ্যা কত?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

২,৯৩,৮৭১

## গ্রাঁ প্রী মোটর রেস

*৫২২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৪) **শ্রী অধীররঞ্জন চৌধুরী ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার গ্রাঁ প্রী মোটর রেসের আয়োজন করার উদ্যোগী হয়েছেন;

(খ) সত্যি হলে, উক্ত মোটর রেসের পরিকাঠামো তৈরি করতে কত পরিমাণ জমি অধিগ্রহণ করা হবে; এবং

(গ) পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) আনুমানিক ৫০০ একর জমি হাউসিং দপ্তর অধিগ্রহণ করছেন।

(গ) প্রকল্পটি ২০০১ সাল থেকে রূপায়িত হবার কথা।

## নেতাজী ইন্ডোর স্টেডিয়াম

*৫২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬০) **শ্রী পংকজ বন্দ্যোপাধ্যায় ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) নেতাজী ইন্ডোর স্টেডিয়াম ব্যবহার করতে ব্যবহারকারীদের দৈনিক কত ভাড়া দিতে হয়;

(খ) ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ (ফেব্রুয়ারী পর্যন্ত) আর্থিক বছরে কতদিন উক্ত স্টেডিয়াম ভাড়া দেওয়া হয়েছে (পৃথক পৃথকভাবে); এবং

(গ) উক্ত সময়ে ঐ স্টেডিয়াম ভাড়া বাবদ সরকারের আয়ের পরিমাণ কত (পৃথক পৃথকভাবে)?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) ভাড়া ঃ
সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য প্রতিদিন ৩০,০০০্ টাকা, প্রদর্শনী, শিক্ষামূলক সভা ইত্যাদির জন্য প্রতিদিন ২৫,০০০্ টাকা এবং পারিবারিক অনুষ্ঠানের জন্য (যদি দেওয়া হয়) প্রতিদিন এক লক্ষ টাকা।

(২) বৈদ্যুতিক খরচ ঃ
শীতাতপ নিয়ন্ত্রিত সংযোগের জন্য—মার্চ মাস থেকে নভেম্বর মাস পর্যন্ত প্রতিঘন্টা ৪,০০০ টাকা হিসাবে, ডিসেম্বর মাস থেকে ফেব্রুয়ারী মাস পর্যন্ত প্রতি ঘন্টা ২০০০্ টাকা হিসাবে লাগে। প্রস্তুতিমূলক কাজে আলো ব্যবহারের জন্য প্রতিদিন ৮০০০্ টাকা দিতে হয়। অতিরিক্ত বৈদ্যুতিক খরচের জন্য প্রতি ঘন্টা প্রতি কিলো ওয়াটের জন্য ৪্ টাকা হিসাবে ধার্য করা হয়।

(৩) বীমা খরচ — প্রতিদিন ১৫০০ টাকা।

(খ) ১৯৯৭—৯৮ আর্থিক বছরে ১০৬ দিন এবং ১৯৯৮-৯৯ আর্থিক বছরে (ফেব্রুয়ারী পর্যন্ত) ১৫৪ দিন উক্ত স্টেডিয়াম ভাড়া দেওয়া হয়েছিল।

(গ) ১৯৯৭—৯৮ সালে ঐ স্টেডিয়াম ভাড়া বাবদ সরকারের আয় হয়েছিল ৬১,২৮,৬৬২ টাকা এবং ১৯৯৮-৯৯ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত সরকারের আয়ের পরিমাণ ৬৪,৫৩,৬২৬ টাকা।

### কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র

*৫২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৯) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কারণে জমিচ্যুত পরিবারগুলি থেকে কতজনকে উক্ত কেন্দ্রে শ্রমিক হিসাবে নিয়োগ করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কারণে জমিচ্যুত পরিবারগুলি থেকে এখন পর্যন্ত মোট ৯২৭ জনকে কর্মীপদে নিয়োগ করা হয়েছে। ৫৯৯ জন রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমে এবং ৩২৮ জন রাজ্য বিদ্যুৎ পর্যদে।

### বাসের ভাড়া

*৫২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১২৭) **শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি ডিজেলের দাম কমে যাওয়ার পরিপ্রেক্ষিতে সরকারী বাস, প্রাইভেট বাস ও মিনিবাসের ভাড়া কমানোর কোন পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### বেকার ভাতা

*৫২৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯৭) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার নতুন হারে বেকার ভাতা প্রদান প্রকল্প শুরু করেছে;

(খ) সত্যি হলে, এই ভাতা দেওয়ার পদ্ধতি কী; এবং

(গ) রাজ্যের কতজন বেকার এই সুযোগ পাবেন?

**কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এই প্রকল্পের অধীনে বেকারভাতা প্রাপককে নির্ধারিত ফর্মে দরখাস্ত নিজ কর্মবিনিয়োগ কেন্দ্রে দিতে হবে। সঙ্গে ২টি হলফনামা একটি প্রার্থীর নিজের ও অপরটি প্রার্থীর পরিবারের প্রধানকে দিতে হবে। তাছাড়া দুটি প্রশংসাপত্র স্থানীয় পঞ্চায়েত সমিতি/পৌরসভা/কর্পোরেশন নোটিফায়েড এরিয়া অথরিটিকে জমা দিতে হবে, একটি পারিবারিক আয় ও অপরটি সরকারের আর্থিক সাহায্য না পাওয়া সংক্রান্ত। ফর্ম দেওয়া এবং জমা নেওয়ার শেষ তারিখ সংবাদপত্রে বিজ্ঞাপনের মাধ্যমে জানানো হবে।

(গ) আবেদনপত্র জমা পড়া এবং পরীক্ষার পর সঠিক সংখ্যা বলা সম্ভব হবে।

## ফুটবল অ্যাকাডেমি

*৫৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯৯) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ফুটবল খেলার মান উন্নয়নের স্বার্থে "ফুটবল অ্যাকাডেমি" গঠিত হচ্ছে/হয়েছে;

(খ) সত্যি হলে, এই অ্যাকাডেমি গঠনে রাজ্য সরকার কত টাকা ব্যয় করেছে; এবং

(গ) উক্ত অ্যাকাডেমিতে ভর্তির জন্য কী কী ধরনের যোগ্যতার প্রয়োজন?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) রাজ্যে ফুটবল খেলার মান উন্নয়নের স্বার্থে প্রখ্যাত চিত্রাভিনেতা ও ফুটবল অনুরাগী শ্রী মিঠুন চক্রবর্তীর উদ্যোগে এবং কয়েকজন প্রাক্তন ও নামী ফুটবল খেলোয়াড়ের সহায়তায় বেসরকারী ভাবে "বেঙ্গল ফুটবল অ্যাকাডেমি" গঠিত হয়েছে। ঐ অ্যাকাডেমির পরিচালনভার সম্পূর্ণভাবে বেসরকারী হাতে রয়েছে। রাজ্য সরকার নীতিগতভাবে কিছু পরিকাঠামোগত সহায়তার আশ্বাস দিয়েছেন।

(গ) বেঙ্গল ফুটবল অ্যাকাডেমির কর্তৃপক্ষই এ ব্যাপারে বলতে পারবেন।

**রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা**

*৫৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩০) **শ্রী নন্দদুলাল মাঝি ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ (২৮-২-৯৯ পর্যন্ত) আর্থিক বছরে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা ও উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার কতগুলি বাস চলাচল করেছে (পৃথক পৃথকভাবে); এবং

(খ) ১৯৯৮-৯৯ আর্থিক বছরে (২৮-২-৯৯ পর্যন্ত) দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার লাভ/ক্ষতির পরিমাণ কত?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ (২৮-২-৯৯) পর্যন্ত আর্থিক বছরে দক্ষিণবঙ্গ ও উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার বাস চলাচলের হিসাব নিম্নরূপ ঃ-

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা ঃ-

১৯৯৭-৯৮ - গড়ে দৈনিক ৩০৭টি বাস
১৯৯৮-৯৯ - গড়ে দৈনিক ৩১৯টি বাস

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা

১৯৯৭-৯৮ - গড়ে দৈনিক ৬০৫টি বাস
১৯৯৮-৯৯ - গড়ে দৈনিক ৫৬৮টি বাস

(খ) দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের ক্ষতির পরিমাণ নিম্নরূপ ঃ-

সুদ ও অপচয় ছাড়া ২৫৬.৮০ লক্ষ টাকা
সুদ ও অপচয় সহ ১৩২৪-৭১ লক্ষ টাকা।

**জলপথ পরিবহণ**

*৫৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৭) **শ্রী জটু লাহিড়ী ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, জলপথ পরিবহণ ব্যবস্থাকে আরও প্রসারিত করার পরিকল্পনা সরকার বিবেচনা করছে; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটির রূপরেখা কী?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) পরিকল্পনাটি চিন্তা-ভাবনার পর্যায়ে আছে। চূড়ান্ত রূপরেখা এখনও স্থির হয় নি।

### সরকারী রুটে বেসরকারী বাস

*৫৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪৯) **শ্রী মোজাম্মেল হক** (হরিহরপাড়া) ঃ পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা ও কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার কিছু সংখ্যক রুটে বেসরকারী সংস্থা বা ব্যক্তিকে চুক্তির ভিত্তিতে বাস চালানোর অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কোন্ কোন্ রুটে উক্ত অনুমতি দেওয়া হবে?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এখনও এ ধরনের সিদ্ধান্ত গৃহীত হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

### দূরপাল্লার বাস

*৫৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৬) **শ্রী গৌতম চক্রবর্তী** ঃ পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার দূরপাল্লার বাসের সংখ্যা কত; এবং

(খ) দূরপাল্লার বাস চালিয়ে কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার লাভ/ক্ষতির পরিমাণ কত?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১-৩-৯৯ তারিখে কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার দূরপাল্লার বাসের সংখ্যা ছিল ৫২২টি।

(খ) ১৯৯৮-৯৯ সালে দূরপাল্লার বাস চালিয়ে কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার ক্ষতির পরিমাণ ২২০ লক্ষ টাকা।

### মৎস্যচাষে পশ্চিমবঙ্গ

*৫৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯৫) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায়** ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সারা ভারতে মৎস্যচাষে পশ্চিমবঙ্গের স্থান কোথায়; এবং

(খ) ভারতবর্ষের কোন্ প্রদেশ থেকে পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি মাছ আমদানি করা হয়?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সারা ভারতে অন্তর্দেশীয় মৎস্য চাষ এবং সামগ্রিক মৎস্য উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান - প্রথম।

(খ) ভারতবর্ষের অন্ধ্রপ্রদেশ থেকে তুলনামূলক ভাবে সবচেয়ে বেশী মাছ আমদানি করা হয়।

## জাতীয় ক্রীড়া নীতি

*৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪২) **শ্রী তপন হোড় ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের মধ্যে জাতীয় ক্রীড়া নীতি সংশ্লিষ্ট কিছু বিষয়ে আলোচনা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, আলোচিত বিষয়গুলি কী কী?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, বিগত জুলাই, ১৯৯৮ সালে কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্যের ক্রীড়া মন্ত্রীদের সঙ্গে একটি বৈঠক করেন।

(খ) উক্ত বৈঠকে নতুন জাতীয় ক্রীড়ানীতি, ক্রীড়া পরিকাঠামো নির্মাণ, শিক্ষা-ব্যবস্থার সঙ্গে ক্রীড়া ও শরীরচর্চা শিক্ষার সংযুক্তিকরণ প্রভৃতি বিষয়ে আলোচনা হয়।

## Revenue Collection by C.T.C.

*537. (Admitted Question No. *1083) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

what was the revenue collection during the year 1996-97, 1997-98 and 1998-99 (till February, 1999) by the C.T.C.?

**M. I. C. of the Transport Deptt:**

The Revenue collection by C.T.C. during the year 1996-97, 1997-98 and 1998-99 (upto Feb. '99) are as follows :—

| Year | Amount |
|---|---|
| 1996-97 | Rs. 2542.00 Lakh |
| 1997-98 | Rs. 2576.00 Lakh |
| 1998-99 (upto Feb. '99) | Rs. 2382.00 Lakh |

## অ্যাথ্‌লেটদের জন্য অ্যাকাডেমি

*৫৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৩) **শ্রী সুভাষ গোস্বামী এবং শ্রী তপন হোড় :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে অ্যাথ্‌লেটদের জন্য অ্যাকাডেমি গঠনের কোন প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) উক্ত অ্যাকাডেমি গঠনের বে-সরকারী কোন প্রস্তাব সরকার পেয়েছে কি?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :**

(ক) এই ধরণের কোন প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন নেই।

(খ) এই ধরণের কোন প্রস্তাব দপ্তরে আসেনি।

## টোল ট্যাক্স

*৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২১) **শ্রী জটু লাহিড়ী :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ আর্থিক বছরে (পৃথকভাবে) বিদ্যাসাগর সেতু পারাপারের জন্য 'টোল ট্যাক্স' বাবদ সরকারের কত আয় হয়েছে?

**হুগলী রিভার ব্রিজ কমিশনার্স বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

১৯৯৭-৯৮ আর্থিক বছরে -- ৯,১৬,০৯,২৬৯.০০ টাকা

১৯৯৮-৯৯ আর্থিক বছরে -- ৮,৫৩,১৮,৯২৭.০০ টাকা

## নতুন সঞ্চয় প্রকল্প

*৫৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯০) **শ্রী আবু আয়েশ মন্ডল :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে মৎস্যজীবীদের সামাজিক নিরাপত্তা রক্ষার্থে একটি নতুন স্বল্প সঞ্চয় প্রকল্প চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়; এবং

(গ) প্রকল্পটির রূপরেখা কী?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) উক্ত প্রকল্পটি ১৯৯৮-৯৯ সালের শেষার্ধে আপাতত সামুদ্রিক মৎস্যজীবীদের জন্য অনুমোদিত হয়েছে এবং চালু করতে নির্ধারিত সময় অর্থাৎ জুন থেকে জানুয়ারী মাসের জন্য সামুদ্রিক মৎস্যজীবীদের দেয় ১/৩ অংশ অর্থ আদায়ের বন্দোবস্ত করা হয়েছে।

(গ) এই প্রকল্প মৎস্যজীবী সমুদ্রে মাছ ধরার সময় কালে (জুন-জানুয়ারী) ৮ মাস মাসিক ৪৫.০০ টাকা হারে জমা দেবে। সমান হারে কেন্দ্রীয় ও রাজ্য সরকার ঐ ৮ মাসের জন্য ৩৬০.০০ টাকা হিসাবে জমা দেবে। এতে মোট ১০৮০.০০ টাকা জমা পড়বে। এই ১০৮০.০০ টাকা বছরের ৪ মাস কর্মহীন সময় অর্থাৎ ফেব্রুয়ারী-মে মাস যখন সমুদ্রে মাছ ধরা বন্ধ থাকবে তখন প্রতিমাসে প্রতি সামুদ্রিক মৎস্যজীবী ২৭০.০০ টাকা হিসাবে পাবেন এবং ঐ জমা টাকার সুদও মৎস্যজীবী পাবেন।

### ইডেনের গ্যালারী সংস্কার

*৫৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৭) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রঞ্জি স্টেডিয়ামে গ্যালারী সংস্কারের জন্য বিশেষজ্ঞ কমিটি একটি রিপোর্ট পেশ করেছে; এবং

(খ) সত্যি হলে, সি. এ. বি. কর্তৃপক্ষ উক্ত রিপোর্টের ভিত্তিতে কী কী ব্যবস্থা গ্রহণ করেছে?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রঞ্জি স্টেডিয়ামে গ্যালারী সংস্কারের জন্য কোন বিশেষজ্ঞ কমিটি গঠন করার ব্যাপারে, ক্রীড়া দপ্তরের কিছু জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### তন্তুজ, তন্তুশ্রী ও গ্রামীণ খাদি

*৫৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৮) **শ্রী তপন হোড় ঃ** কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি—

(ক) তন্তুজ, তন্তুশ্রী ও গ্রামীণ খাদি সংস্থাগুলিতে ১৯৯৮-৯৯ আর্থিক বছরে লাভ / লোকসানের পরিমাণ কত;

(খ) উক্ত সংস্থাগুলিকে আরও আকর্ষণীয় করে তুলতে রাজ্য সরকার কোন বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে কি না; এবং

(গ) করে থাকলে, তা কী?

**কুটীর ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) তন্তুজের আনুমানিক ৫ কোটি টাকা এবং তন্তুশ্রীর আনুমানিক ৪ কোটি টাকা। পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্যদ W. B. Khadi and Village Industries Board Act, 1959 অনুযায়ী একটি অবাণিজ্যিক সংস্থা, সুতরাং এক্ষেত্রে লাভ ও লোকসানের প্রশ্ন ওঠে না।

(খ) এবং (গ) —

দারিদ্র্যসীমার নীচে অবস্থিত জনসাধারণের জন্য স্বল্পমূল্যের শাড়ি উৎপাদনের পরিকল্পনা, অন্যান্য রাজ্য নিগমসমূহের সঙ্গে ব্যবসা করার পরিকল্পনা এবং শুধুমাত্র রেডিমেড পোষাক-পরিচ্ছদ এবং অন্যান্য দ্রব্যাদি বিক্রয়ের জন্য কয়েকটি তন্তুজের শোরুম খোলার পরিকল্পনা আছে।

## ADJOURNMENT MOTION

**Mr. Deputy Speaker :** Today I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Pankaj Banerjee on the subject of alleged misleading statement by MIC, Health & Family Welfare Department in reply to an Assembly Question regarding Malaria victims, and the second one is from Shri Ashok Kumar Deb and Shri Sudhir Bhattacharjee on the subject of reported death of three persons from firing by anti-socials at North Nagartala village under Canning P. S. of South 24-Parganas.

Statement made by a Minister in reply to an Assembly question inside the House cannot be the subject matter of an Adjournment Motion. There are specific procedures for raising discussion on such matters. The first Adjournment Motion is thus out of order and I disallow it.

The subject matter of the second Motion relates to day-to-day administration of the Government and do not call for adjournment of the business of the House. The Member may invite attention of the Minister concerned through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the second Motion.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**শ্রী অশোক দেব ঃ** স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছে। বিষয়টি হ'লঃ—

ক্যানিং (২৪ পরগণা, দক্ষিণ), উত্তর নাকতলা গ্রামে সমাজবিরোধীদের গুলিতে ৩ জন যুবকের মৃত্যু হয়েছে। প্রায় ৩০।৩৫ জন দুষ্কৃতি গ্রামে ঢুকে হামলা চালায়। আহত হয়েছে কয়েকজন। প্রশাসন নীরব। অবিলম্বে নিহতদের ক্ষতিপূরণ এবং সত্য ঘটনা প্রকাশ করার জন্য দাবী জানাচ্ছি।

[12.10–12.20 p.m.]

## CALLING ATTENTION

**Mr. Dy. Speaker :** Today I have received six notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| 1) | Reported fire at ITC (edible oil) Godown at Hyde Road, Calcutta on 11.7.99 | : | Shri Sudhir Bhattacharjee & Shri Ashok Kumar Deb |
| 2) | Reported killing of three youths by dacoits under Canning P. S. on 11.7.99 | : | Shri Pankaj Banerjee & Shri Mozammel Haque (Hariharpara) |
| 3) | Reported fire at one electric bulb manufacturing factory at Baguihati under Rajarhat P.S. on 8.7.99 | : | Shri Jatu Lahiri |
| 4) | Alleged clash at the Calcutta Medical Research Institute, Calcutta on 10.7.99 | : | Shri Sobhan Deb Chattopadhyay |
| 5) | Alleged attack on anti-war street corner at Sealdah Railway Station, Calcutta on 10.7.99 | : | Shri Tapan Hore |

6) Reported decision to prepare list of persons suspiciously involved in I.S.I. activities causing panic among the minority communities : Shri Mozammel Haque (Murshidabad)

I have selected the notice of Shri Sudhir Bhattacharjee & Shri Ashok Deb on the subject of reported fire at ITC (edible oil) godown at Hyde Road, Calcutta on 11.7.99.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** The statement will be made on 15th July.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Dy. Speaker :** Now I call upon the Minister-in-charge of the Judicial Department to make a statement on the subject of State Government's decision on setting up of a new law college in the State.

(Attention called by Shri Ajoy De on the 7th July, 1999)

## Point of Information

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আমি এক মিনিট একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার কাছে বলতে চাইছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা গত কয়েকদিন ধরে একটা ভয়ানক অবস্থা এখানে দেখছি। সেটা হল আমাদের এম. এল. এ-দের এখানে একটা লালবাজার করে দিয়েছেন। গেট থেকে গাড়ি নিয়ে ঢোকা যায় না। পুলিশ গাড়ি নিয়ে ঢোকার সময়ে গাড়ি দাঁড় করিয়ে সার্চ করার মত করছে। মনে হচ্ছে যতজন এম. এল. এ, যেন একজন এম. এল. এ পিছু দশজন করে পুলিশ দিয়েছে। এটা আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। প্রত্যেকটি গেটে গাড়ি থামিয়ে সার্চের মত করা হচ্ছে। এটা কোন দেশী কথা। আমি আবেদন করছি, আপনি পুলিশকে নির্দেশ দিন, যাতে আমরা এই হিউমিলিয়েশন থেকে বাঁচতে পারি। গেট খোলা থাকবে, এম. এল. এ-রা আসবে গাড়ি থামিয়ে সার্চের মত করা হবে। এটা কোন দেশ? পরবর্তীকালে সেক্রেটারী, সিকিউরিটি সমেত আসলে তাদের পর্যন্ত জেরা করা হচ্ছে। আপনি বলুন, জ্যোতিবাবু যখন বিরোধী দলে ছিলেন তখন এখানে পুলিশ নিয়ে তিনি তীব্র কটাক্ষ করেছিলেন। আজকে এখানে কি হচ্ছে? দ্বিতীয় লালবাজার করে দিয়েছে। আপনি রুলিং দিন অবিলম্বে এই ব্যবস্থা বন্ধ হোক। পুলিশরাজ বন্ধ হোক। আপনি এই মুহূর্তে রুলিং দিন। (নয়েজ)

(কিছু সংখ্যক কংগ্রেসী সদস্য স্পীকারের চেয়ারের দিকে চলে যান)।

(Several Congress (I) members rushed to the podium of the Hon'ble Speaker.)

**শ্রী নিশীথ অধিকারী ঃ** বেশ কিছুদিন থেকেই পশ্চিমবঙ্গে বিচার-বিজ্ঞান বা আইনের একটি উৎকৃষ্ট মানের বিশ্ববিদ্যালয় গড়ে তোলার প্রয়োজন অনুভূত হচ্ছে। বিচার-বিজ্ঞানের ক্রমবর্ধমান বিস্তৃতি এবং বিভিন্ন ক্ষেত্রে এর অধিক প্রয়োগের ফলে উন্নত মানের আইনজ্ঞ, আইন গবেষক, আইন শিক্ষক - বিশেষ করে শিল্প এবং বাণিজ্যের ক্ষেত্রে আইন প্রশাসকের চাহিদার কথা চিন্তা করে উচ্চ-শিক্ষা পর্ষদের কাছে উন্নতমানের আইন শিক্ষার বিষয়টি নিয়ে চিন্তা-ভাবনা শুরু হয়। প্রাক্তন রাজ্যপাল এবং বর্তমান রাজ্যপাল এ বিষয়ে বাঙ্গালোরের ল' স্কুলের মতো একটি প্রতিষ্ঠান গড়ার ব্যাপারে আগ্রহ দেখান।

সবদিক বিবেচনা করে বর্তমানে রাজ্য সরকার এরাজ্যে একটি বিচার-বিজ্ঞান সংক্রান্ত উৎকৃষ্ট মানের বিশ্ববিদ্যালয় গড়ার সিদ্ধান্ত নিয়েছেন। এই বিশ্ববিদ্যালয়টি স্ব-শাসিত সংস্থা হিসাবে কাজ করবে। আইন-বিজ্ঞান এবং এর সঙ্গে যুক্ত বিষয়গুলিতে এখানে স্নাতক, স্নাতকোত্তর ডিগ্রী দেওয়া হবে। এছাড়া আইন বিষয়ে গবেষণার ব্যবস্থা থাকবে এই প্রতিষ্ঠানে। রাজ্য সরকার এটির সূচনা করার জন্য আগামী কয়েক বছরে কয়েকটি কিস্তিতে আনুমানিক ৫ কোটি টাকা দেবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং এটির জন্য বৃহত্তর কলকাতার মধ্যে কমবেশী ৩০ একর জায়গা প্রতিষ্ঠানটিকে দেবার সিদ্ধান্তও নেওয়া হয়েছে। বর্তমানে অস্থায়ীভাবে সল্টলেক এলাকায় বিশ্ববিদ্যালয়টির কাজ আরম্ভ হবে। এই জাতীয় বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার ব্যাপারে ইতিমধ্যেই সর্ব-ভারতীয় স্তরের অধ্যাপকবৃন্দ, ভারতীয় বার-কাউন্সিল এবং আইন শিক্ষার সঙ্গে যুক্ত বিচারপতিদের সঙ্গে যোগাযোগ স্থাপন করা হয়েছে। আশা করা যায় যে, বর্তমান আর্থিক বছরের মধ্যেই এই বিশ্ববিদ্যালয়ে পঠন-পাঠন শুরু করা সম্ভব হবে।

**(Noise)**

(At this stage Shri Subrata Mukherjee and several other Congress (I) Hon'ble Members shouted slogans beside the Chair of the Hon'ble Mr. Deputy Speaker)

## LAYING OF REPORTS

### The 29th and 30th Annual Reports of the Central Inland Water Transport Corporation Limited for the years 1995-96 and 1996-97.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, with your permission, I beg to lay the 29th and 30th Annual Reports of the Central Inland Water Transport Corporation Limited for the years 1995-96 and 1996-97.

## MENTION CASES

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সি.পি.এম. পরিচালিত বামফ্রন্টের ২২ বছরের রাজত্বে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। উদয়প্রতাপ বিদ্যালয়, ১০২,

মুক্তারাম বাবু ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা-১. এই বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীকান্ত পাঠককে বে-আইনী ভাবে মিথ্যা সাজানো অভিযোগে গত ১৮-ই আগষ্ট ১৯৯০ সাল থেকে চাকুরী থেকে বরখাস্ত করেছে কলকাতা জেলা স্কুল কাউন্সিলের এ্যাড-হক চেয়ারম্যান প্রফেসর জগদেন্দু নারায়ণ ভট্টাচার্য্য। বিচারের আবেদন চেয়ে শ্রীপাঠক হাইকোর্ট থেকে ১১-বার অর্ডার পেয়ে আজও কাজে যোগদান করতে পারেনি। আবার, সি.পি.এম.-র লোক্যাল কমিটি থেকে বিভিন্ন রকম হুমকি দিয়ে শিক্ষককে হাইকোর্টের মামলা উইথড্র করতে বলছে। অন্যদিকে শিক্ষক মহাশয় আজকে অনাহারে দিনপাত করছে। রাজ্য সরকার শিক্ষা দপ্তর থেকে জয়েন অর্ডার দেওয়া সত্ত্বেও পার্টির কমরেড, এড-হক কমিটির চেয়ারম্যান তাঁকে জয়েন করতে দিচ্ছেন না। মহামান্য রাজ্যপাল, মাননীয় মুখ্যমন্ত্রীকে অভিযোগ জানানো হয়েছিল এবং শ্রীভট্টাচার্যকে দেওয়া অর্ডারের কপি আমার কাছে আছে। তাও কোন কাজ হচ্ছে না। তাই আমি অবিলম্বে শ্রীপাঠককে জয়েন করার জন্য শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ দাবী করছি।

**শ্রী তপন হোড় ঃ** [ * * * *]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ তপন হোড়, মাননীয় স্পিকারের ব্যাপারে তাঁর অফিসের ব্যাপারে, তাঁর এ্যাডমিনিস্ট্রেশনের ব্যাপারে কোন মেনশন করা যায় না। এটা বাদ যাবে।

**শ্রী তপন হোড় ঃ** আমি নিরাপত্তার কথা বলেছি। এঁরা দিনের পর দিন যে দুর্নীতি করছেন আমি সে ব্যাপারে বলছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটা এক্সপাঞ্জ করে নেবেন, এটা বাদ দেবেন।

[12.20-12.30 pm]

**শ্রী জ্যোতিক্ৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যের উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর থেকে উদ্বাস্তুদের উদ্বাস্তু কলোনিগুলোতে নিঃস্বার্থ ভাবে জমি দেওয়া হয়েছে এবং যে সমস্ত উদ্বাস্তুরা সরকার থেকে পুনর্বাসন পেয়েছেন তাঁরা এখনও পর্যন্ত ভূমি ও ভূমি রাজস্ব দপ্তর থেকে জমির পরচা পাচ্ছেন না। এর ফলে যে সমস্ত উদ্বাস্তুরা নিঃস্বার্থভাবে জমি পেয়েছেন এবং পুনর্বাসন পেয়েছেন তাঁরা বাড়ি-ঘর করার জন্য ব্যাঙ্ক থেকে লোন পাচ্ছেন না। এ ব্যাপারে ল্যান্ড এন্ড ল্যান্ড রেভেনিউ অফিসারদের বার বার বলা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও ভূমি ও ভূমি রাজস্ব দপ্তর থেকে সেই উদ্বাস্তুরা জমির পরচা পাচ্ছেন না। যার ফলে তারা বাড়ি-ঘর তৈরী করতে পারছেন না। অবিলম্বে তারা যাতে জমির পরচা পেয়ে যান সে ব্যাপারে আমি মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

---

Note : Expunged as ordered by the Chair.

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী ও মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯৮ সালে ক্যাগ্ রিপোর্ট বিধানসভায় পেশ হয়েছে। তাতে বিভিন্ন জেলাপরিষদের দুর্নীতি এবং টাকা তছরূপের ঘটনা উল্লেখিত হয়েছে। স্যার, ৬টি জেলাপরিষদের প্রায় ২১ কোটি ৭২ লক্ষ ২৯ হাজার টাকার কোন হিসাবই নেই। ১৯৯৪ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ত জেলাপরিষদগুলোতে রাজ্যসরকার ৮৭৩ কোটি ৭৫ লক্ষ টাকা দিয়েছেন। কিন্তু আজ পর্যন্ত এই জেলাপরিষদগুলো এই টাকার কোন হিসেব রাজ্য সরকারকে দেয় নি। যে চেক্গুলো পেয়েছে জেলাপরিষদগুলো সেগুলো সময় মত জমা না দেওয়ার জন্য ২ কোটি ৭ লক্ষ টাকা ক্ষতি করেছে তারা। মুর্শিদাবাদ জেলাপরিষদের ১১ কোটি ৪১ লক্ষ ২৪ হাজার টাকার, হুগলি জেলাপরিষদের ৩ কোটি ৮১ লক্ষ ৮৯ হাজার টাকার, জলপাইগুড়ি জেলাপরিষদের ২ কোটি ৪৬ লক্ষ ৫৪ হাজার টাকার, বীরভূম জেলাপরিষদের ২ কোটি ৬ লক্ষ ৩২ হাজার টাকার, দক্ষিণ-দিনাজপুর জেলাপরিষদের ১ কোটি ৬৮ লক্ষ ৯২ হাজার টাকার এবং হাওড়া জেলাপরিষদের ২৮ লক্ষ ৫০ হাজার টাকার কোন হিসেব নেই। প্রচন্ড দুর্নীতি চলছে, আমি এর তীব্র প্রতিবাদ করছি। এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে ব্যাপারটা বলব সেটা হল—পোস্ট অফ টিচার্স ফলেন্ ভ্যাকেন্ট এন্ড টিল্ লাইং আনফিল্ড্—উলুবেড়িয়া কলেজ একটা বিরাট কলেজ। সেই কলেজের ১২ জন মত লেকচারার রিটায়ার করে চলে গেছেন। ম্যাথ্মেটিক্স, ফিজিক্স, ইকোনোমিক্স, পলিটিকাল সাইন্স, ইংলিশ, কেমিষ্ট্রি, হিসট্রি এবং বেঙ্গলীর প্রফেসাররা রিটায়ার করেছেন। তাঁদের জায়গায় কোন প্রফেসর নিয়োগ করা হয় নি। ফলে ক্লাস হচ্ছে না। প্রিন্সিপাল রয়েছেন একজন। সেই কলেজে কোন পড়াশোনা হচ্ছে না, ছাত্রদের মধ্যে বিক্ষোভ দেখা দিয়েছে। উলুবেড়িয়া কলেজে এই ভ্যাকেন্সিগুলো যাতে অবিলম্বে পূরণ করা হয় তার জন্য আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। আজকে উলুবেড়িয়া কলেজে পড়াশুনো হচ্ছে না, ছাত্রদের মধ্যে বিক্ষোভ দেখা দিচ্ছে। সেই জন্য আমার উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন, অবিলম্বে উলুবেড়িয়া কলেজের শিক্ষকদের শূন্য পদগুলি পূরণ করার চেষ্টা করুন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গোটা কলকাতা শহর এবং রাজ্যের শিল্পাঞ্চলগুলি জতুগৃহে পরিণত হয়েছে। আমরা প্রত্যেক দিন সংবাদপত্রে লক্ষ্য করছি কোথাও না কোথাও বিধ্বংসী অগ্নিকান্ড ঘটছে; লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার সরকারী, বেসরকারী সম্পত্তি পুড়ে যাচ্ছে, মানুষ জীবন্ত দগ্ধ হয়ে মারা যাচ্ছে। অথচ সরকারের এ-ব্যাপারে টনক নড়ছে না। কলকাতা পৌরসভার এক-শ্রেণীর ইঞ্জিনিয়ার এবং কর্মচারীর, রাজ্য সরকারের দমকল বিভাগের এক-শ্রেণীর কর্মচারীর যোগসাজশে ন্যূনতম বিধি না মেনে কলকাতা শহরে একের পর এক বহুতল বাড়ি তৈরী

হচ্ছে। ১০ তলা, ১৫ তলা বাড়ি তৈরী হচ্ছে অলটারনেটিভ ওয়াটার অ্যাকসেস না রেখেই। ক'দিন আগেই রাইটার্স বিল্ডিং-এর পাশেই অগ্নি-কান্ডে একটা গোটা বাড়ি পুড়ে গেছে। একটা বে-আইনী বাজী কারখানায় হঠাৎ আগুন লেগে ১৫ জন মানুষ জীবন্ত দগ্ধ হয়ে মারা গেছে। অথচ এসব ঘটনার প্রতি সরকারের কোন নজর নেই। এল. এস. জি. বা লোকাল সেল্‌ফ গভর্ণমেন্ট দপ্তরের দায়িত্বে এত দিন একজন মন্ত্রী ছিলেন, এখন দু'জন মন্ত্রী হয়েছেন এবং একজন মন্ত্রীকে অগ্নি নিবারণ-এর দায়িত্ব দেওয়া হয়েছে। তা সত্ত্বেও কলকাতা শহরে এবং শিল্পাঞ্চলে দিনের পর দিন অগ্নি-কান্ড ভয়াবহ আকার ধারণ করছে, আমাদের সকলকে দুঃশ্চিন্তায় ফেলেছে। এই অবস্থায় আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, অবিলম্বে কলকাতার প্রতিটি মাল্টি-স্টোরিড্ বিল্ডিং-এর জন্য অগ্নি-নিবারণের উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক। প্রতিটি ক্ষেত্রে প্রত্যেককে সেই ব্যবস্থা নিতে বাধ্য করা হোক।

**শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি মাননীয় সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় ভৈরব নদীর জল বৃদ্ধির সঙ্গে সঙ্গে ওখানে ইতঃপূর্বে যে-সমস্ত নদী বাঁধ প্রকল্পের কাজ হয়েছিল, যেমন—দৌলতাবাঁধ, কলাডাঙা, নিধিনগর, সরসাবাঁধ প্রভৃতি ভেঙে গেছে। অবিলম্বে সেগুলির মেরামত প্রয়োজন। সাথে সাথে হরিহরপাড়া থানা এলাকার পদ্মনাভপুর, স্বরূপপুর, কনদুদিয়া, তেকোনা প্রভৃতি এলাকায় নতুন করে ভাঙন শুরু হয়েছে—ঘর-বাড়ি নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। সুতরাং অবিলম্বে ঐ সমস্ত এলাকায় ভাঙন প্রতিরোধের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জটু লাহিড়ী ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি উচ্চ-শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, উচ্চ-মাধ্যমিকে ছাত্র-ছাত্রীর ভর্তির সমস্যা একটা বড় আকার ধারণ করেছে। আমার শিবপুর বিধানসভা কেন্দ্রে বিশেষ করে মেয়েদের উচ্চ-মাধ্যমিকে ভর্তির ব্যবস্থা নেই বললেই চলে। ফলে মেয়েরা উদ্‌ভ্রান্তের মত এক স্কুল থেকে আর এক স্কুলে ছুটে বেড়াচ্ছে ভর্তি হওয়ার জন্য। এর আগে আমি বার বার আমার বিধানসভা কেন্দ্রের মাধ্যমিক স্কুলগুলিকে উচ্চ-মাধ্যমিকে উন্নীত করার জন্য আবেদন করেছি। আমি আবার সেই আবেদন জানাচ্ছি। বিশেষ করে ভানুমতী গার্লস স্কুলটিতে মাধ্যমিক চালু রয়েছে সেটি সহ আরো ওখানকার ৮/১০টি মাধ্যমিক স্কুলকে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীত করা হোক এবং ঐ এলাকার মেয়েদের হায়ার সেকেন্ডারি পড়ার সুযোগ করে দেওয়া হোক।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের জামালপুরে ইডেন ক্যানেল থেকে একটা নিকাশী ব্যবস্থা বেরিয়েছে। সেটি ওখানে ঘিয়া নদী নামে পরিচিত। সেই ঘিয়া নদীতে যদি একটা লক্‌গেট করা যায় তাহলে অনেকগুলি মৌজার—সাহাপুর, মৈন্দর, ইটলা, ন'পাড়া—অনেকগুলি অঞ্চল

সেচের জল পাবার সুযোগ পাবে। ঐ মৌজাগুলিতে ব্যাপক আলু চাষ হয় এবং দু'বার ধান চাষ হয়। ঘিয়া নদীর ওপর লক গেট করা হলে চাষীদের খুবই সুবিধা হবে। তাই আমি অবিলম্বে ঘিয়া নদীর ওপর লক গেট করার দাবি জানাচ্ছি।

[12.30–12.40 pm]

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় ডেপুটি স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী এখানে উপস্থিত ছিলেন, এইমাত্র তিনি চলে গেলেন। স্যার, বিভিন্ন কলেজে-আমরা দেখছি ১১।১২ ক্লাসে ছেলেমেয়েরা ভর্তি হতে পারছে না। শুধু তাই নয়, কয়েকদিন আগে কাগজে দেখেছেন, ১ জন পাশ করা মেয়ে সুইসাইড করেছে। অনেক ভাল মার্কস থাকা সত্ত্বেও আমাদের ছেলেমেয়েরা ১১।১২ ক্লাসে ভর্তি হতে পারছে না। কাগজে দেখবেন, আমার নিজের এলাকায় অভিভাবকরা বিভিন্ন কলেজে গিয়ে তাদের ছেলেমেয়েদের অ্যাডমিশন করাতে পারছে না। তার একমাত্র কারণ, ২৪-পরগণায় ৩।৪টি কলেজে ১১।১২ ক্লাস তুলে দেওয়া হয়েছে। আমরা এখানে দাবী করেছিলাম, যতক্ষণ পর্যন্ত অলটারনেটিভ ব্যবস্থা না করা হয় ততক্ষণ পর্যন্ত এ বছরের জন্য যাতে না তোলেন তার জন্য মন্ত্রীমহাশয়কে এবং হাউসকে অনুরোধ করেছিলাম। কিন্তু মন্ত্রীমহাশয় কোন কথা রাখলেন না। শুধু বিরোধী দলই নয়, সরকার পক্ষের এম. এল. এরাও আজকে স্বীকার করবেন যে, তাদের নিজ নিজ এলাকায় এই ভর্তির সমস্যা হয়ে দাঁড়িয়েছে। তাঁরা যখন পারেন না তখন আমাদের লোকজনের কাছে এসে বলার চেষ্টা করছেন। তাই আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো, অবিলম্বে যে সমস্ত কলেজ থেকে ১১।১২ ক্লাস তুলে দেওয়া হয়েছে সেই সমস্ত কলেজে আবার ১১।১২ ক্লাস চালু করার ব্যবস্থা করা হোক, তাহলে ছেলেমেয়েদের অ্যাডমিশনের সমস্যার সমাধান হবে।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মন্ডহারবার থানা এলাকায় আইন-শৃঙ্খলার চরম অবনতি ঘটেছে। গত ১ মাসের মধ্যে ২ জনকে নৃশংসভাবে খুন করা হয়েছে। আবার গত সপ্তাহে হরিদেবপুরের মোড়ে ৪ বার রায়চকের গাড়ীতে বাস-ডাকাতি হয়েছে এবং পর পর চারদিন ঐ ধরণের ঘটনা ঘটার পর সর্বস্তরের জনসাধারণ অবরোধ করে এর প্রতিবাদ করেছে। আরো মজা এবং দুঃখের কথা, গত ৩০ জুন, সরকারী কর্মচারীরা মাহিনা নিয়ে ডায়মন্ডহারবার ট্রেনে যাচ্ছিলো। ৬৫ জন কর্মচারীর কাছ থেকে প্রায় ৩০ লক্ষ টাকা ট্রেন-ডাকাতি হয়েছে। ঐ দিন বাস রুটে-প্রাইভেট কারে করে সরকারী কর্মচারীদের জন্য ২০ লক্ষ টাকা নিয়ে আসা হচ্ছিলো। সেই গাড়ীতে বোমা মেরে গাড়ী নষ্ট করে দেওয়া হয়েছে। এ ছাড়াও নুরপুরে হুগলী নদীতে জাহাজ থেকে পেট্রোল, ডিজেল এবং বিভিন্ন মাল-মশলা রোজ নামিয়ে চোরাকারবারিদের রমরমা ব্যবসা চলছে। তাই আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি, অবিলম্বে এর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নিন।

**শ্রী রামজনম মাঝি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, উলুবেড়িয়া উত্তর কেন্দ্রের মধ্যে ফুলেশ্বর জগন্নাথ ঘাট থেকে বাউড়িয়া কালিবাড়ি ঘাট পর্যন্ত ভাগীরথী নদীতে ভাঙ্গন দেখা দিয়েছে। স্যার, আপনি জানেন, কিছুদিন আগে কানোরিয়া জুট মিলের পাশে ৩০০ ফুট অংশ ধ্বসে গিয়েছিল। জেলাপরিষদ, ডি. এম., এ. ডি. এম. ইরিগেশান ডিপার্টমেন্ট সকলেরই দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিন্তু এখনও বাঁধের সংস্কারের কাজ হয়নি। এই মুহূর্তে যদি বাঁধের সংস্কারের কাজ না হয় তাহলে বাঁধটি ভেঙ্গে গেলে অন্ততঃ ৫০ হাজার বাড়ী ভেসে যাবে। তার মানে হাজার হাজার মানুষ সেখানে নিরাশ্রয় হয়ে যাবেন। অবিলম্বে বাঁধটির সংস্কারের জন্য সেচমন্ত্রী মহাশয়ের কাছে দাবী জানাচ্ছি।

**শ্রী কমল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার চন্দননগর বিধানসভা কেন্দ্রের মধ্যে অবস্থিত তেলেনীপাড়া ফেরিঘাটটি একটি গুরুত্বপূর্ণ ফেরিঘাট। এই ঘাটটি দিয়ে হাজার হাজার মানুষ পারাপার করেন। ঘাটটি ভেঙ্গে যাওয়ার জন্য মানুযের কষ্টের সীমা নেই। ভাঙ্গা সিঁড়ি তার পেছোল কাদা পেরিয়ে হাজার হাজার মানুষকে সেখানে নৌকা বা ভুটভুটিতে উঠতে হয়! এ ব্যাপারে আমি বারবার দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু কিছুই হয়নি। আজকে স্যার, আবার তাই আপনার মাধ্যমে নগর উন্নয়ন মন্ত্রী ও হুগলী জেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে এই তেলেনীপাড়া ফেরিঘাটটির সংস্কারের দাবী জানাচ্ছি।

**শ্রী অসিত মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলায় ব্রাহ্মনী নদীর উপর ভাঙ্গলা কাঁদোরে একটি ব্রীজ করা অবিলম্বে দরকার। প্রতি বছর বর্ষার সময় এই নদীতে বন্যা দেখা দেয় এবং তাতে হাজার হাজার মানুষ জলমগ্ন হয়ে যায়। বাবলা ডাঙ্গা, টিডিডাঙ্গা, জয়চন্দ্রপুর, গোপালপুর, বালসা প্রভৃতি এলাকার মানুষরা বর্ষার সময় দু মাস ধরে বিচ্ছিন্ন হয়ে থাকে। মানুষ হাসপাতালে যেতে পারে না, ছাত্রছাত্রীরা স্কুলে যেতে পারে না। অবিলম্বে তাই ব্রাহ্মণী নদীর উপর ভাঙ্গলা কাঁদোরে একটি ব্রীজ করার জন্য আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শোভন দেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার পুলিশ কত নির্লজ্জভাবে শাসক দলের দালালি করে তার একটি জ্বলন্ত দৃষ্টান্ত গতকাল দেখলাম। গতকাল জয়পুরে তৃণমূল নেত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী দুটি মর্মর মূর্তি উন্মোচন করতে যাচ্ছিলেন এবং এর জন্য প্রশাসনের কাছ থেকে ১ মাস আগে থেকে পারমিশন নেওয়া হয়েছিল। তা সত্ত্বেও কোতলপুরে পুলিশ তার গাড়ী দাঁড় করিয়ে দিয়েছে, আটকে দিয়েছে। আমার বক্তব্য হচ্ছে, পুলিশ এই কাজ করতে পারে না, কারণ তার এক মাস আগে থেকে পারমিশন নেওয়া ছিল, সুতরাং শ্রীমতী মমতা ব্যানার্জীকেই ওখানে মিটিং করতে দিতে হবে। কিন্তু এই সি. পি. এম তাকে মিটিং করতে দিল না, আগে থেকে পারমিশন নেওয়া সত্ত্বেও তাকে মিটিং করতে দেওয়া হল না। পুলিশের এই নির্লজ্জ ব্যবহারের জন্য আজ ২২।২৩ বছর ধরে আমরা বলে আসছি। এই ভাবে দেশে গণতান্ত্রিক পরিবেশ থাকতে পারে না। দেশে আজকে শাসকদলই শেষ কথা নয়। তাহলে সি. পি.

এমের ক্যাডার-বাহিনীকে থানায় বসিয়ে দিন, পুলিশকে রাখার প্রয়োজন নেই, পুলিশকে উইথড্র করে নিন? তাই আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে এ ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ করার জন্য দাবী জানাচ্ছি।

### জিরো আওয়ার

**শ্রী সৌগত রায় ঃ** (নট্-প্রেজেন্ট)

**শ্রী অশোক দেব ঃ** (অনুপস্থিত)

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, দিলীপ কুমার দীর্ঘদিন ধরে আমাদের দেশের সাংস্কৃতিক জগতের একজন গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব। সেই দিলীপ কুমার একটি খেতাব পেয়েছিলেন পাকিস্তান সরকারের কাছ থেকে — যার নাম, নিশান-ই-ইমতিয়াজ। সিম্বল of distinction. সেই খেতাবকে কেন্দ্র করে আমাদের দেশের একজন গাঁয়ে মানে না আপনি মোড়ল-শিবসেনা প্রধান বাল থ্যাকরে একটা সাম্প্রদায়িক জিগির তুলছেন এবং তার দেশপ্রেম সম্পর্কে প্রশ্ন তুলছেন। স্যার, যখন দেশের সামনে জাতীয় ঐক্য ও নিরাপত্তাটা সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার তখন তার থেকে গোটা দেশের মানুষের দৃষ্টি ঘুরিয়ে দিতে শিবসেনা এবং তার চামুন্ডাবাহিনীরা এই রকম একটা ন্যক্কারজনক ভূমিকা পালন করছে। তারা ইতিমধ্যেই দিলীপ কুমারের উপর কয়েকবার হামলা চালিয়েছে এবং সাংস্কৃতিক জগতের অভিনেতা, অভিনেত্রীদের উপর হামলা চালিয়েছে। আমরা স্যার, লক্ষ্য করছি, এ ব্যাপারে তৃণমূল এবং বি. জে. পি. জোট নীরব। একটু আগে তৃণমূলের মাননীয় সদস্য অনেক কথা বললেন কিন্তু এ ব্যাপারে কিছুই বললেন না। স্যার, এইভাবে বাল থ্যাকারে এবং তার দলবল গোটা দুনিয়াতে আমাদের মান মর্যাদা ডোবাচ্ছে। পাশাপাশি আমরা লক্ষ্য করছি, চলচ্চিত্র জগতের লোক, চলচ্চিত্র পরিচালক মৃণাল সেন, বুদ্ধদেব দাশগুপ্ত তারা এর প্রতিবাদ করেছেন, কবি জাভেদ আখতার এর প্রতিবাদ করেছেন। কিন্তু এই শিবসেনা-বি. জে. পি. জোট বম্বেতে এমন একটা পরিস্থিতির সৃষ্টি করেছে যে সেখানকার চলচ্চিত্র জগতের বিশিষ্ট ব্যক্তিরা এর প্রতিবাদ করতে সাহস পাচ্ছেন না। স্যার, মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী মহাশয়ের কাছে তাই আমার অনুরোধ, এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবিলম্বে ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করুন। আমি এর তীব্র নিন্দা করছি।

[12.40–12.50 pm]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি বিধানসভায় বহুদিন থেকে বলে আসছি যে সরকার যে তথ্য দেয় সেই তথ্যে জাগলারী আছে, অসত্য তথ্য দেওয়া আছে। আজকে সি. এ. জি'র রিপোর্টে সেটা প্রমাণিত হয়েছে ম্যালেরিয়া সংক্রান্ত

ব্যাপারে সরকার যে রির্পোর্ট দিয়েছে, আমি এই বিধানসভায় প্রতিবাদ করেছিলাম। মাননীয় মন্ত্রী পার্থ দে সেদিন উপস্থিত ছিলেন, আমি বলেছিলাম, আপনি ম্যালেরিয়া সংক্রান্ত ব্যাপারে যেটা লিখেছেন, যে সব তথ্য দিয়েছেন, আমরা পৌরসভা থেকে জেনেছি যে সেটা সঠিক নয়। আজকে সি. এ. জি'র রিপোর্টও বলা হয়েছে যে সরকার যে তথ্য দিয়েছে সেটা সঠিক তথ্য নয়। অর্ধেক করে দেখানো হয়েছে যে লোক মারা গেছে। কাজেই আজকে যে সমস্ত সরকারী অফিসার এই তথ্য দিয়েছে, যারা এই দেবার সঙ্গে যুক্ত আছে, তাদের শাস্তি হবে না কেন? সি. এ. জি'র রিপোর্টে যখন বলা হয়েছে যে সরকারী তথ্য সঠিক নয় তখন যারা এই অসত্য তথ্য পরিবেশন করেছেন তাদের যথাযুক্ত শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাগরের বিস্তীর্ণ অঞ্চলে পর্যাপ্ত পরিমানে কয়েকদিন ধরে ঝড় এবং বৃষ্টি হওয়ার দরুণ সেখানে কয়েক হাজার বাড়ী ভেঙ্গে গেছে, বাঁধ ভেঙ্গে গেছে, মানুষ খোলা আকাশের নীচে বসে আছে। অথচ রাজ্যের ত্রাণ দপ্তর এখনও পর্যন্ত সেখানে কোন ত্রাণ পাঠান নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামের এই মানুষগুলি দিনের পর দিন অভুক্ত অবস্থায় থাকার ফলে আজকে সেখানে রোগ মহামারি দেখা দিয়েছে। আমরা বারে বারে ত্রাণ দপ্তরের সঙ্গে যোগাযোগ করেছি। কিন্তু দুঃখ এবং পরিতাপের বিষয় যে, রাজ্য সরকারের ত্রাণ দপ্তর থেকে এখনও পর্যন্ত সেখানে ত্রাণ সামগ্রী পৌঁছে দেবার ব্যবস্থা করেনি, যে মানুষদের বাড়ী-ঘরগুলি ভেঙ্গে গেছে, সেই বাড়ীঘরগুলি ঠিক মত আবার মেরামত করবার ব্যবস্থাও করা হয়নি। এমন কি যে খাদ্যশষ্য ভেসে গেছে সেখানে খাদ্যশস্যের সম্ভার পৌঁছে দেবার ব্যবস্থা করা হয়নি। তাছাড়া তাদের স্বাস্থ্যের চিকিৎসার কোন ব্যবস্থা করা হয়নি, তাদের চিকিৎসা ব্যবস্থার জন্য কোন টিমও সেখানে পাঠানো হয়নি। আজকে প্রাকৃতিক বিপর্যস্ত মানুষগুলি এই রকম একটা অবস্থার মুখোমুখি এসে দাঁড়িয়েছে। কিন্তু সরকার সেখানে নীরব দর্শকের ভূমিকা নিয়ে বসে আছেন। কাজেই সাধারণ মানুষের বাঁচার ক্ষেত্রে অবিলম্বে সেখানে ত্রাণ সামগ্রী পৌঁছে দেবার জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কালীগঞ্জ কেন্দ্রে কাটোয়া বল্লভপাড়া ঘাট একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘাট। এই ঘাট দুটি জেলার মধ্যে যোগাযোগ রক্ষা করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই ঘাটে ভাগীরথী নদীর উপরে একটি ব্রীজ করার জন্য আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ভাগীরথীর মধ্যে চর পড়ে যাওয়ার ফলে এমন অবস্থা দাঁড়িয়েছে যে মানুষকে দু'বার পয়সা দিয়ে নৌকা পার হতে হচ্ছে এবং এর ফলে মানুষকে হয়রানি হতে হচ্ছে। তারপরে মাঝে মাঝে নৌকা ডুবিতে মানুষকে একটা বিপদের মধ্যে পড়তে হচ্ছে। কাটোয়া, নদীয়ার মানুষকে ঐ ঘাট দিয়ে যাতায়াত করতে হয়। কাজেই এই ঘাটে ভাগীরথীর উপরে একটা ব্রীজ করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার নরঘাট বিধানসভা কেন্দ্রে পটচিত্র শিল্পী যারা বাস করেন তারা সংখ্যায় কম নয়। তারা খুবই দুর্দশার মধ্যে জীবন-যাপন করছেন। আমরা দেখেছি যে, পৌরানিক বিষয়ে বঙ্গভঙ্গ আন্দোলন, অসহযোগ আন্দোলন, লবন আন্দোলন, ৪২ এর আন্দোলন, তেভাগা আন্দোলন, পরিবার কল্যাণ, স্বাক্ষরতা প্রভৃতি বিষয়ে তারা পটচিত্র তৈরী করেন এবং সেগুলি গ্রামে গ্রামে মানুষের কাছে যায়, তারা দেখেন। কিন্তু তারা আজকে আর্থিক দুরবস্থার মধ্যে রয়েছেন। তাদের সেই ছবিগুলি, পটচিত্রগুলি সংরক্ষণ করার ব্যবস্থা নেই। আমি মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তর-এর মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাদের সেই পটচিত্রগুলি সংরক্ষিত করা হয় এবং তারা যাতে সুস্থভাবে জীবন-যাপন করতে পারে সেজন্য তাদের আর্থিক সহায়তা দেবার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রায় ৫০ বছরের উপরে দিলীপ কুমার আমাদের ভারতীয় সংস্কৃতি, ঐতিহ্যের সঙ্গে যুক্ত থেকে যে অবদান রেখে গেছেন, সেখানে দাঁড়িয়ে কিছু উটকো লোক, শিব সেনা, বি. জে. পি. মৌলবাদী যারা, তারা আজকে দিলীপ কুমারের প্রতি যে আক্রমণ করেছেন তাতে পশ্চিমবাংলার সংস্কৃত প্রেমীরা, পশ্চিমবাংলার সাধারণ মানুষ ক্ষুব্ধ। আমাদের চলচ্চিত্র জগতের মৃণাল সেন সহ আরো বহু মানুষ এ ব্যাপারে তীব্র প্রতিক্রিয়া জ্ঞাপন করেছেন। আজকে বি. জে. পি. - তৃণমূল সরকার দেশের ভেতর ভেদাভেদকে এমন স্তরে নিয়ে যাচ্ছে যে, সেখানে শুভবুদ্ধি সমস্ত বিসর্জন দিয়েছে। ফলে দেশের গর্ব যে সব সাংস্কৃতিক ব্যক্তিত্ব তাদের উপর নানাভাবে আক্রমণ হচ্ছে এটা আমরা গভীরভাবে উপলব্ধি করছি। পশ্চিমবঙ্গের মানুষ, এ ব্যাপারে তারা যে শুধু ক্ষুব্ধ তাই নয়, এ ব্যাপারে তারা প্রতিরোধ গড়ে তুলেছেন। আজকে তৃণমূলে যারা রয়েছেন তাদের আমরা বলে দিতে চাই — আপনারা এরকম চেষ্টা করবেন না। ভারতবর্ষের সংস্কৃতি এবং ঐতিহ্যকে অক্ষুন্ন রাখবার জন্য বামপন্থীরা অতীতে যেভাবে আন্দোলন করেছেন সেভাবেই তাঁরা এর মোকাবিলা করবেন।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকের কাগজেই দেখেছি, বিভিন্ন হেল্‌থ সেন্টারে ডাক্তার নেই বলে সে সব এলাকার মানুষ বিক্ষোভ দেখিয়েছেন। আমার এলাকায় এমন দুই-তিনটি কেন্দ্র রয়েছে যেগুলিতে ডাক্তার, নার্স এবং মেডিসিন কিছুই নেই। আপনি জানেন, ডাক্তার নিয়োগ করা সত্ত্বেও তারা যেতে চান না। কয়েকদিন আগে মন্ত্রীর সঙ্গে দেখা করেছি পঞ্চায়েত প্রতিনিধিদের নিয়ে। তিন মাস হয়ে গেল, আজ পর্যন্ত ডাক্তার যায়নি সেখানে। এরকম চলতে থাকলে গন্ডগোল হবেই। সেখানে দুজন নার্সের উপর হামলা হয়ে গেছে। রোগী নিয়ে গিয়ে ডাক্তার, নার্স না পেলে বিক্ষোভ হবেই। অবিলম্বে এর প্রতিরোধ হওয়া দরকার।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানতে চাই, পশ্চিমবঙ্গের পুলিশ কি মমতা ব্যানার্জীকে আবার শিরোনামে আনবার চেষ্টা করছেন?

গতকাল মমতা ব্যানার্জী বাঁকুড়া জেলার বিক্রমপুরে গিয়েছিলেন। যেতেই পারেন। সেখানে তার শহীদ বেদী উদ্বোধন করবার কথা ছিল। কিন্তু বাঁকুড়া জেলায় ঢুকতে গেলে পুলিশ সুপার হরমনপ্রীত সিং তাকে আটকে দেন। তার জন্য তৃণমূল কংগ্রেসের ছেলেরা আজকে রাস্তা অবরোধ করছে। আমি একটু আগে রাইটার্স বিল্ডিংয়ে গিয়েছিলাম। দেখলাম, সেখানে তারা বিক্ষোভ দেখাচ্ছেন। আমার বক্তব্য, নির্বাচনের আগে পুলিশের এ ধরণের কাজ এবং তার ফলে বিক্ষোভ কর্মসূচী - এটা একটি রাজনৈতিক দলের নেত্রীকে জনপ্রিয় করবার চক্রান্ত। যাতে সমস্ত রাজনৈতিক দলের নেতারা অবাধে বাইরে যেতে পারেন, তাঁদের কোথাও যাতে বাধা দেওয়া না হয় সেটা দেখা দরকার। কোতুলপুরে মমতা ব্যানার্জীর শিডিউল প্রোগ্র্যাম থাকা সত্ত্বেও সেখানে সি. পি. এম. কি করে সভা করলো? কেন তাদের সেখানে সভা করতে দেওয়া হ'ল আমি এটা জানতে চাই। তাহলে তারা কি আবার চক্রান্ত করছেন কাউকে শিরোনামে নিয়ে আসার? তাহলে কি তৃণমূল এবং বামফ্রন্টের মধ্যে সি. ই. এস. সি.-র ফুয়েল সারচার্জ নিয়ে কোন সমঝোতা হয়েছে? তবে বাঁকুড়ার পুলিশ সুপার যা করেছেন তাকে কখনো সমর্থন করা যায় না।

**শ্রী রবীন দেব :** মিঃ ডেপুটি স্পীকার স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় একটু আগে যা উল্লেখ করলেন সি. এ. জি. যে সংস্থা সম্পর্কে উক্তি করেছেন—

[12.50-2.00 pm including Adjournment]

তিনি সেই সংস্থার একজন এমপ্লয়ী, তার সম্পর্কে তিনি এই রকম মন্তব্য কেন করলেন আমি জানি না। ম্যালেরিয়া সংক্রান্ত বিষয় যেটা বলেছেন সেটা কলিকাতা করপোরেশানের আওতায়। তিনি করপোরেশানের চাকুরী ছেড়ে দিয়েছেন কিনা জানি না। তা না হলে এটা শিষ্টাচার বলে আমি মনে করি না।

**মিঃ ডেপুটি স্পীকার :** যদি কেউ মিসলিডিং তথ্য হাউসকে দিয়ে থাকেন, সেই ক্ষেত্রে স্পিচ দেখে আপনি অধিকার ভঙ্গের নোটিশ দিতে পারেন। এই তো ব্যাপার। যাইহোক, এখন বিরতি, আবার আমরা ২ টোর সময় মিলিত হব।

**(At this stage the House was adjourned till 2-00 pm)**

**(After recess)**

[2.00-2.10 pm]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 12, 77, 78, 80 and 81.

**Mr. Deputy Speaker :** Now discussions under Demand Nos. 12, 77, 78, 80 & 81. There are 6 cut motions to Demand No. 12 & 26 cut motions to Demand No. 80. The cut motions are in order and taken as moved.

**Demand No. 12**

Shri Nirmal Ghosh : (No.1) } Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

Shri Ashok Kumar Deb: (No. 2)
Shri Abdul Mannan: (No. 3)
Shri Shyamadas Banerjee : (Nos. 4 & 5)
Shri Kamal Mukherjee: (No. 6) } Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs. 100/-

**Demand No. 80**

Shri Saugata Roy: (Nos. 1 & 2)
Shri Sankar Singh: (No. 3)
Shri Nirmal Ghosh: (No. 4 & 5)
Shri Tapas Roy: (Nos. 6 & 7)
Shri Ashok Kumar Deb (Nos. 8 & 9)
Shri Tarak Bandyopadhyay: (No. 10)
Shri Sanjoy Bakshi: (Nos. 11 - 13)
Shri Sudhir Bhattacharjee: (Nos. 14 & 15)
Shri Kamal Mukherjee: (Nos. 16-26) } Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে মাননীয় পরিবহন মন্ত্রী ১২, ৭৭, ৭৮, ৮০ এবং ৮১ নং দাবীর অধীনে যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের আনা ছাঁটাই প্রস্তাবের সমর্থনে দু'চারটি কথা বলছি। মাননীয় সুভাষবাবু পরিবহন মন্ত্রী হওয়ার পর আশা করেছিলাম যে, পরিবহন ব্যবস্থায় একটা নতুন দিশা দেখা দেবে। সারা পশ্চিমবাংলায় পরিবহন ব্যবস্থায় তিনি নতুন কিছু রূপ দেবেন। কিন্তু বিগত তিন বছরের ইতিহাস বলছে যে, তিনি পরিবহন মন্ত্রী হিসাবে সম্পূর্ণ ব্যর্থ। একদিকে সরকারী পরিবহন ব্যবস্থার বিপর্যস্ত অবস্থা, আর তার সুযোগ নিয়ে বেসরকারী পরিবহন ব্যবস্থায় যা ইচ্ছা তাই করার মানসিকতা গড়ে উঠেছে। তার ফলে আমরা কি দেখতে পাচ্ছি, না প্রায়শই এ্যাকসিডেন্ট হচ্ছে, মানুষ মারা যাচ্ছে। বেপরোয়া গাড়ি চালিয়ে কখনও ব্রীজ থেকে মিনিবাস পড়ে আট দশজন মানুষ মেরে ফেলছে। কখনও বা বেপরোয়া বাস চালিয়ে ট্রামের সঙ্গে ধাক্কা দিয়ে মানুষ মেরে ফেলছে, যে মানুষগুলো রুটিরুজির সন্ধানে বেরিয়েছিল তাদের আর বাড়ি ফেরা হয় না। সারা পশ্চিমবাংলায় পথ দুর্ঘটনা দিনের পর দিন বেড়ে চলেছে। মাননীয় পরিবহন মন্ত্রীর দপ্তরে তাঁর কোন কন্ট্রোলিং ক্যাপাসিটি নেই। প্রতিটি জেলায় পরিবহন দপ্তর এক একটি দুর্নীতির আখড়া হয়ে গেছে। নিয়ম নীতির তোয়াক্কা না করে বাসের পারমিট দেওয়া হয়। দেখা যায়, যে রুটে যতগুলো বাসের পার্মিট দেওয়া হয়েছে, সেই সংখ্যক বাস সেখানে চলে না। নানান কারণ দেখিয়ে তারা বাস সরিয়ে নেয়। তিন

চারটি বাসের লোক নিয়ে বেপরোয়া ভাবে তারা বাস চালায়। বাসের মাথায় লোক নিয়ে গরু ছাগলের মত লোক বোঝাই করে তারা যাত্রীদের গন্তব্যস্থলে নিয়ে যায়। মানুষ জীবনের ঝুঁকি নিয়ে বাসে চাপতে বাধ্য হয়। কেন এই রকম হয়? সরকারী পরিবহন ব্যবস্থা যদি যথার্থ কাজ করতে পারতো তাহলে বেসরকারী পরিবহন ব্যবস্থায় বেপরোয়া যা ইচ্ছা তাই করার মানসিকতা গড়ে উঠতে পারতো না। আজকে উনি অনেক পরিবহন ব্যবস্থা করেছেন, যেমন দেখা যায় সি এস টি সি। সি এস টি সি কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার ৩ বছরের মূল্যায়ন কি বলেছে এবং সি এস টি সি কি উন্নতি করতে পেরেছে এবং তার কর্ম দক্ষতা কতটা বেড়েছে এবং মানুষের উপকারে এই সংস্থা কতটা কাজে লেগেছে তার একটা পরিসংখ্যান দিচ্ছি—১৯৯৬-৯৭ সালে সারা কলকাতা এবং তার আশেপাশে একশোটি রুটে বাস চলছে, আর দূরপাল্লার বাস চলছে ১২৬টি রুটে। অর্থাৎ সব মিলিয়ে ২২৬টি রুটে বাস চলছে প্রতিদিন গড়ে কতটা—৮৬৫টা। কলকাতা শহরে একশোটি রুটে বাস চলছে এবং একটি রুটে কম পক্ষে ৮টি বাস যদি না চলে তাহলে সেই রুটে বাস চালানো যাবে না। একটি রুটে যদি ৮টি করে বাস চালাতে হয় তাহলে একশোটি রুটে ৮০০টি বাস চালাতে হবে। সেখানে আপনার দূরপাল্লা এবং কলকাতায় বাস মোট দিয়েছেন ৮৬৫টি। দূরপাল্লার ১২৬টি রুটে ৬৫টি বাস চলছে। ১৯৯৭-৯৮ সালে কলকাতার এবং আশেপাশে রুটের সংখ্যা কমিয়ে ৮৯টি করা হল। অর্থাৎ ১১টি রুট কমিয়ে দেওয়া হল আর দূরপাল্লার ১টি রুট বাড়ান হল অর্থাৎ ১২৭টি রুট দূরপাল্লাতে করা হল। এবং দুটি মিলিয়ে ৭৮৬টি বাস চলছে। তাহলে কলকাতাতে কত বাস চলছে এবং দূরপাল্লাতে কত বাস চলছে দেখতে হবে। ১৯৯৬-৯৭ সালের বাস কমিয়ে ৭৮৬টি করা হল, আর একশোটি রুট কমিয়ে ৮৯টি করা হল। সুতরাং এতোবড় কর্মদক্ষতার প্রমাণ তিনি আমাদের সামনে রেখেছেন যে বলার নয়। সেখানে আপনি কি কল্যাণ করতে পেরেছেন। তারপরে ১৯৯৮-৯৯ সালে কলকাতা শহরে ৮৮টি রুট করা হল আর দূরপাল্লার রুট ১২৭ থেকে কমিয়ে ১২২টি করা হল এবং তাতে বাস কত হল—৭৪২টি। যেখানে ৩ বছরে জনসংখ্যা বেড়েছে, সেখানে রুট কমেছে এবং বাস কমেছে। অথচ আপনার বাজেট বক্তৃতায় বাস কেনার লক্ষ্যমাত্রা দেওয়া আছে এবং পূর্ণ নবীকরণের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা দেওয়া আছে। সুতরাং বাস কেনা এবং পূর্ণ নবীকরণের ক্ষেত্রে যে বরাদ্দ ধরা হয়েছে তার সব টাকাটাই ভুতে খেয়ে নিচ্ছে। আমারই প্রশ্নোত্তরের লিখিত জবাবে আপনি বলেছেন যে, লোকসান হচ্ছে ৬৭ কোটি ৯৮ লক্ষ ১৩ হাজার টাকা। বাসের রুট কমেছে, বাস কমেছে অথচ লোকসান কমেনি। এই হিসাবটা হচ্ছে সি এস টি সির। জনসাধারণের দুর্ভোগ বাড়ছে, তাদের পকেট কেটে এই বাস চালানো হচ্ছে অথচ বাসে লোকসান হচ্ছে। সুতরাং জনসাধারণের কোন কল্যাণ তিনি করেন নি।

[2.10—2.20 p m.]

স্যার, নর্থ বেঙ্গলে কয়টা চলছে? একে তো কলকাতার এই হাল। এখানকার রুটের চেয়ে সেখানে অনেক রুট, তিনি সেখানে কখন বলেন ২ শত রুট চালিয়েছি, কখন ৩ শত রুটে, কখন ৪ শত রুটে। এত রুট যে বলার নেই। তিনি কখন সিকিমে

চালিয়েছেন, কখন দার্জিলিঙে চালিয়েছেন, পরিধি কোথায় - মালদহ থেকে শুরু করে পুরো উত্তরবঙ্গ, এর পরে দূরপাল্লার বাস কলকাতা থেকে দুর্গাপুর পর্যন্ত চলছে। বাসের সংখ্যা কত ৯৭৯টি। চলছে কত ৫৭৫টি। অর্থাৎ অর্ধেক বাস ৪০৪ এর মত প্রতিদিন খারাপ থাকছে। সেখানের শ্রমিকরা পি. এফ. এর টাকা পায় না। যন্ত্রপাতি চুরি হয়ে যায়। এখানে লোকসানের পরিমাণ কত ১৬ কোটি ৪৮ লক্ষ ৮০ হাজার টাকা - এটা ৯৭-৯৮ সালের লোকসান। মানুষকে গাদাগাদি করে যেতে হয়। কখন বাস আসবে, তার স্থিরতা নেই, আদৌ আসবে কিনা তাও জানেনা। আবার বাস-এ ওঠার পরে দেখা গেছে বাস খারাপ হয়ে গেছে, মাঝপথে বাস থেকে নেমে যেতে হয়, এই অভিজ্ঞতা উত্তবঙ্গের মানুষের হয়েছে। প্রতিদিন সেই বাসগুলি লোকসান করছে। ৯৭-৯৮ সালে ১৬ কোটি ৪৮ লক্ষ ৮০ হাজার টাকা লোকসান, এটা ওনার নিজের উত্তর। স্যার, ট্রাম কোম্পানী - আমরা পরিবেশ দূষণের বিরুদ্ধে লড়াই এর কথা বলছি, ট্রাম চালালে অন্ততঃ পরিবেশ দূষণ হবে না, এটা সারা পৃথিবীর বিশেষজ্ঞরা বলছেন। ট্রাম চালালে পরিবেশ দূষণ হয় না, মাননীয় মন্ত্রী নিজেই বলেছেন। সেই ট্রামকে তুলে দেওয়ার একটা অদ্ভুত কায়দা দীর্ঘদিন ধরে চলেছে। আমাদের হাওড়ায় এক সময় ট্রাম চলত, কিন্তু বামপন্থী সরকার আসার পর হাওড়া থেকে ট্রাম উঠে গিয়েছে। স্ট্রান্ড রোড থেকেট্রাম উঠে গিয়েছে। এবং ট্রাম উঠিয়ে দেওয়ার একটা ষড়যন্ত্র ভেতরে ভেতরে করা হচ্ছে, যেখানে ৯৬-৯৭ সালে উনি মন্ত্রী হয়ে আসার পরে তখনও ট্রাম চালিয়েছিলেন ১৮০টি, সেখানে ৯৭-৯৮ সালে বেড়ে হল ১৮৫টি। আমরা ভাবলাম মাননীয় মন্ত্রী বোধ হয়, ট্রামের উপর নজর দিয়েছেন, পরিবেশ দূষণ হবে না। সুতরাং ট্রাম চালানোর ব্যবস্থাটা যদি নূতন নূতন এলাকায় বাড়ানো যায় তাহলে ট্রামের চলাচল বাড়বে। কিন্তু অচিরেই স্বপ্ন ভঙ্গ হয়ে গেল। ৯৮-৯৯ সালে এটা কমে চলে এল, ১৭০টিতে। আবার পাশাপাশি সি. টি. সি. কে দিয়ে বাস চালানোর চেষ্টা হল। আমরা কাঁঠালের আমস্বত্বর কথা শুনেছি, দেখিনি, উনি এটা করেছেন, উনি সি. টি. সি. নাম দিয়ে বাস চালিয়েছেন। দেখা গেল সি. টি. সি. তে ৯৭-৯৮ সালে ৩৮টি রুটে উনি প্রতিদিন গড়ে বাস চালিয়েছেন ২৪০টি। বাসের কত সংখ্যা ছিল—৩০০, ৩০০-র মধ্যে উনি ২৪০টি বাস চালিয়েছেন, তার মানে ৬০টি বাস হয় আইডিল ছিল, কিংবা হয়ত খারাপ ছিল। ৯৮-৯৯ সালে ৪০টি রুটে ২৪০টি বাস চালিয়েছেন। স্যার, আমার সময় কম, তাই অপদার্থ সরকারের এই বাজেটের বিরোধিতা করে আমাদের দেওয়া কাটমোশানগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী মমতা মুখার্জ্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তথা রাজ্য সরকারের তরফ থেকে যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব উত্থাপন করা হয়েছে আমি তা সমর্থন জানাচ্ছি এবং দু-চারটি পয়েন্ট এখানে বলার চেষ্টা করছি। আমার পূর্ববর্তী বক্তা জটুবাবু যে তথ্য দিয়েছেন সেই ব্যাপারে মন্ত্রীমহাশয় জবাব দেবেন। উনি এখানে তথ্য দিলেন কটা বাস চলল, কটা বাস ভাঙ্গল এইসব। কিন্তু আমরা সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে গত বাইশ বছর ধরে যেভাবে আন্তরিক প্রচেষ্টার মধ্যে দিয়ে গ্রাম বাংলার মানুষের জন্য যে কাজকর্ম করে গেছি সেকথা ওনার মাথায় একবারও এলো না। আমরা মনে করি আমাদের মন্ত্রী মহাশয় আন্তরিক প্রচেষ্টার মধ্যে দিয়ে এই বাইশ বছর ধরে

পশ্চিমবাংলায় পরিবহণ ব্যবস্থায় পরিবর্তন নিয়ে এসেছে। বিরোধী দল বা সরকারী দল আমরা এই দাবি জানাতে পারি, আরও প্রত্যন্ত এলাকায় যাতে বাস চলাচল করে। বক্তব্যটা এই জায়গাতেই সীমাবদ্ধ থাকলে ভালো। স্যার, পরিবহণ ব্যবস্থা একটা গুরুত্বপূর্ণ ব্যবস্থা যেটা বাদ দিলে দেশের বা দশের কল্যাণমুলক কাজ করা যায় না। এই ব্যাপারে আশা করি সমস্ত সদস্যই একমত হবেন। সামগ্রিকভাবে কোন দেশের একটা জাতীয় পরিবহণ নীতি থাকা উচিত। কারণ সেটাই হচ্ছে দেশের সামগ্রিক পরিকল্পনার উন্নতির হিসাব। আমাদের দেশের কেন্দ্রীয় সরকার তারা স্বাধীনতার পর থেকে জাতীয় স্তরে কোন পরিবহণ নীতি ঘোষণা করলেন না। সেই পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে আমাদের রাজ্য যেটুকু ব্যবস্থা নিয়েছে এককভাবে তার মধ্যে দিয়েই পরিবহণ ব্যবস্থাকে একটা জায়গায় নিয়ে আসা সম্ভব। আমার যেটুকু জানা আছে, কেন্দ্রীয় সরকারের তরফ থেকে পরিবহণ ব্যবস্থার জন্য যেটুকু টাকা-পয়সা দেওয়ার ব্যাপার ছিল সেটা সবটাই গ্যাট চুক্তির প্রভাবে বাতিল হয়ে গেছে। আমাদের রাজ্য সরকার বা অন্যান্য রাজ্য সরকারগুলো এই ব্যবস্থার, জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর টাকা-পয়সা পাবে না। স্বাধীনতার পর থেকে আপনারা যখন কেন্দ্রীয় সরকারে ছিলেন তখন কেন্দ্রীয় সরকার থেকে ন্যাশানাল হাইওয়েগুলো রক্ষণা-বেক্ষণ করার জন্য টাকা-পয়সা দেওয়া হত। কিন্তু আজকে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলোকে পরিস্কারভাবে জানিয়ে দিয়েছে, ন্যাশনাল হাইওয়েগুলোকে রক্ষনাবেক্ষনের জন্য আর টাকা-পয়সা দেওয়া হবে না। একদিকে কেন্দ্রের থেকে টাকা-পয়সা কাঁটছাঁট করে দেওয়া হচ্ছে, অন্যদিকে আমাদের সবকিছুর ব্যবস্থা করতে হবে। আপনারা শুধু সমালোচনা করার জন্যই সমালোচনা করে যান। কিন্তু আমরা রাজ্য সরকারের কাছে সাজেশান রাখার চেষ্টা বাইশ বছর ধরে করছি। এটা করি বলেই মানুষ আমাদেরকে ভোট দেয় এবং ভোটের মধ্যে দিয়েই তা প্রমাণ হয়ে যায়।

স্যার, আমি বলতে চাইছি, আমাদের দেশের পরিবহন ব্যবস্থার অন্যতম স্তম্ভ যে রেল ব্যবস্থা, যেটা কেন্দ্রীয় সরকারের হাতে, সেই রেল ব্যবস্থা আজকে কার্যতঃ থমকে আছে। অবশিষ্ট রইল স্থল পথ এবং জলপথ। অর্থাৎ বাস এবং লঞ্চ চালানো। এর বাইরে কিছু করা আমাদের পক্ষে সম্ভবও নয় এবং আমরা পারছিও না। দেশটা যখন সাময়িক পরিকল্পনাবিহীন অবস্থার মধ্যে দিয়ে চলছে, তখন সেখানে এই সীমাবদ্ধতার মধ্যে অবস্থান করে রাজ্য সরকারের পক্ষে একক ভাবে সময়োপযোগী ব্যবস্থা গড়ে তোলা অসম্ভব - এটা যেমন আমরা বুঝি, আপনারাও তেমনি বোঝেন, কিন্তু স্বীকার করেন না। মাননীয় মন্ত্রী রাজ্য সরকারের পক্ষ থেকে উদ্যোগ নিয়ে এই রাজ্যের পরিবহন ব্যবস্থাকে সুষ্ঠু, স্বাভাবিক করার জন্য নিরলস প্রচেষ্টা করে চলেছেন—তাঁকে ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই। আশা করব তিনি আরও ভালো ভাবে চূড়ান্ত সাফল্যের লক্ষ্যে একে এগিয়ে নিয়ে যাবেন।

[2.00–2.30 p.m.]

স্যার, আমি মনে করিয়ে দিতে পারি, আমাদের রাজ্যে স্থলপথ পরিবহনে সি. এস. টি. সি., এন. বি. এস. টি. সি.। ডব্লু. বি. এস. টি. সি., সি. টি. সি., সি. টি. আই. ডি. পি.,

ইত্যাদি যে নিগমগুলো আছে, তাদের খারাপ দিকগুলো শুধু বললেই হবে না, তাদের ভালো দিকগুলো, কার্যকর দিকগুলোও একই গুরুত্ব দিয়ে উল্লেখ করতে হবে। হ্যাঁ, এটা ঠিক যে, এই নিগমগুলো এখনও পর্যন্ত আগেকার দিনের মতই কিছুটা ঋণ এবং ভর্তুকির উপর নির্ভর করে চলছে। কিন্তু তার পাশাপাশি আমাদের রাজ্য সরকার, তথা পরিবহন বিভাগ চেষ্টা করছে ক্রমাগত বাস বাড়িয়ে এই পরিষেবাকে উন্নততর পর্যায়ে নিয়ে যেতে। আমরা দেখেছি ইতিমধ্যেই উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গে অনেকগুলো বাস বেড়েছে। কিন্তু বেসরকারী ক্ষেত্রে যে বাসগুলো চলে, তার মালিকদের যে শুধুই মুনাফার দিকে নজর, এদিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই - বেসরকারী বাসগুলো যেন ঠিক মত চলে, শুধু মুনাফা অর্জনই নয়, যাত্রীদের সুযোগ-সুবিধার দিকেও যেন সমান দৃষ্টি দেয়। মন্ত্রী মহাশয়কে এই দিকটিতে বিশেষ নজর দেওয়ার প্রস্তাব রাখছি।

আর. টি. এ.-র ব্যাপারটা অস্বীকার করার উপায় নেই — মান্ধাতার যুগ থেকে এ-ভাবে চলে আসছে। সরকারী এবং বেসরকারী বাসের লড়াই আগের মতই চলে আসছে। গ্রামবাংলার মানুষকে সরকারী বাস যে পরিষেবা দিচ্ছে, সেটা অস্বীকার করার উপায় নেই। আমরা দেখছি, ভূতল পরিবহন নিগম এবং কো-অপারেটিভের মধ্যে দিয়ে দু-ভাবে প্রায় একই রুটে অনেকগুলো লঞ্চ চলছে। এক্ষেত্রে আমার বক্তব্য বা সাজেশন এই যে, - একই রুটে না চালিয়ে, ভাগাভাগি করে, যে সমস্ত এলাকায় এখনও পর্যন্ত লঞ্চ চলাচলের ব্যবস্থা করা যায়নি, অথচ সেখানকার মানুষের যথেষ্ট প্রয়োজন আছে - যেমন চুঁচুড়া-চন্দননগর-হাওড়া বা নদীয়া-মায়াপুর-স্বরূপগঞ্জ, এসব জায়গায় জেটি করে কো-অপারেটিভের মাধ্যমে লঞ্চ চলাচলের ব্যবস্থা যদি করে দিতে পারেন তাহলে সেই সব অঞ্চলের অগনিত মানুষ বাধিত থাকবে। কেননা, প্রতিদিন প্রায় ২০ হাজার মানুষ জীবনের যথেষ্ট ঝুঁকি নিয়েই নৌকা এবং ভুটভুটিতে নদী পারাপার করে। এছাড়া তাদের গত্যন্তর নেই।

এছাড়া আরও একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জরুরী বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেসরকারী পরিবহনের অন্যতম দুটো যান হচ্ছে - ট্যাক্সি এবং অটো রিক্সা। বহু ক্ষেত্রেই যাত্রীসাধারণ এদের দ্বারা নাকাল হয়, হয়রানিতে পড়তে হয়। অনেক ক্ষেত্রেই যাত্রীদের ফিরিয়ে দেয়। অপরদিকে গ্রামবাংলায় দেখা যায় বাসগুলোতে ঠেসাঠেসি-গাদাগাদি করে লোক উঠছে - যা ভয়ানক বিপজ্জনক, যে কোন সময় দুর্ঘটনার কবলে পতিত হওয়া বিচিত্র নয়। এইসব ক্ষেত্রে, ঠিক রুটে ঐসব যান চলছে কিনা, যাত্রীসাধারণের অসুবিধায় পড়তে হচ্ছে কিনা, হয়রানি হচ্ছে কিনা, সবটা দেখে যথাযথ ব্যবস্থা নেওয়া পুলিশের একার পক্ষে সম্ভব নয়। কি করে এইসব অসুবিধা দূর করে যাত্রী-পরিষেবা আরও সুন্দর, সফল করা যায় এই বিষয়ে পরিবহন দপ্তরকে আরও ভাবনা-চিন্তা করতে হবে। এক্ষেত্রে আমার প্রস্তাব এই যে - স্বায়ত্বশাসিত সংস্থাগুলো এবং নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে স্য বৃদ্ধি করতে এবং সামগ্রিক পরিবহন ব্যবস্থাকে সুষ্ঠু ভাবে পরিচালিত করার জন্য সরকারকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সব শেষে বলি—আমাদের পরিবহন দপ্তর তথা রাজ্য সরকার যে 'সৌহার্দ্য এবং শ্যামলী'র মাধ্যমে পূর্ব এবং পশ্চিমবাংলার মানুষের মধ্যে সৌহার্দ্যপূর্ণ মেলবন্ধন ঘটিয়ে একই সুতোয় বাঁধতে সক্ষম হয়েছে, সেই মহতী প্রচেষ্টার রূপকারদের আমার অভিনন্দন জানাই, আমার অন্তরের শ্রদ্ধা নিবেদন করি।

এই কটি কথা বলে, এই বাজেট বরাদ্দকে সমর্থন করে, বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী এখানে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, আমি তার তীব্র বিরোধিতা করছি। আমাদের দলের আনীত কাট মোশনের সমর্থন করে আমি গুটিকয়েক কথা বলতে চাই। আমি প্রথমেই বলতে চাই পশ্চিমবঙ্গের পরিবহন ব্যবস্থা একদম ভেঙ্গে পড়েছে। তার একটাই কারণ। আপনার দপ্তরের স্বজনপোষণ এবং রাজনীতি। আজকে পার্টিতে আপনি যেভাবে সফল, মন্ত্রী হিসাবে আপনি ব্যর্থ হয়েছেন। দপ্তরের দায়িত্ব নিয়ে কাজ করতে আপনি ব্যর্থ হয়েছেন। পার্টিতে আপনার কোণঠাসা অবস্থা। এই জন্য আপনি দপ্তরেও মনোযোগ দিতে পারছেন না। তাই আজকে আপনার দপ্তর কি অবস্থায় আছে, সেকথা আমাদের বলার অপেক্ষা রাখে না। স্যার, আপনি জানেন আজকে পশ্চিমবঙ্গে যে সমস্ত সরকারী এবং বেসরকারী পরিবহন আছে, তার মধ্যে বেসরকারী পরিবহন ব্যবস্থায় তারা একটা বাস থেকে পাঁচটা বাস কিনছে। কিভাবে? সরকারী বাসেও একই অবস্থা। প্রচন্ড ভিড়। কিন্তু সেখানে সরকার লাভের অংশ পান না। কয়েকশো কোটি টাকা সরকারকে ভরতুকি দিতে হচ্ছে। কেন এত বাস চালাবার পরেও আপনাকে ভরতুকি দিতে হচ্ছে। কেন কোটি কোটি টাকা ভরতুকি দিতে হচ্ছে। রিজেকটেড বাস ২০।৩০ বছর ধরে যাতায়াত করছে। অ্যাকসিডেন্ট করছে, আপনার ডিপার্টমেন্ট থেকে সেগুলোকে ঘুস নিয়ে সেগুলোকে চালানোর সুযোগ করে দিচ্ছে। ম্যানেজিং ডাইরেক্টর থেকে আরম্ভ করে আমি বলব প্রত্যেকটা জায়গাতে আপনার পার্টির ক্যাডারদের সেই সিলেকশন কমিটিতে রেখে দিচ্ছেন কি ভাবে। কিভাবে চলবে পরিষেবা। কিভাবে পরিবহণ ব্যবস্থা ভাল করে চলবে? আমি আপনার কাছে জানতে চাইছি কি ব্যবস্থা নিয়েছেন এই ব্যবস্থা প্রতিরোধ করার জন্য? দীর্ঘ ২০ বছর ধরে আপনার সরকারের সিদ্ধান্ত কি? আজকে জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে মানুষের চাহিদা বাড়ছে। নতুন নতুন রাস্তাঘাট তৈরী হচ্ছে, নতুন বাস চালানোর পরিকল্পনা নীতিতে আপনি কতটা এগিয়ে, কতটা পিছিয়ে আপনার বক্তৃতার মধ্যে আপনি বলেছেন। আপনি বলেছেন ৯৭-৯৮ সালে যাত্রীদের কাছ থেকে পেয়েছেন ৪৫.৪০ কোটি এবং ৯৮-৯৯ তে অনুমান করছেন ৫০.২৮ কোটি। আপনি বলুন আজকে যেখানে কয়েকশো কোটি টাকা ভরতুকি দিতে হয় সেখানে কেন আজকে এই অবস্থা। আপনার জবাবী ভাষণে আপনি বলবেন। ম্যানেজমেন্টের দুর্নীতির কথা বলছি। সমস্ত জায়গায় নূতন বাস টার্মিনাল করেছেন, বহু জায়গায় টাকা পেমেন্ট করা যায় নি। আপনার সান্নিধ্যে আসার পর আপনি তার ৪০ লক্ষ টাকা দিয়ে দিয়েছেন, আপনাকে ধন্যবাদ জানাই। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও বলতে চাই যে বাস টার্মিনাস করার জন্য গরীব

মানুষদের কাছ থেকে যে সমস্ত জমি নিয়েছেন তাদের পেমেন্ট দিতে পারছেন না। এরপরও কি আপনার দপ্তরের সফলতা আছে, আপনার দপ্তরে দুর্নীতি নেই? একটি বাস টার্মিনাস করতে কোথাও ৭০ লাখ কোথাও এক কোটি টাকা আপনি খরচ করেছেন। কিন্তু বীরভূম জেলার রামপুর হাটে আপনার ডিপার্টমেন্ট যে বাস টার্মিনাস করেছে বর্ষাকালে সেখানে বাসগুলো জলে ডুবে থাকে। পার্টি করতে গিয়ে এই তো অবস্থা। হয় পার্টি করুন, না হলে ডিপার্টমেন্ট এর দায়িত্ব সম্পর্কে সচেতন হয়ে মানুষের কাজ ভাল করে পালন করুন। না হলে পরিবহন ব্যবস্থা ভেঙে খান খান হয়ে যাবে।

আমরা প্রতি বছরই বিভিন্ন জেলায় নতুন নতুন সরকারী বাসরুটের জন্য ডিপার্টমেন্টের কাছে যাই। ২ বছর, ৩ বছর নয় ৫ বছর ধরে চিৎকার করেও বীরভূম জেলায় সরকারী বাসের সংখ্যা বাড়ানো গেল না। আপনাদের ডিপার্টমেন্টকে বললে জেলা-পরিষদকে বলতে বলে। আবার, জেলা-পরিষদকে বললে ডিপার্টমেন্টকে বলতে বলে। আপনিই বলুন, নতুন বাসের পারমিট নিতে গেলে, কোন নতুন রুটের পারমিট নিতে গেলে কাকে বলতে হবে, কার সান্নিধ্যে আসতে হবে? আমরা তো জানি, ডিপার্টমেন্ট আছে, মাননীয় মন্ত্রী আছেন, পঞ্চায়েত আছে, জেলা-পরিষদ আছে। তাদের বলব, আমাদের জেলায় এই রুটে বাস প্রয়োজন, মানুষের চাহিদা রয়েছে, এটা করুন। আপনাদের কাছে গেলে বলবেন, জেলায় যেতে হবে, মন্ত্রী না দিলে কি করব। আজকে সারা পশ্চিমবাংলায় জেলায় জেলায় নতুন করে বাস রুট এবং বাস চালিয়ে মানুষের সমস্যার সমাধানের উপায় খুঁজে বার করুন।

[2.30–2.40 p.m.]

আমি জেনে খুশী হলাম, বিমান চালানোর প্রশিক্ষণ কেন্দ্র, বেহালায় নতুন করে খোলার চেষ্টা করছেন। এটা অভিনন্দন যোগ্য কাজ। আজকে পার্টির কমরেডদের দ্বারা বাসের কন্ডাক্টর, ড্রাইভার, ষ্টাফ নিয়োগ করা হচ্ছে। প্রত্যেকটা সিলেকশন কমিটিতে সিটুর মেম্বারদের রেখে দিয়েছেন। কিন্তু যে নতুন নতুন বাস কিনেছেন তা যদি নতুন নতুন জেলার রুটে চালান তাহলে মানুষের উপকার হবে এবং সাথে সাথে আয়ও বাড়বে। আপনি বেহালায় যে বিমান প্রশিক্ষণ কেন্দ্র খুলতে চলেছেন সেখানে কমরেড নিযুক্ত করবেন না। সেখানে যোগ্য লোককে নিযুক্ত করুন। এই বলে কংগ্রেসের আনা কাট মোশানের সমর্থন করে এবং বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৯-২০০০ সালের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবী সভায় উপস্থিত করা হয়েছে আমি তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটা কথা বলছি। পরিবহণ সম্বন্ধে এবং জ্বালানির মূল্যবৃদ্ধি সত্ত্বেও এই রাজ্যে পরিবহণে উন্নতি ঘটেছে। আমাদের রাজ্যের প্রত্যন্ত গ্রামে সরকারী বাস যাচ্ছে, রাজ্যের বাইরে এবং অর্ন্তদেশীয় বাসও চলছে। মাননীয় পরিবহণ মন্ত্রীকে ধন্যবাদ যে, 'সৌহার্দ্য' এবং 'শ্যামলী' বাস আজকে ভারত-বাংলাদেশের মধ্যে চলাচল শুরু হয়েছে। ঢাকা ও কলকাতার মধ্যে এই বাস চালানোর জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। পরিবহণ ব্যবস্থায় রক্ষণা-বেক্ষণ

এবং নিযন্ত্রণের উপর এই ব্যবসার লাভ এবং উৎপাদন বৃদ্ধি নির্ভর করে। আমরা লক্ষ্য করে থাকি যেখানে প্রাইভেট বাস প্যাসেঞ্জারদের ডেকে ডেকে বাসে তোলে সেখানে সরকারী বাস ফাঁকা যাতায়াত করে। এ ব্যাপারে কর্মীদের টেকনিক্যাল ট্রেনিং দেওয়া দরকার বলে আমার মনে হয়। আবার আমরা দেখছি, বে-সরকারী বাস যেখানে বছরে ৫০।৬০ হাজার টাকা লাভ করছে সেখানে সরকারী বাসে ভর্তুকি দিতে হচ্ছে, এটা কমাতে হবে। সরকারী বাসে ভর্তুকি ব্যবস্থা থাকা দরকার কিন্তু তা ক্রমশ বেড়েই চলেছে।

এছাড়া আমি মনে করি যাত্রীদের নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে পরিবহন বিভাগকে যথেষ্ট ভাবে সচেতন হতে হবে। যাত্রী পরিষেবার জন্য আরও ভাল ব্যবস্থা করতে হবে। যাত্রী নিবাস করতে হবে। ধর্মতলায় যেখান থেকে বাস ছাড়ে সেখানে বাসের যাত্রীদের ঘন্টার পর ঘন্টা লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হয়। সেখানে বাস টার্মিনাসে পানীয় জলের ব্যবস্থা থাকে না। একটু বৃষ্টি হলেই ঐ বাস টার্মিনাস ডুবে যায়। অনেক সময় বাস টার্মিনাসে যাত্রীরা লাইন দিয়ে দাঁড়িয়ে থাকার পর ডিপো থেকে বলা হয় বাস নেই। আগে থেকে যদি এটা বলে দেয় তাহলে যাত্রীরা অন্য বাস ধরতে পারে। এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রীকে বলব যে, ডিপোর সঙ্গে বাস টার্মিনাসের সংযোগ ভাল ভাবে থাকা দরকার। না হলে, বাস টার্মিনাসে যারা কাজ করেন তাঁদের মাঝে মাঝে গালাগালি শুনতে হয়। এছাড়া বাসের দেখভালের ব্যাপারটা দেখা দরকার। এ ব্যাপারে নিয়মিত চেক-আপের দরকার। অনেক সময় দেখা যায়, বাসের জানলা, ভাঙা, সীট ছেঁড়া, আবর্জনা আছে, কিন্তু এগুলো ঠিকমত দেখা হয় না। এছাড়া এখন বাসে প্রায়ই ডাকাতি হচ্ছে। মানুষের নিরাপত্তার ব্যাপারটা দেখতে বলব। এছাড়া দেখা যায়, বাসে প্রায় ব্রেক-ডাউন হয়ে যাচ্ছে। এসম্পর্কে আমার একটা প্রস্তাব আছে যে, বাস ড্রাইভারের সঙ্গে একজন মেকানিক রাখা দরকার। যাতে কোন যন্ত্রপাতি খারাপ হয়ে গেলে সেগুলো সঙ্গে সঙ্গে ঠিক করা যায়। সি. এস. টি. সি. কলকাতায় এবং কলকাতার আশে পাশে, দক্ষিণের জেলাগুলোকে এস. বি. এস. টি. সি. এবং উত্তরবঙ্গে এন. বি. এস. টি. সি.র বাস বিভিন্ন জেলাগুলোকে কভার করে। সে রকম ভাবে ডিস্ট্রিক্টের বাস সার্ভিসগুলো যাতে ভালো করে সার্ভিস দিতে পারে সেটা দেখা দরকার। যেমন আরামবাগ থেকে চুঁচুড়া জেলা সদর শহরে বাস যোগাযোগ নেই। আমি মনে করি জেলার বাস সার্ভিসকে নিয়মিত করা দরকার। এই ব্যবস্থা যাতে করা যায় তার জন্য অনুরোধ করছি। আমরা দেখেছি কলকাতা মহানগরীতে বাসের দরজা একটা। এতে যাত্রীরা হুড়মুড় করে উঠছে, নামছে। বাসে যাতে দুটো দরজা থাকে সেটা দেখার জন্য আমি অনুরোধ করছি। দিল্লিতে দেখেছি সেখানে বাসে দুটো দরজা থাকে এবং কন্ডাক্টর পিছনের দরজায় থাকেন। যাত্রীরা পিছন দিকে উঠে টিকিট করে সামনের দিকে যান। কলকাতায়ও বাসে দুটো দরজা করা হোক। একটা দরজা দিয়ে যাত্রীরা উঠবেন আর আরেকটা দরজা দিয়ে যাত্রীরা নামবেন। তাহলে চুরির হাত থেকে কিছুটা রেহাই পাওয়া যাবে। এছাড়া আমি মাননীয় মন্ত্রীকে বলব যেন অতর্কিতে চেকিং-এর ব্যবস্থা থাকে। এছাড়া জেলায় যে বাস সার্ভিস আছে সেখানেও অতর্কিতে বাসে চেকিং-এর ব্যবস্থা থাকা দরকার। বাসে চেকিং ঠিকমত হয় না। এ ছাড়া সরকারী বাসের সঙ্গে বেসরকারী বাসের সমন্বয় থাকা দরকার। আমার

প্রস্তাব এস. টি. এ. এবং আর. টি. এ.র সঙ্গে আমাদের সরকারী বাসের সমন্বয় থাকা দরকার। এর ফলে অন্যান্য বাস চলাচলের পক্ষেও সুবিধা হয়। অনেক সময় দেখা যায় সরকারী বাসের সঙ্গে বেসরকারী বাসের দ্বন্দ্ব শুরু হয়। বাসের ঠিকমত সময় থাকে না। সরকারী বাসের আগে আগে বেসরকারী বাস চলছে। এ ছাড়া বিভিন্ন জেলায় ট্রেকার সার্ভিস আছে। এই ট্রেকার সার্ভিস কি ভাবে চলছে, কারা নিয়ন্ত্রণ করছে, কিছুই বুঝতে পারছি না! পরিশেষে আমি বলতে চাই, আমাদের হুগলী জেলার ১৭ নং রুটে কোন সরকারী বাস নেই। ওখানে অবিলম্বে সরকারী বাস চালু করা হোক। ভি. এন.-১১ নং রুট'টি বন্ধ হয়ে গেছে। হালিশহর থেকে ভায়া জগদ্দল, বারাসাত পর্যন্ত ঐ রুট'টি আবার চালু করার ব্যবস্থা হোক। ৭০/ ডি রুট'টিও পুনরায় চালু করার দাবি জানাচ্ছি। এই ক'টি কথা বলে, মাননীয় পরিবহণমন্ত্রীর বাজেট প্রস্তাবকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.40–2.50 p.m.]

**শ্রী অশোক কুমার দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় পরিবহণমন্ত্রীর বাজেটের বিরোধিতা করে, আমাদের দলের পক্ষ থেকে আনা কাটমোশানের সমর্থনে আমার বক্তব্য রাখছি। স্যার, যখন এ রাজ্যে লোকসংখ্যা বাড়ছে তখন সরকারী বাসের সংখ্যা কমছে। ১৯৯৮-৯৯ সালে ২১০টি রুটে মাত্র ৭৪২টি বাস চলাচল করেছে। ফলে গ্রামে-গঞ্জে আমরা দেখছি মানুষ বাসের চালে পর্যন্ত উঠে যাতায়াত করছে। মাঝে মাঝেই অ্যাকসিডেন্ট হচ্ছে। মন্ত্রীর ইচ্ছা থাকা সত্বেও দলের এবং দপ্তরের চাপে পড়ে তিনি কোন কাজই করতে পারছেন না। তিনি একই রুটে বিভিন্ন ধরণের বাস চালু করছেন, ফলে একই দূরত্ব পার হতে মানুষকে বিভিন্ন ধরণের ভাড়া দিতে হচ্ছে। এই বিষয়টা আমি মন্ত্রী মহাশয়কে একটু বিবেচনা করে দেখতে অনুরোধ করছি। একদিকে ১৫ বছরের পুরানো বাস তুলে দেবার চেষ্টা হচ্ছে, অপর দিকে বাস মালিকদের কাছ থেকে আগাম ১৫ বছরের ট্যাক্স নিয়ে নেওয়া হচ্ছে। এই বিষয়টাও একটু ভেবে দেখা দরকার। রাজ্যের রাস্তাঘাটের যা অবস্থা তাতে বেশী দিন একটা বাস ভালভাবে চলতে পারে না। আবার আমরা দেখছি দূরপাল্লার বাসের ক্ষেত্রে সিকিউরিটির অভাব দেখা দিয়েছে। মানুষ দূরপাল্লার বাসে যাতায়াত করতে ভয় পাচ্ছে। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, যাঁরা আপনার বাসগুলি চালায়—সেই ড্রাইভার, কন্ডাক্টরদের ট্রেনিং-এর ব্যবস্থা করুন। যেভাবে তারা বাস চালায় তার ফলে বহু ক্ষেত্রেই অ্যাকসিডেন্ট হয় এবং ট্রাফিক জ্যাম্ করে বসে থাকে। কার ওনাররা, গাড়ির মালিকরা নিয়মিত রোড ট্যাক্স দেয়, কিন্তু রাস্তার যা অবস্থা তাতে তাদের অ্যাকসিডেন্টের সম্মুখীন হতে হয় এবং অল্পেই তাদের গাড়ি খারাপ হয়ে পড়ে। দিনের পর দিন দুর্ঘটনার সংখ্যা বেড়েই চলেছে এবং তার প্রধান কারণই হচ্ছে খারাপ রাস্তা। মাননীয় মন্ত্রী মহাশয়, বেড়েই চলেছে এবং তার প্রধান কারণই হচ্ছে খারাপ রাস্তা, মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার মোটর ভেইকেলস দপ্তর দুর্নীতিতে ভরে গেছে। সেখানে যারা চাকরি করে, তারা কি করে, আর কি না করে তা আপনার অজানা নয়। আর. টি. এ. গুলিও সমান

দুর্নীতিগ্রস্ত। এই দুটি জায়গাকে দুর্নীতি মুক্ত করতে না পারলে, আপনি কিছুই করতে পারবেন না। আমরা দেখছি কলকাতা শহর-সহ রাজ্যের বিভিন্ন জায়গায় যে অটো-রিক্সাগুলি চলছে তাদের ম্যাকসিমামেরই লাইসেন্স নেই। এগুলো কারা কিভাবে চালাচ্ছে তা একটু ভেবে দেখা দরকার। তা না হলে এতে আপনার দপ্তরেরই ক্ষতি হচ্ছে। তারপর যে সমস্ত দূরপাল্লার প্রাইভেট বাস এবং মিনি-বাস চলছে সে-সমস্তর ড্রাইভার সাধারণতঃ সিটু ইউনিয়ন থেকে ঠিক করে দেওয়া হয় এবং মাত্র ৪/৫ বছরের পুরনো লাইসেন্সধারীদের হাতে ঐ সমস্ত বাস ছেড়ে দেওয়া হয়। তারা ট্রাফিক রুলস মেনে বাস চালায় না এবং দুর্ঘটনা ঘটায়। এ সব ক্ষেত্রে অন্ততঃ ১০/১৫ বছরের অভিজ্ঞদের নিয়োগ করা উচিত। এই বিষয়টাও আপনি একটু লক্ষ্য করবেন। আমরা দেখেছি যখন কলকাতা শহরে সি পি এম-এর কোন মিছিল হয় তখন বিভিন্ন রুটের সরকারী বাস চলাচল বন্ধ হয়ে যায়। ফলে যাত্রী সাধারণের প্রচন্ড কষ্ট হয়। এই যে জিনিসটা প্রতি বছরই ঘটে চলেছে, এটা বন্ধ করা দরকার। মিছিলের জন্য সাধারণ যাত্রীদের যাতে অসুবিধায় পড়তে না হয় তা আপনার দেখা দরকার। বাস বন্ধ হয়ে যাবার ফলে আপনার দপ্তরেরই ক্ষতি হয়। আমাদের ডায়মন্ডহারবার কেন্দ্রের মধ্যে ফলতার একটা অবাধ বাণিজ্য কেন্দ্র আছে। কিন্তু সেখানে যাতায়াত করার জন্য যান-বাহনের ব্যবস্থা নেই। যার ফলে ঐ অবাধ বাণিজ্য কেন্দ্রটি সঠিকভাবে মাথাতুলে দাঁড়াতে পারছে না। অবিলম্বে সেখানে যাতায়াতের সুবিধা করা দরকার। যাতে সাধারণ মানুষ সহজেই ঐ বাণিজ্য কেন্দ্রে যেতে পারে তা দেখা দরকার। বানিজ্য কেন্দ্রটি যাতে মাথা তুলে দাঁড়াতে পারে তার জন্য ওখানে যানবাহনের ব্যবস্থা করতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। সাথে রাজ্যের বেশীরভাগ ক্ষেত্রেই বাসের সংখ্যা বাড়াতে অনুরোধ করছি, কারণ যাত্রী সংখ্যা দিনের পর দিন বেড়েই চলেছে জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে। আমার এলাকার এস-২১ রুট'টি দীর্ঘদিন বন্ধ হয়ে রয়েছে। ইতঃপূর্বে আমি এই হাউসে বিষয়টি উল্লেখ করেছিলাম, তখন মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই হাউসেই আমাদের কথা দিয়েছিলেন—চালু করবেন। আমি আবার আপনাকে বলছি, আপনি ঐ রুটটি-সহ যে সমস্ত রুটে বাস চলাচল বন্ধ আছে সে সমস্ত রুটে বাস চালাবার ব্যবস্থা করুন। মানুষ যানবাহন চায়। সেই যানবাহন না পেলে এলাকার মানুষের প্রচন্ড ক্ষতি হয়। যারা পড়াশুনা করে তারা স্কুলে যেতে পারে না, যারা অফিস-যাত্রী তারা সময়মত অফিসে যেতে পারে না। যেখানে আপনি দিনের পর দিন যানবাহনের উন্নতি করার চেষ্টা করছেন, ব্যাটারী চালিত গাড়ী চালাবার চেষ্টা করছেন - আমার মনে হয় - সেইজন্য আরো যদি বাস চালাবার চেষ্টা করেন তাহলে মানুষের খুব উপকার হয়। আজকে সি. পি. এমের এম. এল. এরা গ্রামের লোক হয়েও চিৎকার করছেন। কিন্তু আমি বলবো, তাদেরও বাসের দরকার। হয়তো এখানে ভয়ে বলতে পারছেন না, কারণ বললে তারা আর নমিনেশন পাবেন না। ভূতলের ব্যাপারে আরো বেশী করে লঞ্চ বাড়ানো দরকার, রুট বাড়ানো দরকার। এর ফলে যানবাহনের সুবিধা হবে, লোকজনের যাতায়াত করতে সুবিধা হবে। বাবুঘাট এবং চাঁদপাল ঘাট থেকে যারা রেগুলার যাতায়াত করেন, অনেক এম. এল. এরাও যাতায়াত করেন—তারা নিশ্চয়ই দেখেছেন অবস্থাটা কি দাঁড়িয়েছে?

যাতায়াত করা যায় না। এরজন্য নতুন জেটি - ঘাট তৈরী করা দরকার। এগুলি করতে পারলে আমাদের যাতায়াতের ক্ষেত্রে সুবিধা হয়। এইসব করতে পারলে লোকের ভাল ছাড়া কোন খারাপ কিছু হবে না। তাই আশা করবো, আগামীদিনে এগুলি করার চেষ্টা করবেন। এছাড়া আর একটি ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাই, কারণ দীর্ঘদিন এই বিধানসভায় চিৎকার করার পর, দীর্ঘদিন ধরে দাবী করার পর, তিনি আমার এলাকায় একটা ট্রাক-টারমিনাস ওপেনিং করেছেন। এটা আমি অস্বীকার করবো না। কিন্তু এটা যাতে তাড়াতাড়ি চালু হয় সে ব্যাপারে নিশ্চয়ই তিনি চেষ্টা করবেন। আমি জানি, তিনি কর্মঠ মানুষ, কাজ করার চেষ্টা করেন, কিন্তু তার দলের লোকেরা তাঁকে কাজ করতে দিচ্ছে না। শুধু আমার দলের দাবী নয়, বিভিন্ন দলের নানা দাবী ওনার কাছে আছে। সুতরাং ওনাকে যে দায়িত্ব দেওয়া হয়েছে সেটা বিরাট দায়িত্ব। সেই দায়িত্ব যদি উনি ঠিক মতন পালন করতে পারেন তাহলে মানুষের বিরাট সুবিধা হবে। আমরা দেখছি, দিনের পর দিন বাসের ভাড়া বাড়ছে। ডিজেলের দাম বৃদ্ধি হলে বাসের ভাড়া বাড়ে - এটা আমরা জানি। কিন্তু ডিজেলের দাম কমে গেলে কেন বাসের ভাড়া কমবে না? পেট্রোলের দাম কমে গেলে কেন বাসের ভাড়া কমবে না? অথচ উনি দেখছি বাসের ভাড়া বাড়িয়ে যাচ্ছেন। এই হাউসে মাননীয় মন্ত্রীমহাশয় একবার বলেছিলেন আমরা প্রচন্ডভাবে ইনকাম করছি বিভিন্ন দিক থেকে। আমি তখন প্রশ্ন করেছিলাম, আমাদের এলাকায় কেন বাস বাড়িয়ে দিচ্ছেন না? উনি বলেছিলেন, দেখবো। আমার দাবী আরো বেশী সংখ্যায় বাস বাড়ানো দরকার। আজকে কালো ধোঁয়া বেরিয়ে যেভাবে সরকারী গাড়ীতে দূষণের পরিবেশ সৃষ্টি করছে তা কল্পনা করা যায় না। আমি যখন বজবজে যাই তখন দেখি আপনার গাড়ীগুলি আটকে পরীক্ষা করার চেষ্টা করছে। কেন আপনাকে আজকে হাইকোর্টের দ্বারস্থ হতে হবে? এইসব পুরানো গাড়ীগুলি তো বন্ধ করা দরকার। আপনি বেসরকারী সংস্থা থেকে টাকা লোন করছেন। তাহলে কেন নতুন বাস আসবে না, কেন দূষণমুক্ত পরিবেশ ফিরিয়ে আনবেন না? নতুন নতুন বাস এলে যানবাহনের সুবিধা হবে এবং লোকজনেরও যাতায়াতের সুবিধা হবে। এ ছাড়া দূরপাল্লার বাস আরো বেশী করে বাড়ানো দরকার। আপনি তারাতলা থেকে দূরপাল্লার বাস ছাড়ছেন কেন? কেন ধর্মতলা এবং হাওড়া থেকে দূরপাল্লার বাস চালাবেন না? মানুষের যেখানে সুযোগ-সুবিধা হবে সেই কাজ আপনার করা দরকার। যেখানে ২।৩ কিলোমিটারের ডিফারেন্স আছে সেক্ষেত্রে কেন চালাবার চেষ্টা করছেন না। বিভিন্ন এলাকার গরীব মানুষেরা যাতে বেশী বেশী করে সরকারী বাসে যেতে পারেন সেই ব্যবস্থা আপনি করুন। এটা করতে পারলে আগামী দিনে ভাল হবে এবং তার সাথে সাথে এলাকার মানুষের ভাল হবে। মানুষ আপনাদের কাছ থেকে অনেক আশা করেছিল, কিন্তু বিগত ২২ বছরে আপনারা সেই আশা পূরণ করতে পারেন নি। আশা করি, এটা পূরণ করার চেষ্টা করবেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট-মোশনগুলিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2.50–3.00 p.m.]

**শ্রী নর্মদা চন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী ১২, ৭৭, ৭৮, ৮০ এবং ৮১ নম্বর দাবীর সমর্থনে যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তাকে সমর্থন করি এবং বিরোধীদের আনা কাট-মোশনের বিরোধিতা করে বাজেটের উপর কয়েকটি বিষয় মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এটা ঠিকই যে, রাজ্যের পরিবহন ব্যবস্থা বিগত ২২ বছর ধরে মাননীয় মন্ত্রী মহাশয়ের উদ্যোগে দক্ষিনবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন এবং ভূতল পরিবহন নিগম ইত্যাদির মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা সুদৃঢ় করেছেন।

মানুষের বিশ্বাসযোগাতা অর্জন করেছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তর এমন ব্যবস্থা করেছেন যে প্রত্যন্ত গ্রাম থেকেও মানুষ সহজে গুরুত্বপূর্ণ শহরগুলিতে আসতে পারছে। প্রতিটি ব্লক, শহর থেকে কলকাতায় দূরপাল্লার গাড়ী আসছে এবং নিরবিচ্ছিন্নভাবে এই বাস পরিযেবা চালিয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের দপ্তর একটা বিশ্বাসযোগ্যতা অর্জন করেছে। জট্টু লাহিড়ী মহাশয় বললেন যে সরকারী বাসে ভিড় হচ্ছে কেন? তাকে বলব, মানুষ প্রাইভেট বাস থেকে সরকারী বাসে চড়তে পছন্দ করছে বলে এবং নিরবিচ্ছিন্নভাবে বাস চলাচলের ব্যবস্থা করতে পারা গেছে বলেই এবং এক জায়গা থেকে আর এক জায়গায় সহজে সরকারী বাসে যাতায়াত করা যায় বলেই সরকারী বাসে ভিড় বাড়ছে। অনুরূপভাবে উত্তরবঙ্গের জেলাগুলিতেও এই বাসের পরিযেবা চালিয়ে আসা হচ্ছে। কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, দুর্গাপুরে যেমন বাস চলাচল করছে তেমনি আসাম, বিহার, সিকিমের সঙ্গেও বাস চলাচল করছে। উত্তরবঙ্গের মানুষ একটা নির্ভরযোগ্য পরিবহণ ব্যবস্থা এর মাধ্যমে পেয়েছে। তবে এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব, আরও বেশী বাসের প্রয়োজন রয়েছে। তা ছাড়া অনেক বাস পুণর্নবিকরণ করা দরকার। কোলকাতা রাষ্ট্রীয় পরিবহনের ক্ষেত্রে তিনি উদ্যোগ নিয়েছেন যে এ বছর ১৪০টি নতুন বাস কিনবেন আই. ডি. এস. সি. থেকে ঋণ করে। যোজনা খাতে টাকা বরাদ্দ করে সেখানে ২০০ বাস পুণর্নবিকরণ করবেন। দক্ষিনবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের জন্যও তিনি নতুন বাস কিনছেন এবং ২৫০টি বাস পুনর্নবীকরণ করছেন। তার সঙ্গে সঙ্গে উত্তরবঙ্গের ক্ষেত্রে পরিবহণ ব্যবস্থাকে আরও সুষ্ঠু করার জন্য এবং মানুষের চাহিদার সঙ্গে সামঞ্জস্য রাখার জন্য ও নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্টকে ঢেলে সাজাবার জন্য মাননীয় মন্ত্রীমহাশয় আরও ৪০টি বাস কেনার জন্য উদ্যোগ নিয়েছেন। এই প্রসঙ্গে আমি তাকে বলব, উত্তরবঙ্গের অধিকাংশ বাসই কিন্তু পুরানো। সেই গাড়ীগুলির পুনর্নবীকরণ করা দরকার এবং তারজন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা দরকার। আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় সে ব্যাপারে উদ্যোগ নেবেন। উত্তরবঙ্গের মাথাভাঙ্গা এবং মেখলিগঞ্জে দুটি বাস ষ্ট্যান্ড করার পরিকল্পনা আছে এবং তার জন্য টাকাও বরাদ্দ করা হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব, এটা সেখানকার মানুষের দীর্ঘদিনের দাবী, অবিলম্বে সেটা করা দরকার। দক্ষিণ দিনাজপুর জেলার হেড কোয়ার্টার হচ্ছে বালুরঘাট, সেখানে কিন্তু আজ পর্যন্ত কোন বাস ষ্ট্যান্ড হল না। এফ. সি. আই-এর একটা জায়গা নিয়ে সেখানে টেম্পুরারী ভাবে বাস স্ট্যান্ড চালানো হচ্ছে ফলে যাত্রী সাধারণের খুবই

অসুবিধা হচ্ছে। সেখানে থাকার জায়গা নেই, ভালো ব্যবস্থা নেই। বালুরঘাটে বাস ষ্ট্যান্ডের দাবী দীর্ঘদিনের দাবী, অবিলম্বে এটা করা দরকার। সেখান থেকে যে আয় হয় তার একটা অংশ দিয়ে উত্তর দিনাজপুরের ডিপোর লোকদের মাহিনা হয়। এই গুরুত্বপূর্ণ বাস ষ্ট্যান্ডটি না হবার জন্য দৈনন্দিন যাতায়াতের ক্ষেত্রে মানুষের অসুবিধা হচ্ছে। মন্ত্রীমহাশয় আশা করি এ ব্যাপারে উদ্যোগ নেবেন। এই বলে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি। বিরেধিতা করছি এ জন্য যে বেহাল পরিবহণ ব্যবস্থা পশ্চিমবঙ্গের জনজীবনকে যে ভাবে বিপর্যস্ত করেছে তা অতীতের সমস্ত নজিরকে ছাড়িয়ে গেছে। স্যার, এই রাজ্যের সরকারী পরিবহণ ব্যবস্থায় এমন একটি বেহাল পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং তার সুযোগ নিয়ে বেসরকারী পরিবহণ ব্যবস্থার দৌরত্বের শিকার পশ্চিমবঙ্গের জনগণকে হতে হচ্ছে। তার উপরে বেপরোয়া বাস চালানোর জন্য এ্যাকসিডেন্ট হচ্ছে, বেপরোয়া যথেচ্ছ ভাবে যাত্রী নেওয়া, কোন নিয়ম-কানুন না মানা, এই সমস্ত কারণে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। এর উপরে সরকারী পরিবহণ ব্যবস্থায় দিনের পর দিন দফায় দফায় ভাড়া বাড়ছে। অথচ যাত্রী সাধারণের কোন সুযোগ-সুবিধা বাড়ছে না। অন্যদিকে লোকসানের অঙ্ক বাড়ছে, চুরি বাড়ছে, দূর্নীতি বাড়ছে, এগুলি সম্পর্কে নজরদারীর কোন ব্যবস্থা নেই। ফলে অব্যবস্থার জন্য পরিবহণ ব্যবস্থা একটা বেহাল অবস্থায় পরিণত হয়েছে। এই যে লোকসান হচ্ছে, এই লোকসান প্রতিরোধ করা যেত, সরকার যদি কতকগুলি জায়গায় নজরদারী বাড়াতেন। আজকে সরকারী পরিচালনাধীনে পরিবহণ দপ্তরের যে পুলকার গ্যারেজ আছে সেখানে দিনের পর দিন সরকারী গাড়ীগুলি অব্যবহৃত হয়ে পড়ে থাকছে এবং সেগুলি মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। অডিট দীর্ঘদিন ধরে এই ব্যাপারে আপত্তি জানিয়ে এসেছে। এই রকম অবস্থায় পরিবহণ দপ্তর তেলের খরচ কমাবার জন্য আবার ২০টি ডিজেলের গাড়ী গত বছরের এপ্রিল মাসে কেনেন। কিন্তু সেই ডিজেলের গাড়ী মন্ত্রীরা ব্যবহার করতে চাচ্ছেন না। কারণ ডিজেলের গাড়িতে ঝাকুনি বেশী হয়, ডিজেলের গন্ধ বের হয়, তার ফলে তারা সেগুলি ব্যবহার করতে চাচ্ছেন না। সেই গাড়ীগুলিও আজকে পুল কার গ্যারেজে পড়ে নষ্ট হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রক্ষণা-বেক্ষণের কথায় যাবার আগে আমি একটি বিষয়ে এখানে উল্লেখ করতে চাই। ওনার দপ্তরে একটি হেলিকপ্টার রয়েছে। তার উপরে আর একটি হেলিকপ্টার কেনার উদ্যোগ নেওয়া হয়েছে ২২ কোটি টাকায়। যেখানে অর্থের অভাবে সরকারী পরিবহণ সংস্থার বিভিন্ন গাড়ীগুলি সারানো যাচ্ছে না, যেখানে দেড় হাজার গাড়ী পড়ে আছে টাকার অভাবে সারানো যাচ্ছে না, যেখানে মেট্রো রেল সম্প্রসারণ হচ্ছে না, রাজ্য সরকার বরাদ্দ দিতে পারছেন না অর্থের অভাবে, সেখানে এই রকম একটা অবস্থার মধ্যে ২২ কোটি টাকায় উনি আর একটা হেলিকপ্টার কেনার উদ্যোগ নিয়েছেন কেন, আমি জানি না। স্যার, কিছুদিন আগে মন্ত্রীদের গাড়ীতে, ভি. আই. পি-দের গাড়ীতে এয়ার কন্ডিশান করার উদ্যোগ নেওয়া হয়েছিল এবং মন্ত্রি সভার কাছে সেই প্রস্তাবও পাঠানো হয়েছিল।

আমরা বিধানসভায় এর প্রতিবাদ করেছিলাম। তার কয়েকদিন পরে দেখলাম যে, অসীম দাসগুপ্ত বলেছেন যে, এয়ার কন্ডিশান হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে গাড়ীগুলি রক্ষণা-বেক্ষণের ব্যবস্থা নেই। প্রতি মাসে গাড়ীগুলিকে বাধ্যতামূলক ভাবে রক্ষণা-বেক্ষণের দায়িত্ব যেখানে ডিপো কর্তৃপক্ষের নেওয়া দরকার, সেখানে তা হচ্ছে না। যেখানে ৪০টি গাড়ী বার করতে হবে, সেখানে বাসগুলি চলতে পারবে কিনা সেটা ঠিক মত না দেখে রাস্তায় ছেড়ে দেওয়া হচ্ছে। ফলে সেগুলি রাস্তায় চলতে না চলতে আবার অচল হয়ে যাচ্ছে এবং রাস্তার মাঝখানে পড়ে থাকছে। আমরা দেখেছি যে দূরপাল্লার যে বাসগুলি কলকাতা থেকে যায় সেগুলির ৬০ থেকে ৬৫ ভাগ রাস্তার মাঝখানে অচল হয়ে পড়ে। এগুলি রক্ষণাবেক্ষণের কোন ব্যবস্থা নেই। এছাড়া পা ব্রেক এবং হ্যান্ড ব্রেক, দুটো করে ব্রেক গাড়ীতে থাকে। হ্যান্ড ব্রেকে খরচ বেশী হওয়ায় সেটা রাজ্য সরকার বহন করতে পারছে না, সেজন্য হ্যান্ড ব্রেক অকেজো করে দেওয়া হয়েছে। এই রকম নানা রকম সমস্যা আছে। হেড লাইট জ্বলে না, ষ্টিয়ারিং লকড হয়ে যায়। এই ষ্টিয়ারিং লকড হয়ে গেলে অনেক সময় মারাত্মক অবস্থার সৃষ্টি করে। ট্রাই রড কেটে যায় তার ফলে গাড়ী স্টার্ট করে না, এই সমস্ত সমস্যা আছে। তারপরে তেলের লাইনে ময়লা জমে গেলে গাড়ীর ষ্টার্ট বন্ধ হয়ে যায়, যন্ত্রাংশ খারাপ হলে অনেক সময়ে লক সিট হয়ে যায়। এগুলি ডিপো কর্তৃপক্ষের দেখার কথা, কিন্তু সেটা তারা দেখেন না। এর ফলে যাত্রীরাও নানা দিক থেকে ক্ষতিগ্রস্ত হচ্ছে, তাদের প্রাণ হাতে নিয়ে রাস্তায় যাতায়াত করতে হচ্ছে। তার পরে রাস্তার অবস্থাও যা গাড়ীর ড্রাইভারকেও প্রাণ হাতে নিয়ে গাড়ী চালাতে হয়।

[3.00–3.10 p.m.]

ঐ যে বহরমপুরে ভাগীরথী নদীর উপর এতবড় এ্যাকসিডেন্ট হয়ে গেল তার পেছনে এসব কারণগুলিই রয়েছে। কলকাত-ঢাকা বাস চালু করেছেন, ভাল কথা। নানা প্রচার হচ্ছে। কিন্তু সেখানেও কি অবস্থা! ঢাকা থেকে কলকাতার দূরত্ব কত আমার জানা নেই, সেটা মন্ত্রী বলতে পারেন, কিন্তু সেখান থেকে কলকাতায় পৌঁছাতে যেখানে সময় লাগছে ১২ ঘন্টা সেখানে পেট্রাপোল থেকে ৭৮ কিলোমিটার আসতে সময় লাগছে ৮ ঘন্টা। ফলে বোঝা যায় আমাদের রাস্তার কি দূরবস্থা, কোনরকম রক্ষণাবেক্ষণ হয় না। এক্ষেত্রে তো আন্তর্জাতিক ক্ষেত্রে সুনাম দুর্নামের প্রশ্নটা এসে যাচ্ছে।

আপনারা সি. এস. টি. সি.-তে স্বেচ্ছা অবসর প্রকল্প চালু করেছেন। আমরা যেখানে ভি. আর. এস. -এর বিরোধিতা করছি সেখানে সর্বপ্রথম সরকারই সি. এস. টি. সি.-তে সেই ভি. আর. এস. চালু করে দিলেন। আপনারা ৫০ বছর বয়স বা ২০ বছর যাদের চাকরি হয়েছে তাদের ক্ষেত্রে ভি. আর. এস. চালু করবেন বলেছেন। আজকে মোটর ভিইকলস ডিপার্টমেন্টে যে মারাত্মক দুর্নীতি চলছে সেটা বন্ধ করতে পারছেন না; হাজার হাজার বাস যা অচল হয়ে পড়ে রয়েছে সেগুলো পুনরুজ্জীবিত করতে পারছেন না। এই কাজগুলো যদি করতে পারতেন তাহলে কর্মচারীদের উপর যে আঘাত নামিয়ে আনতে চাইছেন সেটা বন্ধ করতে পারতেন। কাজেই এদিকে আপনার নজর দেওয়া উচিত।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পরিবেশ দূষণ নিয়ে অনেকে চেঁচামেচি করছেন; তারা বলছেন, পরিবেশ দূষণ আজকে একটা মারাত্মক অবস্থা সৃষ্টি করেছে। আপনি আজকে প্রশ্নোত্তর পর্বে ব্যাটারীচালিত গাড়ী সম্বন্ধে জানিয়েছেন, তাকে আমরা স্বাগত জানাচ্ছি। এটা বায়ুদূষণ রোধে সাহায্য করবে। কিন্তু আজকে দূষণমুক্ত ট্রাম কোম্পানীর যে পরিকাঠামো রয়েছে সেটা শেষ হয়ে যাচ্ছে। কাজেই এদিকে নজর দিন, ট্রাম কোম্পানীকে পুনরুজ্জীবিত করুন। ট্রাম লাইন যা কমিয়ে আনা হয়েছে সেটাকে সম্প্রসারিত করুন। বলা হয়, ট্রামের গতিশীলতা নেই। কিন্তু তারজন্য কি ট্রাম দায়ী? অন্য গাড়ী এসে অবষ্ট্রাক্ট করবার ফলেই তার গতি শ্লথ হয়ে যায়। আগের মত আবার যদি ট্রাম চলাচলের ব্যবস্থা করেন তাহলে পরিবেশ তথা বায়ুদূষণ সমস্যার অনেকখানি সমাধান হতে পারে কলকাতা শহরে। পেট্রোল ডিজেলের দাম বাড়াবার সঙ্গে সঙ্গে আপনি বাসের ভাড়া বাড়াবার ব্যাপারে তৎপর হচ্ছেন। এক্ষেত্রে আপনার প্রিডিসেসররা যা করতেন আপনিও তাই করছেন। কিন্তু এভাবে বাসের ভাড়া বাড়ানোটা ঠিক নয়। এছাড়া মিনিবাস, স্পেশাল ইত্যাদি করে তার মাধ্যমে যাত্রী সাধারণের কাছ থেকে অতিরিক্ত টাকা আদায় করছেন। সম্প্রতি ডিজেলের দাম কমেছে। মানুষ আশা করেছিল, এর ফলে বাসের ভাড়া কমাবার সিদ্ধান্ত সরকার গ্রহণ করবেন। পেট্রোল ডিজেলের দাম বাড়ার সঙ্গে সঙ্গে আপনি মালিকদের স্বার্থ রক্ষার জন্য ভাড়া বাড়াবার উদ্যোগ নেবেন, কিন্তু তার দাম কমলে বাসের ভাড়া কমাবার সিদ্ধান্ত তাহলে কেন নেবেন না? তাহলে এটার দ্বারা জনগণ কি ভাববে না, মালিকদের প্রতি সরকার যতখানি অনুগত জনসাধারণের প্রতি সরকারের ততখানি আনুগত্য নেই।

এটা ঠিক যে ডিজেলের দাম কমলে বাস ভাড়া কমানো দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিভিন্ন ক্ষেত্রে যে বেসরকারী বাস আছে এই গুলির ক্ষেত্রেও মন্ত্রী মহাশয়কে দেখতে হবে। যে ভাবে বেপরোয়া বাস চালাচ্ছে, ট্রেকার চালাচ্ছে, অটো চালাচ্ছে তাতে এ্যাকসিডেন্ট হচ্ছে। এদের কোন লাইসেন্স নেই, কোন নিয়ন্ত্রণ নেই। যার ফলে এ্যাকসিডেন্ট দিনের পর দিন বেড়ে চলেছে এবং বেসরকারী পরিবহন ব্যবস্থা একটা আপন রাজত্ব করে ফেলেছে। এই ক্ষেত্রে সরকারী পরিবহন যদি হস্তক্ষেপ করতে পারে তাহলেই বেসরকারী পরিবহনের হাত থেকে মানুষ রেহাই পাবে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করেছি।

**শ্রী কামাক্ষা নন্দন দাসমহাপাত্র ঃ** (নট প্রেজেন্ট ইন দি হাউস)

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের পরিবহন মন্ত্রী মহোদয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছে তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং এই প্রসঙ্গে দু-চারটি কথা বলছি। স্যার, আজকে পশ্চিমবঙ্গে পরিবহন ব্যবস্থা একটা ভাল জায়গায় এসে দাঁড়িয়েছে। আমরা বলতে পারি বন্ধুর বাড়ি যাবেন। বন্ধুর বাড়ি যেতে গেলে, বন্ধুর যে পথ সেটা অনেকটা ভাল হয়েছে। সেই পথ হলো সৌহার্দ্যের পথ। সেই পথ ধরে বন্ধুর বাড়ি যেতে হবে। আমাদের বন্ধু পঞ্চায়েত। সেই পঞ্চায়েতমুখী যখন ব্যবস্থা, আমি পরিবহন দপ্তরের কাছে আবেদন করবো যে কলিকাতা থেকে প্রতিটি ব্লকে সরাসরি

যেন বাস সংযোগের ব্যবস্থা থাকে। আমরা দেখেছি কলিকাতা থেকে হলদিয়া জলপথে পরিবহন ব্যবস্থা আছে। কিন্তু এটা অত্যন্ত ব্যয়বহুল। সাধারণ মানুষ যাতে হলদিয়া যেতে পারে সেই ব্যাপারে সরকার যেন উদ্যোগ গ্রহণ করেন। অল্প পয়সায় যাতে হলদিয়ায় যেতে পারে সাধারণ মানুষ তার ব্যবস্থা করলে অনেক উপকৃত হবে। আপনি শহরাঞ্চলে পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ যন্ত্র বসানোর ব্যবস্থা করেছেন। কিন্তু পল্লীগ্রামে এই পরিষেবা গড়ে উঠতে পারেনি। সেখানে ট্রাক বাস ইচ্ছামত ধোঁয়া বার করে যাচ্ছে, সেখানে কোন কন্ট্রোল নেই। মহকুমা স্তরে এই রকম একটা কনট্রোলিং-এর ব্যবস্থা যাতে করা যায় তার ব্যবস্থা আপনি করুন। সৌরশক্তি চালিত বা গ্যাস চালিত বাস চালুর করার প্রচেষ্টা যেটা নিয়েছেন তার প্রতি আমি সাধুবাদ জানাচ্ছি। কারণ এর মাধ্যমে খানিকটা দূষণ নিয়ন্ত্রণ হবে। আপনি বিভিন্ন জায়গায় বাসের সেড নির্মাণের কথা বলেছেন। তমলুকে একটা সেন্ট্রাল বাস স্টান্ড হওয়া দরকার। তমলুক মহকুমা শহর, এখানে যাতে একটা সেন্ট্রাল বাস স্টান্ড হয় তার ব্যবস্থা আপনি করবেন। কলিকাতা থেকে মুর্শিদাবাদ যাওয়ার জলপথে একটা ব্যবস্থা করলে ভাল হয়। তাতে ট্যুরিজিমের পক্ষেও ভাল হবে। মুর্শিদাবাদে অনেক দর্শনীয় স্থান আছে। জলপথে ভ্রমন করতে করতে সেই সমস্ত দর্শনীয় বস্তু দেখতে পারবে। বিভিন্ন স্টেশানে যে বাসগুলি থাকে সেইগুলি যাতে রাতে নিয়মিত থাকে সেটা দেখা দরকার। বেহালায় যে বৈজ্ঞানিক প্রশিক্ষণ কেন্দ্র খোলা হয়েছে সেখানে যাতে প্রশিক্ষণের সংখ্যা বাড়ানো যায় সেটা দেখবেন। বাঁকুড়া-পুরুলিয়া-দীঘা-কোলাঘাট বিমান পরিষেবা যুক্ত করা যায় সেটা বিবেচনা করবেন।

[3.10—3.20 p.m.]

**শ্রী প্রমথ নাথ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের আনা কাটমোশানকে সমর্থন করে দ'চারটি কথা বলতে চাই। সরকারের ভ্রান্ত নীতি এবং দপ্তরের এলোমেলো দিশাহীন সিদ্ধান্ত ও খামখেয়ালিপনার জন্য আজকে পশ্চিমবঙ্গের গোটা পরিবহণ ব্যবস্থা বিপর্যস্ত। বিশেষ করে এন বি এস টি সি আজকে ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে। আমরা একটা কথা বারবার শুনি, আপনিও জানেন যে, মাথাভারী প্রশাসন এবং স্বজন পোষণ'এর জন্য পরিবহন ব্যবস্থার মধ্যে বিশৃঙ্খলা দেখা দিয়েছে। মাথাভারী প্রশাসন এবং স্বজনপোষণটা কি? মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, অভিজ্ঞ কর্মী যাঁরা তাঁদের প্রোমোশন বন্ধ করে দিয়ে নিজস্ব অনভিজ্ঞ লোককে দপ্তরের উঁচু পদে বসিয়ে ক্ষতি করা হচ্ছে। আমার অনুরোধ, আপনি এটা দেখবেন। আমি উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সম্পর্কে একটা উদাহরণ দিচ্ছি। ১৯৯৫ সালে খারাপ এবং ভাল মিলিয়ে বাসের সংখ্যা যেখানে ছিল ৯৮৯টি, সেখানে ১৯৯৮ সালে তা এসে দাঁড়িয়েছে ৯২৩টিতে। ১৯৯৫ সালে রাস্তায় বাস চলতো ৬৮৭টি, ১৯৯৮ সালের ডিসেম্বর পর্যন্ত হিসাবে দেখা যাচ্ছে তা এসে দাঁড়িয়েছে ৫৬২টিতে। এই চার পাঁচ বছরে যেখানে মানুষ বেড়েছে, দপ্তরে লোক বেড়েছে, কর্মচারীর সংখ্যা বেড়েছে, সেখানে ১০৫টি বাস কমে গেল। দপ্তরে আর বাড়াবার কোন ব্যবস্থা নেই, ফলে ক্ষতি বাড়ছে। ১৯৯৫ সালে এন বি এস টি সি-তে আয় ছিল ৪১.৫৫ কোটি

টাকা। আর ১৯৯৮ সালে আয় হয়েছিল ২৭.৩০ কোটি টাকা। ১৯৯৫ সালে যেখানে ক্ষতির পরিমাণ ছিল ২৯ কোটি টাকা, সেখানে ১৯৯৮ সালে তা দাঁড়িয়েছিল ৩১ কোটি টাকা। ক্ষতি বাড়ছে, অপচয় বাড়ছে, কর্মচারীর সংখ্যা বাড়ছে আর বাসের সংখ্যা কমছে। আপনি প্রোগ্রেসিভ্ মানুষ, আপনি জানেন যে, আমার ওখানে কালিয়াগঞ্জ থেকে যে বাস চলতো সেটি সি এস টি সি বন্ধ করে দেয়। তার ফলে কি দুর্ভোগ হয়েছিল তা আপনি জানেন। আমি আপনার কাছে গিয়েছিলাম এবং পরে এমডি'র কাছে গিয়ে তার ব্যবস্থা করতে হয়েছিল। আপনি জানেন যে, এন বি এস টি সি কিছু এ. সি. কোচ, এ. সি. মেশিন কিনেছিল কলকাতা-শিলিগুড়ি-দীঘার জন্য। আপনি খোঁজ নেবেন সেগুলো কোথায়? আপনি খোঁজ পাবেন না। সেগুলো হারিয়ে গেছে। লক্ষ লক্ষ টাকা খরচ করে এগুলো কেনা হয়েছিল। এন বি এস টি সি লক্ষ লক্ষ টাকা ব্যয় করে কম্পিউটার মেশিন বসিয়েছিল। তার একটা বিকল হয়ে গেছে, একটার খোঁজ নেই, হারিয়ে গেছে। আপনি খোঁজ নিয়ে দেখবেন। এই যে লক্ষ লক্ষ টাকার জিনিস হারিয়ে যাচ্ছে, এর জন্য ক্ষতির পরিমাণ বৃদ্ধি পাচ্ছে আর পরিবহন ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে। আপনি খোঁজ নিয়ে দেখবেন, কোচবিহারের কেন্দ্রস্থলে একটা বাস টার্মিনাস করার চেষ্টা হয়েছিল, এখন নিউ বাসস্ট্যান্ড বলে। ওখানে লোকাল কিছু বাস চলাচলের ফলে কোচবিহার জেলায় দৈনিক ৫০ হাজার টাকা আয় কমে গেছে। নিউ কোচবিহারে সেন্ট্রাল ওয়ার্কশপের জন্য ১৯৮২ সালে জমি অধিগ্রহণ করা হয়। শিবেন চৌধুরী মহাশয় তখন ট্রান্সপোর্ট মিনিষ্টার ছিলেন। তিনি শিলান্যাস করেছিলেন। অনেক টাকা খরচ করে তখন সেন্ট্রাল ওয়ার্কশপের জন্য জমি অধিগ্রহণ করা হয়। সেটি হলো না। ১৯৯৫ সালে শ্যামলবাবু যখন ট্রান্সপোর্ট মিনিষ্টার তখন তিনি শিলান্যাস করলেন। পুনরায় জমি অধিগ্রহণ করা হলো। ১৯৯৬ সাল থেকে আপনি মন্ত্রী হয়েছেন। এখন ঐ সেন্ট্রাল ওয়ার্কশপের কি অবস্থা তা আমি জানি না। কোটি কোটি টাকা খরচ করে অনেক বিল্ডিং করা হচ্ছে। এই অচল বাসগুলোকে সচল করার ব্যাপারে সামান্য খরচ করে যন্ত্রাংশ কিনে বা রিপেয়ার করে এইসব অচল বাসগুলোকে রাস্তায় চালানো যায় কিনা এই ব্যাপারে আপনার দপ্তর কোন ব্যবস্থা নেয় না। আপনারা বাস কিনছেন যোজনা বরাদ্দের টাকায় এবং আই ডি এফ সির টাকা থেকে, কিন্তু কেন আপনারা বাসের টাকায় বাস কেনেন না? বাস চালিয়ে যে লাভ হয় তার টাকায় ট্রান্সপোর্টের বাস আমরা কিনতে দেখি না। আর পুরনো বাস যেগুলো আছে তার যন্ত্রাংশ আপনার স্বল্প দামে নীলামে বিক্রি করা হয়ে থাকে। ফলে দেখা যাচ্ছে যে, ওইসব যন্ত্রাংশ নীলামের যোগ্য না হলেও নীলামে চলে যাচ্ছে। এগুলো আপনি দেখবেন কি করা যায়। আমরা দেখি আপনার দপ্তরের অনেক ভাল ভাল গাড়ি নীলামে বিক্রি করে দেওয়া হচ্ছে। আমার শেষ কথা হচ্ছে আমার মাননীয় মন্ত্রীর কাছে একটা এ্যাপিল যে, আপনি তো প্রগ্রেসিভ মাইন্ডের মানুষ, বাংলাদেশের সঙ্গে বাসের যোগাযোগের ব্যবস্থা করেছেন। সেই কারণে আপনার কাছে অনুরোধ যে এখানকার সব বিধায়কদের নিয়ে একটি দল করে এক বা একাধিক বাসে করে ঢাকায় শুভেচ্ছা সফর করা যায় কিনা দেখবেন। এই আবেদন রেখে আপনার দপ্তরের বাজেটের বিরোধিতা করে আমাদের আনীত কাটমোশানকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[3.20–3.30 p.m.]

**শ্রী দেবব্রত ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহণ মন্ত্রী ১৯৯৯-২০০০ সালের ব্যয় বরাদ্দ মঞ্জুর করা সম্পর্কে যে প্রস্তাব রেখেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে এবং সাথে সাথে বিরোধীদের আনা কাটমোশানকে বিরোধিতা করে দু একটি কথার অবতারণা করতে চাই। সময় খুবই কম তাই এই অল্প সময়ের্র মধ্যে এই ব্যয় বরাদ্দকে কেন সমর্থন করছি তা বলার চেষ্টা করছি। আমরা সবাই জানি যে রাষ্ট্রীয় পরিবহণ গড়ে উঠেছে কতগুলো নির্দিষ্ট উদ্দেশ্য এবং লক্ষ্য নিয়ে। রাষ্ট্রীয় পরিবহণ গড়ে ওঠার মূল কারণ হচ্ছে যে, গোটা পশ্চিমবঙ্গের দূর দূরান্ত পর্যন্ত সাধারণ মানুষকে পরিবহনের সুযোগ-সুবিধা বিতরণ করা। আমাদের সরকার তার লক্ষ্য নির্দিষ্ট রেখে এবং তাতে অবিচল থেকে সারা পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের পরিচালনার সুযোগ বৃদ্ধি করার উদ্দেশ্যে একজিসটিং অরগ্যানাইজেশানগুলোর ক্ষমতা আরো প্রসারিত করেছেন, তেমনি করে প্রয়োজনীয় ভিত্তিতে নতুন নতুন কতগুলো সংস্থা গড়ে তুলেছেন। এটা কলকাতা থেকে শুরু করে উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গের বিভিন্ন পরিবহণ সংস্থার কর্মক্ষেত্র আরো বিস্তারিত করার মাধ্যমে বৃহত্তর অংশের মানুষের বাসের পরিষেবা দেবার দায়িত্ব পালন করছে। আমাদের কিছু বিরোধী বন্ধুরা এই প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে বলেছেন যে কটা বাস চলছে আর কটা নতুন বাস চলছে এই হিসাবের পেছনে দাঁড়িয়ে পড়েছেন। তাদের কাছে আমার বিনীত নিবেদন এই যে, পরিবহন শিল্পের পজিটিভ দিকগুলোর পেছনে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গীর বিষয়টাও দেখতে হয়। সেখানে দেখতে হবে ম্যান বাস রেসিও কমিয়ে আনতে পেরেছি কিনা, ফুয়েল কনজাম্পশান পার কি. মি. রেশনালাইজ করতে পেরেছি কিনা। আমাদের দেখতে হবে ফুয়েল কনজাম্পশান হলে হবে না, পার কি. মি. ইনকাম আমাদের কি হচ্ছে এই গোটা বিষয়টা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দিয়ে বিশ্লেষণ না করলে হবে না।

কখন একটা বাসের টায়ার ফেটে গিয়েছে বা বাসের কিছু ভেঙে গিয়েছে এটা থেকে পরিবহণ শিল্প কি ভাবে চলছে সেটা বোঝা যায় না। রিপোর্টের ভিতরে নির্দিষ্টভাবে আর উল্লেখ আছে, ধাপে ধাপে পরিবহণ শিল্প তার উন্নতির লক্ষ্যে এগিয়ে যাচ্ছে। আমাদের বিরোধী বন্ধুরা একটি কথা মাঝে মাঝে বলে থাকেন, এই মাত্র উল্লেখও করেছেন ভি. আর. কেন নেওয়া হচ্ছে। ভি. আর. এর ব্যাপারে বলব, পরিবহণ শিল্পকে যারা নিয়ন্ত্রণ করেন, অফিসে কাজ করা আর বাস চালানো দুটো এক জিনিস হয় না। ৪০।৪৫ বছর পরে কোন ড্রাইভারের পক্ষে সঠিকভাবে বাস চালানো সম্ভব হয় না। তাই এই যে বিরাট আইডিল ওয়ার্ক ফোর্স তাদের যদি সরকারি কর্মী হিসাবে বসিয়ে রাখতে হয়, সেটা ঠিক নয়, সেইজন্য যেটা এতদিন হয়নি সেটা হচ্ছে। এর বিরোধিতাও কেউ কেউ করেছেন, কেউ কেউ বলেছেন ভাড়া বৃদ্ধি হচ্ছে কেন? সমস্ত জিনিসের দাম বাড়ছে, ভাড়া কেন বাড়বে না? আজকে পশ্চিমবাংলায় কেন, গোটা ভারতবর্ষে এমন কোন শহরের কথা বলতে পারেন বিরোধী বন্ধুরা যেখানে পাবলিক ইউটিলিটি সার্ভিস হিসাবে ষ্টেট ট্রান্সপোর্ট পরিবহণ ব্যবস্থায় লাভ বা মুনাফায় রান করছে। এমন কোন শহরের নাম করতে পারেন? অন্য কোন ট্রান্সপোর্ট এর নাম করতে পারেন? শুধুমাত্র ট্রান্সপোর্ট

সার্ভিস হিসাবে ষ্টেট ট্রান্সপোর্ট লাভ করছে, তারা করতে পারেনি। কারণ হচ্ছে, বিশেষ করে কলকাতায় নয়, গ্রামে-গঞ্জে এখন বহু জায়গায় যাতায়াত ব্যবস্থা গড়ে উঠেছে, সেখানে প্রাইভেট বাস মালিকদের আমরা প্রথম বলি এখানকার রুটে আপনাদের বাস চালাতে হবে, তখন তারা রুট দেখে, সেই রুটে লাভ হবে কিনা? ফলে সেখানে আমাদেরকে ষ্টেট বাসের কাছে যেতে হয়, আপনারা পাবলিক ইউটিলিটি সার্ভিস হিসাবে দেখলে সুবিধা হবে। মাননীয় সদস্যরাও এই ব্যাপারে অনেক সময় বলে থাকেন, তাদেরকে এই ব্যাপারে যেতেও হয়। আমি এটুকু বলব, সোলাসিয়াম ফান্ড যেটা করেছেন, তা অভিনন্দনযোগ্য। তার সঙ্গে প্রাইভেট বাস এর ক্ষেত্রে ড্রাইভার ও কন্ডাক্টারের ক্ষেত্রে যে উদ্যোগ গ্রহর্ণ করছেন, এদের চাকরির স্থায়ীত্বের ব্যাপারে সেটাও চিন্তার ব্যাপার আছে। আশা করি এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করবেন। এই কথা বলে বাজেটকে আর একবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সরকারি পরিবহণ দপ্তরের ৯৯-২০০০ সালের ৫টি দাবীর পক্ষে যে ব্যয় বরাদ্দর দাবী উপস্থিত হয়েছে, এই ব্যাপারে আমাদের সরকারের পক্ষ থেকে এবং বিরোধী পক্ষ থেকে ১০ জনের মত সদস্য আলোচনায় অংশ গ্রহণ করেছেন। স্বাভাবিকভাবে যারা সরকারি পক্ষের তারা বাজেটকে সমর্থন করেছেন, এবং যারা বিরোধী পক্ষের তারা বিরোধিতা করেছেন ও কাটমোশানকে সমর্থন করেছেন। বিরোধী পক্ষের সদস্যরা তারা যে বিষয়গুলি উপস্থাপন করেছেন, সেইগুলি শুধুমাত্র বিরোধিতা করার জন্যই বিরোধিতা করেছেন। সমস্ত ব্যাপারে তারা বিরোধিতা করেন নি, কিন্তু তারা কোথাও কিছু ভাল দেখতে পাননি, ইতিবাচক দিক তারা খুঁজে পাননি, সবটাই ছিল তাদের নেতিবাচক দৃষ্টিভঙ্গী। আমি এখানে বিরোধী বন্ধুদের বলতে চাই, তারা জাতীয় সরকারের দায়িত্বে বহু বছর ছিলেন, আজকে নয়া অর্থনীতির নামে, এই পথে আমাদের দেশের নয়া সর্বনাশ-এর ব্যবস্থা ত্বরান্বিত করার যে কালচার তারা করেছেন, তার মধ্যে দিয়ে একবারও তারা জাতীয় পরিবহণ এর ক্ষেত্রে জাতীয় নীতি সরকারের প্রয়োজনে তারা অনুভব করেন নি। এর উল্লেখও করেন নি। ভারতবর্ষের মত বিশাল একটা দেশে স্বাধীনতার ৫২ বছর আমরা অতিক্রম করেছি, কিন্তু পরিবহণের ক্ষেত্রে জাতীয় কোন নীতি পথ বা নীতি গ্রহণ করা হয়নি। আমি যদি বলি, তাহলে বিরোধী সদস্য অপমানিত হবেন কিনা জানি না, যখন কোন আইন তৈরী হয় তা মুখ্যত জাতীয় স্তরে রচিত হয়। তাতে রাজ্যের এক্তিয়ার নেই। জাতীয় স্তরকে বাদ দিয়ে রাজ্যের মত করে সেটা করা যায় না। জাতীয় আইনের ভিত্তিতেই আমরা চলতে বাধ্য। স্বাধীনতার বহু পূর্ব থেকেই আমাদের দেশে জলপথ ব্যবহার করার একটা দৃষ্টিভঙ্গী ছিল এবং ব্যবস্থাও ছিল। কিন্তু স্বাধীনতার ৫২ বছর পরেও জলপথ ব্যবহার করার ক্ষেত্রে কোন নীতি গ্রহণ করা হল না। কম খরচে জলপথ পরিবহণ ব্যবস্থা একমাত্র স্বীকৃতি পেতে পারে। আমাদের বিরোধী দলের বন্ধুরা এটা জানেন কিনা জানি না। আমাদের রাজ্য সরকার সীমাবদ্ধ ব্যবস্থার মধ্যে দাঁড়িয়েও আমরা যা করতে পারছি তা সত্যিই প্রশংসনীয়। আমাদের পাশের রাজ্য উড়িষ্যায়, যেখানে ওদের নেতৃত্বাধীন সরকার চলছে, সেখানে পরিবহণ নিগমের শ্রমিক কর্মচারীরা বেতন পাচ্ছে না, তাদের

বেতন বন্ধ হয়ে আছে। সেখানকার পরিবহণ ব্যবস্থাকে বে-সরকারী হাতে তুলে দেওয়ার চেষ্টা চলছে। বিরোধী দলের সদস্যদের সমালোচনা করার আগে বলব আপনারা এগুলো জানুন। আপনারা যে দলের সমর্থক, সেই দল যেখানে সরকার চালাচ্ছে সেখানে পরিবহণ ব্যবস্থাকে বি-রাষ্ট্রীয়করণ করার ব্যবস্থা হচ্ছে। এই বে-সরকারীকরণের বিরুদ্ধে আমাদের রাজ্যের তৎকালীন পরিবহণ মন্ত্রী দৃঢ়তার সাথে দিল্লীতে বিরোধিতা করেছিল। আজকে আমাদের রাজ্যে পরিবহণ ব্যবস্থায় ভারসাম্য রাখার জন্য রাষ্ট্রীয় পরিবহণে উন্নত ভূমিকা পালন করছে। দক্ষিণ অঞ্চলের পরিবহণ ব্যবস্থা স্বাধীনতার আগে থেকেই জাতীয়করণ আছে। আমরা এই নিয়মগুলোকে আরও শ্রীবৃদ্ধি ঘটানোর চেষ্টা করছি অনেক প্রতিবন্ধকতা সত্ত্বেও। শতকরা ২৫ ভাগ যাত্রী জলপথ পরিবহণকে ব্যবহার করে থাকে। আমাদের যে পাঁচটি কর্পোরেশান আছে তাদের সবকটির সামগ্রিক বিশ্লেষণ করেন নি কোন বিরোধী বন্ধু। আজকে প্রায় ২১০০ মত বাস পাঁচটি নিগমের মাধ্যমে যাত্রী পরিবহণ করে থাকে। তার মধ্যে প্রায় ১,০০০ বাস হচ্ছে দূরপাল্লার এবং বাকি বাসগুলো শহর ও গ্রামে চলে। আপনারা কেউ বলতে পারবেন, এমন কোন গুরুত্বপূর্ণ শহর বা মহকুমা নেই যার সঙ্গে কলকাতার যোগাযোগ সরকারী বাসের মাধ্যমে হচ্ছে না। আজকে সকালবেলাতেই বিরোধীদলের দুইজন সদস্য আমাকে একটা চিঠি দিয়েছে তাদের এলাকায় সরকারী বাস সম্প্রসারণের জন্য। আমরা আন্তরিকভাবে এই কাজ করছি এবং করতে হবে এই কথা তারা বলছেন। আমরা বলছি সীমাবদ্ধতার মধ্যেও আমরা চেষ্টা করছি। তবে আমাদের যে পাঁচটি পরিবহণ ব্যবস্থা আছে সেখানে কিছু পরিকাঠামোগত সমস্যা আছে। উত্তরবঙ্গের যে সব এলাকার সঙ্গে রেল যোগাযোগ নেই সেখানকার পরিবহণ ব্যবস্থা চালু রাখার জন্য কেন্দ্রীয় সরকার কিছু আর্থিক সাহায্য দিতেন। কিন্তু নয়া অর্থনৈতিক প্রবক্তাদের সময় থেকে সেই বরাদ্দ বন্ধ করে দেওয়া হয়েছে। সমস্ত জিনিসপত্রের দাম বাড়ার ফলে এবং তার সঙ্গে আমাদের শ্রমিকদের বেতন বৃদ্ধি এই সবের মধ্যে দিয়ে, আয়ের সঙ্গে ব্যয়ের একটা ফারাক থেকেই যাচ্ছে। আমরা চেষ্টা করছি এই পরিযেবাকে আরও বিকশিত করার আজকে বিধানসভায় দাঁড়িয়ে বলতে চাই কেরালা বাদ দিয়ে অন্য কোন রাজ্যে রাষ্ট্রীয় পরিবহণের শ্রমিকরা এত সুযোগ-সুবিধা পায় না।

[3.30–3.40 p.m.]

আমরা বর্তমান বছরে গত বছরের দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী আমাদের রাষ্ট্রীয় পরিবহনের শ্রমিক, কর্মচারীদের সরকারি কর্মচারীদের মত পেনশনের ব্যবস্থা করতে পেরেছি। একটুও বাহবা দেবেন না? কত হাজার শ্রমিক, কর্মচারীর রুটি-রোজগার এর সাথে জড়িত। কিছু ঘাটতি থাকতেই পারে, থাকলে নিশ্চয় সমালোচনা করবেন, কিন্তু যেখানে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছি, সেখানে দায়িত্বশীল বিরোধী দল হিসাবে তার প্রশংসা করা উচিত।

বিরোধী সদস্য মাননীয় দেবপ্রসাদ সরকার বললেন পুলকারের কথা। তিনি আধাসত্য, আধা-অসত্য কথা বললেন। পুল কারে ২০টি ডিজেল গাড়ি কেনা হয়েছে।

সেইগুলো একটাও বসে নেই, সবগুলো চলছে। আপনাকে আমি গাড়ি দিতে পারি, গিয়ে দেখে আসতে পারেন। মন্ত্রীরা ঐ গাড়ি চাপছেন। ডিজেল গাড়ির কিছু প্রতিবন্ধকতা আছে পরিবেশের ক্ষেত্রে। বিশেষ করে কলকাতাতে গাড়ির সংখ্যা প্রতিদিন বাড়ছে, কিন্তু কলকাতায় রাস্তার পরিসরতা কম। আপনারা সমালোচনা করলেন না, করলে আমরা গ্রহণ করতাম। বেলতলাতে মোটরযানের অফিস আছে। যখন শুরু করেছিলাম তখন কত ছিল, আর এখন কত আছে দেখবেন - এখন ৭ লক্ষ গাড়ি চলছে। এই যানব্যবস্থা নিয়ন্ত্রণ করতে না পারলে আমাদের সত্যিকারের অসুবিধায় পড়তে হবে। এক্ষেত্রে কি ব্যবস্থা নেওয়া যায় ভেবে দেখা হচ্ছে। কলকাতা শহরে লরি ঢোকা বন্ধ করবার জন্য কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে। যাত্রী পরিষেবার ক্ষেত্রেও আমাদের কিছু দৃষ্টিভঙ্গি আছে। আর্থিক অসচ্ছলতার মধ্যেও আমরা চেষ্টা করছি।

পরিশেষে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে, আমাদের বাজেটকে সমর্থন করে - আশা করি সবাই সমর্থন করবেন - আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ছাঁটাই প্রস্তাব যেগুলো এসেছে, আমি গভীর মনোযোগ সহকারে দেখেছি - এইগুলো সংসদীয় রাজনীতির বাজেট বিতর্কের যে রীতি-পদ্ধতি সেই মানতে গিয়ে যান্ত্রিক ভাবে কিছু উপস্থিত করতে হবে এবং অর্থাৎ বিরোধী আসনে বসে কিছু বিরোধিতা করতেই হবে - এই ৩০টি ছাঁটাই প্রস্তাব সেই রকম ভাবেই উত্থাপিত হয়েছে। গুরুত্ব এবং তাৎপর্যের দিক থেকে এইগুলোর মধ্যে কোন আন্তরিকতার ছাপ বা উল্লেখ করার মত কিছু নেই, সেইজন্য এই সব ছাঁটাই প্রস্তাবগুলোর বিরোধিতা করছি, গ্রহণ করছি না। সাধারণতঃ সংসদীয় ভাবে কোন প্রস্তাব গ্রহণ করার ক্ষেত্রে দেখা যায় পক্ষ-অপক্ষের ব্যাপার থাকে, এখানেও সেইভাবে এসেছে বিতর্কের ব্যাপার।

আমার বক্তব্য শুরু করার মুহূর্তে এমন একটি বিষয় উল্লেখ করে শুরু করতে চাই, যা সকলেই সমর্থন করবেন। সেটা হচ্ছে - আমাদের দীর্ঘদিনের প্রচেষ্টা রাজ্য সরকারের যে, আমাদের পার্শ্ববর্তী দেশ বাংলাদেশের সঙ্গে আমাদের সম্পর্ক আরও উন্নত করা, যোগাযোগ ব্যবস্থা - বিশেষ করে সড়ক পথে বাস চলাচলের ব্যবস্থা করা। দীর্ঘ অপেক্ষার পর কলকাতা-ঢাকা বাস চালু হয়েছে এবং বিভিন্ন সময়ে এই বিধানসভায় এই প্রসঙ্গ উত্থাপিত হয়েছে। মাননীয় সদস্যরা অনেকেই দলমত নির্বিশেষে বাসে করে একবার ঢাকা যাওয়ার ইচ্ছা প্রকাশ করেছেন। আমি এই ইচ্ছাকে স্বাগত জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি। চিফ্ হুইপ মাননীয় রবীন মন্ডল মহাশয়কে আমি অনুরোধ করব, বিভি:ন্দলের নেতাদের সঙ্গে কথা বলে দিন ঠিক করুন এবং অনধিক ৫০ জন বিভিন্ন দলের থেকে নেওয়ার চেষ্টা করুন এবং চার-পাঁচদিন আগে আমাদের দপ্তরকে জানাবেন। আর একটি অনুরোধ আমি করব - যেহেতু সব ব্যাপারেই রিজার্ভেশনের ব্যাপার থেকে থাকে, এখানেও তেমনি - আমাদের মাননীয়া সদস্যা যারা আছেন, আমাদের বোনেরা, তারা বেশী নয় যদিও - তাদের সবাইকেও যাতে ঐ প্রতিনিধি দলে অন্তর্ভুক্ত করা যায় তার ব্যবস্থা করতে। সেজন্য আমরা আশা করব এই প্রস্তাবকে আপনারা স্বাগত জানাবেন

এবং আমাদের মাননীয় চীফ হুইপকে, সেশন চলাকালে যদি সম্ভব হয় ভাল, না হলে শেষ হওয়ার সঙ্গে সঙ্গে - কারণ আবার নির্বাচন এসে যাচ্ছে, সকলেই নিজের নিজের পরিধিতে, নিজের গতিবিধির মধ্যে ব্যস্ত হয়ে পড়বেন—তাগাদা দিয়ে দ্রুত ব্যবস্থা করে নিতে হবে, না হলে আমাকে অন্তত কথার খেলাপের দায়ে পরবর্তী সেশনের আগে আমাকে অভিযুক্ত করতে পারবেন না। কারণ আবার নির্বাচন এসে গেছে। সেজন্য অনুরোধ করব চীফ হুইপের সঙ্গে কথা বলে ব্যবস্থা করে নিন। এখন আমি ব্যয়-বরাদ্দের দাবি উপস্থাপিত করছি। আমাদের রাষ্ট্রমন্ত্রী মাননীয় সুশান্ত ঘোষ বলেছেন আমাদের পক্ষের বক্তারা খুব অল্প সময়ের মধ্যে খুব সুবিন্যস্তভাবে আমাদের পক্ষে বক্তব্যগুলিকে দাঁড় করাবার চেষ্টা করেছেন। পক্ষাপক্ষি কথাগুলি বাদ দিয়েই বলছি সমস্যা আমাদের বাড়ছে। আমরা ভীষণ উপকৃত হতাম যদি বিরোধী দলের সদস্যরা বিষয়টার গভীরে যেতেন, যাওয়ার চেষ্টা করতেন এবং বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গিতে আমাদের যে ত্রুটিগুলি আছে বলে আমরা জানি, যেগুলির সন্ধানে আমরা আছি প্রশাসনিক দিক থেকে যেগুলির সংশোধন করার চেষ্টা আমরা করছি, সেগুলি যদি তুলে ধরতেন তাহলে আমরা উপকৃত হতাম। সেটার জন্য মনঃসংযোগ প্রয়োজন এবং এই মনঃসংযোগ করতে গেলে যে সময়ের প্রয়োজন, আমার মনে হয় বিরোধীদলের সদস্যের তার অভাব রয়েছে। একটা প্রচলিত কথা আপনি দেখবেন গত ২২ বছর ধরে, পরিবহণ বিভাগের বাজেট বিতর্কের অংশগ্রহণ করেছেন, কমবেশী একই কথা একই ছক। শুধু সময়ের পরিবর্তন হয়েছে, পরিবর্তন ঘটেছে কিছু পরিসংখ্যানের। একই দুর্নীতির কথা যা বলা হয়, তার বাইরে একটা ব্যাখ্যা, একটা বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গি একটা গভীরতার ছাপ নেই। আমি আশা করব সত্যিকারের ত্রুটিগুলি তুলে ধরে আলোচনা করা যা আমাদের সংশোধন করতে সাহায্য করবে। আমরা নিশ্চয় এ কথা বলব না যে আমরা সার্থকতার চূড়ান্ত শীর্ষে পৌঁছে গেছি। পরিবহণ বলতে বিষয়টাকে যেভাবে রাখা হয়েছে, যাত্রী পরিবহণ। এই যাত্রী পরিবহণের বিষয়টা ভীষণ স্পর্শকাতর, ভীষণ সংবেদনশীল এবং ভীষণ প্রত্যক্ষ। কিন্তু পণ্য পরিবহণ অন্যান্য আনুষঙ্গিক যে ব্যবস্থা, পরিকাঠামোগত যে দিক, সময়ের অন্তরের সঙ্গে ব্যবস্থাবলী পরিবর্তনের সঙ্গে যে ভারসাম্য প্রাকৃতিক অবস্থা থেকে শুরু করে আমাদের পরিবেশ রক্ষার রক্ষণাবেক্ষণের ব্যবস্থা ইত্যাদি ক্রমশ কঠিন এবং জটিল হয়ে উঠেছে। এই বিষয়গুলি সেভাবে আলোচনার মধ্যে আসেনি। সময়ের গতির সঙ্গে সঙ্গে নিশ্চয় বিশ্ব ব্যবস্থার সঙ্গে সঙ্গতি রেখে মানুষের যে চাহিদা সেই চাহিদা আমরা পূরণ করতে পারছি না। শুধু আমরা কেন কেউই পারে না। তা সত্ত্বেও প্রযুক্তি এবং বিজ্ঞানের বিস্ময়কর সাফল্য মানুষের মনে গভীর প্রত্যাশাকে এমনভাবে বাড়িয়ে দিয়েছে যে, একটা রাজ্য সরকার হোক একটি পৌরসভা হোক একটা পঞ্চায়েত হোক, এমন কি বিশ্বের সবচেয়ে শক্তিশালী যাকে মনে করেন মার্কিন সরকার হোক, তাদেরও দেবার ক্ষমতা অপরিসীম নয়। আনলিমিটেড নয়। তার ফলে একটা ফারাক, একটা গ্যাপ থেকেই যাচ্ছে। আজকের যুগে মানুষ যা চায়, সভ্য মানুষের যে চাহিদা, তার সঙ্গে দেবার যে ক্ষমতা, এর মধ্যে একটা ফারাক থেকে যাচ্ছে। এটা থাকার ফলে একটা অসম্ভব ভারসাম্যহীনতা ঘটছে, দোদুল্যমানতা ঘটছে। তাই মস্কো, লেনিনগ্রাদ থেকে

তাকাতে শুরু করুন, বিশ্বমানচিত্রের উপরের দিকে তাকান, সাত মহাদেশ, সাত মহাসমুদ্র পার হয়ে যান, লস এঞ্জেলস, কালিফোর্নিয়া দেখবেন সারা পৃথিবীতে উন্মত্ত দাপাদাপি আফ্রিকার গহণ অরণ্য বলুন, কালাহারি বা সাহারা মরুভূমি বলুন হয় হিংসাশ্রয়ী রাষ্ট্রীয় সন্ত্রাস হচ্ছে নয় সংঘর্ষ হচ্ছে রাজনৈতিক প্রতিপক্ষ নিয়ে।

[3.40—3.50 p.m.]

নয় কোথাও রাজনৈতিক পট পরিবর্তন হচ্ছে। নয় কোথাও বর্ণ সংঘর্ষ এবং দাঙ্গা হচ্ছে। প্রতিদিন ঘটছে। ভারতবর্ষেও তার আঘাত এসে পড়ছে। পার্শ্বচাপ সারা সীমান্ত জুড়ে। কাশ্মীর আক্রান্ত। পাঞ্জাব ক্ষত বিক্ষত, আহত, রক্তাক্ত, ছিন্ন-ভিন্ন। অসম চঞ্চল উদ্বেলিত। আর্যাবর্ত, দাক্ষিণাত্য যে কোন সময় ধর্ম, বর্ণ নিয়ে দীর্ণ-বিদীর্ণ আপনারা করে দিয়েছেন। এই রকম একটা পটভূমিকায় দাঁড়িয়ে আমরা পশ্চিমবাংলায় অনেক শান্তি এবং সুস্থিরতার ভারসাম্য রক্ষা করতে সক্ষম হয়েছি। এবং এর ফলে মানুষের সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক ভারসাম্য এবং নিরাপত্তা ও স্থায়িত্ব অনেক বেশী এবং ঠিকই অনেকগুলো জিনিস এর মধ্যে আছে যা আমাদের সুনির্দিষ্ট ভাবে এই মুহূর্তে করণীয়র মধ্যে আছে। আমবা আমাদের বক্তব্যের মধ্যে দীর্ঘদিনের কতগুলো কর্মসূচীর আলোচনা করেছি। আবার সাময়িক কিছু বিষয়ে হস্তক্ষেপ করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছি। আমরা দাবী করি না, আমরা সব সমস্যার সমাধান করেছি, করতে পেরেছি, করতে পারব। আমরা জানি অনন্ত চাহিদার মুখে দাঁড়িয়ে, অনন্ত প্রয়োজনের মুখে দাঁড়িয়ে আমাদের এই কাজগুলো করতে হচ্ছে। এবং ঠিকই আমাদের অনেক আত্ম-সমালোচনা আছে, অনেক অসুবিধা আছে। তা সত্ত্বেও আমরা মানুষের কথা ধৈর্য ধরে শুনি, ধৈর্য ধরে চলি এবং আমরা সমস্ত রকম নিষ্ঠা, একাগ্রতা নিয়ে করবার চেষ্টা করছি। আমাদের কিছু কিছু সমস্যা আছে আর্থিক দিক থেকে, প্রয়োজনের দিক থেকে, আইন-কানুন, প্রশাসন, প্রয়োগের দিক থেকে। সবচেয়ে বড় সমস্যা হচ্ছে আমাদের আইন-কানুন যা আছে তাকে এনফোর্স করা। কিন্তু সামাজিক পরিকাঠামো, সামাজিক মনস্কতা ভাবনা-চিন্তা — সব ব্যাপারেই দেখবেন সংঘাত আছে। ধরুন, ছোট্ট একটা ব্যাপার বলছি—আলোচনা করেছেন আমাদের মাননীয় অশোক দেব মহাশয়। বলেছেন যে, পেট্রোল বা ডিজেলের দাম কমার সঙ্গে সঙ্গে ভাড়া কমছে না কেন? ঠিকই প্রশ্নটা। অঙ্কের হিসাব যদি বিচার-বিবেচনায় নেন, একটাকা যদি পার লিটারে ডিজেলের দাম কমে থাকে তাহলে তো দাম একটু কমবেই। ব্যাপারটা আমাদের নজরের বাইরে নয়। কিন্তু নজর করতে গিয়ে দেখলাম ৩ পয়সার এফেক্ট হয় একজন যাত্রীর পেছনে। অঙ্কের বাস্তবতা যদি মেনে নেন, একটা বাসে যদি ১৮০০ যাত্রী চড়ে তাহলে তিন পয়সার এফেক্ট পড়ে। তিন পয়সার এফেক্ট নিয়ে, যদি তিন পয়সা কমাতে যাই অমনি তিন দিনের একটা নোটিশ হবে স্ট্রাইকের, অমনি একটা গোলমাল হবে। সামাজিক মনস্কতা, যে ভাবে সমাজে মনস্কতা আছে তাতে যে কোন জিনিস, যে কোন মুহূর্তে, এক্ষুনি, তাৎক্ষণিক প্রয়োজন, গুরুত্ব মনে হলেও তা প্রয়োগ করা কঠিন হচ্ছে।

পথ নিরাপত্তা। ঠিকই, আমাদের দুঃখ হয়, সংকোচ হয় বলতে যে পথ-নিরাপত্তার ব্যাপারটা - আমরা শিক্ষা-সংস্কৃতি, ইত্যাদি নানা দিক থেকে আমাদের জাতি হিসাবে, এই রাজ্যের মানুষ হিসাবে, অগ্রগামী মনে করি নিজেদের। তা সত্ত্বেও পথ-নিরাপত্তার প্রশ্নে সবচেয়ে বেশী পথ-দুর্ঘটনায় মৃত্যু হয় আমাদের রাজ্যে। এর থেকে দুঃখের কথা আমাদের কাছে কিছু নেই। এমন সব দুর্ঘটনা ঘটছে—আমি কয়েকদিন আগে সুকান্ত সেতুর ওখানে গিয়ে দেখছিলাম। তার পর দু'জন ড্রাইভারের সঙ্গে কথা বলছিলাম যে, তোমাকে যদি বলা হয় গাড়ীটা নিয়ে তুমি পার হয়ে ঐভাবে লাফিয়ে পড়তে পারবে? বলল, আমি হাজার বার চেষ্টা করলেও পারব না। অথচ দুর্ঘটনা ঘটছে। তেমনি মুর্শিদাবাদের বহরমপুর শহর পার হতে গিয়ে গঙ্গায় গিয়ে পুরো বাসটা সবশুদ্ধ ঢুকলো। এটা কল্পনা করা যায় না। ড্রাইভাররা নিজেরাই বিশ্বাস করেনা যে কি করে গেল। তা সত্ত্বেও দুর্ঘটনা ঘটছে। এছাড়া পরশু দিন ময়দানে একটা দুর্ঘটনা ঘটলো, কল্পনা করা যায় না। ট্রাম। ট্রাম তো ট্রামের নির্দিষ্ট জায়গা দিয়েই যাচ্ছিল, ড্রাইভা। দেখবে না? ডান দিকে না বাঁ-দিকে গেটটা আছে? যে জানে না? চার-চারটে তরুণ তাজাপ্রাণ এইভাবে শেষ হয়ে গেল। একটা অন্যমনস্কতা, বেপরোয়া মনোভাব, আইন না মানার একটা প্রবণতা, পথ চলতে গিয়ে যে কোন ভাবে রাস্তা পার হবার ব্যাপার, এইগুলো আমাদের ভীষণ ভাবে দুর্ঘটনা বাড়িয়ে দিচ্ছে। এই ব্যাপারে সমস্ত মানুষের আমাদের সাহায্য প্রয়োজন আছে। আমাদের উদ্যোগ আমরা নিচ্ছি। প্রশাসনের পক্ষ থেকে, পুলিশের পক্ষ থেকে নিরবিচ্ছিন্ন ভাবে চেষ্টা হচ্ছে। কিন্তু আমি মনে করছি এই চেষ্টা যথেষ্ট নয়, আরো ব্যাপক ভাবে সমাজের নানা আঙ্গিনাতে এই প্রচেষ্টাকে অব্যাহত গতিতে এগোতে হবে।

না হলে বহু অকাল মৃত্যু ঘটছে, যার হাত থেকে বহু মৃত্যুকে রক্ষা করতে পারি, বহু জীবনকে রক্ষা করতে পারি, এরকম বহু সাধারণ ব্যাপার আছে যেগুলো নাকি আমরা পেরে উঠছি না। এনফোর্স করতে পারছি না। পরিবেশগত কারণে আপনারা লক্ষ্য করে দেখেছেন আমরা একটা আলোচনা করেছি। পরিবেশ মন্ত্রী আছেন, কিছুক্ষণ পরে তাঁর বাজেট উপস্থাপিত হবে। গাড়ী সম্পর্কে আমাদের রাজ্যসরকারের হিসাব কি? হয় ৮ বছরের পুরোনো গাড়ী ৮ বছরের বেশী চলবে না, নয় ৪ লক্ষ কিলোমিটার পথ অতিক্রম করেছে এমন গাড়ীকে অকেজো বা কনডেম্ বলে ডিক্লেয়ার করা হবে। এখন ১৫ বছর এবং আরও ২ বছর এই ১৭ বছর বলা হয়েছে। তাতেই আমাদের সঙ্গে কোন পরামর্শ না করে ধর্মঘটের নোটিশ হয়ে গেল। এনফোর্সমেন্ট, আইনের সিদ্ধান্তের এটা একটা প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে। যদি বলেন কমপ্রোমাইজ করলেন কেন? না, সব ব্যাপারে, সব ক্ষেত্রে কমপ্রোমাইজ না করেও থাকা যায় না। আবার আমরা সব ব্যাপারে কমপ্রোমাইজ করিও না। এটা আমরা একটু সইয়ে নিই এই কারণে যে, আমাদেরও কতগুলো পাশাপাশি পরিপূরক ব্যবস্থা গ্রহণের প্রয়োজন আছে। আমাদের দিক থেকেও কত গুলো ঘাটতি আছে। সেই ঘাটতি গুলোকে মিটিয়ে নিয়ে আমরা নিশ্চয়ই পরিবেশের প্রাধান্য না দিয়ে পারব না। কারণ কলকাতা শহরে গত ২০ বছরে অগণিত গাড়ী বেড়েছে। শহর এবং শহরতলী মিলিয়ে প্রায় ১২ লক্ষ গাড়ী চলছে। ১৯৮০ সালে যেটা চলত ৮০

হাজার সেই জায়গায় ১২ লক্ষ গাড়ী এখন চলছে। কিন্তু রাস্তাতো এক ইঞ্চিও বাড়েনি। শুধু কয়েকটা ছোট-খাট রাস্তা হয়েছে, ই. এম. বাইপাস তৈরী হয়েছে, ২-১টি রাস্তা চওড়া হয়েছে। একদিকে আমাদের পথের সংস্কার, কিছু রূপান্তর, কিছু ফ্লাই-ওভার এগুলো যেমন আমরা হাত দিয়েছি তেমনি আরও নতুন করে, আরও বিন্যাস, বিস্তৃতি ঘটানো যায়, পথঘাটের সংস্কার করা যায় যেগুলো আমাদের বিভাগ থেকে এবং পরিকল্পনা বিভাগের সঙ্গে যুক্ত হয়ে, কোথাও সড়ক বিভাগের সঙ্গে যুক্ত হয়ে করার জন্য এগুলো চিন্তা-ভাবনার মধ্যে আছে। আমার বিশ্বাস এসব কাজগুলোতে সাহায্য, সহযোগিতা করলে পরিবহণের সার্থকতা আসবে। পরিবহণে বলতে নিশ্চয়ই যাত্রী পরিবহণের গুরুত্ব আছে। রাজ্যসরকারের ভূমিকা কলকাতাকে ঘিরে খুব কম। কলকাতা মানে হচ্ছে পশ্চিমবঙ্গের একটা বড় শহর। একটা শহর কেন্দ্রিক একটা রাজ্যে এই সমস্ত পথঘাট কলকাতাকে ঘিরে রয়েছে। স্বাভাবিক ভাবে জটিলতা বেশী, অন্য যে কোন রাজ্য থেকে সমস্যা বেশী। আর রেল এই পরিবহণের সিংহ ভাগ বহন করে। শিয়ালদহ ও হাওড়া স্টেশনের সঙ্গে সমন্বয় এবং সঙ্গতি না রেখে আমরা কোন কাজ করতে পারি না। আমরা তো সরকারী ব্যবস্থায় মাত্র ১.৫ ভাগ যাত্রীকে পরিবহণ করে থাকি এবং পণ্য পরিবহণের ক্ষেত্রে রাজ্য সরকারের ভূমিকা ব্যবস্থাপক হিসেবে, আইনের রক্ষক হিসেবে। অন্য কোন ভাবে নেই। আমরা সেগুলো ভাববার চেষ্টা করছি পরিকাঠামোগত দিক থেকে ট্রাক, টার্মিনাল, পথের সংস্কার ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যবস্থা, যাত্রীদের পরিষেবাগত দিক, রাস্তা পারাপারের দিক, ফ্লাই-ওভার ইত্যাদি সব মিলিয়ে। এবং গঙ্গা — এতবড় সুন্দর, সম্পদশালী গঙ্গা-এর ব্যবহার ঠিকমত এখনও আমরা করে উঠতে পারি নি। কিছু জটিলতা আছে, কিছু সমস্যা আছে। তা সত্ত্বেও গঙ্গাকে ব্যবহার করার কথা আছে। যদিও হলদিয়ার কথা উল্লেখ করেছেন। অদূর ভবিষ্যতে হলদিয়ার সঙ্গে আরও প্রত্যক্ষ ও দ্রুত যোগাযোগ ব্যবস্থা আমরা গড়ে তোলার চেষ্টা করছি, গাড়ী পারাপার থেকে শুরু করে, দ্রুত যানকে অল্প ব্যয়ে যাতে ব্যবহার করা যায় তার জন্য চেষ্টা করছি। এখন একটা আছে প্রাইভেট, জয়েন্ট ভেন্চারে, কিন্তু সেটা অনেক ভাড়া বেশী, সাধারণের পক্ষে সেটা সম্ভব হচ্ছে না। সবটা মিলিয়ে অনেকগুলো সাজেশান এখানে এসেছে, বিভিন্ন মাননীয় সদস্যরা বলেছেন। আমরা তাকে আন্তরিকভাবে স্বাগত জানাই। এই কথা বলে যে ছাঁটাই প্রস্তাব এসেছে তাকে আমি গ্রহণ করছি না, সেই ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি এবং মূল ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করছি।

**Demand No. 12**

The motion of Shri Nirmal Ghosh that the amount of the Demand be reduced by Re. 1/- was then put and lost.

The motions of Shri Ashok Kumar Deb, Shri Abdul Mannan, Shri Shyamadas Banerjee and Shri Kamal Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 8,35,00,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : 2041-Taxes on Vehicles" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 2,75,55,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

[3.50—4.00 p.m.]

**Demand No. 77**

There is no cut motion to demand No. 77.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 2,34,69,000 be granted for expenditure under Demand No. 77. Major Head: "3051-Ports and Lighthouses" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 77,45,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

**Demand No. 78**

There is no cut motion to Demand No. 78.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 1,26,63,000 be granted for expenditure under Demand No. 78, Major Head: "3053-Civil Aviation" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 41.79,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

**Demand No. 80**

The motions of Shri Saugata Roy, Shri Sankar Singh, Shri Nirmal Ghosh, Shri Tapas Roy, Shri Ashok Kumar Deb, Shri Tarak Bandopadhyay. Shri Sanjay Bakshi, Shri Sudhir Bhattacharjee and Shri Kamal Mukherjee that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 228,86,03,000 be granted for expenditure during the year 1999-2000 under Demand No. 80, Major Heads: "3055-Road Transport, 3056-Inland Water Transport, 5055-Capital Outlay on Road Transport, 5056-Capital Outlay on Inland Water Transport and 7055- Loans for Road Transport".

(This is inclusive of a total sum of Rs. 75,52,39,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

**Demand No. 81**

There is no cut motion to Demand No. 81.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 6,50,00,000 be granted for expenditure under Demand No. 81, Major Head: "7075 - Loans for Other Transport Services" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 2,14,50,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

**Discussion and Voting on Demand for Grants**

**Demand No. 51**

**Mr. Dy. Speaker :** There are eighteen cut motions to Demand No. 51 by Shri Abdul Mannan (No.1-3).

Shri Saugata Roy (No.4 & 5), Shri Nirmal Ghosh (No. 6), Shri Ashok Kumar Deb (No. 7), Shri Sultan Ahmed (No. 8), Shri Ram Janam Manjhi (No.9 & 10), Shri Sankar Singh (No.11 & 12), Shri Tarak Bandyopadhyay (No. 13), Shri Pankaj Banerjee (No. 14), Shri Kamal Mukherjee (15 - 18). All the cut motions are in order. The members may move their motions.

| | |
|---|---|
| 1. Shri Abdul Mannan<br>2. Shri Saugata Roy<br>3. Shri Nirmal Ghosh<br>4. Shri Ashok Kumar Deb<br>5. Shri Sultan Ahmed<br>6. Shri Ram Janam Manjhi<br>7. Shri Sankar Singh<br>8. Shri Tarak Bandyopadhyay<br>10. Shri Pankaj Banerjee<br>11. Shri Kamal Mukherjee | Sir, We beg to move that the amount of the demand be reduced by Rs. 100/- |

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মৎস্যমন্ত্রী কিরণময় নন্দ মহাশয় ১৯৯৯-২০০০ সালের জন্য ৮৩ কোটি ৯২ লক্ষ ৯৯ হাজার টাকার যে ব্যয়-বরাদ্দের দাবী উৎথাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে আমি তাকে সমর্থন করছি। মা-নীয় উপাধ্যক্ষ মহাশয়, সরল এবং প্রাসঙ্গিক কথা বলে আমি আমার বক্তব্য শুরু করবো। কিরণময় নন্দবাবু এখনো মৎস্য দপ্তরের দায়িত্ব পালন করে আসছেন দেখে আমি বিস্মিত হচ্ছি। কারণ, এই বাংলার মাটিতে জ্যোতিবাবুর বিরোধিতা করে মন্ত্রিত্ব খুয়িয়েছিলেন প্রয়াত যতীন চক্রবর্ত্তী মহাশয় এবং তিনি দল থেকেও বিতাড়িত হয়েছিলেন। আবার জ্যোতিবাবুর বিরোধিতা করে শ্রী কমল কান্তি গুহ মহাশয়কে মন্ত্রিত্ব খোয়াতে হয়েছিল এবং তাকেও দল থেকে বিতাড়িত হতে হয়েছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাম্প্রতিককালে সোনিয়া গান্ধীকে প্রধানমন্ত্রীর পদে বসাতে জ্যোতিবাবু যখন ব্যস্ত তখন এই কিরণময় নন্দবাবু তার বিরোধিতা করেছিলেন। তাই এখনো তিনি কি করে মন্ত্রিত্বে বহাল আছেন তা খুবই বিস্ময়ের ব্যাপার। আমরা দেখছি, এখনো কিরণময়বাবু মৎস্য দপ্তরের দায়িত্ব বহন করে চলেছেন। তিনি এখন খুব ব্যস্ত-ত্রাস্ত, দিল্লী যাবার জন্য ছট-ফট করছেন। তাই তিনি তাড়াতাড়ি বাজেট পাশ করিয়ে নিতে চান। মাননীয় মৎস্যমন্ত্রী প্রতি বছরই আমাদের সামনে বাজেট রেখে খুবই সোচ্চার এবং দৃঢ়তার সাথে প্রশংসার দাবী করেন, দিল্লী থেকে জাতীয় স্তরে পুরস্কার তিনি নিয়ে আসেন অর্থাৎ তিনি মাছের ক্ষেত্রে পুরস্কৃত হন। এবারে অবশ্য তিনি জোরের সাথে বলেন নি। মাছের উৎপাদনের ক্ষেত্রে তিনি পুরস্কৃত হলে যেমন খুশী হন, তেমনি রাজ্যবাসী হবেন, আমরাও হবো। কিন্তু তিনি যে কথাটা প্রতি বছরই বারংবার বলার চেষ্টা করেন, পশ্চিমবাংলা মাছের উৎপাদনে এখনো তার ঘাটতি রয়েছে এবং তিনি আশাবাদী নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই রাজ্যে যত মাছের চাহিদা - তিনি হিসাব করে দিয়েছেন - ১১ লক্ষ মেট্রিক টন যে মাছের দরকার তার কাছা-কাছি তিনি পৌঁছে গেছেন এবং মাছের চাহিদা পরিপূরণ করতে তিনি সমর্থ হবেন। কিন্তু স্যার, আমাদের দৈনন্দিন অভিজ্ঞতায় কি বলে? গত বছর ১৯৯৮-৯৯ সালে তিনি যে বাজেট উপস্থিত করেছিলেন তাতে উনি বলেছিলেন এই রাজ্যে ৯ লক্ষ মেট্রিক টন মাছ উৎপন্ন হচ্ছে আর আমাদের ১১ লক্ষ মেট্রিক টন মাছের দরকার। কিন্তু এবারেও তিনি একই কথা বলেছেন, কাছা-কাছি এসেছি। আমি জানি না কবে

তিনি সেই জায়গায় পৌছাতে পারবেন। কারণ আজকে ওনার দপ্তরের একটা প্রশ্ন ছিল। আমাদের জনৈক সদস্য সেই প্রশ্নটা করেছিলেন, কিন্তু সেই সদস্যের অনুপস্থিতির ফলে প্রশ্নটা হাউসে আলোচিত হয়নি। কিন্তু তার উত্তরটা টেবিলে যেটা লে্ করেছিলেন তাতে উনি বলেছেন, ১৯৯৬-৯৭ সালে মৎস্য পরিকল্পনার জন্য তিনি লক্ষ্য হিসাবে ধরে ৩ হাজার ৬৮৩.৩৫ লক্ষ টাকা ব্যয় করেছিলেন। কিন্তু তিনি মাছের উৎপাদন বাড়াতে পারেন নি। এবারেও অর্থাৎ গত বছর ১৯৯৭-৯৮ সালে মাছের উৎপাদন প্রকল্পের জন্য তি্নি ব্যয় করেছেন ১৯৯৬-৯৭ সালের চেয়ে অনেক কম অর্থাৎ ২৪৪৯.১৩ লক্ষ টাকা। ১৯৯৭-৯৮ সালে মাছ উৎপাদনের ক্ষেত্রে তার টাকার পরিমান কমে গেল। এখন তিনি বলছেন লাভের জন্য করছেন না, সামাজিক কারণে জনগণের স্বার্থে এই প্রকল্প হাতে নেওয়া হয়েছে। সুতরাং এখন লাভ-লোকসানের প্রশ্ন নয় - এটা তিনি স্বীকার করে নিচ্ছেন।

[4.00–4.10 p.m.]

কিন্তু আমাদের অভিজ্ঞতা একথা বলছে যে, আমাদের রাজ্যের বিভিন্ন জায়গায় মৎস্য দপ্তর নিজের চেষ্টায় যে মৎস্য উৎপাদনের ব্যবস্থা করেছে তাতে এমন কোন জায়গা নেই যেখানে এই দপ্তর মাছ উৎপাদনে পরিপূর্ণভাবে সফল হয়েছে, লাভ হয়েছে। সেখানে লোকসান ক্রমশঃই বাড়ছে। সেখানে উৎপাদনের উৎসগুলি ক্রমশঃই নষ্ট হয়ে যাচ্ছে। কেন নষ্ট হচ্ছে আশা করি জবাবী ভাষণে সেটা মন্ত্রীমহাশয় বলবেন। মৎস্যমন্ত্রী মহাশয় প্রতি বছর দিল্লী থেকে তার দপ্তরের হয়ে পুরস্কার নিয়ে আসেন কিন্তু এ ক্ষেত্রে তার দপ্তরের এবং সরকারের অবদান খুব নেগলিজেবল, সামান্য। সেখানে চারা পোনা যা সারা ভারতবর্ষে এখান থেকে রপ্তানী করা হয় সেই চারাপোনার যেটা সবচেয়ে বড় উৎপাদন ক্ষেত্র বাঁকুড়া জেলার রাণী বাঁধ প্রভৃতি এলাকা সেখানে যারা এটা উৎপাদন করে তারা আজ নানান সমস্যার সম্মুখীন। তাদের জন্য পরিবহণের সুব্যবস্থা করে দিতে মাননীয় মন্ত্রীমহাশয় ব্যর্থ হয়েছেন। যদি পরিবহণের সুব্যবস্থা থাকতো তাহলে তারা আরও বেশী উৎপাদন করতে উৎসাহী হত। দিল্লী থেকে তিনি পুরস্কার নিয়ে আসছেন, জাতীয় স্তরে এক নং স্থান দখল করার সুযোগ পাচ্ছেন কিন্তু যাদের জন্য তিনি এই কৃতিত্ব পাচ্ছেন তাদের সুব্যবস্থা করে দিতে তিনি ব্যর্থ হয়েছেন। তার দায় স্বীকার করে সেই সব মৎস্যচাষীদের জন্য সুব্যবস্থা করে দিতে পারবেন কিনা আশা করি মন্ত্রীমহাশয় তা বলবেন। তারপর মাননীয় মন্ত্রীমহাশয় অনেকগুলি পরিকল্পনা নিয়েছেন। মীন দ্বীপের কাজ অনেক আগেই শুরু হয়েছে। বিশ্বব্যাঙ্কের টাকায় সেই পরিকল্পনা। কিন্তু তার অবস্থাটা কি? তিনি তার বাজেট বক্তৃতায় বলেছেন, সেখানে সমবায় প্রতিষ্ঠানের মাধ্যমে মাছের উৎপাদন করতে চান কিন্তু সেই উৎপাদন আজ পর্য্যন্ত হতে পারে নি তার কারণ তার পরিকল্পনার ব্যর্থতা এবং আন্তরিকতার অভাব। মাছ উৎপাদনের দুটি ক্ষেত্রে-ইনল্যান্ড ফিশারিস এবং মেরিন ফিশারিস। মেরিন ফিশারিসের ক্ষেত্রে অবস্থাটা কি? মেরিন এ্যাক্ট অনেক আগে আমাদের এই বিধানসভায় পাশ হয়েছে, কিন্তু তিনি তা চালু করতে ব্যর্থ হয়েছেন। মেকানাইজড বোর্ড, তার রেজিষ্ট্রেশানের কোন ব্যাপার দেখছি না।

তারপর ইনল্যান্ড ফিশারিসের আইনের ক্ষেত্রে সাবজেক্ট কমিটি তাদের রিপোর্টে বলেছেন যে ইনল্যান্ড ফিশারিস আইনটি হিমঘরে চলে গিয়েছে এবং যথেচ্ছভাবে জলাশয়, পুকুর ইত্যাদি বোজানো হচ্ছে। সাবজেক্ট কমিটি ক্ষোভের সঙ্গে এই রিপোর্ট দিতে বাধ্য হয়েছেন। আজকে মৎস্যমন্ত্রী যাই বলুন না কেন, শুধু কলকাতা নয়, জেলা শহর এবং মহকুমা শহর ও প্রত্যন্ত গ্রামগুলিরও অন্ধ্রপ্রদেশ, মধ্যপ্রদেশের বিলাসপুরের মাছ ছাড়া চলে না তার কারণ স্থানীয় মাছ যথেষ্ট পরিমাণে পাওয়া যায় না। সেখানে যেটুকু ইনল্যান্ড ফিশারিস পাওয়া যায় তার দাম আকাশ ছোঁয়া। মন্ত্রীমহাশয় যতই বলুন না কেন কোস্টাল বেল্টে চিংড়ির উৎপাদন শুরু হয়েছে কিন্তু তাকে আমি বলব, ধীরে ধীরে সেগুলি বন্ধ হয়ে যাচ্ছে। চিংড়ি মাছ আজকে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত। কল্যানীতে রিসার্চ সেন্টার হয়েছে, ক্যাপটেন ভেড়িতে ডায়গোনেষ্টিক সেন্টার হয়েছে কিন্তু তার মাধ্যমে এ ক্ষেত্রে তিনি যথাযথ কাজ করতে পারছেন না। প্রথম দিকে তার এগোবার গতি ছিল আজকে তার সেই গতি স্তিমিত হয়ে গিয়েছে। আমি তার বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মৎস মন্ত্রী কিরণময় নন্দ, ১৯৯৯-২০০০ সালের ৫১ নম্বর ব্যয়-বরাদ্দ অনুমোদনের বিষয়ে যে বাজেট বিধান সভায় রেখেছেন, আমি তার বিরোধিতা করে, আমাদের দলের পক্ষে আনীত কাট মোশানের সমর্থন করে কয়েকটি কথা এখানে বলছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে প্রথমে বলি যে, আপনি যে মাছ দিয়ে শুরু করেছেন, এখানে যে মাছ দিলেন, সেটা চালানী মাছ। অথচ ভারতবর্ষের মধ্যে মাছের ক্ষেত্রে আপনি প্রথম বলে দাবী করেছেন। আর যে মাছটা এখানে দিলেন সেটা চালানী মাছ, বাইরের মাছ। যাই হোক, আমাদের এখানে মাছ দুই রকম উপায়ে হয়। আমার সময় কম। কাজেই কয়েকটি কথা শুধু এই সম্পর্কে বলবো। ১৯৮২ সাল থেকে আপনি পশ্চিমবাংলার মৎস মন্ত্রী। পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের মৎস দপ্তরে কোটি কোটি টাকা নয়-ছয় হচ্ছে, এই সম্পর্কে পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে। সেই পত্র-পত্রিকায় প্রকাশিত খবর সম্পর্কে বলতে গেলে অনেক সময় দরকার। আজকে মাছ চাষের সব চেয়ে বড় অন্তরায় হচ্ছে কলকাতা শহরাঞ্চলের জলাশয়গুলিকে বুজিয়ে ফেলা হচ্ছে। প্রোমোটাররা এই ষড়যন্ত্রে লাভবান হওয়ার চেষ্টা করছে। আজকে পশ্চিমবঙ্গের কোন দপ্তরে কাজ হয় না, সেখানে আপনার দপ্তরেও কোন কাজ হবে না। এটা কোন একটা ব্যাপার নয়। আপনি আপনার বাজেটের বইতে বলেছেন যে, পশ্চিমবাংলায় জল সংরক্ষণ আইন হয়েছে। আপনার কাছে আমার প্রশ্ন যে, জলাশয় রক্ষা করার জন্য, সংরক্ষণের জন্য আপনি কতজন লোককে এ্যারেষ্ট করেছেন এবং তাদের বিরুদ্ধে কি আইনগত ব্যবস্থা নিয়েছেন? আপনি জবাবী ভাষণে এই প্রশ্নের উত্তর দেবেন। আপনি ১৯৯৬-৯৭, ৯৭-৯৮ সালের চিংড়ি মাছ সম্পর্কে দেখিয়েছেন। কিন্তু ১৯৯৮-৯৯ সালের কিছু দেখান নি। চিংড়ি মাছের যে রোগ সেটা আপনি জানেন। চিংড়ি মাছের সেই রোগ হলে মড়ক দেখা দেয়। চিংড়ি মাছের সেই মড়কের জন্য ১৯৯৮-৯৯ সালে ভারতবর্ষে চিংড়ি মাছের রপ্তানী এবং তা থেকে যে বৈদেশিক মুদ্রা পাওয়া, সেই রপ্তানী বন্ধ হতে চলেছে। চিংড়ি মাছের সেই রোগের জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন? আপনার কাছে আমার প্রশ্ন যে, বিশ্বব্যাঙ্কের সহায়তায়

কোটি কোটি টাকা ঋণ নিয়ে জাতীয় কয়টা মৎস্য চাষের প্রকল্পে হাত দিয়েছেন এবং আজ পর্যন্ত কয়টাতে উৎপাদন শুরু করেছেন? যে মাছ আমরা সচরাচর খাই সেটা বাইরের মাছ। আজকে উড়িষ্যা, অন্ধ্র প্রদেশ থেকে মাছ না আসতো তাহলে বাঙালীর মাছ খাওয়া হতনা। তাই, আজকে একথা বলছি, আপনি যে চালানী মাছ দিয়ে শুরু করেছেন, কিন্তু আজকে যে পরিস্থিতি, যে অবস্থা, সেই অবস্থার উন্নতি ঘটাতে গেলে আপনাকে বিশেষ ব্যবস্থা নিতে হবে এবং এই পুকুর, জলাশয়গুলির পরিবর্তন ঘটাতে হবে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে, আমাদের দলের পক্ষ থেকে আনীত কাট মোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.10–4.20 p.m.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বাজেট এখানে উত্থাপিত হয়েছে এবং সেই বাজেটে বিরোধী পক্ষের সদস্যরা যে বক্তব্য এখানে রেখেছেন, আমি তার বিরোধিতা করছি এবং যতগুলি কাট মোশান দেওয়া হয়েছে, সেই কাট মোশানের বিরোধিতা করছি। এখানে যে বক্তব্য রাখা হয়েছে, মাননীয় সদস্য শৈলজাবাবু যে এলাকা থেকে নির্বাচিত, আমিও সেই এলাকা থেকে নির্বাচিত। ওখানকার যে অবস্থা সেটা উনি ভাল করে জানেন। বিরোধী পক্ষের সদস্যরা বিরোধিতা করবেন, এটা স্বাভাবিক। কিন্তু বিধানসভায় উনি যে কথা বললেন যে, মৎস দপ্তরের সাফল্য কিছু নেই, কিন্তু একদিন মাননীয় সদস্য সত্যবাপুলী মহাশয় কংগ্রেসের পক্ষ থেকে বক্তৃতা করতে উঠে মৎস দপ্তরকে অভিনন্দিত করেছিলেন যে, এত ভাল কাজ হয়েছে। সৌগতবাবু একদিন বক্তৃতা করতে গিয়ে মৎস্য দপ্তরের সাফল্যর জন্য অভিনন্দন জানিয়েছিলেন। উনি কিন্তু বিরোধী দলের সদস্য। আজ থেকে দুই-তিন বছর আগের প্রসিডিংস খুলে দেখবেন, তাতে তিনি অভিনন্দন জানিয়েছিলেন। আমি এটাই বলতে চাই, এখানে পরিসংখ্যান দিয়ে, তথ্য দিয়ে কোনরকম ভুল বোঝানোর চেষ্টা করা হয়নি। আমাদের যে ঘাটতি রয়েছে সেটা আমরা অকপটে স্বীকার করে নিয়েছি, কিন্তু পরিসংখ্যান দিয়ে সেটা উদ্বৃত্ত দেখান হয়নি। ১৯৮২-৮৩ সাল থেকে আজ পর্যন্ত ১৭ বারের মত এই বিধানসভায় আমি মৎস্য বিভাগের বাজেট উপস্থাপিত করেছি এবং সেখানে একই বক্তব্য রেখেছি, আপনারা যা বলেছেন তার উত্তর দিয়েছি। ২ লক্ষ ৪০ হাজার টন ছিল ১৯৮২-৮৩ সাল পর্যন্ত রাজ্যে বার্ষিক মৎস্য উৎপাদন, আর আজকে উৎপাদন হচ্ছে ১০ লক্ষ টন। ২ লক্ষ ৪০ হাজার টন থেকে ১০ লক্ষ টন উৎপাদন, এটা যদি সাফল্যের মাপকাঠিতে প্রশংসনীয় না হয় তাহলে কিছু বলার নেই। আপনাদের সময় জলাশয় বেশী ছিল, এখন তার থেকে অনেক জলাশয় বন্ধ হয়ে গেছে এবং যাচ্ছে এটা আপনারাই বলেছেন। জলাশয় সংকুচিত হবার পরও মৎস্য উৎপাদনে ১০ লক্ষ টনে পৌঁছান, এটা যদি সাফল্য না হয় তাহলে কোন্‌টা সাফল্য সেটা আপনারাই বলতে পারবেন। বিভিন্ন সময় প্রশ্নোত্তরে বলেছি, পশ্চিমবঙ্গে এত মৎস্য উৎপাদন হওয়া সত্ত্বেও বাইরে থেকে মাছ আমদানি করতে হয় কেন। এর কারণ হচ্ছে চাহিদা। চাহি বশি থাকে এবং উৎপাদন ও যোগানের মধ্যে যদি পার্থক্য থাকে তাহলে অন্য রাজ্য থেকে মাছ আমদানিকে

আমি অন্যায় বলে মনে করি না। রাজ্যের চাহিদা যেখানে ১১ লক্ষ মেট্রিক টন, সেখানে মাছ আমদানি করা হয় ৯০ হাজার থেকে ১ লক্ষ মেট্রিক টন। বাকিটা এখানেই উৎপাদন করে আমরা ঘাটতিটা পূরণ করি। এটা তথ্য, এখানে ভুল তথ্যের কোন অবকাশ নেই। ওখান থেকে ৯০ হাজার থেকে ১ লক্ষ মেট্রিক টন মাছ আসে, কিন্তু পশ্চিমবঙ্গ থেকে ৮৩ হাজার মেট্রিক টন মাছ বাইরে চলে যায়। এই রাজ্য থেকে ঐ ৮৩ হাজার.মাছ যদি না যেতো তাহলে যে মাছ আসে সেখানে পার্থক্য থাকতো মাত্র ১৭ হাজার মেট্রিক টনের। কিন্তু আমাদের রাজ্যের মানুষ সামুদ্রিক মাছ বিশেষ পছন্দ করেন না। শৈলজাবাবু ভাল করেই জানেন, গোটা কাঁথি এলাকা এবং দক্ষিণ ২৪-পরগণায় যত সামুদ্রিক মাছ ধরা হয় সেটা শুকনো করার পর বাইরে চলে যায়। যে রাজ্য থেকে আমাদের রাজ্যে মাছ আসে, এই শুকনো মাছ সেই রাজ্যেও যায় এবং গোটা উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে চালান যায়। এছাড়া রাজ্য থেকে মাছ ইত্যাদি রপ্তানি করে ৫০০ কোটি টাকার মত বৈদেশিক মুদ্রা আয় হয়। কাজেই বৈদেশিক মুদ্রা অর্জনের স্বার্থে মাছ রপ্তানি বন্ধ করার কোন উপায় নেই। প্রশ্ন করেছেন যে, রাজ্যে মাছের উৎপাদন যা হচ্ছে সেখানে মৎস্য দপ্তরের সাফল্যটা কোথায়। আমাদের সাফল্যটা হচ্ছে, একসটেনশন ওয়ার্কে মৎস্য চাষীদের উৎসাহ দান, প্রশিক্ষিত করে তাদের মৎস্য চাষের প্রতি আগ্রহ সৃষ্টি করা, যার মাধ্যমে আজকে উৎপাদনটা বেড়েছে। উৎপাদন সবটাই সরকার নিজে করবে এই নীতিতে আমরা বিশ্বাস করি না। যার জন্য বর্তমানে ব্লকে ব্লকে এক্সটেনশন অফিসাররা রয়েছেন। তাদের কাজ হ'ল, মৎস্য চাষীদের প্রশিক্ষণ দেওয়া, মৎস্য চাষে উৎসাহিত করা এবং ব্যাঙ্ক ঋণসহ এক্ষেত্রে সরকারের পক্ষ থেকে যে সাবসিডির ব্যবস্থা রয়েছে তার ব্যবস্থা করে দেওয়া। বর্তমানে ১ লক্ষ হেক্টরের মত জলাশয়কে আমরা মৎস্য চাষের আওতায় এনেছি। কোন রাজ্যে এটা হয়েছে? আজকে চার মাস হয়ে গেলো, দিল্লী থেকে আমাদের কয়েকটি প্রকল্পের টাকা আসেনি, আটকে রয়েছে সেখানে। এ কারণে আমি দিল্লী গিয়েছিলাম। সেখানে আলোচনাকালে ওরা বললেন, 'কিছু অসুবিধা আছে, আমরা আলোচনা করে দেখছি বিষয়টা।' একটা কথাই তিনি বললেন যে মৎস্য দপ্তরের যে প্রোগ্রাম, যে সমস্ত কাজকর্ম, যে উৎপাদন, পশ্চিমবাংলার কাছে ভারতবর্ষের অন্যান্য রাজ্য ধারে কাছে আসতে পারে না। এই সাফল্যটা আমাদের হয়েছে। এখন অন্ধ্র থেকে মাছ আসছে। তাদের সর্বসাকুল্যে ২ লক্ষ থেকে আড়াই লক্ষ মেট্রিক টন উৎপাদন হয়। তার মধ্যে ১ লক্ষ মেট্রিক টন মাছ তারা বাইরে পাঠায়। তারা কেউ মিষ্টি জলের মাছ খায় না। আমরা যদি মিষ্টি জলের মাছ না খেতাম তাহলে আমাদেরও এই যে ৯ লক্ষ মেট্রিক টন মাছ উৎপাদন হচ্ছে সেটাও আমাদের বাজার খুঁজতে হতো কোথায় বাইরে পাঠাবো। আমাদের এখানে সকলেই মৎস্যভুক, সবাই প্রায় মিষ্টি জলের মাছ খায়। সেই জন্য আমাদের এখানে চাহিদাটা বেশী। ওরা খায় না, ওদের সারপ্লাস হয়, আমরা খাই, আমাদের কাছে পাঠিয়ে দেয়। এটা নিয়ে প্রতি বছর আমি দেখি হই চই হয়। চিৎকার করে বলা হয়, এতো সাফল্য, তো কেন বাইরে থেকে মাছ আনতে হচ্ছে। যেন মনে হচ্ছে বিদেশ থেকে আমরা মাছ আনছি। ভারতবর্ষের একটা রাজ্য থেকে তো মাছ আসছে। আমাদের এখানে কলা আসছে, আমাদের এখানে ডিম আসছে,

আমাদের এখানে বিভিন্ন জিনিস আসছে। একটা রাজ্যের যদি কোন জিনিসের ঘাটতি থাকে আর একটা রাজ্য থেকে সেটা আসবে। এটাই তো ভারতবর্ষের সিস্টেম, এটা তো ফেডারেল কাঠামো। এটা নিয়ে এমন একটা প্রাদেশিকতার গন্ধ পান ওনারা, যার জন্য বলেন, কেন অন্য রাজ্য থেকে মাছ আসবে। এটা যেন মনে হচ্ছে ভীষণ গর্হিত কাজ হচ্ছে যে এই রাজ্যতে ঘাটতি আছে সেই ঘাটতি মেটাবার জন্য অন্য রাজ্য থেকে কেন আসবে। আর ভারতবর্ষের বাইরে আমাদের এই দেশটা থেকে মাছ যাচ্ছে বিদেশে। আমাদের এখান থেকে মাছ যাচ্ছে জাপানে, আমাদের এখান থেকে মাছ যাচ্ছে আমেরিকায়, আমাদের এখান থেকে মাছ যাচ্ছে ইউরোপে, ভারতবর্ষের বাইরে বিদেশে মাছ যাচ্ছে। আর আমরা ভারতবর্ষের একটা রাজ্য থেকে আমাদের এই রাজ্যে মাছ আসছে, একটা ভীষণ গর্হিত কাজ হয়ে যাচ্ছে আপনাদের দৃষ্টিভঙ্গীতে। আপনারা বললেন কি ভীষণ দাম-টাম বাড়ছে নাকি। আমি একটা ছোট পরিসংখ্যান দিচ্ছি। আমার সময় বেশী নেই, ছোট উদাহরণ দিচ্ছি। দামটা বাড়ছে—সকল জিনিসের দাম বাড়ছে। এটা আমার পরিসংখ্যান নয়, অর্থ দপ্তর যে সমস্ত পরিসংখ্যান দিয়েছে ১৯৯৪ সাল থেকে এই সাল পর্যন্ত সেটা বলছি। সেখানে মাছের দাম বেড়েছে কত পারসেন্ট? মাছের দাম বেড়েছে ১৫.৬০ পারসেন্ট। সেই জায়গায় মাংসের দাম বেড়েছে কত জানেন, ৬২.৫৫ পারসেন্ট। দুধের দাম বেড়েছে ৩৩.৯২ পারসেন্ট, হুইটের দাম বেড়েছে ৪৮ পারসেন্ট, আর পালসেস, মুগ ডালের দাম বেড়েছে ৮৭.৫৮ পারসেন্ট। বেড়েছে যেটা সেটা বাস্তব। এখানে যে তথ্য আছে তাতে মাছের দাম বেড়েছে ১৫ পারসেন্ট। আর যারা মাছ চাষ করে, মাছ বিক্রি করে তাদেরও তে অন্যান্য জিনিস কিনতে হয়, তাদের ডাল কিনতে হয়, তাদের কাপড় কিনতে হয়, তাদের চিনি কিনতে হয়, তাদের ডিজেল কিনতে হয় সমুদ্রে লঞ্চ চালাবার জন্য, তাদের সুতো কিনতে হয়, সব জিনিসটা তাদের কিনতে হয়। সব জিনিস তারা বেশী দামে কিনবে আর মাছটা সস্তায় খাওয়াবে, গরীব লোকেরা যাহান্নামে যাবে এই দৃষ্টিভঙ্গী নিয়ে কখনও বক্তৃতা করা চলে না। এটা আমাদের মনে রাখতে হবে। বাজার করতে গেলে শুনি - আমি নিজে বাজার করি - মানুষ বলে যে ৩-৪ বছর ধরে মাছের জায়গাটা একটা স্টেবেল জায়গায় আছে। আজকে এটা সম্ভব হয়েছে আমাদের মাছের উৎপাদনটা বাড়ানোর ফলে। আর এটা বুঝতে হবে মাছ চাষের সঙ্গে কারা জড়িত। অন্ধ্রে যেখানে মৎচাষ হয় সেখানে দেখবেন গোটা গোদাবরী নদীর তীরে - আমি নিজে দেখতে গিয়েছিলাম - এগ্রিকালচারাল ল্যান্ড ফিসারীতে কনভার্ট করে এক-একজন ১০০ একর ২০০ একর জমি নিয়ে মাছ চাষ করছে ফারমিং করে। আর এখানে কারা মাছ চাষ করে? আমাদের এখানে গরীব মৎসজীবী, গরীব বেকার সাধারণ মানুষ আমাদের এখানে যে বড় বড় বিল-বাওর আছে আর একজন গৃহস্থ তার নিজস্ব যে পুকুর আছে সেই পুকুরে তারা মাছ চাষ করে। ফিস ফারমিং বলতে যেটা বোঝায় সেই ফারমিং করার মত ল্যান্ড সেটা এখানে নেই। কারণ এগ্রিকালচারাল ল্যান্ডকে ফিস ফারমিং-এ কনভার্ট করে ফিস ফার্ম তৈরী করার মতো, আমাদের এখানে যে আইন আছে সেই আইন আমাদের কাছে বাধাস্বরূপ। সেই জন্য এর মধ্যে থেকেই আমাদের উৎপাদনটা বাড়াতে হচ্ছে।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

স্যার, আমাকে একটু সময় দেবেন। শৈলজাবাবু এখানে বলেছেন যে প্রতি বছর এতো এতো টাকা খরচ হচ্ছে মাছ চাষের জন্য। মাছ চাষের জন্য শুধু টাকাটা খরচ হয় না, মাছ চাষের জন্য যেমন টাকাটা খরচ হয় তেমনি তার সাথে এতোগুলো যে ওয়েলফেয়ার স্কীম নেওয়া হয়েছে ফিসারম্যানদের জন্য যা অতীতে কখনও ছিল না। আমরা পশ্চিমবাংলার ফিসারম্যানদের জন্য যে ওয়েলফেয়ার স্কীম নিয়েছি, সারা ভারতবর্ষের কোন রাজ্য এই ওয়েলফেয়ার স্কীম ফিসারম্যানদের জন্য নেয় নি। এটা তো বুঝতে হবে। যারা মৎসজীবী, গরীব মৎসজীবী তারা এমন একটা অর্থনৈতিক অবস্থায় ছিল, সামাজিক দিক থেকে অর্থনৈতিক দিক থেকে এত পেছিয়ে ছিল, আমাদের দৃষ্টিভঙ্গী ছিল আমাদের লক্ষ্য মাত্রা ছিল সেই পেছিয়ে পড়া মানুষদের আর্থ-সামাজিক ক্ষেত্রে কতটা তাদের উন্নতি ঘটাতে পারি। আমাদের বাজেটারী কন্সট্রেইন্ট আছে, আমাদের অল্প বাজেট, তার মধ্যে থেকে পরিকল্পনা করে কি করতে পারি সেটা করছি। আছে ভারতবর্ষের কোন একটা রাজ্য যেখানে মৎসজীবীরা বৃদ্ধ হলে পেনশান পাবে? কোন একটা রাজ্য নেই, পশ্চিমবাংলায় আমরা করেছি। ৩০০ টাকা করে পান একটা বৃদ্ধ মৎসজীবী। সব বৃদ্ধ মৎসজীবীদের দিতে পারিনি, যদি টাকা থাকতো পারতাম। কিন্তু এই ধরণের প্রকল্প আমাদেরই পশ্চিমবাংলায় শুরু হয়েছে। আজকে একজন ফিসারম্যান সমুদ্রে মাছ ধরতে গেলে সে যদি নিখোঁজ হয়ে যায়, না ফিরে আসে তা হলে তার পরিবার ৩৫ হাজার টাকা পায়। গোটা ভারতবর্ষে এই স্কীম চালু হয়েছে। কেন জানেন কি? এই স্কীমটা কারা চালু করেছে প্রথম? আমরা পশ্চিমবাংলায় ১৯৮৩ সালে ফিসারম্যানদের জন্য এই ইনসিয়োরেন্স স্কীম চালু করেছিলাম।

[4.20—4.30 p.m.]

আর সেজন্য কেন্দ্রীয় সরকার পরের বছর আমাদের ফিসারম্যানস্ স্কীম এ্যাওয়ার্ড দিয়েছিল। এই এ্যাওয়ার্ড ভারতবর্ষের মধ্যে আর কোন রাজ্যকে দেয় নি। এই এ্যাওয়ার্ড পশ্চিমবাংলা পেয়েছিল। আমরা এখানে মডেল ফিসারম্যান ভিলেজ চালু করেছিলাম। আমাদের এখানে ১৪টি মডেল ফিশারম্যান ভিলেজ তৈরী করেছিলাম, তার অর্ধেক টাকা কেন্দ্রীয় সরকার দেন এবং বাকী অর্ধেক টাকা আমরা দিই। আমরা আরও ছ'টি মডেল ভিলেজ তৈরীতে হাত দিচ্ছি। এর জন্য আমরা দিল্লীতে ছুটে গিয়েছিলাম, বলেছিলাম, আপনারা টাকা দিচ্ছেন না কেন? অন্যান্য রাজ্য যখন বলেছে যে, এই টাকায় এই কাজ সম্ভব নয়, তারা টাকার পরিমাণ বাড়াতে বলেছে, তখন আমরা বলেছিলাম যে, টাকা বাড়াবার দরকার নেই। আমাদের এই টাকাতেই হবে। এই জায়গায় হচ্ছে অন্য রাজ্যের সঙ্গে আমাদের পার্থক্য। আমরা ফিসারম্যান মডেল ভিলেজের ১৬টির কাজ শেষ করেছি এবং ছ'টিতে হাত দিয়েছি। এই যে দৃষ্টিভঙ্গী আমরা পশ্চিমবাংলায় নিয়েছি, এই কাজগুলো থেকেই তার সাফল্য আমরা দেখাতে পারছি। আমরা ফিশারম্যানদের জন্য ওয়েলফেয়ার স্কীম নিয়েছি। তাদের জন্য রাস্তা করে দেওয়া, বোট তৈরী করে

দেওয়া, এইসব করেছি। আপনি বলছিলেন, সরকারের প্রত্যক্ষ কি ভূমিকা আছে মৎস্য উৎপাদন বৃদ্ধিতে? আমরা একটা স্কীম নিয়েছি - আমরা ঋণ দিই না, সাবসিডি দিই। ব্যাঙ্ক যদি ঋণ মঞ্জুর করে তাহলে আমরা ফিশারম্যানদের সাবসিডি দিতে পারি। আর ব্যাঙ্ক যদি ঋণ মঞ্জুর না করে তাহলে আমরা সাবসিডি দিতে পারি না। আমরা বড় বড় বিল, বাঁওড়ে মৎস্য চাষের জন্য প্রকল্প নিয়েছিলাম। শৈলজাবাবু বলছিলেন, সরকারের কি ভূমিকা আছে? আমার কাছে তালিকা আছে, আমি এটা থেকে একটু পড়ে শোনাচ্ছি। আপনারা চাইলে এটা সার্কুলেট করে দিতে পারি। নদীয়ার একটি ফিশারম্যান কো-অপারেটিভে যেখানে আগে ১৮ মেট্রিক টন মৎস্য উৎপাদন হত, আমরা এই স্কীম নেওয়ার পর সেখানে উৎপাদন ৬৪ মেট্রিক টনে এসে দাঁড়িয়েছে। অর্থাৎ চারগুণ উৎপাদন বেড়েছে। ডুমা ফিসারম্যান কো-অপারেটিভ আগে যেখানে ৪ মেট্রিক টন উৎপাদন করতো, আজকে সেখানে উৎপাদন বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১২ মেট্রিক টনে। মৎস্য দপ্তর থেকে সাহায্য করার ফলে আজকে এই রকম উৎপাদন কোথাও দু'টন থেকে ৮ টন হয়েছে, কোথাও ১৫ টন থেকে ৬০ টন, কোথাও ১২ টন থেকে ৪৮ টন হয়েছে। এইভাবে প্রোডাকশন বৃদ্ধি পেয়েছে। আজকে কেন্দ্রীয় সরকার সেল প্রসিডস্ বেড়েছে দেখে আমাদের এ্যাওয়ার্ড দিয়েছে। কেন্দ্রীয় সরকার আমাদের এমনিতে কোন এ্যাওয়ার্ড দেয় না। আপনারা যখন কংগ্রেসে ছিলেন, তখন আপনাদেরও এই ন্যাশানাল প্রোডাকটিভিটি এ্যাওয়ার্ড দিতে হয়েছিল। কেন্দ্রীয় সরকার কয়েক বছরের গড় উৎপাদন দেখেন, কয়েক বছরে কি পরিমাণ ইনকাম বেড়েছে তা দেখেন, সবকিছু দেখে তবেই তারা এই ন্যাশানাল প্রোডাকটিভিটি এ্যাওয়ার্ড দেন। আমাকে এই প্রশ্ন প্রতি বছরই করা হয়। আপনারা দিল্লীতে গিয়ে তাঁদের কাছে একবার জিজ্ঞাসা করুন না? তাঁরা সমস্ত পরিসংখ্যান দেখে সন্তুষ্ট হয়ে তবেই এই ন্যাশানাল প্রোডাকটিভিটি এ্যাওয়ার্ড দিয়েছেন। আমরা উৎপাদন বাড়াতে চ স্তু তার প্রতিবন্ধকতাও আছে। গত বছর ন্যাচারাল ক্যালামিটিতে ৯টি জেলা বন্যায় ডুবে গিয়েছিল। একদিনের বন্যায় সব মাছ শেষ করে দিতে পারে। গরীব জেলেরা যারা গভীর সমুদ্রে মাছ ধরতে যায়, তাদের যাতে আগাম বিপদ সংকেত দেওয়া যায়, তার জন্য আমরা এখানে ওয়ারলেস বসাতে চেয়েছিলাম। আমরা শংকরপুর এবং ফ্রেজারগঞ্জে ওয়ারলেস বসাবার জন্য স্কীম নিয়েছিলাম। কেন্দ্রীয় সরকার আমাদের চিঠি লিখে বললেন, আপনারা টাকা খরচ করবেন না। আমরা ওটা বসিয়ে দিচ্ছি। আমরা বসাতে গিয়ে যখন দেখলাম ওরা খরচা করে বসিয়ে দেবেন, আমাদের খরচ করার দরকার নেই, তখন আমরা ওদের জায়গা দেখিয়ে দিলাম। ওরা বললেন, এক বছরের মধ্যে কমপ্লিট করে দেবেন। আজকে দু'বছর হয়ে গেল সেটা হয় নি। এই হচ্ছে ওদের কাজের নমুনা। ওয়ারলেস বসাবেন কে, না পাঞ্জাবের একটা কোম্পানী। বাড়ি করবে কে, না ওড়িয্যার কন্ট্রাক্টর। পশ্চিমবাংলায় কি লোক নেই? আমরা বললাম, ওয়েবল্, পশ্চিমবঙ্গ সরকারের একটা আন্ডারটেকিং, এদের দিন না। ওরা তা দিলেন না। ওরা সব জিনিসপত্র ফেলে দিয়ে চলে গেল। সেটা কবে চালু হবে তা আমি বলতে পারছি না। এইসব কনষ্ট্রেন্টের মধ্যে দিয়ে আমাদের কাজ করতে হচ্ছে। আপনারা আমাদের পজিটিভ দিকটা একটু দেখুন।

আমরা ফিশারম্যানদের জন্য ওয়েলফেয়ার স্কীম করতে চাইছি। আমাদের অনেক কনষ্ট্রেন্ট আছে। এখানে বলা হলো, গত বছর বাজেটে এত টাকা ছিল, এবারে টাকা কমে গেল কেন? আজকে টাকার পরিমাণ কমে গেছে, তার কারণ হচ্ছে খরচের পরিমাণটাও কমে গেছে। আমরা চেষ্টা করছি জলাশয়গুলোকে ঠিকমত কাজে লাগিয়ে মাছ চাষকে আরো যথোপযুক্তভাবে উৎপাদনমুখী করতে পারি। আমরা এর জন্য আইন করেছি যাতে জলাশয় কেউ বোজাতে না পারে। এরজন্য যদি কেউ এই কাজ করে তার বিরুদ্ধে এফ আই আর করেছি। থানাকে জানানো হয়েছে এবং এর জন্য আমাদের নন বেলেবেল সেকশান রয়েছে, কগনিজেবেল সেকশান প্রয়োগ করেছি। আমরা তো আর এ্যারেষ্ট করতে পারি না, সে কাজ পুলিশ করে থাকে। আমরা থানাতে এফ আই আর করতে পারি এই পর্যন্ত। যেখানে জলাশয় বন্ধ করা হয়েছে সেখানেই ঘেরাও হয়েছে, নানা রকম ব্যবস্থা আমরা নেবার চেষ্টা চালাচ্ছি। তার জন্য নানা ধরণের আইন-কানুন আমরা তৈরী করেছি। তারপরে পরিবেশ দূষণ যাতে না বাড়ে তার জন্যও আইনী ব্যবস্থা নিয়েছি। তাই আমরা যত ধরণের ব্যবস্থা নিতে হয় নিয়েছি এই কথা বলে যতগুলো কাটমোশান বিরোধীপক্ষ থেকে এসেছে সেগুলো গ্রহণযোগ্য নয় এবং অহেতুক এই কাটমোশান দিয়েছেন তাই অগ্রাহ্য করে, বিরোধিতা করে মাননীয় সদস্যদের আবেদন জানাই যে, এই ব্যয়বরাদ্দের দাবী আমি যেটা পেশ করেছি সমর্থন জানাতে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motions of Shri Abdul Mannan, Shri Saugata Roy, Shri Nirmal Ghosh, Shri Ashok Kumar Deb, Shri Sultan Ahmed, Shri Ram Janam Manjhi, Shri Sankar Singh, Shri Tarak Bandyopadhyay, Shri Pankaj Banerjee, Shri Kamal Mukherjee - that the amount of the Demand be reduced by Rs.100/- were than put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 83,92,99,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads : "2405-Fisheries, 4405-Capital Outlay on Fisheries and 6405-Loans for Fisheries" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 27,69,69,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

[4.30–4.40 p.m.]

**Discussion and voting on Demand for Grants**

**Demand Nos - 82 & 89**

**Mr. Deputy Speaker :** Now discussion on Demand No. 82 and 89.

There are three cut motions to Demand No. 82 which are in order.

Shri Nirmal Ghosh
Shri Kamal Mukherjee } Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**Mr. Deputy Speaker :** There are 11 cut motions to Demand No. 89 which are in order.

Shri Saugata Roy
Shri Nirmal Ghosh
Shri Ashok Kumar Deb
Shri Kamal Mukherjee
Shri Sudhir Bhattacharjee
Shri Sanjoy Bakshi
Shri Pankaj Banerjee } Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী মানবেন্দ্র মুখার্জী ১৯৯৯-২০০০ সনের যে ৮৯ এবং ৮২নং ডিমান্ডের বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি বিরোধিতা করছি শুধু বিরোধিতা করার জন্য নয়, ওনার দপ্তরের এই ব্যয়বরাদ্দের অনুমোদনের জন্য বক্তব্য পেশ করেছেন আর ওঁনার দপ্তরের তরফ থেকে যে কাজকর্ম করছেন তার মধ্যে আকাশ-পাতাল পার্থক্য। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই খাতে গত বছরে ২৪ কোটি ৩০ লক্ষ টাকা অনুমোদন চেয়েছিলেন আর এই বছরে এই খাতে ৩০ কোটি ৫৫ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের অনুমোদন চেয়েছেন। সারা পশ্চিমবঙ্গে এই দপ্তরের কাজকর্ম যদি খতিয়ে দেখেন তাহলে দেখবেন এমন একটা দপ্তর, সেখানে শুধুমাত্র পরিবেশ দপ্তর এই পরিবেশ বিষয়ে কাজ করে না, অন্যান্য অনেকগুলো দপ্তরের সাথে এটা জড়িত। সেখানে কল-কারখানার চিমনীগুলো ঠিক ঠিকমত রক্ষণা-বেক্ষণ হচ্ছে কিনা এবং দূষণ ছড়াচ্ছে কিনা সেটা দেখা যতটা দরকার তেমনি পরিবহন দপ্তর থেকে পরিবহনজনিত কারণে কতটা পরিবেশ দূষণ করছে সেটাও দেখতে হবে তারপরে মিউনিসিপ্যালিটিগুলো তার ঠিক ঠিকমত পরিবেশ রক্ষা করার ক্ষেত্রে ব্যবস্থা নিচ্ছে কিনা এবং হাসপাতালগুলোর দিকে লক্ষ্য করতে হবে যে, তারা বর্জ্য পদার্থগুলো ঠিক ঠিক মত ডিসপোজ করার ব্যবস্থা করছে কিনা। সুতরাং সামগ্রিকভাবে এই দপ্তরের সাফল্য বা অসাফল্য একমাত্র মাননীয় মন্ত্রীর উপরে নির্ভর করে না, অনেকগুলো দপ্তরের উপর নির্ভর করে।

তাই আমি অনুরোধ করবো, মাননীয় মন্ত্রী মহাশয়কে এই সংশ্লিষ্ট সমস্ত দপ্তরগুলি নিয়ে যদি তিনি একটি কো-অর্ডিনেট করে চলবার চেষ্টা করেন তাহলে ভাল হয়। বিচ্ছিন্নভাবে কখন হাসপাতালে দূষণ হলে, সেটা নিয়ে চিৎকার হচ্ছে, বিধানসভায় সেদিনও প্রশ্নোত্তরের সময় জানালেন, আপনি বেশ কিছু হাসপাতালকে চিহ্নিত করেছেন,

সেখান থেকে বর্জ্য পদার্থগুলি ঠিক ঠিক মতন যাতে ডিসপোজ করা যায় তার ব্যবস্থা করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন কলকাতা ও হাওড়ায় কতকগুলি বেসরকারি নার্সিংহোম আছে, তার ঠিক নেই, বেসরকারি নার্সিংহোমগুলি বেআইনীভাবে চলছে, যদিও এইগুলি আপনার দপ্তরে পড়ে না, কিন্তু এই সমস্ত নার্সিংহোমগুলিতে অনেক কিছু হচ্ছে, তাই আইন করে সেখানে যদি এক্‌জেমপ্লেরারি ব্যবস্থা নেওয়া যায় তাহলে ভাল হয়, এই ব্যাপারে শাস্তির ব্যবস্থা নিতে হবে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি এর আগেও বলেছি, গোটা পূর্ব কলকাতায় যে ওয়াটার লগিং ছিল সল্টলেকের পিছনে, মার্সি ল্যান্ড ছিল, সেইগুলি বেপরোয়াভাবে বন্ধ করে দেওয়া হচ্ছে। ফলে টোটাল ইকোলজিক্যাল ব্যালান্স দেখা দিচ্ছে। পূর্ব কলকাতায় যে জলাধারগুলি ছিল, কলকাতায় যখন বেশী বৃষ্টি হত, তখন সেখানে জল চলে যেত, এখন কিন্তু আর সেই অবস্থা হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি খবর নিয়েছেন, এই স্যালো ল্যান্ডগুলি কেন দখল হয়ে গেল? মৎস্যমন্ত্রী এখানে বলছিলেন, তিনি তো বলেছেন, জলাশয় বন্ধ বেআইনী। তিনি তো পুলিশেও বলেছেন, এফ. আই. আর হয়েছে, কিন্তু পুলিশ কোন কাজ করছে না। স্যার, কলকাতা কর্পোরেশন এরিয়ায় ৯৮ নম্বর ওয়ার্ডে একটা পুকুর কর্পোরেশান বন্ধ করতে উদ্যোগী হল। সেখানকার লোকেরা হাইকোর্টে মামলা করলো, আপনাদের দপ্তরের পলিউশান কন্ট্রোল বোর্ড-এর যিনি উকিল আছেন, তিনি বন্ধের পক্ষে সওয়াল করলেন। আপনাদের চেয়ারম্যান মিঃ বোসকে এই ব্যাপারে জানতে চাইলে তিনি জানান, অভিযোগ সত্য, আমি তাঁকে বলেছি, এই রকম না কর র জন্য। আপনাদের ৩০ কোটি টাকা দিচ্ছি, কেন? যাতে পরিবেশ দূষণ না ঘটে, ইকলজিক্যাল ব্যালেন্স ঠিক থাকে। আপনার দপ্তরের যে এ্যাডভোকেট তিনি আপনাদের যে দাবী তাকে বিরোধিতা করছেন। তিনি আপনাদেরই বিপক্ষে ওকালতি করছেন, এটা ঠিক নয়। আপনি আপনার বক্তৃতার একটি চ্যাপ্টারে নয়েজ পলিউশান সম্বন্ধে বলেছেন, মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নয়েজ পলিউশানের উপরে এ্যাওয়ারনেস প্রোগ্রাম নিয়েছেন। অথচ আমরা দেখলাম, কলকাতার হাওড়া মোড়ের কাছে একটি হাসপাতালের সামনে, আপনি যুব সংগঠনের একটি সভায় এ্যামপ্লিফায়ার মাইক লাগিয়ে তারস্বরে চিৎকার করে বক্তৃতা করলেন, যে জায়গাটি নো সাউন্ড জোন, হর্ন বাজানো নিষিদ্ধ — সেখানে আপনি এবং স্বরাষ্ট্রমন্ত্রীকে সাথে নিয়ে ঘন্টার পর ঘন্টা মিটিং করলেন। পশ্চিমবাংলার মানুষ কি দেখলো? বিধানসভা থেকে যখন মন্ত্রীকে ৩০ কোটি টাকার বরাদ্দ মঞ্জুর করা হচ্ছে, সেই মন্ত্রী আবার নয়েজ পলিউশান করছেন, যিনি নয়েজ পলিউশান-এর বিরুদ্ধে লড়াই করবেন, যিনি ইকোলজিক্যাল ইমব্যালেন্স এর বিরুদ্ধে লড়বেন, তিনি স্বয়ং সেই আইনকে লঙ্ঘন করে গেলেন, আমরা তাহলে কার কাছে সুবিচার চাইব? মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করি, আপনার রচিত নীতি যেন লঙ্ঘিত না হয়। দক্ষিণ ২৪ পরগণা, উত্তর ২৪ পরগণায় যে ভেড়ীগুলি একের পর এক বন্ধ হয়ে গেছে, এক শ্রেণীর প্রমোটার, অসাধু ব্যবসায়ীরা সেখানে প্রাসাদ সমান বিল্ডিং তৈরী করছে, আপনার দলের লোকেরাই, তাদের একাংশ সেখানে এই ব্যাপারে মদত দিচ্ছে। প্রশাসনও মদত দিচ্ছে। রাজারহাটে গরীব মানুষের জমি নিয়ে সেখানে নূতন করে স্যাটেলাইট টাউন তৈরী করছে।

এনভায়োরনমেন্ট সম্বন্ধে ঘোষ-বোস এ্যাসোসিয়েটস্ যে রিপোর্ট দিয়েছেন, সেটা কি আপনি পড়ে দেখেছেন? এতবড় একটা স্ট্যাটাস রিপোর্ট ঘোষ-বোস এ্যাসোসিয়েটস্ দিলেন, আপনি সেটা দেখলেনও না। সেটা আপনি লঙ্ঘন করলেন। যে যে সেফটি মেজর নেওয়ার কথা বলা হয়েছিল, সেগুলো নেওয়া হচ্ছে না। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব, এটা কোন হ্যালাফেলার ব্যাপার নয়। গোটা বিশ্বের মানুষ যখন দূষণের বিরুদ্ধে সজাগ হওয়ার চেষ্টা করছেন, তখন সরকারকে সেই সমস্ত দায়িত্ব নিয়ে মানুষকে ওয়াকিবহাল করতে হবে, এ্যাওয়ারনেস প্রোগ্রামের ব্যবস্থা করতে হবে সচেতনতা বাড়াবার জন্য। আগামী প্রজন্মের মানুষকে বিষ বাষ্প থেকে মুক্ত করতে হবে। আজকে ইউরো ওয়ান, ইউরো টু সম্বন্ধে বলা হল, পনেরো বছরের পুরোনো গাড়ী কলকাতায় চলতে দেওয়া হবে না। ১লা জুলাই থেকে পনেরো বছরের পুরোনো গাড়ি আপনারা বাজেয়াপ্ত করবেন, তাদের লাইসেন্স নিয়ে নেওয়া হবে। যখন আন্দোলন শুরু হল তখন আপনারা পিছিয়ে পড়লেন। আপনারা যেটা করতেযাচ্ছিলেন, সেটারতো কেউ আপত্তি করে নি। কিন্তু আপনারা কোন প্রাগমেটিক দৃষ্টিভঙ্গী নিলেন না, বাস্তব দৃষ্টিভঙ্গী নিলেন না। আপনারা হঠাৎ রাতদুপুরে হুকুমনামা জারী করে বললেন ইউরো ওয়ান, ইউরো টু বিধি চালু করা হবে। এইরকম করলে হবে না। আপনারা স্টেপ বাই স্টেপ ব্যবস্থা করতে পারতেন যাতে দূষণ কমানো যায়। এখন তো গ্যাসেও গাড়ি চলে এবং তাতে পলিউশান হচ্ছে না। এটা নতুন কোন কনসেপট্ নয়, সারা পৃথিবীতে এই নিয়ে আলাপ-আলোচনা, চর্চা চলছে। বিজ্ঞান তো আজকে থেমে নেই। হঠাৎ করে রাতারাতি আপনারা সিদ্ধান্ত নিলেন এবং সেই সিদ্ধান্ত আবার আপনি মূলতুবী রাখলেন। সরকার তো সিদ্ধান্ত নেওয়ার আগে দশবার চিন্তা করবে, এর কি কি ডাইরেক্ট বা ইনডাইরেক্ট এফেক্ট হতে পারে। তবেই তো সেই সিদ্ধান্তকে কার্যকরী করবেন। আপনারা নিজেরাই জানেন না আপনারা কি করবেন। আপনার দপ্তরকে আরও সচল করতে হবে। সল্টলেকের অফিসে গিয়ে দেখেছি, দপ্তরের কর্তাব্যক্তিরা তারা নিজেরাই জানেন না, কলকাতার বিভিন্ন জায়গায় মাল্টিস্টোরিড বিল্ডিং হচ্ছে তার সামনে ২৪ ঘন্টা পাইলিং হচ্ছে। আপনার দপ্তরে গিয়ে এই ব্যাপারে নালিশ জানানো হল, চিঠি দেওয়া হল। সেখান থেকে একজন ইন্সপেক্টরকে ব্যাপারটা তদন্ত করে দেখার জন্য পাঠানো হল, কিন্তু সেই ইন্সপেক্টরকে সেই মাল্টিস্টোরিবিল্ডিং-এর প্রোমোটার তার চত্বরেই ঢুকতে দিল না। সেই ইন্সপেক্টার থানায় গেল, থানা তাকে বলল এটা আমাদের কাজ নয়, আপনি ঢুকতে পারেন নি আমরা কি করব। আর আপনি ঠুঁটো জগন্নাথ হয়ে বসে আছেন। if you cannot put your foot down you cannot give relief to people and society and you cannot give security against environmental pollution....এনভায়োরনমেন্ট পলিউশান যদি আপনি বন্ধ করতে না পারেন, তাহলে আগামী প্রজন্মের মানুষ, আগামী দিনে আরও এই কালান্তক রোগে আক্রান্ত হবে এবং এই প্রজন্মের মানুষকে তারা অভিসম্পাত দেবে। যেখানে বিজ্ঞান এগিয়ে যাবার চেষ্টা করছে, প্রযুক্তি এগিয়ে যাবার চেষ্টা করছে, তখন আপনারা কিন্তু এদের সাহায্য নিয়ে এগিয়ে যাবার চেষ্টা করছেন না। যে সমস্ত কারখানাগুলো তাদের বর্জ্য

পদার্থ ফেলছে সেই ব্যাপারে কোথাও কোথাও আপনার দপ্তর নোটিশ পাঠাচ্ছে। কিন্তু তারা বলছে, বেশী কড়াকড়ি করলে আমরা কারখানা বন্ধ করে দেব। আপনি ভয়ে সেখানে কোন ব্যবস্থা নিতে পারছেন না, সেটা কাটিয়ে যাওয়ার চেষ্টা করছেন। আইনের ভিত্তিকে দৃঢ় করে, প্রশাসনিক ব্যবস্থাকে আরও চাঙ্গা করে কো-অর্ডিনেটের ব্যবস্থা না করতে পারেন তাহলে গোটা ব্যবস্থাটাই ভেঙ্গে যাবে।

যদি গোটা ব্যবস্থাটাকে আপনারা পর্যালোচনা না করে প্রয়োজনভিত্তিক ব্যবস্থা গ্রহণ না করেন, তাহলে আমাদের আশঙ্কা - টাকার অনুমোদন আমরা আপনাদের দেব, আপনারা ভাষণ-বিবৃতি দেবেন, বিভিন্ন পদ্ধতি নেবেন, সরকারী কার্যপদ্ধতি গ্রহণ করবেন, কিন্তু সেইগুলো ইমপ্লিমেন্ট হবে না, কার্যকরী হবে না এবং তার ফলে ঘোষণা কাগজেই থেকে যাবে, বইতেই থেকে যাবে, কোটি কোটি টাকা খরচ হবে, কিন্তু পশ্চিমবাংলার কোটি কোটি মানুষ এই দূষণের হাত থেকে নিস্তার পাবে না।

[4.40–4.50 p.m.]

মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন, তার কয়েকটি পরিচ্ছেদ থেকে পড়ে শোনাচ্ছি। সেখানে তিনি বলছেন, ওয়েটল্যান্ড ম্যানেজমেন্টের জন্য ইকোলজিক্যাল ড্রাইভ নিয়েছেন। আর. এ্যান্ড ডি.-এর জন্য অনেকগুলো ইনস্টিটিউট করেছেন এবং সেই ইনস্টিটিউটগুলোর মাধ্যমে সেই ব্যবস্থা করছেন যাতে এপ্রিল-'৯৮ এর পর থেকে বাজেট প্রভিসানে ছিল আর. এ্যান্ড. ডি. করবেন। আর. এ্যান্ড ডি. বলে কোন বস্তুই কিন্তু আপনার দপ্তর থেকে করা হচ্ছে না। যদি তা করা হত, তাহলে আমরা দেখতে পেতাম আপনার দপ্তরের আর. এ্যান্ড ডি.- এর নতুন নতুন চিন্তাধারার ফলে চিরাচরিত সমস্যাগুলোর মোকাবিলা করা হচ্ছে। আপনারা আর. এ্যান্ড ডি.-এর উন্নতি করুন, আরও নতুন নতুন চিন্তা-ভাবনা করুন, প্রয়োগশীল মানুষদের নিয়ে আসুন। আর. এ্যান্ড ডি. যে চিন্তা-ভাবনা করবে, যে অবর্জাভেসন করবে, যে সিদ্ধান্ত নেবে, সেইগুলো আপনারা ফিল্ডে ইমপ্লিমেন্ট করুন, তাহলেই এই যে বায়বরাদ্দ নিয়েছেন তা যথার্থ কার্যকর করতে পারবেন। তবে, এই কাজ এই দপ্তরের একার পক্ষে সম্ভব নয়, পশ্চিমবাংলায় এর সঙ্গে জড়িত বিভিন্ন দপ্তরকে সঙ্গে নিয়ে কোঅর্ডিনিটিং কমিটি করে কাজ করুন এবং তার টাস্ক মাস্টার হিসাবে এই দপ্তর কাজ করুন, সংযোগরক্ষাকারী হিসাবে কাজ করুন এবং পশ্চিমবঙ্গকে পলিউশানের হাত থেকে রক্ষা করুন। এই কথা বলে, এই বিধিব্যবস্থাকে যতক্ষণ না গ্রহণ করছেন, ততক্ষণ আপনাকে সমর্থন করতে পারছি না, এই ব্যয়বরাদ্দকে সমর্থন করতে পারছি না এবং, আমাদের কাটমোশানগুলো দেখবেন প্রত্যেকটাই যথার্থ সেইগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী খগেন্দ্রনাথ মাহাতো ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী এখানে যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন, তাকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনিত কাটমোশানের বিরোধিতা করছি। বিরোধী দলের সদস্য শ্রীপঙ্কজবাবু কাটমোশানগুলোকে সমর্থন করতে গিয়ে যে-কথাগুলো উল্লেখ করলেন, তার পরিপ্রেক্ষিতে কিছু কথা বলতে চাই।

স্যার, আপনি জানেন '৯৫ সালে এই রাজ্যে পরিবেশ নীতি ঘোষিত হয় এবং জাতীয়, আন্তর্জাতিক প্রেক্ষাপটে পশ্চিমবঙ্গে এই বিভাগ প্রত্যেকটা ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আমরা সকলেই জানি, পরিবেশ ব্যবস্থাপনা একদিকে উন্নয়নমুখী, অপর দিকে পরিবেশমুখী উভয় চিন্তার দ্বারাই পরিচালিত হয়ে থাকে। আপাতদৃষ্টিতে পরস্পরবিরোধী মনে হলেও একটা নির্দিষ্ট পর্যায়ের পর উন্নয়ন এবং পরিবেশের মধ্যে কোন বিরোধ থাকে না। স্বাভাবিক ভাবেই সমাজের সর্বস্তরের মানুষের সহযোগিতা ও সমর্থন নিয়ে উন্নয়ন এবং পরিবেশ তার অভিষ্ট লক্ষ্যে পৌঁছতে পারে। সেই কারণেই পরিবেশ সচেতনতা এবং জনগণের অংশগ্রহণ এই দপ্তরের অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্ষেত্র হিসেবে বিবেচিত হয়েছে। তাই এটা কোন একটি দপ্তরের একক দায়িত্বের মধ্যে পড়ে না এবং এখানে শুধুমাত্র সরকারেরই করণীয় নেই, সকলের অংশগ্রহণ দরকার। এই দৃষ্টিভঙ্গির উপর দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের পরিবেশ-পরিস্থিতির উপর একটি বিশেষ কাজ করতে শুরু করেন। যা বর্তমান বছরে সম্পন্ন হয় এবং তার উপর দাঁড়িয়ে সেটাকে তিন ভাগে বিভক্ত করা হয়েছে পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ, ২) কি কারণে পরিবেশ নষ্ট হয় এবং ৩) বর্তমানে কি ব্যবস্থা বহাল আছে এবং কি কি ব্যবস্থা নেওয়া যেতে পারে। স্যার, আমার সময় খুব কম আমি তার মধ্যে গুরুত্বপূর্ণ বিষয়গুলি বলতে চাই, যে পরিবেশ সচেতনতার যে কর্মসূচী বিগত বছরগুলোতে এই দপ্তর থেকে গ্রহণ করা হয়েছে পরিবেশের জন্য পদযাত্রা যাতে সর্ব স্তরের মানুষকে প্রচারের ভিতর দিয়ে চেতনা এবং সচেতনতা নিয়ে আসা যায়। এই কর্মসূচী কলকাতা এবং আলিপুরদুয়ারে সংঘটিত হয়েছিল। পরবর্তীকালেও জেলা এবং ব্লকস্তর এই প্রচারকে তলা পর্যন্ত নিয়ে যাবার জন্য চেষ্টা করা হয়েছিল। মাননীয় সদস্য যাঁরা এখানে আছেন তাঁরা প্রত্যেকেই জানেন যে জেলা এবং পঞ্চায়েত সমিতি স্তরে বিশ্ব পরিবেশ দিবস পালনের জন্য যে কর্মসূচী বলা হয়েছিল দপ্তরের পক্ষ থেকে সেটাও মর্যাদা সহকারে পালিত হয়েছিল। তা ছাড়া এ বছর ১৯৯৯-২০০০ সালের মধ্যে স্কুল-কলেজের ছাত্রছাত্রীরা বিশেষ করে তরুণ যারা আছে তাদের সমাজ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য নানা রকম কর্মসূচী গ্রহণ করা হয়েছে এবং এগুলিকে আকর্ষনীয় করে তোলার চেষ্টা করা হয়েছে। এর মধ্যে দিয়ে একটা প্রচেষ্টা অব্যাহত আছে যাতে তরুণদের মধ্যে সমাজ সচেতনতা বৃদ্ধি করার উপর জোর দেওয়া যায়। তা ছাড়া স্থানীয় পরিবেশ পরিচালন ব্যবস্থা যা গৃহীত হয়েছে তার মধ্যে পানীয় জল পরিকল্পনা করা, বায়ু ও জল দূষণ, সবুজায়ণ এবং কঠিন বর্জ্য পর্দার্থের ব্যবস্থাপনা গ্রহণের কাজে হাত দেওয়া হয়েছে। ইতিমধ্যেই আলিপুরদুয়ারের কামাক্ষ্যাগুড়িতে এই কাজ খানিকটা ভালো ভাবে সম্পন্ন হয়েছে এবং রাজ্যের অন্যান্য জায়গায় এই কাজকে ছড়িয়ে দেওয়ার জন্য সোনারপুর ও ডায়মন্ডহারবার থানা এলাকায় এই কাজকে সম্প্রসারিত করা হয়েছে দপ্তরের পক্ষ থেকে বিশেষ করে সরকারী পক্ষ থেকে। পঙ্কজবাবু যেটা বললেন ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট এ্যান্ড ইক্‌লজিক্যাল ডিজাইন আমরা সবাই জানি দপ্তরটি বিজ্ঞান ও কারিগরী বিভাগের মধ্যে ছিল, বিগত বছরে এই প্রতিষ্ঠানটিকে পরিবেশ দপ্তরের অর্ন্তভুক্ত করা হয়েছে এবং এর যে উদ্দেশ্য জলাভূমি বিশেষ করে পূর্ব কলকাতার জলাভূমি তদারকি করা এবং রাজ্যের উপকূলবর্তী

যে অঞ্চল তার মানচিত্র তৈরীর কাজ এই দপ্তরের উপর ন্যস্ত হয়েছে। এবং এই দপ্তর সঠিক ভাবে সেই কাজ পরিচালনা করে এসেছে। তা ছাড়া বায়ু ও জল দূষণ — বিভিন্ন রাজ্যে ২৪টি অঞ্চল সহ কলকাতার গুরুত্বপূর্ণ সংযোগস্থলে বায়ুর গুণগত মান পরিমাপের ব্যবস্থা করা হয়েছে। পাশাপাশি গঙ্গার জল দূষণ রোধে ব্যারাকপুর থেকে ডায়মন্ডহারবার পর্যন্ত ৪টি জায়গায় গঙ্গা নদীর দূষণের ব্যাপারে তদারকির কাজ চলছে এবং সেই কাজ অব্যাহত আছে এবং পরীক্ষা-নিরীক্ষার পর জানা গেছে যে আমাদের যে বি. ও. ডি. তার সীমা লঙ্ঘন করে নি। স্যার, এই দীঘায় যে হোটেলগুলি এবং টিউবওয়েলগুলি অতীতে যা হয়েছে আপনারা জানেন এখন যারা বিরোধী পক্ষে আছেন তখন তারা সরকারে ছিলেন এবং কোন রকম সুইডের পরামর্শ না নিয়ে যত্রতত্র যেখানে সেখানে টিউবওয়েল খনন করেছিলেন, ফলে আজকে পরিবেশ দূষিত হচ্ছে। ১৯৯৫ সালের পর থেকে এই দপ্তরের কাজ হাতে নেওয়া হয়েছে। তাই আজকে এই ব্যবস্থাগুলির স্বপক্ষে বাজেটকে সমর্থন করে বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাব-এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.50–5.00 p.m.]

**শ্রী হরিপদ বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী শ্রী মানবেন্দ্র মুখার্জ্জি ৮৯, ৮২ নম্বর যে দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমি কিছু কথা বলতে চাই। যে কথা বলব যে এই দপ্তর নতুন এবং অল্পদিন হলেও কাজ শুরু করেছেন এবং অল্পদিনের মধ্যে যে কর্মসূচী নিয়েছেন তা অত্যন্ত প্রশংসনীয়।

পরিবেশের বিষয়ে আলোচনা করতে গেলে দরিদ্রের ভূগোল ও তাতে ভারতবর্ষের অবস্থাটা কি, দরিদ্র পরিবেশ কি, সেটাও এসে যায়। ভারতবর্ষের প্রতিটি শহরে ডাস্টবিন আছে। লক্ষ্যনীয় বিষয় হচ্ছে, কিছু মানুষ তারা তাদের বাড়ীর আবর্জনা, বাসি রুটি, পচা তরকারি ফেলে, উনুনের ছাই ফেলে, অন্যান্য ময়লা আবর্জনাও ফেলে। সেখানে দুটো জীব - বে-ওয়ারিশ কুকুর মুখ বাড়ায় এক টুকরো রুটির জন্য এবং ভিখারীও তারই জন্য। স্বাধীনতার ৫২ বছর পরেও এই অবস্থা দেখতে পাওয়া যায়। যাই হোক, আমাদের দারিদ্র্যের সুযোগ নিয়ে পি. এল ৪৮০, গমের মাধ্যমে 'পার্থেনিয়াম' উপহার দেওয়া হয়েছিল। এটা নিশ্চয় সকলের স্মরণে আছে। সেই 'পার্থেনিয়ামের প্রকোপ আজকে গোটা ভারতবর্ষে ছেয়ে গেছে। আজকে এর ফলে নানা রকমের রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে বিশেষ করে হাঁপানি। আজকে বায়ু দূষণ, শব্দ দূষণ থেকে শুরু করে আরো নানা রকমের দূষণ আছে। তবে পানীয় জলের দূষণও কম সমস্যা সৃষ্টি করছে না। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের ডাক্তারবাবুরা পেট খারাপ হলে কলের জল খাওয়ার প্রেসক্রিপশন করে থাকতেন। কিন্তু স্বাধীনতার ৫২ বছর পরেও আমরা পানীয় জলের সুরাহা করতে পারিনি। এই বিষয়টা লক্ষ্যণীয়।

আমাদের রাজ্যেও ব্যাপক ভাবে আর্সেনিক পাওয়া গেছে এবং তা থেকে নানা রকম রোগের প্রাদুর্ভাব দেখা যাচ্ছে। আমাদের রাজ্যে কারখানা থেকেও পরিবেশ দূষণ

ঘটছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমার বিধানসভা কেন্দ্রে বর্ত্তির বিল বলে একটা বিল আছে। তাতে ব্যারাকপুর শিল্পাঞ্চলের সব জল জমে। ক্লোরাইড ইন্ডিয়া, নিকো পাইপ লাইন, টায়ার কর্পোরেশন, প্রভৃতি কারখানার জল পচা খাল দিয়ে ঐ বিলে নামে। আমি রিভার রিসার্চ ইনস্টিটিউটকে দিয়ে ঐ বিলের জল পরীক্ষা করিয়ে দেখেছি তাতে বায়ো-অক্সিজেনের ডিমান্ড অত্যন্ত বেশী আছে। ফলে ঐ জলে চায এবং তা মানুষের গায়ে লাগানো ঠিক না। ঐ বর্ত্তির বিল তিন লক্ষ বিঘা জায়গা নিয়ে। ওখানে যদি ধানের চায হয় তাহলে ২ লক্ষ মেট্রিক টন ধান হতে পারে এবং ১ কোটি শ্রম দিবস সৃষ্টি হতে পারে। সেখানে অনেক লোক মাছ চাযও করত। কিন্তু ঐ বিষাক্ত জলেব জন্য সব মাছ মারা গেছে। আর, শুধু মাছ ও ফসল নষ্ট হচ্ছে না, যারা ঐ বিলে কাজ করছে তাদের হাতে-পায়ে ঘা হচ্ছে। ধানের গোড়া পচে যাচ্ছে। সেখানে পি. এইচ. অত্যন্ত খারাপ। বায়ো-অক্সিজেন ডিমান্ড অত্যন্ত বেশী থাকার ফলে লক্ষ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। পরিবেশ সংক্রান্ত বিষয়ে অনেক দপ্তরের কাজকর্ম জড়িয়ে আছে।

ইদানিংকালে আমাদের দেশে হাইব্রিড বীজের ব্যবহার অর্থাৎ বন্ধ্যা ব্রীজের ব্যবহার শুরু হয়েছে।

আমরা সকলেই জানি বন্ধ্যা বীজ তৈরী করার জন্য ডি. এন. এ. বা জার্মোপ্লাজম্ থেকে কয়েকটা জিন্ বাদ দিয়ে রিলেটেড্ জিন্ সেখানে স্থাপন করা হয় এবং সেক্ষেত্রে টেট্রাসাইক্লিন ব্যবহার করা হয়। টেট্রাসাইক্লিনের যে অংশ মানুযের মধ্যে বেশী বেশী ব্যবহার করা গেছে সেখানে ক্যানসারের সম্ভাবনা বেশী দেখা গেছে। আমি বলতে চাই, আমাদের দেশে হাইব্রিডের যে সমস্ত ধান, কপি ও বিভিন্ন সবজি বীজ আমদানি করা হয় তার থেকে ক্যানসারে আক্রান্ত হওয়ার সম্ভাবনা আছে। আমরা বিগত দিনে ডি. ডি. টি. ব্যবহার করেছিলাম। যখন পৃথিবীর উন্নত দেশগুলো ডি. ডি. টি. বর্জন করেছে তখন ভারতবর্ষ ডি. ডি. টি. ব্যবহার করছে। এই ডি. ডি. টি. মানব শরীরে যাদের মধ্যে ১ কে. জি. সঞ্চিত আছে তারা ক্যানসারে মারা যাচ্ছে। যারা ক্যানসারে আক্রান্ত হচ্ছে তাদের শরীরে ডি. ডি. টি. বেশী করে পাওয়া যাচ্ছে। স্বাভাবিক ভাবে আমি এই বিষয়গুলোর উপর মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিরোধীদের আনীত কাট-মোশানের বিরোধিতা করে এবং পরিবেশ দপ্তরের এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি পরিবেশ দপ্তরের বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের আনীত কাট-মোশানকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। দিনের শেষে এই শেষ বেলায় বাজেটে আমি অংশগ্রহণ করতাম না। কিন্তু আমার মনে হয় পরিবেশ দপ্তর খুব গুরুত্বপূর্ণ দপ্তর। কিন্তু আমরা এখনও পর্যন্ত পরিবেশ দপ্তর বা পরিবেশ সংক্রান্ত ব্যাপারে যথেষ্ট গুরুত্ব দিচ্ছি না। বিশেষ করে আমরা যারা রাজনীতি করি তাঁদের এই নিয়ে আরও সচেতন হওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। আপনি নিশ্চয়ই জানেন সারা পৃথিবীতে মানুষ যে উন্নতি করছে তার ফলে মানুষ বড় বড় কারখানা থেকে আমাদের বায়ুমন্ডলে বিষাক্ত গ্যাস ছাড়ছে। এর ফলে আমাদের পৃথিবীকে

ঘিরে যে ওজোন স্তর রয়েছে সেই ওজন স্তর আস্তে আস্তে ফুটো হয়ে যাচ্ছে। যার ফলে গ্রাউন্ড হাউস এফেক্ট হচ্ছে। সূর্যের অতি বেগুনী রশ্মি বা আলট্রা ভায়োলেট রে থেকে ওজোন স্তর পৃথিবীকে বাঁচায়। কিন্তু ওজোন স্তর ফুটো হয়ে যাওয়ার ফলে সূর্যের অতি বেগুনী রশ্মি পৃথিবীতে আসছে। এর ফলে গ্লোবাল ওয়ার্মিং হচ্ছে। তার ফলে টেমপারেচার বৃদ্ধি পাচ্ছে। এ ব্যাপারে পরিবেশবিদরা চিন্তা করছেন যে, পৃথিবীতে টেমপারেচার এতো বৃদ্ধি পাবে যে তাতে সমুদ্রের টেমপারেচার বেড়ে গেলে বিভিন্ন জায়গায় সমুদ্রে বন্যা হবে এবং নানা পরিবেশগত সমস্যা হবে। সুতরাং মানুষকে আরও সচেতন হতে হবে। কিন্তু আমার মনে হয় আজ থেকে ২৩ বছর আগে সকলে এ ব্যাপারে সচেতন ছিলেন না। ১৯৭২ সালে স্টকহোমে আর্থ সামিট্ হয়েছিল। তখন শ্রীমতী ইন্দিরা গান্ধী ভারতের প্রধানমন্ত্রী ছিলেন। তিনি পৃথিবীর উন্নত দেশগুলোকে উদ্দেশ্য করে বলেছিলেন, 'তোমরা এখন বলছ আমাদের পরিবেশকে উন্নত করতে হবে। কিন্তু পৃথিবীকে তোমরা দূষিত করেছো। এখন তোমরা উন্নত হয়ে গেছ, সেজন্য তোমরা এখন তৃতীয় দুনিয়ার ঘাড়ে দোষ চাপাতে চাইছ'। স্টকহোমের সামিট থেকে এই জিনিষ বেরিয়ে এসেছিল। ১৯৯৩ সালে রিওতে আর্থ সামিট্ হয়েছিল। পৃথিবীতে এখন বিশেষ করে জল এবং বায়ু দূষণের ফলে যে গুরুতর সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যা নিয়ে রিওতে একটা ডিক্লারেশন হয়েছে যে, মানুষ এখন কোন রাস্তা নেবে? ভারতবর্ষের কাছে এটা এখন গুরুত্বপূর্ণ সমস্যা হয়ে দাঁড়িয়েছে। আমাদের মত দরিদ্র দেশে ডেভেলপমেন্ট দরকার। সঙ্গে সঙ্গে আমাদের পরিবেশকে রক্ষা করা দরকার। এই যে এনভায়রণমেন্ট ভার্সাস্ ডেভেলপমেন্টের যে লড়াই সেই লড়াই ভারতবর্ষের নানা জায়গায় নানা শেপ্ নিয়েছে। মেধা পাটেকর নর্মদা বাঁচাও আন্দোলন করছেন। তিনি বলছেন নর্মদা সরোবর ড্যাম্ যদি উঁচু হয় তাহলে জঙ্গল ডুবে যাবে, আদিবাসীদের গ্রাম ডুবে যাবে। আবার গুজরাট সরকার বলছেন, নর্মদা সরোবর ড্যাম্ উঁচু না হলে জল পাঠাতে পারব না, ফলে প্রয়োজনীয় জল বিদ্যুৎ দিতে পারব না। এই জায়গায় কনফ্লিক্ট হচ্ছে। ভারতবর্ষের মত দেশে এটা আশ্চর্য নয়। তেহেরি গাড়োয়ালে সর্দার সরোবর ড্যাম্ করার বিরুদ্ধে সুন্দরলাল বহুগুণা প্রতিবাদ আন্দোলন করছেন। তিনি কি বলছেন? পাহাড় ডুবে যাবে, ধস নেমে যাবে, ভূমিকম্প হবে। আর উত্তরপ্রদেশ সরকার বলছে, 'এ' পাহাড়ে যদি আমরা বাঁধ দিতে না পারি তাহলে জল-বিদ্যুৎ উৎপন্ন হবে না।' এক সময় কেরালার সাইলেন্ট ভ্যালি ড্যাম নিয়েও এই জিনিস হয়েছে। সুতরাং গোটা ভারতবর্ষের জন্য একটা সামগ্রিক এন্ভাইরণমেন্টাল ডিসিশন, একটা এন্ভাইরণমেন্টাল পলিসি একান্তভাবেই নেওয়া প্রয়োজন হয়ে পড়েছে। সেক্ষেত্রে আমাদের পশ্চিমবাংলার পরিবেশ দপ্তরেরও কিছু ভূমিকার প্রশ্ন এসে যাচ্ছে। এটা আমি মানি যে, পরিবেশের মত সাবজেক্টের আইনগুলি মূলতঃ কেন্দ্রীয় সরকার তৈরী করে এবং সেগুলি বিভিন্ন রাজ্যে ইমপ্লিমেন্টেড হয়। রাজ্য হচ্ছে মূলতঃ ইমপ্লিমেন্টিং এজেন্সী। বড় ফাণ্ড, বড় টাকা-পয়সা, সেগুলি এখনো কেন্দ্রীয় সরকারের অধীন। স্যার, আপনি নিশ্চয়ই জানেন কেন্দ্রীয় সরকারের এন্ভাইরণমেন্ট ডিপার্টমেন্টের অধীন বন দপ্তর। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমাদের রাজ্যে ফরেষ্ট এন্ভারইণমেন্ট ডিপার্টমেন্টের মধ্যে নেই, যে কোন কারণেই হোক। রাজনৈতিক

কারণে হয়ত এন্‌ভায়রণমেন্ট থেকে ফরেষ্টকে আলাদা করে দেওয়া হয়েছে। আমি মনে করি না এটা কোন লজিক্যাল ডিভিসন। আজকে পশ্চিমবাংলার যদি এন্‌ভাইরণমেন্ট নিয়ে আলোচনা করতে হয় তাহলে তার মধ্যে ফরেষ্ট, ওয়েটল্যাণ্ড সমস্যা, ফিসারিজকে যুক্ত করেই আলোচনা করা উচিত। এই যে গঙ্গা অ্যাকশন প্ল্যান বা নদীগুলি পরিষ্কার করার ব্যাপার আছে, তার জন্য ইরিগেশন ডিপার্টমেন্ট দায়িত্বে রয়েছে। আবার কলকাতার গঙ্গা অ্যাকশন প্ল্যান মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট ইনিসিয়েট করছে। গাড়ি থেকে ধোঁয়া বেরচ্ছে, তার সঙ্গে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট যুক্ত আছে। এই অবস্থায় যেটা দরকার, সেটা হচ্ছে, রাজ্য সরকারের একটা হাই পাওয়ার নোডাল কমিটি করে দেওয়া যাতে আমরা একটা এন্‌ভায়রণমেন্টাল পলিসি নিতে পারি। আজকে সারা পৃথিবীতে নতুন যে কথাটা চালু হয়েছে, তা হচ্ছে, সাসটেনেব্‌ল্‌ ডেভেলপমেন্ট। আর মানে শুধু উন্নয়নই নয়, এমন উন্নয়ন ব্যবস্থা গ্রহণ করতে হবে যা পরিবেশকে নষ্ট করবে না এবং যেটাকে ধরে রাখা যাবে। আজকে আমাদেরও লক্ষ্য হওয়া উচিত সাসটেনেব্‌ল্‌ ডেভেলপমেন্ট-এর জন্য একটা পলিসি তৈরী করা। কিন্তু আমার মনে হয় এই রাজ্যে আমরা সাসটেনেব্‌ল্‌ ডেভেলপমেন্ট-এর ব্যাপারে একটা পরিষ্কার পলিসি করার ক্ষেত্রে পিছিয়ে আছি। এ-ব্যাপারে আমাদের আরো অনেক বেশী কিছু করার প্রয়োজন আছে। সেটাই আমি মাননীয় মন্ত্রীকে ভেবে দেখতে বলব। এবং সেখানেই আমার খারাপ লাগে, যখন দেখি এই দপ্তর তার বরাদ্দকৃত টাকা খরচ করতে পারছে না। আমি বলব যে, আপনি দেখেছেন এবারে ২৪ কোটি ৩০ লক্ষ টাকার বাজেট মাননীয় মন্ত্রী রেখেছেন। তার মধ্যে ১৭ কোটি ৫০ লক্ষ টাকার প্ল্যান বাজেট। এটা ভাল। ডিপার্টমেন্টের বেশীর ভাগ টাকাই পরিকল্পনা খাতে ধরা আছে। কিন্তু গত বছর কি হয়েছিল? দুর্ভাগ্যবশতঃ এনভায়রণমেন্টের যে সাবজেক্ট কমিটি আছে তারা গত বছর বাজেট অ্যানালাইসিস করে নি। তারা বিভিন্ন জায়গা ঘুরে একটা ট্যুর রিপোর্ট দিয়েছে। আমি খোঁজ করছিলাম যে, বাজেট অ্যানালাইসিস আছে কিনা, কিন্তু দেখলাম, সেটা নেই। এখানে যে বইটা দেওয়া হয়েছে, এটা বিভিন্ন জায়গা ঘুরে একটা রিপোর্ট দেওয়া হয়েছিল, সেটাই দেওয়া আছে। বাজেট অ্যানালাইসিস'টা কি? বাজেট অ্যানালাইসিস হচ্ছে, গত বছর অরিজিনাল বাজেট এস্টিমেট ছিল ২৪ কোটি ৩৫ লক্ষ টাকা। রিভাইজড এ্যাস্টিমেট হচ্ছে ১১ কোটি ৮০ লক্ষ টাকা। অ্যাকচ্যুয়াল কত, তা আমি এখনো জানি না। কত খরচ হয়েছে শেষ পর্যন্ত, কত রিলিজ হয়েছে? ২৪ কোটি ৩৫ লক্ষ টাকার বাজেটের ১১ কোটি ৮০ লক্ষ টাকা যদি খরচ হয় বা রিভাইজড এস্টিমেট হয় তাহলে সেই দপ্তরকে কি সফল বলা যায়? না, বলা যায় না। এতে মূল জায়গাটা কোথায় তা মানববাবু বলবেন। সবচেয়ে বেশী টাকা যেখানে দেওয়া হয়েছিল, সেটা হচ্ছে স্যার, ইণ্ডাষ্ট্রিয়াল পলিউশানের ক্ষেত্রে এবং সেটা ও. ই. সি. এফ. প্রোজেক্ট ছিল। তাতে ১৬ কোটি ৫৫ লক্ষ টাকা গত বছর ইনিসিয়ালি ধরা ছিল, পরে সেটা কমিয়ে ৪ কোটিতে আনা হয়েছে। মানববাবু ব্যাখ্যা করবেন কেন ইণ্ডাষ্ট্রিয়াল পলিউশন কন্ট্রোল প্রোজেক্ট-এ ও. ই. সি. এফ.-এর লোন থাকা সত্বেও ১২ কোটি ৫৫ লক্ষ টাকা খরচ করতে পারেন নি? আমি আশা করব, উনি হাউসে ব্যাখ্যা করবেন। এর পাশাপাশি আমি এখানে বলব স্যার, আমরা দেখছি—

গ্রান্টস-ইন্-এড্, বিভিন্ন সংস্থাকে টাকা দেওয়ার ব্যাপারে আছে। মানববাবুর বাজেট বক্তৃতায় উল্লেখ আছে, "পরিবেশ সচেতনতা সৃষ্টি করব। তার জন্য সেমিনার করব, পদযাত্রা করব, পোষ্টার দেব, ক্যাম্পেন করব।" কিন্তু সরকার থেকে তো সামান্য সামান্য সাহায্য দেওয়া হয়। সেখানেও আপনার ছিল এনভায়রণমেন্টাল অ্যাওয়ারনেস প্রোগ্রাম। যে ২৫ লক্ষ টাকার বাজেট ছিল, সেটা কমিয়ে ১৬ লক্ষ টাকা করা হয়েছে কেন - এটা আমি জিজ্ঞাসা করতে চাই? আবার দেখুন, আর একটা স্কীম সেটা হচ্ছে, ওয়েস্ট বেঙ্গল আরবান এনভায়রণমেন্ট প্রোজেক্ট। এখানে গ্রান্ট-ইন-এড্ ১৭ লক্ষ টাকা, রিভাইজড এস্টিমেট্ ১ লক্ষ টাকা। এখানে মানববাবু নিশ্চয়ই এক্সপ্লেন করবেন কেন এই রকম বাজেটে ড্রাসটিকালি রিভাইজড্ হল? সেই ফিগারটা সাবজেক্ট কমিটির রিপোর্টে পাইনি - ২৪ কোটি ৩৫ লক্ষ টাকার মধ্যে অ্যাক্চুয়ালি কত অ্যামাউন্ট খরচ হয়েছে, ফিনান্স থেকে কত ক্লিয়ারেন্স পেয়েছেন? তার কারণ উনি এবার ১৭ কোটি ৫০ লক্ষ টাকা প্ল্যানে রেখেছেন। সুতরাং আমার এটা বুঝতে হবে প্ল্যানের টাকা যেটা দেবার কথা উনি বলেছেন সেই টাকা খরচ যদি না হয়, আবার বাজেট যদি রিভাইজড হয়ে যায় তাহলে এই প্ল্যানে বিরাট টাকা দিয়ে কি লাভ হবে - এটা একটু দেখার দরকার আছে। নেক্স্ট যে কথাটা বলতে চাই, আজকে পরিবেশের ব্যাপারে অ্যাডভানটেজ বলুন আর ডিস-অ্যাডভানটেজ্‌ই বলুন আদালতরা হয়ে দাঁড়াচ্ছে। আদালত নিয়ে এই হাউসে আলোচনা করতে পারি বলে তাই করছি, বাইরে করলে এটা আদালত অবমাননা হয়ে যাবে। সুপ্রীম কোর্ট বিভিন্ন সময়ে কারখানা পলিউশনের ব্যাপারে তার রায় দিয়েছেন। আগ্রার তাজমহলকে বাঁচানোর জন্য তারা রায় দেওয়ায় ফাউনড্রি ইনডাসট্রি বন্ধ হয়ে গেছে। আমাদের পশ্চিমবাংলাতেও বহু কারখানা সুপ্রীম কোর্টের লিস্টে ছিল, তাতে ওরা বন্ধ করে দেবার কথা বলেছেন এবং এখানেও আরো একটি দপ্তর - লেবার দপ্তর এ ব্যাপারে ক্লোজলি যুক্ত যারা কারখানা বন্ধ করে দিতে বলতে পারেন। কিন্তু সেই লোকগুলি যারা ঐসব কারখানায় কাজ করেন তারা যাবেন কোথায়? তাদের অর্থনৈতিক সমস্যার সমাধান কে করবেন? আবার সেই এনভায়রণমেন্ট ভারসেস ডেভেলপমেন্ট। আপনি নতুন কারখানা করার সময়ে কেয়ারফুল হতে পারেন, কিন্তু পুরানো কারখানার ক্ষেত্রে বলতে পারেন পলিউশন কন্ট্রোল ডিভাইস-এটা লাগান, ওটা লাগান। কিন্তু একদম বন্ধ করে দেবার সুপ্রীম কোর্টের যে রায় সেই রায়কে আমি সমর্থন করি না, যদিও সুপ্রীম কোর্টের রায়ই হচ্ছে দেশের ল্। ঠিক একই কথা সুপ্রীম কোর্ট কোস্টাল রেগুলেশন জোনের ব্যাপারে যে রায় দিয়েছেন তাতে বহু ফিসারী বন্ধ হয়ে গেছে। আবার সেই সমস্যা। গরীব লোক যারা ফিসারীতে কাজ করতো তাদের সব কাজ গেছে। তার ফলে সুপ্রীম কোর্ট যে লিগালিস্টিক ভিউ নিয়েছে, আমি সেটাকে বলি একটা প্রাগমেটিক ভিউ। কারণ এটা এনভায়রণমেন্টের জন্য, এ্যট দি সেম টাইম এনভায়রণমেন্ট তো মানুষের জন্যও। কিন্তু সেই মানুষের পেটটা যাতে চলে এই ব্যাপারটা দেখা দরকার। ইনডাসট্রিয়াল সেফ্‌টি একটা বড় ব্যাপার। আমাদের কলকাতা শহরে ছোট-খাট এত ইনডাস্ট্রি আছে যা আমরা জানি না কোথায় কোন্ দাহ্য পদার্থ কোন্ ইনডাস্ট্রি রয়েছে। তার ফলে আমরা সমস্যা বোধ করি। মানববাবু দেখেছিলেন - ২ বছর

আগে দাশনগরের একটি কারখানায় ১৯৯৮ সালে আগুন লেগে গিয়েছিল। দীর্ঘদিন ধরে সেই আগুন নেভানো যায় নি. বহু প্রতিবাদ করেছিলেন, কারণ সেখানে খুবই বিপজ্জনক কেমিক্যাল রাখা ছিল। কলকাতায় এই রকম ছোটখাট অসংখ্য কেমিক্যাল কারখানা রয়েছে। তাই ইনডাস্ট্রিয়াল সেফ্টির একটা ব্যাপার আছে। সেই ব্যাপারটা দেখার দায়িত্ব লেবার দপ্তরের। কিন্তু আমরা দেখছি, লেবার দপ্তর ঐ ইন্ডাস্ট্রিয়াল সেফ্টির ব্যাপারে খুব কম কেস করছেন এবং কলকাতার রাস্তায় ছোট-খাট ব্যাটারী ম্যানুফ্যাকচারিং-এর কারখানা থাকে যারা অ্যাসিড এবং লেড্ ব্যবহার করে যেগুলি খুবই পলিউটিং। লেড কিন্তু আমাদের সিস্টেমে জমে যায়। এই ব্যাপারেও প্রপার কন্ট্রোল আসেনি। সময় সময় আমরা দেখি, আমাদের এভায়রণমেন্ট দপ্তর নিজেরা যে কাজ করতে পারছেন না তার জন্য হাইকোর্টের সাহায্য নেন। আমি একটি উদাহরণ দিচ্ছি, সিধু-কানহু-ডহরে মিটিং করা যাবে না - হাইকোর্টের এই রায়ে সরকার বোধ হয় খুশী হয়েছেন। কারণ এত ডেসিবেলের বেশী সেখানে মাইক বাজানো যাবে না। সরকার নিজেরা এটা করতে চেয়েছিলেন, কিন্তু দেখলেন, এটা আন-পপুলার ডিসিশন। কিন্তু হাইকোর্ট রায় দিয়ে দিয়েছেন, এখন সরকার এটা থেকে মুক্ত। তাই আবার বলছি, ক্লিয়ারেন্স দিতে কত দিন লাগে? মাননীয় সদস্য শ্রী অম্বিকা ব্যানার্জী মহাশয় এই হাউসে বলেছিলেন, ডেভেলপমেন্টের ব্যাপারে পলিউশন কন্ট্রোল বোর্ড ক্লিয়ারেন্স দিতে বড্ড দেরী করছেন। আপনারা এটা ভাল করে দেখুন, পলিউশন ক্লিয়ারেন্স দেবেন, কি দেবেন না - এই ব্যাপারটা তাড়াতাড়ি করুন। দুই, আপনারা পলিউশন কন্ট্রোল বোর্ডের উপর দেবকুমার বসুকে বসিয়ে রেখেছেন। উনি ভাল অর্থনীতিবিদ্, পুরনো পার্টির মেম্বার। এর আগে ফুয়েল সারচার্জের উপর রিপোর্ট দিয়ে উনি সমালোচিত হয়েছেন, বদনাম হয়েছে। যদিও উনি ব্যক্তিগতভাবে সৎ লোক, কিন্তু একজন ইকনমিস্টকে দিয়ে পলিউশন কন্ট্রোল বোর্ড চলবে না। একজন টেক্নিক্যাল লোক, এনভায়রণলজিস্ট-ইঞ্জিনিয়ারকে দিয়ে, এমিনেন্ট ইঞ্জিনিয়ারকে পলিউশন কন্ট্রোল বোর্ডের হেড করার দরকার আছে বলে মনে হয়।

[5.10–5.20 p.m.]

এখন পাশের বাড়ীর সাথে ঝগড়া হ'লে পলিউশান কন্ট্রোল বোর্ডে গিয়ে একজন বলছে যে ওর বাড়ীর ধোঁয়া আমার ঘরে ঢুকে যাচ্ছে। এখন কতটা এ্যালাউড, কতটা এ্যালাউড নয় এই প্যারামিটার-টা জানাতে হবে। মূল ব্যাপারটা হচ্ছে, এনভায়রণমেন্ট সম্পর্কে মানুষের এ্যাওয়ারনেস খুব সীমিত। আমাদের এত বেশী দারিদ্র্য—দারিদ্র্য হচ্ছে সবচেয়ে বড় পলিউটার। প্রথম দুনিয়ার দেশগুলি আমাদের দেশের উপর পুরানো টেকনোলজি চাপিয়ে দিচ্ছে। বেশী পলিউটিং জিনিস আমাদের উপর চাপিয়ে দিচ্ছে। এখন বলছে ইউরো ওয়ান, ইউরো টু করো, আগে ওরা বাজে গাড়ীগুলি এ দিকে চালান করে দিয়েছে। এখন রাতারাতি বলা হচ্ছে যে ১৫ বছরের পুরানো গাড়ী চলতে দেব না। ভালো কথা কিন্তু ১৫ বছরের পুরানো গাড়ীগুলি যদি একদিনে বন্ধ করে দেন তা হলে সেই লোকগুলি খাবে কি? ভারতবর্ষের অটো ম্যানুফাকচারার্সরা গাড়ী বার করার

সময় বলুন যে আমরা ইউরো ওয়ান, ইউরো টু চালু করবো কিম্বা ইন্ডিয়া ২০০০ চালু করবো। এটা সিরিয়াস প্রবলেম। এটা কিন্তু আমরা ভালো ভাবে দেখছি না। সুপ্রীম কোর্ট এ ব্যাপারে যে রায় দিয়েছে হঠাৎ করে, এই রায় মনে হয় না ওয়াইজ রায়। সুভাষবাবু কলকাতা রাষ্ট্রীয় পরিবহণের বাসগুলি তো সবচেয়ে বেশী পলিউশান করছে। কেন সেই বাস ধরা হচ্ছে না। সেখানে ট্রাম তুলে দিয়ে আপনারা বাস চালাচ্ছেন। এইসব কারণে এই বাজেটের বিরোধিতা করে এবং দপ্তরকে আরও সক্রিয় করার জন্য মন্ত্রীমহাশয়ের কাছে দাবী রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবেশ বিভাগের মন্ত্রীমহাশয় কর্তৃক আনীত ৮৯ এবং ৮২ নং দাবীকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। মাননীয় মন্ত্রী, তিনি যুবক, তার স্বপ্ন আছে এবং তিনি সেইভাবেই বিচার বিশ্লেষণ করে কাজ করার চেষ্টা করছেন। আমদের দেশের যা অর্থনৈতিক অবস্থা, শিক্ষার যা মান সেখানে আজকে পরিবেশ সংক্রান্ত যে স্পেসিমেনগুলি, তার যে শর্তগুলি চাপিয়ে দেওয়া হচ্ছে সেইভাবে হলে আমাদের দেশে শিল্পের উন্নতি হতে পারে কিনা সেটা ভেবে দেখা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ, কারণ তিনি ট্রান্সপোর্টের ক্ষেত্রে ইউরো-ওয়ান টু সম্পর্কে আবার ভাবনাচিন্তা করছেন। তার কাছে আবেদন, এ সম্পর্কে বাস্তব সম্মত সিদ্ধাণ্ড নিন। আমার মনে হয়, আমাদের মতন গরিব, উন্নয়নশীল দেশে পরিবেশ সংক্রান্ত শর্তগুলি এইভাবে চাপিয়ে দিলে আমাদের শিল্পায়ণের উদ্যোগের ক্ষেত্রে তার প্রতিক্রিয়া কি হবে সেটা ভেবে দেখা দরকার। আমাদের পুঁজির অভাব, সেই পুঁজির সীমাবদ্ধতার সুযোগ নিয়ে বিদেশী পুঁজি আমাদের উপর আরও বেশী করে চেপে বসবে এবং তার ফলে আমরা বিদেশী পুঁজির দাসে পরিণত হব। আমাদের দেশে সাধারণ সিভিক সেন্সের এখনও অভাব রয়েছে। রাস্তাঘাটে যত্রতত্র ন্যুইসেন্স কমিট করে মানুষ। আমাদের পৌরসভাগুলি পৌর পরিষেবার ন্যুনতম প্রয়োজনটুকুও মেটাতে পারে না। এই যেখানে অবস্থা সেখানে পরিবেশ সংক্রান্ত যে কথাগুলি বলা হচ্ছে সেগুলি মানা আমাদের পক্ষে বিলাসিতা ছাড়া আর কিছু নয়। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের বিবেচনার জন্য কয়েকটি বিষয় রাখছি। প্রথমতঃ আমাদের পৌর অঞ্চলে যে গারবেজ বেরয়, আমরা দেখি সেই গারবেজগুলি যত্রতত্র ফেলা হয়, এমন কি বসতি স্থানেও ফেলা হয়। এই গারবেজ থেকে সার তৈরি হতে পারে, বায়ো গ্যাস হতে পারে। মাননীয় মন্ত্রীমহাশয়কে সে দিকে চিন্তাভাবনা করার জন্য অনুরোধ জানাচ্ছি। তারপর পরিবেশ সংক্রান্ত সচেতনতার ব্যাপারটা প্রাথমিক স্তরে সবচেয়ে বেশী গুরুত্ব দেওয়া দরকার। আজকে এজন্য যে পদক্ষেপ নিয়েছেন সেটা সমর্থনযোগ্য। তার সঙ্গে একথা বলবো যে, আমাদের শিক্ষার সাথে পরিবেশ সচেতনতাকে যুক্ত করে প্রাথমিক স্তর থেকে এই পরিবেশকে শিক্ষার কর্মসূচীর মধ্যে, পাঠ্যপুস্তকে আনতে পারেন কিনা সেটা দেখুন। দ্বিতীয় হচ্ছে, আমাদের শিল্পে পরিবেশ সংক্রান্ত যে লাইসেন্স লাগে, যে আদেশ লাগে সে ক্ষেত্রে আপনাকে বলবো যে এই বিষয়েও চিন্তাভাবনা করতে হবে। মাল্টি ন্যাশানাল কম্পানীগুলি, বড়বড় শিল্পপতিদের নূতন শিল্পের ক্ষেত্রে এগুলি প্রয়োগ করার চেষ্টা করুন। কিন্তু সেখানে পুরানো যে শিল্প আছে, এই শিল্পগুলিতে পরিবেশের শর্ত যদি চাপিয়ে দেন তাহলে

সেগুলি বন্ধ হয়ে যাবে। যে কথা বলেছেন সৌগত রায়, তার সঙ্গে সহমত হয়ে বলছি যে, এই বিষয়ে যদি সচেতন না হন তাহলে যে আর্থিক অসুবিধা সেটা দেখা দেবে এবং কলকারখানা বন্ধ হয়ে যাবে। আপনার হাত বাধা। আমরা দেখেছি যে, সুপ্রীম কোর্ট, হাইকোর্ট আপনার হাত বেঁধে দিয়েছে। আমার মনে হয় এই ব্যাপারে একটা ন্যাশান্যাল ডিবেট হওয়া দরকার। আমাদের দেশের জাতীয় পরিস্থিতির ক্ষেত্রে এই পরিবেশ সম্পর্কে একটা জায়গায় যাওয়া দরকার। এই ব্যাপারে যদি একটা ন্যাশানাল ডিবেট আনতে পারেন তাহলে সুপ্রীম কোর্ট বলুন, হাইকোর্ট বলুন, জাতীয় স্তরে আমাদের মানসিকতা তারা বুঝতে পারবে। কাজেই আপনি শুধু আইনের উপরে নির্ভর না করে বাস্তব অবস্থার উপরে দাঁড়িয়ে আমাদের নির্দেশ দেবেন। এই কথা বলে আপনার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** মানববাবু, আপনার কত মিনিট সময় লাগবে, ১৫ মিনিট হলে হবে?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** আর একটু বাড়িয়ে দিলে সুবিধা হয়।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আমাদের সময় আছে ১০ মিনিট। আমি আরো ১৫ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি। আশা করি আপনাদের কারো আপত্তি নেই। (সকলের সম্মতি জ্ঞাপন) আরও ১৫ মিনিট সময় বাড়ানো হল।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের সদস্যরা যে ছাঁটাই প্রস্তাব এনেছেন, আমি সেগুলির বিরোধিতা করছি এবং তাদের বক্তব্যের যে মূল সুর তার সঙ্গেও আমি দ্বিমত পোষণ করছি। বিরোধী দলের দু'জন মাননীয় সদস্য দুটি নির্দ্দিষ্ট বিষয়ে উল্লেখ করেছেন। আমি প্রথমে সেই নির্দ্দিষ্ট বিষয়ে উত্তর দেব। তারপরে সাধারণ ভাবে যে কথা বলা হয়েছে তার উত্তর দেব। পঙ্কজবাবু অভিযোগ করেছেন যে একটা পুকুর বোজানোর মামলায় পলিউশান কন্ট্রোল বোর্ডের উকিল পুকুর বোজানোর পক্ষে ওকালতি করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য এখানে নেই। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে, আপনার তথ্যটা ভুল। একজন এ্যাডভোকেট কলকাতা কর্পোরেশানের হয়ে ওখানে ওকালতি করেছেন। তিনি কখনও কখনও আমাদের পলিউশান কন্ট্রোল বোর্ডে নানা মামলা করে থাকেন। কোন ইনডিভিজুয়াল প্রফেশন্যাল, তিনি যদি সেই মামলাতে তাদের পক্ষ হয়ে বলেন তাহলে তার দায়িত্ব পলিউশান কন্ট্রোল বোর্ডে নয়। আর এই রকম ঘটনা ঘটে থাকে যে, বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিত্ব তারা ওকালতি পেশায় বিভিন্ন ব্যক্তির হয়ে বক্তব্য পেশ করেন। পঙ্কজবাবু দুই দিন আগে যে দলে ছিলেন, সেই দলের একজন প্রাক্তন সাংসদ কলকাতায় শব্দ দূষণ সৃষ্টি করে যে বাজিগুলি, সেগুলি যাতে ফাটতে দেওয়া হয় সেই পক্ষে মামলা করেছেন। এটা প্রফেশনের ব্যাপারে। পলিউশান কন্ট্রোল বোর্ডের কখনও কখনও মামলা করেন যিনি, তিনি অন্য পার্টিরও মামলা করেন তাহলে তার দায়িত্ব পলিউশান কন্ট্রোল বোর্ডের উপরে বর্তায় না।

দ্বিতীয় হচ্ছে, সৌগতবাবু বলেছেন যে, প্লান বাজেটে ১২ কোটি ৫৫ লক্ষ টাকা খরচ হয়নি। আপনি সঠিক ভাবে বলেছেন। ও. ই. সি. এফ. - আপনি জানেন যে জাপানী সংস্থা থেকে সাহায্য দেয়, একটা ঘটনা গত বছর হয়েছিল।

[5.20–5.30 p.m.]

আপনি সমলোচনা যা করলেন, সামগ্রিকভাবে আমাদের বক্তব্য শুনলে আমাদের সমর্থন করবেন বলে আমার ধারণা। সে ক্ষেত্রে জাপানী সংস্থা ও. ই. সি. এফের পরামর্শক্রমে একটি জাপানী সংস্থাকে নিয়োগ করা হয় এবং তারা আমাদের ল্যাবরেটরীর যন্ত্র কেনার ব্যাপারটা চুড়ান্ত করেন। কিন্তু আমরা তখন দেখি যে, সেই পরামর্শে আমাদের রাজ্য সরকারের স্বার্থ উপযুক্তভাবে রক্ষিত হয়নি। এরকম একটা ধারণা সৃষ্টি হয় যে, বিদেশী লোন নিলে তাদের কনসালটেন্ট নেওয়াটা যেন বাধ্যতামূলক। কিন্তু আমরা আইন ঘেঁটে দেখি, এটা বাধ্যতামূলক নয়। ফলে আমরা ও. ই. সি. এফের সঙ্গে ব্যাপারটা নিয়ে বসি এবং ঐ কনসালটেন্টকে বাতিল করে দিই এবং জাপানী ওই কনসালটেন্টের বদলে একটি সর্বভারতীয় রাষ্ট্রায়ত্ব সংস্থাকে কনসালটেন্ট হিসাবে নিয়োগ করতে সফল হই। এজন্যই ওই যন্ত্রপাতি কিনতে পারিনি, ও. ই. সি. এফের সঙ্গে ওই সমস্যার কারণে টাকাটাও খরচ হয়নি। এ বছর টাকাটা খরচ হবে। অনেকে বলেছেন, পরিবেশ দপ্তর যেহেতু অনেকগুলো দপ্তরের মধ্যে কাজ করে তার জন্য উচ্চ পর্যায়ের কো-অর্ডিনেশন কমিটি থাকা উচিত। কয়েকটি দপ্তর কেন, আমাদের রাজ্য সরকারের প্রতিটি দপ্তরের ডেভেলপমেন্ট প্রজেক্টের পরিকল্পনা করে দেয় পরিবেশ দপ্তর। পরিবেশগত ব্যাপারে স্ক্রুটিনির ক্ষেত্রে সর্বোচ্চ পাওয়ারপ্রাপ্ত সংস্থা হচ্ছে পরিবেশ দপ্তর, কাজেই দ্বিতীয় কোন কো-অর্ডিনেশন কমিটির প্রয়োজন নেই।

এখানে মাননীয় পঙ্কজবাবু বলেছেন যে, কলকাতা শহরের নার্সিংহোমগুলির বর্জ্যপদার্থের কারণে পরিবেশ দূষণ আমাদের ব্যর্থতার কারণে হচ্ছে এবং নার্সিংহোমের কোন হিসেব পর্যন্ত নেই। আমরা হিসেব নিয়েছি। কলকাতায় নার্সিংহোম এবং হাসপাতাল মিলিয়ে মোট ৫৫২টি রয়েছে। তার মধ্যে ৪৭৪টি থেকে বর্জ্যপদার্থ কলকাতা কর্পোরেশনকে সংগ্রহ করতে আমরা বাধ্য করছি। ৪৮টি সম্মতি দেয়নি। ৩৫টিকে নিয়ে মিটিং করেছি। ৫৫২টির মধ্যে ৪৭৪টিকে করতে পেরেছি। বাকিগুলির ক্ষেত্রে কিছুটা সমস্যা রয়েছে, তবে সেটাও হয়ে যাবে। ১০০ পারসেন্টই আমরা করতে পারবো। জলাভূমি বোজানো ইত্যাদি নিয়ে সমস্যা আছে। সৌগতবাবু জানেন যে, এক্ষেত্রে আইন আমরা করি না, দিল্লী করে। আমাদের পরিবেশ দপ্তরের কাছে এই জমি ভরাট রোধের কোন আইন নেই। ওয়েট ল্যান্ড যেটা পরিবেশ রক্ষার পক্ষে অত্যন্ত প্রয়োজন সেটা রক্ষা করবার জন্য আইন আজ পর্যন্ত ভারতবর্ষে হয়নি, অথচ দিল্লীর পরিবেশ মন্ত্রকের বয়স হয়েছে ২৫ বছর। এক্ষেত্রে ফিশারী বিভাগের একটা আইন আছে এবং আমাদের টাউন এ্যান্ড কান্ট্রি প্ল্যানিং এ্যাক্টের মধ্যে একটা আইন রয়েছে যার মাধ্যমে পুকুর ইত্যাদি বোজানো আটকানো যায়। কিন্তু প্রত্যক্ষভাবে আইনটা আমাদের হাতে নেই। এটা দ্বিতীয়

এবং তৃতীয় পক্ষের মাধ্যমে করতে হয়। কলকাতার মত একটা দ্রুত গতিতে এগিয়ে যাওয়া শহরে আর্বানাইজেশনের সমস্যাটা মারাত্মক। তার জন্য যেখানে এরকম জমি আছে সেটা জলাজমি হলেও বুজিয়ে মানুষ সেখানে বাড়ী করছেন। এই পথে কিছু মানুষকে সেখানে এ্যাকোমোডেট করে তারা ব্যবসা করছেন। এ ব্যাপারে, আমি ডেফিনিটলি বলবো, কিছু পুলিশী ব্যবস্থা অবশ্যই দরকার এবং ধরতে পারলে তাদের শাস্তি দেওয়াও দরকার। এ ব্যাপারে দায়িত্ব আমাদের নিশ্চয়ই আছে এবং এ ব্যাপারে সতর্ক হওয়ারও দরকার আছে। কিন্তু সত্যি যদি এর মূলে গিয়ে আঘাত করতে হয় তাহলে কলকাতায় জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে তাদের বাসগৃহের সমস্যা দূর করতে হবে। এ ব্যাপারে আপনাদের যে কনসার্ন সেটা আমরা অবশ্যই শেয়ার করি। যাতে এই বেআইনী কাজকর্ম হওয়ার ক্ষেত্রে স্বাভাবিক প্রবণতাটা কমে। এই ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ হচ্ছে নিউ ক্যালকাটা রাজারহাট টাউনশিপ। রাজারহাট টাউনশিপ সম্পর্কে পঙ্কজবাবু কিছু মন্তব্য করেছেন। ওনার জ্ঞাতার্থে আমি জানাতে চাই রাজারহাট নিউ ক্যালকাটা টাউনশিপ, ইষ্ট ক্যালকাটা ওয়েট ল্যান্ডের এক ছটাক জমির উপর হচ্ছে না। কাজেই ওনার ওই আশঙ্কা অমূলক যে ইষ্ট ক্যালকাটার ওয়েট ল্যান্ড বুজিয়ে রাজারহাট নিউ টাউনসিপ হচ্ছে। বরং আমাদের অভিজ্ঞতাটা কি? গত ২০-২৫ বছরে আমরা কি দেখেছি? কলিকাতা শহরটা বাড়ছে অপরিকল্পিত ভাবে। আপনি চান না চান, কলিকাতার আশেপাশে অপরিকল্পিত ভাবে নগরগুলি গড়ে উঠছে। পরিকল্পনা করে বেহালা এক্সটেনশান হয় নি, পরিকল্পনা করে দমদম এক্সটেনশান হয় নি। আমাদের কাছে অপশানটা পরিষ্কার। আমরা অপরিকল্পিত ভাবে কোন নগরায়ন করতে দেব নাকি পরিকল্পিত ভাবে নগরায়ন করবো যাতে সেখানে পরিবেশের সমস্যাটা না হয়? আমরা একটা পরিকল্পিত নগর চাই যাতে এই জনসংখ্যা বৃদ্ধির সমস্যাটা মোকাবিলা করবার পাশাপাশি পরিবেশের ডিগ্রেডেশানটা আটকাতে পারি। পরিবেশসম্মত ভাবে বাসস্থানের সমস্যার সমাধানের জন্য নিউ ক্যালকাটা টাউনশিপ। আমরা যদি নিউ ক্যালকাটা টাউনশিপ না করে হাত গুটিয়ে বসে থাকতাম তাহলে ২৫ বছর পরে আজকে যেখানে সবুজ জমি দেখতে পাচ্ছেন সেখানে কংক্রিটের জঙ্গল তৈরী হতো। জনসংখ্যার চাপেই হতো এবং সেটা হতো অপরিকল্পিত ভাবে যেটা পরিবেশের ক্ষেত্রে ক্ষতিকর। এই কাজটা হচ্ছে পরিকল্পিত ভাবে। কাজেই এটা নুতন শুরু হবে। এই স্বপ্ন দেখার পর আমরা হাউসিং দপ্তরের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছি। এই যে নিউ ক্যালকাটা টাউনসিপ হবে এটা ভারতবর্ষের বুকে প্রথম পরিবেশ সচেতন শহর, পরিবেশের ক্ষেত্রে প্রতিটি বিষয় সর্বাধিক গুরুত্ব দিয়ে আমরা দেখবো। আনপ্লান্ড আরবানাইজেশান না কি প্লান্ড আরবানাইজেশান, পরিবেশের কাছে এটা হচ্ছে সব চেয়ে বড় গুরুত্বপূর্ণ বিষয়। প্লান্ড আরবানাইজেশান মানে হচ্ছে সেখানে পরিবেশের সমস্যা কম আর আনপ্লান্ড আরবানাইজেশান মানে হচ্ছে পরিবেশের হাজারটা সমস্যা। জনসংখ্যা বাড়ছে, কংক্রিটের জঙ্গল ছেয়ে যাচ্ছে প্রতিটি জায়গায়। আমরা চাইছি এই কংক্রিটের জঙ্গলটা পরিকল্পিত ভাবে পরিবেশ সম্মত ভাবে নিউ টাউনশিপের মধ্যে আসুক। কলিকাতার পরিবেশের ক্ষেত্রে নিউ ক্যালকাটা টাউনশিপ একটা আশীর্বাদ। আমি আবার বলছি ইষ্ট ক্যালকাটার ওয়েট

ল্যান্ডের এক ছটাক জমিও স্পর্শ না করেই নিউ ক্যালকাটা টাউনশিপ হচ্ছে। উনি ঘোষ-বোস রিপোর্টের কথা উল্লেখ করেছেন। মাননীয় সদস্য পঙ্কজ বন্দ্যোপাধ্যায় নিশ্চয়ই জানেন, আজকে বলতে গিয়ে নিশ্চয়ই ভুলে গিয়েছেন যে এনভায়ারমেন্টাল ইমপ্যাক্ট এ্যাসেসমেন্ট-এর রিপোর্ট আমার সরকারই তৈরী করে। সেই রিপোর্টটা আমরা এবারে পরীক্ষা করে দেখবো। উনি একটা মোটা বই-এর কথা বলেছেন, সেই মোটা বই-টা আমরা সবাই পড়েছি, আমাদের দপ্তরের সব অফিসারকে ৫ বার করে এই বইটা পড়তে হয়েছে। কারণ এর উপর চূড়ান্ত রায় দেব আমরা, পরিবেশ দপ্তর। আমাদের হাউসিং ডিপার্টমেন্ট এনভায়ারমেন্টা ইমপ্যাক্ট এ্যাসেসমেন্ট রিপোর্ট ঘোষ-বোস রিপোর্ট নিয়ে তৈরী করেছে সেটা এবারে পরীক্ষা করে চুড়ান্ত রায়টা দেব আমরা, চুড়ান্ত পরামর্শ দেব আমরা। ওটা পড়ার জন্য আমি, না পড়লে আমি মন্ত্রী আছি কেন? ফলতঃ ঘোষ-বোস রিপোর্ট দেখে চুড়ান্ত রায় দেবার সময় সর্বশেষ ক্ষেত্রে আমরা যে চুড়ান্ত কথাগুলি বলবার চেষ্টা করবো সেইগুলি আপনাদের বলবার চেষ্টা করবো। আমরা একটা কথা বললে বিরোধী পক্ষ খুব চটে যায় সেটা হচ্ছে কিছু ক্ষেত্রে সেই সাথে পরিবেশের ক্ষেত্রেও সত্যি সত্যিই গোটা দেশের মধ্যে আমরা উদাহরণ তৈরী করছি। মাননীয় বিরোধী সদস্যরা জানেন যে কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী ২৯ ধরনের প্রোজেক্টে এনভায়ারমেন্টাল ইমপ্যাক্ট এ্যাসেসমেন্ট করাটা বাধ্যতামূলক। আমাদের বামফ্রন্ট সরকার যে সিদ্ধান্তটা করেছে তাতে আমরা এই ২৯-৩০ এই হিসাবের মধ্যে যাচ্ছি না। আমরা বলেছি আমাদের রাজ্য সরকারের উদ্যোগে যে কোন ধরনের বড় ডেভলপমেন্টাল প্রোজেক্টের ক্ষেত্রে রাজ্য সরকারী ভাবে এনভায়ারমেন্টাল ইমপ্যাক্ট এ্যাসেসমেন্টকে বাধ্যতামূলক করেছি। এই ২৯টি লিষ্টেড প্রোজেক্টের মধ্যে নিউ টাউনশিপ নেই। কোন হাইকোর্ট আমাদের নির্দেশ দেয় নি, কোন গ্রীণ বেঞ্চ আমাদের নির্দেশ দেয় নি, রাইটার্স বিল্ডিং থেকে আমরা সিদ্ধান্ত করেছি নিউ ক্যালকাটা টাউনশিপের ক্ষেত্রে ই. আই. এ. হবে। নিউ বম্বের ভাসিতে এই এনভায়ারণমেন্টাল ইমপ্যাক্ট এ্যাসেসমেন্ট মহারাষ্ট্র গভর্ণমেন্ট করেনি। যে ফ্লাই-ওভার প্রোজেক্টগুলি হচ্ছে কলিকাতার বুকে পরিবেশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, সেই ২৯টি লিস্টেড প্রোজেক্টেসের ক্ষেত্রে ফ্লাই ওভার নেই। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে সিদ্ধান্ত করেছি আমরা এনভায়ারণমেন্টাল ইমপ্যাক্ট এ্যাসেসমেন্ট করবো। আমাদের রাজ্যে আমাদের রাজ্য সরকারের যে কোন ডেভলপমেন্টাল প্রোগ্রামের ক্ষেত্রে আমরা এটা বাধ্যতামূলক করেছি যে এনভায়ারণমেন্টাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট করতে হবে।

[5.30—5.40 p.m.]

আপনার এনভায়ারণমেন্ট ইমপ্যাক্ট এ্যাসেসমেন্ট করতে হবে, আমরা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করব, আমরা যেমন মেট্রো রেল এক্সটেনশানের ক্ষেত্রে এনভায়ারণমেন্ট ইমপ্যাক্ট এ্যাসেসমেন্ট করতে বলেছি। ফলে গোটা দেশের যে উৎকণ্ঠা, আমাদের তার থেকে কোন অংশে কম নয়। এর জন্য আমরা অনেকগুলো পদক্ষেপ ইতিমধ্যে নিয়েছি। ইউরো ১ এবং ইউরো ২ নিয়ে বিতর্ক চলছে। এই বিষয়টিতে

বিভ্রান্তি আছে। আপনাদের জ্ঞাতার্থে জানাই যে দুটি প্রধান বিষয়ে সিদ্ধান্ত নিয়েছি। এখানে একটা সিদ্ধান্তের ঘাড়ে আরেকটা সিদ্ধান্ত চাপিয়ে দেওয়া হয়েছে। আমরা একটা সরাসরি যেটা করেছি নতুন গাড়ির ক্ষেত্রে - বৃহত্তর কলকাতায় যে নতুন গাড়ি আসবে, তবে যেগুলো ব্যক্তি মালিকানায় নন-কর্মাশিয়াল ভেহিক্যাল তার ব্যাপারে আমরা পরে আলোচনা করে একটা নির্দ্দিষ্ট দিন ঠিক করে দেব, আর নতুন গাড়ির ক্ষেত্রে সেইদিন থেকে ইউরো ১ কে ২০০০ স্ট্যান্ডার্ড মেনটেন করতে হবে। নতুন গাড়ি কিনলে সেই গাড়ি বৃহত্তর কলকাতায় ঢুকতে পারবে না যদি না কোম্পানীর থেকে পলিউশান সার্টিফিকেট না থাকে। পুরনো গাড়ির ক্ষেত্রে এটা নয়, এটা শুধু নতুন গাড়ির ক্ষেত্রে প্রযোজ্য, আর বাকী সমস্ত গাড়ির ক্ষেত্রে ২০০০ সালের ১লা এপ্রিলের পর ইন্ডিয়া ২০০০ স্টান্ডার্ড মেনটেন করতে হবে। এই যে দায় নতুন গাড়ি কেনার ক্ষেত্রে, এটা কোন ক্রেতার দায় নয়, কোন ব্যক্তি বিশেষের দায় নয়, এই দায়টা ম্যানুফ্যাকচারের। নতুন গাড়ি যারা কিনবেন তাদেরকে ওই গাড়ির কোম্পানীর থেকে সার্টিফিকেট দিতে হবে যে ওই গাড়ি পলিউশানের যে নর্ম আছে, ইন্ডিয়া ২০০০ স্ট্যান্ডার্ডের যে মাপকাঠি, সেই মাপকাঠির ভেতরেই এটা রয়েছে। আমি একটা খুব আশঙ্কার কথা বলব আশা করি বিরোধীরাও এই ব্যাপারে একমত হবেন যে, মারুতি ৮০০ গাড়ি ভারতবর্ষের রাস্তায় চলে তেমনি জাপান সরকারের সুজ্‌কী গাড়ির মডেলও কি জাপানের রাস্তাতে চলে? না আদৌ চলে না। তাহলে ভারতবর্ষের শিশুদের ফুসফুস কি জাপানের শিশুদের ফুসফুসের থেকে বেশী শক্তিশালী তা হলে কি ভারতবর্ষের প্রজনন একেবারে বন্ধ থাকবে? গোটা বিশ্বের এক রকম স্টান্ডার্ড আর ভারতবর্ষ, গরীব দেশ বলে এই দেশের প্রজন্মের কাছে গাড়ি বিষ তৈরী করে যাবে আমরা সেটা মেনে নেব? ওরা যে স্টান্ডার্ড ইমপোজ করবে আমরা সেটা মেনে নেব? সাম্রাজ্যবাদী চক্রান্ত নিয়ে সাম্রাজ্যবাদী রাষ্ট্রীয় শক্তি তাদের কাকওয়ার্ড টেকনোলজি ডাম্পিং গ্রাউন্ড আমাদের এখানে করবে আর তৃতীয় বিশ্বের এই দেশের মানুষ সেটা মেনে নেবে এ হতে পারে না। জাপান, ইংল্যান্ড, আমেরিকার শিশুদের ফুসফুস ভালো থাকবে আর আমাদের দেশের ভবিষ্যত প্রজন্মে ফুসফুস বিষাক্ত পলেস্তরা পড়বে তা তো হতে পারে না। কেন জাপানের শিশুদের ফুসফুস কি টকটকে লাল আর ভারত গরীব দেশ বলে তার শিশুদের ফুসফুস বিষাক্ত কালির ছাপ পড়ে যাবে—আর এটা আমরা মেনে নেব? এ আমরা হতে দেব না। কাজেই ইন্টারন্যাশানাল স্টান্ডার্ডের ক্ষেত্রে কোন ব্যাকওয়ার্ড টেকনোলজির ডাম্পিং গ্রাউন্ড আমরা করতে দেব না। বৃহত্তর কলকাতার স্বার্থে আমরা সিদ্ধান্ত নিয়েছি, ইমপ্লিমেন্টেশানের ডেটের জন্য ইউনিয়নগুলোর সঙ্গে আলোচনাও করেছি যে, ১৫ বছরের পুরনো ট্যাক্সি নতুন করে আর রেজিষ্ট্রি হবে না। মাননীয় সৌগতবাবু, আপনিও তো ট্যাক্সি ইউনিয়নের সঙ্গে যুক্ত আছেন, আপনি জানেন ১৯৮৯ সালে আইন হয়েছিল যে ১৫ বছরের পরে দু বছরের জন্য বাড়তি অনুমতি দেওয়া যেতে পারে কিন্তু তৃতীয় পর্যায়ে ২০ বছরের বেশী কোনমতেই নয়। ১৯৮৯ সালের আইন অনুসারে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলেছি। তারা এই আইনটাকে কঠিনভাবে প্রয়োগ করার চেষ্টা করবে। এই ক্ষেত্রে ট্যাক্সি চালকদের কথাও আমরা চিন্তা করেছি এবং তাদের যে অসুবিধা হবে সেই ব্যাপারে

আমরা একমত। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী পর্যায়েও কথা হয়েছে এবং মাননীয় পরিবহন মন্ত্রী প্রকাশ্যে বলেছেন।

যে সমস্ত ট্যাক্সী চালক নিজেদের গাড়ি নিজেরাই চালান, তাঁরা তাদের ট্যাক্সী যখন পাল্টাতে বাধ্য হবেন তখন তাঁরা যাতে সহজ শর্তে ঋণ নিতে পারেন, এই ব্যাপারে সরকার কতটা দায়িত্ব নিতে পারে সেটা আমরা বিবেচনা করে দেখবো। কিন্তু যারা কয়েকটা ট্যাক্সী ফ্লিটের মালিক, তাদের জন্য আমাদের দায়িত্ব নেই। মাননীয় সৌগতবাবু আমার সঙ্গে একমত হবেন, একটা ট্যাক্সী কেনবার পর সেই ট্যাক্সীর খরচ উঠে আসতে কত বছর লাগে? তারপর কত বছর সেই ট্যাক্সী প্রফিট দেয়? আমি শুধু বলছি ১৫ বছর যথেষ্ট। এরপব যে ট্যাক্সী রাস্তায় চলে, আমার কাছে ইন্টারেস্টিং ফিগার আছে। গত এক বছরে আমাদের কলকাতায় পুলিশ চেকিংয়ের জন্য যত গাড়ি ধরেছে, তার ২৬ পার্সেন্ট হচ্ছে ট্যাক্সী এবং যে ট্যাক্সীগুলো ধরা পড়েছে তার ৬৮ পার্সেন্ট দেখা যাচ্ছে নির্ধারিত যে মান তার ওপরে আছে। কলকাতায় ২০টি জংশনে সক. । আটটা থেকে রাত আটটা পর্যন্ত আমরা গুণেছি। গুণে আমরা দেখেছি, যে কোন রাস্তায় যে গাড়ি চলে তার ৩০ পার্সেন্ট থাকে ট্যাক্সী। ৩০ পার্সেন্ট প্রাইভেট কার এবং জীপ। আমরা এই দুটো প্রাইভেট কারকে ধরছি না। ২০০০ স্ট্যান্ডার্ড যে ট্যাক্সীগুলো ডিজেলচালিত, তাদের ক্ষেত্রে বাধ্যতামূলক, মূল পুরানোগুলোর ক্ষেত্রে আমরা ধরছি। আপনারা এগুলো জানেন যে, ডিজেল গাড়ি ফুয়েলের ক্ষেত্রে পেট্রোলের থেকে বেশী বিপদ ঘটাতে পারে। একটা ট্যাক্সীর লোন নিলে শোধ করতে কত বছর সময় লাগে? খুব বেশী হলে চার থেকে পাঁচ বছর আরও পাঁচ বছর, আরও দশ বছর। তারপর সেই ট্যাক্সী চালকের তার নিজের কথা মনে করে এবং তার শিশুর কথা মনে রেখে, যে প্রতিদিন বিষ ছড়াচ্ছে, তার সেই ট্যাক্সী রাস্তায় বের করা উচিত নয়। এই বিষ ছড়ানোর অনুমতি আমরা দিতে পারি না। দুর্ভাগ্যক্রমে এই রকম ঘটনা যেন না ঘটে, কালকে যদি ৫০ জন মারা যায়, তাহলে এই বিধানসভায় বিরোধীরা তুলকালাম করে দেবেন। কলকাতায় ব্রংকাল ট্রাবলে কতজন মানুষ, কতজন শিশু মারা যায়? যেহেতু মৃত্যুগুলো নীরবে ঘটছে, যেহেতু খবরের কাগজে হেডলাইন হয় না, কাশতে কাশতে মারা যায়, এদের জন্য আমরা শেয়ার করতে চাইছি। এটা সবার কনসার্ন। এটা এক দু'জনের কনসার্ন নয়। আজ পর্যন্ত পৃথিবীতে কোন মিনিমাম সিদ্ধান্ত কি নেওয়া গেছে যে সিদ্ধান্ত কারও গায়ে লাগে নি? দিল্লীতে দশ বছরের পুরনো ট্যাক্সী বাতিল করে দিয়েছে। দিল্লীতে সুপ্রিম কোর্ট নিষিদ্ধ করে দিয়েছে। আমরা অতটা করছি না। আমরা সামাজিক ভাবে ভাবি বলে ১৫ বছরের ট্যাক্সীর কথা বলছি। মাননীয় সদস্যারা জানেন, ১৯৯১ সাল পর্যন্ত পলিউশান পারফরম্যান্সে কোন ক্রাইটেরিয়া ছিল না। যে গাড়ি প্রতিদিন বিষ ছড়াচ্ছে, তাতে আমরা আক্রান্ত হচ্ছি। যিনি চালাচ্ছেন তিনিও আক্রান্ত হচ্ছেন। আমরা যদি সবাই গিয়ে না বলি তাহলে কি করে বন্ধ হবে? পঙ্কজবাবু রবীনবাবুর সঙ্গে কথা প্রসঙ্গে মন্তব্য করছিলেন - আমি আতঙ্কিত - যে, আমরা তো বিরোধী। যেখানে আইনশৃঙ্খলা নেই সেখানে আমরা আইনশৃঙ্খলা ভাঙবো। প্লীজ, কোনক্ষেত্রে এই এ্যাটিচিউড় নেওয়া উচিত নয়। পরিবেশের ক্ষেত্রে তো নয়ই। এটা আমাদের সবার কনসার্ন। আমরা যদি একযোগে না দাঁড়াতে পারি

তাহলে কি করে হবে? সৌগতবাবু ঠিক বলেছেন। আমি শুধু এক জায়গায় সংশোধন করে দেব। আপনি ফিজিক্স'এর অধ্যাপক। আপনার একটা বেসিক রং ইনফরমেশান সংশোধন করে দিতে চাই। 'ওজন' এর লেয়ারে গ্লোবাল ওয়ার্মিং হয় না। গ্লোবাল ওয়ার্মিং 'ওজন' স্তরে যে ভাগ তার জন্য যে আলট্রা ভায়োলেট রে-গুলো আসছে, তাতে সরাসরি ক্ষতি হচ্ছে। আর মিথেন, কার্বন বেরোচ্ছে বলে পৃথিবী থেকে তাপটা বেরোতে পারছে না, সেজন্য গ্লোবাল ওয়ার্মিং দেখা দিচ্ছে। আমেরিকাতে রেফ্রিজারেটরের ডিক্রি বাড়ালে আমাদের চর্মরোগটা বাড়বে।

ওয়েষ্টার্ন ইউরোপে ইনডাষ্ট্রিয়াল প্রোডাকশান বাড়লে আমাদের সাউথ আফ্রিকাতে এ্যাসিড রেইন হবে, এটা হতে পারে। কিন্তু সেটা তো এই মুহূর্তে আমরা কেউ বলতে পারব না। পৃথিবীর দিকে তাকিয়ে লাভ নেই, আমাদের পৃথিবীর দিকে তাকাতেই হবে। এটা হচ্ছে আমাদের সবচেয়ে দুঃখের কারণ, আশঙ্কার কারণ, কিন্তু কিছু করার নেই। যেখানে আল্ট্রা ভায়োলেট রে এসে পড়বে সেটা কোন দেশের মাটি থেকে ক্লোরোফ্লোরোকার্বন বেরিয়েছিল সেটা সেইভাবে তো বিচার করবে না, যখন এ্যাসিড রেইন হবে সে কিন্তু তখন বিচার করবে না যে কোন দেশের কারখানা থেকে ধোঁয়াটা বেরিয়ে এসেছিল, ফলে সামগ্রিকভাবে পৃথিবীর প্রতি আমাদের কিছু দায়িত্ব আছে - এই প্রসঙ্গে অমরবাবুর বক্তব্যর সঙ্গে একমত, সৌগতবাবুও বলেছেন হু আর দি ভিলেন্স যারা ইনডাষ্ট্রিয়াল কান্ট্রি? এই বিষয়ে কোন সন্দেহ নেই যে তৃতীয় বিশ্বের পক্ষে গুরুত্বপূর্ণ হচ্ছে পরিবেশগত সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আমাদের ভারত সরকারের ভূমিকা কিন্তু ২।১ বছর বাদ দিলে নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ এবং ভাল ভূমিকাই ছিল। আর একটি বিষয় আছে, কয়েকটি ছোট যে ইন্ডাষ্ট্রি আছে, সৌগতবাবু উল্লেখ করেছেন গ্যালভানাইজিং - এ্যানোডাইসিং ইউনিটগুলির মধ্যে ৩৫০টি ইউনিটকে আমরা স্পট করতে পেরেছি। আমরা পলিউশান কন্ট্রোল বোর্ড থেকে চেষ্টা করছি এটা আইনগতভাবে করার কথা নয়, আমরা ইউনিভার্সিটিগুলির সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করছি এবং একটা ডেভলাপ আমরা করেছি। একটা পলিউশান কন্ট্রোলিং টেকনোলজি ডেভলাপ করার চেষ্টা করেছি, যেটার সহায়তায় এক্সপেরিমেন্টাল-ই চালু করার চেষ্টা করছি একটি ইউনিট এর ক্ষেত্রে। সেটার যদি ফল ভাল হয় তাহলে ছোটখাট টিনি ইউনিটগুলিকে সহায়তা দিয়ে টেকনোলজি দেব। যাতে তারা উন্নয়ন করতে পারেন। গোল্ড স্মেলটিং-এর মত ইউনিটগুলিকে আনার চেষ্টা করছি।

[5.40–5.47 p.m.]

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** মনে হচ্ছে, যে সময় ধরা আছে তাতে শেষ হবে না, আমি আরো ১০ মিঃ সময় বাড়িয়ে দিচ্ছি।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** মাননীয় সদস্য পঙ্কজবাবু ও তাপসবাবু যে বিষয়টি নিয়ে বললেন সোনা গলানোর ছোট ছোট যে ইউনিটগুলি আছে এগুলি এমনিতেই সর্বত্র

ছড়িয়ে আছে। যেমন, বরানগরে যেটা ওয়েষ্ট বেঙ্গল পুলিশের আন্ডারে, কলকাতার ভেতরে কাশীপুর, বড়বাজার, বৌবাজার, বটতলা, ভবানীপুর আছে। আমরা ইতিমধ্যে যেটা করেছি সেটা হচ্ছে আপনারা জেনে খুশী হবেন এদের এ্যাসোসিয়েশান এর সঙ্গে কথা বলতে শুরু করেছি, যাদবপুর ইউনিভার্সিটির সঙ্গে আমাদের কথাবার্তা এগিয়েছে, আমাদের পলিউশান কন্ট্রোল বোর্ড, যাদবপুর ইউনিভার্সিটির সাথে যৌথভাবে পলিউশান কন্ট্রোল টেকনোলজি তৈরী করবার চেষ্টা করছে। যাতে কাজটা ওরা সহজে করতে পারেন। তিন নম্বর যেটা আমাদের বিবেচনার মধ্যে আছে, চূড়ান্ত চেহারা পায়নি, গোল্ড স্মেলটিং ইউনিটগুলির জন্য শহরের বাইরে কোন নিরাপদ জায়গায় একটা কমপোজিট কমপ্লেক্স তৈরী করতে পারা যায় কিনা দেখা হচ্ছে, এক গুচ্ছ কাগজে লেখাও আছে, এর বেশী কিছু হয়নি। ফলে কতকগুলি স্টেপ নিয়ে আমরা ভাবতে শুরু করেছি। সবচেয়ে ইমপর্টেন্ট হচ্ছে যাদবপুর ইউনিভার্সিটির সাথে পলিউশান কন্ট্রোল বোর্ড জয়েন্টালি একটা টেকনোলজি ডেভলাপ করার চেষ্টা করছে, এি সহায়তায় হবে। কাজেই শুধু বন্ধ করে দাও এটা তো আমরা বলতে পারি না।

(গোলমাল, তুমুল হট্টগোল)

মাননীয় বিরোধীদলের সদস্যদের অনুরোধ করবো, এমনিতেই পঙ্কজব'বু শেষের দিকে বলেছেন, ভবিষ্যত প্রজন্মের কাছে আমরা দায়বদ্ধ। আমি অনুরোধ করে া যেহেতু আমরা বলছি ভবিষ্যৎ প্রজন্মের প্রতি দায়বদ্ধ তাই পরিবেশ দপ্তরের বাজেটে বাধা দেবেন না, পরে খুঁজতে খুঁজতে এসে কেউ যদি দেখেন পঙ্কজবাবু বাধা দিয়েছিলেন, তাহলে ভবিষ্যৎ প্রজন্ম কিন্তু ভীষণ গালাগাল দেবে। কাজেই কাটমোশানগুলিকে পারস্ করবেন না, ইউন্যানিমাসলি বাজেটটা পাশ করান। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 82**

The motions of Shri Nirmal Ghosh and Shri Kamal Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 8,53,000 be granted for expenditure under Demand No. 82 Major Head : "3425-Other Scientific Research" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 2,81,000 already voted on account in March, 1999.) -

was then put and agreed to.

## Demand No. 89

The motions of Shri Saugata Roy, Shri Nirmal Ghosh, Shri Ashok Kumar Deb, Shri Kamal Mukherjee, Shri Sudhir Bhattacharya Shri Sanjoy Bakshi and Shri Pankaj Banerjee that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 24,30,00,000 be granted for expenditure under Demand No. 89, Major Head : "2215-Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 8,01,90,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.47 p.m. till 11.00 a.m. on Tuesday, the 13th July, 1999, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 13th July, 1999 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 07 Ministers, 03 Ministers of State and 112 Members.

### Starred Questions
### (to which oral Answers were given)

[11.00-11.10 a.m.]

### Guidelines of Supreme Court

*543. (Admitted Question No. *317) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) Whether it is a fact that the Supreme Court have formulated guidelines to be observed strictly in all cases of arrests and detention to prevent custodial violence;

(b) if so–what are these guidelines; and

(c) whether the guidelines have been carefully circulated to all the police stations in the State?

**Shri Buddhadeb Bhattacharjee :**

(a) Yes,

(b) (1) All Police personnel carrying out the arrest and handling the interrogation should bear accurate visible and clear identification and name tags with their designations. The particulars of all such police personnel handling interrogation must be recorded in the register.

(2) While carrying out of the arrest the Police Officer shall prepare a memo of arrest which will be attested by at least one witness who may be either a member of the family or a respectable person of the locality. The memo of arrest should be countersigned by the arrestee.

(3) A person on being arrested shall be entitled to have one friend or relative or other person known to him informed of the arrest including the place of his detention.

(4) Where arrestee lives outside his district, such information should be sent to the relatives etc. through the legal Aid Organisation within a period of 8 to 12 hours after the arrest.

(5) The person arrested must be made aware of this right.

(6) An entry must be made in the diary at the place of detention regarding the arrest of the person which shall also disclose the name of the next friend of the person who has been informed of the arrest.

(7) The arrestee should, where he so requests be also examined at the time of his arrest and major and minor injuries, if any present on his/her body, must be recorded at that time. The inspection memo must be signed both by the arrestee and the Police Officer effecting the arrest and its copy provided to the arrestee.

(8) The arrestee should be subjected to medical examination by the trained Doctor every 48 hours during his detention in custody by a doctor on the pannel of approved doctors appointed by Director, Health Services of the concerned State or Union Territory. Director, Health Services should prepare such a pannel for all Tehsils and Districts as well.

(9) Copies of all the documents including the memo of arrest, referred to above should be sent to the Illaka Magistrate, for his record.

(10) The arrestee may be permitted to meet his lawyer during interrogation, though not throughout the interrogation.

(11) Police control room should be provided at all district and State Headquarters where information regarding the arrest and place of custody of the arrestee shall be communicated by the Officer causing the arrest, within 12 hours of effecting the arrest and at the Police Control Room it should be displayed on a conspicuous notice board.

(c) Yes.

**Shri Gyan Singh Sohan Pal :** Sir, you are aware that the Supreme Court has followed/issued eleven point guidelines to be strictly followed

in all cases of arrest and detention to prevent custodial torture.

Sir, I hope you will also remember these directions came from the Supreme Court while dealing with an appeal against the West Bengal Government on an issue of arrest and rights of the arrested in connection with custodial violence. Sir, I would like to request the Hon'ble minister to take the House into confidence by telling us that what prompted the Supreme Court to issue such guidelines? Was it in relation to increasing number of incidents of custodial violence or it was in relation to some particular case in West Bengal?

**Shri Buddhadeb Bhattacharjee :** The Supreme Court judgement came to us on 18.12.1996 but it was not only for the West Bengal. These are the recommendations for all the States. There were two cases in Supreme Court. One from West Bengal - one D. K. Basu Vs. State of West Bengal and another case from Uttar Pradesh One Shri Ashok Johuri Vs. State of Uttar Pradesh. After these two cases Supreme Court sent these directions. We are trying our best to implement it.

**Shri Gyan Singh Sohan Pal :** Sir, we have been given to understand that these guidelines have been carefully circulated among all the police stations. I hope the Hon'ble minister has also ensured that these guidelines are being strictly followed by the police stations. Accordingly I would like to know from the Hon'ble minister what has been the effect of these guidelines because they were issued two years ago. Whether there has been any rise or fall in the number of incidents of custodial violence or torture?

**Shri Buddhadeb Bhattacharjee :** Since we got these recommendations we sent our instructions to all the police stations on 4.2.97. We sent all these recommendations to all the police stations and circulated it at different levels of D.I.G., I.G. even in the forensic laboratories and other agencies and I think it will take some time to get the results and the situation will improve certainly.

**Shri Gyan Singh Sohan Pal :** What were the number of incidents prior to the receipt of these guidelines or what is the present position in this regard?

**Shri Buddhadeb Bhattacharjee :** In 1996-97 there were 15 cases of custodial violence and death caused owing to custodial violence were 6. In 1997-98 number of cases of custodial violence was 12 and death toll was 5. It came down but unfortunately in 1998-99 the number of cases of custodial violence again rose to 16 and the death toll was 9.

What I am trying to impress upon you is that these recommendations, we have to send to our Police Officers, accordingly, and it will take some time. You see, the recommendations have been sent to DHS - Directorate of Health Service - they will prepare a list of Doctors who will go to investigate every case. It is very difficult to get so many number of Doctors. There are other technical problems. But so far as I am concerned I am trying my best to accept these recommendations.

[11.10–11.20 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, এই যে গাইডলাইন সুপ্রীম কোর্টের রায় কাস্টোডিয়াল ভায়োলেশনের কমাবার জন্য, সেটা ইমপ্লিমেন্ট করার জন্য আপনি সাধ্যমত চেষ্টা করছেন, আপনি বললেন। এটাকে চেক করার জন্য আপনি অ্যাডমিটও করেছেন। এই গাইডলাইন, ইনস্ট্রাকশন পুলিশ ষ্টেশন দেওয়ার পর এক বছর কমলেও, আনফরচুনেটলি ৯৮-৯৯ তে আবার বেড়ে গেছে। কারণ এটা সারকুলেট করতে সময় লাগবে, এটা আপনি বলেছেন কিন্তু আপনি আপনার সাধ্যমত চেষ্টা করছেন। আপনি অনেষ্টলি এবং সিনসিয়ারলি অ্যাটেম্পট যাতে কার্যকরী হয়, সেটা করার জন্য এটাকে ওয়াইডলি প্রচারের ব্যবস্থা করবেন কি? অ্যারেষ্টিরাও যাতে তাদের অধিকার সম্পর্কে সচেতন হয়। ভায়োলেশন করাটাও কত বড় অফেন্স সেটা সম্পর্কে যাতে তারা সচেতন থাকে। আপনি তো ওয়াইডলি সারকুলেশন এবং পাবলিকেশনের জন্য সংবাদপত্রে বিজ্ঞাপন দেন আমার জিজ্ঞাস্য একদিকে জনসাধারণ আর অ্যারেষ্টিরা তাদের সচেতন করার জন্য আপনি সংবাদপত্রে বিজ্ঞাপন দেবেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আমি আপনার প্রশ্নে দুটো কথা বলছি। একটা হচ্ছে যে এই যে রেকমেন্ডেশন ছিল আমরা শুধু মেনেছি তাই নয়, আমরা মনে করি এটা ন্যায় সংগত। এই পদ্ধতি থাকা উচিত। এর স্পিরিটটা আমরা গ্রহণ করেছি। দ্বিতীয় প্রশ্নোত্তরে বলতে পারি যে কটা ভায়োলেশন হয়েছে আমরা প্রত্যেকটা ক্ষেত্রে—হিউম্যান রাইটস কমিশন যে রায় দিয়েছেন সংশ্লিষ্ট পুলিশ অফিসারকে শাস্তি দেবার জন্য প্রত্যেকটা ক্ষেত্রে তাদের রায় আমরা মেনে নিয়েছি। এটাই একটা মেসেজ যে তুমি এই কাজ করতেপার না। এটা করতে একটু সময় লাগবে। কারণ আমাদের পুলিশকে মোটিভেট করতে হবে ট্রেনিং দিতে সময় লাগবে। সেজন্য ষ্টেট হিউম্যান রাইটস কমিশন নিজেদের ফান্ড থেকে একটা ট্রেনিং এর ব্যবস্থা করবেন। শুধু সুপ্রীম কোর্টের নয় ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন এদেরও একটা গাইডলাইন, তারজন্য ষ্টেট হিউম্যান রাইটস কমিশন পুলিশ অফিসারদের ট্রেনিং শুরু করেছে তাদের ফান্ড দিয়ে যাতে তারা বুঝতে পারে কি করতে পারবে আর কি করতে পারবে না, কিভাবে ফরম্যালিটি মেনটেন করবে। আমি আশা করব এই জায়গায় গেলে পরিস্থিতি আরও উন্নত হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমি বলতে চেয়েছি যে ওয়াইড সারকুলেশন এর জন্য আপনি বিজ্ঞাপন দেবেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপনি যেটা বলেছেন, প্রথম কাজটাই হচ্ছে পুলিশ অফিসারদের মোটিভেট করা এবং ট্রেনিং দেওয়া। সাধারণ মানুষ অধিকার সম্বন্ধে সচেতন, মানুষকে বিজ্ঞাপন দিয়ে জানাতে হবে না। আপনাকে মারলে আপনি পুলিশে গিয়ে অভিযোগ করেন। হিউম্যান রাইটস্ কমিশন মানুষ জানেন। আমি মনে করি যেটা বেশী প্রয়োজন সেটা হচ্ছে সুপ্রীম কোর্টের রেকমেন্ডেশানের মধ্যে সেটা নেই যে এটা নিয়ে পাবলিসিটি করুন, বা কাগজে দিন। তারা বলেছে আগে আপনি পুলিশকে শিক্ষিত করুন, পুলিশকে বোঝান সে কি করতে পারবে, আর কি করতে পারবে না।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কাস্টোডিয়াল ভায়োলেন্স প্রিভেন্ট করার জন্য সুপ্রীমকোর্টের যে গাইড লাইন সেই অনুসারে আপনি ব্যবস্থা নিয়েছেন। আমি জানতে চাইছি আপনি গত বারের বাজেটে দ্বিতীয় পুলিশ কমিশন গঠন এবং তার কার্য সম্বন্ধে সভায় বলে ছিলেন, এবারে তার একটা পার্ট প্রকাশিত হয়েছে। নানা বিষয়ে সুপ্রীম কোর্টের যে গাইড লাইন পুলিশকে দক্ষ করার জন্য, ট্রেনিংয়ের জন্য, এ সম্পর্কে দ্বিতীয় পার্টে রেকমেন্ডেশানে যেটা আপনি বলেছেন তাতে কোন সুপারিশ আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** প্রথমে যেটা বেরিয়েছে তাতে আছে, আমরা ডিসকাস্ করেছি, দ্বিতীয় পার্ট-এ থাকবে আশা করছি। তারা আমাদের রাজ্যের পুলিশ প্রশাসনের উপর বাস্তবতার উপর দাঁড়িয়ে রেকমেন্ডেশানগুলি করেছেন। কিন্তু এক দিনের মধ্যে সব পাল্টে দেওয়া যাবে না।

**Shri Astish Chandra Sinha :** Sir, I would like to know from the Hon'ble Minister on a specific question. One of the main recommendation of the Supreme Court was that whenever an arrest is made, the memo of arrest shall be issued and be handed over. But all of us know and you also know that in most of the cases this recommendation is not adhered to. In most of the cases, after four or five days, a person taken to the police custody, a notice of arrest is given and is shown in the FIR that an arrest has been made. So, this is a violation of the Supreme Court order. I would like to know whether the recommendation of the Supreme Court - one of the most important recommendation - is being practised in letter or spirit in West Bengal or not?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপনি যেটা বললেন সেটা ঠিক, কিন্তু এখানে রেকমেন্ডেশান যেগুলি আছে সব কটা করতে সময় লাগবে। আপনি একটা প্রস্তাব বললেন, কিন্তু আরও ৪, ৫ টা প্রস্তাব আছে। আমি বলছি সময় লাগবে, কারণ কোন দিন কোন রেওয়াজ ছিল না। আপনি এখানে প্রশ্ন করছেন, আর আপনাদের সময়ে কি ছিল? থানায় নিয়ে গিয়ে পিটিয়ে মেরে দিলেও থানায় রেকর্ড হতো না। আপনাদের পুলিশ বাহিনী নিয়ে কাজ করতে আমার আরও একটু সময় লাগবে। সুপ্রীম কোর্টের যে রেকমেন্ডেশান তার প্রত্যেকটি ধারা সম্পূর্ণ করতে আরও কিছু দিন সময় লাগবে।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস** ঃ আমার প্রশ্ন ঠিক প্রাসঙ্গিক হচ্ছে কি না জানি না, থানায় যে কাষ্টডি, লক-আপগুলির যে অবস্থা—গোটা রাজ্যে এটার অত্যন্ত শোচনীয় অবস্থা। সেখানে কোন মানুষের বসবাস করা যায় না। সেখানে যেটুকু সময় ২৪ ঘন্টা, ৪৮ ঘন্টা থাকতে হয় সেটাও থাকা অসম্ভব। আমি বহরমপুর শহরের বিষয়ে বলছি, আপনি পরবর্তীকালে এটা দৃষ্টি দেবেন কিনা? থানার হাজতে নরকের মত অবস্থা আসামীরা থাকতে পারে না। এর প্রতি-বিধানের কথা আপনি ভাবছেন কি?

[11.20–11.30 a.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** ঃ আমি আপনার বক্তব্যের সঙ্গে এক মত যে, লক-আপে নরকের মত অবস্থা। যে নতুন পুলিশ ষ্টেশন তৈরী হচ্ছে সেখানে লক-আপ নতুন করে অন্য ভাবে তৈরী হচ্ছে যাতে মানুষ থাকতে পারে। ছেলে এবং মেয়েদের আলাদা আলাদা লক-আপ করার প্রস্তাব আছে। কিন্তু পুরনো ৪০০ পুলিশ ষ্টেশনকে ভেঙ্গে নতুন করে সব করতে অনেক বছর এবং অনেক টাকা লাগবে। কিন্তু বছরে ৮।১০-টার বেশী থানা করার টাকা নেই। আর, পুরনো বাড়ীতে যে লক-আপ আছে তা বাড়ানো যায় না। সেই জন্য সময় লাগবে। আবার, লক-আপ পুরানো বলেও অনেক সময় সমস্যা হয়।

**শ্রী সৌগত রায়** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় একটা ভুল তথ্য দিয়েছেন। মাননীয় দেবপ্রসাদবাবুর প্রশ্নের উত্তর দিতে গিয়ে উনি বলেছেন সুপ্রিম কোর্ট কোন পাবলিসিটি দেওয়ার কথা বলেনি। আমি যে কাগজে বেরিয়েছিল সেটা থেকে একটু পড়ে দিচ্ছি, "A Division Bench comprising Justice A. S. Anand and Justice K. T. Thomas in a six page order stated that the report should also detail the steps taken to broadcast this direction on the arrest through radio and television. জাজরা পরিস্কার করে বলেছেন, কিন্তু উনি উত্তর দিতে গিয়ে ঐ ভাবে বললেন। আমার মনে হয়, আপনাকে যারা ব্রিফ করেছেন তাঁরা ঠিক মত ব্রিফ করেন নি। জাজেরা আরো বলেছেন, That the legal "requirements" for an arrest should be forwarded to the Home Secretary and D. G. of police of every state and the Union Territory and it "shall be their obligations to circulate it to every police stations" and broadcast it through AIR and on Doordarshan's national network. সুতরাং, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে কথা বলেছেন তা সঠিক ভাবেই বলেছেন। আপনি যে কোন কারণেই হোক ভুল তথ্য দিয়েছেন। পাবলিসিটির কথা সুপ্রিম কোর্টের অর্ডারে আছে।

মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, দুটো আলাদা ষ্টেজে সুপ্রিম কোর্টের অর্ডার আছে। একটা কাষ্টোডিয়াল ভায়োলেন্সের ব্যাপারে এবং অন্যটা কাষ্টোডিয়াল এ্যারেষ্টের ব্যাপারে। তার রিলেটিভ বা বন্ধু-বান্ধবদের জানানো এবং সেটা ডিস্ট্রিক্ট কন্ট্রোল রুমে জানানো। সুপ্রিম কোর্ট তিন বছর আগে অর্ডারে বলেছে, প্রত্যেকটা ডিস্ট্রিক্টে একটা কন্ট্রোল রুম থাকবে যেখানে সমস্ত এ্যারেষ্টিদের এবং প্লেস অফ-কাষ্টোডি ১২ ঘন্টার

মধ্যে জানানো হবে। Within 12 hours of the arrest the information should be displayed on a conspicuous notice board in the police control room. এই তিন বছরে কি আপনি সব থানায় না করতে পারলেও প্রত্যেকটা জেলায় ঐ রকম কন্ট্রোল রুম করেছেন? যেখানে কিনা কাকে, কোথায় এ্যারেষ্ট করে রাখা হয়েছে তা নোটিশ বোর্ডে জানানো হচ্ছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** তথা ভুল বলিনি। দেবপ্রসাদ বাবুর প্রশ্নের উত্তরে বলেছি, আগে আমাদের প্রয়োজন পুলিশকে প্রস্তুত করা এবং তার পরে, আমি বলিনি, ওটা করতে হবে না। দ্বিতীয় প্রশ্ন আপনি করেছেন, নোটিশ টাঙানো হয় কিনা ১২ ঘন্টার মধ্যে জেলাগুলোতে। আমি বলি, বড় জেলাগুলোতে - কলকাতা, নর্থ ও সাউথ ২৪ পরগনা, হুগলী এবং বর্ধমানে করতে পেরেছি এখনও পর্যন্ত বাকি কোথাও পারিনি।

আর লালবাজারের যে কন্ট্রোল সেখানে ১২ ঘন্টা লাগে না, ২-৩ ঘন্টার মধ্যে খবর পাওয়া যাবে। কোথায় টাঙিয়ে দেওয়া হবে, পাবলিক জানতে পারবে, তার ফ্যামিলি জানতে পারবে সেগুলো করতে আমাদের আরও সময় লাগবে। কলকাতা, সাউথ-২৪ পরগণা, উত্তর ২৪-পরগণায় যে কটা ভায়োলেন্সের কেস হয়েছে, মারা গেছে, কাস্টোডিয়াল ভায়োলেন্স হয়েছে সেখানে ২-৩ ঘন্টার মধ্যে সবাইকে জানানো হয়েছে। তবে দূরের জেলাগুলোতে আরও সময় লাগবে।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় সুপ্রিম কোর্টের গাইড লাইনের কথা বলেছেন এবং সে ব্যাপারে পুলিশকে প্রস্তুত করা হয়েছে। এই পুলিশ কাস্টডিতে নানা ধরনের ছোট-খাট অপরাধ যারা করে তাদেরকে রাখা হয়। আবার আন্তর্জাতিক টেররিস্ট, যারা দেশের নিরাপত্তার ক্ষেত্রে বিপজ্জনক তাদেরকেও এখানে রাখা হয়। যেমন ১৯৯৫ সালের ১৬ই ডিসেম্বর পুরুলিয়াতে যারা অস্ত্র বর্ষণ করেছিলেন তাদেরকে এ্যারেষ্ট করেও একই জায়গায় রাখা হয়েছিল। পুলিশ তাদের চিকিৎসার জন্য সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী এস. এস. কে. এম. হাসপাতালে তাদের চিকিৎসা করিয়েছে। যারা আন্তর্জাতিক টেররিষ্ট, যারা আমাদের দেশের নিরাপত্তা বিঘ্ন করছে, যারা আমাদের রাজ্যে অস্থিরতা সৃষ্টি করছে তাদের ক্ষেত্রেও কি সুপ্রিম কোর্টের এই নির্দেশ প্রযোজ্য? তাদেরকে রক্ষা করার জন্য ও পাবলিসিটি দেওয়ার জন্য কি কোন ব্যবস্থা থাকবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আমি বলতে চাই যে যতক্ষণ পর্যন্ত না সুপ্রিম কোর্ট বলছেন যে এই ব্যাপারে এভাবে করুন এবং এই সম্পর্কে দায়িত্ব নেবেন না ততক্ষণ পর্যন্ত আমাদের ধরে নিতে হবে যে, তারা যে ধরনের অপরাধীই হোন না, তার সঙ্গে একই ধরনের ব্যবহার করতে হবে।

### 'বন্ধকী লগ্নি' প্রকল্প

*৫৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৬) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের স্বার্থে 'বন্ধকী লগ্নি' প্রকল্প চালু করা হয়েছে;

(খ) সত্যি হলে, কবে থেকে উক্ত প্রকল্পটি চালু করা হয়েছে; এবং

(গ) সংশ্লিষ্ট প্রকল্পটি কিরূপ?

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ**

(ক) হ্যাঁ, চালু করা হয়েছে।

(খ) ১৯৯৫ সাল থেকে এই প্রকল্প চালু আছে।

(গ) ১। অভাবী বিক্রি রোধে সহায়তা ও সন্তোষজনক দাম পেতে সাহায্য করা। তবে মজুত রাখার ৯০ দিনের মধ্যে মজুত করা ফসল ফেরৎ নিতে হয়।

২। কৃষিপণ্যের বাজার দামের পরিপোষক মূল্যের শতকরা ৭৫ শতাংশ সর্বাধিক ৫০০০ (পাঁচ হাজার) টাকা পর্য্যন্ত ঋণ পেতে পারেন।

৩। কৃষিজ পণ্যের মধ্যে ধান, গম, তৈলবীজ ও সকল প্রকার ডাল শস্য বন্ধক রেখে ঋণ দেওয়া হয়।

৪। ৭ দিন পর্য্যন্ত গুদাম ভাড়া লাগে না।

৫। বার্ষিক সুদের হার শতকরা ৫ শতাংশ।

৬। ঋণদান ক্ষেত্রে ক্ষুদ্র ও আর্থিক দুর্বল কৃষকদের দাবী অগ্রগণ্য হিসাবে বিবেচিত হয়।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** এই প্রকল্প আমাদের রাজ্যে চালু হয়েছে ১৯৯৫ সালে। নিশ্চিত ভাবে বলা যায় যে, এর ফলে রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা উপকৃত হবে। আমাদের রাজ্যে যে সমস্ত নিয়ন্ত্রিত বাজার সমিতি আছে সেগুলোতে এই প্রকল্প চালু করা হয়েছে কিনা? এ ব্যাপারে চাষীদের উৎসাহ বা সাড়া কিভাবে পাওয়া গেছে সে ব্যাপারে যদি বলেন তাহলে ভাল হয়।

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** সবগুলোতে এটা চালু করা যায় নি। কারণ অনেক জায়গায় হাট, গুদাম নেই। এখন ২টো জায়গায় চালু করা হয়েছে। সামসী নিয়ন্ত্রিত বাজার এবং পাভুয়া নিয়ন্ত্রিত বাজার সমিতিতে এই প্রকল্প চালু আছে। পাভুয়া নিয়ন্ত্রিত বাজার সমিতিতে এই প্রকল্পের ফলে বিগত ৫ বছরে লেনদেন হয়েছে ২ লক্ষ ৩৪ হাজার ৭৩৪ টাকা, সুদ বাবদ আদায় হয়েছে ৩ হাজার ৩৭৫ টাকা এবং গুদাম ভাড়া বাবদ আয় হয়েছে ৭ হাজার ৯২ টাকা। অর্থাৎ মোট আয় হয়েছে ২ লক্ষ ৪৫ হাজার ২০০ টাকা। পাভুয়া নিয়ন্ত্রিত বাজারে ১৯৯৬-৯৭ সালে ৪৪,৪৯০ টাকা অগ্রিম দেওয়া হয় এবং সমস্ত অর্থই সুদ-সহ ঐ বছর সংগৃহীত হয়। বাজারে মাল বিক্রি না হলেই এই প্রকল্পের প্রয়োজন

হয়। মাল বিক্রি হয়ে গেলে কেউ আর রাখে না। সে জন্য এটা সব জায়গায় চালু হয় নি। হাটের ক্ষেত্রেই এই জিনিসটা বিশেষভাবে প্রযোজ্য হয়।

[11.30–11.40 a.m.]

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ধান, গম এবং তৈলবীজের কথা বললেন। আলুর ক্ষেত্রে আমরা দেখি চাষীরা হিমঘরে আলু রেখে তারপর অভাবে আলুর বন্ড বিক্রি করে দেয়। সেই বন্ডগুলি রক্ষা করার জন্য আলুর ক্ষেত্রেও 'বন্ধকী লগ্নি' প্রকল্প চালু করার কোন পরিকল্পনা আছে কি?

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** আলুর ব্যাপারে এটা করা যাবে না। কারণ আলু পচনশীল জিনিস। এটা হচ্ছে মাল বিক্রি না হলে তা গুদামজাত করে রেখে তার ৭৫% মূল্য অগ্রিম হিসাবে দেওয়া হয়। আলুর মত জিনিস বিপুল পরিমাণে রাখার ক্ষমতা আমাদের নেই। যে বন্ডগুলি অভাবে চাষীরা বিক্রি করে দেয় সেগুলি রক্ষা করার জন্য অন্য কোন প্রকল্পের কথা আমরা বিবেচনা করতে পারি। এক্ষেত্রে ব্যাপারটা হচ্ছে, যখন লগ্নি হবে তখন সমস্ত মালটাই রাখতে হবে। বন্ডের বিনিময়ে এটা আমরা দিতে পারি না। মাল জমা রাখতে হবে। কাজেই এক্ষেত্রে আলু রাখার মত ক্যাপাসিটি আমাদের নেই। সে জন্য আলুর ক্ষেত্রে এটা আমরা চালু করতে পারি নি। তবে আপনারা বললে অন্য কোন উপায়ে বন্ড রক্ষা করার কথা বিবেচনা করতে পারি। এই প্রকল্পের মধ্যে ওটা আনা যাবে না। এই প্রকল্পের উদ্দেশ্যই হ'ল— যে শস্য হাটে বা বাজারে চাষী নিয়ে এ'ল, সেই মাল যখন বিক্রি হ'ল না তখন বা দাম কম থাকার জন্য বিক্রি করল না তখন তা 'বন্ধকী লগ্নি' প্রকল্পে গুদামে রাখতে পারবে। এটা বন্ডের ব্যাপারে করা সম্ভব হবে না।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** 'বন্ধকী লগ্নি' প্রকল্প চালু করা ছাড়াও মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আপনার বাজেট ভাষণে 'শস্য মজুত ভিত্তিক অর্থ প্রদান প্রকল্প' চালু করার কথা বলেছেন। 'বন্ধকী লগ্নি' প্রকল্প এবং 'শস্য মজুত অর্থ প্রদান' প্রকল্পের মধ্যে পার্থক্যটা কী?

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** শব্দ দুটো আলাদাভাবে লেখা হলেও, দুটো প্রায় একই জিনিস।

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় এই যে 'বন্ধকী লগ্নি' প্রকল্প চালু করেছেন, এর জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই প্রসঙ্গে আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন—যে মালটা বন্ধক রাখা হচ্ছে সেটা ইন্স্যুয়রেন্স কভারেজ করে রাখা হচ্ছে কি?

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** মাত্র ৯০ দিনের জন্য রাখা হয়। কাজেই এক্ষেত্রে কোন ইন্স্যুয়রেন্স কভারেজ করা হয় না। এটা আমাদের দায়িত্বে থাকে।

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় স্পীকার, স্যার, অতিরিক্ত প্রশ্ন। এই প্রকল্পে এখন পর্যন্ত

কতজন কৃষক উপকৃত হয়েছে, এটা একটু মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি?

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** কত টাকা লগ্নি হয়েছে, সেটা আছে। কিন্তু কত চাষী উপকৃত হয়েছে, সেটা আমি আজকেই বলতে পারছি না। নোটিশ দিলে বলতে পারব। সেই হিসাবটা এই মুহূর্তে আমার কাছে নেই।

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** মার্কেটিং দপ্তরের মাধ্যমে বিভিন্ন জেলায় একটি করে বাজার চত্বর আছে। এ ছাড়াও একটি মহকুমায় বা একটি জেলায় অনেকগুলি হাট আছে। এখন এই যে জিনিসপত্র বন্ধক রেখে তার বিনিময়ে টাকা পাওয়া যায় এটা কি প্রত্যেক হাটে পাওয়া যায়, নাকি কেবলমাত্র মার্কেটিং ইয়ার্ডেই পাওয়া যাবে?

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** মার্কেট ইয়ার্ডেই পাওয়া যাবে। যেখানে রাখবার অর্থাৎ গুদামের ব্যবস্থা আছে সেখানে পাওয়া যায়। প্রত্যেক হাটে পাওয়া যাবে না।

**শ্রী সৌগত রায় ঃ** আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি, আমি যদি ঠিক বুঝে থাকি, এই যে বন্ধকী ঋণ দিচ্ছেন এই টাকাটা রেগুলেটেড মার্কেট কমিটি যা ইনকাম করছে তার থেকেই দেন অর্থাৎ যে টাকাটা কালেকশন হয় টোল ট্যাক্স করে, আপনার ৪৫টি সাব-ডিভিশনের সব জায়গায় তো রেগুলেটেড্ মার্কেট কমিটির মার্কেট ইয়ার্ড নেই। যেসব মহকুমায় রেগুলেটেড মার্কেট কমিটির মার্কেট ইয়ার্ড নেই সেখানে কিভাবে বন্ধকী ঋণ দিচ্ছেন?

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** আমি তো আগেই বলেছি, সামসি এবং পান্ডুয়াতে চালু করতে পেরেছি। আর কোন জায়গায় চালু করতে পারিনি। কেবলমাত্র ২টি জায়গায় চালু করেছি।

**শ্রী শ্যামা প্রসাদ পাল ঃ** আগামীদিনে ৪৫টি মহকুমায় এই বন্ধকী লগ্নি চালু করার পরিকল্পনা আপনার আছে কিনা?

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** নীতিগতভাবে আছে। কিন্তু কার্যকরীভাবে অর্থ সংস্থান না হলে, গুদাম তৈরী না হলে, কেন্দ্রীয় সরকারের সাহায্য না পেলে এই সব করা যাবে না।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** এই বন্ধকী লগ্নি যদি কো-অপারেটিভের মাধ্যমে করেন তাহলে বোধ হয় প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীরা বিপর্যস্ত হয় না। এই রকম ব্যবস্থা করেছেন কিনা?

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** কো-অপারেটিভের আলাদা ব্যবস্থা আছে। আমাদের এটা হচ্ছে একেবারে তৎকালীন ব্যবস্থা। বাজারে মাল নিয়ে এল, বিক্রি হল না, দাম পেল না তখন গুদামে রাখা যায়। কো-অপারেটিভের মাধ্যমে আগে থেকে দরখাস্ত হয় না, লিখিত হয় না। বাজারে এল, বিক্রি হল না, তখন রাখা হয়। কো-অপারেটিভের মাধ্যমে করা সম্ভব নয়।

*৫৪৫ (নট্ কল্ড)

## কিশলয় অনাথ আশ্রম

*৫৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯০) **শ্রীব্রহ্মময় নন্দ ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বারাসাতের কিশলয় অনাথ আশ্রম থেকে আশ্রিত বালকেরা চলে যাচ্ছে;

(খ) সত্যি হলে, তার কারণ কি; এবং

(গ) উক্ত আশ্রমের বাসিন্দাদের জন্য মাসিক বরাদ্দ কত (জনপ্রতি)?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ**

(ক) দু'একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ইহা সত্য নহে।

(খ) আশ্রিত বালকদের নিজেদের ভাল-মন্দের বোধশক্তির অভাবই উক্ত বিক্ষিপ্ত ঘটনার কারণ।

(গ) উক্ত আশ্রমের বাসিন্দাদের জন্য মাসিক বরাদ্দ জন প্রতি ৫০০ (পাঁচ শত) টাকা।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** আপনি বললেন দু-একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ইহা সত্য নহে। এই বিক্ষিপ্ত ঘটনা বলতে আপনি কি বোঝাতে চাইছেন?

[11.40–11.50 a.m.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** ঘটনাটা ঐ ভাবে হয় না। হোম ছেড়ে যারা পালিয়ে গেল তাদের নিজেদেব যদি বোধশক্তি থাকতো তাহলে নিশ্চয়ই পালিয়ে যেত না। দ্বিতীয়তঃ বাইরে থেকে যে ছেলেরা থাকে, বাইরে থেকে প্ররোচনা থাকে। তারা এই প্ররোচনার স্বীকার হয়ে যায়।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, আপনার দপ্তর থেকে যে অনাথ আশ্রমগুলি পরিচালিত হয় তাতে সরকারের প্রতি বছর কত টাকা খরচ হয়?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** নোটিশ চাই।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, কিশলয়ের মতন কতগুলি অনাথ আশ্রম আছে এবং তাতে কত জন ছেলে প্রতি বছর ভর্তি হয় এবং তারা কতদিন থাকতে পারে বা তাদের সেখানে অবস্থানকাল কত?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এখানে ১৮ বছর পর্য্যন্ত থাকতে পারেন। কিন্তু প্রশ্ন হচ্ছে, অনেক সময় দেখা যায় কেউ হয়ত স্কুল ফাইনাল পাশ করেছে, পাশ করার পর সেই ছেলেটাকে বাইরে বার করে দিলে তার অসুবিধা হবে। সে ক্ষেত্রে স্পেশ্যাল পারমিশান দিয়ে অনেক ক্ষেত্রে রাখার ব্যবস্থা করা হয়।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, সরকারী অনাথ আশ্রম ক'টি আছে এবং বেসরকারী ক'টি আছে? বেসরকারী অনাথ আশ্রমগুলির মধ্যে ক'টিকে সরকারী আর্থিক সহযোগিতা করেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** আমাদের রাজ্যে চিলড্রেন্স হোম, জুভেনাইল হোম আছে সরকারী পর্যায়ে ১৭টি এবং বেসরকারী পর্যায়ে ২২টি। একই খরচ দেওয়া হয়। সরকারী ক্ষেত্রে যেটা দেওয়া হয় বেসরকারী ক্ষেত্রেও সেটা দেওয়া হয়।

**শ্রী রামপদ সামন্ত ঃ** অনাথ আশ্রম থেকে যে সব ছেলেরা লেখাপড়া শেখার সুযোগ পায় তারা সেই লেখাপড়া শেখার পর তাদের জীবিকা অর্জনের ক্ষেত্রে সরকারী চাকরি বা সরকারী অন্য কোন ব্যবস্থা আছে কিনা, যদি থাকে সেটা কি রকম জানাবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** আপনারা জানেন যে সমস্যাটা বিরাট সমস্যা। কিন্তু তবুও এটা সরকার চিন্তাভাবনা করে, যেমন কিশলয় হোমে সেখানে হয়ত চেয়ার তৈরি হচ্ছে, আলমারি তৈরি হচ্ছে, সেগুলি তারা শেখে এবং শিখে বাইরে গিয়ে কিছু কাজ পায়। তা ছাড়া সরকারী চাকরি ২০ জনকে দিয়েছি, আরও কিছু পাবে। স্বাভাবিকভাবেই সেখানে আমাদের ব্যবস্থা নিতে হয়। এ ছাড়া আমাদের যে স্কুল আছে সেই স্কুলে তারা পড়াশুনা করে। সেখানে একজন ফার্স্ট ডিভিশানে পাশ করেছে, একজন লেটার নিয়ে পাশ করেছে। এইভাবে যতখানি সম্ভব সেটা করার চেষ্টা করা হচ্ছে।

**শ্রী মতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সরকারী অনাথ আশ্রমগুলিতে ভর্তি হওয়ার পদ্ধতিটা কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এখানে প্রচুর দরখাস্ত জমা পড়ে। ধরে নিতে পারেন যে এক থেকে দেড় লক্ষ দরখাস্ত জমা পড়ে। জেলায় আমাদের যে অফিস আছে সেখানে পাঠালে তা প্রসেস করে ডাইরেকটরেটে পাঠানো হয়। এখন এই হোমে ভর্তির সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। এর মধ্যে যতখানি আমাদের সাধ্য আমরা করার চেষ্টা করি। কলকাতার ডাইরেক্টরেট অফিস থেকে এটা করা হয়।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার প্রশ্ন, অনাথ আশ্রমগুলিতে কি শুধুমাত্র অনাথ ছেলেদেরই ভর্তি করা হয় বা রাখা হয়? আমাদের কাছে অনেকে আসেন যারা খুব গরিব, সন্তান প্রতিপালন করতে পারছেন না, সরকারী অনাথ আশ্রমে রেখে ছেলেদের মানুষ করতে চান। অর্থাৎ তাদের বাবা, মা রয়েছে কিন্তু সেই বাবা, মা, তারা তাদের সন্তান প্রতিপালন করতে পারছেন না। তাদেরকে রাখার কোন ব্যবস্থা অনাথ আশ্রমে আছে কিনা, যদি না থাকে তাহলে এই রকম কোন চিন্তা-ভাবনা আছে কিনা জানাবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী :** সেই রকম হলে ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রী তপন হোড় :** মাননীয় মন্ত্রী মহাশয়, অতিরিক্ত প্রশ্ন, এই রাজ্যে যতগুলি অনাথ আশ্রম আছে, সেখানে এই বছর কতজন মাধ্যমিক পরীক্ষা দিয়েছিলেন এবং তার মধ্যে প্রথম বিভাগে কতজন পাশ করেছেন সেটা জানাবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী :** এটার জন্য নোটিশ দিতে হবে।

**Prisoners' Tiffin**

*547. (Admitted Question No. *950) **Shri Pankaj Banerjee : Will** the Minister-in-charge of the Jails Department be pleased to state–

(a) is there any proposal to serve tiffin among the U T. prisoners during their trial in court; and

(b) if so, what are such schemes?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন যে, বিচারাধীন বন্দীদের নির্দ্দিষ্ট দিনে নির্দ্দিষ্ট আদালতে তুলতে হয় এবং ঘন্টার পর ঘন্টা তাদের সেখানে বসিয়ে রাখা হয়। এই সময়ে তাদের জন্য অন্ততঃ কিছু টিফিনের ব্যবস্থা যদি করেন, কারণ তাদের যে শারীরিক অসুস্থতা দেখা দেয় এবং তার ফলে তারা হাসপাতালে ভর্ত্তি হতে বাধ্য হয়। কাজেই এই পরিপ্রেক্ষিতে আপনি নতুন করে এই সম্পর্কে চিন্তা-ভাবনা করছেন কিনা সেটা জানাবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী :** এখন পর্যন্ত এই সম্পর্কে কোন চিন্তা-ভাবনা করা হয়নি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি এই প্রশ্নের উত্তর দেবেন না বলেছেন। আমি আপনার অনুমতী নিয়ে রিলেটেড প্রশ্ন করছি। আমরা দেখেছি যে জেলের ভিতরে বন্দীদের সঙ্গে দেখা করতে গেলে জেলের যে কারারক্ষী থাকে তাদের উপঢৌকন না দিলে দেখা করতে দেয় না। উত্তর ২৪ পরগণার একজন বন্দীকে কেন্দ্র করে একটা প্রচন্ড গোলমাল হয়েছিল। কাজেই এই ধরনের বে-আইনী কার্যকলাপের বিরুদ্ধে আপনার তরফ থেকে কি ব্যবস্থা নিয়েছেন সেটা জানাবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী :** বিভিন্ন জায়গায় এই ধরনের যা ঘটছে, সেটা জেলের গেটে যারা থাকেন তারা এটা করছে। এখন স্পেসিফিক কেস যদি ধরা হয় তাহলে সে ক্ষেত্রে পানিশমেন্ট দেবার ব্যবস্থা আছে, সেটা দেওয়া হয় এবং সেটা করা হয়ে থাকে।

একটা জিনিস হচ্ছে, অনেকে দেখা করতে যান। ধরুন - কেউ সকালে যান, কেউ ৮টার সময়ে যান, আবার কেউ ৯টার সময়ে যান, এই রকম ভাবে কিছু দেখা করতে যান। আমরা দূরদর্শনের মধ্যে দিয়ে, পত্র-পত্রিকার মাধ্যমে, টি.ভি-তে বারবার বলার চেষ্টা করেছি যে দরখাস্তটা সময় মত জমা দিন, দরখাস্ত ফেলবার যে জায়গা আছে সেখানে জমা দিন। সেখানে জমা দিলে, আমাদের একজন অফিসার সেখানে দেওয়া হয়েছে, তিনি সেটা দেখেন, যাতে তারা দেখা করতে পারেন সেই ব্যবস্থা নেওয়া হয়। এ ছাড়া কোন জায়গা থেকে যদি কোন স্পেসিফিক ভাবে বলেন তাহলেও আমাদের সাধ্য মত দেখা করবার ব্যবস্থা করা হয়।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দেখা গেছে যে, কোন কোন প্রভাবশালী সাজাপ্রাপ্ত আসামী বা বিচারাধীন কয়েদী, তিনি জেলের মধ্যে সেলুলার ফোন ব্যবহার করছেন, তার বাড়ী থেকে খাবার যাচ্ছে এবং অন্যান্য দ্রব্যসামগ্রী নিয়মিত ভাবে তার কাছে পৌঁছাচ্ছে। এই সম্পর্ক অনেক রিপোর্টও করা হয়েছে এবং পত্র-পত্রিকার মাধ্যমে, বিভিন্ন ভাবে নির্দিষ্ট ভাবে আপনার নজরে আনার চেষ্টা করা হয়েছে। এই সম্পর্কে আপনি কি ব্যবস্থা নিয়েছেন? সেলুলার ফোন জেলের মধ্যে ব্যবহার করছে কয়েদীরা। আমরা নিজেরা দেখে এসেছি। এই সম্পর্কে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন সেটা জানাবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এই রকম দু'একটি ঘটনা ঘটেছে। আমরা সঙ্গে সঙ্গে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছি। যে রক্ষী সেখানে ছিল তার ১০টি ইনক্রিমেন্ট কেটে নেওয়া হয়েছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, একজনের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে কি হবে, এটা তো একটা চ্যানেল?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** চ্যানেল কিনা জানি না, তবে পার্টিকুলারলি যিনি গেটে ছিলেন, যারা গেটে থাকবে আমাদের তাদেরই ধরতে হবে।

## Charge against a Police Officer

*548. (Admitted Question No. *1386) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether a Deputy Commissioner of Calcutta Police was caught by Railway authorities on the charge of travelling with an illegal pass;

(b) if so, details of charges against him; and

(c) departmental action taken against the officer?

**Shri Buddhadeb Bhattacharjee :**

(a) Yes.

(b) Charges have not yet been framed.

(c) Necessary action will be taken on the basis of the finding of the enquiry in progress.

[11.50–12.00 Noon]

**শ্রী সৌগত রায় ঃ** ব্যাপারটা অত্যন্ত গুরুতর। কলকাতা পুলিশের একজন ডেপুটি কমিশনার বি. এন. রমেশ, তার বিরুদ্ধে অনেক অভিযোগ আছে চাকরীর ব্যাপারে। তাকে সেন্ট্রাল রেলওয়েতে ধরা হয়েছে; তিনি অবৈধ রেলওয়ে পাশ নিয়ে পরিবারসহ ভ্রমণ করছিলেন। পরে দেখা গেছে, ঐ পাশের উপর কাটাকুটি করা হয়েছে। একজন সামান্য পুলিশ কনেষ্টবল দুর্নীতির দায়ে ধরা পড়লে তাকে সঙ্গে সঙ্গে সাসপেন্ড করে এনকোয়ারী করা হয়। আমি জানতে চাই, ঐ আই. পি. এস. অফিসারের বিরুদ্ধে প্রাইমাফেসী কেস থাকা সত্ত্বেও তাকে সাসপেন্ড করা হল না কেন? এখন যে এনকোয়ারী হচ্ছে বলেছেন, সেটা কে করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** এনকোয়ারী হচ্ছে দুটি জায়গায়; ষ্টেট ভিজিলেন্স কমিশন করছেন এবং ইষ্টার্ন রেলের ভিজিলেন্স অফিসার করছেন। ইষ্টার্ন রেলের ভিজিলেন্স অফিসার এনকোয়ারী শুরু করে তারপর সেটা সি. বি. আই.-কে হ্যান্ডওভার করেছেন। যখন তিনি নট্ গিল্টি প্লিড করছেন তখন তাকে সাসপেন্ড করিনি এই কারণে যে, ভিজিলেন্স কমিশনের রিপোর্ট না পেয়ে সাসপেন্ড করলে জটিলতা বেড়ে যাবে। তবে তাকে কলকাতার আর্ম ব্যাটেলিয়ন থেকে অপসারিত করে খড়গপুরে ই. এফ. আর ব্যাটেলিয়নে পাঠিয়ে দেওয়া হয়েছে। ষ্টেট ভিজিলেন্স কমিশন রিপোর্ট এবং ইষ্টার্ন রেলওয়ে ভিজিলেন্স অফিসার সি. বি. আই.-কে যে দায়িত্ব দিয়েছেন তাদের রিপোর্ট, এই দুটি রিপোর্ট না পেয়ে সাসপেন্ড করার আইনগত অসুবিধা আছে।

**শ্রী সৌগত রায় ঃ** আমি আপনার সঙ্গে একমত হতে পারলাম না। এনকোয়ারী করতে পাঠিয়েছেন ঠিক আছে, কিন্তু তাকে সাসপেন্ড করা উচিত ছিল। খড়গপুরে ই. এফ. আর. ব্যাটেলিয়নে পাঠিয়ে দিয়েছেন বলে যা বললেন সেটা যথেষ্ট নয়। সংবাদে প্রকাশ, ঐ পাশ ইস্যু হয়েছিল শিয়ালদার এস. আর. পি. অফিস থেকে, যার চার্জে ছিলেন হরমনপ্রীত সিং যিনি ভিখারী পাশোয়ান মামলায় যুক্ত ছিলেন এবং যিনি এখন বাঁকুড়ার এস. পি. হয়েছেন। ঐ পাশ ইস্যু হয়েছিল শিয়ালদার এস. আর. পি. অফিস থেকে, অথচ পুলিশকে রেলওয়ে পাশ ইস্যু করার নিয়ম নেই। আমার প্রশ্ন, ঐ এস. আর. পি. অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** কথা কিছু শুনেই তো ব্যবস্থা নেওয়া যায় না। ভিজিলেন্স কমিশনের রিপোর্ট না পেলে কে দায়ী, কে অন্যায় করেছেন, না জেনে তা শুধু মুখের

কথা শুনে ব্যবস্থা নেওয়া যায় না।

**শ্রী সৌগত রায় ঃ** কমিশনের রিপোর্টের কথা বলছেন? একজন আই. পি. এস. অফিসারকে হাতে-নাতে চেকার ধরলেন, সেটা রিপোর্টেড হ'ল — এরপর আর কি প্রমাণ চাইছেন? আমি জিজ্ঞাসা করতে চাই, আমার কাছে খবর আছে, শিয়ালদা এস. আর. পি. থেকে আরো ১৭জন পুলিশ অফিসারকে এরকম রেলওয়ে পাশ ইস্যু করেছিলেন বেআইনীভাবে এবং ঐ বেআইনী পাশ নিয়ে পুলিশ অফিসাররা ঘুরছেন। এখানে দয়া করে জানাবেন কি, পুলিশ অফিসারদের রেলওয়ে পাশ পাওয়ার অধিকার আছে কিনা; এরকম খবর আছে কিনা যে, আরো অফিসারকে রেলওয়ে পাশ ইস্যু করা হচ্ছে? তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপনি যে সব কথা শুনেছেন, আমি তার চেয়ে কিছু বেশী শুনেছি। কিন্তু রিপোর্ট না পাওয়ার আগে কিছু বলতে পারবো না।

........ ( গোলমাল ) .......

(মাননীয় সদস্য শ্রী রবীন দেবকে উঠে দাঁড়িয়ে কিছু বলতে দেখা যায়)

**শ্রী সৌগত রায় ঃ** একজন আই. পি. এস. অফিসার ফলস্ পাশ নিয়ে ঘুরছেন, আর তাকে ডিফেন্ড করছেন আপনি। তিনি রেড হ্যান্ডেড ধরা পড়েছেন, তাকে ডিফেন্ড করছেন? আমি তো বুদ্ধদেববাবুর বিরুদ্ধে কিছু বলিনি!

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** সৌগতবাবু, আপনি উত্তেজিত হবেন না।

(গোলমাল)

আপনি যা বললেন আমি আবার বলছি, আপনার চেয়ে আমি ভাল করে জানি। আপনি যে কথা শুনেছেন, কে শুরু করেছে, কারা কারা জড়িত, আমি আবার বলছি আপনার থেকে আমি বেশি জানি। তা সত্ত্বেও কমিশনের রিপোর্ট না পাওয়া পর্যন্ত এই গুলি করা যায় না। যেমন একজন জনৈক মাননীয় সদস্যের বিরুদ্ধে স্পীকার তদন্ত না করে একজন এম. এল. এ.-কে শাস্তি দিতে পারেন না তেমনি আমি পারি না কে কি অন্যায় কাজ করেছে কমিশনের রিপোর্ট না পাওয়া পর্যন্ত তাকে শাস্তি দিতে। সৌগতবাবু, আমি আপনাকে দায়িত্ব নিতে বলছি কোন পুলিশ অফিসার দুর্নীতি করলে আমার বিভাগে তার জায়গা নেই, তাকে যদি শাস্তি দিতে হয়, দেব, যে কোন দুর্নীতিগ্রস্থ অফিসারকে শাস্তি দেব। কিন্তু আপনারা জানেন আইনের শাসন বলে একটা কথা আছে। আইনের শাসন অনুযায়ী আমাদের চলতে হয়। আমি কোন দুর্নীতিগ্রস্ত পুলিশ অফিসারকে ছেড়ে দেব না, অন্যায় করলে সে শাস্তি পাবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, বিষয়টা খুবই উদ্বেগজনক। একজন আই. পি. এস. অফিসার এবং আরো ১৭ জন আই. পি. এস অফিসার এই রকম জাল পাশ নিয়ে ব্যবহার করছে শুনেছি। এটা একটা মারাত্মক রকমের দুর্নীতি। ভিজিলেন্স

কমিশন তাদের রিপোর্ট দেবেন এবং আপনি তার বিরুদ্ধে এ্যাকশান নেবেন ঠিক আছে। আমার যেটা জিজ্ঞাস্য তা হলো, এই যে আই. পি. এস. অফিসারেরা এই র‍্যানডাম জাল পাশ ব্যবহার করছে, এই গুলি ভবিষ্যতে যাতে না হয়, এই ঘটনার যাতে আর পুনরাবৃত্তি না ঘটে, এই ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা, এই ব্যাপারে কোন পদক্ষেপ নিচ্ছেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** একটা রিপোর্ট পাওয়ার পরে বোঝা যাবে কি হয়েছে। অনেক অফিসার আছেন যাঁরা রেলওয়েজ অন ডিউটিতে থাকেন, তাঁরা অনেকে এই ধরণের রেলওয়ে পাশ ব্যবহার করার এনটাইটেলড। কারা এই পাশ অপব্যবহার করেছেন, কোথা থেকে পেয়েছে, কি করে পেল, কেন পেল এই গুলি সমস্ত বোঝা যাবে রিপোর্ট বার হলে। তাতে বোঝা যাবে অন্যায়টা কোথায় হয়েছে, কার থেকে শুরু হয়েছে, কে কে অন্যায় করেছে, কিছু গোপন থাকবে না, সমস্ত কিছু বার হয়ে আসবে। তাতে স্বাভাবিক ভাবে বোঝা যাবে কে অন্যায় করেছে। সব শ্রেণীর অফিসার এই ঘটনার পরিপ্রেক্ষিতে আশা করি সতর্ক হয়েছেন। যারা অন্যায় করেছে, যখন তাদের শাস্তি দেব তখন তাঁরা বুঝতে পারবেন যে এই জিনিস আর চলবে না।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই দুর্নীতির ব্যাপারে, বেআইনী পাশ ব্যবহারের ব্যাপারে কত দিনের মধ্যে তদন্ত হবে এবং পানিসমেন্ট হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আমি আমার ভিজিলেন্স কমিশন সম্পর্কে বলতে পারি। আমি তাদের আগেই বলেছি খুব তাড়াতাড়ি করুন, এটা না করলে অন্য ধরনের সমস্যা আসবে। পুলিশ পোসটিং-এর একটু অসুবিধা হবে। যেহেতু এটা প্রাইমারিলী রেলওয়ে ভিজিলেন্স করছে এবং পরে সি. বি. আই-এর হাতে গিয়েছে, আমার ধারণা খুব বেশী সময় লাগবে না। আশা করি আমি পেয়ে যাবো খুব তাড়াতাড়ি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কোন দোষী পুলিশ অফিসারকে ছেড়ে দেবেন না। মাননীয় স্পীকার মহাশয়ের উদাহরণ টেনে উনি বললেন যে, যেমন জনৈক বিধানসভার সদস্যের ব্যাপারে স্পীকার মহাশয় অনুসন্ধান করে ব্যবস্থা নেবেন তেমনি এই ক্ষেত্রে অনুসন্ধান না করে ব্যবস্থা নেওয়া যায় না। এটা ঠিক নয়। দুটো কেস আলাদা। ঐ পুলিশ অফিসার একটা রেল ষ্টেশনের একজন রেলওয়ে কর্মচারী। তিনি একটা বেআইনী পাশ নিয়ে ঘুরছেন এবং হাতেনাতে ধরা পড়েছেন। হাতে নাতে ধরা পড়ার পর প্রাইমাফেসি কেসে করা যায় না, যেটা আপনি বলছেন। আমি জানতে চাইছি, দক্ষিণ ২৪ পরগণার এ্যাডিসন্যাল এস. পি., ডি. কে. গঙ্গোপাধ্যায়, তাঁর বিরুদ্ধে ভিজিলেন্স, রাজ্যের যে মানবাধিকার কমিশন তাঁরা অভিযোগ এনেছিলেন। অভিযোগ প্রমাণিত হয়েছে যে, তিনি মানবাধিকার উল্লংঘন করেছিলেন। তার পর তাঁকে শাস্তি না দিয়ে তাঁকে আপনি নদীয়ায় এস. পি. করে পাঠালেন। আপনি যেটা বলছেন, কোন অফিসার অন্যায় করলে তাকে ছেড়ে দেবেন না, কিন্তু আপনি যা বলছেন তার বিরুদ্ধাচরণ করেছেন। আপনি এ সম্পর্কে ওয়াকিবহাল কিনা, যদি ওয়াকিবহাল থাকেন তাহলে তার বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন?

[12.00–12.10 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপনি ঐ অফিসার সম্পর্কে যা বললেন, আমি সে সম্পর্কে সম্পূর্ণ অন্যমত পোষণ করি। আমি মনে করি তিনি অপরাধী নন। ঐ অফিসার হচ্ছেন আই. পি. এসদের মধ্যে অন্যতম ভাল অফিসার। আপনার পছন্দ অপছন্দের ওপরে দাঁড়িয়ে ওটা হবে না। আমি বিস্তারিত করতে চাই না। কারণ এ সম্পর্কে সুপ্রিম কোর্টে কেস আছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** এটা আমার অভিযোগ নয়. এই অভিযোগ করেছেন মানবাধিকার কমিশন। আই হ্যাভ নো এনিমিটি উইথ হিম। ইট ইজ দি অবজার্ভেশন অফ দি হিউম্যান রাইটস্ কমিশন। স্যার, উনি যা বলছেন - আমার পছন্দ অপছন্দ ইত্যাদি - ইট হার্ডলি ম্যাটার্স ইফ আই লাইক হিম অর ডিসলাইক হিম। ইট ইজ দি রিপোর্ট অফ দি হিউম্যান রাইটস্ কমিশন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** স্যার, মাননীয় সদস্য যখন কথা বলবেন তখন জেনেশুনে বলা উচিত। মানবাধিকার কমিশন কি একজন বিশ্বাসের মার্ডারের ব্যাপারে এ্যাডিসন্যাল এস. পি. সম্পর্কে কি মত দিয়েছিল তা আপনি পড়েন নি। আমার ঘরে এসে পড়ে যাবেন। কোন শাস্তিমূলক ব্যবস্থার কথা মানবাধিকার বলেনি। আমি যা করেছি তা মানবাধিকার কমিশন যা বলেছে তাতে আটকায় না। মানবাধিকার কমিশন এই কথা বলেনি যে তাঁকে প্রোমোশন দিতে পারবেন না। আমি দিয়েছি, আমি দেব। আপনি যখন উত্তেজিত, এতেই বোঝা যাচ্ছে যে অফিসারটি সতিাই ভাল। আপনার যখন আপত্তি আছে, বোঝা যাচ্ছে, এটাই হচ্ছে মাপকাঠি যে, তিনি ভাল অফিসার। সুপ্রিম কোর্টে কেস চলছে বলে আমি এ সম্পর্কে আর ব্যাখ্যা করতে চাইছি না।

## Starred Questions
## (to which Answers were laid on the Table)

### বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষ

*৫৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৪) **শ্রী অধীর চৌধুরী ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত আর্থিক বছরে বন্যায় রাজ্যে ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা কত; এবং

(খ) উক্ত বিষয়ে আর্থিক ক্ষতির পরিমাণ কত?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গত ১৯৯৮-'৯৯ আর্থিক বছরে বন্যায় এই রাজ্যে ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা - ৭০, ৯১, ৯২২।

(খ) উক্ত বন্যায় শস্য হানি, ঘর-বাড়ী ভাঙ্গন এবং অন্যান্য সরকারী সম্পত্তির

ক্ষয়ক্ষতির মোট পরিমাণ (আর্থিক মূল্যে) আনুমানিক ১৪১২ কোটি ৬৬ লক্ষ টাকা।

**Advisory Board of the Mahajati Sadan**

*549. (Admitted Question No. *2439) **Shri Deoki Nandan Poddar : Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state–**

(a) who are the members of the Advisory Board of the "Mahajati Sadan" in Calcutta;

(b) what are the rules, procedures and regulations followed for forming the Advisory Board of the "Mahajati Sadan"; and

(c) is the State Government paying any allowance to the members of the Advisory Board?

**M.I.C. of the Information & Cultural Affairs Deptt.**

(a) The Management of Mahajati Sadan is looked after by a Trust Board consisting of 2 Ex-officio Trustees viz., the Speaker, West Bengal Legislative Assembly and the Mayor, Calcutta Municipal Corporation and other members not exceeding 8. The Trustees of the present Board are (1) Shri Hasim Abdul Halim, Speaker, West Bengal Legislative Assembly (Ex-officio), (2) Shri Prasanta Chattopadhyay, Mayor, Calcutta Municipal Corporation (Ex-officio), (3) Shri Prasanta Dasgupta, (4) Shri Abirlal Mukherjee, (5) Prof. Sunil Munshi, (6) Smt. Anila Debi, (7) Director of Culture, Government of West Bengal.

Shri Saurindranath Bhattacharya who was a member has passed away.

(b) The Board is constituted by the State Government by notification in the official gazette in terms of Rule 3 of Mahajati Sadan Rules, 1956 framed in exercise of the power conferred by section 4 of the Mahajati Sadan Act, 1949.

(c) No.

**জেলের অভ্যন্তরে হাসপাতাল**

*৫৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৬) **শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —**

(ক) এটা কি সত্যি যে, জেলের অভ্যন্তরে আধুনিক হাসপাতাল নির্মাণ করা হবে; এবং

(খ) সত্যি হলে, রাজ্য সরকার কি শুধু আলিপুর সেন্ট্রাল জেলের ভিতরে হাসপাতাল নির্মাণ করবেন না কি রাজ্যের অন্যান্য জেলেও?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মহকুমা কারা ব্যতীত রাজ্যের অন্যান্য সকল কারাভ্যন্তরে জেল হাসপাতাল আছে।

(খ) কারাভ্যন্তরের হাসপাতালগুলির আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম কেনার ব্যবস্থা হচ্ছে।

### অনুপ্রবেশ রোধে গৃহীত পদক্ষেপ

*৫৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮৩) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

শহর কলকাতার গঙ্গাতীরবর্তী এলাকায় বাংলাদেশ থেকে আগত অনুপ্রবেশকারীদের অনুপ্রবেশ রোধে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

শহর কলকাতার গঙ্গাতীরবর্তী এলাকায় অনুপ্রবেশ রোধে, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য পুলিশের আই. বি. শাখার ও কলকাতা পুলিশের এস. বি.-এর মাধ্যমে বাংলাদেশীদের চিহ্নিত করে সীমান্ত রক্ষী বাহিনীর সাহায্যে তাদের ফেরৎ পাঠানোর জন্য ধারাবাহিক কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

### জেলবন্দীদের দৈনন্দিন খাদ্য

*৫৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২২১৩) **শ্রী জ্যোতি চৌধুরী ঃ** কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে জেলবন্দী আসামীদের মাথাপিছু দৈনন্দিন খাদ্যের তালিকা ও পরিমাণ কি?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| | বিচারাধীন বন্দী | সাজাপ্রাপ্ত বন্দী |
|---|---|---|
| (ক) | ৮৭ গ্রাম | ১১৭ গ্রাম |

| | | | |
|---|---|---|---|
| (খ) | দুপুরের খাবার | | |
| | চাউল | ২৪৬ গ্রাম | ২৪৬ গ্রা |
| | আলু | — | ৮৭ গ্রা |
| | ডাল | ৭৩ গ্রা | ৭৩ গ্রা |
| | সবজি | ১১৬.৫ গ্রা | ১১৬.৫ গ্রা |
| | তেঁতুলের চাটনী | ৭.২৫ গ্রা | ৭.২৫ গ্রা |
| (গ) | সান্ধ্য আহার / রাত্রের খাবার | | |
| | আটা | ২৫০ গ্রা | ২৫০ গ্রা |
| | ডাল | ৭৩ গ্রা | ৭৩ গ্রা |
| | সবজি | ১১৬.৫ গ্রা | ১১৬.৫ গ্রা |

এছাড়া প্রত্যেক বিচারাধীন বন্দী এবং সাজাপ্রাপ্ত বন্দীকে প্রতি চতুর্থ দিনে ৫৮ গ্রাম মাছ অথবা মাংস দেওয়া হয়।

## Unstarred Questions
## (to which written Answers were laid on the Table)

### চন্দননগর সরকারী কলেজ

৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১) **শ্রী কমল মুখার্জী ঃ** উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলায় চন্দননগর সরকারী কলেজে বর্তমানে শিক্ষক ও অশিক্ষকের কতগুলি পদ শূন্য আছে; এবং

(খ) ঐ পদগুলি পূরণ করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে/হয়েছে?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) শিক্ষকের শূন্য পদের সংখ্যা ৩৮
অশিক্ষক শূন্য পদের সংখ্যা ৩

(খ) শিক্ষকের শূন্য পদগুলি পূরণের জন্য উপযুক্ত প্রার্থীর নাম সুপারিশ করতে পাবলিক সার্ভিস কমিশনকে অনুরোধ করা হয়েছে।

(১) অশিক্ষক পদগুলির ক্ষেত্রে পদার্থবিদ্যা বিভাগের মেকানিক পদের জন্য কলেজ কর্তৃপক্ষ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে উপযুক্ত কর্মপ্রার্থীর নাম চেয়ে পাঠিয়েছেন। নামের তালিকা কলেজে এখনও এসে পৌঁছয়নি।

(২) গ্রুপ 'সি' কর্মচারীর একটি শূন্য পদ পূরণের জন্য সরকারের নিকট প্রয়োজনীয় অনুমোদন চেয়েছেন এবং

(৩) গ্রুপ 'ডি' এক কর্মচারীর মৃত্যুর ফলে সৃষ্ট শূন্যপদটি পূরণের ক্ষেত্রে ঐ মৃত কর্মচারীর স্ত্রীর আবেদন সরকারের নিকট পাঠিয়েছেন।

**চর্মশিল্পের ডিজাইন স্টুডিও**

৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৮) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কুটীর ও ক্ষুদ্রশিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা শহরে চামড়া জাত সামগ্রীর বিভিন্ন ডিজাইন তৈরীর স্টুডিওটি কোথায়; এবং

(খ) তা কবে চালু হয়েছে?

**কুটির ও ক্ষুদ্রায়তনশিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২, এফ্, "Park Plaza", ৭১, পার্ক স্ট্রীট, কলকাতা-১৬-এ অবস্থিত।

(খ) সেপ্টেম্বর, ১৯৯৭-এ চালু হয়েছে।

**গ্রামীণ বৈদ্যুতিকরণে অগ্রগতি**

৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৪) **শ্রী তপন হোড় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮-৯৯ আর্থিক বছরে গ্রামীণ বৈদ্যুতিকরণের অগ্রগতি কী রূপ (জেলাওয়ারী হিসাবসহ);

(খ) হুকিং রুখতে বিদ্যুৎ সংযোগ ব্যবস্থা সরলীকরণের কোনো পরিকল্পনা বিদ্যুৎ পর্ষদ নিয়েছে কি না; এবং

(গ) নিয়ে থাকলে, উক্ত পরিকল্পনাটির রূপরেখা কি?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৮-৯৯ সালে গ্রামীণ বৈদ্যুতিকরণ এবং বিদ্যুতায়িত মৌজাভিত্তিক জেলাওয়ারি পরিসংখ্যান অনুলগ্ন করা হ'ল।

(খ) ও (গ) হুকিং রুখতে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন করার সাথে সাথে ইচ্ছুক গ্রাহকদের আনুষঙ্গিক নিয়মাবলীর সম্পাদন সাপেক্ষে কোন রকম দেরী না করে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করা হয়েছে।

**West Bengal State Electricity Board**

Progress of Mouzas Electrified/Intensified During 1998-99

| Sl. No. | District | Mouzas Electrified (Nos.) | Mouzas Intensified (Nos.) |
|---|---|---|---|
| 1. | 24-Parganas (South) | 28 | 108 |
| 2. | 24-Parganas (North) | – | 57 |
| 3. | Howrah | – | 43 |
| 4. | Hooghly | – | 26 |
| 5. | Burdwan | 6 | 30 |
| 6. | Midnapur | 16 | 119 |
| 7. | Bankura | 9 | 33 |
| 8. | Purulia | 22 | 23 |
| 9. | Birbhum | – | – |
| 10. | Nadia | – | 16 |
| 11. | Murshidabad | – | 39 |
| 12. | Malda | – | 4 |
| 13. | Dakshin Dinajpur | – | 7 |
| 14. | Uttar Dinajpur | – | 12 |
| 15. | Jalpaiguri | – | 15 |
| 16. | Cooch Behar | – | 22 |
| 17. | Darjeeling | 2 | 33 |
| | Total | 83 | 587 |

**কালভার্ট মেরামত**

৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৭) **শ্রী ইউনুস সরকার ও শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া)** ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯৮ সালের বন্যায় বিদুপুর গ্রামে অবস্থিত বহরমপুর থেকে গোপালপুর যাওয়ার (স্টেট হাইওয়ে) রাস্তার কালভার্টটি ভেঙ্গে গিয়েছিল;

(খ) সত্যি হলে, উক্ত কালভার্ট মেরামত করা হয়েছে কি না; এবং

(গ) হয়ে থাকলে, উক্ত কালভার্টটি মেরামত করতে কত টাকা ব্যয় করা হয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্য।

(খ) উহার মেরামতের কাজ হাতে নেওয়া হয়েছে। ইতিমধ্যেই একটি ডাইভার্সাল কালভার্ট তৈরী করে তা ১১-৫-৯৯ তারিখে যানবাহনের জন্য খুলে দেওয়া হয়েছে। মূল কালভার্টটির পুনর্নির্মাণের কাজ পরবর্তী দফায় শুরু হবে।

(গ) যেহেতু কালভার্টটির মেরামত এখনও সমাপ্ত হয় নি, তাই সঠিক ব্যয়ের পরিমাণ এখনই বলা সম্ভব নয়। তবে এটার জন্য প্রায় ৫.৯১.০০০ টাকার মত ব্যয় হতে পারে বলে মনে করা হচ্ছে।

## মাশরুম ইত্যাদি চাষ

৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৫) **শ্রী রামপদ সামন্ত ঃ** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উদ্যানজাত ফসল, মৌসুমী ফসল, মাশরুম ও মৌমাছি চাষ বাড়ানোর জন্য সরকার কী ধরনের পরিকল্পনা গ্রহণ করেছে (জেলাওয়ারী); এবং

(খ) ১৯৯৪ সাল থেকে ১৯৯৮ সাল পর্যন্ত কতজন চাষীকে উক্ত চাষ বৃদ্ধির জন্য প্রশিক্ষণ দেওয়া হয়েছে (বৎসরওয়ারী)?

**খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** রাজ্য সরকার রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের মাধ্যমে মাশরুম উৎপাদনের উপর গুরুত্ব দিয়েছে, মাশরুম চাষ প্রসারের জন্য কেন্দ্রিয় সরকারের আর্থিক সহায়তায় রাজ্য সরকার এ যাবৎ মোট ৪টি মাশরুম উৎপাদন, সরবরাহ ও প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছে। এ ছাড়া, এই বিভাগ হুগলী জেলার চুঁচুড়াস্থ মাশরুম ডেভেলপমেন্ট প্রকল্পের মাধ্যমে মাশরুম বীজ উৎপাদন, মাশরুম চাষ ও প্রক্রিয়াকরণ-সংক্রান্ত প্রশিক্ষণ দিয়েছেন। ১৯৯৯ সালের ৩১শে মার্চ পর্যন্ত মোট ৩,৯১৯ (তিন হাজার নয় শত উনিশ) জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং ৬৭,৯২৯ (সাতষট্টি হাজার নয় শত উনত্রিশ) প্যাকেট মাশরুম বীজ উৎপাদন ও বিতরণ করা হয়েছে।

১৯৯৯ সালের ৩১ শে মার্চ পর্যন্ত প্রশিক্ষণ প্রাপ্তের সংখ্যা ও মাশরুম বীজ উৎপাদন ও বন্টনের সংখ্যা কেন্দ্রওয়াড়ী নিম্নরূপ :

| ক্রমিক সংখ্যা | কেন্দ্রের নাম ও সংখ্যা | প্রশিক্ষণ প্রাপ্তের সংখ্যা | মাশরুম বীজ উৎপাদন ও বন্টনের সংখ্যা |
|---|---|---|---|
| ১। | রামকৃষ্ণ মিশন আশ্রম কৃষি উৎপাদন কেন্দ্র, নিমপীঠ, দক্ষিণ ২৪ পরগণা।৭৪৩ জন | ১৮,৫২৪ প্যাকেট | |
| ২। | বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, কল্যাণী মোহনপুর, নদীয়া। | ১,৪৩১ জন | ৪৫,০০০ প্যাকেট |
| ৩। | বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, বোলপুর, বীরভূম। | ৫৪০ জন | ১,০০০ প্যাকেট |
| ৪। | পশ্চিমবঙ্গ কম্প্রিহেন্সিভ এরিয়া ডেভেলপমেন্ট কর্পোরেশন, সোনামুখী, বাঁকুড়া। | ২০৫ জন | ১,৪০০ প্যাকেট |

এ ছাড়াও মাশরুম ডেভেলপমেন্ট প্রকল্পাধীন হুগলী জেলার চুঁচুড়াস্থ কেন্দ্রে ১,০০০ (এক হাজার) জনকে প্রশিক্ষণ ও দুই হাজার পাঁচ (২,০০৫) টি প্যাকেট মাশরুম বীজ বন্টন করা হয়েছে। শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ কেন্দ্রিয় সহায়তায় প্রকল্পের অধীন গোর্খা হিল কাউন্সিল কর্তৃক রাজ্যে দার্জিলিং জেলার কার্সিয়াং এর গির্ধা পাহাড় এলাকায় মাশরুম উন্নয়নের পরিকাঠামো স্থাপনের উদ্দেশ্যে ৬৩,৭১,২৮৪। (তেষট্টি লক্ষ একাত্তর হাজার দুইশত চুরাশি) টাকার প্রকল্প জমা দেয়। কেন্দ্রিয় সরকার ১৯৯২-৯৩ সালে ৪৭,৮৪,০১৮ (সাতচল্লিশ লক্ষ চুরাশি হাজার আঠেরো) টাকা অনুদান হিসাব-এ মঞ্জুর করলেও এখনও পর্যন্ত ৩০ (ত্রিশ) লক্ষ টাকা 'রিলিজ' করেন। প্রকল্পটি রূপায়িত হলে উত্তরবঙ্গের জেলাগুলিতে ব্যাপক মাশরুম চাষ করা যাবে।

কয়েকটি বেসরকারী প্রতিষ্ঠান মাশরুম চাষ করার বিষয়ে আগ্রহ প্রকাশ করে প্রকল্প জমা দিয়েছে। এর মধ্যে মেসার্স অ্যাগ্রি প্রিজারভেশান অ্যান্ড প্রসেসিং লিমিটেড নামক একটি বেসরকারী সংস্থা অন্যতম।

### ইন্দিরা আবাসন যোজনায় হুগলী জেলা

*৪০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৬) **শ্রী রবীন মুখার্জী :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ এর আর্থিক বর্ষে ইন্দিরা আবাসন যোজনায় হুগলী জেলায় কত টাকা বরাদ্দ করা হয়েছিল; এবং

(খ) উক্ত টাকায় কতজন উপকৃত হয়েছেন (ব্লকওয়ারী হিসাবসহ)?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭-৯৮ এর আর্থিক বছরে ইন্দিরা আবাসন যোজনায় হুগলী জেলায় ৩২৫.৩৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল।

(খ) উক্ত টাকায় ২৬৫৩ জন উপকৃত হয়েছেন। ব্লকওয়ারী হিসাব নীচে দেওয়া হল ঃ

| ক্রমিক সংখ্যা | ব্লকের নাম | উপকৃতের সংখ্যা |
|---|---|---|
| (১) | চুঁচুড়া মগরা | ৬৪ |
| (২) | পোলবা দাদপুর | ১১ |
| (৩) | বলাগড় | ৩৯৯ |
| (৪) | পাণ্ডুয়া | ১৮০ |
| (৫) | ধনিয়াখালি | ৯৭ |
| (৬) | হরিপাল | ১১১ |
| (৭) | তারকেশ্বর | ১৭০ |
| (৮) | সিঙ্গুর | ১৩০ |
| (৯) | শ্রীরামপুর উত্তরপাড়া | ২২ |
| (১০) | চন্ডীতলা-১ | ২৪০ |
| (১১) | চন্ডীতলা-২ | ১৩৩ |
| (১২) | জঙ্গীপাড়া | ১২০ |
| (১৩) | আরামবাগ | ১৫৭ |
| (১৪) | পড়ুশুড়া | ২০৮ |
| (১৫) | গোঘাট-১ | ১১৮ |
| (১৬) | গোঘাট-২ | ১৫০ |
| (১৭) | খানাকুল-১ | ৪৯ |
| (১৮) | খানাকুল-২ | ২৯৪ |
| | | ২,৬৫৩ |

**"গঙ্গা অ্যাকশন প্ল্যান"**

৪১০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪১) **শ্রী রবীন মুখার্জী ঃ** নগরোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন পৌরসভার কাছ থেকে গঙ্গা অ্যাকশন প্ল্যান কাজে দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে;

(খ) সত্যি হলে,

(১) কোন্ কোন্ পৌরসভা; এবং

(২) উক্ত অভিযোগের ভিত্তিতে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছি কি?

**নগরোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) ভাটপাড়া এবং হুগলী চুঁচুড়া পৌরসভা।

(২) উক্ত অভিযোগের ভিত্তিতে সি. এম. ডি. এ. একটি কমিটি গঠন করেছে। ঐ কমিটি বিষয়টি তদন্ত করছে।

**ওরিয়েন্টাল গ্যাস**

৪১১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৬) **শ্রী রবীন মুখার্জী ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, শিল্প ও বাণিজ্য দপ্তরের কিছু সংখ্যক সরকারী কর্মচারী ডেপুটেশনে ওরিয়েন্টাল গ্যাস কর্পোরেশনে কাজ করছেন; এবং

(খ) সত্যি হলে, উক্ত কর্মচারীগণ সরকারী কর্মচারীদের মত নূতন বেতনক্রম অনুযায়ী বেতন পাচ্ছেন কি না?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বৃহত্তর কলিকাতা গ্যাস সরবরাহ সংস্থা-তে কর্মরত বিভিন্ন ধরণের কর্মচারীদের বেতন ইত্যাদি সংক্রান্ত বিষয়ের সমস্যাবলী সমাধানে রাজ্য সরকার সচেষ্ট আছে।

**"অনুপ্রবেশকারী"**

৪১২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৮) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিভিন্ন জেলায় বাংলাদেশ থেকে আগত অনুপ্রবেশকারীর সংখ্যা কত; এবং

(খ) উক্ত অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বাংলাদেশ থেকে আগত অনুপ্রবেশকারীর প্রকৃত সংখ্যা নিরুপণ করা সম্ভব নয়। তবে যে সকল বাংলাদেশী অনুপ্রবেশকারীদের চিহ্নিত করা সম্ভব হয়েছে তাদের সংখ্যা নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ১৯৯৪ | ... | ১৭,৯৯৬ |
| ১৯৯৫ | ... | ১৩,৪৫৭ |
| ১৯৯৬ | ... | ১০,০৯১ |
| ১৯৯৭ | ... | ৯,৩৫২ |
| ১৯৯৮ | ... | ৩,৮২০ |

(খ) অনুপ্রবেশকারীদের আদালত প্রদত্ত সাজা ভোগের পর বাংলাদেশে ফেরৎ পাঠানো হয়। তবে যারা সীমান্তেই ধরা পড়ে, তাদেরকে সেখান থেকেই বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হয়।

**তফসিলী জাতি ও উপজাতি পরিচয়পত্র**

৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৫) **শ্রী দেবব্রত ব্যানার্জী ঃ** অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তফসিলী জাতি ও উপজাতিদের পরিচয়পত্র পাবার জন্য আবেদনকারীর দরখাস্তের সঙ্গে কী কী প্রমাণপত্র দাখিল করার প্রয়োজন;

(খ) ১৯৯৮ সালে উক্ত পরিচয়পত্র পাবার জন্য দুর্গাপুর মহকুমাতে কত সংখ্যক দরখাস্ত জমা পড়েছিল; এবং

(গ) উল্লিখিত সময়ে কত সংখ্যক পরিচয়পত্র প্রদান করা হয়েছে?

**অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) স্থায়ী নিবাস ও (২) জাতি / উপজাতি প্রমাণ করবার জন্য, সম্ভব হলে প্রমাণপত্রাদির ও পিতৃকুলের রক্ত সম্পর্কের কারও সার্টিফিকেট থাকলে তার প্রত্যয়িত নকল আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। পিতৃকুলের রক্ত সম্পর্কীয় কারও সার্টিফিকেট দাখিল করতে পারলে সেই আবেদনকারীর জাতি/উপজাতি ও স্থায়ী নিবাস সম্পর্কীয় নতুন প্রমাণ লাগবে না। তিনি সরাসরি সার্টিফিকেট পাবেন। তবে, কোন প্রমাণ দাখিল করা বাধ্যতামূলক নয়। যাঁরা কোন রকমের সার্টিফিকেট দাখিল করতে পারবেন না, তাদের আবেদনপত্রগুলি অনগ্রসর কল্যাণ বিভাগের ইনস্পেকটর বা অনুরূপ আধিকারিকের দ্বারা সরেজমিনে তদন্ত হবে। এতদ্‌সহ এ বিষয়ে দপ্তরের নির্দেশ-সম্বলিত স্মারক নং ৩৮৯-টি. ডব্লু/ই.সি. তাং ১৭-৫-৯৫-এর নকল সংযোজিত হ'ল ঃ

Registered No. WB/SC-247 **No. WB (Part-I)/95/SAR-226**

*Extraordinary*
Published by Authority

BAISAKHA 27] WEDNESDAY, MAY 17, 1995 [SAKA 1917

PART I–Orders and Notifications by the Governor of West Bengal, the High Court, Government Treasury, etc.

**GOVERNMENT OF WEST BENGAL**
**SCHEDULED CASTES & TRIBES WELFARE DEPARTMENT**
**Writers' Buildings, Calcutta**

*NOTIFICATION*

No. 389-TW/EC
MR-52/93 Calcutta, the 17th May, 1995

The Scheduled Caste or Scheduled Tribe certificate from the competent authority is a sine qua non for any person belonging to Scheduled Caste or Scheduled Tribe, as the case may be, for getting any benefit or concession as is admissible to members of such communities, particularly in matters of employment and admission to academic institutions. Viewed as such, it is desirable that the competent authorities shall dispose of applications for the grant of SC/ST certificates within a reasonable time limit, and that not exceeding six weeks from the date of receipt of an application under normal circumstances, same guidelines and instructions in this regard were sent to the Competent Authorities in Chief Secretary's Circular No. Sec. (SCTW)/324/MR-70/83, dt. 16.7.88 and this Department's memo. No. 144 (86)-TW/EC, dt. 10.4.89 and No. 479 (84)-TW/EC, dt. 25.8.1989. A model application form for SC/ST certificate was also prescribed in this Department's memo. No. 277 (86)-TW/EC, dt. 2.6.89 and sent to the authorities competent to issue Caste/Tribe certificates.

2. Notwithstanding the measures already taken as above, there are still reports of large accumulations of applications for SC/ST certificates awaiting disposal in many sub-divisions. There are also complaints of inordinate delay and harassment in the matter of issue of SC/ST certificates.

3. In order to expedite and straighten the matters, it is felt expedient to prescribe some further guidelines, as indicated below, within the broad frame of the constitutional provision and Presidential orders:

(1) District Welfare Officers or Special Officers, Scheduled Castes & Tribes Welfare/Scheduled Castes & Tribes Welfare Officer set to it that model application forms for SC/ST certificates as prescribed in this Department's memo. No. 277 (86)-TW/EC, dt. 2.6.89 is supplied in sufficient number to all Block Development, Municipal and Notified Area Authority Offices in their respective districts/sub-divisions. Any person intending to apply for SC or ST certificate should be supplied with the above application form. The applicant should not be required to produce any prima facie evidence of Caste/Tribe identity at the time of delivery of such form. Any person may apply for SC or ST certificate even in typed or photo-copy of prescribed form.

(2) Application duly filled in, along with copies of documentary evidences, *if any*, should be received by the BDOs in case of Panchayat areas and by the Executive Office of Municipal/ Notified Areas. Every application should be received and diarised or registered in same way as is done in filing a case in any judicial or quasi-judicial proceeding. On receipt of such an application a receipt with office-seal indicating the serial number and date of receipt of the application and also the date of hearing on the same should be handed over to the applicant by the receiving officer. The entire proceeding should be treated as quasi-judicial.

(3) For the hearing of applications, preferably one particular date may be fixed in a week/fortnight for a particular Gram Panchayat or group of Gram Panchayats or Ward or a group of Wards at a time. On the same date so fixed, as far as possible, all the applications concerning that Gram Panchayat or group of Gram Panchayats or Wards or group of Wards should be heard and evidence should be taken in respect of one application after another in the presence of the public in general. The date of such hearing should be declared well in advance by display of proper notices in the concerned B.D.O./Municipal/Notified Area Authority Offices and local publicity may also be given about the same. Any person desiring to raise any objections to the grant of SC or ST certificate to any particular applicant should be allowed to prove his/her contention at the time of such hearing.

(4) Block Development Officers for the Gram Panchayat areas and S.D.O. or any Officer not below the rank of a Deputy Magistrate

authorised by the S.D.O. for Municipal/Notified Areas will hear the applications.

(5) In case any applicant produces an SC/ST certificate of his/her paternal blood relation he/she shall be deemed to belong to the same caste or tribe as that of such relation whose certificate is produced, unless there is reason to believe that the certificate so produced is a product of fraud, forgery or misrepresentation, in which case the concerned authority who has been authorised to hear the case must impound the certificate and forward the same to the competent authority for issuing such certificate for starting proceedings for cancellation of the same and also initiate legal measures as provided in the West Bengal Scheduled Castes & Scheduled Tribes (Identification) Act, 1994. Those types of cases which have not been challenged or impounded as above, should straightway be forwarded to the Competent Authority for issue of the SC or ST certificate. The blood relation mentioned here include (a) Father/Father's brother/ Father's sister, (b) Father's father/Father's father's brother/ Father's father's sister, (c) Son/Daughter, (d) Son's son son's daughter, (e) Brother/Sister.

(6) In case where the applicant fails to produce any certificate of blood relation, B.D.O. or the authority hearing the application shall cause the applications to be enquired into by the Inspector of S.C. & T.W. Department or any other officer authorised by the S.D.O.

(7) As regards the question of belonging to a particular community and question of permanent residence of any applicant, the certificate of the Pradhan of Gram Panchayat or of the Chairman of Municipality/Notified Area Authority or Councillor of Corporation, as the case may be, should be presumed to be correct unless proved otherwise. Submission of documentary evidences in support of an applicant's Caste/Tribe identity and permanent residence should not be made binding upon the applicant in any particular case wherefrom the nature of this case, it will appear that such evidences are not likely to be available. In such cases, the certificates of the Pradhan of his Gram Panchayat or the Chairman of Municipality/Notified Area Authority/Councillor of Corporation, as the case may be, and also the findings of local enquiry on the basis of oral evidences of the local people should be deemed to be of sufficient value. An enquiry, in which, the certificate of the Pradhan of the Gram

Panchayat or Chairman of the Municipality/Notified Area Authority or Councillor of Corporation is accepted as valid and oral evidences of the local people are duly taken into account, shall be deemed to be reliable enquiry conducted with due care and caution. No application should be rejected merely on the ground that documentary evidences, either in support of Caste/Tribe identity or permanent residence of the application are not available. Oral evidences by any witness should be recorded by the enquiry officer and signature of the witness should be taken at the bottom of the deposition.

(8) Any person who himself or any of his predecessor is enrolled as a voter in the electoral roll for the purpose of Parliament/Assembly Election shall be deemed to be a Citizen of India and as such eligible for a Scheduled Caste/Tribe certificate provided the Caste/Tribe identity and permanent residence have been established through reliable enquiries conducted in the manner stated hereinbefore, and the application shall not be rejected merely on the ground that the person does not possess a formal citizenship certificate.

(9) All the steps commencing from the date of filing of the application till the date of issue of the certificate or issue of the order of refusal of the certificate, as the case may be, should be completed normally within a period of six weeks as already communicated in Chief Secretary's Circular No. Secy. (SCTW)/324/MR-70/83, dated 16.7.88.

(10) In case of any application where it is considered that the case has to be referred to some other authority competent to issue SC/ST certificates for views, such reference should be made only by the Officer who is competent to issue SC/ST certificate and to whom the applicant has applied for the grant of an SC/ST certificate, and not by any enquiring officer. In such a case, the period taken for such enquiry and report by outside agencies should be deducted from the stipulated period of six weeks, which is the maximum time limit fixed for the disposal of any application for SC/ST certificate under usual conditions.

(11) During the entire proceedings commencing from the date of filing of an application and ending on the date of delivery of the certificate or rejection of the application, as the case may be, the applicant should be given the next date of business on each date of business preceeding it, just like giving dates in judicial and quasi-judicial proceedings.

(12) A Scheduled Caste or Scheduled Tribe certificate under section 3 or section 4 of West Bengal Scheduled Castes & Scheduled Tribes (Identification) Act, 1994 may be issued in the Form annexed herewith :

(a) in the district, by the Sub-divisional Officer of the Sub-division concerned, and

(b) in Calcutta, by the District Magistrate, South 24-Parganas, or by such Additional District Magistrate, South 24-Parganas, as may be authorised by the District Magistrate, South 24-Parganas, in this behalf.

*Explanation I.* – "Calcutta" shall mean the town of Calcutta as defined in section 3 of the *Calcutta Police Act.*, 1866.

*Explanation II.*– For the removal of doubt, it is hereby declared that for the purposes of West Bengal Scheduled Castes & Scheduled Tribes (Identification) Act, 1994, the District Magistrate, South 24-Parganas, or the Additional District Magistrate, South 24-Parganas, authorised by the District Magistrate, South 24-Parganas, under (b) above, shall have jurisdiction over Calcutta.

(13) (a) An appeal against any refusal to issue of any certificate shall lie–

(i) to the District Magistrate or the Additional District Magistrate authorised by the District Magistrate in this behalf where the certificate is refused by the Sub-divisional Officer; and

(ii) to the Commissioner. Presidency Division, where the certificate is refused by the District Magistrate, South 24-Parganas, or the Additional District Magistrate, South 24-Parganas, authorised by the District Magistrate, South 24-Parganas.

(b) The decision of the District Magistrate or the Additional District Magistrate or the Commissioner, Presidency Division, as the case may be, on any appeal shall be final.

By order of the Governor,

U. K. RAY.
*Secy. to the Government of West Bengal.*

## ANNEXURE

**Form of Cast Certificate**

This is to certify that Shri/Shrimati/Kumari*.................................... son/daughter* of .................................. of village/town*.......................... in district/division* .................................. of the State.......................... belongs to the ...................................................... Caste/Tribe* which is recognised as a Scheduled Caste/Scheduled Tribe under the Constitution (Scheduled Castes) Order, 1950 and the Constitution (Scheduled Tribes) Order, 1950, as amended by the Scheduled Caste and Scheduled Tribes Lists (Modification) Order, 1956.

2. Shri/Shrimati/Kumari* .................................. and his/her* family ordinarily reside(s) in village/town* ......................... of.......................... district/division* of the State...............................

Place:

Date: Signature ...............................

Designation...........................
(With seal of office)

State....................................

PHOTOGRAPH

Please delete the words which are not applicable.

*Note:* The term "ordinarily resides" used here will have the same meaning as in section 20 of the Representation of the People Act, 1950.

(খ) মোট ২,৩৫০টি।

| | | |
|---|---|---|
| তফসিলী জাতি | ... | ২,২১৯টি |
| তফসিলী উপজাতি | ... | ১৩১টি |

(গ) মোট ১,৮৬৯টি।

| | | |
|---|---|---|
| তফসিলী জাতি | ... | ১,৭৮৯টি |
| তফসিলী উপজাতি | ... | ৮০টি |

## পুলিশ আবাসন

৪১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৪) **শ্রী সমর মুখার্জী** ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে পুলিশ কর্মীদের আবাসনের সংখ্যা অপর্যাপ্ত ও সেগুলি ঠিকমত রক্ষণাবেক্ষণ হয় না; এবং

(খ) সত্যি হলে, উক্ত ব্যাপারে সরকারের পরিকল্পনা কি?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) দশম অর্থ আয়োগের সুপারিশ অনুযায়ী রাজ্য সরকার নীচুতলার ও উপরতলার অধস্তন পুলিশ কর্মীদের জন্য আবাসন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। রাজ্যের পুলিশ কর্মীদের জন্য মোট ২,৭৬১টি আবাসন নির্মাণের পরিকল্পনা গৃহীত হয়েছে। গৃহ নির্মাণের কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে ধাপে ধাপে শেষ হবে।

## তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রাবাস

৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০৩) **শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রাবাসের সংখ্যা কত (জেলাওয়ারী); এবং

(খ) উক্ত সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য ছাত্রাবাস বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

**অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পশ্চিমবঙ্গ তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রাবাসের মোট সংখ্যা ১,৫২৮ (পনেরশ আটাশ)।

(ক) নিম্নে জেলাওয়ারী সংখ্যা দেওয়া হল ঃ

| | জেলার নাম | | ছাত্রাবাসের সংখ্যা |
|---|---|---|---|
| (১) | কলিকাতা | ... | ৩ |
| (২) | বর্ধমান | ... | ৬২ |
| (৩) | বীরভূম | ... | ৫০ |
| (৪) | বাঁকুড়া | ... | ১৯৩ |

| | | | |
|---|---|---|---|
| (৫) | মেদিনীপুর | ... | ৫২৬ |
| (৬) | হুগলী | ... | ৪০ |
| (৭) | হাওড়া | ... | ২৩ |
| (৮) | দক্ষিণ ২৪ পরগণা | ... | ১৫৬ |
| (৯) | উত্তর ২৪ পরগণা | ... | ৬৮ |
| (১০) | নদীয়া | ... | ১৮ |
| (১১) | মুর্শিদাবাদ | ... | ১৭ |
| (১২) | পুরুলিয়া | ... | ১৬৮ |
| (১৩) | মালদা | ... | ৩৫ |
| (১৪) | উত্তর দিনাজপুর | ... | ৩২ |
| (১৫) | দক্ষিণ দিনাজপুর | ... | ৪৯ |
| (১৬) | জলপাইগুড়ি | ... | ৪০ |
| (১৭) | দার্জিলিং | ... | ২৫ |
| (১৮) | কোচবিহার | ... | ২৩ |
| | মোট | ... | ১,৫২৮ |

(খ) আরও কিছু নতুন কেন্দ্রীয় ছাত্রাবাস/ছাত্রীনিবাস তৈরী করা হবে।

**গ্রামীণ বৈদ্যুতীকরণ কার্যালয়ের স্থানান্তর**

৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১০) **শ্রী মহবুবুল হক্‌ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদহ জেলার চাঁচোল থেকে গ্রামীণ বৈদ্যুতীকরণের অফিসটি স্থানান্তরিত হয়েছে;

(খ) সত্যি হলে, এর কারণ কি; এবং

(গ) বর্তমানে উক্ত জেলার কোথায় কোথায় গ্রামীণ বৈদ্যুতীকরণের অফিস আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, মালদা জেলার চাঁচোলে বিদ্যুৎ পর্ষদের গ্রামীণ বৈদ্যুতিকরণের উপবিভাগীয় অফিসটি পাকাপাকিভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। এটি অন্য কোথাও স্থানান্তরিত করা হয় নি।

(খ) বর্তমানে ঐ স্থানে যে কাজের চাপ, তার ফলে একটি আলাদা উপবিভাগীয় অফিসের প্রয়োজন ও তৎসংশ্লিষ্ট ব্যয়ভার বহন পর্ষদ উচিত বোধ করছে না।

(গ) মালদা জেলার মালদায় বৈদ্যুতিকরণের একটি বিভাগীয় অফিস, ৩৩ কে. ভি. লাইন ও ৩৩/১১ কে. ভি. উপকেন্দ্র নির্মাণের জন্য একটি উপবিভাগীয় অফিস এবং ১১ কে. ভি. লাইন ও নিম্নচাপের বৈদ্যুতিক লাইন সরবরাহ উপকেন্দ্রগুলি নির্মাণের জন্য আলাদা একটি উপবিভাগীয় অফিস আছে।

## সেতু পুনঃনির্মাণ

৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৭) **শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদা থেকে চাঁচোল যাওয়ার পথে চন্ডীপুর সেতুটি দীর্ঘদিন ভগ্নদশা অবস্থায় পড়ে আছে;

(খ) সত্যি হলে, উক্ত সেতুটির পুনঃনির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(গ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি। ১৯৯৬ সালের বন্যায় সেতুটি ক্ষতিগ্রস্ত হয় এবং বর্তমানে সেই অবস্থায় আছে।

(খ) হ্যাঁ, আছে।

(গ) কাজটি শুরু করা নির্ভর করছে সেচ ও জলপথ দপ্তরের গোপালপুরে গঙ্গার ভেঙ্গে যাওয়া বাঁধকে মেরামত করার উপর। গোপালপুরে গঙ্গানদীর জলধারা না আটকাতে পারলে চন্ডীপুর বর্তমান সেতুটির দৈর্ঘ্য আরও বাড়িয়ে নতুন করে নির্মাণ করতে হবে। আর তা আটকাতে পারলে সেতুটির বর্তমান পরিসরই স্থানীয় বৃষ্টির জল বের করে দিতে সক্ষম হবে।

তাই সেচ ও জলপথ দপ্তরের গোপালপুরে গঙ্গায় বাঁধ মেরামতের উপরই চন্ডীপুর সেতুর কাজ নির্ভর করছে।

## তাঁত শিল্পে উন্নয়ন

৪১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪১) **শ্রীঅজয় দে ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, তাঁত শিল্পের উন্নতিকল্পে ইনস্টিটিউট অফ্ জুট রিসার্চ অথরিটির পক্ষ থেকে একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) ইন্ডিয়ান জুট ইন্ডাস্ট্রীজ রিসার্চ অ্যাসোসিয়েশন নদীয়া জেলার শান্তিপুরে একটি টেক্সটাইল কাম ইকো টেস্টিং ল্যাবরেটরি স্থাপন করতে চায়। অ্যাসোসিয়েশন কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের কাছ থেকে প্রয়োজনীয় জমি ও বাড়ী চাইছে। অনুরোধটি বিভাগের বিবেচনাধীনে আছে।

### বিধায়কদের নিরাপত্তারক্ষী

৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৬) **শ্রীবুদ্ধদেব ভকত ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যে কতজন বিধায়কের নিরাপত্তারক্ষী নেই?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় ঃ**

রাজ্যে ১২২ জন বিধায়কের নিরাপত্তারক্ষী নেই।

### অনিয়মিত বেতন

৪২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৯) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, শ্রীরামপুরে অবস্থিত ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ স্পিনিং মিলে এজেন্ট মারফত নিযুক্ত নিরাপত্তারক্ষীরা নিয়মিত বেতন পাচ্ছেন না;

(খ) সত্যি হলে, এর কারণ কী; এবং

(গ) কবে নাগাদ উক্ত কর্মীরা নিয়মিত বেতন পাবেন বলে আশা করা যায়?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্যি নয়।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

### পুরুলিয়ায় শ্রমদিবস

৪২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১৭) **শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চলতি আর্থিক বছরে পুরুলিয়া জেলায় খরার জন্য কতদিন শ্রমদিবস সৃষ্টি হয়েছে। (ব্লকওয়ারী হিসাব)?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** ব্লকওয়ারী শ্রমদিবসের সংখ্যা ঃ

| | ব্লকের নাম | | শ্রমদিবসের সংখ্যা (৩১-৫-৯৯) পর্যন্ত |
|---|---|---|---|
| (১) | পুরুলিয়া-১ | .. | ১৭,০৬৪ |
| (২) | পুরুলিয়া-২ | .. | ৫৩,৮১০ |
| (৩) | হুড়া | .. | ৫০,৪১৫ |
| (৪) | পুঞ্চা | .. | ৫৫,৯৮৬ |
| (৫) | মানবাজার-১ | .. | ২৭,৭৯১ |
| (৬) | মানবাজার-২ | .. | ৬,৮০০ |
| (৭) | বান্দোয়ান | .. | ৫৪,৮৩২ |
| (৮) | ঝালদা-১ | .. | ৩১,৪৭৯ |
| (৯) | ঝালদা-২ | .. | ৩৮,০০০ |
| (১০) | জয়পুর | .. | ১৭,৪২৬ |
| (১১) | আড়শা | .. | ২৮,১৫৬ |
| (১২) | বাগমুন্ডি | .. | ২৫,৮৮৭ |
| (১৩) | বলরামপুর | .. | ২৯,৫৩৬ |
| (১৪) | বড়বাজার | .. | ৬৬,২৫৫ |
| (১৫) | রঘুনাথপুর-১ | .. | ৫৮,৯২৮ |
| (১৬) | রঘুনাথপুর-২ | .. | ৩৪,০৮৬ |
| (১৭) | সাঁতুড়ি | .. | ১৭,৭৪৭ |
| (১৮) | নেতুড়িয়া | .. | ১৬,৮০৫ |
| (১৯) | কাশীপুর | .. | ২৯,৫৬০ |
| (২০) | পারা | .. | ৭১,৬৪০ |
| | মোট ঃ | .. | ৭,৩২,২০৩ |

## রাজ্যে মাছের চাহিদা

৪২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৫) **শ্রী শঙ্কর সিংহ ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮-৯৯ আর্থিক বছরে রাজ্যে মাছের চাহিদার পরিমাণ কত (জেলাওয়ারী হিসাব); এবং

(খ) বাইরের কোন্ কোন্ রাজ্য থেকে এই রাজ্যে মাছ আনা হয়?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৮-৯৯ আর্থিক বছরে এই রাজ্যে মাছের চাহিদার পরিমাণ ছিল ১০.৯৩ লক্ষ মেট্রিক টন।

জেলাওয়ারী হিসাব নীচে দেওয়া হল ঃ

| ক্রমিক নং | জেলার নাম | | চাহিদার পরিমাণ (লক্ষ মেট্রিক টন) |
|---|---|---|---|
| ১। | কলিকাতা | .. | ০.৭২২ |
| ২। | দক্ষিণ ২৪ পরগণা | .. | ০.৯৪৫ |
| ৩। | উত্তর ২৪ পরগণা | .. | ১,২০০ |
| ৪। | হাওড়া | .. | ০.৫৯০ |
| ৫। | হুগলী | .. | ০.৬৮৩ |
| ৬। | বর্ধমান | .. | ০.৯৭২ |
| ৭। | নদীয়া | .. | ০.৬১৫ |
| ৮। | মুর্শিদাবাদ | .. | ০.৭৭৫ |
| ৯। | বীরভূম | .. | ০.৩৯৮ |
| ১০। | মালদা | .. | ০.৪২৫ |
| ১১। | মেদিনীপুর | .. | ১,৩৪৫ |
| ১২। | বাঁকুড়া | .. | ০.৪৪৫ |
| ১৩। | পুরুলিয়া | .. | ০.৩৫০ |
| ১৪। | উত্তর দিনাজপুর | .. | ০.২৫০ |
| ১৫। | দক্ষিণ দিনাজপুর | .. | ০.২৪৯ |
| ১৬। | দার্জিলিং | .. | ০.১৯০ |
| ১৭। | জলপাইগুড়ি | .. | ০.৪৪৫ |
| ১৮। | কুচবিহার | .. | ০.৩৩১ |
| | মোট ঃ | .. | ১০.৯৩০ |

(খ) অন্ধ্রপ্রদেশ, উড়িষ্যা, তামিলনাড়ু, মধ্যপ্রদেশ প্রভৃতি রাজ্য থেকে এই রাজ্যে মাছ আমদানী হয়।

### করিমপুর থেকে কাঁসা স্টেট এক্সপ্রেসওয়ে

৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪০) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, করিমপুর থেকে কাঁসা ভায়া কৃষ্ণনগর -বগুলা-দত্তফুলিয়া রাস্তাটি স্টেট এক্সপ্রেসওয়ে হিসেবে পরিগণিত হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) না, সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**সরকারী কলেজ**

৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪২) **শ্রী শশাঙ্ক শেখর বিশ্বাস ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৮ সালের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত রাজ্য সরকার অনুমোদিত কলেজের সংখ্যা কত (নাম ঠিকানাসহ) ঃ

(খ) উক্ত কলেজগুলিতে অধ্যক্ষ পদ তফশিলী জাতি ও উপজাতিদের জন্য সংরক্ষিত আছে কিনা ঃ

(গ) উক্ত কলেজগুলির সংরক্ষিত পদে অধ্যক্ষ নিয়োগ হচ্ছে/হয়েছে কিনা; এবং

(ঘ) যে সব কলেজগুলিতে সংরক্ষিত পদে বর্তমানে অধ্যক্ষ নিয়োগ সম্ভব হয়নি সেইসব কলেজে কবে নাগাদ শূন্য পদগুলি পূরণ করা হবে বলে আশা করা যায় ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট ৩৮৭টি

| | | |
|---|---|---|
| সাধারণ ডিগ্রী কলেজ | .. | ৩৩৩ |
| প্রফেশনাল কলেজ | .. | ৪১ |
| ইঞ্জিনিয়ারিং কলেজ | .. | ১৩ |

কলেজগুলির নাম ঠিকানার তালিকা সঙ্গে দেওয়া হল।

(খ) বেসরকারী কলেজগুলিতে নিয়োগকর্তার (গভর্নিং বডি) অধীনে অধ্যক্ষ পদটি একটি মাত্র পদ হওয়ায় সংরক্ষিত নয়। সরকারী কলেজগুলিতে নিয়োগকর্তার (পশ্চিমবঙ্গ সরকার) অধীনে অনেকগুলি কলেজ অধ্যক্ষ পদ থাকায় সেগুলি সংরক্ষিত। পশ্চিমবঙ্গে বেসরকারী কলেজ ৩৫২টি এবং সরকারী কলেজ ৩৫টি।

(গ) সরকারী কলেজগুলির সংরক্ষিত অধ্যক্ষ পদগুলিতে সংরক্ষণের নিয়ম মেনে নিয়োগ করা হচ্ছে/হয়েছে।

(ঘ) সরকারী কলেজের সংরক্ষিত অধ্যক্ষপদ শূন্য হলে পশ্চিমবঙ্গ সরকারের

উচ্চশিক্ষা দপ্তর/পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগের ব্যবস্থা করে।

### নদীয়ায় প্রাথমিক শিক্ষকের শূন্যপদ

৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪৩) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

১৯৯৮ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত নদীয়া জেলায় কত সংখ্যক প্রাথমিক শিক্ষকের পদ শূন্য ছিল?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

২,৫৪৫টি।

### সড়ক সংস্কার

৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৯) **শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হুগলী জেলার হারিট থেকে তারকেশ্বর পর্যন্ত রাস্তাটি সংস্কার ও প্রশস্তকরণের কোন পরিকল্পনা সরকারের কাছে কি না; এবং

(খ) কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাস্তাটির ধনিয়াখালি থেকে দশঘড়া অংশটি বাদে বাকি অংশের সংস্কার ও প্রশস্তকরণের পরিকল্পনা আছে।

(খ) রাস্তাটির চুঁচুড়া থেকে ধনিয়াখালির মধ্যে ৯ কি.মি. থেকে ১৪ কি.মি. অংশের ইতিমধ্যেই প্রশস্ত ও মজবুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে। বাকি অংশের প্রশস্ত ও মজবুতিকরণের কাজ R.I.D.F.-IV-এ অন্তর্ভুক্ত করা হয়েছে। উহার কাজ শীঘ্রই শুরু করা হবে।

### আলিপুরদুয়ারে হ্যান্ডলুম ডেভেলপমেন্ট কার্যালয়

৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪৭) **শ্রী নির্মল দাস ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ারে ক্ষুদ্র তন্তুজীবীদের সাহায্যার্থে সংশ্লিষ্ট বিভাগের একটি বিশেষ দপ্তর খোলা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত দপ্তরের মাধ্যমে কী ধরণের সাহায্য দেওয়া হবে?

**কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আলিপুরদুয়ারে কোন বিশেষ দপ্তর খোলা হয় নি; সেখানে ১৯৭৬ সাল থেকে Handloom Development Office চালু আছে। এই অফিসের মাধ্যমে গোটা জলপাইগুড়ি জেলার তন্তুজীবীদের সাহায্যার্থে বিভিন্ন প্রকল্প রূপায়িত হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**ক্যানিং মহকুমা**

৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৩) **শ্রী বিমল মিস্ত্রী ঃ** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ক্যানিং মহকুমা গঠনের কাজ কতদূর অগ্রগতি হয়েছে?

**স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীঃ**

ক্যানিং মহকুমা ১.১.৯৬ তারিখে গঠিত হয়েছে।

**রেশম চাষ**

৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৭) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে কত পরিমাণ জমিতে রেশম চাষ হয়; এবং

(খ) রেশম শিল্পীর মোট সংখ্যা কত?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে ৫৩,৯১২ একর জমিতে তুঁত চাষ হয়।

(খ) রেশম চাষের সাথে জড়িত চাষী এবং শিল্পীর সংখ্যা প্রায় ৪,৩১,০০০।

**নদীয়ায় সি. ডি. ও.-র শূন্যপদ**

৪৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৩) **শ্রী শশাঙ্ক শেখর বিশ্বাস ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্যি যে, নদীয়া জেলার এ.আর.সি.এস. অফিসে দীর্ঘদিন যাবৎ কয়েকটি সি.ডি.ও. পদ শূন্য আছে;

(খ) সত্যি হলে,
(১) উক্ত শূন্য পদের সংখ্যা কত;

(২) কতদিন যাবৎ শূন্য অবস্থায় আছে; এবং
(৩) কবে নাগাদ উক্ত পদগুলি পূরণ হবে বলে আশা করা যায়?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, ইহা সত্যি।

(খ) (১) উক্ত শূন্য পদের সংখ্যা ৭ (সাত)।
(২) প্রায় ২ (দুই) বৎসর যাবৎ শূন্য অবস্থায় আছে।
(৩) এর মধ্যে ২ (দুই)টি শূন্য পদ পূরণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। অবশিষ্ট ৫ (পাঁচ)টি পদ পূরণ চলতি বছরের শেষ দিকে হবে বলে আশা করা যায়, যদি লোকসেবা আয়োগের সুপারিশ ইতিমধ্যে পাওয়া যায়।

## প্রেসিডেন্সী কলেজে বহিরাগতের প্রবেশ নিয়ন্ত্রণ

৪৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫৩) **শ্রী সৌগত রায় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) প্রেসিডেন্সী কলেজে বহিরাগতদের প্রবেশ নিয়ন্ত্রিত করা হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে এই ব্যবস্থা নেওয়া হয়েছে;

(গ) কলেজ চত্বরে মাদকের ব্যবহার সম্পর্কে সরকারের কাছে কোন খবর আছে কি না?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, করা হয়েছে।

(খ) কলেজ প্রাঙ্গণে ক্রমবর্ধমান অবাঞ্ছিত ঘটনার পরিপ্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ একটি পুলিশ পিকেট বসিয়ে বহিরাগতদের প্রবেশ নিয়ন্ত্রণ করতে চাইছিলেন। এই বৎসর গরমের ছুটির আগে কিছু ছাত্র-ছাত্রী কলেজ ক্যান্টিনে মাদক দ্রব্য বিক্রি করা হচ্ছে বলে অভিযোগ করলে কলেজ চত্বর ও তার লাগোয়া স্থানে কয়েকটি অবাঞ্ছিত ঘটনা ঘটে, তার ফলে, কলেজ কর্তৃপক্ষ বহিরাগতদের অবাধ প্রবেশ নিয়ন্ত্রণ করার জন্য ব্যবস্থা নিতে বাধ্য হন এবং কলেজ গেটে একটি পুলিশ পিকেট বসিয়ে কলেজ গার্ডদের কাজে সহায়তার ব্যবস্থা করে দেন।

(গ) কলেজ ক্যান্টিনে মাদক দ্রব্য সেবন করা হচ্ছে এরূপ সন্দেহের খবর মাঝে মাঝে পাওয়া গেছে। কিন্তু এখনও কাউকে হাতে-নাতে ধরা যায় নি। কলেজের ডিসিপ্লিনারী কমিটির সদস্যরা (যাঁরা সবাই প্রবীন অধ্যাপক)

কলেজ ক্যান্টিনের উপর বিশেষ দৃষ্টি রেখে চলেছেন। এছাড়া কলেজ কর্তৃপক্ষ কিছু সতর্কতামূলক ব্যবস্থা নিয়েছেন।

**বিদ্যুতায়নের সংজ্ঞা**

৪৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬০) **শ্রী রামপদ সামন্ত ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এ কথা কি সত্যি যে, কোন মৌজায় বিদ্যুতের একটি করে পোস্ট বসালে কিন্তু কোন একটি মাত্র বাল্ব জ্বললেই গ্রামটিকে বৈদ্যুতিকরণ করা হয়েছে বলে আর.ই. স্কীমে ধরা হয়ে থাকে?

(খ) মেদিনীপুরের পিংলা থানায় আর.ই. স্কীমে কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ভারত সরকারের বিদ্যুৎ দপ্তর থেকে পাওয়া গ্রাম বিদ্যুতায়ণের বর্তমান সংজ্ঞা নিম্নে দেওয়া হল ঃ

"A village will be deemed to be electrified if electricity is used in the inhabited locality within the revenue boundary of the village for any purpose whatsoever."

(খ) মেদিনীপুর জেলার পিংলা থানার মোট বসতিপূর্ণ ১৭৩টি গ্রামীণ মৌজার মধ্যে ৩১.৩৯৯ পর্যন্ত ১৫০টি (একশত পঞ্চাশ) মৌজায় ভারজিন হিসাবে বৈদ্যুতিকরণের কাজ হয়েছে।

**ই. এস. আই. প্রকল্প**

৪৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮৯) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** কর্মচারী রাজ্য বীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে ই.এস.আই. স্কীমে শ্রমিক ও মজুরদের প্রদেয় হারের কোন পরিবর্তন হয়েছে কিনা;

(খ) হয়ে থাকলে,
(১) এই পরিবর্তনের হার কত;
(২) মালিকদের দেয় হার কত; এবং
(৩) পূর্বের প্রচলিত হার কত ছিল?

**কর্মচারী রাজ্যবীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, হয়েছে।

(খ) (১) পারিশ্রমিকের ১.৭৫ শতাংশ।
(২) ৪.৭৫ শতাংশ।
(৩) কর্মচারীদের ক্ষেত্রে ১.৫ শতাংশ মালিকদের ক্ষেত্রে ৪ শতাংশ।

**পরীক্ষক নিয়োগের পদ্ধতি**

৪৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১৯) **শ্রী অজিত খাঁড়া ঃ** উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমান বৎসরে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রধান পরীক্ষক ও পরীক্ষক নিয়োগের পদ্ধতির পরিবর্তন করা হয়েছে কি না; এবং

(খ) উত্তর হ্যাঁ হলে, উক্ত পরিবর্তনের ফলে খাতা দেখার ক্ষেত্রে আগের ত্রুটি-বিচ্যুতি দূর হবে কি?

**উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজ**

৪৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩২) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে সরকারী অনুমোদিত বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে কী কী বিষয় পড়ানো হয়;

(খ) ভর্তির নিয়মাবলী কি রাজ্য সরকারের পরিচালিত ইঞ্জিনিয়ারিং কলেজগুলির মত; এবং

(গ) এইসব কলেজগুলিতে ভর্তির জন্য ও মাসিক বেতন হিসাবে ছাত্র-ছাত্রীদের কত টাকা দিতে হয়?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে সরকারী অনুমোদিত বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে নিম্নলিখিত বিষয়গুলি পড়ানো হয় ঃ

১। ইলেকট্রনিক্স এ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং,
২। কম্পিউটার ইঞ্জিনিয়ারিং,
৩। ইন্সট্রুমেনটেশন ইঞ্জিনিয়ারিং,
৪। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং,

৫। ইলেকট্রনিক্স এ্যান্ড ইন্সট্রুমেনটেশন ইঞ্জিনিয়ারিং,
৬। ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ারিং,
৭। ইন্‌ফরমেশন টেকনোলজি।

(খ) শতকরা ৯৫ ভাগ ছাত্র জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হয় এবং বাকি শতকরা ৫ ভাগ ছাত্র অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিকাল এডুকেশনের। (এ. আই. সি. টি. ই.) নতুন দিল্লীর নিয়ম অনুসারে এন. আর. আই./বিদেশী ছাত্র-ছাত্রী দ্বারা ভর্তি করা হয়ে থাকে।

(গ) এইসব কলেজগুলিতে বর্তমানে যে সব ছাত্র-ছাত্রী জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে ভর্তি হয় অর্থাৎ শতকরা ৯৫ ভাগ ছাত্র-ছাত্রী তাদেরকে মাসে টিউশন ফি হিসাবে ১৭৫০ টাকা ও ডেভলপমেন্ট ফি হিসাবে ৫০০ টাকা অর্থাৎ প্রতিমাসে মোট সর্বাধিক ২২৫০ টাকা দিতে হয় এবং এন. আর. আই./বিদেশী ছাত্র-ছাত্রীদের টিউশন ফি বাবদ বছরে ৩,০০০ আমেরিকান ডলার দিতে হয়।

## কাশীপুর নর্থ সুবার্বন হাসপাতাল সংস্কার

৪৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩৩) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কাশীপুরের নর্থ সুবার্বন সরকারী হাসপাতালটির সংস্কার ও আধুনিকীকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকলে, কবে নাগাদ সংস্কার ও আধুনিকীকরণের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

(গ) বর্তমানে উক্ত হাসপাতালে কতজন ডাক্তার আছেন;

(ঘ) তন্মধ্যে, কতগুলি পদ শূন্য আছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সংস্কারের কাজে হাসপাতাল কর্তৃপক্ষ হাত লাগিয়েছেন, কাজ চলছে।

(খ) সংস্কারের কাজ শুরু হয়ে, কাজ চলছে।

(গ) স্থায়ী ৭ জন মেডিকেল অফিসার আছেন। ২ জন দাঁতের ডাক্তার আছেন, ৪ জন ম্যানেজমেন্টের সময় থেকে মেডিকেল অফিসার হিসাবে আছেন। একজন ডেপুটেশনে ই.এন.টি. মেডিকেল অফিসার আছেন।

(ঘ) কোন শূন্য পদ নেই। তবে কাজের স্বার্থে প্রায় প্রতিদিন ২০০০ জন বহিরাগত রোগী চিকিৎসার জন্য আসেন তাই তাদের দাবী আছে General duty Medical Officer-এর জন্য।

## বড়বাজার থানার বিভাজন

৪৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪২) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) একথা কি সত্যি যে, কলকাতাস্থিত বড়বাজার থানাকে বিভক্তিকরণ করা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কবে থেকে উক্ত বিভক্তিকরণের কাজ শুরু হবে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এই প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন।

## পর্যটন মানচিত্রে নবদ্বীপ, শান্তিপুর

৪৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৪) **শ্রী অজয় দে ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার শান্তিপুর ও নবদ্বীপকে পর্যটন মানচিত্রে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, তার জন্য কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## ডানকুনি-ভদ্রেশ্বর রাস্তা সংস্কার

৪৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্যি যে, ডানকুনি থেকে ভদ্রেশ্বর পর্যন্ত (দিল্লী রোড) রাস্তাটি বেহাল হয়ে পড়েছে;

(খ) সত্যি হলে, উক্ত রাস্তাটির মেরামতের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) থাকলে, কবে নাগাদ উক্ত রাস্তাটির মেরামতের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ডানকুনি থেকে ভদ্রেশ্বর পর্যন্ত (দিল্লী রোড) রাস্তাটি 'বেহাল' হয় নি; তবে, রাস্তায় কিছু কিছু গর্ত দেখা দিয়েছে।

(খ) বর্তমানে রাস্তাটি জাতীয় সড়ক হিসাবে গণ্য করা হচ্ছে না। রাজ্য সরকারকে রাস্তাটির দায়িত্ব নিতে হবে।

(গ) হস্তান্তরের পর রাজ্য সরকারের বাজেটের মধ্যে বর্ষার পর মেরামতের কাজ শুরু করা হবে।

**জেলা হাসপাতাল সংস্কার**

৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১৮) **শ্রী নির্মল ঘোষ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর চব্বিশ পরগণার জেলা হাসপাতালের উন্নয়নের জন্য বিশ্বব্যাঙ্কের কোন অর্থ পাওয়া গেছে কি না;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত হাসপাতালটির উন্নয়নের কাজ বর্তমানে কোন পর্যায়ে রয়েছে; এবং

(গ) উন্নয়নের কাজ শেষ হবে কবে নাগাদ?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) হাসপাতালটির সংস্কার ও সম্প্রসারণের জন্য ইতিমধ্যেই দরপত্র আহ্বান করা হয়েছে এবং তার মূল্যায়নের কাজ চলছে। এ ছাড়া, হাসপাতালের উন্নয়নের জন্য যন্ত্রপাতি ও নানা সমগ্রী যেমন 'X-Ray' যন্ত্র, রেফ্রিজারেটর, গদি ও বালিশ, লোহার খাট, অটোক্লেভ প্রভৃতি সরবরাহ হচ্ছে।

(গ) হাসপাতালটির সংস্কার ও সম্প্রসারণ কাজের জন্য ১৮ মাস সময় স্থির করা হয়েছে। হাসপাতালের উন্নয়নের জন্য যন্ত্রপাতি ও বিবিধ সামগ্রী সরবরাহ ২০০১ সালের মধ্যে সম্পূর্ণ হবে।

**সাগরদত্ত হাসপাতাল সংস্কার**

৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২৪২০) **শ্রী নির্মল ঘোষ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, বিশ্বব্যাঙ্কের অর্থে কামারহাটি সাগরদত্ত হাসপাতালের সংস্কার ও উন্নয়নের পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) পাঁচ বৎসর মেয়াদী বিশ্বব্যাঙ্কের প্রকল্প অর্থে কামারহাটি সাগরদত্ত হাসপাতালের সংস্কার ও সম্প্রসারণের জন্য ইতিমধ্যেই দরপত্র আহ্বান করা হয়েছে। এই কাজের জন্য ১৮ মাস সময় স্থির হয়েছে। এ ছাড়া বিশ্বব্যাঙ্কের অর্থে হাসপাতালের উন্নয়নের জন্য যন্ত্রপাতি ও নানা সামগ্রী যেমন X-Ray যন্ত্র, রেফ্রিজারেটর, গদি ও বালিশ, লোহার খাট, অটোক্লেভ প্রভৃতি সরবরাহ করা হচ্ছে। আগামী ২০০১ সালের মধ্যে উন্নয়নের কাজ শেষ হবে বলে আশা করা যায়।

## শিক্ষা প্রতিষ্ঠানে ও.বি.সি.-দের সংরক্ষণ

৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩৬) **শ্রী অবিনাশ মাহাত ও শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম ঃ** অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যের সমস্ত রকমের শিক্ষা প্রতিষ্ঠানে (সাধারণ শিক্ষা, বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রসমূহ) ও.বি.সি. প্রার্থীদের আসন সংরক্ষণের ব্যবস্থা আছে কি; এবং

(খ) থাকলে, কত শতাংশ?

**অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) 'না'।

(খ) প্রযোজ্য নহে।

## স্বনিযুক্তি প্রকল্প

৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫৭) ডাঃ **নির্মল সিংহ ঃ** সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সংখ্যালঘু সম্প্রদায়ের গরীব শিক্ষিত বেকারদের স্বনিযুক্তি বিষয়ে সরকারের কোন প্রকল্প আছে কি না; এবং

(খ) থাকলে, বিগত বছরে ঐ প্রকল্পে উপকৃতের সংখ্যা কত?

**সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। তবে রাজ্য সরকার সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেদের বিশেষ স্বনিযুক্তি

প্রকল্পে ঋণ দেওয়ার ব্যবস্থা করেছে।

(খ) প্রশ্ন ওঠে না।

### তফশিলী জাতি ও উপজাতিভুক্ত ছাত্রদের বৃত্তি

৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬০) **ডাঃ নির্মল সিংহ ঃ** অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে কতজন তপশিলী জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রী মাধ্যমিকোত্তর স্তরে পড়াশুনা করেছে;

(খ) তাদের কতজন অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগ থেকে বৃত্তি পেয়েছে; এবং

(গ) তন্মধ্যে দক্ষিণ ২৪-পরগণা জেলার কতজন এই বৃত্তি পেয়েছে?

**অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই পরিসংখ্যান এই দপ্তরে নেই।

(খ) ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে ৯৭,৮,৪২ জন তফশিলী জাতিভুক্ত ছাত্র-ছাত্রী এবং ৮,৭৫০ জন তফশিলী উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রী এই বিভাগ থেকে বৃত্তি পেয়েছেন।

(গ) তন্মধ্যে দক্ষিণ ২৪ পরগণা জেলার ১৩,৮৫০ জন তফশিলী জাতিভুক্ত এবং ১৭৬ জন তফশিলী উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রী এই বৃত্তি পেয়েছে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Pankaj Banerjee and from Shri Sudhir Bhattacharjee on the subject of incident of kidnapping of one newly wedded bride alongwith one relative and all her articles at a place under Dhubulia P. S. of Nadia district and the second one is from Shri Sailaja Kumar Das on the subject of alarming situation arisen in the state due to erosion of river embankments in incessent rain.

The subject matter of the first motion relates to day-to-day administration of the Government and does not call for adjournment of the business of the House. The second matter is not such that may call for adjournment of the business of the House.

The Members may invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question etc.

I, therefore, withheld my consent to both the motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**Shri Pankaj Banerjee** : Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrences namely :—

under Dhubulia P.S., when a newly wedded bride along with the bridegroom were returning, the bride was forcefully kidnapped along with her articles and a female relative. This happened around 7 p.m. The antisocials are taking the citizens for a ride and killing, looting, snatching, kidnapping have become the order of the day

## CALLING ATTENTION

**Mr. Speaker** : Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| i) | Reported incident of defalcation of Rs. 1.10 lakh from the locker of Reserve Force at Lalbazar | : | Shri Deba Prasad Sarkar |
| ii) | Delay in payment of salary to the teaching and non-teaching staff of different primary and high schools | : | Shri Pankaj Banerjee |
| iii) | Progress in setting up of a medical college at Midnapore town, Midnapore | : | Shri Sailaja Kumar Das |
| iv) | Decision of Jute Corporation to close down 38 centres | : | Shri Saugata Roy |
| v) | Strike called for indefinite period by the workers of Tea Gardens in North Bengal from 12.7.99 | : | Shri Jyoti Krishna Chattopadhyay |

I have selected the notice of Shri Sailaja Kumar Das on the subject of Progress in Setting up of a Medical College at Midnapore town, Midnapore.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the Statement will be made on the 16th July, 1999.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-Charge of the Home (Police) Department will make a statement on the subject of reported arrest of Shri Dipankar Biswas alias Palash, a Trinamul Congress leader allegedly involved in Ulfa terrorist activities at Jalpaiguri.

(Attention called by Shri Jyoti Krishna Chattopadhyay on the 6th July, 1999).

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আলফা উগ্রপন্থীদের মদত দেওয়ার জন্য অভিযুক্ত তৃণমূল কংগ্রেসের নেতা, কোচবিহারের ২০ নং ওয়ার্ডে ১৯৯৮ সালের পৌর উপ-নির্বাচনে তৃণমূল কংগ্রেসের প্রার্থী, দীপঙ্কর বিশ্বাস ওরফে পলাশের জলপাইগুড়ি থেকে গ্রেপ্তার হওয়ার ঘটনা, সম্পর্কে বিধায়ক শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় মহাশয়ের আনীত দৃষ্টি আকর্ষনী প্রস্তাবের ওপর আমি, আমার বিবৃতি দিচ্ছি।

বিগত ২২শে জুন, ১৯৯৯ তারিখে কোচবিহার জেলার পুলিস বাহিনী এবং গৌহাটির ১নং ব্যাটালিয়ন এর কমান্ডান্ট শ্রী প্লাবন রাঠোরের নেতৃতাধীন বি. এস. এফ. বাহিনী, এক যৌথ অভিযান চালিয়ে, রাত্রি ১১টা নাগাদ, কোচবিহারের কোতয়ালী থানার অন্তর্গত, হাজরাপাড়া থেকে ২ (দুই) জন আলফা উগ্রপন্থীকে গেপ্তার করেন। এরা হলেন আসামের ধুবড়ী জেলার শালকোচার রাজেশ চক্রবর্ত্তী ওরফে রাজু ওরফে অসীম হাজারিকা পিতা দীপেশ চক্রবর্ত্তী এবং দিলীপ বর্মন ওরফে জাবির পিতা খগেশ্বর বর্মন। এদের কাছ থেকে একটি লাইসেন্সহীন পিস্তল, ৭টি কার্তুজ সহ একটি কার্তুজ বন্ধনী পাওয়া যায়। এরা নিজেদের আলফার সক্রিয় সদস্য বলে পুলিশের কাছে স্বীকার করেন। এদের কাছ থেকে আলফাদের কাজকর্ম সম্পর্কে বেশ কিছু তথ্যও পাওয়া যায়। শ্রী প্লাবন রাঠোরের লিখিত অভিযোগের ভিত্তিতে অস্ত্র আইনের ২৫-এর (১) ক (২) এবং ২৭ ধারা এবং ভারতীয় দন্ডবিধির ১২০।১২১ (ক)।১২২।১২৩ ধারা আনুয়াযী কোচবিহার জেলার কোতয়ালী থানার ২৩.৬.৯৯ তারিখের ২০৭।৯৯ নং কেস রুজু করা হয়।

ধৃত রাজেশ চক্রবর্ত্তী জানান যে, কোচবিহারের কোতয়ালী থানার অন্তর্গত বিশ্বাস পাড়ার জনৈক দীপঙ্কর ওরফে পলাশ বিশ্বাস ওরফে দীপঙ্কর বিশ্বাস পিতা প্রয়াত দিলীপ বিশ্বাস, কোচবিহার জেলায় আলফাদের সংযোগ রক্ষাকারী ব্যক্তি। সে তাদের লুকিয়ে থাকার জায়গা, যানবাহন ও অন্যান্য প্রয়োজনীয় জিনিষপত্রের ব্যবস্থা করে দিয়ে সাহায্য করত।

কোচবিহার জেলার পুলিস, গত ১.৭.৯৯ তারিখে পলাশ বিশ্বাসকে জলপাইগুড়ির হাকিমপাড়ায় তার এক আত্মীয়ের বাড়ী থেকে গ্রেপ্তার করেন। তার বয়স ২৪।২৫

বছর। তদন্তে প্রকাশ যে তিনি বাড়ী বানানোর জিনিষপত্রের ব্যবসা করেন। ১৯৯৮ এ কোচবিহার মিউনিসিপ্যালিটির উপ-নির্বাচনে ২০ নং ওয়ার্ডে তৃণমূল কংগ্রেসের প্রার্থী হিসাবে দাঁড়িয়েছিলেন। নির্বাচনে অবশ্য হেরে যান।

পলাশ বিশ্বাস পুলিশের কাছে, স্বীকার করেছেন যে, তিনি নলবাড়ীর জনৈক ফনীন্দ্র মেহদী ওরফে লেবো এবং মধু শোলমারি, গৌরীপুরের জনৈক দীপজ্যোতি মহন্ত ওরফে প্রদীপ রায় ওরফে টোটন-এর লুকিয়ে থাকার ব্যবস্থা করে দিয়েছিলেন। এই দুই ব্যক্তি আলফার সক্রিয় কর্মী বলে পরিচিত। তদন্ত চলছে।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আপনি যে বিবৃতি দিলেন তার ওপরে একটা প্রশ্ন করতে চাই। আমরা জানি এই তৃণমূল কংগ্রেস যারা দিল্লীতে সাম্প্রদায়িক ক্ষমতাসীন বি জে পি সরকারকে বসিয়েছেন তাদের আমরা জানি একটি বিপজ্জনক শক্তি। আমরা জানি যখন পুরুলিয়াতে অস্ত্র বর্ষণ হয়েছিল আনন্দমার্গীদের সহায়তায় তখন এই তৃণমূলের একজন নেত্রী ওই আনন্দমার্গীদের হয়ে ওকালতি করেছিলেন। দীপঙ্কর বিশ্বাস নামে যে ছেলেটি ধরা পড়েছে সে আলফাদের সাহায্য করত। তৃণমূল কংগ্রেসের ক্যান্ডিডেট হয়ে মিউনিসিপ্যাল ইলেকশানে দাঁড়িয়েছিল। ওদের মাথায় যে তৃণমূল কংগ্রেস রয়েছে তাদের দেশের বিরোধী শক্তির সঙ্গে যোগাযোগ আছে কিনা এবং যোগাযোগ যদি থাকে সরকার তারজন্য সতর্ক আছেন কিনা এবং অনুসন্ধান করে ওদের মোকাবিলা করা হয় দু ধরণে - এক হচ্ছে রাজনৈতিক মোকাবিলা যা বামপন্থীরা করছেন আর হচ্ছে প্রশাসনিক মোকাবিলা করা। সরকার এই ব্যাপারে কি কি পদক্ষেপ নিয়েছেন এবং যথোচিত সতর্ক আছেন কিনা মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি।

[12.10 — 12.20 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যকে এটা বলছি, যারা এইসব নাশকতামূলক কাজ করছেন, সে আলফা বলুন, বোরো বলুন, কিছু উগ্রপন্থী অন্যান্য সংগঠন আছেন, বাইরের রাজ্যের লোক, আই. এস. আই. ও সাহায্য করছে, তাদের সঙ্গে যারা সহযোগিতা করবেন, সে তৃণমূল হোক, আর যে মূল হোক, তাদেরকে আমরা ছেড়ে দেব না। দীপঙ্কর বিশ্বাসকে পুলিশ ইন্টারোগেশান করছেন তার উপরে আরো কোন লোক আছে কিনা পুলিশ তদন্ত করে টেনে বার করবে। এছাড়া হবে না কোন অবস্থাতে।

## Consideration of the Fourth Report of the Committee of Privileges, 1998-99

**Shri Anil Mukherjee :** Mr. Speaker, Sir, I beg to move that the Fourth Report of the Committee of Privileges, 1998-99 of the Twelfth Legislative Assembly as presented to the House on the 2nd July, 1999, be taken into consideration.

The motion was then put and agreed to.

**Shri Anil Mukherjee :** Mr. Speaker, Sir, I beg to move that the recommendation contained in the Fourth Report of the Committee of Privileges, 1998-99 of the Twelfth Legislative Assembly be agreed to by the House.

The motion was then put and agreed to.

## MENTION CASES

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি খুবই উদ্বিগ্ন। আমাদের আগামী প্রজন্মের কথা চিন্তা করে, এই রাজ্যে শিক্ষার মান কি ভাবে নেমে যাচ্ছে তার প্রমাণ সর্বভারতীয় প্রতিযোগিতামূলক পরীক্ষাতে বা স্টেট লেবেলে যে প্রতিযোগিতামূলক পরীক্ষা হচ্ছে সেইগুলিতে আমাদের রাজ্যের ছাত্রদের তাদের সাফল্যের হার যে ভাবে কমে যাচ্ছে, যে করুণ চিত্র সেটা খুবই দুঃখজনক। স্যার, আপনি জানেন এই বছরে যে আই. এ. এস. পরীক্ষা হয়ে গেল তাতে ৩ লক্ষ পরীক্ষার্থীর মধ্যে ৪৭৫ জন সিলেক্টেড হয়েছে, তার মধ্যে পশ্চিমবাংলাতে মাত্র ১ জন। গত বছরে হয়েছিল ২ জন। এই রকম অবস্থায় স্টেট লেবেলে যে এলিজিবিলিটি টেস্ট আমাদের সরকারি কলেজগুলিতে অধ্যাপক রিক্রুটমেন্ট করার জন্য হচ্ছে, সেখানে স্টেট কলেজ সার্ভিস কমিশন যখন পরীক্ষা কনডাক্ট করে, সেখানে দেখা যাচ্ছে সাফল্যের হার ৬ শতাংশরও কম। যারা আবার কমপিটিটিভ পরীক্ষায় আসছে তাদের এজ গ্রুপ ২৪ থেকে ২৭, এরা সবাই লেফ্‌ট ফ্রন্ট রিজিম এর বামফ্রন্ট রাজত্বের প্রোডাক্ট। ফলে শিক্ষার মান নিম্নগামী হচ্ছে। আমি এই ব্যাপারটা নিয়ে মাননীয় বিভাগীয় সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার শিক্ষার দক্ষতা এক সময় সারা ভারতবর্ষের পথ দেখাত। আজকে রাজ্য সরকারের সর্বনাশা শিক্ষানীতির ফলে তা নিম্নগামী হচ্ছে। যে ভাবে পশ্চিমবাংলা সারা ভারতবর্ষ থেকে পিছিয়ে পড়েছে এবং প্রাথমিক স্তরে ইংরাজী তুলে দিয়ে আবার ফিরিয়ে নিয়ে এসেছে, - একটা সর্বনাশা কাজ তারা করেছিল - কিন্তু পরীক্ষা এখনও চালু করেননি। শিক্ষার মান যে ভাবে নামছে, এডুকেশান ষ্ট্যান্ডার্ড নামছে, সামগ্রিকভাবে বিষয়টা নিয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শিক্ষা নিয়ে যে রাজনীতি চলছে, টিচার এ্যাপয়েন্টমেন্ট এর মান, নট অন এ্যাকাডেমিক কোয়ালিফিকেশান অন দি বেসিস অফ সেখানে রাজনৈতিক দিক থেকে এ্যাপয়েন্টমেন্ট হচ্ছে। সমস্ত দিক থেকেই শিক্ষার মান নামছে। ভবিষ্যৎ প্রজন্মের কথা চিন্তা করে শিক্ষার মানটা যাতে ঠিক থাকে, সেই আবেদন আমি জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী মহঃ হান্নান ঃ** (নট প্রেজেন্ট) ....

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়

পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া এবং খড়গপুর সেকশানে কালিচক রেলওয়ে স্টেশানের পূর্বে একটা লেভেল ক্রসিং রয়েছে। সেই রাস্তা দিয়ে ময়না, পিংলা, সবং, পটাশপুর, এগরা প্রভৃতি অংশের যানবাহনের একমাত্র যোগাযোগের রাস্তা। এই রাস্তা দিয়ে বাস, মিনিবাস, ট্রাক, ট্রেকার, সাইকেল, রিক্সা, অটো-রিক্সা এবং মানুষ যাতায়াত করে। এই রাস্তাটিই ছয় নম্বর জাতীয় সড়কের সঙ্গে যোগাযোগের একমাত্র মাধ্যম। সেখানে বহু দুর্ঘটনা ঘটেছে। তাই মানুষের নিরাপত্তা ঠিকভাবে বজায় রাখার জন্য এবং যানবাহন সুষ্ঠু ভাবে চলাচলের জন্য ওখানে একটা উড়ালপুল করার দাবি আমি পূর্তমন্ত্রীর কাছে জানাচ্ছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীনে, কুড়ি বছর ধরে সি. এইচ. জি এবং টি. ডি.-রা প্রাথমিক স্বাস্থ্য রক্ষার কাজ করে যাচ্ছে। কিন্তু এই সমস্ত হতভাগ্যরা মাত্র পঞ্চাশ টাকার বিনিময়ে এই কাজ করে থাকেন। দুর্ভাগ্যের বিষয় হচ্ছে ১৯৯৫-৯৬ সালে নয় মাস, ১৯৯৬-৯৭ সালে তিন মাস এবং ১৯৯৮-৯৯ সালে ছয় মাস, মোট আঠারো মাসের কোন পারিশ্রমিক তারা পায়নি। যে সরকার ক্যাজুয়াল কর্মচারীদের ন্যূনতম বেতন ঘোষণা করেছেন, তারা এই পঞ্চাশ টাকা পারিশ্রমিকও ঠিকমত দিচ্ছে না। এই বছরের স্বাস্থ্য বিভাগের বাজেট প্লেস হলো, কিন্তু সি. এইচ. জি এবং টি. ডি-দের সম্বন্ধে কোন কথা বাজেটে উল্লেখ নেই। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলা সারা ভারতবর্ষের মধ্যে বৃহত্তম জেলা। অথচ এই জেলার অর্ধেক মৌজা এখনো বিদ্যুতায়িত হয়নি। আমার নরঘাট বিধানসভা কেন্দ্রের অধীন নন্দীগ্রাম ৩ নম্বর এবং চন্ডীপুর এলাকায় ১১৪টি মৌজার মধ্যে মাত্র ২৫টি মৌজা বিদ্যুতায়িত হয়েছে। বিশাল মৌজা এখনো বাকি আছে। যে জেলা স্বাধীনতা আন্দোলনে অগ্রনী ভূমিকা নিয়েছিল সেই জেলায় বিদ্যুতের এই দুরাবস্থা, ১১৪টি মৌজার মধ্যে মাত্র ১৫টিতে বিদ্যুতায়িত হয়েছে এবং বৃহৎ এলাকা অন্ধকারে রয়েছে। গ্রামীণ বিদ্যুৎ সংস্থার মাধ্যমে বাকি মৌজাগুলোতে শীঘ্রই বিদ্যুতায়িত করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার একমাত্র দ্বীপ এলাকা ভাটোরা, সেখানে কয়েকদিন আগে মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় মন্ত্রী মনোহর তির্কী মহাশয় গিয়ে একটা ব্রীজ উদ্বোধন করে আসলেন। ঐ অনগ্রসর এলাকায় একটি স্বাস্থ্যকেন্দ্র তৈরী হয়েছিল। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি অনুরোধ জানাবো দশ শয্যা বিশিষ্ট একটি স্বাস্থ্যকেন্দ্র অবিলম্বে সেখানে তৈরী করে ঐ এলাকার মানুষকে বাঁচান।

[12.20–12.30 p.m.]

**শ্রী হিমাংশু দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার পূর্বস্থলী বিধানসভা কেন্দ্রে পাটুলি গ্রামে, পাটুলি মৌজায় কোন সেচ-ব্যবস্থা নেই। সেখানকার গরীব কৃষকদের শত-শত বিঘা জমিতে চাষ করতে হলে নির্ভর করতে হয় একমাত্র বৃষ্টির জলের উপর। প্রত্যেক বছরই জলের অভাবে বহু জমি চাষ করা সম্ভব হয় না। কৃষকরা দারুণ ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। এই অবস্থায় সেখানে যাতে অবিলম্বে আর.এল.আই. বা নদী-সেচ প্রকল্প চালু করা হয়, তার জন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। এই বিধানসভায় প্রত্যেকদিনের কার্যধারা রিপোর্ট করবার জন্য রিপোর্টাররা আসেন। কিন্তু তাদের জন্য কোন প্রেস কর্ণার করা হয়নি। এই বিধানসভার লবির সামনে কোন একটি ঘর, কোন একটি জায়গা চিহ্নিত করে একটা প্রেস কর্ণার করার ব্যবস্থা এবং সেই সঙ্গে নূন্যতম জিনিস-ফ্যাক্স, টেলিফোন, এসবের ব্যবস্থা করার জন্য মাননীয় অধ্যক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** পঙ্কজবাবু, আপনি সিনিয়র পার্লামেন্টিরিয়ান, আপনার তো জানা উচিত যে, এখানকার এ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে বা স্পীকার সম্বন্ধে হাউসে বলা যায় না এই ভাবে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উদ্বাস্তু পুর্নবাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় বর্তমানে দৌলতাবাদ থানায় উলবেড়িয়াতে ১১৬ একর জমি উদ্বাস্তু পুর্নবাসনের জন্য সরকার অধিগ্রহণ করে '৫৫-৫৬ সালে। কিন্তু বহু চেষ্টা করেও - আজ পর্যন্ত চেষ্টা করেও - ১০০ জনের মধ্যে একজনও তাদের ক্ষতিপুরণের টাকা পায়নি। সেখানে একজন অবস্থাশালী জমির মালিক মামলাও করেছেন। কোর্ট রায় দিয়েছে - তার জমির পরিমাণ ২ একর ৯ শতক, তাকে ৩ লক্ষ ৩৭ হাজার টাকা কোর্ট দিতে বলেছে। আর. আর. ডিপার্টমেন্টে গেলে বলে এল. আর. ডিপার্টমেন্টে যেতে, এল. আর. ডিপার্টমেন্টে গেলে আর. আর. ডিপার্টমেন্টে যেতে। দারুনভাবে হয়রাণ হচ্ছে। অবিলম্বে তাদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ইরিগেশন মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আগেই বলেছিলাম, সুন্দরবন এলাকায় নদী-বাঁধের অবস্থা খুব খারাপ। পাথর প্রতিমায় কে-প্লটে নদীবাঁধ ভেঙে গেছে, প্রায় ২ হাজার বিঘে জমি নদীর জলে ভেসে যাচ্ছে এবং শত শত লোক সেখানে গৃহহারা অবস্থায় পড়ে আছে। সাগর, নামখানা, কাকদ্বীপ, সুন্দরবনের সর্বত্রই অবস্থা খুব খারাপ। ইতিমধ্যে পূর্ব শ্রীপতিনগরে দারুণ ক্ষতি হয়েছে, সেখানে ত্রাণসামগ্রীও পৌঁছয়নি। জেলা-পরিষদের মাধ্যমে কিছু কাজ করার চেষ্টা করা হচ্ছে, কিন্তু তা খুবই অপ্রতুল। এরকম

একটা গুরুত্বপূর্ণ জায়গায় কয়েক লক্ষ টাকা নয়, কয়েক কোটি টাকার প্রয়োজন। সুন্দরবনের নদীবাঁধের ব্যবস্থা ঠিক না করা গেলে আরও অনেক ক্ষতি হবে। এই ব্যাপারে - বিশেষতঃ পূর্ব শ্রীপতিনগরে অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় মন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি।

**শ্রী বাদল জমাদার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ভাঙড়। সেখানে লা-ঘাট থেকে ভাঙড়, এই ১৯ কিলোমিটার রাস্তায় চারটি জায়গায়-কাঠালিয়া, সোনপুরহাট, বাজেতরফ, গাজিপুরে-বিরাট গর্ত হয়েছে। সেখানে মারাত্মক অবস্থা 'দেখা দিয়েছে। ইতিমধ্যে বাস চালকরা বাস চালাবে না বলছে। অতিসত্ত্বর যাতে এই কটা জায়গায়, মেরামত করে বাস চালানোর ব্যবস্থা করা যায়, তারজন্য পি ডব্লু ডির মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবু সুফিয়ান সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকায় প্রাইমারী হেল্‌থ সেন্টার একটাই আছে। সেটা অত্যন্ত দুরাবস্থায় আছে। এই হেল্‌থ সেন্টারটি একেবারে ভেঙ্গে গেছে। ভাঙ্গা ছাদ দিয়ে জল পড়ছে। ডাক্তার আছে, তো ওষুধ নেই, ওষুধ আছে তো ডাক্তার নেই। সেখানে জীবনদায়ী ওষুধ পাওয়া যায় না। সেখানে কুকুরে কামড়ানো ওষুধ পাওয়া যায় না। সাপে কামড়ানো ওষুধ পাওয়া যায় না। এই হেল্‌থ সেন্টার এর জন্য একটা এক্স-রে মেশিন ৭ - ৮ বছর আগে কেনা হয়েছিল। সেটা পড়েছিল। তারপর সেটা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। তার ঘর নেই। সেই এক্স-রে মেশিন বসানো হয়নি। এর পরিষেবা থেকে মানুষ বঞ্চিত হচ্ছে। স্যার, অবিলম্বে এই কালিগঞ্জ প্রাইমারী হেলথ সেন্টারে যথাযথ ওষুধের ব্যবস্থা, বিল্ডিং সারানোর ব্যবস্থা যাতে করা যায় এবং এই এক্সরে মেশিনের পরিষেবা যাতে মানুষ পায় তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী জ্যোতি কৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আজকে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্য সরকার সরকারী এবং বে সরকারীভাবে সমস্ত স্তরেই বাংলা ভাষাকে গুরুত্ব এবং মর্যাদা দিচ্ছেন। এখানে চালু করবার চেষ্টা করছেন। তবে ইংরাজী অনুবাদ রাজ্য থেকে মুক্তি পায় নি। স্যার, ইংরাজীতে আমাদের রাজ্যের নাম ওয়েষ্ট বেঙ্গল কেন বলা হবে? কেন সর্বত্র পশ্চিমবঙ্গ বলা হবে না? এটা বাংলার আত্মমর্যাদার প্রশ্ন। আমাদের প্রিয় কলকাতাকে কেন ক্যালকাটা বলা হবে? বৃটিশ শাসকরা তাদের সুবিধার জন্য বিভিন্ন জায়গায় বিভিন্ন নামকরণ করেছিল। এখনও আমরা কেন সেই লজ্জা পোষণ করব? ইতিমধ্যে ভারতের বিভিন্ন জায়গার বিভিন্ন এলাকার নাম পরিবর্তন হয়েছে। সেন্ট্রাল প্রভিন্স এখন হচ্ছে মধ্যপ্রদেশ। ইউ পি হয়েছে উত্তর প্রদেশ, ত্রিবাংকুর এবং কোচিন মিলে হয়েছে কেরল। আসাম হয়েছে অসম। মাইশোর হয়েছে কর্ণাটক। বিভিন্ন শহরগুলি যে রয়েছে, তাদেরও নাম চেঞ্জ হয়েছে। যেমন—বোম্বাই হয়েছে মুম্বাই। মাদ্রাজ হয়েছে চেন্নাই। তবে কেন সর্বত্র কলকাতা হবে না? পশ্চিমবঙ্গ কেন হবে না? এই কথা আমি আজ সভায় রাখছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** (নট প্রেজেন্ট।)

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** স্যার, আমি পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা থেকে দীঘার দূরত্ব হচ্ছে ১৯২ কিলোমিটার। এই দূর রাস্তার একটা জায়গায় একটা মাত্র কাঠের ব্রীজ রয়েছে। সেই জায়গাটি হচ্ছে কাঁথি ১ নাম্বার ব্লকের পিছাবনী ক্যানেলের উপর। গত ৪ বছর আগে সেতু নির্মাণের কাজ শুরু হয়েছিল। ৪টি পিলার দিয়ে সেটা তৈরী করা হবে বলা হয়েছিল। কিন্তু সেই সেতুটির কাজ সম্পন্ন করা হয় নি। এই কাঠের ব্রীজটির উপর দিয়ে প্রতিদিন প্রচুর গাড়ী যাচ্ছে। প্রচুর দুর্ঘটনা ঘটছে। এই ব্রীজটির কাজ যাতে দ্রুত সম্পন্ন করা যায় তারজন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী সরেশ আঁকুড়ে ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের শিক্ষানীতির ফলে ছাত্র-ছাত্রীর সংখ্যা বেড়েছে। কাঁকসা ও পানাগড় হচ্ছে বিশাল জনবহুল এলাকা। ওখানে কোন কলেজ নেই। ছাত্র-ছাত্রীদের দূর দুরান্তে পড়তে যেতে হয়। এখানে একটা নতুন কলেজ স্থাপনের জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

[12.30—12.40 p.m.]

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রী ও পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। কাটোয়া শহর একটা গুরুত্বপূর্ণ জায়গা। মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির কিছু নেতা সাধারণ মানুযের কাছে পয়সা আদায় করে লোক বসিয়ে দিচ্ছে। এইরকম একটা অবস্থা। বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। অবিলম্বে এদের সরিয়ে দিয়ে বিদ্যুৎ সরবরাহ এবং বন্টন ব্যবস্থাকে বজায় রাখার জন্য আমি আপনার কাছে দাবি করছি।

**শ্রী আনন্দ বিশ্বাস ঃ** (অনুপস্থিত)

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। জলাতঙ্ক রোগের টীকার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের যে চাহিদা তা অধিকাংশ সময়ে পূরণ হয় না। অথচ রাজ্য সরকারের লুই পাস্তুর ইনষ্টিটিউশনে পরিকাঠামো আছে এবং তা সংস্কার করা হয়েছে কিন্তু ৯২ সালের পর থেকে উৎপাদন বন্ধ আছে। তাই রাজ্যের বর্ধিত চাহিদার সঙ্গে জলাতঙ্ক রোগের টীকা সরবরাহ টীকা প্রস্তুত করার জন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মাণিক উপাধ্যায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গোটা দেশব্যাপী আইনশৃঙ্খলা বলতে কিছু নেই। দিনের পর দিন মহিলাদের উপর অত্যাচার, ডাকাতি, রাহাজানি, পকেটমার, মার্ডার হচ্ছে। কিন্তু আজ পর্যন্ত অ্যাডমিনিষ্ট্রেশন সেই সমস্ত ক্রিমিনালদের বিরুদ্ধে অ্যাকশন নিতে পারেন নি। আমি

কয়েকটা উদাহরণ দিচ্ছি। ১৬.৪.৯৯ তে চন্দ্রচূড় বাইপাস গেটে প্রকাশ পাড়ুই খুন হল। তার আসামী আজ পর্যন্ত গ্রেপ্তার হল না। ১৪.৬.৯৯ তারিখে গোপালপুর গ্রামে রাত্রি সাড়ে এগারোটার সময়ে ডাকাতি হল কিন্তু কোন রিকভারি হয় নি, কেউ অ্যারেষ্ট হয় নি। ১৬.৬.৯৯ তে দেদুয়া সোনার দোকানে ডাকাতি হল সন্ধ্যা সাতটার সময়ে কেউ ধরা পড়ে নি। দেদুয়া রেলগেটের কাছে ৭.৬.৯৯ তে রাস্তার উপর শিল্পপতি শংকর আগরওয়াল সেখান থেকে কিডন্যাপড হলেন, আজ পর্যন্ত ট্রেস আপ হয় নি। ৭.৬.৯৯ তারিখে রাত্রি সাড়ে ১২টার সময়ে ডাবরে মথুর বাউরি, সদানন্দ বাউড়ির বাড়ীতে ডাকাতি হল। ১৬.৬.৯৯ তারিখে জোড়বাড়ী জগদীশ গুহকে মার্ডার করা হয়। আসামীকে এখনও গ্রেপ্তার করা হয় নি।

**শ্রীমতি ইভা দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা চন্ডীতলা এক নম্বর ব্লকের আইয়া, ইছাপশর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। এখানে ভীষণ অব্যবস্থা চলছে। এখানে ৬ জন ডাক্তার আছে। হোমিওপ্যাথি ও আয়ুর্বেদ ছাড়া বাকী ৪ জন ডাক্তার অনিয়মিতভাবে আসেন। এখানে যে রোগীরা আসেন, বলতে গেলে তাদের কোন চিকিৎসা ব্যবস্থাই থাকছে না। অথচ লক্ষ টাকা খরচ করে এখানকার পরিকাঠামো তৈরী করা হয়েছে। মহিলাদের জন্মনিরোধক যে সামান্য অনুদান, সেই সামান্য অনুদান ও বন্ধ হয়ে গেছে। এই অব্যবস্থা দূর করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কমল মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। চন্দননগর বিধানসভা কেন্দ্রের মধ্যে দুটি থানা আছে চন্দননগর ও ভদ্রেশ্বর। ভদ্রেশ্বর থানার ব্যাপারে আপনি জানেন গত ২ বছর আগে ওখানকার ও.সি. সমাজ বিরোধীদের দ্বারা আক্রান্ত হয়ে খুন হয়েছেন। বর্তমানে চন্দননগর থানার যিনি ও. সি. প্রসূন ব্যানার্জী তিনি নানা রকম অসামাজিক কাজ কর্মের সঙ্গে প্রত্যক্ষভাবে যুক্ত। কেউ প্রতিবাদ করতে গেলে তিনি বিভিন্ন মামলার আদার্সের মধ্যে নাম ঢুকিয়ে হয়রানি করছেন। এই ও. সি.-র অন্যত্র বদলীর দাবী জানাচ্ছি এবং হিসাব বর্হিভূত তার যে অর্থ তার তদন্ত করে তার শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মাদ্রাসা শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। পশ্চিমবঙ্গে প্রায় ৫০০ জুনিয়র এবং সিনিয়র মাদ্রাসা আছে। মাদ্রাসার ছাত্ররা মাননীয় মন্ত্রীর কাছে গিয়েছিল, মাননীয় মন্ত্রী তাদের সঙ্গে দেখা করেন নি। তাদের দাবী ছিল মাদ্রাসা সার্ভিস কমিশন করে শিক্ষক নিয়োগ করার জন্য। নানা রকম দাবী নিয়ে মাদ্রাসার ছাত্ররা আন্দোলন করছে। ৫০০ মাদ্রাসা তারা বঞ্চিত হচ্ছে, তারা নানা রকম দাবী আদায়ের চেষ্টা করছে। গনতান্ত্রিক আন্দোলন করবার অধিকার আছে এবং সেই আন্দোলন আমরাই শিখিয়েছি। মাননীয় শিক্ষামন্ত্রী মাদ্রাসার ছাত্রদের সঙ্গে বসে তাদের দাবীর একটা ব্যবস্থা করবেন।

**श्री रामजनम माँझी :** आदरणीय स्पीकर सर, आपके माध्यम से मै श्रममंत्री का ध्यान आकर्षित कराना चाहता हूं। सर, पश्चिम बंगाल के अन्दर मैं एक लाख 70 हजार

मजदूर चटकल में काम करते है। आप जानते है सबसे बड़ा त्यौहार दुर्गापूजा का अवसर है। सर, नजदूरो के वोनस मे वृद्धि का अनुरोध करता हूं। आइन में संशोधन कर चटकल के मजदूरों के वोनस में वृद्धि करें। आप अपने को सर्वहारा का सरकार, मजदूरों का सराकर कहते है। लेकिन आज मजदूरों को देखने बाला कोई नहीं है। दुर्गापूजा के अवसर पर बोनस में वृद्धि को श्रम मंत्री से मै यह दावा करता हूं।

**শ্রী মৃণাল কান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার বিধানসভার ক্ষেত্রে একটা দীর্ঘ দিনের দাবী যে দেপাল ভায়া মিরগদা এই রাস্তাটি জুকি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং হামীরপুর হসপিটালকে যুক্ত করেছে। বহু দিন আগে ২ কি.মি. রাস্তা হয়েছিল। সেখানে জায়গা একোয়ার করা হয়েছে কিন্তু লোকে ক্ষতিপূরণ পায় নি, লোকে দখল করে নিচ্ছে। মাননীয় পূর্তমন্ত্রীর কাছে দাবী করছি দ্রুত এই রাস্তাটি করার এবং তাদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করুন।

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** স্যার, মাইনস্ বোর্ড অফ্ হেলথ একটা স্বশাসিত সংস্থা তৈরী হয়েছিল। কোলিয়ারীর বিভিন্ন অঞ্চলে স্বাস্থ্য পরিষেবা তারা দেখতো। রাজ্য সরকার সেসের টাকা পেত, লেবার প্রতি ১ টাকা করে সেস্ পেত এবং সেই টাকা স্বাস্থ্য পরিষেবায় ব্যয় হতো। এখন রাজ্য সরকার সেস্ না নেওয়ায় তাদের আর্থিক সংকট দেখা দিয়েছে। ৫৫০ জন কর্মচারী সেখানে কাজ করে। যেহেতু রাজ্য সরকার সেস্ নেয় না। যে রয়্যালটী পাচ্ছেন সেই টাকা থেকে সম পরিমান টাকা মাইনস বোর্ড অফ্ হেলথকে দেওয়া হোক।

কোলিয়ারি অঞ্চলের মানুষের স্বাস্থ্য পরিষেবা দীর্ঘদিন ধরে তাঁরা দেখে আসছেন। পশ্চিমবাংলায় তো স্বাস্থ্য বিভাগ ভেঙ্গে পড়েছে, মানুষ স্বাস্থ্য পরিষেবা পায় না সরকারী হাসপাতাল উঠে যাবার উপক্রম। তাই স্যার, এই সংস্থা যাতে টিকে থাকে আমি তার জন্য আবেদন করছি।

[12.40–12.50 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** স্যার, রাজ্যে অসামাজিক কার্যকলাপ বৃদ্ধি পাচ্ছে। ট্যাক্সি করে বিধানসভার ভেতরে আমাদের আসতে দেওয়া হচ্ছে না। ওদের অসামাজিক কার্যকলাপের জন্য এই ঘটনা ঘটছে। সৌগতবাবু এখানে ইল্লিগ্যাল রেলওয়ে পাস নিয়ে পুলিশ অফিসারদের বিরুদ্ধে বলেছেন। কিন্তু ইল্লিগ্যাল কুপন ওরা ব্যবহার করেন এবং মেডিক্যাল বিল তোলেন আবার প্রত্যাহারও করেন। নদীয়ার বিধায়ক অন্যায় ভাবে মেডিক্যাল বিল প্রত্যাহার করেছেন।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** বসুন, বসুন। সৌগতবাবু আপনার পার্সোনাল এক্সপ্লানেশন বলুন।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আপনি আমাকে এলাউ করেছেন ধন্যবাদ। মাননীয়

সদস্য শ্রীতপন হোড় এই হাউসে যে কথা তুললেন তা হাউসের নিয়ম এবং নীতি বিরুদ্ধ। 'এরা সবাই ইল্লিগ্যাল রেলওয়ে পাস, ইল্লিগ্যাল মেডিক্যাল বিল ব্যবহার করে'— এই ধরনের কোন কথা অভিযোগ হিসাবে বিনা নোটিশে বলা যায় না হাউসে। কেউ যদি ইল্লিগ্যাল মেডিক্যাল বিল, ইল্লিগ্যাল রেলওয়ে পাস ব্যবহার করে বলে কারো মনে হয় তাহলে স্পেসিফিক অভিযোগ আনতে হবে স্পীকারের পারমিশন নিয়ে। মেনশন আওয়ার এইসব কথা বলার জন্য নয়। তাই আমার অনুরোধ আপনি এগুলো এক্সপাঞ্জ করুন।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** (তপন হোড়কে উদ্দেশ্য করে) আপনাকে নোটিশ দিতে হবে।

**শ্রী মহঃ হান্নান ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে এগ্রিকালচার মার্কেটিং মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমস্ত মহকুমা শহরে রেগুলেটেড মার্কেট কমিটি গঠিত হয়েছে। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে রামপুরহাট শহর, যেখানে কৃষক সম্প্রদায়ের মানুষ শতকরা ৮০ ভাগ সেখানে আর.এম.সি. গঠন করা হয়নি। এতে কৃষকরা অসুবিধায় পড়েছে তাদের কৃষিজাত পন্য নিয়ে। তাই আমি আপনার মাধ্যমে এই দাবী রাখছি।

**শ্রী অসিত কুমার মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলায় পঞ্চায়েত নির্বাচন হয়ে গেছে। কিন্তু বীরভূম জেলার নলহাটি শহর পঞ্চায়েত নির্বাচন থেকে বাদ রাখা হয়েছে পৌরসভা ঘোষণা করার জন্য। কিন্তু এখনও নলহাটিকে পৌরসভা ঘোষণা করা হয়নি। আমি নলহাটিকে পৌরসভা ঘোষণা করে পৌর বোর্ড গঠন করার দাবী জানাচ্ছি।

**শ্রী শীতল সর্দার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কার্গিল যুদ্ধে আমাদের দেশের যে সমস্ত বীর সৈনিকরা প্রাণবলি দিচ্ছেন তাদের প্রতি কিছুটা হলেও সহানুভূতি যাতে আমরা দেখাতে পারি তার জন্য আমরা, বিধানসভার যারা সদস্য আছি এবং কলকাতার ফিল্ম স্টারদের নিয়ে একটা প্রীতি ফুটবল ম্যাচ খেলে সংগৃহীত অর্থ তাদের পরিবারকে সাহায্য করতে পারি তার ব্যবস্থা করার আবেদন জানাচ্ছি।

শুধু তাই নয়, আমি আরেকটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, সেটা হচ্ছে আমরা বিধানসভার প্রত্যেক সদস্যই এক মাসের মাইনে দেব।

**শ্রী সৌগত রায় ঃ** আপনি জানেন স্যার, জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া রাজ্যের পাট চাষীদের স্বার্থে তৈরী হয়েছিল। অভাবের সময় পাট চাষীদের সস্তায় যাতে পাট বিক্রি করতে না হয় তারজন্য জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া তৈরী হয়েছিল। কিন্তু জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া এখন চূড়ান্ত সংকটের মধ্যে চলছে। সম্প্রতি তারা সিদ্ধান্ত নিয়েছে যে, তারা ৩৮টি পাট ক্রয় কেন্দ্র বন্ধ করে দেবেন এবং তার সঙ্গে ৫টি রিজিওন্যাল অফিসও তারা বন্ধ করে দেবেন। এই নিয়ে জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার কর্মীদের মধ্যে প্রচন্ড বিক্ষোভ দেখা দেওয়ায় জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার চেয়ারম্যান এবং ম্যানেজিং ডাইরেক্টর এম. জি. সিং পদত্যাগ করেছেন। তার ফলে জুট কর্পোরেশন অফ

ইন্ডিয়ার এক অভূতপূর্ব খারাপ অবস্থা দেখা গেছে। জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার এই অবস্থার ফলে প্রচন্ড ক্ষতি হবে। গত বছর ৭ লক্ষ বেল্ পাট উৎপাদন হয়েছিল এবং জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া ১ লক্ষ বেল্ পাট কিনেছিল। তার উপর যদি জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া এই পাট ক্রয় কেন্দ্রগুলো বন্ধ করে দেন তা হলে পাট চাষীদের স্বার্থ অনিশ্চিত হবে। এরজন্য অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য রাজ্য সরকারকে আবেদন জানাচ্ছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় ইরিগেশন মন্ত্রী এবং মাননীয় অর্থ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মালদায় রতুয়া এক নম্বর এবং রতুয়া ২ নম্বর ও হরিশ্চন্দ্রপুর এলাকায় ব্যাপক ভাবে বন্যার ফলে মানুষ জলের তলায় পড়ে আছে। যদিও সংবাদ পত্রের খবর যে বন্যায় আক্রান্ত মানুষের সংখ্যা ৪ হাজার। কিন্তু এই অঞ্চলে মহানন্দা টোলা, চাঁদমণি (১) ও চাঁদ মণি (২), ঢাকুরিয়া ইত্যাদি বন্যায় আক্রান্ত বিভিন্ন অঞ্চল ও গ্রামের সংখ্যা ২০ হাজারের উপর। এই অবস্থায় বাঁধ ঠিকমত মেরামত না হওয়ার ফলে 'সম্বলপুর' বাঁধে ফাটল দেখা দিয়েছে। আমরা এব্যাপারে হাউসে বার বার বলেছি, এখানে মেনশন করেছি কিন্তু তার কোন রেজাল্ট দেখতে পাই নি। মালদা জেলায় যখন বিধায়করা যান তখন তাঁরা স্থানীয় বিধায়কদের ডাকেন না, তাঁরা স্থানীয় বিধায়কদের ডাকতে সাহস করেন না। এখানে বন্যার কবলে পড়ে মানুষের অবস্থা ভয়ংকর খারাপ হয়ে গেছে। অবিলম্বে সেখানে তাদের পাশে ত্রাণ মন্ত্রীকে দাঁড়ানোর জন্য বলছি। (মাইক অফ হয়ে যায়)

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় গত ১০ তারিখে ক্যালকাটা হস্পিটালে ইউনিয়নে ইউনিয়নের মধ্যে লড়াই হয়েছে। কয়েকদিন আগে মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় বেল্‌ভিউ ক্লিনিকে গিয়ে বলেছিলেন যে, হাসপাতালে ইউনিয়নের দৌরাত্ম্য চলবে না। এই লড়াইয়ের ফলে কিছু শ্রমিক এবং কিছু বহিরাগত পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছে। যারা গ্রেপ্তার হয়েছে তাদেরকে ছাড়াবার জন্য * * * * গিয়েছিলেন। যাদের পুলিশ গ্রেপ্তার করেছে তাদেরকে ছাড়াবার জন্য যাঁরা পুলিশের কাছে গিয়েছিলেন তাঁদের মধ্যে তিন জন হলেন এল. সি. এস.। একজন ভবানীপুর অঞ্চলের এল. সি. এস., আরেকজন কালীঘাট অঞ্চলের এল. সি. এস. ও অন্যজন চেতলা অঞ্চলের এল. সি. এস.। বোমা সমেত যারা ধরা পড়েছে তাদেরকে ছাড়াবার জন্য সি. পি. এম. নেতৃবৃন্দ গিয়েছিলেন। (এখানে মাইক অফ হয়ে যায়)।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নাম বাদ যাবে।

[12.50–1.00 p.m.]

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। নির্বাচনের তারিখ ঘোষণা হওয়ার সাথে সাথে তৃণমূল এবং বি. জে. পি. গোটা দেশের সামনে একটার পর

Note — * * Expunged as ordered by the Chair.

একটা বিপদ ডেকে আনছে। সে অনুযায়ী তারা এ রাজ্যের বিভিন্ন প্রান্তে মেদিনীপুর, বাঁকুড়া, দক্ষিণ ২৪-পরগণা, উত্তর ২৪-পরগণা, কলকাতার বিভিন্ন প্রান্তে মানুষের ওপর হামলা চালাচ্ছে। বাড়ি-ঘর জ্বালিয়ে দিচ্ছে। ডায়মন্ডহার্বারে নরুল আমিন নামে সি. পি. আই. (এম)-এর একজন কর্মীকে খুন করে, গলা-কাটা মুন্ডু নিয়ে প্রকাশ্য দিবালোকে খুনীরা গ্রামের মধ্যে ঘুরেছে। ঐ বর্বরের দলেরা এই রকম বর্বরতা চালাচ্ছে। যতই তারা জনগণ থেকে বিচ্ছিন্ন হচ্ছে ততই সন্ত্রাস সৃষ্টি করছে। আমাদের কসবা অঞ্চলে, দক্ষিণ বেলেঘাটার সুদীপ কর, চিন্ময় হাজরাকে খুন করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন খুনী এবং খুনীদের আশ্রয়দাতা, মদতদাতাদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক। এই দাবি আমি জানাচ্ছি। তাদের শাস্তির দাবিও জানাচ্ছি।

**শ্রীমতি শান্তা ছেত্রী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় ট্যুরিজম্ মিনিষ্টারের দৃষ্টি আকর্যণ করছি। স্যার, দার্জিলিং-এ ট্যুরিজম্ ডিপার্টমেন্টে ডি.জি.এইচ.সি.-কে ট্রান্সর্ফার করা হয়েছে। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে, ট্যুরিজম্ ডেভেলপমেন্টের জন্য গত বছর ডি. জি. এইচ্. সি-কে মাত্র ১২ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। স্যার, ঐ সামান্য পরিমাণ টাকা দিয়ে আমি মনে করি পাহাড়ের ট্যুরিষ্টদের জন্য দুটো পে-টয়লেটও করা সম্ভব হবে না। তাও ঐ টাকায় কুলাবেনা। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি, ট্যুরিজম্ ডেভেলপমেন্টের জন্য, ট্যুরিজম্ ইন্ডাষ্ট্রিকে আরো জোরদার করার জন্য ট্যুরিজম্ ডিপার্টমেন্টের ট্যুরিজম্ ডেভেলপমেন্ট খাতে আরো বেশী টাকা বরাদ্দ করা হোক। এই খাতে ডি. জি. এইচ. সি-র জন্য আরো বেশী টাকা বরাদ্দ করার দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

## ZERO HOUR

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শিক্ষামন্ত্রী দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সংবাদপত্রে দেখলাম শীঘ্র উচ্চ-মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষণা হবে। গত বছর দেখেছি রাজ্যের কলেজ-গুলিতে ভর্তির সমস্যা খুবই তীব্র। এখনই যদি সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে এবারে সমস্যা আরো তীব্র হবে। কারণ ইতঃমধ্যে এ-রাজ্যে কোন নতুন কলেজ হয় নি। যে কলেজগুলি আছে সেগুলিতে স্থান সংকুলান হচ্ছে না। সুতরাং এটা একটা ভয়াবহ তীব্র সমস্যা। এই পরিপ্রেক্ষিতে সবচেয়ে বড় কথা হচ্ছে, প্রতিটি কলেজে ব্যাপকভাবে শিক্ষকের ঘাটতি রয়েছে। অধ্যাপক সৌগত রায় এখানে উপস্থিত আছেন, উনি এটা জানেন। আমরা জানি পার্ট-টাইমার দিয়ে কলেজ চালানো হচ্ছে এবং কলেজ কর্তৃপক্ষ সেই ব্যয়-বহণ করতে হিমশিম খাচ্ছে। এই অবস্থায় দাঁড়িয়ে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে আমার আবেদন—কলেজগুলির রিক্যুইজিশন অনুযায়ী শিক্ষক ঘাটতি পূরণ করা হোক। দ্রুত শিক্ষক নিয়োগের ব্যবস্থা করা হোক। তা না হলে কলেজ গুলিতে ছাত্র-ছাত্রী ভর্তি হলেও পঠন-পাঠন হবে না। এটাই হচ্ছে বাস্তব অবস্থা। প্রতিটি কলেজেই শিক্ষকের ঘাটতি রয়েছে, এমন কি ওয়ান টিচার কলেজেও শিক্ষক নেই। এই অবস্থায় শিক্ষক ঘাটতি পূরণের জন্য মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে আবেদন

জানাচ্ছি—পরিস্থিতি অত্যন্ত ভয়াবহ, এই নিয়ে ব্যাপক ছাত্র আন্দোলন তৈরী হতে পারে, সেই কারণে দ্রুত ব্যবস্থা নিন।

**শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি সমাজ কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে—আমার এলাকা ছাড়াও বিভিন্ন এলাকায় আই সি. ডি. এস. কর্মী নিয়োগ করা হচ্ছে। সেই নিয়োগের ক্ষেত্রে একটা 'হোম কোটা' আছে। যেখানে হোমের কোন প্রার্থী বা ক্যান্ডিডেট নেই সেখানে বাইরের প্রার্থী নিয়োগ করা হচ্ছে। নিয়ম-বিধিতে 'হোম এবং আদার্স' বলা আছে। মাননীয় মন্ত্রীর মহাশয়ের কাছে আমার আবেদন, আদার্স হিসাবে অন্ততঃ প্রতিবন্ধী মহিলা প্রার্থীদের নিয়োগ করার ব্যবস্থা করা হোক। মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবেচনার জন্য বিষয়টি আমি এখানে উত্থাপন করলাম। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এ বিষয়ে তাঁর মন্তব্য রাখবেন।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকায় ভাগীরথীর পাশে জগৎখালি বাঁধের পাশে বসন্তপুর গ্রামে তপসিলি জাতির বাস। সেখানকার বাঁধ ভেঙে গিয়ে এই বসন্তপুর-ধাওড়ার ১৩৫টি পরিবার যারা তপসিলিভুক্ত তাদের বাড়ীঘর ভেঙে গেছে এবং স্কুল গৃহ ভেঙে গেছে। তাই আমি মাননীয় ত্রাণমন্ত্রী এবং মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। আমি ত্রাণমন্ত্রীকে অনুরোধ করছি, ঐ ১৩৫টি তপসিলিভুক্ত পরিবার যাতে যথেষ্ট পরিমাণে ত্রাণ-সামগ্রী পায় এবং মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি - ওখানকার যে বাঁধটি ভেঙেছে ভাগীরথীর সেই বাঁধটি অবিলম্বে মেরামত করা হোক এবং তপসিলি ভুক্ত বসন্তপুর-ধাওড়া গ্রামকে রক্ষা করার ব্যবস্থা করা হোক।

**শ্রী মৃণাল কান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় তুলতে চাই জিরো আওয়ারে, যে লাহোর বাস-যাত্রা এবং বেঙ্গল প্যাকেজের শেষ রক্ষা হল না। ইতিমধ্যে একটি গুরুত্বপূর্ণ তথ্য বেরিয়ে এসেছে। গ্রেট-বৃটেনের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার সাহায্যে একটি প্রতিবেদন উপরাষ্ট্রপতি কৃষ্ণ কান্তের হস্তগত হয়েছে যা ভারতবর্ষের দুঃসহ ভয়াবহ চিত্র বেরিয়ে এসেছে। যেখানে সামাজিক ও স্বাস্থ্যবান জীবন-যাপনে ৫৯ তম স্থান আমরা দখল করে আছি। লিঙ্গভেদে ৯৫তম স্থানে আছি এবং ৫ বছরের কম বয়সী শিশু যারা জন্ম গ্রহণ করছে তাদের মধ্যে শতকরা ৫৩ ভাগ শিশু স্বাভাবিক যা ওজন তার চেয়ে কম নিয়ে জন্মগ্রহণ করছে এবং আমাদের দেশে বিশ্বায়নের ফলে একমুখীকরণ যে সংস্কৃতি তা আছড়ে পড়েছে এবং দেশীয় সংস্কৃতিকে পচা-গলা সংস্কৃতিতে পরিণত করেছে। সেক্ষেত্রে বি. জে. পি., টি. এম. সি এবং অন্যান্য জোট যারা আজকে সরকারে আছে - যদি ঘটনাটা সত্য না হয় তাহলে তারা এর প্রতিবাদ করুন।

**শ্রী বাদল জমাদার ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ইঁট-ভাটার ট্যাকসেশনের বিষয়ে আমি এই হাউসে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। আমাদের ভাঙড়ে ২ রকমের ইঁট-ভাটা আছে। একটা হচ্ছে চিমনী ভাটা আর একটা হচ্ছে বাংলা পণ ভাটা।

এই চিমনী ভাটায় উৎপাদন করে বছরে কয়েক লক্ষ ইঁট আর বাংলা পণ ভাটায় মাত্র কয়েক হাজার ইঁট উৎপাদন করতে পারে। অথচ দেখা যাচ্ছে ২৫০ টাকার বেশী কর ধার্য করা যাবে না। চিমনী ভাটা এবং বাংলা পণ ভাটায় ২৫০ টাকা কর - এটাই হচ্ছে সাধারণ নিয়ম। কিন্তু এই নিয়ম অন্যায্য এবং অসঙ্গতিপূর্ণ। তাই আমার প্রস্তাব, যেগুলি চিমনী ভাটা সেগুলির ক্ষেত্রে ট্যাক্সেশন ২৫০০ টাকা করা হোক আর বাংলা পণ ভাটার ক্ষেত্রে ট্যাক্স কমিয়ে ২০০ টাকা করা হোক।

[1.00–2.00 p.m.
including adjournment]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** স্যার, আমি আমার বক্তব্য রাখার আগে আপনাকে একটি অনুরোধ করছি। আপনি যখন আমার নাম ডেকেছেন তখন আমার বক্তব্য শেষ হওয়ার আগেই মাইক অপারেটররা মাইক অফ করে দিচ্ছে। এটা আপনি করতে বারণ করুন। আপনি অন্য নাম ডাকলে তবেই যেন মাইক বন্ধ করেন। কিন্তু দেখছি, অন্য নাম ডাকার আগেই তারা মাইক বন্ধ করে দিচ্ছে। আপনি কোন কর্মচারীকে এখানে রাজনীতি করতে বারণ করুন। যাইহোক, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ দমদমে ক্রমশঃ উত্তেজনা বাড়ছে। আমি কয়েকদিন ওখানে মিটিং করতে গেছি। সি. পি. এমের দুই পক্ষ একে অপরের সঙ্গে মারামারি করছে। একটা হচ্ছে সরকারী দল আর একটা হচ্ছে সুভাষবাবুর অনুগত দল এবং ফরওয়ার্ড ব্লক সবাই একে-অপরের সঙ্গে মারামারি করছে। তাই আমি আপনার মাধ্যমে দাবী করছি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে, যেন নির্বাচনের দিন যথেষ্ট সংখ্যক পুলিশ সেখানে মোতায়েন থাকে। তা না হলে সি. পি. এম এবং বিক্ষুব্ধ সি. পি. এম যে লড়াই চালাচ্ছে তার ফলে রক্তপাতের সম্ভাবনা আছে। এমন কি মানুষের মৃত্যুরও সম্ভাবনা আছে। এই কথাটা আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাচ্ছি।

**শ্রী অসিত কুমার মাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর. জি. কর হাসপাতালে আজ এক বৎসর হল প্লাস্টিক সার্জারি ইউনিট বন্ধ। অথচ এস. এস. কে. এম. হাসপাতালে রোগীকে নিয়ে যাওয়া হলে ১ বছরের আগে ডেট পাওয়া যায় না। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, অতি সত্বর আর. জি. কর হাসপাতালে প্লাস্টিক সার্জারি ইউনিট চালু করা হোক। সেখানে ডাক্তার আছে, সমস্ত ব্যবস্থা আছে অথচ বাড়ীতে বসে বসে তারা বেতন নিচ্ছে।

এর ফলে নার্সিং হোমের ডাক্তারদের বাজার রমরমিয়ে চলছে। অতি সত্বর আর. জি. কর হাসপাতালে পুনরায় প্লাষ্টিক সার্জারি ইউনিট চালু করার জন্য আমি মন্ত্রীমহাশয়ের কাছে দাবী জানাচ্ছি।

**মিঃ ডেপুটি স্পীকার :** এখন বিরতি, আবার আমরা মিলিত হ'ব দু-টার সময়।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

[2.00–2.10 p.m.]

(After recess)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 42 & 43

**Mr. Deputy Speaker :** There are 23 cut motions on Demand No. 42 and 6 cut motions on Demand No. 43. All the cut motions are in order.

| | | |
|---|---|---|
| 1-5 | Shri Abdul Mannan | Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100/-. |
| 6 | Shri Ashok Kumar Deb | |
| 7-14 | Shri Shyamadas Banerjee | |
| 15 | Shri Pankaj Banerjee | |
| 16-17 | Shri Saugata Roy | |
| 18-23 | Shri Kamal Mukherjee | |

| | | |
|---|---|---|
| 1-3 | Shri Shyamadas Banerjee | Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100/-. |
| 4 | Shri Sultan Ahmed | |
| 5-6 | Shri Kamal Mukherjee | |

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমাজ কল্যাণ মন্ত্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয় ১৯৯৯-২০০০ সালের ব্যয়-বরাদ্দ ৪২ নম্বর অভিযাচনে ২৪৯ কোটি ৪৭ লক্ষ ৫৯ হাজার টাকা এবং ৪৩ নম্বর অভিযাচনে ৩৫ কোটি ৫৩ লক্ষ ২৯ হাজার টাকার ব্যয়-বরাদ্দ মঞ্জুরীর জন্য এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে, আমাদের দলের পক্ষ থেকে আনীত কাট মোশানের সমর্থন করে কয়েকটি বক্তব্য রাখছি। স্যার, সমাজ কল্যাণের নামে, সমাজ কল্যাণের যে অন্তবিরোধ তা সমাজ কল্যাণমন্ত্রীর বাজেটের মধ্যে দিয়ে অত্যন্ত স্পষ্ট হয়ে গেছে। আজকে সরকারী হোম নিয়ে উনি অনেক কথা বললেন। এই হোম নিয়ে একটি তথ্য আমি আপনার কাছে উপস্থিত করছি যে, কেন আমি এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করতে চাই। স্যার, সাবজেক্ট কমিটির রিপোর্টে পরিস্কার ভাবে বলা হয়েছে যে ১০ লক্ষ টাকা হোমগুলিতে খরচ করার জন্য রাখা হয়েছে এবং সমাজ কল্যাণ দপ্তরকে খরচ করতে বলা হয়েছে। ১৯৯৯-২০০০ সালের রিপোর্টে বলা হয়েছে যে, এই ১০ লক্ষ টাকার মধ্যে সমাজ কল্যাণ মন্ত্রী এত ব্যর্থ, তার দপ্তর এত ব্যর্থ যে মাত্র ২.৬৫ লক্ষ টাকা তিনি খরচ করতে পেরেছেন। এই রিপোর্ট সাবজেক্ট কমিটি দিয়েছে। তারা স্পষ্ট ভাবে বলেছেন— The alloted fund for the year 1998-99 was Rs. 8 lakhs which after being revised at Rs. 10 lakhs. এবং তাতে একটা জায়গায় গিয়ে বলেছেন— Only 2.65 lakhs was actually sent out of the allotment. এই হচ্ছে আমাদের সমাজ কল্যাণ মন্ত্রীর সাফল্যের একটা বিরাট দিক এবং সব থেকে দুঃখের কথা হচ্ছে যে তিনি টাকা খরচ করতে পারছেন না। অন্য দিকে হোমের যারা আবাসিক তাদের নির্যাতন ভোগ করতে হচ্ছে। তাদের নিম্নমানের

খাবার সরবরাহ করা হচ্ছে এবং যার ফলে অনেকের মৃত্যু হচ্ছে, অনেকে পালিয়ে যেতে বাধ্য হচ্ছে, এই ঘটনা ঘটছে। দ্বিতীয় কথা হচ্ছে, সরকার বলেন, জ্যোতিবাবু বলেন, সমাজ কল্যাণ দপ্তর বলেন যে, আমাদের আই. সি. ডি. এস-তে অত্যন্ত সাফল্য লাভ করেছে। হ্যাঁ, আমি এর সঙ্গে অনেকটা একমত। আমি গ্রামে থাকি, আমি বুঝি আই. সি. ডি. এস. কর্মীরা অনেক ভাল কাজ করেন। শিশু ও মায়েদের রক্ষণাবেক্ষণের ব্যাপারে, তাদের নিউট্রেশানের ব্যাপারে যেখানে হেল্‌থ ওয়ার্কাররা ফেল করছে সেখানে তারা ভাল কাজ করছে। কিন্তু কি করে তারা ওখানে কাজ করবে? তাদের বাড়ী-ঘর নেই, অনেক জায়গায় খুব কম টাকা দেওয়া হচ্ছে। ৫ শত টাকায় তাদের চাকুরী করতে হয় যারা ওয়ার্কার, আর যারা লেবার তাদের মাত্র ৩ শত করে টাকা দেওয়া হয়। এর থেকে একটা জীবন চলে। যাদের হাতে শিশুদের দায়িত্ব দিচ্ছেন, গর্ভবতী মায়েদের দায়িত্ব দিচ্ছেন তারা মাত্র ৫০০ টাকা বেতনে চাকরী করছেন। এখনও পর্যন্ত দার্জিলিংয়ে কোন আই.সি.ডি.এস. সেন্টার খুলতে পারলেন না। আবার অনেক জায়গায় সেন্টারের কোন ঘরবাড়ী নেই, খাবার নেই। অনেক জায়গায় খাবার দেওয়া হচ্ছে না। হাওড়ায় দীর্ঘদিন খাবার দেওয়া হয়নি। কাটাপুকুরে ১৭টি সেন্টারের মধ্যে মাত্র ৫টির বাড়ী রয়েছে, বাকি সেন্টারগুলো কোন বাড়ী আজ পর্যন্ত তৈরী করা হয়নি। আপনারা সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবদের ব্যাপারে অনেক চিৎকার করেন, কিন্তু সেখানে হেল্পার হিসেবে ট্রাইবাল ছেলেরা মাত্র ৩০০ টাকা বেতনে কাজ করছেন। ফলে তারা ঐ পদে আসতে চাইছেন না। তারা ইন্টারেষ্টেড নন, কারণ মাঠে ঘাটে কাজ করলে তারা দিনে ৫০ টাকা পান। ওখানে অন্য কাউকে পাঠিয়ে কাজ করাবার কোন ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, তিনি ফুয়েল কস্ট দেন প্রতিদিনের। হ্যাঁ দেন। আই. সি. ডি. এস. সেন্টার ওয়ার্কার এবং হেল্পাররা নিজেরা টাকা জোগাড় করে কাজটা করেন এবং তারপর পাঁচ-ছয় মাস পরে আপনি টাকা দেন। এই হচ্ছে আই. সি. ডি. এস. প্রকল্পের অবস্থা। হোমগুলির কথা বলছি, সাবজেক্ট কমিটি তাদের রিপোর্টেও বলেছেন, হোমের কোটা অনুযায়ী কোন হোমেই কোটা পাঠাতে পারেন না এবং তারজন্য জায়গা শূন্য থেকে যাচ্ছে। শ্যামপুর এক এবং দুই নম্বর ব্লকে হোম কোটায় যাদের চাকরী দেওয়া হয়েছে, তদন্ত করে দেখুন, সেখানে হোম কোটায় টিচারের স্ত্রী কাজ করছেন। শ্যামপুর দুই নম্বর ব্লকে চারটি গ্রাম পঞ্চায়েত রয়েছে। সেখানে প্রধানরা কাজ পাবেন না বলে চার বছরে কোন সেন্টার খুলতে দেওয়া হয়নি। আমি একটার পর একটা তথ্য আপনার সামনে তুলে ধরতে চাই।

আপনি আর একটা কন্ট্রাডিকশনে ভুগছেন। আপনি জানেন কিনা জানি না, আপনি কোথাও কোথাও এন. জি. ও.-দের দিয়ে কাজটা করাচ্ছেন এবং সেখানে মাননীয় মন্ত্রী অসীম দাশগুপ্তের মা এন. জি. ও. হিসাবে কাজ করছেন। ভালই করছেন। আপনি সিলেকশন করবেন, কিন্তু রাইটার্স বিল্ডিং থেকে বলে দেওয়া হয়েছে এই সিলেকশন মিটিতে এম. এল. এ., পঞ্চায়েত সমিতির সভাপতি, ব্লক মেডিক্যাল অফিসার, বি. ডি. ও - এরা থাকবেন। তাহলে এ্যাপয়েন্টমেন্ট দেবেন কে? সেখানে জোর করে এন. জি. ও দের দিয়ে কাজ করাচ্ছেন, কিন্তু এন. জি. ও. এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে জনপ্রতিনিধিদের সঙ্গে আলোচনা করছেন না। আপনি নিজে যে আইন করেছেন সেটা

নিজেই ভায়লেট করছেন। এর জবাব আপনি দেবেন। সুপারভাইসারদের মোটা টাকার াকরী দিয়েছেন, কিন্তু তাদের সেভাবে পরীক্ষা নেননি। তারাও তো সরকারী কর্মচারী, তাহলে তাদের পরীক্ষা পি. এস. সির মাধ্যমে কেন হবে না? কেন অন্যভাবে তাদের াকরী দেবার ব্যবস্থা করেছেন? ১৯৯১ সালে লাষ্ট সেনসাস হয়েছিল। লাষ্ট সেনসাস অনুযায়ী কতগুলো আই. সি. ডি. এস. সেন্টার লাগবে সেটা আপনার দপ্তর বলেছে। এক হাজার পপুলেশনে একটি করে আই. সি. ডি. এস. সেন্টার করতে হবে।

সেই অনুযায়ী এখনও পর্যন্ত ১৯৯০-৯১ সালের সেনসাস অনুযায়ী যে প্রোজেক্ট হওয়ার কথা, সেই প্রোজেক্ট হয় নি। বাগনান ব্লক (১)-এ এই রকম প্রচুর প্রোজেক্ট খালি আছে, ব্যবস্থা করতে পারেন নি। কাশি এবং বৃন্দাবনে অনেক বিধবা মহিলা আছে াদের জন্য আপনারা ব্যবস্থা করবেন বলেছেন, সাবজেক্ট কমিটি বলেছে তাদের জন্য বিধবা ভাতা দেওয়ার ব্যবস্থা করা দরকার। সেই ব্যবস্থা আপনি করতে পারেন নি। টালিগঞ্জে দেখলাম ৪৪টি সেন্টার চলছে কাঁচা বাড়িতে নয়, গোয়ালবাড়িতে নয়, গাছের তলায়। এর নাম কি সমাজ কল্যাণ? তার জন্য কোটি কোটি টাকা বরাদ্দ করতে হবে, এটা হতে পারে না। তাই মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং আমি যে সমস্ত প্রশ্ন তুলেছি তার সঠিক উত্তর দিয়ে আগামী দিনে এই সমস্ত সমস্যার সমাধান করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.10–2.20 p.m.]

**শ্রী মাজেদ আলি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, সমাজ কল্যান দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয় ৪২ এবং ৪৩ নম্বর দাবি-র অধীন যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন ১৯৯৯-২০০০ সালের জন্য সেই বাজেটকে আমি সমর্থন করছি এবং বিরোধিদের আনা কাট মোশানের বিরোধিতা করছি। সমাজের যারা দুর্বলতর অংশের মানুষ, দরিদ্রতম অংশের মানুষ, পেছিয়ে পড়া অংশের মানুষ, তাদের জন্য এই সমাজ কল্যান দপ্তর সামাজিক যে কর্মকান্ড করে চলেছে সারা ভারতবর্ষের তুলনায় এটা একটা বিরল ঘটনা। সমাজ কল্যানকে মূলত ৪ ভাগে ভাগ করা যায়, মহিলা, শিশু, প্রতিবন্ধী এবং অসমর্থ বৃদ্ধ এবং বৃদ্ধা। সামগ্রিক যে পরিস্থিতি সারা দেশে, দেশ যে ব্যবস্থার মধ্যে দিয়ে চলেছে তাতে এই সমাজ কল্যাণ বিভাগ সামাজিক ভার বহন করতে পারছে না। গ্রামে যে আই. সি. ডি.এস কেন্দ্রগুলি আছে, মূলত ত্রিস্তর পঞ্চায়েতের মধ্যে গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে এইগুলি সঠিক ভাবে চলছে। আমাদের বিরোধী দলের সদস্য যে কথা বললেন যে গাছ তলায় অনেক আই. সি. ডি. এস কেন্দ্র চলছে। কথাটা খানিকটা ঠিক। এই আই. সি. ডি. এস প্রকল্পের জন্য দেড় হাজার টাকা অনুদান হিসাবে দেওয়া হয়, এই টাকায় একটা কেন্দ্র গড়ে তোলা সম্ভব নয়। পঞ্চায়েতের উদ্যোগে জওহর রোজগার যোজনায় সেই কেন্দ্রগুলি খোলা হচ্ছে। পেছিয়ে পড়া শ্রেণী বিশেষ করে তফশিলী জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষ, তাদের ছেলেমেয়ে, দুর্বলতর অংশের মানুষের ছেলেমেয়েরা এখানে আসে। ৬ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েরা এখানে আসে এবং তাদের "কেয়ার"-এর খাদ্যর ব্যবস্থা করা হয়। কিন্তু সেই খাদ্য যতখানি

ঠিকমত পাওয়া দরকার সেটা পাওয়া যাচ্ছে না। মূলত হাওড়া, হুগলী, মেদিনীপুর এবং নদীয়ায়, এই ৪টি জেলায় 'কেয়ার'-এর ফুড ঠিকমত পাচ্ছে না। মাত্র ৮০ পয়সা এর জন্য বরাদ্দ। যে লোকাল ফুড বাচ্ছাদের নিউট্রিশিয়াস ফুড দেওয়া হচ্ছে, আজকে যে বাজার দর, ডাল তেল এবং অন্যান্য জিনিষের যে বাজার দর সেখানে এই সামান্য পয়সায় কি করে হবে সেটা ভেবে দেখার দরকার আছে। সমাজ কল্যানের ক্ষেত্রে সামাজিক দায় বদ্ধতা নিয়ে এই বিভাগ কাজ করে চলেছে। যার ফলে একটা কার্য্যকারী জায়গায় পৌছাতে পেরেছে। ১.১.৯৯ থেকে অঙ্গনওয়াড়ি কর্মীদের ভাতা ২৬০ টাকা থেকে বাড়িয়ে ৪৬০ টাকা করেছে। এটাও ঠিকমত পাওয়ার ক্ষেত্রে বিলম্বিত হচ্ছে। সর্বপরি হোমের জন্য ৫ পারসেন্ট রিজারভেশান আছে, সেখানে বলা আছে হোমের জন্য ৫ পারসেন্ট এ্যান্ড আদার্স। এই আদার্স কথাটা তুলে দিতে হবে। বাস্তব ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি সম্ভ্রান্ত পরিবারের মহিলারা এই আই. সি. ডি. এস কর্মী হিসাবে কাজ করতে আসছে, পেছিয়ে পড়া মহিলারা আসতে পারছে না। এই ব্যবস্থাটাকে কাটিয়ে তুলতে হবে। বিধবা ভাতা দেওয়ার যে ব্যবস্থা আছে সেই ক্ষেত্রে ১.১.৯৯ থেকে ১০০ টাকা থেকে বাড়িয়ে ৩০০ টাকা করেছেন তাদের পেনশান।

তারা তাদের পেনশন সময় মত পায় না। পেনশন পেতে অনেক বিলম্ব হয়। কখনও কখনও তিনমাস, চারমাস, ছ'মাসের পেনশন বাকি পড়ে যায়। তারা যাতে নিয়মিত পেনশন পায় তা গ্যারান্টেড করতে হবে। প্রতিবন্ধী ছেলেমেয়ে যারা আছে, তাদের ২ পার্সেন্ট রিজার্ভেশনের ব্যবস্থা আছে। প্রতিবন্ধী ছেলেমেয়েদের সমাজের মূলস্রোতে আনার জন্য আরও বেশী করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধি দলের আনীত কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের সমাজকল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব দেওয়া হয়েছে তাকে সমর্থন করছি। মাননীয় মন্ত্রী শিশু, নারী, দুস্থ, বৃদ্ধ, অক্ষম এবং মাদকাসক্ত যারা, তাদের জীবনধারাকে কি করে উন্নত করা যায় তারজন্য দুস্থদের পাশে দাঁড়াবার কথা তিনি প্যারা বাই প্যারা বলেছেন। সমাজকল্যাণের এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করে মাননীয় মন্ত্রীকে আমি এই কথা বলতে চাই, আপনার দপ্তরটি আজকে আই. সি. ডি. এস. কেন্দ্রিক হয়ে দাঁড়িয়েছে। কারণ আমার কাছে যে তথ্য আছে - আপনি অনাথ, শিশু, বৃদ্ধ-বৃদ্ধা যারা তাদের হোমে রেখে সাহায্য করার চেষ্টা করছেন - কিন্তু আজকেই ফার্ষ্ট আওয়ারে আপনি বলেছিলেন কি করে সেই অনাথ আশ্রমগুলো চলছে। কিশলয়, অনাথ আশ্রমগুলোর আজকে বেহাল অবস্থা, যারজন্য ছেলে মেয়েরা সেখান থেকে পালিয়ে যাচ্ছে। বারাসাতে যে অনাথ আশ্রম আছে, যেখানে ১৮ বছর পর্যন্ত ছেলেমেয়েরা থাকতে পারে, সেটির অবস্থা সঙ্গীন, প্রকৃত সুপারভিশনের অভাবে সেটি চরম দুর্দশার মধ্যে পড়েছে। প্রতিবন্ধী যারা সমাজে অবহেলিত, তাদের সমাজে প্রতিষ্ঠিত করার

জন্য ১৯৯৮-'৯৯ সালে ৬৮ লক্ষ টাকা ধার্য্য করা হয়েছিল। প্রতিবন্ধীর অভাব, না কি আপনার ব্যর্থতা, তারজন্য আপনি তাদের জন্য নির্দ্দিষ্ট ৬৮ লক্ষ টাকা যা ধার্য্য ছিল, সেই টাকা খরচ করতে পারেন নি? কার ব্যর্থতা, আপনার, না কি আপনার দপ্তরের? ৩৮ লক্ষ ২৯ হাজার টাকা মাত্র খরচ হয়েছে। প্রতিবন্ধীরা যাতে জীবন জীবিকা নির্দ্দিষ্ট করতে পারে, সেই উদ্দেশ্যে তাদের সাহায্য করার জন্য বাজেটে একটা টাকা ধার্য্য করা হয়েছিল। প্রথমে ছিল ১৬ লক্ষ টাকা, পরে তা বাড়িয়ে ২২ লক্ষ টাকা করা হয়। অত্যন্ত লজ্জার কথা, আপনার সমাজকল্যাণ দপ্তর কি ভাবে চলছে, প্রতিবন্ধীদের জন্য ধার্য্য করা টাকার একটা পয়সাও আপনি খরচ করতে পারেন নি। এছাড়া, আমি কাঁথির বিধায়ক, আমার ওখানে কাছেই দীঘাতে বিধানচন্দ্র রায়ের স্মৃতি বিজড়িত 'কল্যাণ কুঠি' আজকে কি অবস্থায় এসে দাঁড়িয়েছে - তার রেনোভেশান দরকার, রিমডেলিং করা দরকার, সেটিকে রিপেয়ার করা দরকার। তারজন্য ২ লক্ষ ৫ হাজার টাকা আপনি ধার্য্য করেছিলেন। সেই টাকাও আপনি খরচ করতে পারেন নি। খরচ করেছেন কত, ১ লক্ষ ৩৬ হাজার টাকা। আপনি শুধু আই. সি. ডি. এস. কে দেখিয়ে দেবেন, যেখানে আপনাকে টাকা দিতে হয় না। যেখানে কেন্দ্র থেকে একটা বিশেষ ব্যবস্থার মাধ্যমে টাকা আসে।

[2.20–2.30 p.m.]

সেই আই সি ডি এস নিয়েও কথা উঠেছে। আমি আপনাকে বলছি যে, আমি যে এলাকার বিধায়ক, সেখানে দুটি ব্লক পড়ে আমাদের হাতে আর ৩ নং ব্লকটি রাজনৈতিক কারণে কিনা জানি না সরকারী সমর্থিত মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির এম এল এদের দ্বারা পরিচালিত। আর বাকী দুটো ব্লক যেগুলো আমাদের হাতে ছিল সেগুলো এন জি ওদের হাতে তুলে দেওয়া হল। এন জি ওরা নিশ্চয় ভাল কাজ করে এবং কোন কোন জায়গায় ভাল কাজও করেছেন, কিন্তু এর ফলে বিধায়কদের এবং পঞ্চায়েত সভাপতিদের কোন কাজ সে রকম থাকে না। তারা অবহেলিত, উপেক্ষিত হয়ে থাকেন। আমাদের কংগ্রেসী দলের বিধায়ক শ্রীমতী সাবিত্রী মিত্র বললেন যে, ব্লকে ব্লকে অঙ্গনওয়ারী সহায়িকা পদে এবং সুপারভাইজার রিক্রুটমেন্ট করার ব্যাপারে বিধায়কদের কোন জানানো হয় না। ব্লকে ব্লকে যে এই ব্যাপারে লিখিত পরীক্ষা হয় তার মার্কস্ বিধায়কদের দেখানোর কোন ব্যবস্থা নেই। অথচ ভাইভা-ভিসার ক্ষেত্রে বিধায়কদের উপস্থিত থাকতে হয়। সেখানে বিধায়করা সিলেকশান কমিটির চেয়ারম্যান হওয়া সত্বেও লিখিত পরীক্ষায় কত পাচ্ছে জানবার কোন উপায় নেই। তারপরে যারা হোমে ছোট থেকে বড় হয়েছে তাদের ক্ষেত্রে একটা কোটা আছে যে তাদের রিক্রুটমেন্ট ব্লকেই ব্যবস্থা হবে। মাননীয় মন্ত্রীর সদিচ্ছা আছে এবং আন্তরিকতা আছে কিন্তু আজকে ব্লকগুলোর পরিস্থিতি কি সেটা একটু দেখুন। আজকে হোমগুলোতে চরম দালালি এবং উঞ্ছবৃত্তি চলছে। তারপরে উদ্যমপীড় নামে যে হোমটি রয়েছে তার ভয়ঙ্কর অবস্থা। সেখানে এন জি ওরা চালাচ্ছে কিন্তু বিধায়কদের সেখানে কোন ভূমিকা থাকবে না। সেখানে এই হোমটিকে দেখবার কোন ব্যবস্থা থাকবে না। সেখানে সুপারভিশানের এবং মনিটারিংয়ের কোন ব্যবস্থা নেই। আজকে বার্দ্ধক্য ভাতা দেওয়ার ব্যাপারে বলছি যে, বার্দ্ধক্য ভাতা গত ১৯৯৮-

৯৯ সালের বাজেটে আমাদের রাজ্যে এই বৃদ্ধ-বৃদ্ধাদের জন্য ভাতা ১০০ টাকা থেকে বাড়িয়ে ৩০০ টাকা করেছেন। আপনার এই বাবদ ৯০ লক্ষ টাকা পাওয়ার কোটা ছিল কিন্তু আপনি মাত্র ৮৫ লক্ষ টাকা খরচ করতে পেরেছেন। অথচ আপনি নিযে বলেছেন যে, লক্ষ লক্ষ আবেদন পত্র জমা হয়েছে কিন্তু সবাইকে দেওয়া যায় নি। যে টাকা ধার্য্য করা হয়েছিল সেই টাকা আপনি ১৯৯৮-৯৯ সালে খরচ করতে পারেন নি, মাত্র ৮৫ লক্ষ টাকা খরচ করলেন। তাহলে কি ধরে নেব যে আমাদের রাজ্যে বৃদ্ধ-বৃদ্ধার সংখ্যা কমে গেছে। আপনি আরেকটা ক্ষেত্রে ব্যর্থ সেটা হচ্ছে যে, এই হোমগুলোর রেনভেশান এবং রি-মডেলিংয়ের ক্ষেত্রে। আজকে এই হোমগুলোর অবস্থা কি—আমার জেলা শহরে বিদ্যাসাগর বালিকা ভবন নামে একটি বিস্তৃত এলাকা জুড়ে পাকা বাড়ি রয়েছে, তার ভগ্ন অবস্থা এবং মেয়েরা যেখানে থাকে সেখানে জল পড়ে বৃষ্টি হলেই। এই হোমগুলো সারাবার জন্যে ৮ লক্ষ টাকা ধার্য্য করা হয়েছিল ১৯৯৮-৯৯ সলের বাজেটে, কিন্তু সেখানে আপনি খরচ করতে পেরেছেন মাত্র ২ লক্ষ ৭৫ হাজার টাকা। আজকে ওখানে কি অবস্থা চলছে, এইভাবে একটা দপ্তর চলতে পারে, আপনি একটু দেখবেন না কি অবস্থা চলছে। আপনি সমাজ কল্যাণ দপ্তর আর্থিক সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হচ্ছে বলবেন, কিন্তু এই সমাজ কল্যাণ দপ্তর তো আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও বিধানসভার থেকে আমাদের কাছ থেকে বাজেট বরাদ্দ পাশ করিয়ে নিয়ে যাচ্ছেন, তাহলে সেই টাকা খরচ করতে পারবেন না কেন? আমরা জানি মন্ত্রীর সদিচ্ছা আছে এবং আন্তরিকতা আছে কিন্তু আপনার দপ্তর কি করছে সেটা আপনি দেখবেন না? আপনার দপ্তর যে তার কাজ ঠিকমত মনিটারিং করছে না, সমাজ কল্যাণমূলক কাজ করছে না এবং অবহেলিত মানুষ, অবহেলিত প্রতিবন্ধী এবং বৃদ্ধ-বৃদ্ধাদের দিকে বিশেষ দৃষ্টি দিচ্ছে না এবং হোমগুলোর কো' সুযোগ সুবিধা দিতে পারছে না সেটা তো আপনি দেখবেন। সেই কারণে সমাজ ক ্যাণ দপ্তরের মন্ত্রী যে ব্যয়বরাদ্দ এনেছেন তার বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে আনা ছাঁটাই প্রস্তাব খুবই গঠনমূলক, সেই প্রস্তাবকে গ্রহণ করার আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মেহবুব মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট এর ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং দু-একটি কথা বলতে চাইছি। এবং বিরোধী পক্ষের যে কাটমোশান তাকে আমি সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। সমাজে যে দুর্বলতর শ্রেণীর কল্যাণে এই বিভাগ অতি অল্প সময়ের মধ্যে বিভিন্ন প্রকল্প রূপায়ণের মধ্যে দিয়ে উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। যখন ৫০ এর দশক থেকে ৭০ এর দশকে এই প্রচেষ্টা ছিল অত্যন্ত সীমিত এবং কোন সুষ্ঠভাবে পরিকল্পনা তখন ছিল না। কিন্তু বামফ্রন্ট সরকারের বিগত ২ দশকে আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন কল্যাণমুখী রীতি ও ইতিবাচক প্রয়াসের ফলে শিশু, নারী, বৃদ্ধা, পথ শিশু, নিষিদ্ধ পল্লীর শিশু যারা সমাজে লাঞ্ছিত হয়েছে, শোষিত হয়েছে, নিপীড়িত হয়েছে বঞ্চিত হয়েছে তাদের সামাজিক উন্নতিসাধন করতে পেরেছে এই সরকার। আমাদের বিরোধী পক্ষ অনেক কথাই বললেন, কিন্তু তাদের পক্ষ থেকে আমাদের যে সাফল্যের দিকটা সেটা ওরা বললেন না। ওরা বললেন, আই. সি. ডি.

এস. এর কথা, ওরা হয়ত জানেন না ৭৫ সালের ২রা অক্টোবর সমাজ কল্যাণ মূলক কাজের জন্য এটা পরিচালিত হয়েছিল তখন মাত্র ২টি ব্লকে পুরুলিয়ার মানবাজারে এবং কলকাতার খিদিরপুরে ছিল, এখন সেখানে ৩৩টি ব্লকে চলছে। তখন যে আই. সি. ডি. এস. প্রকল্প শুরু হয়েছিল, সেটা কেবলমাত্র বীজ বপন করা হয়েছিল। আজকে সেই বীজ থেকে যে গাছ জন্মাচ্ছে সেটা তারা দেখতে পাচ্ছেন না। আজকে আই. সি. ডি. এস. এর ব্যাপারে আপনারা দেখবেন এই প্রকল্পগুলির ফলে কি উন্নতিসাধন হয়েছে, এইগুলি দেখলে ওদের চোখ খুলে যাবে। সেখানে শুধু যে বাচ্ছা ছেলেদেরকে চিকিৎসা করা হচ্ছে তা নয়, তাদের খেলার সরঞ্জামও দেওয়া হচ্ছে। গর্ভবতী মহিলাদের তাদের যাতে অপুষ্ঠি না হয় তার জন্য ঔষধ দেওয়া হচ্ছে; ওজন নেওয়া হচ্ছে। আগেতে অর্থাৎ সেই সময়ে গর্ভবতীর মায়েদের বাচ্ছারা টি. বি. রোগে ভুগত, আজকে সেই অবস্থা আর নেই। এর চেয়ে বড় সাকসেস আর কি হতে পারে? এখন ওয়ার্কার এবং হেল্পার যারা আছেন তাদের টাকা বাড়ানো হয়েছে। আগে যেটা ছিল ২৬০ টাকা সেটা ২০০ টাকা বাড়ানো হয়েছে অর্থাৎ ৪৬০ টাকা করা হয়েছে, যদিও এটা যথেষ্ট নয়। যেটা ৫০০ টাকা ছিল, সেটা হাজার টাকা করা হয়েছে, এটা যদি বাড়ানো যায়, অর্থাৎ দেড় হাজার টাকা করা যায় ওয়ার্কারদের ক্ষেত্রে এবং হাজার টাকা করা যায় হেল্পারদের ক্ষেত্রে তাহলে ভাল হয়। আজকে জিনিসপত্রের দাম বাড়ছে, দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে, তাই এটা যদি আবো বাড়ানো যায় তাহলে ভাল হয়। এই দিকে নজর দেওয়া দরকার। এখানে বিরোধী পক্ষের বন্ধুদের বলব, হাওড়ার শ্যামপুর থানার অর্ন্তগত ১ নম্বর ব্লকের সভাপতি কংগ্রেসের নেতা তুলসী দাস - আমার কাছে নথি আছে - তিনি এ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন নিজের শালীকে, [ * * *]

(গোলমাল)

এক্ষেত্রে আমার অনুরোধ হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয় আপনি এখানে নজর দিন। আই. সি. ডি. এস. এর নামে যে বদনাম হচ্ছে, সেখানে এই ভাবে যদি হয়ে থাকে তাহলে আপনি যে পরিকল্পনা নিয়ে পরিচালনা করতে যাচ্ছেন, সেই পরিকল্পনা পরিচালনা হতে পারবে না। কলকাতা শহরে শিশুদের নিয়ে যে প্রকল্প তৈরী করার কথা বলেছেন, সেটা শুধু কলকাতায় নয়। ..........

(নয়েজ)

আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করব আপনি কলকাতায় যে রকম ক্রেস তৈরী করেছেন, গ্রামবাংলায় সেই রকম ক্রেস তৈরী করুন।

(নয়েজ)

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** কোন অশ্লীল কথা বলা থাকলে সেগুলো বাদ যাবে।

(নয়েজ)

---

Note * Expunged as order by the Chair.

[2.30–2.40 p.m.]

**শ্রী নর্মদা চন্দ্র রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমাজ কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছে আমি তাকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা ঠিকই। এই সমাজ কল্যাণ দপ্তর সমাজের সব থেকে পিছিয়ে পড়া অনুন্নত শ্রেণীর বৃদ্ধ-বৃদ্ধা, মহিলা ও শিশুদের স্বার্থে সার্থক কল্যাণকর পরিকল্পনা নিয়ে সীমিত আর্থিক বরাদ্দের মধ্যে দিয়ে কাজ করে চলেছে। পশ্চিমবাংলায় এই দপ্তর দীর্ঘদিনের বৃহৎ প্রকল্প আই. সি. ডি. এস. প্রকল্প, সেটা সারা পশ্চিমবাংলার মানুষের কাছে খুবই গ্রহণযোগ্য হয়েছে। এই পরিকল্পনার মাধ্যমে আজকে প্রায় লক্ষাধিক কর্মসংস্থানের সুযোগ হয়েছে এবং যারা এখানে নিয়োগ হয়েছেন তারা জেলার বিভিন্ন জায়গায় নিউট্রিশানের কাজ থেকে শুরু করে, প্রসূতি এবং গর্ভবতী মহিলা, ছয় বছরের নীচের শিশুদের মধ্যে খাবার বিতরণ থেকে প্রাথমিক স্বাস্থ্য, প্রাথমিক শিক্ষার কাজ করে যাচ্ছেন। সারা পশ্চিমবাংলা জুড়ে এই প্রকল্পের কাজ হচ্ছে। আজকে এটা অস্বীকার করার কোন উপায় নেই একটা বিপ্লব সংগঠিত করেছে এই দপ্তর। সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়েও এই দপ্তর সারা পশ্চিমবাংলায় একটা জনপ্রিয় প্রকল্প হিসাবে এটাকে গড়ে তুলতে পেরেছে এবং পিছিয়ে পড়া জেলাগুলোতে এই আই. সি. ডি. এস প্রকল্পকে সার্থক করে তুলেছে। এই পথ শিশুদের কথা কেউ কোনদিন ভাবেনি, আজকে তাদের কথা চিন্তা করে শিশু কল্যাণ পরিকল্পনা নেওয়া হয়েছে। আজকে মাননীয় মন্ত্রীমহাশয় প্রায় সাত হাজারের মত পথ শিশুর জন্য বৃত্তিমূলক শিক্ষার ব্যবস্থা করতে পেরেছেন। আজকে তাদের সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হয়েছে।

যারা প্রতিবন্ধী, অক্ষম, যাদের সমাজ ভার মনে করে, তাদের সমাজের মূল স্রোতে ফিরিয়ে এনে একটা নির্ভরযোগ্য জায়গায় এনেছেন, এর জন্য পশ্চিমবঙ্গের মানুষ এই দপ্তরের কাছে কৃতজ্ঞ থাকবে। পুরুষ শাসিত সমাজে যেখানে মহিলারা সামাজিক অবিচার, শোষণ, বঞ্চনার শিকার হচ্ছে, স্বল্পকালীন হোম করে সেখানে যারা আবাসিক তাদের কর্মসংস্থানের সুযোগ করে দিচ্ছেন সংরক্ষণের মাধ্যমে। আবাসিক হিসাবে যারা যোগ্যতার পরিচয় দিচ্ছে, তাদের শিক্ষা, বাসস্থানের ব্যবস্থাও করেছেন। সবচেয়ে উল্লেখযোগ্য পরিকল্পনা গ্রহণ যেটা করেছেন—'বালিকা সমৃদ্ধি যোজনা'। এই যোজনায় সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া, দারিদ্র-সীমার নিচে বাস করা, দুটো সন্তানের মা যারা, তাদের ৫০০ টাকা এককালীন অনুদান দেওয়ার ব্যবস্থা করেছেন। এরকম প্রত্যেকটা আই. সি. ডি. এস. প্রজেক্টে চালু করেছেন এই ব্যবস্থা আপনার সীমিত ক্ষমতার মধ্যেও। তাই এই বাজেটকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ৪২ এবং ৪৩ নং দাবী এখানে পেশ করেছেন তাকে সমর্থন করছি। আমি মনে করি, সমাজ কল্যাণ দপ্তরের যে সমস্ত স্কিম-এর কথা বলা হয়েছে, সেইগুলো যদি সঠিক ভাবে পরিচালিত

হোত, তাহলে আরও বেশী উন্নয়ন আমরা করতে পারতাম। বহু ক্ষেত্রেই ঘাটতি রয়েছে, সেইগুলো দূর করা দরকার। ফিজিক্যালি হ্যান্ডিক্যাপ্‌ড ছাত্র-ছাত্রীদের জন্য স্কিমের কথায় বলা হয়েছে ৩৮,১৭৩ জনকে বৃত্তি দেওয়া হয়েছে। আমি আবেদন করব, তাদের প্রত্যেককেই এই স্কিম-এর আওতায় আনা হোক। কিন্তু দুঃখের বিষয়, আই. সি. ডি. এস. প্রজেক্ট সবচেয়ে বড় প্রজেক্ট, সেখানে ফিজিক্যালি হ্যান্ডিক্যাপ্‌ড মেয়েদের জন্য কোন ব্যবস্থা নেই। ফিজিক্যালি হ্যান্ডিক্যাপ্‌ড ছেলেদের থেকে ফিজিক্যালি হ্যান্ডিক্যাপড মেয়েরাই বেশি দুর্দশাগ্রস্থ। হোম এ্যান্ড আদার্স, এখানে কাদের কাদের পাঠানো হয়েছে তদন্ত করলেই বুঝতে পারবেন। একজন মাস্টার মশাইয়ের স্ত্রীকে পাঠানো হয়েছে। যদি হোমের মেয়েদের না পান, তাহলে এলাকার দুঃস্থ পরিবারের হ্যান্ডিক্যাপ্‌ড মেয়েদের নিলে ভালো হোত। আই. সি. ডি. এস. প্রকল্পে ৮০ হাজার কর্মী নিযুক্ত হয়েছে, বিশাল কর্মকান্ড চলছে সারা পশ্চিমবাংলা ব্যাপী, কিন্তু সেখানে ঘর বা জায়গার অভাব আছে। একটা কথা বলি, সেখানে বিধায়ক যাদের চেয়ারম্যান রেখেছেন, তাদের সরিয়ে দিন, কেননা, সমস্ত দায়-দায়িত্ব পালন করেও গালাগাল শুনতে হচ্ছে, আমাদের কিছুই করার নেই। আমার জায়গায় ২৮ জনকে নিয়োগ করা হয়েছে, এম. এল. এ. হিসাবে একজন দুস্থ মহিলাকে আমি নিযুক্ত করতে পারি না। আমি বলি—হোম এ্যান্ড আদার্স থেকে হোম কথাটা তুলে দিয়ে শুধু আদার্স কথাটা রাখা হোক। এই কয়টি কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.40–2.50 p.m.]

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সমাজকল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়, যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের আনা ছাঁটাই প্রস্তাব সমর্থন করার জন্য আবেদন জানাচ্ছি। আপনি এই দপ্তরের মন্ত্রী দীর্ঘদিন ধরে থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গের সমস্ত ব্লকে কোন আই সি ডি এস সেন্টার করতে পারেন নি। আগেরবার বাজেট অধিবেশনে বলেছিলেন যে, সামনের বছরের মধ্যে সমস্ত জায়গায় আই সি ডি এস সেন্টার করে দেবেন। প্রতিটি ব্লক যাতে এই সুযোগের আওতায় আসতে পারে, তার জন্য আপনি বলেছিলেন। আমার মনে হয় সেটা সম্পূর্ণ হয়নি। আপনি বললেন যে, কেন্দ্রীয় সরকার দিচ্ছে না। আপনি বারবারই বলেন যে, কেন্দ্রীয় সরকার মঞ্জুরী দিচ্ছে না। তবে আমার মনে হয় যে, সমস্ত জায়গায় যদি আপনি উদ্যোগ নিতেন তাহলে এই লাল ফিতের বাঁধনে যে সমস্ত ব্লক আই সি ডি এস থেকে বঞ্চিত হচ্ছে, সেগুলি সুযোগের আওতায় আসত। আমরাও বলেছি, আপনি বলেছেন যে, ৫০টি সেন্টার এখনও পর্যন্ত হয়নি। কোন ভাঙ্গাবাড়ী নয়, কোন আটচালা নয়, কোন বারান্দা নয়, কোন ক্লাব ঘর নয়, এই সেন্টারগুলি গাছের তলায় হয়। সাবজেক্ট কমিটি গিয়েছিল। আপনিই বলুন—গাছের তলায় সেন্টার হলে সেগুলি কত মাস, কতদিন স্থায়ী হতে পারে? নর্থ বেঙ্গলের কথাই বলি। সেখানে ৬ মাস ধরে বর্ষা হয়। সেখানে মাত্র ৩-৪ মাস সেন্টারগুলি চলে। এই সেন্টারগুলির যদি পাকাবাড়ীর ব্যবস্থা করতে পারেন, তাহলে ভালো হয়। অর্থের অভাব আছে। কিন্তু সেটা কিভাবে আসবে

সেটা আপনাকেই দেখতে হবে। আমরা বিভিন্ন ক্লাবঘর জোগাড় করে দিই। ছাদ করে দিতে হয়। এইভাবে এখানের আই সি ডি এসের প্রজেক্টের কাজগুলি হয়। হোম কোটা আমরা কখনো তুলে দিতে বলিনি। কিন্তু এটার মাধ্যমে যাদের পাওয়ার কথা তারা পায় না। আপনি দেখবেন যে, এখানে ৯০ পারসেন্ট দুর্নীতিতে ভরে গেছে। আপনি একা ব্যক্তি। আপনার দোষ আমরা দিই না। তবে আপনি সব জায়গায় তদন্ত করবেন, তাহলেই ব্যাপারটা বুঝতে পারবেন। আপনি দেখবেন যে, হোম কোটায় কারা চাকরী পেয়েছে? সাধারণতঃ যারা হোমে থাকে, তাদেরই হোম কোটায় চাকরী পাওয়ার কথা। আমি বারাবনির কথা বলি। সেখানে স্থানীয় দুজন মহিলা, তাদের মধ্যে একজন আই সি ডি এস সেন্টারের সঙ্গে পূর্ব থেকেই যুক্ত। সে তার বোনকে সেখানে আই সি ডি এস সেন্টারে যুক্ত করে দিয়েছে। এটা আপনি বন্ধ করুন। যাদের জন্য এই হোম কোটা আপনি সৃষ্টি করেছিলেন আপনি ভালো মনেই করেছেন, কিন্তু তারা তাদের প্রাপ্য সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। সমাজের যারা প্রতিষ্ঠিত তারাই এ সুযোগ পাচ্ছে এবং যাদের পাওয়ার কথা তারা পাচ্ছে না। বড়লোকদের বৌরা, সি ডি পিওদের বৌরা লোকালি ম্যানেজ করে আমাদের মত কিছু নেতাদের ধরে তারা এই সুযোগ নিচ্ছে। এই ব্যাপারে আপনি এনকোয়ারী করুন। তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দিন। একটা যদি শাস্তি হয়, তাহলে অন্যান্য জায়গায় বন্ধ হবে। বেতনের ক্ষেত্রে বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে। সি ডি পিওদের ডি পি ওরা মানতে চায় না। তারা বলছে যে, তারাও একই মাইনে পাচ্ছে, মাত্র ১০০ টাকা বেশী পাচ্ছে। তারা বলছে যে, কেন মানবে তারা? পে স্কেল প্রায় সমান। আপনি এটা অ্যাডমিনিষ্ট্রেটিভ উপায়ে ব্যবস্থা করুন। তাতে যতটুকু কাজ হবে সেটা হোক। অঙ্গনওয়ারী যে সমস্ত ওয়ার্কার আছে, তাদের মাইনে ২৬০ থেকে ৪৬০ করেছেন। ওটা ৭৫০ টাকা করলে ভালো হয়। তারা ঝিয়ের মত কাজ করে। তাদের বেতন বাড়ানো উচিত। দীর্ঘদিন ধরে অনেক সি ডি পি ও অ্যাপয়েন্টমেন্ট পাচ্ছে না। জানি না হাইকোর্টে না কোথায় কি পেন্ডিং আছে। এরজন্য একটা সি ডি পি ও ৩-৪ জায়গায় সেন্টারের চার্জ নিয়ে বসে আছে। এখানে যদি বলি যে, কোথায় গেছে। তখন বলে যে ওখানে গেছে। আমি জানি আমার এলাকায় একজন দুটো চার্জ নিয়ে বসে আছেন।

তিনি বুক ফেয়ারে ঘুরছেন। কখনো বলা হয় তিনি বারাবনীতে আছেন, আবার কখনো তিনি আসানসোলে আছেন। আসলে কোথাও তিনি থাকেন না। তিনি বুক ফেয়ারে ঘুরছেন। সুযোগ তো আমরাই করে দিচ্ছি। এদের ধরার কোন ব্যবস্থা নেই। সি. ডি. পিও একটা সেন্টারের দায়িত্বে থাকলে সেই কাজটা সুষ্ঠুভাবে করতে পারেন। ততোধিক সেন্টারের দায়িত্ব যদি তাকে দেওয়া হয়, তাহলে তো সেই দায়িত্ব তিনি পালন করতে পারবেন না। তাহলে কাজটা হবে না। এবারে অঙ্গনওয়াড়ি কর্মীদের কথা বলি। ম্যাকসিমাম কাজটাই তো এরা করে। তাদের বেতন আপনি করেছেন ৫শো থেকে ৭শো টাকা। সুপারভাইজার যারা থাকে তারা কি করে। এই অঙ্গনওয়াড়ি কর্মীরা এদের ৪টে খাতা মেনটেন করতে হয়। যে সমস্ত বাচ্চারা আসে তাদের প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা করতে হয়। রেজিষ্টার মেনটেন করতে হয়। তাদের মাহিনা না বাড়িয়ে

আপনি উপরে মাইনে বাড়াচ্ছেন। আপনার পালস পোলিও কর্মসূচীতো ওরাই তুলে দিল। হেলথ দপ্তরের কর্মীরা তো কিছুই করে নি। এডসের যে সমীক্ষা হল, লেপ্রসির উপর যে সমীক্ষা হল হেলথ ওয়ার্কাররা তো কিছুই করে নি। এই অঙ্গনওয়াড়ি কর্মীরা বন্ডেড লেবারের মত কাজ করেছে। এস. ডি. ও বলে দিলেন তোমাদের করতে হবে। তাদের রেমিউনারেশন যদি না বাড়ে তাহলে তাদের প্রতি অন্যায় করা হবে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার দপ্তরে খাবার যেটা সাপ্লাই করা হয়, আমি চ্যালেঞ্জ করে বলতে পারি আপনি যদি সারপ্রাইজ ভিজিট করেন তাহলে দেখতে পাবেন কি হয়। রান্না করা খাবার চাল ডাল মিলিয়ে রান্না করা খাবার দেওয়ার কথা কিন্তু কোথাও এই রান্না করা খাবার দেওয়া হয় না। আপনি যদি এই ব্যবস্থাকে সুষ্ঠুভাবে চালাতে চান তাহলে ড্রাই ফুডের ব্যবস্থা করুন। টেন্ডার কমিটি। পশ্চিমবঙ্গের টেন্ডার কমিটির সঙ্গে সি. ডি. পি. ও'র সঙ্গে একটা অশুভ আঁতাত রয়েছে। আমি বিশেষ একটা উদাহরণ দিচ্ছি। ইটাহারের যিনি সি. ডি. পি. ও ছিলেন তার এনকোয়ারী যদি আপনি করেন তাহলে বুঝবেন এত প্রতিপত্তি সে কি করে বাড়াতে পারে। তার চাকরীর আগে কি ছিল আর চাকরীর পরে কি হয়েছে। এটা আপনি ভাল করে এনকোয়ারী করুন। যারা দুর্নীতিগ্রস্থ, যারা গরীব মানুষের পেটে লাথি মেরে তাদের মুখের খাবার কেড়ে নেয় কোন জায়গায় তাদের সমর্থন করা উচিত না। আমার মনে হয় জবাবী ভাষণে আপনি বলবেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার কথা শেষ করছি।

**শ্রী কিরীটী বাগদী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আজকে যে দপ্তর চালু হয়েছে প্রথম থেকে পিছিয়ে পড়া দুঃস্থ মানুষরা এই প্রকল্প থেকে পুষ্টিকর খাবার পাচ্ছে একথা নিশ্চয়ই অস্বীকার করার কোন উপায় নেই। কিন্তু তবুও কিছু কিছু জায়গায় নজরদারি জোরদার করতে হবে। যদিও এই প্রকল্প ৭৫।৭৬ সাল থেকে শুরু হয়েছে তবুও কোন অদৃশ্য শক্তির কারণে আজ পর্যন্ত আমার নির্বাচনী এলাকায় এই প্রকল্প চালু হয়নি। সল্টলেকে বিকাশ ভবনে গিয়েও কোন রকম খবর জোগাড় করা গেল না। মন্ত্রী মহাশয়-এর সদিচ্ছা থাকলে তিনি নিশ্চয়ই এ বিষয়টা দেখবেন।

আমি বিশেষ করে আবেদন করবো যাতে করে এই দিকে একটু নজর দেন। আমি বলবো প্রতিবন্ধীদের পরিচয় পত্র ব্যাপক ভাবে যাতে দেওয়া হয়। যাতে স্কুলে যে প্রতিবন্ধীরা আছে তাদের যাতে দেওয়া হয়। আমি বলবো মহিলা প্রতিবন্ধী যারা তাদের যাতে বেশী করে দেওয়া হয় সেই দিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করবো। বিধবা ভাতা সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই অবিলম্বে যাতে বেশী করে বাড়ানো যায় তার দিকে মন্ত্রী মহাশয় নিশ্চয়ই দৃষ্টি দেবেন।

[2.50–3.00 p.m.]

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** সকলের মত নিয়ে ৩০ মিনিট সময় বাড়ালাম।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী সদস্যরা যে কথা বলেছেন আমি প্রথমেই হোম নিয়ে দু-চার কথা বলছি। আপনি জানেন আমাদের এই হোমে মোট পরীক্ষা দিয়েছিল ১৮৮ জন। তার মধ্যে ৪৩ জন ফার্স্ট ডিভিশান, ৭২ জন সেকেন্ড ডিভিশান এবং ৪১ জন থার্ড ডিভিশান পেয়ে পাশ করেছেন। ১৬ জন কম্পার্টমেন্টাল এবং ১৬ জন পাশ করতে পারে নি। স্বাভাবিক ভাবেই আপনারা বুঝতে পারছেন হোম থেকে মাধ্যমিক ফল সম্বন্ধে। ধোঁয়া বিহীন যে চুলা প্রকল্প সেই প্রকল্পে আমরা ১০ লক্ষাধিক উন্নতমানের চুলা নির্মিত করতে পেরেছি এবং সেখানে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমরা প্রথম পুরস্কার এবং দ্বিতীয় পুরস্কার লাভ করেছি। আপনি জানেন আগে পথ শিশুদের সম্পর্কে কোন ভাবনা-চিন্তা ছিল না, আজকে সেখানে পথ শিশুদের পরিপূরক পুষ্টি, প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে এবং এতে ৭ হাজার পথ শিশু উপকৃত হয়েছে। আগে যৌনকর্মীদের সম্পর্কে কোন ভাবনা-চিন্তা করা হয় নি। আজকে ৫০টি আসন বিশিষ্ট দুইটি আবাস তাদের সন্তানদের প্রতিপালন ও শিক্ষার জন্য চালু আছে, যাতে সমাজের মূল স্রোতে তারা ফিরে আসতে পারে। মাননীয় সদস্যরা জানেন রেড লাইট এরিয়াতে সুসংহত শিশু সেবা বিকাশ প্রকল্প চালু করা হয়েছে। সেখানে বহু মহিলা এই কাজের সঙ্গে যুক্ত আছেন। তার পর কিশোর বিচার আইন ১৯৮৬ বলবৎ হয়েছে। অপরাধী ও অবহেলিত নিরপরাধ শিশুরা এই আইনের আওতাভুক্ত। এই বিভাগে ১৬টি সরকারী এবং ১৭টি বেসরকারী আবাসের মাধ্যমে নিরপরাধ অবহেলিত শিশুর ভরণপোষণ, প্রাথমিক শিক্ষা, প্রশিক্ষণ ও বিনোদন ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে এবং এর ফলে আজকে ৩২০০ জন শিশু উপকৃত হয়েছে। মাননীয় বিরোধী সদস্যরা হোমের কথা বলেছেন, আমি বলবো যে আজকে যদি বিরোধীতা করার জন্যই বিরোধীতা করা হয় তাহলে বলবার কিছু নেই। আমি আপনাদের একটা হিসাব দেখার জন্য বলবো। আজকে ৫ টা জুভেনাইল ওয়েলফেয়ার বোর্ডের মাধ্যমে অবহেলিত যারা, যাদের ঠিকানা পাওয়া যায় না সেখানে ৭৭৩৩টি মামলার নিষ্পত্তি করা হয়েছে। সেখানে ৪,৪০৭ জন অবহেলিত নির্বিরোধ বালক-বালিকাদের অভিভাবকদের কাছে ফিরিয়ে দেওয়া হয়েছে। এটা কি ভালো কাজ নয়।

শিশু বিকাশ প্রকল্প সম্বন্ধে এখানে বলা হয়েছে। এই প্রকল্পে ঘর-বাড়ী তৈরীর কথা বলা হয়েছে। দিল্লীতে যখন কংগ্রেস সরকার ছিল তখন আমরা দাবী করেছিলাম এখানে অর্থ বরাদ্দ করা হোক বাড়ী-ঘর তৈরী করার জন্য। আপনারা জানেন, বাড়ী-ঘর তৈরী করার অর্থ কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে দেওয়ার কথা। আজকে সরকারের কাছেও আমরা বারবার দাবী জানিয়েছিলাম যে, যে সমস্ত প্রকল্পগুলো এসেছে তাতে যাতে ২ বা ৩ শতাংশ টাকা বাড়ী-ঘর করার জন্য দেওয়া হয়। কিন্তু আজও পর্যন্ত তা হয়নি। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে থেকেও আমরা বিভিন্ন পঞ্চায়েত এবং পুরসভাকে দিয়ে সাধ্যমত বাড়ী-ঘর তৈরী করার চেষ্টা করছি। তবে অসুবিধা আছে। একথা অস্বীকার করা যাবে না। আজকে অসুবিধার মধ্যেই কখনও গাছতলাতে, কখনও ক্লাবের বাড়ীতে শিশু বিকাশ কেন্দ্র চালাতে হচ্ছে। কাজেই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই অর্থ না পেলে স্বাভাবিক ভাবেই তা করা সম্ভব নয়।

এখানে অঙ্গনওয়াড়ী কর্মীদের অর্থ বৃদ্ধির কথা বলা হয়েছে। আপনারা জানেন, অঙ্গনওয়াড়ী কর্মী এবং সহায়িকাদের অর্থ কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে দেওয়া হয়ে থাকে। আমরা বারবার কেন্দ্রীয় সরকারের কাছে, কংগ্রেস যখন সরকারে ছিল তখন এবং আজকের বি. জে. পি. সরকারের কাছেও বারবার বলে বোঝাতে চেষ্টা করেছি যে, অঙ্গনওয়াড়ী কর্মী এবং সহায়িকাদের বিভিন্ন ধরনের কাজ করতে হয়। বিরোধী দলের সদস্য তাপসবাবুও বলেছেন, আজকে তাদেরকে আমাদের শিশু বিকাশ প্রকল্পেও কাজ করতে হয়। স্বাক্ষরতা প্রকল্পে কাজ করতে হয়, লেপ্রসি প্রকল্পে কাজ করতে হয়। আজকে তাদের বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত করলেও অর্থ বৃদ্ধি করা হয়নি। তবে আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে ২০০ টাকা বৃদ্ধি করেছি। তারা ইদানিং তা পেতে শুরু করেছেন, সব পেয়ে যাবেন। আমরা দিল্লীর সরকারের কাছে দাবী করেছিলাম যে প্রকল্পগুলো দিল্লী থেকে দিচ্ছেন সেই প্রকল্পে তাদের জন্য আরো অর্থ বরাদ্দ করার জন্য, সাম্মানিক ভাতা বাড়াবার জন্য। কিন্তু দিল্লীর সরকার এ বিষয়ে একটা কমিটি তৈরী করেছিলেন এবং তাদের দু-মাসের মধ্যে রিপোর্ট দিতে বলা হলেও ৬ মাস হয়ে গেল কোন রিপোর্ট দেয়নি। কি করব? মাননীয় সদস্য একটু চিন্তা-ভাবনা করবেন।

এখানে এন. জি. ও.-দের সম্বন্ধে বলা হ'ল, বিরোধী সদস্য বললেন, আমি এন. জি. ও.-দের দিইনি। দিল্লী থেকেই ওদের চিঠি দেওয়া হয়েছে, এন. জি. ও.-দের দিয়ে কাজ করাতে হবে। আমরা বলেছি, সরকারী প্রকল্পের মধ্যে দিয়ে কাজ করার জন্য। যদিও এটা জেনে খুশী হবেন যে, প্রথমে রামকৃষ্ণ মিশন পরিচালিত একটা প্রকল্প ছিল আর আজকে ১৪-টা প্রকল্প হয়েছে। কাজেই গাইড লাইন অনুযায়ী এন. জি. ও.-দের চলতে হবে। দু-তিন দিনের মধ্যে এন. ডি. ও.-দের কাছে পাঠিয়ে দিচ্ছি। মাননীয় সদস্য তাপসবাবু একটা সঠিক কথাই বলেছেন যে, আজকে বিভিন্ন প্রকল্পে হাইকোর্টে মামলা থাকার জন্য সি. ডি. পি. ও.-দের ২।৩-টে প্রজেক্টের দায়িত্ব দিতে হচ্ছে। প্রোজেক্ট তো আর ছেড়ে দেওয়া যাবে না। গত চার দিনের মধ্যে আমাদের এ. সি. ডি. পি.ও.-রা দিল্লী থেকে ক্লিয়ারেন্স নিয়ে, অর্থ দপ্তরের ক্লিয়ারেন্স নিয়ে, যারা ৫ বছরের উর্দ্ধে এ. সি. ডি. পি. ও. আছেন তাদের ফিন্যান্সিয়াল পাওয়ার দিয়ে, বিভিন্ন জায়গায় ২২ থেকে ২৭ জন এ. সি. ডি. পি.ও.-কে দায়িত্ব দেওয়া হচ্ছে যাতে তারা ইনডিপেনডেন্টলি কাজ করতে পারেন।

[3.00–3.10 p.m.]

আপনারা ফুয়েল চার্জ বৃদ্ধি করার ব্যাপারে বলেছেন। অর্থ দপ্তরের কাছে সেটা বিবেচনাধীন আছে, সেটা নিশ্চয়ই দেখার চেষ্টা করব। হেল্পারদের ক্ষেত্রে ৩০০ টাকার কথা যেটা মাননীয় অসিতবাবু হয়তো বললেন, সে ব্যাপারে বলি যে, হেলপারদের ক্ষেত্রে ৪৬০ টাকা করা হয়েছে এবং ওয়ারকারদের ক্ষেত্রে ৭০০ টাকা করা হয়েছে। এছাড়া শিশু বিকাশ প্রকল্পের কথা যেটা বলেছেন সে ব্যাপারে আমি একটা হিসাব আপনাদের সামনে বলছি—১৯৭৫-৭৬ সালে এই প্রকল্প এই রাজ্যে চালু হয়েছিল, তখন এই রাজ্যে কটা প্রকল্প ছিল? তখন এই রাজ্যে ২টো প্রকল্প ছিল, আর আজকে সেই

প্রকল্পের সংখ্যা আমাদের রাজ্যে কত? আজকে আমাদের রাজ্যে সেই প্রকল্প ২৯৪টি। ২৯৪টি প্রকল্পে এখানে কাজ হচ্ছে এবং সেখানে প্রায় লক্ষাধিক মহিলা সেই কাজের সঙ্গে যুক্ত রয়েছেন। এবং তাঁরা সেই কাজটা করছেন। মাননীয় বিরোধী সদস্যরা বিরোধীতা করার জন্য হলেও অকপটে স্বীকার করেছেন যে, সুসংহত শিশু বিকাশ প্রকল্পে ভাল কাজ হয়েছে এবং এতে ২৭ লক্ষাধিক মা ও শিশু উপকৃত হয়েছেন। বিরোধীপক্ষের মাননীয় সদস্য তাপসবাবু যে কথা বলেছেন সে ব্যাপারে বলি যে, ৬৪টি প্রকল্প চালু হবে এবং সেই প্রকল্প চালু করার জন্য আমরা ইতিমধ্যে ব্যবস্থা গ্রহণ করেছি। অসুবিধাগুলো বোঝার চেষ্টা করবেন। কিছুক্ষণ আগে আমি আমার সচিবের সঙ্গে কথা বলছিলাম। নির্বাচনের দিন ঘোষণা হয়ে গেছে। বহু জায়গায় ইন্টারভিউ ও তারিখও দেওয়া হয়ে গেছে। বিষয়টা আমরা নির্বাচন কমিশনের কাছে পাঠাচ্ছি যে আমরা এটা করতে পারব কি পারব না? এখন যদি এটা করতে না পারি তাহলে ২ মাস, ৩ মাস বা ৫ মাস সময় লাগতে পারে। এই সব সমস্যার মধ্যে আমাদের কাজ করতে হয়। মাদকাসক্তদের ব্যাপারে আই. সি. ডি. এস. প্রকল্পে কাজ করা হচ্ছে। আপনারা নিশ্চয়ই জানেন যে এক সময় হেরোইনের প্রভাবে কলকাতার অবস্থা কি হয়েছিল। তখন আমরা সার্ভে করেছিলাম। সার্ভে করে তার ভয়াবহতা দেখে আমরা পাড়াতে পাড়াতে বিভিন্ন জায়গায় কমিটি করি। তখন বিভিন্ন মিডিয়া আমাদের যথেষ্ট সাহায্য করেছেন, বিভিন্ন গণসংগঠনগুলো আমাদের যথেষ্ট সাহায্য করেছেন, বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলো আমাদের যথেষ্ট সাহায্য করেছেন। তার ফলে আজকে কলকাতায় মাদকাসক্তদের সংখ্যা কমেছে। এখন প্রায় ৬ হাজারের বেশী মাদকাসক্ত মানুষ সুস্থ হয়ে উঠেছেন। আমরা স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের মাধ্যমে স্বল্পকালীন বিপর্যস্ত পারিবারিক সমস্যার সমাধানের জন্য ৩০টি আবাসন করেছি এবং তাতে প্রায় ৯০০ জন উপকৃত হয়েছেন। আরেকটি স্কীমের মাধ্যমে দুঃস্থ মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়ার ফলে ৩৫০ জন দুঃস্থ মহিলা উপকৃত হয়েছেন। আপনারা মাসিক পেনশনের কথা বলেছেন। এই পেনশন বৃদ্ধির কথা বলেছেন। আপনারা যে অর্থ বরাদ্দ করেন সেই অর্থের উপর দাঁড়িয়ে মন্ত্রীকে কাজ করতে হয়। স্বাভাবিক ভাবে মানুষের যেখানে প্রয়োজন আছে সেখানে প্রয়োজন থাকলেও সেটা সব সময় বৃদ্ধি করা সম্ভব হয় না। আপনারা যে সাজেশন দিয়েছেন নিশ্চয়ই সেই অনুসারে চেষ্টা করব। যাতে আরও কিছু বৃদ্ধি করা যায় কিনা সেটা দেখব। আপনারা প্রতিবন্ধীদের চাকরির কথা বলেছেন। আপনারা জানেন আমরা এখন তাদেরকে ভাতা দিই। কিন্তু অনেক সময় তাঁদের অনেক বয়স হয়ে যাওয়ার ফলে তাঁরা মারা যান। তাঁদের অনেকেরই ৮০-৯০ বছর বয়স হয়ে যাওয়ার ফলে তাঁরা মারা যান, তখন সেই টাকা আমাদের কাছে ফেরত চলে আসে। আমরা প্রচুর পরিমাণে সহায়ক যন্ত্র বিতরণ করেছি। আমরা অনেক অসুবিধার মধ্যে সারা পশ্চিমবঙ্গে প্রায় সাড়ে পাঁচ লক্ষ প্রতিবন্ধীদের পরিচয় পত্র দিয়েছি। একজন মাননীয় সদস্য বৃন্দাবনের বিধবাদের কথা বলেছেন। আমরা এ বিষয়ে সবে কাজ শুরু করেছি, খুব বেশী দিন হয় নি। তাঁদের অসুবিধার কথা আমরা জানি। তাঁরা সেখানে কি অসুবিধার মধ্যে আছেন তাও আমরা জেনেছি। আমাদের দপ্তর তাদের নিয়ে চিন্তা-ভাবনা করছে। দু'জন সেখান

থেকে ঘুরে এসেছেন এবং তারা একটা রিপোর্ট দিয়েছেন। আমরা এ-বিষয়ে তিনজনের একটা কমিটি তৈরী করে দিয়েছি। পশ্চিমবঙ্গ মহিলা আয়োগের একজন প্রতিনিধি, পশ্চিমবঙ্গে সমাজ-কল্যাণ পর্যদের একজন প্রতিনিধি এবং নারী উন্নয়ন নিগমের একজন প্রতিনিধিকে নিয়ে এই কমিটি গঠিত হয়েছে। তারা কাজ শুরু করেছেন। আমরা আশা করছি ওখানে যে মহিলারা আছেন তাদের অসুবিধাগুলি দূর করার জন্য সঠিক সুপারিশ করবেন এবং তার ভিত্তিতে আমরা চেষ্টা করতে পারব। কল্যাণ কুটিরের কথা উঠেছে। স্বল্প ব্যয়ে কল্যাণ কুটিরে থাকার ব্যবস্থা হয়েছে। কল্যাণ কুটির সারাবার অর্থ আমরা নিজেরা ব্যয় করি না। পূর্ত দপ্তরকে সেই অর্থ দেওয়া হয়। তারা সেই কাজ শুরু করেছেন। তারা যদি সারাবার খরচ ২ লক্ষ ৮০ হাজার টাকা ধার্য করে ১ লক্ষ ৪০ হাজার টাকা ব্যয় করে থাকে তাহলে বাড়তি অর্থের ব্যাপারটা তাদের ওপরই নির্ভরশীল। আমাদের দপ্তর নিজেরা সে সম্বন্ধে কিছু করে না। এন. জি. ও. নিয়োগ সম্বন্ধে একজন বিরোধী সদস্য প্রশ্ন তুলেছেন। আমি তাকে বলি, ইতঃমধ্যেই এন. জি. ও.-দের সম্বন্ধে একটা গাইড লাইন করে বিভিন্ন জায়গায় পাঠিয়ে দেওয়া হয়েছে। গত পরশু দিনই সেটা সব জায়গায় চলে গেছে। কি পদ্ধতিতে চলবে, টেন্ডার কমিটি কি হবে, রিক্রুটমেন্ট কমিটি কি হবে, সব তাতে বলে দেওয়া আছে। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এ বিষয়ে সমস্ত কিছু বলে দেওয়া আছে। এটা যখন প্রথম কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পাঠান হয়েছিল তখনই বলে দেওয়া হয়েছিল—ওদের সম্পূর্ণ দায়িত্ব দিতে হবে। আমরা তখন বিরোধিতা করেছিলাম। তদানীন্তন কেন্দ্রীয় সরকারের দায়িত্বে মাননীয় বিরোধী সদস্যের দলই ছিল। আমি তাকে বলছি, আপনারাই এই ব্যবস্থা করে গেছেন, সুতরাং আজকে আমাদের বলে কোন লাভ নেই। এই প্রতিষ্ঠানগুলি সম্বন্ধে যেভাবে বলা হয়েছে সেভাবেই আমরা পরিকল্পনা নিচ্ছি এবং কাজ করছি। আজকে সমাজ-কল্যাণ দপ্তর তার বিভিন্ন পরিকল্পনাকে সামনে রেখে বিভিন্ন উন্নয়নমূলক কাজ করবার চেষ্টা করছে। সমস্যা অনেক আছে, সমস্যার মধ্যে দিয়েই আমাদের কাজ পরিচালনা করতে হচ্ছে। আমি আশা করব সমস্যাগুলো কাটিয়ে উঠে আমাদের কাজকর্মকে একটা উন্নত জায়গায় নিয়ে যেতে পারব এবং আরো উন্নতির জন্য আমরা চেষ্টা করব। কাজেই আজকে বিরোধী সদস্যরা যে ছাঁটাই প্রস্তাবগুলি দিয়েছেন তার সম্পূর্ণ বিরোধিতা করে, সকল সদস্যকে বাজেট বরাদ্দ অনুমোদনের জন্য অনুরোধ করছি।

**Demand No. 42**

The motions of Shri Abdul Mannan, Shri Ashok Kumar Deb, Shri Shyamadas Banerjee, Shri Pankaj Banerjee, Shri Saugata Roy and Shri Kamal Mukherjee that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs.249,47,95,000 be granted for expenditure under Demand No. 42, Major Heads: "2235-Social Security and Welfare (Social Welfare) and 4235-Capital Outlay on Social Security and Welfare (Social Welfare)"

during the year 1999-2000. (This is inclusive of a total sum of Rs. 82,32,82,000 already voted on account in March, 1999.),

was then put and agreed to.

**Demand No. 43**

The motions of Shri Shyamadas Banerjee, Shri Sultan Ahmed and Shri Kamal Mukherjee that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 35,53,29,000 be granted for expenditure under Demand No. 43, Major Head: "2236-Nutrition" during the year 1999-2000 (This is inclusive of a total sum of Rs. 11,72,59,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

[3.10–3.20 p.m.]

## PRESENTATION OF COMMITTEE REPORT

### 54th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I present the 54th Report of the Business Advisory Committee which is as follows :—

| | | | | |
|---|---|---|---|---|
| 13.7.99, Tuesday : | (i) | Demand No. 42 | Social Welface Department | 1 hour |
| | (ii) | Demand No 43 | | |
| | (iii) | Demand No. 22 | Jails Department | 1 hour |
| | (iv) | Demand No. 44 | Relief Department | 1 hour |
| 14.7. 99, Wednesday | (i) | Demand No. 26 | Municipal Affairs Department | 3 hours |
| | (ii) | Demand No. 37 | | |
| | (iii) | Demand No. 90 | | |
| | (iv) | Demand No. 1 | Parliamentary Affairs Department | 1 hour |
| | (v) | Demand No. 3 | Home (Constitution & Election) Department | |
| | (vi) | Demand No. 5 | | |
| | (vii) | Demand No. 6 | Finance (Taxation) Deptt. | |
| | (viii) | Demand No. 8 | | |
| | (ix) | Demand No. 9 | | |
| | (x) | Demand No. 10 | Excise Deptt. | |
| | (xi) | Demand No. 11 | Finance (Taxation) Department | |
| | (xii) | Demand No. 13 | | |

| | | | |
|---|---|---|---|
| (xiii) | Demand No. 14 | Finance (Audit) Deptt. | 1 hour |
| (xiv) | Demand No. 16 | Finance (Budget) Deptt. | |
| (xv) | Demand No. 20 | Finance (Audit) Deptt. | |
| (xvi) | Demand No. 27 | Home (Civil Defence) Deptt. | |
| (xvii) | Demand No. 28 | Finance (Audit) Deptt. | |
| (xviii) | Demand No. 29 | Finance (Taxation) Deptt. | |
| (xix) | Demand No. 31 | Sports & Youth Services (Youth Services) Deptt. | |
| (xx) | Demand No. 46 | Finance (Taxation) Deptt. | |
| (xxi) | Demand No. 49 | Animal Resources | |
| (xxii) | Demand No. 50 | Development Deptt. | |
| (xxiii) | Demand No. 64 | Hill Affairs Deptt. | |
| (xxiv) | Demand No. 65 | Dev. & Planning Deptt. | |
| (xxv) | Demand No. 74 | Industrial Recons. Deptt | |
| (xxvi) | Demand No. 83 | Dev. & Planning Deptt. | |
| (xxvii) | Demand No. 84 | Tourism Deptt. | |
| (xxviii) | Demand No. 85 | Dev. & Planning Deptt. | |
| (xxix) | Demand No. 99 | Finance (Budget) Deptt. | |

| | | | |
|---|---|---|---|
| 15.7.99, Thursday | (i) | The Howrah Municipal Corporation (Amendment) Bill, 1999 (Introduction, Consideration & Passing) | 1 hour |
| | (ii) | The West Bengal Regulation of Recruitment in State Government Establishments and Establishments of Public Undertakings, Statutory Bodies, Government Companies and Local Authorities Bill, 1999 (Introduction, Consideration & Passing) | 2 hours |
| 16.7.99, Friday | (i) | The West Bengal Appropriation (No. 2) Bill, 1999 (Introduction, Consideration & Passing) | 3 hours |
| | (ii) | The West Bengal Primary Education (Amendment) Bill, 1999 (Introduction, Consideration & Passing) | 1 hour |
| 19.7.99, Monday | | Non-official Business | 4 hours |

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Probodh Chandra Sinha** : Sir, I beg to move that the 54th Report of the Business Advisory Committee, as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

## Discussion And Voting on Demand for Grants

### Demand No. 22

**Mr. Deputy Speaker :** There are 48 cut motions on Demand No. 22. All the cut motions are in order and taken as moved.

| | | |
|---|---|---|
| 1-4 | Shri Abdul Mannan | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-. |
| 5-6 | Shri Saugata Roy | |
| 7-8 | Shri Nirmal Ghosh | |
| 9 | Shri Sultan Ahmed | |
| 10-12 | Shri Ramjanam Manjhi | |
| 13-14 | Shri Ashok Kumar Deb | |
| 15-16 | Shri Sudhir Bhattacharjee | |
| 17 | Shri Sanjoy Bakshi | |
| 18 | Shri Pankaj Banerjee | |
| 19-23 | Shri Shyamadas Banerjee | |
| 24 | Shri Tapas Banerjee | |
| 25-35 | Shri Shashanka Sekhar Biswas | |
| 36-37 | Shri Ajoy De | |
| 38- | Shri Deba Prasad Sarkar | |
| 39-48 | Shri Kamal Mukherjee ' | |

**শ্রী সৌগত রায় :** স্যার, মাননীয় কারামন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী যে ৫৮ কোটি ৯৩ লক্ষ ৬০ হাজার টাকার ব্যয়-বরাদ্দ এনেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের আনা যে ৪৮টি কাট-মোশান তাকে আমি সমর্থন করছি। কাট-মোশানের সংখ্যা দেখে নিশ্চয়ই বুঝতে পারছেন জেলের ব্যাপারে আমাদেব অনেক প্রতিবাদ আছে, অনেক কিছু বলার আছে। আমি সেই কথা আপনাদের সামনে বলবো। তবে তার মানে এই নয়, আমি মনে করি বিশ্বনাথ চৌধুরী কোন চেষ্টা করেন নি। আমি ব্যক্তিগতভাবে জানি তিনি সজ্জন এবং জেলের জন্য কিছু কাজ করার ইচ্ছা তার আছে। যেহেতু আমার বিধানসভা কেন্দ্রে দুটি সবচেয়ে বড় জেল আছে—আলিপুর সেন্ট্রাল জেল আর প্রেসিডেন্সি জেল-সেহেতু অনেক অনুষ্ঠানে জেলে আমার যাবার সুযোগ হয়েছে। আমি বিশ্বনাথ চৌধুরীর সাথে জেলে গেছি যখন প্রেসিডেন্সি জেলে কয়েদীরা রবীন্দ্রনাথের অনুষ্ঠান করেছিলেন, শ্রীমতী স্বাগতালক্ষ্মী দাশগুপ্ত সেখানে গান গেয়েছিলেন.। আর একবার বিশ্বনাথ চৌধুরীর সঙ্গে আলিপুর সেন্ট্রাল জেলে গেছি তখন নতুন স্কুল শুরু হয়েছিল। ওখানকার যারা কয়েদী তাদের ছবি প্রদশর্নী হয়েছিল। আমি দেখেছি, জেলগুলিতে আগে ফ্যান ছিল না, এখন জেলের ওয়ার্ডে-ওয়ার্ডে ফ্যান লাগানো হয়েছে। আমি এই কথা মাননীয় মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরী এবং এই হাউসকে জানাতে চাই, এগুলি বিশ্বনাথ চৌধুরী করে জেলের সার্ফেসে আঁচড় কেটেছেন মাত্র। পশ্চিমবাংলার জেলগুলি ভারতবর্ষের অন্যান্য জেলের মত নরকের একটি অংশ। আজকে ২২ বছরের

বামফ্রন্টের শাসনে এবং শ্রী বিশ্বনাথ চৌধুরীর জেলের মন্ত্রীত্বে আঁচড় কাটা যায়নি। আপনি জানেন, দিল্লীর তিহার জেলে ব্রিটানিয়ার মালিক রাজেন পিল্লাইকে পিটিয়ে মারা হয়েছিল। এখানে সেটা তা নয়। এখানে বিশ্বনাথবাবু বলেছেন জেলের উন্নতি করার চেষ্টা করছেন। আমি বিশ্বনাথবাবুর কথার পাশাপাশি আর একজন মানুষের কথা রাখতে চাই। তাকে বিশ্বনাথবাবু পছন্দ করলেও আমি তাকে পছন্দ করি। তিনি হচ্ছেন চিত্ততোষ মুখার্জী, যিনি হাইকোর্টের লব্ধপ্রতিষ্ঠ বিচারপতি এবং রাজ্যের হিউম্যান রাইটস কমিশনের চেয়ারম্যান ছিলেন। সেই চিত্ততোষ মুখার্জীর রিপোর্ট থেকে জেলগুলি কোন্ নরকে আছে সেগুলি উল্লেখ করবো।

পশ্চিমবঙ্গে আমরা একটা আইন করেছিলাম এবং এই বিধানসভা থেকে তা পাশ হয়েছিল, আমরা সেই বিলকে সমর্থন করেছিলাম ও আলোচনায় আমি অংশগ্রহণ করেছিলাম, সেই বিলটির নাম হচ্ছে কারেকসান সার্ভিসেস বিল। একটা সম্পূর্ণ নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে বিলটি আনা হয়েছিল। জেলকে শাস্তি দেওয়ার জায়গা নয়, সংশোধন করার জায়গায় পরিণত করা হবে—এটাই তার ধারণা ছিল। দুর্ভাগ্যবশতঃ আমাদের এখান থেকে পাশ হবার পর তাতে মাননীয় রাষ্ট্রপতিব অনুমোদন পেতে অনেক দিন লেগে গিয়েছে। কিন্তু তবুও এখনও আমাদের রাজ্যে কারাগারগুলিকে সংশোধনের জায়গা—এই মনোভাব নিয়ে চালানো হচ্ছে না। এ সম্পর্কে আমি পরে অনেক উদাহরণ দেব। একমাত্র ভাল প্রচেষ্টা যেটা হয়েছে সেটা হ'ল, লালগোলাতে একটা মুক্ত কারাগার করা হয়েছে। সেখানে যারা বন্দী মোটামুটিভাবে তাদের স্বাধীনতা দেওয়া হয়েছে। তারা বাইরে যায়, বাজার-হাট করে, সন্ধ্যেবেলাতে ফিরে আসে। এটা একটা দৃষ্টান্তমূলক কাজ হয়েছে কিন্তু তার পাশাপাশি অন্য জেলগুলির কি অবস্থা সেটাও আমি বলব। আমাদের জেলগুলি অধিকাংশই বৃটিশ আমলের তৈরী এবং দীর্ঘদিন যাবৎ জেলগুলির কোন সংস্কার হয় না। আমার বিধানসভা এলাকার মধ্যে আলিপুর এবং প্রেসিডেন্সী জেল রয়েছে। প্রেসিডেন্সী জেলে অর্ধেকই হচ্ছে কনডেম সেল। ভেঙ্গে পড়ে যাচ্ছে, ছাদ দিয়ে জল পড়ছে এই হচ্ছে অবস্থা। আলিপুর সেন্ট্রাল জেলের হাসপাতালে একদিন গিয়েছিলাম। সেখানে গিয়ে দেখলাম ছাদ দিয়ে জল পড়ছে এবং সেখানে সেই অবস্থায় রোগীরা রয়েছে। জল পড়ে আসবাব ভিজছে। শুনলে আশ্চর্য হয়ে যাবেন কোলকাতা কর্পোরেশনের মধ্যে হলেও সেখানে কোন স্যুয়ারেজ সিসটেম নেই। কোলকাতার মধ্যে আলিপুর এবং প্রেসিডেন্সী জেলে সেখানকার কর্মীরা জেলের বিরাট কমপাউন্ডের মধ্যে ঝুপড়ি বানিয়ে বাস করেন। তাদের এখনও পর্যান্ত কোয়ার্টার করা যায় নি। বিশ্বনাথবাবুর সমস্যা হচ্ছে, উনি কোন বলিষ্ঠ পদক্ষেপ নিতে পারেন না। টেন্থ ফিনান্স কমিশন জেলের মর্ডানাইজেশানের জন্য টাকা দিয়েছিল, উনি কিছুটা তার ব্যবহার করেছেন কিন্তু সেখানে প্রয়োজন ছিল এন্টায়ারলি নতুন জেল তৈরি, পুরোপুরি সংস্কার করা কিন্তু নতুনভাবে তা হয়নি। আলিপুর এবং প্রেসিডেন্সী জেলে যে ফাঁকা জায়গা আছে প্রাইম-ল্যান্ড-সেটা যদি ব্যবহার হত তাহলে সমস্ত জেল কর্মীদের কোয়ার্টার সেখানে করা যেত এবং নতুন করে আধুনিক জেল করা যেত কিন্তু সেই ধরণের কোন সংস্কারের চেষ্টা সরকারপক্ষ থেকে হয়নি। একটু ভাল যেটা সেটা হচ্ছে স্পেশ্যাল জেলটা-

যেখানে ল্যুনাটিকদের বা মানসিক ভাবে অসুস্থদের রাখা হয়। এই তিনটি ছাড়া পশ্চিমবাংলায় অন্যান্য জেলগুলি সম্বন্ধে যা রির্পোট পাই, যা শুনি বা পড়ি এবং মানবাধিকার কমিশনের মাধ্যমে যা জানতে পারি তা হচ্ছে বীভৎস। এখনও জেলে বন্দীরা যদি টাকা না দেয় তাহলে সেই লোককে জোর করে মেরে ফেলা হয়। মন্ত্রীর নিজের জায়গা-বালুরঘাটের একটা উদাহরণ দিচ্ছি। ২৩.৬.৯৭ তারিখে সেখানে পরেশ চন্দ্র দত্ত, তার কাছে ৫ শো টাকা চেয়েছিল, সে দিতে না পারায় তাকে এমন পরিশ্রম করিয়েছে যে সে হ্যার্ট এ্যাটাক-এ মারা গিয়েছে। আরও উদাহরণ দিই। দমদম সেন্ট্রাল জেলে একটি বাচ্ছা ছেলে—তার নাম সফিকুল ইসলাম, সে মানবাধিকার কমিশনের কাছে অভিযোগ করেছে যে তাকে জেলের অন্য কনভিক্ট প্রিজনার এবং জেলের অফিসার বলপূর্বক ধর্ষণ করেছে, সডোমী করেছে। কিন্তু জেল থেকে সে ব্যাপারে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি মানবাধিকার কমিশনের রির্পোট বেরুনোর আগে পর্যান্ত। এগুলি পড়তে আমাদের লজ্জা লাগে। তারপর '৯৭ সালে বসিরহাটে ওপন জেলের মধ্যে একজন কনভিক্ট আর একজন কনভিক্টকে মার্ডার করেছে। আমরা বিংশ শতাব্দীর শেষ প্রান্তে, একবিংশ শতাব্দীর দোর গোড়ায় দাঁড়িয়ে আছি, এখনও জেলের মধ্যে মার্ডার হবে, জোর করে টাকা আদায় করা হবে, না দিলে মারা হবে, পুরুষ বন্দীদের উপর ধর্ষন হবে—এই কি চলবে এখানে? এগুলি উনি বন্ধ করতে পারেন নি, এটা অত্যন্ত লজ্জার কথা। তারপর স্যার, চাঁদ সেখ বলে একজন হিউম্যান রাইটস কমিশনের কাছে অভিযোগ করেছে যে ১৪ বছর ধরে সে আন্ডার ট্রায়াল প্রিজনার হিসাবে জেলে ছিল, বাড়ীর লোকেরা চেষ্টা না করলে সে জেল থেকে রিলিজডই হত না। কংসারি ভট্টাচার্য নামে ২৪ বছরের একটি ছেলে, তাকে জেলের সিসটার্নের মধ্যে মাথা ঢুকিয়ে মারা হয়েছে।

[3.20–3.30 p.m.]

এবং মানবাধিকার কমিশন রিপোর্ট করেছে, সেই রিপোর্টে বলা হয়েছে যে The high incidence of suicides in jails is quite intriguing. কেন এত আত্মহত্যা হচ্ছে? তার কারণ জেলে কোন ডিসিপ্লিন নেই। অত্যাচারে মানুষ আত্মহত্যার দিকে চলে যাচ্ছে। তার কারণ জেলগুলি মানুষের কাছে নারকীয় হয়ে উঠেছে। যদি কোন ইনোসেন্ট লোক ওখানে গিয়ে পড়ে অপরাধীরা তাদের উপরে এম্পাওয়ার চালাচ্ছে। এই রকম একটা জায়গা হয়ে দাঁড়িয়েছে। তার ফলে তাদের আত্মহত্যা করা ছাড়া আর কোন উপায় নেই। পঙ্কজ জেলে গিয়েছিল। আমি আগে আলিপুর সেন্ট্রাল জেলে ছিলাম। তখন বছরে দু'একটি ভিজিটর মিটিং থাকতো। যখন আমাদের টার্ম শেষ হয়ে যায় আমরা টের পাইনি। আমি আগে প্রেসিডেন্সি জেলে ভিজিটর ছিলাম। পরে আলিপুরে ছিলাম। সেখানে আমি দেখেছি যে, বিখ্যাত বৌ-বাজার মামলার আসামী রসিদ রাজার মত থাকতো। তার বাড়ী থেকে খাবার আসতো। তার কাছে সেল ফোন ছিল। কলকাতার একটা জেলেও কোন ব্যবস্থা নেওয়া যায় নি। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে ১৯৯৭-৯৮ সালে ৪৬ জন, প্রায় সপ্তাহে একজন করে জেলের মধ্যে মারা গেছে। তার আগের বছরে সংখ্যা ছিল ৪৭ জন। এটা একটা সিরিয়াস ব্যাপার।

স্যার, হিউম্যান রাইটস কমিশন জেলের মধ্যে যে খাবার দেওয়া হয় সেই ব্যাপারে রিপোর্টে বলেছেন, The supply of daily food both the terms of quality and quantity leaves a great deal to be desired. এবং আসল কারণ যেটা সেটা আমি আপনাকে বলতে চাই। মন্ত্রী সেখানে কিছু করতে পারছেন না, কারণ জেলে দুটো ইউনিয়ন আছে। একটা কারা রক্ষী সমিতি, আর একটা কো-অর্ডিনেশান কমিটি। একটা বিশ্বনাথ বাবুর যে পার্টি তার, আর একটা হচ্ছে সি. পি. এম পার্টির। এদের নেতাদের কাউকে ট্রান্সফার করা যাবে না। জেলে আজকে অত্যাচার চলছে, ইনডিসিপ্লিন চলছে, সুপারিনটেনডেন্টের কথা কেউ শোনে না। তার কারণ কারা রক্ষী সমিতি এবং কো-অর্ডিনেশান কমিটি, এরা জেল নিয়ন্ত্রণ করেন এবং মাঝে মাঝে তাদের নিজেদের মধ্যে মারামারি হচ্ছে। এদের কারো গায়ে হাত দেওয়া যাবে না। বিশ্বনাথবাবু চেষ্টা করে একজন আই. পি. এস. অফিসারকে আই. জি. প্রিজন করেছেন, কিন্তু কিছু হয়নি। তারপরে একজন আই. পি. এল অফিসারকে আই. জি. প্রিজন করেছেন কিন্তু তাতেও কিছু হয়নি। মূল ব্যাপার হচ্ছে জেলের ষ্ট্রাকচারাল পরিবর্তন করা যায়নি। জেলের কোড রিভাইজড করা যায়নি। জেলে যে ভিজিটর এবং যেটাকে বলা হয় নন-অফিসিয়াল এক্স-অফিসিও সুপারিনটেন্ডেন্ট, সেটা একজন এস. ডি. ও - কে করে দিয়েছেন। তাকে বলা হচ্ছে যে তিনি জেলে মেডিকেলের ব্যাপারটা দেখবেন। কোন কাজ হচ্ছে না। এই ষ্ট্রাকচারাল চেঞ্জের জায়গায় বিশ্বনাথবাবু অপারগ। অনেক টাকা খরচ করা হচ্ছে, কিন্তু ঔষধ চুরী হয়ে যাচ্ছে। প্রায় ১ কোটি ৩২ লক্ষ টাকা হাসপাতালগুলি পেয়েছে, কিন্তু কিছু হচ্ছে না। তাই, বিশ্বনাথবাবু নিজে গিয়েও চুরী ধরতে পারছেন না, খাবার চুরী বন্ধ হচ্ছে না। আমি বলবো যে জেলে কিছু নতুন লোক নিন। জেলের লোকদের বাইরে পাঠান। কারণ ওখানে একটা কায়েমী স্বার্থ গড়ে উঠেছে, একটা নরককুন্ড গড়ে উঠেছে, অপরাধী কায়েমী স্বার্থে লোকেদের যোগসাজসে এই জিনিস ঘটছে। এই কথা বলে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পরেশ নাথ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় কারা মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন, সেটা সমর্থন করে এবং বিরোধিদের আনা কাট মোশানের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের কারামন্ত্রী পশ্চিমবঙ্গের কারাগার সম্পর্কে নূতন দৃষ্টিভঙ্গী নিয়েছেন। মাননীয় সৌগত বাবুর বক্তৃতা আমি শুনলাম। তিনি সংস্কার সম্পর্কে আমাদের কারামন্ত্রী যে ব্যবস্থা করেছেন তা অনেকটা সমর্থন করেছেন এবং আরো কিছু সংস্কারের কথা বলেছেন। সমস্ত কিছু একদিনে হয় না। যে জায়গায় ছিল সেই জায়গা থেকে পরিবর্তন করার জন্য আমাদের কারামন্ত্রী একটা নূতন প্রচেষ্টা শুরু করেছেন। এটা বলা যেতে পারে যে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় প্রথম এই রকম প্রচেষ্টা শুরু হয়েছে। মান্ধাতার আমলে বন্দী সম্পর্কে যে চিন্তা-ধারা ছিল, তখন তাদের উপরে এমন অত্যাচার করা হত, সেটা দেখে ভয়ে অন্য কেউ এই রকম করবে না, এই রকম চিন্ত-ভাবনা ছিল। অত্যাচারের মধ্যে দিয়েই তাদের সমাজ জীবনে ফিরিয়ে আনতে হবে। কিন্তু সেই চিন্তার পরিবর্তন ঘটেছে; তাদের কারাভ্যান্তরে রেখেই যাতে তাদের সমাজ-জীবনে ফিরিয়ে আনা যায়

তার প্রচেষ্টা চলছে। তাদের নিয়মিতভাবে পরীক্ষার ব্যবস্থা হয়েছে, চিত্ত বিনোদনের ব্যবস্থা হয়েছে, খেলাধূলার ব্যবস্থা হয়েছে। সৌগতবাবু বিল্ডিং ইত্যাদির কথা বলছিলেন। সেখানকার পরিবেশের আরো উন্নতি করতে হবে এটা ঠিক, কিন্তু তারজন্য অর্থ দরকার। এক্ষেত্রে আমাদের কারামন্ত্রী এবং সরকারের সাধ আছে, কিন্তু সামর্থ নেই। কিন্তু তিনি চেষ্টা করে যাচ্ছেন। আমাদের রাজ্যে ৫৪টি কারাগার রয়েছে এবং তারমধ্যে লালগোলাতে ভাল প্রচেষ্টা শুরু হয়েছে। সেখানে বন্দীরা যাতে সংশোধীত হতে পারে, পরিবারের সঙ্গে খোলামেলাভাবে মিলিত হতে পারে এবং সমাজ-জীবনের মূল স্রোতে ফিরে আসতে পারে তার প্রচেষ্টা কারামন্ত্রী গ্রহণ করেছেন। এরকম মুক্তকারা আরো বেশী বেশী করে করার প্রয়োজন রয়েছে। মহিলা কারাবন্দীদের ক্ষেত্রে আরো বেশী যত্নবান হওয়া প্রয়োজন। মহিলা বন্দীরা ফিরে এসে সমাজ-জীবনে মিশতে পারে না, ফলে সমাজ-জীবনে তারা বোঝা হয়ে দাঁড়াচ্ছে। তারজন্য মহিলা কারাবন্দীদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং উপযুক্ত নৈতিক শিক্ষায় শিক্ষিত করবার জন্য তার উপযুক্ত পরিবেশ কারাগারের মধ্যে গড়ে তুলতে হবে যাতে সমাজে তারা বোঝা হয়ে না দাঁড়ায়, কারো গলগ্রহ হয়ে না থাকতে হয়। বন্দীদের সমাজ-জীবনে ফিরিয়ে আনবার জন্য যে সব প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে এসবের আরো বেশী বেশী প্রচার দরকার, মানুষের মধ্যে প্রচার দরকার। বন্দীদের চিকিৎসার ব্যাপারে আরো বেশী যত্নবান হওয়া দরকার। এই বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ১৯৯৯-২০০০ সালের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবী সভায় রেখেছেন অনুমোদনের জন্য আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের আনা একাধিক ছাঁটাই প্রস্তাবকে যথার্থ কারণে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। বিকাশ, আধুনিকীকরণ, মানবিক সংশোধনাগার - এই শব্দগুলি যদি মাননীয় মন্ত্রী ব্যবহার না করতেন তাহলে আমার বক্তব্য আমি কয়েকটি কথার মধ্যে সীমিত রাখতে পারতাম। বিকাশ এবং আধুনিকীকরণের কথা বলেছেন। বলেছেন, কারা প্রশাসন সম্পর্কিত যে গুরুত্বপূর্ণ পরিবর্তনের উপর জোর দেওয়া হয়েছে তা এখন মূর্ত্ত রূপ নিতে শুরু করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কি মূর্ত্ত রূপ নিয়েছে? গত সপ্তাহে বহরমপুর জেলে কারারক্ষীর সঙ্গে বন্দীর মারামারি হয়েছে মদ দেওয়া নিয়ে। একজন ডি. আই. জি. - দিলীপ চৌধুরী সেখানে গিয়েছিলেন। তিনি ভেতর থেকে অনেক মদের বোতল বার করেছেন। কাজেই সংশোধনাগার করতে পেরেছেন কিনা আমি জানি না। ব্যক্তিগতভাবে আপনার বিরুদ্ধে আমার কিছু বলার নেই। অত্যন্ত সজ্জন মানুষ আপনি; ভাল মানুষ, প্রচেষ্টাও রয়েছে, কিন্তু দাদা এবং ভাই, সি. পি. এম. এবং আর. এস. পির জাতাকলে পড়ে অত্যন্ত করুণ অবস্থা আপনার।

[3.30–3.40 p.m.]

তার থেকে করুন অবস্থা জেলে। দয়া করে আপনি কিছু করুন। এই জেলের করুন অবস্থা ঘোচাবার জন্য আপনি কিছু করুন। আপনি তারাপদ লাহিড়ী কমিশনের

রিপোর্টের কিছু কিছু সুপারিশ ইমপ্লিমেন্ট করার চেষ্টা করছেন বলেছেন। হ্যাঁ, কিছু করেছেন। তবে রেডিও এবং গ্রন্থাগার এই গুলি জেলের সৃষ্টি থেকে আছে, নূতন কিছু নয়। তবে পাখাগুলি আপনি লাগিয়েছেন। কিন্তু আপনি যে টি. ভি. গুলি দিয়েছেন সেইগুলি কি সব জায়গায় চলছে? সি. টি. ভি. যে গুলি দিয়েছেন সেই গুলি কি ওয়ার্ক করছে? আপনি বলুন না, প্রেসীডেন্সী এবং আলিপুর সেন্ট্রাল জেলে যে টি. ভি. গুলি দিয়েছেন সেই গুলি চলছে কিন্তু ওয়ার্ডের মধ্যে যে টি. ভি. গুলি রয়েছে সেই গুলি অকেজো হয়ে পড়ে রয়েছে। এই গুলি কি আপনি জানেন? আসলে মুসকিল হচ্ছে কারাগারের দায়িত্বে যারা রয়েছে তাদের কিছু কারাগারে থাকার কথা। দুঃখের বিষয় তারা আজকে কারাগার পাহারা দিচ্ছে। এক দিক থেকে আপনি অনেক বড়। সারা পশ্চিমবাংলা আজকে কারাগার আর সেই কারাগারের মন্ত্রী হচ্ছেন আপনি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই মন্ত্রী মহাশয় জেলের সম্পত্তি রক্ষা করতে পারছেন না। দমদমে হয়ে গিয়েছে, প্রেসিডেন্সী হবে। দমদমে মিউনিসিপ্যালিটি জেলের জমি দিয়ে দিয়েছে। আপনার প্রেজেন্ট এমপ্লয়ী রিটায়ার্ড এমপ্লয়ী জেলের জমিতে একতলা দোতলা বাড়ি করে রেখেছে। প্রেসিডেন্সীতে লোকাল লোক জমি দখল করে রেখে দিয়েছে। দু-এক বিঘা জমি নয় ৪-৫ বিঘা জমি যেটা আপনার সম্পত্তি সেটা দখল করে রেখে দিয়েছে। আপনি যেখানে সিমিট্রি করবেন বলেছেন সেখানেও দখল করে রেখেছে। এই রকম যেখানে অবস্থা তার জন্য ব্যয় বরাদ্দ অনুমোদন করা যায়? আপনি ছেড়ে দেবেন আসামীদের, ভাল কথা। একজনের পেসমেকার বসানো রয়েছে। আপনি ছাড়বেন কি ছাড়বেন না সেটা আপনার ব্যাপার। যারা ১৪ বছর রয়েছে, ১৭ বছর রয়েছে, ১৮ বছর রয়েছে লাইফ সেনটেন্সড হবার পরে তাদের পুলিশ রিপোর্টের প্রয়োজনটা কোথায়? যারা ১৪ বছর ১৭ বছর ১৮ বছর এলাকায় নেই তাদের পুলিশ কি রিপোর্ট দেবে? এই ব্যাপারে সরকারকে তো সিদ্ধান্ত নিতে হবে। আসামী থাকাকালীন তাদের চরিত্রগত দিক দেখুন, তাদের আচরণ বিধি দেখুন, তাদের গতি বিধি দেখুন তারপর তাকে ছাড়বেন কি ছাড়বেন না। সেটা চিন্তা করুন। ১ নম্বর আসামীকে ছেড়ে দিলেন, ২ নম্বর আসামীকে ছেড়ে দিলেন, ৬ নম্বর আসামী রয়ে গেল। আসামীর পেস মেকার বসানো রয়েছে, তাকে হাসপাতালে পাঠিয়ে দিলেন। তার নিজের খরচ করার ক্ষমতা রয়েছে, বাড়ির লোকেরা চিকিৎসা করাতে পারে, সেখানে আপনি তাকে হাসপাতালে পাঠিয়ে দিলেন। আপনার হাসপাতালে ডাক্তার আছে? তার কোন চিকিৎসা হচ্ছে না। আপনি শিক্ষার কথা বলেন? ১৫০০ স্বল্প মেয়াদী দীর্ঘ মেয়াদী আসামী রয়েছে—আপনি বলেছেন শিক্ষা দিয়ে তাদের সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনবেন —কিন্তু এই ১৫০০ আসামীদের জন্য একজন মাত্র শিক্ষক। আপনি সংশোধন করবেন বলছেন, কি করে এই বক্তব্য রাখলেন আর কেনই বা রাখলেন আমি বুঝতে পারছি না। আজকে ড্রেনেজের যে অবস্থা সেটা আপনি ভাল করেই জানেন। ওয়ার্ডে বসে পচা দুর্গন্ধ পাওয়া যায়। আপনি এখানে বলেছেন যে জেলগুলির ডেফিনেশান চেঞ্জ করে দে তে আমরা খুশী হবো, সুখী হবো। আপনি এখানে বলেছেন জলপাইগুড়ি সারকেল করবেন। আজকে সকালের খবর, জলপাইগুড়ি জেলের প্রতিটি ঘরে জল পড়েছে। আপনিও পি. ডব্লু. ডি-র মতো শিখেছেন বর্ষার সময়

পীচলাগানো। পীচের মূল শত্রু হলো জল। তাহলে এই বর্ষার সময় পীচ লাগানো হবে এবং হলেই মধু। যাইহোক, আপনি বলেছেন রঘুনাথপুর, হলদিয়া এবং কল্যাণী এই ৩টি জায়গায় মহকুমা কারা নির্মাণ করবেন। আপনাকে সারকেল করতে হবে। আপনার বাজেটের কিছু পরিমাণ অর্থ মহকুমা কারাগারের জন্য রেখেছেন। আপনার এই কিছু পরিমান অর্থ বরাদ্দের মাধ্যমে মহকুমা কারাগার হবে না। যদি হবে না তো তাহলে এই কথা বলেন কেন?

আপনি বলেছেন—কোথাও প্রক্রিয়া রয়েছে, ৫ম পৃষ্ঠায় আছে। কোথাও বলেছেন বসানো হবে, কথা ভাবা হচ্ছে, বিস্তৃত প্রকল্প রচনা করছি, সম্পূর্ণ হয়ে যাবে, অর্ডার হয়ে যাবে, পরিকল্পনা করছি, কোনটাই আপনি করেন নি। আপনি অনুমোদন দিতে পারছেন না। আপনার সবই হচ্ছে, গ্রহণ করবো। এরপর মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার ব্যয়বরাদ্দের অনুমোদন করতে পারছি না। এর বিরোধিতা করে এবং আমাদের সমস্ত ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমি তা সমর্থন করছি এবং বিরোধীদের কাটমোশানের আমি বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধিরা আজকে অনেক সমালোচনা করলেন আমি আপনাকে শুধু একটি উদাহরণ দিই। পশ্চিমবাংলায় এবং কেন্দ্রে ওরা যখন শাসন ক্ষমতায় ছিলেন, ষাট সালে আমি দিল্লীতে নিউ সেন্ট্রাল জেলে ছিলাম। সেখানে খাওয়া হচ্ছে ডাল, চাল, লংকা, বিড়ি সব একসঙ্গে। ষাটসালে যখন বাঙালী খেদাও আন্দোলন চলছিল তখন এই ছিল জেলের অবস্থা। পশ্চিমবাংলায় ওরা ২৬ বছর ছিলেন, ওরা জেলখানার কোন সুরক্ষা করেন নি। আমরা ২২ বছর ধরে আছি। সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে দিয়ে জেলে কয়েদি যারা আছে তাদের খাবারের মানের উন্নতি করেছি জেলখানায় বিদ্যুতের ব্যবস্থা করেছি, পানীয় জলের ব্যবস্থা করেছি। অনেক জেলে স্যানিটেশনের ব্যবস্থা হয়েছে। আমি বলছি না যে সবকিছু হয়েছে। সবকিছু করতে গেলে আরও অর্থের প্রয়োজন আছে। আমি মাননীয় মন্ত্রীকে বলবো, অনেক মহিলা আসামী আছে, যেমন, উলুবেড়িয়ার কথা বলছি। তাদের নিয়ে এসে হাওড়ার ডিষ্ট্রিক্ট জেলে রাখতে হয়। সাব-ডিভিশনে মহিলাদের রাখার ব্যবস্থা করতে হবে। পি. ডব্লু ডি'র পুরনো জেলখানাগুলোকে নতুন ভাবে করবার, রিপেয়ারের কোন ব্যবস্থা হয়নি। ড্রেনেজ স্কীমে জল বেরোবার বা স্যানিটেশন থেকে নোংরা জিনিস বেরোবার ব্যবস্থা হয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্টাফ বাড়াতে হবে। স্টাফ যা আছে তা অত্যন্ত কম। জরুরী আইনের সময়ে পশ্চিমবাংলার জেলে ২৮ হাজার রাজনৈতিক কর্মীদের, রিপোর্টার এবং জার্নালিষ্টদের ক্রিমিন্যালদের সঙ্গে এক জায়গায় রাখা হয়েছিল। কংগ্রেস আমলে কি পশ্চিমবাংলায়, কি কেন্দ্রে সবাইকে এক জায়গায় রেখেছিল। আজকে সেই অবস্থায় নেই। সেই সময়ে অনেক বড় জার্নালিষ্টকে মিসা আইনে জেলে পুরে রাখা হয়েছিল। আজকে বিরোধিরা স্বাধীনভাবে ঘোরাফেরা করতে পারছেন। তাদের কথায় কথায় জেলে পোরা হয় না। আমি তবুও বলবো, আজকে অনেক রাজনৈতিক নেতা, কর্মীরা

আন্দোলন করছেন, তাদের থানার লকআপে একটা নোংরা জায়গায় নিয়ে আসা হয়। তাদের জন্য কোন আলাদা ব্যবস্থা হয় না। মহকুমা জেলে এদের জন্য ব্যবস্থা করতে হবে। কারণ আর কিছু দিন পরে বিরোধী জেলে পুরতে হবে। তারা নানা কাজে যুক্ত হচ্ছেন। রামপুরহাট জেলের অবস্থা খুব খারাপ। বনগাঁ মহকুমার জেলে মহিলাদের থাকার কোন ব্যবস্থা নেই। উত্তর দিনাজপুর জেলে মহিলাদের যাতে থাকার ব্যবস্থা হয় তারজন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি। জেলখানাগুলোর উন্নতির ব্যবস্থা করতে হবে এবং ডাক্তারের ব্যবস্থা করতে হবে। সেখানে ডাক্তারের ব্যবস্থা করতে হবে এবং কল বুক দিলে যাতে ডাক্তাররা আসেন, এস ডি এম ও আসেন তার ব্যবস্থা করুন। এই ব্যবস্থাগুলো যাতে জেলের মধ্যে হয় তার ব্যবস্থা করবেন এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3.40–3.50 p.m.]

**শ্রী বিপ্লব রায়চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার আগে বর্ষীয়ান পক্ককেশ নেতা বক্তব্য রাখলেন, তার মুখে পুরনো নাম শুনলাম কংগ্রেসের। কংগ্রেস কি করেছিল না করেছিল বললেন। কংগ্রেসের নাম শুনে শুনে তার চুল পেকে গেছে। ওই পক্ককেশ নেতার কথা শুনে আমার খুব কষ্ট হচ্ছিল এবং তার কথার উত্তরেই আমি একটা ছোট্ট করে একটা উদাহরণ দিতে চাই। গত ৩ বছর আগে তমলুকের জেলে হঠাৎ করে একজন মানুষের সঙ্গে দেখা করতে গেছিলাম। আমার সঙ্গে একজন মানুষ ছিলেন। আমার সঙ্গে যে লোকটি ছিল সে যখন আমাকে নিয়ে জেলের গেটের সামনে দাঁড়াল তখন ওয়ার্ডার যে ছিল সে ৫ টাকা চাইল, তখন ওই লোকটি ৫টাকা বার করে দিল। সেই সময়ে ওই জেলের একজন আসামী নিজে জেলারকে আমার পরিচয় দিল। তখন জেলার ভেতর থেকে বাইরে এসে আমাদের ভেতরে নিয়ে গেলেন এবং জেলের গেটে বসা ওই কনস্টেবেলকে ডেকে টাকা নেওয়ার জন্যে অন্যায় করেছে বললেন। ওই ডাকার আগে পর্যন্ত আমি জানতাম যে জেলে টাকা নেওয়াটা একটা রেগুলার ব্যাপার এবং একটা প্রাত্যহিক ব্যবস্থা হয়ে দাঁড়িয়েছে। ওই পক্ককেশ ধারী ভদ্রলোক কি একবারও জেলে গেছেন, নাকি একবারও দেখা করতে কারুর সঙ্গে গেছেন? আমার মনে হয় জেলের এই প্রাত্যহিক ব্যবস্থার যদি পরিবর্তন করা যায় তাহলে জেলের উন্নতি হবে এবং অনেকটা মৌলিক পরিবর্তন আনা সম্ভব হবে। মাননীয় মন্ত্রী সৎ এবং তার সৎ উদ্দেশ্য আছে। কিন্তু হঠাৎ করে একদিন স্বাগতালক্ষ্মীর গান শোনালেই জেলের রক্ষী এবং জেলবাসীদের পরিবর্তন হবে কিনা জানি না। আমরা সংবাদপত্রে যে সমস্ত খবর পড়ি এবং প্রবন্ধ যে লেখা হয় তাতে দেখি যে, জেলে মদ যায়, গাঁজা যায় এবং অন্যান্য অনেক কাজকর্ম হয়। আমি নিজে খুব অবাক হয়ে ভাবতাম এটা তো ঠিকই কথা যে জেলে যারা থাকে থাক তারা তো খারাপ লোক। তারা মদ খায়, গাঁজা খায় এবং সেই কারণে কারামন্ত্রী তাদের সুব্যবস্থা করে দিয়েছেন। অথচ দিল্লীতে কিরণ বেদী নামে একজন মহিলা আই পি এস অফিসার কারার দায়িত্বে রয়েছেন, তিনি অপরাধীদের হৃদয় পরিবর্তন করার চেষ্টা করে যাচ্ছেন আর আমি অবাক হয়ে যাই মানবাধিকার

কমিশনের রিপোর্ট পড়লে। এখানে তো ডি আই জি আছেন, একজন আই জি পোষ্টিং করার কথা ভাবা হচ্ছে। তিহার জেলে তো একজন মহিলা যে ব্যবস্থা করতে পারছেন তাহলে এখানকার একজন পুলিশ আই জি বা ডি আই জি কেন বলতে পারবেন না যে জেল ওয়ার্ডের কথাতে চলবে না, জেলের আইন আছে সেই আইন মাফিক জেলগুলো চলবে। এই প্রসঙ্গে সৌগত বাবু এবং তাপস বাবু সঠিকভাবেই বলেছেন যে, মাননীয় মন্ত্রী নিজেই তো কারার অধীনে রয়েছেন, জেলের দুটো ইউনিয়নের সঙ্গে কথা বলেও কিছু পরিবর্তন করতে পারেন নি, কোন বদলী করতে পারেন নি। এমন কি ভেঙ্গে পড়া জেলকে সারাতে পর্যন্ত পারেন নি। আবার এই সমস্ত জেলের ঘটনা যখন সংবাদপত্রে পড়ি তখন আমার চোখ দিয়ে জল পড়ে না, যেন আগুন বেরোয়। যখন দেখি ১৭ বছরের একটি ছেলে কিভাবে জেলের মধ্যে অত্যাচারে মারা গেছে তখন আমার বুকে আগুন জ্বলে ওঠে। তখন ভাবি ডি আই জির যদি নিজের ছেলে হত তার যদি এই অবস্থা হত তাহলে তার পিতার কি খুন করার ইচ্ছা হত না? তারপরে পরেশ দত্তর কাছ থেকে জেলে ৫০০ টাকা চাওয়া হয়েছিল, সেই টাকা দিতে না পারায় তাকে পিটিয়ে মেরে ফেলা হল। এসব ঘটনা মানবাধিকার কমিশন তুলে ধরে তার স্ত্রীকে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ রাজ্য সরকারকে দিয়ে দেওয়ার ব্যবস্থা করেন। আজকে মানবাধিকার কমিশনে চিত্ততোষ মুখার্জী মত লোক রয়েছেন এবং জ্ঞানী-গুণী লোক রয়েছেন বলে বিষয়গুলো নজর দিয়ে দেখছেন। অথচ এসব ঘটনা কারামন্ত্রীর নজরে আসছে না। আজকে কমলা কর মিশ্রের মত জ্ঞানী-গুণীরা রয়েছেন তাই এইসব ঘটনা লোকের নজরে আসছে। আজকে মানবাধিকার কমিশনকে কেন এই ক্ষতিপূরণের টাকা আদায়ের কথা বলতে হবে? কারামন্ত্রী আছেন কিসের জন্যে? কেন মানবাধিকার কমিশনকে রিপোর্ট দিয়ে বলতে হচ্ছে চাঁদ শেখের মাকে ৩০ হাজার টাকা ক্ষতিপূরণ তার ছেলের জন্য দিতে হবে, যে কিনা ১৪ বছর বিনা বিচারে জেলে ছিল।

তিনি রিপোর্ট দেবেন ওখানে সুবন্দোবস্ত করা হোক, তিনি রিপোর্ট দেবেন জেলের ভিতরের পরিবেশ নরক হয়ে গেছে, তিনি রিপোর্ট দেবেন ওখানে মানুষ কিভাবে থাকে, মানুষ ভালভাবে থাকতে পারে না তার বন্দোবস্ত করা হোক। তার রিপোর্টের উপর নির্ভর করে কারা দপ্তর কাজ করবে। আমি তো বুঝতে পারি না এই ধরণের অবস্থা কি করে হয়, এই সমস্ত দেখে আমাদের স্তম্ভিত করেছে। ১৪ বছর ধরে কেবলমাত্র একজন অফিসারের কাগজপত্র পৌঁছায়নি বলে চাঁদ শেখ নামে এক বিনা বিচারের বন্দীকে জেলে থাকতে হয়। এই ঘটনাটা মানবাধিকার কমিশনে যাওয়ার পরে সেই লোকটি ছাড়া পায়। সেখানে কি একজন ডি. আই. জি., কিংবা একজন আই. জি. থাকতে পারতো না? আজকে যদি মানবাধিকার কমিশন না থাকতো তাহলে এই চাঁদ শেখকে মৃত্যু পর্য্যন্ত বন্দি থাকতে হোত। আমি দ্বিতীয় ঘটনা বলব, যে সমস্ত এলাকায় জেল আছে, সেই সমস্ত এলাকায় যারা বিধায়ক আছেন তাদের পরিদর্শকের তালিকা ভুক্ত করে তারা যাতে সেখানে পিরিয়াডিকালি দেখতে পারেন তার ব্যবস্থা করা হোক। যারা জেলে খাবার চুরি করেন কয়েদিদের, তাদের শাস্তিমূলক ব্যবস্থা কি করা যায় সেটা নতুন করে ভাববেন কিনা দয়া করে অনুরোধ করছি। সেটা চিন্তা করবার জন্য

বলছি। আমার বন্ধু তাপস রায় বললেন, জেলের ভিতরে যারা আছেন তারা বাজার করতে যায়, এবং ফিরেও আসেন। যদি এই রকম হয়, এবং দৃষ্টান্তমূলক ব্যবস্থা করা যায় তাহলে এটা ভাল হয়। যদি সার্বিকভাবে পরিবর্তন করতে হয় তাহলে প্রতিদিন ধ্যানযোগ থেকে আরম্ভ করে এই রকম ধর্মীয় কাজে মানবিক চেতনার উন্নতির বিধানের জন্য কিছু করতে পারেন কিনা সেটা দেখতে বলব। এই প্রসঙ্গে বলি, রামকৃষ্ণ মিশনকে বা ভারত সেবাশ্রম সংঘকে যুক্ত করে কিছু করা যায় কিনা সেটা ভেবে দেখতে বলব। যদি নর্দমা পরিস্কার করতে হয় তাহলে মন্ত্রীকেও সেটা করতে হবে, একবার স্বাস্থ্যমন্ত্রীকে দেখেছিলাম, তিনি স্বাস্থ্য ব্যবস্থা ফিরিয়ে আনতে গিয়ে হাতে ঝাঁটা ধরেছিলেন এবং নর্দমা পরিস্কার করেন, কিন্তু তিনি আর পরবর্তীকালে ফিরে আসেননি, তার চাকরি চলে যায়। হয়ত সেই একই ভয়ে তিনি নর্দমা পরিস্কার করতে নামছেন না। আমি তাকে অনুরোধ করবো, যদি সত্যিকারের তিনি সতর্ক হন মানবিক হন, হৃদয়বান হন, তাহলে এই সমস্ত বিষয়ে নজর দিয়ে সত্যিকারের পরিবর্তন করার চেষ্টা করবেন। জেলকে কারাগার না রেখে শোধনাগারে পরিবর্তন করার চেষ্টা করবেন, এই কথা বলে এই ধরণের উদ্যোগ যেখানে যেখানে প্রয়োজন সেখানে সেখানে সমর্থন কিন্তু সামগ্রিকভাবে এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দর দাবী উপস্থাপন করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের বক্তারা বললেন তমলুকের ঘটনার কথা। তার মানে '৭৯ সালে, যখন কংগ্রেস রাজত্বকাল শেষ হয়েছে, তার কয়েক বছর পরের ঘটনা, সেই সময় জেলখানায় অনেক কর্মকান্ড ঘটতে পারে। এখানে অনেকে শুদ্ধিকরণ এর কথা বলছেন। বিক্ষিপ্তভাবে কয়েকটি ঘটনা ঘটতে পারে। তবে ওদের রাজত্বকালে, আমি মিসায় ছিলাম, গণতান্ত্রিক আন্দোলন করার জন্য বারবার জেল খাটতে হয়, সেই সময় আমরা দেখেছি, জেলের অভ্যন্তরে কি মর্মান্তিক করুণ কাহিনী। সেখানে যারা ছিল, তাদের সঙ্গে রাজনৈতিকভাবে একমত ছিলাম না, কিন্তু সেই সময় আমরা দেখেছি, যারা সেখানে ছিলেন তারা যে গান গাইত জেলখানায়, সেই গান হচ্ছে, "হাত দিয়ে বল সূর্য্যের আলো, রুধিতে পারে কি কেউ? আমাদের ধরে ঠেকানো যাবে না, জন জোয়ারের ঢেউ"। তাদের উপর যে মর্মান্তিক অত্যাচার জেল এর ভেতরে দেখেছি, বিক্ষিপ্তভাবে কোথায় কি ঘটেছে, সেটা সামগ্রিক নয়, জেলের ভিতরে যে অবস্থা ছিল, আমরা যা দেখেছি তখন তার সঙ্গে একটা বিশাল পরিবর্তন এখন ঘটে গিয়েছে। আগে গ্রন্থাগার ছিল, সেখানে কি বই ছিল জানি না, তা দেওয়া হোত না, পড়াশুনার জন্য দেওয়া হোত না, এখন রেডিও এসেছে, - ওখানে প্রতিদিন প্রতি মুহূর্তে মনুষত্বের যাতে মৃত্যু হয় তার ব্যবস্থা ছিল।

মাননীয় মন্ত্রী এবং তার দপ্তর এর উদ্যোগে জেলে একটা পরিবেশ তৈরী হয়েছে, জেল বন্ধুদের মধ্যে খেলাধূলার একটা পরিবেশ সেখানে গড়ে তোলা হয়েছে। লাইব্রেরীতে পঠন-পাঠনের সুযোগ-সুবিধা করে দেওয়া হয়েছে, জেল বন্দীদের হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। ওদের আমলে জেলে ডাক্তারের অভাব

ছিল, কোন ট্রেন্ড চিকিৎসক জেলে থাকত না। জেলের অভ্যন্তরে চিকিৎসার সুযোগ না পেলে, বাইরেও তাদের চিকিৎসার সুযোগ রয়েছে। কাজেই হাসপাতালকে আরও উন্নতি করতে হবে। আগে জেলে টি. ভি., ফ্যান ছিল না, এখন সেই সমস্ত ব্যবস্থা করা হয়েছে। আমি সেই সময়ে বন্দী হিসাবে জেলে যেতাম, এখন আমি জেল ভিজিটার হিসাবে জেলে যাই। আমি একটা বিষয়ে মন্ত্রীমহাশয়য়ের দৃষ্টি আকর্ষণ করব, আমি দমদম জেলে যখন ছিলাম তখন দেখেছি মানসিক রোগে আক্রান্ত যারা তাদের জন্য কোন আলাদা ব্যবস্থা ছিল না। অনেক ডাক্তার তারা সহৃদয়তা দিয়ে তাদের চিকিৎসা করে। আপনি মন্ত্রীসভার বৈঠকে এই প্রস্তাবটা রাখুন, মানসিকভাবে যারা রোগাক্রান্ত তাদের জন্য মানসিক হাসপাতালে ব্যবস্থা করা হোক। মাননীয় মন্ত্রীমহাশয় এর কর্মদক্ষতা, আন্তরিকতা এবং কর্মনিষ্ঠার মধ্যে দিয়ে এই দপ্তরকে আরও উন্নত করেছে এবং জেলকে মানুষের বাসযোগ্য করে তোলা হয়েছে। আজকে জেলখানায় যেতে মানুষ ভয় করছে না। আজকে কংগ্রেসীরাও জেলে যেতে ভয় করেনা, তারা জানে জেলে গেলে একটু বিশ্রাম হবে। তাই মাননীয় মন্ত্রীমহাশয়ের এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3.50–4.00 p.m.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বেশ কয়েকজন সদস্য তারা জেলের কর্মকান্ড নিয়ে এখানে আলাপ-আলোচনা করেছেন। আপনারা সবাই জানেন যে, পশ্চিমবাংলায় একটা সময় ছিল, যে সময় বেশ কিছু জেল ব্রেক হয়েছিল, সেটা কংগ্রেসের সময় হয়েছিল। এই জেলগুলো একশো থেকে একশ দশ বছরের পুরোনো। পশ্চিমবাংলায় দীর্ঘ সময় ওরাই রাজত্ব করেছিল, সেই সময় জেলখানার ঘরগুলোর প্রতি তারা কোন গুরুত্ব আরোপ করেনি। আমাদের ৫৪টি জেল আছে, এই জেলগুলো দেখভালের জন্য সরকারী অফিসারের প্রয়োজন ছিল, অর্থ দপ্তরের সঙ্গে যোগাযোগ করে কিছু অফিসারকে আমরা পেয়েছি এবং তাদেরকে আমরা যেভাবে ভাগটা করেছি সেটা হচ্ছে, পাঁচটি সার্কেলে পশ্চিমবাংলার জেলগুলোকে ভাগ করা হয়েছে। আলিপুরকে কেন্দ্র করে তার আওতায় কিছু জেল দেওয়া হয়েছে, প্রেসিডেন্সি জেলকে কেন্দ্র করে তার আওতায় কিছু জেল দেওয়া হয়েছে, দমদম জেলকে কেন্দ্র করে তার আওতায় কিছু জেল দেওয়া হয়েছে, বহরমপুর জেলকে কেন্দ্র করে তার আওতায় কিছু জেল দেওয়া হয়েছে এবং মেদিনীপুর জেলকে কেন্দ্র করে তার আওতায় কিছু জেল দেওয়া হয়েছে।

এই সমস্ত জেলের যে ভাগগুলো করা হয়েছে, সেই ভাগগুলোতে ডি.আই.জি. দের নিয়মিত পরিদর্শন করবার দাযিত্ব ভাগ করে দেওয়া হয়েছে এবং এই সমস্ত সার্কেলগুলোতে এ.আই.জি.দেরকেও এ্যাডিশনাল দায়িত্ব দেওয়ার ফলে স্বাভাবিক ভাবেই তার অনেকটা সুফল আমরা এখন পাচ্ছি। একজন মাননীয় সদস্য বড়দাদা, বা ছোড়দাদা এইগুলো বলবার চেষ্টা করেছেন। নিশ্চয় সৌগত বাবু থাকলে ভালো হোত। আমরা যে ট্রান্সফার করেছি, তাতে নেতা বা কর্মী বলে কেউ বাদ যায়নি। এবারে যে ট্রান্সফার হয়েছে, দেখে নেবেন নিয়ম মাফিক ট্রান্সফার যা হওয়া দরকার, সেই ভাবেই করেছি।

আর, শাস্তির কথা বলছেন? ত্রুটি-বিচ্যুতি যেখানে থাকে, যেখানে সেইগুলো আমাদের গোচরে আসে, সেইগুলো তদন্ত করানো হয়। তদন্ত করে কি হয়েছে? একজন বরখাস্ত হয়েছে একজন কারারক্ষির ইনক্রিমেন্ট বন্ধ করা হয়েছে। ২ জন প্রধান কারারক্ষী, দুজন সাবজেলারকে সেনসর করা হয়েছে। একজন সাবজেলারকে বদলি করা হয়েছে। একজন ডেপুটি জেলার, একজন জেলারের বিরুদ্ধে শোকজ করা হয়েছে। কাজেই আমি দায়িত্ব নিয়ে বলতে চাই, সেখানে যে কোন ঘটনা ঘটলে সাথে সাথে সেখানে জেল দফতরের অফিসারদের পাঠানো হয়, তারপর যে রিপোর্ট আসে তার ভিত্তিতে যে ব্যবস্থা নেওয়া দরকার, তা গ্রহণ করা হয়। ১০০/১১০ বছরের পুরনো বাড়ি, যেগুলো জরাজীর্ণ হয়ে গেছে, সেইগুলোকে সারাই করবার কাজ পশ্চিমবাংলায় বামফ্রন্ট এসেই শুরু করেছে। আগে জেলে ল্যাট্রিনের কি অবস্থা ছিল? এখন সেনেটারি ল্যাট্রিন করে দেওয়া হয়েছে। দীর্ঘদিনের রান্নাঘরগুলো ভালো করবার জন্য আজকে অর্থ বরাদ্দ করা হয়েছে। জেলের বিভিন্ন ঘর-বাড়ি সংস্কার করার জন্য টাকা দেওয়া হয়েছে। বর্তমান আর্থি হরে ১১টি প্রকল্পের জন্য ৩ কোটি টাকা আর্থিক অনুমোদন দেওয়া হয়েছে। আরও ১৯টি প্রকল্পের জন্য টাকা দেওয়া হবে। আপনারা দীর্ঘদিন ক্ষমতায় ছিলেন, তখন অন্ততঃ একটা জিনিস করতে পারতেন - জেলগুলোতে এ্যাম্বুলেন্স দেওয়ার দরকার ছিল, সেটা দিলেন না। ১০টি এ্যাম্বুলেন্স আমরা দিয়েছি, আরও দেওয়ার জন্য চিন্তা-ভাবনা করছি। ডাক্তারের কথা বলেছেন। আমাদের জেলে সর্বক্ষণের জন্য ২১ জন ডাক্তার আছে। অ া চুক্তির ভিত্তিতে ১৪ জন ডাক্তার নিয়োগ করেছি। সাব জেল গুলোতে ডাক্তার দে য়ার জন্য অর্থ দপ্তরের সঙ্গে যোগাযোগ রাখছি। কারণ, আমরা মনে করি, সাব জেল গুলোতে ডাক্তার দেওয়া অত্যন্ত জরুরী। কারণ, এস.ডি.এম.ও.দের দেখবার কথা, কিন্তু তারা বিভিন্ন কাজে ব্যস্ত থাকেন, ফলে সাব জেলগুলোতে ডাক্তার দেওয়ার কথা আমাদের চিন্তা করতে হচ্ছে। ফার্মাসিস্টের ৪১টি পদ আছে। বর্তমানে কর্মরত আছেন ৩৭ জন, বাকি ৪টি পদ অবিলম্বে পূরণ করা হবে। চিকিৎসার জন্য বেশ কিছু যন্ত্রপাতিও কিনেছি এবং সেইগুলোকে কাজে লাগানো হচ্ছে। তাপসবাবু রেজাল্টের কথা বললেন। আলিপুর কেন্দ্রীয় কারা জুনিয়ার হাইস্কুলে অষ্টম শ্রেণী পর্যন্ত পড়ানো হয়। '৯৮ সালে মাধ্যমিকে একজন ফার্স্ট ডিভিশনে পাশ করেছে।

[4.00–4.10 p.m.]

একজন সেকেন্ড ডিভিশানে পাশ করেছে। উচ্চ মাধ্যমিকে একজন সেকেন্ড ডিভিশানে পাশ করেছে। এর আগেও আমি বলেছি যে, এম এ তে একজন পাশ করেছে। ১৯৯৯ সালে মাধ্যমিকে একজন ফার্স্ট ডিভিশানে তিনটিতে লেটার নিয়ে পাশ করেছে। আজকে জেলে নানা ধরণের কর্মসূচী নেওয়া হচ্ছে। কে একজন বলেছিলেন যে, একটা গান শোনানো হয়েছিল। এখানে একটা গান শোনানোর জন্য নয়। আমরা জেলে প্রতি ৩ মাস অন্তর প্রত্যেকটা জেলে সাংস্কৃতিক অনুষ্ঠান করার পরিকল্পনা গ্রহণ করেছি এবং সেই পরিকল্পনার মধ্য দিয়ে আমরা ওদেরকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। সেখানে যারা বন্দী আছে, তাদের মধ্যে যারা কবিতা বলতে পারে, কবিতা লিখতে পারে বা কেউ

যদি আলোচনা করতে পারে, তাদেরকে এই অনুষ্ঠানের সাথে যুক্ত করা হচ্ছে। বাইরে যারা ভালো গান গাইতে পারেন, তাদের যুক্ত করা হচ্ছে। জেলের মধ্যে ব্যক্তিত্বপূর্ণ লোকদের নিয়ে গিয়ে আলোচনা চক্র করা হচ্ছে। জেলের মধ্যে যোগ ব্যায়াম, এছাড়াও অন্যান্য অনেক কিছু শেখানোর ব্যবস্থা করা হয়েছে। আপনারা জানেন যে, ইতিমধ্যে বন্দীদের অর্থকরী সম্পর্কেও আমরা ইতিমধ্যে ব্যবস্থা গ্রহণ করেছি। বন্দীদের অর্থ আমরা নিজস্ব অ্যাকাউন্টে সেখানে তাদের টাকাটা রাখছি। তাদের নামেই পাশ বই থাকবে এবং সেই ব্যবস্থা ইতিমধ্যে চালু করেছি। আপনারা জানেন যে, যারা মাদকাসক্ত হয়ে জেলে ঢোকেন, তাদের মধ্যে ৪৬ জনকে ১৯৯৮ সালে আমরা ভালো করেছি এবং পরবর্তীকালে সেখানে ২৭ জনকে ভালো করা হয়েছে। কাজেই আমরা কাজ করবার চেষ্টা করছি। এছাড়া বন্দীদের বৃত্তিমূলক শিক্ষা দেবার জন্য ছাতা তৈরীর কারখানা করা হয়েছে। টি ভি সারানোর ব্যবস্থা করা হয়েছে। বিভিন্ন হাতের কাজও শেখানোর ব্যবস্থা করা হচ্ছে। আপনারা জানেন যে, আজকে বন্দীরা তাদের রান্না করে। আগে জেলে কাঠ দিয়ে রান্না হত। এখন ৫৮টি জেলে ডিজেল ওভেন বসানো হয়েছে। আরও যে সমস্ত জেলে বাকী আছে, সেখানেও আমরা এগুলি করার চেষ্টা করছি। এই কথা আমি বলছি না যে, জেলে কোন ত্রুটি বিচ্যুতি নেই। কিন্তু এই ত্রুটি বিচ্যুতি একদিনে গড়ে ওঠেনি। দীর্ঘদিন ধরে যে ব্যবস্থা চলতে থাকে, ধীরে ধীরে সেই ব্যবস্থারই পরিণতির স্বীকার হতে হয়, এটা আপনারা সকলেই জানেন। কাজেই আজকে আমরা সেই ব্যবস্থাগুলির পরিবর্তন সাধন করার জন্য জেল দপ্তরের পক্ষ থেকে সাধ্যমত বেশ কিছু প্রক্রিয়া নিয়ে কাজ শুরু করেছি। আজকে যদি কেউ অন্যায় করে, তার শাস্তি দেবার জন্য যথাযথ ব্যবস্থা আমরা গ্রহণ করছি। আজকে কোন সদস্যাতো এই কথা বললেন না যে, জেল কোট পরিবর্তন করা হচ্ছে? কারেকশান সার্ভিস রুল যেটা পরিবর্তন করা হয়েছে, এটা ভারতের কোথাও পরিবর্তন করা হয়নি। আজকে আমরা একটা আমূল পরিবর্তন সাধন করতে চলেছি। আমরা বিল তৈরী করবার কাজটি প্রায় ৫০ ভাগ শেষ করতে পেরেছি। আশা করছি তাড়াতাড়ি এই কাজটা শেষ করতে পারব। দীর্ঘদিন আগে কংগ্রেসীরা জেলের মধ্যে যে ব্যবস্থা তৈরী করেছিল, সেই ব্যবস্থাকে পরিবর্তনের জন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি। এই কথা বলে এই সভাকে ধন্যবাদ জানিয়ে, কাটমোশানের সম্পূর্ণ বিরোধিতা করে এবং বাজেট ব্যয় বরাদ্দের অনুমোদনের দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 22**

The motions of Shri Abdul Mannan (cut motion Nos.1-4), Shri Saugata Roy (cut motions No.5, 6), Shri Nirmal Ghosh (cut motion Nos. 7 & 8), Shri Sultan Ahmed (cut motion No.9), Shri Ramjanam Manjhi (cut motion Nos. 10-12), Shri Ashok Kumar Deb (cut motion Nos.13 & 14), Shri Sudhir Bhattacharjee (cut motion Nos.15 & 16), Shri Sanjoy Bakshi (cut motion No.17), Shri Pankaj Banerjee (cut motion No.18), Shri Shyamadas Banerjee (cut motion Nos.19-23), Shri Tapas Banerje (cut motion No.24), Shri

Shashanka Shekhar Biswas (cut motion Nos. 25-36), Shri Ajoy De (cut motion Nos.36 & 37), Shri Deba Prasad Sarkar (cut motion No.38) & Shri Kamal Mukherjee (cut motion Nos.39-48) that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs.58,93,60,000 be granted for expenditure under Demand No.22 Major Head : "2056-Jails" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs.19,44,89,000 already voted on account in March, 1999).

was then put and agreed to.

**Discussion and Voting on Demand for Grants**

**Demand No. 44**

**Mr. Dy. Speaker :** There are 14 cut motions to Demand No.44 by Shri Abdul Mannan (No.1 & 2), Shri Saugata Roy (No.3), Shri Pankaj Banerjee (No.4), Shri Ashok Kumar Deb (No.5 & 6), Shri Sultan Ahmed (No. 7), Shri Sudhir Bhattacharjee (No.8), Shri Sankar Singha (No.9), Shri Shyamadas Banerjee (Nos.10 & 11) and Shri Kamal Mukherjee (Nos.12-14). All the cut motions are in order. Members may move their motions.

| | |
|---|---|
| Shri Abdul Mannan<br>Shri Saugata Roy<br>Shri Pankaj Banerjee<br>Shri Ashok Kumar Deb<br>Shri Sultan Ahmed<br>Shri Sudhir Bhattacharjee<br>Shri Sankar Singha<br>Shri Shyamadas Banerjee<br>Shri Kamal Mukherjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-. |

**শ্রী পঙ্কজ ব্যানার্জ্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় শ্রীযুক্ত সত্যরঞ্জন মাহাতো ১৯৯৯-২০০০ সালের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন অতি সংগত কারণেই আমি তার বিরোধিতা করছি এবং কংগ্রেস দলের আনীত কাট মোশনের সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন যে গত বছর এই খাতে মাননীয় মন্ত্রী একশো পনেরো কোটি ছেচল্লিশ

লক্ষ টাকা ব্যয়বরাদ্দ দাবি করেছিলেন। এই বছর ১২০ কোটি ২৮ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন। দাবির আর্থিক পরিমাণ যেমন বাড়বে কিন্তু ত্রাণ বিভাগ সাধারণ মানুষের কাছে ত্রাণ পৌঁছে দিতে নুব্জ হয়ে পড়েছে, ত্রাণ ব্যবস্থা অপ্রতুল হয়ে পড়েছে।

[4.10–4.20 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো তাঁর বাজেট বিবৃতিটা আরেক বার পড়ে দেখবার জন্য। তিনি বলেছেন দার্জিলিং জেলায় ৪০ হাজার মানুষ বন্যা এবং অতিবৃষ্টির জন্য ক্ষতিগ্রস্থ হয়েছিল, মালদায় ২২ লক্ষ মানুষ বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছে, মুর্শিদাবাদে ১৭ লক্ষ মানুষ দুর্গত হয়েছিল, জলপাইগুড়িতে সাড়ে ৪ লক্ষ মানুষ এবং কুচবিহারে দেড় লক্ষ মানুষ এবং নর্থ-দিনাজপুরে ১০ লক্ষ এবং দক্ষিন দিনাজপুরে ১০ লক্ষ মানুষ, নদীয়াতে সাড়ে ৬ লক্ষ মানুষ বন্যা জনিত কারণে আক্রান্ত হয়েছেন এবং সর্বশ্রান্ত হয়েছেন। একুনে গত বছর যোগ করলে মাননীয় সত্যরঞ্জনবাবু আপনাকে বলছি আপনার হিসাবমত ৭০ লক্ষ মানুষ বন্যায় আক্রান্ত হয়ে ক্ষতিগ্রস্থ হয়েছে, আপনি তাদের জন্য কি করেছেন? এই ৭০ লক্ষ মানুষের জন্য গম ৪৯৩০ মেট্রিক টন, চাল ১৪ হাজার মেট্রিক টন। টোটাল চাল ও গম মানে তন্ডুল জাতীয় খাদ্যদ্রব্য আপনার দপ্তর বরাদ্দ করেছিল। তার মানে মাথাপিছু ৪০ গ্রাম তন্ডুল জাতীয় খাদ্যদ্রব্য বন্যাবিধ্বস্ত মানুষের জন্য বিতরণ করেছেন। মাননীয় মন্ত্রী আপনি নিজে বলুন একজন মানুষ বন্যায় আক্রান্ত হয়ে তার যথাসর্বস্ব চলে গেছে, তার বাড়ীঘর গেছে, স্থাবর সম্পত্তি বন্যায় ধুয়ে নিয়ে গেছে, আর সেখানে সেই মানুষগুলির কাছে মাথাপিছু ৪০ গ্রাম করে খাদ্য দিয়েছেন, এতে তাদের কি হবে? ৭০ লক্ষ মানুষের জন্য ১ লক্ষ ২০ হাজার ত্রিপল দিলেন। ধরে নিচ্ছি সেখানে ১৪ লক্ষ পরিবার কমবেশী বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছে। যেখানে ১৪ লক্ষ পরিবার ক্ষতিগ্রস্থ হয়েছে সেখানে আপনি ১ লক্ষের মতো ত্রিপলের ব্যবস্থা করেছেন। মন্ত্রী মহাশয় আপনি আপনার বিবেকের কাছে প্রশ্ন করুন যে আপনি কতটুকু করতে পারলেন? যেখানে ৭০ লক্ষ মানুষ বন্যায় আক্রান্ত হলো সেখানে শাড়ী-ধুতি দিয়েছেন মোট ২ লক্ষ পিস। তার মধ্যে ৯৫ হাজার শাড়ী, আর ১ লক্ষ ১৩ হাজার ধুতি দিয়েছেন। ৭০ লক্ষ মানুষ যেখানে আক্রান্ত হয়েছে সেখানে আপনি ১ লক্ষ শাড়ী দিয়ে আপনার দায়-দায়িত্ব পালন করার চেষ্টা করেছেন। এবারে বাড়ী ঘরের ব্যাপারে বলি, আগে বন্যায় ঘরবাড়ী বিধ্বস্ত হলে ১ হাজার টাকা দিতেন আর আংশিক ক্ষতিগ্রস্থ হলে ৫০০ টাকা দিতেন। গত বার মহানুভব সরকার যাদের ঘরবাড়ী বিধ্বস্ত হলে ২ হাজার টাকা, আর আংশিক হলে ১ হাজার টাকা করে বরাদ্দ করেছেন। ১৯৯৮ সালে জুলাই মাসে মালদা এবং মুর্শিদাবাদে ৯০ শতাংশ মানুষ ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের টাকা দেন নি, অনুদান পায় নি। আপনি হয়তো বলবেন টাকা দিয়ে দিয়েছি। কিন্তু হয়তো প্রসেসে আছে। ১২০ কোটি টাকা চেয়েছেন, দুর্ভাগ্যবশত কোন টাকাই আপনি নিজে খরচ করতে পারছেন না। বিভিন্ন দপ্তরে টাকা যেমন দিচ্ছেন, সেখান থেকে কম্প্লিশান সার্টিফিকেট দিচ্ছে না। আপনি কি করে এবারের বাজেটে টাকা বাড়িয়েছেন? গত বারের বাজেটের সাথে

তুলনামূলক চিত্রটা আমি তুলে ধরছি এ বছর অর্থাৎ ১৯৯৯-২০০০ সালের সঙ্গে। গত বছর কৃষির জন্য ১২৪৬ লক্ষ টাকা ছিল, আপনি কমপ্লিশান সার্টিফিকেট পেয়েছেন। কোন খাতে, কবে, কোন মৌজাতে, কোন গ্রামে কে কে পেয়েছে? তার কোন তালিকা কৃষি দপ্তর আপনার কাছে দিয়েছে? না দেয় নি।

আপনি তাদের কাছে হিসাব চেয়েছেন? চাননি। এর আগের বছর তাদের দিয়েছিলেন ৩১৫ কোটি টাকা। তার ডিটেইলস কোন হিসাব, পারফর্মেন্স রিপোর্ট, জব কমপ্লিশন রিপোর্ট আপনার কাছে আসেনি। আপনি সেই টাকার হিসাব না পেয়ে এই বছর ১,২৪৬ লক্ষ টাকা কৃষির ব্যাপারে দিয়ে দিলেন। সেচ জলপথের জন্য ১১১ কোটি টাকা দিলেন। গত বছর দিয়েছিলেন ২,০১৭ কোটি টাকা। হিসাব পেয়েছেন? বন্যা হলে একটা 'ডোল' দেওয়ার প্রবণতা আছে। স্যার, আমি এ ব্যাপারে মাননীয় মন্ত্রীর কাছে পজিটিভ প্রপোজাল রাখছি। আপনি এই দপ্তরগুলোকে বলুন একটা পার্মানেন্ট সলিউশনের ব্যবস্থা করতে। আপনি সেচ ও জলপথে টাকা দিয়েছেন। কিন্তু দেখা যাচ্ছে যখন বন্যা হচ্ছে, জল বাড়তে শুরু করছে তখন বোল্ডার ফেলতে শুরু করা হ'ল কিন্তু জলে বোল্ডার ধুয়ে নিয়ে গেল। ফেলল হয়তো ১ লক্ষ বোল্ডার, হিসাব দিল ১০ লক্ষ বোল্ডারের। ফেব্রুয়ারী-মার্চ মাসে টাকা দিয়ে কেন বন্যা নিয়ন্ত্রণেব ব্যবস্থা করবেন না, কেন স্পার তৈরী করা হবে না? আপনি কেন সেচ ও জলপথ দপ্তরকে বলবেন না জুলাই মাসে এসে টাকা নিয়ে কাজ করবার চেষ্টা করতে, কেন জানুয়ারী মাসে প্লান করে, পরিকল্পনা করে, একটা পাকাপোক্ত বন্দোবস্ত কর যাতে প্রত্যেক বছর বন্যা না হয়। এটা একটা রিচ্যুয়াল ব্যাপার হয়ে গেছে। প্রতি বছর দূর্গা পূজো, সরস্বতী পূজোর মত বন্যা আসবে আর আপনি টাকার দান-ছত্র খুলবেন, এটা ঠিক নয়। আপনি কোটি কোটি টাকা দিচ্ছেন কিন্তু সেই টাকা লুঠ হয়ে যাবে, মাঝপথে হারিয়ে যাবে, এটা ঠিক নয়। সরকার থেকে টাকা দেওয়া হবে কিন্তু খরাক্লিষ্ট মানুষ, বন্যাক্লিষ্ট মানুষ দুর্যোগের মধ্যে পড়ে থাকবে, থৈ থৈ জলের মধ্যে বুক ডুবিয়ে থাকবে, টাকা খরচ হবে কিন্তু তাদের কাছে পৌঁছাবে না - এটা দেখা দরকার। বছরের পর বছর যুগের পর যুগ এই প্রবণতা আপনারা তৈরী করেছেন। আমি আপনাকে অনুরোধ করি, আপনি সংশ্লিষ্ট সমস্ত দপ্তরকে নিয়ে একটা কো-অর্ডিনেশন করুন, এপেক্স কমিটি তৈরী করুন। করে বলুন, এই এই জায়গা ফ্লাড প্রোন এরিয়া, খরা প্রবণ এরিয়া এবং খরা প্রবণ এরিয়াতে যাতে মার্চ-এপ্রিল মাসে মানুষ খরাক্লিষ্ট না হয়, পাণীয় জল পায়, সে জন্য ডিপ টিউবওয়েল করতে হবে। আপনি বলুন, 'তোমার দপ্তর থেকে কি টাকা দেওয়া হবে, আমি তো এই টাকা দিচ্ছি।' আমি জানতে চাই কি ভাবে টাকা খরচ হচ্ছে। এইভাবে একটা পার্মানেন্ট এ্যাসেট করুন, একটা পার্মানেন্ট সলিউশন করুন।

আপনি হয়তো জানেন, হল্যান্ড দেশটা সমুদ্র লেভেল থেকে নীচে অবস্থিত। কিন্তু সেখানে প্রত্যেক বছর মানুষ বন্যায় পীড়িত হয় না, তাদের এ নিয়ে চিন্তা করতে হয় না। কারণ, তারা এমন পরিকাঠামো তৈরী করেছে যে সি লেভেল থেকে নীচে হওয়া সত্বেও বন্যায় মানুষ প্লাবিত হয় না, খরায় মানুষ ক্লিষ্ট হয় না, খোলা আকাশের নীচে মানুষকে

বসবাস করতে হয় না, বছরের একটা নির্দিষ্ট সময় তাদের মাথার ছাদ উড়ে যায় না। তারা যদি তা করতে পারে তাহলে আমরা কেন মালদা, মুর্শিদাবাদে পাকাপোক্ত ব্যবস্থা করতে পারব না খরা-প্রবণ এরিয়ায় সেচ ব্যবস্থা করে। ফেব্রুয়ারী, মার্চ, এপ্রিল, জুন - এই সাড়ে চার মাস গ্রীষ্মের দাবদহের মোকাবিলা করার জন্য কেন একটা পার্মানেন্ট এ্যাসেট তৈরী করতে পারব না?

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রীর দেওয়া হিসাব অনুযায়ী পুরুলিয়ায় ১৩ লক্ষ মানুষ খরায় আক্রান্ত হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি যদি মাননীয় মন্ত্রীর বিবৃতি পড়েন তাহলে দেখবেন ১৩ লক্ষ মানুষের জন্য সরকার থেকে অত্যন্ত অপ্রতুল ব্যবস্থা করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীর বিবৃতির মাঝখান থেকে তুলে দেখাচ্ছি যে, অনাবৃষ্টির ফলে ১,৮৯৮ টা গ্রামের ১৩ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হ'ল। আর, সেখানে ২৫০ মেট্রিক টন গম এবং ২০ মেট্রিক টন চাল বাঁকুড়া, পুরুলিয়ার মানুষের জন্য দেওয়া হ'ল। স্যার, আপনিও বাঁকুড়ার মানুষ, আপনি জানেন বাঁকুড়ায় মার্চ-এপ্রিল মাসে কি অবস্থা হয়।

১ লক্ষ ৩৫ হাজার হেক্টর কৃষিজমি ক্ষতিগ্রস্থ হল। সেখানে মাননীয় মন্ত্রী ২০ মেট্রিক টন খাদ্য, গম এই খরাক্লিষ্ট মানুষের জন্য ব্যবস্থা করলেন। এতে সেখানে গবাদি পশু গম পেল না, আর মানুষের কথা ভুলে যান। প্রয়োজনীয় যে যোগান, মানুষের যা প্রয়োজন সেটা মেটানোর জন্য ব্যবস্থা করুন। কিন্তু উপহাস করবেন না। এই মানুষগুলোকে নিয়ে বন্যার নাম করে, খরার নাম করে প্রতি বছর যে বার্ষিক লুট হয় সেটা বন্ধ করুন। প্রতি বছর ঈদ্ উৎসব ও দুর্গাপূজার সময় দুঃস্থ মানুষদের মধ্যে জামা-কাপড় বিতরণ করার জন্য এম. এল. এ. দের কিছু জামা-কাপড় দেওয়া হয়। কিন্তু যে জামা-কাপড়গুলো দুঃস্থ মানুষদের মধ্যে বিতরণ করার জন্য আপনি দেন সেগুলো জামা-কাপড়, নাকি গামছা, নাকি নেংটি? সেগুলো দিয়ে লজ্জা নিবারণ করা যায় না। সেগুলো কি মানুষ গায়ে দিয়ে বেড়াতে পারে? আপনারা ২০০ টা ধুতি, শাড়ী বিতরণ করার জন্য দেন। কিন্তু একটা বিধানসভা এলাকায় প্রায় ৮ লক্ষ মানুষ বাস করেন। সুতরাং ২০০ টা শাড়ী-ধুতি কতজনকে দেব? অন্ততঃ ৫০০ টা শাড়ী-ধুতি দেওয়ার ব্যবস্থা যদি করেন তাহলে অন্ততঃ দরিদ্রতম মানুষের কাছে সাহায্যের হাত প্রসারিত করা যাবে। এসবের ব্যবস্থা যতদিন না করছেন ততদিন এই বাজেটকে সমর্থন করা যায় না। আপনি ভাল লোক। কিন্তু বিভিন্ন দপ্তরের সঙ্গে আপনার কো-অর্ডিশেন করার দরকার। সেটা না হলে আপনি লক্ষ্যে পৌছাতে পারবেন না। সুতরাং যতদিন আপনি লক্ষ্যে পৌছাতে পারছেন না ততদিন এই ব্যয়বরাদ্দের বাজেটকে সমর্থণ করতে পারছি না।

[4.20–4.30p.m.]

**শ্রী গুরুপদ দত্ত ঃ পশ্চিমবঙ্গের ত্রাণ দপ্তরের মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থণ করে এবং বিরোধীদের আনীত কাট-মোশানের বিরোধীত করে আমি আমার বক্তব্য উপস্থিত করছি।** পশ্চিমবঙ্গ ভারতের একটা অঙ্গ

রাজ্য। এই অঙ্গরাজ্যের একটা আর্থিক সীমাবদ্ধতা আছে। এই আর্থিক সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারকে কাজ করতে হচ্ছে। আপনারা তো এতদিন দেশ চালিয়েছেন আপনারা তো এটা জানেন। তা সত্ত্বেও আপনারা ২২ বছর ধরে একই কাট-মোশান আনছেন, একই বিষয়ে বেশী উল্লেখ করার চেষ্টা করছেন। অনেক জায়গায় পঞ্চায়েত ও পৌরসভাতে আপনারা নির্বাচিত হয়েছেন। তাহলে কি একথা বলবেন যে সেখানে দলবাজি হয়েছে? আমার এলাকা দাঁতনে ঘূর্ণিঝড় হল। সেই ঘূর্ণিঝড়ের ব্যাপারে সেখানে সর্বদলীয় কমিটি গিয়েছিলেন, সেই কমিটি রিপোর্ট পেশ করেছেন। সেই রিপোর্টে সেখানে ত্রাণের অপ্রতুলতা হয়েছে, দলবাজি হয়েছে একথা তো বলা হয় নি। আগে কংগ্রেস আমলে বন্যা, খরার সময় গ্রামের মানুষ শহরে এসে ভীড় করত। কিন্তু ২২ বছরে বামফ্রন্ট সরকারের আমলে খরা বা বন্যার সময় গ্রাম থেকে কোন মানুষ কলকাতা শহরে এসে ভীড় করেন নি। একথা কি ওরা স্বীকার করবেন না? আপনারা বলছিলেন মাটির তলার জল ব্যবহারের জন্য তুলে নেওয়ার ফলে খরার সময়ে জলের অভাব দেখা দিচ্ছে। সেই ব্যাপারটাও আপনারা ত্রাণ দপ্তরের উপর চাপাচ্ছেন। জল নিষ্কাশনের বিষয়টাও আপনারা ত্রাণ দপ্তরের উপর চাপাচ্ছেন। কিন্তু ১৩ মাসের কেন্দ্রীয় সরকার আমাদের যে বঞ্চিত করেছেন সেটা যদি উল্লেখ করতেন তাহলে আমি খুশী হতাম। পশ্চিমবঙ্গ থেকে ন্যাচারাল ক্যালামিটিস ইন ওয়েষ্ট বেঙ্গল, ১৯৯৮ সংক্রান্ত রিপোর্ট প্লেস করে যে আর্থিক দাবি করা হয়েছিল সেই দাবির পরিপ্রেক্ষিতে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আজ পর্যন্ত জাতীয় দুর্যোগজনিত ত্রাণ-তহবিল থেকে একটা টাকাও পশ্চিমবঙ্গকে দেওয়া হয় নি। অথচ এ-কথাটা বিরোধী দলের মাননীয় সদস্য একবারও বললেন না। বামফ্রন্ট সরকারের ত্রাণ দপ্তরের মাধ্যমে শহরে অন্ধ, খঞ্জ, অনাথ ও উপার্জনে অক্ষম মানুষদের জন্য সাধারণ খয়রাতি সাহায্য দেওয়া হয়। আমাদের এম. এল. এ.-দের মাধ্যমে ঈদ ও দুর্গাপূজার প্রাক্কালে জামা কাপড়, সুতী কম্বল, শিশু বস্ত্র প্রভৃতি ত্রাণ সামগ্রী তাঁদের এলাকার সাধারণ মানুষদের মধ্যে বিলি-বন্টন করতে দেওয়া হয়। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রস্তাব হচ্ছে, বন্যার সময় - আমি বন্যা কবলিত এলাকার এম. এল. এ. হিসাবে বলছি—এম. এল. এ.-দের মাধ্যমে কিছু ত্রিপল বিলি-বন্টনের ব্যবস্থা করলে ভাল হয়। আমরা জানি আমাদের ত্রাণ দপ্তর থেকে টি. বি. বা যক্ষ্মা রোগমুক্ত দুর্বল শ্রেণীর মানুষদের আর্থ-সামাজিক পুনর্বাসনের জন্য অনুদান দেওয়া হয়। পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ দপ্তরের তত্ত্বাবধানে রূপায়িত কুটির বীমা প্রকল্পের মাধ্যমে গ্রামে দুর্ঘটনাজনিত অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের ঘরবাড়ি নির্মাণের উদ্দেশ্যে অর্থ সাহায্য করা হয়। এই প্রসঙ্গে আমাদের মনে রাখতে হবে যে, একটা আর্থিক সীমাবদ্ধতার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার পরিচালনা করছে। তা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ দপ্তর যে কাজ-কর্ম করে চলেছে তার জন্য তারা নিশ্চয়ই প্রশংসা পাবার যোগ্য। আমাদের এটা ভুলে গেলে চলবে না যে, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আর্থিক দিক দিয়ে শহর এবং গ্রামের সাধারণ গরীব মানুষদের স্বাবলম্বি করে তুলতে চায়। স্বাভাবিকভাবেই আমরা ত্রাণের ওপর বেশী নির্ভর করতে চাই না। যদিও আমাদের বিরোধীদের অনুসৃত নীতির ফলে সৃষ্ট শ্রেণীবিভক্ত সমাজের অসহায়

মানুষদের জন্য কিছু, না কিছু করতেই হয়। সে কথা মনে রেখেও গ্রাম-শহরের সাধারণ গরীব মানুষদের স্বাবলম্বী করার লক্ষ্যে বামফ্রন্ট সরকারের প্রতিটি দপ্তরের বাজেট এখানে উত্থাপিত হয়েছে। ত্রাণ দপ্তরের বাজেটও সেই লক্ষ্যকে সামনে রেখেই উত্থাপিত হয়েছে। সুতরাং আমি এই বাজেটকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী মতি শান্তা ছেত্রী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে রিলিফ ডিপার্টমেন্টের ৪৪ নং দাবির অধীনে যে বাজেট পেশ করা হয়েছে সে সম্বন্ধে আমি দু'চারটে কথা এই হাউসে রাখতে চাই। স্যার, আপনি জানেন দার্জিলিং পাহাড়ী এলাকায় প্রতি বছর ল্যাণ্ড স্লাইড হয়, বহু বাড়ি-ঘর ড্যামেজ হয়, মানুষ মারা যায়। আমরা জানি গত বছর—'৯৮-এর ৭ই জুলাই ওখানে বড় আকারের ল্যাণ্ড স্লাইড হয়েছিল। গত ২২শে জুন কার্শিয়াং সাব-ডিভিশনের সিটং এবং সিলপুতে ল্যাণ্ড স্লাইডে ১২ জন মানুষের মৃত্যু হয়েছিল, অনেক মানুষ ইঞ্জিয়োর্ড হয়েছিল, অনেক বাড়ি-ঘর ভেঙে গিয়েছিল। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে এখানে বলতে বাধ্য হচ্ছি যখন ওখানকার পাহাড়ী মানুষেরা ঐ রকম বিপদের মধ্যে পড়েছিল তখন ওখানে কোন রকম রিলিফ মেটিরিয়াল গিয়ে পৌঁছয় নি। সাফিসিয়েন্ট রিলিফ মেটিরিয়াল কখনোই পাহাড়ী মানুষদের কাছে গিয়ে পৌঁছয় নি। গত ২২শে জুন যে ল্যাণ্ড স্লাইড হয়েছিল সে সময় আমাদের রিলিফ মিনিষ্টার স্বয়ং কার্শিয়াং শহর পর্যন্ত গিয়েছিলেন। সেখান থেকে সিটং, সিলপু তিন, চার ঘন্টা পায় হেঁটে যেতে হয়। আমি নিজে সেখানে গিয়েছিলাম। আমি গিয়ে দেখেছি, ব্লক থেকেই বলুন, ডি. এম. অফিস থেকেই বলুন, কোন রিলিফ সেখানে যায় নি। পরবর্তীকালে যে রিলিফ মেটিরিয়াল সেখানে গিয়েছিল তা প্রয়োজনেব তুলনায় খুবই কম ছিল। কম্বলেব সংখ্যা খুবই কম ছিল। ল্যাণ্ড স্লাইডে বাড়ি-ঘর সব নষ্ট হয়ে গিয়েছিল। ফলে মানুষের পরার মত জামা কাপড় পর্যন্ত ছিল না। মাননীয় মন্ত্রী মহাশয়, পাহাড়ে প্রতি বছরই মনসুন আসার আগেই বৃষ্টি শুরু হয়ে যায়। ফলে কখন ল্যাণ্ড স্লাইড হবে কেউ বলতে পারে না। তাই আপনাকে আমি অনুরোধ করছি, আগামী বছর থেকে বিফোর রেণি সিজন, বিফোর মনসুন, বৃষ্টি শুরু হওয়ার আগেই পাহাড়ে রিলিফ মেটিরিয়ালস পৌঁছে দেওয়ার ব্যবস্থা করুন। পাহাড়ে শুধু মাত্র বৃক্ষ কাটার জন্যই ল্যাণ্ড স্লাইড হয় না। এর পেছনে বহু কারণ আছে। আমাদের হিলে কতগুলো সিংকিং জোন আছে, পুয়োর ড্রেনেজ সিস্টেম আছে, তারপর ডিফরেস্টেশন তো আছেই। সুতরাং ল্যাণ্ড স্লাইড প্রতিরোধ করার জন্য সব ডিপার্টমেন্টকে এগিয়ে আসতে হবে। পি. ডব্লু. ডি.-কে এগিয়ে আসতে হবে, ফরেষ্ট ডিপার্টমেন্টকে এগিয়ে আসতে হবে। মিউনিসিপ্যালিটি, পঞ্চায়েত, সবাইকে এগিয়ে আসতে হবে, মানুষকে সচেতন করতে হবে।

[4.30—4 40 p.m.]

এবং ল্যাণ্ড-স্লাইড কিভাবে কমানো যায় তারজন্য সব ডিপার্টমেন্টকে এগিয়ে আসার জন্য আবেদন করছি। আপনি জানেন, রিলিফ ডিপার্টমেন্ট আমাদের দার্জিলিং

গোর্খা পার্বত্য পরিষদের আওতায় পড়ছে না। তবুও আমাদের দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ গতবারে অর্থাৎ ১৯৯৮ সালের ল্যাণ্ড-স্লাইডে যে বহু ক্ষতি হয়েছিল ঐ সময়ে গোর্খা হিল কাউনসিলের পক্ষ থেকে বিভিন্ন সাব-ডিভিশনে একটা রিলিফ কমিটি তৈরী করেছে এবং গতবার যারা মারা গেছে তাদের পরিবারকে ৫ হাজার টাকা করে এবং যেখানে যেখানে ভিক্‌টিম্‌স ছিল তাদের ফুডগ্রেন, ইউটেনসিল এবং অন্যান্য জিনিস ডিসট্রিবিউট করেছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের বাজেট বইতে দেখলাম, দশম অর্থ কমিশনে রিলিফ ডিপার্টমেন্ট থেকে রেসটোরেশন ওয়ার্ক এবং রিপেয়ারের জন্য উনি টাকা বরাদ্দ করেছেন। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ নোডাল ডিপার্টমেন্ট, একটা এজেন্সি। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো, টেন্থ ফিনান্স কমিশন থেকে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে রেসটোরেশন ওয়ার্ক এবং রিপেয়ারস ওয়ার্কের জন্য কিছু টাকা বরাদ্দ করা হোক। স্যার আপনি জানেন, দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ রিলিফ ডিপার্টমেন্টের আওতায় না থাকা সত্বেও গত বছর ন্যাশনাল হাইওয়ে - ৫৫ যখন ধ্বংস হয়েছিল— আপার পাগলা-ঝোড়া এবং লোয়ার পাগলা ঝোড়া, তখন পার্বত্য পরিষদের পক্ষ থেকে এক্সকাভেটর দিয়ে রাস্তা মেরামত করার জন্য অনেক সাহায্য করেছিল। সেইজন্য মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন করছি, টেন্থ ফিনান্স কমিশন থেকে হিল কাউনসিলকে রেসটোরেশন ওয়ার্ক এবং রিপেয়ার ওয়ার্কের জন্য কিছু টাকা বরাদ্দ করা হোক। আজকে বাজেট বইতে দেখলাম উনি প্ল্যান বাজেট থেকে কনস্ট্রাকশন অফ রিলিফ কমপ্লেক্স অর্থাৎ উনি রিলিফ গো-ডাউন তৈরী করছেন। আমি ওনাকে দুঃখের সঙ্গে বলতে চাই, দার্জিলিং-এ যে ডি. এমের অফিস আছে সেই ডি. এমের অফিসে একটাও রিলিফ গো-ডাউন নেই। সত্যি কথা বলতে গেলে, রিলিফ মেটিরিয়ালস দার্জিলিং সার্কিট হাউসে ঘরের মধ্যে রাখতে হয়। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি, দার্জিলিং-এর জন্য রিলিফ মেটিরিয়ালস রাখার জন্য গো-ডাউন তৈরী করা হোক আর প্রতি বছর দার্জিলিং-এ যে ল্যাণ্ড-স্লাইড হয় তার ফলে বহু মানুষ বে-ঘর হয়ে যায়। দার্জিলিং-এর হিল পিউপিলের জন্য আমি অনুরোধ করবো, দার্জিলিং-এ রিলিফ কমপ্লেক্স তৈরী করা হোক। সর্বশেষে আবার বলছি, আমাদের হিল এলাকায় ১২ মাসের মধ্যে ৭।৮ মাস খুব ঠান্ডা। সেই জন্য প্রতি বছর আপনার ডিপার্টমেন্ট থেকে ২ লক্ষ টাকার ওয়ার্ম গারমেন্টস গরীব মানুষদের জন্য দিত। সেই ২ লক্ষ টাকার ওয়ার্ম গারমেন্টস আজ ৩ বছর যাবৎ রিলিফ ডিপার্টমেন্ট থেকে পাওয়া যাচ্ছে না। তাই আমি আবেদন করবো, প্রতি বছর ২ লক্ষ টাকার ওয়ার্ম গারমেন্টস দেওয়া হোক এবং বিগত ৩ বছরের টাকা এবং এ বছরের টাকাও দেওয়া হোক বলে আমি আবেদন করছি। সর্বশেষে আমি বলতে চাই, এম. এল. এদের কোটায় যে ধরণের কাপড় দিচ্ছেন সেগুলি হিল এলাকায় সুইটেব্‌ল নয় এবং তার কোয়ালিটিও ভাল নয়। তাই আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি, এম. এল. এদের জন্য যে কাপড় দেওয়া হবে, যে কোন ফেস্টিভ্যালে যেমন, ঈদ্ এবং দুর্গাপূজোর সময়ে তখন যেন কাপড়ের কোয়ালিটি ভাল হয় এবং কোয়ানটিটিও যেন বাড়ানো হয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ত্রাণ দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী সত্যরঞ্জন মাহাতো যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী পঙ্কজ ব্যানার্জী মহাশয় এই ব্যয়বরাদ্দের উপর আলোচনা করতে গিয়ে খুব ভাল বক্তব্য রেখেছেন। তিনি যে বক্তব্য রেখেছেন তার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। তবে একটা কথা তিনি যা বলার চেষ্টা করেছেন সে সম্পর্কে বলি, বামফ্রন্ট সরকার কখনও এটা বলে নি যে পশ্চিমবঙ্গে বন্যা এবং খরাপীড়িত মানুষদের সাফিসিয়েন্ট ত্রাণের ব্যবস্থা সরকার থেকে করতে পারা গিয়েছে। এ দাবী আমরা কোনদিনই করি নি। আমাদের বক্তব্য এইটুকুই যে, মানুষ যখন প্রাকৃতিক দুর্যোগের মধ্যে পড়ে তখন আমরা তাদের কাছে সাহায্যের হাত বাড়িয়ে দিই। কিছু খাদ্য, কিছু কাপড়, কিছু পলিথিন নিয়ে আমরা দুর্গত মানুষদের পাশে গিয়ে দাঁড়াই। একটা কথা এই প্রসঙ্গে মনে রাখা দরকার যে এই ত্রাণ দপ্তরকে বিভিন্ন দপ্তরের দায়ভার বহন করতে হয়। যেমন, সেচ ও জলপথ দপ্তর। সেচ ও জলপথ দপ্তরের কাজ হচ্ছে বন্যা নিয়ন্ত্রণ করা ও ভাঙ্গন রোধ করা। যখন এই দপ্তরের বন্যা নিয়ন্ত্রণ করতে পারে না, ভাঙ্গন প্রতিরোধ করতে পারে না, ধ্বস আটকাতে পারে না এবং তার ফলে মানুষ বিপদে পড়ে তখন এই ত্রাণ দপ্তরকে মানুষের পাশে গিয়ে দাঁড়াতে হয়। এমন কি মানুষ এই যে অচেতন মনে বন, জঙ্গল ধ্বংস করে ফেলছে, পাহাড় নষ্ট করছে, নদী, নালা ভরাট করছে এর ফলে প্রতি বছর পশ্চিবঙ্গের কোন অংশে বন্যা আবার কোন অংশে খরা হচ্ছে এর ফলেও মানুষ দুর্গত হয়ে পড়ছে এবং এই ত্রাণ দপ্তরকে মানুষের পাশে গিয়ে দাঁড়াতে হচ্ছে। আমার সময় কম, এখন আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবেচনার জন্য কয়েকটি সাজেশান রাখবো। আপনার দপ্তরের যে ইঞ্জিনিয়ারিং সেকসানটা সেটা এখনও আছে। আপনার দপ্তর কিন্তু এখন ঘরবাড়ী তৈরী করে না, ব্রীজ তৈরি করে না, বাঁধ তৈরি করে না অথচ এই ইঞ্জিনিয়াররা বসে বসে মাহিনা পাচ্ছে। আমি যতদূর খবর রাখি এই ইঞ্জিনিয়ারদের বিভিন্ন দপ্তরের সঙ্গে যুক্ত করে দেওয়া হয়েছে। তারা পঞ্চায়েত দপ্তরের কাজ করছে, পি. ডব্লু. ডি. দপ্তরে কাজ করছে ইত্যাদি। তা যদি হয় তাহলে এদের দায়ভার আপনি নিচ্ছেন কেন? তাহলে তাদের ট্যাগ করুন পঞ্চায়েতের সঙ্গে, তাদের ট্যাগ করুন পি. ডব্লু. ডি'র সঙ্গে যাতে আপনার উপর যে দায়ভারটা আছে সেটা কমে আসতে পারে। তারপর বন্যার সময় যেসব বাড়ী সম্পূর্ণ নষ্ট হয়ে যায় তারজন্য দু হাজার টাকা করে দেওয়া হয় এবং যে সমস্ত বাড়ী আংশিক নষ্ট হয় তাদের এক হাজার টাকা করে দেওয়া হয়। এই টাকা নিয়ে অনেক অভিযোগ আসে। অভিযোগটা হচ্ছে বেনিফিসিয়ারি যারা সিলেকটেড হন তাদের মোড অব পেমেন্টের ব্যাপারে একজন গ্রাম-পঞ্চায়েতের সদস্য বা পঞ্চায়েতের সদস্য, তিনি গিয়ে সেখানে আইডেনটিফিকেশান করেন যে এই লোকের বাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে, বাড়ী পড়ে গিয়েছে একে টাকা দেওয়া হোক। এই আইডেনটিফিকেসানের ভিত্তিতে বি. ডি. ও. অফিস থেকে টাকা দেওয়া হয়। দেখা যায় অনেক ক্ষেত্রে আসল বেনিফিসিয়ারিরা সেই টাকা পায় না, অন্য লোক অসৎ উপায়ে সেই টাকা তুলে নিয়ে চলে যায়। এটা আটকানোর জন্য আমার সাজেসান হচ্ছে, ফায়ার এ্যাকসিডেন্ট কেসে

যেভাবে পেমেন্ট করা হয় সেইভাবে বাই এ্যাকাউন্ট পেয়ি চেকে টাকাটা আপনার দপ্তর থেকে বেনিফিসিয়ারীদের কাছে পাঠিয়ে দেওয়া হোক। পঞ্চায়েত বেনিফিসিয়ারী সিলেকসান করুক কিন্তু আপনার দপ্তর থেকে বেনিফিসিয়ারির কাছে এ্যাকাউন্ট পেয়ি চেকের মাধ্যমে টাকাটা পাঠানো হোক। এটা হ'লে সঠিক বেনিফিসিয়ারিরা টাকাটা পাবে। এম. এল. এ.-দের আপনার দপ্তর থেকে তার এলাকার লোকেদের দেবার জন্য পূজা এবং ঈদের সময় কিছু কাপড় দেওয়া হয়। এই কাপড়ের পরিমাণ খুবই কম। এ প্রসঙ্গে অন্যান্য মাননীয় সদস্যরা বলেছেন। আমিও বলছি, এর পরিমাণ বাড়ানো দরকার। তারপর এম. এল. এ.-দের বলা হয় মাষ্টার রোল সাবমিট করো বি. ডি. ও. এবং এস. ডি. ও. অফিসে। কিন্তু আপনি জানেন যে, এম. এল. এ-দের বলা হয় মাষ্টার রোল তৈরী করে এস. ডি. ও., ডি. এম. অফিসে গিয়ে জমা দিতে হবে। এম. এল. এ'রা তো কর্মচারী নন। কাজেই আমি অনুরোধ করবো যে, এম. এল. এ.-দের যাতে এই ফেসিলিটি দেওয়া হয় যে তারা ইউটিলাইজেশান সার্টিফিকেট দিলে সেটা যেন যথেষ্ট বলে গ্রহণ করা হয়।

[4.40–4.50 p.m.]

**শ্রী অসিত কুমার মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী সত্যরঞ্জন মাহাতো যে বাজেট বিবৃতি এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে এবং কংগ্রেস পক্ষ থেকে যে কাট-মোশানগুলি আনা হয়েছে তার সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এই বিরোধিতার কারণ হচ্ছে, রাজ্যে যে খরা, বন্যা, সাইক্লোন ইত্যাদি প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত মানুষের জন্য ত্রাণ ব্যবস্থা ঠিক মত মানুষের কাছে পৌঁছায়নি। গত বন্যায় মালদা, মুর্শিদাবাদ, দিনাজপুরে সঠিক সময়ে উপযুক্ত ত্রাণের ব্যবস্থা করতে পারেন নি এবং যেখানে যেখানে জল সরবরাহের প্রয়োজন ছিল সেখানে সঠিক ভাবে জল সরবরাহ করতে পারেন নি। আপনি নিজেও জানেন যে আপনার ত্রাণ দপ্তরের ব্যর্থতা কেন। আপনার সদিচ্ছা আছে আমরা জানি। কিন্তু পশ্চিমবাংলায় এই সি. পি. এম পার্টি সর্বক্ষেত্রে রাজনীতি করতে চায়। এই রাজনীতি করতে গিয়ে, দূর্নীতি করতে গিয়ে প্রত্যেকটি দপ্তরকে পথে বসিয়েছে। আপনার সদিচ্ছা থাকা সত্ত্বেও আপনি মানুষের জন্য ত্রাণের ব্যবস্থা সঠিকভাবে পরিচালনা করতে পারছেন না। আপনি নিজে জানেন যে, সারা পশ্চিমবাংলায় যে ভাবে প্রতি বছর বন্যা হয়, সারা পশ্চিমবাংলায় যেভাবে খরা আসে, সারা পশ্চিমবাংলায় যে ভাবে দুর্যোগ হয়, সেই দুর্যোগের মোকাবিলা করতে আপনার দপ্তরের যে ভূমিকা থাকা প্রয়োজন, বা সরকার পক্ষ থেকে যে সমস্ত মেটেরিয়াল দেবার কথা, আপনি সেটা দিতে পারেন না। এটা খুবই দুঃখের বিষয়। আপনাকে একটা কথা মনে করিয়ে দিতে চাই যে, আপনি আপনার ক্ষমতার মধ্যে দিয়ে যেটুকু ত্রাণ ব্যবস্থা দেবেন সেটা খুব পরিস্কার, পরিচ্ছন্ন এবং সঠিক সময়ে দেবেন। বর্ষায় যে গরীব মানুষগুলির বাড়ী ভেঙ্গে গেল আপনি সেখানে ৫ শত টাকা থেকে ১ হাজার টাকা দি' ছেন একটা বাড়ী তৈরী করার জন্য এবং সেটাও পেতে তাদের সময় লাগছে। এর ফলে যে কাজের জন্য তাদের টাকা দিচ্ছেন সেটাও কোন

কাজে লাগছে না। কাজেই এক্ষেত্রে আপনাকে বলবো যে সঠিক সময়ে যাতে গরীব মানুষগুলি তার টাকা পেতে পারে সেই ব্যবস্থা করবেন। আর একটা বাড়ী তৈরী করার জন্য যেটা মাত্র ৫ শত টাকা থেকে হাজার টাকা করেছেন, সেটাকে ৫ হাজার টাকা করুন তাহলে সেটা তাদের কাজে লাগবে। আর যে সমস্ত টার্পোলিন ব্লকে ব্লকে পাঠানো হচ্ছে দুর্যোগপূর্ণ এলাকায়, সেই টার্পোলিনগুলি অত্যন্ত খারাপ। সি. পি. এম. পার্টির লোকেরা এর থেকে কাট মানি খায় তার ফলে যে টার্পোলিনগুলি দেওয়া হয় সেগুলি অত্যন্ত খারাপ মানের। গরীব মানুষগুলি সেই টার্পোলিন বি. ডি. ও অফিস থেকে নিয়ে যেতে যেতে সেগুলি ছিঁড়ে যায়, সেগুলি এত ব্যবহারের অযোগ্য। কাজেই এদিকে আপনি নজর দেবেন। আর একটি কথা এখানে প্রত্যেক সদস্যরা বলেছেন, কংগ্রেসের সদস্যরাও বলেছেন। এম. এল. এ-দের যে সমস্ত কাপড় দেওয়া হয় সেগুলি কিসের জন্য দেওয়া হয়? মানুষের জন্য দেওয়া হয়। কোন মানুষের জন্য দেওয়া? দুর্দশাগ্রস্ত গরীব মানুষের জন্য দেওয়া হয়। কিসের জন্য দেওয়া হয়? লজ্জা নিবারণ করার জন্য দেওয়া হয়। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে কাপড়, লুংগী, শাড়ী, ধুতি দেওয়া হয় তাতে লজ্জা নিবারণ হয় না, পুরোটা দেখা যায়। আমি ভেবেছিলাম যে, আপনাকে দৃষ্টান্ত সহকারে একটা দেখাবো, কিন্তু সেই কাপড় খুঁজে পাওয়া যায়নি। সেই কাপড় দিয়ে লজ্জা নিবারণ হয় না। আপনাকে ধন্যবাদ যে, আমি একথা গত বিধানসভায় বলার পরে আপনি কিছু ব্যবস্থা নিয়েছেন। আজকে কিছুটা ভাল হয়েছে। কিন্তু আপনার দপ্তরের দুর্নীতি সম্পর্কে বলতে চাই। আপনি ব্যবস্থা নেবার পরে কিছুদিন ধরে কিছু ভাল লুংগী, কিছু ভাল কাপড় লোকে পেয়েছে। কিন্তু তারপরই আবার সেই পুরাতন মালগুলি চলে আসছে। সেই মালগুলি কিভাবে আসছে? মানুষের প্রয়োজনীয় ত্রাণটুকু আপনারা দিতে পারছেন না, তার মানে আপনারা দুর্নীতি করছেন। ভাল মাল বাজারে পাঠিয়ে দিয়ে পুরাতন মাল পাঠাচ্ছেন। কাজেই এদিকে একটু নজর রাখবেন। আবার দেখতে পাচ্ছি আমাদের পূজার সময় এম. এল. এ. কোটা হিসাবে দেবেন হয়তো ১০০ পিস শাড়ি, ২০০ পিস ধুতি এবং ছেলেমেয়েদের জন্য ৪০০ -র মত জামা-প্যান্ট ইত্যাদি। সব মিলিয়ে ৭০০ পিসের মত দেবেন। কিন্তু তারই পাশাপাশি মুসলমানদের ঈদে এম. এল. এ. কোটায় দেবেন লুঙ্গি শাড়ি মিলিয়ে ১৫০ পিস। কাজেই দুই-এর মধ্যে কিন্তু সামঞ্জস্য থাকছে না। একটি বিধানসভা কেন্দ্রে অনেকগুলো গ্রাম থাকে, কাজেই যে পরিমাণ মাল দেন তাতে গ্রামের অধিকাংশ গরীব মানুষের ভাগ্যে এক পিস করেও ধুতি শাড়ি ইত্যাদি জোটে না। কাজেই আমার অনুরোধ, এম. এল. এ. কোটায় যে সব মাল দেন তার কোয়ালিটি ভাল করুন এবং কোয়ান্টিটি বাড়ান। সাম্প্রতিক দাঙ্গায় আমার এলাকায় ১২০টি বাড়ি জ্বালিয়ে দেওয়া হয়েছে। আপনি নিজে গিয়ে সে সব দেখে এসেছিলেন। ঐ সব মানুষের যে ক্ষতি হয়েছে সে সব কি আপনি পূরণ করতে পেরেছেন? ঐসব পুড়ে যাওয়া বাড়ি তৈরী করতে আপনার সরকার কত টাকা দিয়েছেন? সেখানে অনেক রাজনৈতিক দল সাহায্য পাঠিয়েছেন, কিন্তু আপনার দল সি. পি. এম. শুধু রাজনীতি এবং দুর্নীতি করছেন। তার জন্য কংগ্রেসের আনিত কাট মোশানকে সমর্থন করে এবং আপনার বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.50–5.00 p.m.]

**শ্রী বাচ্চামোহন রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ত্রাণমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধী দলের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। স্যার, প্রতি বছরই দেখা যায়, রাজ্যের মানুষ প্রাকৃতিক দুর্যোগের কবলিত হন, বিশেষ করে অনেক মানুষ বন্যায় কবলিত হন। এক্ষেত্রে যদিও বামফ্রন্ট সরকার তাদের সাধ্যের মধ্যে ত্রাণের কাজটা যথাযথভাবেই করছেন, তথাপি এক্ষেত্রে আমি একটি প্রস্তাব এখানে রাখছি। আমরা দেখতে পাচ্ছি, প্রতি বছরই রাজ্যের বিশেষ কয়েকটি জায়গায় বন্যা হয়। কিন্তু বন্যা হলে সেখানকার মানুষদের উদ্ধার করে নিয়ে তুলবার মত কোন স্থায়ী ত্রাণ শিবির নেই। বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের স্থায়ী ত্রাণ শিবিরের অভাব রয়েছে।

কাজেই এটা আপনাকে বিবেচনা করে দেখতে হবে। যে সমস্ত এলাকা বন্যা প্রবণ এলাকা সেই সমস্ত এলাকায় স্থায়ী ভাবে একটা ত্রাণ শিবির করা যায় কিনা। সেই ত্রাণ শিবিরে দুর্গত মানুষদের যাতে নিয়ে ত্রাণের ব্যবস্থা করা যায় সেটা দেখতে হবে। আমি আর একটা বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বন্যায় এবং অগ্নিকান্ডে গ্রামেগঞ্জে দরিদ্র শ্রেণীর মানুষদের ঘর বাড়ি নষ্ট হয়ে যায় এবং ভষ্মীভূত হয়ে যায় তাদের গৃহ নির্মানের জন্য অনুদান দেওয়ার ব্যবস্থা আছে। এই গৃহ নির্মান অনুদান পাওয়ার ক্ষেত্রে বিলম্বিত হয়। এই গৃহ নির্মান অনুদান পাওয়ার ক্ষেত্রে নিয়ম-কানুন আছে সেইগুলি সরলীকরণ হওয়া দরকার। দুর্গত মানুষ, যাদের ঘর-বাড়ি নষ্ট হয়ে যায় তারা যাতে অতি সত্তর অনুদান পেতে পারে সেটা দেখা দরকার। আমি আর একটা বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো। আমাদের সাবজেক্ট কমিটির যে রিপোর্ট সেই রিপোর্ট পড়ে আমার দৃষ্টি গোচর হলো। গত বছর বাঁকুড়া এবং পুরুলিয়ায় খরা হয়েছে, এটা ঠিক ভাবে মোকাবেলা করা যায় নি, উল্লেখ আছে। ওখানে বরাদ্দকৃত যে অর্থ তার বেশীর ভাগ অর্থ যথা সময়ে রিলিফের কাজে লাগানো হয় নি। যার ফলে খরার মোকাবিলা যথাযথ সময়ে হয় নি। এটা যাতে ভবিষ্যতে না হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পূজোর সময় বিধায়কদের যে কাপড় দেওয়া হয় বিলি-বন্টনের জন্য সেই কাপড়ের সংখ্যা এবং মান-উৎকর্ষতা বাড়ানো দরকার। আমি এই প্রস্তাব রেখে বাজেটকে আবার সমর্থন করে, বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী এবং সরকার পক্ষের সব মাননীয় সদস্যদের বক্তব্য আমি মন দিয়ে শুনলাম। প্রত্যেকেই জানেন এবং প্রত্যেকেই অবহিত আছেন এই বিজ্ঞান এবং প্রযুক্তির যুগেও প্রকৃতির কাছে আমাদের ক্ষমা নেই। প্রকৃতির কবলে আমাদের প্রতি বছর আসতেই হচ্ছে। বন্যা যেমন ভাবে আসছে, খরা অনুরূপ ভাবে এসে যাচ্ছে। অনুরূপ ভাবে টর্নেডো প্রকোপে পড়ে অনেক ক্ষতি হয়ে

যাচ্ছে। অনেকের বক্তব্যেই শুনলাম যে ত্রাণ ব্যবস্থা কম হয়েছে। ত্রাণ সত্যিই অপ্রতুল, এটা ঠিক। অনেকে বলেছেন যে বিভিন্ন দপ্তরকে যে টাকা দেওয়া হয় সেই টাকা যদি ত্রাণ দপ্তর খরচ করে তাহলে ভাল হয়। কিন্তু মনে রাখবেন বিভিন্ন দপ্তরকে যদি টাকা না দেওয়া হয় তাহলে কখনও কাজ হতে পারে না। কারণ কৃষি দপ্তরের কাজে যদি কৃষি দপ্তরকে টাকা না দেওয়া হয় তাহলে বীজ মিনিকিট ত্রাণ দপ্তর কোথা থেকে নিয়ে আসবে? সেচ দপ্তরের কাজ ত্রাণ দপ্তর করতে পারবে না। একজন সদস্য বললেন ত্রাণ দপ্তরের ইঞ্জিনিয়ারের ব্যাপারে।

তাদের কাজ ছিল ১৯৭৭ সালের আগে। তার পরবর্তীকালে কিন্তু সেই দপ্তরে তাদের কোন কাজ নেই। সমস্ত টাকাই বিভিন্ন দপ্তরকে দেওয়া হয়। তারা টাকার হিসাব ঠিকই দেয়। কারণ টাকা দিলে তারা ইউটিলাইজেশান সার্টিফিকেট দেয়। অডিট রিপোর্ট আমাদের কাছে আসে। হিসাব না দেওয়ার কথা নয়। বন্যার ফলে ব্যাপক ক্ষতি হয়েছে এই বছরে, অনুরূপ ভাবে খরাও হয়েছে। ইতিপূর্বে অভূতপূর্ব টর্ণাডোও হয়েছে। সেই ক্ষয়ক্ষতি পূরণ করতে ত্রাণ দপ্তরে যে বাজেট ছিল তাতে কুলায় নি। পরবর্তীকালে বাড়ি তৈরী করার জন্য হাডকো থেকে টাকা নিতে আমাদের বাধ্য হতে হয়েছে। ন্যাচারাল ক্যালামিটিজে বন্যা, ধ্বস এবং খরার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে টাকা পাঠাবার জন্য মেমোরেন্ডাম পাঠানো হয়েছিল। সেই টাকা কিন্তু এখনও আমাদের হাতে আসেনি। সেই বাবদ ৭০৬ কোটি ৩৭ লক্ষ টাকা পাওয়ার কথা ছিল। ঐ মেমোরেন্ডামে সব উল্লেখ ছিল। সেই টাকা আমরা পাইনি। আমরা যে টাকা খরচ করেছি, আপনারা নিশ্চয়ই বাজেট বই পড়েছেন, দেখেছেন যে, বাজেটে মাত্র ৫৬.৯২ কোটি টাকা ছিল। তার মধ্যে ঘাটতি বাজেটে ৭.২০ কোটি টাকা ছিল। তবুও এই ত্রাণ দপ্তর ৭১ কোটি ২ লক্ষ ৫২ হাজার টাকা খরচ করেছে বিভিন্ন দপ্তরের মাধ্যমে - কৃষি, প্রাণীসম্পদ বিকাশ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, পৌর দপ্তর, সেচ ও জলপথ দপ্তর, কারিগরি দপ্তর, পূর্ত ও সড়ক, জনসংযোগ এবং অন্যান্য দপ্তরের মাধ্যমে। বিভিন্ন দপ্তরকে ৭১ কোটি ২ লক্ষ ৫২ হাজার টাকা দেওয়া হয়েছে। এছাড়া আমাদের ত্রাণ দপ্তর থেকে শুধু বন্যা, খরা এবং ধ্বসের ক্ষেত্রেই সাহায্য করা হয় না, অন্যদিকেও - আপনারা এর আগে বাজেট হলো, সেই বাজেটেও দেখলেন, যারা ফিজিক্যালি হ্যান্ডিক্যাপ্‌ড, অনুদান হিসাবে আমরা তাদের টাকা দিয়ে থাকি। অন্ধ, খঞ্জ, যারা উপার্জনাক্ষম তাদের এই দপ্তর থেকে টাকা দেওয়া হয়। ঈদ এবং পূজার সময়ে এম. এল. এরা যে কাপড় দেন, সেই কাপড়ের কোয়ালিটি সম্বন্ধে যা বললেন, সংশ্লিষ্ট এম. এল. এ কি কোয়ালিটির কাপড় নিয়েছেন তা হয়তো তিনি চোখে দেখেন নি। যদি দেখে থাকেন তাহলে বলবো, কাপড়ের কোয়ালিটি নিশ্চয়ই ভাল হয়েছে। আমি আপনাদের কাছে অনুরোধ করছি, আপনারা সেই কাপড়ের কোয়ালিটি দেখে নেবেন। আমরা যে পরিমান কাপড় ত্রাণ দপ্তর থেকে দিয়ে থাকি, আমি নিজেও মনে করি সেটা অপ্রতুল। সেদিক থেকে আমরা চিন্তাভাবনা করবো যাতে ওটা বাড়ানো যায়। এম.

এল. এদের তো ওটাই সম্বল, তাদের অন্য কিছু দেওয়ার নেই। আজকে বন্যা, ধ্বসের হাত থেকে বাঁচতে হলে আমাদের চিন্তা ভাবনা করা দরকার। মাননীয়া সদস্যা বললেন যে তার এলাকায় কিছু কিছু ধ্বস নেমেছে, সেই ধ্বস আটকানোর জন্য নিশ্চয় আমাদের চিন্তা ভাবনা করা দরকার। কিন্তু আমার একার সিদ্ধান্তে তো ধ্বস তোলার কাজ করা যাবে না। এক্ষেত্রে প্রয়োজন হলে সেচকেও কাজ করতে হবে, তাদের কাজে হাত লাগাতে হবে এবং পি. ডব্লুউ. ডিকেও রাস্তা পরিস্কার করার জন্য কাজে হাত লাগাতে হবে। এই তিনটে দপ্তর একসঙ্গে কাজ করলে তবেই ধ্বসের থেকে অব্যাহতি পেতে পারব। আপনারা নিশ্চয় জানেন যে, ধ্বস কখনো সমতল এলাকায় নামে না, পাহাড়ি এলাকায় বড় বড় ভারি মাল নিয়ে লরীগুলো পাহাড়ি রাস্তা দিয়ে আসে, তার ফলে রাস্তার অবস্থা শোচনীয় হয়ে যায়। আমি এই ভারী মালগুলো আটকানোর প্রয়োজন বলে মনে করি। অপর দিকে বড় ঝোড়া যেগুলো রয়েছে এবং ছোটছোট যে ঝোড়া রয়েছে সেগুলো যদি ঠিক করা যায় তাহলে ধ্বস থেকে আমরা অব্যহতি পে. .ে পারব। ধ্বস রোখবার জন্য বনসৃজনের দরকার। এই বনকে রক্ষা করার ব্যাপারে একমাত্র উপায় হল ৩টে দপ্তরকে একসাথে কাজ করতে হবে। এখন যেমন বছর বছর বন্যা হচ্ছে অতীতে তো তা হত না। বন্যা হলে মানুষ গৃহহারা হয়ে যায় এবং সবকিছু হারায়। সেই কারণে আমার মনে হয় বন্যা রুখতে গেলে রাস্তা আরো বেশী করে করা দরকার। এই ব্যাপারে পঞ্চায়েতকে আরো বেশী করে রাস্তা তৈরী করতে হে । রাস্তা না হওয়ার ফলে জায়গাগুলো একত্রিত হয়ে বন্যার সৃষ্টি করছে। এই বিষয়টা দেখার প্রয়োজন আছে। সভার কাছে আবেদন রাখছি যে, রাস্তা যদি তৈরী হয় এবং কাজে লাগান যায় তাহলে নিশ্চয় উপকার হতে পারবে। তারপরে বন্যার সময়ে পানীয় জলের বিরাট সংকট দেখা যায়। সমস্ত টিউবওয়েল জলের তলায় বিলীন হয়ে যায়। কুয়োগুলোও জলের তলায় চলে যায়। সেই কারণে মাননীয় সদস্যদের কাছে আবেদন যে, যখন আপনারা আপনাদের এলাকাতে নতুন টিউবওয়েল বসাবেন তখন ৪-৫ ফুট উঁচুতে যাতে বসানো যায় তার ব্যবস্থা করবেন, তাহলে পানীয় জলের সমস্যা হতে পারবে না। এই বিষয়গুলোর একটু চিন্তা ভাবনার প্রয়োজন আছে। এইকথা বলে আমি সকলের কাছে আমার ত্রাণ বরাদ্দের দাবী রেখে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 44**

The Motions of Shri Abdul Mannan, Shri Saugata Roy, Shri Pankaj Banerjee, Shri Ashok Kumar Deb, Shri Sultan Ahmed, Shri Sudhir Bhattacharjee, Shri Shyamadas Banerjee and Shri Kamal Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26th March, 1999 that a sum of Rs. 120,28,00,000 be granted for expenditure under

Demand No. 44 Major Head: "2245-Relief on account of Natural Calamities" during the year 1999-2000 (This is inclusive of a total sum of Rs. 60,14,00,000) already voted on account in March, 1999.)

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.00 p.m. till Wednesday, 11 a.m. on 14th July, 1999 in the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 14th July, 1999 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 7 Ministers of State and 116 Members.

[11.00-11.10 a.m.]

### Held over Starred Questions
### (to which oral Answers were given)

**ইউটিলাইজেশন সার্টিফিকেট**

*১৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪০) **শ্রী সুধীর ভট্টাচার্য্য :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) একথা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলাগুলি থেকে সময় মতো ইউটিলাইজেশন সার্টিফিকেট না পাবার ফলে ফুড কর্পোরেশন মিড-ডে মিলের চাল বন্ধ করেছে; এবং

(খ) সত্যি হলে, সময় মতো উক্ত সার্টিফিকেট না দেওয়ার কারণ কী?

**শ্রী কান্তি বিশ্বাস :**

(ক) মধ্যাহ্ন-কালীন আহারের চাল বন্ধ হয়নি তবে কখনো কখনো ব্যহত হয়েছে। এর প্রধান কারণ সদ্ব্যবহার পত্রের অভাব নয় - নিচু মানের চাল সরবরাহ।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য :** মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বললেন মধ্যাহ্নকালীন আহারের চাল বন্ধ হয়নি, তবে কখনো কখনো ব্যাহত হয়েছে নীচু মানের চাল সরবরাহের জন্য। যে চাল দেওয়া হয় সেই চাল মানুষের খাওয়ার অনুপযুক্ত, ভালো চাল দেওয়ার ব্যাপারে সরকার কি চিন্তা-ভাবনা করছেন?

**শ্রী কান্তি বিশ্বাস :** আমি বিষয়টি একাধিকবার কেন্দ্রীয় সরকারের নজরে এনেছি এবং সর্বশেষ মার্চ মাসের ১৭ তারিখে বিভিন্ন জেলার তথ্য সংগ্রহ করে কেন্দ্রীয় সরকারের কাছে আমি চিঠি পাঠিয়েছি। বিভিন্ন জেলার শিক্ষক সংগঠনের কাছ থেকে আমরা প্রতিবেদন পেয়েছি, বিভিন্ন জেলা শাসকদের কাছ থেকে আমরা অভিযোগ পেয়েছি

যে, অত্যন্ত নীচু মানের চাল সরবরাহ করা হচ্ছে, শিশুরা সেই চাল খেতে পারছে না, আপনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। এখনো পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেই চিঠির কোন উত্তর আমরা পাইনি, তবে দুরভাষের মাধ্যমে আমার সঙ্গে কথা হয়েছে এই ব্যাপারে।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** কোন কোন জেলা থেকে এই মিড ডে মিলের ব্যাপারে আপনার কাছে অভিযোগ এসেছে এবং এই ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এক নম্বর হচ্ছে আপনার জেলা দক্ষিণ ২৪ পরগণা, দ্বিতীয় হচ্ছে নদীয়া, তৃতীয় হচ্ছে বর্ধমান এবং চতুর্থ হচ্ছে হাওড়া — এই চারটি জেলা থেকে আমরা অভিযোগ বেশী পেয়েছি। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা যখন চিঠি লিখেছি তখন এই চারটি জেলাশাসকের কাছ থেকে যে চিঠি আমরা পেয়েছিলাম তার অবিকল চিঠি আমরা পাঠিয়ে দিয়েছি কেন্দ্রীয় সরকারের কাছে।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** এই মিড ডে মিল প্রকল্প চালু হলেও এই প্রকল্পে ঠিকমত চাল দেওয়া হচ্ছে না, এটা প্রায় বন্ধ হওয়ার মুখে, এই ব্যাপারে আপনার বক্তব্য কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যে পদ্ধতিতে এই প্রকল্প চালু হয়েছিল তা অত্যন্ত ত্রুটিপূর্ণ। আপনি জানেন, ১৯৯৫ সালের ১৫ই আগষ্ট তদানীন্তন প্রধানমন্ত্রী ঘোষণা করেন এই প্রকল্পের কথা, কিন্তু সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন নি। পরবর্তী সময়ে এই প্রকল্প বাস্তবায়িত করার যে পদ্ধতির কথা বলা হয়েছিল তা অত্যন্ত ত্রুটিপূর্ণ। খাদ্য সরবরাহ নিগম তারা চাল সরবরাহ করবে এবং তার একটা প্রতিবেদন আমাদের কাছে আসবে, আমরা সেই প্রস্তাবনা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাব, কেন্দ্রীয় সরকার সেই প্রতিবেদন খাদ্য সরবরাহ নিগমের সাথে মিলিয়ে দেখবে সেটা সঠিক কিনা, তার পরে তারা টাকা ছাড়বে।

এই টাকা না পাওয়া পর্যন্ত আবার খাদ্য সরবরাহ নিগম চাল দেবে না। আমরা বারে বারে বলেছি এই পদ্ধতি সরলিকরণ করতে হবে। তারপর এই জুলাই মাসের প্রথম দিকে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চিঠি পেয়েছি, প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে বন্টন করবার জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিতে রাজি আছে, রাজ্য সরকার টাকা নিতে রাজি আছে কিনা? আমরা বলেছি, আমরা পরিপূর্ণভাবে রাজি এবং কেন্দ্রের কাছ থেকে রাজ্যগুলির হাতে এই দায়িত্ব অর্পণ করা উচিত। এটা বিভিন্ন রাজ্যেরও দাবী, আমাদেরও দাবী।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** এই মিড ডে মিল চালু করার ফলে আমাদের প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-ভর্তি বৃদ্ধি পেয়েছে কিনা, এবং পেলে কত পার্সেন্টেজ?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমাদের রাজ্যে আগেও সরকারী অর্থে এবং কখনো কখনো ইউনিসেফ-এর অর্থে মধ্যাকালীন আহারের ব্যবস্থা করতাম। কেন্দ্রীয় সরকারের প্রকল্প আরও ব্যাপক। সমস্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরাই এই প্রকল্পের অধীনে আসবে। এটাই

কেন্দ্রীয় সরকারের ঘোষণা। এবং, এই ঘোষণার ফলে আমাদের রাজ্যে ছাত্র-সংখ্যা কিছু বৃদ্ধি পেয়েছে। শুধু যে খাদ্য সরবরাহের ফলেই যে এই বৃদ্ধি, তা বলা মুশকিল। খাদ্য সরবরাহ এবং পশ্চিমবাংলায় গ্রামীন উন্নয়ন ও শিক্ষা সম্পর্কে সচেতনতা, এই তিনটি উপাদান একসঙ্গে হয়ে প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এর মধ্যে এই প্রকল্পের কিছু অবদান এখানে আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এই মিড ডে মিল কেন্দ্রীয় সরকারের একটি প্রকল্প। কিন্তু রাজ্য সরকার যে মিড ডে টিফিনের ব্যবস্থা করে ছিল, সেটা দীর্ঘদিন হ'ল বন্ধ হয়ে গেছে। এটা কেন বন্ধ হ'ল এবং একে পুনরুজ্জীবিত করার জন্য কোন পদক্ষেপ সরকার নিচ্ছে কিনা জানাবেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** কেন্দ্রীয় সরকার যখন সার্বিক প্রকল্প ঘোষণা করেন, তখন স্বাভাবিক ভাবে কোন রাজ্য সরকারের নিজের উদ্যোগে যে প্রকল্প, সেটা বন্ধ করা হয়। এটাও তাই বন্ধ করা হয়েছে।

**শ্রী মহঃ সোহরব ঃ** ৬ মাস ৯ মাস অন্তর শুকনো চাল, খাবাপ চাল না দিয়ে, রান্না করা খাবার যাতে স্কুলগুলোতে দেওয়ার ব্যবস্থা করা যায়, সেটা কেন্দ্রীয় সরকারের সাথে কথা বলে তাদের রাজি করানো যায় কিনা ভেবে দেখবেন কি? আর, কেবলমাত্র যেদিন চাল বিলি হয় সেদিনই ছাত্র-ছাত্রীদের ভিড় বেশী হয় কিনা, বা অন্য দিন কেমন ভিড় হয় জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** চাল যদি পচা হয়, তাহলে রান্না করলে ভাতটা যে শুদ্ধ হয়ে যাবে তা নয়, ভাতটাও পচাই হবে। রান্না করা চাল সরবরাহ করবে কিনা, সেটা কেন্দ্রীয় সরকার বিবেচনা করবেন। প্রকল্প ছিল - এক জায়গায় রান্না করা হবে, এবং আশেপাশের ৫।৭ টি স্কুলে বন্টন করা হবে। নেওয়ার সময় বিধিসম্মত ভাবে নেওয়া হবে কিনা সংশয় থাকায়, অধিকাংশ রাজ্য রান্না করা খাবার নিতে অস্বীকার করেছে এবং বলেছে চাল সরবরাহ যাতে করা হয়। আমরাও বলেছি। কেন্দ্রীয় সরকার যদি খাওয়ার উপযুক্ত দানা-শস্য সরবরাহ না করতে পারে, তাহলে এই প্রকল্প কোনদিনই বাস্তবায়িত হবে না।

[11.10–11.20 a.m.]

**শ্রী বংশীবদন মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানতে চাই, সম্প্রতি একটা চিঠি গেছে তাতে বলা হয়েছে যে ছাত্রছাত্রীরা যদি একশো দিনের মধ্যে আশি দিন হাজির থাকে তাহলে এই মিড ডে মিলের যে চাল সরবরাহ করা হয়, সেটা দেওয়া হবে, নাহলে হবে না। আমরা জানি গরীব মানুষের জন্য এই প্রকল্প। তারা হয়তো অভাবের জন্য আশি দিন স্কুলে হাজির থাকতে পারবে না, তারা হয়তো ৩০।৪০ দিন হাজির থাকে তাহলে কি তারা এই চাল পাবে না। গরীব মানুষের জন্য এই প্রকল্প কি তাহলে ব্যাহত হবে? এই বিষয়ে আপনার কোন চিন্তা-ভাবনা আছে কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** বিষয়টা রাজ্য সরকারের দপ্তরের সাথে কোনভাবেই সম্পর্কিত নয়। কেন্দ্রীয় সরকার যখন ঘোষণা করেছিলেন তখন বলেছিলেন যে অন্ততঃ এক মাসের মধ্যে ২০ দিন ছাত্র-ছাত্রীদের হাজির থাকতে হবে। যারা ২০ দিন হাজির থাকবে তারাই এটা পাওয়ার অধিকারী হবে।

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই আমার নিজের এলাকাতে এই ধরণের ঘটনা ঘটেছে। কখনো কখনো সংবাদপত্রেও প্রকাশিত হয়েছে, এই যে মিড ডে মিলের চাল সেই চাল স্কুলের শিক্ষকরা স্থানীয় কারো কারো সহযোগিতায় বিক্রি করছে। এইরকম ঘটনার কোন খবর আপনার কাছে আছে কিনা, থাকলে এরকম কতগুলো ঘটনা ঘটেছে এবং তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** একদম হয় নি একথা বলা যাবে না। ৪টে ক্ষেত্রে আমরা অভিযোগ পেয়েছি। সেখানে আমরা হস্তক্ষেপ করেছি। একটা জেলায় একজন শিক্ষককে গ্রেপ্তার করা হয়েছে কিন্তু এটা পশ্চিমবাংলার ক্ষেত্রে লজ্জার। আর কোথাও এ ধরণের ঘটনা ঘটবে না বলে আমি আশা করি।

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন হচ্ছে যে খাবার অযোগ্য বলে নিম্ন মানের চাল যদি পঞ্চায়েত সমিতি না তোলে তাহলে পরবর্তীকালে যে কোটা তাতে কি একসঙ্গে দুবার দেওয়ার নিয়ম আছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই রকম নিয়ম হওয়া উচিত বলে আমি মনে করি। আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি খাদ্য সরবরাহ নিগম যদি নিম্ন মানের চাল দেয়, তাহলে পরবর্তীকালে যে ধাপ সেই ধাপ থেকে ক্ষতিপূরণ পুষিয়ে দেওয়া উচিত। এটা আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি।

**শ্রী রামচন্দ্র মন্ডল ঃ** স্যার, আমি যে কথা জানতে চাই যে, এখানে বলা হয়েছে ফুড করপোরেশন থেকে চাল আসছে। আমাদের এখানে খাদ্যের দিক থেকে আমরা চালে স্বয়ং সম্পূর্ণ। প্রোকিওরমেন্টের গাফিলতির জন্য আমরা দিতে পারছি না। আমরা যাতে মিড ডে মিল দিতে পারি সে বিষয়ে কোন ভাবনা আছে কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মধ্যাহ্নকালীন খাবার দিতে গেলে বিশাল পরিমাণ টাকা লাগবে। সেই টাকা দেওয়ার ক্ষমতা রাজ্য সরকারের নেই।

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** অনেক সময় শোনা যায় কেন্দ্রীয় সরকার থেকে ভালো চাল পাঠালেও সেই চাল গুদামজাত করার সময় অসাধু ব্যবসায়ীরা পাল্টে খারাপ চাল দিয়ে দেয়। এই রকম কোন ঘটনা এর মধ্যে ঘটেছে কিনা? ঘটে থাকলে কোন ব্যবস্থা নিয়েছেন কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এটা খাদ্য দপ্তরের বিষয়, শিক্ষা দপ্তরের নয়।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মিড ডে মিলে চাল দেওয়ার প্রথা চালু আছে। কিন্তু আমাদের

হিঙ্গলগঞ্জ এলাকার স্কুলে সম্প্রতি চালের পরিবর্তে ছাত্র-পিছু ডিম দেওয়া হচ্ছে। এটা কি অন্য প্রকল্প? না কি, এই প্রকল্পের অন্তর্ভুক্ত?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এটা ঐ প্রকল্পের অধীনে নয়, ইউনিসেফের একটা সতন্ত্র প্রকল্প।

## Starred Questions
## (to which oral Answers were given)

### ৮০ জন ছাত্রপিছু একজন শিক্ষক

*৫৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪) **শ্রী কমল মুখার্জী ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

> এটা কি সত্যি যে, রাজ্যের সব বিদ্যালয়গুলিতে '৮০ জন ছাত্রপিছু একজন শিক্ষক রাখার জন্য সরকার নির্দেশ জারী করেছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

না — এ ধরণের কোন নির্দেশ জারি করা হয় নি।

**শ্রী কমল মুখার্জি ঃ** ৮০ জন ছাত্র পিছু একজন শিক্ষক - এটা সংবাদপত্রে বেরিয়েছিল। এই সিদ্ধান্তের প্রয়োগ নীতিগত ভাবে আপনারা মেনে নিয়েছেন কিন্তু আপনাদের শিক্ষক সংগঠন এ. বি. টি. এ.-র চাপে পড়ে এটা স্থগিত রাখা হয়েছে। এ ব্যাপারে আপনার অভিমত কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই ধরনের নির্দেশ অতীতে কোন দিন জারী করা হয়নি। যদি সংবাদপত্রে প্রকাশিত হয়ে থাকে তাহলে তা অসত্য এবং ভিত্তিহীন। সুতরাং, নিখিল বঙ্গ শিক্ষক সমিতি থেকে চাপের কোন প্রশ্ন আসে না, সরকারী মনোভাবের পরিবর্তনেরও কোন প্রশ্ন আসে না।

**শ্রী কমল মুখার্জি ঃ** বর্তমানে ৪০ জন ছাত্র পিছু একজন শিক্ষক থাকার কথা। সেই অনুযায়ী পশ্চিমবাংলায় কতগুলো মাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয়ে কত শিক্ষক আছেন এবং কত শূন্য পদ আছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এখানে যে প্রশ্ন জিজ্ঞাসা করা হয়েছে তার সঙ্গে মূল প্রশ্নের কোন যোগ নেই তাই উত্তর দিচ্ছি না।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** বিদ্যালয়গুলোতে ছাত্র ভর্তির সমস্যা, নতুন নতুন স্কুলের সমস্যাও রয়েছে। ফলে দেখা যাচ্ছে প্রাথমিক বিদ্যালয়ের এক একটা কক্ষ্যে ৯০ থেকে ১০০ জন ছাত্রও নিতে হচ্ছে। এ ব্যাপারে কোন বাধা-ধরা নিয়ম আছে কিনা?

বিদ্যালয় কর্তৃপক্ষ অভিভাবকদের চাপে পড়ে অনেক ছাত্রকে ভর্তি নিতে বাধ্য হচ্ছেন। আমি জানতে চাই, বাড়তি ছাত্র নেবার জন্য এ্যাকমোডেশন অনুযায়ী কোন বাধ্য-বাধকতা আছে কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** উচ্চ-মাধ্যমিক স্তরে এক এক শ্রেণীতে, ১১ বা ১২ শ্রেণীতে সর্বোচ্চ ২৭৫ জনকে নেওয়া যাবে। তবে কোন কোন উচ্চ-মাধ্যমিক স্কুল এই সংখ্যাটা বাড়াবার জন্য উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদের কাছে আবেদন করেছেন। আর, মাধ্যমিক স্তরে এই রকম কোন বিধি-নিষেধ নেই।

**শ্রী ইউনুস সরকার ঃ** পশ্চিমবঙ্গে মাধ্যমিক স্তরে শিক্ষক ছাত্র অনুপাত কত? সর্ব ভারতীয় স্তরেই বা কত?

মাননীয় সদস্য যা জিজ্ঞাসা করেছেন সেটা হল যে, মাধ্যমিক স্তরে শিক্ষক ও ছাত্রের সমানুপাতিক হার কত? ভারতবর্ষে গড়ে মাধ্যমিক স্তরে ১ জন শিক্ষক পিছু ছাত্র সংখ্যা ৩৮ জন। যদিও বিশ্বে এই গড় হল ১ জন শিক্ষক পিছু ছাত্র সংখ্যা ১৭। পশ্চিমবঙ্গে গড়ে ১ জন শিক্ষক পিছু মাধ্যমিক স্তরে ছাত্র সংখ্যা ৩৭। তবে বিশ্বের আঙ্গিনায় ভারতবর্ষ পিছিয়ে থাকলেও বাকি ভারতবর্ষ থেকে পশ্চিমবঙ্গের অবস্থা কিছুটা ভাল।

[11.20–11.30 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি মাননীয় সদস্যের প্রশ্নের জবাবে প্রথমে কেন বললেন আমি জানি না যে, ৮০ জন ছাত্র পিছু এক জন শিক্ষক রাখার সরকারী নির্দেশ কখনই জারি করা হয় নি। কিন্তু এই হাউসে এই মুহূর্তে আমার কাছে সেই নির্দেশ নামার নম্বর নেই। এই হাউসে মেনশন করেছিলাম এবং আপনাকে যখন জিজ্ঞাসা করেছিলাম তখন আপনি অস্বীকার করেন নি। আমার জিজ্ঞাসা তাহলে সরকার আগে যে নির্দেশ জারি করেছিলেন সেটা কি বাতিল করেছেন? সেটা কি নালিফাই করেছেন? যার জন্য একথা বললেন। আমি বিষয়টা বুঝতে পারছি না।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনার কাছে নম্বর না থাকলেও আমার কাছে নম্বর আছে। সার্কুলার নম্বর ১৬৭, তারিখ হচ্ছে ৫ই মার্চ, ১৯৯৯। সেখানে ছিল অতিরিক্ত শিক্ষক পদ যদি এখন মঞ্জুর করতে হয় তাহলে কিভাবে সেটা হিসাব করতে হবে। সেই কথা সেখানে বলা ছিল। প্রথমে সেই নির্দেশের যে শিরোনামা তাতে বলা ছিল যে, অতিরিক্ত শিক্ষক মঞ্জুর করার ক্ষেত্রে এই বিষয়টি বিবেচনা করা হবে। কিন্তু তার মানে এই নয় যে, ৮০ জন ছাত্র না হলে অতিরিক্ত শিক্ষক দেওয়া যাবে না, বা অতিরিক্ত শিক্ষক নেই পশ্চিমবঙ্গে। আমি একটু আগে বললাম, পশ্চিমবঙ্গে এক জন শিক্ষক পিছু ৩৭ জন ছাত্র বর্তমানে আছে। এবং আমরা আশা করছি, এর পরে এই ছাত্র সংখ্যা আরও কমানো যাবে। অতিরিক্ত শিক্ষক নিয়োগ করার ক্ষেত্রে আমাদের কিছু অসুবিধার মধ্যে পড়তে হয়। আপনি জানেন সেই অসুবিধা দূর করার জন্য কিভাবে অতিরিক্ত শিক্ষক পদ মঞ্জুর করা হবে, কিভাবে অতিরিক্ত শিক্ষক পদ নিয়োগ করা হবে—সেজন্য কথাটা

বলা হয়েছিল। মাননীয় সদস্য কমল মুখার্জীর প্রশ্নের উত্তরে আমি বলেছি যে, পশ্চিমবঙ্গে এটা সাধারণ নিয়ম নয়। অতিরিক্ত শিক্ষক নিয়োগ করার জন্য যে বিষয়টি বিবেচনা করা হবে সেটা ১৬৭ নম্বর নির্দেশে, ৫ই মার্চ ১৯৯৯ তে বলা ছিল। সেজন্য মাননীয় সদস্য কমল মুখার্জীর প্রশ্নের উত্তরে আমি বলেছি, সাধারণ ভাবে এই নিয়ম নেই। এই নির্দেশ জারি করা হয় নি।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** স্যার, অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী মহাশয় কমলবাবুর প্রশ্নের ঠিক জবাব দিয়েছেন। কিন্তু ৫ ই মার্চ ১৯৯৯ তে ১৬৭ নম্বর গভর্নমেন্ট অর্ডারের ব্যাপারে আমি জানতে চাই যে, আপনি কি এখন ঐ অর্ডারটি উইথড্র করেছেন? যেটা ১৬৭ নম্বর অর্ডারে ছিল ফর দি স্যাংশন অফ এ্যডিশনাল পোস্ট, সেই অর্ডারটি কি আপনি উইথড্র করেছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** অতিরিক্ত শিক্ষক পদ মঞ্জুর করার জন্য আদেশে এটা বিবেচনা করার কথা বলা হয়েছিল— তার চেয়ে অনেক বেশী শিক্ষক দিই। আমাদের ব্যয়বরাদ্দের পরিকল্পনা খাতে যে অর্থ থাকে সেই অর্থের উপর দাঁড়িয়ে আমরা অর্থ বিভাগের কাছে অতিরিক্ত শিক্ষক পদ মঞ্জুর করার জন্য প্রস্তাব পাঠাই। অর্থ বিভাগ সম্মতি দেয়। পশ্চিমবঙ্গে ছাত্রের সংখ্যা বিবেচনার মধ্যে রেখে আমরা অতিরিক্ত পদ মঞ্জুর করার এই বিজ্ঞপ্তি দিয়েছিলাম। কিন্তু এই বিজ্ঞপ্তির নিরিখে আমরা কখনই অতিরিক্ত পদ মঞ্জুর করিনি। তার থেকে অতিরিক্ত শিক্ষকের পদ আমরা অতীতে মঞ্জুর করেছি। এবছরও মঞ্জুর করা হবে। একটা বিশেষ বাধা থাকার জন্য এই বিজ্ঞপ্তি আমরা জারি করতে বাধ্য হয়েছিলাম।

**শ্রী মোজাম্মেল হক ঃ** স্যার, অতিরিক্ত প্রশ্ন। অতিরিক্ত শিক্ষকের বিষয়ে ১ : ৮০ বলুন বা ১ : ৩৭ ই বলুন, ১ : ৮০ হলেও অনেক স্কুলে এখনও অনেক শিক্ষক দরকার। এর ফলে সমস্যা দেখা দিয়েছে। যে সমস্ত শিক্ষক-শিক্ষিকার পদ অতিরিক্ত শিক্ষক-শিক্ষিকা হিসেবে পারমিশন পেয়েছে সেগুলো এখনও পর্যন্ত এ্যপয়েন্টমেন্ট পাচ্ছে না। সার্ভিস কমিশন থেকে নাম আসছে না। জটিলতা আছে। তাহলে যারা পেতে পারেন, ১ : ৮০ হলেও শিক্ষক-শিক্ষিকার অতিরিক্ত পদ পেতে পারেন কিন্তু তাও তারা এখনও পর্যন্ত অনুমোদন পাচ্ছেন না। তারপর সার্ভিস কমিশন থেকে হয়ত খুবই তাড়াতাড়ি অ্যাপয়েন্টমেন্ট হবে। কিন্তু যে বহু পদ শূন্য অবস্থায় পড়ে আছে সেগুলির বিষয়ে আপনার দপ্তরের চিন্তা-ভাবনা কি? এ ছাড়া এখন পর্যন্ত কিছু অতিরিক্ত শিক্ষকের পদ স্যাংশন করা হয়েছে—এই বছরের মধ্যে সার্ভিস কমিশনের বর্তমান প্যানেল থেকে সেই পদগুলি পূরণ করা যাবে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** 'বিদ্যালয় কৃত্য আয়োগ' আবার বিজ্ঞাপন দেবে। আবার নতুন করে তালিকা তৈরী করবে। ইতমধ্যে 'বিদ্যালয় কৃত্য আয়োগ' দ্বারা কয়েক হাজার শিক্ষক নিযুক্ত হয়েছে। সম্ভবত আগষ্ট মাসে 'বিদ্যালয় কৃত্য আয়োগ' আবার বিজ্ঞাপন দেবে। তখন আবার তালিকা হবে। যে অতিরিক্ত শিক্ষকের পদ মঞ্জুর হয়েছে এবং যে সমস্ত পদ শূন্য হয়েছে, সে সমস্ত পদ তখন পূরণ করা হবে বলে আমরা আশা করি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী বললেন যে, ৮০ জন ছাত্র পিছু শিক্ষক নিয়োগের যে সার্কুলার দেওয়া হয়েছিল তা কেবলমাত্র অতিরিক্ত শিক্ষক নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য তিনি আরো বললেন যে, আমাদের রাজ্যে ৩৭ জন ছাত্র পিছু একজন মাষ্টার মশাই আছেন। কিন্তু আমরা জানি অনেক মাধ্যমিক বিদ্যালয়ে রেগুলার হেড মাষ্টার নেই অ্যাড-হক্ ভিত্তিতে অ্যাসিসটেন্ট শিক্ষক দিয়ে হেড মাষ্টারের কাজ চালানো হচ্ছে। এই রকম অনেক মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুল আছে। সেই সমস্ত স্কুলগুলিতে রেগুলার ভিত্তিতে হেড মাষ্টার নিয়োগের জন্য সরকারের কি চিন্তা-ভাবনা আছে এবং কত দিনের মধ্যে তা করবেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলির মোট প্রধান শিক্ষকের ১২৪২টি পদ পূরণের জন্য 'বিদ্যালয় কৃত্য আয়োগ' প্রধান শিক্ষকের তালিকা তৈরী করেছে। তাদের সাক্ষাতকার চলছে। ৯৪২-জন প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের সাক্ষাতকার চলছে। এই ৯৪২ জনই যদি যোগাদান করে তাহলে ১২৪২ থেকে ৯৪২ বাদ যাবে। সেই বাকি শূন্য পদগুলির জন্য নতুন করে 'বিদ্যালয় কৃত্য আয়োগ'-কে উদ্যোগ গ্রহণ করতে হবে।

### তপসিলী ও আদিবাসী আবাসিক ছাত্রদের পোষণ ভাতা

*৫৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৮) **শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) তপসিলী জাতি ও আদিবাসী ছাত্রাবাসের আবাসিক ছাত্রদের মিলচার্জ বাবদ সরকার থেকে দেয় টাকা বর্তমান মূল্য সূচকের সাথে সঙ্গতিপূর্ণ কি না;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত অর্থ নিয়মিতভাবে বিদ্যালয়গুলিকে দেওয়া হয় কিনা; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হলে কারণ কী?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ**

(ক) 'সম্পূর্ণরূপে সঙ্গতি পূর্ণ নয়'।

(খ) এই খাতে নিয়মিতভাবে অর্থ বরাদ্দ করা হয়।

(গ) প্রযোজ্য নহে।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী বললেন, 'সম্পূর্ণরূপে সঙ্গতিপূর্ণ নয়'। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি জানেন বর্তমান দিনের দ্রব্য-মূল্যের পরিপ্রেক্ষিতে এস. সি. এবং এস. টি. ছাত্র-ছাত্রীদের জন্য মিলচার্জ বাবদ সরকার থেকে যে টাকা দেওয়া হয় তা সঙ্গতিপূর্ণ কিনা? এবং বর্তমান মূল্য সূচকের সঙ্গে তা যদি সঙ্গতিপূর্ণ না হয় তাহলে তা সঙ্গতিপূর্ণ করার জন্য সরকারের কি চিন্তা-ভাবনা আছে?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে বিভিন্ন স্তরের ছাত্রদের জন্য বিভিন্ন রেট্ চালু আছে। পোষ্ট ম্যাট্রিক স্টেজে সারা ভারতবর্ষে কেন্দ্রীয় সরকার নির্ধারিত একটা রেট্ আছে এবং সেই রেট্ আমাদের পশ্চিমবাংলায় যে রেট্ চালু আছে তার চেয়ে কম। এমন কি প্রি-ম্যাট্রিক স্টেজে, অর্থাৎ স্কুলে আমরা যে রেট্ চালু করেছি তাও অন্য জায়গার চেয়ে বেশী। কেন্দ্রীয় সরকারের চালু রেটের সঙ্গে আরো কিছু ভর্তুকি দিয়ে আমরা ৩০০ টাকা করেছি। ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্র বাদ বাকি সব ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের রেট্ ৩০০ টাকার কম। ওপরের ক্লাসে রেট্ বাড়াবার জন্য আমরা বার বার কেন্দ্রীয় সরকারকে বলছি। আমি যত দূর জানি অন্যান্য রাজ্যও এটা বলছে।

কিন্তু উপরের ক্লাসগুলি বিশেষ করে কলেজ, বিশ্ববিদ্যালয়ে এই রেট বিশেষ পরিবর্তন করা সম্ভব হচ্ছে না এখনো পর্যন্ত কেন্দ্রীয় সরকারের দ্বারা। তার ফলে ঠিক স্কুল স্টেজের নিচের দিকে আমরা খুব একটা পরিবর্তন করতে পারছি না। তবে এটা চেষ্টা চলছে উপরের দিকে পরিবর্তন করা এবং তদনুযায়ী নিচের দিকে পরিবর্তন করার চেষ্টা চলছে।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন, কেন্দ্রীয় সরকার যে রেট দেয়, পশ্চিমবঙ্গ সরকার তার সঙ্গে মিল চার্জ বাবদ কত খরচ করে সেটা বলতে পারবেন কি?

[11.30–11.40 a.m.]

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** টোটাল খরচ কত - নির্দিষ্ট নোটিশ ছাড়া বলতে পারবো না। তবে নিয়মটা বলতে পারি। নিয়মটা হচ্ছে, কেন্দ্রীয় সরকার ছাত্রদের এ. বি. সি. ডি.ই. এই ৫টি ভাগে ভাগ করে। পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ স্টুডেন্ট ১১ থেকে এম. এ., ইঞ্জিনিয়ারিং পর্যন্ত এ. বি. সি. ডি. ই. এই কয়েকটি ভাগে ভাগ করে। 'এ' যেটা আছে সেক্ষেত্রে ৪২৫ টাকা ধরা আছে আর বাকিগুলি লেস দ্যান ৩০০ টাকা, ২০০ টাকা পর্যন্ত। এখন এখানে প্রশ্ন হচ্ছে, কত টাকা দেয়। যেখানে যেখানে ৩০০ টাকার কম হবে - প্রত্যেকটি রেট এখানে নেই ইমিডিয়েটলি - তবে ১৭৫ টাকা থেকে রেট্টা শুরু হয়েছে নিচের দিক থেকে আর হায়েস্ট রেট - ইঞ্জিনিয়ারিং কলেজ, মেডিক্যাল ইত্যাদির ক্ষেত্রে ৪২৫ টাকা - যেখানে যেখানে ৩০০ টাকা রেট হবে স্টেট গর্ভনমেন্ট থেকে ভরতুকি দিয়ে রেট্টা করতে হচ্ছে। তবে খরচটা কত, খরচের সবটা প্রি-ম্যাট্রিক স্টেজে এক পয়সাও দেবার ব্যবস্থা নেই কেন্দ্রীয় সরকারের। পোষ্ট ম্যাট্রিক স্টেজে গণ্য হয় ১১ ক্লাস্ থেকে যে কোন ক্লাস পর্যন্ত। পোস্ট ম্যাট্রিক যে টাকাটা কেন্দ্রীয় সরকার দেয় - প্ল্যান পিরিওডের লাস্ট বছরে যে টাকাটা মোট খরচ হয় সেটা কিন্তু কমিটেড এক্সপেনডিচার থেকে যায় - একটা প্ল্যান শেষ হবার পর এক্সট্রা স্টুডেন্ট এসে যেটুকু খরচ হয় সেই প্ল্যান পিরিওডের জন্য কেন্দ্রীয় সরকার বহন করে। আবার প্ল্যান যখন শেষ হয় সবটা মিলে কমিটেড হয়ে যায়। এটাই সাধারণ সিসটেম। প্রায় ১৭।১৮ কোটি টাকা খরচ করি প্রতি বছর। তার মধ্যে ২।৩ কোটি টাকার বেশী কেন্দ্রীয় সরকারের

কাছ থেকে পাই না। আমি এটা মোটামুটি বলছি, এগজাস্ট ফিগার নির্দিষ্ট প্রশ্ন না থাকার জন্য আমি আনিনি।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** আপনি ৫টি ক্যাটেগরীর কথা বললেন। এই টাকাগুলি প্রত্যেক মাসে আসে, নাকি কোয়ার্টারলি আসে?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** টাকা আসে মানে মাননীয় সদস্য যদি মনে করে থাকেন দিল্লী থেকে টাকা আসে - এটা কিন্তু সঠিক নয়। আমরা রাজ্য সরকার থেকে সমস্ত টাকাই বহন করি। প্ল্যান এন্ডে যা টোটাল ছিল তার এক্সট্রা যদি থাকে সেই বছরে, সেই এক্সট্রা টাকাটুকু কেন্দ্রীয় সরকার দেয়। মাসে-মাসে টাকা আসার ব্যাপার নয়। আমরা রাজ্য থেকে জেলাগুলিতে মাসে-মাসে টাকা দিতে পারি না। কোয়ার্টারলি জেলায় টাকা দিই।

**শ্রী পরেশ নাথ দাস ঃ** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, আদিবাসী আশ্রম বা ছাত্রাবাসের জন্য যে মিল চার্জ দেওয়া হচ্ছে সেগুলি ঠিকমত পেমেন্ট না হওয়ায় অনেক সময়ে দালাল বা ফড়েদের দিয়ে হোস্টেলগুলি চালাতে হয়। ৩।৪ মাস পর বিল হয়। আমার প্রশ্ন, এই মিলচার্জ বাবদ টাকা আদায় দেওয়া যায় কিনা, তাহলে অন্ততপক্ষে হোস্টেলগুলি চালানোর ক্ষেত্রে সুবিধা হয়?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** এমনিতে সাধারণভাবে আগাম দেওয়ার ব্যবস্থা নেই। তবে আশ্রম হোস্টেলের ব্যাপারে আগাম দেবার ব্যবস্থা আছে। একটা কোয়ার্টার আগাম দিই এবং সেই কোয়ার্টারের হিসাব না দেওয়া সত্ত্বেও আমরা ছাড়ি।

কিন্তু কোন কোন জায়গায় দেখা যাচ্ছে এক/দুই/তিন কোয়ার্টার চলে যায় তবুও ইউটিলাইজেসান সার্টিফিকেট বা হিসাব-নিকাশ দিতে পারে না। এগুলি ব্যয় করেন স্কুল কর্তৃপক্ষ, সরকারী কর্তৃপক্ষ নয়। স্কুলের হেড মাষ্টারদের নেতৃত্বে এটা হয়। ইউটিলাইজেসান না দেওয়ার ফলে ২/৩ কোয়ার্টার বাকি পড়ে যায়। তবে সব স্কুলে নয়, যারা যারা দেয় না তাদের ক্ষেত্রে বাকি পড়ে যায়।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আমাদের রাজ্যে এই তপশীল জাতি এবং আদিবাসী ছাত্রদের জন্য কতগুলি ছাত্রাবাস আছে এবং ছাত্রীদের থাকার জন্য কতগুলি জায়গায় ব্যবস্থা আছে?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** যদিও এ প্রশ্নের নোটিশ ছিল না তবুও আমার কাছে যা ফিগার আছে সেটা বলছি। এক নং হচ্ছে, আশ্রম ছাত্রাবাস, তার সংখ্যা ২২৫টি। দু নং হচ্ছে, গভর্ণমেন্ট হোষ্টেল। এটাকে জেনারেলি বলা হয় সেন্ট্রাল হোষ্টেল। তার মানে কিন্তু সেন্ট্রাল গভর্ণমেন্টের নয়। একাধিক ইনস্টিটিউশানের ছাত্ররা সেখানে থাকে। তার সংখ্যা হচ্ছে—৩০। তা ছাড়া বিভিন্ন স্কুল, কলেজ, ইউনিভার্সিটির যে নিজ নিজ হোষ্টেল আছে সেখানে এদের জন্য একটা রিজার্ভ কোটা আছে।

**ডাঃ নির্মল সিনহা ঃ** যারা পোষ্ট ম্যাট্রিক স্কলারশিপ পায় বা ষ্টাইপেন্ড পায় সেটা

পাবার ক্ষেত্রে তাদের গার্জেনদের আয়ের একটা উর্ধ্বসীমা আছে। বর্তমানে বাজার দর অনেক বেড়ে গিয়েছে এবং মানুষের প্রকৃত আয় অনেক কমে গিয়েছে। এই উর্ধসীমাটা বাড়ানো হয়েছে কিনা এবং হ'লে কত হয়েছে মাননীয় মন্ত্রীমহাশয় তা জানাবেন কি?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** পোষ্ট ম্যাট্রিক স্কলারশিপের ক্ষেত্রে এটা ঠিক করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। বছর দেড়েক আগে এটা বাড়ানো হয়েছে। এই দেড় বছরে মূল্যমান অনেক বেড়ে গিয়েছে, সেইজন্য কেন্দ্রীয় সরকার যাতে এই রেট-টা বাড়ান তার জন্য আমরা চেষ্টা করছি।

**শ্রী অসিত কুমার মাল ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি জানেন, আপনার বাজেট বরাদ্দের আলোচনার দিন আমাদের দলের সিদ্ধান্ত অনুসারে আমরা হাউসে আসতে পারি নি। আমাদের অনেক প্রশ্ন থেকে গিয়েছে এবং আপনার কাছে অনেক কিছু শোনা থেকে গিয়েছে। গত ২০/২২ বছর ধরে আমরা শুনে আসছি পশ্চিমবঙ্গে তপশীল জাতি, উপজাতিদের সমস্যার সমাধানের ব্যাপারে এই সরকার কতটা সফল, কতটা নয়। আমার প্রশ্ন, সার্টিফিকেট ইস্যুর ক্ষেত্রে এই যে ৫০ বছরের ম্যাপ, দলিল পর্চা আপনার দপ্তরের অফিসাররা চাইছেন, আমরা অল পার্টি মিলে, বারবার কমিটির কাছে যে সুপারিশ করেছি। আপনার দপ্তর থেকে বলা হয়েছে, যদি ৫০ বছরের দলিল ম্যাপ না থাকে তাহলে এম. এল. এ বা পঞ্চায়েত যে সার্টিফিকেট ইস্যু করবে তার বেসিসে ইনকোয়ারী করার পরে সেটা যদি ঠিক হয় তাহলে সে সার্টিফিকেট পাবে। এখন ব্লক লেভেলে যে সমস্ত অফিসার আছেন, তারা গভর্ণমেন্টের অর্ডার সম্পর্কে বলতে পারছেন না যে ঠিক কি বেঠিক। এই ক্ষেত্রে সত্যিকারের সার্টিফিকেট পেতে গেলে ৫০ বছরের দলিল দিতে হবে, না সে কি ভাবে সার্টিফিকেট ইস্যু করবে সেটা জানাবেন কি?

[11.40–11.50 a.m.]

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় সদস্যর বোধ হয় বাজেটের দিনে এই ধরনের আলোচনার ইচ্ছা ছিল, সেটা তিনি পারেন নি। সেজন্য এই প্রশ্নের সুযোগে এটা তিনি করেছেন। যদিও এই প্রশ্নটি সোজাসুজি সংশ্লিষ্ট নয়, তবুও আমি উত্তর দিচ্ছি। মাননীয় সদস্যকে জানাচ্ছি যে এই প্রশ্নটি, ৫০ বছরের যেটা বলা হয়েছে অর্থাৎ রাষ্ট্রপতি যেদিন অর্ডার জারী করেছেন সেটা হচ্ছে ১৯৫১ সালের আগষ্ট মাস সিডিউল্ড কাষ্টের জন্য, আর একটা অক্টোবর মাসে সিডিউল্ড ট্রাইবসের জন্য। এই দুটো তারিখে অর্ডার জারী করা হয়। গোটা ভারতবর্ষের ক্ষেত্রে সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবসদের জন্য এই দুটো অর্ডার রাষ্ট্রপতি জারী করেছেন এবং কেন্দ্রীয় সরকারের নির্দেশ মত ঐ তারিখের পরে যদি কেউ এক রাজ্য থেকে আর এক রাজ্যে যায় তাহলে যে রাজ্যে গেল সেখানে সিডিউল্ড কাষ্ট বা সিডিউল্ড ট্রাইবস বলে তারা গণ্য হবে না। তার পরে এই ব্যাপারে সুপ্রীম কোর্টে অনেক মামলা-মোকদ্দমা হয়েছে। সুপ্রীম কোর্ট রাষ্ট্রপতির অর্ডারকে বহাল রেখেছেন, এটা মানতে হবে। এখন এটা নিয়ে সমস্যা দেখা দিয়েছে। আমাদের এখানে বিশেষ করে আমরা বার বার চেষ্টা করেছি। আমি চিঠি লিখেছি, আমাদের

মুখ্যমন্ত্রীকে দিয়ে চিঠি লিখিয়েছি, অল পার্টি ডেলিগেশান নিয়ে - সেখানে আপনাদেরও দুই একজন ছিলেন - তৎকালীন মন্ত্রী সীতারাম কেশরীর সঙ্গে দেখা করেছি যাতে রাষ্ট্রপতির অর্ডারটা অন্য রকম কিছু করা যায় কিনা। আমাদের পশ্চিমবাংলায় অসুবিধা হচ্ছে। কারণ বিহার, ইউ. পি. থেকে লোক এসে এখানে বসবাস করছে, তারা সরকারের আইন মত পশ্চিমবাংলার সিডিউল্ড কাষ্ট নয়। এটা হচ্ছে মূল কথা। যদি দেখা যায় ঐ ডেটের পরে এসেছে সে ক্ষেত্রে রাজ্য সরকার সার্টিফিকেট দিতে পারে না। এই বিষয়ে মাননীয় সদস্যর সঙ্গে আমি এক মত যে খুবই সমস্যার সৃষ্টি হয়েছে। আমরা তবুও নির্দিষ্ট এক্সজিকিউটিভ ওয়েতে যেটা বলা আছে সেটাকে একটু হালকা করার চেষ্টা করছি। কিন্তু আইন মত বলা যায় যে, ঐ ডেট অব অর্ডারের পরে যদি কোন লোক বিহার, ইউ. পি. থেকে আসে তাহলে তাকে সার্টিফিকেট দেওয়া যাবে না যেহেতু কেন্দ্রীয় সরকারের অর্ডার রয়েছে। অফিসারদের হাতে ঐ অর্ডার রয়েছে, তারা ৫০ বছরের দলিল দেখতে চায়। আমরা এই বিষয়ে একটু হালকা করার চেষ্টা করছি, কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করছি। কিন্তু এখনও পর্যন্ত কোন ফলাফল নেই।

**শ্রী হাফিজ আলম সইরানী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে, প্রি-ম্যাট্রিক -এর জন্য ৩ শত টাকা, আর, পোষ্ট ম্যাট্রিকের জন্য ৪।। শত টাকা সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবস ছাত্র-ছাত্রীদের হোষ্টেলে থেকে পড়াশুনা করার জন্য দেওয়া হয়। এই ছাত্র-ছাত্রীর মোট সংখ্যা কত এবং এই স্কীমে কত ছাত্র-ছাত্রী উপকৃত হয় সেটা জানাবেন কি?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় সদস্য বোধ হয় আমার উত্তরটাকে পুরোপুরি শোনেন নি। কারণ প্রি-ম্যাট্রিক ৩০০ টাকাই ঠিক। কিন্তু পোস্ট ম্যাট্রিক সব সময় ৩০০ টাকা নয়। যাদের ৩০০ টাকা বা তার উপরে যেমন ৪২৫ টাকা ডাক্তারদের বেলায়, ইঞ্জিনিয়ারদের বেলায়। কিন্তু স্কুল স্টেজে ৩০০ টাকা যেহেতু থাকে, সেহেতু কলেজে গিয়ে সেটা কমাতে পারিনা। সেক্ষেত্রে ৩০০ টাকাই মেনটেন করি। আর ইঞ্জিনিয়ার, ডাক্তার দুটোতেই অল ইন্ডিয়া রেট মেনটেন করছি। অল ইন্ডিয়া রেট হচ্ছে ৪২৫ টাকা। আর উনি যে সংখ্যা চাচ্ছেন, ওটা ইমিডিয়েটলি নোটিশ ছাড়া বলা যাবে না।

**শ্রী দেবব্রত ব্যানার্জী ঃ** শুধুমাত্র আদিবাসী মহিলাদের জন্য বা ছাত্রদের জন্য কোন হোস্টেল আছে কিনা এবং তা কোন্ কোন্ জেলায় আছে?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, এস সি এস টি হোস্টেল বয়েজ এবং গার্লসদের জন্য আছে। আবার এটাও বলা আছে যে, যেমন এস. সি আছে, সেখানে যদি সিট থাকে, তাহলে নন এস. সিরাও যেতে পারেন। কাজেই মূলতঃ এস সি এস টি মিলিতভাবেই থাকে। এখানে কোন কোন জেলায় কোথায় আছে, সেটা নির্দিষ্টভাবে নোটিশ ছাড়া বলতে পারি না। এখানে সারা পশ্চিমবঙ্গের কথা বললাম।

**পার্ট টাইম লেকচারারদের ভাতা**

*৫৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯২) **শ্রী তপন হোড় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পার্ট টাইম লেকচারারদের ভাতা/বেতন বৃদ্ধির বিষয়ে ইউ. জি. সি. বিশেষ কিছু নির্দেশ দিয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে ইউ. জি. সি.-র বক্তব্য কি;

(গ) উক্ত ভাতা/বেতন বৃদ্ধির বিষয়ে রাজ্য সরকারের বক্তব্য কি; এবং

(ঘ) উক্ত ভাতা/বেতন বৃদ্ধি করতে হলে রাজ্য সরকারের বাড়তি ব্যয় কত হতে পারে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ**

হ্যাঁ।

ইউ. জি. সি.-র বক্তব্য হল "আংশিক সময়ের শিক্ষকদের নিয়োগের জন্য নিম্নতম গুণগত যোগ্যতা পূর্ণ সময়ের অধ্যাপকদের মতোই হবে এবং তাঁদের নিয়ম-মাফিক গঠিত নির্বাচক-কমিটির দ্বারা নির্বাচিত করতে হবে। আংশিক সময়ের শিক্ষকদের কেবলমাত্র বিশেষ অবস্থাতেই নিয়োগ করা চলতে পারে যখন শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্য বিষয়ের দরুণ অথবা কাজের চাপের দরুণ উপযুক্ত প্রয়োজনীয়তা বোধ হবে। যদি অল্প কালের জন্য হয় তবে তাদের চুক্তির ভিত্তিতে নিয়োগ করা যেতে পারে অথবা স্থায়ী অর্ধসময়ের (আনুপাতিক সময়ের শিক্ষক হিসাবে বেতন হারের অর্ধেক) আনুপাতিক বেতন দিয়ে নিয়োগ করা যেতে পারে (এক্ষেত্রে আনুপাতিক বেতন বৃদ্ধি, মহার্ঘভাতা ও অন্যান্য অনুমোদিত ভাতাও দিতে হবে)। এইরূপ স্থায়ী আংশিক সময়ের শিক্ষকরা 'কর্মজীবনে উন্নতি প্রণালী'র সুযোগ পাবেন।"

রাজ্য সরকার ইউ. জি. সি.-র উক্ত বক্তব্য খতিয়ে দেখছেন।

এ ব্যাপারে এখনই কোন হিসাব দেওয়া যাচ্ছে না।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে ইউ জি সি যে নির্দেশ পাঠিয়েছে, আপনি বলছেন যে, এই বক্তব্য আপনি খতিয়ে দেখছেন। এখানে যে ক্রাইটেরিয়া আছে, সেটা রাজ্য সরকার কি মানতে বাধ্য?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** স্বাভাবিকভাবে ইউ জি সির কোন নির্দেশ যদি থাকে, তাহলে আমরা এই ইউ জি সির নির্দেশ আছে যে, প্রয়োজনবোধে রাজ্য সরকার ইউ জি সির সঙ্গে এই নিয়ে আলোচনা করতে পারেন। আমরা ডেমনেসট্রেটারদের সম্পর্কে ইউ জি সির সঙ্গে আলোচনা করে তাদের মতামত দিয়ে এটা সিদ্ধান্ত নিয়েছি। এখানেও আংশিক সময়ে অধ্যাপকদের ইউ জি সি যে নির্দেশ দিয়েছে, আমাদের রাজ্যে সেটা

প্রয়োগ করতে গেলে এক বড় অংশের আংশিক সময়ের অধ্যাপকরা ক্ষতিগ্রস্ত হবেন। কেননা, আমাদের রাজ্যের অবস্থা একটু আলাদা। সেজন্য আমি শিক্ষক সমিতির সঙ্গে কথা বলেছি এবং আমাদের কাছে খবর আছে যে, অল ইন্ডিয়া ফেডারেশন এই বিষয় নিয়ে ইউ. জি. সির সঙ্গে কথা বলেছে, সাধারণ সম্পাদকের সঙ্গে কথা বলেছে। আমার মনে হয়, ইউ. জি. সি. এই নির্দেশনামা পরিবর্তন করে নির্দেশ পাঠাবেন, কারণ এখন যে নির্দেশনামা রয়েছে তাতে অধিকাংশ আংশিক সময়ের অধ্যাপক বর্ধিত বেতন পাবেন না, এমন কি, চাকরীটাও হারাবেন।

**শ্রী তপন হোড় ঃ** এই 'নেট' এবং 'স্লেট' পরীক্ষার ব্যবস্থা যা করেছেন সেটা আংশিক এবং চুক্তির ভিত্তিতে যাতে নিয়োগ হতে পারে তারজন্য। এ বিষয়টা যদি একটু বলেন ভাল হয়।

[11.50–12.00 Noon)

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** আসলে যারা আমাদের আংশিক সময়ের জন্য শিক্ষক তাদের একটা বড় অংশ 'নেট' এবং স্লেট' পরীক্ষায় উত্তীর্ণ নন। তাদের নিয়োগটা ইউ. জি. সি. বিধিবদ্ধভাবে যেভাবে করতে বলেছে ঠিক সেভাবে হয়নি। আমাদের রাজ্যে বিধিবদ্ধভাবে নিয়োগের পদ্ধতি হচ্ছে কলেজ সার্ভিস কমিশন। যেহেতু আমাদের রাজ্যে কলেজ সার্ভিস কমিশন রয়েছে এবং যেহেতু মফঃস্বল কলেজগুলোতে আংশিক সময়ের অধ্যাপক বেশী প্রয়োজন, তারজন্য 'নেট' পরীক্ষায় পাশ করা অধ্যাপক পাওয়া কঠিন। তারজন্য আমাদের রাজ্যের বিশেষ পরিস্থিতিতে আংশিক সময়ের অধ্যাপকদের দিকে লক্ষ্য রেখে এখনো পর্যন্ত তাদের সুবিধার জন্য আমরা কোন অর্ডার বের করিনি। তাদের জন্য একটিমাত্র অর্ডার বের করেছি যাতে আংশিক সময়ের অধ্যাপকরা ২,০০০ করে পাবেন, আগে যেটা ৪০০ টাকা ছিল।

**শ্রী তপন হোড় ঃ** আপনি ২,০০০ টাকার কথা বলছেন, কিন্তু এখনও পর্যন্ত অনেক কলেজের আংশিক সময়ের অধ্যাপকরা ৪০০ টাকা করেই পাচ্ছেন। এ সম্পর্কে আপনার কাছে খবর আছে কিনা; থাকলে কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** ঠিকই বলেছেন, এখনো পর্যন্ত তারা ৪০০ টাকা করেই পাচ্ছেন। কারণ আমাদের অর্ডার কার্যকরী হবে ১লা জুলাই ১৯৯৯ থেকে। সুতরাং জুলাই মাস চলে যাবার পর এই প্রশ্নটা আসবে। ইতঃমধ্যে আমরা বিভিন্ন কলেজের সঙ্গে কথা বলেছি যাতে আংশিক সময়ের অধ্যাপকরা ঐ টাকাটা পেতে পারেন। আমরা আশ্বস্ত করতে পারি, আমাদের সরকারের পক্ষ থেকে যেটা বলেছি, আংশিক সময়ের শিক্ষকরা ২,০০০ টাকা করে পাবেন।

**শ্রী রামপদ সামন্ত ঃ** পার্ট-পাইম কলেজ শিক্ষকরা ইউ. জি. সি. নর্ম অনুযায়ী ২,০০০ টাকা করে পাবেন বলছেন, আগে যেটা ৪০০ টাকা ছিল। কিন্তু আমাদের অভিজ্ঞতায় দেখছি, অধিকাংশ কলেজে সেই ৪০০ টাকাও তাদের দেওয়া হয় না, অথচ

তারা পার্ট-টাইমার হিসাবে নিযুক্ত হয়ে ফুল-টাইমারের মত কাজ করেন। বেকারত্বের সুযোগ নিয়ে অনেক কলেজ কর্তৃপক্ষ পার্ট-টাইমারদের ২০০, ২৫০ টাকা করে দিয়ে কাজ করিয়ে নেন। কলেজ শিক্ষক পদ অনুমোদনের ব্যাপারটা সময়সাপেক্ষ, কিন্তু ছাত্রদের ক্লাস তো একদিনও বন্ধ করা যায় না। তারই জন্য কলেজের চাপ কমাবার স্বার্থে কর্তৃপক্ষ কিছু কিছু পার্ট-টাইম অধ্যাপক নিয়োগ করেন এবং বেকারত্বের কারণে তারাও কাজ করে যান। এই ব্যাপারগুলি বন্ধ করবার জন্য যাতে পার্ট-টাইম পোষ্ট অনুমোদন করা হয়, যাতে তাদের নির্দিষ্ট টাকাটা দেওয়া হয়, তার জন্য আপনার পক্ষ থেকে কোন নির্দেশ কলেজগুলোকে দেওয়া হয়েছে কিনা; এবং না দেওয়া হয়ে থাকলে সেটা দেবেন কিনা?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যাকে বলছি, আমি আগেও বলেছি যে আমাদের দপ্তর থেকে আমরা কলেজগুলিকে নির্দেশ দিয়েছি কোন কলেজ যদি সেই নির্দেশ না মানে তার কম দেয় এবং কোন শিক্ষক যদি আমাদের কাছে আবেদন করেন তাহলে নিশ্চয়ই আমরা সেই সম্পর্কে কলেজের সঙ্গে যোগাযোগ করে যথা সম্ভব ব্যবস্থা নেব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে পার্ট-টাইম লেকচারারের সংখ্যা কতো? তার মধ্যে স্থায়ীর সংখ্যা কত, আর পার্ট-টাইম লেকচারারের সংখ্যা কতো?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** আমাদের নন্-গভর্ণমেন্ট কলেজগুলিতে বর্তমানে যারা কর্মরত আছেন স্থায়ী শিক্ষক তাদের সংখ্যা ৮ হাজারের উপরে। তবে পার্টটাইমারদের সংখ্যা বলা মুশকিল। পার্ট টাইমার মানে হচ্ছে কোন কলেজ ৬ মাসের জন্যও তাদের নিতে পারেন আবার চলেও যেতে পারেন। এটা আংশিক সময়ের জন্য নেওয়া হয়, এটা স্থায়ী নয়। এর সংখ্যাটাও ওঠা-নামা করে। কলেজগুলিতে ফার্স্ট ইয়ার, সেকেন্ড ইয়ার, থার্ড ইয়ার এবং একাদশ ও দ্বাদশ শ্রেণী যখন একসঙ্গে চলে তখন অত্যন্ত বেশী ওয়ার্ক লোড হয়। তখন কলেজগুলিতে হোলটাইমারদেরই পার্ট-টাইমার হিসাবে নেওয়া হয় যারা অন্য জায়গায় হোলটাইম করছেন। আমাদের সরকারের অনুমোদিত পার্টটাইমারদের সংখ্যা খুব বেশী নয় এবং অধিকাংশ পার্টটাইমারই অনুমোদিত নয়।

**শ্রী অমর চৌধুরী ঃ** আপনি বলেছেন স্লেট বা নেট-এ পাশ করা শিক্ষক পাওয়া যায় না। ইউ. জি. সি'র নর্মস্ অনুযায়ী কোয়ালিফাইং মার্কস্ ৫৫ পারসেন্ট আছে, এটা কোন কোন ক্ষেত্রে ইউ. জি. সি. রিসেন্টলী তার ৫৫ পারসেন্ট-এর কম করেছে পি. এইচ. ডি. বা ডি. ফিল.-এর ক্ষেত্রে। সেই ক্ষেত্রে আপনি ইউ. জি. সির নির্দেশ মানছেন কি না? এবং এই যে পার্টটাইম শিক্ষক নিয়োগ করছেন তাদের ক্ষেত্রেও মানছেন কি, নাকি ৫৫ পারসেন্টই ধরে রাখছেন।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** আমি আপনাকে আবার বলছি পার্টটাইম শিক্ষক যে কলেজগুলিতে নিয়োগ করছে সেটা কলেজ সার্ভিস কমিশন নয়। এরা সামগ্রিক ভাবে

আমাদের দপ্তরের অনুমোদিত নয়। আমরা বলে দিচ্ছি নিয়োগ করার সময় তারা ইউ. জি. সি. যে নির্দেশনামা সেগুলি যেন মেনে চলা হয়। আপনি বললেন ইউ. জি. সির বর্তমান যে নির্দেশ তার অসুবিধার কারণ হচ্ছে তারা পার্মানেন্ট অর্ধেক সময় বা আংশিক সময়ের কথা বলছেন। আমরা শুধু একটা অংশকে কার্যকরী করতে পারি না স্থায়ী ভাবে যদি এটা করা যায় তাহলে ইউ. জি. সির নির্দেশে আমাদের কলেজগুলিতে একটা অসুবিধাজনক অবস্থার সৃষ্টি হবে। অর্থাৎ এই যে পার্টটাইমার, হাফটাইমার এদের পার্মানেন্ট বা প্রোপোর্সনেট মাহিনা দেওয়ার এবং রিটার্য়ারমেন্ট বেনিফিট দেওয়া, ডি. এ. দেওয়া এগুলি নিয়ে ইউ. জি. সির সাথে কথাবার্তা বলছি। কলেজগুলিতে অসুবিধা দেখা দিয়েছে, কারণ আমি যাকে পার্মানেন্ট হাফটাইমার নিয়েছিলাম তাদের ক্লাসের সংখ্যা কত হবে। আমরা শুধু বলেছি সমস্ত বিষয়টা নিয়ে এ. আই. ভুক্ত ইউ. জি. সির সাথে এখন কথাবার্তা বলছি।

**শ্রী মহঃ সোহরাব ঃ** আপনি বললেন পার্টটাইম লেকচারার কলেজ থেকে নিযুক্ত হন। এ বছর ৩০টা কলেজ থেকে এইচ. এস. তুলে দিলেন, তার ফলে তারা বেকার হয়ে যাবে। যারা পার্ট-টাইম হিসাবে কাজ করছেন তাদের পার্ট টাইমার হিসাবে রাখার জন্য কি চিন্তা করছেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্ত্তী ঃ** মাননীয় সদস্যকে জানাচ্ছি পার্ট-টাইম, এই আংশিক সময়ের ব্যাপারটার মধ্যে স্থায়িত্ব নেই। স্থায়িত্ব যদি থাকতো তাহলে সর্ব সময়ের জন্য করবে। এই কলেজগুলি থেকে উচ্চ মাধ্যমিক তুলে দেবার জন্য তারা বেকার হবে, তার কোন কারণ নেই। এই জন্য, আমি এই হাউসে বলেছি এবারে ডিগ্রি কোর্স চালু করেছি গত বছর থেকে ৩ বছরের। ফলে এক বছর ক্লাস বেড়ে গেল। তারপর ইংরাজীকে কমপালসারী করা হয়েছে, ক্লাস বেড়ে গেল, বাংলাকে কমপালসারী করা হয়েছে, ক্লাস বেড়ে গেল, পরিবেশ বিদ্যা চালু করা হলো, ফলে ক্লাস বেড়ে গেল। কলেজের কাজ বাড়ছে এবং আগামী দিনে আরো বাড়বে। তারপর বহু অনার্স কোর্স দেওয়া হয়েছে, ফলে ক্লাস বাড়বে। ফলে এই পার্টটাইমারদের কাজ থাকবে না এটা মনে করার খুব একটা কারণ নেই।

## Starred Questions
## (to which Oral Answers were laid on the Table)

### "অ্যাসেসমেন্ট প্রকল্প"

*৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩২) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ছোট ব্যবসায়ীদের সুবিধা দানের উদ্দেশ্যে একটি নমুনাভিত্তিক অ্যাসেসমেন্ট প্রকল্প চালু করা হয়েছে;

(খ) সত্যি হলে, কবে থেকে প্রকল্পটি চালু করা হয়েছে; এবং

(গ) প্রকল্পটির রূপরেখা কি?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১লা এপ্রিল, ১৯৯৮।

(গ) ছোট ছোট ব্যবসায়ী, যাদের বার্ষিক টার্নওভার অনধিক ৭ লক্ষ টাকা, যাদের ক্ষেত্রে গত ৩ বছরের এ্যাসেস্‌মেন্ট হয়েছে এবং যাঁদের বিরুদ্ধে কর ফাঁকির অভিযোগের কোন তদণ্ড শুরু হয়নি, তাদের মধ্যে ২৫ শতাংশ ব্যবসায়ীকে নির্বিচার বাছাই পদ্ধতি অনুসারে নির্বাচিত করে তাদের এ্যাসেস্‌মেন্ট করা এবং ঐ শ্রেণীভুক্ত বাকী ব্যবসায়ীদের এ্যাসেস্‌মেন্টের আওতার বাইরে রাখা।

**Water from Tennughat**

*557. (Admitted Question No. *2236) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Depa :ment be pleased to state–

(a) whether it is a fact that the State Government has bought water from Tennughat Water Reservoir this year;

(b) if so, how much cusec of water was bought;

(c) the total monetary involvement in the matter; and

(d) when such decision was taken?

**Minister-in-Charge of the Irrigation & Waterways Department:**

(a) Yes.

(b) The quantum of water bought by the State Govt. from the Tenughat Dam in Bihar during the period from 31.3.99 (A.N.) to 14.4.99 (F.N.) was 50,000 ac ft.

(c) The monetary involvement in the matter is to the tune of Rs. 543.63 lakhs, i.e. about Rs. 5.44 Crores @ Rs. 4.00 per thousand gallons (or Rs. 1,087.00 per ac ft) of water.

(d) The decision to obtain a supply of 50,000 ac ft of water from the Tenughat Dam under the control of Water Resources Deptt., Govt. of Bihar for supplementing boro irrigation in West Bengal

within the command area of Damodar Valley Project during the year 1999 was taken in the first week of March, 1999.

### উদ্বাস্তুদের জমির দলিল

*৫৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০৮) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার যে সমস্ত সরকারী কলোনীগুলিতে উদ্বাস্তুদের জন্য জমির নিঃশর্ত দলিল দিয়েছে তারা সকলে এ পর্যন্ত জমির 'পড়চা' পান নি; এবং

(খ) সত্যি হলে, কারণ কী?

**উদ্বাস্তু ও পুনর্বাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) যদিও রাজ্যসরকারের উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগ তাদের মালিকাধীন জমিতে উপযুক্ত ক্ষেত্রে উদ্বাস্তুদের নিঃশর্ত দলিল দিয়ে থাকেন, এতদ্‌সংক্রান্ত পড়চা দেওয়ার দায়িত্ব ও এক্তিয়ার সরকারের ভূমি ও ভূমিসংস্কার বিভাগের। সে জন্য এই প্রশ্নের যথাযথ উত্তর ভূমি ও ভূমি সংস্কার বিভাগই দিতে পারে।

(খ) ভূমি ও ভূমি সংস্কার বিভাগের পক্ষেই এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব।

### উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত বিদ্যালয়ের সংখ্যা

*৫৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫৩) **শ্রী সঞ্জয় বক্সী :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে কতগুলি মাধ্যমিক বিদ্যালয় উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে;

(খ) উক্ত বিদ্যালয়গুলির মধ্যে কলকাতায় কতগুলি; এবং

(গ) এর জন্য সারা পশ্চিমবঙ্গে কত জন অতিরিক্ত শিক্ষক নিয়োগ করা হবে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৬৮ (আটষট্টি)টি।

(খ) একটি।

(গ) ১১২ (একশত বারো) জন।

### Quota for Admission in Class XI

*560. (Admitted Question No. *2448) **Shri Deokinandan Poddar:** Will the Minister-in-charge of the School Education Department be pleased to state–

(a) is there any quota reserved for admission in Class XI of students belonging to Scheduled Caste, Scheduled Tribe and O.B.C.; and

(b) if so, what is the percentage?

**Minister-in-Charge of the School Education Department:**

(a) 'Yes'

There is provision for reservation for students belonging to Scheduled Caste and Scheduled Tribes for the purpose but not for other Backward classes;

(b) SC - 22%

ST - 6%

### "Admission in Private Engineering Colleges"

*561. (Admitted Question No. *1288) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Higher Education Department be pleased to state–

the norms for admission in the Private Engineering Colleges.

**উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

জয়েন্ট এন্ট্রান্স বোর্ড কর্তৃক গৃহীত জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলের ভিত্তিতে বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে ছাত্র ভর্তি করা হয়ে থাকে। এই নিয়মে শতকরা ৯৫ জন ছাত্র ভর্তি করা হয়ে থাকে এবং বাকী শতকরা ৫টি আসন পূরণ করা হয়ে থাকে প্রবাসী ভারতীয়/বিদেশী ছাত্রদের দ্বারা।

### "গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন প্রকল্প"

*৫৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল প্রকল্পে ১৯৯৮-৯৯ আর্থিক

বছরে ৩১.১.৯৯ পর্যন্ত জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক থেকে কোনরূপ অর্থ পাওয়া গেছে কি না;

(খ) পাওয়া গেলে, তার পরিমাণ কত; এবং

(গ) প্রাপ্ত অর্থ থেকে গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন প্রকল্পে কী কী কাজ রূপায়িত হচ্ছে/হয়েছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৫ কোটি ৫৬ লক্ষ ৬৭ হাজার টাকা।

(গ) প্রাপ্ত অর্থ থেকে ১০ কোটি ৪১ লক্ষ ৭৮ হাজার টাকা ব্যয় হয়েছে গ্রামীণ এলাকায় রাস্তা নির্মাণ এবং/অথবা সংস্কারের কাজে; ২ কোটি ৬৭ লক্ষ ৫৮ হাজাব টাকা ব্যয় হয়েছে গ্রামীণ এলাকায় ব্রিজ নির্মাণে এবং/অথবা সংস্কারের কাজে; ২ কোটি ৪৭ লক্ষ ৩১ হাজার টাকা ব্যয় হয়েছে জলসেচ ও বন্যা প্রতিরোধের কাজে।

**অধ্যাপকদের বেতন বৃদ্ধির জন্য ব্যয়**

*৫৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৬) **শ্রী তপন হোড় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের বেতন বৃদ্ধির জন্য রাজ্য সরকারের বাড়তি কত টাকা খরচ হবে বলে আশা করা যায়?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যের কলেজের জন্য ১.১.৯৬ থেকে ৩১.৩.৯৯ পর্যন্ত বাড়তি খরচ হবে ৪৫.৬৩ কোটি টাকা। বিশ্ববিদ্যালয় অধ্যাপকদের জন্য ৭.৫ কোটি টাকা।

[12.00 - 12.10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Shri Kamal Mukherjee, Shri Sudhir Bhattacharjee and Shri Ramjanam Majhi on the subject of insufficient seats in Higher Secondary Schools causing acute problem for admission of Madhyamik passed students.

The subject matter of the Adjournment Motion was raised and discussed in the House on 07-07-99 during the discussion of the Motion under Rule 319 on the subject of problems of admission of students after withdrawal of Higher Secondary courses from 39 colleges in the State.

The Motion is then out of order and I disallow it.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :

(i) Alleged abduction of 8 fishermen on 5th July, 1999, by the pirates near Goshaba in South-24 Parganas

Attention Called :- Shri Sudhir Bhattacharjee

(ii) Relief measures for the flood affected areas of Jalpaiguri District :- Shri Pankaj Banerjee & Shri Tapan Hore.

(iii) Reported clash at Garbeta, Midnapore resulting in death of one person :- Shri Ashok Kumar Deb.

(iv) Progress in the Subarnarekha Barrage Project :- Shri Sailaja Kumar Das.

I have selected the notice of Shri Sailaja Kumar Das on the subject of (iv) progress in the Subarnarekha Barrage Project.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Mr. Speaker, Sir, the statement will be made on 19th July, 1999.

## Presentation of Committee Report

## 2nd Report of the Committee on Reforms and Functioning of the Committee System (1998-99).

**Shri Probhanjan Mondal :** Mr. Speaker, Sir, I beg to present the 2nd Report of the Committee on Reforms and Functioning of the Committee System (1998-99).

## MENTION CASES

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কুলপি বন্দরের ব্যাপারে হাজার হাজার বিঘা জমি

মানুষের কাছ থেকে ধোঁকা দিয়ে নেওয়া হয়েছে। এই ভাবে চাষ যোগ্য জমিগুলোকে নষ্ট করে বছরের পর বছর ফেলে রাখা হয়েছে। আমরা জানি চাষ যোগ্য জমি আগের থেকে কমে যাচ্ছে। ইনডিয়া পোর্ট এ্যাসোসিয়েশান এই পোর্ট বাস্তবে রূপ দেওয়া সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছে। সুতরাং এই পোর্ট বাস্তবে হওয়া সম্ভব নয়। তাই আমি বলছি এই ভাবে মানুষকে ধোঁকা দিয়ে যাদের জমি নেওয়া হয়েছে তাদের জমি ফেরত দেওয়া হোক। তারা চাকুরী পাবে না, বেকারত্বের জ্বালায় ভুগবে, অথচ তাদের জমি চলে যাবে। তারা সর্বহারা হবে, তাদের কোন বাস্তু জমি থাকবে না। তারা অত্যাচারিত হবে, বেকারের জ্বালায় জর্জরিত হবে আবার জমি চলে যাবে এটা চলতে পারে না। এই ব্যাপারে সমাধানের জন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে একটি আবেদন পৌঁছে দিতে চাই। পিংলা ব্লকের ৫নং মালিগ্রাম এবং ৭নং গোবর্ধনপুর অঞ্চলে পাস্তড়ি খাল বয়ে চলেছে। উক্ত খালের ওপরে সংশ্লিষ্ট এলাকার মানুষ একটি পাকা পুল নির্মাণের জন্য দীর্ঘদিন যাবদ দাবী করে আসছে। পঞ্চায়েত সমিতিও এই দাবী করেছে। আমি বিধায়ক হিসাবে এখানে এই দাবী এর আগে উত্থাপন করেছি। কিন্তু এখনও পর্যন্ত সেই দাবী কার্যকরী করার ব্যাপারে কোন পদক্ষেপ দেখা যাচ্ছে না। যদি ঐ দন্ডশিরা ব্রীজটি সম্পূর্ণ না করা যায় তাহলে স্কুল এবং কলেজের ছাত্রছাত্রী যারা যাতায়াত করে তাদের খুবই অসুবিধা হয়। বিশেষ করে বর্ষাকালে তারা খাল পেরোতে পারে না বলে তাদের অসুবিধা হয়। তাই আমি উক্ত দন্ডশিরা ব্রীজটি নির্মাণের জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গোটা কলকাতা শহর জঞ্জাল শহরে পরিণত হয়ে গেছে। কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন তারা আজকে কলকাতায় যারা দীর্ঘদিন ধরে জঞ্জাল আবর্জনা পরিস্কার করে আসছে সেই সমস্ত মজদুরদের নাম খাতা থেকে কেটে দিচ্ছে। অথচ নতুন কোন মজদুর নিয়োগ করা হচ্ছে না। যে সমস্ত মজদুর দিনের পর দিন কাজ করে কলকাতা শহরকে জঞ্জাল মুক্ত করে রাখতো, মেয়র-ইন-কাউন্সিল কান্তি গাঙ্গুলি একতরফা সিদ্ধান্ত নিয়ে মজদুরদের নাম কেটে দিচ্ছেন। ফলে গোটা কলকাতাকে পরিষ্কার রাখার যে ইনফ্রাস্ট্রাকচার ছিল তা আজকে বন্ধ হয়ে গেছে। তার ফলে এখানে মহামারী দেখা দিচ্ছে। কলকাতায় যে অঘোষিত বস্তিগুলো আছে সেখানে জঞ্জাল জমে স্তুপীকৃত হয়ে জমে থাকছে। ইতিমধ্যে অনেকে আন্ত্রিকে আক্রান্ত হয়ে আই. ডি. হসপিট্যালে ভর্তি হয়েছে। একদিকে বর্ষার জল, আর একদিকে নর্দমার জল জমে কলকাতাকে জঞ্জাল শহরে পরিণত করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এটা কলকাতার এক কোটি মানুষের জীবন মরণের সমস্যা। আজকে মিউনিসিপ্যাল দপ্তরের বাজেট আছে, মাননীয় মন্ত্রী আসবেন, আপনি তাকে এই ব্যাপারে ব্যবস্থা নিতে বলুন।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সালারে ৩৩ কেভি সাব-ষ্টেশনে চারটি ফিডার আছে

যার টোটাল লোড ডিমান্ড হচ্ছে ৪৫০-৫০০ এম. পি. আর. এবং দুটি ৩ এম ভি ট্রান্সফর্মার আছে, যার লোড ক্যাপাসিটি ৩০০ এমপিআর। বর্তমানে ২০০ এমপিআর'য়ে বিদ্যুৎ ঘাটতি হচ্ছে। যার ফলে এলাকার মানুষের বিদ্যুতের চাহিদা পূরণ হচ্ছে না। ওখানে মানুষের চাহিদা পূরণ করতে গেলে ৩ এমডিএ ট্রান্সফর্মার দরকার। আমি তার বদলে ৬.৩ এমভিএ ট্রান্সফর্মার বসাবার জন্য মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**श्रीराम जनम मांझी :** आदरणीय डिपुटी स्पीकर सर, मै आपके माध्यम से श्रम मंत्री का ध्यान आकर्षित कराना चाहता हुं। हावड़ा जिला के उलबेड़िया उत्तर केन्द्र में कनोड़िया जूट मिल, प्रेमचंद जूट मिल बन्द होकर पड़ा हुआ है। जहां हजारों मजदूर वहां बेकार हो गये है। सामने सार्वजनिक दुर्गा पूजा के अवसर पर अपने बच्चों को कपड़ा तक नही दे पाने की स्थिति में यहां के मजदूर है। मै श्रम मंत्री से अनुरोध करता हूं कि आप स्थिति के समझे। सर, कुछ दिन पहले हमलोगों ने पढ़ा कि कनोड़िया जूट मिल के मजदूर भूखामरी से तंग आकर आत्म हत्या कर रहे है। इस लिए मै श्रम मंत्री से अनुरोध करता हूं वहां कल-कारखानों को खुलबाकर बहां के मजदूरो के पालन-पोषन की व्यवस्था किया जाय।

**শ্রী নর্মদা রায় ঃ** মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি খুব জরুরী বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ দিনাজপুর জেলার কুশমন্ডিতে নতুন সাব-রেজিস্ট্রী অফিস যেটি খোলার কথা, সেটি জুডিশিয়াল দপ্তর থেকে স্যাংশন্ড হয়ে দীর্ঘদিন ধরে পড়ে আছে। ওই সাব রেজিষ্ট্রি অফিস আজ অবধি ওপেন করা যাচ্ছে না। বনিয়াদপুরের তিনটি ব্লকের কাজ ওই কুশমুন্ডীতে হবে ঠিক হওয়া সত্ত্বেও মাননীয় অর্থমন্ত্রী আজ অবধি ওই সাব-রেজিষ্ট্রি অফিসটির অনুমোদন দিচ্ছেন না। ওই সাব-রেজিষ্ট্রি অফিসটি অবিলম্বে খোলা হোক এই দাবী আমি রাখছি।

[12.10–12.20 p.m.]

**শ্রী শৈলজা দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত অধিবেশনে এই সরকার দলের চীফ হুইপ এই হাউসে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, এরিয়া ডেভেলাপমেন্ট ফান্ডের ব্যাপারে এম এল এদের কোটার মত বিবেচনা করা হবে। আমরা বারে-বারে বলেছি এবং আজকেও এই অধিবেশনের প্রায় অন্তিম লগ্নে, আর মাত্র চার দিন পরে বন্ধ হয়ে যাবে, আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি যে, এই কাজটি যাতে দ্রুত এবং সক্রিয়ভাবে হয় এই এম পি কোটার মত এম এল এ কোটা পূরণের ক্ষেত্রে এবং এম এল এরা যাতে তাদের পছন্দমত এলাকায় কাজ করতে পারে তার ব্যবস্থা করুন। এটা শুধু আমরা পাব না, সব এম এল এরাই এর সুযোগ পাবেন। শাসক দলের এম এল এরা এই প্রস্তাবটি কার্যকরী হবে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও কার্যকরী হচ্ছে না বলে আমাকে বলতে বলেন। অধিবেশন শেষ হতে চলেছে আমি আপনার মাধ্যমে গোটা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে বিষয়টি কার্যকরী হওয়ার আবেদন জানাচ্ছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সামনের সোমবার পশ্চিমবঙ্গ এবং কলকাতার নাম বদলানোর প্রস্তাব এসেছে। প্রাচীনতত্ত্বের দিকে দৃষ্টি রেখেই কলকাতার নাম বদলে "গোবিন্দপুর-সুতানুটী" নাম রাখা হোক অথবা 'কালীঘাট' নাম রাখা হোক। আর পশ্চিমবঙ্গের নাম পরিবর্তন করে 'নব বঙ্গ' রাখার দাবী জানাচ্ছি। মুম্বাই, চেন্নাই অতীত সংস্কৃতিকে ধরেই নামকরণ করা হয়েছে। তেমনি কলকাতার নাম সুতানুটী-গোবিন্দপুর নাম কলকাতাকে মিলিয়ে রাখা হোক অথবা কালিঘাট রাখা হোক। কলকাতা নামটি রাখা সামঞ্জস্যপূর্ণ হবে না। পশ্চিমবঙ্গ স্বাধীনতা হবার পরে একটা নতুন রূপ নিয়েছে সেই কারণে এর নাম 'নব বঙ্গ' রাখা হোক এই প্রস্তাব আমি মন্ত্রীসভার কাছে রাখছি।

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে উচ্চশিক্ষামন্ত্রী বসে আছেন, আমি স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এখানে শিক্ষাক্ষেত্রে তুঘলকী রাজত্ব চলছে। শিক্ষা দপ্তর থেকে একটা নোটিশ সার্ভ করেছে—This is to inform you that those students passing Class-X Examination from the Council for the Indian School Certificate Examination with Science and Mathematics along with other compulsory subjects are eligible to take admission in Class-XI under West Bengal Council of Higher Secondary Education হায়ার সেকেন্ডারীতে ভর্তির ক্ষেত্রে ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্টের এই নোটিশ একটা তুঘলকী ব্যবস্থা এবং আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এই নোটিশে বলা হয়েছে যে, যারা হায়ার সেকেন্ডারীতে সায়েন্স এবং ম্যাথামেটিক্স নিয়ে পড়াশুনো করবে তারা পড়তে পারবে। অন্য সাবজেক্ট নিয়ে পড়তে চাইলে পড়তে পারবে না। এই ব্যাপারে আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রীর একটি জরুরী বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। চাকুলিয়ার নিকট সুধানী নদী আছে, সেই নদীতে ভাঙ্গন ধরেছে। সেখানে আর এল আই হয়েছিল। ওখানে যে মজলিসপুর রাস্তাটি সুধানী নদীর পর্যন্ত গেছে সেটাও ভেঙ্গে গেছে। এই ভাঙ্গনের ফলে প্রায় ৫-৭ একর জমি কৃষিযোগ্য জমি নষ্ট হয়ে যাবে। এক কোটি টাকা ব্যয়ে চাকুলিয়ার সুধানী নদীর উপরে সেতু নির্মাণের কাজ হয়, তারও কোন ইউটিলিটি থাকবে না। সেইজন্য অবিলম্বে এই ভাঙ্গন প্রতিরোধের জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাধ্যমিক পরীক্ষার ফল বেরিয়ে যাওয়ার পরে অনেক ছাত্র-ছাত্রী আজকে ভর্তি হতে পারছে না। এই বছরে সরকার যে সমস্ত এলাকার বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করেছে তার মধ্যে কাটোয়ার কোন বিদ্যালয় নেই। ফলে ঐ এলাকার বহু মাধ্যমিক পাশ করা ছাত্র-ছাত্রী তারা ভর্তি হতে পারছে না। অবিলম্বে কাটোয়ায় একটি স্কুলকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হোক।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত অধিবেশনে ঘোষণা করা হয়েছিল রাজ্যে যে সমস্ত ক্ষেত-মজুর আছে তাদের প্রভিডেন্ট ফান্ড এবং লাইফ ইনসিওরেন্স চালু করা হবে। এই ঘোষণা হওয়ার পরেও আমরা দেখতে পাচ্ছি রাজ্যের কোন জেলাতেই সেই কাজ হচ্ছে না, বিশেষ করে মুর্শিদাবাদ জেলার কথা বলছি, সেখানে জেলাশাসক বলছে এই ব্যাপারে আমাদের কাছে কোন সরকারী নির্দেশনামা আসেনি, তাই আমরা চালু করতে পারছি না। এই সমস্ত কাজ করার জন্য নূতন স্টাফ দরকার, অফিসার দরকার, কিন্তু কোন লোক দেওয়া হচ্ছে না। এই কাজ করার জন্য ফান্ডে টাকাও রাখা হয়েছে। অবিলম্বে এই ক্ষেতমজুরদের প্রভিডেন্ট ফান্ড এবং এল. আই. সি চালু করার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী দিলীপ দাস ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকায় আমি এম. এল. এ, সার্টিফিকেট লেখা ছাড়া আমাদের কোন কাজ নেই। স্যার, পঞ্চায়েতের নির্বাচিত সদস্য তার নিজের এলাকায় কাজ করতে পারে, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের সদস্য তাদের নিজেদের এলাকায় কাজ করতে পারে, কিন্তু আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি, সেই এলাকায় কোন কাজ করার ক্ষমতা আমার নেই। এম. পি. ফান্ডের যে দু'কোটি টাকা আসে সেই কাজের বেনিফিসিয়ারী কমিটির আমাদের সদস্য হতে হয়, কিন্তু আমরা কিছু করতে পারি না। তাই আমাদের নির্বাচনী এলাকার উন্নয়নের জন্য অবিলম্বে প্রত্যেক এম. এল. এ-কে ৫০ লক্ষ টাকা করে দেওয়া হোক, যাতে আমরা আমাদের নির্বাচনী এলাকায় উন্নয়নের কাজ করতে পারি। স্যার, যদি টাকা স্যাংশান হয় তবে আপনিও সেই সুযোগ পাবেন।

**শ্রী পরেশ নাথ দাস ঃ** মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, মাধ্যমিক পরীক্ষার ফল বেরিয়েছে। এই ফল বেরোনোর পরে আমার সাগরদীঘি কন্সটিটিউয়েন্সিতে বহু ছাত্র-ছাত্রী তারা উচ্চ মাধ্যমিক স্তরে ভর্তি হতে পারছে না। সেই কারণে আমি অনুরোধ করব বালিয়া মাধ্যমিক স্কুলটিকে উচ্চ মাধ্যমিক স্কুল হিসাবে ঘোষণা করা হোক এবং সাগরদীঘিতে একটি ডিগ্রী কলেজ স্থাপন করা হোক উচ্চশিক্ষার জন্য।

**শ্রী সৌগত রায় ঃ** (নট প্রেজেন্ট)

[12.20–12.30 p.m.]

**শ্রী রবীন মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই, হুগলী-চুঁচুড়া পৌরসভা এলাকায় আই. পি. পি.-৮, সি. এম. ডি. এ. প্রকল্প আছে। দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী জনগণকে সি. এম. ডি. এ. কর্তৃপক্ষ স্বাস্থ্য পরিষেবা

দেয়। জেলা-পরিষদের চেয়ারম্যান এবং প্রাক্তন পৌরপিতা অমিয় নন্দী সেটা উদ্বোধন করেছিলেন। আমরা দেখছি এখন - প্রাক্তন এম. পি. রূপচাঁদ পাল এবং মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির গুন্ডারা সেটা বন্ধ করে দিচ্ছে। ১৫০ জনের মধ্যে ৭৪ জন দরিদ্র মেয়ের নামের তালিকা সি. এম. ডি. এ. কর্তৃপক্ষ অনুমোদন করে পাঠায়-এরা ৫০০ টাকা অনারিয়াম পাবে। মেমো নং ৫৯৬। সি. এম. ডি. এ.। ৩০.৪.১৯৯৪। এই যে আই. পি. পি.-৮ চুঁচুড়া পৌরসভায় বন্ধ করে দিচ্ছে মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির গুন্ডারা, এর বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলায় নরঘাট বিধানসভায় নন্দীগ্রাম ৩ নং ব্লকে চন্ডীপুরে ব্লক হেড অফিস, থানা এবং অন্যান্য অফিস আছে। কিন্তু সেখানে তিন কিলোমিটারের মধ্যে কোন মাধ্যমিক স্কুল নেই। তাই আমার আবেদন, চন্ডীপুর ব্লকে প্রপার চন্ডীপুরে একটি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করা হোক। এবং চন্ডীপুর বিবেকানন্দ বিদ্যামন্দির বলে একটি স্কুল চলছে, সেখানে এবং অন্যান্য স্কুলের মাধ্যমে বছরের পর পর মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে ছাত্রছাত্রীরা, সেই স্কুলটাকেও মাধ্যমিক বিদ্যালয়ের স্বীকৃতি দেওয়া হোক, এই আবেদন করছি।

**শ্রী মইনুল হক ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার অর্ন্তগত কাটযামনপুর, শোভাপুর একটা গ্রাম-পঞ্চায়েত। সেখানকার অধিবাসীরা ফরাক্কা, ঔরঙ্গাবাদ বিধানসভায় এবং জঙ্গিপুর পৌরসভায় ভোট দেন। অথচ সেই অঞ্চলটা মালদা জেলার সঙ্গে অন্তর্ভুক্ত, সমস্ত কাজ তাদের মালদাতেই করতে হয়। ঐ অঞ্চলটি মালদা জেলায় না মুর্শীদাবাদ জেলায়, তার নিষ্পত্তি চাই। হয় তাদের মালদায় ভোটাধিকার দেওয়া হোক, না হলে মুর্শীদাবাদে ঢুকিয়ে নেওয়া হোক-এই দাবী করছি।

**শ্রী সুনীল কুমার ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল মাননীয় বিরোধী দলের সদস্য শ্রীপঙ্কজ বন্দ্যোপাধ্যায় একটা ছিনতাইয়ের ঘটনা - নব বিবাহিতা বধূ এবং তার আত্মীয়াকে অপহরণের যে কাহিনী এখানে বলেছেন, তাতে এই সভায় বিভ্রান্তির সৃষ্টি হয়েছে এবং এলাকায় সাম্প্রদায়িক সম্প্রিতির অভাব ঘটছে। তাই আমি এই ধরণের সংবাদ পরিবেশনের প্রতিবাদ করছি। কিছু পত্রিকার সাথে কি করে একজন কংগ্রেসী সদস্য সুর মেলালেন আমি তা বুঝতে পারলাম না। কারণ আমরা মনে করি দল হিসাবে কংগ্রেস একটা সাম্প্রদায়িক দল। এই রকম একটা পরিস্থিতিতে আমরা যেখানে সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে লড়াই করছি। কংগ্রেসও তাদের মত লড়াই করছে। (এইখানেই মাইক অফ হয়ে যায়।)

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই জানি যে ভারতের মধ্যে কলকাতা হচ্ছে ফুটবলের পীঠস্থান। সরকার এমন একটা সিদ্ধান্ত নিয়েছে দেখলেই অবাক হয়ে গেলাম। কলকাতায় যে তিনটি মাঠ আছে, সেখানে গ্যালারীর অবস্থা খারাপ

বলে পুলিশ নাকি রিপোর্ট দিয়েছে এবং গ্যালারী ভেঙ্গে পড়তে পারে এমন অবস্থায় আছে। তাই সেখানে কোন দর্শকদের ঢুকতে দেওয়া হচ্ছে না। গত ১ বছর আগে যখন দুর্ঘটনা ঘটে গিয়েছিল, তারপরে এক বছর কেটে গেছে, এই ১ বছরে সরকার কি ঘুমোচ্ছিলেন? এই ব্যাপারে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ক্রীড়া দপ্তর, পূর্ত দপ্তর, পুলিশ দপ্তর আছে, হোম মিনিষ্টার আছেন। তারা এই ব্যাপারে সবাই আলোচনা করুক। একটা কেন্দ্রবিন্দু কলকাতা। এটা ফুটবল নগরী বলে খ্যাত। আজকে দর্শকরা এত ক্ষুব্ধ যে, তারা গতকাল ফুটবলের শবদেহ নিয়ে মিছিল করতে বাধ্য হয়েছেন, সরকারের টনক নাড়ানোর জন্য। বিষয়টি অত্যন্ত দায়িত্ব সহকারে গুরুত্ব নিয়ে দেখা উচিত।

**শ্রী অমর চৌধুরী ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে সি এম ডি এ এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বি টি রোড একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা, যে রাস্তাটি চওড়া করছে এবং এটা অত্যন্ত বিজি রাস্তা। ডানলপ অঞ্চলে এত বেশী যানজট হয়ে যায় যে, কিছু কাজ করা যায় না। ওখানে যে রেল লাইন আছে, তার তলা দিয়ে যে রাস্তা গেছে, সেটাকে বিস্তৃত করা দরকার। অবিলম্বে আবেদন করব যে, উল্টোডাঙ্গার ওখানে যেমন প্যাসেজ আছে রেল লাইনের তলা দিয়ে, তেমনি এখানেও ওই রকম রাস্তাটাকে আরও চওড়া করা হোক। তাহলে একটা সাবলীল গতি রক্ষা করা যাবে। এটা অত্যন্ত জরুরী এবং এরজন্য যেন অবিলম্বে ব্যবস্থা নেওয়া হয়, তার আবেদন করছি।

**শ্রী অসিত মাল ঃ** স্যার, আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। সারা রাজ্যে অধিকাংশ ভেটেরেনারী হাসপাতালগুলিতে ডাক্তার নেই। ফলে পশু চিকিৎসা ব্যাহত হচ্ছে। এই অবস্থা সারা পশ্চিমবঙ্গে চলছে। এখানে চাষের সময় গরু, মোষ, ইত্যাদি যে সমস্ত পশু কাজে লাগে, তারা অসুখে পড়েছে। অথচ সরকারের কাছে খবর নেই। আমার বিধানসভা কেন্দ্র বল্লায় ২০ বছর ধরে হাসপাতালে কোন ডাক্তার নেই। এই ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** স্যার, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা নদীয়ার করিমপুরে বর্তমানে পরিকল্পিতভাবে এবং রাজনৈতিক ভাবে আমাদের পার্টির উপর খুন সন্ত্রাস চালানো হচ্ছে। সম্প্রতি পোয়াশ গ্রামের বহরমপুর এলাকায় লোকাল কমিটির যুব ফেডারেশনের সম্পাদক এবং পার্টি কর্মী জলিল বিশ্বাস তাকে নির্মমভাবে খুন করা হয়েছে। এর পিছনে মদত যারা দিয়েছে, তারা হচ্ছে কংগ্রেস, তৃণমূল এবং বিজেপি। এরা যৌথভাবে মদত দিয়ে সমাজ বিরোধীদের দ্বারা লোক খুন করছে। আমি এই খুনের সার্বিক তদন্ত চাচ্ছি। সি আই ডি এবং পুলিশ তদন্ত করুক এবং কঠোরভাবে অপরাধীদের শাস্তির ব্যবস্থা করুক।

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মাণিকচক বিধানসভা এলাকায় গোপালপুর-এর চন্ডিমোড় থেকে পাঁচকড়ি টোনা পর্যন্ত প্রায় ৬ কিলোমিটার পর্যন্ত গঙ্গায় প্রচন্ড ভাঙ্গন শুরু হয়েছে। সেই ভাঙনে মাণিকচক বিধান সভা বিলীন হতে চলেছে। তাই যুদ্ধকালীন ভিত্তিতে এই ভাঙন রোধ করার জন্য আপনার কাছে আবেদন করছি। ফুলহার থেকে রতুয়া, মহানন্দাতলা

শংকরীতলায় প্রচন্ড ভাঙন শুরু হয়েছে। শুধু তাই নয়, পশ্চিমবঙ্গে সরকার যে স্পার নির্মাণ করেছে, ডাউনের দিকে, গ্রামের লোক বলেছিল আপের দিকে নির্মাণ করতে, সেটির কাজ ২৫ পার্সেন্ট হয়েছে। এইভাবে মালদহ জেলা ভাঙনের মুখে পড়ছে। এই সেচ দপ্তর ভাঙন প্রতিরোধে সম্পূর্ণ ব্যর্থ। এই দপ্তরকে আমি ধিক্কার জানাচ্ছি। সেচ দপ্তর কোন কাজ করতে পারেনি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চ্যাটার্জ্জি :** (অনুপস্থিত)

[12.30–12.40 p.m.]

**শ্রী মোজাম্মেল হক :** (হরিহরপাড়া) স্যার, আমার বিধানসভা এলাকার হরিহরপাড়া বাজার সংলগ্ন ছোট জেরবপুর নদীর উপর একটি সেতু আছে। এই সেতুটির রেলিং ভেঙে পড়েছে এবং জরাজীর্ণ হয়ে বিপজ্জনক অবস্থায় রয়েছে। যে কোন সময়ে বড় দুর্ঘটনা ঘটতে পারে। বহরমপুর-রাধাঘাট ব্রীজ ভেঙে পড়ছে। এখানে রেলিং নেই। এটা খুব সংকীর্ণ। যে কোন সময়ে দুর্ঘটনা ঘটতে পারে। অবিলম্বে এই সেতুটিকে মেরামতের জন্য, মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মহম্মদ সোহরাব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পূর্ত দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার সূতি বিধানসভা কেন্দ্রে কানুপুর বহুতালি রোড। বহুবার, বহু সময়ে মন্ত্রী, চীফ ইঞ্জিনিয়ার সকলের কাছে গিয়েছি, অনুরোধ করেছি, এই রাস্তাটি বহুদিন থেকে অসম্পূর্ণ হয়ে আছে। তিনটে ব্রীজ দরকার। একটা ব্রীজের কাজ শুরু হয়েছে। এটা ৪ বছর ধরে চলছে। এক কন্ট্রাক্টর যাচ্ছে, আরেকটা কন্ট্রাক্টর আসছে। এখন যে কন্ট্রাক্টর কাজ করছে সে এত ঢিমেতালে কাজ করছে যে কাজ কবে শেষ হবে তার ঠিক নেই। অথচ এই রাস্তাটা ৬৭ সাল থেকে মঞ্জুরী হয়ে আছে। কানুপুর বহুতালি রোডটা যাতে অনতিবিলম্বে সম্পূর্ণ হয় তার জন্য সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মৃণাল কান্তি রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যের বিভিন্ন হাসপাতালগুলো পরিষেবার ক্ষেত্রে অনন্য নজির আছে। তবুও যারা হাসপাতালে যান সব সময়ে তারা ওষুধপত্র পান না। অথচ হাসপাতালের অভ্যন্তরে, হাসপাতালের ক্যাম্পাসে অনেক উৎস রয়েছে। বাগান রয়েছে, নারকেল গাছ রয়েছে, কাজু বাদামের গাছ রয়েছে। বিভিন্ন দামী দামী গাছ রয়েছে। এই সমস্ত জিনিসগুলো যদি কাজে লাগানো যায়। তাহলে লক্ষ লক্ষ টাকা আয় করা যাবে। অ্যাডভাইসরি কমিটির মাধ্যমে যাতে এই উন্নয়নের কাজ করা যেতে পারে তার জন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রমথনাথ চৌধুরী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি দমকল বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কালিয়াচক শহরে একটা ফায়ার ব্রিগেড স্থাপন করার জন্য দাবি জানাচ্ছি। গত তিন বছর ধরে কোন পজিটিভ রেজাল্ট পাই নি।

ালিয়াগঞ্জ একটি বিজনেস সেন্টার, কমার্শিয়াল প্লেস। গত কয়েক বছরে এখানে বড় ড় অগ্নিকান্ডে লক্ষ লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হয়েছে। কালিয়াগঞ্জ মিউনিসিপ্যালিটি ার মধ্যে এক একর জমি পেয়েছে দমকল স্থাপনের জন্য। তাই আমি ওঁনার কাছে াবেদন রাখছি উনি এখানে উপস্থিত আছেন, আমরা জমি পেয়েছি, জমির দরকার নই। আপনি সক্রিয় ভূমিকা নিয়ে কালিয়াগঞ্জ শহরকে বাঁচাবার জন্য এক বছরের মধ্যে ায়ার ব্রিগেড স্থাপন করুন।

**শ্রী পেলব কবি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ রছি। আমার এলাকা খনি অধ্যুষিত এলাকা, সেখানে বেশ কিছু খনি বন্ধ হয়ে গেছে। সখানে সমাজবিরোধী এবং কোল মাফিয়াদের স্বর্গরাজ্য হয়েছে। এই সমস্ত সমাজবিরোধী বং কোল মাফিয়াদের কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস তাদের সংগঠিত করছেন। আমি াশঙ্কা করছি ভবিষ্যতে সেখানে চূড়ান্ত সন্ত্রাসের সৃষ্টি হবে। গণতান্ত্রিক যুব ফেডারেশনের নতা মহিত বাউড়ীকে প্রকাশ্য দিবালোকে খুন করা হয়েছে। এবং পরিহারপুর গ্রামে রীব মানুষদের পাড়ায় ডিটোনেটার চার্জ করে আতঙ্ক সৃষ্টি করা হচ্ছে। অবিলম্বে এই মাজবিরোধীদের গ্রেফতারের দাবী জানাচ্ছি এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে এর ব্যবস্থা নওয়ার জন্য অনুরোধ করছি।

**শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। লালবাগ শহরে নবাব বাহাদুর ইনস্টিটিউশান এটা সরকারী স্কুল, সেখানে আরবী পড়ানোর শিক্ষক আছেন। অথচ সিনিয়র মাদ্রাসায় যে সমস্ত ছাত্রছাত্রী আরবী পড়তে চাইছে তাদের পড়ানো হচ্ছে না। এতে ছাত্রছাত্রীরা ক্ষুব্ধ। অবিলম্বে যাতে পড়ানোর ব্যবস্থা হয় তার জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া আরেকটা বিষয় হলো মাধ্যমিক পরীক্ষার পর অনেক সরকারী স্কুলে ফার্স্ট ডিভিশান, হাই সেকেন্ড ডিভিশান ছাড়া ফর্ম দিচ্ছে না। তাই লোয়ার সেকেন্ড ডিভিশান, থার্ড ডিভিশানে যারা পাশ করছে তারা ভর্তি হতে পারছে না। ওই এলাকার যে সমস্ত মাধ্যমিক স্কুল আছে সেগুলিকে উচ্চমাধ্যমিকে উন্নীত করার জন্য আবেদন করছি।

**শ্রী কিরীটী বাগদি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় হাটগ্রাম অঞ্চলে অরকষা নদী খুব খরস্রোতা নদী, সেখানে কালভার্ট আছে, কয়েক দিন আগে সেখানে একজন প্রফেসর মারা গেছেন। মাননীয় পূর্ত মন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে সেখানে একটা ব্রীজ নির্মানের জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমার নির্বাচনী ক্ষেত্র হিঙ্গলগঞ্জ, উত্তর ২৪ পরগণার সুন্দরবনের লাগোয়া। ওই এলাকায় শিক্ষার হার জেলার মধ্যে একটা গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। আমার এলাকায় বিদ্যালয়ের সংখ্যা ৩৫টি। তার মধ্যে ৭টি উচ্চমাধ্যমিক, ১৯টি মাধ্যমিক, ৯টি জুনিয়র স্কুল। বর্তমানে সরকার যে পদক্ষেপ নিয়েছেন

তাতে আমার এলাকায় কয়েকটি স্কুলকে উচ্চমাধ্যমিকে উন্নীত করা প্রয়োজন। স্কুলগুলি হলো- ১) ভবানীপুর শ্রীমন্ত জুবিলী হাইস্কুল, ২) চক্ পাটলী হাইস্কুল ৩) বিশপুর হাইস্কুল, ৪) পূর্ব খেজুরবেড়িয়া হাইস্কুল এবং কালিতলা জুনিয়র স্কুলকে জুনিয়র থেকে মাধ্যমিক স্তরে উন্নীত করা প্রয়োজন। তাহলে সেখানকার ছেলেমেয়েরা উচ্চশিক্ষা লাভে সুবিধা পাবে। ইতিমধ্যেই সরকার যে পদক্ষেপ নিচ্ছেন তাতে কলেজগুলিতে উচ্চমাধ্যমিক পড়ানোর সুযোগ থাকবে না। তাই মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই দাবী রাখছি।

[12.40–12.50 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়ামন্ত্রী এবং মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন ধরেই দেখা যাচ্ছে গড়ের মাঠে কাঠের গ্যালারি না থাকার জন্য ক্রীড়াপ্রেমী দর্শকরা, ইষ্টবেঙ্গল, মোহনবাগান, মহমেডান, টালিগঞ্জে, প্রভৃতি দলের খেলা দেখতে পারছে না এবং এর মধ্যে দিয়ে এখানকার খেলাধুলার মান উন্নয়নের ক্ষেত্রে তাদের ইনভল্‌ভমেন্ট, তাও বিঘ্নিত হচ্ছে। এর ফলে সার্বিক ভাবে খেলাধূলার ক্ষতি হচ্ছে। এই ব্যাপারে আই. এফ. এ.-র সেক্রেটারী বলেছেন আন্দোলনে নামবেন। এই অবস্থা চলতে থাকলে আই. এফ. এ.-র সেক্রেটারী রঞ্জিত গুপ্তর সাথে সাধারণ মানুষও আন্দোলনে নামতে বাধ্য হবেন। সরকারের পক্ষে ঐ সবুজ গ্যালারী নির্মাণ করা সম্ভব না হলে স্পনসর যোগাড় করে তা করা যায় কিনা তা দেখার জন্য মাননীয় পূর্তমন্ত্রী এবং মাননীয় ক্রীড়ামন্ত্রীর উল্লেখযোগ্য ভূমিকা নেওয়ার আবেদন জানাচ্ছি।

**শ্রী দিলীপ কুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সৌভাগ্য মাননীয় সেচমন্ত্রী এখানে উপস্থিত আছেন। আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে কুলিট নদীর ব্রীজে ফাটল দেখা দিয়েছে এবং তার ফলে গোটা পূর্ব ভারতের সাথে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে। এন. এইচ. ৩৪-র অবস্থাও খারাপ। মাননীয় সেচমন্ত্রী, আপনি জানেন, রায়গঞ্জে শহরের উপর যে বাঁধ দিয়েছেন তার স্লুইস গেট লিক করছে এবং তার ফলে রায়গঞ্জের অর্ধেক শহর জলের তলায় চলে গেছে। এ ব্যাপারে অনেকবার ওনাকে বলেছি। আজকে স্লুইস গেটের ভিতর দিয়ে কুলিট নদীর জলে ওখানে বন্যা দেখা দিলেও ত্রাণ নেই, সরকারী সাহায্য নেই। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় অবিলম্বে ব্যবস্থা না নিলে আমি বিধানসভায় আন্দোলন করব। মাননীয় পি. ডব্লু. ডি. মন্ত্রীকে বারবার বলেছি, কুলিট নদীর ব্রীজে ফাটল দেখা দিয়েছে যে কোন সময় ভেঙ্গে পড়ে যাবে। এই রকম অবস্থা চলছে। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে উপরোক্ত সমস্যাগুলোর সমাধানের জন্য মাননীয় পূর্তমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** স্যার, গ্রামাঞ্চলে আই. সি. ডি. এস. প্রকল্প চালু হলেও শহরাঞ্চলে আই. সি. ডি. এস. প্রকল্প চালু করা যায় নি। হুগলী জেলায় উত্তরপাড়া-কোতরং এবং কোন্নগর পুরসভা রয়েছে। এছাড়াও আরো পৌর এলাকা গঙ্গার দুধারে রয়েছে যেখানে আই. সি. ডি. এস. চালু হয়নি, পঞ্চায়েত অঞ্চল, দরিদ্র মানুষ রয়েছে।

প্রি-প্রাইমারি অর্থাৎ জিরো থেকে পাঁচ বছর বয়স পর্যন্ত যে শিশুরা রয়েছে দরিদ্র পরিবারের তাদের বিকাশের জন্য এই যে সুসংহত শিশু বিকাশ প্রকল্প সারা জেলায় হয়েছে সেটা গ্রামাঞ্চলেও চালু করার জন্য সমাজকল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## ZERO HOUR

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রতি বছর দার্জিলিং-এ ল্যান্ড স্লাইড হয়। তার ফলে শিলিগুড়ি থেকে দার্জিলিং যাওয়ার এন. এইচ. ৫৫ রাস্তা আপার পাগলাঝোড়া এবং লোয়ার পাগলাঝোড়া ক্ষতিগ্রস্থ হয়। ১৯৯৮ সালের জুলাই মাসে মাননীয় মিউনিসিপ্যাল এ্যাফেয়ার্স মিনিষ্টার এবং পি. ডব্লু. ডি. মিনিস্টার ওখানে গিয়ে জনগণকে আশ্বাস দিয়েছিলেন যে, ভায়াবাড়ি থেকে গীতা পাহাড় পর্যন্ত অলটারনেটিভ রোড করা হবে। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি এই অলটারনেটিভ রাস্তা যাতে হয় এবং আপার পাগলাঝোড়া থেকে লোয়ার পাগলাঝোড়া পর্যন্ত রেসটোরেশনের কাজটা যেন শীঘ্রই হয় তারজন্য দাবি জানাচ্ছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার পিংলা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কুকুরের কামড়ের ওষুধ এ. আর. ভি. পাওয়া যাচ্ছে না। অথচ প্রত্যেকদিন খবর পাওয়া যাচ্ছে যে, বেশ কিছু মানুষ কুকুরের কামড়ে আক্রান্ত হচ্ছে। গত সপ্তাহে পঞ্চায়েত সমিতির সভাপতি জেলাতে গিয়ে যোগাযোগ করেছেন কিন্তু এ. আর. ভি. পাওয়া যায় নি। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যাতে পিংলা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এ. আর. ভি. রাখার ব্যবস্থা করা হয়।

**শ্রী রামজনম মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র উলুবেড়িয়ার চেংগাইল এখন চম্বল ঘাঁটি হয়ে গেছে। এই জায়গা এখন স্মাগলিং-এ ছেয়ে গেছে। এখানে হেরোইন, গাঁজা, ও আফিমের ব্যবসা চলছে। কিন্তু এ ব্যাপারে উলুবেড়িয়া থানা থেকে কখনও রেড্ করে নি, কোন অ্যাকশন নেয় নি। এখানে লোকে হেরোইন খেয়ে পাগল হয়ে রাস্তায় শুয়ে থাকছে, অনেকে ঘর সংসার ছেড়ে দিয়েছে, এমনকি অনেকে বউয়ের কাপড় বিক্রি করে দিচ্ছে। (এখানে মাইক অফ হয়ে যায়।)

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, এর আগে কংগ্রেসের যিনি প্রধানমন্ত্রী ছিলেন সেই নরসীমা রাও আর্থিক কেলেঙ্কারীর সঙ্গে যুক্ত হয়েছিলেন, সে ব্যাপারে এখন মামলা চলছে। আমরা দেখছি কংগ্রেসের এই ধরনের দুর্নীতির ফলে সেখানে নানা সমস্যা হচ্ছে। এরা নানারকম কেলেঙ্কারীর সঙ্গে যুক্ত। কংগ্রেসের বিধায়কদের মধ্যেও একটা অংশ এই ধরনের কেলেঙ্কারীর সঙ্গে যুক্ত থাকছেন। তার ফলে আমাদের সুনাম নষ্ট হচ্ছে। আমি আপনার মাধ্যমে তীব্র আপত্তি করছি। (এখানে মাইক অফ হয়ে যায়।)

**শ্রী আবদুস সালাম মুন্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের মাধ্যম দিয়ে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শিয়ালদহ থেকে লালগোলা সেকশনে, কৃষ্ণনগর থেকে লালগোলা রেল লাইন এবং ডাবল্ লাইনের জন্য ১৯৯৩ সালে কেন্দ্রীয় সরকারের কাছে সর্বদলীয় প্রস্তাব পেশ করা হয়। অবিলম্বে যাতে কৃষ্ণনগর থেকে লালগোলা রেল লাইন ইলেকট্রিফিকেশন এবং ডাবল্ লাইনের ব্যবস্থা করা হয় তার জন্য আমি আমাদের রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরের গড়বেতার মাজুরিয়া গ্রামে সন্ধ্যার পর তৃণমূল কংগ্রেস ও বি. জে. পি. সংঘর্ষ চালিয়েছে এবং তারা নির্বিচারে গুলি চালিয়ে একজন সি. পি. আই. এম. কর্মীকে খুন করেছে এবং ৫ জনকে গুম করেছে। তাদের কোন হদিশ পাওয়া যাচ্ছে না। এছাড়া যারা আলফার সঙ্গে যোগাযোগ রাখছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দরকার এবং এ্যারেষ্ট করার দরকার। (এখানে মাইক অফ হয়ে যায়।)

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় তথ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নজরুলের জন্মশতবর্ষ চলছে। এই উপলক্ষ্যে মাননীয় তথ্যমন্ত্রী নজরুল এ্যাকাডেমি করবেন বলে ঠিক করেছেন এবং নজরুলের নামে একটা রিসার্চ সেন্টারও করা হবে বলে ঠিক করা হয়েছে। আমাদের সাবডিভিশনের প্রাণকেন্দ্র আসানসোল শহরে এই নজরুল রিসার্চ সেন্টারটি যেন করা হয়। এই মর্মে রাজ্য সরকার টাকা দিয়েছে। আরো বিভিন্ন অর্গানাইজেশনের তরফ থেকে প্রচুর টাকা জমা পড়েছে। সেই টাকা সঠিকভাবে খরচ করে আসানসোল শহরে সেটা তৈরী করার ব্যবস্থা হোক।

[12.50–2.00 p.m.
including House adjourned]

**শ্রী হাফিজ আলাম সৈরাণী ঃ** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সিন্থেটিকের ব্যাপক ব্যবহার মানুষের শরীরের ওপর খারাপ প্রভাব ফেলছে। এটা আমরা বিভিন্ন হেল্থ সমীক্ষার মাধ্যমে জানতে পারছি। আমরা আরো জানতে পারছি যে, সিন্থেটিক জমির উর্বরা-শক্তি একেবারে শেষ করে দিচ্ছে এবং আমাদের রাজ্যের উৎপাদন পাটের বাজারকে সঙ্কুচিত করছে। এই অবস্থায় ভারতবর্ষে গোয়া এবং মহারাষ্ট্র এই দু'টি রাজ্য সিন্থেটিকের ব্যবহারের ওপর প্রতিবন্ধকতা আরোপ করেছে। আমাদের রাজ্যে, রাজ্য সরকার যাতে সিন্থেটিকের ব্যবহার বন্ধ করার জন্য উদ্যোগী হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ইউনুস সরকার ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্বনিযুক্ত প্রকল্পে মাইনরিটি কমিউনিটিকে লোন দেওয়ার ব্যবস্থা হয়েছে। কিন্তু এই সংক্রান্ত সাক্ষাৎকারের ব্যবস্থা কলকাতায় করা হয়েছে। এতে প্রার্থীদের অর্থ ব্যয় হচ্ছে, হয়রানি হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে দাবি করছি, জেলায় জেলায় সাক্ষাৎকারের ব্যবস্থা চালু করা হোক। প্রতিটি জেলার প্রার্থীদের জন্য জেলা হেড কোয়ার্টারে সাক্ষাৎকারের ব্যবস্থা করা হোক। তাদের সকলকে কলকাতায় টেনে এনে হয়রানি করার কোন যুক্তি নেই। তাই আমি বিষয়টির প্রতি সরকারের, বিশেষ করে মাইনরিটি অ্যাফেয়ার্স বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্র নাথ চ্যাটার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার কাটোয়া-কৈচোর রোড্‌টি চলাচলের অযোগ্য হয়ে গেছে। ফলে ওখানে বাস চলাচল বন্ধ হয়ে গেছে। কাটোয়া-বর্ধমান রাস্তাটি, এস. টি. কে. কে. রোড্‌টি এবং কাটোয়া থেকে বহরমপুর যাবার রাস্তাটির'ও অবস্থা খুবই খারাপ। ঐ সমস্ত রাস্তায় যে কোন মুহূর্তে বাস চলাচল বন্ধ হয়ে যাবে। ঐ সমস্ত রাস্তা দিয়ে চলাচল করার ক্ষেত্রে প্রাণের আশঙ্কা দেখা দিয়েছে। সেজন্য অবিলম্বে রাস্তাগুলিকে বাস চলাচলের উপযুক্ত করে তোলা হোক।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গোটা পশ্চিমবাংলার কল-কারখানাগুলি বন্ধ হয়ে আছে। আমরা রাজ্য সরকারকে বার বার বলছি, কল-কারখানাগুলো খোলবার ব্যবস্থা করুন। মেটাল বক্স কর্তৃপক্ষ একতরফাভাবে কারখানা বন্ধ করে দিয়েছে। সুপ্রিম কোর্ট রাজ্য সরকারের প্রতি নির্দেশ জারি করে বলেছে—অবিলম্বে তারাতলার মেটাল বক্স-এর দুটো কারখানা চালু করতে। রাজ্য সরকার নানান কারণে বিলম্বিত করতে করতে বিষয়টাকে এমন জায়াগায় নিয়ে গেছে যে, গতকাল মেটাল বক্স-এর একজন শ্রমিক আত্মহত্যা করেছে। এই নিয়ে ওখানে ৩৯ জন শ্রমিক আত্মহত্যা করেছে। এই অবস্থায় রাজ্য সরকারের কাছে আমার আবেদন, অবিলম্বে মেটাল বক্স কারখানা খোলার ব্যবস্থা করা হোক। সাথে সাথে আমি আরো আবেদন করছি, বিভিন্ন বন্ধ কল-কারখানাগুলি খোলার ব্যবস্থা করে, আর শ্রমিকদের যাতে আত্মহত্যা করতে না হয়, সে ব্যবস্থা করা হোক। শ্রমিকদের রুটি-রুজির ব্যবস্থা না করতে পারলেই তাদের আত্মহত্যা করতে হয়।

**শ্রী মহঃ সোহরাব ঃ** স্যার, আপনি জানেন যখন বিধানসভার অধিবেশন চলে তখন বিধানসভা ভবনের ভেতরে একটা রেলওয়ে কাউন্টার চালু থাকে। কিন্তু অন্য সময়ে সেই কাউন্টার বন্ধ হয়ে যায়। কিন্তু আপনি আরো জানেন যে, বর্তমানে যখন বিধানসভার অধিবেশন থাকে না তখন প্রায় প্রতিদিন সাবজেক্ট কমিটির মিটিং থাকে, সদস্যদের আসতে হয় এবং রেলের টিকিট কাটার ক্ষেত্রে অসুবিধায় পড়তে হয়। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্পীকার মহাশয়কে অনুরোধ করছি, এখানে রেলওয়ে টিকিট কাউন্টারটি যাতে সারা বছর চালু থাকে তার জন্য তিনি ব্যবস্থা গ্রহণ করুন।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** এই আলোচনা এখানে করা যায় না।

**শ্রী সৌমেন্দ্র চন্দ্র দাস ঃ** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। গত বছর রাজ্য বাজেটে 'উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ' গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল এবং তার জন্য ৪৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। এ-বারেও 'উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ'-এর জন্য টাকার বরাদ্দ হয়েছে। একটা আর্থিক বছর সম্পূর্ণভাবে পার হয়ে গেল, অথচ 'উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ' কিভাবে হবে, কাদের নিয়ে সেই কমিটি গঠিত হবে, তাদের কাজ কি হবে, গতি-প্রকৃতি কি হবে, কাজের বিষয়বস্তু কি হবে ইত্যাদি নির্দিষ্ট হয় নি।

এই অবস্থায় দাঁড়িয়ে ১৭ এবং ১৮ই জুলাই শিলিগুড়িতে ফরওয়ার্ড ব্লকের ডাকে বিধিবদ্ধ উন্নয়ন পর্ষদ গঠনের দাবীতে এক কনভেনশন হচ্ছে। এই অবস্থায় দাঁড়িয়ে রাজ্যমন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে উত্তরবঙ্গের কৃষি, সেচ, শিক্ষা এবং শিল্পের স্বার্থে বিধিবদ্ধ উন্নয়ন পর্ষদ গঠন করা হোক।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রবি ঠাকুরের একটি কবিতা আছে কালিম্পং সম্পর্কে, "আমার আনন্দে আজ একাকার ধ্বনি আর রঙ, জানে নাকি এ কালিম্পং"। ওনার ইচ্ছা ছিল কালিম্পং-এ একটি বাড়ী তৈরী করবার। তাঁর মহাপ্রয়ানের পর রথীন্দ্রনাথ ঠাকুর "চিত্তভানু" নামে একটি বাড়ী তৈরী করেছিলেন। এখন সেই বাড়ীটি জরাজীর্ণ অবস্থায় পৌঁছে গেছে। আগে এটা শিক্ষা দপ্তরের অধীনে ছিল, এখন সেটা কারিগরি শিক্ষা দপ্তরে এসে গেছে। অবিলম্বে ঐ বাড়ীটিকে সারানো দরকার। এখন ওখানে হ্যান্ডিক্রাফটের ট্রেনিং চলছে। আমরা গিয়ে দেখে এসেছি বাড়ীটি অত্যন্ত জরাজীর্ণ অবস্থায় আছে।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, সরকার কলেজগুলি থেকে হায়ার সেকেন্ডারী তুলে দিয়েছে। কলকাতা শহরে যারা উর্দু স্পীকিং, উর্দু মিডিয়ামে যে সব ছেলেমেয়েরা মাধ্যমিক পাশ করেছে তাদের অ্যাডমিশন হচ্ছে না। এখানে কান্তিবাবু বসে আছেন। আমি জানি ওনার কিছু করার নেই, গভর্ণমেন্ট পলিসি। শয়ে-শয়ে ছেলেমেয়েরা কলকাতা শহরের ডিফারেন্ট কলেজগুলিতে ঘুরে বেড়াচ্ছে, কিন্তু অ্যাডমিশন হচ্ছে না। আমি এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছি। আমি মনে করি, উর্দু স্পীকিং ছেলেমেয়েদের উপর টোটাল ইনজাসটিস্ করা হচ্ছে। এটা ঠিক নয়, এটা অন্যায়। তারা কলেজগুলিতে ভর্তি হতে পারছে না। মাননীয় মন্ত্রীমহাশয় জবাব দিন, আপনি তো তুলে দিয়ে বসে আছেন, টোটাল ইনজাসটিস্ করেছেন, তারা ভর্তি হবার সুযোগ পাচ্ছে না।

(গোলমাল)

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** (মাননীয় সদস্যের নাম ডাকা সত্ত্বেও উনি বলতে ওঠেন নি)।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

**(After adjournment)**

[2.00–2.10 p.m.]

**Discussion and voting on Demand for Grants.**

**Demand Nos. 26, 37 & 90**

**Mr. Deputy Speaker :** Today is the last day for Voting on Demands for Grants. There are as many as 29 heads of Demands for Grants for disposal. In conformity with the previous practice and in pursuance of rule 209 (3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I fix that the House will sit today upto 6.00 p.m. and I also fix that the Guillotine will fall at 5.00 p.m. Immediately after 5.00 p.m. I shall put all the outstanding questions related to the Demands for Grant to Vote without any debate. I hope the Members will try to be brief in their speeches.

**Discussion on Demand No. 26, 37, 90.**

**Mr. Deputy Speaker :** Now, discussion on Demand No. 26, 37, 90 - Municipal Affairs.

**Demand No. 26**

**Mr. Deputy Speaker :** There are 20 cut motions to this Demand which are in order.

| | |
|---|---|
| Shri Abdul Mannan,<br>Shri Saugata Roy<br>Shri Nirmal Ghosh<br>Shri Ashok Kumar Deb<br>Shri Pankaj Banerjee<br>Shri Shyamadas Banerjee<br>Shri Sobhandeb Chattopadhyay<br>Shri Ajoy De and<br>Shri Kamal Mukherjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 37**

**Mr. Deputy Speaker :** There are 36 cut motions to this Demand which are in order.

| | |
|---|---|
| Shri Abdul Mannan<br>Shri Saugata Roy<br>Shri Tarak Bandyopadhyay<br>Shri Sanjoy Bakshi<br>Shri Ashok Kumar Deb<br>Shri Nirmal Ghosh<br>Shri Tapas Ray<br>Shri Sankar Singha<br>Shri Deba Prasad Sarkar<br>Shri Sobhan Deb Chattopadhyay<br>Shri Shyamadas Banerjee<br>Shri Ajoy De<br>Shri Pankaj Banerjee and<br>Shri Kamal Mukherjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 90**

**Mr. Deputy Speaker :** There are two cut motions to this demand which are in order.

| | |
|---|---|
| Shri Nirmal Ghosh<br>Shri Sobhan Deb Chattopadhyay | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রীর ব্যয়বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাটমোশান আনা হয়েছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। পশ্চিমবাংলায় যে সমস্ত পৌরসভা আছে এবং যে সমস্ত মিউনিসিপ্যাল কর্পোরেশন আছে তার প্রতিটি মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটি সম্বন্ধে যদি ছোট করে বলা যায় তাহলে বলতে হয় এগুলি এক একটি রাজনৈতিক আড্ডাখানায় পরিণত হয়েছে, দুর্নীতির বাসা হয়েছে এবং ঠিকাদারদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় তার ভাষণের প্রথমেই বলেছেন যে, "গ্রামাঞ্চলে পঞ্চায়েতীরাজ-এর মতন শহরাঞ্চলে পৌর প্রশাসনও বামফ্রন্ট সরকারের বাইশ বছরের ইতিহাসে রাজ্য প্রশাসনের একটি অপরিহার্য অঙ্গরূপেই স্বীকৃত।" স্যার, আমার ক্ষুদ্র অভিজ্ঞতা থেকে বলতে পারি যে পশ্চিমবাংলায় যতগুলি মিউনিসিপ্যালিটিতে বর্তমানে নির্বাচন হয়ে গেল এবং আগে যেগুলির নির্বাচন হয়েছে, কর্পোরেশনের যে সমস্ত এলাকাগুলি রয়েছে বিশেষ করে শহরাঞ্চলে, সেখানে দমকলের আধুনিকীকরণের

কাজে এই সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের অবগিতর জন্য জানাই, এর আগে আমরা পাবলিক এ্যাকাউন্টস কমিটির একটি রিপোর্ট হাউসে প্লেস করেছিলাম, মন্ত্রী মহাশয় সেটা পড়ার সুযোগ পেয়েছেন কিনা জানি না—তাতে দ্বিধাহীন ভাষায় ওর ডিপার্টমেন্ট সম্বন্ধে কটুক্তি করেছিলাম একটাই কারণে যে কলকাতার মতন শহর আজকে জতুগৃহে পরিণত হয়েছে। বড় বড় বাড়ীতে অগ্নি নির্বাপনের ব্যবস্থা নেই। গ্রামাঞ্চলে যে সমস্ত মিউনিসিপ্যালিটি তৈরী হয়েছে সেই মিউনিসিপ্যালিটিগুলির আকার যা ছিল, সেগুলিকে বাড়ানো হয়েছে। গ্রামে যেখানে আজ পর্যন্ত জল যায় নি, বিদ্যুৎ যায় নি, কাঁচা রাস্তা সেই সমস্ত জায়গাগুলিকে মিউনিসিপ্যালিটির মধ্যে নিয়ে নেওয়া হয়েছে। আজকে রাজনীতি করার জন্য ঐ সমস্ত মিউনিসিপ্যালিটিগুলিকে প্রথম থেকে বেছে নেওয়া হয়েছে এবং এখানে যে সমস্ত মিউনিসিপ্যাল এলাকা আছে তার অধিকাংশ জায়গায় আপনি আজ পর্যন্ত রোড সাইড ওয়াটার অর্থাৎ রাস্তার পাশে জল ১৫ থেকে ২০ পারসেন্টের বেশী দিতে পারেন নি। আমি আপনার শিলিগুড়ি সম্পর্কে পরে আসবো। আপনি ড্রিংকিং ওয়াটার সমস্ত পৌরসভায় দিতে ব্যর্থ হয়েছেন। টিউবয়েল ছাড়া, পাইপ ওয়াটার জল যেটা পরিশোধন করে লোককে দেওয়া হয় সেটাও আপনি দিতে পারেন নি। আপনি সবচেয়ে ব্যর্থ হয়েছেন হাউস কানেকশানে। পৌরসভার যে সমস্ত জায়গায় হাউস কানেকশান দেওয়া দরকার ছিল সেখানে তা দেওয়া হয়নি। শতকরা ৫০ ভাগ লোক ট্যাপ ওয়াটার থেকে জল চুরি করে ব্যবহার করছে। আজকে যদি জনসাধারণের জন্য ট্যাপ ওয়াটারের ব্যবস্থা থাকতো, হাউস কানেকশান দিতে পারতেন তাহলে বহু রাজস্ব আদায় হত এবং আমাদের যে ঘাটতি সেটাও পূরণ হত। আপনাকে একটা কথা বলবো। আজকে পৌরসভা একটা বঞ্চনার ক্ষেত্র তৈরী হয়ে আছে। আপনি নিজস্ব রাজস্ব আদায় করবেন। সরকারী যারা এই রাজস্ব আদায় করেন, তাদের বেতন দেওয়া সম্পূর্ণ ভাবে সম্ভব হয়নি। আপনি ডি. এ. বছরে যেটা দেন সেটাও ৮০ : ২০ হিসাবে দেন। পঞ্চায়েতে যারা সেক্রেটারী আছে, জব এ্যাসিসটেন্ট আছে তারা সরকারী কর্মচারী হিসাবে মাইনা পায়। কিন্তু মিউনিসিপ্যালিটিতে যারা কাজ করেন তাদের রাজস্বের আদায়ের উপরে বসে থাকতে হয়। আপনি এ ক্ষেত্রে ব্যর্থ হয়েছেন। আপনি তাদের সরকারী কর্মচারী হিসাবে মর্যাদা দিতে পারেন নি। একজন পঞ্চায়েতের সেক্রেটারী, জব এ্যাসিসটেন্ট যে মাইনা পায়, সেই রকম মাইনা তাদের দেওয়া উচিত ছিল। আপনি সেটা পারেন নি। আমি দমকলের বিষয়ে এখানে বহুবার বলেছি। প্রায় ১৫ কোটি টাকার মত নতুন সাজসরঞ্জাম কেনা হয়েছিল, কিন্তু সেগুলি আপনি ব্যবহার করতে পারেন নি। সেগুলি মর্ডানাইজ হয়নি। সেই লর্ড ক্লাইভের আমলের অগ্নি নির্বাপনের সাজসরঞ্জাম। সেই সমস্ত নিয়ে দমকল বাহিনী কাজ করেন। আমি বলবো যে, সেখানেও আপনি চরম ব্যর্থ হয়েছেন। বিগত ২৩ বছর ধরে সরকারে থেকেও এগুলি করতে পারেন নি। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলি যে, আমরা সাধারণ ভাবে পৌর পরিষেবার উপরে নির্ভর করি। আপনি সেখানে বিদ্যুৎ দিতে পারেন নি, জায়গায় জায়গায় পানীয় জল দিতে পারেন নি, রোড সাইড ওয়াটার দিতে পারেন নি, রাস্তা তৈরী করতে পারেন নি। আজকে যে সমস্ত জায়গায় বস্তি আছে সেগুলিতে মানুষ চরম দুর্বিসহ অবস্থার মধ্যে বাস করছে।

মাননীয় মন্ত্রী মহাশয়, আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, আপনাদেরই একজন মন্ত্রী ম্যালিগন্যান্ট ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্ত্তি হয়ে আছেন। এর আগেও কয়েকজন এই রকম ভর্তি হয়ে ছিলেন। কলকাতার বস্তিগুলি আমি দেখেছি। আমি টালিগঞ্জে পঙ্কজ ব্যানার্জীর এলাকায় গেছি, কালীঘাটে গেছি, চেতলায় গেছি। আপনি কল্পনা করতে পারবেন না যে, কি অবর্ণনীয় দুর্দশার মধ্যে সেখানে মানুষ বাস করছে। সেখানে বিদ্যুৎ নেই, ড্রেনেজ নেই, একটা অস্বাস্থ্যকর পরিবেশ। বহু জায়গায় ১০। ১৫ বছর আগে ভলান্টারী অর্গানাইজেশান যে সমস্ত পায়খানা, লো কষ্ট ল্যাট্রিন করা হয়েছিল, সেগুলিও অত্যন্ত খারাপ অবস্থায় দাঁড়িয়ে আছে। একবার গিয়ে যদি দেখে আসেন, পার্ক স্ট্রীটের পেছনেই সেই বস্তি। বিধানসভার আড়াই কিলোমিটারের মধ্যে অবস্থিত সেই বস্তির চেহারা দেখলে দুঃখ লাগে। বস্তি উন্নয়নের জন্য যে টাকা আপনি পান সেটা সদ্ব্যবহার করতে পারেন না। যে টাকাটা ব্যবহার করছেন সেটার অধিকাংশ চুরি হয়ে গেছে। ফলে বস্তির লোকগুলো দুরবস্থার মধ্যে পড়ে রয়েছে।

[2.10-2.20 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার একটি বড় প্রশ্ন, কোন পৌরসভায় পূর্ণ ড্রেনেজ ব্যবস্থা করেছেন? অধিকাংশ পৌরসভায় কোন ড্রেনেজ ব্যবস্থা নেই। কয়েকদিনের মধ্যে কয়েকটি পৌরসভার নির্বাচন হবে, মহেশতলা মিউনিসিপ্যালিটিরও নির্বাচন হবে। আমি সেখানে গিয়েছিলাম। দেখলাম, সেখানে তাড়াতাড়ি জলের পাইপ বসান হচ্ছে, বিদ্যুৎ পোষ্ট বসান হচ্ছে, অথচ গত ৫ বছরে কিছু করা হয়নি। কয়েকটি জায়গায় এখনও বিদ্যুৎ যায় নি সেখানে। ঐ পৌরসভায় অনেক জলা জমি রয়েছে। সেখানকার মানুষ পৌরসভার কোন সুযোগ-সুবিধা পাচ্ছেন না। আজকে ম্যালেরিয়ার আক্রমণ বস্তি থেকে আরম্ভ করে শহরের মানুষের মধ্যে ছড়িয়ে পড়েছে। মন্ত্রী মহাশয় নিশ্চয়ই সফেষ্টিকেটেড লাইফ লীড্ করেন, কিন্তু তিনিও ম্যালেরিয়ায় অক্রান্ত হয়েছেন। আপনার দপ্তর যে টাকা পেয়েছে তাতে আপনি মানুষকে ন্যূনতম পরিষেবাটুকুও দিতে পারেন নি, ২৩ বছরেও দিতে পারেন নি; এক্ষেত্রে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। আরো দুর্ভাগ্যের বিষয়, আমি গিয়েছিলাম শম্ভুনাথ পণ্ডিত হসপিটালে, সেখানে দেখলাম ৪০০ জন রোগী ম্যালেরিয়ায় আক্রান্ত যাদের ৩৫০ জনই এসেছেন বস্তি থেকে এবং ঐ ৪০০ জনের মধ্যে ৩০০ জনের ম্যালিগনেন্ট ম্যালেরিয়া ডিটেকটেড হয়েছে। আজকে বস্তি থেকে ম্যালেরিয়া সারা শহরে ছড়িয়ে পড়ছে। এই ম্যালেরিয়া দমনেও আপনি সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছেন। কলকাতায় কয়েকদিন আগে একটি বাড়ীতে আগুন লেগেছিল। সেখানেও দেখলাম, আগুন নেভাবার আপনাদের ভাল ব্যবস্থা নেই। অথচ সরকারের দমকল বিভাগ বলে একটি বিভাগ রয়েছে। পৌরসভাগুলিতে রাজস্ব আদায়ের ক্ষেত্রেও আপনি চরম ব্যর্থতা দেখিয়েছেন। রাজস্ব আদায়ের ক্ষেত্রে যে ভ্যালুয়াররা আছেন তাদের এ্যাপয়েন্টমেন্ট হয় রাজনৈতিক উদ্দেশ্যে এবং ভ্যালুয়েশনও হয় ঐ একইভাবে। আমি নিজেই এক্ষেত্রে রাজনৈতিক শিকার হয়ে রয়েছি, কারণ আমি নাকি ডায়মন্ডহারবারে দ্বিতীয় নম্বর বড়লোক। কথা হ'ল, আপনারা ভ্যালুয়েশন

ঠিকমত করতে পারছেন না বলেই রাজস্ব ঠিকমত আদায় হচ্ছে না। রাজস্ব আদায় করবার যে সব লোক রয়েছেন ...... মাননীয় মন্ত্রী মহাশয়, please lend me your ears without talking to some of your comrades. This is not the place to gossip. Please do not gossip when I am on my legs. আপনি রাজস্ব আদায় করতে পারতেন, কিন্তু করতে পারছেন না। এর একটি কারণ হ'ল, এরজন্য যে কালেকটরদের রেখেছেন সেখানে দু'নম্বরী ব্যবসা হচ্ছে। সেখানে হাজার হাজার টাকার যে ট্যাক্স হওয়া উচিত সেটা ঠিকমত এ্যাসেস করতে পারছেন না। তারজন্য রেভিনিউ আদায় ঠিকমত হচ্ছে না। আপনি মিউনিসিপ্যালিটিগুলোকে রাজ্য সরকারী কর্মচারীদের হারের ৮০ পারসেন্ট মহার্ঘভাতার টাকা দিচ্ছেন। ফলে ট্যাক্স বাড়াবার সঙ্গে সঙ্গে মানুষ নানা প্রশ্ন তুলে বলছেন— আপনারা মাইনে বাড়াতে পারছেন, কিন্তু আমাদের ক্ষেত্রে জল, বিদ্যুৎ, ড্রেনেজের ব্যবস্থা কেন করতে পারছেন না? এখানে দেবপ্রসাদবাবু রয়েছেন। জয়নগর একটি পুরানো মিউনিসিপ্যালিটি, কিন্তু এখনও সেখানে খাটা পায়খানা রয়ে গেছে।

দুর্ভাগ্যের বিষয়, কয়েকদিন আগে মিউনিসিপ্যালিটির ইলেকশান হয়ে গেল সোনারপুরে, সেখানে আমি গিয়েছিলাম সেখানে ফারতাবাজ বলে একটা জায়গা আছে, সেখানে এখনও বিদ্যুৎ যায় নি। ডায়মন্ডহারবার মিউনিসিপ্যালিটি, এখানে আমি ওয়ার্ড ধরে বলতে পারি, কাউনসিলার আমাকে লিখে দিয়েছে, ৩ নম্বর ওয়ার্ডে জল নিকাশীর ব্যবস্থা নেই, ৪ নম্বর ওয়ার্ডে বিদ্যুৎ নেই, পোষ্ট গিয়েছিল, বিদ্যুৎ যায় নি। কলিকাতা থেকে ডায়মন্ডহারবার, কতখানি আর দূরত্ব, সেখানে এখনও পর্যন্ত বিদ্যুৎ দিতে পারেন নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় পৌরসভাগুলিকে যে টাকা দেন তার কোন মনিটরিং সিস্টেম নেই। আমি সমস্ত বিষয় বলতে পারি, কিন্তু আমার বলার একটা বাধ্যবাধকতা আছে, কারণ আমি পাবলিক এ্যাকাউন্ট কমিটির চেয়ারম্যান। আমি বলতে পারি আপনার কোন মনিটরিং নেই, অডিট হয় না। বছরের পর বছর অডিট হয় না। যে অডিটগুলি হয়, দুর্ভাগ্যের বিষয় সেই অডিটের ঘটনাগুলি অত্যন্ত খারাপ। মহেশতলা পৌরসভা, আগে ছিল ৩০টি ওয়ার্ড, এখন আপনি করেছেন ৩৫টি, ৫টা বাড়িয়েছেন। এই যে ৫টি ওয়ার্ড, এইগুলি পুরো জলাভূমি। আপনার এটা করার কারণ হলো গ্রামবাংলা থেকে নির্বাচিত সদস্য আসবে, সেইগুলি নিয়ে আপনি মিউনিসিপ্যালিটি দখল করবেন। সব জায়গায় এই রকম রাজনীতি করছেন। এই রাজনীতি করার ফলে মানুষ পৌরসভার পরিষেবা পায় না। পরিষেবার চেয়ে আপনাদের রাজনীতিই বড় হয়ে গিয়েছে। সমস্ত পৌরসভা মিউনিসিপ্যাল করপোরেশানে একই অবস্থা। মহেশতলা পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডে রোড ওয়াটার সাপ্লাই নেই, কোন ওয়াটার সাপ্লাই স্কীম সেখানে হয় নি। আমি নিজে গিয়ে দেখে এসেছি, এগ্রিকালচারাল ল্যান্ড পৌরসভার মধ্যে আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ড্রেনেজ স্কীম প্রতিটি পৌরসভায় করা উচিত। কিন্তু আমি দেখেছি সেখানে ড্রেনেজ স্কীম বলে ওয়ার্ডে কিছু নেই। কেবলমাত্র মেন শহরে এবং বাজারের উপর দিয়ে ড্রেন চলে গিয়েছে, বাকি জায়গায় নেই, বিদ্যুতেও নেই ড্রেনও নেই। সোনারপুর, রাজপুর, মল্লিকপুর, সুভাষনগর, গড়িয়া, বোড়াল এই সমস্ত জায়গা গ্রামপঞ্চায়েত এলাকার মধ্যে ছিল, এইগুলিকে আপনি নিয়েছেন। সেখানে ওয়ার্ডগুলিতে

এখনও কাঁচা রাস্তা, ইঁট পর্যন্ত পাতা নেই। গ্রামে যে রকম কাদার রাস্তায় হাঁটতে হয় সেই রকম এখানেও কাদার রাস্তায় হাঁটতে হয়। অথচ সেখানে ট্যাক্স বাড়াচ্ছেন। পঞ্চায়েত এলাকার মধ্যে তারা যখন ছিল তখন তাদের ৩ টাকা ট্যাক্স দিতে হতো এখন পৌরসভার মধ্যে আসার ফলে ৫০ টাকা ট্যাক্স দিতে হয়। এই ৩ টাকা দিয়ে তারা যে পরিষেবা পেত এখন ৫০ টাকা দিয়েও সেই একই পরিষেবা পাচ্ছে। পৌরসভার পরিষেবা যদি তাদের দিতে না পারেন তাহলে পৌরসভার মধ্যে তাদের রাখার দরকার কি? ডায়মন্ডহারবার মিউনিসিপ্যালিটিতে যত ঠিকাদার আছে, সবগুলি সি. পি. এম. পার্টির ক্যাডার, তার বাইরে কেউ নেই। তারা সব ফুলে ফেঁপে উঠছে, দিনের পর দিন তারা ফুলে ফেঁপে উঠছে। তাদের সুযোগ দিয়ে কাজ করাবেন, পৌরসভা এলাকায় ক্যাডার দিয়ে ঠিকাদারির কাজ করাবেন, তারা কত পারসেন্ট কাজ করে সেটা আপনি জানেন? ডায়মন্ডহারবার মিউনিসিপ্যালিটিতে একটা মাত্র পিচের রাস্তা, তার সঙ্গে আরো একটা রাস্তা হয়েছে দেড় কিলোমিটার, কলিকাতা থেকে মাত্র ৪৫ কিলোমিটার দূরত্বে অবস্থিত এই মিউনিসিপ্যালিটি। আজকে দুর্ভাগ্যের বিষয় হল এই সমস্ত মিউনিসিপ্যালিটিগুলি থেকে আপনি ট্যাক্স আদায় করেন! এই যে ট্যাক্স ধার্য করেন, এই ট্যাক্স বসাবার আগে এই সমস্ত যে পরিষেবা দিতে পারেন না এটা নিয়ে ভাবেন? যেখানে পরিষেবা দিতে পারেন না সেখানে আপনার কতৃত্ব করার অধিকার নেই। বেআইনী ট্যাক্স নিয়ে আপনার এই পৌরসভার দপ্তরগুলি চলছে।

[2.20–2.30 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলি, মাননীয় মন্ত্রীর বক্তৃতায় দেখেছিলাম, বাজেট ভাষণে আপনি অনেক প্রোগ্রামের কথা বলেছেন। আপনি যে সমস্ত প্রোগ্রামের কথা বলেছেন, তার মধ্যে আমি আপনার শিলিগুড়িটাকেই ধরে নিই। সেখানে আপনি মিউনিসিপ্যাল কর্পোরেশন করেছেন। আমি সেখানকার ১৯৮৭-১৯৯৭'এর পরিসংখ্যানটা দিই। সেখানে ১৯৮৭তে রোডস্ ছিল ১৪৬.৭০ কিমি.। সেটা ১৯৯৭য়ে হয়েছে ৪৫০ কিমি.। আপনি হয়তো এতখানি খবর রাখেন না - ১৯৮৭ সালে স্ট্রীট লাইট ছিল ১,৬৫৭। ১৯৯৭য়ে সেটা বেড়ে হয়েছে ১০,০০০। ১৯৮৭ সালে হোল্ডিং ছিল ৯,১১৮, সেটা ১৯৯৭ সালে হয়েছে ৬৬,৯৪৪। দিস ইজ দি নাম্বার অফ হোল্ডিংস। দুর্ভাগ্যের বিষয়, only 10 per cent of the population is served by the roadside tap water. Water supply scheme taken up in the Corportion April, 1994, was still in progress. ১৯৯৪ সালে দেখা গেছে কি, আপনি মন্ত্রী, আপনার এলাকায় রোড সাইডের ১০ পার্সেন্ট লোকদের ওয়াটার সাপ্লাই দিতে পেরেছেন। আমি অন্য জায়গার কথা বাদ দিলাম। আপনি যে সমস্ত জায়গায় প্রোগ্রামের কথা বলেছেন তার মধ্যে আছে 'এস-এম-ই', নেহেরু রোজগার যোজনা, এস-ইউ-এম-ই.। সেখানে দুর্ভাগ্যের বিষয়, আপনার জেলায় নয়, আপনার বিধানসভা কেন্দ্রের মধ্যে ডিউ টু শর্টফল of the credit shortage depositors of the Provident Fund, আপনাদের টাকা প্রভিডেন্ট ফান্ডে দেন নি, তারজন্য শর্টফল ১৯৯৭-'৯৮ - ৮.৮৭ ল্যাক্স, দিস ইজ

অথেন্টিকেটেড। আপনি আপনার এলাকায় যারা কাজ করে তাদের বঞ্চনার মধ্যে রেখেছেন। আগে যেগুলো বলছিলাম—নেহেরু রোজগার যোজনা ইত্যাদি - সেগুলো সম্বন্ধে ডিটেল্ড পিকচার দিতে গেলে সময় লাগবে। সেখানে আপনি ব্যর্থ। আপনি ৮০ পার্সেন্টের বেশী এগোতে পারেন নি। The excess expenditure in the account of purchase of cement, আপনার এলাকায় ২০.৩০ ল্যাক্স সিমেন্ট কিনেছেন, নষ্ট করেছেন। একসেস এক্সপেন্ডিচার ফর পার্চেজ অফ সিমেন্ট সেটা হচ্ছে 'এস-এম-ই' সিমেন্ট কিনেছেন। খরচ করতে পারেন নি, নষ্ট করেছেন। আমি এ্যাসেসমেন্টের যে কথা বলছিলাম, আপনার ওখানে কত লস হয়েছে সেটা বলে দিই। রিয়ালাইজেশন property tax at unrevised rates ১৯৯৪ পর্যন্ত রিভাইজড না করে তারজন্য লস হয়েছে ৪.৫৬ ক্রোরস্। এই আনরিভাইজড ট্যাক্স in all the municipalities not only in your municipality but also all the municipalities. আজকে আপনি কি ভাবে চলবেন? আপনার দক্ষতা আপনাকে দিয়েই আমি বলতে চাইছি। আমার মনে হয়, এর পরে আপনি বুঝবেন যে, আপনার দপ্তরের আপনি মন্ত্রী, আপনার শিলিগুড়িতে সেখানে এই অবস্থা। এর পরে আপনি যদি বলেন, এই এই টাকা বাজেটে রেখেছি, আপনারা দিন, কেউ বোকা না হলে এটা দেবে না। লস অফ নন এ্যালটমেন্ট অফ দি মার্কেট যেটা আপনি করেছেন, সেখানে আমি দেখতে গিয়েছিলাম। আপনার সঙ্গে ট্রেনে আমার দেখা হয়েছিল। সেখানে আমি ঘুরে দেখতে গিয়েছিলাম। আপনার কান্ডকারখানা দেখানোর জন্যে বলছি আপনি একটা স্টল তৈরী করেছিলেন বিক্রি করার জন্যে, নন এ্যালোটমেন্ট অফ মার্কেটিং স্টল—এরজন্য আপনার ক্ষতি হল ১২.৫৬ লক্ষ টাকা সেখানে আপনি মন্ত্রী হয়ে আপনার এলাকাতে জওহর রোজগার যোজনা করতে পারেন নি। আপনি সর্বক্ষেত্রে ব্যর্থ হয়েছেন। আপনি যে সব স্কীমগুলোর কথা বলেছেন আমি তথ্য দিয়ে দেখাতে পারি যে একটিতেও সাফল্য আনতে পারেন নি। আমার কাছে সব ফিগারগুলো রয়েছে। আপনি এক সময়ে ওখানের কর্তা ছিলেন, আপনার এলাকার করুন কাহিনীগুলো আমি তুলে ধরেছি, এবার আমি অন্যান্য মিউনিসিপ্যালিটি গুলোর রিয়েলাইজেশান অফ এ্যাসেসমেন্ট-এর ক্ষেত্রে আপনার আরবান ডেভেলাপমেন্টের কয়েকটি জায়গার ওয়াটার সাপ্লাইয়ের যে স্কীম তাতে দেখা গেছে যে, স্কীমগুলোর টাকা ফাইনালাইজ হওয়া সত্ত্বেও কার্যকরী করতে পারেন নি। এই রকম অনেক স্কীম আছে যেগুলোতে টাকা পর্যন্ত দেওয়া হয়েছে কিন্তু সি এম ডি এ সেই টাকা খরচ করতে পারেন নি। কাজেই আপনি তার থেকে ট্যাক্স আদায় করতে পারেন নি। আজকে পৌরসভাগুলো দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে এবং রাজনীতির আখড়ায় পরিণত হয়েছে। মানুষকে কোন পরিষেবা আপনি দিতে পারেন নি। এই কথা বলে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমাদের আনা কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় মন্ত্রী তার ব্যয়বরাদ্দের দাবী ২৬নং, ৩৭নং এবং ৯০ নং পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা অবাস্তব যে সমস্ত কাটমোশান তার বিরোধিতা করছি। রাজনৈতিক দায়বদ্ধতায় আমরা যারা জনপ্রতিনিধি নির্বাচিত হয়ে বিধানসভায়, লোকসভায়, পঞ্চায়েত এবং

পৌরসভাতে আসি, সেখানে দায়বদ্ধতা নিয়েই আমরা আসি। আমাদের বিরোধী দলের প্রথম বক্তা বাপুলী মহাশয়ের বক্তৃতা শুনলাম। আমার মনে হল উনি যেন নাম সংকীর্তন করার জন্যেই বিধানসভায় এসেছেন। রাজনীতি করার জন্যে বিধানসভায় আসেন নি। রাজনীতি নোংরামি করার জন্য নয়, মানুষের স্বার্থে, মানুষের কল্যাণে রাজনীতি করা এবং এখানে আমরা মানুষের স্বার্থে রাজনীতি করার জন্যে এসেছি। কিন্তু কোন নির্বাচিত সংস্থায় দলীয় সঙ্কীর্ণ রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্যে আসে না। কিন্তু এটা দুর্ভাগ্য যে, তারা এই ধরণের রাজনীতি করার জন্যে এসেছেন। আমি প্রথমে যে কথা বলতে চাই বিরোধী দলের সদস্যদের কাছে যে, আপনারা নিশ্চয় সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়ের নাম শুনেছেন। তাঁকে কতটা শ্রদ্ধা ব্যক্তিগতভাবে হয়ত কেউ করতে পারেন কিন্তু দলগতভাবে করেন নি। পরাধীন ভারতবর্ষের তো বটেই স্বাধীন ভারতবর্ষেরও স্বায়ত্ত শাসন প্রতিষ্ঠার প্রতিকৃত হচ্ছেন শ্রীসুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়। স্বাধীনতার পরে অনেক আশা-আকাঙ্খা নিয়ে কংগ্রেস দল পরিচালিত সরকার স্বায়ত্ত শাসন প্রতিষ্ঠার এই মহান ব্যক্তির আদর্শকে এবং চিন্তাধারাকে কবরস্থ করেছিলেন। যতদিন কংগ্রেস শাসন ক্ষমতায় ছিলেন পশ্চিমবঙ্গ শুধু নয়, পশ্চিমবঙ্গের বাইরে গোটা ভারতবর্ষের ক্ষেত্রেও গণতন্ত্রের প্রতি বিন্দুমাত্র শ্রদ্ধাশীল ছিলেন না। গত ৩০ বছরে তারা পশ্চিমবঙ্গে মাত্র ১৪টি পৌরসভা এবং নটিফায়েড এলাকা করতে পেরেছিলেন। আর আমরা আমাদের ২২ বছরের রাজত্বে আপনাদের থেকে কম সময় হলেও, একেবারে কম নয়, তার মধ্যে আমরা ৩২টা পৌরসভা তৈরী করতে পেরেছি।

[2.30–2.40 p.m.]

আগে একটি মিউনিসিপ্যাল কর্পোরেশান ছিল, এখন সেখানে পাঁচটি মিউনিসিপ্যাল কর্পোরেশান হয়েছে। মাননীয় সদস্যদের নিশ্চয় মনে আছে, ১৯৪৭ সালের আগে, অর্থাৎ ব্রিটিশ পিরিয়ডে গ্রামের মানুষ বা অন্যান্য অঞ্চলের মানুষ কলকাতায় কয়েকটি জিনিস দেখার জন্য আসত, যেমন—কালিঘাট, হাওড়া ব্রীজ, যাদুঘর এবং চিড়িয়াখানা। পরবর্ত্তীকালে কংগ্রেসী বন্ধুরা আরও দুটি জিনিস এর সঙ্গে যুক্ত করতে পেরেছিল। আমাদের বিখ্যাত নৃত্যশিল্পী উদয়শঙ্কর বা শঙ্কর পরিবারের কথা মনে রেখে তারা পশ্চিমবঙ্গে একটা চলমান নৃত্যশিল্পর বিশ্ববিদ্যালয় করেছিলেন কলকাতার মানুষকে আকর্ষণ করার জন্য এবং বিভিন্ন জায়গায় আর্টিফিসিয়াল বা কৃত্রিম পাহাড় তৈরী করেছিলেন। কলকাতার রাস্তাঘাটের অবস্থা এমনই ছিল যে মানুষ বাসে উঠলেই নৃত্য শিখতে শিখতে যেতে পারত, ক্যালকাটা সিটি ওয়াজ এ সিটি অফ পটহোলস্। কলকাতার রাস্তাগুলো পটহোলসে পরিপূর্ণ ছিল, বাসে উঠলেই অন্নপ্রাশনের ভাত উঠে আসত, আর যাদের বাতের ব্যথা ছিল সেটা কমে যেত। কলকাতার রাস্তাগুলোকে আপনারা নৃত্যের রাস্তা তৈরী করেছিলেন। আর বিভিন্ন জায়গায় গারবেজের ডাম্পিং গ্রাউন্ড তৈরী করে সেখানে আর্টিফিসিয়াল হিল আপনারা তৈরী করেছিলেন। সিধু-কানু-ডহর, যেখানে আপনারাও মিটিং করতেন, সেখানেও আপনারা আর্টিফিসিয়াল হিল তৈরী করেছিলেন, এই রকম পঞ্চাশটি হিল আপনারা তৈরী করেছিলেন। সেখান দিয়ে মানুষ

চলাফেরা করতে পারত না, একটা পূতিগন্ধময় অবস্থা তখন ছিল। তবে আমরা বাইশ বছরে কলকাতার অবস্থাটা নিউইয়র্ক, বার্লিন, লন্ডন সিটির মত করে দিতে পারিনি নিশ্চয়, সেই দাবিও আমরা করি না। ১৯৭৭ সালে যখন জনগণের রায় নিয়ে আপনারা বিতাড়িত হলেন, সেই সময়কার কলকাতার চেহারাটা যদি আপনারা ভালো করে স্মরণ করার চেষ্টা করেন, আর আজকের কলকাতার চেহারাটা যদি আপনারা স্মরণ করার চেষ্টা করেন, তাহলেই তফাতটা বুঝতে পারবেন। সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলার অন্যান্য পৌরসভাগুলোর চেহারার দিকেও আপনারা তাকাবার চেষ্টা করবেন। আজকে অবস্থার উন্নতি করতে পেরেছি বলেই পশ্চিমবাংলার পৌরসভাগুলোর নির্বাচনে মানুষের রায় কোন দিকে গেছে সেটা আপনারা নিশ্চয় বুঝতে পারছেন। আরেকটি কথা আপনাদের বলতে চাই, বিষয়টি হচ্ছে মানুষের জন্যই পৌরসভা, কর্পোরেশান, মিউনিসিপ্যালিটি ইত্যাদি, আমি আপনাদের বলি আপনাদের দৃষ্টিভঙ্গী তখন কি ছিল। ১৯৭৬-৭৭ সালে পার-ক্যাপিটা ব্যয় করতেন সি. এম. ডি. এ. মিউনিসিপ্যাল এলাকায় গড়ে ১৯.৮৮, আর নন-সি. এম. ডি. এ এলাকায় ০.৮৭।

১ টাকার থেকেও ১৩ পয়সা কম ব্যয় করতেন বছরে। আর আমরা ৯৭-৯৮ সালে সি. এম. ডি. এ. এলাকায় পার ক্যাপিটা ব্যয় করেছি ১৯৮.৫৭ আর নন-সি. এম. ডি. এ. এলাকায় ১৫৫.০০ টাকা। এই ফিগারটা দেখে নিজেরাই বুঝতে পারবেন জনস্বার্থে কতখানি দরদী মনোভাব ছিল আপনাদের—তখন তো আপনারা কেন্দ্রে, রাজ্যে এবং মিউনিসিপ্যাল কর্পোরেশনে ছিলেন। যদিও মিউনিসিপ্যাল কর্পোরেশনে নির্বাচন করতেন না। ৫ বছর তো দুরের কথা, ১৫ বছরেও করেন নি। কেন করেন নি, আমি সত্যবাবুর কথায় যাই। নির্বাচন করলে মানুষের রায়ে গলা-ধাক্কা খাবেন, সেইজন্য নির্বাচন না করে সেই জায়গাগুলোতে সঙ্কীর্ণ দলীয় রাজনীতি করে তথাকথিত কংগ্রেসের রাজনীতির আখড়ায় পরিণত করেছিলেন। আমরা কিন্তু কোন বামফ্রন্টের রাজনীতির আখড়া করিনি। সেই কারণে আজ বিভিন্ন জায়গায় নির্বাচন হচ্ছে—সেখানে আপনারাও জয়ী হচ্ছেন, বোর্ড গঠন করছেন, এবং সেখানে যাতে সুষ্ঠু ভাবে চালাতে পারেন, তার জন্য আমরা টাকা দিচ্ছি। কিন্তু আপনারা প্ল্যানের টাকা নন প্ল্যানে খরচ করছেন, দলীয় লোক নিয়ে ভরিয়ে দিচ্ছেন, জনস্বার্থ সেখানে ক্ষুন্ন হচ্ছে। এর সঙ্গে সঙ্গে আর একটি জিনিস বলতে চাই, - সি. এম. ডি. এ. এরিয়ায় ১৯৭৫-৭৬ সালে আপনারা ব্যয় বরাদ্দ ৩৭০০ লক্ষ টাকা, আর আমরা ৯৮-৯৯ সালে ব্যয় বরাদ্দ করেছি ৯৮৭৭ লক্ষ টাকা। অঙ্কটা একটু কষে নেবেন। প্ল্যান-নন প্ল্যান সবটা মিলিয়েই এই ব্যয়। জনস্বার্থের জন্য পৌরসভা, পঞ্চায়েত, সরকার ইত্যাদি। তার সঙ্গে সঙ্গে যাদের নিয়ে কাজ করব, সেই মজদুর থেকে আরম্ভ করে সর্বোচ্চ অফিসার পর্যন্ত, তাদের সংসারের অবস্থা কিরকম, সংসার চালাতে পারছে কিনা, ৮ ঘন্টার বেশী কাজ করছে কিনা, সেই বিবেচনা, সেই দৃষ্টিভঙ্গী আপনাদের ছিল? আপনারা কি মানুষকে মানুষের মর্যাদা দিতেন? মজদুরকে মজদুরের মর্যাদা দিতেন? কেবল কাজ করিয়েছেন তাদের দিয়ে আর উপবাসী রেখেছেন। আমি একটা ফিগার দিই—১৯৭৬-৭৭ সালে মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের একজন মজদুর মাসিক মাইনে পেতেন ২১৩ টাকা। আর আজকে ৯৯-২০০০ সালে একজন মজদুর —

সে শান্তিপুরের হতে পারে, কৃষ্ণনগরের হতে পারে বা কলকাতা কর্পোরেশনের হতে পারে - ডিয়ারনেসের কিছু ভ্যারিয়েশন বাদ দিলে মাসিক ৪৫০০ টাকা পাচ্ছেন। এটা সর্বনিম্ন ঝাড়ুদার মজদুরের কথা বলছি। এটাকে সাফল্য বলবেন না? আজকে কলকাতার রাস্তার চেহারা পাল্টে দেওয়া হয়েছে। কলকাতার রাস্তার ৪০ থেকে ৫০ ভাগই ম্যাস্টিক এ্যাসফল্ট দিয়ে করা হয়েছে। বাকিগুলোও তাই দিয়ে করা হবে। আজকে আর কেউ কলকাতাকে বলতে পারবে না — সিটি অফ্ পটহোলস্। দু-একটি জায়গায় হয়ত ত্রুটি পাওয়া যেতে পারে খুঁজলে, কিন্তু আগামী কয়েক বছরের মধ্যে একটিও পটহোলস্ খুঁজে পাবেন না।

[2.40–2.50 p.m.]

কলকাতার রাস্তায় রাস্তায় আর জঞ্জালের স্তুপ নেই। সেই সমস্ত জিনিষ সরিয়ে দেওয়া হয়েছে। আজকে বেশীরভাগ বাড়ীতে বাড়ীতে জঞ্জাল পরিষ্কার করা হচ্ছে। তবে এক্ষেত্রে আরও অগ্রগতির প্রয়োজন আছে। কলকাতায় প্রচুর বিমান চলাচল করে। আমি আগে বৈমানিকদের সঙ্গে কথা বলেছি। আজ থেকে ২২ বছর আগে তারা যখন যেতেন, তখন নীচে কলকাতাকে দেখে মনে হত মরুভূমির উপর দিয়ে যাচ্ছি। আজকে বৈমানিকরা দেখেন এবং যারা যাত্রী হিসাবে যান, তারাও দেখেন যে, সবুজে ঘিরে গেছে। আপনারা একটাই করেছিলেন রবীন্দ্র জন্মশতবর্ষে রবীন্দ্র সদন। সংস্কৃতির কথা আপনাদের মানায় না। কারণ আপনারা সংস্কৃতির ধার ধারেন না। আজকে কলকাতার পরে রবীন্দ্র সদনের পরে নান্দনীক প্রেক্ষাগৃহ আমরা ৬ টি তৈরী করেছি। নন্দন তার মধ্যে অন্যতম। আপনারা কি করেছেন? আপনাদের ওই যে ভদ্রমহিলা আছেন তিনি এবং আরও অনেকে শুয়ে পড়েন। কেন শুয়ে পড়েন, না বাধা দিতে হবে এইজন্য। ই এম বাইপাসের দুটি কানেকটার, একটা হচ্ছে কসবা কানেকটার এবং প্রিন্স আনোয়ার শাহ রোডের কানেকটার করতে দেবে না। ফাইভ স্টার হোটেল হচ্ছে। শিল্পায়নের স্বার্থে এটা হচ্ছে। মামলা করলেন, করতে দেবেন না। আপনারা কলকাতার উন্নয়ন করতে দেবেন না। রডন স্কোয়ারে কালচারাল সেন্টার তৈরী করার কথা হয়েছিল। সেখানে পরিবেশ এর ভারসাম্য সেখানে রক্ষার জন্য আপনারা বাধা দিচ্ছেন। আপনারা এখানে বলছেন যে, কলকাতার উন্নয়ন করতে হবে। আবার দলীয় রাজনৈতিক কারণে আবার করতে দিচ্ছেন না। আপনারা এখানে সমালোচনা করুন। কিন্তু সেই সমালোচনা যাতে কনস্ট্রাকটিভ হয়, গঠনমূলক হয় সেটা দেখবেন। আপনারা নিন্দা করবেন না। ভালোকে ভালো বলতে শিখুন। যেটা আমাদের ত্রুটি, যেটা আমাদেল দুর্বলতা সেটা ধরিয়ে দিতে সাহায্য করুন, যাতে আমরা সে ব্যাপারে আরও এগোতে পারি। কিন্তু নিন্দা করবেন না। এই কথা বলে ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন করে, বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতি শান্তা ছেত্রী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পৌর বিষয়ক নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্তমন্ত্রী মহাশয় এখানে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তার উপর আমি

দু'চারটি বক্তব্য রাখতে চাইছি। আমি এখানে উল্লেখ করতে চাই যে, আমি আজকে বাজেট বক্তৃতা আমার নিজের ভাষায় দিতে চাই কারণ মন্ত্রী মহাশয় নেপালী ভাষা ভালো করেই জানেন।

सर, आजका या जुन चादि नगर उनसिय बिपय, जुन Budget Place भएको छ त्यसमा म बिशेष गरेर पदाड्को तीन चारवटा Municipality बिपयमा नै बिपेश गरेर कुरा राख्त चाइन्छु, र माननीय मंत्रीलाई थाझ भएको कुरो हो कि यो जुन चै दार्जीलिङ्ग, कालिम्पोङ्ग अनि क्रसाङ्गको Municipality जुन चाहि ब्रिटिसको सासनकालमा स्थापित भएको Municipality हो, जब कि हामी देख्छौं Siliguri Municipality जो पदिला British Period को बादमा After Independence को बादमा स्थापित भएको र यो Siliguri को जुन प्रकारको Corporation मा परिनत भयो र नानन बाटो घाटो Budget इत्यादि धेरैनै विकास भएको छ र हामी गर्व भोद गछौं त्यसको निम्ति तर साथ साथमा म माननीय मन्त्रीं महोदय समक्ष एउटा अनुरोध राख्त चाइन्छु दार्जीलिङ्ग Municipality सबै भन्दा पुरानो Municipality दार्जीलिङ्ग District को सबै भन्दा पुरानो Municipality छो र मत जुन १० तारीख जुलाइमा यदांनिर जुन भवतको उत्घाटन भएको चियो त्यसमा पनि दार्जीलिंङ्ग को Chairman ले एउटा वहाँले एउटा सजाव राख्र भएको थियो कि दार्जीलिंङ्ग को Municipality लाई पनि Corporation को दर्जामा दिनु पर्छ भन्ने दावा राख्त भएको थियो र फेरि पनि यस आजको House मा म मन्त्रीं महोदयलाई एउटा अनुरोध टक्राँउदैछु र कस्तो प्रकारले इुन्छ कि Area लाई आहै Include गरेर अथवा Population को आधारमा थाछा केही प्रकारले हुन्छ त्यसको नियमाहरु मलाई बिषेश थाछा नभए पनि म मन्त्रीं महोदयलाई म अनुरोध गर्न चाइन्छ कि दार्जीलिङ्गको नगरपालिकालाई पनि एउटा Corporation को दर्जामा दिन अनुरोध गर्न चाइन्छु साथ साथै म वहाँलाई धन्यबाद पनि दिन चाइन्छ कारण दार्जीलिङ्ग Municipality मत केही वर्ष अधि आगोलागेर British को Period मा बनिएको Building भर्शं भएको थिया र वहाँको एउटा Initiative मा जुन प्रकारले Darjeeling Municipality को निम्ति भवन निर्माणको निम्ति जुन प्रकारको साहुलियत प्रधान गर्नु भएर Building तयारी भयो र त्यसको निमि म मन्त्रीं महोदयलाई धन्यबाद टक्राँउदै फेरि पनि दार्जीलिङ्ग नगरपालिकालाई Corporation को दर्जामा दिलाउने म वहाँलाई एउटा बिन्ती गर्न चाइन्छ र बिपेश तपाइराई यादा भएकै कुरा हो कि पदाड्को चारै Municipality हरूमा Development Fund एकदमै कम्ति आपको हुन्छ जति पनि त्यहाँनिर Development को Fund आएको हुन्छ Municipality को Revenues हरु कम भएकोले गर्दा सबैनै salaries मा Divert गर्नु पई र चसले गर्दा आज मलाई जदाँसम्म थाँदा छ कि दार्जीलिङ्ग कालिम्पोङ्ग, मिरिक अनि खरसाङ्ग Municipality विषेश गरेर SJSRY को Program NSDP, Basic Munimum Need इत्यादि जुन Fund हरु आउछ त्यो Fund हरुले मात्रDevelopment गर्ने सम्भव भइरलेको छ र विपेश त्यो बाईक पनि दार्जीलिङ्गको तीनै महकुमा तीनै Municipality मा धेरै मुख्य मुख्य समस्याहरु छ / ती समस्याहरुलाई म यदा प्रकाश पार्न चाइन्छु र म

आशा राख्छु कि हाम्रा मन्त्रीं महोदयले निश्चयनै यस बिपथलाई ध्यान दिन हुनेछ भतर र तपाइलाई यादा भएको कुरो हो कि पहाड़मा जुन पानीको बिकट समस्या छ यो आज सम्पूर्ण पश्चिम बगांलमा मात्र नभएर भारत गरिमानै दार्जीलिङ्गमा पानीको एकदर्म Crisis छ भन्ने प्रत्येकले वोध भरेको छ कारण Tourist हरु आउछन् दार्जीलिङ्गमा घुम्र उ-हिरले पानी कितेर खान पर्छ र पानीको एकदमै आवश्यक माने Problem छ न म आशा राख्छु कि जुन प्रकारको खरसाङ्ग म बिषेश खरसाङ्ग को कुरा गर्न चाइन्छु गत जुन चादि ६७-६८ मा जुन प्रकारको Continuously landslide भएको थियो त्यो Landslide मा पानीको जुन चाहि connection हरु Pipe हरु सर्बे भत्केर Washout भएको थियो तर जस्तो गरेर Plains मा Tube-well खनेर पनि पानी पाउन सकछ तर पहाड़मा त्यस्तो सुविधा छैन। पहाड़मा पानी त्याउनलाई सहरी भागमा Distribution गर्नलाई टाढ़ाबाद झोड़ाको पानीहरु त्याएर Reservoir मा जम्मा गरेर अनि त्यसमा Public लाई Distribution गर्न पर्छ र म बिषेश गरेर मन्त्रीं महोदयलाई अनुरोध टक्राउँनु चाइन्छु कि खरसाङ्ग Municipality को निम्ति यो पाँनीको व्यवस्थाको निम्ति यो Pipe हरुको Maintenance को निम्ति Fund दिने आग्रह गर्दछ र बिषेश अर्को कुरो के दो भने जुन प्रकारको दुई बर्षमा Landslide भएको थियो प्रत्येक कतिपथ Ward हरु एकदमै बाटो घाटो बिग्रीथो धरहरु Washout भएर गए र त्यसमा पनि गत बर्ष ६७-६८ मा जुन प्रकारको Landslide ले खतिभएको थियो पुगनपुग र करोड़ भन्दा पनि ज्यादा विरसाङ्ग नगरपालिका छेत्रमा खति भएको थियो र गत १९९७-९८ मा Municipality Affairs Department बाट ६८ लाख मात्र प्राप्त गरर्चों अझें रहल एकमहरु अझैपनि बाँकिनै छ र यी Landslide बाट जुन प्रकारको बाटो, घाटो, Drain हरु भत्केको थियो पूर्ण रूपले काम गर्न सकेको छैन र मन्त्री महोदयलाई अनुरोध गर्न चाइन्छ कि यो Landslide को निम्तिमा पाउने पैसा झट्टैनै तपाईले दिनु भएभने अझ राम्रो हुने थियो अनि अर्को कुरो के छो भने जुन तपाइको Budget मा Parking Zone, Beautification, Town Beautification को निम्ति प्रवाधान राख्त भएको छ त्यस्तै परिफतमा म खरसाङ्गको तपारलाई यादा छ खतसाङ्ग एउटा साना सदर जहाँ बाटो, British को Period मा बनिएको जुन चादि Main Road त्यो Main Road को छैव छोवमा ठूलो ठूलो भवनहरु दोकानहरु साथ साथै छेव छावमा Hawkers हरुले पनि दोकान राख्ने त्यहिवाटनै मानीसदरुले आवत जावत गर्ने साथै गाड़ीहरु पनि त्यदिबार चलने र त्यहानिर बिषेश गाड़ीहरु Parking एउटा Parking Place छैन र मन्त्रीं महोदयलाई म अनुरोध टक्राउँदैछ कि खरसाङ्गमा एउटा Parking Place को निम्ति एउटा Kurseong Municipality ले जुन प्रकारले एउटा परिकलपना गर्दैछ र निश्चयनै यसलाई साकार गरिदिनहुन्छ भन्ने म आशा राखदुछ र विशेष Beautification of Town मा गत Municipality Affairs Deptt. बाट खरसाङ्ग Municipality ले१९९७ सालमा १२ लाख Sodium Vapour Street Light को निम्ति प्राप्त गरेको थियो जसको काम WS/WBSE ले गरेको थियो र आज त्यो जुन Lamp हरु, Street Light हरु Sodium Vapour हरु भत्किएर गएको छ, Maintenance भएको छैन र थी Maintenance को निम्ति पनि W.B.S.E. लाई यात Kurseong Municipality लाई लाई नै दिन्तुहोस भन्ने

म अनुरोध गर्दछु र बिषेश गरेर हुनत यो Darjeeling, Municipality, Kalimpong Municipality अनि Mirik Municipality मा जस्तै Central Safety Tank को जुन खराब अवस्था छ सोचनीय अवस्था छ त्यस्तै Kurseong मा पनि यो एउटा बिकट रूप धारण गरिरहेको छ र British यो Central Safety Tank जुन British को Period मा बनिएको आज यति वर्ष बिनिसक्दापनि त्यो Central Safety Tank को उचित व्यवस्था भएको छैन र Kurseong Municipality ले गत बर्ष १२ लाखको एउटा Proposal एउटा Scheme तयारी गरेर M.E.D. लाई पठाएको कुरो दो र म आशा राख्छु कि यो Central Safety Tank को निम्ति पनि हाम्रो मन्त्रीं महोदयमा पनि निश्चयनै ध्यान दिनुहुन्छ भन्ने आशा राखदुछ र विपश अर्को कुरो Central Slaughters House एउटा आजको जुगमा एउटा Scientific Central Slaughter House हनु एउटा नितान्त आवस्यक छ तर दु:खको कुरो हाम्रो खग्साङ्गमा Kurseong Municipality को आफ्नै जमिन छ तर Central Safety Tank उचित व्यवस्था छैन। त्यो कारण हो Fund को आवश्यक Fund को कमीले गर्दा खेरि आज बनिन सकेको छैन म आशा राख्छ निश्चय नै हाम्रो मन्त्रीं महोदयले यस बिषयलाई ध्यान दिनइनेछ भन्ने म पुर्न रुपमा आशा साख्दछ र विषेश गरेर जसको प्रत्येक Municipality Building को निम्ति Maintenance र Building बनाउने जुन Municipality Affairs Deptt. बार एउटा प्रवाधाण छ त्यस्तै गरेर हुनत, Kurseong Municipality लाई गत वर्ष १० लाख Building Maintenance Rank प्राप्त भएको थियो र त्यसको पनि म तपाईलाई जानकारी दिन चाइन्छ र Municipality Girls School को आफ्नो Building थिएन, Ground थिएन र त्यो Ground Building गरेर जम्मा सात लाक्खमा Kurseong Municipality ले त्यो किन्यो किने अनि साथसाथै तीन लाक्खमा खालि मात्र Maintenance को काम इन सक्यो र तपाईलाई यादा छ कि यो जुन Kurseong Municipality को भवन एकदमै जिर्ण आवस्थामा छ र म वदाँलाई एउटा अनुरोध साख्छ कि यसमा एउटा Reconstruction गर्ने एउटा Fund दिजाओस भन्ने अनुरोध टक्रउँछै हुनत अघि चेरै थियो Fire Brigade को बिषयमा पनि भन्न चाइन्थे बिषेश गरेर Fire Brigade मा Kurseong Municipality Area ईलाका, Kalimpong मा पनि Fire-Brigade को भवन भयो र तर त्यहानिर बिषेश गरेर Fire Brigade मा चल्ने पानी बोकने जुन गाड़ी छ त्यो गाड़ी बाटोमा चल्दारतेरि त्यहानिर Grass गर्ने जगा हदैन र एकदमै गाड़ीको Size ठुलो भएकोले गर्दा त्यक्षाँ Public को Demand छ कि गाड़ी अलि कति छोटो हुनु पर्छ भन्ने म मन्त्रीं महोदयलाई एउटा अनुरोध राख्दछ र बिषेश म आशा राख्छ कि निश्चय नै हाम्रो को Kurseong को Kalimpong को Darjeeling को अनि Mirik को Municipality लाई बिषेश रुपमा तपारले ध्यान दिनुहनेछ भन्ने आशा राख्दै मेरो यो छोटो वकतव्य यनि शेष गर्न चाइन्छु।

[2.50–3.00 p.m.]

**শ্রী সৌমেন্দ্র চন্দ্র দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর বিষয়ক মন্ত্রী যে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করে দু-চারটি কথা বলতে

চাই। নগর জীবনে যে সুবিধা-অসুবিধা ইত্যাদি বিষয়গুলি দেখবার জন্য পৌর বিষয়ক দপ্তর আছে।

১৯৭৭ সালের পর থেকে আজ পর্যন্ত বহু বছর চলে গেল বারে বারে নির্বাচন এসেছে পুরসভাগুলোর এবং পুরসভার নির্বাচন সরকার নির্দিষ্ট সময় অন্তর পরিচালনা করেছেন দক্ষতার সাথে এবং সেই নির্বাচনে অধিকাংশ জায়গায় বামফ্রন্ট জয়লাভ করেছে এবং কিছু কিছু জায়গায় বিরোধী কংগ্রেস দলও এসেছেন। কিন্তু মূল বিষয়টা হচ্ছে দৃষ্টি ভঙ্গিগত পার্থক্য। ১৯৭৭ সালের পর পঞ্চায়েত এবং পুরসভার নির্বাচন সুনিশ্চিত হয়েছে। পঞ্চায়েত সমিতির সভাপতি, জেলা-পরিষদের সভাধিপতি এবং গ্রাম পঞ্চায়েতের প্রধান, ইত্যাদির ক্ষেত্রে এস. সি. এস. টি., ইত্যাদি সম্প্রদায়ের মানুষের জন্য আসনগুলো রিজার্ভ করা হয়েছে শতকরা ৩৩ ভাগ। আবার মিউনিসিপ্যালিটির ক্ষেত্রেও হয়েছে। কিন্তু অফিস বিয়ারার যারা চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান—এদের ক্ষেত্রেও একটা আইন তৈরী করা দরকার বলে আমি মনে করি। আশা করি মাননীয় বিভাগীয় মন্ত্রী এ বিষয়ে চিন্তা-ভাবনা করবেন। কলকাতা, শিলিগুড়ি ও হাওড়া কর্পোরেশনের বাইরে অনেক পৌরসভা রয়েছে এবং মাননীয় মন্ত্রী মহাশয় তাদের জন্য চিন্তা-ভাবনা করছেন এটা বাজেটের মধ্যে রয়েছে। যেমন, সি. এম. ডি. এ. বহির্ভূত ৪৪-টা পুরসভার নাগরিকদের স্বাচ্ছন্দ বিধানের জন্য, পরিষেবাগত উন্নয়নের জন্য পরিকল্পনা রয়েছে এবং পঞ্চায়েতের উন্নয়নের জন্য পরিকল্পনা রয়েছে। ৬৬ কোটি টাকা বরাদ্দ রয়েছে। নানা ভাবে রাজ্যের পুরসভাগুলোর মধ্যে দিয়ে নাগরিক পরিষেবাকে সুনিশ্চিত করার চেষ্টা চলছে। অনেক জায়গায় দেখা যাচ্ছে যখন যারা বোর্ডে আসছে তখন তারা লোক নিয়োগ করে দিচ্ছে। এখানে কংগ্রেস নাগরিকদের পরিষেবা, সুখ-স্বাচ্ছন্দের ব্যাপারে অনেক কথা বলে গেল। কিন্তু আপনিও জানেন, গত পুরসভার নির্বাচনে কোচবিহারের ক্ষেত্রে কংগ্রেস পুর-বোর্ড গঠন করেছে, ক্ষমতায় এসেছে। তাদের পুর বোর্ডে আসার আগে পর্যন্ত ঐ পুরসভায় মোট কর্মচারীর সংখ্যা ছিল ৪০০ জন। কিন্তু কংগ্রেস ক্ষমতায় এসে সাড়ে ৪০০ করে দিল এবং এর ফলে উন্নয়নের সমস্ত টাকা খরচ হয়ে গেল পুরসভার সমস্ত কর্মচারীদের মাইনে দিতে। নাগরিক জীবনের স্বাচ্ছন্দ আনার জন্য যে রাস্তা-ঘাট, ব্রীজ, কালর্ভাট, জলনিকাশী ব্যবস্থা, পানীয় জলের ব্যবস্থা, ইত্যাদি উন্নয়নমূলক কাজ হাতে নেওয়া দরকার ছিল তা হাতে নিতে পারছে না। শুধু তাই নয় বাজারের পর বাজার বন্ধক দিয়ে টাকা নিচ্ছে, প্রমোটারি রাজে পরিণত হয়েছে। নগর জীবনের মিনিমাম সুখস্বাচ্ছন্দ থেকে কুচবিহারের মানুষ বঞ্চিত হচ্ছে। সাথে সাথে অন্যান্য পুরসভাগুলোর কি অবস্থা তাও দেখা দরকার।

সারা রাজ্যের পুরসভাগুলোতে লোক নিয়োগের ভিত্তিটা ঠিক করা দরকার। পুরসভাগুলোতে কিসের ভিত্তিতে লোক নিয়োগ হবে তার জন্য একটা সঠিক পরিকল্পনা থাকা দরকার এবং সরকার থেকে অনুমোদনের ব্যবস্থা থাকা দরকার। দিনহাটা পুরসভা একটা পুরনো পুরসভা অথচ এখনও সেখানে বাড়ী বাড়ী পানীয় জলের ব্যবস্থা হয় নি। মানুষকে নাগরিক স্বাচ্ছন্দ্য দেবার জন্য নতুন নতুন গ্রামীণ এলাকাকে পুরসভার সঙ্গে

যুক্ত করা হয়েছে। উন্নয়নের আঁচ তারাও পাবেন সেটাই আশা করা হয়েছিল। সুতরাং, এই বিষয়ে দেখা দরকার।

সাথে সাথে পুরসভাগুলোতে যে লাইব্রেরী আছে সেগুলো যাতে সঠিক ভাবে চলে তাও দেখা দরকার। বেকার যুবকদের জন্য পুর এলাকাতে যে পরিকল্পনা করা আছে, লোন, ইত্যাদির ব্যবস্থা আছে সেক্ষেত্রে যাতে পুরসভা সঠিক কাজকর্ম করে তার জন্য আইনি ব্যবস্থা রাখা দরকার। কেননা যখন যারা পুর বোর্ডে আসছেন তখন তারা নিজেদের মত করে কাজ করছেন।

[3.00–3.10 p.m.]

এর প্রতি নজর দেওয়া দরকার এবং ঐ পৌর নির্বাচনের ক্ষেত্রেও নির্দিষ্ট সময় অন্তর অন্তর এক একেকটি ওয়ার্ড রিজার্ভ হচ্ছে এবং লোকসংখ্যা অনুপাতে ইত্যাদি বিষয়ে নির্দিষ্ট পরিকল্পনা থাকা দরকার এবং সাথে সাথে উন্নয়নের ক্ষেত্রেও একটি পৌরসভার সাথে আরেকটি পৌরসভার উন্নয়নের ক্ষেত্রে একটা ইনটিগ্রিটি থাকা দরকার, সুসংহত উন্নয়ণ হওয়া দরকার। গোটা রাজ্যের উন্নয়ন দরকার। কলকাতা পৌর এলাকার উন্নয়ণ হয়ে গেলে যে গোটা রাজ্যের মানুষ সন্তুষ্ট হবেন তা নয়। কলকাতা পশ্চিমবঙ্গের রাজধানী। সেখানকার উন্নয়ন হতে হবে। কিন্তু পাশাপশি অন্যান্য জায়গার পৌরসভাগুলোর ক্ষেত্রে প্রয়োজন অনুসারে যাতে উন্নয়ণ হয় সেটা দেখা দরকার। যেমন এখানে কলকাতার টাউন হলকে হাই-টেক মিউজিয়ামে রূপান্তর করবার পরিকল্পনা রয়েছে, এতে আমরা অত্যন্ত খুশী। পাশাপাশি জেলা শহরগুলোতেও যাতে প্রয়োজন অনুসারে এই ধরনের পরিকল্পনা গ্রহণ করা যায় সেদিকে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তার সাথে সাথে গোটা রাজ্যের দমকল বাহিনীর যে কাজ সেই বিষয়ে আরও চিন্তা-ভাবনা করা দরকার বলে আমি মনে করি। এই কাজে সময়ের নিরিখে, অবস্থার নিরিখে চাহিদার পরিবর্তন ঘটছে। আজ থেকে শতবর্ষ আগে দমকল বাহিনীর যে প্রয়োজনীয়তা ও আবশ্যিকতা ছিল আজকে তার পরিবর্তন হয়ে গেছে এবং আগামী দিনে আরও বেশী পরিবর্তন হবে। সেজন্য আরও বেশী চাহিদা অনুসারে তাদেরকে সক্রিয় হতে হবে, তাদের যে পরিকাঠামো আছে সেই পরিকাঠামোর পরিবর্তন হওয়া দরকার এবং তার গুণগত ও পরিমানগত এই দুই দিক থেকেই পরিবর্তন হওয়া দরকার এবং তাদের ক্ষেত্রে আরও অনেক বেশী অর্থ বরাদ্দ হওয়ার প্রয়োজন। আমরা দেখেছি কলকাতার বইমেলা পুড়ে গেল, সারা দেশের মানুষের কাছে আমরা কলকাতার মানুষ হেয় হয়ে গেলাম। এই অবস্থায় দমকল বাহিনীর যে দায়িত্ব, যে কর্তব্য আছে তা যদি তারা যথাযথ ভাবে পালন করতে পারতেন, যদি আরও বেশী আধুনিক ভাবে তাদের বাহিনী গড়ে উঠত তাহলে ভাল হতো। উত্তর-দিনাজপুর সহ রাজ্যের বিভিন্ন জায়গায় দমকল বাহিনীকে আরও নতুন করে, আরও আধুনিকীকরণ করে গড়ে তোলা দরকার এবং তাদের নতুন নতুন যন্ত্রপাতি ইত্যাদি সরবরাহ করা দরকার। এই ক্ষেত্রে আরও বেশী সজাগ দৃষ্টি দেবেন। এটা যেমন প্রয়োজন তার সাথে সাথে যে সব পুরোনো বাড়িগুলো কলকাতা শহরে রয়েছে সেই

বাড়িগুলোর ক্ষেত্রে নতুন ভাবে একটা চিন্তা-ভাবনা হওয়া দরকার। এইসব বাড়ি ভেঙে পড়ছে, ভেঙে পড়বার আশঙ্কা সৃষ্টি হয়েছে। বছরের পর বছর ধরে এই বাড়িগুলোর সংস্কার হচ্ছে না। বহু মাল্টি-স্টোরিড বিল্ডিং রয়েছে যে বিল্ডিংগুলোতে দমকল পরিষেবা পৌঁছে দেওয়ার পরিপূরক ব্যবস্থা নেই। যখন বড় একটা ঘটনা ঘটে যায় তখন সেগুলো পত্র-পত্রিকায় ওঠে। সুতরাং এ বিষয়ে সরকারকে সজাগ হতে হবে এবং এ বিষয়ে পরিপূরক ব্যবস্থা গ্রহণ করা দরকার। কলকাতা একটা বড় শহর। সেখানকার সমস্ত মানুষের নিরাপত্তার বিষয়টি যেটা দমকল বাহিনীর সঙ্গে যুক্ত রয়েছে সে বিষয়ে যত্নবান হওয়ার ক্ষেত্রে সরকারের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তবে কংগ্রেসের আমলে কিছু রাজ্যের পৌর বা নাগিরক জীবন যে অবস্থায় ছিল তার থেকে এখন নতুন দিন এসেছে। এখন মানুষ সুস্থ, সুন্দর, স্বাভাবিক ভাবে জীবন-যাত্রা অতিবাহিত করছে। ওদের সময় রাত দশটার পরে মানুষ ঘরের বাইরে থাকতে পারত না, কিন্তু আজকে সেই অবস্থা নেই, সেই দিনগুলো সরে গেছে। এখন উন্নয়ণ দরকার, বহু উন্নয়ণ ঘটেছে, আরও নতুন নতুন পরিকল্পনা দরকার, যে পরিকল্পনাগুলোর মধ্যে দিয়ে গ্রামীণ এলাকায় ছোট ছোট পৌরসভাগুলোকে হাট, বাজার উন্নয়নের জন্য আপনার দপ্তর থেকে টাকা দিয়েছেন, উন্নয়ন ঘটেছে। দিনহাটার ক্ষেত্রে গোধূলী মার্কেটের শিলান্যাস হয়েছে, সেখানকার মানুষ অত্যন্ত খুশী। এইভাবে নতুন নতুন উন্নয়নের মধ্যে দিয়ে মানুষের যে আশা-আকাঙ্খা সেটা প্রতিফলিত হবে এবং এ বিষয়ে আপনাকে বলব যে, কলকাতার বাইরে, সি. এম. ডি. এ.র বাইরে যে পৌরসভাগুলো রয়েছে সেই পৌরসভাগুলোর যথাযথ উন্নয়নের ক্ষেত্রে এবং পৌর-কর্মচারী যারা কর্মরত রয়েছেন তাদের পেনশনের সুযোগ-সুবিধা, তাদের পেশাগত সুযোগ-সুবিধা ইত্যাদিকে যেমন নিশ্চিত করা দরকার, তার পাশাপাশি নাগরিক পরিষেবার ক্ষেত্রে তারা যাতে যথাযথ ভূমিকা পালন করেন, এই উভয় দিক থেকে আপনি যত্নবান হবেন এই আশা, বিশ্বাস রেখে আপনার বাজেটকে আরেকবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের পৌর ও নগর উন্নয়ণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয় ৩৭ নং, ৯০ নং এবং ২৬ নং দাবির পরিপ্রেক্ষিতে যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং কংগ্রেস দলের সদস্যদের আনীত কাট্‌মোশানকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে ৩৭ নং দাবির পরিপ্রেক্ষিতে খুব সংক্ষেপে দু'একটা কথা বলব। শাসক দলের মাননীয় সদস্য নির্মলবাবু যখন বক্তব্য রাখছিলেন তখন শুনলামযে, ২২ বছরে কলকাতাকে তারা নাকি আমূলভাবে বদলে দিয়েছেন! সেই বদলে দেওয়ার কাহিনী তার কাছ থেকে শুনলাম। এই পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই যে, বর্তমান অবস্থার ওপর দাঁড়িয়ে নিশ্চয়ই এ-নিয়ে আলোচনা হবে। কিন্তু আলোচনার মধ্যে দিয়ে সত্যের অপলাপ হবে, এটা নিশ্চিতভাবেই আমরা চাইব না। উনি যখন বলছিলেন কলকাতার আমূল বদল ঘটেছে তখন আমরা লক্ষ্য করছি, যে ম্যালেরিয়া দেশ থেকে চলে গিয়েছিল সেই ম্যালেরিয়া কলকাতাকে গ্রাস করতে বসেছে। আজকে মফঃস্বলে যে সংখ্যায় ম্যালেরিয়া হচ্ছে, কলকাতায় তার চেয়ে কোন অংশে কম সংখ্যায় ম্যালেরিয়া

হচ্ছে না। আমরা যদি সরকারী হিসাব দেখি তাহলে দেখব যে, গত বছরে কলকাতার বুকে ম্যালেরিয়ায় আক্রান্ত মানুষের সংখ্যা এবং তার পরিণতিতে ভয়াবহ মৃত্যুর যে সংখ্যা তা আমাদের শিহরিত করছে। ম্যালেরিয়ার প্রকোপের হাত থেকে সফিসটিকেটেড লাইফ লীড করা সত্ত্বেও এই দপ্তরের মন্ত্রী-সহ বেশ কয়েক জন মন্ত্রীও বাদ যান নি। আমরা আরো লক্ষ্য করছি ম্যালেরিয়া নিয়ন্ত্রণ বিভাগের বিশেষজ্ঞরা সরকার এবং পৌরসভাকে যে সমস্ত ব্যবস্থাগুলি দিতে বলেছিলেন তা বাস্তবে কার্যকরী হয় নি। তা যদি বাস্তবে কার্যকরী হ'ত তাহলে আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা হয়ত হ'ত না। আমি শুধু একটা তারিখের কথা এখানে উল্লেখ করছি। গত ৭ই জুলাই স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনে কলকাতার বিভিন্ন এলাকার ৫২ জনের রক্ত পরীক্ষা করে ৩১ জনের রক্তেই ম্যালেরিয়ার জীবাণু পাওয়া গেল। আগে কি ব্যবস্থা ছিল? কলকাতা কর্পোরেশনের লোকেরা, হেল্‌থ ডিপার্টমেন্টের লোকেরা বাড়ি বাড়ি গিয়ে খবর রাখতেন, নাম লিখে আনতেন, ঠিকানা লিখে আনতেন। আজকে কি আর সেই জিনিস আছে? আজকে সেই সিস্টেম উঠে গেছে। আজকে জঞ্জালের কি অবস্থা? আজ আর সামান্য কয়েকটা জায়গা নিয়ে কলকাতা নয়। রাজনৈতিক কারণে, নির্বাচনে পরাজয় এড়াতে গার্ডেনরীচ থেকে শুরু করে বিভিন্ন অ্যাডেড এরিয়াকে কলকাতার মধ্যে ঢুকিয়ে দিয়েছেন। অথচ সে সমস্ত এলাকায় আজও জল নিষ্কাশনের কোন সিস্টেম নেই। গান্ধীজী হরিজন মুক্তির কথা বলেছিলেন এবং তার জন্য আইন করা হয়েছিল—মানুষের বিষ্ঠা কেউ মাথায় বহণ করবে না। সেই উদ্দেশ্যে আই. এল. সি এস. প্রোগ্রাম হয়েছে। অথচ এখনো কলকাতার আশপাশে আড়াই হাজার খাটা-পায়খানা রয়েছে। আপনারা কি ব্যবস্থা নিয়েছেন? চারিদিকে জঞ্জাল। আমরা এখন শুনছি ফ্রান্সের সঙ্গে কোলাবরেশনে সেই জঞ্জাল থেকে সার হবে, গ্যাস হবে। আপনারা নাকি তা তৈরী করবেন। ভাল কথা। নিশ্চয়ই করুন। কিন্তু মানুষের পরিবেশ দূসিত হচ্ছে। এখনো কলকাতার বুকে ম্যানহোলের ঢাকনা খোলা থাকে, শিশু মৃত্যু হয়। আর সেই ধরণের ঘটনায় মন্ত্রীর মন্তব্য শুনতে হয়, "শিশুদের অভিভাবকরা কেন সতর্ক হয়ে রাস্তায় চলাফেরা করেন না।"

[3.10–3.20 p.m.]

আপনি জল কলকাতার সব জায়গায় দিতে পাবেন নি। আজকে আপনি বলবেন, জল কর বসাচ্ছেন কিনা? আমি সংবাদপত্রে দেখেছি, আপনি ওয়াটার ট্যাক্স বসাতে চলেছেন। অথচ এখনো সব জায়গায় জল দিতে পারলেন না কলকাতায়। কলকাতায় এই হচ্ছে অবস্থা। এছাড়া বিভিন্ন জলা জায়গাগুলি যেখানে বর্জ্য পদার্থ পড়ে, সেখানে পরিবেশ দূষণ হচ্ছে এই দোহাই দিয়ে সেই সব জলাগুলি বুজিয়ে প্রমোটাররা অট্টালিকা তুলতে শুরু করেছে। ফিসারীজ ডিপার্টমেন্ট একটা অ্যাক্ট করেছে। আপনার ডিপার্টমেন্ট এই ব্যাপারে কি ভাবছে তা আপনি নিশ্চিতভাবে বলবেন। আজকে কলকাতার বুকে যেখানে জল নিষ্কাশনের ব্যবস্থা নেই, জলগুলি এসে ঐ জলাগুলিতে পড়ে, সেই জলাগুলি আজকে ভরাট করে দেওয়া হচ্ছে, বুজিয়ে দেওয়া হচ্ছে। এই ক্ষেত্রে আইনগত কি

ব্যবস্থা নিতে পারবেন, আপনার দপ্তর এ ব্যাপারে কি ভাবছে, এ সম্বন্ধে কলকাতার যার নাগরিক তারা এই প্রশ্নটা সরকারের কাছে নিশ্চিতভাবে রাখবে। আজকে আমি ৩৫ নম্বর ডিমান্ডের উপর বিশেষ কিছু বলছি না, কারণ আমার পূর্ববর্তী বক্তা মাননীয় সদস শ্রীসত্য রঞ্জন বাপুলী মহাশয় বলেছেন। তাই আমি ৯০ নম্বর ডিমান্ডের উপর সি. এম ডি.-এর বাইরে যে সব পৌরসভাগুলি আছে সেই সম্পর্কে দু-একটি কথা বলছি। প্রথম কথা, পৌরসভাগুলি চলে কিসের ভিত্তিতে? প্ল্যান এবং নন-প্ল্যান এই দুই ভাবে অং যায়। এই নন-প্ল্যানের ক্ষেত্রে আজকে পৌরসভাগুলি কি অবস্থায় এসে দাঁড়িয়েছে? একটা পৌরসভার সোর্স অফ রেভিনিউ কি? প্রপার্টি ট্যাক্স কালেকশনের জন্য সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড হয়েছে, বিভিন্ন জায়গায় করের পুনর্বিন্যাস হয়েছে। আমি ধরে নিলাম যদি সেন্ট পারসেন্ট কালেকশান হয় তাহলেও পৌরসভাগুলির নিত্য-নৈমিত্তিক যে খরচ-শুধু তো পৌর দপ্তরের জন্য নয়, আজকে পৌরসভাগুলিকে বিভিন্ন দপ্তরের কাজ করতে হয়। যেমন, এডুকেশন ডিপার্টমেন্টের সাক্ষরতার কাজ করতে হবে, তেমনি খাদ্য দপ্তরের রেশন কার্ডের কাজও পৌরসভাগুলিকে করতে হবে। এই ধরণের বিভিন্ন দপ্তরের কাজ পৌরসভার কাছে এসে পড়েছে। এক্ষেত্রে লোকাল সেল্‌ফ বডির দায়িত্ব আছে, নিশ্চিতভাবে তা পালন করবে। কিন্তু অর্থের সংস্থান কোথা থেকে হবে? আমাদের পৌরসভাগুলির ক্ষেত্রে নতুন যে ফোর্থ পে-কমিশন হল তারই ভিত্তিতে রোপা অনুযায়ী বেতনের যে পুনর্বিন্যাস হল সেক্ষেত্রে কি হচ্ছে? আপনি পৌরসভাগুলিকে কি দিচ্ছেন? অকট্রোয় ট্যাক্সের যে টাকা আমাদের বৃহৎ অংশ নন-প্ল্যানে যেটা মাহিনা দেওয়ার ক্ষেত্রে সহায়ক ছিল সেটা উঠে গেল। আজকে অকট্রোয় ট্যাক্সের বৃহৎ অঙ্কের টাকা থেকে পৌরসভাগুলি বঞ্চিত হচ্ছে। সেক্ষেত্রে পৌরসভাগুলির কর্মচারীদের যে বেতনের দায়িত্ব সেই বেতনের দায়িত্বর ক্ষেত্রে সরকার পুরোপুরি দায়িত্ব পালনে অস্বীকার করেছেন। আজকে পৌরসভাগুলি থেকে যে সব কর্মচারীরা প্রতি বছর রিটেয়ার করছেন তাদের পেনশনের বেসিক টাকার এক পয়সাও আপনি দিচ্ছেন না, গ্রাচ্যুইটির ১ পয়সাও আপনি দিচ্ছেন না। ডি. এর টাকার তার ৮০ পারসেন্ট দেন স্যালারির ক্ষেত্রে। আজকে পৌরসভাগুলির যে রিকোয়ারমেন্ট সেই রিকোয়ারমেন্টের ৬০ পারসেন্টের বেশী টাকা আপনি দিচ্ছেন না। কিছুদিন আগে ফোর্থ পে-কমিশন ইমপ্লিমেনটেড হওয়ার পর রিসেন্টলি একটা অর্ডার বের করলেন ডায়রেক্টর, লোকাল বডিস। আমি জানি না, কিসের ভিত্তিতে অর্ডারটা বেরুলো? তার পরিমাপ কি, ক্রাইটেরিয়া কি, কিসের ভিত্তিতে?

৫৯টি পৌরসভার অর্ডার বেরিয়ে গেল। পরবর্তীকালে আবার আরও ৫৬টি পৌরসভার বেরুলো। আমরা জানতাম যে পপুলেশানের উপর বেস করে অর্থের সংস্থান করা হয় কিন্তু হিসাব করতে গিয়ে দেখলাম, দুটি অর্ডারের মধ্যে কোন মিল নেই। কোন জায়গায় এক কোটি টাকা পেয়ে গেল সেখানে জনসংখ্যা কম থাকা সত্ত্বেও আবার কোন জায়গায় দেখা গেল তার জনসংখ্যা সম পরিমান হওয়া সত্ত্বেও ২১/২২ লক্ষ টাকা, কোথাও ৩০ লক্ষ টাকা পেল। এই হচ্ছে অবস্থা। তারপর অকট্রয় ট্যাক্স উঠে যাওয়ার পর বিভিন্ন পৌর এলাকাতে জমির যে রেজিষ্ট্রেশান হয় এবং তার থেকে গভর্ণমেন্ট যে ষ্ট্যাম্প ডিউটি কালেকশান করে, সেলস্ ট্যাক্স ৫ পারসেন্ট যা কালেকশান

হয় তার শেয়ার পৌরসভাগুলি কেন পাবে না? ষ্ট্যাম্প ডিউটির ক্ষেত্রেই হোক, সেল্‌স ট্যাক্সের ক্ষেত্রেই হোক অকট্রয় ট্যাক্স উঠে যাওয়ার পর সেখানে তার একটা শেয়ার নিশ্চিতভাবে পৌরসভাগুলির পাওয়া দরকার বলে আমি মনে করি। তার কারণ, পৌরসভাগুলির কাজ বাড়ছে। আপনি এক জায়গায় বলেছেন যে, প্রতিটি পৌরসভাতে একজন করে একজিকিউটিভ অফিসার, একজন করে ফিনান্স অফিসার থাকা উচিত। কিন্তু দেখা যাচ্ছে কোন জায়গায় একজিকিউটিভ অফিসার রিটায়ার করার পর তার জায়গায় নতুন অফিসার আসছেন না, ফিনান্স অফিসার রিটায়ার করার পর নতুন ফিনান্স অফিসার আসছেন না। শুধু তাই নয়, প্ল্যানের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে টাকা সঠিক সময় আসে না। একেবারে ইয়ার এনডিং-এর সময় টাকাগুলি পাওয়া যায় ফলে তড়িঘড়ি করে কাজগুলি করতে হয়। তা ছাড়া এই কাজগুলি করার জন্য যে ইনফ্রাষ্ট্রাকচার দরকার, যে টেকনিক্যাল এ্যাসিসটেন্স দরকার সেটা পাওয়া যায় না। জেলাতে শুধুমাত্র একটি করে মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট দিয়ে কোন মতেই এই কাজ করা সম্ভব নয়। আপনি বলেছেন যে চুক্তির ভিত্তিতে অর্ডিটার নিয়োগ করছেন। এন. এস. ডি. পি., এস. জে. এস. আর. ওয়াই, আই. ডি. এস. এম. টি., ইত্যাদি বিভিন্ন প্রজেক্টের কাজ করতে গেলে আমি মনে করি প্রতিটি পৌরসভাতে চুক্তির ভিত্তিতে একজন করে এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার নেওয়ার দরকার আছে কারণ একটা নির্দিষ্ট সময়ের মধ্যে কাজটা শেষ করতে হয় এবং ইউটিলাইজেশান সার্টিফিকেট দিতে হয়। ইউটিলাইজেশান সার্টিফিকেট না দিলে ফারদার এ্যালটমেন্ট পাওয়া যায় না। কাজেই সঠিক ভাবে যদি কাজ করতে হয় তাহলে প্রতিটি পৌরসভাতে চুক্তির ভিত্তিতে একজন করে এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার বরাদ্দ করা উচিত। নেহরু রোজগার যোজনা, সেটা এ্যাবলিশ হয়ে গিয়েছে কিন্তু সেলফ-এমপ্লয়মেন্টের যে সব যোজনা রয়েছে সে সম্বন্ধে বলি, একের পর এক প্রোপোজাল ব্যাঙ্কের কাছে পাঠালেও ব্যাঙ্কের কাছ থেকে আমরা তার সদুত্তর পাই না। আপনিও ব্যাঙ্ক সম্বন্ধে বিরক্তি প্রকাশ করেছেন। আপনি কো-অপারেটিভ ব্যাঙ্কের সঙ্গে কাজ করার কথা বলেছেন কিন্তু সেটা কার্যকরী হয়নি। সুবর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার ব্যাপারে একই ব্যাপার চলছে। ব্যাঙ্ক, সুডা, পৌরসভাগুলিকে নিয়ে একটা সমন্বয় সভা শান্তিপুরে হয়েছিল এবং তাতে কতগুলি সিদ্ধান্ত নেওয়া হয়েছিল কিন্তু সেগুলি কার্যকরী হয়নি। আপনি বলবেন, এ ব্যাপারে আপনার দপ্তর থেকে কি ব্যবস্থা আপনি নিয়েছেন। আজকে পৌরসভাগুলির কাজের বোঝা বাড়ছে, অর্থের বোঝা বাড়ছে কিন্তু তার জন্য উপযুক্ত ইনফ্রাষ্ট্রাকচার দেওয়া হচ্ছে না। এর পর আমি ২৬ নং দাবী সম্বন্ধে বলছি। ৫০ সালের যে আইন '৯৬ সালে আপনি সেটার সংশোধন করলেন কিন্তু সেটা ঠিক মতন কার্যকরী না হওয়ায় গোটা কোলকাতা শহর আজকে একটা জতুগৃহে পরিণত হয়েছে। মহাকরণের আশেপাশের বাড়ীতে আগুন লাগছে। সেই এ্যাক্ট ঠিক মতন কার্যকরী না করতে পারার জন্য এইভাবে আগুন লাগছে। সেখানে বহুতল বাড়ীগুলি সম্বন্ধে বলা হয়েছিল যে একজিট ডোর রাখতে হবে, অগ্নি নির্বাপক সরঞ্জাম রাখতে হবে, লাইসেন্স নিতে হবে ইত্যাদি। মন্ত্রীমহাশয় বলবেন, ক'জায়গায় সে ব্যবস্থা নিয়েছেন? আজকে একটার পর একটা জায়গায় আগুন লাগছে আর আগুন লাগার পর আপনি

বলছেন যে পরিকাঠামো নেই, বলছেন তদন্ত হবে। এইভাবে চলছে। আলাদা মন্ত্রী থাকা সত্ত্বেও আইন কার্যকরী হচ্ছে না। আপনি একটাও ব্যবস্থা নিতে পারেন নি। তাই, আপনি যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.20–3.30 p.m.]

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, পশ্চিমবঙ্গ সরকারের নগর উন্নয়ণ, পৌরসভা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ডিম্যান্ড নং ২৬, ৩৭, ৯০ অনুযায়ী যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশান আনা হয়েছে তার সমর্থন করে কিছু কথা এখানে বলছি। ৭৪তম সংবিধান সংশোধনের মাধ্যমে প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী নগর পালিকা বিলের মাধ্যমে পৌরসভার উন্নয়ণের যে দিক খুলে দিয়েছেন এবং তার মাধ্যমে যতটুকু পৌরসভার উন্নয়ণ হওয়া উচিত ছিল, আমরা মনে করি তা রূপায়িত করা যায় নি। এই রূপায়িত না করার মূল কারণ অনেকগুলি। প্রথম কথা হচ্ছে, এই নগর পালিকা বিলে অর্থ বরাদ্দের যে ব্যবস্থা ছিল তা সরাসরি পৌরসভাগুলিতে আসার কথা ছিল। কিন্তু রাজ্য সরকারের বিরোধিতায় তা সম্ভব হয় নি। পরবর্তীকালে দেখেছি যে, রাজ্য সরকার তার মাধ্যমে যে অর্থ বিলি করেছেন সেখানে কোন কোন ক্ষেত্রে বৈষম্য রয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে, যে বাজেট বরাদ্দ পেশ করা হয়েছে সেই বাজেটে কেন্দ্রীয় সরকারের বরাদ্দ কিভাবে আসছে তার কোন নির্দ্দিষ্ট বক্তব্য নেই। তাছাড়া আমরা দেখছি যে, পৌরসভার যে মূল সমস্যা, সেই সমস্যার দিক এই বাজেটে তুলে ধরা হয়নি। বর্তমান নিকাশী ব্যবস্থা এবং ট্রেঞ্চিং গ্রাউন্ডের যে ব্যবস্থা, এটা প্রত্যেক পৌরসভার কাছে একটা মাথা ব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে। আমরা দেখছি যে পৌরসভাগুলিতে সুপ্রীম কোর্টের ষ্ট্রিকচারের ফলে জল নিকাশী ব্যবস্থার ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হয়েছে। সেই অবস্থায় বর্তমান অর্থনৈতিক কাঠামোয় কোন পৌরসভার পক্ষে সামগ্রিক ভাবে জল নিকাশী ব্যবস্থা করা সম্ভব নয়। আমরা আশা করেছিলাম যে, পৌর বাজেটে এই জল নিকাশী ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট পদক্ষেপ রাখা হবে, কিন্তু সেটা নেই। ট্রেঞ্চিং গ্রাউন্ডের ক্ষেত্রে বিশেষ করে যে সমস্ত ছোট ছোট পৌরসভা এলাকা সেখানে খুব কম ট্রেঞ্চিং গ্রাউন্ডের জায়গা ছিল। ঘনবসতি হওয়ার ফলে ট্রেঞ্চিং গ্রাউন্ডের পাশাপাশি যে পঞ্চায়েত এলাকা আছে সেই পঞ্চায়েত এলাকায় ট্রেঞ্চিং গ্রাউন্ড সরিয়ে নেবার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। এই ব্যাপারে কি করা যায় এবং ট্রেঞ্চিং গ্রাউন্ড সরানোর ক্ষেত্রে যে আর্থিক দায়, সেটা বহন করার ক্ষেত্রে রাজ্য সরকারের কোন সুনির্দ্দিষ্ট ব্যবস্থার কোন উল্লেখ নেই। তাছাড়া উন্নয়ণের জন্য পৌরসভার যা বিশেষ প্রয়োজন সেটা জমি, কিন্তু বেশির ভাগ পৌরসভায় জমি নেই। ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়ের মাধ্যমে জেনেছি যে, পৌরসভার যে এলাকায় ভেস্টেড ল্যান্ড আছে তা পৌরসভায় হস্তান্তর করা হতে পারে কিন্তু তার বিনিময়ে ২৫ পারসেন্ট দাম পৌরসভাকে দিতে হবে। মাননীয় পৌর মন্ত্রী মহাশয়কে আমি একথা বলবো যে, এই ব্যাপারটা আরো সরলিকরণ করার প্রয়োজন আছে। প্রথমতঃ ভূমি

রাজস্ব দপ্তর বিভিন্ন অজুহাত দেখান। তারা এই ভেষ্টেড ল্যান্ড পৌরসভাকে হস্তান্তব করতে চান না। সরকারী অন্যান্য দপ্তরকে বিনা পয়সায় জমি দেওয়া হয়। সেখানে পৌরসভার ক্ষেত্রে ২৫ পারসেন্ট দাম কেন হবে? কাজেই তাদেরও যাতে বিনা পয়সায় দেওয়া হয় তার জন্য অনুরোধ করছি। ট্যাক্সের ক্ষেত্রে যে সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ড আছে, তাদের নির্দ্দিষ্ট কর্মসূচী আছে। যে সমস্ত গৃহাদি নির্মাণ হয় সেগুলির ট্যাক্স নুতন করে ধার্য করার ক্ষেত্রে পৌর সভাগুলির যে অনুরোধ সেটা বেশীর ভাগ তারা রক্ষা করে না। ফলে পৌরসভাগুলি বেশীর ভাগ ক্ষতিগ্রস্ত হচ্ছে। আর একটা কথা হচ্ছে. মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট তৈরী হয়েছে পৌরসভাগুলিতে কারিগরী সাহায্য দেবার জন্য। কিন্তু আমরা লক্ষ্য করছি যে, এই দপ্তরগুলিতে প্রকৃতপক্ষে কর্মচারীর সংখ্যা কম থাকার ফলে মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের কাছ থেকে কারিগরী সাহায্য পৌরসভাগুলির পাওয়া কঠিন হয়ে পড়েছে। বিভিন্ন সময় আমরা দেখছি, বিভিন্ন কাজের ব্যাপারে মিউনিসিপ্যাল (ইঞ্জিনিয়ারিং) ডিপার্টমেন্টকে জানাবার পরও তারা ঠিকভাবে সাহায্য করতে পারছে না। আপনারা গৃহ নির্মাণ আইন সংশোধন করেছেন। কিন্তু বর্তমানে যারা দুর্বিত্ত শ্রেণীর প্রমোটার এবং বেশ কিছু মানুষ - আইন ভাঙাই যাদের কাজ - তারা সেই আইন ভঙ্গ করে চলেছে, কিন্তু তাদের প্রতিরোধ করবার কোন আইন পৌরসভাগুলির নেই। স্থানীয় প্রশাসনও পৌরসভাগুলিকে এ ব্যাপারে কোন সাহায্য করে না, তার জন্য আইনটা কাগজে-কলমেই পর্যবসিত হয়ে থাকছে। চাক্ষুস দেখতে পাচ্ছি, একটি পুকুর ভরাট হচ্ছে। ওই ব্যাপারে নোটিশ করবার পর দেখা গেল, কোন এক অদৃশ্য হস্তক্ষেপের ফলে সেই পুকুরকে বাস্তু হিসাবে দেখান হচ্ছে। কাজেই পুকুর ইত্যাদি ভরাট করার বিরুদ্ধে আইন যা রয়েছে তার সংস্কার করা প্রয়োজন। কারণ ভূমি-রাজস্ব দপ্তরের কারচুপির ফলে এসব জমি রক্ষা করা সম্ভব হচ্ছে না। কাজেই বিষয়টা দেখবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা লক্ষ্য করছি, অনেক পৌরসভা থেকে, বিশেষ করে কংগ্রেস পৌরসভাগুলি থেকে সরকার রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করছেন। কয়েকদিন আগে মাননীয় মন্ত্রী দুর্গাপুরে গিয়েছিলেন কয়েকটি পৌরসভার প্রধানদের নিয়ে আলোচনা করবার জন্য। তার আগে ডাইরেক্টর এক নোটিশ জারী করে যে সব পৌরসভা ক্যাজুয়াল কর্মী নিয়োগ করেছে তাদের ছাঁটাই করবার কথা বলেছেন। সেখানে মিউনিসিপ্যালিটিগুলির প্রধানরা ক্যাজুয়াল লেবার তারা কেন রেখেছেন সেটা বলেছেন। এ-ব্যাপারে বাস্তবতাটা উপলব্ধি করবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। স্টাফ প্যাটার্ন সম্পর্কে বলছি, সেটা কতটুকু কার্যকর হচ্ছে জানি না, কারণ স্টাফ প্যাটার্ন অনুযায়ী স্টাফ নিয়োগ, এটা অনেক ক্ষেত্রেই কার্যকরী করা যাচ্ছে না। এখানে আই. ডি. এস. এম. টি. স্কিমের কথা আপনি বলেছেন। এই স্কিমের মাধ্যমে যে এ্যাসেট্স তৈরী হয় সেটা রক্ষণাবেক্ষণের জন্য, ভাড়া এবং ট্যাক্স আদায়ের জন্য লোকের প্রয়োজন হয়। তাছাড়া মফঃস্বল মিউনিসিপ্যালিটিগুলিতে ভ্যান-রিক্সা, রিক্সা ইত্যাদির লাইসেন্সের প্রয়োজন রয়েছে, কিন্তু আপনার দপ্তরের আইনে এর কোন প্রভিশন নেই। তাহলে কি আই. ডি. এস. এম. টি. স্কিমে লাইসেন্সের জন্য কি কোন লাইসেন্স ডিপার্টমেন্ট করছেন?

আপনি স্টাফ প্যাটার্নের ক্ষেত্রে কতখানি অদূরদর্শিতার পরিচয় দিয়েছেন সেটা তুলে ধরছি। আমার পৌরসভা কাটোয়া, সেখানে একটি বার্নিংঘাট রয়েছে। সেখানে একটি মাত্র ডোম নিয়োগের অর্ডার দিয়েছেন। একজনের পক্ষে কি ২৪ ঘন্টা ঐ কাজ করা সম্ভব? তাহলে এক্ষেত্রে ক্যাজুয়াল কর্মী নিয়োগ করতে হবে কিনা? নতুন নতুন টিউবওয়েল তৈরী হচ্ছে। ৫০০-র মত টিউবওয়েল তৈরী হয়েছে। সেখানে একজন মিস্ত্রি এবং হেল্পারকে দিয়ে অতগুলো টিউবওয়েলের মেন্টেনেন্স করাতে হচ্ছে। আমি আমার পৌরসভা দিয়েই কথাগুলো বলছি। পৌরসভার ভেতর অনেক ষ্ট্রীট লাইট হয়েছে। সে সব মেন্টেনেন্সের জন্য একজন মিস্ত্রি কি যথেষ্ট?

[3.30–3.40 p.m.]

তিনি স্বীকার করলেন তিনি বললেন এইগুলি কন্ট্রাকটারের মাধ্যমে হচ্ছে। আমি এই কথা জানতে চাই আপনারা কি কন্ট্রাকটারের দিকে লক্ষ্য রাখবেন নাকি বাস্তব কাজের জন্য চেষ্টা করবেন। আমি আপনার কাছে অনুরোধ করছি যদি কোন কোন ক্ষেত্রে লোক নিয়োগ করার দরকার হয়, বাস্তব অবস্থা উপলব্ধি করে সেই লোক যাতে পৌরসভা রাখতে পারে তার ব্যবস্থা আপনি করবেন। পৌরসভার নাগরিক পরিষেবার জন্য দৈনন্দিন রাস্তায় নামতে, সেই ইনফ্রাস্ট্রাকচার বজায় রাখার জন্য লোকের প্রয়োজন আছে। আপনি যে স্টাফ প্যাটার্ন তৈরী করেছেন সেটাকে আরো চিন্তা ভাবনা করে তৈরী করুন। যে সমস্ত পৌরসভায় লোকের প্রয়োজন আছে সেই প্রয়োজন ভিত্তিক তারা যাতে লোক নিয়োগ করতে পারেন সেই ব্যবস্থা করার জন্য অনুরোধ করবো। তা যদি না হয় তাহলে এই ক্যাজুয়াল নিয়োগের ক্ষেত্রটা বজায় রাখা সম্ভব নয়। তাহলে নাগরিক পরিষেবা বন্ধ হয়ে যাবে। একটি পৌরসভায় যদি ৫০০টি টিউবওয়েল থাকে, সেখানে যদি একজন মিস্ত্রি এবং একজন হেলপার থাকে, সেখানে যদি ৩০ পারসেন্ট কল খারাপ হয়ে থাকে তাহলে ওই পৌরসভার নাগরিকরা পরিষেবা থেকে বঞ্চিত হবে। এটা যদি হতে না দেওয়া হয় তাহলে লোক নিয়োগের ক্ষেত্রে নূতন করে ভাবনা-চিন্তা করতে হবে। একজন সরকার পক্ষের বন্ধু বললেন যে শুধু মাত্র কংগ্রেস পরিচালিত পৌরসভা নানা অনিয়ম করছে। আই. ও. সি. এস নামে একটা প্রকল্প আছে। এই প্রকল্প অনুযায়ী গরীব মানুষদের খাটা পায়খানা তৈরী করা হয়। আমি কাটোয়া পৌরসভার একটা উদাহরণ দিচ্ছি। প্রতিটি পৌরসভায় ১০০০ করে খাটা পায়খানা তৈরী করার নির্দেশ আসে। এই কাটোয়া পৌরসভা এই খাটা পায়খানা যথা সময়ে শুধু নির্মাণ করে তা নয় এই টাকার মধ্যে ১০৭১টি খাটা পায়খানা তৈরী করে দিয়েছে। আরো কিছু খাটা পায়খানা তৈরী করার ব্যাপারে পৌরসভার পক্ষ থেকে দাবি পাঠানো হয়েছিল, কিন্তু সেটার অনুমতি দেওয়া হয় নি। অথচ অনেক মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির পৌরসভা লক্ষ লক্ষ টাকা এই খাতে ব্যয় না করে আটকে রেখেছে। লক্ষ লক্ষ টাকা আটকে থাকছে অথচ যেখানে বেশী কাজ হচ্ছে সেখানে কাজ করার মতো অর্থ পাওয়া যাচ্ছে না। এইগুলি আপনাকে লক্ষ্য দিতে অনুরোধ করবো। এস. টি. এস. ও এই প্রকল্প থেকে অনেক উন্নয়নের সম্ভাবনা আছে। আমরা লক্ষ্য করছি আর. সি. বি. নিয়োগ হচ্ছে।

নিয়োগের পর কোন রেমুনারেশান না থাকার ফলে পরবর্তীকালে স্বাক্ষরতা প্রকল্পের মতো শেষ হয়ে গিয়েছে। এই আর. সি. বি. প্রকল্পে কাজ করছে গরীব মহিলারা, তাদের যদি টাকা দিতে পারেন তাহলে ভাল হয়। আমি এই সম্পর্কে চিন্তা-ভাবনা করার জন্য অনুরোধ রাখছি। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, ১৯৯৯-২০০০ সালের জন্য নগর উন্নয়ণ দপ্তরের ৩৭ নম্বর দাবি এবং ৯০ নম্বর দাবি এবং ২৬ নম্বর দাবি সম্পর্কে অশোক ভট্টাচার্য্য মহাশয় এবং প্রতীম চট্টোপাধ্যায় যে ব্যয়-বরাদ্দের দাবি উৎথাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। মাননীয় চেয়ারম্যান স্যার, বিরোধী পক্ষের বক্তব্য আমি শুনেছি। এখানে প্রবীণ নেতা সত্য বাপুলী মহাশয় সমস্তটা রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে বিচার বিশ্লেষণ করেছেন। স্বাভাবিক ভাবেই তার বক্তব্যের বিরোধিতা করছি। অন্যদিকে বিরোধী পক্ষের হলেও অজয় দে মহাশয় যে বক্তব্য রেখেছেন তার মধ্যে বাস্তবতা আছে, অনেক বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে মনোযোগ দিতে হবে বলে মনে হয়েছে। রবীনবাবু তার অভিজ্ঞতা থেকে যা বলেছেন সেই সব কথাগুলিও বিরোধী পক্ষ বলে নস্যাৎ করা যাবে না। আমি প্রথমে যে বিষয়টা বলতে চাই তা হলো আমরা যেটা দেখতে পাচ্ছি তা হলো উনি যা দাবি করেছেন ওনার বিবৃতির মধ্যে দিয়ে তাতে তিনি কতকগুলি পরিসংখ্যান দিয়েছেন এবং সেখানে যে অগ্রগতি ঘটেছে তার পরিসংখ্যান দিয়েছেন এবং তার সঙ্গে কতকগুলি পরিকল্পনার কথা উত্থাপন করেছেন যে পরিকল্পনা কার্যকারী হলে উন্নয়ন আরো একটু ভাল পর্যায়ে পৌঁছাতে পারবে।

তিনি এই কথা বলেন নি যে কোন সমস্যা নেই। তিনি এই কথা বলেন নি যে কলকাতা মহানগরীতে সমস্যা নেই। কলকাতা মহানগরীতে জল নিষ্কাশন সমস্যার সমাধান হয়ে গেছে। তিনি এই কথা বলেন নি যে কলকাতা মহানগরীর বস্তিগুলোর উন্নয়ন হয়ে গেছে। কলকাতার বস্তিগুলোর সমস্যা নেই এই কথা তিনি বলেন নি। আমাদের মনে হয়েছে যে, বস্তিগুলোর অগ্রগতির ক্ষেত্রে বিরাট অগ্রগতি হয়েছে। আমরা একটা সময়ে দেখতে পেতাম বস্তিগুলোতে একটা পুতিগন্ধময় অবস্থার মধ্যে মানুষ বাস করতো। আজকে বস্তিতে পানীয় জলের ব্যবস্থা হয়েছে। শৌচালয়ের ব্যবস্তা হয়েছে। পয়ঃপ্রণালীর ব্যবস্থা হয়েছে। সেখানে গেলে আমাদের অস্বস্তি হয় না। আমরা যারা একটু উন্নতমানের জীবনের মধ্যে বাস করছি, আমাদের অস্বস্তি হয় না। আজকে কলকাতাকে আর এই কথা কেউ বলছেন না—একটা সময়ে কলকাতাকে মৃত নগরী বলা হত, আজকে আর কেউ এই কথা বলছেন না। বিভিন্ন রাষ্ট্রীয় নেতা বাইরে থেকে এসে কলকাতাকে দুঃস্বপ্নের নগরী, মিছিল নগরী বলতেন। আজকে আর তা কেউ বলেন না। আমি পর্যটন বিভাগের একটা পরিসংখ্যান দেখছিলাম—সংখ্যাটা ঠিক আমার মনে নেই—কলকাতাকে দেখার জন্য এখানে পরিদর্শক আসছেন। কলকাতাতে পর্যটকের সংখ্যা বেড়েছে। কলকাতাকে দেখার আকর্ষণ বেড়েছে মানুষের কাছে। আমরাও দেখছি, এখন কলকাতা ক্রমশ সবুজায়ন হচ্ছে। যেটা একেবারেই শুষ্ক হয়ে গিয়েছিল, যে

কলকাতাকে মৃত নগরী বলা হত, আজকে তাতে প্রাণের সঞ্চার হয়েছে। বিগত ২২। ২৩ বছরে বামফ্রন্ট সরকারের পরিকল্পনা ও কার্যকলাপের ফলে এখানে মানুষের জীবনে একটা উন্নত জীবনের সন্ধান এনে দিয়েছে। ফলে খুব স্বাভাবিক ভাবেই মাননীয় মন্ত্রী উন্নতির দাবী করতে পারেন। আমরা জানি, এর সঙ্গে সঙ্গে যদি পৌর ব্যবস্থার উন্নতি না হত, পঞ্চায়েতের মধ্যে দিয়ে গ্রামীণ জীবন যদি উন্নত না হত তাহলে সব দেশে যা ঘটে, মানুষ তার জীবন জীবিকার প্রশ্নে শহরমুখী হোত। সেটা তো হচ্ছে না। আজকে মানুষ গ্রাম থেকে শহরমুখী হচ্ছে না। তার কারণ হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামাঞ্চলের শহরগুলিতে উন্নয়নের ফলে গ্রামের মানুষ আজকে কলকাতামুখী হচ্ছে না। মন্ত্রী মহাশয় এই বাস্তব কথাটাই বলেছেন। ফলে তাকে সমর্থন করতে বাধা কোথায়? একটা সমস্যার কথা বলছি, যেহেতু বাস্তবকে অস্বীকার করা যায় না, ম্যালেরিয়া হচ্ছে। জল নিকাশ ঠিকমত হচ্ছে না, তাই মশা হচ্ছে। স্বাস্থ্য দপ্তরের এতে কিছু ত্রুটি আছে। আমাকে এটা বলতে হবে যে, মাঝে মাঝে আমি রাজভবনে দেবব্রতবাবুর বাড়িতে থাকি। সেখানে মশা, না চড়ুই পাখি জানি না, মশার দারুণ উপদ্রব আছে। আমি এম. এল. এ. হোষ্টেলেও থাকি। সেখানে আগে একতলাতে মশা ছিল না। এখন ৫।৬ তলাতেও ব্যাপক মশার উপদ্রব। মাঝে মাঝে সেখানে কামান দাগা হয়, কিন্তু তাতেও কিছু হচ্ছে না। মশার জীবনীশক্তি প্রচন্ড বেড়েছে। স্প্রেতেও কিছু হচ্ছে না। মানুষ মশায় আক্রান্ত হচ্ছে। মাননীয় মন্ত্রী আনিসুর রহমান কলকাতা থেকে গিয়েছিলেন। তার সঙ্গে আমার দেখা হয়েছিল।. দেখলাম তিনি গায়ে কাঁথা জড়িয়ে আসছেন। কি ভয়াবহ অবস্থা। এটা শুধু কলকাতায় নয়, আমরা যারা একটু উঁচু মানে বাস করছি, আমরা অনুভব করছি এটা। এটা বাস্তব। এর জন্য আপনাকে কর্মসূচী গ্রহণ করতে হবে। অশোক ভট্টাচার্য্য একজন কর্মঠ মানুষ। তার ওপরে মানুষ আস্থা প্রকাশ করে। বিরোধী দলের একজন বলছিলেন, উনি শিলিগুড়ি ছাড়া ভাবেন না, ওর কাছে জগতের সবকিছু শিলিগুড়ি। কিন্তু তা তো নয়। আমরা যারা বহরমপুরের মানুষ, আমরা কি করে বলবো এই কথা? বহরমপুরের আজকে শ্রীবৃদ্ধি ঘটেছে, পুরনো একটা শহর, আজকে সেই শহর প্রাণ ফিরে পেয়েছে।

[3.40–3.50 p.m.]

ট্রেন থেকে নেমেই চারিদিকে রাস্তা যাচ্ছে, সেই রাস্তা পৌরসভা এবং রাজ্য সরকার যৌথভাবে করেছে। অন্যদিকে কৃষ্ণনগরে কংগ্রেস পরিচালিত পৌরসভায় টাকার নয়ছয় হচ্ছে। কৃষ্ণনগরের চারিদিকের রাস্তা নরকে পরিণত হয়েছে, চলা যাচ্ছে না। কি বড় রাস্তা বলুন কি গলি বলুন সর্বত্র একই অবস্থা-একেবারে নরকে পরিণত। অথচ ওখানে ওদেরই একাধিপত্য চলছে। আমি আপনাকে ধন্যবাদ জানাই এই কারণে যে, আপনি গণতন্ত্রের পুর্নজীবনে ঘটিয়ে পৌরসভার নির্বাচন করছেন। এই পৌরসভার নির্বাচনে অধিকাংশ ক্ষেত্রে বামফ্রন্ট জয়যুক্ত হয়, আবার কোন ক্ষেত্রে কংগ্রেসীরাও জয়যুক্ত হন। আমি এই প্রসঙ্গে একটি কথা বলব যে, আমরা নির্বাচনে হেরে গেলে মেনে নিতে পারি কিন্তু ওনারা সেটা মানতে পারেন না। বহরমপুর শহরে ওরা জয়ী হয়েছেন, আমরা মেনে নিয়েছি। ওরা নির্বাচনের সাতদিন আগে নির্বাচনের সমস্ত বিধি-বিধান ভঙ্গ করে

এক লক্ষ টাকা খরচ করে বস্তীর সাধারণ মানুষকে কিনে নেবার চেষ্টা করা হয়েছে। তাদের অভাব-অনটনের সুযোগ নিয়ে তাদেরকে নানা রকম সুযোগ সুবিধা করে দিয়ে কংগ্রেস সেখানে জয়ী হয়েছে। প্রতিটি ওয়ার্ডে এক লক্ষ টাকা করে খরচ করে নির্বাচনের বিধি ভঙ্গ করে এইভাবে কাজ করেছে। ফলে কোন জায়গাতে হয়ত আমরা বললাম যে কল বসানো যাবে না তাতে ওখানকার সাধারণ মানুষ অসন্তুষ্ট হয়েছে, অখুশী হয়েছে। সেই কারণে আপনাকে বলব নির্বাচনকে সুষ্ঠ করার ক্ষেত্রে আমি বলব যে বহরমপুরের প্রশাসন ব্যর্থ হয়েছে। এর পরে আমি আরেকটা কথা বলতে চাই যে, আপনার দপ্তরের সাফল্য সম্পর্কে কোন প্রশ্ন ওঠে না। আপনি একটা বড় কাজ করেছেন সি এম ডি এর কাজ, যেটা এতদিন কলকাতা এবং বৃহত্তর কলকাতার মধ্যে সীমাবদ্ধ ছিল, সেটাকে মফঃস্বল পর্যন্ত ছড়িয়ে দিয়েছেন। আমি এই প্রসঙ্গে প্রতীম চট্টোপাধ্যায়কে ধন্যবাদ জানাই, তিনি অত্যন্ত উদ্যমতা নিয়ে কাজ করছেন। তিনি দমকল আধুনিকীকরণ করছেন। কম্পিউটার বসানোর চেষ্টা করছেন। আর বড় বাজারে যে আগুন লেগেছিল ওটা তো জতুগৃহ হয়েই আছে। ওটা তো আর আজকের ব্যাপার নয়। আপনারাই তো ওটাকে জতুগৃহ তৈরী করে রেখেছেন। এখানে মাননীয় প্রতীম চট্টোপাধ্যায় যেভাবে কাজ করছেন তাতে কৃতিত্বের দাবী রাখেন। জনগণের সেবায় কাজ করে যাচ্ছেন। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে, বিরোধীদের আনা কাটমোশানে কোন যুক্তি নেই তাই তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেব প্রসাদ সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে ২৬নং, ৩৭নং এবং ৯০নং ডিমান্ডের উপরে যথাক্রমে অশোক ভট্টাচার্য্য এবং ২৬নং ডিমান্ডের উপরে মাননীয় অশোক ভট্টাচার্য্য এবং প্রতীম চট্টোপাধ্যায় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। এই ২৬নং দাবীর উপরে অশোক ভট্টাচার্য্য এবং প্রতীম চট্টোপাধ্যায় মহাশয় যে ব্যয়-বরাদ্দ রেখেছেন আমি সেই বাজেট ভাষণের ৬নং প্যারাগ্রাফের দৃষ্টি আকর্ষণ করছি—দি এ্যাকটিভিটিজ অফ দি ফায়ার প্রিভেনশান উইং অফ ওয়েষ্ট বেঙ্গল ফায়ার সার্ভিসেস—পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপক কৃত্যকের অগ্নি নিরোধে আমার কাজকর্ম বিশেষ ভাবে উল্লেখযোগ্য। আগুনের কবল থেকে জীবন ও সম্পত্তি রক্ষা করাই এই শাখার মূল উদ্দেশ্য। এই শাখা গৃহ নির্মাণের ক্ষেত্রে নির্মাণ পরিকল্পনা পরীক্ষা করে থাকে এবং বিভিন্ন শিল্প ও গুদাম গৃহে অগ্নি নির্বাপন ব্যবস্থা কার্যকর করার সুপারিশ প্রদান করে থাকে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে ফায়ার লাইসেন্স প্রদান পদ্ধতির সরলীকরণ ও যুগপোযোগীকরণের উদ্দেশ্যে ফায়ার সার্ভিস এ্যাক্ট সংশোধন করা হয়েছে ও এই আইন লঙ্ঘনকারীর কঠোর শাস্তির বিধান রাখা হয়েছে। এই প্যারাগ্রাফে যা বলেছেন এবং দাবী করেছেন কার্যক্ষেত্রে সেই অবস্থা ঘটছে না।

কিভাবে আজকে এই কলকাতা শহর এবং শহরতলী এলাকার বিভিন্ন বাড়ি, বাজার, কারখানা এখানে বে-আইনিভাবে গড়ে উঠেছে, ন্যূনতম অগ্নিনির্বাপনের ব্যবস্থা সেখানে নেই। সত্যিই একটা জতুগৃহ তৈরী হয়েছে এবং এই ক'দিনের মধ্যে কতগুলো ঘটনা ঘটে গেছে। ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেসে ৪ঠা জুলাই এতবড় অগ্নিকান্ডের ঘটনা ঘটল, চারতলার

অফিসটি পুড়ে গেল। এর ঠিক চারদিন পর বাগুইহাটিতে বাল্ব কারখানায় অগ্নিকান্ড ঘটল এবং দশজন শ্রমিক জীবন্ত দগ্ধ হল। এর আগে অফিসপাড়ায় ম্যাকেনজি অফিস পুড়ে গেল, একের পর এক ঘটনা ঘটে যাচ্ছে। কলকাতা শহর এবং শহরতলী এলাকায় এই বে-আইনি কারখানাগুলো অবাধে কারবার চালাচ্ছে সরকারের নাকের ডগায় একটা মৃত্যুফাঁদ তারা তৈরী করেছে। আপনি বলেছেন গত বছর একটা সমীক্ষায় দেখা গেলে কলকাতা শহরে ৩৪৭টি বাড়ি, সরকারী-বেসরকারী অফিস আছে যেখানে অগ্নি নির্বাপনের ব্যবস্থা নেই। তাহলে এই দপ্তর কি দেখছে? পৌরসভা বা পৌর কর্তাদের কি এই ব্যাপারে কোন ভ্রূক্ষেপ আছে? নগরোন্নয়নের কথা বলা হচ্ছে, কলকাতা মহানগরী মেগাসিটির আওতায় আছে, কলকাতার মত একটা জনবহুল শহরে অগ্নিকান্ড নির্ধারক ব্যবস্থার একটা সামগ্রিক মাষ্টার প্ল্যান না থাকলে নগরোন্নয়ন কখনো সম্ভব হয় না। নগরোন্নয়ণের সঙ্গে সমন্বয়সাধন করে অগ্নিকান্ড নির্বাপন ব্যবস্থা যদি না নেওয়া হয় তাহলে নগরোন্নয়ণ পরিকল্পনা সফল হতে পারে না। সেই ক্ষেত্রে দমকল বিভাগ, পৌর দপ্তর এবং পরিবেশ দপ্তর মিলে একটা মত বিনিময় করে, সমন্বয় সাধন করে কাজ করা দরকার। ফলে এই জিনিস চলছে। আজকে এই রকম একটা পরিস্থিতিতে সরকারের প্রশাসনিক শিথিলতা, শৈথিল্য ক্ষমাহীন। বাগুইহাটি বাল্ব কারখানায় আগুন লেগে দশ জন শ্রমিক মারা যাওয়ার আগেও দু'বার আগুন লেগেছিল, এবং ঐ কারখানা এলাকার অধিবাসীরা একাধিকবার এই ব্যাপারে রিপ্রেজেন্টেশান দিয়েছে দমকল অধিকর্তার কাছে, তারা গণ স্বাক্ষর সম্বলিত চিঠি দিয়েছিল ১৯৯৭ সালের ২৪শে সেপ্টেম্বর। এর আগে ২রা সেপ্টেম্বর তারা রাজারহাট পৌরসভার চেয়ারম্যান এবং থানার কাছেও তাদের অভিযোগ জানিয়েছিল। এছাড়াও তারা শ্রম দপ্তর, পরিবেশ দপ্তর, পরিবেশ মন্ত্রী সকলের কাছে তারা এই ব্যাপারে অভিযোগ জানিয়েছিল। কিন্তু প্রশাসন নির্বিকার। এই দশজন শ্রমিকের মর্মান্তিক মৃত্যুর জন্য বে-আইনী কারখানার মালিক যে রকম দায়ী, পৌর দপ্তরও তার থেকে কোন অংশে কম দায়ী নয়। এই রকম ভাবে একটার পর একটা অগ্নিকান্ড ঘটছে এবং পৌর দপ্তর তারা একটা তদন্ত কমিটি করেই তাদের দায়িত্ব খালাস করে দিচ্ছেন। ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেসে পাঁচ হাজার বর্গফুট কাঠের পাটাতন, প্লাইউড দিয়ে পার্টিশান করা হয়েছে এবং ৪৮টি অফিস সেখানে আছে এবং একটি অফিস থেকে আরেকটি অফিসে যাবার জন্য আড়াই ফুট রাস্তা আছে। একটা ম্যাজেনাইন ফ্লোর রয়েছে, সেখানে ভায়োলেট করা হয়েছে অল নর্মস, রুলস্ এন্ড রেগুলেশান। কলকাতার অফিস পাড়া ডালহৌসিতে এই রকম শতাধিক অফিস রয়েছে এবং, হাজার-হাজার, লক্ষ লক্ষ মানুষ যাতায়াত করে, অগ্নি নির্বাপনের কোন ব্যবস্থা নেই, মানুষ কার্যতঃ জতুগৃহে বাস করছে। যে কোন দিন যে কোন ঘটনা ঘটতে পারে। বারংবার এই জিনিস হচ্ছে, অথচ সরকার নির্বিকার। এই রকম ভাবে পূর্ত দপ্তর চলছে, দমকল বিভাগ চলছে।

[3.50–4.00 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বামফ্রন্ট রাজত্বে কলকাতা মহানগরীর নিচু-তলার মানুষ, বস্তিবাসী, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, সমাজের দুর্বলতর অংশের মানুষ কতটুকু

নাগরিক পরিষেবা পাচ্ছে জানিনা, তবে একথা নিঃসন্দেহে বলা যায়, এই বামফ্রন্টের রাজত্বে বহুতল বাড়ির মালিকরা, প্রমোটাররা সবুজকে নিধন করে, জলাশয় বুজিয়ে, আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে প্রমোটারি ব্যবসা ফুলিয়ে-ফাপিয়ে তুলছে নজিরবিহীন ভাবে। আজকে কলকাতা মহানগরীকে প্রমোটারদের হাতে তুলে দেওয়া হয়েছে। প্রমোটারদের সঙ্গে বামফ্রন্ট সরকারের প্রধান শরিক দলের নেতাদের ঘনিষ্ঠ যোগাযোগ, পুলিশ প্রশাসনের ঘনিষ্ঠ যোগাযোগ, এটা সর্বজনবিদিত। এদের নিত্য যাতায়াত রাইটার্স বিল্ডিংসে মন্ত্রীদের ঘরে ঘরে। এর নগ্ন দৃষ্টান্ত প্রদীপ কুন্দলিয়ার ঘটনা। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার নিশ্চয় মনে আছে, '৮৯ সালের ১৯শে জুন ডঃ রাজেন্দ্র রোডে নির্মিয়মান প্রদীপ কুন্দলিয়ার বাড়ি ভেঙে পড়লে ১১ জন ফুটপাথবাসীর অমূল্য জীবন শেষ হয়ে যায়। চতুর্দিকে যখন সমালোচনা হচ্ছে, তখন সরকার খুব তৎপর হয়ে বলল—৩ মাসের মধ্যে প্রদীপ কুন্দলিয়ার বিরুদ্ধে চার্জশিট দেওয়া হবে, কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তার জন্য প্রোব কমিটি করলেন পীযুষ সোমের নেতৃত্বে। দেখা গেল সাব স্ট্যান্ডার্ড মেটেরিয়াল ব্যবহার করে সেই বেআইনি বাড়ি তৈরী হয়েছিল। প্রদীপ কুন্দলিয়ার শাস্তি হওয়া দূরে থাক, চার্জশিট দেওয়া দূরে থাক, তাকে আবার পুর্নবাসন দেওয়া হয়েছে, আবার সে প্রমোটারি ব্যবসায় নিয়োজিত হয়েছে, কলকাতার বিভিন্ন হাউজিং প্রজেক্টে ইনভলভড্ হচ্ছে। এবং বামফ্রন্টের প্রধান শরিক দলের সুনজরে আছে। তার যে সব বেআইনি বাড়িগুলোর ত্রুটি-বিচ্যুতি নির্দেশিত হয়েছিল, সেইগুলো সি. এম. সি. আবার ঠিক করে দিল। দক্ষিণ কলকাতার গড়ফা মেইন রোডে একটি বহুতল বেআইনি বাড়ি নির্মান চলছে পুর দপ্তরের চোখের সামনে—বৈতালিক এ্যাপার্টমেন্ট নামে। '৯১ সালের ২০ শে সেপ্টেম্বর এর প্ল্যান অনুমোদন করা হয়, তার নাম্বার—৭৪।৯১-৯২। সেই প্ল্যানে, আইনকে লঙ্ঘন করে সেখানে বেআইনি ভাবে যেখানে গ্যারেজ ছিল, সেখানে দাহ্যপদার্থের গুদাম হয়েছে, বেআইনি ভাবে ফ্ল্যাট হয়েছে।

পুরসভাগুলো আজকে চলছে কি করে? সরকারি টাকা বরাদ্দ হচ্ছে, সেই টাকার হিসেব নেই কিছু, টাকা সব নয়-ছয় হচ্ছে। সর্বত্রই হচ্ছে। শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনে নয়-ছয় হচ্ছে। ১৩ বছর সেখানে কোন হিসেব রাখা হয় না, ক্যাশ ব্যালেন্স রাখা হয় না। ওয়েষ্ট বেঙ্গল এসেন্সিয়াল কমোডিটিস-যেখান থেকে সিমেন্ট কেনবার কথা, তারা সেখান থেকে না কিনে মার্কেট থেকে সিমেন্ট কিনেছিল। তার জন্য ২৩ লক্ষ টাকার উপর লস হল। এই রকমভাবে ক্ষতি হচ্ছে। অথচ সারা পশ্চিমবাংলার পৌরসভাগুলির পরিষেবা বলতে কিছুই নেই। জলের ব্যবস্থা নেই। বিদ্যুতের ব্যবস্থা নেই। জল নিকাশীর কথা তো আশাই করা যায় না। মফস্বল এলাকার কথা তো বলাই যায় না। কলকাতাতেই জল নিকাশীর যে দুরাবস্থা তা দেখেই পশ্চিমবাংলার চেহারা পরিষ্কার হয়ে যায়। (এই সময় লাল আলো জ্বলে ওঠে।) স্যার, আমার আরও সময় আছে। আপনি সময় কেটে নিলেন কেন?

**Mr. Deputy Speaker :** Mr. Sarkar, please sit down. I am on my leg. You are a seniormost member. You know that guillotine will start to-day at 5.00 p.m. So I have to conduct the House accordingly.

Now Shri Tapas Banerjee.

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সময় যেন আবার কেটে নেবেন না। যাই হোক স্যার, আজকে পুরমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি। আমাদের দলের আনা কাটমোশানকে সমর্থনের জন্য অনুরোধ করছি। মাননীয় মন্ত্রী মহাশয়, প্রথমেই বলছি যে, পঞ্চায়েতে ৩৩ পারসেন্ট সিট রিজার্ভেশান হয়েছে। এরমধ্যে প্রধান, উপ প্রধান সেক্ষেত্রেও রিজার্ভেশান করা হয়েছে। এস সি এস টি এবং মহিলা রিজার্ভেশানও হয়েছে। কিন্তু কোন পুরসভাতে দেখলাম না যে, পুর প্রধানের ক্ষেত্রে এই রকম এস সি বা মহিলা এই রকম করা হয়েছে। আমার মনে হয়, আপনি এ ব্যাপারে ব্যবস্থা নেবেন। কেন এতদিন করেন নি, সে ব্যাপারে আপনার জবাবী ভাষণে দেবেন এটা আমি আশা করি। গতবার আপনি গভর্ণরের মুখ দিয়ে বললেন যে, পাঁশকুড়া, ডালখোলা বলে একটা জায়গাকে মিউনিসিপ্যালিটিতে রূপান্তরিত করবেন। কিন্তু একমাত্র পাঁশকুড়াতে করলেন, কিন্তু ডালখোলাকে করলেন না। আমার মনে হয়, ওখানে বিরোধী দলের লোকজন বেশী, সেইজন্য আপনার পার্টির লোকরা পুরসভা দখল করতে পারবেন না। তাই এই আশঙ্কা করেই হয়ত আপনি করলেন না। আপনি গর্ব করে বলেন যে, আপনি সব জায়গায় নগরী করছেন। মানুষ আজকে পানীয় জল, লাইট এগুলি একটু আশা করতে পারেন। কিন্তু আজকে আপনি দেখুন তো কত পুরসভাতে জলের ব্যবস্থা নেই। পানীয় জলের ব্যবস্থা নেই। আপনারই দপ্তরের অধীনে অনেক পুরসভা আছে, যেখানে আজকেও মানুষ পুকুরের জল পান করে। হ্যারিকেনের আলো ব্যবহার করেন। আসানসোলের অনেক জায়গায়, যেমন রায়গঞ্জ মিউনিসিপ্যালিটিতে সামান্য পানীয় জলের ব্যবস্থাটুকুও নেই।

[4.00–4.10 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার বিভিন্ন পৌরসভায় যে সব কর্মচারী আছেন, তাদের পি. এফ.-এর টাকা কেটে নেওয়া সত্ত্বেও পি. এফের টাকা জমা দেয় না। এই সব কর্মচারীরা রিটায়ার করার পর হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে। আপনি অ্যাসেম্বলিতে দাঁড়িয়ে কি বলেছিলেন? আপনি বলেছিলেন যে, যে সব মিউনিসিপ্যালিটি পি. এফের টাকা জমা দেবে না, আপনি তাদের গ্র্যান্টের টাকা কমিয়ে দিয়ে, কর্মচারীদের পি. এফের ব্যবস্থা করে দেবেন। এই ব্যবস্থা যদি আপনি করতে পারতেন, তাহলে ওই কর্মচারীগণ আপনাকে সাধুবাদ দিত। আজকে ৭০ সাল থেকে লোক নিয়োগ করতে পারেন নি। বিভিন্ন দপ্তর লোক নিয়োগ করছে কিন্তু আপনি লোক নিয়োগ করছেন না। আগের সেই লোক নিয়েই কাজ চলছে। আরেকটা জিনিস, সি. এম. ডি. এ, নন সি. এম. ডি. এ নন সি. এম. ডি. এর টাকার ব্যাপারটা আপনি কমিয়ে আনবেন বলেছিলেন। এখনও পর্যন্ত কমান নি। জনসংখ্যার ভিত্তিতে এই টাকা দেবেন। অনেক মিউনিসিপ্যালিটি আছে যেখানে অ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার নেই, একজিকিউটিভ অফিসার নেই। যে সব পৌরসভা আপনার দলের পরিচালিত পৌরসভা সেখানে আপনি একটার পর একটা স্কীমের টাকা দিয়ে যান। আগের স্কীমে কাজ করতে পারে নি, পরের স্কীম দেওয়া হয়েছে। আবার দেখা

যাচ্ছে যে বিরোধী দল পরিচালিত যে পৌরসভা সেখানে তারা প্রপার টাইমে ইউটিলাইজেশন সার্টিফিকেট দেওয়ার পরও আপনি তাদের টাকা দিচ্ছেন না। বাজেট বক্তৃতায় আপনি বলেছেন যে, বিভিন্ন স্কীমে বিদেশ থেকে টাকা পাই, সেই টাকা আমরা বিভিন্ন করপোরেশনের মধ্যে ভাগ করে দিই। আমি আপনার কাছে জানতে চাই যে এই ভাগ কারা করে। এর ক্রাইটেরিয়া কি? যারা ইউটিলাইজেশন সার্টিফিকেট দিচ্ছেন, তারা দিনের পর দিন টাকা পাচ্ছে না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে বলতে চাই যে আপনি পরিপূর্ণভাবে ব্যর্থ হয়েছেন। আপনি শুধু শিলিগুড়িরই মন্ত্রী হয়ে আছেন, শিলিগুড়ির উন্নতি সাধনের চেষ্টা করছেন। আজও মানুষ মানুষের বিষ্ঠা বয়ে নিয়ে যায়। এই যে সারভিস ল্যাট্রিন থেকে স্যানিটারী ল্যাট্রিনে কনভারশন করার জন্য আপনি টাকা দেন না। আইনের জন্য করতে পারেন নি। ব্যক্তিগত মালিকানা থাকে ল্যান্ড অব টেনান্টের প্রবলেম থাকে। এটা কেন আইন করছেন না। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরীটী বাগদী ঃ** স্যার, মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। স্যার, বাঁকুড়া প্রপার মিউনিসিপ্যালিটিতে কংগ্রেস এবং তৃণমূল বোর্ড গঠন করেছে। এই বোর্ড গঠন করার জন্য আজকে বাঁকুড়াতে একটা অসহ্য অবস্থার সৃষ্টি যন্ত্রণার মধ্যে ফেলে দিয়েছে। সেখানে শ্রমিকদের মাহিনা ঠিকমত দিচ্ছে না। এমন কি মার্চ মাসে একবার অবস্থান ধর্মঘট করেও সেই বেতন আদায় করতে পারে নি। এখনও পর্যন্ত এক মাস, দু-মাস অন্তর তাদের বেতন নিতে হয়। যেহেতু অধিকাংশ দিন শ্রমিক কর্মচারীরা ধর্মঘট করে বলে বাঁকুড়ায় জঞ্জাল মুক্ত করার অসুবিধা দেখা দিয়েছে। এইরকম একটা অবস্থার সৃষ্টি হয়েছে। বোর্ডের কোন মিটিং ডাকে না। চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান মারামারি করে। এর ফলে শ্রমিক-কর্মচারীদের বেহাল অবস্থা হতে হয়। একজন শ্রমিককে অনাহারে মরতে হয়েছে। এইরকম অবস্থা তৈরী হয়েছে বাঁকুড়াতে। আমি আশা করবো মাননীয় মন্ত্রী যেন এদিকে একটু নজর রাখেন যাতে অসহায় মানুষ এই যন্ত্রণা থেকে মুক্তি পায়। আমি আরেকটা কথা বলতে চাই বাঁকুড়ার খাতরাতে যে মিউজিয়াম তৈরী করার কথা ছিল তার কোন কাজ এগোয় নি। আমি আশা করবো সেই কাজটা ত্বরান্বিত হবে, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২৬ ও ৩৭ নং দাবী সম্পর্কে মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। রবীন্দ্রনাথ বলে ছিলেন "পুরবাসী জনে এনেছি ডেকে তোমার অমৃত নামে '—তা এটা আমাদের সরকারের পক্ষেই প্রযোজ্য। তার কারণ পুরজীবনে বা নগরজীবনে মানুষ এখন যতটা সুস্থভাবে বসবাস করছে এবং যে সব সুযোগ-সুবিধাগুলি পাচ্ছে অতীতের কথা স্মরণ করিয়ে দিচ্ছে, আমাদের কাছে কিছু ভীতিপ্রদ ঘটনার উন্মেষ ঘটাচ্ছে। আপনি আপনার বাজেট বক্তৃতায় অনেকগুলি কথা বলেছেন, বিশেষ করে পানীয় জলের যে প্রকল্প আছে তার দ্বারা পয়ঃ-প্রণালী এবং পর্যটনের দিক থেকে বিভিন্ন, পৌরসভা বিশেষ দাবী রাখে। টালিনালা

সংস্কারের দ্বারা বহু উপকার হবে। আমাদের বিভিন্ন জেলায় এই পয়ঃ-প্রণালী, নিষ্কাশনী ব্যবস্থায় নালাগুলি খনন করা যাতে নিকাশী ব্যবস্থা ভালো থাকে তার জন্য আমি আপনাকে বিশেষ ভাবে নজর দিতে অনুরোধ করবো। প্রথমে দার্জিলিং এবং ১৮৬২ সালে দ্বিতীয় তমলুক পৌরসভা প্রতিষ্ঠিত হয়েছিল, বর্তমানে যে অবস্থায় আছে তাকে আরও বাড়ানোর দরকার আছে। পূর্বে রূপনারায়ণ, পশ্চিমদিকে নিমতৌড়ি, দক্ষিনে নারায়ণপুর, উত্তরে রাধাবল্লভপুরে এই যে এলাকা এর মধ্যে যদি পৌরসভা থাকে তাহলে এর শ্রীবৃদ্ধি ঘটবে। তার সঙ্গে সঙ্গে আরেকটা কথা বলতে চাই আমি যেটুকু জানি আপনার দপ্তরকে হেলথ ডিপার্টমেন্ট কিছু টাকা-পয়সা দেয় হসপিটালগুলি ও তার চারপাশ পরিস্কার করার জন্য। সেই দিক থেকে বিশেষ নজর দেওয়া দরকার। কারণ তমলুক হসপিটালের চারদিকে ভয়াবহ অবস্থা, ১৫, ২০ দিন ছাড়া ছাড়া সেখানে পরিস্কার হয়। অথচ স্বাস্থ্য দপ্তর বলে আমরা পৌরসভাকে টাকা দিচ্ছি। তমলুক পৌরসভা যাতে কাজ করে সেদিকে আপনি দেখবেন। আপনি বলেছেন কলকাতা টাউন হলে একটা মিউজিয়াম করবেন। আমরা জানি মেদিনীপুরের স্বাধীনতা সংগ্রাম সম্বন্ধে। ভারত ছাড় আন্দোলনের সুবর্ণ জয়ন্তীর সময় ভারত সরকার ১ কোটি টাকা দিয়েছিল তাম্রলিপ্ত জাতীয় সরকার গড়ে তুলেছিলেন তার জন্য। সেই সময় কলকাতা টাউন হলকে ২৫ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। মেদিনীপুরের স্বাধীনতা সংগ্রামের যে পটভূমি সেটা গ্যালারী করে সেখানে তৈলচিত্রের সাহায্যে মেদিনীপুরের অসহযোগ আন্দোলন, লবন আন্দোলন বিয়াল্লিশের আন্দোলন ইত্যাদি নিয়ে একটা স্থায়ী প্রদর্শনীর ব্যবস্থা করবেন। এছাড়াও অগ্নি নির্বাপন ব্যবস্থায় বর্তমান প্রযুক্তিকে যুক্ত করে এই পরিষেবাকে আরও বড় করে তুলতে হবে। বড় বড় অগ্নিকান্ড ঘটছে এবং এতে বহু সম্পত্তি নষ্ট হচ্ছে, সেটা দেখা দরকার। যে সব পৌরসভায় মিউজিয়াম আছে সেগুলিকে দেখা দরকার, বিশেষ করে তমলুকে যে মিউজিয়াম আছে সেটা দেখা দরকার। সেখানে এমন সব বিষয় আছে যেগুলি হরপ্পা-মহেঞ্জোদরো সভ্যতার নিদর্শন অনেক পাওয়া যাচ্ছে। যে সমস্ত এলাকায় পৌরসভার মধ্যে মিউজিয়াম আছে সেগুলো সুরক্ষিত করবেন, ইত্যাদি বলে আপনার বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.10–4.20 p.m.]

**শ্রী রবীন মুখার্জী ঃ** মাননীয় স্পীকার স্যার, মাননীয় পৌরমন্ত্রী অশোকবাবু যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। স্যার, আজকে পশ্চিমবাংলার মাননীয় পৌরমন্ত্রী যে সব পৌরসভাতে বিরোধী পৌর প্রধানরা আছেন তাদের ক্ষেত্রে কি রকম বিমাতৃসুলভ আচরণ করছেন তার কিছু উদাহরণ আমি তুলে ধরছি। উনি বিভিন্ন পুরসভাকে ফতোয়া জারী করেছেন যে, ১৯৯১ সালের পর আর কোন অস্থায়ী কর্মী নিয়োগ করা যাবে না, ষ্টাফ প্যাটার্ন পাঠাতে হবে। মাননীয় পুরমন্ত্রী এবং তার যারা কর্মকর্তারা আছেন তাদের কাছে আজকে আমি জানতে চাই, বিভিন্ন পুরসভা ওনার কাছে ষ্টাফ প্যাটার্ন পাঠিয়েছেন কিন্তু যেহেতু সেই পুরসভার পুর প্রধানরা শাসক দলের সমর্থক নন তাই তাদের ষ্টাফ প্যাটার্ন আটকে রাখা হয়েছে। কিন্তু বিরোধী

দলের পুর প্রধানরা লোক নিয়োগ করছে, ডি. এ. ডি. এল. বি. করছে। নৈহাটী পুরসভা একদিনে ৫০ জন লোক নিয়োগ করলেও উনি নীরব রইলেন। অথচ, উনি অন্য পুরসভার ক্ষেত্রে হুমকি, হুইপ চালু করছেন।

স্যার, কংগ্রেস যখন সরকারে ছিল তখন পুরসভার কর্মচারীদের জন্য সরকারী কর্মচারীদের মত রিটায়ারমেন্ট বেনিফিট ঘোষণা করেছিল এবং পুর মডেল আইন তৈরী হয়েছিল এবং তার বিভিন্ন ধারায় সে কথার উল্লেখ আছে। কিন্তু আজকে মাননীয় পুরমন্ত্রী জবাব দিন, কলকাতা কর্পোরেশনের কর্মচারী, হাওড়া কর্পোরেশনের কর্মচারীরা রিটায়ারমেন্টের সময় বেনিফিট পাবেন অথচ বাঁশবেড়িয়া, চুঁচুড়া, ভদ্রেশ্বর, চাঁপদানির-কর্মচারীরা পাবে না কেন? বর্ধমান জেলা পরিষদ হাইকোর্টে মামলা করল। হাইকোর্ট রায় দিল এবং সরকারের কান মুলে সেই বেনিফিট আদায় করল। আজকে পুরসভার কর্মচারীরা রিটারমেন্টের পর পেনশন বেচতে পারেন না। আজকে সরকারী কর্মচারীদের মত তারা বেনিফিট পাচ্ছেন না। অথচ, শাসক দলের বিধায়করা শুনে রাখুন, এই আইন আমরা করেছিলাম কিন্তু তা আজকে রূপায়িত হয়নি। কেন?

পশ্চিমবঙ্গে পার্লামেন্টের একটা টিম এসেছিল। ক্যাপ্টেন জয়নারায়ণের নেতৃত্বে গঙ্গা অ্যাকশন প্ল্যানের একটা টিম এসেছিল। তাজ বেঙ্গলে মিটিং হয়েছিল, ১০ জন পার্লামেন্টের মেম্বার সেখানে ছিলেন। গঙ্গা এ্যাকশন প্ল্যানের সমস্ত প্রতিনিধিরা এসেছিলেন সেই মিটিং-এ। আপনি হাজির ছিলেন না। আপনার দলের এম. পি.-রা হাজির ছিলেন। সেখানে কিছু কিছু পৌর প্রধান হাজির ছিলেন। আমিও হাজির ছিলাম। সেখানে একটা গুরুত্বপূর্ণ অভিযোগ উঠেছিল। সারা পশ্চিমবাংলার সি. এম. ডি. এ., কিছু ইঞ্জিনিয়ার এবং কর্মকর্তা, পৌরসভাগুলোকে ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে। এর বিস্তারিত রিপোর্ট দাখিল করা হয়েছিল। পার্লামেন্টারি টিম চুঁচুড়া পুরসভা, বাঁশবেড়িয়া পুরসভা ভিজিট করতে গিয়েছিল। সেই পার্লামেন্টারি টিম দিল্লীতে রিপোর্ট পেশ করছিল এবং তার ভিত্তিতে আপনার কাছে রিপোর্ট এসেছিল। তার পর একটা মিটিং হয়েছিল গ্রেট ইস্টার্ণ হোটেলে। সেখানে আপনি ছিলেন, কেন্দ্রীয় মন্ত্রী সুরেশ প্রভু উপস্থিত ছিলেন। সেখানেও আমি একই অভিযোগ করেছিলাম। গঙ্গা অ্যাকশন প্ল্যানের নাম করে যে পরিকল্পনা প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী মা গঙ্গাকে দূষণ মুক্ত করবার জন্য, পবিত্র গঙ্গার জলকে,— যে জল নিয়ে আমরা পূজো করি, সেই জলকে দূষণ মুক্ত করার জন্য যে পরিকল্পনা করেছিলেন, প্রথম পর্যায়ে গঙ্গা অ্যাকশন প্ল্যানে, আজকে যে ভয়াবহ অবস্থা, যে ধ্বংসলীলা, পুরসভা এলাকাগুলোতে আপনার সি. এম. ডি. এ.-র কিছু ইঞ্জিনিয়ার, কিছু কর্মকর্তা গিয়ে চালালো তার কি প্রতিকার করেছেন বলুন?

তার প্রতিকার আপনি কি করেছেন সেটা আপনি বলুন। আমি একথা আপনার কাছে জানতে চাই। আমি কয়েকটা ডকুমেন্ট আপনাকে দেখাচ্ছি। তারপর উনি কেন্দ্রীয় সরকারের চাপে পড়ে একটা এনকোয়ারি কমিটি ফর্ম করলেন এবং একটা নোটিশ জারি করলেন, "The Enquiry Committee will undertake site inspection in Hooghly, Chinsurah & Chandannagar on 21.4.99. All members of the

Committee are requested to make it convenient to assemble in the chamber of the Chairman, Hooghly-Chinsurah Municipality at 10 AM on the said date for the purpose."এই কমিটিতে ছিলেন এস. কে. ভট্টাচার্য্য ও এস. কে. মুখার্জী চীফ ইঞ্জিনিয়ার (পি. এইচ. ই.), এস. কে. মজুমদার চীফ ইঞ্জিনিয়ার এন্ড ইউ সেন (ডাইরেক্টর, এস. এন্ড ডি সেক্টর)। উনি যে এনকোয়ারি কমিটি করলেন সেই এনকোয়ারি কমিটি এনকোয়ারি করতে গেল চুঁচুড়ায়। সেই এনকোয়ারি কমিটিকে আমি দেখালাম এবং আজকে আমি বলি সেই এনকোয়ারি কমিটির রিপোর্ট কোথায় গেল? সেই এনকোয়ারি কমিটির রিপোর্টের ভিত্তিতে উনি কি অ্যাকশন নিয়েছেন? আজকে চুঁচুড়ায় সব ধ্বংসের পথে, সাউথ বেহালা আজ ধ্বংসের পথে, আজকে ভাটপাড়া মিউনিসিপ্যালিটি ধ্বংসের পথে। তখন ভাটপাড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ছিলেন বর্তমান মন্ত্রী বিদ্যুৎ গাঙ্গুলী মহাশয়। ওনার সি. এম. ডি. এ.র এক অফিসার-ডাইরেক্টর আই. এন. চক্রবর্ত্তী এক রিপোর্ট দিলেন। সেই রিপোর্ট দেওয়ার পর গঙ্গা এ্যাকশন প্ল্যানের যে সুয়ারেজ সিস্টেম, সারা শহর এলাকায় কোথাও ১৬ ফুট, কোথাও ১৮ ফুট এই যে পাইপ লাইনগুলো উনি শহরের রাস্তাকে খুঁড়ে সুয়ারেজ সিস্টেম তৈরী করলেন, এখন কি উনি খবর রেখেছেন যে শহরগুলো বসে যাচ্ছে? শহরগুলো ক্যাম্পিং হচ্ছে, বাড়িগুলো ফাটল ধরছে। ওনার কাছে, ওনার দপ্তরে আমি অভিযোগ পাঠিয়েছি এবং আমরা ঐ এলাকার বাসিন্দারা ওনার কাছে লিখিত অভিযোগ পাঠিয়েছি। লক্ষ্মণ চন্দ্র ধাড়া, নারায়ণ চন্দ্র দাস এরকম আরও বহু মানুষ অভিযোগ পাঠিয়েছেন যে, বাড়ি ভেঙে গেছে, বাড়ি ফেটে গেছে ইত্যাদি। আপনি শুনুন স্যার, গঙ্গা অ্যাকশন প্ল্যানে সারা শহরের প্রতিটি বাড়ি অর্থাৎ যে রাস্তা দিয়ে সুযারেজ ড্রেন করা হয়েছে। সেই সমস্ত এলাকার বাড়িগুলোতে ফাটল ধরেছে। সাউথ বেহালা, ভাটপাড়া এবং চুঁচুড়া পৌরসভায় উনি টিম্ পাঠিয়েছিলেন। ওনার টিম পরিদর্শন করে এসেছেন এবং এই রিপোর্ট দিল্লি যাওয়ার পর দিল্লি থেকে আপনার কাছে কাগজ এসেছে। এই শহরের রাস্তাগুলো বসে যাচ্ছে, পাহাড়ী রাস্তা হয়ে যাচ্ছে। অশোকবাবু আপনি চুঁচুড়াকে ধ্বংস করেছেন, সাউথ বেহালাকে আপনি ধ্বংস করেছেন, ভাটপাড়াকে আপনি ধ্বংস করেছেন। আপনার কাছে দিল্লি থেকে যে কাগজ এসেছিল সেই কাগজ পাওয়ার পর আমি আপনার কাছে জানতে চাই যে, আপনি এই ইঞ্জিনিয়ারদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন? কটা ভিজিলেন্স করেছেন? কটা ইঞ্জিনিয়ারকে আপনি সাজা দিয়েছেন? এই সুয়ারেজ লাইন শহরের মধ্যে দিয়ে গেল কিন্তু বেডিং হল না, পাইপ লাইনের জয়েনিং হল না, একটা ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু হল না, একটা বাড়িতে হাউস কানেকশন হল না---আমি জানতে চাই যে এসবের ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন। আমি এই প্রশ্ন মাননীয় স্পিকারের মাধ্যমে রাখছি। আপনার জবাবী ভাষণে আপনার কাছ থেকে এই প্রশ্নের উত্তর জানতে চাই। গঙ্গা অ্যাকশন প্ল্যানের নামে কেন্দ্রীয় সরকার আপনাকে কোটি কোটি টাকা দিল। আপনি টাকা মাটি আর মাটি টাকা করলেন। আপনার একটু লজ্জা নেই? আপনি শহরকে উন্নয়ন করছেন, গঙ্গা অ্যাকশন প্ল্যানের নাম করে প্ল্যানকে পরিকল্পিত ভাবে নতুন করে আপনারা আজ শহরকে ধ্বংসের পথে নিয়ে গেলেন। আমি একথা বলতে

চাইছি যে, আপনার কাছে প্রতিবিধান চাইছি। চুঁচুড়াকে বাঁচান, ভাটপাড়াকে বাঁচান, সাউথ বেহালাকে বাঁচান, যেখানে যেখানে গঙ্গা অ্যাকশন প্ল্যান সুয়ারেজ সিস্টেমের মাধ্যমে শহর ধ্বংসের পথে গেছে তাকে আপনি বাঁচান। এই অনুরোধ আমি আপনার কাছে রাখছি। এছাড়া সেকেন্ড ফেজের কাজের ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম, আপনার কর্মকর্তাদের আমি দৃষ্টি আকষর্ণ করেছিলাম। সেকেন্ড ফেজের কাজের ব্যাপারে আমি আপনাকে কতকগুলো সুনির্দিষ্ট প্রস্তাব দিয়েছিলাম। সেই প্রস্তাব অনুসারে বাঁশবেড়িয়া পৌরসভাকে কেন্দ্রীয় সরকার আপনাকে অগ্রাধিকার দেওয়ার জন্য কত পরিকল্পনা মাফিক কাজ করার জন্য সেই রিপোর্টের ভিত্তিতে আপনার কাছে নির্দেশ দেন। এখনও পর্যন্ত আপনি সেই কাজ কিছুই করেন নি। আজকে দুঃখের কথা আপনার কাছে বলি যে, আপনার দলের লোকেরা, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা দেখুন, আমার কাছে কাগজ আছে।

[4.20–4.30 p.m.]

মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির বিধায়কদের বলছি, আই. পি. পি.-৮ প্রকল্প অনুযায়ী চুচুড়া পৌর সভার চেয়ারম্যান একটা স্বাস্থ্য প্রকল্পের উদ্বোধন করেছিলেন। সেই অনুষ্ঠানে আমি গিয়েছিলাম। সেখানে আপনাদের দলের জেলা পরিষদের চেয়ারম্যান শ্রীঅসিত পাত্র ছিলেন, প্রাক্তন পৌর-পিতা এবং সি.এম.ডি.এ.-র কর্মকর্তা শ্রীঅমিয় নন্দী ছিলেন। কি লজ্জার কথা শুনুন। আপনাদের দলের লোকেরা সেই আই.পি.পি.-৮ স্বাস্থ্য প্রকল্পের ওপর হামলা করে সমস্ত কিছু ভেঙ্গেচুরে দিলেন। তারপর আপনাদের দলের প্রাক্তন এম. পি. অধ্যাপক রূপচাঁদ পালের কীর্তি শুনুন। সি.এম.ডি.এ.-র সেক্রেটারী এবং হেল্‌থ ডিপার্টমেন্ট তদন্ত করে স্বেচ্ছাসেবীদের যে লিষ্ট অনুমোদন করেছিলেন তার বিরুদ্ধে আপনাদের দলের প্রাক্তন সাংসদ রূপচাঁদ পাল সি.এম.ডি.এ. সেক্রেটারীকে চিঠি দিলেন! আই.পি.পি.-৮ প্রকল্পের মাধ্যমে যেখানে দরিদ্র, নিপীড়িত যুবকদের, ছাত্রছাত্রীদের ওষুধ দেয়ার ব্যবস্থা হচ্ছিল, একটা সুন্দর প্রকল্প, সেই প্রকল্পের ওপর আপনাদের দলের লোকেরা হামলা করল। আমি আপনাদের বলছি, মার্কসবাদী বিধায়কদের একটা টিম পাঠিয়ে মাননীয় মন্ত্রী অশোক ভট্টাচার্য খোঁজ নিন যে, সেখানে কিভাবে কাজ চলছে। যদি দেখা যায় আমাদের পৌরপ্রধান ঠিক মত কাজ চালাতে পারছেন না, তাহলে আমিই আপনাদের অনুরোধ করব - ওটা বন্ধ করে দিন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি পৌর সভাগুলির দুর্নীতিতে প্রশ্রয় দিচ্ছেন। আজকে রাজ্যের বেশীর ভাগ পৌরসভায় একজিকিউটিভ অফিসার নেই, হেল্‌থ অফিসার নেই, ইঞ্জিনিয়ার নেই। আপনার পৌর দপ্তর থেকে ক্যাডার তৈরী করছেন না। দু'বছর করে চাকরি বাড়ার জন্য ১০০% পৌর সভাতেই একজিকিউটিভ অফিসার, হেল্‌থ অফিসার, ইঞ্জিনিয়ার নেই। এরপরেও আপনি বলছেন পৌরসভার দুর্নীতি বন্ধ করবেন! আপনি একজিকিউটিভ অফিসার দিতে পারছেন না, হেল্‌থ অফিসার দিতে পারছেন না, ইঞ্জিনিয়ার দিতে পারছেন না। কিছুই দিতে পারছেন না। আর বলছেন, দুর্নীতি বন্ধ করবেন। তাই আপনাকে বলছি, আপনি আগে এ বিষয়ে একটা ক্যাডার তৈরী করুন। ই.ও., এফ.ও., ইঞ্জিনিয়ার এবং হেল্‌থ অফিসার, এই চারটে

ব্যাপারে ক্যাডার তৈরী করুন। দু'বছর চাকরি বাড়ার পরে সব পৌরসভায় এই পদগুলো শূন্য হয়ে পড়ে আছে। এই অবস্থায় আমি আপনার বাজেটকে সমর্থন করতে পারছি না। সুতরাং আপনার বাজেটের বিরোধিতা করে, আমাদের দলের পক্ষে আনা কাট্ মোশানগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় সদস্য রবীন মুখার্জী তাঁর বক্তৃতার মধ্যে সম্পূর্ণ অনাবশ্যকভাবে আমাদের রাজ্যের একজন প্রাক্তন মাননীয় সাংসদের নাম উল্লেখ করেছেন। সুতরাং আমি আপনাকে বলছি অনুগ্রহ করে ঐ নামটি আপনি এক্সপাঞ্জ করুন।

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৬, ৩৭ এবং ৯০ নং দাবিকে সমর্থন করে, বিরোধীদের আনীত সমস্ত কাট্‌মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। মূলতঃ আমি ২৬ নং দাবি প্রসঙ্গে কিছু কথা বলব। বিরোধী সদস্যরা ২৬ নং দাবির বিরোধিতায় অনেক বক্তব্য রেখেছেন। এমন কি দমকল পরিষেবা ব্যর্থ বলেছেন। আজকের এই আলোচনার প্রথম বক্তা সত্যরঞ্জন বাপুলি মহাশয় উল্লেখ করলেন— দমকল পরিষেবায় আধুনিক যন্ত্রপাতি ব্যবহৃত হচ্ছে না। এই পরিষেবার নাকি সব কিছু শেষ হয়ে গেছে। এই হচ্ছে তার উক্তি। এটা উনি কোথায় পেলেন এবং কিসের ভিত্তিতে বললেন, তা আমি জানি না! আধুনিক ব্যবস্থা অর্থে আধুনিক প্রযুক্তি এবং বিজ্ঞান-ভিত্তিক যন্ত্রপাতি যা যা ব্যবহার করা প্রয়োজন তা আমাদের দমকল পরিষেবার সঙ্গে যুক্ত আছে এবং সেটা টেক্‌নিক্যাল পার্সন্স যারা আছেন তারা জানেন। আর সেখানে সেই সব ব্যবহার হয়ে থাকে। তবে এটা আমি বলবো যে, এই পরিষেবা বর্তমানে যে জায়গায় গিয়ে দাঁড়িয়েছে সেখানে আরো যন্ত্রপাতি আমাদের দরকার। সেগুলির ব্যবস্থা করা হচ্ছে। আমরা ইতিমধ্যে নানা বছরে ৩১ কোটি টাকার উপর জি. আই. সি থেকে লোন নিয়েছি এবং আরো যন্ত্রপাতি আনবার চেষ্টা করা হচ্ছে। এর পাশাপাশি এখানে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এসেছে যেটা দমকল পরিষেবা, অগ্নি নির্বাপক পরিষেবা দপ্তরকে যদি বলা হয় আগুন নেভাবার দপ্তর তাহলে সেই আগুন নেভাবার দপ্তরের লোকেরা কৌশলে জীবনের ঝুঁকি নিয়ে আগুন নেভায়। প্রশ্ন এসেছে তার সঙ্গে প্রিভেনশন। প্রিভেনশন এ্যন্ড অ্যাওয়ারনেস সেটা যদি পাশাপাশি না হয় তাহলে যে অবস্থা আজকে সৃষ্টি হয়েছে সমস্ত কলকাতায় তথা অন্যান্য শহরগুলিতে যেভাবে দোকান-পাট বাড়ছে, জন-বসতি বাড়ছে নানা জায়গায়, তাতে একটা চিন্তার বিষয় হয়ে উঠেছে। কলকাতার অবস্থার কথা আপনি ঠিকই বলেছেন, আমি আপনার সঙ্গে একমত যে এটা ফায়ার-প্রোন, কমপ্লিট্‌লি ফায়ার-প্রোন। কিন্তু প্রশ্নটা আজকে সেখানেই, কলকাতার যে সমস্ত বহুতল বাড়ীতে বা অফিস কমপ্লেক্সে ইদানিং পর পর আগুন লাগছে, যে কথা মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয় সঠিকভাবেই উল্লেখ করেছেন—এটা আমরা লক্ষ্য করেছি, শনি এবং রবিবার আগুন লাগার ঘটনা বেশী হয়। এটাও আমরা দেখেছি, ঘটনার পর ফরেনসিক থেকে যে শ্যাম্পেল নেওয়া হয় তা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা হয় এবং এর মধ্যে দিয়ে এটাই বেরিয়ে এসেছে, শনিবার এবং রবিবার বড় বড়

অফিসগুলি বন্ধ থাকার সময়ে ইলেকট্রিক্যাল গ্যাজেট থেকেই এই ঘটনা বেশী ঘটে। আপনারা জানেন, আগে অফিসে টাইপ মেশিন ব্যবহার হতো, টেবিল চেয়ার থাকতো, একটা ছোট অফিস থাকতো। এখন সেই সমস্ত অফিসে ব্যবহার হয় কমপিউটার, নানারকমের যন্ত্রপাতি এবং টেলিফোনও নানারকমের এসে গেছে। সুতরাং পেট্রো-কেমিক্যালের যে প্রডাক্টগুলি সেগুলিতে সহজেই আগুন লাগে এবং ঐ সমস্ত জায়গায় এখন ছোট-ছোট খুবড়ি ঘর করে অফিস করে চালানো হচ্ছে। আজকে একথা সত্য যেটা দেবপ্রসাদবাবু বলেছেন যে, প্রিভেনশনের যে রুল হয়েছে তা শক্ত এবং সাজা দেওয়ার ব্যবস্থা হয়েছে ১৯৯৬ সালের আইনে। এছাড়া আপনাদের অবগতির জন্য বলি—আপনি ৬ নম্বর প্যারার কথা বলেছেন—কিন্তু তার পরের প্যারায় ৩টি এজেন্সির কথা বলা আছে। এই ৩টি এজেন্সি এতদিন করতে পারিনি। এটা নিশ্চয়ই করা উচিত ছিল, দেরী হয়েছে। তবে এটা ব্যর্থতা বলবো না, এটা করা হবে। তর্কের মধ্যে আমি যাচ্ছি না, ৩টি এজেন্সি করা হবে। এই প্রশ্নে আর একটি কথা বলি, আজকে অগ্নি নির্বাপক পরিষেবার সঙ্গে প্রিভেনশনের প্রশ্ন আছে। মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জী মহাশয় এখানে আছেন। তিনি বিদেশে বহুবার গেছেন এবং উনি এই দপ্তরের মন্ত্রীও ছিলেন। প্রিভেনশনের কথাটা আপনি স্বীকার করবেন, এই প্রিভেনশন বা অ্যাওয়ারনেস বক্তৃতা দিলেই শুধু হবে না, জোর করে কারো ঘাড়ে চাপালেও হবে না, এটা আপনার—আমার উপর নয়, এটা সম্পূর্ণভাবে মানুষের মধ্যে ক্যাম্পেন করার প্রয়োজন আছে। এই দপ্তরে ৩টি এজেন্সি হলেও আমি আপনাদের গ্যারান্টি দিতে পারবো না যে আগুন লাগবে না। আপনারাও পারবেন না গ্যারান্টি দিতে। প্রতিটি মহল্লায় যে কমবাস্টিবেল মেটিরিয়ালস স্টক আছে—আইনী, কি বে-আইনী—বে-আইনীই তো বটেই—এইসব বন্ধ করতে পাশের মানুষ যদি খবর না দেয় তাহলে পরে অসুবিধা হয়ে যায়। একটু আগে দেবপ্রসাদবাবু বললেন একটা বাল্ব ফ্যাক্টরী মান্ধাতার আমলের সিস্টেমে চলছিল যার মধ্যে কতকগুলি প্রাণ চলে গেল। প্রথমে যখন ব্যবসা করছিল একটা কুঁড়ে ঘরে থেকে, তারপর সেটা চারতলায় পরিণত হয়েছে। গরীব মানুষদের খাটিয়ে তারা ব্যবসা করতেন। তারা নাকি দরখাস্ত করেছেন। আমি জানি না। আমার ডায়রেক্টরের কাছে নাকি দরখাস্ত করেছেন—আমি এটা খবরের কাগজে পড়েছি।

[4.30–4.40 p.m.]

ডিরেক্টার, ওর কাছ থেকে খবর নিলাম, এরকম কিছু জানতাম না। ওখানে আশেপাশে যারা বসতি করে আছেন, বড় বড় বাড়ী করে আছেন, পাশের বাড়ীর লোককে আমি জিজ্ঞাসা করেছি, এখানে এই রকম একটা অবস্থা হয়ে ছিল, আপনারা আমাদের জানান নি কেন? এ তো ভেঙ্গে দেওয়া যেত অনায়াসেই। এখানে তো কোন বাধার সৃষ্টি হত না। এটা তো বিরাট কোন একটা ফ্যাক্টরি নয় যে বহু লোকের রুটিরুজির ব্যাপার আছে। সুতরাং এ ব্যর্থতা আমাদের সকলের। শুধু দমকল পরিষেবার ব্যর্থতার কথা বললে হবে না। তবে আপনাদের বলতে চাই, এই পরিষেবার ক্ষেত্রে আগের থেকে বেশী প্রযুক্তিগত উন্নতি হয়েছে। ম্যাকেনজী বিল্ডিং পুড়ে যাওয়ার কথা বলেছেন। সত্য

কথা যে একটা অংশ পুড়েছে কিন্তু সেখানে গার্ডও করা গিয়েছে। সেটা কেন পুড়েছে তারও ব্যাখ্যা কিছুটা অজয়বাবুর কথায় আছে। তিনি বলেছেন, ছোট ছোট ঘর করে কোথায় কোথায় ব্যবসা করছে আপনারা খোঁজ রাখেন না। সত্যিই রাখা সম্ভব নয় প্রিভেনশান এ্যাক্ট আছে। ৩৫৬টা বাড়ীকে চেক করা হয়েছে। আপনি বলেছেন, ব্যবস্থা কি নিলেন? আচ্ছা আপনারা বলুন তো—জ্বলন্ত উদাহরণ তুলে ধরছি, চ্যাটার্জী ইন্টারন্যাশানাল, টেম্পল কোর্ট-টেম্পল কোর্টের নীচে আবার গর্ত বানিয়েছে। আমাদের হাতে ব্যবস্থা আছে। দুটো বাড়ীকেই ভেঙ্গে দেওয়া উচিত। আইন সে কথাই বলে যে ভেঙ্গে দেওয়াই উচিত। ডানলপ নিয়ে আপনারা বলছেন। বলছেন সেখানে ১/২ হাজার লোকের রুটি, রুজির লড়াই চলছে, তারা বেকার হয়ে গিয়েছে ইত্যাদি। আজকে এখানেও এই রুটি রুজির ব্যাপারটা চলছে। কমপ্রোমাইজ কোথায় করবেন? রুটির প্রশ্নে করবেন, না, প্রিভেনশানের প্রশ্নে করবেন। আপনারা সকলে একমত হোন, বাড়ীগুলি ভেঙ্গে দেব। ভেঙ্গে দেওয়া ছাড়া উপায় নেই। নন্দরাম মার্কেট—এটা ভাঙ্গবেন না খোলা রাখবেন। এগুলি বিচার করতে হবে। এখন এই অবস্থায় দাঁড়িয়ে সমস্ত বিষয়টা বিচার করতে হবে। ১নং ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস পুড়ে গেল। তার আগুন লাগার কারণ নির্ধারিত হবে তার জন্য কমিটি হয়েছে। সে বিষয়ে আমি আগে কিছু বলতে চাই না যে কেন আগুন লেগেছিল। কিন্তু যে লোকটা মৃত্যুর মুখে রয়েছে তার ভারসানটাও আমার কাছে লেখা আছে। তার মুখের কথা আমার কাছে লেখা আছে। সে এখনও হাসপাতালে আছে ৮০ পারসেন্ট বার্ন নিয়ে। সে নিজে সেখানে কি কর্ম করছিল সে বলেছে। তার হাত থেকে জ্বলন্ত মোমবাতি পড়ে গিয়ে কি হয়েছিল সেটা লেখা আছে। এখানে কি প্রিভেনশান করবেন বলুন। সে প্লাস্টিকের উপর ফেবিকলের একটা আস্তরণ লাগাচ্ছিল অন্ধকারে বসে। তার হাতে যে ক্যান্ডেলটা ছিল সেটা পড়ে গিয়ে তা থেকে আগুন লেগেছে। সেটা হচ্ছে ১১।১০ মিনিট। আমি খবর পেলাম ১২ টা ৫৫ মিনিটে। বাই দিস টাইম আগুন সেখানে ভয়াবহ চেহারা নিয়েছে। সেই অবস্থায় আমাদের লোকেরা সেখানে কাজ করেছে। এমনিও অনেকে বলেছেন, অনেক কাগজও বলেছে যে থারমল ক্যামেরা কি কাজ-এ লাগলো? দ্যাট ওয়াজ সান্ডে। আগুনে প্ল্যাটফর্মটা নীচে পড়ে গিয়েছিল। ওখানে আমাদের লোকরা হেলমেট, মাস্ক পরেও ভেতরে ঢুকে কাজ করতে পারছিল না। সেখানে থারমল ক্যামেরা ইজ মেন্ট ফর টু নো যে ওখানে লাইফ আছে কিনা, জীবন্ত মানুষ আছে কিনা, চাপা পড়েছে কিনা, তা জানবার জন্য। আমি ১২।।টা থেকে ৩।।টে পর্য্যন্ত ওখানে ছিলাম এবং দেখেছি কি সাংঘাতিক অবস্থা সেখানে হয়েছিল। আমরা দেখছিলাম যাতে পাশের বাড়ীগুলি বাঁচানো যায়। মেন বিল্ডিং-টা বাঁচিয়েছে আমাদের সর্বস্তরের কর্মীরা মিলে। সেখানে তার পাশে যে পেট্রোল পাম্পটা ছিল যদি সেখানে আগুন লেগে যেত তাহলে কি সাংঘাতিক অবস্থা হত বুঝতেই পারছেন। এই বিষয়গুলি সকলকে চিন্তা করতে অনুরোধ করবো। এই যে প্রিভেনশান এ্যাক্ট এটা লাগু হয়েছে অনেকদিন ধরে। কিছু মামলা হয়েছে সেটা সকলেরই জানা আছে। জেল হয়েছে, ফাইনও হয়েছে ছোটখাট কতকগুলি অল্প টাকার হলেও। এখন বড় ব্যাপার যদি বলেন, কোলকাতা শহরে তো ৩৪৮টা রিস্ক বাড়ীর লিষ্ট আমাদের জানা আছে। কোলকাতা

কর্পোরেশনের হাতে আছে ১১ শো বাড়ীর লিষ্ট যেগুলি ভেঙ্গে পড়তে পারে বৃষ্টিতে। কি করবেন আপনি? যেখানে এতো লোকের রুটিরুজির প্রশ্ন জড়িত সেখানে তো ডিপার্টমেন্ট একদিনে ভেঙ্গে ফেলতে পারে না। সেখানে তো জনমত তৈরি করতে হবে। আইন দিয়ে সব সময় সবকিছু করা সম্ভব নয়। সুতরাং আপনাদের আমি বলব, নেগেটিভ দিকগুলি শুধু না দেখে পজিটিভ দিকগুলিও দেখুন। ক্যাম্পেনের কথা বলেছেন। এ্যাওয়ারনেস এবং প্রিভেনশান হলে এত কথা আমাকে বলতে হত না যে দমকল ব্যর্থ। এই কথা বলে আমি আমার ব্যয়-বরাদ্দকে সমর্থন করে এবং আপনাদের সকলকে এটা সমর্থন করার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅশোক ভট্টাচার্য ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমার বাজেট বরাদ্দের বিরোধিতা যারা করেছেন এবং যারা সমর্থন করেছেন, তাদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি। বিরোধিতা করতে গিয়ে সত্যবাবু কিছু অসত্য কথা বলেছেন। তিনি এখানে নেই। এখন প্রশ্ন হচ্ছে, নগর উন্নয়ণ সম্পর্কে আমাদের একটা নীতি আছে। সেই নীতি নিয়ে আমরা চলেছি। এই নীতির মধ্যে রাজনীতি, বৈষম্যের কোন স্থান নেই, সংকীর্ণতার কোন স্থান নেই। সুতরাং রাজনৈতিক বক্তৃতা দিতে গিয়ে তিনি বললেন যে পশ্চিমবাংলার পৌরসভাগুলি একটা রাজনীতির আখড়া হয়েছে, দুর্নীতির স্থান হয়েছে, বৈষম্যমূলক আচরণ চলছে। কিন্তু তাদের দলের দুই জন বিধায়ক আছেন, তারা আবার পৌর প্রধান। তিনি জানেন যে পশ্চিমবঙ্গে ৪৫টি পৌরসভা চলছে কংগ্রেস দলের পরিচালনায়। তাহলে স্বীকার করতে হবে যে কংগ্রেসের পরিচালনায় যে পৌরসভাগুলি আছে সেগুলিও দুর্নীতি করছে। একথা বলতে গিয়ে একটু ভাবলেন না যে আজকের দিনে পৌরসভাগুলি হচ্ছে ভারতবর্ষের তৃতীয় স্তরের সরকার। ৭৪তম সংবিধান সংশোধন হবার পরে আমরা সাংবিধানিক স্বীকৃতি লাভ করেছি। আজকে যে কোন মানুষ যাতে নাগরিক পরিষেবা পায় তার সাংবিধানিক অধিকারের একটা তৃতীয় স্তরের সরকার হিসাবে স্বীকৃতি লাভ করেছে এই পৌরসভাগুলি। সেই পৌরসভাগুলি এক সময়ে—এটা ঠিক যে পৌরসভাগুলি তো রাজনীতির প্রতিষ্ঠান, এটা কে অস্বীকার করছে। এই রাজনীতির প্রতিষ্ঠানকে ব্যবহার করেছে স্বাধীনতা আন্দোলনের সময় থেকে দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, নেতাজী সুভাষ চন্দ্র বসু, যতীন্দ্র মোহন সেনগুপ্ত, কবি নবীনচন্দ্র সেন — এই রকম সব মানুষ এই প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ছিলেন। আজকে সেই পৌরসভাগুলিকে বলা হল যে রাজনীতির আখড়া, দুর্নীতির স্থান হয়ে গেছে। এই কথা বলে আজকে তিনি সংবিধানের প্রতি অবমাননা করলেন। সেই সঙ্গে সঙ্গে সমস্ত পৌর প্রধান যারা আছেন তাদের প্রতিও আপনারা অনাস্থা জ্ঞাপন করলেন এবং একথা আপনার প্রত্যাহার করা উচিত। আপনার দলের নেতৃত্বে যে সব পৌরসভা পরিচালিত হচ্ছে, সেই সমস্ত পৌরসভাগুলি কি আপনারা পরিচালিত করতে চান? নীতিটা কি? পৌরসভা পরিচালনার ক্ষেত্রে আমাদের নীতি হচ্ছে বিকেন্দ্রীকরণ করা, গণতন্ত্রীকরণ করা, সি. এম. ডি. এ. এবং নন-সি. এম. ডি.-এ'র মধ্যে যে বৈষম্য ছিল সেটাকে কমিয়ে আনা, দুর্বল এলাকা, গরীব এলাকার ক্ষেত্রে, ক্ষুদ্র, মাঝারী যে শহরগুলি সেগুলিতে বেশী করে উন্নয়ন করা এবং গ্রাম থেকে, ছোট শহর থেকে, মাঝারী শহর থেকে মানুষকে যাতে না আসতে হয় তার

জন্য পৌর পরিষেবাকে আরো বেশী ছড়িয়ে দেওয়া। তার সঙ্গে সঙ্গে যথা সম্ভব পৌর এলাকা এবং তার পেরিফেরী এলাকা যেগুলি আছে সেগুলির নিয়ন্ত্রণ করা। এর একটা পরিকল্পনা করে এবং সুপরিকল্পিত ভাবে উন্নয়নের গতি আনা। এটা হচ্ছে আমাদের পৌরসভা সংক্রান্ত নীতি এবং উন্নয়নের ক্ষেত্রে আমাদের নীতি হচ্ছে, যতদূর সম্ভব উন্নয়নমূলক কাজ হবে পরিবেশের ভারসাম্য বজায় রেখে। এই কাজ করতে গিয়ে আমরা কি করেছি গত ২৩ বছরে? ১৯৭৬-৭৭ সালে ৯০টি পৌরসভা ছিল। ১৯৯৮-৯৯ সালে এখন হয়েছে ১১৩টি পৌরসভা, ৬টি মিউনিসিপ্যাল কর্পোরেশান এবং ৩টি নোটিফায়েড এরিয়া অথরিটি এই মোট ১২২টি আমরা করেছি। আগে ১৯৭১ সালে এক লক্ষর উপরে শহরে পশ্চিমবাংলায় ছিল ৫টি, এখন হয়েছে ২৩টি। ১৯৭৬-৭৭ সালে সি. এম. ডি. এ'র জন্য মিউনিসিপ্যালিটিগুলির জন্য মাথাপিছু খরচ হত ১৯ টাকা ৮৮ পয়সা। আর নন-সি.এম.ডি.এ'র জন্য খরচ হত ৮৭ পয়সা। সি. এম. ডি. এ এবং মিউনিসিপ্যালিটিগুলির জন্য সেটা বাড়িয়ে করা হয়েছে ১৯৮ টাকা ৫৭ পয়সা করা হয়েছে। আর নন-সি. এম. ডি.-এ'র জন্য করা হয়েছে ১৫৫ টাকা। ১৯৯৮-৯৯ সালে সি. এম. ডি. এ এবং মিউনিসিপ্যালিটির জন্য খরচ হয়েছে ১৯২ টাকা ২৭ পয়সা। আর নন-সি.এম.ডি.এ'র জন্য বেড়ে হয়েছে ১৬১ টাকা ২৭ পয়সা। ঠিক একই ভাবে নন-প্ল্যানের ক্ষেত্রে যেটা ছিল ২৫ টাকা ১৯৭৬ সালে, সেটা এখন হয়েছে ১৪৮ টাকা। এই ভাবে আপনি যদি দেখেন তাহলে আপনি দেখবেন যে আর্বান পপুলেশানের ক্ষেত্রে আগে বৃহত্তর কলকাতাকে কেন্দ্র করে নগরায়ণের একটা সীমাবদ্ধতা ছিল। আজকে ৭০ পারসেন্ট অব দি আর্বান পপুলেশান, সেটা কনফার্ম ছিল একেবারে বৃহত্তর কলকাতা পর্যন্ত। আজকে সেটা কি করা হয়েছে? সেটা কলকাতার বাইরের শহরগুলিতেও নগরায়ণটা বৃদ্ধি পাচ্ছে এবং দাঁড়িয়েছে ৫৯ শতাংশ মানুষ বৃহত্তর কলকাতায় বসবাস করেন।

[4.40–4.50 p.m.]

একই রকমভাবে পৌরসভাগুলিকে পরিচালনা করবার ক্ষেত্রে সমস্ত রকম আর্থিক সাহায্য করা হচ্ছে। মোটর ভিহিকল ট্যাক্স, এনটারটেইনমেন্ট ট্যাক্স, অকট্রয়-অবশ্য অকট্রয় তুলে দিয়ে তার পরিবর্তে ডেভেলপমেন্ট এ্যাকটিভিটিজ - ইত্যাদির মাধ্যমে পৌরসভাগুলিকে সাহায্য করা হচ্ছে। এর থেকে আয়ের ৭০ ভাগ যাচ্ছে পৌরসভাগুলির কাছে। ভারতবর্ষে আর কোথাও এরকম চিত্র আপনারা দেখাতে পারবেন? সেই জায়গাতে বলা হ'ল, পৌরসভাগুলি নাকি সম্পূর্ণ ব্যর্থ! এখানে কলকাতা নিয়ে অনেক কথা হয়েছে। একটা বিষয় কেউ কেউ বলেছেন যে, টাকা দেবার ব্যাপারে আমরা নাকি বৈষম্য করি। এখানে একজন বলেছেন, আমরা নাকি পৌর প্রধানদের নিয়ে বসে শুধু পর্যালোচনা করি, রিভিউ করি। কিন্তু একজন পৌর প্রধান, তিনি কংগ্রেস, সি. পি. এম., আর. এস. পি. বা ফরোয়ার্ড ব্লক, যে দলেরই হোন না কেন, কোন পৌরপ্রধান বলতে পারবেন না আমরা বৈষম্য করছি। জলপাইগুড়ি পৌরসভা কংগ্রেস শাসিত পৌরসভা, সেখানে ৯০ হাজার মানুষের বাস, টাকা পেয়েছে ১,১৬,৯৪,২৭৯ টাকা। জামুরিয়া পৌরসভা বামফ্রন্ট শাসিত, লোকসংখ্যা ৯৩ হাজার, টাকা পেয়েছে ১,১৬,৪৫,১৯৩।

তমলুক পৌরসভা কংগ্রেস পরিচালিত, লোকসংখ্যা ৩৮,৬৬৬, পেয়েছে ৬৪,৭১,৮৩৩ টাকা, টাকী পৌরসভা বামফ্রন্ট পরিচালিত, লোকসংখ্যা ৩০,৪২১, পেয়েছে ৬৩,১০,০৫৭ টাকা। বলুন, কোন জায়গায় কোন বৈষম্য করা হয়েছে কিনা? ষ্টাফ প্যাটার্ণের ক্ষেত্রে আমরা নাকি বৈষম্য করি। কিন্তু ষ্টাফ প্যাটার্ণে একটা নিয়ম আছে। পৌরসভাগুলি এক্ষেত্রে অনুমোদন দিলেই হবে না, দেখতে হবে তাদের বেতন তারা বহন করতে পারবেন কিনা। এ জায়গাটা আমরা দেখি। আমি শুধু বলতে চাই, কলকাতার উন্নয়ন সম্পর্কে সরকার পক্ষের সদস্যরা বলছেন যে, গত কয়েক বছর ধরে কলকাতার রাস্তায় জঞ্জাল আর দেখা যাচ্ছে না, কলকাতা শহরে পানীয় জলের ব্যবস্থাও যে কোন শহর থেকে ভাল। এসব কথা আমি ছেড়েই দিলাম। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, ম্যানিলা, তারা একটা আন্তর্জাতিক মেয়র সম্মেলন করেছিলেন বিভিন্ন বিষয় - পানীয় জল, পয়ঃপ্রণালী, জঞ্জাল - ইত্যাদি নিয়ে। তাতে কলকাতার মেয়রকে ঐ সম্মেলনের চেয়ারম্যান করতে চেয়ে আমন্ত্রণ জানিয়েছিলেন। সেই চিঠিতে তারা বলেছিলেন—"Mayor Prasanta Chatterjee will relate the experience in Calcutta over the last few years. Since he has been mayor (about the last 8 years). Calcutta has made tremendous progress. The water supply coverage is one of the best in a large South Asian City. Improvement of solid waste management (collection and disposal) has been outstanding over the last few years and continues to improve in terms of efficiency and cost recovery. The most notable accomplishment in Calcutta has been the improvement in the living conditions in slums (in terms of water supply, sanitation, health, welfare, safety, etc.). The city's efforts to establish sound urban management practices, including computerizing services and systems and privatising or involving the private sector in a number of municipal management services has been very progressive. We hope that the Mayor can emphasize the role of public participation particularly the slum organization involvement in accomplishing the aforementioned accomplishments. Calcutta has done considerable pioneering work in this area, which has made it more attractive for ADB to consider financing urban environmental infrastructure in Calcutta. 'এই কারণেই তারা সম্মত হয়েছিলেন এবং তারই জন্য কলকাতার নিকাশী ব্যবস্থার জন্য ঋণ দিতে তারা সম্মত হয়েছেন। ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রশস্তির বন্যাতেও আমরা আপ্লুত হইনি। কিন্তু তারা তাদের একটা চিঠিতে বলেছেন'—"We have heard that Calcutta Municipal Corporation was making impressive improvements in its services, but we had no idea that the changes were so successful. It is really intriguing to observe that with imagination and determination, real positive changes can be achieved quite quickly. This, of course, requires, first of all, the special qualities of leadership, vision and determination." And, secondly, it requires supportive political backing. Both are difficult to replicate, but CMC's example as pioneer will surely be immensely valuable in persuing other Municipal Governments to follow CMC example." আমি

শুধু আপনাদের কাছে দুটি রিপোর্টের কথা এই জন্য বললাম যে তাতে বলা হচ্ছে কলকাতায় পরিবর্তনটা ঘটেছে। সেই পরিবর্তন যদি বিরোধী দল স্বীকার না করে, অন্ধ হলে প্রলয় বন্ধ থাকে না। উন্নয়ন হচ্ছে, পরিবর্তন হচ্ছে, এটা অস্বীকার করা উচিত নয়। এটা তো আমাদের গর্ব। আমাদের ভারতবর্ষের যে কোন শহরের থেকে পানীয় জল কলিকাতায় বেশী সরবরাহ হয়। ভারতবর্ষের যে কোন শহরের চেয়ে কলিকাতা এবং পশ্চিমবাংলার শহরে বস্তিবাসীরা বেশী সুযোগসুবিধা ভোগ করে। এখানে বলা হলো বাস্তবে নাকি কোন কিছু হয় নি। আমি একটা রিপোর্ট এখানে দিচ্ছি। কি হয়েছে কলিকাতার বস্তিতে এবং বৃহত্তর কলিকাতায়। আই. পি. পি-৮ যে রোগ প্রতিষেধক দেওয়া হয়েছে তার একটা হিসাব আমি দিচ্ছি। ১৯৯৩-৯৪ সালে বি. সি. জি. যে বাচ্ছাদের দেওয়া হয়েছিল তার হার হচ্ছে ৭৮ পারসেন্ট ১৯৯৯ সালের মার্চ পর্যন্ত তার হার হচ্ছে ৯৭.৩ পারসেন্ট, ডি. পি. টি দেওয়া হয়েছিল ১৯৯৩-৯৪ সালে ৬৪ পারসেন্ট ১৯৯৯ সালের মার্চ পর্যন্ত হচ্ছে ৯৪ পারসেন্ট। মিসিলস্ দেওয়া হচ্ছে ৫৪ পারসেন্ট এখন সেটা ৭৬.২ পারসেন্ট, পলিও দেওয়া হয়েছিল ৭০ পারসেন্ট এখন তার কভারেজ ৯৮ পারসেন্ট, টি. টি (প্রেগনেন্ট ওম্যান) আগে ছিল ৭৬ পারসেন্ট সেটা এখন ৯৫.২ পারসেন্টে দাঁড়িয়েছে। এইভাবে যদি দেখা যায় সি. ই. ডি. পি. ৩, ১৯৮৭-৮৮ সালে সি. বি. আর., জন্মের হার প্রতি এক হাজার জনে ছিল ২৩.২৬, সেটা ১৯৯৮-৯৯ সালে দাঁড়িয়েছে ৮.৯২ সি. ডি. আর, যেটা ৪.৭৮ ছিল সেটা কমে হয়েছে ৩.২৯, আই. এম. আর যেটা ছিল ৯৬.১৫ সেটা কমে গিয়ে দাঁড়িয়েছে ২১.৭৩, এম. এম. আর, যেটা ছিল ১১.৭৫ সেটা কমে গিয়ে দাঁড়িয়েছে .৮৬। এইভাবে আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন ক্ষেত্রে আমাদের বৃহত্তর কলিকাতায় এই উন্নতিগুলি হয়েছে। রবীনবাবু গঙ্গা এ্যাকশান প্লান নিয়ে বলেছেন, আমার কাছে তার একটা রিপোর্ট আছে। গ্রেট ইস্টার্ন হোটেলে একটা মিটিং হয়েছিল। তারা বলে গিয়েছিলেন ভারতবর্ষের মধ্যে গঙ্গা অ্যাকশান প্লান সব থেকে যদি কোথাও সফল হয়ে থাকে তাহলে সেটা কলিকাতায়। আমার কাছে সেই রিপোর্ট আছে। প্রতিটি ক্ষেত্রে স্যাটিসফ্যাক্টারী রিপোর্ট দিয়েছে। তারা বলে গিয়েছিলেন যে ইট ইজ ফুল্লী স্যাটিসফ্যাক্টারী, সবার সামনে তারা বলে গিয়েছিলেন। আমার কাছে অভিযোগ এসেছিল ভাটপাড়া এবং চুঁচুড়ার ব্যাপারে, সেখানে মাটি বসে গিয়েছে। তার জন্য উচ্চ পর্যায়ে কমিটি করা হয়েছে। তা নিয়ে বিরাট ঢাক-ঢোল বাজানো হয়েছিল, কেন্দ্রের মন্ত্রী কাছে গিয়ে বলা হলো, না, এখানে টাকা দেওয়ার দরকার নেই, সব চুরি করে ফেলেছে। ১৮৭ কোটি টাকার ভেতর আমরা ১২৫ কোটি টাকা খরচ করেছি। তার সমস্ত হিসাব আমরা দিয়েছি। কেন্দ্রের প্রতিনিধিরা ঘুরে এসে বলেছেন পশ্চিমবাংলার অভিজ্ঞতা নেওয়া উচিত বিহার এবং উত্তরপ্রদেশের। সেই জন্য অন্য জায়গায় না দিয়ে গঙ্গা অ্যাকশান প্ল্যানের দ্বিতীয় ফেজের অনুমতি পশ্চিমবাংলাকে দিয়েছে। এই বইটাতে তা লেখা আছে, প্রয়োজন হলে দেখে যেতে পারেন। এখানে বলা হয়েছে শিলিগুড়ি পৌরসভা নিয়ে। শিলিগুড়ি নিয়ে কেন বললেন? আমি অপরাধমূলক কাজ করেছি কিনা? আপনাদের দলের লোকের কাছে গিয়ে জেনে আসুন না কি করেছি না করেছি জানতে পারবেন। শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি ২-৩টি

মিউনিসিপ্যালিটির মধ্যে একটা যেখানে কয়েক বছরের মধ্যে কোন রেভিনিউ এ্যাকাউন্ট ডেফিজিট হয় নি। শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি ৩টি মিউনিসিপ্যালিটির মধ্যে একটা মিউনিসিপ্যালিটি যেখানে রেভিনিউ এক্সপেনডিচার কম রেভিনিউ ইনকাম বেশী। আর একটা জিনিস বলা উচিত, সি. এ. জি. রিপোর্ট পেশ করেছে, সেখানে বহরমপুর সম্পর্কে কি বলেছে সেটা আমি একটু পড়ে দিচ্ছি—"The Municipality did not finalise annual accounts over a decade and did not prepare annual budgets. Grants were released by Government without accounts or budgets." এইভাবে বলা আছে, বহরমপুর সম্পর্কে যে কোন রকম হিসাব দেয় না।

[4.50–5.00 p.m.]

তারপরেও কেন গভর্ণমেন্ট গ্রান্ট দিয়েছিল, এই প্রশ্নটা করেছেন। আমি বলছি, তা সত্ত্বেও গভর্ণমেন্ট গ্রান্ট দিয়েছে। কারণ আমরা রাজনৈতিক ভাবে বৈষম্য করতে চাই না। আপনারা দেখবেন যে, শুধু আমাদের কলকাতা নয়, দার্জিলিং সম্পর্কেও শান্তা ছেত্রী যা বলেছেন—हाम्रो Shanta Chettri ल जुर भने यो Darjeeling को लागी घमी सबसे बेसी पैसा घयी दिदैछौ। जौइन्द या प्लेन मा घमी सती पैसा दियछौ यो भन्दा तीन गुण बैसी पैसा घमी Darjeeling को लागी दिरछौ। जुर पैसा घमी Darjeeling पहाड़मा दिखछौ, Darjeeling मा खर्चा बैसी हर छ। तर Darjeeling Municipality Nagar Palika एउटा डाम्रो कलकत्ता को एउटा पुराना Municipality Nagar Palika हो। यो नगर पालिका लाई घमी Municipal Corporation गर्णु को लागी हाम्रो चिन्ता भावना छ किर यो गर्णु दरकार छ र यहाँ को मान्छे को एउटा माँग पनी छ। सो घमी चेष्टा गईछु। Landslide को विषयमा तपाई सो हुरा गर्णु भो हामी सती पैसा माँगयो हामी दियो। Darjeeling Municipality मा भनेको थियो जती पैसा, Kurseong Municipality मा सती पैसा र Kalimpong Municipality मा सती पैसा पैसा र Kalimpong Municipality मा सती पैसा माँगको थियो हामीले दियौं। हामी पूरा पैसा दियौं एवं सती पल्ट माँगयो त्यती पल्ट दियौ। पैसा को मामला मा हामी कोई पनी कटौती गरेणा किर हामी चछान्छु Municipality Nagar Palika राम्रो सँग मा काम करोस यो हामी चछान्छौ। यो कुरा मा हामी सहयोग पनी दिन्छौं। কোন কোন মিউনিসিপ্যালিটি এটা বলেছে, কোন কোন বিধায়ক বলেছেন যে, পে কমিশনের দায়িত্ব নাকি আমরা নিচ্ছি না। পে-কমিশনের বাড়তি অর্থ যা লাগবে তার সমস্ত অর্থটা রাজ্য সরকার, আমরা বহন করছি। বাজেট প্রভিশনে দেখবেন, এখানে ৩১০ কোটি টাকা আছে। শুধু তাই নয়, পৌরসভার প্রতিটি ক্ষেত্রে, তাদের কর্মচারীদের বেতনদানের ক্ষেত্রে দায়দায়িত্ব আমরা পালন করেছি, আমরা গ্রহণ করেছি। কলকাতা সম্পর্কে আমাদের যদি বলতে হয়, কলকাতার বাইরে পৌরসভাগুলো সম্পর্কে বলছি, কেউ কেউ বলেছেন, সত্যবাবুও বলেছেন যে, পানীয় জল ১০ পার্সেন্টের বেশী কেউ পায় না। পানীয় জলের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের প্রত্যেকটি মিউনিসিপ্যালিটি—বাদুড়িয়াটি বাকী ছিল, পি. এইচ. ই. সেটি করছে। অনেকগুলো মিউনিসিপ্যালিটিতে আমরা পাইপ লাইন ওয়াটারের ব্যবস্থা করেছি। তার জন্য আমরা

১০০ কোটি টাকার বেশী খরচ করেছি। কয়েকটি, যেমন দুর্গাপুর, শিলিগুড়ি, খড়গপুর, বাঁকুড়া, পুরুলিয়া এই রকম বড় বড় পৌরসভা যেগুলো আছে, সেখানে আমরা ১০০ কোটি টাকার বেশী খরচ করেছি। আমরা কি ভেবেছি যে, বাঁকুড়া এবং খড়গপুর মিউনিসিপ্যালিটি কংগ্রেস দ্বারা পরিচালিত? এটা কি আমরা ভেবে খরচ করেছি? আমরা ৪৪টি প্রকল্পে আই. ডি. এফ. সি. থেকে ঋণ নিচ্ছি, তাদের পরিকাঠামোর উন্নয়ণের জন্য ১৭ কোটি টাকা ঋণ নিয়ে আমরা কাজ করেছি। কে বামপন্থী, কে কংগ্রেস আমরা চিন্তা ভেবেছি? প্রতিটি ক্ষেত্রে, বস্তি উন্নয়ণের ক্ষেত্রে বামফ্রন্ট সরকার আসার পর সেন্ট্রালি স্পনসর্ড প্রকল্প যেগুলো চালু করেছিল, আজকে পশ্চিমবঙ্গে পৌরসভাগুলো কত বেশী টাকা পাচ্ছে। বেসিক মিনিমাম সার্ভিস পাচ্ছে। ন্যাশানাল স্লাম ডেভালপমেন্টে পাচ্ছে, টেনথ ফিনান্স কমিশনে ডেভালপমেন্ট এ্যাকটিভিটিজে পাচ্ছে। এই রকম নানাভাবে আমরা আমাদের সাধ্যমত পৌরসভাগুলোকে আর্থিক সহযোগিতা করছি। কিন্তু এটা ঠিক যে, কিছু পৌরসভা বেআইনী নিয়োগ করেছে। সে যেই করুক না কেন, আমরা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেব। কিছু পৌরসভা এক খাতের টাকা অন্য খাতে খরচ করেছে। কিছু পৌরসভা বেহিসাবী করেছে। তার মধ্যে অনেক কংগ্রেসী পৌরসভা আছে। তবে প্রশ্নটা রাজনৈতিক ভাবে নয়। কলকাতায় বৃহত্তম মেগাসিটি প্রকল্প আমরা হাতে নিয়েছি। ১৬০০ কোটি টাকার মেগাসিটি প্রকল্প আমরা হাতে নিয়েছি। আমরা বারে বারে বলেছি, কেন্দ্রীয় সরকারের ৪০০ কোটি টাকা দেওয়ার কথা ছিল। কংগ্রেস সরকার ছিল, তারা দেয় নি। যুক্তফ্রন্ট সরকার ছিল, তারা দেয় নি। এখন বিজেপি সরকার আছে, এরাও দেয় নি। চার বছরে ২০০ কোটির মধ্যে ৯৯ কোটি টাকা আমরা পেয়েছি। রাজ্য সরকারের ২০০ কোটি দেওয়ার কথা ছিল, সেখানে রাজ্য সরকার ২০৯ কোটি টাকা দিয়েছে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্য সরকার ২০০ কোটি টাকার জায়গায় ৯৯ কোটি টাকা পেয়েছে। রাজ্য সরকার ২০০ কোটির জায়গায় ২০৯ কোটি টাকা পেয়েছে, ১৮৬ কোটি টাকার ঋণ নিয়েছি। আমাদের ৫৯৮ কোটি টাকার কাজের অনুমোদন দিয়েছে। মেগাসিটি প্রকল্পের সব টাকাটা যদি কেন্দ্রের কাছ থেকে পেতাম তাহলে কলকাতার উন্নয়ন এবং পানীয় জলের ও নিকাশী ব্যবস্থার অনেক ব্যবস্থা নিতে পারতাম। কলকাতার পানীয় জল, পয়ঃপ্রণালী এবং নিকাশী ব্যবস্থার উন্নতির জন্যে এশিয়ান ডেভেলাপমেন্ট ব্যাঙ্ক এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে ১ হাজার কোটি টাকা এবং ১ হাজার কোটি টাকা করে মোট ২ হাজার কোটি টাকার ঋণ পেয়েছি। তার ফিজিবিলিটি স্টাডি হয়ে গেছে, রিপোর্ট সেপ্টেম্বর মাস নাগাদ আসবে। সেখানে এ্যাডেড এরিয়ার কিছু পয়ঃপ্রণালী ক্ষেত্রে যে অসুবিধা আছে সেগুলো দূর করবার চেষ্টা করছি। সেখানে কিভাবে সেগুলোকে কলকাতার সঙ্গে সংযোজিত করা যায় তার চেষ্টা হচ্ছে। আমরা আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে ফ্লাইওভার করেছি নতুন রাস্তা করেছি, আন্ডার গ্রাউন্ড পাথ করেছি। হাউসিংয়ের ক্ষেত্রে ৪ হাজার হাউসিংয়ের কাজ আমরা হাতে নিয়েছি। ৯০০টি হাউসিং-এর কাজ হয়ে গেছে। সল্টলেকে আরো ৪০০টি ফ্ল্যাটের নির্মাণের কাজ করছি। এইরকম একটা অবস্থায় আমরা কেন্দ্রের কাছ থেকে মেগাসিটি প্রকল্পের জন্য টাকা পাচ্ছি না। সেই কারণে আমরা রেমুনারেশানের ভিত্তিতে প্রজেক্ট

হাতে নিয়েছি। এইভাবে আমরা কাজটাকে ভাগাভাগি করে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে নানাভাবে টাকার জোগাড় করে এই পরিকাঠামোকে আরো উন্নত করার চেষ্টা করছি। এই রকমভাবে কাজ আমরা শিলিগুড়ি, জলপাইগুড়ি ডেভেলাপমেন্ট অথরিটি, আসানসোল ডেভেলাপমেন্ট অথরিটি, দুর্গাপুর ডেভেলাপমেন্ট, দীঘা ডেভেলাপমেন্ট অথরিটি, হলদিয়া ডেভেলাপমেন্ট ক্ষেত্রে করেছি। সেখানে গ্রোথ সেন্টার করে যেমন কলকাতার ক্ষেত্রে সোসিও ইকোনমিক সার্ভে করেছি, সেখানেও তা করেছি। এই সার্ভের উপরে ভিত্তি করে ২ হাজার ২১ সালের জন্য একটা পার্সপেকটিভ প্ল্যান তৈরী করব। ঠিউৰই ভাবে হলদিয়া, দুর্গাপুর, দীঘা অথরিটি ইত্যাদির ক্ষেত্রে সোসিও-ইকোনমিক স্টাডি করছি। সেই স্টাডির কাজ কিছুদিনের মধ্যেই শুরু হবে। ওই পার্সপেকটিভটা ২ হাজার ২১ সালের জন্য তৈরী হবে। তখন কলকাতার চেহারা কি রকম নেবে, কোথায় কি প্রয়োজন আছে এবং আমাদের ঘাটতি তখন কতটা থাকবে সে সব বিচার বিবেচনা করে কোন কোন দিকে গুরুত্ব দেওয়া উচিত, কিভাবে জমিকে ব্যবহার করা যাবে, কিভাবে পরিবেশের সঙ্গে জমির ভারসাম্য রক্ষা করা যাবে, নগর উন্নয়ন করতে কোন কোন ক্ষেত্রে গুরুত্ব দিতে হবে সে সব ওই ২ হাজার ২১ সালের যে পার্সপেকটিভ প্ল্যান তৈরী হবে তাতে লেখা থাকবে। সেখানে কলকাতার ট্রান্সপোর্ট বা পরিবহণের ক্ষেত্রে, রাস্তাঘাটের ক্ষেত্রে কি মাস্টার প্ল্যান তৈরী হবে সব লেখা থাকবে। ঠিক একইভাবে জেলার ক্ষেত্রেও মাস্টার প্ল্যান তৈরী করতে হবে। আপনারা ইতিমধ্যেই দেখেছেন যে, কলকাতার গঙ্গা নদীর পাড়কে সুন্দর করার জন্য উদ্যোগ নিয়েছি এবং আশা করছি ডিসেম্বরের মধ্যেই কাজটা শেষ করতে পারব। শুধু কলকাতা নয়, কলকাতার বাইরে এবং কলকাতার আশেপাশের উন্নয়ন করবারও সিদ্ধান্ত আমরা নিয়েছি। এরই মধ্যে বিভিন্ন আইন প্রণয়ন করে জেলাগুলোকে আরো কিভাবে উন্নত করা যায় তার চেষ্টা করছি। যাতে করে ছোটখাটো কাজের জন্য গ্রামের মানুষগুলোকে কলকাতায় আসতে না হয়। গবেষকদের তাদের পরিষেবা পাওয়ার ক্ষেত্রে যাতে গ্রামে বা জেলাতেই পেতে পারে, কলকাতায় আসতে না হয় তার ব্যবস্থা করছি। যদি কলকাতার আশেপাশের এলাকার উন্নতি হয় অর্থাৎ সিভিক এমিনিটিজ বা নাগরিক সুখস্বাচ্ছন্দ্য বাড়ে তাহলে কলকাতার উপরে চাপ সৃষ্টি হবে না। তারজন্য অনেক পরিকল্পনা আমরা নিয়েছি। আমরা গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সভার মাধ্যমে এলাকার উন্নয়নের জন্য ওখানকার মানুষের সাহায্য এবং সহযোগিতা চেয়েছি এবং সেটা আমরা পেয়েছি। আমি আর আমার বক্তৃতা বাড়াতে চাই না, আমার বাজেট বরাদ্দকে সমর্থন করে কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 26

**Mr. Speaker :** Now there are 26 cut motions to Demand No. 26. All the motions are in order and taken as moved. The cut motions are now being put to vote.

The motions that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 68,51,08,000 be granted for expenditure under Demand No. 26, Major Head: "2070-Other Administrative Services (Fire Protection and Control)" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 22,60,86,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

[5.00–5.10 p.m.]

**Demand No. 37**

The motions that the amount of the demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 819,75,00,000 be granted for expenditure under Demand No.37, Major Heads: "2217–Urban Development, 4217–Capital Outlay on Urban Development and 6217–Loans for Urban Development" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 270,51,75,000 already voted on account in March, 1999.)

was then put and agreed to.

**Demand No. 90**

The motions that the amount of the demand be reduced by Rs. 100 were then put and lost.

The motions of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 152,53,31,000 be granted for expenditure under Demand No. 90, Major Head: "3604–Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayati Raj)" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 50,33,59,000 already voted on account in March, 1999.),

was then put and agreed to.

(At this stage the guillotine bell rang)

**Demand No. 1**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 13,22,68,000 be granted for expenditure under Demand No. 1, Major Head: "2011-State Legislatures" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 4,36,48,000 already voted on account), was then put and agreed to.

**Demand No. 3**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,29,00,000 be granted for expenditure under Demand No. 3, Major Head: "2013-Council of Ministers" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 1,08,57,000 already voted on account) was then put and agreed to.

**Demand No. 5**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 27,34,00,000 be granted for expenditure under Demand No. 5, Major Head: "2015-Elections" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 20,50,50,000 already voted on account) was then put and agreed to.

**Demand No. 6**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 6,80,30,000 be granted for expenditure under Demand No. 6, Major Head: "2020-Collection of Taxes on Income and Expenditure" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 2,24,50,000 already voted on account), was then put and agreed to.

**Demand No. 8**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 37,65,40,000 be granted for expenditure under Demand No. 8, Major Head: "2030-Stamps and Registration" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 12,42,58,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 9**

The motion of Dr. Asim Kumar Dasputa that a sum of Rs. 43,25,000 be granted for expenditure under Demand No. 9, Major Head: "2035-Col-

lection of Other Taxes on Property and Capital Transactions" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 14,27,000 already voted on account), was then put and agreed to.

**Demand No. 10**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 38,66,00,000 be granted for expenditure under Demand No. 10, Major Head: "2039-State Excise" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 12,75,78,000 already voted on account), was then put and agreed to.

[5.10–5.20 p.m.]

**Demand No. 11**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 66,58,03,000 be granted for expenditure under Demand No. 11, Major Head: "2040-Taxes on Sales, Trades etc." during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 21,97,15,000 already voted on account), was then put and agreed to.

**Demand No. 13**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 7,89,74,000 be granted for expenditure under Demand No. 13, Major Head: "2045-Other Taxes and Duties on Commodities and Services" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 2,60,61,000 already voted on account), was then put and agreed to.

**Demand No. 14**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 14,80,45,000 be granted for expenditure under Demand No. 14, Major Head: "2047-Other Fiscal Services" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 4,88,55,000 already voted on account), was then put and agreed to.

**Demand No. 16**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 59,00,000 be granted for expenditure under Demand No. 16, Major Head: "2049-

Interest Payments" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 19,47,000 already voted on account), was then put and agreed to.

**Mr. Speaker :** The procedure is that once the time of Guillotine is announced no debate takes place. This has been the practice, this has been the convention. The cut motions are not allowed after that, the demands are voted straightway. That is the procedure, that is the practice, that is the convention. It has been followed in the House all along. Even when Gyan Singh Sohanpalji was the Minister for Parliamentary Affairs that procedure was followed and it has been going on all these years since I have been here.

Mr. Roy, you are trying to bring something new, something innovative. Because you want to make democracy more broad-based by only trying to bring in cut motions—this motion, that motion, after the Guillotine!

**Shri Saugata Roy :** You say Opposition has no cut motion. There is nothing to do.

**Mr. Speaker :** You see, Mr. Roy, after the Guillotine has been called no cut motion will be announced. The demands are voted straightway. That is the procedure. There is no other procedure. Parliament runs by rules, precedence and convention. If there is something new I am willing to learn it.

........ (noise and interruptions)

No debate on this. If you want to discuss then come to my Chamber.

**Shri Abdul Mannan :** স্যার, আমায় একটু হিয়ারিং দেবেন।

**Mr. Speaker :** After Guillotine, no hearing.

**Demand No. 20**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.46,39,99,000 be granted for expenditure under Demand No.20, Major Head : "2054—Treasury and Accounts Administration" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs.15,31,20,000 already voted on account.)

was then put and a Division taken with the following results.

**AYES**

Abdul Razzak Molla, Shri
Abu Ayes Mondal, Shri
Anisur Rahaman, Shri
Bagdi, Shri Bijoy
Barman, Shri Jogesh Chandra
Bhattacharyya, Shri Ashoke
Biswas, Shri Benay Krishna
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kaliprasad
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Sushil
Biswas, Shrimati Susmita
Bouri, Shri Haradhan
Chatterjee, Shri Pratim
Chattopadhyay, Shri Jyoti Krishna
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Nirmal
Das Gupta, Dr. Asim Kumar
Deb, Shri Rabin
Dey (Bose), Shrimati Ibha
Dhar, Shri Padmanidhi
Dutta, Shri Himangsu
Giri, Shri Ashoke
Goswami, Shri Subhas
Hafiz Alam Sairani, Shri
Hembaram, Shri Rabindranath
Hore, Shri Tapan
Kabi, Shri Pelab
Khanra, Shri Saktipada
Kisku, Shri Upendra
Mahata, Shri Kamala Kanta
Maitra, Shri Banshi Badan
Mal, Shri Nimai
Mandal, Shri Prabhanjan
Md. Ansaruddin, Shri
Md. Mahamuddin, Shri
Mistry, Shri Bimal
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mostafa Bin Quasem, Shri

Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Nirmal
Mukherjee, Shri Pratyush
Murmu, Shri Maheswar
Nanda, Shri Brahmamoy
Oraon, Shri Jagannath
Panday, Shri Ajit
Ray, Shri Bachcha Mohan
Roy, Shri Mrinal Kanti
Saha, Dr. Tapati
Samanta, Shri Rampada
Sanyal, Shri Kamalendu
Sinha, Dr. Nirmal
Sinha, Shri Prabodh Chandra
Sinha, Shri Suresh Chandra
Sk. Majed Ali, Shri
Sk. Jahangir Karim, Shri

NOES

Abdul Mannan, Shri
Abdus Salam Munshi, Shri
Banerjee, Shri Tapas
Bapuli, Shri Satya Ranjan
Gyan Singh Sohanpal, Shri
Md. Sohrab, Shri
Motahar Hossain, Dr.
Quazi Abdul Gaffar, Shri
Roy, Shri Tapas
Singha, Shri Sankar
Sultan, Ahmed, Shri

The Ayes being 56, and the Notes 11, the motion was put and agreed to.

**Demand No. 27**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 174,74,35,000 be granted for expenditure under Demand No. 27, Major Head: "2070–Other Administrative Services (Excluding Fire Protection and Control)" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 57,66,54,000 already voted on account.) was then put and agreed to.

[5.20–5.30 p.m.]

**Demand No. 28**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1001,29,20,000 be granted for expenditure under Demand No.28, Major Head: "2071–Pensions and Other Retirement Benefits" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 400,51,68,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 29**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 14,31,65,000 be granted for expenditure under Demand No.29, Major Head: "2075–Miscellaneous General Services"during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 4,72,44,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 31**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 46,34,82,000 be granted for expenditure under Demand No.31, Major Head: "2204–Sports and Youth Services" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs.15,29,49,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 46**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 37,02,03,000 be granted for expenditure under Demand No. 46, Major Heads: "2250–Other Social Services, 4250–Capital Outlay on Other Social Services and 6250–Loans for Other Social Services" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 12,21,67,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 49**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 140,15,05,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads: "2403–Animal Husbandry and 4403–Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 46,24,97,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 50**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 145,98,00,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads: "2404-Dairy Development and 4404-Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings)" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 48,17,34,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 64**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 154,87,06,000 be granted for expenditure under Demand No. 64, Major Heads: "2551-Hill Areas, 4551-Capital Outlay on Hill Areas and 6551-Loans for Hill Areas" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 51,10,73,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 65**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 95,97,39,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads: "2575-Other Special Areas Programmes and 4575-Capital Outlay on Other Special Areas Programmes" during the year 1999-2000.

was then put and agreed to.

**Demand No. 74**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 6,72,05,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads: "2852-Industries (Closed and Sick Industries), 4858-Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860-Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875-Capital Outlay on Other Industries (Closed and Sick Industries), 4885-Capital Outlay on Industries and Minerals (Closed and Sick Industries) and 6860-Loans for Consumer Industries (Closed and Sick Industries)" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 2,21,78,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 83**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 40,46,00,000 be granted for expenditure under Demand No. 83, Major Head: "3451–Secretariat–Economic Services" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 13,35,18,000 already voted on account.) was then put and agreed to.

[5.30–5.36 p.m.]

**Demand No. 84**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 17,79,00,000 be granted for expenditure under Demand No. 84, Major Heads: "3452–Tourism and 5452–Capital outlay on Tourism" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs.5,87,07,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 85**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 9,93,16,000 be granted for expenditure under Demand No. 85, Major Head: "3454–Census, Surveys and Statistics" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 3,27,74,000 already voted on account.) was then put and agreed to.

**Demand No. 99**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 75,00,00,000 be granted for expenditure under Demand No. 99, Major Heads: "7610–Loans to Government Servants, etc. and 7615–Miscellaneous Loans" during the year 1999-2000.

(This is inclusive of a total sum of Rs. 24,75,00,000 already voted on account.) was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 5-36 p.m. till 11.00 a.m. Thursday the 15th July, 1999, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 15th July, 1999 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 07 Ministers, 03 Ministers of State and 113 Members.

[11.00–11.10 a.m.]

### Starred Questions
### (to which oral Answers were given)

**কলকাতায় অগ্নিকান্ড**

*৫৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫২) **শ্রীব্রহ্মময় নন্দ ঃ** অগ্নিনির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১ থেকে ১৯৯৮ পর্যন্ত কলকাতায় কতগুলি অগ্নিবিধ্বংসী ঘটনা ঘটেছে; এবং

(খ) ঘটনাস্থলগুলি কোথায় কোথায়?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ**

(ক) ১৯৯১ থেকে ১৯৯৮ পর্যন্ত কলকাতায় মোট ৮৬টি বড় অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে;

(খ) ঘটনাস্থলগুলির বিবরণ সংযোজন—১ এ উল্লেখ করা হ'ল।

**Details of the big fire incident that took place in Calcutta during the period w.e.f. 1.1.91 to 31.12.98**

| | Place of occurrence | Total Pump employed | Short description of Fire | Property involved (approx) | Property Saved (approx) |
|---|---|---|---|---|---|
| 1. | On 17.12.91 at Harish-Neogi Road, Calcutta | 21 Pumps | Plywood articles, Machineries & Finished goods involved in Fire. | Rs. 15,00,000/- | Rs. 9,00,000/- |
| 2. | On 17.2.91 at 4, Clive Road, Calcutta | 27 Pumps | Building with official papers, furniture & other household articles involved in fire. | Rs. 28,50,000/- | Rs. 27,50,000/- |
| 3. | On 7.2.91 at Chatterjee International Building, Calcutta | | Building (14th floor) Welfare Society Office with official documents furniture etc involved in fire. | Rs. 51,00,000/- | Rs. 4,00,000/- |
| 4. | On 8.1.91, at 20/21, Canal South Road, Calcutta | 21 Pumps | Godowns with plywood, plastic goods & other articles etc. involved in fire | Rs.36,00,000/- | Rs. 25,00,000/- |
| 5. | On 24.1.91 at Calcutta Maidan | 18 Pumps | Several Stalls involved in fire. | Rs. | Rs. |
| 6. | On 24.3.91 at 54, Tiljola Rd. Calcutta. | 20 Pumps | Different Factories with finished goods raw materials and machineries involved in fire. | Rs. 18,00,000/- | Rs. 15,00,000/- |
| 7. | On 2.6.91 at Kaliprasanna Singha Road, Calcutta | 25 Pumps | Godown with electrical goods, plastic materials & various articles involved in fire. | Rs. 1,25,00,000/- | Rs. 1,15,000/- |
| 8. | On 2.7.91 at 12B, Beliaghata Rd., Calcutta | 16 Pumps, | Godowns with packing box, pencil manufacturing & Printing press involved in fire | Rs. 7,50,000/- | Rs. 6,50,000/- |

| | Place of occurrence | Total Pump employed | Short description of Fire | Property involved (approx) | Property Saved (approx) |
|---|---|---|---|---|---|
| 9. | On 5.11.91 at Park Mansion at Camac St., Calcutta | 18 Pumps | 2nd floor of the building with several offices, furniture, records, Type machines etc. involved in fire. | Rs. 18,00,000/- | Rs. 15,000/- |
| 10. | On 5.11.91 at 12A, Camac Street, Calcutta | 15 Pumps | Electric main brass bar fire spreaded from ground floor to top floor of a 10 storied building | Rs. 50,00,000/- | Rs. 20,00,000/- |
| 11. | On 4.12.91 at 22/2, Canal East Road, Calcutta | 20 Pumps | Saw Mill & Umbrella manufacturing factory involved in fire. | Rs. 22,00,000/- | Rs. 2,00,000/- |
| 12. | On 4.1.92, at Laxmi-katra, at 82, S. P. Mukherjee Road, Calcutta. | 21 Pumps | Series of shops with hosiery articles, garments etc. involved in fire. | Rs. 70,00,000/- | |
| 13. | On 10.3.92 at 13, Old Post Office St. Calcutta. | 12 Pumps | 3 storied building (ground floor) Official papers, furniture etc. involved in fire. | Rs. 21,00,000/- | Rs. 19,80,000/- |
| 14. | On 13.3.92 at 62/1B, Netaji Subhash Road, Calcutta | 21 Pumps | Storage of various items of plastic in a 3 storied building involved in fire. | Rs.35,00,000/- | Rs. 3,50,000/- |
| 15. | On 2.4.92 at 17/2, Smith Lane, Calcutta | 16 Pumps | Godown containing tyres, tyre-valcanising machines etc. involved in fire. | Rs. 35,00,000/- | Rs. 20,000/- |
| 16. | On 29.4.92 at Black Man Street, Calcutta | 15 Pumps | Tyre repairing shops, hotels, Saloon & machineries etc. involved in fire. | Rs.20,00,000/- | Rs. 18,00,000/- |
| 17. | On 3.5.92 at 2A, G. D. Garden Lane, Calcutta | 21 Pumps, | Several sheds in large area, Containing Plywood & other materials involved in fire. | Rs. 30,00,000/- | Rs. 1,50,000/- |

| Place of occurrence | Total Pump employed | Short description of Fire | Property involved (approx) | Property Saved (approx) |
|---|---|---|---|---|
| 18. On 31.5.92 at Ganesh Flour Mill, Bartalla, Calcutta. | 21 Pumps | A godown containing flour etc. involved in fire. | Rs. 5,00,000/- | Rs. 40,000/- |
| 19. On 27.9.92, at Kalighat Refugee Hawkers' Corner | 10 Pumps | Several numbers of stalls with hosiery goods & garments involved in fire. | Rs. 14,00,000/- | Rs. 9,50,000/- |
| 20. On 30.10.92 at 19, R. N. Mukherjee Rd., Calcutta | 44 Pumps | Several offices, godowns Containing silk clothes, sandal Wood, Silk Thread etc. involved in fire. | Rs. 1,50,00,000/- | Rs. 65,00,000/- |
| 21. On 7.12.92 at Metiaburuj, Calcutta | 22 Pumps | Several houses & shops involved in fire. | Rs. 36,00,000/- | Rs. 14,50,000/- |
| 22. On 30.1.93 at Western Plastic Company | 13 Pumps | Huge quantity of Plastic & Jute materials involved in fire. | Rs. 15,00,000/- | Rs. 12,00,000/- |
| 23. On 17.3.93 at 275 B.B. Ganguly Street, Calcutta | 26 Pumps | A 3 Storied building collapsed due to explosion | Rs. 12,00,000/- | Rs. 8,50,000/- |
| 24. On 8.4.93 at Golam J. Khan Rd. Calcutta | 27 Pumps | A leather godown involved in fire. | Rs. 68,00,000/- | Rs. 59,00,000/- |
| 25. On 8.4.93 at A. J. C. Bose Road, Calcutta | 26 Pumps | About 300 shops with garments clothes, Aluminium articles etc. involved | Rs. 19,00,000/- | Rs. 11,00,000/- |
| 26. On 20.4.93 at Mercantile Building, 9/1, Lalbazar St., Calcutta | 15 Pumps | Office papers, furniture etc. involved in fire. | Rs. 20,00,000/- | Rs. 16,50,000/- |
| 27. On 27.4.93 at 56, Prince Anwar Saha Road, Calcutta | 26 Pumps | 3 CESC Sub-stations involved in fire | Rs. 50,00,000/- | Rs. 36,00,000/- |

| Place of occurrence | Total Pump employed | Short description of Fire | Property involved (approx) | Property Saved (approx) |
|---|---|---|---|---|
| 28. On 20.7.93 at Cossipore, Calcutta | 24 Pumps | New Cossipore generating stn. CESC Furnace Oil, Switch gear, Oil eliminator etc. involved in fire. | Rs. 9,00,00,000/- | Rs. 4,00,000/- |
| 29. On 17.9.93 at 501/2/3, Rabindra Sarani, Calcutta | 23 Pumps | Several shops, godowns with various articles involved in fire. | Rs. 40,00,000/- | Rs. 34,00,000/- |
| 30. On 28.10.93 at Camac Street, Calcutta | 22 Pumps | Office of Hindusthan gas containing office records, furniture etc. involved in fire. | Rs. 25,00,000/- | Rs. 22,50,000/- |
| 31. On 14.11.93 at 8, Karl Marx Sarani, Calcutta | 15 Pumps | 4 Nos. of stalls involved in fire | Rs. 18,00,000/- | Rs. 12,50,000/- |
| 32. On 20.12.93 at Nabab-Dilarjang Road, Calcutta | 21 Pumps | Huge quantity of jute bells in a godown involved in fire | Rs. 26,00,000/- | Rs. 23,00,000/- |
| 33. On 25.3.94 at 5/1, Tiljalla Road, Calcutta | 12 Pumps | Huge quantity of petrolium product & other raw materials involved in fire. | Rs. 5,00,000/- | Rs.1,00,000/- |
| 34. On 27.4.94 at 1/1, Gorghata Road, Calcutta (Majerhat) | 17 Pumps | 3 godowns of Tea, Baby-food & Oil etc. involved in fire. | Rs. 1,00,00,000/- | Rs. 70,00,000/- |
| 35. On 10.6.94 at Tody Chamer, Lalbazar, Calcutta | 14 Pumps | A office room containing office paper A/c. machine, furniture, generator office involved in fire. | Rs. 2,05,00,000/- | Rs. 5,00,000/- |
| 36. On 21.10.94 at Remount Road, Kantapukur, Calcutta. | 30 Pumps | C. I. sheds containing various materials-plastic, bags, sugar. tyers etc. involved in fire. | Rs. 15,00,00,000/- | Rs. 8,00,00,000/- |
| 37. On 5.11.94 at 76, Hazra Road, Calcutta | 17 Pumps | A plywood factory & U foam godown & Other inflammable articles in a 2 storied building involved in fire. | Rs. 25,00,000/- | Rs. 11,00,000/- |

| | Place of occurrence | Total Pump employed | Short description of Fire | Property involved (approx) | Property Saved (approx) |
|---|---|---|---|---|---|
| 38. | On 6.11.94 at 99, Beliaghata Main Road, Calcutta. | 16 Pumps | Several shops with various articles involved in fire. | Rs. 30,00,000/- | Rs. 6,00,000/- |
| 39. | On 10.11.94 at Kalighat Rly. Booking Office, Calcutta | 14 Pumps | Computer machines & other accessories involved in fire. | Rs. 50,00,00,000/- | Rs. 1,00,00,000/- |
| 40. | On 16.12.94 at P. K. Mukherjee Road, Calcutta. | 16 Pumps | Highly inflammable materials, C.I.Polythene sheets, clothes involved in fire. | Rs. 40,00,000/- | Rs. 32,00,000/- |
| 41. | On 30.12.94 at Bata India Ltd., Lindsay St., Calcutta. | 21 Pumps | Various Bata Product & Other materials involved in fire. | Rs. 45,00,000/- | Rs. 8,00,000/- |
| 42. | On 26.1.95 at 47 Tangra Road, Calcutta | 17 Pumps | Godown containing thinner, paints, Terpine furnished Tannery involved in fire. | Rs. 60,00,000/- | Rs. 25,00,000/- |
| 43. | On 1.1.95 at Netaji Subhas Rd Calcutta. | 35 Pumps, | 1st, 2nd floor of a 3 storied building of Vijaya Bank with furniture, official papers involved in fire. | Rs. | Rs. |
| 44. | On 9.1.95 at Synagogue Street, Calcutta | 23 Pumps | Rooms with wooden mezanine floor, plywood, decorative materials, office papers, furniture involved in fire. | Rs. 80,00,000/- | Rs. 65,00,000/- |
| 45. | On 23.4.95 at 113B, Jamunalal Bazaz St Calcutta | 43 Pumps | Huge no. of shops containing various type of articles involved in fire. | Rs. 6.10,00,000/- | Rs. 4,09,00,000/- |
| 46. | On 27.4.95 at 6, Canal South Road, Calcutta. | 14 Pumps | A factory containing machinery electric goods plastic etc. involved in fire. | Rs. 5,00,000/- | Rs. 3,00,000/- |
| 47. | On 20.5.95 at 23A, N. S. Road, Calcutta | 16 Pumps | Paper, Records, A/C machine, Furniture etc. involved in fire. | Rs. 30,00,000/- | Rs. 27,00,000/- |

| | Place of occurrence | Total Pump employed | Short description of Fire | Property involved (approx) | Property Saved (approx) |
|---|---|---|---|---|---|
| 48. | On 6.10.95 at Khagen Chatterjee Road, Calcutta. | 25 Pumps | 2 godowns face to face with unknown Chemicals, parcelling materials, Jute etc. involved in fire. | Rs. 80,00,000/- | Rs. 71,00,000/- |
| 49. | On 9.10.95 at Jatindas Park, Metro Rly. Stn. Calcutta. | 20 Pumps | One compartment of Rly. involved in fire. | Rs. 15,00,00,000/- | Rs. 14,99,00,000/- |
| 50. | On 14.10.95 at Chandni Market, Calcutta. | 45 Pumps | Market about 6000 sq. ft with different kinds of shops, involved in fire. | Rs. 12,00,00,000/- | Rs. 1,00,00,000/- |
| 51. | On 9.11.95 at 11 C. R. Avenue, Calcutta. | 15 Pumps | Bar & Restaurant, with furniture, office papers & others articles involved in fire. | Rs. 1,00,00,000/- | Rs. 92,00,000/- |
| 52. | On 27.11.95 at 10. Camac Street, Calcutta. | 21 Pumps | Annex building of Industrial house with plywood & other articles involved in fire. | Rs. 5,00,00,000/- | Rs. 4,20,00,000/- |
| 53. | On 9.12.95 at 31, Chowringhee Rd., Calcutta | 17 Pumps | 2 storied building, Huge quantity of paper, Almirah, type machine, A/C machine involved in fire. | Rs. 2,00,00,000/- | Rs. 1,97,00,000/- |
| 54. | On 15.12.95 at Hotel Heera, Calcutta. | 18 Pumps | A five-storied building of Hotel involved in fire. Many persons reserved to M.A.C. | Rs. 1,00,00,000/- | Rs. 5,00,000/- |
| 55. | On 2.1.96 at Orphangunge Market, Khidderpore, Calcutta. | 20 Pumps | Different shops with medicine grocery etc. involved in fire. | Rs. 50,00,000/- | Rs. 15,00,000/- |
| 56. | On 27.2.96 at 94, Transport Depot Road, Calcutta. | 32 Pumps | 5 godown containing plastic, bales of synthetic clothes & various other articles involved in fire. | Rs. 15,00,00,000/- | Rs. 10,00,00,000/- |
| 57. | On 2.3.96 at 137, Canning Street, Calcutta. | 25 Pumps | A 5 storied building containing office records & various articles involved in fire. | Rs. 6,00,00,000/- | Rs. 5,56,00,000/- |
| 58. | On 22.3.96 at North Range, Calcutta. | 17 Pumps | Several brick built compartment with C.I. & Tite containing Thinner, Paints, other articles involved. | Rs. 50,00,000/- | Rs. 40,00,000/- |

| Place of occurrence | Total Pump employed | Short description of Fire | Property involved (approx) | Property Saved (approx) |
|---|---|---|---|---|
| 59. On 20.4.96 at 45, Jhowtalla Road, Calcutta. | 25 Pumps | Huge quantity of office papers, records, furniture, computer machine involved in fire. | Rs. 60,00,000/- | Rs. 50,00,000/- |
| 60. On 21.4.96 at Ultadanga Colony, Calcutta. | 25 Pumps | 400 to 500 bustee huts containing house-articles, plastic & other articles involved in fire | Rs. 8,00,000/- | Rs. 6,50,000/- |
| 61. On 5.5.96 at 22, Ballygunge Park Road, Calcutta. | 23 Pumps | 8th floor of multi storied building involved in fire. | Rs. 10,00,00,000/- | Rs. 9,80,00,000/- |
| 62. On 10.6.96 to 9/2, Lalbazar St. Calcutta. | 25 Pumps | 4 storied building containing multi various materials involved in fire. | Rs. 8,00,00,000/- | Rs. 7,30,00,000/- |
| 63. On 18.10.96 at 16, Blackman Street, Calcutta. | 38 Pumps | A godown containing decorative goods, tyres. & various items involved in fire. | Rs. 90,00,000/- | Rs. 70,00,000/- |
| 64. On 29.11.96 at Markentile Building, Lalbazar, Calcutta. | 41 Pumps | Commercial Offices, shoe godowns storage of Oxford University Press etc. involved. | Rs. 10,00,00,000/- | Rs. 5,12,00,000/- |
| 65. On 27.12.96 at 275, B. B. Ganguly St., Calcutta. | 40 Pumps | Several numbers of Timber godown involved. | Rs. 5,00,00,000/- | Rs. 3,00,00,000/- |
| 66. On 19.1.97 at 46C, Chowringhee Road, Calcutta. | 36 Pumps | Several Offices containing furniture, office records in a multi-storied building involved in fire. | Rs. 2,50,00,000/- | Rs. 2,00,00,000/- |
| 67. On 3.2.97 at Bookfair, Calcutta Maidan. | 41 Pumps | Nos. of bookstalls including food stalls involved in fire. | Rs. 40,00,00,000/- | Rs. 35,00,00,000/- |
| 68. On 5.3.97 at 1, Ho-chi-Min Sarani, Calcutta. | 24 Pumps | Huge quantity of Jute Caddies & machineries involved in fire. | Rs. 20,00,000/- | Rs. 17,00,000/- |

| Place of occurrence | Total Pump employed | Short description of Fire | Property involved (approx) | Property Saved (approx) |
|---|---|---|---|---|
| 69. On 11.3.97 of Maheshtala Rd., Calcutta. | 20 Pumps | Godown with finished leather products, & other machineries involved in fire. | Rs. 25,00,000/- | Rs. 20,00,000/- |
| 70. On 30.3.97 at Esplanade East, Calcutta. | 22 Pumps | A five storied building, wire house containing old records & other materials involved. | Rs. 4,00,00,000/- | Rs, 3,70,00,000/- |
| 71. On 10.4.97 at 55/1, Tiljola Rd., Calcutta. | 17 Pumps | Finished goods, different kinds of machineries chemicals etc. involved in fire. One Matador van also involved. | Rs. 30,00,000/- | Rs. 22,00,000/- |
| 72. On 18.5.97 at Gurudas Datta Garden Lane, Cal. | 23 Pumps | A Plywood factory involved in fire. | Rs. 18,00,000/- | Rs. 13,00,000/- |
| 73. On 31.5.97 at 238, Roy Bahadur Rd., Cal. | 18 Pumps | Series of small scale industries manufacturing petrolium product involved in fire also other factories & bustee huts involved. | Rs. 50,00,000/- | Rs. 40,50,000/- |
| 74. On 13.6.97 at Nicco-House, Hare Street, Calcutta | 17 Pumps | Office complex of a seven storied building office records, papers, computers machineries involved in fire. | Rs. 1,00,00,000/- | Rs. 99,00,000/- |
| 75. On 20.10.97 at Brajadulal St., Calcutta. | 24 Pumps | A bhujia processing shop involved in fire | Rs.30,00,000/- | Rs. 28,00,000/- |
| 76. On 10.11.97 at 21, C. R. Avenue, Calcutta. | 21 Pumps | One departmental store with LPG, retail shop with multi various store items involved. | Rs. 5.00,00,000/- | Rs. 4,50,00,000/- |
| 77. On 12.4.98 at Hawkers' Corner, Entally, Calcutta. | 17 Pumps | About 20 Nos. of shop of different commodities mainly readymade garments involved in fire. | Rs. 5,50,000/- | Rs. 2,75,000/- |

| Place of occurrence | Total Pump employed | Short description of Fire | Property involved (approx) | Property Saved (approx) |
|---|---|---|---|---|
| 78. On 3.5.98 at 5, Abdul Halim Lane, Calcutta. | 19 Pumps | One cloth printing workshop on the roof of a 4 storied building involved in fire. | Rs. 4,50,000/- | Rs. 4,10,000/- |
| 79. On 6.6.98 at Bibi Bagan Lane, Calcutta. | 24 Pumps | 15 factories containing rubber scraps, plastic, machineries etc. involved in fire. | Rs. 90,00,000/- | Rs. 60,00,000/- |
| 80. On 11.6.98 at 2A, Bentinck St., Calcutta. | 17 Pumps | Series of electric main meter on ground, 2nd and 3rd floor involved in fire. | Rs. 4,00,000/- | Rs. 1,50,000/- |
| 81. On 3.11.98 at Rafi Ahmed Road, Calcutta. | 32 Pumps | The auditorium & stage of Majestic Cinema Hall involved in fire. | Rs. 1,00,00,000/- | Rs. 85,00,000/- |
| 82. On 6.11.98 at Canal Road, Hastings, Calcutta. | 20 Pumps | About 400 huts containing household articles involved | Rs. 50,00,000/- | Rs. 30,00,000/- |
| 83. On 7.11.98 at M. M. Building at Strand Road, Calcutta. | 37 Pumps, | A 6 storied markentile building with several offices involved in fire. About 130 persons were rescued. | Rs. | Rs. |
| 84. On 21.12.98 at 1/4C, Khagen Chatterjee Road, Calcutta. | 15 Pumps | A double storied building ground floor containing plastic garments, plastic sheets & machineries etc. involved in fire. | Rs. 40,00,000/- | Rs. 32,00,000/- |
| 85. On 21.12.98 at 20 F, Lock Gate Road, Calcutta. | 15 Pumps | A godown with huge quantity of clothing, bleeching etc. involved in fire. | Rs. 25,00,000/- | Rs. 22,50,000/- |
| 86. On 29.12.98 at 20, Canal South Road, Calcutta. | 18 Pumps | A saw mill cum timber godown containing huge quantity of wooden articles, planner machine including other articles involved in fire. | Rs. 30,00,000/- | Rs. 26,50,000/- |

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** কলকাতায় কতগুলি বহুতল বাড়ীকে আপনার দপ্তর বিপজ্জনক বলে চিহ্নিত করেছেন এবং তাদের নোটিশ দিয়েছেন কিনা?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** বিপজ্জনক বাড়ী সম্বন্ধে আমি গতকালই বলেছিলাম যে, ৩৫০টির মতন বাড়ী যেটা কমার্শিয়াল আছে। তার মধ্যে ডোয়েলিং হাউস আছে, তার মধ্যে মার্কেট কমপ্লেক্স আছে, হাসপাতাল আছে, তার মধ্যে হোটেল আছে, এইসব মিলিয়ে বলা হয়েছে। বহুতল সম্বন্ধে যেটা বুঝি ১৪.৫ এ্যন্ড অ্যাবাভ তাও আছে। এই সমস্ত মিলিয়ে ৩৫০টি বাড়ীকে নোটিশ দেওয়া হয়েছে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** এই যে মহাকরণে যেখানে সমস্ত দপ্তর আছে, আমাদের পশ্চিমবঙ্গের সমস্ত নথিপত্র, কাগজ যেগুলি সবার ভাগ্য নির্ধারণ করে, সেই মহাকরণকে অগ্নিজনিত দুর্ঘটনা থেকে রক্ষা করার জন্য আপনার দপ্তর কি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** মহাকরণে ব্যবস্থাদি আগে খুব একটা ছিল না, শুধু এক্সটিংগুইজার ছাড়া এবং মহাকরণে গত ৩ বছরে ৩টি ঘটনা ঘটেছে। দুটো ঘটনার পর আমার যেটা মনে হয় দপ্তরের অভিজ্ঞ লোকজনের সঙ্গে কথা বলে যে, মহাকরণে আরো বেশী এক্সটিংগুইজার থাকা উচিত আর জলের ব্যবস্থা ইনবিল্ট থাকা উচিত। তাছাড়া মহাকরণে অন্য সব হোটেলে যেসব গুলি থাকে সেগুলি এত বিস্তৃত জায়গায় সম্ভব নয়। ফায়ার অ্যালার্ম দরকার।

আমি মাননীয় সদস্যদের আশ্বস্ত করতে চাই কিছুটা এই বলে যে, পি. ডব্লু. ডি. কে আমরা এ সম্বন্ধে লিখেছিলাম এবং তাদের সঙ্গে বসেছিলাম। বসে একটা ব্লু প্রিন্ট ঠিক করেছি। সেটার কাজ শুরু হয়েছে। প্রথমতঃ যে কস্টটা ধরা হয়েছে সেটা হচ্ছে ৩০ লক্ষ টাকা। সেই টাকার মজুরি রাখা হয়েছে এবং কাজকর্ম শুরু হয়েছে। জলের অসুবিধার কথা যেটা বললাম—জলটা সামনের দিকের লালদীঘি থেকে নেওয়া যায়। কিন্তু মহাকরণের চেহারাটা অনেক বড়, তার পেছনের দিকের ব্যাপারটাও দেখতে হবে। অনেকগুলি গলি, ঘুচি নিয়ে মহাকরণ বিস্তৃত। এই লালদীঘি, সেখান থেকে জল নিয়ে ইন বিল্ট পাম্প বসিয়ে, সেখানে প্রেসার নিয়ে হাইড্রেন করার ব্যবস্থা হচ্ছে আন্ডার গ্রাউন্ডে জল নিয়ে। আর এ্যালার্ম সিস্টেম ইত্যাদি করা হচ্ছে। ইতিমধ্যে ফায়ার এসটিংগুইসার করা হয়েছে এবং এর ট্রেনিং-এর জন্য পি. ডব্লু. ডি'র লোকদের বলা হয়েছে। তারা লোক পাঠাবেন এবং তাদের ইন্সটিটিউশানে ট্রেনিং দেওয়া হবে। এই সমস্ত ব্যবস্থা মহাকরণ সম্বন্ধে নেওয়া হচ্ছে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, বিস্তৃত ব্যাখ্যা দিয়ে আপনি আমাদের নিশ্চিত করলেন। আপনি আসার পর আমরা দেখছি এটা আপনি ভালোভাবে গড়ে তোলার চেষ্টা করছেন। আমার প্রশ্ন, কলকাতাতে কতগুলি ফায়ার বিগ্রেড কেন্দ্র আছে এবং তাতে প্রযুক্তিগতভাবে শিক্ষিত এমন কতজন লোক বা কর্মী আছেন?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** এরকমভাবে হয় না। কলকাতায় ১২টি আছে। টু পাম্প ষ্টেশান যেটাকে বলা হয় সেখানে ৪০/৪২ জন লোক লাগে। এই ভাবে হিসাব করলেই

পাবেন। আর ফোর পাম্প ষ্টেশান যেটা সেখানে আমাদের ৬৫ জনের মতন লোক লাগে। সেই হিসাবে আমাদের এখন কলকাতা এবং সমগ্র পশ্চিমবঙ্গে ৮৫টি দমকল কেন্দ্র আছে। তবে সিঙ্গল পাম্প ষ্টেশান একটিও নেই। ২/৩/৪ পাম্প সব মিলিয়ে এবং সেখানে লোক সংখ্যা বর্তমানে প্রায় ১১ হাজার।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় হিসাব দিলেন যে '৯১ থেকে '৯৮ সাল—এই সময়ের মধ্যে ৮৬টি অগ্নিকান্ড হয়েছে। আমার প্রশ্ন, এই ৮৬টি অগ্নিকান্ডে মোট কত টাকার সম্পত্তির ক্ষতি হয়েছে এবং কত জনের প্রাণহানি ঘটেছে?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** আলাদাভাবে টোট্যালটা করা নেই তবে সবটা আমার কাছে করা আছে। যদি বলেন আমি পড়ে দিতে পারি, একটু সময় লাগবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আপনি টোট্যাল-টা বলে দিন।

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** আমার কাছে আলাদা আলাদা করে আছে, টোট্যাল-টা করা নেই। আমি সবটা বলে দিতে পারি একটু সময় দিলে। তবে একটা বছর যদি ধরেন, ধরুন '৯৮ সালটা যদি ধরেন তাহলে সেইভাবে আমি বলে দিতে পারি যে কত প্রপার্টি লস হয়েছে, কত সেভড হয়েছে ইত্যাদি। আমি '৯৮ সালটা বলছি। '৯৮ সালে হিসাবটা এই রকম-হকার্স কর্নারে ১২.৪.৯৮ তারিখে আগুন লেগেছিল এবং সেখানে ৫ লক্ষ ৫০ হাজার টাকার মতন প্রপার্টি ওরা এষ্টিমেট করেছিল। সেখানে ২ লক্ষ ৭৫ হাজার টাকার জিনিস সেভড হয়েছে। ঐ ৯৮ সালেই ৩.৫.৯৮ তারিখে আব্দুল হালিম লেনে একটি ক্লথ প্রিনটিং ওয়ার্কসে আগুন লেগেছিল। ওরা এষ্টিমেট দিয়েছিলেন, ওদের যা ক্ষয়ক্ষতি, যা নাকি সম্পত্তি সেখানে ছিল ৪ লক্ষ ৫০ হাজার টাকা। সেখানে সেভড হয়েছে ৪ লক্ষ ১০ হাজার। এগুলি টোটাল করা হয়নি। আমি সমস্ত স্ট্যাটিসটিক দিতে পারি কিন্তু একটু সময় লাগবে। তবে প্রাণহানীর সংখ্যা খুব কম। পশ্চিমবাংলায় দুই মাস আগে অল ইন্ডিয়া ফায়ার চীফদের একটা কনফারেন্স হয়েছিল ইনডোরে। সেখানে সমস্ত ফায়ার চীফরা এসেছিলেন। তাতে বিশেষ করে মেট্রোপলিটন শহরগুলি যেমন—কলকাতা, বোম্বে, দিল্লী, চেন্নাই, তার যে সংখ্যা তথ্য বেরিয়েছে, প্রয়োজন হলে আমি দিতে পারি, সেখানে প্রাণহানীর সংখ্যা, সম্পত্তির ব্যাপারে তাতে পশ্চিমবঙ্গ অত্যন্ত এফিসিয়েন্টের সঙ্গে সম্পত্তি রক্ষা করেছে এবং মানুষের ক্ষয়-ক্ষতিও কম। ১৯৯৮ সালে ১৬ জনের প্রাণহানির ঘটনা ঘটেছে। দিল্লীতে সবচেয়ে বেশী, আর বোম্বেতে একটা ঘটনায় মারা গেছে ৩৬ জন। আরো যদি স্পেসিফিক ভাবে জানতে চান তাহলে আমাকে নোটিশ দিলে পরে জানিয়ে দেব।

[11.10–11.20 a.m.]

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, অগ্নি নির্বাপন ব্যবস্থায় যারা কর্মী হিসাবে কাজ করেন, তাদের আধুনিক পদ্ধতিতে ট্রেনিং দেবার কি ধরনের ব্যবস্থা আছে এবং যারা ট্রেনিং পেয়ে এই কাজে নিয়োজিত আছেন। তারা কাজ করতে গিয়ে যদি

মারা যান তাহলে তাদের পরিবারবর্গকে কি কি সরকারী সাহায্য দেবার ব্যবস্থা আছে সেটা জানাবেন কি?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** ট্রেনিংয়ের প্রশ্নে আজকে রিফ্রেসিং কোর্স চালু হয়েছে। আগে যে ধরনের ট্রেনিং দেওয়া হত, এখন দেখা যাচ্ছে যে আগুনের চেহারা পাল্টেছে, এখন নানা রকম পেট্রো-কেমিক্যাল বাই প্রোডাক্টস এসেছে, ফলে প্রত্যেক বাড়ীতে- একটু অবস্থাসম্পন্ন বাড়ী হলে এগুলি বেশী থাকে, আর একটু নিম্নতম হলেও সেখানে একটা টি. ভি'র ব্যবস্থা, রান্নাঘরে গ্যাজেটস থাকে। এগুলির বিরুদ্ধে লড়বার যে ব্যবস্থা, যে নতুন টেকনোলজি, আমাদের যে নুতন ট্রেনিং ইনস্টিটিউট আছে সেখানে সব রকম কোর্স করানো হয়। সাধারণ ভাবে এখন যারা নুতন রিক্রুট হচ্ছে তারা পুরো ট্রেনিং পাচ্ছে। আর যারা পুরানো, আগে ট্রেনিং নেয়নি, তাদের জন্য রিফ্রেসিং কোর্স চালু করা হয়েছে এবং পর্যাযক্রমে সেখানে ট্রেনিং দেওয়া হচ্ছে। দ্বিতীয় যেটা বলেছেন, অগ্নি নির্বাপনের কারণে যদি মৃত্যু হয় তাহলে ডাই-ইন-হারনস-এর যে নিয়ম আছে তাতে প্রথমে তার বাড়ীর যদি সক্ষম লোক থাকে তাহলে চাকুরী পাবে। আর যদি দূরের লোক হয় তাহলেও নিয়মকানুন আছে, সেক্ষেত্রেও পেতে পারে। আর সরকারী অনুদান-এর নিয়ম আছে। এর আগে একটা ঘটনায় আগুনে পুড়ে মারা যাবার জন্য এক লক্ষ টাকা দেওয়া হয়েছিল। আর ডাই ইন হারনেসে অনেকের চাকুরী হয়েছে।

**শ্রীমতি শান্তা ছেত্রী ঃ** ১৯৯১ থেকে ১৯৯৮, বিশেষ করে ১৯৯৮ সালে যে সব বিধ্বংসী অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে তাতে কতজন দোষীকে ধরা হয়েছে এবং কতজনকে শাস্তি দেওয়া হয়েছে বলবেন কি?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** দোষীদের শাস্তিদানের ব্যাপারটা কোর্টের ব্যাপার, তবে প্রতিটি অগ্নিকান্ডের ঘটনাতেই মামলা হয়েছে। আমাদের যে ফায়ার প্রিভেনশন এ্যাক্টটা ছিল সেটা ১৯৫০ সালের আইন। ১৯৫০-এর পরে সমস্ত ব্যাপারটাই এ্যামেন্ডেড হয়ে গেছে। এ্যামেন্ডেড হবার পর আমাদের ক্ষমতা ছিল কেস করার, এ্যারেষ্ট করার। কিন্তু এখন কেস দিলে পুলিশ এ্যারেষ্ট করে ঠিকই, কিন্তু কোর্টে সেটা টেকে না। দেখা গেছে, দু'চারদিন হয়ত হাজত খেটেছে তারা বা অর্থদন্ড হয়েছে কতগুলো কোম্পানী বা অর্গানাইজেশনের।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** ৮৬টি অগ্নিকান্ড হয়েছে। আগে আগুন নেভাবার জন্য গঙ্গা জলের ব্যবস্থা ছিল। আজকে একথা কি ঠিক যে, প্রয়োজনীয় জলের অভাবে এবং প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাবে অগ্নিকান্ডে ক্ষয়ক্ষতি বেশী হচ্ছে?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** কোথাও ফায়ার হলে তার খবর পেতে অনেক সময় দেরী হয়। কিন্তু ফায়ার ইনষ্ট্রাকশন পাওয়ার সঙ্গে সঙ্গে আমাদের নিয়ম হচ্ছে, ৩০ সেকেন্ডের মধ্যে গাড়ী নিয়ে বেরিয়ে যেতে হবে। সেটা তারা বেরোনও, বেরোতে কোন অসুবিধা তাদের হয় না। যন্ত্রপাতির ক্ষেত্রে বলি, যন্ত্রপাতি যা আছে সেটা সম্পূর্ণভাবে আছে তা নয়, কিন্তু জলের অসুবিধা নিশ্চয়ই আছে। সেটা অস্বাভাবিকভাবে রয়েছে। তার জন্য

একটা ব্যবস্থা নেওয়া হয়েছে। সেই ব্যবস্থা অনুযায়ী ক্যালকাটা কর্পোরেশন আমাদের হাতে ২১টি হাইড্রেন্ট তুলে দিচ্ছে এবং সেগুলো আমাদের ডিজাইন অনুযায়ী তারা করেছেন। মুশকিল হ'ল, হাইড্রেন্টের মুখগুলি গানমেটালের, কিন্তু সেগুলো মানুষ চুরি করে নিয়ে যাচ্ছে এবং তার ফলে সেগুলো ডিফাংক্ট হয়ে যাচ্ছে। এখন সেগুলো গার্ডেড করা হচ্ছে যাতে মানুষ বুঝতে না পারে যে এখানে হাইড্রেন্ট আছে। কোথায় আছে সেটা একমাত্র পুলিশ এবং আমরাই জানতে পারবো। এরকম হাইড্রেন্ট আগামী দুই মাসের মধ্যে তারা আরো ৮টা করবেন এবং আমাদের খরচে আরো ৩০টা হচ্ছে। এছাড়া পুরানো ট্যাকশাল, সেটাকে আরো বড় করতে—যেহেতু নিমতলার টিম্বার মার্চেন্ট এলাকার তাদের স্টক এবং অফিসগুলিতে ৩-৪ বছর ভয়াবহ আগুন হয়েছিল এবং সেগুলো চালু রাখতে ২০ লক্ষ টাকা দিয়েছি। ঐ এলাকার জন্য সেখানেও হাইড্রেন্ট তৈরী হবে। যন্ত্রপাতি, গাড়ীঘোড়া—এসব আছে। জি. আই. সি. থেকে যে লোন দেওয়া হয়েছে সেই টাকা থেকে যা আছে তার উপর আরো কিছু কিনছি। উঁচু বাড়ীতে আগুন নেভাতে এরিয়াল ল্যাডার দরকার হয়। এরকম এরিয়াল ল্যাডার আমাদের ৫টা আছে।

[11.20–11.30 a.m.]

আমাদের এখানে সেইগুলি ব্যবহার হয়। কিন্তু এরিয়াল ল্যাডার নিয়ে ছোট গলিতে কাজ করা যায় না, টেকনিক্যাল ব্যাপারটা বুঝতে হবে। বাড়িগুলির ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয়েছে। নূতন যে বাড়িগুলি হচ্ছে, ১৯৯৬ সালের পর ন্যাশানাল বিল্ডিং কোড না মেনে কোন বাড়ি হয় নি। এই কথা আমি বলছি। ডুয়েলিং হাউস হোক, হাসপাতাল হোক, স্যানিটোরিয়াম হোক, হোটেল হোক সব গুলির ব্যাপারে এটা প্রযোজ্য। এখন যে বাড়ি হচ্ছে এবং আগামী দিনে যে বাড়িগুলি হবে সেখানে ইনবিল্ড এ্যারেঞ্জমেন্ট থাকবে। রিফিউজ এরিয়া থাকবে এবং সমস্ত কিছু থাকবে। ল্যাডার বড় হয় না। আমাদের দেশে যা বাড়ি আছে তার সব চেয়ে বেশী হলে ২২ তলা। বিদেশে আছে ২০০ তলা। কিন্তু ২০০ তলায় ল্যাডার ব্যবহার হয় না। পৃথিবীতে সবচেয়ে বড় যে ল্যাডার তৈরী হয় তা হলো ৬৪ মিটার। এইগুলি রিফিউজ এরিয়ায় নিয়ে ঢুকতে নানা অসুবিধা হয়। এই বড় বড় ল্যাডার যেগুলি ওদের রাস্তা দিয়ে চলতে পারে এই ৬৪ মিটারের ল্যাডার আমাদের রাস্তা দিয়ে চলতে পারে না, নানা জায়গায় আটকাবে। সেইজন্য ৫৪ মিটারের ল্যাডার আমাদের আসছে এবং ৪ কোটি টাকা করে এক-একটা ল্যাডারের দাম। আমরা গ্লোবাল টেন্ডারের মাধ্যমে এই ল্যাডার কিনবো। বিশ্বে ৬টি কোম্পানী এই ল্যাডার তৈরী করে, যার জিনিস ভাল হবে তার থেকে কিনবো। আমাদের ওয়াটার বোজার ভাল কাজ করছে, আমাদের এখন ৬টি আছে আরো ৪টি আনছি। যে টাকা লোন নেওয়া হয়েছে সেই টাকা দিয়ে এইগুলি আনা হচ্ছে। আমরা একটা ট্রেনিং ইনস্টিটিউট করেছি, এই ট্রেনিং ইনস্টিটিউটে কাজকর্ম অনেক বেড়েছে। আপনাদের জানতে ভাল লাগবে, পঙ্কজবাবু শুনলে ভাল লাগবে আরো যেটা করছি। সিমেন্সে চাকুরী পশ্চিমবাংলা থেকে হচ্ছে না। কারণ সি ফেরারদের একটা অগ্নিনির্বাপন ট্রেনিং

দরকার, তা ছাড়া চাকুরীতে বহাল হতে পারবে না। বৃটিশ বলুন ক্যানাডিয়ান বলুন সমস্ত জায়গায় বৃটিশ আমল থেকে জাহাজে চাকুরীতে অবিভক্ত বাংলার ছেলেরা যেত, সি ফেরার হিসাবে তাদের পছন্দ করতো। কিন্তু দেখতে পাচ্ছি পশ্চিমবাংলা থেকে যেহেতু ওই ট্রেনিং-এর জাহাজ ভদ্রাকে ৮ বছর আগে তুলে নিয়ে যাওয়া হয়েছে পশ্চিমবাংলা থেকে সেই জন্য এখানকার ছেলেরা চান্স পাচ্ছে না। আমাদের পশ্চিমবাংলার অগ্নিনির্বাপক দপ্তর সি ফেরার ইন্সটিটিউট করেছে তাতে ৪ হাজার ফেরারের ট্রেনিং-এর ব্যবস্থা করেছে। তাদের ইমপ্লিমেন্ট দিয়েছে নাবিকীয় পরিষদ। সেখানে ৩৬ লক্ষ টাকা জিনিসপত্র আসছে, তবে সেটা যথেষ্ট নয়, সেখানে ল্যাব ইত্যাদি মিলিয়ে ৪ কোটি টাকার যন্ত্রপাতির দরকার হবে। আশা করি এই কথাতে আপনার সব কভার করে গেছে।

**শ্রী মুস্তাফা বিন কাশেম ঃ** অগ্নি সে ছোট হোক আর বড় হোক, যেন না লাগে, ক্ষয়ক্ষতি যেন হতে না পারে। অগ্নি নেভাবার ব্যাপারে সরকারী উদ্যোগ কি নেওয়া হয়েছে সেটা আলোচনা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে যেটা জানতে চাই তা হলো প্রকৃত কলিকাতা মহানগরীতে প্রকৃত ঘন জনবসতি এলাকা দোকান-পাট রাস্তা-ঘাট সব মিলিয়ে, অগ্নি বিধ্বংসী হওয়ার মূল কারণ এটা স্টাডির মাধ্যমে সমীক্ষার মাধ্যমে আইডেনটিফাই করার প্রয়াস আপনার দপ্তর থেকে হয়েছে কিনা? বিজ্ঞান ভিত্তিক এইগুলি চিহ্নিত করে আপনার দপ্তর থেকে সাসটেনডেড এফোর্ট আছে কিনা? এই ব্যাপারে আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন? সর্ব স্তরের মানুষকে সচেতন করা এবং এ্যাওয়ারনেসের ব্যাপারে আপনার বিভাগ কি কি পদক্ষেপ গ্রহণ করেছে বা করার কথা ভাবছে?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** খুব রেলিভ্যান্ট প্রশ্ন খুব ভাল প্রশ্ন করেছেন। আমি বলি, এই সমীক্ষা আমরা করেছি। শহরাঞ্চলের ক্ষেত্রে প্রতিটি বাড়ির আগুনের ক্ষেত্রে ফরেন্সিক'এর কাছ থেকে আমরা কারণগুলো জেনে নিই। কিছু কিছু আছে, খুব বড় এলাকা হলে রন্সিক বলতে পারে না। শহরের আগুনের এবং গ্রামের আগুনের কারণ, খুব বড় এলাকা হলে ওরা বলতে পারে না। আমরা ভিলেজ ফায়ার প্রোটেকশানের জন্য এই রকম পরিকাঠামো আলাদা আলাদা ভাবে করতে পারবো না। পৃথিবীতে কোথাও এই রকম নেই। এগুলো ভলান্টিয়ারা করে থাকে। আমাদের এখানে একবার ভলান্টিয়ারের কথা বলেছিলাম। কিন্তু মানুষ ভাবে পার্মানেন্ট চাকুরী হয়ে যাবে। এগুলো ভলান্টিয়াররা করে থাকে। গ্রামের আগুনেও বহু মানুষের প্রাণ গেছে—দু'তিনজন করে মানুষ মারা গেছে। সেখানে বিড়ি এন্ডস্, বিড়ি খেয়ে কেউ ছুঁড়ে ফেলে দিল, তারপর সেখানে 'কুপি' এবং রান্নাঘরে যা ব্যবহৃত হয়, পাতাটাতা সেগুলো পড়ে গিয়ে আগুন লাগে। শহরাঞ্চলে, বিশেষ করে মাল্টি ষ্টোরিড বিল্ডিং এবং অফিস কমপ্লেক্স যেগুলো আছে, সেখানে আমরা সমীক্ষা করে দেখেছি। সেখানে ঘটনাগুলো ঘটে ছুটির দিনে, বিশেষ করে শনিবার বা রবিবারে। কারণটা আমরা যা পেয়েছি ফরেন্সিকের কাছ থেকে এবং আমাদের যারা আগুন নেভাতে যান প্রথম ব্যক্তি তাদের কাছ থেকে, বেশীরভাগ

ক্ষেত্রে অসাবধানতা বশত হয়। তারা তাড়াতাড়ি বেরিয়ে যান। সেখানে যে গ্যাজেটগুলো থাকে তার কোনটা বন্ধ করে যান না। এয়ার কন্ডিশনিং মেশিনগুলো দেখেছি চলতে থাকে। ইলেকট্রিক্যাল গ্যাজেটসের জন্যই প্রথমত ইলেকট্রিক্যাল শর্ট সার্কিট হয়—বেশীরভাগ ক্ষেত্রে অবশ্যই। এখন ইদানিং ১নং ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেসে যে আগুনটা লাগলো, তার কারণটা আসবে। যে ব্যক্তি ছিলেন, একমাত্র ব্যক্তি ছিল, সে এখন ৮০ পার্সেন্ট বার্ন নিয়ে হাসপাতালে আছে। সে লিখিতভাবে সেদিনকার যে বিবরণ দিয়েছে, তাতে সে নিজেই বলেছে যে, আমি একটা পলিথিন শিট লাগাচ্ছিলাম ফেভিকল দিয়ে। মোমবাতিটা হঠাৎ পড়ে গিয়ে আগুন লেগেছিল। শহরাঞ্চলে আগুন লাগার কারণ এগুলো। এছাড়া বাজারে দেখবেন ইলেকট্রিক্যাল লাইনগুলো ঠিক নেই। কার লাইন কার সঙ্গে জোড়া আছে তা বোঝা যায় না—সেখানে অনায়াসে আগুন লাগছে। জতুগৃহ হয়ে আছে সেগুলো। সেগুলো কি করে ধরবো? আমরা দেখেছি, ছোট-ছোট কিউবিকল্ করে অফিস হয়েছে। সেখানে নতুন সব সরঞ্জাম আছে। সবগুলো দেখাবার জন্য, সৌন্দর্যের জন্য সাজানো হয়েছে, এগুলোর প্রতিটি জিনিস হচ্ছে আগুনের খাদ্য। এই অবস্থার মধ্যে একমাত্র পশ্চিমবঙ্গ সরকারের ফায়ার প্রিভেন্টিভ ডিপার্টমেন্ট, অগ্নি নির্বাপক দপ্তর এর মোকাবিলা করতে পারবে না। যতক্ষণ পর্যন্ত না সচেতনতা আসবে এটা পারবো না। আমরা কি করছি, আমরা পূজার সময়ে করি, সব সময়ে করতে পারি না। এত লোক আমাদের নেই। সেজন্য এপ্রিল মাসে আমরা একটা মান্থ টুগেদার করি। আগে এটা আমরা করতাম প্রিভেন্টিভ উইক হিসাবে। এখন আমরা প্রতি মাসে সিম্পোজিয়াম করছি, বহু মানুষ এগিয়ে আসছে। গত বছর দার্জিলিংয়ে করেছিলাম। ওটি একটি ফায়ার প্রোণ এলাকা। পাহাড়ে মানুষ কাঠের ঘরে থাকে। সেই ঘরের মধ্যে পেট্রোল, ডিজেল রেখে দেয়, যেগুলো আগুনের খোরাক। সেখানে মিঃ ঘিসিং এবং বিভিন্ন ইনষ্টিটিউটের প্রিন্সিপ্যাল, প্রফেসর এবং বহু বিশিষ্ট লোক এসেছিলেন।

[11.30–11.40 a.m.]

মিরিক থেকে শুরু করে কালিম্পং, কার্শিয়াং, দার্জিলিংয়ে সিমপোজিয়াম করে লোকজন আনা হয়েছিল। আর কলকাতাতে করল সিমেন্স, তাদের উদ্যোগে করা হয়েছিল, তাছাড়া এলাহাবাদ ব্যাঙ্ক করেছে, ইনজিনিয়ারস্রা করেছে, পি ডব্লিউ ডি করেছে। ইনজিনিয়ারস্রা আরো বড় করে করল। তারা এসব করে কি কি কারণে আগুন লাগতে পারে এবং তার প্রিভেনশান কি নেওয়া যেতে পারে এবং কিভাবে এই সমস্যার মোকাবিলা করতে হবে দেখানো হয়। এতে সবাইকে ডেকে বোঝান হয়। এখানে যে অবস্থা তাতে যে নতুন প্রিভেনটিভ রুলস্ হয়েছে তার মধ্যে আমরা ৩টে এজেন্সিকে দেওয়ার কথা বলা হয়েছে। তারা ফ্যাকটারী কতবড়, কি ধরণের প্রিভেনশান সেখানে নিতে হবে ইত্যাদি শেখাবে এবং সেখানে যে আমাদের প্রিভেনটিভ রুলস্ আছে তার ওপরে ভিত্তি করে সেগুলো দেখবে এবং রিপোর্ট করবে। এর উপরে থাকবে ফায়ার ব্রিগেড প্রিভেনটিভ ডিপার্টমেন্ট, তারা রিপোর্ট দেখবে। এটা শর্ট টার্ম এজেন্সিকে দেওয়া হবে। অল্প সময়ের জন্য এই ৩টে এজেন্সিকে রিক্রুট করা হবে। এক একটা

এজেন্সির মাধ্যমে বিভিন্ন এলাকায় আগুন লাগার ক্ষেত্রে তারা বিষয়টা খতিয়ে দেখবে। আমরা জানি লেদের কারখানায় খুব একটা আগুন লাগে না। তবে আজকাল যে সব হাইটেক কারখানা গড়ে উঠেছে, সেই সমস্তগুলোতে একটু আধটু অসাবধান হলে পরেই আগুন লেগে যাবার সম্ভাবনা। সেই সব জায়গায় ইলেকট্রিকাল বিষয় নিয়ে সব কাজকর্ম। গ্রামের রোলিং মিলগুলোতে আগুন লাগার সম্ভাবনা কম। সুতরাং আগুন লাগার ব্যাপারে ৩টে করে এজেন্সি করে এক্সপার্টদের দিয়ে খতিয়ে দেখার ব্যবস্থা করা হবে। তবে এর জন্য সচেতন বৃদ্ধি করতে হবে। পাবলিক এওয়ারনেস বাড়াতে না পারলে আগুন লাগা বন্ধ করা যাবে না। সেখানে এ্যাওয়ারনেসের মাধ্যমে আগুন যাতে কম লাগে তার ব্যবস্থা করতে হবে। এ্যাওয়ারনেস থাকলে প্রিভেনশান আসবে। সুতরাং এ্যাওয়ারনেস প্রোগ্রাম নিতে হবে হাউ টু প্রিভেন্ট ইট এবং তাহলেই দেয়ার উইল বি লেস ফায়ার ইনসিডেন্ট।

**মিঃ স্পীকার ঃ** এটা তো ফায়ার বাজেটের দিন বলতে পারতেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমি মাননীয় সদস্যর সাহায্য নিয়ে বলছি যে, ৮৬টি যে আগুন লাগার ফলে ২৪৮ কোটি ৪১ লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হয়েছে।

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** ৯০ পার্সেন্ট সেফ হয়েছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী বিস্তারিত উত্তর দিয়েছেন কিন্তু এই ৭ বছরে যে ৮৬টি অগ্নিকান্ড ঘটেছে, তাতে প্রতি মাসে যদি একটি করে আগুন লাগে তাহলে ৭ বছরে ৮৬টি অগ্নিকান্ড ঘটছে, তার মধ্যে আমরা দেখছি চারটে কারণে এই অগ্নিকান্ড ঘটছে যথা—কলকাতায় বস্তি এলাকাতে, না হলে ক্লাসটার অফ সপস্, না হলে মাল্টি স্টোরেড বিল্ডিংয়ে, না হলে বেআইনী দাহ্য পদার্থ নিয়ে কাজ করার জন্যে আগুন লাগছে। আপনি ৭ বছর ধরে মন্ত্রী নন, তাই ৮৬টি অগ্নিকান্ডের বিষয় বলতে পারবেন না, আপনি ৩ বছরে অর্থাৎ ১৯৯৬-৯৯ সাল পর্যন্ত যে অগ্নিকান্ড ঘটেছে সেগুলো বন্ধ করার জন্যে কাজের গাফিলতির জন্য দোষী সাব্যস্ত করে কোন লোককে গ্রেপ্তার করেছেন কি, বা কোন লোককে শাস্তি দিয়েছেন কিনা এবং কি ব্যবস্থা নিয়েছেন জানাবেন কি?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** এর উত্তর আমি দিয়েছি। প্রতিটি ক্ষেত্রেই কেস হয়, প্রতিটি ক্ষেত্রেই এ্যারেষ্ট করা হয়। কিন্তু জেলে দেওয়ার ব্যাপারে আমাদের প্রভিশান আছে, তবুও আমরা জানি না, কোর্ট সেটা দিতে পারে। আর কতজনে কেসে এ্যারেষ্ট হয়েছে সেটা সম্বন্ধে এখুনি বলা সম্ভব নয়। তবে কিছুদিন আগেই যে ঘটনা ঘটল রাজারহাটে বাল্ব ফ্যাক্টারীতে তাতে আমরা ৫ জনকে এ্যারেষ্ট করেছি। ৫ জনকে এ্যারেষ্ট করেছি, একটা সিনেমা হলে আগুন লেগেছিল—ম্যাজেষ্টিক-এ —তার মালিক সেই এলাকায় খুবই পরিচিত লোক ছিল, তাকেও এ্যারেষ্ট করেছি। এমন কি আপনারা জানেন—সমস্ত ক্ষেত্রেই এ্যারেষ্ট হচ্ছে—এ্যারেষ্ট হলেই তো তাকে জেল দিতে পারছি না। তবে আমি আগেই বলেছি, অনেক কারখানার ক্ষেত্রে আমাদের যে সমস্ত কেস করেছি, সেখানে অর্থদন্ডয় দন্ডিত হচ্ছেন, কোর্ট ফাইন করেছেন এটা হয়েছে। দুর্গাপুরে ৩টি ক্ষেত্রে রিসেন্টলি ফাইন হয়েছে। এবং আপনারা জানেন বিশ্বভারতীর শান্তিনিকেতনে পৌষ

মেলায় যে অগ্নিকান্ড ঘটেছিল, সেখানেও আমরা তাদেরকে স্পেয়ার করিনি। সেখানে এ্যারেষ্ট ওয়ারেন্ট নিয়ে পি. আর. ও. এবং সেক্রেটারী লেখালিখি করেছিলেন, আমরা বলেছি, আপনারা এই রকম করবেন না। বাজি পোড়াবেন না, -এটা কবি গুরুর সময় থেকে হয়ে আসছে—এই রকম করবেন না। আপনারা যে রকমভাবে কাপড়ের দোকান আর পাশে তেলে ভাজার দোকান করছেন এইসব করবেন না। এইসব লেখালিখি আছে আমাদের কাছে। কোর্ট পেপারে ওরা লিখে জমা দিয়েছিল, ওরা এই রকম করবেন না। কিন্তু তা সত্ত্বেও ঘটল, তারা তখন বলল, আমরা দুঃখিত। সেখানে অর্মত্য সেন ছিলেন, অনেক জ্ঞানীগুণী লোক সেখানে ছিলেন, বহু অতিথি সেখানে ছিলেন, তাদের যে এ্যাপ্রোচ এরিয়া সেখানে হাজার হাজার সাইকেল ভাড়া দেওয়া হয়েছিল, সেখানে সাবডিভিশানাল ম্যাজিষ্ট্রেট কোর্টে মামলা চলছে। আমরা তাদেরও ছাড়বো না, আইন কঠিনভাবে প্রয়োগ করা হবে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** স্যার, আমি জানতে চাইছি, এই কলকাতা শহরে তথা রাজ্যের বড় বড় শহরগুলিতে অগ্নিকান্ডর ঘটনা ঘটলে ফায়ার ব্রিগেড সেখানে যত তাড়াতাড়ি এ্যাটেন্ড করে,—যেহেতু সার্ভিস ষ্টেশানগুলি কাছাকাছি থাকে—কিন্তু গ্রামবাংলায় সেটা ততটা সম্ভব হয় না, কারণ সার্ভিস ষ্টেশান থাকে অনেক দূরে, কোথাও ৫০ কি.মি., কোথাও ৬০ কি.মি., কোথাও তারও বেশী আছে। এই সমস্ত এলাকায় ফায়ার সার্ভিস ষ্টেশান করার জন্য অতিরিক্ত ব্যবস্থা কিছু করবেন কিনা আমি জানতে চাই।

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** বর্তমানে নেই।

**ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোন**

*৫৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬৪) **শ্রী রামপদ সামন্ত ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২৪ পরগণার ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোন থেকে রপ্তানীযোগ্য পণ্য জলপথে সরাসরি কলকাতা ও হলদিয়া বন্দরে পাঠানো শুরু হয়েছে; এবং

(খ) উক্ত প্রসেসিং জোনে বৈজ্ঞানিক পদ্ধতিতে কতগুলি কাঁচা ফল, ফুল ও মাছ প্রক্রিয়াকরণ ও প্যাকিং শিল্প গড়ে উঠেছে (পৃথক পৃথক হিসাব)?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) কাঁচাফল, ফুল, মাছ—না প্যাকেজিং শিল্প—১টি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন, রপ্তানি যোগ্য পণ্য বন্দরে পাঠান শুরু হয়েছে এবং প্যাকেজিং শিল্প একটি মাত্র কেন্দ্রে পড়েছে, আমি জানিতে চাইছি, অনেক

শিল্পোদ্যোগী এখন শিল্প করার জন্য এগিয়ে আসছেন, বিশেষভাবে ঐ জোন থেকে, সিঙ্গেল উইনডো সিস্টেম বা এক জানালা পদ্ধতির মাধ্যমে শিল্পোদ্যোগীরা কি ধরণের সহায়তা পাচ্ছেন বা পাবেন কিনা জানাবেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ** ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোন-এর সম্বন্ধে আপনার প্রশ্নের উত্তরে জানাচ্ছি, সিঙ্গেল উইনডো সিস্টেম এর যে কাজ তার চেয়েও শক্তিশালী ব্যবস্থা আছে। একজন ডেভোলাপমেন্ট কমিশনার আছেন, ব্যাঙ্ক শাখা আছে, কাষ্টমস অফিস আছে কেন্দ্রীয় সরকারের, যাতে ওখানে বসেই সমস্ত ব্যবস্থা হতে পারে, তার সমস্ত ব্যবস্থা ওখানে আছে।

**শ্রী রামপদ সামন্ত ঃ** আমি জানতে চাইছি, ঐ জোনে শিল্প কারখানা খোলার জন্য রাজ্যের বিশেষভাবে কোন কোন এলাকায় বা কোন কোন রাজ্যকে পশ্চাদভূমি হিসাবে চিহ্নিত করা হয়েছে জানাবেন কি?

[11.40–11.50 a.m.]

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ** আপনার প্রশ্নটা ঠিক বুঝতে পারলাম না।

**শ্রী রামপদ সামন্ত ঃ** পশ্চাদভূমি বলতে আমি বলতে চাই, এই শিল্পকেন্দ্র গড়ে তোলার জন্য কৃষিপণ্য বা যে কাঁচামাল সংগ্রহ করা হবে এবং যেখান থেকে এগুলো সংগ্রহ করা হবে তাকেই আমি পশ্চাদভূমি বলে উল্লেখ করতে চাই। সেই পরিপ্রেক্ষিতে আমি জানতে চাই পশ্চিমবাংলা ছাড়া অন্য কোন রাজ্যকে কি পশ্চাদভূমি বলে ব্যবহার করা হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ** ফলতা রপ্তানি কেন্দ্রটি খুবই সাফল্যমন্ডিত হয়েছে। এখানে ৬২টি ইউনিট কাজ করছে। ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ৭২ কোটি ৭৭ লক্ষ টাকার জিনিস রপ্তানি হয়েছে এখান থেকে। আমি একটি প্যাকেজিং ইউনিট উল্লেখ করেছি, কিন্তু টোটাল ৬২টি ইউনিট আছে। তার মধ্যে ১১টি ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিকালস্ ২টি, টেক্সটাইল ২টি, কেমিকেল এবং এ্যালায়েড ১৫টি, জেমস্ এবং জুয়েলারী ২টি, টী ৭টি, অন্যান্য ১৪টি। এই ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনটি কেন্দ্রীয় সরকার করেছে, তবে এটা খুব একটা বিশাল কেন্দ্র নয় সামগ্রিক বিচারে। তাই এর পশ্চাদভূমি কোথায়, এই রকম আলোচনা করা খুবই দুরূহ ব্যাপার। এখানে যে যে দ্রব্য সামগ্রী তৈরী হয় তা পশ্চিমবাংলায় পাওয়া যায়, পূর্বাঞ্চলেও কিছু কিছু পাওয়া যায়, পশ্চিম ভারতেও কিছু কিছু পাওয়া যায়, যেখান থেকে কাঁচামাল পাওয়া যায় সেখান থেকেই আনে। তাই পশ্চাদভূমি বলতে কোন এরিয়া সেইভাবে করা হয়নি। ভারতবর্ষের রপ্তানি বাড়াবার জন্য এই এক্সপোর্ট প্রসেসিং জোন স্থাপিত হয়েছে এবং এটা অনেকটা সাফল্যমন্ডিত হয়েছে।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় ঠিকই বলেছেন যে ফলতা অবাধ বাণিজ্য কেন্দ্র রাজ্য সরকারের নয়, এটা কেন্দ্রীয় সরকারের বাণিজ্য দপ্তরের পয়সায়

সেটআপ হয়েছে এবং তারাই এটাকে চালান। এমনকি ডেভালপমেন্ট কমিশনারও কেন্দ্রীয় সরকারের অধীনে কাজ করেন। এখানে রাজ্য সরকার কিছু ইনফ্রাষ্ট্রাকচার করতে পারত। কিন্তু যারা গেছেন তারা দেখেছেন বাণিজ্যকেন্দ্রে যাওয়ার একটি এ্যাঁকাবেকা রাস্তা আছে। তবে রাস্তাটি খুব ভালো নয়। যোগাযোগ ওখানে একটি বড় সমস্যা। তাই আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই, অন্যান্য যে সমস্ত অবাধ বাণিজ্য অঞ্চল আছে সান্তাক্রুজ বা কান্ডলা, তাদের তুলনায় ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোন খুব একটা সফল নয়। একটা এক্সপোর্ট প্রসেসিং জোনের টার্নওভার মাত্র ৭২ কোটি টাকা। এখানে টার্নওভার বাড়াবার জন্য, ইন্ডাষ্ট্রি যাতে আরও বেশী সেটআপ হয় তার জন্য এবং ইনভেস্টারদের আকর্ষিত করার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী** ঃ প্রথমতঃ আমি স্বীকার করতে পারলাম না রাস্তাঘাটের অবস্থা খুব খারাপ। যে ধরনের রাস্তাঘাট আমরা দেখতে অভ্যস্ত, তার তুলনায় ভালো এবং কিছু কিছু রাস্তা তো আন্তর্জাতিক মানের। আমি এক বছর আগে একজন অনাবাসী ভারতীয়র কারখানা উদ্বোধন করে এসেছি, তখন দেখেছি রাস্তা তো ভালই। তবে পশ্চিমবাংলার সয়েল যে রকম সফট্ তাতে রাস্তা খারাপ হয়ে যায় এবং প্রতি বছর অনেক টাকা খরচ করে রাস্তা করা যায় না বলেই ভেঙ্গেচুরে যাচ্ছে।

আমার মনে হয়, এটা এইভাবে বিবেচনা করা যেতে পারে—কেন্দ্রীয় সরকার নতুন আর্থিক নীতি গ্রহণ করার পর, বিশেষ করে আমদানি-রপ্তানির ক্ষেত্রে যে নীতি গ্রহণ করেছেন, তার পরে এরকম এক্সপোর্ট জোনের কোন বিশেষ তাৎপর্য আছে কিনা সন্দেহ। কারণ, এখন সারা দেশ জুড়ে এক্সপোর্ট সম্পর্কে যে ধরণের চিন্তা-ভাবনা করা হচ্ছে, কেন্দ্রীয় সরকার, কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রক যে ভাবে কাজ করছেন, যদিও আমরা সব দিক দিয়ে খুবই সহযোগিতা করছি, কিন্তু আরও অন্যান্য ক্ষেত্রে আলাদা এক্সপোর্ট জোন করার তাৎপর্য আছে কিনা—বিশেষ করে '৯১ সালের আগে যেটা ছিল—সেই বিষয়ে সন্দেহ আছে।

**শ্রী সৌগত রায়** ঃ একটা এক্সপোর্ট প্রসেসিং জোনে যখন সব কাজ হয়ে যাচ্ছে, তখন এর তাৎপর্য কেন থাকবে না?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে বলছি,—লক্ষ্য করে দেখবেন, ইন্ডাস্ট্রিয়াল প্রমোশনের অফিসগুলো সারা পৃথিবীতে কেন্দ্রীয় সরকার তুলে দিচ্ছে, এক্সপোর্ট জোনের ব্যাপারে নতুন কিছু ঘোষণা ৭ বছরেও হয়নি। কারণ কি? তখনকার কেন্দ্রীয় মন্ত্রী চিদাম্বরমের সাথে হায়দ্রাবাদে আলোচনা হয়েছিল—কি করে কি করা যায়—চন্দ্রবাবু নাইডুও সেখানে ছিলেন। আন্দামান নিকোবর সম্বন্ধেও আলোচনা হয়। গভর্ণরও ছিলেন। এক্সপোর্ট অরিয়েন্টেড ইউনিট নিয়ে কথা হয়েছিল, এক্সপোর্ট জোনগুলোতে বিশেষ কিছু সুবিধা দেওয়ার ব্যাপারে—সেটা এখন সকলে পাচ্ছে। আগে এক্সপোর্ট জোনগুলোতে ফিনান্সিয়াল এবং অন্যান্য সুযোগসুবিধা যে সব

পাওয়া যেত, সেটা সব জায়গায় পাবে। '৯১ সালের আগে যা ছিল, আরও ভালো করে বললে '৯৪ তে যা ছিল, সেটা এখন আছে কিনা সন্দেহ আছে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** ফলতা এক্সপোর্ট জোনে যে বিষয়গুলোর প্রক্রিয়াকরণের কথা, তার মধ্যে একটা ছিল অ্যালকোহল তৈরী করা এবং সেটা সুগার বিট থেকে। সেই সুগার বিটের একটা বিশাল ক্ষেত্র তৈরী হয়েছে সুন্দরবন অঞ্চল জুড়ে। সেটা বন্ধ হয়ে যাওয়ার কারণ কি আপনি জানেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :** সুন্দরবন সুগার বিট কারখানা সম্বন্ধে বলছেন—সেটা তো ওখানে নয় এবং সেই কারখানার সঙ্গে ফলতা জোনের কোন সম্পর্ক আছে কিনা আমি জানি না। ওখানে যেটা আছে, কেমিক্যাল এ্যালায়েড, সেটা ১৫টি আছে, তার মধ্যে অ্যালকোহল আছে কিনা দেখতে হবে।

**শ্রী দেবব্রত ব্যানার্জী :** ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোন যেটা গড়ে উঠেছে, বিভিন্ন নামে আরও কিছু এই ধরণের জোন গড়ে উঠছে, যেমন দুর্গাপুরে গড়ে উঠেছে ই. পি. আই. পি. - এক্সপোর্ট প্রোমোশান ইন্ডাস্ট্রিয়াল পার্ক। যেসব ইন্ডাস্ট্রি সেখানে আসবে, তাদের জন্য কিছু শর্ত আছে - তা হচ্ছে, ন্যূনতম ৫০ ভাগ তাদের প্রডাক্ট এক্সপোর্ট করতে হবে। ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনে এই ধরণের কিছু শর্ত আরোপ করা হয়েছে, নাকি তাদের পক্ষে যতটা সম্ভব এক্সপোর্ট করবে, এই স্বাধীনতা আছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :** দুর্গাপুরে মাননীয় সদস্য যেটা উল্লেখ করেছেন ঠিকই। ই. পি. আই. পি. যেটা করা হয়েছে কেন্দ্রীয় এবং রাজ্য সরকার-এর যৌথ উদ্যোগে এবং আসানসোল-দুর্গাপুর ডেভলপমেন্ট অথোরিটিকে দায়িত্ব দেওয়া হয়েছে ওটা নির্মাণ করার। আসানসোল, দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটিকে আমরা দায়িত্ব দিয়েছি ওটা নির্মাণ করার। কেন্দ্রীয় সরকার ১০ কোটি টাকা দিয়েছে। আমরা ৪ কোটি টাকা দিয়েছি। আরও টাকা বিনিয়োগ হবে। সেই কাজ প্রায় সমাপ্তির পথে। কত শতাংশ রপ্তানী করতে হবে, তাতে বাধা নিষেধ যে আছে, সেটা ফলতার চেয়েও দুর্গাপুরে কম। দুর্গাপুরে ৩৬-৪০ শতাংশ এক্সপোর্ট করা হবে। কিন্তু ফলতায় প্রায় সবটাই এক্সপোর্ট করতে হবে। কিছু বিশেষ ক্ষেত্রে ইন্টারনাল কনজাম্পশান করতে হবে।

## গ্রামীণ উন্নয়নে বরাদ্দকৃত অর্থ

*৫৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬০২) **শ্রী তপন হোড় :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬-৯৭, ১৯৯৭-৯৮এবং ১৯৯৮-৯৯ -এর আর্থিক বছরগুলিতে রাজ্যের গ্রামীণ উন্নয়ন বাবদ দশম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকার কত টাকা বরাদ্দ করেছে; এবং

(খ) তার মধ্যে কত টাকা খরচ হয়েছে?

**ডঃ সূর্যকান্ত মিশ্র ঃ**

| সাল | বরাদ্দ অর্থের পরিমান |
|---|---|
| ১৯৯৬-৯৭ | টা. ৮৩,৩৬,০০,০০০ |
| ১৯৯৭-৯৮ | টা. ২০,৮৪,০০,০০০ |
| ১৯৯৮-৯৯ | শূন্য |

| সাল | খরচের পরিমান |
|---|---|
| ১৯৯৬-৯৭ | শূন্য |
| ১৯৯৭-৯৮ | টা. ১,৩৭,৮২,১১০ |
| ১৯৯৮-৯৯ | টা. ৫৩,১০,৫৫,৯২০ |

[11.50-12.00 Noon]

**শ্রী তপন হোড় ঃ** আপনি যে হিসাবটা দিলেন সেটা হচ্ছে বরাদ্দের হিসাব। আপনি পেয়েছেন কত? এই বরাদ্দকৃত অর্থের সবটাই কি আপনি পেয়েছেন?

**ডঃ সূর্যকান্ত মিশ্র ঃ** এটা যেটা পেয়েছি সেটা হচ্ছে বরাদ্দ। মানে অ্যালটমেন্ট। যেটা আমরা পেয়েছি সেটাই আমরা দিয়েছি।

**শ্রী তপন হোড় ঃ** ১৯৯৬-৯৭ সালে যে বরাদ্দ ৮৩ কোটি ৩৬ লক্ষ টাকা, ৯৬-৯৭ সালে খরচের পরিমাণ শূন্য। আবার ৯৮-৯৯ সালে বরাদ্দের পরিমাণ শূন্য। খরচ হয়েছে ৫৩ কোটি ১০ লক্ষ ৫৫ হাজার ৯২০ টাকা এটা কেন হল বলবেন।

**ডঃ সূর্যকান্ত মিশ্র ঃ** ৯৬-৯৭ সালে যে ৮০ কোটি ৩৬ লক্ষ টাকা পেয়েছিলাম, এটা ফেব্রুয়ারী মাসের শেষ দিকে আর্থিক বছরে পেয়েছি। ফেব্রুয়ারী মাসের শেষ দিকে টাকা পাওয়া, তারপর গাইড লাইন ইত্যাদি পাওয়া, মার্চ মাসের মধ্যে যেটা হিসাব দিয়েছি সেটা হচ্ছে শূন্য। ফলে কাজটা তার পরের বছর শুরু হয়েছে। পরের বছরও খরচ ভালো হয়নি। তার কারণ হচ্ছে গাইড লাইন যেটা দেওয়া হয়, সেন্ট্রাল গভর্ণমেন্ট তাতে বলেছেন আমরা যে পরিমাণ টাকা দিচ্ছি, পঞ্চায়েতকেও সেই পরিমাণ টাকা দিতে হবে। এটা অসম্ভব ব্যাপার। এটা হয় না। আমরা বলেছিলাম দশম অর্থ কমিশনের রায় এটা ছিল না যে, পঞ্চায়েতকে এই পরিমাণ টাকা দিতে হবে। তারা কোথা থেকে পাবে? যদি এত টাকাই থাকে, তাহলে অর্থ কমিশন এটা সুপারিশ করেছে কেন? এইসব করতে আমাদের বহুদিন লাগে। গাইড লাইন ইত্যাদি আমাদের উপর চাপিয়ে দেওয়ার চেষ্টা করলেন। সেইসব নিয়ে চিঠি লেখা ইত্যাদি করতে সময় লাগবে। দেখবেন যে, তার পরের আর্থিক বছরে খরচ শূন্য। ১৯৯৮-৯৯ সালে ৫৩ কোটি খরচ হল সেটা হচ্ছে প্রথম দু বছরের জমা থাকা বরাদ্দকৃত অর্থ। ১৯৯৮-৯৯ সালে খরচ হয়েছে।

কার্যত পরে আরও খরচ হয়েছে। ৩ বছরের মিলিয়ে যেটা বরাদ্দ, তার ৬০ শতাংশ মিলিয়ে খরচ হয়েছে। এই মাসের প্রথম সপ্তাহে মিটিং করেছিলাম তখন আমরা জেনেছি। আপনাকে মার্চ পর্যন্ত হিসাব দিয়েছি।

**শ্রী তপন হোড় ঃ** ১৯৯৭-৯৮ সালে বরাদ্দের পরিমাণ ছিল ২ কোটি ৮৪ লক্ষ টাকা। খরচ হয়েছে ১ কোটি ৩৭ লক্ষ ৮২ হাজার ১১০ টাকা। এটা বরাদ্দের সঙ্গে সামঞ্জস্য থাকছে না। এছাড়া এ বছর ১৯৯৯-২০০০ সালে বরাদ্দকৃত অর্থের এ বছর পর্যন্ত কত খরচ হয়েছে সেটা বলবেন?

**ডঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ** আপনার প্রথম প্রশ্নের উত্তর তো আমি আগেই বলেছি। ৯৬-৯৭তে ফেব্রুয়ারী মাসে টাকাটা আমরা পেয়েছি কিন্তু তারপর তারা গাইডলাইন দেয়, আমাদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের একটা মতান্তর ঘটেছে, সেটা তো আমি বললাম। ওরা বলছে আমরা যে টাকা দিয়েছি, সেই টাকাই পঞ্চায়েতকেও দিতে হবে। আমরা বলেছি তা সম্ভব না। কিছু জায়গায় কনট্রিবিউশন আমরা চেষ্টা করব কিন্তু ফিফটি ফিফটি কমপালশন এইরকম মেনে নিতে পারি না। অর্থ কমিশনের রায়ও তা নয়। এই অসঙ্গতিটা আছে, ৯৬-৯৭, ৯৭-৯৮ মিলে ১০৪ কোটি টাকা, ৯৭-৯৮ তে ১ কোটি ৩৭ লক্ষ টাকা খরচ হয়েছে। গত আর্থিক বছরে সিংহভাগ টাকাটা খরচ হয়েছে। আর যেটা বললেন—৯৯-২০০০ সালে আমাদের প্রায় ২৩৯ কোটি টাকা পাওনা হয়, সেটাও আমরা বলছি, কত বরাদ্দ হবে জানি না। আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি যেটা দিতে পারেন দিন, না হলে পরের বছর দিয়ে দেবেন। একাদশ অর্থ কমিশনের কাছে আমরা মেমোরেন্ডাম দিয়েছি, বলেছি যে পরের বছরে এটা মিলিয়ে দিয়ে দেবেন কারণ গত বছর আমরা টাকা পাই নি। আমরা জানি না কত অ্যালটমেন্ট হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, মাননীয় মন্ত্রী আপনি অবশ্য বলেছেন দু বছরে ১০৪ কোটি টাকার উপর সাহায্য পেয়েছেন। দশম অর্থ কমিশনের থেকে। খরচ করেছেন ৫৪ কোটি ৪৮ লক্ষ টাকা। কারণ বলেছেন দেরী করে পেয়েছেন। গাইড লাইনের সমস্যা রয়েছে। রাজ্য সরকারের টাকা পাওয়ার ব্যাপারে দশম অর্থ কমিশনের যে চুক্তি বা সিদ্ধান্ত যদি হয় তার ভিত্তিতে, মত পার্থক্য যাই থাকুক, ৯৭-৯৮ সালে ১ কোটি ৩৭ লক্ষ ৮২ হাজার ১১০ টাকা খরচ করেছেন। গাইড লাইনের ভিত্তিতে এই টাকা খরচ হয়েছে নাকি এই ব্যাপারে সিদ্ধান্ত হওয়ার পর খরচ হয়েছিল। যদি হয়ে থাকে ৯৭-৯৮ সালে এক কোটি টাকা খরচ হল অর্থাৎ সেটেলমেন্ট যদি হয়ে যায় তাহলে আর কত টাকা পাওনা আছে সেটাও বললেন। এই টাকা খরচ করার যে ইনফ্রাস্ট্রাকচার সেখানে দেখা যাচ্ছে, সমস্যা হয়েছে।

**ডঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ** গাইড লাইন নিয়ে যে বিতর্ক, সেই বিতর্কের এখনও নিষ্পত্তি হয় নি। নিষ্পত্তি হয় নি, এই জন্য যে ওরা যা বলছে আমরা মেনে নিই নি। আমরা একাদশ অর্থ কমিশনকে বলেছি। দিল্লীতেও মিটিং হয়েছে ওরা এখানে এসেছেন সেখানে আমরা বলেছি। অর্থ কমিশন বলে দিন না, তাহলে আমরা মেনে নিতে বাধ্য কিন্তু অর্থ কমিশন যা বলেনি তার বাইরে তো কেন্দ্রীয় সরকার এই নির্দেশ দিতে পারে না। ৯৭-

৯৮ সালে শেষ পর্যন্ত দুটো আর্থিক বছর মিলিয়ে ১০৪ কোটি টাকা বরাদ্দ হ'ল কিন্তু খরচ করতে পারলাম ১ কোটি ৩৭ লক্ষ টাকা। গাইড লাইন অনুসারে আমরা কাজ করতে পারলাম না। ৯৭-৯৮ এর শেষের দিকে আমরা পঞ্চায়েতকে নির্দেশ দিই যে আপনারা স্থানীয় কনট্রিবিউশন জোগাড় করবেন কিন্তু এই ফিফটি ফিফটি এটা মেনে চলতে হবে না। বিতর্কটা আছে। বিতর্কটা আছে বলেই ৯৮-৯৯ সালে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বরাদ্দ পাই নি। আমরা একাদশ অর্থ কমিশনের দ্বারস্থ হয়েছি।

[12.00–12.10 p.m.]

**শ্রী শৈলজা দাস :** স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে তিনটি আর্থিক বছরে কত অর্থ পেয়েছেন দশম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী? এবং এই যে অর্থ বরাদ্দ হলো তার সেখানে নির্দিষ্ট কোন ইয়ার মার্ক করা আছে কি না, যে এই এই প্রকল্পে খরচ করতে হবে। কি কি প্রকল্পে খরচ করতে পারবেন?

**ডঃ সূর্য্যকান্ত মিশ্র :** হ্যাঁ, বলা হয়েছে পঞ্চায়েতের ইনফ্রাস্ট্রাকচারের জন্য এবং তাদের ইনকাম জেনারেটিং স্কীমে যাতে তাদের আয় বাড়াতে পারে মূলতঃ সেই ধরনের স্কীমেই এই টাকা খরচ করতে হবে। স্টাফের ব্যাপারে এই টাকা খরচ করা যাবে না।

## Starred Questions
## (to which Answers were laid on the Table)

### দারিদ্র সীমার নীচে মানুষ

*৫৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৮) **শ্রী অধীররঞ্জন চৌধুরী :** পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষের সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত শতকরা কতজন?

**পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের মন্ত্রী :**

(ক) ১৯৯৮ সালে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের উদ্যোগে যে গ্রামীণ পারিবারিক সমীক্ষা হয়, তার পূর্ণাঙ্গ ফলাফল এখন চূড়ান্ত প্রস্তুতির মুখে। এখনও পর্যন্ত যে ফলাফল বেরিয়েছে তাতে প্রাথমিক ভাবে ১,০৪,৮৪,৩০০টি পরিবারের মধ্যে ৪৬,৫২,৭৭৩টি পরিবারকে দারিদ্র্যসীমার নীচে চিহ্নিত করা হয়েছে। এই সংখ্যা পূর্ণাঙ্গ ফলাফলের সময় কিছুটা কম/বেশী হতে পারে। শতকরা হিসেবে প্রাথমিক ফলাফল অনুযায়ী ৪৪.৩৮ শতাংশ গ্রামীণ পরিবার দারিদ্র সীমার নীচে।

(খ) এই তথ্য যেহেতু গ্রাম-সংসদের সভায় খসড়া তালিকা চূড়ান্ত করার সময় পেশ করা হয় না, অতএব এই তথ্য এখনি দেওয়া সম্ভব নয়।

**বহুতল বাড়ির অগ্নিনিরোধক ব্যবস্থা**

*৫৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮২) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** অগ্নিনির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, কলকাতাসহ রাজ্যের বিভিন্ন এলাকায় বহুতল বাড়িগুলিতে অগ্নিনিরোধের কোন সুব্যবস্থা বেশীর ভাগ ক্ষেত্রেই নেই; এবং

(খ) সত্যি হলে, এ ধরনের বাড়িগুলির কর্তৃপক্ষের বিরুদ্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

কলকাতা পুরসভার অর্ন্তগত ১৯৯০ সালের পর নির্মিত ১৪.৫ মিটারের বেশী উচ্চতাসম্পন্ন বাড়ীর ক্ষেত্রে অগ্নি নিরাপত্তাজনিত বিধি ব্যবস্থা রাখা বাধ্যতামুলক করার ফলে ঐ বাড়ীগুলির ক্ষেত্রে এই সংক্রান্ত বিধি ব্যবস্থা আছে। ১৯৯০ সালের আগে নির্মিত কিছু সংখ্যক বাড়ীর ক্ষেত্রেও এই বিধি ব্যবস্থা আছে। রাজ্যের অন্যান্য পুর এলাকাগুলিতে অবস্থিত ১৪.৫ মিটারের বেশী উচ্চতা সম্পন্ন বাড়ীগুলির ক্ষেত্রে ও ১৯৯০ সালের আগে নির্মিত কলকাতা ও পার্শ্ববর্তী শহরাঞ্চলে অবস্থিত উচ্চতা সম্পন্ন বাড়ীগুলির ক্ষেত্রে অগ্নিনিরোধ ব্যবস্থা কঠোর ভাবে বাধ্যতামূলক করার জন্য আইন প্রনয়ণ করা হয়েছে।

(খ) এক্ষেত্রে বিধিবদ্ধ আইনে, আইনভঙ্গকারীর বিরুদ্ধে জেল ও জরিমানার ব্যবস্থা রাখা হয়েছে।

**বনবস্তী এলাকায় পঞ্চায়েত ব্যবস্থা**

*৫৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২০৪১) **শ্রী নির্মল দাস ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বনাঞ্চলের বনবস্তী এলাকায় পঞ্চায়েত ব্যবস্থা চালু হয়েছে; এবং

(খ) সত্যি হলে, বনবাসীদের উন্নয়নের জন্য কত অর্থ বর্তমান আর্থিক বছরে বরাদ্দ করা হয়েছে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ থেকে বনবাসীদের উন্নয়নের জন্য আলাদাভাবে কোন অর্থ দেওয়া হয় না।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Jatu Lahiri on the subject of setting up of a Medical College in Howrah and the second one is from Shri Pankaj Banerjee and Shri Sudhir Bhattacharjee on the subject of entrance denied to soccer lovers of Calcutta into the grounds of East Bengal, Mohun Bagan and Mohammadan Sporting Clubs.

The subject matters of both the Motions are not such that may call for adjournment of the business of the House. The Members may invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question etc. I, therefore, withheld my consent to both the motions.

**Shri Pankaj Banerjee :** Sir, the soccer lovers of Calcutta are being deprived of witness the football games as they are not being allowed to get in the galleries of the playgrounds of East Bengal, Mohun Bagan and Mohammadan Sporting. The concerned authorities have failed to repair the same so that the football lovers can attend the matches. This has frustrated the sports lovers of the State.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received seven notices of Calling Attention on the following subjects, namely :

| | | |
|---|---|---|
| (i) | Reported rape on a girl (prisoner) in a jail by a prisoner | : Shri Sudhir Bhattacharjee |
| (ii) | Expansion and modernisation of M. R. Bangur Hospital in South 24-Parganas | : Shri Pankaj Banerjee |
| (iii) | Alleged mysterious death of a student at hostel in Jalpaiguri on 13.7.99 | : Shri Ashoke Kumar Deb |
| (iv) | Retrenchment of workers in some units of Falta Growth Centre, South 24-Parganas and consequential situation arisen | : Shri Sheikh Daulat Ali |

(v) Progress of work of Rajarhat Township : Shri Tapan Hore

(vi) Alleged murder of Jalil Biswas, a DYFI leader on 10.7.99 under Karimpur P. S. Nadia : Shri Chittaranjan Biswas

(vii) Alleged death of one CPI (M) activist due to attack by BJP and Trinamool miscreants on the CPI (M) led procession : Shri Jyoti Krishna Chattopadhyay

I have selected the notice of Shri Tapan Hore on the subject of progress of work of Rajarhat Township.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 20th July, 1999.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-Charge of the Industrial Reconstruction Department to make a statement on the subject of reopening of India Machinery at Howrah lying closed for long. (Attention called by Shri Jatu Lahiri on 2nd July, 1999).

**শ্রী মৃণাল ব্যানার্জী :** মেসার্স ইন্ডিয়া মেসিনারী কোম্পানী লিমিটেড ভারত সরকার কর্তৃক শিল্প (উন্নয়ন ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৫১ অনুযায়ী ১৯৭২ সালে অধিগৃহীত হয় এবং কোম্পানীর পরিচালনার দায়িত্ব মনোনীত বোর্ড অফ ডাইরেক্টর-এর উপর ন্যস্ত হয়। ১৯৭৭ সালে আই. আর. বি. আই. (বর্তমানে আই. আই. বি. আই)কে কোম্পানীর জন্য অথরাইজড্ কন্ট্রোলার নিযুক্ত করা হয়। অধিগ্রহণের ১৭ বৎসরের আইনী মেয়াদ শেষ হওয়ার পর কোম্পানীকে ২৩.১১.৮৯ তারিখে বিনিয়ন্ত্রিত করা হয়।

বিনিয়ন্ত্রণের পূর্বেই রুগ্ন শিল্প কোম্পানী বিধি, ১৯৮৫ অনুযায়ী কোম্পানীকে বি. আই. এফ. আর-এর নথিভুক্ত করা হয় এবং কোম্পানীর কাজকর্ম ২৪.১১.৮৯ পর্যন্ত বন্ধ থাকে। বি. আই. এফ. আর কোম্পানীটির পুনরুজ্জীবনের জন্য কোন প্রকল্প মঞ্জুর করতে পারে নি।

১৯৮২ সালের জুলাই মাসে কোম্পানীকে লিক্যুইডেশনে পাঠানোর জন্য আই. আর. বি. আই কলিকাতা হাইকোর্টে একটি মামলা দায়ের করে এবং কলিকাতা হাইকোর্ট কোম্পানীর জন্য একজন রিসিভার নিযুক্ত করে। কলিকাতা হাইকোর্টের রায়ে ক্ষুব্ধ হয়ে ইন্ডিয়া মেসিনারী মজদুর ইউনিয়ন ডিভিশন বেঞ্চে আপীল করে। ডিভিশন বেঞ্চ ১২.২.৯৩ তারিখে কোম্পানীর সম্পত্তি বিক্রয়ের জন্য রিসিভারকে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়। আরও নির্দেশ দেয় যে, কোম্পানীকে যেন চালু প্রতিষ্ঠান হিসাবে বিক্রয়ের জন্য

বিজ্ঞাপন দেওয়া হয়। পরবর্তী সময়ে কোম্পানীর একটি পুনরুজ্জীবন প্রকল্প বি. আই. এফ. আর এর বিবেচনাধীন রয়েছে দেখে সম্পত্তি বিক্রয়ের আদেশ স্থগিত রাখে।

যেহেতু কোম্পানীটিকে বিনিয়ন্ত্রিত করা হয়েছে, তাই কোম্পানীর পূর্ববর্তী মালিক রবি কুমার দাস ও অন্যান্যরা কোম্পানীকে তাদের কাছে ফিরিয়ে দেওয়ার জন্য একটি রিট পিটিশন দাখিল করে। কলিকাতা হাইকোর্ট ৩০.৪.৯৬ তারিকে উক্ত রিট পিটিশন খারিজ করে। ক্ষুদ্ধ হয়ে আবেদনকারীরা ডিভিশন বেঞ্চে আপীল করে। আপীলটি এখনও নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে।

রাজ্য সরকার এই বন্ধ কারখানাটির জন্য উপযুক্ত প্রোমোটার খোঁজার চেষ্টা করছেন। শ্রী যতন সুরানা নামে একজন আগ্রহী শিল্পোদ্যোগী এই কোম্পানীটি নেওয়ার জন্য ১৯৯৭ সালে আগ্রহ প্রকাশ করেও শেষ পর্যন্ত কোম্পানীর বিরাট দায়ের কথা চিন্তা করে পিছিয়ে যান।

বর্তমানে এই কোম্পানীর শ্রমিকরা মাসিক ৫০০ টাকা হারে সরকারী আর্থিক সাহায্য পাওয়ার জন্য নথিভুক্ত হয়েছেন।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, ইন্ডিয়া মেসিনারি হাওড়ার একটা প্রসিদ্ধ কারখানা এবং মূলতঃ ওজনের যন্ত্রপাতির সঙ্গে সঙ্গে বড় মেসিন একচেটিয়া ভাবে তৈরী করত। এদের ভারতবর্ষের বাইরেও সুনাম ছিল এবং সাপ্লাই হ'ত। ১৯৭৭ সালের পর থেকে অর্থাৎ যখন আপনারা ক্ষমতায় এলেন, তখন এমন এমন মানুষকে নিয়োগ করা হয় যে তারা ভিয়েতনাম পর্যন্ত ব্যবসার প্রসারের জন্য যায়। কোম্পানীটা পরিচালন ব্যবস্থার ত্রুটির জন্য বন্ধ হয়ে যায়। আমরা যতদূর জানি, বি. আই. এফ. আরে যাওয়ার আগে পর্যন্ত এই কোম্পানীটা মূলতঃ ১০ কোটি টাকার ব্যাঙ্ক ঋণের জন্য বন্ধ হয়ে যায়। কোম্পানীর শ্রমিকরা বারবার চেষ্টা করেছিল এবং তারা নিজেরা সমবায় ভিত্তিতে ঐ কারখানা পরিচালনা করতে চেয়েছিল। এবং এজন্য তারা আপনার দপ্তর এবং সমবায় দপ্তরের কাছে সেই সময় আগ্রহ প্রকাশ করেছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই কারখানাকে নানান অজুহাতে চালানো হয়নি। ফলে বহু শ্রমিক অনাহারে মারা গিয়েছে। আবার, কিছু শ্রমিক বাধ্য হয়ে আত্মহত্যা পর্যন্ত করেছে। এই রকম একটা ভালো কোম্পানি, হাওড়ার গর্ব বন্ধ হয়ে গেল অথচ আপনাদের সরকার তাকে চালানোর চেষ্টা করছেন না। তাই আপনার কাছে আমার প্রশ্ন, এই কোম্পানির কাজের গুণ-মান ভালো ছিল এবং এত শ্রমিক দীর্ঘদিন অনাহারে কাটাচ্ছে। ৫০০ টাকা দিয়ে তাদের কোন দুঃখ ঘোচানো যাবে না। সুতরাং এই কারখানা চালু করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি ব্যবস্থা নিচ্ছেন এবং কত দিনের মধ্যে কারখানাটা চালু করা সম্ভব হবে?

[12.10–12.20 p.m.]

**শ্রী মৃণাল ব্যানার্জী ঃ** স্যার, জটুবাবু যেটা বললেন তাতে আমি তাকে বলছি, এই

কম্পানীর ম্যানেজমেন্ট বামফ্রন্ট সরকার বা পশ্চিমবঙ্গ সরকার ঠিক করে দেয় নি। আমার বক্তব্যের মধ্যেই আছে যে, এটা কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করে। কেন্দ্রীয় সরকারই ম্যানেজমেন্ট বোর্ড ঠিক করে দেয়, এজেন্ট ঠিক করে দেয়। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কোন কিছু করার ছিল না। এটার যখন লিকুইডেশনে যাবার অবস্থা হয় তখন পশ্চিমবঙ্গ সরকার থেকে উদ্যোগ নেওয়া হয়েছিল—নতুন কোন প্রোমোটর পাওয়া যায় কিনা। কারণ অভিজ্ঞতার ভিত্তিতে আমাদের মনে হয়েছিল এই ধরণের বিরাট অর্গানাইজেশনের ক্ষেত্রে কো-অপারেটিভ কাজ করতে পারবে না। সে জন্য প্রোমোটর খোঁজার চেষ্টা করা হয়েছিল। একজনকে পাওয়া গিয়েছিল, তিনি যথেষ্ট আগ্রহ দেখিয়েছিলেন। আমাদের দপ্তর থেকে অনেক সময় ধরে আমরা সে ব্যাপারে চেষ্টা করেছিলাম। কিন্তু তারপর তিনি পালিয়ে যান। কারণ ওখানে যে ওয়ে মেশিন আছে, বর্তমানে সেই ওয়ে মেশিন আর চলছে না। এখন ইলেকট্রনিক্স ইত্যাদি এসে গেছে—ঐ ধরণের মেকানিক্যাল ওয়ে মেশিন চলছে না। কাজেই যিনি এসেছিলেন, তিনি পিছিয়ে গিয়েছেন। আমরা এখনো চেষ্টা করছি—যদি কোন ইনভেষ্টমেন্ট আনা যায়, আমরা তাহলে সাহায্য করব। কারখানাটি আবার চালু করার চেষ্টা করব। আর আমাদের সীমিত আর্থিক অবস্থার মধ্যে দিয়ে প্রতিটি ওয়ার্কারকে ৫০০ টাকা করে দেওয়া কি খুব ছোট ব্যাপার? এটাকে ছোট করবেন না। এটা দেওয়া হচ্ছে, কিন্তু আমরাও জানি এটা যথেষ্ট নয়। তথাপি এই সাহায্যের হাত আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে বাড়িয়েছি এবং অন্যান্য চেষ্টা চলছে।

## Statement on Calling Attention

**Mr. Speaker :** Now, the Minister-in-Charge of Commerce and Industries Department will make a statement on the subject of reported blast and collapse of Parascole Colliery of ECL in Andal, Burdwan on 6/7/99 resulting in death of 5 miners and injuries to many others.

[Attention called by Shri Deba Prasad Sarkar, Shri Sudhir Bhattacharjee, Shri Ashok Kumar Deb, Shri Mozammel Haque (Hariharpara), Shri Unus Sarkar and Shri Tapan Hore Separately on the 8th July, 1999.]

**শ্রী বিদ্যুৎ কুমার গাঙ্গুলী ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনার অনুমতিক্রমে বর্ধমান জেলার পারস কোল কয়লা খনিতে দুর্ঘটনা সংক্রান্ত মাননীয় সদস্যগণ শ্রীদেবপ্রসাদ সরকার, শ্রীসুধীর ভট্টাচার্য্য, শ্রীঅশোক কুমার দেব, শ্রীমোজাম্মেল হক্, শ্রীইউনুস সরকার এবং শ্রীতপন হোড়ের আনা 'কল এটেনশন মোশন'-এর পরিপ্রেক্ষিতে, আমি নিম্নবর্ণিত বক্তব্য পেশ করতে চাই।

কয়লা খনিতে দুর্ঘটনা এবং এ সংক্রান্ত বিষয়গুলি অনুসন্ধান করার দায়িত্ব আইনগতভাবে পুরোপুরি ভারত সরকারের অধীনস্থ সংস্থা ডাইরেক্টর জেনারেল অফ মাইনস সেফটি এবং ইষ্টার্ন কোলফিল্ডস লিমিটেডের উপর ন্যস্ত আছে। উপরোক্ত দুই সংস্থা ও বর্ধমান জেলা প্রশাসনের কাছ থেকে পাওয়া বিবরণ অনুসারে জানা গেছে যে ৬.৭.৯৯ তারিখে বর্ধমান জেলার পারস কোল পশ্চিম কয়লাখনিতে একটি দুর্ঘটনা ঘটে। ঐ দিন সকাল ১০-৪০মিঃ থেকে ১০-৪৫ মিনিটের মধ্যে ইষ্টার্ন কোল ফিল্ডস লিমিটেডের (কোল ইন্ডিয়া লিমিটেডের একটি সহকারী সংস্থা) অধীনস্থ উপরোক্ত কোলিয়ারীতে একটি বায়ু বিস্ফোরণ (AIR BLAST) ঘটে। কোন পূর্ব সংকেত ছাড়াই ছাদের একটি স্তর নীচে নেমে আসে। খনিতে কর্মরত ২৮ জন ব্যক্তি সরাসরি বায়ু বিস্ফোরণের কবলে পড়েন। হতাহতের বিবরণ নিম্নরূপ ঃ—

(ক) দুই ব্যক্তি ঘটনাস্থলে মারা যান। এদের একজন ই. সি. এলের কর্মী, অপরজন ঠিকাদার নিযুক্ত কর্মী।

(খ) এছাড়া সাত জন ব্যক্তি গুরুতরভাবে আহত হন এবং তাদের নিকটস্থ কাল্লা সেন্ট্রাল হাসপাতালে তৎক্ষণাৎ স্থানান্তরিত করা হয়। ঐ দিন (৬.৭.৯৯) বিকাল ৫টা ও ৬টার মধ্যে তাদের মধ্যে দুইজন ব্যক্তি মারা যান। এদের মধ্যে একজন ই. সি এল কর্মী ও অপরজন ঠিকাদার নিযুক্ত কর্মী। এছাড়া আরও একজন ব্যক্তি, যাকে ধানবাদের বি. সি. সি. এল. সেন্ট্রাল হাসপাতালে স্থানান্তরিত করা হয়, তিনি ৭.৭.৯৯ তারিখে সকাল ৬টায় মারা যান। ঐ ব্যক্তিও ঠিকাদার নিযুক্ত কর্মী।

(গ) অবশিষ্ট ১৯ জন ব্যক্তির মধ্যে ৮ জনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। অপর ১১ জন ব্যক্তিকে কাজোরা এরিয়া হাসপাতালে ভর্তি করা হয়।

মোট ৫ জন মৃত ব্যক্তির মধ্যে ২ জন ইষ্টার্ন কোলফিল্ডস লিমিটেডের কর্মী এবং বাকী ৩জন ঠিকাদার নিযুক্ত কর্মী।

দুর্ঘটনার কারণ খনি নিরাপত্তার সংস্থার ডেপুটি ডিরেক্টর জেনারেল অনুসন্ধান করছেন। অনুসন্ধান রিপোর্ট এখনও পাওয়া যায় নাই।

পশ্চিমবঙ্গ সরকারের নিকট ইষ্টার্ন কোলফিল্ডস লিমিটেডের কর্তৃপক্ষের প্রেরিত প্রাথমিক রিপোর্টে জানা যায় যে, ই. সি. এল প্রত্যেক মৃত ব্যক্তির নিকটতম আত্মীয়কে শবদাহ খরচ বাবদ ২,০০০ (দুই হাজার) টাকা দিয়েছেন। ই. সি. এল কর্তৃপক্ষ মৃত প্রত্যেক ব্যক্তির পরিবারবর্গকে ১০,০০০ (দশ হাজার) টাকা অনুদান দেবেন। ক্ষতিগ্রস্ত ই. সি. এল কর্মী ও তাদের পরিবারবর্গকে ওয়ার্কমেন্স কমপেনসেশন আইন (Workmen's Compensation Rules) অনুযায়ী ন্যায্য ক্ষতিপূরণ দেওয়া হবে।

এছাড়া ক্ষতিগ্রস্ত পরিবারবর্গকে ক্ষতিপূরণ ও পুনর্বাসনের জন্য ই. সি. এল কর্তৃপক্ষ নিম্নোক্ত ব্যবস্থা নিচ্ছেন বলে জানা গেছে ঃ

(ক) ন্যাশানাল কোল ওয়েজেস অ্যাক্ট এর (National Coal Wages Act) ধারা

অনুসারে মৃত ব্যক্তিগণের পোষ্যদের টি. আর (T.R) শ্রেণীতে অ্যাডহক্ (Adhoc) নিযুক্ত করা হবে।

(খ) ই. সি. এল এর নিজস্ব কর্মী এবং ঠিকাদার নিযুক্ত আহত কর্মীদের চিকিৎসা খরচ ই. সি. এল কর্ত্তৃপক্ষ বহন করবে।

(গ) ই. সি. এল কর্ত্তৃপক্ষ এক মাসের মধ্যে মৃত ব্যক্তিগণের জীবনবীমা, গ্র্যাচুইটি ও অন্যান্য প্রাপ্য টাকা প্রদানের ব্যবস্থা করছেন।

(ঘ) ঠিকাদার নিযুক্ত মৃত কর্মীর পোষ্যদের চাকুরীতে নিযুক্তির বিষয়টি ই. সি. এল কর্ত্তৃপক্ষ বিবেচনার জন্য উর্দ্ধতন কর্ত্তৃপক্ষের কাছে পাঠাবেন।

বর্তমানে ক্ষতিগ্রস্ত এলাকায় উৎপাদন ও প্রাসঙ্গিক কাজকর্ম বন্ধ রাখা হয়েছে।

রাজ্য সরকার বারবার এই ধরনের দুর্ঘটনার জন্য উদ্বিগ্ন। কেন্দ্রীয় সরকার ও Eastern Coalfields Ltd., কে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য সবরকম প্রচেষ্টা গ্রহণ করা হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** কয়লাখনি দুর্ঘটনায় ই. সি. এল এবং কেন্দ্রীয় সরকারের এইসব ব্যাপারে দায়িত্ব। কিন্তু আপনার কাছে আমার জিজ্ঞাস্য, কারণ এই যে দুর্ঘটনা পরাশকোল কয়লাখনিতে হল, এর আগেও দুর্ঘটনা ঘটেছে এই খনিতে, অগ্নিকান্ড হয়েছে। যথেচ্ছভাবে নিয়ম-নীতি না মেনে কয়লা তোলা হয়েছে শ্রমিকদের নিরাপত্তা ব্যবস্থা না দিয়েই এবং দিনের পর দিন এইভাবে কয়লা তোলার ফলে কয়লাখনির অভ্যন্তরে যে নিরাপত্তা ব্যবস্থা সেটা বিলুপ্ত হচ্ছে। এয়ার-ব্লাস্ট অর্থাৎ হাওয়া বিস্ফোরণের প্রতিরোধক ব্যবস্থা কিছু নেই, আইসোনেস স্টপিং-এর যে ব্যবস্থা সেই ব্যবস্থা কিছু নেই। ওখানে ডিরেক্টর জেনারেল অফ মাইন্স (সেফ্‌টী), তিনি বার-বার কয়লাখনি কর্তৃপক্ষকে জানিয়েছেন প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য। কিন্তু তিনি এই ব্যবস্থা নেননি। ফলে আমার যেটা জিজ্ঞাস্য, এইসব ল্যাপসেস-এটা ক্রিমিনাল অফেন্স, খনি কর্তৃপক্ষ বারংবার ঘটাচ্ছে এবং আগামী দিনে আমাদের রাজ্যের শ্রমিকদের নিরাপত্তার প্রশ্ন জড়িয়ে রয়েছে। এইরকম একটা অবস্থায় রাজ্যসরকার ই. সি. এল বা ভারত সরকারের কাছে এ ব্যাপারে রিপ্রেজেনটেশন দিয়েছেন কিনা? ভবিষ্যতে এই ধরণের দুর্ঘটনা যাতে বন্ধ হতে পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা কি নিয়েছেন? এ ব্যাপারে রাজ্যসরকারের তরফ থেকে কোন রিপ্রেজেনটেশন দেওয়া হয়েছে কিনা, হয়ে থাকলে তার ফলাফল কি? বিশেষ করে নতুন করে ৫ জন যখন মারা গেল এবং ১১ জন এখনো হাসপাতালে আছে, আপনি আপনার রিপোর্টে বললেন। তাদের অবস্থা কি তা আমি জানি না। কিন্তু যে কোন মুহূর্তে এই রকম ঘটনা আবার ঘটতে পারে। এইরকম একটা পরিস্থিতিতে নতুন করে ই. সি. এল কর্তৃপক্ষ বা ভারত সরকারের কাছে রিপ্রেজেনটেশন দিয়েছেন কিনা এবং তার ফলাফল কি?

[12.20–12.30 p.m.]

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী :** মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয়ের উদ্বেগ যথাযথ। রাজ্যসরকার বারবার ই. সি. এল. এবং এই খনি সংক্রান্ত দপ্তরগুলির সাথে ঘনিষ্ঠভাবে যোগাযোগ রেখে চলেছেন। বহুবিধ আলোচনাও হয়েছে। অন্যায় এবং অসঙ্গত জিনিসগুলি খনি অঞ্চলে যা চালু আছে এর কারণ হচ্ছে দৃষ্টিভঙ্গী। কয়লাখনিগুলি যখন বেসরকারী ছিল তখন যে দৃষ্টিভঙ্গী নিয়ে তারা চালাতো জাতীয়করণের পর কয়লাখনিগুলির শ্রমিক কর্মচারীদের নিরাপত্তা, খনিগুলির অবস্থান যে এলাকায় সেই এলাকার মানুষদের সামগ্রিক নিরাপত্তা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গী আলাদা কিছু হয়নি এবং তার ফলেই এই ধরনের অমানবিক ঘটনা বারবার ঘটছে। রাজ্যসরকার এ বিষয়ে সচেতন। বারবার এ বিষয়ে বলা হয়েছে। কয়েকটি কমিটিও আছে। যেহেতু মালিকানা ওদের হাতে এবং বিষয়টা অনেক বড় সেইজন্য সরাসরি আমাদের পক্ষে করা সম্ভব নয়। কয়লাখনির সঙ্গে যুক্ত ট্রেড ইউনিয়ানগুলি, পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক আন্দোলন, পশ্চিমবঙ্গ রাজ্যসরকার এ ব্যাপারে যথাযথ উদ্যোগ গ্রহণ করেছেন এবং করে যাবেন যাতে এই ধরণের দুর্ঘটনার সংখ্যা কমানো যায় ও শ্রমিক কর্মচারীদের নিরাপত্তা থাকে।

### Statement on Calling Attention

**Mr. Speaker :** Now, I call upon the minister-in-charge of the Municipal Affairs Department to make a statement on the subject of reported fire at Moon Electric Factory at Baguihati under Rajarhat P. S. 8.7.99.

(Attention called by Shri Mozammel Haque (Hariharpara), Shri Biswanath Mondal, Shri Tapan Hore, Shri Nirmal Das, and Shri Jyoti Krishna Chattopadhyay separately on the 9th July, 1999.)

**শ্রী প্রতীম চ্যাটার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়,

গত ৮.৭.৯৯ তারিখে রাজারহাট থানার অন্তর্গত বাগুইহাটির মুন ইলেকট্রিক কারখানায় যে বিধ্বংসী অগ্নিকান্ড ঘটে সেই বিষয়ে কারণ নির্ধারণের জন্য আরক্ষা বাহিনী ও ফরেনসিক দপ্তর অনুসন্ধান করছেন।

তবে দমকলবাহিনীর প্রাথমিক রিপোর্ট থেকে মনে হয় যে, ঐ কারখানার নিজস্ব পদ্ধতিতে তৈরী নিম্নমানের যন্ত্রপাতি ব্যবহার করা এবং উচ্চ চাপ সহ্য করতে অসমর্থ তেলের আধারে তাৎক্ষণিক বিস্ফোরণের কারণে এই ভয়াবহ অগ্নিকান্ড ঘটে। উক্ত দুর্ঘটনায় ৮টি বহুমূল্য প্রাণ বিনষ্ট হয় এবং একাধিক ব্যক্তি আহত হন।

এই অগ্নিকান্ড জনিত মৃত ও আহত শ্রমিকদের ক্ষতিগ্রস্ত পরিবারের সাহায্যের বিষয়টি সরকার সহানুভূতির সঙ্গে বিবেচনা করছেন। এই কারখানায় শিশু শ্রমিক নিয়োজিত ছিল কিনা, ঐ কারখানায় বৈধ লাইসেন্স ছিল কিনা ইত্যাদি বিষয় তদন্ত করে দেখা হচ্ছে।

বাগুইহাটির এই বাল্ব তৈরীর কারখানাটি পশ্চিমবঙ্গ দমকল আইন ১৯৫০ বর্ণিত নির্দ্দিষ্ট এলাকার অন্তর্ভুক্ত নয়। তাই এই ব্যাপারে দমকল ছাড়পত্র দেওয়ার আইনত কোনও ব্যবস্থা নেই। অবশ্য এই বিষয়ে সরকারের অন্যান্য দপ্তরের যথা মিউনিসিপ্যালিটি পুলিশ প্রশাসন ইত্যাদির বৈধ অনুমতি ছিল কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। বাগুইহাটির স্থানীয় বাসিন্দাদের কারখানাটির বিরুদ্ধে কোনও অভিযোগ ছিল কিনা তাও তদন্ত করে দেখা হবে।

প্রসঙ্গত জানানো যায় যে এই দুর্ঘটনা সংশিষ্ট সব বিষয়ে বিশদ অনুসন্ধান করতে এবং ভবিষ্যতে এই রকম দুর্ঘটনা রোধ করতে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা সম্পর্কে মতামত দিতে সরকার এক সদস্যের একটি উচ্চপর্যায়ের তদন্ত কমিটি গঠন করতে মনস্থ করেছেন।

**শ্রী তপন হোড় ঃ** জনবহুল কলকাতা এবং তার আশেপাশের এলাকায় যে এই ধরণের অনেক কারখানা আছে যাদের বৈধ কোন লাইসেন্স নেই বলে শোনা যাচ্ছে এবং অভিযোগও আছে। এই যে ঘটনাটি ঘটেছে, এখানকার বাসিন্দারাও এ ব্যাপারে আপত্তি করেছেন, দৃষ্টি আকর্ষন করেছেন বিভিন্ন কর্তৃপক্ষের কাছে। আপনি নিজেও বলেছেন যে এই কারখানাটির বৈধ লাইসেন্স ছিল কিনা এ বিষয়ে তদন্ত করা হচ্ছে। এখনও দেখা হচ্ছে। অর্থাৎ বছর খানেক ধরে এই অভিযোগ চলছে, তখনও তদন্ত হয়নি, এখনও তদন্ত শেষ হয়নি। অথচ এই ধরনের ঘটনাগুলি আছে। জনবহুল এলাকা কলকাতা এবং তার আশেপাশের এলাকায় এই কারখানাগুলি চলছে তার লাইসেন্স নেই কিছু নেই। এই ক্ষেত্রে রাজ্যসরকার কোন কঠোর ভূমিকা গ্রহণ করছেন কিনা, না কি তদন্ত করার নামে ছেড়ে দেওয়া হবে এবং যারা মারা গেছে তাদের ক্ষতিপূরণের কি ব্যবস্থা রাজ্য সরকার করছেন সেটা জানাবেন?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** আপনারা জানেন যে, এই রকম অনেক কারখানা লুকিয়ে-চুরিয়ে আছে। এই সম্পর্কে ব্যবস্থা থানাওয়ারী আমরা শুরু করেছি। কিন্তু এখানে বিশেষ করে বাগুইহাটির ঘটনা উপরে বলা হয়েছে। ওখানে আগে মিউনিসিপ্যালিটি ছিল না, তখন ওখানে গ্রামপঞ্চায়েত ছিল। পরে যখন মিউনিসিপ্যালিটিতে এল, তারা বলছে যে এই রকম কোন লাইসেন্স দেওয়া হয়নি। এই যে ঘটনা ঘটেছে, এটা খুবই দুঃখজনক ঘটনা। সমস্ত মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশানকে বলেছি, আমাদের যে স্টাফ আছে তাদের বলেছি যে তোমরা সার্চ আউট কর, তাদের সম্পর্কে ব্যবস্থা ইত্যাদি আমরা নেব। আমরা খবরাখবর নিচ্ছি। মানুষ যারা মারা গেছে তাদের ২০ হাজার টাকা অনুদান হিসাবে দেওয়া হবে, এটা ঠিক হয়েছে। এই মেজার আমরা নিয়েছি।

## Statement on Calling Attention

Mr. Speaker : Now I call upon the Minister-in-charge of the Municipal Affairs Department to make a statement on the subject of reported fire at I.T.C. (edible) Oil godown at Hyde Road, Calcutta on 11/7/99.

(Attention called by Shri Sudhir Bhattacharjee and Shri Ashok Kumar Deb separately on the 12th July, 1999).

**Shri Pratim Chatterjee :** Sir, with your permission, I rise to give reply to Calling Attention notice dated 12.7.99 raised by Shri Sudhir Bhattacharjee and Shri Ashok Kumar Deb, M.L.A.

A major fire accident at the Wacsgen Complex at D1, Hyde Road, Calcutta-43 took place on 11.7.99 causing serious damage to the building and destruction of huge quantity of edible oil and other contents in the godown located in the said building. The fire call was received at 14.39 P.M. on 11.7.99. Deputy Director, West Bengal Fire Services assisted by 3 Divisional Officers and 124 men could bring the fire under control after about 5 hours' fire fighting efforts. As many as 22 fire fighting pumps were deployed to control fire. The exact cause of the fire is being looked into by police. The State Govt. in the meantime has decided to form a High-powered 1-Member Enquiry Committee to look into the causes of this accident and critically review the role of West Bengal Fire Services in fire fighting operations. The Enquiry Committee will also be advised to make recommendations on precautionary measures needed to avert similar accidents in future.

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, অনেক এই রকম গোডাউন আছে যারা আপনাদের ট্যাক্স দেয় না বা আপনাদের অজ্ঞাতসারে মাল রাখছে। এই রকম গোডাউনের লিষ্ট কি আপনার কাছে আছে, যদি থাকে তাহলে কত আছে সেটা জানতে চাচ্ছি?

[12.30–12.40 p.m.]

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** যারা আমাদের পারমিশন নেন তাদের একটা লিষ্ট আমাদের কাছে আছে, কিন্তু যারা পারমিশন নেন না তাদের বহু খবর আমাদের জানা নেই। সেটা কালেক্ট করতে হবে। এই সংক্রান্ত একটি ঘটনা আমাদের জানা আছে, হাওড়া ইন্ডাষ্ট্রিয়াল এস্টেট দাসনগরে যে ফায়ার হয়েছিল সে সম্বন্ধে। সেখানে কাস্টমস বিভাগ একটি কারখানাকে কনভার্ট করে গোডাউন করেছিল। তারই পাশে যে কারখানা তারা কেউ জানতেন না যে, গোডাউনটিতে কি রাখা হয়েছে। ঐ গোডাউনে সাংঘাতিক আগুন হয় এবং সেই আগুনে আমাদের একজন অফিসার এবং পার্শ্ববর্তী এলাকার চারজন মারা গিয়েছিলেন। ঐ ঘটনাটা অনেক দূর পর্যন্ত গড়িয়েছিল। তারাই যেখানে বলতে পারেননি যে গোডাউনটিতে কি কম্পোনেন্ট ছিল, সেখানে আমরা কি করে বলবে যে ওতে কি জিনিস ছিল?

**শ্রী অশোক কুমার দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে রিপোর্টটা

হাউসে পড়লেন সেটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। ১১.৭.৯৯ তারিখে যে ঘটনা ঘটেছে তাতে ফায়ার কল হয়েছে। তারপর ১৪.৭.৯৯ তারিখে এক্ষেত্রে যে হাই পাওয়ার কমিটি করেছেন তার হেডে কি আছেন জানি না। এখানে আপনি ষ্টেটমেন্ট রাখছেন, কিন্তু এক্ষেত্রে যেসব প্রিকশান নেওয়া দরকার সেটা নিচ্ছেন না। এই কমিটির টার্ম অফ রেফারেন্স কি, কমিটিতে কতজন সদস্য রয়েছেন, তারা কতদিনের মধ্যে তাদের রিপোর্ট দেবেন সেটা এখানে সঠিকভাবে বলুন। এই ঘটনার পরিপ্রেক্ষিতে এটাই কি আপনার শেষ ব্যবস্থা গ্রহণ, নাকি আরো কিছু করবার আছে?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** ঐ বিষয়ে হাই পাওয়ার কমিটির কথা যা ডিক্লেয়ার করেছি তার হেডে ডি.এম., দক্ষিণ ২৪-পরগণাকে রাখা হয়েছিল, কিন্তু হঠাৎ করে মধ্যবর্তী নির্বাচন ডিক্লেয়ার হয়ে যাওয়ায় তাঁর উপর এত চাপ এসে গেছে যে ঐ কাজ করা তাঁর পক্ষে সম্ভব নয়। তার জন্য প্রেসিডেন্সী বিভাগের ডিভিশনাল কমিশনারের উপর ঐ কাজের দায়িত্বটা দেওয়া হয়েছে।

**শ্রী সৌগত রায় ঃ** হাইকোর্টে তো ক্যালকাটা কর্পোরেশনের মধ্যে, তাহলে ২৪-পরগণায় যাবেন কেন?

**শ্রী প্রতীম চ্যাটার্জী ঃ** আমাদের যে অ্যাক্ট আছে তাতে ঐটাই করা হয়েছে।

## PRESENTATION OF COMMITTEE REPORT

### 3rd Report of the Committee on Government Assurances, 1998-99

**Shri Kripa Sindhu Saha :** Sir, with your kind permission, I beg to present the Third Report of the Committee on Government Assurances, 1998-99.

### 4th Report of the Subject Committee on Relief, Refugee Relief & Rehabilitation and Forest (1998-99)

**Shri Bidyut Kumar Das :** Sir, I beg to present the 4th Report (Action taken on the Report on the Preventing Budget Scrutiny 1998-99) of the Subject Committee on Relief, Refugee Relief & Rehabilitation and Forest, 1998-99.

### Report on the unfinished work of the Committee on Public Undertakings, 1998-99

**Shri Unus Sarkar :** Sir, with your kind permission I beg to present the Report on the unfinished Work of the Committee on Public Undertakings 1998-99, under Rule 282 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

## MENTION CASES

**শ্রী অসিত মিত্র ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী পংকজ ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্গিলের যুদ্ধ শেষ, সেনাবাহিনী ব্যারাকে ফিরে আসছে, আই.এল.আই-এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা বলা হচ্ছে। মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি ১৯৬২ সালে চীনকে আক্রমণকারী না বলে ভারতবর্ষকে আক্রমণকারী বলেছিল। সেই চিন্তা ধারায় এখনও তারা ফিরে এসেছে। বিমানবাবু বলেছেন "ইন্ডিয়ান আর্মি intruded chinese territory after crossing Macmohan Line. বিমানবাবু ১৯৯৯ সালে বলেছে ইন্ডিয়ান আর্মি intruded chinese territory after crossing Macmohan Line. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শুধু পাকিস্তান আক্রমণ করছে না, আই.এস.আই এখানে কাজ করছে না, মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি ভারতবর্ষের মাটিতে বসে বিরোধিতা করছে। ১৯৬২ সালে বলেছিল যে চীন আক্রমণকারী নয়, ভারতবর্ষ আক্রমণকারী। ১৯৯৯ সালে বিমান বসুর কি দুঃসাহস যে বলছেন ভারতবর্ষ ম্যাকমোহন লাইন পার হয়ে চীনকে আক্রমণ করেছিল। আমি এর তীব্র নিন্দা করছি। এই দেশদ্রোহীর বিরুদ্ধে সার্বিক ব্যবস্থা নেওয়ার জন্য দাবি করছি। এই দেশদ্রোহীদের চিনে নিন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেশপ্রেমে এরা নিজেদের উদ্বুদ্ধ করতে পারেনি। ভারতবর্ষে বসে তারা এই ভাবে কাজ করছে। ভারতবর্ষকে আজও তারা আক্রমণকারী বলছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দেশদ্রোহীদের বিরুদ্ধে আমার ঘৃণা এবং প্রতিবাদ এই বিধানসভার মাধ্যমে পশ্চিমবাংলার মানুষের কাছে পৌঁছে দিতে চাই।

**শ্রী নর্মদা চন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দক্ষিণ ২৪ পরগণার কুসমুন্ডি ব্লক হেড কোয়ার্টার্সে দীর্ঘ দিন ধরে একটা গার্লস হাইস্কুলের মঞ্জুরীর জন্য এলাকার মানুষ দাবি জানিয়ে আসছে। ৪-৫ একর জমির উপর স্কুল বিল্ডিং তৈরী করে সেখানে দীর্ঘদিন ধরে এই স্কুল চালিয়ে আসছে। কুসমুন্ডি ব্লক হেডকোয়াটার্সে এই একটি মাত্র স্কুল, সেটা স্যাংশান না থাকার জন্য সমস্যা দেখা দিয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাড়াতাড়ি এই কুসমুন্ডি গার্লস হাইস্কুলটি অনুমোদন লাভ করে তার ব্যবস্থা তিনি যেন করেন।

**শ্রী জটু লাহেড়ী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্রে উনসানি গরফায় নূতন বাস স্ট্যান্ড দাবি করছি। কারণ কোনা এক্সপ্রেস ওয়ে হয়ে যাওয়ার পরে বিস্তীর্ণ জায়গা রয়েছে যেখানে হাওড়া ট্রাক টার্মিনাস হবে এবং তারপরেও আরো জায়গা রয়েছে যেখানে বাস স্ট্যান্ড নির্মাণ করা যায়। জগাছা, রামরাজাতলা বাকসারা এই সমস্ত জায়গা এতো কনজেসটেড হয়ে গেছে যে নিয়মিত ট্র্যাফিক জ্যাম হচ্ছে। এই সব জায়গায় যে সমস্ত ছোট ছোট বাস স্ট্যান্ড রয়েছে সেইগুলি গরফায় সরিয়ে নিয়ে যাওয়া উচিত। এই বাস স্ট্যান্ড হলে এক দিকে কোনা এক্সপ্রেস ওয়ে ব্যবহার করা যাবে অন্য দিকে হাওড়ার

একটা অংশে ট্রাফিক জ্যাম কমে যাবে। অত্যন্ত সুপরিকল্পিত ভাবে এই জায়গা থেকে বিভিন্ন রুটে বাস চলাচলের সুযোগ হবে। তাই আমি পরিবহণমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আবেদন করতে চাই উনসানি গরফায় একটা বাস স্ট্যান্ডের ব্যবস্থা করুন।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরি শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার কাছাকাছি হলদিয়া অবস্থিত। এই হলদিয়াতে কর্মযোগ্য শুরু হয়েছে, পেট্রো কেমিক্যালের কাজ চলছে, তার সঙ্গে সঙ্গে আশা করি ডাউন স্ট্রীমের কাজ শুরু হবে। আমি লক্ষ্য করছি আমার বিধানসভা এলাকায় এবং তার পাশাপাশি এলাকায় ছেলেমেয়েরা স্বাভাবিক ভাবেই সেখানে কিছু কাজ পেতে আগ্রহী।

কিন্তু টেকনিক্যাল জ্ঞান না থাকলে তারা কাজ পাবে না, এটাও সত্য। তাই আমি মাননীয় কারিগরী মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে আমার নরঘাট বিধানসভার দুটি ব্লক, নন্দকুমার ৩নং এবং চন্ডীপুরে — এই দুটি ব্লকে যাতে দুটি টেকনিক্যাল স্কুল স্থাপিত হয় তার ব্যবস্থা করেন।

[12.40–12.50 p.m.]

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মেনিদীপুরের কমার্শিয়াল ট্যাক্স ডিপার্টমেন্টের ডেপুটি চেয়ারম্যান দুর্নীতিগ্রস্ত। বিভিন্ন চেকপোষ্টে যাদের পোষ্টিং দিচ্ছেন, মাসে মাসে তাদের কাছ থেকে চার-পাঁচ লাখ করে টাকা নিচ্ছে এবং পিওনদের কাছ থেকে যা নেন তা দু'লাখ টাকার কম হয় না। এমন কি যে গাড়িগুলো ব্যবহার করেন, সরকারী বিল দেখিয়ে ৪০-৫০ হাজার টাকা বাড়তি আয় করছেন। আমি এই ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অর্থমন্ত্রী যাতে এই ডেপুটি চেয়ারম্যানকে অবিলম্বে সাসপেন্ড করেন এবং যে ভাবে ইনকাম করছে তার তদন্ত করেন, এই দাবী তার কাছে রাখছি। বিধানসভায় এর আগে আমি অনেক দাবী রেখেছি, অনেক মেনশান করেছি, তার কোন এনকোয়ারি হয় না। তবুও এই দাবী রাখছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরের পিংলা ব্লকে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা নানাভাবে বিঘ্নিত হচ্ছে। কখনও কখনও ঘন্টার পর ঘন্টা, কখনও কখনও দিনের পর দিন সেখানে বিদ্যুৎ পাওয়া যায় না। এর ফলে জনগণের নানাবিধ অসুবিধা হচ্ছে। আমি মনে করি যে, কিছু বিভাগীয় কর্মচারীর তাদের কাজে অমনোযোগিতা এবং স্বার্থপরতার জন্য এটা ঘটছে। অনেক বেআইনী কার্যকলাপও তারা করছে। কখনও কখনও মেইন লাইন কেটে দেয় পৃথক কিছু উদ্দেশ্যে। এর ফলে মানুষের অশেষ দুর্ভোগ হয়। আমি মাননীয় মন্ত্রীর কাছে এর বিরুদ্ধে তদন্ত করার এবং পিংলা ব্লকে সার্বিক ভাবে যাতে বিদ্যুৎ সরবরাহ হয় তার ব্যবস্থা করতে অনুরোধ করছি।

**শ্রী অশোক কুমার দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে

বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উচ্চমাধ্যমিক পরীক্ষার রেজাল্ট আজকাল বেরোবে। এমনিতে মাধ্যমিক পরীক্ষার পর দেখা যাচ্ছে ছাত্রছাত্রীরা এ্যাডমিশান নিতে পারছে না। উচ্চমাধ্যমিক রেজাল্ট বেরবার পর জানি না তারা এ্যাডমিশান নিতে পারবে কিনা। আমরা মাননীয় মন্ত্রীর কাছে আসন সংখ্যা বাড়াবার জন্য বলেছিলাম। পরীক্ষায় যদি পাশের হার বেশী হয় এবং পাশাপাশি আসন সংখ্যা না বাড়ে তাহলে অনেকেই এ্যাডমিশান নিতে পারবে না। কয়েকদিন আগে দেখেছি যে, একটি মেয়ে মাধ্যমিক পরীক্ষা পাশ করার পরে এ্যাডমিশান নিতে না পেরে সে সুইসাইড করেছে। সরকার যদি অবিলম্বে ব্যবস্থা না নেন তাহলে অবস্থা খারাপ হবে। আমরা গতকাল মাননীয় মন্ত্রীর সঙ্গে কথা বলেছি। আমি তার কাছে অনুরোধ করবো, যারা পাশ করেছে তারা যাতে এ্যাডমিশানের সুযোগ পায় তার ব্যবস্থা যেন তিনি করেন।

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র গোয়ালপোখরে ১৭টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৫টি, সাহাপুর - ১নং, সাহাপুর - ২নং, ধরমপুর - ২, গোতি এবং গোফগাও - ২, এই অঞ্চলগুলিতে কোন নিম্ন মাধ্যমিক স্কুল বা কোন স্তরের শিক্ষা প্রতিষ্ঠান নেই। এর ফলে উক্ত ৫টি এলাকার মানুষ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে উক্ত ৫টি অঞ্চলে স্কুল হয় তার ব্যবস্থা করেন। আজকে পশ্চিমবঙ্গের অনেক জেলায় সাক্ষরতার হার বেড়েছে। সেই ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, আমার বিধানসভা কেন্দ্র গোয়ালপোখারে স্কুল না থাকার জন্যে সাক্ষরতার হার কমছে। সেইজন্য আপনার মাধ্যমে পুনরায় মন্ত্রীকে অনুরোধ করব যাতে আমার বিধানসভা কেন্দ্র গোয়ালপোখারের যে পাঁচটি অঞ্চল স্কুলবিহীন হয়ে রয়েছে, সেখানে স্কুল করা হোক।

**শ্রী জ্যোতি চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষামন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। প্রতি বছরে মাধ্যমিক পরীক্ষায় লক্ষ লক্ষ ছাত্রছাত্রী পাশ করছে। কিন্তু হাজার হাজার ছাত্রছাত্রী উচ্চমাধ্যমিকে ভর্ত্তি হতে পারছে না। এমন কি কারিগরি শিক্ষাতেও ভর্ত্তি হতে পারছে না। এই ছাত্র-ছাত্রীরা অনিশ্চিত ভবিষ্যতের দিন গুণছে। তার সঙ্গে সঙ্গে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল যে, পশ্চিমবঙ্গে এমন কিছু কলেজ আছে যেখানে হিন্দী ভাষাভাষির ছেলেমেয়েদের হিন্দী প্রথম ভাষা হওয়াতে এবং অন্যদের তুলনায় বেশী নম্বর পেয়ে পাশ করা সত্ত্বেও একমাত্র হিন্দি ভাষী বলে উচ্চ মাধ্যমিকে ভর্ত্তি হতে পারছে না। বিশেষ করে শ্রী রামপুর কলেজে ভর্ত্তি হতে পারছে না। তার ফলে এই অঞ্চলের হিন্দি ভাষাভাষি ছেলেমেয়েদের অভিভাবকরা মনে করেছেন যে বামফ্রন্ট সরকার ইচ্ছা করে হিন্দি ভাষাভাষি মানুষদের পশ্চিমবঙ্গ থেকে চলে যেতে বলছে বলেই এই ব্যবস্থা নিয়েছে। এই সরকারের ব্যর্থতা ....... (এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা এলাকার একটি জ্বলন্ত সমস্যা তুলে ধরছি। মুর্শিদাবাদ এবং মালদার বন্যার কথা আমরা সবাই জানি এবং সেখানে সতর্কতা ব্যবস্থা কি নেওয়া হবে সেটা সরকার

চিন্তা ভাবনা করছেন। আমি শুধু বলতে চাই যে, ভাঙ্গনের ফলে আমার এলাকা জলঙ্গীর জয়কৃষ্ণপুর, মোরাদপুর বলে দুটি জায়গা আছে তার এমন একটা জায়গা ভেঙ্গেছে যে, যে কোন সময়ে প্লাবন হতে পারে। এছাড়াও সাহেবগঞ্জের টিকটিকিপাড়ার অনেক জায়গা ভেঙ্গেছে এবং এর ফলে যে বন্যা আগাম হতে পারে। এমনিতেই জলের স্তর বাড়লেই বন্যা হওয়ার সম্ভাবনা থাকে। তাছাড়া ভাঙ্গনের জায়গায় দুটি ক্যানেল রয়েছে। সেই ক্যানেলের ভাঙ্গা জায়গাটায় একটু জল বাড়লে গোটা পশ্চিম পাড় জলমগ্ন হয়ে যাবে। সুতরাং অবিলম্বে আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্যে।

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** নট প্রেজেন্ট।

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে জঙ্গলের রাজত্ব চলছে তার অবসানের কোন ব্যবস্থা নেই। স্যার, আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখন শিল্প নগরী মৃত নগরীতে পরিণত হয়েছে। সারা দিনে পর্যায়ক্রমে ৬ থেকে ৮ ঘন্টার বেশী বিদ্যুৎ থাকে না। ছেলে মেয়েরা পড়তে পারে না, নিত্য-নৈমিত্তিক কাজের ব্যাঘাত হচ্ছে। মানুষ সেখানে কাজ করতে পারছে না। ২২ বছরের রাজত্বে আপনারা বলেছেন যে বিদ্যুতের উন্নতি হয়েছে কিন্তু আমরা তার কিছুই দেখতে পাচ্ছি না। সুতরাং অবিলম্বে বিদ্যুৎমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি এর সুরাহার জন্যে।

(এই সময়ে মাইক অফ হয়ে যায়)

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের ব্লক হেড কোয়ার্টারে বাগমুন্ডী প্রাইমারি হেল্‌থ সেন্টারটি সম্পূর্ণ ভেঙ্গে গেছে। পি ডব্লিউ ডির থেকে ড্যামেজ বলে নতুন বিল্ডিং করার পরিকল্পনাও দিয়েছে। সেটা রাজ্য সরকারের কাছে পাঠানোও হয়েছে। যার ফলে ওখানকার রোগীরা গাছের নীচে অসুস্থ অবস্থায় রয়েছে। অবিলম্বে রাজ্যসরকারের পক্ষ থেকে বিল্ডিং তৈরীর ব্যবস্থা করা হোক। আমি আপনার মাধ্যমে আরেকটি অনুরোধ স্বাস্থ্যমন্ত্রীর কাছে রাখছি যে, বলরামপুরে মাল্‌তী সাবসিডেয়ারী হেলথ সেন্টারে ৭ লক্ষ টাকার জিনিসপত্র চুরি হয়ে গেছে। ওই মালতী হেলথ্ সেন্টারটিও চালু করার ব্যবস্থা করুন।

[12.50–1.00 p.m.]

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ ও পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার ভাগিরথী বাঁধে ছেড়াখাল নামে যে বাঁধ আছে, সেখানে ৩টি অঞ্চলে হাজার হাজার বিঘা জমিতে বর্ষার জল জমে যায় এতে চাষ অনুপযুক্ত হয়, তাই আপনার মাধ্যমে আমি ছেঁড়া খাল-এ স্লুইজ গেট করবার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রী ও সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ছেঁড়া খালে

ভাগিরথী নদীর ওধারে স্লুইজগেট দেওয়া হোক যাতে ওখানে হাজার হাজার বিঘা জমিতে জল না জমে।

**শ্রী তপন হোড় ঃ** মিঃ স্পীকার স্যার, আমি শান্তিনিকেতনের একটি বিশেষ অবস্থার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শান্তিনিকেতনে বহু বিশিষ্ট ব্যক্তি আছেন, তাদের মধ্যে অমিতা সেন আছেন, শান্তিদেব ঘোষ আছেন, কণিকা বন্দ্যোপাধ্যায় আছেন, সোমনাথ হোড় আছেন বিশিষ্ট ভাস্কর শিল্পী, তারা একটি গুরুতর বিষয়ে আমার কাছে বলেছেন, সেটা হচ্ছে, শান্তিনিকেতনের অভ্যন্তরে যে ভাবে হোটেল এবং লজ হচ্ছে বেআইনীভাবে এবং আমাদের কলকাতা থেকে অনেক ভি. আই. পি. সেখানে যাচ্ছেন এবং সেই সমস্ত লজ ও হোটেলগুলিতে যাচ্ছেন। সেখানে নানা রকম বেলেল্লাপনা হচ্ছে, অশালীন অশ্লীল কর্ম হচ্ছে, এই ব্যাপারে তারা ক্ষোভ প্রকাশ করেছেন। এই ব্যাপারটা অবিলম্বে বন্ধ হওয়া দরকার।

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকা কার্শিয়াঙ-এ রাম্বুক এস্টেট অরুণ কুমার রাই, বীরেন থাপা লাম্বাহাটা, নকশালবাড়ীর সুরেশ ছেত্রী—এরা কার্গিল যুদ্ধে শহিদ হয়েছেন। তাদেরকে ২ লক্ষ টাকা করে দেওয়া হোক, এই দাবী আমি জানাচ্ছি।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বড়জোড়া বিধানসভা এলাকায় বিড়লা রাম নারায়ণ উচ্চ বিদ্যালয় আছে, এটিকে উচ্চতর বিদ্যালয়ে অনুমোদনের জন্য আবেদন জানাচ্ছি। ঐ এলাকায় তিন শতাধিক ছাত্রী এতে উপকৃত হতে পারে। ঐ বিদ্যালয়ের ধারে কাছে কোন উচ্চতর বিদ্যালয় নেই। প্রায় ১১।১২ কি. মি. দূরে অবস্থিত। যার ফলে ঐ এলাকায় মেয়েরা উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। তাই এই বিড়লা গার্লস স্কুলটিকে অবিলম্বে উচ্চতর বিদ্যালয়ে পরিণত করার জন্য দাবী জানাচ্ছি।

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যাসাগর সেতু অনেক দিন তৈরী হয়েছে, দীঘা কলকাতার বাসগুলি ঐখান দিয়ে যাতায়াত করবে বলে পরিবহণ মন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন। তিনি বলেছিলেন কোনা এক্সপ্রেস ওয়ে তৈরী হয়ে গেলে ঐ বাসগুলি বিদ্যাসাগর সেতুর উপর দিয়ে যাবে। বেশ কিছুদিন হলো কোনা এক্সপ্রেস ওয়ে চালু হয়ে গেল, কিন্তু এখনও বিদ্যাসাগর সেতুর উপর দিয়ে দীঘাগামী বাসগুলি যাচ্ছে না। দক্ষিণবঙ্গের মানুষ এই বাসগুলিতে যাতায়াত করে; আমরাও যাই, কিন্তু এক্সপ্রেস ওয়ে চালু হয়ে যাওয়ার পরেও বিদ্যাসাগর সেতুর উপর দিয়ে যাওয়ার অনুমতি দেওয়া হচ্ছে না। এতে যানজট সমস্যার সমাধান হতে পারত, কিন্তু অনুমতি না থাকায় সমস্যার সমাধান হচ্ছে না।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবাংলায় ৪৬টি আর. এম. এস আছে, তার মধ্যে ২২টিতে কমিটি আছে। সারা পশ্চিমবাংলায় লেভি আদায় করার জন্য যে চেক পোষ্ট আছে, সেখানে বেশীরভাগ কর্মচারীই তারা লেভি চুরি করছেন, সরকারের তহবিলে সেই টাকা তারা জমা দিচ্ছেন না। এর ফলে একটা অরাজকতা সৃষ্টি হচ্ছে। এই ব্যাপারে তদন্ত হওয়া প্রয়োজন এবং অবিলম্বে এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া দরকার, যাতে এই অর্থ ঠিকমত তহবিলে জমা পড়ে।

**শ্রী শীতল কুমার সর্দার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার সাঁকরাইল বিধানসভা কেন্দ্রে ত্রিশ শতাংশ মুসলিম ভাইরা থাকে এবং তারা হাই মাদ্রাসা স্কুল থেকে পাশ করার পরে তারা কোন কলেজে ভর্ত্তি হতে পারছে না। তাই আমি আপনার মাধ্যমে জানতে চাই এদের কেন এই দুরাবস্থা। এই সমস্ত পাশ করা ছেলেরা কোথায় যাবে। এরা মুসলিম বলেই কি এদের প্রতি এই আচরণ করবেন। এর থেকেই বোঝা যাচ্ছে বর্তমান শিক্ষা ব্যবস্থা কোন জায়গায় গিয়ে পৌঁছেছে। তাই আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। বিশিষ্ট চলচ্চিত্র ও মঞ্চ অভিনেতা ছবি বিশ্বাসের জন্মশতবর্ষ চলছে। শিশির ভাদুড়ি, অহীন চৌধুরী, নরেশ মিত্র, প্রমুখ যারা অভিনয়ে আধুনিকতা ও স্বকীয়তা এনেছিলেন তাদের সঙ্গে ছবি বিশ্বাসের নামও উল্লেখযোগ্য। তিনি অনেকগুলো চলচ্চিত্রে অভিনয় করেছেন, তার মধ্যে উল্লেখযোগ্য হল কাবুলিওয়ালা, জলসাঘর, সবার উপরে, সপ্তপদী, কাঞ্চনজঙঘা, হেডমাষ্টার, শুভদা প্রভৃতি। এছাড়া তিনি অনেকগুলো নাটকেও অভিনয় করেছেন দাপটের সঙ্গে। এই মহান অভিনেতার চলচ্চিত্রগুলো নন্দন সহ বিভিন্ন প্রেক্ষাগৃহে দেখাবার ব্যবস্থা করা হোক এবং তার অভিনীত নাটক যা রেকডিং করা আছে তা সংগ্রহ করে ক্যাসেট-এর মাধ্যমে প্রকাশ করার ব্যবস্থা করা হোক বর্তমান প্রজন্মের কাছে।

[1.00–2.30 p.m.
including House adjourned]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি ধন্যবাদ জানাচ্ছি, একটা অসামান্য কৃতিত্ব তিনি করেছেন, ১৯৭৬-৭৭ সালে সরকারের দুধ সরবরাহ হত ২ লক্ষ ৫০ হাজার লিটার, এখন সেটা তিনি নামিয়ে আনতে পেরেছেন ১ লক্ষ ২০ হাজার লিটারে এখন দুধ সরবরাহ হচ্ছে পলিপ্যাকের মাধ্যমে, সেগুলো মাঝে মধ্যে লীক হয়ে যাচ্ছে, ফলে দোকানগুলোতে বিশৃঙ্খলা হচ্ছে, মানুষ ক্ষোভ প্রকাশ করছে। তাছাড়া দুধের কোয়ালিটি অত্যন্ত নিম্নমানের। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে ভালো দুধ সরবরাহ-এর ব্যবস্থা করা হোক এবং ভালো প্যাকিঙের ব্যবস্থা করা হোক।

**শ্রী রবীন্দ্র নাথ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় একটি স্বাস্থ্যকেন্দ্র তৈরী হয়েছে এই বামফ্রন্ট আমলে প্রায় ৩২ লক্ষ টাকা খরচ করে এবং কন্ট্রাক্ট প্রথায় সেখানে ডাক্তারবাবুরাও গিয়েছেন।

উলুবেড়িয়া থেকে ২৩ কিলোমিটার দূরে ঐ স্বাস্থ্যকেন্দ্র। ঐ স্বাস্থ্যকেন্দ্রের উপর ঐ এলাকার হাজার-হাজার গরীব মানুষ চিকিৎসার জন্য নির্ভর করে। বারবার মন্ত্রীকে অনুরোধ করেছি সেখানে বিদ্যুৎ দেওয়ার ব্যবস্থা করুন। কিন্তু কিছুই হ'ল না আজ পর্যন্ত। ডাক্তারবাবুরা পালিয়ে যেতে চাইছে। এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—অবিলম্বে সেখানে বিদ্যুৎ দেওয়ার ব্যবস্থা করুন।

**মি. ডেপুটি স্পিকার ঃ** এখন বিরতি। আমরা আবার মিলিত হবো ২.৩০ মিনিটে।

(At this Stage the House was adjourned till 2-30 p.m.)

**(After recess)**

[2.30–2.40 p.m.]

**Point of Information**

**শ্রীমতী তপতী সাহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশান আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অবগতির জন্য জানাচ্ছি, কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানে একটা নমিনি প্রথা নিয়ে আন্দোলন চলছে। এটা নিয়ে ডিসপিউট রয়েছে এবং কলিকাতা হাইকোর্ট একটা অর্ডার বার করেছে। আমার মনে হয় এটা একটা পলিশি মেকিং ম্যাটার। স্যার, আপনার অবগতির জন্য জানাচ্ছি এই নমিনি প্রথা নিয়ে তৃণমূল কংগ্রেস কিছু জঞ্জাল সাফাই-এর কর্মী নিয়ে আন্দোলন করছে এবং তাতে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে। আমি মনে করি এটা রাজনীতিগত সিদ্ধান্ত। আমি এর তীব্র নিন্দা করছি।

**Point of Information**

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলিকাতা করপোরেশানের এই নমিনি প্রথা দীর্ঘদিনের, প্রায় ১০০ বছর ধরে চালু আছে। আমাদের এই সাফাই মজদুর পশ্চিমবাংলায় পাওয়া যেত না, বিহার উত্তরপ্রদেশ থেকে এরা আসতো। তারা যখন ছুটি নিয়ে দেশে যেত তখন প্রায় কাজ বন্ধ হয়ে যেত। এখন নূতন করে মেয়র ইন কাউনসিল কান্তি গাঙ্গুলী মহাশয় কনজারভেশানে নিজের লোক ঢোকাবার চেষ্টা করছেন।

**LEGISLATION**

**Discussion on Howrah Municipal Corporation Amendment Bill, 1999**

**Shri Ashok Bhattacharjee :** Sir, I beg to introduce the Howrah

Municipal Corporation (Amendment) Bill, 1999.

(Secretary then read the Title of the Bill)

**Shri Ashok Bhattacharjee :** Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1999 as settled in the Assembly, be passed.

**Mr. Dy. Speaker :** There is motion for circulation of the Bill by Shri Jatu Lahiri. Now I request Shri Jatu Lahiri to move the motion.

**শ্রী জটু লাহিড়ি ঃ** স্যার, আমার মতে এই বিলটি সারকুলারেশানের ব্যবস্থা করা হোক। স্যার, এটা অত্যন্ত প্রয়োজনীয় জিনিস - সার্কুলেশান ছাড়া কিভাবে এই আলোচনা হবে? সেজন্য আমার মূল দাবী, অবিলম্বে এটি সার্কুলেশানের ব্যবস্থা করা হোক। যতক্ষণ এটি সার্কুলেট না হচ্ছে ততক্ষণ এই বিলটি পাশ করা উচিতই নয়।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** না, না, অলরেডি বিলটি এখানে উত্থাপন করেছি, আর আপনারাও জানতেন। এখন এর ওপরে আলোচনা হোক। সার্কুলেশানের দাবী আমি গ্রহণ করছি না।

The motion of Shri Jatu Lahiri that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st August, 1999, was then put and lost.

**শ্রী জটু লাহিড়ি ঃ** স্যার, মাননীয় পৌরমন্ত্রী হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন (এ্যামেন্ডমেন্ট) বিল্, ১৯৯৯ যেটি এনেছেন, আমি তার বিরোধিতা করছি, আর আমরা যে এ্যামেন্ডমেন্টগুলো এনেছি তার সমর্থনে দু'চারটি কথা বলছি। স্যার, হাওড়া কর্পোরেশন ১৯৮৪ সালে হয়েছে। তার আগে এটি হাওড়া মিউনিসিপ্যালিটি ছিল। ৪৪টি ওয়ার্ড'এর মধ্যে এ্যাডেড এরিয়া এসেছে ছ'টি। ১৯৮৪ সালে এটি হওয়ার পর ৪টি নির্বাচন হয়ে গেছে। ১৯৮৪, ১৯৮৯, ১৯৯৩ আর লাষ্ট ১৯৯৮ তে নির্বাচন হয়ে গেছে। আমি বুঝতে পারছি না, কিভাবে উনি এই বিলটি আনলেন? এতে মেয়র, অপোজিশান লিডার, মেয়র-ইন-কাউন্সিল, ওয়ার্ড কমিটি তার সুবিধা ইত্যাদি ইত্যাদি ছিল। যেগুলো এর আগেই হয়েছে এবং আমি নিজেও হাওড়া কর্পোরেশনে ছিলাম। আমি ১৯৮৪ এবং ১৯৮৯তে নিজেই কাউন্সিলর ছিলাম। তাতে মেয়র-ইন-কাউন্সিল ছিল। যেগুলো হয়েছে, সেগুলোও এর মধ্যে রয়েছে, তাহলে কারণটা কি? অথচ যেটি ভাইটাল জিনিস, ছ'টি সংযোজিত ওয়ার্ড যেগুলো পঞ্চায়েত থেকে সরাসরি কর্পোরেশনে এসেছে, যারা মিউনিসিপ্যালিটির মুখ দেখেনি, তাদের উন্নয়নের জন্য উনি কিছু ব্যবস্থা করেন নি, এখন যেটি দেখা যাচ্ছে, উনি কিছু ভাল ভাল কথা—মেয়র-ইন-কাউন্সিল, মেয়র, কিছু এক্স-সার্ভিসম্যানের প্রপার্টি ট্যাক্স মুকুব ইত্যাদি কথা বলেছেন। এরই মধ্যে কিন্তু আসল উদ্দেশ্য রয়েছে। বিভিন্ন কায়দায় হাওড়ার মানুষের ওপরে নতুন করে ট্যাক্স বাড়িয়ে দেবার জন্য, তাদের ওপরে ট্যাক্সের বোঝা চাপিয়ে দেবার কায়দা এর

মধ্যে রয়েছে। ওর যেটা বোঝা উচিত ছিল, হাওড়ার এই ছ'টি এলাকায় যাদের জনসংখ্যা ২১/২-৩ লক্ষ, যাদের কোন উন্নয়ন হয়নি, আজ পর্যন্ত যেখানে জলের ব্যবস্থাই হয়নি, সেখানে উনি ট্যাক্স ফাঁকি দিলে পাইপ লাইন কাটবেন কি করে? যেখানে জলাজমি, নীচু জমি, তাদের কোন উন্নতি হয়নি।

[2.40–2.50 p.m.]

সেখানে কোন বসবাসের আধুনিক উপকরণ রাস্তাঘাট, নর্দমা ইত্যাদির কোন ব্যবস্থা হয় নি। কিন্তু নতুন নতুন কায়দায় যে সমস্ত কথা বলে বিল এনেছেন সেগুলো ভাবতে হবে যে এগুলো কি করে ইমপোজ করবেন। যেমন উনি এখানে ৮৮ বি তে বলেছেন The Corporation shall levy a surcharge on the transfer of immovable property situated within Howrah, in the form of additional stamp duty এই জন্যই আমাদের বিরোধিতা। এখানে হাওড়া কর্পোরেশান এলাকায় যে সমস্ত জমি রেজিষ্ট্রি হচ্ছে, বাড়িঘর রেজিষ্ট্রি হচ্ছে বা ট্রান্সফার হচ্ছে তাতে থানা ভিত্তিক রেজিষ্ট্রির ক্ষেত্রে স্ট্যাম্প ডিউটি এতো হাই যে বিশেষ বিশেষ ক্ষেত্রে মানুষ স্ট্যাম্প ডিউটি না দিতে পারার জন্যে অনেক ক্ষেত্রে দলিল রেজিষ্ট্রি হচ্ছে না। এর উপরে উনি আবার সারচার্জ আনতে চেয়েছেন একটি কথা মনে করিয়ে দিতে চাই যে, সংযোজিত ওয়ার্ডে অর্থাৎ এ্যাডেড এরিয়ার জায়গাগুলোর বিন্যাস হচ্ছে। অধিকাংশ ক্ষেত্রে বাগান, ডাঙ্গা এলাকার মিউটেশান করার পরেও আবার চার্জ দিতে হচ্ছে। দুর্নীতির বাসা এখানে বেঁধেছে। এবং তাতে দেখা যাচ্ছে যে, কর্পোরেশান যা পায় তার থেকে মিউটেশান দপ্তরের কর্মচারীরা অনেক বেশী টাকা পায়। বাড়ির প্ল্যান স্যাংশান করতে গেলে প্ল্যানের সব জমা না হলে প্ল্যান স্যাংশান হবে না। মিউটেশান হবার পরে বাগান, ডাঙ্গা জমির ক্ষেত্রে পরচায় বাগান, ডাঙ্গা জমির থেকে কনভারশান করে বাস্তু জমি করতে হবে। বাস্তু করার পরে তার ডেভালাপমেন্ট ফি নেওয়া হয়। সেখানে ডাঙ্গা, বাগান যেসব জমি রয়েছে তাকে বাস্তুতে কনভার্ট করার পরে তার ডেভোলাপমেন্ট ফি দিতে হবে। সুতরাং একটা বাড়ি করতে গেলে তার প্ল্যান স্যাংশান, ডেভোলাপমেন্ট ফি এবং মিউটেশান ফি নেওয়া হবে। সেখানে যদি জায়গা বিক্রি করে সেখানেও স্ট্যাম্প ডিউটি ভীষণ বাড়িয়েছেন। মাননীয় পৌরমন্ত্রী আবার একটা ধারার মধ্যে দিয়ে নতুন করে ট্যাক্সের বোঝা চাপিয়ে দেবার চেষ্টা করেছেন। এর আমরা বিরোধিতা করছি। একটা ভাল কাজ উনি করেছেন তাও পুরোপুরি করেন নি। সেখানে আপনি ৮৮ এতে বলেছেন— The Corporation may, by a resolution, exempt 25 per cent of the property tax in respect of any holding belonging to an ex-serviceman, or family of a deceased soldiers or ex-serviceman, who has no other land or building in any part of the State of West Bengal and who is residing in that holding. ভাল কথা, সোলজার বা এক্স সোলজার বা তার পরিবারের ক্ষেত্রে ২৫ পার্সেন্ট লেস করে বদান্যতা দেখিয়েছেন। কিন্তু এক্ষেত্রে ২৫ পার্সেন্ট কেন, একেবারে সেন্ট পার্সেন্টই তো লেস করতে পারতেন, এই ব্যাপারে আমরা সবাই একমত হব। একেবারে সেন্ট

পার্সেন্ট ট্যাক্সই মকুব করে দেওয়া হোক। ২৫ পার্সেন্ট লেস করে বদান্যতা না দেখিয়ে সেন্ট পার্সেন্ট করুন তাহলে তাদের সম্মান দেখানো হবে। সুতরাং এটা সেন্ট পার্সেন্ট করে দেওয়া হোক। তারপরে আপনি ১৩৯ এ তে কি বলেছেন কোন রকম ট্যাক্স কর্পোরেশানের বাকী থাকলেই ট্যাক্স যদি বাকি থাকে তাহলে তার জলের লাইন কেটে দেওয়া হবে। অদ্ভুত কথা, ট্যাক্স বাকি থাকলে মানুষের সবচেয়ে প্রয়োজনীয় জিনিস জল, সেই জায়গায় উনি ভাতে মারতে চাইছেন। রাস্তা তো অনেক রকমের আছে, ট্যাক্স বাকি থাকলে কর্পোরেশানে তো আইনের অভাব নেই, তার সম্পত্তি ক্রোক করার ব্যবস্থা আছে, তার আনুষাঙ্গিক ফাইন-এর ব্যবস্থা আছে। তার অস্থাবর সম্পত্তি বের করে দেওয়ার ব্যবস্থা আছে। এইগুলি কিন্তু আইনের প্রভিশানে আছে। কিন্তু জলের জন্য এখনও যে ট্যাক্স ধার্য করেননি, প্রকারন্তরে ঘুরিয়ে ফিরিয়ে সেই ট্যাক্স কায়দা করে মানুষকে বোঝাতে চেয়েছেন, এটা খুব সহজ সরল অজুহাত, এই অজুহাতে মানুষের জলের লাইন কেটে দেবেন। এই ধারাতে বলা আছে, রাস্তা ড্যামেজ হলে, লিকেজ হলে, জলের লাইন কেটে দেওয়া হবে। সেক্ষেত্রে জলের লাইন কেটে দেওয়ার প্রভিশান আছে, এক্ষেত্রে আপনি অন্য সেকশান বা ধারাতে ব্যবস্থা নিতে পারেন। জলের লাইন কেটে দিয়ে মানুষের জীবনধারণের প্রধান জিনিস যেটা সেটা আপনি কাটতে পারেন না। আমি এই এ্যামেন্ডমেন্ট এর বিরোধিতা করছি। স্যার, অভূত ব্যাপার সার্ভিস প্রিভি আনছেন, সেইজন্য বলব এই বিলটা বাতিল করে দেওয়া উচিত। এই বিল আনার কোন প্রয়োজনীয়তা নেই। বলছেন substitution of new section for Section 154 of the Principal Act, the following section shall be substituted.

154. (1) No person, either owner or occupier of any premises, shall be allowed to maintain service privy within the area of the Corporation. সেইজন্য বিলটা বাতিল করা উচিত। মাননীয় পৌরমন্ত্রী বলুন তো পূর্বতন ৪৪টি ওয়ার্ডে যাদের হোল্ডিং নম্বর আছে, তাদের কত জনের সার্ভিস প্রিভি রেকর্ড আছে? এই রেকর্ড কর্পোরেশানে আছে? ৬টি যে সংযুক্ত ওয়ার্ড হচ্ছে তার সার্ভিস প্রিভি কি হাওড়া কর্পোরেশানের তালিকায় আছে? কোন রেকর্ডে আছে? সার্ভিস প্রিভির কনভারসানের জন্য আপনাদের শ্লোগান আছে। সারা বিশ্বে কোন মানুষকে মাথায় মল বইতে দেওয়া হবে না। আপনারা কনভারশান প্রোগ্রাম নিয়েছেন, তার জন্য সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে টাকাও দিয়েছে। কেন আজকে নূতন করে আইন করতে হচ্ছে, সার্ভিস প্রিভি রাখতে দেওয়া হবে না? আপনারা নোটিশ করবেন, ফাইন করবেন, কিন্তু গরীব মানুষ যারা ঐ ৬টি সংযুক্ত ওয়ার্ডে আছে তারা কর্পোরেশান এলাকায় আসবে। কিন্তু হাওড়া কর্পোরেশানে সার্ভিস কনভারশানের ব্যাপারে যে ১ থেকে ৪৪টি ওয়ার্ড আছে, সেখানে তারা কয়টিতে নোটিশ করেছে এই ব্যাপারে? যে আর্থিক সাহায্য ১ থেকে ৪৪টি ওয়ার্ডে করা হয়েছে, কর্পোরেশান থেকে, সেখানে ৬টি যে সংযুক্ত ওয়ার্ড তাদের ক্ষেত্রে সার্ভিস প্রিভির কি করছেন, কি সহযোগিতা করছেন, দয়া করে জবাবী ভাষণে বলবেন। এখানে গরীব মানুষরা আছেন, সার্ভিস প্রিভির ব্যাপারে এখানে কোন কিছুই করা হয়নি। আপনি নূতন আর একটি আইন আনছেন সেটা হচ্ছে, কলিং ট্যাক্স। আপনাকে

হাউসে বসে বলা হয়েছিল, ট্রেড ট্যাক্স কর্পোরেশান থেকে তুলে দেওয়া হল কেন? কারণ প্রফেশনাল ট্যাক্স নেওয়া হচ্ছে বলে। সার্টিফিকেট অফ্ এনলিষ্টমেন্ট হচ্ছে ১০ টাকা সেটা ১০ থেকে, ৫০, ১০০, দেড়শো, ২০০ টাকা করে নেওয়া হচ্ছে।

[2.50–3.00 p.m.]

আজকে আপনি নতুন করে আবার ক্লজ টোয়িন্টিতে বলছেন—For Schedule III of the Principal Act, the following schedule shall be substituted : Schedule III - Profession, Trade and Calling and rate of Annual Tax. আপনি বিভিন্ন খাতে ১০০ থেকে তিন হাজার টাকা পর্যন্ত আপনি আদায় করছেন। আপনি বিভিন্নভাবে বিভিন্ন নাম দিয়েছেন কখনো ট্রেড লাইসেন্স নাম দিয়েছেন, সার্টিফিকেট অফ এনলিষ্টমেন্ট, কলিং, প্রফেশনাল ট্যাক্স, এনলিষ্টমেন্ট — এইসব থেকে আপনি টাকা তুলেছেন। একই মানুষ প্রফেশান ট্যাক্স দেবেন, আবার তাদের কাছ থেকে ঘুরিয়ে ফিরিয়ে নানান নাম দিয়ে আলাদা আলাদাভাবে টাকা আদায় করবেন। এই সভায় দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন আমরা প্রফেশান ট্যাক্স নিচ্ছি, এর একটা বিরাট অংশ সংশ্লিষ্ট মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশানগুলোকে দেওয়া হবে, কোন ক্ষেত্রেই ট্রেড লাইসেন্স কর্পোরেশানে থাকবে না। আজকে প্রত্যেক পর্যায়ে আপনি ট্যাক্স বাড়িয়েছেন সার্টিফিকেট অফ এনলিষ্টমেন্ট যেটা আগে দশ টাকা ছিল, আপনি সেই জায়গায় নতুন করে এই বিলের মধ্যে দিয়ে মানুষের উপরে বোঝা চাপিয়ে দিচ্ছেন। প্রত্যেকটি ক্ষেত্রে ১০০ টাকা থেকে শুরু করে ৩,০০০ টাকা পর্য্যন্ত ট্যাক্সের বোঝা আপনি হাওড়ার মানুষের উপরে চাপিয়ে দিয়েছেন। তাই এই বিল আপনার প্রত্যাহার করে নেওয়া উচিত। হাওড়ার মানুষের উপরে নতুন করে করের বোঝা চাপিয়ে আপনি মানুষের কষ্ট আর বাড়াবেন না। হাওড়া কর্পোরেশানে আজকে অন্যান্য নাগরিক সুবিধা অস্তমিত। তার উপরে নতুন করে আপনি যদি হাওড়ার মানুষের উপরে বোঝা চাপান তাহলে মানুষ বাধ্য হবে গ্রামে চলে যেতে। এটা একটা অবাস্তব বিল, তাই এই বিলের আমি বিরোধিতা করছি।

**श्री लगन देव सिंह :** माननीय डिपुटी स्पीकर सर, आज हाउस मे हावड़ा म्युनिसिपल कॉरपपोरेशन एमेन्डमेन्ट (बिल) 99 जो हमारे म्युनिसिपल एफेयर्स मिनिस्टर पेश किए है, इस बिल का मै समर्थन करता हूँ। और समर्थन करते हुए आपके सामने कुछ महत्वपूर्ण मुद्दों पर अपना विचार रख रहा हूँ। हाउस में माननीय कॉग्रेस के सदस्यों ने इस बिल की आलोचना की है, लगता है माननीय सदस्य ठीक से हू। होम वर्क नहीं कर सके थे। माननीय जोटूदा अपनी बहस के दौरान बार-बार सवाल रखे है। हावड़ा के 44 वार्ड और 6 एडेड वार्डो पर बार-बार सबाल रखे है। यह बड़ा ही हास्यास्पद है। इस हावड़ा कॉरपोरेशन के एडेड 6 इलाकों के विकाश की बात करते है, उसका होरडिंग नम्बर नही हुआ, इसकी बात करते है, यहां सर्विस में कमी है इसकी बात करते है, पैखाना की समुचित व्यवस्था नहीं है, इसकी बात करते है। और जब रेवेन्यू कलेक्शन बढ़ाने के लिए हावड़ा कॉरपोरेशन एमेन्डमेन्ट प्रस्ताव लाया गया है, जिससे टेक्स की कुछ सामान्य बढोतरी हो, तो इसका विरोध करते है। बिना पैसे के जादू बाबू क्या चाहते है कि हावड़ा

कॉरपोरेशन के पास कोई जादू की छड़ी है कि घुमाया और सब काम हो गया। आप अच्छी काम की चाहत रखते है तो आपको कॉरपोरेशन को संसाधन तो मुहैया कराना ही होगा। हावड़ा कारपोरेशन का काम सुचारु रुप से चलाने के लिए, उनमें गति लाने के लिए और कॉरपोरेशन के अन्दर जो कुछ भी संसाधन है, उनमें वृद्धि लाने के लिए जिससे विकाश की प्रक्रिया वाधित नही हो, यह विल लाया गया है।

1980 साल मे इसी हाउस मे हावड़ा म्युनिसिपल एक्ट पेश किया गया था, पास किया गया था तथा बाद नें ये कॉरपोरेशन हुआ। विभिन्न समय समय की मांग और विकाश के मद्देनजर रखते हुए ही इस विभाग की और से इस तरह का विल पेश किया गया है। और ताजुव्व की बात है कि आज जोटू लाहड़ी महोदय इस बिल का विरोध कर है। बिना टेक्स बढ़ाए ही, बिना लाइसेन्स फी लिए ही, किस तरह कॉरपोरेशन का विकास होगा, यह जोटू लाहरी महोदय नही कहे। हवा में तीर चलाने से कोई फायदा नही होता है। वे जानते है कि अब तो कांग्रेस का तो वोर्ड गठन होने से रहा, लगता है इसी लिए इस तरह की बात कर रहे है। यह तो कॉग्रेस का जमानाए नहीं है, पैसा का आवंटन वार्डवाइज होता है, कॉग्रेस के वार्ड हो या किसी अन्य दल का। इसलिए इस तरह की खैरात देने की और तरह-तरह की बात करते है। जो बिल्कुल ही जायज नहीं है। उन्होने एक बात और भी कहा है कि टेक्स बढ़ाने के सबाल पर, टेक्स बढ़ाने की क्या जरुरत थी। मकान मालिक ऐसे ही टेक्स नहीं देते है। हावड़ा शहर मे कितनी ही अधिक वहुमंदिली इमारते, मल्टी स्टारीज बिल्डिंग बन रहा है, बन कर पड़ा हुआ है। बार-बार डिर्पामन्ट की ओर सो टेक्स कलेक्षन को जाते है, लेकिन जितनी सफलता मिलनी चाहिए, जितना कलैक्षन होना चाहिए, नहीं होता है। टेक्स नहीं देने की प्रवृति बढ़ती जा रही है। और उसमें कांग्रेस के लोगों को भी ऐसे टेक्स नहीं देनें बाले का समर्थन मिल जाता है। टेक्स नहीं देने के लिए कांग्रेस की ओर से उकसाया जाता है, एक गलत तरीका है। अधिकांश कांग्रेस के जो बार्ड है, वहां पर टेक्स क्लेक्सन की जहां बात है अधिकतर कांग्रेस के लोग खुद नही टेक्स देते है, ऐसा आप लोग कर रहे है और यह कांग्रेस ही है जो टेक्स क्लेक्सन के काम मे रोड़ा अटकाता है। कॉरपोरेशन में पड़ने बाले इलाको मे विकाश की प्रक्रिया द्रत गति से चल रही है। आपलोग सदा बड़े लोगों के हितैसी बनकर रहे हैं। मै कहता हूँ टेक्स क्यो नही देंगे। यह गलत बात नही है। आप कॉरपोरेशन के अन्दर बिजनेश करोगे। लाइट की सुविधा, रोड की सुविधा पानी की सुविधा एवं अन्य सारी सुविधाएँ कारपोरेन से लोगे फिर टेक्स क्यो नहीं दोगे। क्या यह गलत बात नहीं है कि कॉरपोरेशन से सारी सुविधाएं लेते है और टेक्स नहीं देते है। मै कांग्रेस के सदस्यो से भी, कॉरपोरेशन के विकाश हेतु माननीय पौर मंत्री ने जो हावड़ा म्युनिसिपल कॉरपोरेशन बिल लाए है, उसका समर्थन करना चाहिए था। संसाधन तो सीमित है, इसके कांग्रेस के लोगों को भी हावड़ा के विकाश मे शामिल होना चाहिए। यह गैर लाजमी नहीं है।

जहाँ तक ट्रेड लाइसेन्स का सवाल है। ट्रेड लाइसेन्स के सवाल पर माननीय कांग्रेसी बन्धु के वक्तव्य समझ में नही आ रहा था। हावड़ा म्युनिसिपिल कॉरपोरेशन की

ओर से ट्रेड लाइसेन्स लेना होगा अगर आप कॉरपोरेशन के अन्दर व्यवसाय करना चाहते है तो। लाइसेन्स की रकम भी बहुत ही सामान्य है। अगर आप विजनेस करते है, व्यवसाय करते है तो फिर 10 रुपये का ट्रेड लाइसेन्स नहीं ले सकते। यह कौन सी बात हो गयी और ये 10 रुपये की जो समस्या है टेक्स के कॉरपोरेशन के लोग को असुविधा होती है, और आपलोगों की और से सहयोग नही मिलता है। बहुत ही मुश्किल है और इन्ही सब मुश्किलों को देखते हुए, इस बिल को लाया गया है। और मै समझता हुँ इसमें कोई विरोध की बात नहीं है। मै समझता हुँ इस तरह के मसलों पर राजनीति न कर विकाश को तरजीह देना चाहिए। बार-बार जो कांग्रेस के सदस्य कह रहें थे उससे एसा ही लग रहा था जैसे कोई व्यपारी की भाषा हो। व्यवसाय करेंगे, व्यापार करेंगे, कॉरपोरेशन की सारी सुविधाओं का उपयोग करेंगे और कॉरपोरेशन के ट्रेड लाइसेन्स नहीं देंगे यह अपने आप में हास्यास्पद बात है और विरोधाभास की बात है। इस बिल के माध्यम से ट्रेड लाइसेन्स मैं बढ़ोतरी कर जो रकम रखा गया है इसपर कोई समझोता नहीं किए है, वह ठीक है।

साथ ही साथ एक बात की ओर ध्यान दिलाना चाहूंगा जो बड़े शर्म की बात है। कॉरपोरेशन के अन्दर अभी भी पैखाना ढ़ोने की प्रथा पूर्ण रुप से बन्द नही हो पायी है। इस ओर बिशेष नजर देने की अवश्यकता है। हम इक्कीसवी सदी की ओर जा रहे है, और अगर इस तरह की प्रथा को रोक नही रहें है यह बड़े शर्म की बात है। हावड़ा के कुछ एडेड इलाके मे आज भी यह प्रथा चल रही है। बार-बार कॉरपोरेशन की और से उत्साहित करने के लिए, सेप्टीक पैखाना के निर्माण करने के लिए, सरकार की ओर से अनुदान दिया गया है। फिर भी कुछ बस्ती ऐसे है जहाँ इस प्रकार की अमानवीय प्रथा जारी है। गोलावाड़ी के अन्दर इस तरह के कुछ लोग है, जो लोगों को परेशान करने के लिए इस की प्रथा को बरकरार रखे हुए है। और बार-बार कहने के बाबजूद भी कोई लाभ नही रहा है, लोग इसे नजर अन्दाज कर रहे है। कॉरपोरेशन की ओर से भी अनेकी बार नोटिश दिया गया है, पर कॉरपोरेशन कोई कठोर कदम नही उठा पा रहा था। इस बिल के जरिये ऐसा प्रावधान किया गया है, ऐसे लोगों के खिलाफ कदम उठाने को जो इस तरह की अमानवीय घटनाओं मे शामिल हो। और यह होना ही चाहिए था और इस तरह की मिडनीटरी करना ही चाहिए जो इस बिल के अन्दर है।

साथ ही एक बात और जो इस बिल के अन्दर है वह है डिसेन्टर-लाइजेशान ऑफ पॉवर के नाम पर विकाश की गति को आगे बढ़ाना। हावड़ा म्युनिसिपल कॉरपोरेशन में जहां 1984 के समय से आप देखें होगें मेयर इन कॉउन्सील के माध्यम से वहां विकाश का कार्य करना शुरु किया। लेकिन 1995 से काम को और अधिक महत्व देते हुए सत्ता के विकेन्द्रीकरण कें नाम पर हमलोगों ने देखा बोरो कमिटि के माध्यम से जो कार्य का संचालन होता था उसमे और गति लाने के लिए अभी बार्ड कमिटि हुआ। मै आपसे जानना चाहता हुँ फिर विरोध क्यो। इस बार्ड कमिटि मे, विरोधी दल को लेकर सतापक्ष को लेकर ही इस बार्ड कमिटि का गठन हुआ। और इस तरह सता के विकेन्द्रीकरण के

तहत आप देखे है कि हावड़ा म्युनिसीपल कॉरपोरेशन लगातार लोगों को सुविधा हेतु काम कर रही है। और आपको यह जानकर खुशी होगी कि हावड़ा कॉरपोरेशन के अन्दर में जो भी काम होगी, वह बोरो कमिटि के माध्यम से हो, इसकी घोषणा की गई है। जी प्लस 2 इस बिल में जहां एसेसमेन्ट का मामला, टेक्स क्लेकशन का मामला जितने भी काम होते है, पानी का मामला सो सारे का सारा मामला जो आज है वह बोरो कमिटि के माध्यम से करने की व्यवस्था की गई है। आज हावड़ा कॉरपोरेशन मे जो भी विकाश का काम होता है, वह बोरो कमिटि के माध्यम से होता है, उसका संचालन बोरो कमिटि करती है। जिसमें सतापक्ष और विपक्ष दोनो के ही सदस्य होते है।

अत: माध्यम से कॉग्रेस ने जो दलील रखे है, उस दलील में कोई दम नहीं है, मै उस दलील का विरोध करता हुँ और इस बिल का समर्थन करते हुए अपनी बात खतम करता हूँ।

[3.00–3.10 p.m.]

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে সমর্থন করে দু চারটি কথা বলব। মাননীয় বিরোধী সদস্য প্রথমেই যে বিরোধিতা করলেন, আপনি জানেন যে, উনি কতদিন হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশানের কাউন্সিলার ছিলেন এবং সেখানে সমস্ত কিছু ঘড়ি, টেবিল চেয়ার, এই সব জিনিসপত্র কিছুই রাখেন নি। স্যার, আজকে বিরোধীদের হিংসা হচ্ছে যে, হাওড়ার মানুষ ওনাকে ডাস্টবিনে নিক্ষেপ করে দিয়েছে। আজকে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশানে অনেক উন্নয়নমূলক কাজকর্ম করেছি। আজকে হাওড়া শহর একটা ঐতিহ্যপূর্ণ শহর। এক সময় হাওড়া বাস টার্মিনাসে মানুষ যাতায়াত করতে পারত না। এই হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশান বামফ্রন্টের হাতে আসার পরে আজকে অনেক উন্নয়নমূলক কাজ হয়েছে। ডুমুরজোলা স্টেডিয়াম কমপ্লেক্স আজকে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশান করেছে। আজকে ওখানে রাস্তাঘাট, ড্রেনেজ সিস্টেম। বিদ্যুতের ভালো অবস্থা অনেক কিছুই আমরা করেছি। আজকে অনেকেই ট্যাক্সের কথা বলেছেন। বিরোধী সদস্যরা জানেন যে, কি মিউনিসিপ্যালিটি কি পঞ্চায়েত, সব জায়গায় এমন একটা আইন আসছে—ট্যাক্সের পয়সায় উন্নয়নমূলক কাজ করতে হবে। আজকে সেদিন আসছে। আগে হাওড়া মিউনিসিপ্যাল এলাকায় বড় বড় প্রোমোটাররা বিল্ডিং করত, জায়গা বিক্রি করত। জলের সমস্যা ছিল। এখন সেই পদ্মপুকুরের জলের সমস্যার সমাধান হয়েছে। রাস্তাঘাটের অনেক উন্নতি হয়েছে। আজকে ওখানে যে নতুন ওয়ার্ডগুলি পঞ্চায়েত থেকে মিউনিসিপ্যালিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে, সেখানে যে সমস্ত গরীব মানুষ আছেন, তাদেরকে আমরা ইন্দিরা আবাসনের টাকা দিয়েছি এবং তাতে তারা উপকৃত হয়েছে। সেজন্য একবার নয়, দুবার, তিনবার নয়, চারবার আমরা বিপুল ভাবে মেজরিটি নিয়ে আমরা হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন দখল করেছি। ওদের হিংসা হচ্ছে, ওরা চায় না গ্রামের উন্নতি হোক, শহরের উন্নতি হোক। ওরা চায় বড়লোকদের উন্নতি হোক। বড়লোকদের ট্যাক্স কমানো হোক।

যারা ওদের সমর্থন করে, যাদের কাছ থেকে টাকার বিনিময়ে ওরা বাড়ী, গাড়ী তৈরী করে, ব্যবসা করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বলবো হাওড়া শহর অত্যন্ত কনজেসটেড এরিয়া হয়ে গেছে। রাস্তা-ঘাট হয়েছে। কোনা রোড হয়েছে, ফোরশোর রোড হয়েছে, জি. টি. রোড এর উপর একটা পরিকল্পনা করা হয়েছে। যদি রাস্তায় দু-ধারে জুড়ে হয় তখন বিরোধিতার সুযোগ নিয়ে ওরা আন্দোলন করবে কিন্তু রাস্তা কনজেসটেড হয়ে গেছে। আজকে একটা হাট, মঙ্গলা হাট, হাওড়া অত্যন্ত প্রয়োজনীয় হাট। শুধু হাওড়া জেলা নয়, চারিদিক থেকে এখানে লোক আসে। এই হাটের প্রয়োজনীয়তা আছে। সেই প্রকল্প হাওড়া কর্পোরেশন করছে, কি করে ব্যবসায়ীদের পুনর্বাসন করা যায়। মাছের বাজার ছিল, নর্দমা অপরিষ্কার, পানীয় জল ছিল না। আজকে আমরা সেটা করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী অশোক ভট্টাচার্য্য যে ১১ নম্বর বিলটি এখানে এনেছেন, আমার আশঙ্কা হচ্ছে এই বিলটি ওরা নিজে পড়ে দেখেছেন কিনা? দার্জিলিঙে ঘিসিং সি. পি. এমকে সমর্থন করবে কি করবে না, সেটা নিয়ে উনি এত ব্যস্ত ছিলেন যে হয়তো উনি এই বিলটা পড়ে দেখার সময় পান নি। মাননীয় সদস্য সারকুলেশনের জন্য যে ডিমান্ড করেছেন তা অত্যন্ত সময়োপযোগী। এই জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি বিলটা পড়ে দেখলেই বুঝতে পারবেন। চতুর্থ দফায় হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন সি. পি. এম. পরিচালনায় চলছে। তারপরও ওরা বলছে যে কাউন্সিলারদের শপথ নিতে হবে। শপথের বয়ান নতুন করে লিখে দিতে হয়। মেম্বার নিযুক্ত করা হবে তাদের নমিনেট করবেন মেয়র, এখানে বলবেন—"I, do swear in the name of God/solemnly affirm that I will not directly or indirectly communicate or reveal to any person or persons any matter which shall be brought under my consideration. পরপর চারবার ক্ষমতায় থেকে মিউনিসিপ্যালিটি পরিচালনা করছেন অথচ আজকে নতুন করে ১৮ বছর পর এখানে নতুন সংযোজন নিয়ে আসছেন, যার কোন প্রয়োজন, আইনানুগ তাগিদ নেই। অথচ করে যাচ্ছেন। কারণটা হলো টাকা বাড়াতে হবে আয় বাড়াতে। উন্নয়ণ করতে কর্পোরেশনের ট্যাক্স বাড়াতে হবে, এটা স্বাভাবিক। সেদিকে আমরা কোন ডিসপুট করছি না। এই বিলটা এনেছেন, মাননীয় মন্ত্রী মহাশয়, এর মাধ্যমে আপনারা মন্ত্রী সভার ব্যর্থতা আপনি কি করে স্বীকার করে নিয়েছেন, দেখুন। কর্পোরেশনের কাজ কি? বলেছেন আমরা এই কাজ করবো। We will perform the "identification and preservation of open speaces prohibition of fitting up of tanks or water courses." খোলা জায়গা বার করবো এবং সেগুলো চিহ্নিতকরণ করবো। তাহলে গত ১৮ বছর ধরে কি করেছেন? কিছুই করেন নি। বলেছেন আমরা পুকুর ভরাট করবো না এবং জলাশয় চিহ্নিতকরণ করবো। তাহলে গত ১৮ বছর ধরে কি করে গেছেন, বেপরোয়া ভাবে পুকুর ভরাট করে গেছেন। স্যালো ল্যান্ডে বাড়ী তৈরী করার অনুমতি দিয়ে গেছেন প্রোমোটারদের। আমার বক্তব্য আপনার মিউনিসিপ্যাল কর্পোরেশন গত ১৮ বছর ধরে ট্যাঙ্কগুলো চিহ্নিতকরণ করেছে কিনা। আপনি বলেছেন, "Filling up of

insanitary water courses", "Protection of land surface through which sub-soil water sources are re-charged", "Provision of dumping grounds for solid wastes disposal" অস্বাস্থ্যকর জলাশয়গুলো আমরা ভরাট করে দেব। তাহলে গত ১৮ বছর ধরে কি করলেন? অপরিশ্রুত জল ১৮ বছর দায়িত্বে থেকে আপনি হাওড়া নগরীকে বিতরণ করেছেন। অর্থাৎ পানীয় জল যাতে পরিশ্রুত পানীয় জল আসে তার জন্য ব্যবস্থা করবেন। যা কিছু জঞ্জাল তাকে সরাবার জন্য আপনি জায়গা বার করবেন। গত ১৮ বছর ধরে বিক্ষিপ্তভাবে জঞ্জাল ছড়িয়ে রেখেছেন।

[3.10–3.20 p.m.]

মানুষের স্বাস্থ্যের অবনতি ঘটছে, আপনি কি করছেন? আপনারা বলছেন রিক্ল্যামেশান অফ্ ওয়েষ্ট ল্যান্ড, যে সব নতুন জায়গা তাকে ভরাট করবেন। আপনারা গত ১৮ বছর ধরে করেন নি। প্রোভাডিং এ্যাকটিভিটিজ অফ্ সিমিলার নেচার এই ধরনের কাজ তার জন্য নাকি আইন তৈরী করতে হবে। গত ১৮ বছরে ট্যাক্স নিলেন, বারে বারে নির্বাচন করলেন এবং ৪৪টা ওয়ার্ড ছিল তার উপর ভরষা রাখতে পারলেন না এ্যাডেড এরিয়া নিয়ে এলেন। সেখানে ওয়ার্ড এখন পর্যন্ত হোল্ডিং নং পায় নি। আপনাদের যে ৪৪ টা ওয়ার্ড ছিল সেখানে ন্যূনতম পানীয় জলের ব্যবস্থা করতে পেরেছেন? সেখানে ন্যূনতম পরিষেবা দেন না। সেখানে সড়ক পরিষেবা ব্যবস্থা করতে পেরেছেন, সেখানে সোয়ারেজ সিস্টেম করতে পেরেছেন? সেখানে ন্যূনতম পরিষেবা দেন নি, সে জন্য একটা ফিরিস্তি দিচ্ছেন যদি এই ১৮টা কাজ করতে হয় তার জন্য একটা বিল এনেছেন। আজকে আপনি ৬টি ভাগে ভাগ করেছেন নাগরিকদের। স্যার, এই বিলের ১৯ নং পাতা যদি আপনি পড়েন তাহলে ৭ নং দেখবেন—As business-man, banker, travel agent, commission agent, engineer, architect, builder, contractor, auctioneer or carrier তাদের কাছে বলছেন দেড় হাজার টাকা ট্যাক্স দিতে হবে। এই ট্যাক্স ইঞ্জিনিয়াররা দেবেন কেন? তারা তাদের মাথা খাটিয়ে কাজ করছেন আর আপনি তাদের উপর দেড় হাজার টাকা ট্যাক্স চাপাচ্ছেন—As hotel keeper boarding-house keeper, lodging-house keeper manufacturer, তাকে দেড় হাজার টাকা দিতে বলছেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনাকে বলছি আপনি সংখ্যাধিক্যের জোরে এটাকে পাশ না করিয়ে হাওড়ার নাগিরকদের মধ্যে আপনি এটা প্রচার করুন, তাদের মতামত যাচাই করুন, জনগণ আপনাদের সাথে আছে। আপনি হাওড়ার ইঞ্জিনিয়ারদের বলুন তুমি ইঞ্জিনিয়ারিং পড়েছ এখন তুমি আর্কিটেক্ট তোমাকে দেড় হাজার টাকা দিতে হবে। কারণ কর্পোরেশনের টাকার দরকার। হোটেল কীপার, বোর্ডিং হাউস কীপার, ম্যানুফ্যাকচারার তাদেরকে দেড় হাজার টাকা দিতে হবে। আজকে কোন ব্যবস্থাটা আপনি করেছেন? আপনার টাকা চাই কিন্তু তার একটা রেশনালিটি থাকবে, লজেস্টিক্ এ্যাটিচিউট থাকা উচিত। আপনাকে এই বিলটা আমলারা ধরিয়েছেন আর আপনি এখানে বলছেন যে এগুলি আপনি করে দেবেন। স্যানিটেশানের ব্যবস্থা করবেন। কেন আপনি ১৮ বছরে পারলেন না। আমি আপনাকে বলতে চাই কেন

এখনও খাটা-পায়খানা রয়েছে? মেয়র স্বদেশ চক্রবর্ত্তী দ্রুত কাজ করছেন, কেন লোকসভায় তাকে পাঠাতে চাইছেন? হাওড়ার মানুষ তাকে নিচ্ছে, আপনারা কি করছেন। সেখানে ভদ্রলোক মেয়র হিসাবে কাজ করছেন, সেখানে বলতে হবে স্যানিটেশান ব্যবস্থার আমূল পরিবর্তন চাই। আর হেরিটেজ বিল্ডিং, এটা একটা গতানুগতিক কথা, এর কোন লিস্ট করেছেন? বিল্ডিংয়ের পাষ্ট হিষ্ট্রি কি? তার এ্যান্টিসিডেন্ট কি হবে? তার বর্তমান অবস্থাটা সার্ভে ডিপার্টমেন্টকে বলে সার্ভে করিয়েছেন? জিওলজিক্যাল সার্ভের ইঞ্জিনিয়ারকে দায়িত্ব দিয়েছেন? তাকে বলেছেন যে তুমি আমাকে বলো হাওড়ার কোন কোন বিল্ডিংকে হেরিটেজ বিল্ডিং বলা হবে। হাওড়া মিউনিসিপ্যালিটি একটা কাজই করছে সেটা হচ্ছে হাওড়ায় মাল্টিস্টোরিড বিল্ডিংয়ের জঙ্গল তৈরী করছে। আমি ৩০, ৪০ বছর আগের হাওড়া দেখেছি আর এখন গিয়ে দেখি ১০ ফুট, ১২ ফুট, ১৪ ফুট রাস্তা সেখানে দশতলা বাড়ী হয়েছে বেপরোয়া ভাবে।

এর কোন লেখা-জোখা নেই, অনুমোদনের দরকার নেই। আইন তৈরী করছেন কিন্তু এক জায়গায়ও বলেছেন, যারা ইল্লিগ্যাল কনষ্ট্রাকশন করবে, গিভন রুলস এ্যান্ড রেগুলেশনস এ্যান্ড প্রসিডিওরকে ভায়োলেট করবে দে উইল বি টেকেন ইনটু টাস্ক? বলেছেন, ৫ বছর জেল হবে, ১০ হাজার টাকা জরিমানা হবে? এতে তা নেই। যে ট্যাক্স ধার্য করেছেন তা যদি কেউ না দেয় তাহলে মিনিমাম রাইট অফ লিভিং বন্ধ করে দেবেন। সোর্স অফ ড্রিংকিং ওয়াটার বন্ধ করে দেবেন, ইত্যাদি বলেছেন। কিন্তু আপনি কারো আলো, জল, ইত্যাদি অত্যাবশ্যকীয় জিনিসগুলো বন্ধ করে দিতে পারেন না। সে যদি ট্যাক্স ডিফল্টার হয় তাহলে ইন্টাররেষ্ট দেবে এবং তাও যদি না দেয় তাহলে তার স্থাবর-অস্থাবর সম্পত্তি ক্রোক করতে পারবেন। কিন্তু আপনি আন্ডার রুল ২২৬-এ কারো জল, আলো বন্ধ করে দিতে পারেন না। আপনি একটা কালা-কানুন তৈরী করে নিয়ে এলেন কিন্তু এটা প্রয়োগ করতে পারবেন? পারবেন না। এই তো মাননীয় মন্ত্রী ডাঃ মিশ্র টেনেন্ট বিল নিয়ে এসেছিলেন এবং সংখ্যাধিক্যের জোরে তা পাশও করিয়ে নিয়ে গেলেন। কিন্তু পারছেন ইমপ্লিমেন্ট করতে? প্রথমে আপনারা ভাড়াটিয়াদের স্বার্থে এই বিল নিয়ে এসেছিলেন কিন্তু তা তাদের পক্ষে গেল না। কারণ, আপনাদের সমস্ত ক্যাডাররা আজকে বাড়ীওয়ালা হয়ে গেছে, তাই মালিকদের আজকে প্রোটেকশন দিতে হবে। এবং তাই আজকে আপনারা টেনেন্টদের পথে বসাবার জন্য, আপনাদের পার্টি এই আইন নিয়ে এলো। মাননীয় রাষ্ট্রপতি ঐ আইনে অনুমোদনও করলেন। কিন্তু আপনারা তা লকারে রেখে দিলেন। সেই আইন ব্যবস্থা করতে পারবেন না। ইমপ্লিমেন্ট করতে পারবেন না। তার থেকেও বড় কথা ঐ আইন জনমুখী নয়, আপনারা সংখ্যাগরিষ্ঠতার জোরে ঐ বিল এনে এটা করার চেষ্টা করেছেন।

তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বিনীত ভাবে বলব, এটা কোন জেদাজেদির ব্যাপার নয়, হার-জিতের ব্যাপার নয়। আজকে আপনারা প্লানিং এ্যান্ড ডেভেলপমেন্টের নামে মানুষকে নতুন করে জাতাকলে ফেলে দিচ্ছেন। এর ছত্রে-ছত্রে নতুন করে টাক্স বসানোর ভনিতা করা হচ্ছে। এই বিলে আপনি যে বিবৃতি তুলে ধরেছেন তাতে প্রত্যেকটা

জায়গায় বলেছেন, আমরা করব। এটা করব, সেটা করব। অর্থাৎ, সেখানে জনস্বাস্থ্যের কোন ব্যবস্থা নেই, কোন পরিবহণ ব্যবস্থা নেই, প্রিভির দূর করার কোন ব্যবস্থা নেই, হোল্ডিং নম্বর নেই, কর্পোরেশনের বাড়ীর হোল্ডিং নম্বর থাকে, রাস্তার নাম থাকে, তা নেই, ল্যাম্প পোষ্টের নম্বর নেই, জলের পাই পের ব্যবস্থা নেই। অথচ, কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি বলে চালিয়ে দিচ্ছেন এবং ট্যাক্স বাড়াচ্ছেন। এটা জেদাজেদির কথা নয়। আপনারা যদি সত্যিই হাওড়ার সার্বিক কল্যাণ করতে চান, গরীব মানুষের কল্যাণ করতে চান তাহলে আমরাও মদত দেব। কিন্তু সেই কল্যাণ করার মানে শোষণ নয়, কল্যাণ করা মানে অর্থনৈতিক চাপ সৃষ্টি করা নয়। কল্যাণ করার অর্থ নাগরিকদের সুখ-সুবিধার জন্য সুপরিকল্পিত ব্যবস্থা করা। তাই আপনার কাছে অনুরোধ, আপনি এই বিল সার্কুলেশন করুন, সংশোধন করে আনুন। হাওড়ার উন্নয়নে আমরাও মদত দেব। উন্নয়নের জন্য আপনার টাকার দরকার, ট্যাক্স বাড়াতে হবে, ঠিক আছে। কিন্তু র‍্যাসনাল ওয়ে, লজিষ্টিক ওয়েতে বাড়ান। এই রকম তাড়াহুড়ো করে একটা জনবিরোধী বিল করবেন না। এই আবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে 'হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এ্যমেন্ডমেন্ট বিল, ১৯৯৯' এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। এই বিলের ষ্টেটমেন্ট অফ সাবজেক্টস এ্যন্ড রিজনস-এর মধ্যে দিয়ে একটা আশার আলো দেখা যাচ্ছে। এর মধ্যে দিয়ে কর্পোরেশনের অপূর্ণ কাজকে পূর্ণ করতে উনি উদ্যোগী হয়েছেন। তাই প্রশংসা করতেই হয়। মাননীয় সদস্য লগন দেও সিং, রবীন দেব বাবুরা বিলের নানা ভালো দিকের কথা বলেছেন। আর, মাননীয় জটু লাহিড়ী এবং পঙ্কজবাবু যা করলেন তাতে 'গাধাও হাসবে'। হাওড়া শুধু হাওড়ার লোকেদের জন্যই নয়। একটা সময় কথা উঠেছিল হাওড়া এবং কলকাতা ট্যুইন সিটি হিসাবে গড়ে তোলা হবে।

[3.20–3.30 p.m.]

হাওড়া রেলওয়ে স্টেশন দিয়ে প্রতিদিন ১৫ থেকে ১৬ লক্ষ লোক যাতায়াত করে। ফলে সেখানে যে সমস্যার সৃষ্টি হয় তা শুধু মাত্র হাওড়ার সমস্যা নয়, গোটা রাজ্যের সমস্যা। যেহেতু হাওড়া স্টেশন ভারতবর্ষের একটা অন্যতম প্রধান এবং শ্রেষ্ঠ রেল স্টেশন সেহেতু তার সমস্যাকে জাতীয় সমস্যা হিসাবে দেখা উচিত। স্যার, আপনি জানেন কংগ্রেস আমলে হাওড়া স্টেশন সম্বন্ধে তাদের যে দায়িত্ব ছিল ওঁরা সেই দায়িত্ব বিন্দুমাত্র পালন করেন নি। উপরন্তু ওরা হাওড়া স্টেশনকে নরকে রূপান্তরিত করে গেছেন। তার পরেও ওরা হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন সম্বন্ধে এখানে বক্তব্য রাখছেন! ওরা ওদের সময়ে হাওড়া স্টেশন সম্পর্কে ওদের যে দায়িত্ব ছিল তা পালন না করার জন্য এবং বর্তমানে যে তৃণমূল—বিজেপি সরকার কেন্দ্রে রয়েছে তারাও তাদের দায়িত্ব পালন না করার জন্য হাওড়া স্টেশনের সাব-ওয়ের অবস্থা আজকে নরকের চেয়েও খারাপ হয়ে দাঁড়িয়েছে। আজকে ওরা ওদের সেই দায়িত্ব এড়াতে পারেন না। বলা হয়েছিল, 'হাওড়া-কলকাতা' টুইন সিটি হিসাবে গড়ে উঠবে এবং তা করতে গেলে

হাওড়া স্টেশন থেকে সাউথ ইস্টার্ন রেল'কে সরিয়ে শালিমারে নিয়ে যেতে হবে। সে ব্যাপারে কেন্দ্রের বিগত কংগ্রেস সরকার কোন উদ্যোগ গ্রহণ করে যায়নি। অথচ ওরা এই বিলের সমালোচনা করছেন! আমরা জানি হাওড়া স্টেশন-সহ গোটা হাওড়া শহরে ক্রাউড ক্রমশঃ বেড়ে চলেছে। লোকের ওপর লোক হুমড়ি খেয়ে পড়ছে। হাওড়া স্টেশন তথা হাওড়া শহরের ওপর থেকে চাপ কমাবার জন্য সাউথ ইস্টার্ন রেলকে ওখান থেকে সরিয়ে দেবার পরিকল্পনা ছিল, কিন্তু তা আজও বাস্তবায়িত হয় নি। যেটা আমাদের পশ্চিমবাংলার একটা অন্যতম দাবি—হলদিয়া-শালিমার ইন্টার সিটি ট্রেন চালাতে হবে—তৃণমূল-বিজেপি গভর্ণমেন্ট ঘোষণা করেছিলেন, 'হলদিয়া-শালিমার ইন্টার সিটি ট্রেন সার্ভিস চালু করা হবে।' কিন্তু সেই ঘোষণা, ঘোষণাই থেকে গেল, তা আজ পর্যন্ত বাস্তবায়িত হয় নি। আমরা দেখছি কংগ্রেস দল কেন্দ্রীয় সরকারে থেকে পশ্চিমবাংলার প্রতি যে বঞ্চনা করে গেছে, আজ যারা কেন্দ্রীয় সরকার পরিচালনা করছে তারাও উত্তরাধিকার-সূত্রে সেই একই বঞ্চনা চালিয়ে যাচ্ছে। সেই বঞ্চনার ফল এখনো আমাদের ভোগ করতে হচ্ছে। হাওড়া স্টেশন থেকে বিদ্যাসাগর সেতুর অ্যাপ্রোচ্ রোড করার ব্যাপারে পোর্ট ট্রাস্ট থেকে আরম্ভ করে বিভিন্ন সংশ্লিষ্ট মহলের যে দায়িত্ব ছিল তারা সে দায়িত্ব পালনের উদ্দেশ্যে আমরা দেখছি আজ পর্যন্ত কোন উদ্যোগই গ্রহণ করে নি। পক্ষান্তরে 'কোণা এক্সপ্রেস ওয়ে' নির্মাণের কাজ বহু বাধাবিপত্তির মধ্যেও অনেকটাই এগিয়ে গিয়েছে। শুধু তাই নয়, সেখানে লরি টারমিনাস্ তৈরী করা হয়েছে। এক্ষেত্রে একটা প্রশ্ন আছে। হাওড়ার রামরাজাতলার বাস স্ট্যান্ডটিকে অন্য জায়গায় সরিয়ে নিয়ে যাবার পরিকল্পনার ব্যাপারে হাওড়াবাসীদের পক্ষ থেকে প্রশ্ন তোলা হয়েছে। আমরা জানি হাওড়ার সঙ্গে কলকাতার সমস্যারও বেশ কিছু ক্ষেত্রে যোগসূত্র আছে। উভয় শহরের সমস্যাগুলির সামগ্রিক সমাধান করার জন্য যে অর্থের প্রয়োজন তা আমাদের সীমিত ক্ষমতার মধ্যে নেই। তথাপি সীমিত ক্ষমতার মধ্যে দিয়েও হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন যেভাবে তার দায়িত্ব পালন করছে তাকে প্রশংসা না করে থাকা যায় না। তাদের অপূর্ণ কাজগুলিকে তারা যাতে দ্রুত গতিতে পূর্ণতা দিতে পারে, তার জন্যই আজকে এই বিল এখানে উপস্থিত করা হয়েছে। তবে আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, হাওড়ায় যে সমস্ত কল-কারখানাগুলি রয়েছে সে সমস্ত গলি হাওড়া শহরে পরিবেশ দূষণ ঘটাচ্ছে। অবশ্য এ ক্ষেত্রে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং রাজ্য সরকার বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে পরিবেশ রক্ষায় উদ্যোগী হয়েছে। গঙ্গার ধারে বিউটিফিকেশনের চেষ্টা করা হচ্ছে।

(এই সময় লাল আলো জ্বলে ওঠে)

আমার সময় শেষ হয়ে যাওয়ার জন্য আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে হাওড়া পৌর করপোরেশন যে সংশোধনী বিল এখানে উত্থাপন করা হয়েছে এই সভার বিবেচনার্থে এবং গ্রহনার্থে, সেই বিলের সমর্থনে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, আমি আমাদের বিরোধী সদস্যদের অত্যন্ত বিনয়ের সাথে একটি কথা বলতে চাইছি যে, এখানে কোন জেদা-জেদির ব্যাপার নয়, এখানে কোন হারজিতের ব্যাপার নয়, আমি শুধু বলবো, এই বিলটা বিরোধী সদস্যরা ভাল করে পড়েন নি বা বোঝেনি বা বোঝাবার চেষ্টা করেননি নি। তার ফলে এই বিল সম্পর্কে এই ধরণের কিছু বক্তব্য উত্থাপন করলেন। আমি এক-এক করে বুঝিয়ে দিচ্ছি। প্রথম প্রশ্ন, এই সংশোধনী বিল কেন আনতে হল? এই সংশোধনী বিল আনবার প্রথম কারণ হচ্ছে, ৭৪তম সংবিধান সংশোধন। এই ৭৪তম সংবিধান সংশোধন যখন হয়েছিল তখন রাজীব গান্ধীর সময়। তারপর নরসীমা রাও যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন সেই বিল পাশ হল। সেই ৭৪তম সংবিধান সংশোধনের সময় তখন বলা হল, প্রতিটি রাজ্যে একটি রাজ্য অর্থ কমিশন তৈরী করতে হবে। সেই রাজ্য অর্থ কমিশন যা সুপারিশ করবে সেই সুপারিশগুলি সেই রাজ্যসরকারকে গ্রহণ করতে হবে। ভারতবর্ষের মধ্যে প্রথম আমাদের রাজ্যেই রাজ্য অর্থ কমিশন নিয়োগ করেছিলাম। সেই রাজ্য অর্থ কমিশনের যে রিপোর্ট এল সেই রিপোর্টের ভিত্তিতে আমাদের পশ্চিমবঙ্গে যতগুলি পৌর কর্পোরেশন আইন আছে, পৌর আইন-পশ্চিমবঙ্গ পৌর আইন-সেই আইনগুলিকে সংশোধন করে এই যে রাজ্য অর্থ কমিশনের সুপারিশগুলি সেগুলি ইনকরপোরেট করেছিলাম এই সমস্ত আইন। সেই সময়ে হাওড়া করপোরেশনের আইনের মধ্যে সময়াভাবের জন্য এই আইনগুলি ইনকরপোরেট করতে পারিনি, সংশোধন করতে পারিনি। তাই রাজ্য অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে সেই আইনের সংশোধন এবং সেই সংশোধনের জন্য যে বিধায়ক সেগুলি আপনাদের কাছে এখানে রাখা হল। এখানে পঙ্কজবাবু বলার সময়ে বললেন, প্ল্যানিং এ্যন্ড ডেভেলপমেন্ট। চ্যাপ্টার ২১ তে নতুন যা করা হয়েছে, সেখানে করপোরেশন কি কাজ করবে সেই সম্পর্কে নতুন করে এই কথাগুলি বলেছি। আসল কথা কি? আমি পঙ্কজবাবুকে বোঝাবার জন্য বলবো, ৭৩।৭৪তম সংবিধান সংশোধন হওয়ার পরে একটা ১২ সিডিউল সংবিধানের সঙ্গে যুক্ত করা হয়েছে দেখবেন। এই ১২ সিডিউলে বলা হয়েছে, প্রতিটি পৌরসভাকে একটি করে প্ল্যান তৈরী করতে হবে। কি প্ল্যান তৈরী করবে? প্ল্যান হবে, সামাজিক বিষয়গুলি, অর্থনৈতিক বিষয়গুলি এবং উন্নয়ন। সোসিও-ইকনমিক, তার সঙ্গে স্পেশ্যাল ইস্যু পরিকল্পনা যাকে বলা হয় ফিজিক্যাল প্ল্যানিং। সেই পরিকল্পনাগুলিকে নিয়ে প্রতিটি পৌরসভাকে একটি করে ডেভেলপমেন্ট প্ল্যান তৈরী করতে হবে। সেইজন্য প্রতিটি রাজ্যের প্রতিটি জেলায় একটি করে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি থাকবে। সেই ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির দায়িত্ব হচ্ছে গ্রাম এবং শহরে তার সামাজিক বিষয়, অর্থনৈতিক বিষয় এবং ফিজিক্যাল প্ল্যানিং-এর যে বিষয় সেই বিষয়গুলি যুক্ত করে ডিটেলস ডেভেলপমেন্ট প্ল্যান-যাকে বলে ডি. ডি. পি. - তৈরী করবে। ডি. ডি. পি. যখন তৈরী হবে তখন জমির বিষয় যেমন থাকবে, তেমনি পরিবেশের বিষয় থাকবে, তেমনি সামাজিকের বিষয় থাকবে। সেই বিষয়গুলিকে নিয়ে একটা করে প্ল্যান তৈরী করতে হবে। আমাদের রাজ্যে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি তৈরী হয়েছে এবং তারা কাজ শুরু করে দিয়েছে। কিন্তু হাওড়া করপোরেশন-এর আইনের মধ্যে ডিষ্ট্রিক্ট প্ল্যানিং কমিটির আইনের সঙ্গে সঙ্গতি রেখে এটা অন্তর্ভুক্ত ছিল না। আমি সঙ্গতি

রেখে হাওড়া করপোরেশন আইনে এই বিষয় অর্ন্তভুক্ত করলাম। ইতিপূর্বে আমি কলকাতার ক্ষেত্রে করেছি, রাজ্যের অন্যান্য পৌর করপোরেশনের ক্ষেত্রে করেছি।

[3.30–3.40 p.m.]

জটুবাবু কালকে আসেন নি, এলে ভাল করতেন। উনি বললেন, হাওড়া কর্পোরেশনে আমরা নাকি অনেক কর বাড়িয়ে দিয়েছি। হাওড়া হচ্ছে পশ্চিমবঙ্গের মধ্যে একমাত্র পৌরসভা যেখানকার মানুষ সব চেয়ে কম কর দেন। কত কর দেন? ৩ কোটি ৭১ লক্ষ টাকা। মাত্র ৩ কোটি ৭১ লক্ষ টাকা আমরা হাওড়াতে কর আদায় করি। মোট ৫ কোটি ৯১ লক্ষ টাকা হাওড়া কর্পোরেশন নানান ভাবে আদায় করে। আর হাওড়া কর্পোরেশন ব্যয় করে শুধুমাত্র কর্মচারীদের বেতন দিতে ২৪ কোটি ৪৭ লক্ষ টাকা। এর ভেতরে ১৯ কোটি ৭৬ লক্ষ টাকা আমরা রাজ্য সরকার থেকে বিভিন্ন খাতে তাদের দিয়ে থাকি। আপনি কাউন্সিলার ছিলেন, জেনে রাখা ভাল, হাওড়া কর্পোরেশনে ট্যাক্স বাকি আছে কেন্দ্রীয় সরকারের সংস্থার মোট ৩৮১ কোটি টাকা। এর মধ্যে ইষ্টার্ন রেলওয়ের বাকি আছে ৬১ কোটি টাকা, সাউথ ইষ্টার্ন রেলওয়ের ৬৫ কোটি টাকা, ক্যালকাটা পোর্ট ট্রাষ্টের ২৪৬ কোটি টাকা, ডি. ভি. সি'র ৯ কোটি টাকা। মোট ৩৮১ কোটি টাকা কেন্দ্রীয় সংস্থাগুলির ট্যাক্স বাকি আছে। এইজন্য আমরা বলি, কেন্দ্রীয় সরকারের সংস্থাগুলির উপর প্রপার্টি ট্যাক্স-এর বিধান থাকা উচিত। সমস্ত সেন্ট্রাল গভর্ণমেন্টের প্রপার্টির উপর প্রপার্টি ট্যাক্স থাকা উচিত। এর জন্য সংবিধান সংশোধন হওয়া উচিত। এই দাবী বিভিন্ন সময় আমরা করে এসেছি। সেই কারণে আমাদের পরিষ্কার বক্তব্য হচ্ছে, আইনের মধ্যে বিভিন্ন জিনিসগুলি আমরা অন্তর্ভুক্ত করলাম। তারপর ট্রেড লাইসেন্স। ট্রেড লাইসেন্সের উদ্দেশ্য এটা নয়—গতকালই আপনাদের বিধায়করা বলেছেন যে পৌরসভাগুলির নিজস্ব রাজস্ব বৃদ্ধির সূত্র বাড়াতে হবে। এই যে জমি হস্তান্তরের উপর লিজ ডিড হবে তার ভেতরে একটা কিছু করা যায় কিনা, ট্যাক্স করা যায় কিনা দেখা হয়েছে। ট্রেড লাইসেন্স যা ছিল এক সময় পৌরসভার বিষয়, আমরা রাজ্য অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী সেই ট্রেড লাইসেন্সকে রাজ্য সরকারের হাত থেকে আবার পৌরসভার হাতে ফিরিয়ে দিলাম। এতে পৌরসভাগুলিকে আমরা অনেক বেশী শক্তিশালী করলাম, ক্ষমতাশালী করলাম। তাদের রাজস্ব যাতে বেশী করে সংগৃহীত হয় তার জন্য আমরা এই ব্যবস্থা করলাম। পৌরসভাগুলি এর ফলে অনেক বেশী খুশি হচ্ছে, আনন্দিত হচ্ছে। এর ফলে তারা অনেক বেশী তাদের নিজস্ব সূত্রে আয় বৃদ্ধি করতে পারবে। কিন্তু এটা করতে গিয়ে নিশ্চয় আমরা দেখবো যে এনলিষ্টমেন্ট কথাটা যেটা বললাম সেই এনলিষ্টমেন্ট কথাটার মানে হচ্ছে, প্রথম যিনি হবেন, যিনি ট্রেড করবেন তাকে শুধুমাত্র ১০ টাকা দিয়ে একটা ট্রেড এনলিষ্টমেন্ট সার্টিফিকেট নিতে হবে। আর বাকি তাদের ট্রেড লাইসেন্স ফিস দিতে হবে। কিন্তু এখানে প্রফেশন্যাল ট্যাক্স যেটা আছে, অর্থ দপ্তরের সঙ্গে আমাদের কথাবার্তা চলছে, একজনকে দুটি দিতে হবে, না, একটাই দিতে হবে, সেটা আমরা পরবর্তীকালে অর্থ দপ্তরের সঙ্গে আলোচনা করে দেখবো। এ বিষয়টা অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী

আমরা করেছি। তারপর এই বিলের আরও কিছু বিষয় আপনারা আপত্তি করলেন। হেরিটেজ সম্পর্কে বললেন। কলকাতা কর্পোরেশনের আইনের মতন হাওড়া কর্পোরেশনে এবং পশ্চিমবঙ্গের সমস্ত পৌর কর্পোরেশনে সেই আইন আমরা বিধিবদ্ধ করবো। কিছুদিনের মধ্যে সেই আইনের সংশোধন আনবো। হেরিটেজ বিল্ডিং সম্পর্কে প্রভিশান এখানে রেখেছি—এতে অন্যায়টা কি হ'ল? তারপর একসেস কনজাভেন্সী যদি হয় সে ক্ষেত্রে কিছু অতিরিক্ত করের কথা বলা হয়েছে। এটাও আমাদের অর্থ কমিশনের ব্যাপার ছিল। এতে অন্যায়টা কি হয়েছে? তারপর বলা হয়েছে যে খাটা পায়খানা রাখা যাবে না। আইনের মধ্যে এটা ছিল না। রাজ্যে সমস্ত খাটা পায়খানা দু-হাজার এক সালের মধ্যে আমরা তুলে দেব। ইতিমধ্যে প্রায় ১ লক্ষ ২০ হাজার খাটা পায়খানা তুলে দিয়ে নতুন স্যানিটারি পায়খানা আমরা তৈরি করেছি। হাওড়া কর্পোরেশনের আইনের মধ্যে এটা ছিল না, বিষয়টা আমরা অন্তর্ভুক্ত করলাম। তারপর যারা সামরিক বাহিনীর মানুষ আছেন তাদের পরিবারের কেউ যদি মারা যান সেখানে আমরা বলেছি ২৫ পারসেন্ট তাদের ক্ষেত্রে স্পেশ্যাল এগজেমসান আমরা দিতে পারি। সে ব্যবস্থাটা আমরা রেখেছি। এতে অন্যায়টা কি করেছি? আমি সংশোধনী বিল যেটি উপস্থিত করেছি সে সম্পর্কে যদি আপনাদের পরিষ্কার ধারণা থাকতো তাহলে আমার মনে হয় আপনারা আপত্তি করতেন না। তারপর পানীয় জলের ক্ষেত্রে কি বলা হয়েছে? বলা হয়েছে যে, যদি কোন বাড়ীকে ডিক্লিয়ার করা হয় এই বাড়ীটা সম্পূর্ণভাবে বিপজ্জনক তাহলে সেখানে আমরা বন্ধ করতে পারি। যদি কেউ প্রপার্টি ট্যাক্স না দিয়ে থাকে, কোন বাড়ী সম্পর্কে আইনগত লিটিগেশান যদি থাকে তাহলে সে ক্ষেত্রে আমরা বলেছি যে কোন অবস্থাতে সেই বাড়ীতে পানীয় জল সরবরাহ করতে আমরা বাধ্য থাকবো না এবং পৌর কর্পোরেশানে সেক্ষেত্রে প্রপার্টি ট্যাক্স যদি না দিয়ে থাকে তাহলে কেটে দিতে পারে। এই আইন অনেকদিন করা হয়েছে। সাধারণ ভাবে যে বিষয়গুলি রাখা হয়েছে, এখানে নতুন বিষয় কিছু নেই, একমাত্র ট্রেড লাইসেন্স যেটা রাজ্যসরকারের হাতে ছিল, সেখান থেকে নিয়ে আবার পৌরসভার হাতে ফিরিয়ে দেওয়া হচ্ছে। আশা করি এটা সকলে সমর্থন করবেন।

The motion of Shri Ashoke Bhattacharyya that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1999, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 - 10

The question that clauses 1 - 10 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 11

**Mr. Deputy Speaker :** There is one amendment on Clause 11. It is in order. I now request Shri Saugata Roy to move his amendment.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that in Clause 11, in line 4 for the figure '25', the figure '75' be substituted. স্যার, এখানে আইনে বলা আছে যে যারা এক্স-সার্ভিস ম্যান তাদের ২৫ পারসেন্ট প্রপার্টি ট্যাক্স এগ্জেমট করা হবে। আমার মনে হয় পুরোপুরি ভাবে এই প্রপার্টি ট্যাক্স এগ্জেমট করা উচিত। কিন্তু যেহেতু এই নেগেটিভ এ্যামেন্ডমেন্ট দেওয়া যায় না, সেজন্য বলছি যে, ৭৫ পারসেন্ট প্রপার্টি ট্যাক্স এক্স-সার্ভিস ম্যানদের ক্ষেত্রে এগ্জেমট করা উচিত। বিশেষ করে কারগিলের ঘটনার পরিপ্রেক্ষিতে যেখানে সমস্ত মানুষ তাদের প্রতি সহানুভূতি দেখিয়েছে সেখানে প্রাক্তন সৈনিকদের প্রতি এই সহানুভূতি দেখিয়ে এটা ৭৫ পারসেন্ট এগ্জেমট করা হোক। তা না হলে তাদের উপরে এটা লোড হয়ে যাবে। এমনিতেই যারা রিটায়ার করে তাদের পক্ষে কাজ পেতে অসুবিধা হয়। সেজন্য আমি আমার এই এ্যামেন্ডমেন্ট মুভ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** নীতিগত ভাবে এটা মেনে নিতে কোন আপত্তি নেই। কিন্তু এখনই এটা গ্রহণ করতে পারছি না। পরবর্ত্তীকালে বিষয়টা খতিয়ে দেখবো।

The motion of Shri Saugata Roy was then put and lost.

The question that clause 11 do stand part of the Bill, was then put and agreed to.

### Clauses 12-14

The question that clause 12 - 14 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 15

**Mr. Deputy Speaker :** There are amendments to clause 15 given by Shri Saugata Roy. The amendments are in order. I now request Shri Saugata Roy to move his amendments.

**শ্রী সৌগত রায় ঃ** আমি খুব দুঃখিত। আমি আশা করেছিলাম যে, প্রাক্তন সৈনিকদের জন্য ৭৫ পারসেন্ট প্রপার্টি ট্যাক্স এগজেমট করার জন্য যে কথা বলেছি সেটা অশোকবাবু রাখবেন, কিন্তু উনি সেটা করলেন না। বামফ্রন্ট সরকারের যদি সৈনিকদের প্রতি সিমপ্যাথি না থাকে তাহলে আমার কিছু বলার নেই। যাইহোক, আমি ক্লজ ১৫-তে যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেখানে বলা হয়েছে যে সার্ভিস প্রিভি সারানোর জন্য কর্পোরেশান নোটিশ দিতে পারে।

[3.40 - 3.50 p.m.]

৩ এবং ৪-য়ে বলেছেন যে, কোন লোকের বাড়ীতে যদি সার্ভিস প্রিভি থাকে তাহলে কর্পোরেশন তাকে ডাইরেক্ট করবে সেটা স্যানিটারী ল্যাট্রিনে কনভার্ট করার।

কিন্তু সার্ভিস প্রিভিকে স্যানিটারী ল্যাট্রিনে কনভার্ট তো কর্পোরেশন করবে, দায়িত্বটা মালিকের কেন হবে? সেটা তো কর্পোরেশনের নিজের টাকা দিয়ে করা উচিত। হাডকো তো একটা বিরাট পরিমাণ টাকা দিয়েছে মিউনিসিপ্যাল এলাকা থেকে সার্ভিস প্রিভি সরিয়ে দেবার জন্য। সেজন্য আমি প্রস্তাব করছি, আমি বলছি—Sir, I beg to move that in Clause 15(2), in lines 2 and 3 for the words 'directing him to convert the service privy by connecting either with the sewerage system or into a sanitary toilet, as the case may be', the words 'intimating him that his service privy will be converted by the Corporation.' Sir, I also beg to move that Clause 15(3) be omitted. আমি বলছি, সমস্ত সার্ভিস প্রিভি আপনারা কনভার্ট করুন এ্যাট দি কষ্ট অফ কর্পোরেশন। এটাই তো হবার কথা, এটাই তো ন্যাশনাল পলিসি যে, আমাদের দেশে মাথায় করে কেউ মল নিয়ে যাবে না। যাকে নির্দেশ দিচ্ছেন তার যদি কনভার্ট করার মত আর্থিক ক্ষমতা না থাকে তাহলে হাওড়া শহরে কি সার্ভিস প্রিভি থেকে যাবে? কাজেই ভেবে দেখুন, আপনাদের এই ক্লজটা ন্যাশনাল পলিসি-বিরোধী। মহাত্মা গান্ধীর ১২৫তম জন্মবার্ষিকীতে এই সঙ্কল্প নিতে হবে যে, সমস্ত সার্ভিস প্রিভি সরিয়ে নেওয়া হবে, মাথায় করে কেউ আর মল বইবে না। তার জন্য বলছি, ৩ এবং ৪-এর উপর আমার দেওয়া এ্যামেন্ডমেন্ট মেনে নিন।

**শ্রী অশোক ভট্টাচার্য্য :** মেনে নেওয়া প্রশ্ন নয়। এখানে আইনে পরিস্কার বলা হয়েছে যে, কোন জায়গায় সার্ভিস প্রিভি থাকলে সেটা কনভার্ট করতে হবে স্যানিটারী ল্যাট্রিনে। এটা বাধ্যতামূলকভাবে আইনে রাখা হয়েছে। এর জন্য সরকার সি. এম. ডি. এ.-র মাধ্যমে মিউনিসিপ্যালিটিগুলোকে টাকা দিয়ে থাকে। ২০০১ সালের মধ্যে সমস্ত সার্ভিস প্রিভিকে কনভার্ট করতে হবে। কিন্তু সেটা করতে কোন বাড়ীর মালিক যদি রাজি না হন তাহলে তাকে দিয়ে সেটা তো জোর করে করান যাবে না। সেক্ষেত্রে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এক্ষেত্রে সেন্ট্রাল এ্যাক্টে যা আছে সেটা এ্যাপ্লিকেবল্ হবে, সেটাই বলা হয়েছে এখানে।

**Mr. Dy. Speaker :** The motions of Shri Saugata Roy (Amendment Nos. 3 and 4) were then put and lost.

The question that clause 15 do stand part of the Bill, was then put and agreed to.

### Clauses 16 to 19

The question that Clauses 16 to 19 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 20

**Mr. Deputy Speaker :** There is one amendment to Clause 20. The amendment is in order and I request Shri Saugata Roy to move his amendment.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that Clause 20 be omitted. এটা মুভ করার কারণ হ'ল, প্রফেশনাল ট্যাক্স তো অলরেডি রাজ্য সরকার নিচ্ছেন আমাদের কাছ থেকে। আর সরকার যখন প্রফেশনাল ট্যাক্স আদায় করছেন তখন মিউনিসিপ্যালিটিগুলো তো সেটা আদায় করতে পারে না! এবং এটাই তো বরাবর কথা হয়েছিল। আর রাজ্য সরকার প্রফেশনাল ট্যাক্স যা আদায় করছেন সে ক্ষেত্রেও লোকের মনে বিক্ষোভ রয়েছে। রাজ্য সরকার প্রফেশনাল ট্যাক্স চালু করেছিলেন সেটা ছিল বেকারভাতা দেবার জন্য। কিন্তু এখন তারা বেকারভাতা দিচ্ছেন না, অথচ সেটা আদায় করছেন। এবারে আবার হাওড়া কর্পোরেশন ৩০০০ করে টাকা কোম্পানীগুলোর কাছ থেকে প্রফেশনাল ট্যাক্স নেবে। তাহলে এটা তো ডবল্ ট্যাকসেশন হয়ে যাচ্ছে! তার জন্য বলছি, হাওড়ার মানুষের স্বার্থে এই ক্লজ ২০ বাতিল করা উচিত। রাজীব গান্ধী এবং ইন্দিরা গান্ধীর উদ্দেশ্য ছিল, কনষ্টিটিউশনের ৭৫তম এ্যামেন্ডমেন্ট যে উদ্দেশ্যে করা হয়েছিল, মানুষ কোনভাবেই ক্ষতিগ্রস্ত হবেন না, অথচ আপনি হাওড়ার লোকেদের উপর একটা বোঝা চাপিয়েছেন। তার আমি প্রতিবাদ করছি।

যে আর ফারদার ট্যাক্স বসাবেন না, প্রফেশনাল ট্যাক্স ২বার করবেন না, এক জায়গায় করুন। সারভিস প্রিভির ব্যাপারে আমার এ্যামেন্ডমেন্টটা মানলেন না, আশা করি প্রফেশনাল ট্যাক্সসের ব্যাপারে অশোকবাবু মেনে নেবেন।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** এই প্রস্তাব আমি গ্রহন করতে পারছি না। এখানে যে প্রস্তাবটা সৌগতবাবু করলেন সেই প্রস্তাবের ব্যাপারে বলা আছে আমাদের এই সংশোধনী বিলে সেটা হচ্ছে শুধু মাত্র প্রফেশনাল ট্রেড লাইসেন্সের ক্ষেত্রে যে কোন ব্যবসা যদি কেউ শহর এলাকায় করতে চায় তাহলে তাকে ট্রেড লাইসেন্স নিতে হবে। এটা আগে পৌরসভার অন্তর্ভুক্ত ছিল, সেটা আবার ফিরিয়ে দেওয়া হলো পৌরসভার হাতে। প্রফেশনাল ট্যাক্স এবং ট্রেড লাইসেন্স এক সাথে নেবার প্রশ্ন নেই। এখন এটা পৌরসভা আদায় করবে।

The motion of Shri Saugata Roy was then put and lost.

The clause 20 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 21 and Preamble**

**Mr. Deputy Speaker :** There are no amendments to clauses 21 and Preamble.

The question that clause 21 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Asok Bhattacharyya :** Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Amendment) Bill 1999 as settled in the Assembly, be passed.

[3.50–4.00 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মনে করি এটা একটা মর্যাদার প্রশ্ন না তুলে সরকারের পক্ষ থেকে এটা ভাবা উচিত। এক নম্বর প্রশ্নটা সৌগতবাবু গুরুত্বপূর্ণ ভাবে তুলেছেন। এখানে অনেক লেবার লিডার রয়েছেন, প্রফেশনাল ট্যাক্স আস্তে আস্তে বেআইনী হয়ে গেছে। এই হাউসে তুলেছিলাম যে এটা বেআইনী হয়ে গেছে। একটা সময় বলা হয়েছিল যে এই যে ট্যাক্স ইমপোজ করা হবে এটা থেকে বেকারভাতা দেওয়া হবে। বেকারভাতা উঠে গেল কিন্তু ট্যাক্সটা রয়ে গেল। কেউ কোর্টে গেলে জানা যাবে এটা বেআইনী হয়ে গেছে। এটা বেআইনী ভাবে চলছে। আমি মাননীয় অর্থমন্ত্রীকে প্রশ্ন করেছিলাম তখন উনি বলেছিলেন যে, এই যে সিক ইনডাসট্রি হচ্ছে সেখানে ছাঁটাই ওয়ারকারদের এই টাকা থেকে ৫০০ টাকা করে দিচ্ছি, তার মধ্যে এই টাকাটা ঢুকে যাচ্ছে। আমি লেবার মিনিষ্টারকে গত কাল জিজ্ঞাসা করেছিলাম, আমি দায়িত্ব নিয়ে বলছি, আমি অন রেকর্ড বলছি, সরাসরি এটা ফাঁকি, প্রফেশনাল ট্যাক্সের এই খাতের টাকা অর্থাৎ ৫০০ টাকা করে সিক ইন্ডাস্ট্রির ওয়ারকারদের যেটা যাবার কথা সেটা যাচ্ছে না। এই প্রফেশন্যাল ট্যাক্সের ধাক্কায় লোক শুধু তিতিবিরক্ত নয় এটা বেআইনী ভাবে চলছে। অধিকিন্তু আরো একটা প্রফেশনাল ট্যাক্স বসাচ্ছেন। সৌগতবাবু ঠিকই বলেছেন এটা করতে গেলে আইনে আটকে যাবে। আইনের কথা বাদ দিন, এই আইনসভা থেকে একটা ভুল জিনিস একটা এ্যান্টি পিপল বিল সংখ্যায় পেছিয়ে আছি বলে পাশ হতে দেব? এটা হতে পারে না। আমি বলি রাজনীতিগত ভাবে এটা ভাল হবে না, সামনে নির্বাচন আসছে। লগনদেওবাবু কেন এটাকে সমর্থন করলেন আমি জানি না। এখানে রাজদেও গোয়ালা বসে আছেন, উনি বাইরে এলাকায় গিয়ে বলতে পারবেন যে প্রফেশন্যাল ট্যাক্স বসানো আছে তারপর আবার চালু হলো? এটা কোন মর্যাদার প্রশ্ন নয়, যা করার আপনারা আপনাদের পার্টি থেকে করুন, সৌগতবাবুর এ্যামেন্ডমেন্ট মেনে নিতে হবে না, আপনারাই করুন। বেআইনী এই ট্যাক্সের উপর আবার ট্যাক্স চাপাবেন না। সংখ্যার জোরে নয়, মানবিকতার দিক থেকে কিছু করুন।

আমি অনুরোধ করবো, সৌগত রায়কে ক্রেডিট দেওয়ার দরকার নেই, সেটা আপনারাই না হয় নেবেন। কিন্তু দয়া করে বেআইনী ভাবে প্রফেশন্যাল ট্যাক্স এইভাবে চাপাবেন না।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** সুব্রতবাবু হয়তো ভুল বুঝেছেন। এটা ছিল বঙ্গীয় পৌর আইনের মধ্যে। সেখানে ট্রেড লাইসেন্স, প্রফেশন্যাল ট্যাক্স, ট্রেড কলিং এগুলো আগেই ছিল। পরে অর্থ দপ্তরে প্রফেশন্যাল ট্যাক্স হিসাবে তাদের কাছে চলে যায়। পরে রাজ্য অর্থ কমিশন তারা একটা সুপারিশ করে যে, এই বিষয়টি সম্পূর্ণভাবে আবার পৌরসভার কাছে ফিরিয়ে দাও। কারণ পৌরসভাগুলো এই দাবী করছিল। পৌরসভাতে এনলিষ্টমেন্ট সার্টিফিকেটের জন্য একটা টাকা তাদের দিতে হবে, তার জন্য ১০ টাকা দিতে হবে। আর একটা হচ্ছে, ট্রেড লাইসেন্স নিতে হবে। যে কোন ব্যবসা করতে গেলে তার জন্য পৌরসভার কাছ থেকে একটা ট্রেড লাইসেন্স নিতে হবে। তার ফলে আগে থেকেই

যেটা নেওয়া হচ্ছে, তার সাথে কোন বিরোধ হবে না। আগে ল্যাংগোয়েজটা ছিল 'বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট।' আমরা সেই ল্যাংগোয়েজটাকে সাবস্‌টিটিউট করেছি, অন্য কিছু নয়।

**Mr. Dy. Speaker :** The motion of Shri Ashok Bhattacharya that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1999, a settled in the Assembly, be passed, was then put and agreed to.

**The West Bengal Regulation of Recruitment in State Government Establishments and Establishments of Public Undertakings, Statutory Bodies, Government Companies and Local Authorities Bill, 1999.**

**Shri Mohammed Amin :** Sir, I beg to introduce the West Bengal Regulation of Recruitment in State Government Establishments and Establishments of Public Undertakings, Statutory Bodies, Government Companies and Local Authorities Bill, 1999.

(Secretary then read the Title of the Bill)

**Shri Saugata Roy :** Sir, I have given a notice to oppose the introduction of the Bill. Please let me allow to speak ...বিলটাকে একদম গোড়ায় অপোজ করতে চাই, এর লেজিসলেটিভ কম্পিটেন্সী নিয়ে আমি এখানে বলতে চাই।

**Mr. Deputy Speaker :** You may give a notice. But that has been disapproved.

**Shri Saugata Roy :** স্যার, বিলটীকে অপোজ করতে হলে আমাকে এখানেই তো অপোজ করতে হবে, আমাকে একটা পয়েন্ট অফ অর্ডার দিন।

**Mr. Deputy Speaker :** You have given a notice. That has been admitted. But whether it is in order or out of order, I am looking into it.

**শ্রীসৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি ৭৩ (১) এর প্রভিশানটা দেখুন, সেখানে "If a motion for leave to introduce a Bill is opposed, the Speaker, after permitting, if he thinks fit, a brief explanatory statement from the member who opposes the motion, may, without further debate, put the question:" এইবার আসল কথাটা শুনুন প্রোভিসোটা দেখুন "Provided that where a motion is opposed on the ground that the Bill initiates legislation outside the legislative competence of the House, the Speaker may permit a full discussion thereon." স্যার, আমি আপনার কাছে বিনীতভাবে বলতে চাই যে, আমাদের ওয়েষ্ট বেঙ্গল এ্যাসেম্বলীতে এই বিল আনার কোন লেজিসলেটিভ

কম্পিটেন্স নেই। ওয়েষ্ট বেঙ্গল স্টেট এ্যাসেম্বলী আনতে পারে না যেখানে সুপ্রিম কোর্ট রায় দিয়েছে যে আপনি শুধু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকেই লোক ঢোকাতে পারবেন না, সেখানে সুপ্রিম কোর্ট বলেছে—"to consider the applications of job-seekers from open market along with those of candidates sponsored by Employment Exchange." এটা সুপ্রিম কোর্টের জাজমেন্ট। সুপ্রিম কোর্টের জাজমেন্ট যা তাতে বলা আছে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ছাড়াও যদি কোন লোক এ্যাপ্লাই করবে তাকে এ্যাপ্লাই করতে দিতে হবে এবং গ্রহণ করতে হবে। আপনি তো ল-ইয়ার ছিলেন, সুপ্রিম কোর্টের জাজমেন্ট দেবার পরে আপনার এই বিল আনার টু ভায়োলেট দি সুপ্রিম কোর্ট অর্ডার অধিকার নেই। আমি সেইজন্য বলছি যে, এই বিল ইমপোজই করতে দেওয়া উচিত নয়। It is the legislative competence of the House? It is outside the jurisdiction. রাজ্য সরকার এই বিল আনছেন এটা সর্বোতভাবে আমি অপোজ করছি। এর লেজিসলেটিভ কম্পিটেন্সি নেই। আপনি এই পয়েন্টে ডিবেট করতে এ্যালাউ করুন। আমাদের দলের এবং আপনাদের দলের কিছু বলার থাকলে বলতে দিন। আপনি রুলিং দিন। অর্ডিনারি ওয়েতে যেভাবে বিলটি আনছেন সেটা আনা ঠিক হবে না। লেজিসলেটিভ কম্পিটেন্সি নেই, সুতরাং কোন অধিকার নেই এই বিলটিকে ইনট্রোডিউস করার, কারণ উই আর নট এ্যাভাব দি সুপ্রিম কোর্ট। সেখানে জাজমেন্টে সুপ্রিম কোর্ট জানিয়েছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ছাড়া যারা এ্যাপ্লাই তাদের দরখাস্ত নিতে হবে। সেখানে আমিন সাহেব কোন ক্ষেত্রেই এই ধরনের বিল আনতে পারেন না। To allow a full discussion on the Legislative competence to bring this rule. আপনি এ্যাডভোকেট জেনারেলকে ডাকুন, তার ফুল ওপিনিয়ন নিন। ইউ কল দি এ্যাডভোকেট জেনারেল। তার পরে আমরা আমাদের মতামত দেব। ৭৩ (১) এর ফুল ডিসকাসান আমরা করতে পারি না, অতএব অন দি ইন্ট্রোডাকশান আমি এর অপোজ করছি। এই বিলের ইন্ট্রোডাকশান স্টেজে অপোজ করছি। এর উপরে ফুল ডিবেট হাউস করতে পারে কিনা সেটা এ্যাডভোকেট জেনারেলকে ডেকে জিজ্ঞাসা করুন। এর লেজিসলেটিভ কম্পিটেন্সি নেই এই বিলটি আনবার এবং এর উপরে ফুল ডিসকাসান অ্যালাউ করুন। রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্যে এই বিলটি পাশ করতে চাইছেন। সি. পি. এমের লোকদেরও তো অনেক এ্যাপলিকেশান জমা আছে। মন্ত্রীদের কাছে ওই সব এ্যাপলিকেশান জমা আছে। সেগুলোকে কন্ট্রোল করার জন্যে এই বিলটি নিয়ে এসেছেন। সুপ্রিম কোর্টের রায়ের বিরুদ্ধে এই বিল আনা যায় না।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** ৭৩ যে নোটিশ দিয়েছেন সেটা কারেক্ট করে ৭৬ আনা হয়েছে, ৭৬ ইউ আর এ্যালাউ টু ডিসকাস।

**শ্রী সৌগত রায় ঃ** আমি বিলের উপরে পরে বলব, কিন্তু আগে এই বিলটিকে ইন্ট্রোডিউজ করার ব্যাপারে আগে এই বিলটি আনা যায় কিনা সেটা নিয়ে ফুল ডিসকাসান করার সুযোগ দিন। আপনি এ্যাডভোকেট জেনারেলকে ডেকে পাঠান। এই হাউসের লেজিসলেটিভ কম্পিটেন্সি নেই এই বিল নিয়ে আসার, যেখানে সুপ্রিম কোর্টের রায় বেরিয়েছে এর উপরে সেখানে এই বিলটিকে আনা যাবে না। সুপ্রিম কোর্ট বলে দিয়েছে

এই রকম ক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মধ্যেই থাকবে না। সুতরাং আপনি সবার মতামত নিন। যারা মেম্বার বলছেন তাদেরও মতামত নিয়ে আপনি রুলিং দিন, ইতিমধ্যে এ্যাডভোকেট জেনারেলকে ডাকুন। এ্যাডভোকেট জেনারেল পাশেই আছে, তাকে ডেকে পাঠান।

[4.00–4.10 p.m.]

**মিঃ স্পীকার :** Have you finished?

**শ্রী সৌগত রায় :** I have only finished আমার তো মেইন বক্তব্যটা পড়ে দেব। আমি শুধু বলেছি যে সুপ্রীম কোর্ট এর রুলিং থাকার পর It is not within the legislative competence of the House to discuss this Bill. That is why I opposed the introduction of the Bill and I suggest that a full discussion on the legislative competence of the West Bengal Legislative Assembly to discuss the be started. Members from all sides give their opinion. Please call the Advocate General. Let the Advocate General also give his opinion. Then you give a ruling because this a basic question under the Constitution, Supreme Court circumvented. আমরা যেটা পারিনা, it will be ultimately tantamount to disrespect to the Supreme Court. Supreme Court being the Apex Court in the Country. এটা সুপ্রীম কোর্ট এর রায় এর বিরুদ্ধে চ্যালেঞ্জ করা হবে। যদি একটা রাজ্য সরকার তার লিমিটেড অবজেকটিভ এর জন্য একটা এই ধরণের বিল নিয়ে আসে তাহলে আমরা উই ক্যান নট রিয়েলি বি এ পার্ট অফ ইট। আমি মনে করি এই বিলটা ইন্ট্রোডাকশান হওয়া উচিত নয়। আমি সেইজন্য বিলটাকে ইন্ট্রোডাকশান স্টেজে অপোজ করছি। এই বিলটা যদি হাউসের মধ্যে থাকে তাহলে তার কন্সটিটিউশানাল জুরিসডিকশান ক্রস করে যাবে তার লেজিসলেটিভ কমপিটেন্স ক্রস করে চলে যাবে। আপনি সুপ্রীম কোর্ট-এর জাজমেন্ট জানান, সেখানে পরিস্কার বলা আছে, ক্লিয়ারলি বলা আছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ছাড়াও যারা এ্যাপ্লাই করবে, নোটিফিকেশান দিতে হবে, তাহলে তারা এ্যাপ্লাই করতে পারবে। সেভারেল ডিপার্টমেন্ট সমস্ত লোককে এ্যালাউ করে দিচ্ছে। সুতরাং এই পরিস্থিতিতে কিছুতেই এটা এ্যালাউ হতে পারে না। আমি আপনাকে অনুরোধ করবো এ্যাডভোকেট জেনারেলকে ডাকুন, তার আগে এই বিল ইন্ট্রোডিউস করবেন না, হাউসে ডিসকাস হতে দেবেন না। এটাই আপনার কাছে আমার বিনীত নিবেদন।

(Interruption)

**Mr. Speaker :** You have not given any notice.

(Noise and interruption)

I am on my legs.

Now Mr. Roy I find there are two notices given by you both dated

15.7.99. Both the notices are purported to be under 76 (2) (a). I am just clarifying it. (Interruption) ..... I will discuss with you, I will discuss with him, I will discuss with whom else?

I find one notice was given under 75(ii) and then cancelled and one notice was filed under 73 (1) (a) and then cancelled. Both are under 76 (2) (a).

Yes, Mr. Mukherjee, what is your point of order?

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হল, যেটা সৌগত রায় বলেছেন, ব্যাপারটা সাংবিধানিক। এখানে যে সমস্ত প্রশ্ন উঠেছে, অতীতে এই রকম অনেকবার জটিলতা সৃষ্টি হয়েছে, তখন হাউসকে সাজেশান দেবার জন্য এ্যাডভোকেট জেনারেলকে সামন করা হয়েছে, আপনি স্পীকার থাকাকালীন হয়েছে, আগেও হয়েছে, স্বভাবতঃই আমি মনে করি, সরাসরি যখন এই বক্তব্য রাখা হয়েছে, হাউস সুপ্রীম কোর্ট এর নির্দেশকে অগ্রাহ্য করছে, তখন এ্যাডভোকেট জেনারেলকে ডাকা ছাড়া উপায় নেই, আপনি হাউস এ্যাডজোর্ন করে দিন, পরামর্শ আপনিও নিন। আমাদের সামনে তার বক্তব্য রাখুন, তারপর শুনে, একটা সিদ্ধান্ত গ্রহণ করুন। আপনার কাছে অনুরোধ করছি, এটাও আর একটা বেআইনী কাজ আপনি করতে চলেছেন সেটা বন্ধ থাকতে পারে, একমাত্র এ্যাডভোকেট জেনারেল এর উপস্থিতিতে তার পরামর্শ নেওয়ার পরে।

অতীতের নজীর রেখে এ্যডভোকেট জেনারেলকে ডাকুন। দরকার হলে আপনি হাউস এ্যাডজোর্ন করে দিন, দরকার হলে আজকে হাউস এডজর্ন করে দিয়ে কালকে তাকে ডেকে আনুন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমরা আগেই বলেছিলাম এই কালাবিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। আমাদের দলের মাননীয় সদস্য সৌগত রায় বলেছেন এই বিলটিকে তুলে নেওয়ার কথা। ব্যাপারটা কোন ইগোর নয়, ভারতবর্ষের কোন রাজ্যই এই রকম আইন আনতে পারেনি এবং আমাদের রাজ্য যখন একটি অঙ্গ রাজ্য। আজকে বেকারদের গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। এই বিষয়টি আজকে আলোচনার দরকার আছে। দরকার হলে আপনি বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠান। সুপ্রীম কোর্টের যে রুলিং আছে তার বিরোধিতা করা যায় না। এটা কোন জয়-পরাজয়ের ব্যাপার নয়, এটা কোন ইগোর ব্যাপার নয়, আপনি বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠান।

**শ্রী অতীশ চন্দ্র সিনহা ঃ** স্যার, এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস এন্ড রিজনস্-এর সেকেন্ড প্যারাগ্রাফে যেটা রয়েছে, "In order to provide equal opportunity to all citizens in matters relating to employment or appointment to any post in such establishments, it is necessary to enact a comprehensive legislation in this behalf."

এই বিলের যা উদ্দেশ্য ঠিক তার অপোজিট কথা বলা হয়েছে এখানে। এতে

ইকোয়াল নিটি কেড়ে নেওয়া হয়েছে এবং সেইজন্যই এই বিল আনা হয়েছে। আপনি এ্যাডভোকেট জেনারেলকে ডাকুন, কারণ সুপ্রীম কোর্টের অর্ডারকে ভায়োলেট করে এই বিল আনা হয়েছে। তাই এ্যাডভোকেট জেনারেলের মতামত আপনি নিন। নইলে পরে এই বিল নিয়ে চ্যালেঞ্জ হবে এবং এটা নাল এন্ড ভয়েড ডিক্লেয়ার হয়ে যাবে। তড়িঘড়ি এই বিল আনলে পশ্চিমবাংলার কিছু লাভ হবে বলে আমার মনে হয় না। স্যার, আপনি সুবিবেচক, আপনি তাই এ্যাডভোকেট জেনারেলকে ডেকে পরামর্শ নিন, তার পরামর্শ গ্রহণ করুন।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** স্যার, আজকে যে বিলটি আনা হয়েছে তার বিরুদ্ধে সৌগতবাবু যে ব্যাখ্যা দিলেন আমি তা শুনেছি। উনি সুপ্রীম কোর্টের যে রায়ের কথা বললেন, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকেও নাম আসবে এবং তারপরেও বিজ্ঞাপন দিতে হবে। একটা পার্টিকুলার কেসের জন্য সুপ্রীম কোর্ট এই রায়টা দিয়েছেন, সমস্ত ক্ষেত্রে নয়। তাই নতুন আইন করতে আজকে কোন বাধা নেই। ইকোয়াল অপোরচুনিটি রক্ষা করার জন্যই আজকে এই বিল আনা হয়েছে। তাই এই বিল ইন্ট্রোডিউস করতে কোন বাধা নেই।

[4.10–4.20 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, সুব্রতবাবু, সৌগতবাবুরা যে সমস্ত কথা বলছেন এখানে, এই বিষয়টা ধোপে টেকে না। কারণ, সুপ্রিম কোর্ট যে রায় দিয়েছে, সেই রায়ের ফলে আমরা দেখছি পশ্চিমবঙ্গে পি. ডব্লু. ডি. ডিপার্টমেন্টে এ্যাডভার্টাইজমেন্ট এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম চাওয়ার পর দেখা গেছে ১০ লক্ষ নাম এসেছে। কাজেই এই সমস্ত প্রবলেমগুলো দাঁড়াচ্ছে। ফলে রাজ্য সরকার সময়োচিত ভাবে, অত্যন্ত যুক্তিযুক্ত ভাবেই এই বিলটা এনেছে। তাতে সুপ্রিম কোর্টের রায়ের কোনরকম বিরোধিতা করা বা অমান্য করার প্রশ্নই নেই। প্রশ্ন হচ্ছে, এখানকার বেকাররা কাজ পাবে, সেই কাজ পাওয়ার ক্ষেত্রে পদ্ধতিটা সহজ এবং সরল করা। সেইজন্যই এই বিল আনা। আমি মনে করি, অত্যন্ত উদ্দেশ্যপ্রণোদিত ভাবে সরকারকে হেয় প্রতিপন্ন করার জন্য সুপ্রিম কোর্টের রায়ের কথা বলে, চাকরির ক্ষেত্রে যে ব্যবস্থা নিতে হচ্ছে সেক্ষেত্রে বিরোধিতা করছেন। কাজেই বিরোধিতা করার জন্যই এই বিরোধিতা, অন্য কোন উদ্দেশ্য এখানে নেই। সুপ্রিম কোর্টের সঙ্গে রাজ্যসরকারের কোন কনফ্রন্টেশন নেই। যে সমস্যা আছে, সেটা রাজ্য সরকার উপলব্ধি করেছে বলেই আজকে এই বিল আনাটা যুক্তিযুক্ত মনে করেছেন। আমি মনে করি এই বিলটা যথোচিত ভাবেই আনা হয়েছে। এটা যদি না করা হয়, তাহলে যে সমস্যা, সেই সমস্যা থেকেই যাবে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জিনিস আমাদের সকলেরই পরিস্কার ভাবে জানা দরকার যে, আমাদের সরকারের পক্ষ থেকে যখন একটা বিল আনা হয়েছে, তখন কোন মন্ত্রী ইচ্ছা করে একটা বিল আনতে পারেন না। বিলটা আগাগোড়া বিবেচনা করতে হয়। আমাদের যে আইন বিভাগ আছে বা অন্যান্য বিভাগ

আছে, সমস্ত বিভাগের মতামত নিয়েই কাজটা করতে হয়। সুপ্রিম কোর্টের রায় আমরা জানি এবং জেনেশুনেই এই বিলটা এনেছি। কাজেই বিরোধী পক্ষ থেকে যে সমস্ত বক্তব্য রাখা হয়েছে, তাতে আমি মনে করি হাউসকে মিসলিড করার চেষ্টা হয়েছে। কারণ আমি মনে করি, সরকারের পক্ষ থেকে যে বিলটা আনা হয়েছে, সেটা যুক্তিপূর্ণ এবং সঠিক।

**মহঃ আমিন :** মাননীয় স্পিকার স্যার, মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা এই যে বিলটা আনতে আপত্তি করছেন, তারা সম্ভবতঃ এটা জানেন না যে, সুপ্রিম কোর্টের আর একটা জাজমেন্ট হয়েছে।

(গোলমাল)

**মিঃ স্পিকার :** বসুন, বসুন,। টেক ইওর সিট। মন্ত্রীকে বলতে দিন। ডোন্ট ডিস্টার্ব হিম। বলতে দিন।

**মহঃ আমিন :** দ্বিতীয় জাজমেন্ট সম্পর্কে আমি বলতে চাই যে, এখানে খুব পরিষ্কার ভাবে আছে—"A reference was made to the earlier decision of the Supreme Court in "Union of India - vs - N. Hazgopal & Others, 1987 (Civil Appeal No. 9-15 of 1986).

In which it was observed that "Insistence of recruitment through employment exchanges advances rather than restricts the rights guaranteed by the Articles 14 and 16 of the Constitution. The submission that employment exchanges do not reach everywhere applies equally to whatever method of advertising for the years is adopted. Advertisement in Daily Press, for example, is also equally ineffective as it does not reach everywhere desiring employment. In the absence of a better method of recruitment, we think that any restriction that employment in Government Department should be through the medium of employment exchanges does not offend Articles 14 and 16 of the Constitution.

**Mr. Speaker :** Now, the Hon'ble member, Mr. Saugata Roy has given a notice of Motion Under Rule 76 (2) (a) rather here given two notices after the Bill has been introduced. When a Bill is introduced or on some subsequent occasion, the member may make one of the motions in regard to his Bill.

..... Noise....

I am going by what the book says. Rule 75 says –

.... Noise ......

The question is when Rule 76 (2) (a) comes into operation. আপনারা এতক্ষণ ধরে হুজ্জুতি করলেন, চেঁচামেচি করলেন, Rule 75 says – when a Bill is

introduced, so when a Bill was not introduced how could you debate so long?

.... Noise ....

You are making your own rules, own procedures, validity of instructions. 76 (2) (a) is attracted by 75.

.... Noise ......

No, I am sorry, I cannot agree with you. Please, take your seat. I am on my leg.

.... Noise......

Now 76 (2) (a) says–On the day on which any motion referred to in Rule 75 is made or on any subsequent day to which the discussion thereof is postponed, the principle of the Bill and its provision may be discussed generally but the details of the Bill shall not be discussed further than is necessary to explain its principles.

76 (2) says – At this stage no amendments to the Bill will be moved, but - (a) if the member-in-charge may move that the Bill is taken into consideration, any member is moved as an amendment that the Bill be referred to a Select Committee of the House or be circulated for the purpose of eliciting opinion thereon by a date to be specified in the Motion;

..... Noise ........

**Ruling from the Chair**

Let me give my ruling. Take your seat. The question now is under 76 (2) (a) - a question can only arise when members move that the Bill be taken into consideration. It did not come to at this stage. The debate has already started.

.... Noise ...

[4.20–4.30 p.m.]

Now, Hon'ble Member is challenging the validity of the Bill itself. The question of here is - whether the Bill can be introduced, whether the Bill can be taken into consideration, discussed, voted and passed, whether the Government and the Hon'ble Minister has the competence to move this Bill for consideration, introduction and passing. This is moot question. As far as I understood with a very limited knowledge of law that I have and of Constitution, - Hon'ble Member, Shri Saugata Roy, Hon'ble Leader of the

Opposition Hon'ble Member Shri Subrata Mukherjee and Hon'ble Whip of the Opposition, Mr. Mannan was saying that because the Supreme Court has passed a judgement, by which judgment they say that employment should be opened and also through the employment exchange. As such no law can be passed. I don't think that there is any principle in law that can prevent the Government from passing a law which can change or affect the judgement of the Supreme Court. We know the Sahabanu case. It is a reported case of our country. After the judgment of the Sahabanu case the criminal law was amended. We know the famous Indira Gandhi election case. After Madam Indira Gandhi lost the election case, the election law was amended.

..... (Noise) .....

As such this Government has the competence, the Minister has the competence to introduce and pass the Bill. The objection is overruled. The Minister may introduce the Bill.

**Shri Mohammed Amin :** Sir, I beg to move that the West Bengal Regulation of Recruitment in State Government Establishments and Establishments of Public Undertakings, Statutory Bodies, Government Companies and Local Authorities Bill, 1999 be taken into consideration.

...(at this stage the Congress (I) Members walked out of the Chamber)...

**Mr. Speaker :** There is a circulation motion of Shri Saugata Roy. But as Shri Saugata Roy is absent. It is not moved.

**শ্রী হরিপদ বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল উপস্থাপিত হয়েছে তাকে আমি সমর্থন করছি। সমর্থন করছি এই জন্য যে আজকে ভয়াবহ যে বেকারী সেই বেকারদের নিয়ে যে ব্যবস্থা যত্রতত্র যে কোন বিভাগ যেমন খুশী এ্যাডভার্টাইজ করে যেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রয়েছে সেখানে সেই এমপ্লয়মেন্টে এক্সচেঞ্জের ক্ষমতাকে খর্ব করে যে নিয়ম চলছে তার বিরোধিতা করার জন্য—এই বিল কার্যকরী হলে আমাদের দেশে এবং রাজ্যে বেকাররা সুযোগসুবিধা পাবে। স্বাভাবিক ভাবে এই বিলকে সমর্থন করে সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এমপ্লয়মেন্ট রেগুলেশানের জন্য যে বিল সভায় উপস্থাপিত হয়েছে তার সমর্থনে কিছু কথা বলতে চাই। সারা ভারতবর্ষে আজকে বেকার সমস্যা এবং নাগরিক সমস্যা একটা বিস্ফোরক আকার ধারণ করেছে, আমাদের রাজ্যও তার ব্যতিক্রম নয়। যেখানে বছরে সাড়ে ৩ লক্ষ ছাত্রছাত্রী মাধ্যমিক পরীক্ষায় পাশ করছে এবং তার মধ্যে ৭৫, ৭৬ হাজার ফার্স্ট ডিভিশানে পাশ করছে। তারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাচ্ছে। বর্তমানে দ্রুত অটোমেশান, মেকানাইজেশানের যুগে ক্রমশঃ কর্মসংস্থানের যে সুযোগ সেটা সঙ্কুচিত

হচ্ছে। আমরা দেখেছি কেন্দ্রীয় সরকার বা বিভিন্ন সংস্থাগুলিতে লক্ষ লক্ষ পদ শূন্য হয়ে আছে, নিয়োগ বন্ধ। এটা বেকারদের বেকারত্বের যন্ত্রণা একটা বিস্ফোরক জায়গায় নিয়ে যাচ্ছে। তাদের সেই জ্বালা যন্ত্রণা থেকে যাতে তাদের প্রতি ফাউল-প্লে না হয় সেটা নিশ্চয়ই সুনিশ্চিত করা দরকার। আমরা সবাই চাই সব কিছুই একটা নিয়মের মধ্যে হোক, আইনের মধ্যে হোক সুষ্ঠুভাবে হোক। যেখানে এই নিয়মের মধ্যে চলছে না, সেখানে স্বেচ্ছাচারী কাজকর্ম হয় সেখানে খেয়ালখুশি মতো কাজ হচ্ছে, সেখানে লন্ডভন্ড হচ্ছে, ভাঙচুর হচ্ছে। এটা যাতে না ঘটে সেটা যাতে একটা নিয়মের মধ্যে, একটা আইনের মধ্যে হয় তার চেষ্টা করা হচ্ছে। আজকে বিরোধী দলের কয়েকজন মাননীয় সদস্য যে অজুহাতে এই বিলের ইন্ট্রোডাকশানে বাধা দিলেন তার কোন যুক্তি নেই। হ্যাঁ, সুপ্রীম কোর্ট একটা জাজমেন্ট দিয়েছিল কিন্তু কোথাও কোথাও আইনের মধ্যে এই আইনকে প্রতিষ্ঠা করা হয় নি। একটা প্রশাসনিক আইনের বলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম চেয়ে নিয়োগ করার কথা বলা হয়েছিল। স্বাভাবিক ভাবে একটা বিচার ব্যবস্থা চলে আইনের মাপকাঠিতে বা আইনটা সংবিধান সঙ্গত কিনা দেখে। এখন যে আইনটা এখানে করা হচ্ছে, যে অবস্থায় আমরা গত দু দশক ধরে চালু করেছি যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম নিয়ে নিয়োগ করতে হবে, এটা আইনে রূপ দেওয়া হয়েছে। এখানে কিছু ছাড়ের কথা বলা হয়েছে। বিশেষ কোন ক্ষেত্রে নিয়োগকর্তা কোন বিশেষ ছাড় দিতে পারেন।

সেই ব্যবস্থা এখানে রাখা হয়েছে। এখানে যে নিয়ম চলে এসেছে—একটা পদের জন্য কমপক্ষে কুড়িজনের নাম পাঠাতে হবে, এখনও সেই নিয়মই রাখা হচ্ছে এবং নিয়োগকর্তা যদি চায় তাহলে তার বেশী সংখ্যক নামও পাঠানো যাবে। কিন্তু স্যার একটা বিশাল সংখ্যক কর্মপ্রার্থী বছরের পর বছর কর্ম বিনিয়োগ কেন্দ্রে নাম লেখাচ্ছে, অপেক্ষা করছে। কিন্তু অপেক্ষা করতে করতে তাদের কারো কারো বয়স প্রায় শেষ হতে চলেছে, কোন কল পায়নি। এই বিষয়টা একটু দেখা দরকার। এক-একটা কলের জন্য কমপক্ষে ২০-টা করে নাম পাঠাবার যে ব্যবস্থা আছে তাতে সকলকে একটা করেও কল দিতে গেলে দেখা যাবে অনেকের বয়স পেরিয়ে যাবে, সকলে কল পাবে না। সুতরাং, বিকল্প কিছু করা যায় কিনা এটা ভাবা দরকার। কেননা, যোগ্যতা প্রমাণ করার সুযোগ সকলকে দেওয়া উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.30–4.37 p.m.]

**শ্রী মহঃ আমিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যারা এই বিল সমর্থন করেছেন তাদের ধন্যবাদ দিচ্ছি। মাননীয় অপজিশন সদস্যরা এখানে সুপ্রিম কোর্টের জাজমেন্টের কথা বলে কক্ষ ত্যাগ করলেন। কিন্তু সুপ্রিম কোর্টের আরেকটা জাজমেন্টের কথা ওরা বললেন না। আপনারাও হয়তো অনেকে এটা জানেন না কিন্তু আমি এটা বলার চেষ্টা করেছি। আমি আমার নোট থেকে তার কোটেশন দিচ্ছি। সুপ্রিম কোর্ট বলেছেন, শুধু এমপ্লয়মেন্ট একচেঞ্জ থেকে লোক নিয়োগ করলে অনেকে তা থেকে বঞ্চিত থেকে যাবেন। সুতরাং, কাগজে বিজ্ঞাপন দিয়ে অন্যদের সুযোগ দেওয়া উচিত। আবার, দু-

বছর পরে সুপ্রিম কোর্ট আরেকটা জাজমেন্ট দিয়েছিলেন এবং তাতে বলেছিলেন, আগের জাজমেন্ট ঐ বিশেষ ক্ষেত্রে প্রযোজ্য, সবক্ষেত্রে নয়। আর্গুমেন্ট দিলেন, সংবাদপত্রে বিজ্ঞাপন দিলে তা সব জায়গায় যায় না, সবাই সংবাদপত্র পড়েও না। তাই সংবাদপত্রে এমপ্লয়মেন্টের যে কথা বলা হয়েছে তাতে কোন ক্ষতি হচ্ছে না। আবার, কলকাতা হাইকোর্টের একটা জাজমেন্ট আছে যেখানে স্কুল সার্ভিস কমিশনের বৈধতা চালেঞ্জ করা হয়েছিল। কলকাতা হাইকোর্ট বললেন, নিয়ম ঠিকই আছে, আইন অবৈধ কিছু নয়। এর ফলে গন্ডগোল হয়েছিল এবং রিক্রুটমেন্ট বন্ধ হয়ে গিয়েছিল। সেই জন্য সরকার সব দিক বিবেচনা করে এই আইন এনেছেন। যে সমস্ত সার্ভিস কমিশন - পাবলিক সার্ভিস কমিশন, স্কুল সার্ভিস কমিশন, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন - এগুলো ছাড়া বাকি সরকারী এবং পাবলিক আন্ডার টেকিং ইত্যাদির ক্ষেত্রে সমস্ত রিক্রুটমেন্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে হবে। এটাই সঠিক নীতি। এর উপর দাঁড়িয়ে আমরা কাজ করব। আশা করি মাননীয় সদস্যরা এটা বুঝবেন। এই আইনটা কার্যকর হলে মনে হয় পশ্চিমবঙ্গই প্রথম রাজ্য হবে। এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Dy. Speaker :** The Motion of Shri Md. Amin that "The West Bengal Regulation of Recruitment in State Government Establishments and Establishments of Public Undertakings, Statutory Bodies, Government Companies and Local Authorities Bill, 1999" be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 - 9

**Mr. Deputy Speaker :** There are no amendments to Clauses 1-9.

The question that Clauses 1-9 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 10

**Mr. Deputy Speaker :** There is one amendment to Clause 10 by Shri Saugata Roy. It is in order.

(But Shri Saugata did not move the amendment)

The question that Clause 10 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 11

**Mr. Deputy Speaker :** There is no amendment to Clause 11.

The question that Clause 11 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 12**

**Mr. Deputy Speaker :** There is one amendment (No. 2) to Clause 12 by Shri Saugata Roy. But Shri Roy did not move the amendment. (the Opposition walked-out of the Chamber)

The question that Clause 12 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 13-16 and the Preamble**

The question that Clauses 13 to 16 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Mohammed Amin :** Sir, I beg to move that the West Bengal Regulation of Recruitment in State Government Establishments and Establishments of Public Undertakings, Statutory Bodies, Government companies and Local Authorities Bill, 1999, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 4.37 p.m. till 11.00 a.m. on Friday, the 16th July, 1999, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 16th July, 1999 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 07 Ministers, 04 Ministers of State and 101 Members.

[11.00–11.10 a.m.]

### Starred Questions
### (to which oral Answers were given)

### Malaria Control Committee

*570. (Admitted Question No. *2237) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Health & Family Welfare Department be pleased to state–

(a) whether it is fact that the I.M.A. requested the State Government to constitute a high power Malaria Control Committee in West Bengal: and

(b) if so,
(i) has the State Government already set up such Committee?
(ii) what is the function of this Committee?

**Shri Partha De :**

(a) Such Committee may be set up and its functions etc. finalised after discussion with the State Govt. expected to be held shortly.

(b) does not arise.

**Shri Pankaj Banerjee :** Hon'ble Minister has said that this Committee will be set up. My question was - whether it is a fact that the IMA requested the State Government to constitute a High Power Malaria Control Committee in West Bengal. Now these proposal or rather request was put to the government in the month of March'99. So, today is the end of July, the government is still giving a thought as to whether such a committee is to be constituted or not. Does not the government think that a

High Power Committee should be there to go through the details of the reason/causes for spreading malaria in the state and the precaution is to be taken?

**Shri Partha De :** The request actually came from the Secretary of Indian Medical Association's personal capacity. But, even then we invited him and there was a meeting. What he was suggesting that there should be a High Power Committee involving not only the government departments but also several other members of the public and also this is something to be given further thought to. There is no doubt about that malaria is something which should not be the responsibility of the Health Department only. We have agreed to that. And then we have had a meeting with him also. So, we agreed that there should be further study into what actually to be done. And there will be a second sitting and all. But for the information of the Hon'ble Members and the House, I can tell you that there had already been a Committee, a committee involving all the relevant department especially the Development Department. They are already there under the Chairmanship of the Chief Secretary. It was formed in 1995. So, that type of Committee is there. What he wants to suggest and we also thank that there is some point in it is that so far all our attempts may be partial. In view of that it was not only the responsibility of a single department or one or two departments. There should be total involvement - involvement of the society. So, who should be members, what should be the responsibility, what is we are thinking about - should first to be decided. That is why we are taking sometime.

**শ্রী রবীন দেব :** স্যার, আবার করের বোঝা চাপাচ্ছে সেন্ট্রালের কেয়ারটেকার গভর্ণমেন্ট।

**শ্রী তপন হোড় :** স্যার, কোয়েশ্চেন আওয়ারের পর আমাদের একটু আলোচনা করার সময় দেবেন। যুদ্ধ-কর চাপানো হচ্ছে। এই কারগিলে যুদ্ধ-বি.জে.পি. যে নীতি গ্রহণ করেছিল তার ফলেই কারগিলে যুদ্ধ হয়েছে। ওরা দেখে নি, ওখান থেকে চলে এসেছিল। স্যার, এতে ভারতের অনেক সৈন্য মারা গিয়েছে। বহু মা সন্তানহারা হয়েছেন, অনেকে বিধবা হয়েছেন। এই যে যুদ্ধ কর চাপানো হচ্ছে এটা নিয়ে কোয়েশ্চেন আওয়ারের পর একটু আলোচনা করতে দেবেন এই অনুরোধ রাখছি।

**Shri Pankaj Banerjee :** Sir, the minister has very correctly said that they are giving a thought on the issue but my point is in this August House specially in this session number of questions were raised through your good self regarding spreading of malaria, number of casualties, number of patients attacked in details. There were so many questions and the entire state is in agony because thousands of people are affected due to malaria and

malignant malaria. Even an Hon'ble minister of the Government is now being attacked by malignant malaria and he is in hospital. So, under these circumstances what are the steps taken by the State Govt. (1) to eradicate malaria and (2) to check malaria in the State as well as in the city?

**Shri Partha De** : I have been informing the House over and over again that malaria is a problem that has got to be tackled not only by the Health department. It is not just a clinical problem. There has been toll over and over again and may be in future we have to discuss on that. But we should understand certain things very clearly. Malaria is a national programme, malaria is a global problem. Therefore, there are certain international protocols in tackling malaria and the vector which causes malaria. So what the State has got to do has got to work under the framework of that total protocol of programming. For the information of the House I can put this information so far there was a claim that there is a programme going on to eradicate malaria. But presently the whole programme has been changed and presently the programme is called anti-malaria programme, not malaria eradication programme. So the dimension of the problem is so big that even the Govt. of India or for that matter the international bodies they do not claim that they are going to eradicate malaria in the near future. In any case a lot of changes are taking place, a lot of new questions relating to the whole problem are raised. It is still in a formative stage. That is why I have been appealing to all the members previously and also I am appealing to all the members that malaria is such a problem which has got to be understood, which has got to be tackled in a kind of all out way. It is not just the Health Department and all as I told that previously. The other thing that I must be very clear about is that there are certain norms which we have got to follow. There had been malaria cases, there had been fatal malaria cases. I have been reporting to the House the number of deaths and also the kind of disease, number of ailments people are having and all but all in all to call it an epidemic there is certain norm about that. Unless it crosses 2 per 100, 2% you cannot call it an epidemic. So we should not go by the here say only. There are certain things that we have got to know but even then it is high and this year also malaria is going to be really a problem in Calcutta, in districts also this is going to be a problem. So what should we do? First thing, since so many years we have been trying to convince the Government of India that we need 700 Metric tons of D. D. T. 50%. For they have stipulated what should be the percentage of population to be covered. 65 million population of West Bengal should have to be covered by that amount of spraying of DDT 50%.We have not yet received the amount. And it is the system because like this all the materials that will be needed will be supplied by the Govt. of India. There is no fund in the

State government budget to purchase that kind of spraying material, Biolarvacide or for that matter DDT 50% etc. So, we have been appealing to them and we have been trying to pursuade them. Sometimes it comes in time, sometimes it is delayed. That kind of problem is there.

[11.10-11.20 a.m.]

So, that is a kind of problem that we are going to tackle. In the urban areas they have already prescribed that there should be spraying of biolarvacide, not the DDT. Calcutta Corporation is spraying bio-larvacide but they need more. There had been projects on which the assistance of World Bank had been sought but that has not yet been cleared. But somehow I have to carry on with the means we already have. And then what happens? Whatever our target may be if we don't have that kind of materials, if we don't have that kind of financial support we have to go slow. That is why we wanted to concentrate on one single point that we can really perform where we have got all the materials or men that whenever there is a complaint of fever, fever with headache, with severe kind of complications, immediately suspect that it could be malaria and immediately start with some kind of treatment which is called presumptive treatment. Most of the cases that come to the Hospital or treating centres with kind of complications they come after the patient had three or four days of fever without suspecting that that could be malaria. So, the single point on which we can concentrate is to report every case of fever suspecting that it could be malaria. There are enough medicine to be distributed to tackle the entire number of fever cases in West Bengal. That should be single programme of all Members of the House, all political parties, all elected bodies, everybody that from now on uptill November that if anybody have fever, if it is suspected that it could be malaria, tell them that there are sufficient medicine to treat that. There is no dearth. My fervent appeal to the people, "If you have fever, if you suspect that it could be malaria, go ahead. There are sufficient centres to detect whether that it is malaria or not." But even then there can be presumptive treatment. So, that is why I appeal once again to all the members and especially to those members who have raised this question.

**Shri Pankaj Banerjee :** Sir, Hon'ble Minister has said that World Health Organisation has come out with Anti-malaria Programme instead of Malaria Eradication Programme. He also stated that WHO has suggested that spraying of DDT and other pesticides is not enough or sufficient to combat this disease. They have come out with certain other propagation, suggestions and some other measures to control it, to eradicate it. I would request the Minister to get the people aware of these programmes so that

they can check it or combat it by themselves. My question is in this House on a question of mine you have answered that 53 people died in Calcutta during 1997-98 due to malaria and malignant malaria. But CAG has come out with certain other figures where the figure is much more than what you say, which one is correct - your given figure or the CAG? Which one is to be taken to be accepted by the people or by the Members of this House?

**Shri Partha De :** There is a different procedure to treat. What CAG has commented in that procedure it will be properly taken care of. But one thing could be very clear. There should be a realistic system of counting how many deaths are caused due to malaria and how many not. There is no system in the protocol. Here I have got a book where it has been stated how to find out whether the death is caused by malaria or not. There is different procedure and that procedure is being followed by the State Government. That much could be assured.

**Shri Pankaj Banerjee :** Sir, I would like to know whether you just followed that criteria and directions or CAG followed that. Where is the basic difference? Who is not following that criteria?

**Shri Partha De :** Hon'ble members should know that there is a procedure. How you view the CAG Report? The CAG report should be corrected in a different procedure. The Govt. will respond to that. There is no doubt about that. The very common thing which is normally misunderstood, is that there is a procedure how to find out; whether the death is due to Malaria or not; how do you count the number of deaths. There is a definite procedure that is being followed here. I have got the book with me. If you want I can give you a copy.

**Shri Pankaj Banerjee :** Let us know that is the given procedure, what is the laid down procedure of coming to a decision that a patient had died of Malaria. Sir, my question is a relevant one. Hon'ble Minister has said that there is a given criterian, following which a patient had died of Malaria or not, I just wanted to know it very humbly what is the laid down procedure.

**Mr. Speaker :** Mr. Banerjee, please take your seat. Minister is answering to the extent of things fixed necessary. The matter ends.

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। আমাদের এম. এল. এ. হোস্টেলেও ম্যালেরিয়ায় আক্রান্ত হচ্ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা গত ২ বছর আগে আমাদের বাংলার উত্তর সীমান্তে একটা সমীক্ষা করেছিল, সেখানে ওরা বলেছিলেন এই ম্যালেরিয়া ২০০০ সালের মধ্যে মহামারি আকারে দেখা দিতে পারে। এটা কাগজে বেরিয়েছিল। এটা জলপাইগুড়ি কুচবিহার এবং পুরুলিয়ার সমস্যা ছিল,

এখন এটা কলিকাতায় এসে গেছে। আমাদের পাশের রাজ্য আসামে ৪০০ লোকের মৃত্যু হয়েছে এবং লক্ষাধিক মানুষ আক্রান্ত। জলপাইগুড়ি এবং কুচবিহারে লক্ষাধিক মানুষ আক্রান্ত। এই জেলাগুলোতে ডি. ডি. টি স্প্রে বন্ধ। জলপাইগুড়ি জেলা অথরিটি বলছে টাকার অভাব। ডি. ডি. টি স্প্রে হলে আমাদের অভিজ্ঞতা হচ্ছে ম্যালেরিয়া প্রতিহত হয়। এই অবস্থায় আপনার কাছে আমি সবিনয়ে জানতে চাই, এই ডি. ডি. টি অবিলম্বে সরবরাহ করার নির্দেশ দেবেন কিনা? ইতিমধ্যে ১৭ জন ম্যালেরিয়ায় মারা গেছে। আমি যে খবর বিভিন্ন জায়গা থেকে পেয়েছি তা হলো কুচবিহারে ১ লক্ষ মানুষ আক্রান্ত, ৩০ জনের মৃত্যু হয়েছে গত ২ মাসে। আমাদের এই ম্যালেরিয়া প্রবণ এলাকায় কি কি বিশেষ ব্যবস্থা নেওয়ার উদ্যোগ নিয়েছেন?

**শ্রী পার্থ দে :** আমি যেটা আগেই বলেছি যে, ম্যালেরিয়ার যে সমস্যাটা আছে এই সমস্যাটা খুব বড় ধরনের সমস্যা এই সম্পর্কে কোন আত্মসন্তুষ্টির জায়গা নেই বা থাকতে পারে না। এই সমস্যা নিয়ে নানা সমীক্ষা আছে মতামত আছে, বড় আকার ধারণ করতে পারে, আরো বড় আকার ধারণ করতে পারে ইত্যাদি। এই ব্যাপারে আমাদের যে কর্মসূচী সেই কর্মসূচী হচ্ছে জাতীয় কর্মসূচী। এই জাতীয় কর্মসূচীর কতকগুলি অংশ আছে যেগুলি ভারত সরকার পালন করবে এবং তাকেই করতে হবে আর কতকগুলি রাজ্য সরকার করবে। ভারত সরকার যেগুলি করবে সেইগুলো নির্ধারিত আছে। এখন যে কর্মসূচী ঠিক করা আছে সেটা বলি। যেমন ধরুন মশা, মশা নিধন করার যে ব্যবস্থাটা আছে সাধারণত যেটা হয় স্প্রে, এই স্প্রে কি ভাবে হবে, কোথায় কোথায় হবে, কত লোক স্প্রে করার জন্য দরকার। এই স্প্রে করার একটা অঙ্ক আছে, সেটা ভুল কি ঠিক সেটা আলাদা কথা। ৬ কোটি লোককে কভার করতে হলে স্প্রেইং মেটিরিয়াল লাগবে ৭০০ মেট্রিক টন ৫০ পারসেন্ট ডি. ডি. টি দিতে হবে। এটা আমরা তৈরী করি না, আমাদের দিতে হবে। এটা ছড়ানোর যে খরচ সেটা আমাদের দিতে হবে। রাজ্যে আনার জন্য যেটা দরকার তার জন্য যে ভাড়া লাগবে সেটা আমাদের দিতে হবে।

[11.20–11.30 a.m.]

যেখানে এসে পৌছুবে সেখান থেকে জেলায় পৌছানোর জন্য ভাড়াটা দিতে হবে। তারপর এটা ছড়াবার জন্য যারা কাজ করবেন তাদের মজুরী দিতে হবে। এই সবের জন্য রাজ্য সরকার তৈরী আছে। কিন্তু ৭০০ মেট্রিক টন যেটা দরকার সেটা পেতে দেরী হলে আমরা কি করে স্প্রে করবো? সেজন্য ওদের কাছে আমাদের বারে বারে বলতে হয়, চিঠি লিখতে হয়। আমি নিজেও লিখেছি। আমরা লোক পাঠাই। গত সপ্তাহে অফিসার গেছেন, আবার এই সপ্তাহেও যাবেন। তারপর অনেকে বলছেন, ডিডিটিতে ভাল কাজ হচ্ছে না। তাহলে আমরা কি করবো? এর বিকল্প কি? সেজন্য আমরা বলেছি, আমাদের বায়ো লার্ভাসাইট বেশী করে দিন। আমাদের ১০ টন দিন। আমরা ৭৫০ কেজি পেয়েছি। সেজন্য বলছি, এই পরিস্থিতির মধ্যে আমাদের কাজ

করতে হচ্ছে। আমাদের ভুল হচ্ছে, বারবার করে এইসব বলে লাভ নেই। এরজন্য আমাদের চেষ্টা করতে হবে যাতে আমরা মানুষকে সাহস দিতে পারি। মশার প্রজনন যাতে বেশী না হয়—তবে বর্ষাকালে এই কাজটা করা অত্যন্ত কঠিন—যাতে মশা কামড়াতে না পারে তার জন্য আমাদের চেষ্টা করতে হবে। এর সাথে আমরা গ্রামে যেটা করতে পারি, যারা এর সাথে জড়িত নয়, তারা কিছুটা সাহায্য করতে পারেন। মশার কামড়ের হাত থেকে বাঁচতে আমরা যেটা করতে পারি, সেই অভ্যাসটা ঠিকমত করতে পারিনি। যারা মশারী কিনতে পারেন, তাদের মধ্যে অভ্যাসটা হয়নি। আর যারা কিনতে পারেন না, তারা কি করতে পারেন, এইসব নিয়ে আলাপ আলোচনা করা দরকার। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত জ্বর হলে ম্যালেরিয়া ধরে নিয়ে আমরা যদি এগোই তাহলে বড় রকমের বিপদ হবে না। গত বছর ক্লোরো কুইনিনের স্বল্পতা ছিল। আমরা সরবরাহ পাই নি। আমাদের প্রাইমা কুইনিনের স্বল্পতা ছিল। আমরা সরবরাহ পাইনি। ভারত সরকার আমাদের ঠিকমত দেয় নি। এইসব ত্রুটিবিচ্যুতি, রাজনৈতিক কথাবার্তার মধ্যে আমি যাচ্ছি না, এটা বাদ দিচ্ছি। এই বছর আমাদের ঐ সমস্যা নেই। আমাদের ম্যালেরিয়া ওষুধের সমস্যা নেই। আমরা বলেছি এটা সব জায়গায় দিয়ে দিন। সেজন্য বলছি, চিকিৎসকরা যাতে বলেন যে, জ্বর হলে ম্যালেরিয়া হয়েছে এই রকম ধরে নিয়ে যেন তারা চলেন। সরকারের ত্রুটি থাকলে আপনারা তা নিশ্চয়ই বলবেন। বিরোধী পক্ষ সরকারের সব সময় প্রশংসা করবে সেটা আশা করা যায় না। তবে এটা এমন এক ব্যাপার যাতে আমাদের সকলকে একমত হয়ে বলতে হবে। আমরা গতবারে চিকিৎসকদের নিয়ে সম্মেলন করেছিলাম। প্রিজাম্পটিভ ট্রিটমেন্টটা করা দরকার। এটা করলে ক্ষতি হবে না, না করলে ক্ষতি হবার সম্ভাবনা আছে। আমি গতবার মৃত্যুর তালিকা দিয়ে দেখিয়েছিলাম কত লোক আক্রান্ত হয়েছিলেন। জ্বর হওয়ার কতদিন পরে তারা আসছে, এই দিকটা সম্বন্ধে প্রচারের প্রয়োজন আছে। মশা নিধন করার যে ব্যবস্থা আছে, তাতে আমরা বলতে পারবো না যে সব মশাকে আমরা নিধন করে দেব। কিন্তু জ্বর হলে, ম্যালেরিয়া আটকে দেবার ক্ষমতা আছে তার জন্য বিজ্ঞান আছে এবং কাজ জানা লোক, সরকারী এবং বেসরকারী ব্যবস্থায় আছে—দুটি দিক মিলিয়ে আছে। এর পরে আমরা আর কি করতে পারি? আমি কিছুদিন আগে নর্থ বেঙ্গলে গিয়েছিলাম। আমরা কি করতে পারি, আমাদের যে শক্তি আছে সেটাকে কি ভাবে সংহত করে ধারাবাহিক ভাবে কাজে লাগাতে পারি, সেটা আমরা করবো। সেজন্য আমরা সমালোচনা শুনতেও রাজী আছি। কিন্তু সমালোচনাতেই যেন সব শেষ না হয়ে যায়। মুখরোচক আলাপ আলোচনায় যেন শেষ না হয়। কয়েকটি বিষয় জানা থাকলে ম্যালেরিয়া হলে প্রতিহত করা যায়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী ম্যালেরিয়া নিয়ন্ত্রণের পক্ষে সেন্ট্রাল কমিটির কাজ যতই অকিঞ্চিৎকর হোক তার জবাব আপনি অনেকখানি দীর্ঘ দিলেন। ম্যালেরিয়া কন্ট্রোল এ্যান্ড ইরাডিকশানের ক্ষেত্রে আপনার সীমাবদ্ধতার মধ্যে ম্যালেরিয়ার ক্ষেত্রে সমন্বয় সাধন করা দরকার এসব কথা ভাবছেন। আজকে কয়েক বছর ধরেই দেখছি

ম্যালেরিয়া যেভাবে বাড়ছে তাতে এ্যাওয়ারনেস দরকার আপনি বলেছেন। কিন্তু এ্যাওয়ারনেস থাকলেই হবে না, আর না থাকলেই হবে, তাহলে তো মন্ত্রীদের তো এ্যাওয়ারনেস আছে তবুও ম্যালেরিয়া হচ্ছে। সারকাম্পস্ট্যানশিয়ালী এ্যাওয়ারনেস এ্যাভয়েড না করলেও তাকে ভিকটিম হতে হচ্ছে। ম্যালেরিয়া ইরাডিকশানের ব্যাপারে ডব্লিউ এইচ ও চেষ্টা করছে ম্যালেরিয়া স্টেট জোনগুলোতে। সেখানে সরকার একটা প্রচলিত অবস্থার মধ্যে দাঁড়িয়ে শহরে যেভাবে ম্যালেরিয়া বাড়ছে, যেভাবে এ্যাগরাভেটেড হচ্ছে, তাতে আপনার দপ্তরের আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও ক্যাবিনেট এ্যাজ এ হোল, গভর্ণমেন্ট এ্যাজ এ হোল, সমস্যার সমাধান করতে হবে। সেখানে প্রবলেম বিরাট আকারে দেখা দিয়েছে এবং সেটাকে মিট করার ব্যাপারে ওয়ার ফুটিংয়ের উপরে, ইনফ্রাস্ট্রাকচারের উপরে দাঁড়িয়ে করার ক্ষেত্রে বা ফেস করার ব্যাপারে সঠিক উদ্যোগ নিচ্ছেন কিনা, কারণ ইরাডিকেশানের ব্যাপারে আই এম এ বলবে কেন, আপনাদেরই তো চেষ্টা করা উচিত ছিল। মাননীয় মন্ত্রী তার বক্তব্যে কতগুলো জিনিসের বিষয়ে বললেন যেমন পেস্টিসাইটসের ক্ষেত্রে ডিডিটি স্প্রে করার ব্যাপারে আপনি বললেন যে, আরো উন্নতমানের ওষুধের দরকার, সেটা হয় নি। সেই কারণে আমার জিজ্ঞাস্য যে, এই সমস্যা এতই ব্যপ্ত যে, এই ম্যালেরিয়া মোকাবিলার ক্ষেত্রে সরকার নতুন করে কি চিন্তাভাবনা করছেন এবং সার্বিক কোন প্রকল্প হাতে নিয়েছেন কিনা। আপনার কাছে যখন এই প্রশ্ন করে থাকি আপনি বলেন যে এ্যাওয়ারনেসের সীমাবদ্ধতার কথা। কিন্তু আমি বলব প্রবলেম যেভাবে এ্যাগরাভেটেড হচ্ছে তাতে রাজ্য সরকার মন্ত্রিসভা সমন্বয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে বিশেষ বিশেষ কি ব্যবস্থা নিতে চলেছেন কারণ স্বাস্থ্য দপ্তরকে তো আর স্কেপ গোট হয়ে থাকলে চলবে না, এই ব্যাপারে কি ব্যবস্থা নিচ্ছেন জানাবেন কি ?

**শ্রী পার্থ দে ঃ** আমি প্রথমেই একটি কথা বলি যে, গত আর্থিক বছরে শহরে এই প্রকল্প বাবদ ৩২ কোটি টাকা রাজ্য সরকার খরচ করেছে। তার আগের বছর ২৮ কোটি টাকা খরচ করেছে। আর একটু আগে যে কথা বলেছি সেটা বক্তৃতা নয়, প্রয়োজনীয় কথা। আমাদের ভারতে সর্বভারতীয় কর্মসূচীর মধ্যে ম্যালেরিয়া একটা কর্মসূচী, যার মোকাবিলা আমরা করছি। সম্প্রতি এর বর্তমান নাম পরিবর্তন করা হয়েছে। আগে ছিল ম্যালেরিয়া ইরাডিকশান প্রোগ্রাম, এখন এর নাম হয়েছে ন্যাশানাল এ্যান্টি ম্যালেরিয়া প্রোগ্রাম। নিশ্চয় কোন কারণে এটা ঠিক হয়। একটা খুব বড় সমস্যা, এই সার্বিক কর্মসূচী যেটা বলেছি ঠিকই বলেছি। এই কর্মসূচীতে কি হওয়া উচিত না উচিত আপনারা আপনাদের সাজেশান দিন। অনেকেই তো সাজেশান দিয়েছেন, সবার কথাই শুনেছি। কিন্তু ছোট কতগুলো জিনিস আছে সেগুলো এখনো করতে পারিনি, করলে মানুষের উপকার হবে। সেই কারণে আমরা একটা জায়গায় জোর দেবার চেষ্টা করছি। আর আপনি যে প্রশ্ন করেছেন তাতে বলি এই ব্যাপারে একটা কমিটি করা হয়েছে।

কমিটি আমাদের আছে—আমি আপনাদের বলেছি—চীফ সেক্রেটারীর সভাপতিত্বে অনেক দপ্তর যেগুলি প্রধানতঃ নির্মাণ কাজ করে তারা ছড়াচ্ছে যেমন পি. ডব্লিউ. ডি., ইরিগেশান।

এইসব মিলিয়ে ম্যালেরিয়া বা এই ধরণের অসুখগুলি আজকে পৃথিবীতে বলা হচ্ছে উন্নয়নের সঙ্গে যুক্ত হয়ে গেছে।

[11.30–11.40 a.m.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** স্যার, আমি একটি সাপ্লিমেন্টারী করছি। আপনি বলেছেন যে ম্যালেরিয়া ইরাডিকেশান প্রোগ্রাম আগে ছিল, এখন সেটাকে বলা হচ্ছে ন্যাশানাল এ্যান্টি ম্যালেরিয়া প্রোগ্রাম। কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় আগে যে সমস্ত মেশিনপত্রগুলি ছিল, স্প্রে মেশিন-এর কথা বলছেন সেইগুলি প্রচুর ছিল, গ্রাম জুড়ে ছিল, এখন ম্যালেরিয়ার যে ভাইরাস মসকিউটো জার্মিনেট করে যে জায়গায় সেই জায়গায় যদি বন্ধ করে দেওয়া যায়, এটাই মূল প্রশ্ন ছিল, এখন সেই সব জায়গায় সেই মেশিনগুলি আগে ব্যবহার হত, সেইগুলি এখন কি অবস্থায় আছে? সেইগুলি কি কনডেম হয়ে গেছে, নাকি ডিসপোজ হয়ে গেছে? তার জন্য তো দপ্তর ছিল, সেইগুলি দেখভাল করা হত, সেইগুলির কি হল?

**শ্রী পার্থ দে ঃ** এখানে আর একটি কথা বলতে হবে, উনি যে প্রশ্নগুলি করেছেন ম্যালেরিয়া নিয়ে, এই অসুখটা কিন্তু অনেক পুরনো। এই অসুখটা সম্পর্কে মানুষ অনেকদিন আগে জানত। এর যে কারণ বরাবরই এটায় জ্বর হত এবং সেই পরিপ্রেক্ষিতে ম্যালেরিয়ার ব্যাপারটাও মশার থেকে হয় এটা আবিষ্কার হয়েছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে যে কর্মসূচী নেওয়া হয়েছিল সেটা '৬৫ সাল পর্যন্ত খুব সফল হয়েছিল। '৬৫ সালের পর থেকে আবার ম্যালেরিয়া বাড়তে শুরু করে। তখন দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে যে ব্যবস্থাগুলি নেওয়া হয়েছিল তার মধ্যে প্রধান ছিল ডি. ডি. টি. স্প্রে। অনেকে বলেছেন এটায় মশারা এই ডি. ডি. টি. স্প্রের সঙ্গে যুদ্ধ করতে শিখে গিয়েছে। এটা নিয়ে বেশি আলোচনা করতে চাই না, এই ব্যাপারটা নিয়ে নানা মত আছে। পুরানো পদ্ধতি যেগুলি ছিল সেইগুলি সবটা কাজে লাগছে না। পুরাতন একটা জিনিস ছিল, বাড়ির দরজায় লেখা ছিল জ্বর হলে রক্ত পরীক্ষা করান, ঐটা আমরা চালিয়ে যাচ্ছি। হাতে কলমে যারা করছেন তাদের মতামতও আমরা নিচ্ছি। এর যে বিশাল একটা সমস্যা, এটা জাতীয় স্তরে যদি সেইভাবে গ্রহণ না করা হয় তাহলে এর যে উদ্দেশ্য সেটা সাধিত হবে না, আংশিক সরবরাহ হলে সেইভাবে যদি চলতে থাকে তাহলে আমরা দিশেহারা হব। আসল কাজটাই এতে হবে না। তাই আমরা নূতন ভাবে জাতীয় স্তরে কি ভাবে কি করা যায় সেটা নিয়ে ভাবছি, এখন দিল্লিতে সরকার নেই, তাই অসুবিধা আছে। আমরা নূতন কতকগুলি মতামতও দেব সেইগুলি আমরা বলবও। আমরা যেটা করতে পারি সেটা হচ্ছে, ঐ অংশটাকে আর একবার আমরা নিজেরা কিছু করতে পারি কিনা সেটা দেখা।

**শ্রী সঞ্জীব দাস ঃ** আপনার স্টেটমেন্ট থেকে এটা পরিস্কার, প্রবলেম ম্যাগনেটিউড ধীরে ধীরে ইনক্রিজ করছে। আগে আমাদের গ্রামবাংলায় স্টাফ ছিল, ম্যালেরিয়া স্টাফ বলতে যারা প্রত্যেক এলাকায় বাড়ীতে ঘুরে ঘুরে ডি. ডি. টি. স্প্রে করতো। তাদের সব

উইথড্র করে নেওয়া হয়েছে, তাদেরকে অন্য ডিপার্টমেন্টে নিয়ে যাওয়া হয়। আপনার কাছে যে তথ্য আছে তার থেকে বেশী ম্যালেরিয়া হচ্ছে গ্রামবাংলায়। আগে যে স্কীম ছিল তাতে মফঃস্বলে প্রত্যেক বাড়ীতে বাড়ীতে ডি. ডি. টি স্প্রে করা হত। সেই পরিকল্পনা আবার আপনি চালু করার কথা ভাবছেন কি?

**শ্রী পার্থ দে ঃ** এখানে এটা ঐভাবে বলা যাবে না। জাতীয় স্তরে এই বিষয়টা নিয়ে আলোচনা হচ্ছে। কিছুদিন আগে যখন এটাকে বড় রকমের সমস্যা হিসাবে ধরা হয়েছিল এবং কর্মসূচী নেওয়া হয়েছিল তখন অনেক লোক নেওয়া হয়েছিল। তারপরে সারা পৃথিবীতে এবং আমাদের দেশে ম্যালেরিয়া প্রায় নিশ্চিহ্ন হয়ে যায়, তখন তারা অন্য প্রোগ্রামে চলে যায়। তাদেরকে আবার ফিরিয়ে আনা যায় কিনা সেটা জাতীয় স্তরে আলোচনা করতে হবে। আর ডি. ডি. টি স্প্রে ঠিক না ভালো সেটা বলা খুব কঠিন। ডি. ডি. টি. স্প্রে বন্ধ করে দিতে বলা হয়েছে। তবে এর বিকল্প যতদিন না দেওয়া যাচ্ছে ততদিন এটা আমরা চালু রাখছি। এটা সত্যি কতটা কার্যকরী হচ্ছে সেই ব্যাপারে আমরা কলকাতা কর্পোরেশনে একটা ছোটখাট পরীক্ষানিরীক্ষা করছি। আমরা দশ টন বায়ো-লার্ভিসাইড চেয়েছিলাম, আমাদের ৭৫০ কেজি দেওয়া হয়েছে। তাই এই আলোচনাতে আমরা আর এগোতে পারব না। দিল্লীর সরকার গভীরভাবে এটা দেখবে সেইজন্য আমাদের অপেক্ষা করতে হবে। আমাদের এখানে যা আছে সাব-সেন্টার, প্রাইমারী হেলথ্ সেন্টার, পঞ্চায়েত এদেরকে নিয়েই আমাদের কাজ করতে হবে। এই সময়টাতে জ্বর হলে আগে যে রকম রক্ত পরীক্ষা করা হত, সেই রকম রক্ত পরীক্ষা করতে হবে, আর ওষুধ দিতে হবে। এটাকে কার্যকরী করে আমরা কতটা এগোতে পারি সেটা দেখতে হবে।

### শ্রমিকদের জন্য বয়স্ক শিক্ষাকেন্দ্র

*৫৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৪) **শ্রী তপন হোড় ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের শ্রম দপ্তর শ্রমিকদের জন্য কলকাতাসহ কয়েকটি জেলায় বয়স্ক শিক্ষাকেন্দ্র খোলার পরিকল্পনা নিয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনার মূল বিষয়টি কি ও কতজন শ্রমিক উপকৃত হবেন?

**শ্রী শান্তি ঘটক ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী তপন হোড় ঃ** এই বয়স্ক শিক্ষাকেন্দ্র জনশিক্ষা দপ্তর থেকে হয়। আমি যতটুকু শুনেছি শিশু শ্রমিকদের শিক্ষার ব্যবস্থা আপনার দপ্তর থেকে হয়। এই শিক্ষার

যে পরিকল্পনা আপনার আছে এতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন আর্থিক সাহায্য কি আপনি পাবেন। আর উত্তরবঙ্গে চা-বাগিচায় যে শিশুরা আছে তাদের ব্যাপারে আপনি শুধু জানাবেন কতজন শিশু উপকৃত হয়েছে এর জন্য এবং এখানে কেন্দ্রীয় সরকারের অনুদান কত এবং রাজ্য সরকারের অনুদান কত?

**শ্রী শান্তি ঘটক ঃ** ব্যাপারটা হল নরসিমা রাও যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন তার শেষদিকে তিনি একটা স্কীম করেছিলেন হ্যাজার্ডাস কাজে যে সব শিশুরা যুক্ত আছে তাদের সেই কাজ থেকে তুলে আনতে হবে।

[11.40–11.50 a.m.]

এবং, তুলে এনে তাদের জন্য স্পেশাল স্কুল করতে হবে, সেখানে লেখাপড়া শেখাতে হবে। এছাড়াও ভোকেশনাল ট্রেনিং দিতে হবে। এর জন্য টাকাটা জেলা ম্যাজিস্ট্রেটদের দেওয়া হবে। সেই হিসাবে আমাদের রাজ্যে তারা ৬টি জেলা ঠিক করেন—উত্তর এবং দক্ষিণ দিনাজপুর, উত্তর এবং দক্ষিণ ২৪ পরগণা, বর্ধমান, মেদিনীপুর। এতে মোটামুটি ১০ হাজার শিশু শ্রমিকের শিক্ষার ব্যবস্থা হয়। স্কুলের সংখ্যা ২১৮। আমরা তাদের বলেছিলাম—সব জেলাগুলোকেই অন্তর্ভুক্ত করা হোক—যেটা আপনি চা বাগান এলাকা বললেন, আমরা সেটাও বলেছিলাম। তারপর আমরা বলেছিলাম বিশেষ করে কলকাতা এবং হাওড়া জেলা—যেখানে শিশু শ্রমিকের সংখ্যা বেশী, যারা হ্যাজার্ডাস কাজ করে—সেখানে এটা করতে। তারা শোনেন নি। তারপর, এই স্কিমের একটা দুর্বলতা আছে। যে হ্যাজার্ডাস কাজে নিযুক্ত শিশু শ্রমিকরা স্কুলে আসে তাদের অভিভাবকরা মাসে ১০০ টাকা করে পাবে, তাদের স্বাস্থ্য-চিকিৎসার ব্যাপার ইত্যাদি আছে, ঘর ভাড়া আছে। ঐ স্কুলে যারা শিক্ষা দেবেন তাদের একটা সাম্মানিক-অনারিয়াম দেওয়া হবে। ভোকেশনাল ট্রেনিংয়ের কোন ব্যবস্থা নেই। যারা ৩০ দিন আসবে, তারা প্রতিদিন খাবার পাবে। কিন্তু এক্ষেত্রে টাকার বরাদ্দ খুবই কম, অনেক সময় টাকাটা আসছে না—যার ফলে একটু অসুবিধা হচ্ছে। যে স্কুলগুলোতে ব্যবস্থা হয়েছে,- যেহেতু আমরা এখানে একটা নীতি নিয়েছি, এই সমস্ত কাজে আমরা মিউনিসিপ্যালিটি, জেলা-পরিষদ, কর্পোরেশন, এদের যুক্ত করি। সেইজন্য এদের মারফত একটা সর্বদলীয় এ্যাডভাইসরি কমিটি করে দিয়ে, মিউনিসিপ্যালিটি, জেলা-পরিষদ, এদের বলি এটা দেখুন। আমার কাছে যে রিপোর্ট আছে-ভোকেশনাল ট্রেনিং-এর ব্যবস্থা নেই, যেটা দরকার ছিল, সেটা ওরা করেনি। এবং, টাকা-পয়সাও ঠিক মত না আসার ফলে অনেক সময় স্কুলগুলো যারা দায়িত্ব নিয়েছিল তাদের অসুবিধা হয়। হ্যাজার্ডাস কাজে নিযুক্ত থাকার সময় তাদের ঐ যে ১০০ টাকা দেওয়া হয়, তার চেয়ে বেশি টাকা রোজগার করত। ফলে ড্রপ-আউট হয়ে যাচ্ছে অনেক ক্ষেত্রে। আমরা লিখেছি—আমাদের সঙ্গে আলোচনা করুন, অন্যান্য রাজ্যের সঙ্গে আলোচনা করুন, দরকার হলে এই যে ব্যবস্থা, তার সংশোধন করুন। দুর্ভাগ্য যে, আগের সরকার তবুও জবাব দিত, এখনকার সরকার জবাবও দেন না।

**শ্রী তপন হোড় ঃ** ড্রপ আউটের কারণ যেটা বললেন—আয়ের ক্ষেত্র আছে একটা। এক্ষেত্রে তাদের আরও স্বয়ম্ভর কি করে করা যায়, সেটা বিবেচনা করছেন কি?

**শ্রী শান্তি ঘটক ঃ** অদ্ভুত ব্যাপার, সিলেবাসটাই তারা দেননি, আমরা সাধারণতঃ সাক্ষরতার যে সিলেবাস, তার উপর নির্ভর করে কাজ করি। কোথাও কোথাও কিছু কিছু স্কুল যেখানে হয়েছে, সেখানে এই বিষয়ে যারা সাহায্য করছেন, তারা কিছু সাধারণ বিষয়ে-শিক্ষাদান এরকম কিছু কাজ করছেন। আর ফান্ড আসছে ওদের কাছ থেকে। সেটা বাড়াচ্ছে না। তার ফলে—আমি আগেও বলেছি যে, অভিভাবক দারিদ্র্যপীড়িত হয়ে বাধ্য হয়ে তাদের ছেলে বা মেয়েদের ঐভাবে কাজ করতে দিচ্ছে।

সেখানে যখন দেখতে পাচ্ছে মাত্র ১০০ টাকা পাওয়া যায়, অন্য জায়গায় গেলে বেশী টাকা পেতাম, স্বাভাবিক ভাবে সেখানেই তাদের আগ্রহ দেখা যাচ্ছে। যদি ভোকেশনাল ট্রেনিং দিত, হাতে কলমে কিছু কাজ শেখাতো তাহলে এটা দূর করা যেত। আমি নিজে গিয়ে বলেছি, মিটিং হয়েছে সেখানে বলেছি, আমাদের যে কমিশন হয় সেখানে এই কথা তুলেছি। কিন্তু কিছু হয় নি।

**শ্রী তপন হোড় ঃ** চা বাগানের কথা বলতে গিয়ে প্রাসঙ্গিক ভাবে একটা প্রশ্ন এসে যায়। ১২ তারিখ থেকে তিন লক্ষাধিক শ্রমিক বিভিন্ন ডিমান্ড নিয়ে লাগাতার ধর্মঘট করছে। ট্রাইপাটাইট মিটিং হয়ে গিয়েছে কিন্তু কোন ফয়সলা হয় নি। ডুয়ার্স এলাকা, দার্জিলিং, জলপাইগুড়ি এলাকার প্রায় তিন লক্ষাধিক শ্রমিক ধর্মঘট করছে, একটা অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে। মালিক পক্ষ এই ব্যাপারে অনমনীয় মনোভাব দেখাচ্ছে। এই ধর্মঘটের ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে, আপনার দপ্তরের পক্ষ থেকে বা মুখ্যমন্ত্রীর পক্ষ থেকে কোন হস্তক্ষেপ করা হয়েছে কিনা আপনি একটু বলুন। এই ধর্মঘট কবে নাগাদ উঠতে পারে বলে আপনার মনে হয়, এই সম্পর্কে আপনি একটু বলুন।

**শ্রী শান্তি ঘটক ঃ** এখানে প্রশ্ন যা আছে যদিও এই প্রশ্নটা তার সঙ্গে জড়িত নয় তবুও যেহেতু বিষয়টা গুরুতর সেই জন্য আমি কয়েকটি কথা এই সম্পর্কে বলছি। আমাদের যে চা বাগান আছে তার মধ্যে প্ল্যানটেশান লেবার এ্যাক্টে রেজিস্টার্ড টি প্লানটেশান সংস্থা হচ্ছে ২৭৬ থেকে ২৭৭টি। এর মধ্যে ১৫০টি হলো ডুয়ার্স এবং কুচবিহারে অবস্থিত, ৬৪টি হচ্ছে দার্জিলিং-এ এবং বাকি হচ্ছে তরাই অঞ্চলে। পশ্চিমদিনাজপুরের দিকে কিছু আনরেজিষ্টার্ড বাগিচা হয়েছে, তারা প্লানটেশান লেবার এ্যাক্টের মধ্যে আসে না। তবে শ্রমিকদের সমস্ত সংগঠন তারা ঐক্যবদ্ধ একটা দাবি সনদ পেশ করে। এর আগে মাইনেপত্র নিয়ে সেটেলমেন্ট হয়েছিল ত্রিপাক্ষিক শ্রমিকদের জন্য। পরবর্তীকালে স্টাফ ইত্যাদি তাদের মাইনেপত্র নিয়ে হয়েছে। কিছু গ্রেডেশান হয়েছিল, কিছু ক্যাটাগরির হয়েছিল, বাকিগুলি পেনডিং ছিল। এখন এখানে আপনি যে শ্রমিক সংখ্যা বললেন তাদের মধ্যে বিরাট সংখ্যক শ্রমিক, যাদের বলা হয় বিঘা শ্রমিক — পারমানেন্ট শ্রমিক যারা, তাদের সন্তান-সন্ততিদের টেমপোরারী হিসাবে রাখে—এডিশনাল এমপ্লয়মেন্টের

যে দাবি, ওদের মধ্যে যারা কাজ করে তাদের একটা অংশকে পারমানেন্ট, রেগুলার করতে হবে। ১৯৬৯ সালে প্রায় ১৫ হাজার এই রকম পারমানেন্ট হয়, ১৯৭৭ সালে এই রকম ৯০০০ হয় এবং ১৯৮৪ সালে ১০ হাজার পারমানেন্ট হয়। এর পর ১৫ বছর কিছু হয় নি। তারপর মালিকরা এটা বাতিল করে দিয়েছে। এখন এদের দাবি হচ্ছে এ্যাডিশনাল এমপ্লয়মেন্ট করতে হবে। দ্বিতীয় কথা যেটা সেটা হচ্ছে চিকিৎসা ব্যবস্থা। দু-একটা চা-বাগান ছাড়া বাকি চা-বাগানগুলির অবস্থা অত্যন্ত খারাপ। আমি নিজে গিয়ে দেখে এসেছি নর্দমার জল পান করে ওরা। আমি কিছু কিছু প্রসিকিউশান করেছি। কিন্তু সেইগুলি দীর্ঘ সময় লাগে। চা-বাগান গুলিতে চিকিৎসা ব্যবস্থা প্লানটেশান লেবার এ্যাক্ট অনুযায়ী হয় এবং তার রুলস আছে। কিন্তু সব চা বাগান এই চিকিৎসা ব্যবস্থা দিতে পারে না। আমরা বলেছিলাম যে পারমানেন্ট হাসপাতাল করতে হবে। তারপর মালিকরা রাজি হয়েছিল যে তারা গ্রুপ হসপিটাল করবে। তারপর নানা কথাবার্তা হয়—আগে ছিল গ্রুপ হসপিটাল—এই ব্যাপারে মালিকরা টালবাহনা করতে থাকে। আমাকে এক সময় বলেছিল যে তারা একটা বড় হাসপাতাল করবে, চা-বাগানের শ্রমিকরা সেখানে চিকিৎসা পাবে তার সঙ্গে বাইরের লোকেরাও টাকা দিয়ে চিকিৎসা ব্যবস্থা পাবে। গ্রুপ হাসপাতাল নিয়ে নানা কথাবার্তা হয়।

[11.50-12.00 Noon]

এবং সেখানে একটা জটিলতা হয়েছে। এটা ওরা করেন নি। তাছাড়াও যেটা হয়েছে, সেটা হচ্ছে অনেকগুলো বকেয়া দাবি আছে। গ্রেডেশন ইত্যাদি যে সমস্ত দাবি আছে, সেই দাবিগুলো পুরোপুরি সেটলড্ হয় নি। প্লান্টেশন লেবার এ্যাক্ট অনুযায়ী হাউসিং এর ব্যবস্থা, সেই ব্যবস্থা পুরোটা হয় নি। প্ল্যান্টেশন লেবার এ্যাক্ট অনুযায়ী। তাছাড়াও ওদের একটি বিদ্যুতের ব্যবস্থা করা হয়েছিল। বিদ্যুৎ বাগানগুলোতে গেছে কিন্তু সেখানে মিটার ইত্যাদি ঠিকমত সাপ্লাই করা হচ্ছে না। এই মিটার দেওয়া নিয়ে শ্রমিকদের অভিযোগ আছে। এই মিটারের জন্য শ্রমিকদের বেশী চার্জ পড়ে যাচ্ছে। এই রকম কতগুলো দাবি আছে। কিছু বকেয়া দাবি, কিছু গ্রেডেশন ইত্যাদি। এই কটা দাবি নিয়ে আমরা মিটিং করেছিলাম কয়েকবার কিন্তু মিটিঙে কোন সুরাহা হয় নি। আর যেটা চীফ মিনিষ্টারের ইন্টারভেনশন, চীফ মিনিষ্টার প্রয়োজন মনে করবেন এবং সেটা তখনকার ব্যাপার। সেটা আমি বলতে পারব না।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, উত্তরবঙ্গে বিশেষ করে তরাই, ডুয়ার্স এবং অতি সম্প্রতি শ্রমিকরা ১৩ দফা দাবির ভিত্তিতে তাদের আন্দোলন করছে। বাইপারটাইট এবং ট্রাইপারটাইট সেটলমেন্টও হয়েছে এবং আপনিও বিভিন্ন সময়ে সভাপতিত্ব করেছেন, কমিশন করেছেন তাতে বলা হয়েছে যে মজুরী বৃদ্ধির ব্যাপারটা দেখবেন। গত ১৫ বছর ধরে যখন শ্রমিকরা এক কেজি চা উৎপাদন করতে যে খরচ করে তার ৪ গুণ দামে চা বিক্রি করা হয়। ইতিমধ্যে, চা থেকে ৫ হাজার কোটি টাকা বৈদেশিক মুদ্রা এসেছে। অথচ উত্তরবঙ্গে বন্যা হচ্ছে যেখানে একটা পয়সাও কেন্দ্রীয়

সরকার দেয় নি, টী প্ল্যান্টার্সরা দাবিও করে নি। যাতে করে এই ৩ লক্ষ ১৩ হাজার শ্রমিকের এই দাবি অবিলম্বে পূরণ হয়, সেই ব্যাপারে আপনি কি উদ্যোগ নিচ্ছেন?

**মিঃ স্পীকার ঃ** (নট অ্যালাওড)

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, আমাদের রাজ্যসরকার নিজস্ব উদ্যোগে এই অ্যাডাল্ট এডুকেশন সেন্টারগুলো চালাবার দায়িত্ব গ্রহণ করতে পারতেন কিনা, বা চালাবেন কিনা?

**শ্রী শান্তি ঘটক ঃ** এটা কেন্দ্রীয় সরকারের স্কীম আমি আগেই বলেছি। এই যে হ্যাজার্ডাস স্কীমে শিশু শ্রমিকদের সেন্ট্রাল গভর্ণমেন্ট টাকা দেবে। মুশকিল হচ্ছে আমাদেরও নানাভাবে কিছু টাকা পয়সার ব্যবস্থা করে দিতে হচ্ছে। মিউনিসিপ্যালিটি দিচ্ছে, জেলাপরিষদ দিচ্ছে। এর দায়িত্ব সেন্ট্রাল গভর্ণমেন্টের।

## প্রতিবন্ধী শিক্ষা-প্রতিষ্ঠান

*৫৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১০৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রতি জেলায় অন্ততঃ একটি করে প্রতিবন্ধী শিক্ষা-প্রতিষ্ঠান চালু করা হবে;

(খ) সত্যি হলে, কোন্ আর্থিক বছর থেকে উক্ত শিক্ষা-প্রতিষ্ঠানগুলি চালু করা যাবে বলে আশা করা যায়; এবং

(গ) প্রথম পর্যায়ে মোট কতগুলি প্রতিবন্ধী শিক্ষা-প্রতিষ্ঠান স্থাপন করা হবে?

**শ্রীমতী অঞ্জু কর ঃ**

(ক) হ্যাঁ,

(খ) ও (গ) পশ্চিমবঙ্গের প্রতি জেলায় অন্ততঃ একটি করে সরকার স্বীকৃত প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠান চালু করার প্রকল্প বিগত কয়েক বছর ধরেই চালু আছে এবং বিভিন্ন জেলায় মোট ৫২টি এই ধরণের বিশেষ শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। তাই পর্যায় ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করার প্রশ্ন ওঠে না। বর্তমানে প্রতিটি জেলায় বিশেষ বিশেষ ধরণের প্রতিবন্ধীদের জন্য আলাদা আলাদা আরও শিক্ষা প্রতিষ্ঠান চালু করার ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয় বললেন যে, আমাদের রাজ্যে ৫২টি প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠান চালু আছে, এই ৫২টি শিক্ষা প্রতিষ্ঠানে কি কি ধরনের এবং কতগুলি সরকার অনুমোদিত বা সরকার পোষিত বা সাহায্যপ্রাপ্ত? যদি হয় তাহলে তার সংখ্যা জানাবেন এবং এই শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে কত জন ছাত্রছাত্রী পড়াশোনা করছেন?

যে দাবি, ওদের মধ্যে যারা কাজ করে তাদের একটা অংশকে পারমানেন্ট, রেগুলার করতে হবে। ১৯৬৯ সালে প্রায় ১৫ হাজার এই রকম পারমানেন্ট হয়, ১৯৭৭ সালে এই রকম ৯০০০ হয় এবং ১৯৮৪ সালে ১০ হাজার পারমানেন্ট হয়। এর পর ১৫ বছর কিছু হয় নি। তারপর মালিকরা এটা বাতিল করে দিয়েছে। এখন এদের দাবি হচ্ছে এ্যাডিশনাল এমপ্লয়মেন্ট করতে হবে। দ্বিতীয় কথা যেটা সেটা হচ্ছে চিকিৎসা ব্যবস্থা। দু-একটা চা-বাগান ছাড়া বাকি চা-বাগানগুলির অবস্থা অত্যন্ত খারাপ। আমি নিজে গিয়ে দেখে এসেছি নর্দমার জল পান করে ওরা। আমি কিছু কিছু প্রসিকিউশান করেছি। কিন্তু সেইগুলি দীর্ঘ সময় লাগে। চা-বাগান গুলিতে চিকিৎসা ব্যবস্থা প্লানটেশান লেবার এ্যাক্ট অনুযায়ী হয় এবং তার রুলস আছে। কিন্তু সব চা বাগান এই চিকিৎসা ব্যবস্থা দিতে পারে না। আমরা বলেছিলাম যে পারমানেন্ট হাসপাতাল করতে হবে। তারপর মালিকরা রাজি হয়েছিল যে তারা গ্রুপ হসপিটাল করবে। তারপর নানা কথাবার্তা হয়—আগে ছিল গ্রুপ হসপিটাল—এই ব্যাপারে মালিকরা টালবাহনা করতে থাকে। আমাকে এক সময় বলেছিল যে তারা একটা বড় হাসপাতাল করবে, চা-বাগানের শ্রমিকরা সেখানে চিকিৎসা পাবে তার সঙ্গে বাইরের লোকেরাও টাকা দিয়ে চিকিৎসা ব্যবস্থা পাবে। গ্রুপ হাসপাতাল নিয়ে নানা কথাবার্তা হয়।

[11.50-12.00 Noon]

এবং সেখানে একটা জটিলতা হয়েছে। এটা ওরা করেন নি। তাছাড়াও যেটা হয়েছে, সেটা হচ্ছে অনেকগুলো বকেয়া দাবি আছে। গ্রেডেশন ইত্যাদি যে সমস্ত দাবি আছে, সেই দাবিগুলো পুরোপুরি সেটলড্ হয় নি। প্লান্টেশন লেবার এ্যাক্ট অনুযায়ী হাউসিং এর ব্যবস্থা, সেই ব্যবস্থা পুরোটা হয় নি। প্ল্যান্টেশন লেবার এ্যাক্ট অনুযায়ী। তাছাড়াও ওদের একটি বিদ্যুতের ব্যবস্থা করা হয়েছিল। বিদ্যুৎ বাগানগুলোতে গেছে কিন্তু সেখানে মিটার ইত্যাদি ঠিকমত সাপ্লাই করা হচ্ছে না। এই মিটার দেওয়া নিয়ে শ্রমিকদের অভিযোগ আছে। এই মিটারের জন্য শ্রমিকদের বেশী চার্জ পড়ে যাচ্ছে। এই রকম কতগুলো দাবি আছে। কিছু বকেয়া দাবি, কিছু গ্রেডেশন ইত্যাদি। এই কটা দাবি নিয়ে আমরা মিটিং করেছিলাম কয়েকবার কিন্তু মিটিঙে কোন সুরাহা হয় নি। আর যেটা চীফ মিনিষ্টারের ইন্টারভেনশন, চীফ মিনিষ্টার প্রয়োজন মনে করবেন এবং সেটা তখনকার ব্যাপার। সেটা আমি বলতে পারব না।

**শ্রী নির্মল দাস** ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, উত্তরবঙ্গে বিশেষ করে তরাই, ডুয়ার্স এবং অতি সম্প্রতি শ্রমিকরা ১৩ দফা দাবির ভিত্তিতে তাদের আন্দোলন করছে। বাইপারটাইট এবং ট্রাইপারটাইট সেটলমেন্টও হয়েছে এবং আপনিও বিভিন্ন সময়ে সভাপতিত্ব করেছেন, কমিশন করেছেন তাতে বলা হয়েছে যে মজুরী বৃদ্ধির ব্যাপারটা দেখবেন। গত ১৫ বছর ধরে যখন শ্রমিকরা এক কেজি চা উৎপাদন করতে যে খরচ করে তার ৪ গুণ দামে চা বিক্রি করা হয়। ইতিমধ্যে, চা থেকে ৫ হাজার কোটি টাকা বৈদেশিক মুদ্রা এসেছে। অথচ উত্তরবঙ্গে বন্যা হচ্ছে যেখানে একটা পয়সাও কেন্দ্রীয়

প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ১৪-টা। বর্তমানে আমরা ঐ সংখ্যাটা বৃদ্ধি করে ৫২-টাতে নিয়ে গিয়েছি এবং বেশীর ভাগ শিক্ষা-প্রতিষ্ঠানগুলোতে এখনও পর্যন্ত আবাসিক ব্যবস্থা রয়েছে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** যে সমস্ত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীরা হোষ্টেলে থাকে তাদের মাথা-পিছু ব্যয়-বরাদ্দ কত এবং তা বৃদ্ধি করার সম্ভাবনা আপনার দপ্তরের আছে কিনা?

**শ্রীমতি অঞ্জু কর ঃ** যে সমস্ত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীরা হোষ্টেলে থাকে তাদের জন্য মাথা-পিছু বরাদ্দ ছিল ৩০০ টাকা। গেল আর্থিক বছরে এটা ১০০ টাকা বৃদ্ধি করা হয়েছে। অর্থাৎ, বর্তমানে ৪০০ টাকা করা হয়েছে।

**শ্রী রবীন দেব ঃ** রাজনৈতিক প্রতিবন্ধীদের জন্য কোন ব্যবস্থা আছে কি?

(নট রিপ্লাইড)

## Starred Questions
## (to which Answers were laid on the Table)

### থ্যালাসেমিয়া রোগ

*৫৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯৮) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

"থ্যালাসেমিয়া রোগের প্রকোপ থেকে সমাজকে রক্ষা করার জন্য বিবাহের পূর্বে রক্তপরীক্ষা বাধ্যতামূলক"—এই মর্মে সরকার কোন আইন প্রণয়ন করার কথা ভাবছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

বর্তমানে এরূপ কোন পরিকল্পনা নাই।

### ইঞ্জিনিয়ারিং শিল্প

*৫৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৮) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ১৯৯৯ পর্যন্ত রাজ্যে কতগুলি ইঞ্জিনিয়ারিং শিল্প-কারখানা বন্ধ আছে; এবং

(খ) উক্ত কারখানাগুলি বন্ধ হওয়ার কারণ কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

৯১টি (একানব্বই)।
বস্তুতপক্ষে বন্ধ হওয়ার কারণ হল প্রতিযোগিতায় টিকে থাকার অক্ষমতা এবং আধুনিকীকরণের অভাব।

**দ্বিতীয় শ্রম কমিশন**

*৫৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৫) শ্রী তপন হোড় : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার 'দ্বিতীয় শ্রম কমিশন' গঠন করার প্রস্তাব বিবেচনা করছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত প্রস্তাব বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

[12.00–12.10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment Motion from Shri Pankaj Banerjee on the subject of failure of the State Government to utilise the entire fund allotted in the 8th Five Year Plan. The subject matter of the motion is not of recent occurance as required in the Rules for raising an Adjournment Motion. The motion is thus out of order and I disallow it.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received six notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Retrenchment of thousands of employees due to closure of 9 Industrial units at Tollygunge, Calcutta | : | Shri Pankaj Banerjee |
| (ii) | Reported bank dacoity under Nakashipara P. S., Nadia | : | Shri Ashok Kumar Deb |
| (iii) | Closure of the tanning unit of West Bengal State Leather Industries Development Corporation Ltd. | : | Shri Sailaja Kumar Das |

| | | | |
|---|---|---|---|
| (iv) | Apprehended collapse of the Culic Bridge on 34 National Highway | : | Shri Narmada Roy & Shri Khara Soren |
| (v) | Strike for indefinite period called by the workers of Tea Gardens in North Bengal since 12.7.99 and consequential situation arisen | : | Shri Tapan Hore & Shri Nirmal Das |
| (vi) | Reported leakage of Questions of the practical examination on physics of the B.Sc. Part-I (Hons.) | : | Shri Sanjib Kumar Das |

I have selected the notice of Shri Tapan Hore and Shri Nirmal Das on the subject of strike for indefinite period called by the workers of Tea Gardens in North-Bengal since 12-7-99 and consequential situation arisen.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমি এর আগে মাননীয় বিধায়ক তপন হোড় এবং নির্মল দাসের প্রশ্নের উত্তর দিতে গিয়ে এ নিয়ে বলেছি, তা সত্ত্বেও আবার বলছি। চা-শ্রমিকদের সমস্ত সংগঠন এক সঙ্গে তারা কয়েকটা দাবী পেশ করেন। মূল দাবী হচ্ছে, চা-শ্রমিকদের মধ্যে যারা টেম্পোরারী আছেন, যাদের ওরা 'বিঘা' শ্রমিক বলেন, তাদের পার্মানেন্ট করতে হবে।

ভাষাটা হচ্ছে এ্যাডিশনাল এমপ্লয়মেন্ট। এ্যাডিশনাল এমপ্লয়মেন্ট এটা নয় যে, যেখানে যা শ্রমিক আছে তার উপর বাড়তি পার্মানেন্ট করতে হবে। বিঘা শ্রমিক আর কিছু ক্যাজুয়াল থাকে। সুতরাং যারা বিঘা শ্রমিক তাদের পার্মানেন্ট করতে হবে। যেটা এ্যাডিশনাল এমপ্লয়মেন্ট সেটা যদি পার্মানেন্ট হয় তাহলে তারা স্থায়ী কিছু পায়। প্ল্যানটেশন লেবার এ্যাক্ট অনুযায়ী প্রত্যেক শ্রমিককে বাসগৃহ দিতে হয়, এছাড়া আরও অন্যান্য কিছু সুযোগ-সুবিধা আছে। প্রধানত এই কারণে মালিকরা এটাতে রাজি হয় না। ১৯৬৯ সালে বিঘা শ্রমিক তাদের এ্যাডিশনাল এমপ্লয়মেন্ট হিসেবে ১৫ হাজার আন্দোলন করে। তখন মন্ত্রী ছিলেন মাননীয় কৃষ্ণপদ ঘোষ। স্ট্রাইক নোটিশ ছিল, তিনি যান। ১৯৭৭ সালে ৯ হাজার হয়, এবং ১৯৮৪ সালে আমি যখন এই দপ্তরে এসেছি তখন ১০ হাজার হয়। কিন্তু বাকি তারপর থেকে পার্মানেন্ট হয় নি। এই শ্রমিকদের খুচরো-খাচরা কিছু হয়েছে। কিন্তু ইনডাস্ট্রি ওয়াইজ হয় নি। দ্বিতীয় দাবি হচ্ছে, মাননীয় নির্মলবাবু বলছিলেন যে, চা-বাগানের মালিকরা প্রচুর টাকা রোজগার করেন। কিন্তু সেই টাকা থেকে চা-বাগান এলাকার কোন ইনফ্রাস্ট্রাকচার যেমন রাস্তাঘাট ইত্যাদি অন্যান্য যে সমস্ত প্রয়োজনীয় জিনিষ রয়েছে সেগুলোর জন্য তারা কোন পয়সা খরচা করেন না। মাননীয়

মুখ্যমন্ত্রী কয়েকবার বলেছেন, আপনারা কিছু ইনভেস্ট করুন না নর্থবেঙ্গলের জন্য। এখানে উপযুক্ত শিল্প গড়ে তুলুন। এটা আপনারা করুন। এবারে শ্রমিকরা এটা নিয়ে আন্দোলন করেন যে দার্জিলিং, শিলিগুড়ি, ডুয়ার্স ইত্যাদি জায়গায় শিল্পের বিস্তারের জন্য তাদেরকে এগিয়ে আসতে হবে। তৃতীয় দাবি হল চিকিৎসা সংক্রান্ত। এখানে চিকিৎসার ব্যবস্থা খুব খারাপ। আমি নিজেও দেখেছি এখানে ২-১টি বড় বড় চা-বাগান ছাড়া চিকিৎসার ব্যবস্থা নেই। স্বাভাবিক ভাবে চা-বাগানগুলোর চিকিৎসার ব্যবস্থা খুব খারাপ, এখানে পানীয় জলের অভাব আছে। ২-১টি জায়গায় টেকনিক্যাল সুবিধা আছে, যেমন ভুটান সংলগ্ন চা-বাগানে। প্ল্যানটেশন এ্যাক্ট অনুযায়ী এখানে বিঘা বাড়ি সেভাবে হয় না। এমন কি বর্ষার আগে চালাঘরগুলোকে ঠিকমত রিপেয়ার করা হয় না। এ ব্যাপারে অবহেলা আছে। এছাড়া আরও কিছু দাবি তাদের ছিল। যেমন গ্রেডেশন, ক্যাটাগোরাইজেশন, ইত্যাদি এবং ফ্যাক্টরি ওয়ারকার্স তাদের কিছু পার্মানেন্ট করতে হবে। কিন্তু আগে একটা দাবি ছিল সেটা হচ্ছে যে, শ্রমিকদের ডেইলি ওয়েজেস্ থেকে মান্থলি ওয়েজেস্ করতে হবে। যারা রেগুলার ওয়ারকার, ফ্যাক্টরিতে কাজ করেন, অন্যান্য কাজ করেন, চিকিৎসার সঙ্গে জড়িত আছে, স্কিলড্ বা সেমি স্কিলড্ ওয়ারকার যারা আছেন তাদের মান্থলি ওয়েজেস্ করতে হবে, রেগুলারাইজ করতে হবে, ক্যাটাগোরাইজেশন করতে হবে। ইত্যাদি। এই সব নিয়ে আমরা একটা কমিটি করেছিলাম। সেই কমিটি ফাংশন করতে পারেনি, একটা জায়গায় আসতে পারেনি মালিকদের অনীহার জন্য। তার পর থেকে সেই কমিটি সেই অবস্থায় আছে। তবে উল্লেখযোগ্য ঘটনা হল যে, চা-বাগানে বিদ্যুৎ ছিল না। কিন্তু আমরা সেখানে বিদ্যুতের প্রসার ঘটিয়েছি। এ ব্যাপারে মালিকরা সহযোগিতা করেছেন, শ্রমিক ইউনিয়নরা সহযোগিতা করেছেন, এস. ই. বি. সহযোগিতা করেছেন, পি. এইচ. ই. সহযোগিতা করেছেন। সেখানে শ্রমিকরা ফ্রিতে বিদ্যুৎ নেবেন না। তারা পয়সা দেবেন। তারা নিয়মিত বিদ্যুতের চার্জ দেবেন। তবে আরও অনেক ফাঁক আছে। বিশেষ করে মিটাবের ব্যাপারে ওরা বলতেন মিটারের অভাব আছে। আমরা অনেকবার বলেছি যেখানে মিটার তৈরী হয় আপনারা সেখানে যোগাযোগ করুন, আমরা সাহায্য করতে রাজি আছি। ক্লাস্টার মিটার করা হোক। শ্রমিকদের অভিযোগ তাদের উপর ইলেকট্রিসিটি চার্জ বেশী হয়। এরকম কতকগুলো দাবি নিয়ে তারা আন্দোলন করে আসছিলেন। ১২ তারিখ থেকে যে লাগাতার স্ট্রাইক শুরু হয় তার আগে আমি নিজে দু'বার মিটিং করেছি— দু'দিন, দু'দিন, চার দিন মিটিং করেছি। তাতে কোন ফয়সালায় আমরা আসতে পারি নি। এখনো সেই স্ট্রাইক চলছে। আমরা চেষ্টা করছি। যত তাড়াতাড়ি পারি এই যে ধর্মঘট, এই ধর্মঘটের মীমাংসা করার চেষ্টা করছি। এ-বিষয়ে আমাদের দপ্তর চীফ্ মিনিষ্টারের সঙ্গে কথা বলেছে, আমিও কথা বলেছি। তিনি এ-বিষয়ে উদ্বিগ্ন। তিনি দেখছেন।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার এবং মাননীয় সদস্য নির্মল দাসের কলিং অ্যাটেনশন-এর উত্তরে আপনি যা বললেন তাতে ব্যাপারটা হচ্ছে প্রায় তিন লক্ষের ওপর শ্রমিক ১২ তারিখ থেকে ধর্মঘট করছে। এর আগে ট্রাইপার্টাইট্ মিটিং হয়েছে।

এর মাঝেও ট্রাইপার্টাইট্ মিটিং হয়েছে। কিন্তু ত্রিপাক্ষিক বৈঠকগুলি ফেল করেছে মালিক পক্ষের একগুঁয়েমি এবং অনমনীয় মনোভাবের জন্য। এই আন্দোলনের সঙ্গে যুক্ত সি. আই. টি. ইউ., ইউ. টি. ইউ. সি.-সহ সব ক'টি বামপন্থী ট্রেড ইউনিয়ন; ইউনিয়নগুলি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ ডিমান্ড করছে। যেহেতু ৩ লক্ষ শ্রমিক ১২ তারিখ থেকে সমস্যায় পড়েছে, সেহেতু তারা চীফ মিনিষ্টারের হস্তক্ষেপ দাবি করছে। এখন এ বিষয়ে আপনি কিছু বলতে পারবেন কি?

[12.10–2.00 p.m.
including House adjournment]

**শ্রী শান্তি রঞ্জন ঘটক :** আমি আগেই বলেছি, চীফ্ মিনিষ্টার সম্পূর্ণ ওয়াকিবহাল। চীফ মিনিষ্টার উদ্বিগ্ন। ওখানে কো-অর্ডিনেশন কমিটিতে সমস্ত ট্রেড ইউনিয়নগুলি আছে এবং দার্জিলিং-এর 'হিমালয়ান টী প্ল্যানটেশন ইউনিয়ন' এবং 'ডিফেন্স ইউনিয়ন'ও আছে। আমরা কো-অর্ডিনেশন কমিটির সঙ্গে এবং ওদের সঙ্গে যোগাযোগ রাখছি। চীফ মিনিষ্টারকে সমস্ত ঘটনা প্রতিনিয়ত জানান হচ্ছে। এখন আমার কথা হচ্ছে, তিনি যখন যে রকম যা করতে বলবেন, তখন সেরকম তা করা হবে।

## PRESENTATION OF COMMITTEE REPORT

### Report of the Subject Committee on Education, Information & Cultural Affairs, Sports & Youth Services, 1998-99

**Shri Padmanidhi Dhar :** Sir, I beg to present the Eighth Report of the Subject Committee on Education, Information & Cultural Affairs, Sports & Youth Services, 1998-99 on Universalisation of Primary Education, its feasibility and problems.

### Ninth Report of the Subject Committee on Irrigation & Waterways and Water Investigation & Development, 1998-99

**Shri Tapan Hore :** Sir, I beg to present the Ninth Report of the Subject Committee on Irrigation & Waterways and Water Investigation & Development, 1998-99 on drainage problems in the Greater Calcutta areas.

### Twenty-second, Twenty-third, Twenty-fourth, Twenty-fifth, Twenty-sixth and Twenty-seventh Report of the Committee on Public Accounts, 1998-99

**Shri Satya Ranjan Bapuli :** Sir, I beg to present—

(a) the Twenty-second Report of the Committee on Public Accounts, 1998-99 on the Report of the Comptroller and Auditor General of

India for the year 1990-91 (Civil) No. 3 relating to the Municipal Affairs Department, Government of West Bengal;

(b) the Twenty-third Report of the Committee on Public Accounts, 1998-99 on the Reports of the Comptroller and Auditor General of India for the year 1988-89 (Civil) No. 4, 1995-96 (Civil) No. 3 and 1994-95 (Civil) No. 3 relating to the Public Works (Roads) Department, Government of West Bengal.

(c) the Twenty-fourth Report of the Committee on Public Accounts, 1998-99 on the Report of the Comptroller and Auditor General of India for the year 1992-93 (Revenue Receipt) relating to the Forest Department, Government of West Bengal;

(d) the Twenty-fifth Report of the Committee on Public Accounts, 1998-99 on the Report of the Comptroller and Auditor General of India for the year 1990-91 (Civil) No. 3 relating to the Agriculture Department, Government of West Bengal:

(e) the Twenty-sixth Report of the Committee on Public Accounts, 1998-99 on the Report of the Comptroller and Auditor General of India for the years 1989-90 (Civil) No. 4 and 1994-95 (Civil) No. 3 relating to the Housing Department, Government of West Bengal; and

(f) the Twenty-seventh Report of the Committee on Public Accounts, 1998-99 on the Report of the Comptroller and Auditor General of India for the years 1992-93 (Civil) No. 3, 1993-94 (Civil) No. 3, 1994-95 (Civil) No. 3 and 1988-89 (Civil) No. 4 relating to the Health & Family Welfare Department. Government of West Bengal.

### Sixth Report of the Subject Committee on Environment & Co-operation (1998-99)

**Shri Md. Yakub :** Sir, I beg to present the Sixth Report of the Subject Committee on Environment & Co-operation, 1998-99.

## LAYING OF REPORTS

### 4th, 5th, 6th and 7th Annual Reports and Accounts of the Teesta Fruit & Vegetable Processing Limited

**Shri Abdur Razzak Molla :** Sir, I beg to lay the 4th, 5th, 6th and 7th Annual Reports and Accounts of the Teesta Fruit & Vegetable Processing Limited respectively for the years 1989-90, 1990-91, 1991-92 and 1992-93.

**Audit Reports and Accounts of the West Bengal Financial Corporation, Calcutta for the years 1995-96, 1996-97 and 1997-98**

**Shri Prabodh Chandra Sinha :** Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Audit Reports and Accounts of the West Bengal Financial Corporation, Calcutta for the years 1995-96, 1996-97 and 1997-98.

**Annual Report and Accounts of the Webel Informatics Ltd. for the year 1993-94**

**Shri Prabodh Chandra Sinha :** Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Annual Report and Accounts of the Webel Informatics Ltd. for the year 1993-94.

**মিঃ স্পীকার ঃ** এখন বিরতি, আবার আমরা মিলিত হ'ব দুটোর সময়। তখন শ্রী পার্থ দে কলিং এ্যাটেনশানের জবাব দেবেন।

(At this stage, the House was adjourned till 2.00 p.m.)

[2.00–2.10 p.m]

**(After adjournment)**

**Statement on Calling Attention**

**The Minister-in-Charge of the Health and Family Welfare Department to make a statement on the subject of progress in setting up of a new Medical College at Midnapore town of Midnapore district.**

(Attention called by Shri Sailaja Kumar Das on the 13th July, 1999).

**Shri Partha De :** Sir, In order to implement the Project a registered Society styled as "Centre for Advancement of Higher Education, Midnapore" has been entrusted to implement the Project. The said Society has initiated the Project. For that purpose, the Govt. of West Bengal has accorded administrative approval at an estimated expenditure of Rs.36.45 Crores and sanctioned a sum of Rs. 1 (One) Crore for the present as Grant-in-Aid to start the work in the year 1998.

It is now felt that the whole Project should be reviewed and drawn-up according to M.C.I. requirements and the Society should have a resource mobilisation plan of their own. Society, of their own, has mobilised Rupees Fifty lakhs only. Such amount has already been spent.

West Bengal Govt. has handed over land measuring 4.78 acres to the "Society" within the Campus of District Hospital, Midnapore, for the establishment of the Medical College.

The Society's request for further funds from the Govt. is also under consideration.

## MENTION CASES

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রায়দীঘি রুরাল হাসপাতালে কুকুরে কামড়ানোর ঔষধ না থাকার জন্য একজন লোক মারা গেছে। ডাক্তারবাবুরা ঔষধ দিতে পারছেন না। ওখানে আরো ৩৫ জন আক্রান্ত হয়েছে। ইতিমধ্যে ঐ কুকুরে একটি গরুকে কামড়ায় এবং তার ফলে সেই গরুর দুধ যারা খেয়েছে তারাও আক্রান্ত হয়েছে। যেহেতু রায়দীঘি রুরাল হাসপাতালে কুকুরে কামড়ানোর ঔষধ নেই, সেজন্য ডাক্তারবাবুরা ঔষধ দিতে পারছেন না। কাজেই এখনই একটা স্পেশাল মেডিকেল টিম না পাঠালে বিরাট আকারে এই ইনজেকশান দেওয়া সম্ভব নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি যে অবিলম্বে সেখানে একটা স্পেশাল মেডিকেল টিম পাঠানো হোক উইথ অল ইনজেকশান। সেখানে প্রায় ৫০ থেকে ৫৫ জন আক্রান্ত হয়েছে, ডাক্তারবাবুরা ঔষধ দিতে পারছেন না। যদি সেখানে এই টিম না পাঠানো যায় তাহলে সেখানে যে সমস্ত লোক মারা যাবে তার জন্য আপনারা দায়ী হবেন।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাধ্যমিক শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি। পিংলা ব্লকের ৫ নম্বর মালিগ্রাম অঞ্চলে একটি বালিকা বিদ্যালয় ১৯৮২ সাল থেকে চলছে। এই বিদ্যালয়টির নাম হচ্ছে মালিগ্রাম নিবেদিতা বালিকা বিদ্যালয়। এই যে স্কুলটি চলছে, এই ধরণের লিখিত স্বীকৃতি মাধ্যমিক শিক্ষামন্ত্রীর কাছ থেকে পাওয়া গেছে। এই স্কুলটির যে প্রয়োজন আছে সেটাও তিনি স্বীকার করেছেন। এই স্কুলের ব্যাপারে পঞ্চায়েত সমিতির লিখিত সুপারিশ রয়েছে। কাজেই স্কুলটি যাতে অনুমোদন পায় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ৬ জন শিক্ষামন্ত্রী আছেন। তারা সব সময় বলছেন—শিক্ষায় বিপ্লব এনেছেন, শিক্ষাক্ষেত্রে এগিয়ে গেছেন। অথচ দেখা যাচ্ছে, পশ্চিমবঙ্গে ১২শ স্কুলে রেগুলার প্রধান শিক্ষক নেই।

পশ্চিমবঙ্গে কয়েক হাজার এমন প্রাথমিক স্কুল রয়েছে যেখানে ছাত্রদের খোলা আকাশের নীচে মাটিতে বসতে হয়; ফলে একটু বৃষ্টি হলে ছাত্রদের উঠে যেতে হয়, রোদ হলে তাদের ছুটি হয়ে যায়। এমন অনেক স্কুল আছে যেখানে একজন শিক্ষক, চারটি শ্রেণী। আজকে পশ্চিমবঙ্গে ড্রপ আউটের সংখ্যা বিহারকে ছাড়িয়ে গেছে। আজকে প্রাথমিক স্তরে যারা ভর্তি হচ্ছে তারা পরবর্তীকালে ক্লাস ফাইভের এ্যাডমিশন টেস্টে ফেল করছে, কারণ প্রাথমিক স্তরে পরীক্ষা নেবার ব্যবস্থা নেই। তার ফলে রাম পড়ে পাশ, রহিম না পড়েও পাশ। কে অঙ্কে শক্তিশালী, কে ইংরেজীতে দুর্বল সেটা বুঝবার কোন মাপকাঠি নেই। শিক্ষায় একটা অচলাবস্থা তৈরী হয়েছে। আজকে সরকারী নীতির ফলে পশ্চিমবঙ্গের ভবিষ্যত কারিগরদের জীবন অন্ধকারে ডুবে গেছে। পশ্চিমবঙ্গ থেকে আর আই. এ. এস. হচ্ছেন না। মাত্র একজন এ বছর আই. এ. এস. পরীক্ষায় পাশ করেছেন। আজকে গোটা ভারতবর্ষে এমন জায়গায় দাঁড় করিয়ে দিয়েছেন পশ্চিমবঙ্গকে।

**শ্রী অজিত পান্ডে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে একটি গুরুতর সমস্যার কথা বলছি। পশ্চিমবঙ্গে গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত হয়েছে, মানুষ কথা বলতে পারছেন বেশ সুন্দরভাবে। কিন্তু কয়েক দিন ধরে দেখতে পাচ্ছি, বেলঘরিয়া, শিয়ালদহ এবং তার আগে মেট্রো ষ্টেশনের কাছে ধর্মতলায় যে যুদ্ধবিরোধী সভা হয়েছিল সেই সভা সত্তর দশকের বিভৎস মুখের মানুষগুলি আক্রমণ করেছে, সেখানে কথা বলা বন্ধ করে দিয়েছে, সভা ভেঙেছে। আপনি নিশ্চয়ই জানেন, গড়বেতায় পার্টি অফিস উদ্বোধন করতে গেলে সেখানে ঘাতকদের আক্রমণ হয়েছিল। আজকে পশ্চিমবঙ্গে সেই ঘাতকদের হাতে গণতন্ত্র বিপন্ন। আমি দাবী করছি, সরকার এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন যাতে সত্তর দশকের সেই দিনগুলো না ফিরে আসে, মানুষ যেন কথা বলতে পারে।

**শ্রী জ্যোতি চৌধুরী ঃ** অনুপস্থিত।

**শ্রী আবদুস সালাম মুন্সী ঃ** অনুপস্থিত।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** অনুপস্থিত।

**শ্রীমতি শান্তা ছেত্রী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, সিস্টার নিবেদিতা জীবনের শেষ দিন পর্যন্ত দার্জিলিংয়ে ছিলেন। তার বাড়ী এখনো সেখানে রয়েছে। তাই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে নিবেদন,.দার্জিলিং হীল কাউন্সিলের চেয়ারম্যানের সঙ্গে পরামর্শ করে তার বাড়ীটি রক্ষার ব্যবস্থা করে সিস্টার নিবেদিতার স্মৃতিরক্ষার ব্যবস্থা করা হোক। আমি এই দাবী জানাচ্ছি। ধন্যবাদ।

**শ্রী প্রত্যুষ মুখার্জী ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমতা একটি বহু পুরানো শহর। সেখানে বহু এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার অফিস আছে। সেখানে একটি ফৌজদারী আদালত স্থাপিত হয়েছে। কিন্তু আমতার বি. পি. এস. সি. কে এখনও পর্যন্ত রুরাল হসপিটাল করবার ব্যবস্থা হয়নি। অথচ ঐ হাসপাতালে শত শত রোগীর চিকিৎসা হচ্ছে। গত

বছর ৩৫,৪২৮ রোগী বহিঃবিভাগে, লেবার কেস ১,২০০ এবং রেফার্ড কেসের ৫০০ রোগী সেখানে চিকিৎসিত হয়েছেন।

এই অবস্থায় রুরাল হাসপাতাল যদি না করা হয় তাহলে বি. পি. এইচ. সি বর্ত্তমান কাঠামোর যে ব্যবস্থা হওয়া দরকার সেটা করতে পারছে না। শুধু তাই নয় দুটি ব্লক, আমতা-২ নম্বর ব্লকের একটা অংশ এবং জগৎবল্লভপুর ব্লকের একটা অংশের লোকেরা এই স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা করাতে আসে। তাই আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে বি. পি. এইচ. সি কে রুরাল হাসপাতালে আপগ্রেডেশান করা হোক।

[2.10–2.20 p.m.]

**শ্রী জ্যোতি চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শ্রীরামপুরে ই. এস. আই হাসপাতালে কয়েকদিন আগে রোগীরা নিম্ন মানের খাবার এবং খাবারের পরিমান কম বলে খাবার বয়কট করে। আসলে পশ্চিমবাংলার ই. এস. আই দপ্তরের খাদ্য তালিকার একটা লম্বা লিষ্ট আছে, কিন্তু তার জন্য মূল্য ধরেছে মাত্র ২৮ টাকা ১৩ পয়সা। যখন এই টাকাটা বিভিন্ন স্তর হয়ে রোগীর কাছে পৌঁছায় তখন ২০-২২ টাকার বেশী নিশ্চয়ই পৌঁছায় না। অথচ শ্রমিকদের কাছ থেকে গড়ে ৭০-৭৫ টাকা করে কেটে নেওয়া হয়। আমি তাই শ্রমমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, এই খাবারের মান এবং মূল্য বেশী ধার্য করে শ্রমিকরা যাতে ভাল খাওয়া-দাওয়া করতে পারে সেই ব্যবস্থা করা হোক।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সবাই জানি সাতের দশকে জরুরী অবস্থার পর সারা ভারতবর্ষে একটা অকংগ্রেসী সরকার তৈরী হয়। সেই সময় জনতা সরকার তৈরী হয়েছিল। এই জনতা সরকারের আমলে সর্বভারতীয় রাজনীতিতে একটা নূতন মোড় নিতে আরম্ভ করে। আমরা জানি ঐ জনতা সরকারের স্বাস্থ্যমন্ত্রী কমিউনিটি হেলথ্ ওয়ার্কার তৈরী করেন। তিনি ঘোষণা করেন যে এরা গ্রামে গিয়ে পায়ে হেঁটে লোকের বাড়ি বাড়ি গিয়ে স্বাস্থ্য পরীক্ষা-নিরীক্ষা করবে। এদের জন্য তৎকালীন সরকার ৫০ টাকা ভাতা দেওয়ার ব্যবস্থা করেন। আজকে ২২ বছর হয়ে গেল ওদের ভাতার কোন পরিবর্তন হলো না। তাদের হাসপাতালের কাজের সঙ্গে যুক্তও করা হলো না। এই সরকারের মাধ্যমে আমি কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছি এদের ভাতা বাড়ানো হোক, সুযোগ সুবিধা বাড়ানো হোক এবং হাসপাতালের কাজের সঙ্গে সম্পূর্ণ ভাবে যুক্ত করা হোক।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের এই পশ্চিমবাংলার বীরভূম জেলার ছোট একটা জায়গা সিউড়ী বিধানসভা কেন্দ্র। ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত আমি ৪৪০টি টিউবওয়েল করেছিলাম পানীয় জলের ব্যবস্থার জন্য। গত ২৩ বছরে এই ৪৪০ টিউবওয়েলের মধ্যে ৪০০টি টিউবওয়েল খারাপ হয়ে গিয়েছে।

গ্রামের মানুষ পুকুরের জল খাচ্ছে। আমাদের গ্রামোন্নয়নের জন্য ১৪৯ কোটি টাকা এসেছিল, তার মধ্যে ১২৮ কোটি টাকা খরচ করেছেন, বাকি টাকা ফেরত গেছে। আমি আপনার মাধ্যমে বারে বারে এই ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি, কিছু হয়নি। তাই আপনাদের আর দৃষ্টি আকর্ষণ করে কিছু হবে না, আমি তাই ঈশ্বরের কাছে দৃষ্টি আকর্ষণ করছি যাতে মানুষের পানীয় জলের ব্যবস্থা হয়।

**মিঃ ডেপুটি স্পীকার :** এখানে ঈশ্বরের দৃষ্টি আকর্ষণ করা যায় না।

**শ্রী অশোক কুমার গিরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র কাকদ্বীপে, কাকদ্বীপ মহকুমায় একটা বড় বাজার আছে। বহু মানুষ এই বাজারে আসে। মেদিনীপুরের সঙ্গে যোগাযোগকারী বাজারের মধ্যে দিয়ে একটা রাস্তা আছে। পুরানো জরাজীর্ণ এবং ভাঙাচোরা রাস্তাটি যাতে সত্বর মেরামত করা হয়, সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তরপাড়া গভর্ণমেন্ট হাইস্কুলটি শুধু মাত্র আমাদের জেলার নয়, আমাদের রাজ্যের মধ্যে একটি ঐতিহ্যমন্ডিত শিক্ষা প্রতিষ্ঠান। ১৫৩ বছরের পুরানো এই বিদ্যালয় থেকে বহু ছাত্র কৃতিত্বের সঙ্গে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পাশ করেছে। এই বিদ্যালয়ে অবিলম্বে ষ্ট্যাটিস্টিক্স সাবজেক্ট চালু করা দরকার। বহু ছাত্র আছে যারা সায়েন্স নিয়ে পড়ে, কিন্তু ঐ সাবজেক্টটি এই বিদ্যালয়ে না থাকার জন্য তারা অন্য জায়গায় চলে যায়। এই বছর মাধ্যমিকে প্রথম স্থানাধিকারী বরাহনগরের ছাত্র এই রাষ্ট্রীয় বিদ্যালয়ে ভর্তি হতে এসেছিল। কিন্তু এখানে ষ্ট্যাটিস্টিক্স না থাকায় সে ভর্তি হতে পারে নি। অবিলম্বে এই বিদ্যালয়ে যাতে ষ্ট্যাটিস্টিক্স সাবজেক্ট চালু করা যায় তার জন্য আমি মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তপন হোড় :** স্যার, প্রায় ১০০ কোটি টাকার একটি পানীয়জল প্রকল্প যেটি জার্মানি সাহায্য পুষ্ট, জার্মান এডেড্ এই ১০০ কোটি টাকার কাজটি চলতে চলতে হঠাৎ বন্ধ হয়ে গেছে। বোলপুরে ওখানে যারা ব্রিকসের কাজ এবং খননের কাজ করছিলেন তারা চলে গিয়েছেন। এর ফলে প্রকল্পটি অনিশ্চিত হয়ে পড়েছে। আমি ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় গৌতম দেবের দৃষ্টি আকর্ষণ করছি, বোলপুর শহর শুধু নয়, ওখানে গ্রামগুলোতে পঞ্চায়েতগুলোতে, ১৬৯টি মৌজাতে পানীয় জল সরবরাহ প্রকল্পটি অনিশ্চয়তার মধ্যে পড়ে গিয়েছে। আমি আপনার মাধ্যমে মানীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই প্রকল্পের কাজ অবিলম্বে শুরু হতে পারে এবং কাজটি আরম্ভ হতে পারে তার ব্যবস্থা করুন।

## LEGISLATION

### The West Bengal Appropriation (No.2) Bill, 1999

**Dr. Ashim Kumar Das Gupta :** I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1999.

(Secretary has read the Title of the Bill)

**Dr. Ashim Kumar Das Gupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1999, be taken into consideration.

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী 'দি ওয়েষ্ট বেঙ্গল এ্যাপ্রোপ্রিয়েশন (নাম্বার - ২) বিল, ১৯৯৯' যে বিল তিনি পেশ করেছেন, সেই বিলের আমি বিরোধিতা করছি এই জেনে যে, সংখ্যাধিক্যের জোরে, মাথা গুণতির জোরে তার প্রস্তাবিত বিল তিনি পাশ করিয়ে নেবেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, তিনি যে যে খাতে টাকা চেয়েছেন, আমরা প্রতিটি খাতে আলোচনার সময়ে দেখিয়ে দিয়েছি যে, পশ্চিমবাংলা সরকার পশ্চিমবাংলার বিভিন্ন ক্ষেত্রে আজকে কি ভাবে গোটা রাজ্যটাকে পিছিয়ে দেওয়ার চক্রান্তে লিপ্ত হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকের পত্রিকায় আছে যে, ৮ম যোজনায় তিন চতুর্থাংশ টাকা ব্যয় করতে ব্যর্থ হয়েছে রাজ্য।

[2.20-2.30 p.m.]

রাজ্য সরকারের অষ্টম যোজনায় যে টাকা বরাদ্দ করা হয়েছিল তার ১,১২৯ কোটি টাকা অর্থাৎ ২৪ শতাংশ খরচ করতে পারে নি। কেন্দ্রীয় সরকারের এই টাকা রাজ্য সরকার খরচ করতে পারেনি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন এবং স্তম্ভিত হবেন যে, রাস্তাঘাট, নতুন স্কুল কলেজ, আর্থ-সামাজিক পরিকাঠামো অর্থাৎ বেসিক ইনফ্রাস্ট্রাকচার, সোস্যাল জাসটিস, ট্রান্সপোর্টেশান, কমিউনিকেশান ইত্যাদির ক্ষেত্রে রাজ্য সরকার বরাদ্দকৃত টাকা খরচ করতে পারে নি। এই খবর বাংলার মানুষের জানার দরকার শুধুমাত্র হাউসের মধ্যে আলোচনায় তা সীমাবদ্ধ না রেখে গ্রামে গ্রামে ছড়িয়ে দেওয়া দরকার, তারা জানুক বর্তমান অবস্থাটা কি। এর ফলে এর নতিজা কি হবে—পশ্চিমবঙ্গের সার্বিক জীবনের কোন পরিবর্তন হবে না, কোন ইতিবাচক পরিবর্তন হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ্যাপ্রোপ্রিয়েশান এ্যাকাউন্টস-এর ১৯৯৭-৯৮ থেকে দেখছি যে একের পর এক বিল পাশ করা হচ্ছে। ওয়াটার সাপ্লাই এ্যান্ড স্যানিটেশানের জন্য বরাদ্দ করা হয়েছিল ২৭০ কোটি টাকা, আমাদের সরকার বাহাদুর তার ২৩২ কোটি টাকা অর্থাৎ ৩৭ কোটি টাকা খরচ করতে পারে নি। পশ্চিমবঙ্গের শহরগুলোতে এবং আধা শহরগুলোতে মানুষরা পানীয় জল পাচ্ছে না। মানুষকে এঁদো পুকুরের জল বাধ্য হয়ে খেতে হচ্ছে। স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে হাতের কাছে যে ন্যূনতম পানীয় জলের জন্য ওয়াটার সাপ্লাই এ্যান্ড স্যানিটেশান, তার যে বরাদ্দকৃত টাকা সেই টাকাও সরকারী রিপোর্ট মোতাবেক দেখছি খরচ করতে পারেন নি। সেখানে দেখছি ৩৭ কোটি ২৭ লক্ষ ৪১ হাজার ৫২৫ টাকা সরকার খরচ করতে পারে নি। একটু আগেই মেনশনে বলেছি যে, এডুকেশানের কি অবস্থা আপনারা দাঁড় করিয়েছেন। আমাদের মাননীয় বন্ধু এবং বিধায়ক এই শিক্ষার ব্যাপারে বলেছেন, তিনি একজন প্রাথমিক স্কুলের শিক্ষক—অসিত মিত্র, তিনি হিসাব দিয়ে বলেছেন যে কত টাকা বরাদ্দ হয়েছিল। সেখানে ২,৯০৮ কোটি ৯১ লক্ষ ৩৭ হাজার টাকা বরাদ্দ

চেয়েছিলেন। আমরা আশা করেছিলাম যে প্রাথমিক স্কুল ছাড়িয়ে এর ফলে মাধ্যমিক স্কুলগুলোও আরো ভালভাবে চলবে। অন্ধকার দূর হবে, ভাল ফল আসবে। বরাদ্দ হয়েছিল ২,৯০৮ কোটি টাকা, আর আপনারা খরচ করেছেন কত—২,৪৯৬ কোটি টাকা। অর্থাৎ যে কথা আপনারা বলেছেন, যে টাকা আপনারা পেয়েছেন, হয় সেই টাকা আপনারা খরচ করতে পারেন নি, কিংবা টাকা খরচ হলেও জনগণের কোন উপকারে সেই টাকা লাগে নি। যে পরিমাণ উপকার হওয়ার কথা সেই উপকার হচ্ছে না। তার পরে পুলিশ খাতে বরাদ্দ হয়েছিল ৭৩২ কোটি ৭৩ লক্ষ ৩৬ হাজার টাকা, খরচ হয়েছে ৬৪৬ কোটি ৭৪ লক্ষ ৫৪ হাজার ৮৯০ টাকা। সেখানে আইন শৃঙ্খলার অবস্থা কি—বেড়াতে বেরিয়ে সকালে বাড়ি ফিরে আর আসছে না, ছেলে স্কুলে যাচ্ছে বাড়ি আসছে না, বধূ শুয়ে থাকছে তার লজ্জা কেড়ে নেওয়া হচ্ছে, বৃদ্ধ শুয়ে থাকছে তার ফ্ল্যাটে তাকেই খুন করে দেওয়া হচ্ছে, কলেজে খুন হচ্ছে, অফিসে খুন হচ্ছে, আদালতে বিচার প্রার্থী যাচ্ছে সেখানেই খুন হয়ে যাচ্ছে, এই তো আইনশৃঙ্খলার অবস্থা পশ্চিমবঙ্গের। পুলিশ যেখানে মানুষের ধন, মান জীবন সম্পত্তি রক্ষা করবে, তার জন্য টাকা বরাদ্দ করা হচ্ছে। অকাতরে টাকা দেওয়া হচ্ছে তার খরচ ঠিকমত হচ্ছে না। আমাদের বেসিক যে নিড তার ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলাপমেন্টের জন্য টাকা খরচ করতে পারেন নি। মানুষের যেখানে স্বস্তি দেওয়ার দরকার, সেই স্বস্তি আপনারা দিতে পারেন নি। এইভাবে একটার পর একটা দপ্তরের অবস্থা দেখুন, একই অবস্থা চলছে। এইবার আমি আসছি লেবার এ্যান্ড এমপ্লয়মেন্ট দপ্তরের বিষয়ে। আমরা সোম বা মঙ্গলবার একটা মোশান আনব পশ্চিমবঙ্গের তীব্র বেকারত্বর অঙ্গুলী সংকেত করে।

৫৯ লক্ষ লোক আজকে বেকার তালিকাভুক্ত হয়েছে। গ্রামের অনেক লোক আছেন তারা নাম লেখানোর ব্যাপারে উৎসাহ পান না। গ্রামে যারা অনেক দূরে আছেন তাদের অনেকের নাম লেখার সুযোগ নেই। তা সত্ত্বেও যেটা দেখা যাচ্ছে ৫৯ লক্ষ লোক বেকার আছে। আমরা এর জন্য কত টাকা দিয়েছিলাম ৫২ কোটি ৩১ লক্ষ ৬৫ হাজার টাকা লেবার এ্যান্ড এমপ্লয়মেন্ট-এর জন্য। কেন এই টাকা পুরো খরচ করতে পারলেন না? স্বনির্ভর প্রকল্পে খরচ করতে পারতেন। স্বনির্ভর প্রকল্পের কথা বললেই অসীমবাবু বলেন ব্যাঙ্ক লোক দিচ্ছে না, ন্যাশানালাইজড ব্যাঙ্ক দিচ্ছে না। এক্ষেত্রে ব্যাঙ্ক এর যেমন গাফিলতি আছে, সাথে সাথে আপনারও এখানে গাফিলতি আছে। কিন্তু আপনাকে এই খাতে দেওয়া হয়েছিল ৫২ কোটি ৩১ লক্ষ ৬৫ হাজার টাকা। আপনি খরচ করলেন ৩৯ কোটি ৪৮ লক্ষ ৯৫ হাজার টাকা, অর্থাৎ প্রায় ১২ কোটি ৮২ লক্ষ টাকা খরচ করতে পারলেন না। এই ১২ কোটি টাকা যদি খরচ করতেন তাহলে গ্রামের ছেলেরা যারা স্বপ্ন দেখছে কিছু করে খাবে তারা বেঁচে যেত। কোন ছেলের বাবা হয়ত রিটায়ার্ড করেছে, কিংবা কারুর বাবা হয়ত অথর্ব হয়ে গেছে, কারুর মা হয়ত অসুস্থ সে তার মায়ের জন্য ওষুধ কিনতে পারছে না, কিংবা কেউ তার বোনের লজ্জা ঢাকার জন্য যে লজ্জা নিবারণ করবে তার ব্যবস্থা করতে পারছে না, ভাইটাকে একটা লজেন্স কিনে দিতে পারছে না, ফলে সেই ছেলেটি রাতের অন্ধকারে সবাই যখন ঘুমিয়ে পড়েছে, তখন সে রেল লাইনে গিয়ে মাথা পেতে দিচ্ছে। আপনাকে যে টাকা অনুমোদন করা

হয়ে গেছে, স্যাংশান করা হয়ে গেছে, সেই টাকাও আপনি খরচ করতে পারলেন না। এবারে উনি সেই খাতে আবার ২২ কোটি টাকা বেশী চেয়েছেন। তাও আমরা দিয়েছি। আমরা চেষ্টা করেছিলাম বিরোধিতা করেছিলাম কিন্তু সংখ্যাধিক্যের জোরে অসীমবাবু সেটা পাশ করে নিয়েছেন। বিভিন্ন হেডে আমরা যে কাটমোশান দিই, এই কাটমোশানগুলি কেন দিই, আপনার দপ্তরে আসলে কোন কাজ হচ্ছে না, তার জন্যই আমরা দিই। হেল্‌থ এ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারে গোটা পশ্চিমবাংলায় স্বাস্থ্য বলে কোন বস্তু আছে? আজকে কলকাতায় এবং গ্রামে সমস্ত জায়গায় ব্যাঙের ছাতার মত নার্সিংহোম গজিয়ে উঠেছে। মানুষ স্বাস্থ্যর পরিষেবা সরকারি হাসপাতাল থেকে পাচ্ছে না। আমরা টাকা দিলাম আপনাকে, স্বাস্থ্যর ব্যবস্থা করুন, মেডিকেল এবং পাবলিক হেল্‌থ-এর উন্নতি করুন। আমরা দিলাম ৭০২ কোটি ৬০ লক্ষ টাকা। কত খরচ করলেন ৫ শত ৭৪ কোটি ৯১ লক্ষ ৩২ হাজার টাকা। ঔসধ নেই, প্রাইমারী হেল্‌থ সেন্টারে চিকিৎসা হয় না, ম্যালেরিয়া বেড়ে যাচ্ছে, ম্যালেরিয়া ইরাডিকেশানের ব্যাপারে কি করেছেন, কিছুই করতে পারেননি। টি. বি.-র জন্য যে পথ্য দরকার তা নেই, কুকুরে কামড়ালে যে প্রতিষেধক দরকার তা নেই। আপনাকে যে টাকা দেওয়া হয়েছে, সেই টাকা খরচ না করেও আপনি এবারে আরো বেশী টাকা চেয়েছেন এই স্বাস্থ্য খাতে। আপনি ৫৩৩ কোটি ৬১ লক্ষ ৭২ হাজার টাকা চেয়েছিলেন, আপনাকে যে ৪ শত কোটি টাকা দেওয়া হয়েছিল সেটা খরচ করতে পারলেন না। এই বছরে আপনি আরো স্ফীত করে দিলেন। শুধু টাকা বাড়ালেই হবে, হাসপাতালের অবস্থা যে ভয়াবহ, সেই ব্যাপারে কি করছেন? বিরোধীপক্ষ থেকে বলছে বলে সব নস্যাৎ করে দিতে হবে? আপনি কি দেবেন বলেছিলেন, আর কি দিতে পারলেন? এই দুইয়ের মধ্যে হিসাব করুন, আপনি দেখবেন পশ্চিমবাংলায় স্বাস্থ্যখাতে আমরা পিছিয়ে পড়েছি। সেদিন আমরা বলেছিলাম স্বাস্থ্য বাজেটে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে দেখা গেছে টি. বি. রোগী কমছে, পশ্চিমবাংলায় সেখানে এটা বাড়ছে। একটা ইনডেক্স দেখলে বোঝা যাবে, পশ্চিমবাংলার মানুষের অভাব বাড়ছে, টি. বি. মানেই ম্যালনিউট্রিশান, একটা মানুষ তার খাবার যোগাড় করতে পারছে না।

[2.30–2.40 p.m.]

ন্যূনতম খাবার যেখানে যোগাড় করতে পারে না, যেখানে মানুষের ন্যূনতম আয় থাকে না, সেখানে আপনি পভার্টি লাইন কতটা উঁচু কতটা নীচু, এই সংখ্যা তত্ত্ব দিয়ে দেখাবেন আপনি অনেকটা টেনে নিয়ে গেছেন। ভারতবর্ষে সমস্ত রাজ্যে যেখানে টি. বি. রোগীর সংখ্যা কমছে, তখন পশ্চিমবাংলায় আক্রান্তের সংখ্যা বাড়ছে। শুধু তাই নয়, সোসাল সিকিউরিটি এন্ড ওয়েলফেয়ার, এখানে দুঃস্থ মানুষকে সাহায্য করা, বিধবা মানুষকে সাহায্য করা, বৃদ্ধ-বৃদ্ধাদের সাহায্য করার জন্য ৩৯ কোটি ৩৩ লক্ষ ৩১ হাজার টাকা দেওয়া হয়েছিল, কিন্তু এখানে আপনি খরচ করতে পেরেছেন মাত্র ২২ কোটি ৩০ লক্ষ ৭০ হাজার টাকা। মাননীয় অর্থমন্ত্রী আপনি বলবেন পশ্চিমবাংলার প্রতিবন্ধীদের সবাইকে কি আপনি সাহায্য করতে পেরেছেন, যারা বিধবা, যাদের কেউ দেখাশোনা করার নেই তাদের জন্য কি আপনি ন্যূনতম সাধারণ ব্যবস্থা করতে পেরেছেন? আপনি

কি মেয়েদের আবাসস্থল তৈরী করে দিতে পেরেছেন, অরফ্যান চিলড্রেনদের আবাসস্থল তৈরী করে দিতে পেরেছেন। একটা ন্যূনতম সোসাল সার্ভিস কি আপনি দিতে পেরেছেন এদেরকে? কাকে বোকা বানাচ্ছেন আপনি। আপনি বাহবা কুড়োচ্ছেন, নিজের পিঠ নিজেই চাপড়াচ্ছেন। এতে কিন্তু পশ্চিমবাংলার মানুষ উপকৃত হচ্ছে না। পশ্চিমবাংলার মানুষ কাজ চাইছে, এগোতে চাইছে। সোসাল সিকিউরিটি এ্যান্ড ওয়েলফেয়ার, সিডিউল কাস্ট এ্যান্ড সিডিউল ট্রাইবস, নিপীড়িত শিশুদের জন্য কাজ করা, ডাউনট্রোডেন পিপলদের জন্য কাজ করা—ভাষণে তো আপনারা সবাই এক এক জন পি. এইচ. ডি., ডি. ফিল করেছেন—এখানে ২০১ কোটি ১৫ লক্ষ ৮৫ হাজার টাকা আপনাকে দেওয়া হল, সেখানে আপনি খরচ করলেন ১৪০ কোটি ৮৫ লক্ষ ৫৭৬ হাজার টাকা, আপনি ৬০ কোটি ৩০ লক্ষ ৮৩ হাজার ৪২৪ টাকা খরচ করতে পারলেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ভেবে দেখুন এই সরকার সমস্ত ক্ষেত্রেই ব্যর্থ হয়েছে, প্রত্যেকটি ক্ষেত্রেই তিনি পিছিয়ে পড়ার প্রবণতায় ব্রত হয়েছেন! যারা মিনিবাসে চাপেন তারা জানেন—আপনারা তো বাসে, ট্রামে চাপা ছেড়ে দিয়েছেন, আপনারা বুর্জোয়া শ্রেনীর লোক হয়ে গেছেন, শোষক হয়ে গেছেন, শাসক হয়ে গেছেন—মিনিবাসে যখন আমরা উঠি, তখন মিনিবাসের কন্ডাক্টার বলেন পেছনে এগিয়ে চলুন, পেছনে এগিয়ে চলুন। আমাদের পশ্চিমবাংলায় কৃতবিদ্য অর্থমন্ত্রী পশ্চিমবাংলাকে পেছনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য দিনরাত চেষ্টা করছেন, আঠার ঘন্টা পরিশ্রম করছেন। গ্রামের নিপীড়িত, দুর্গত মানুষদের কথা আজকে কে শুনবে। ঘরের ভেতরে বদ্ধ প্রকোষ্ঠে, শীততাপনিয়ন্ত্রিত কক্ষেতে বসে এদের কথা শোনা যায় না। আজকে এই সমস্ত জিনিসগুলো মানুষকে জানানো দরকার। এই ন্যাচারাল ক্যালামিটি রিলিফ ফান্ডের কথা মালদহ, মুর্শিদাবাদের মানুষদেরকে জানানোর দরকার, এখানে ১২৩ কোটি ৫৪ লক্ষ টাকা দেওয়া হয়েছিল, আপনি খরচ করতে পেরেছেন ৫৫ কোটি ১২ লক্ষ ৭৬ হাজার ৯৬৭ টাকা। প্রবল বন্যায় যাদের ঘর ভেসে গেছে তাদের ঘর কি মেরামত হয়ে গেছে? সাধারণ মানুষের মাথায় আচ্ছাদন কি তৈরী হয়ে গেছে? যাদের বাড়ীঘর নদীগর্ভে বিলীন হয়ে গেছে তাদের একজনকেও কি আপনি পুর্নবাসন দিতে পেরেছেন?

আপনি খরচ করলেন—৫৫ কোটি ১২ লক্ষ ৭৬ হাজার ৯৬৭ টাকা। অর্থাৎ ৬৮ কোটি টাকা এই ন্যাচারাল ক্যালামিটি-এর জন্য বন্যার্তদের, খরাক্লিষ্ট মানুষদের সাহায্য, সহযোগিতা, পুনর্বাসনের জন্য, তাদের নতুন জীবনে প্রতিষ্ঠিত করবার জন্য, জনজীবনের মূল স্রোতে ফিরিয়ে বেঁচে থাকার জন্য খরচ করতে পারলেন না। সর্বহারাদের চোখের জল মুছিয়ে তাদের পাশে দাঁড়াবার জন্য রাষ্ট্র যন্ত্র। আপনারা তা করতে পারলেন না। আপনারা বলেন ওয়েলফেয়ার স্টেট। এই কি ওয়েলফেয়ার স্টেটের নমুনা? আর আপনারা নিজেদের মানব দরদী, জনদরদী, গণ দরদী কত কিছু বলেই পত্রপত্রিকায় বাহ্যাড়ম্বর করে বেড়াচ্ছেন। আয়নার সামনে দাঁড়িয়ে নিজেকে প্রশ্ন করুন—কি করছেন। পশ্চিমবাংলার মানুষ যে টাকা আপনাদের দিয়েছিল মানুষের দুঃখ-দুর্দশা দূর করার জন্য, দুর্গত মানুষগুলোকে তা দেওয়া গেল না, ন্যূনতম সাহায্যটুকু তাদের দিতে পারলেন না। আপনারা বলবেন—সখ আছে সাধ্য নেই। দিনের পর দিন শুনে আসছি—আপনাদের

বিশাল সাধ, কিন্তু সাধ্য সীমিত—কেন্দ্র দিচ্ছে না, অমুক দিচ্ছে না, তমুক দিচ্ছে না। কিন্তু যেখানে দিচ্ছে, সেখানে আমরা রেজাল্ট চাই। আমরা বলি—আপনাকে টাকা দেওয়া হয়েছে উন্নয়নের কাজে, দুর্বলতর মানুষদের অন্ধকার থেকে আলোয় উত্তরণের পথে নিয়ে যেতে—কিন্তু আপনি করছেন কি—আলো থেকে অন্ধকারের দিকে নিয়ে যাচ্ছেন মানুষকে। আমরা তাই এই এ্যাপ্রোপিয়েশন বিলের প্রতিবাদ করছি।

সয়েল এ্যান্ড ওয়াটার কনর্জাভেশন দেখুন। কতগুলো জেলার মানুষ আজকে আর্সেনিক দূষিত জল পান করতে বাধ্য হচ্ছে। আপনি জানেন, পানীয় জলে .০১পার্সেন্ট আর্সেনিকের প্রেজেন্স থাকলেও তা শরীরের উপর ব্যাড এফেক্ট করে। সেক্ষেত্রে আপনাকে দেওয়া হয়েছিল ১৯ কোটি ৩৭ লক্ষ টাকা। কত খরচ করলেন মাননীয় অর্থমন্ত্রী? ৮ কোটি ৩ লক্ষ ৯১ হাজার ৬২ টাকা। কত খরচ করলেন না? ১১ কোটি ৩৩ লক্ষ ৮ হাজার ৯৩৮ টাকা। আজকে উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, বাঁকুড়ার বিস্তীর্ণ অঞ্চলের মানুষ দূষিত জল পান করে একটু একটু করে মৃত্যুর দিকে ঢলে পড়ছে। বাচ্চাগুলোর হাত, পা বেঁকে যাচ্ছে, আঙুলগুলো গুটিয়ে যাচ্ছে, মানুষগুলো কর্মহীন হয়ে যাচ্ছে, নুব্জ হয়ে পড়ছে। অথচ টাকা দেওয়া সত্ত্বেও আপনি খরচ করতে পারলেন না।

ডেয়ারী ডেভলপমেন্ট ধরুন। বলেছিলেন পশ্চিমবাংলা তথা কলকাতার মানুষকে দুধ খাওয়াবেন। কিন্তু আমরা দেখলাম—দুধের সাপ্লাই কমে গেল, দাম বেড়ে গেল। এক্ষেত্রে আপনাকে দেওয়া হয়েছিল ১২০ কোটি ১ লক্ষ ৫০ হাজার টাকা। খরচ করলেন—১১১ কোটি ১৪ লক্ষ ৪৭ হাজার ১২৮ টাকা। ৮ কোটি ৮৭ লক্ষ টাকা খরচ করতে পারলেন না। এর জবাব দেবেন। আপনারা বলবেন—আমরা বিপ্লবকে তরান্বিত করছি, কংগ্রেস আমাদের সমালোচনা করছে। আর বলবেন—কংগ্রেস আমলে কি হয়েছিল? ৬০ সালে কি হয়েছিল? তার আগে কি হয়েছিল? কিন্তু আজকে আমরা জানতে চাই—৯৭-৯৮ সালে কি হয়েছে? আজ আপনাকে বলতে হবে, ডেয়ারী ডেভলপমেন্টে কেন আপনি ৮ কোটি ৮৭ লক্ষ টাকা খরচ করতে পারলেন না? একটি শিশুর মুখে এক গ্রাম, এক আউন্স দুধের যোগান দিতে পারলেন না। এর জবাব দেবেন।

ধরুন ফিশারিজ। সেদিন বলেছিলেন—১৭ বছর আমি মৎসমন্ত্রী আছি, এই পুরস্কার পেয়েছি, ঐ পুরস্কার পেয়েছি। কিন্তু ঐটা তো বিশ্বব্যাঙ্কের টাকা। এখানে আপনাকে দেওয়া হয়েছিল ৫৯ কোটি ৩২ লক্ষ ২০ হাজার টাকা। খরচ করলেন ২২ কোটি ৩ লক্ষ ৪১ হাজার ২০ টাকা। বাকি টাকা কেন খরচ হ'ল না? এর জবাব আজকে আপনাকে দিতে হবে।

স্টোরেজ এ্যান্ড অয়্যারহাউজিং দেখুন। আজকে স্টোরেজ এ্যান্ড অয়্যারহাউজিং সিস্টেমের কি অবস্থা? আজকে আমাদের রাজ্যে ব্যাপক ভাবে আলু উৎপাদন হচ্ছে। কিন্তু এখানে স্টোরেজ ক্যাপাসিটি নেই, আলু পচে যাচ্ছে। আজকে চাষীদের কি দুরবস্থা দেখুন—এক কেজি আলু উৎপাদন করতে যদি ৩ টাকা খরচ হয়, তাকে ১.৫০ পয়সার বিক্রি করে দিতে হচ্ছে।

[2.40–2.50 p.m.]

দেড় টাকা যদি তার উৎপাদন খরচ হয়, তাহলে তাকে এক টাকায় বিক্রি করে দিতে হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইসব জিনিষ গ্রামবাংলায় চলছে। এই বছর এত বেশী টম্যাটো চাষ করা হয়েছিল, যে টম্যাটো চাষীরা বাজারে বিক্রি করতে এসেও সেই টম্যাটো বিক্রি হয়নি এবং তারা বাড়ীতেও ফেরত নিয়ে যায়নি। কারণ সেটা নিয়ে যেতে তার যে কস্ট পড়বে, তাতে তার লোকসান হবে। আমরা কিছুতেই চাষীদের রক্ষা করতে পারছি না। অথচ এখানে দিয়েছিলেন যে, ফুড স্টেরেজ এন্ড ওয়ার হাউসিং-এর জন্য ৬৩ কোটি ৩৪ লক্ষ ২৫ হাজার টাকা। ৫১ কোটি ২৪ হাজার ২৮ টাকা কেন খরচ করতে পারলেন না? কেন আলু চাষীরা মার খেল? কেন যে সব এলাকায় আলু উৎপন্ন হয়েছে, সেখানে ১২ কোটি টাকার ওয়ার হাউসিং তৈরী করলেন না? ১২ কোটি টাকা যদি দিতেন, তার সাথে যারা এন্টারপ্রেনার তারা আরও ৩৬ কোটি টাকা দিয়ে হিমঘর তৈরী করতে পারত। এতে চাষীরা বাঁচত। আপনাদের মুখে শুধু বড় বড় কথা। আপনার বলেন যে, চাষী শ্রমিকদের জন্য করছেন। কি করছেন দেখান? টাকা আপনারা খরচ করতে পারছেন না। টাকা অব্যবহৃত থেকে যাচ্ছে, আর চাষীদের আপনারা সর্বনাশ করছেন। চাষীরা তার জমি বন্ধক রেখে সার বীজ ইত্যাদি কিনছে। তারা হাল কিনছে। তারা নিজেরাই হাল দিয়েছে। আর তারা যে টাকা খরচ করল, যে ফসল তারা উৎপন্ন করল, সেই ফসল শুধু রক্ষা করতে না পেরে, শুধু কোল্ড স্টোরেজ না থাকার জন্য, সময় মত এই সমস্ত ব্যবস্থা মানুষের কাছে না পৌঁছে দেওয়ার জন্য তারা দুর্ভাগ্যের মুখোমুখি হচ্ছে। আপনি ১২ কোটি ৩৪ লক্ষ টাকা খরচ করলেন কি? আবার আপনি অন্য জায়গায় বেশী টাকা খরচ করছেন? আপনি কাউন্সিল অফ মিনিস্ট্রিতে ২ কোটি ৫৫ লক্ষ টাকা চেয়েছিলেন, আর খরচ করেছেন ২ কোটি ৮৩ লক্ষ ৪৯ হাজার ৫৮৮ টাকা। আপনাদের লজ্জা করে না? আপনি চাষীদের মাথায় চাল দিতে পারছেন না, আর আপনি মন্ত্রীদের জন্য চেয়েছিলেন ২ কোটি ৫৫ লক্ষ টাকা। সেখানে আপনি খরচ করলেন ২ কোটি ৮৩ লক্ষ ৪৯ হাজার ৫৮৮ কোটি টাকা। মন্ত্রীদের টি এ ডি এ ইত্যাদির জন্য ২৮ লক্ষ ৪৯ হাজার ৫৮৮ টাকা বেশী খরচ করলেন। এ লজ্জা রাখবো কোথায়? এ লজ্জা ঢাকবেন কি দিয়ে? এ লজ্জা ঢাকার কোন বস্ত্র নেই। কিন্তু এই নির্লজ্জ সরকার বারে বারে তাই করবে। আপনারা প্রতিশ্রুতি দিয়ে যে টাকা চাইছেন, সেই প্রতিশ্রুতি মত টাকা পেয়েও কোনও ভাবে মানুষকে উন্নয়নের রাস্তা দেখাতে পারেন নি। বরং অবনমনের রাস্তায় নিয়ে গেছেন। মানুষকে পিছিয়ে দিচ্ছেন। মানুষকে অন্ধকারের দিকে ঠেলে দিচ্ছেন। মাননীয় অসীমবাবু এই বছরের যে টাকা দেওয়া হয়েছে, যে খাতে যা পেয়েছেন, আমরা তার বিরোধিতা করছি। আমরা এক টাকা কেটে দেওয়ার চেষ্টা করছি। ১০০ টাকা কেটে দেওয়ার জন্যও চেষ্টা করছি। কিন্তু আপনি সংখ্যাধিক্যের জোরে পাশ করিয়ে নিয়ে গেছেন। আগামী দিনে দেখতে চাই যে, মানুষের উন্নয়ণের জন্য যে টাকা দেওয়া হয়েছে, সেটা সেই খাতে আপনি খরচ করছেন কিনা? মন্ত্রিসভাকে পুষ্ট করার জন্য বাজেট বর্হিভূত টাকা খরচ করবেন, আর গরীব মানুষের মাথার ছাদ দেওয়ার জন্য আপনার সরকার কোন কাজ করবেন না, এই

দ্বৈত সত্তার বিরুদ্ধেই আমাদের প্রতিবাদ। আপনাদের কোনটা মুখ, আর কোনটা মুখোশ, তা আমরা জানতে চাই। তাই আমি এই বাজেট-এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মোস্তাফা বিন কাশেম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। এই বিলের মাধ্যমে আমাদের বাংলার সংবিধানের ২০৪ নম্বর নির্দেশ অনুসারে অর্থমন্ত্রী ২৫ হাজার ৭৪৪ কোটি ২৪ লক্ষ ৮৯ হাজার টাকা আমাদের রাজ্য তহবিল থেকে খরচ করতে পারেন বিধানসভার অনুমতি চেয়ে। তিনি অ্যাপ্রোপ্রিয়েশন বিল উপস্থিত করেছেন। ইতিমধ্যেই বাজেটের উপর আলোচনা হয়েছে। আমাদের সাবজেক্ট কমিটিতে সেই বাজেটের উপর ডিটেল স্ক্রুটিনী হয়েছে। তার রিপোর্টও বোধ হয় এসেছে এবং দফাওয়াড়ি বাজেট এবং বিভিন্ন দপ্তরের বাজেট এবং বিভিন্ন দপ্তরের ব্যয়বরাদ্দের দাবি আমরা আলোচনা করেছি। বিভিন্ন কাজকর্মের সমালোচনা করেছি, প্রশংসা করেছি। মাননীয় সদস্যরা করেছেন। বিরোধীরা বিরোধিতা করেছেন, ছাঁটাই প্রস্তাব দিয়েছেন। স্বাভাবিক কারণেই সে সমস্ত প্রস্তাব প্রত্যাখাত হয়েছে। ফলে এই দপ্তরের খুঁটিনাটি আলোচনার সুযোগ আছে বলে, এই অ্যাপ্রোপিয়েশন বিল আলোচনার সময়ে রাজ্যের আর্থিক নীতি, তার গতিপ্রকৃতি সম্পর্কে নিশ্চিতভাবেই আলোচনা করা চলে। আমি সাধারণভাবে এই সম্মানীয় কক্ষের সামনে দু-একটা কথা নিবেদন করতে চাই। এই রাজ্যের অর্থনীতির মূল্যায়ন করতে গিয়ে পশ্চিমবাংলার রাজ্য সরকার এবং রাজ্যের অর্থমন্ত্রী অসীম দাশগুপ্তকে আমি ব্যক্তিগতভাবে অভিনন্দন জানাতে চাই। আমাদের সকলের উপলব্ধির মধ্যেই আছে, সে যে পক্ষেই থাকুক না কেন, পৃথিবীর যে কোন যুক্তরাষ্ট্রীয় দেশে কোন একটা রাজ্য সরকারের পক্ষে সারা দেশের একটা অংশ হিসাবে তার নিজস্ব নীতি, দৃষ্টিভঙ্গী, আর্থিক নীতি গ্রহণ করা, পরিচালনা করা সহজ ব্যাপার নয়। একটা কঠিন কাজ একথা বলা যেতে পারে। ২২ বছরের অভিজ্ঞতার ভিত্তিতে রাজ্য সরকার এবং তার অর্থমন্ত্রী শ্রী অসীম দাশগুপ্ত বলিষ্ঠতার সঙ্গে সেই দায়িত্ব পালন করে চলেছেন। আমি বিনীত ভাবে মাননীয় সদস্য শ্রী পঙ্কজ ব্যানার্জীকে একটা কথা নিবেদন করতে চাই যে তার বোঝাপড়ার মধ্যে হয়তো একটা ভুল থেকে যাচ্ছে। আমার বলার মধ্যে কোথাও যদি ভুল থাকে, আপনি আমাকে ধরিয়ে দেবেন, আমি সাথে সাথে সেই ভুল স্বীকার করে নেব। আপনি যেভাবে বিষয়টা উপস্থিত করলেন তাতে সাধারণভাবে একটা ধারণা হবে যে বাজেট প্রস্তাব ছিল, ব্যয়বরাদ্দের দাবি ছিল, মাননীয় অর্থমন্ত্রী বিধানসভায় সেই ব্যয়বরাদ্দ-এর দাবি মঞ্জুর করিয়ে নিয়েছেন। এত টাকা আপনাদের দিয়েছি, আপনারা সেই টাকা খরচ করতে পারলেন না। এই রকম একটা ধারণা হবে। একেবারে টাকা আছে, সেটা আপনাদের হাতে তুলে দিয়েছি এবং এক বছরে সরকার সেই টাকা খরচ করতে পারলেন না। খুঁটিনাটি জবাব দেওয়ার কথা আমাদের নয়, আমার হয়তো সে যোগ্যতাও নেই। মাননীয় অর্থমন্ত্রী বলবেন তার জবাবে। কিন্তু যেটা বাজেট তাতে সব সময়ে আগামী আর্থিক বছরের একটা আনুমানিক আয়, ব্যয়ের হিসাব থাকে। আপনি জানেন বাজেট মানে কোন অ্যাকচুয়াল ইনকাম এক্সপেনডিচার নয়, এটা হল এষ্টিমেটেড ইনকাম, এষ্টিমেটেড

এক্সপেনডিচার ফর দি কারেন্ট ফিনানসিয়াল ইয়ার। এবং সেখানে ব্যয়বরাদ্দের একটা লক্ষ্যমাত্রা ঠিক করা হয় এবং ব্যয় মেটাবার জন্য আয়ের একটা লক্ষ্যমাত্রা ঠিক করা হয় এবং যেটা ঠিক করা হয় সরকার নির্ভর করে সেটা খরচ করা যাবে কিনা। রাজ্য সরকার সেই পরিমাণ সম্পদ সংগ্রহ করতে পারবে কিনা, যদি না পারে সেটাও হিসেবের মধ্যে রাখে। মোটামুটিভাবে অভিজ্ঞতার ভিত্তিতে সম্পদ সংগ্রহের উপর নির্ভর করে যে আনুমানিক আয় ও ব্যয়ের যে লক্ষ্যমাত্রা হবে সেটা কতটা পূরণ হবে না হবে তার হিসাব করে। সংসদীয় গণতন্ত্রের এটাই রীতি। পৃথিবীর সব দেশেই আছে। সংসদীয় গণতন্ত্রে যে সরকারী অর্থ মানেই জনসাধারণের দ্বারা পুষ্ট, সরকারী কোষাগার থেকে খরচ করলেও জনসাধারণের যেখানে জনপ্রতিনিধি আছেন, সেই কক্ষের সম্মতি নিতে হবে। তাই পার্লামেন্টে লোকসভায় অ্যাপ্রোপ্রিয়েশন বিল উপস্থিত করা হয়। আমাদের রাজ্যের ক্ষেত্রে বিধানসভায় উপস্থিত করা হয়। এটাই বাস্তব অবস্থা। আর আপনি বললেন টাকা তুলে দিয়েছি সরকার খরচ করতে পারল না।

[2.50–3.00 p.m.]

সরকার প্রস্তাব রেখেছে যে আমরা এই টাকা খরচ করতে চাই, আমরা আলোচনা করে বলেছি হ্যাঁ, আমরা অনুমতি দিচ্ছি বিধানসভা থেকে, আপনারা খরচ করুন। এই টাকা খরচ করতে গেলে এই টাকা আয় করতে হবে, আয়ের পথ হচ্ছে এই, তার জন্য যদি কর স্থাপন করতে হয় সেটাও রাজস্ব বিল পাশ করে দিয়ে, ফিন্যান্স বিল পাশ করে দিয়ে আমরা সরকারকে অনুমতি দিই যে আপনি ট্যাক্স বসাতে পারেন। আয়ের ক্ষেত্রে এবং ব্যয়ের ক্ষেত্রে বিধানসভার অনুমতি ছাড়া রাজ্য সরকার কোন আয় বা ব্যয় করতে পারবেন না এই হচ্ছে বাস্তব অবস্থা। আমরা টাকা তুলে দিই নি সরকারের হাতে। এই সম্পদ সংগ্রহের ক্ষেত্রে প্রত্যেকটি রাজ্য সরকারের প্রকৃত অসুবিধা আছে। আমাদের রাজ্য সরকারেরও আছে। এমন না যে এই কথা আমি এই প্রথম এই সম্মানীয় কক্ষের সামনে হাজির করছি। এটা এখানে বহুল আলোচিত বিষয়, শুধু পশ্চিমবাংলার ব্যাপারেই নয়। এ ব্যাপারে আপনারাও একমত হবেন যে আমাদের সংবিধানে, যেটা দেশের সর্বোচ্চ আইন, যা মেনে কেন্দ্রের এবং রাজ্যের শাসন চলতে বাধ্য। সেখানকার যে স্কীম অফ ডিস্ট্রিবিউশান অফ পাওয়ার, আমি লেজিসলেটিভ ডিস্ট্রিবিউশান অফ্ পাওয়ার, এ্যাডমিনিষ্ট্রেটিভ ডিস্ট্রিবিউশান অফ পাওয়ার বাদ দিলাম। এক্ষেত্রে যে প্রাসঙ্গিক যে আর্থিক সম্পর্ক, ফিনানসিয়াল ডিস্ট্রিবিউশান অফ্ পাওয়ার সেখানে সন্দেহাতীত ভাবে আমাদের উচিত সর্বভারতীয় সরকার কেন্দ্রীয় সরকারের হাতকে শক্তিশালী করা। প্রত্যেকটি রাজ্য সরকারের সম্পদ সংগ্রহের ক্ষেত্র সীমিত, এর মধ্যে কোন কিন্তু নেই। সংবিধানের মধ্যে যা ক্ষেত্র দেওয়া আছে, যা পরিধি দেওয়া আছে, দুঃখের বিষয় হলেও সত্যি হচ্ছে কেন্দ্রে সরকারে ক্ষমতাসীন থেকে আপনাদের দলের সরকার বেশী দিন সরকার পরিচালনা করেছেন। সংবিধানের মধ্যে এই যে মূল ব্যবস্থা কেন্দ্রের হাতে ক্ষমতা দেওয়ার এই ব্যবস্থাকে কেন্দ্র করে সংবিধান বর্হির্ভূত পথে নানান কলা-কৌশল অবলম্বন করে রাজ্য সরকার গুলির সম্পদ সংগ্রহের ক্ষেত্রে অনুপ্রবেশ ঘটিয়েছে কেন্দ্রীয়

সরকার। যা অর্থনৈতিক দস্যুবৃত্তির পর্যায়ে পড়ে। ইট এ্যামাউন্ট টু ফিনানসিয়াল পাইরেসী এই পর্যায়ের মধ্যে পড়ে। আমি দু-একটা উদাহরণ দিতে পারি। কনস্টিটিউশানের কোন জায়গাতেই বলা নেই যে ট্যাক্সের পরে অতিরিক্ত রাজস্ব আদায় করার জন্য এ্যাডমিনিস্ট্রেটিভ প্রাইস রাইজ করিয়ে বা প্রশাসনিক আদেশ জারি করে টাকা আদায় করে সরকার রাজস্ব আদায় করবেন। কিন্তু আপনাদের দলের সরকার প্রথমেই কৌশল অবলম্বন করেন, এর মধ্যে দিয়ে কেন্দ্রীয় সরকারের আয়ও হয়। আরেকটা কৌশল হচ্ছে ট্যাক্স বাবদ অর্থ আদায় হলে—আপনি জানেন এগুলি আমার বলার কথা নয়—ডিভিজিবল পুলে হলে কেন্দ্রীয় সরকারও ভাগ পায়, কিন্তু প্রশাসনিক আদেশ জারি করে যদি বাড়তি টাকাটা সরকার আদায় করে তার পুরোটা আত্মসাৎ করে কেন্দ্রীয় সরকার। রাজ্য সরকার তার ভাগ পায় না। কোন সাংবিধানিক বাধ্য-বাধকতা নেই। আপনাদের অর্থনীতি অধিকতর আগ্রহে অনুসরণ করেছে বি. জে. পি. জোটের সরকার। এই যে বাজেট উপস্থিত করলেন, ইনকাম ট্যাক্সের রেট বাড়ালেন না, ইনকাম ট্যাক্স-এর হার বাড়ালেন না। হার বাড়ালে তাতে লাভবান হতো রাজ্য সরকার। তার সম্পদের পরিমাণ বাড়তো। আর করের বেশী অংশ রাজ্য পায়। কৌশল করে বাড়িয়ে দিলেন সারচার্জ এবং সেই সারচার্জ বাড়িয়ে আপনি জানেন আমাদের বাজেট প্রস্তাবে যেটা ছিল কোম্পানী কর থেকে ২৩০০ কোটি টাকা এবং আয় কর থেকে ২৫০০ কোটি টাকা তারা শুধু সারচার্জ বাবদ নেবে। একটা পয়সাও রাজ্য সরকারকে দিতে বাধ্য নয়। নানান উপায়ে রাজ্য সরকারের সম্পদ সংগ্রহের পরিধি সংকুচিত হয়ে আসছে। মাননীয় অর্থমন্ত্রী তার আয় এবং ব্যয়ের লক্ষ্যমাত্রা স্থির করেছেন, কিন্তু স্থির রাখা সম্ভব নয়। রাজ্যের হাতে সমস্ত উপাদান নেই। আপনি জানেন, আমার বলতে গেলেই মনে হয় আমি বোধ হয় আপনাকে বলে ফেলছি, আসলে আপনি এটা জানেন। বাজেট বলে একটা জিনিস আছে, তার পর রিভাইজ বাজেট বলে একটা জিনিস থাকে, বাজেটে একচুয়ালস থাকে। এই যে দুটোর মধ্যে তফাত এই তফাতের ভিত্তি হচ্ছে কতটা সম্পদ সংগ্রহ করতে পারলো রাজ্য সরকার। যা আশা করেছিল যে এত টাকা আয় করতে পারবে এবং সেই কারণে এই খাতে ব্যয় করতে পারবে। সম্পদ সংগ্রহের ক্ষেত্রে যদি তারতম্য হয় তাহলে তার বাজেট রিভাইজ করতে হয়। কোন ক্ষেত্রে বাড়াতে হয়, আবার কোন ক্ষেত্রে কমাতে হয়। আপনি বললেন যে এই খাতে এত টাকা দেওয়া হয়েছিল। আসলে আমরা কিন্তু টাকা দিই না, খরচ করার অনুমতি দিয়ে ছিলাম।

খরচ করতে পারলেন না, টাকার বান্ডিল কোষাগারে থেকে গেল, সরকার খরচ করতে পারলেন না। রাজ্য সরকারের কাছে প্রত্যাশা ছিল — যখন আয়ের লক্ষ্যমাত্রা ঠিক করেছেন তখন ব্যয়ের লক্ষ্যমাত্রাও নিশ্চয় ঠিক করেছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ডিভিসিবল পুলের ট্যাক্স বাবদ যে টাকা পাওয়া যাবে তার মধ্যে ১ হাজার কোটি টাকা কম পেয়েছি। এই বাজেটের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী উল্লেখ করেছেন। কেউ তো চ্যালেঞ্জ করেন নি। এই বাজেট উত্থাপিত হয়েছিল ১৯-শে মার্চ, '৯৯ তারিখে। এমন নয় যে ফেব্রুয়ারী মাসে উনি বলেছেন। মাননীয় অর্থমন্ত্রী তো বলতে পারেন এক

হাজার কোটি টাকা যেটা ব্যয়ের কথা সেটা ধরে নিয়েই তো ব্যয়ের লক্ষ্যমাত্রা ঠিক করেছিলাম। কিন্তু কেন্দ্রীয় সরকার ১ হাজার কোটি টাকা দিলেন না। সেটা তো ধরা থাকে খরচের মধ্যে। তাছাড়া, ১৬ কোটি টাকার ঘাটতি বাজেট। অনেক সাবধানতার সঙ্গে করেছেন। এই ঘাটতি মেটাবার পন্থা বার করতে হবে। এটাই হ'ল বাস্তবতা। একটা রাজ্য সরকারের পক্ষে আয়-ব্যয়ের লক্ষ্যমাত্রা স্থির রাখা কঠিন কাজ। কেন্দ্রীয় সরকারের তহবিল থেকে যে সাহায্য পাওয়ার কথা সেই সাহায্য যদি রাজ্য সরকার না পায়, যেটা নিয়মের মধ্যে আছে—আপনি বললেন, ফর্মুলা অনুযায়ী—সেই টাকা যদি না পাওয়া যায়, ডিভিসিবল পুলে ট্যাক্স বাবদ কত অর্থ আসবে সেটা কি কোন কাল্পনিক ব্যাপার? আয়-ব্যয়ের হিসাব তো অনুমোদন করে দিয়েছেন। তার পরে যদি সময় মত টাকা না দেন তাহলে কি করে কাজ হবে? যে সমস্ত প্রকল্পে কেন্দ্রীয় সহায়তা করার কথা সেখানে তা বন্ধ করে দিলেন, সাসপেন্ড করে দিলেন। কিন্তু এটা ধরেই তো ব্যয়ের কথা দেখানো থাকে। এটা তো নতুন কোন ঘটনা নয় ভারতীয় অর্থনীতিতে। এটা ভারতবর্ষের রাজনীতিতে আমাদের রাজ্যের ক্ষেত্রে একটা আঘাত।

কেন্দ্রীয় সরকারের নীতির ফলে দ্রব্যমূল্য বৃদ্ধি হয়ে গেলে সরকারী কর্মচারীদের মাগ্গী ভাতা,—ডি. এ. বাড়াতে হবে। এগুলো হিসাবে বাঁধা থাকে? কত দ্রব্যমূল্য বৃদ্ধি পাবে এবং কত বাড়াতে হবে? যদিও এবারের বাজেটে এজন্য ৩০০ কোটি টাকা ধরা আছে কিন্তু এই ফিগার ঠিক থাকবে—এটা কি কোন অর্থমন্ত্রী বলতে পারেন? কিন্তু প্রভিশন আছে। তার উপর আছে ন্যাচারাল ক্যালামিটিস। আপনি কি করে বলবেন এটা ফোরসিন ব্যাপার? অনেক ক্ষেত্রে আনফোরসিন হয়। গত বছর আমাদের রাজ্যের ১৪টা জেলা বন্যা, খরা এবং ধ্বসে ক্ষতি হয়েছে। আর্থিক ক্ষয়-ক্ষতির পরিমাণ ২ হাজার ৩৭ কোটি টাকা। এটা ঠিক ঠিক ভাবে ধরা সম্ভব? সুতরাং, আমাদের মাননীয় অর্থমন্ত্রীর যে সদিচ্ছা তা অনেক সময় অস্থির হয়ে যায়, বানচাল হয়ে যায়। কিন্তু তার মধ্যেও মাননীয় অর্থমন্ত্রী এগিয়ে যাবার চেষ্টা করছেন। আপনারা বিরোধী পক্ষে আছেন, সমালোচনা করবেন, তা ঠিক আছে। কিন্তু সমালোচনা গঠনমূলক হবে তো! আপনি যেটা জানেন তাকেও আড়াল করে একটা ভুল মেসেজ দেবেন? আপনি যদি ঐ রকম ভাবে বলেন তাহলে তো মনে হবে কোন দপ্তরই টাকা খরচ করতে পারছে না। সুতরাং, আপনাদের কথাগুলো সত্য থেকে যোজন দূরে। আপনি হাউজের মুখে ঐ রকম কথা গুজে দিতে চেয়েছেন। এই বিষয়টা আমি রেকর্ড রাখতে চাই। আপনার মত পার্লামেন্টারিয়ানের এই কথা বলা উচিত? আবার, রাজ্য সরকার কতকগুলো অতিরিক্ত দায়িত্ব নিতে বাধ্য হয়েছে। ভাবুন, কেন্দ্রীয় সরকার তার বেতন কমিশনের সুপারিশ মেনে কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের বেতন বাড়ালেন, অন্যান্য ভাতা বাড়ালেন।

[3.00–3.10 p.m.]

এর প্রভাব গোটা দেশ জুড়ে। রাজ্যসরকারের কর্মচারীদের জীবনেও দ্রব্যমূল্য বৃদ্ধির ফল এই একই ঘটে। রাজ্য সরকারও চতুর্থ বেতন কমিশন করেছেন। কেন্দ্রীয়

সরকার যে ধরনের বৃদ্ধি ঘটিয়েছেন তার প্রভাবে রাজ্যসরকার বেতন কমিশনের রিপোর্ট মেনে বেতন হার বাড়িয়েছেন, অন্যান্য ভাতা বাড়িয়েছেন। ১৯৯৮ সালের নভেম্বর মাস থেকে এটা গ্রহণ করেছেন এবং ডিসেম্বর মাস থেকে বেতনের সঙ্গে এই বর্ধিত ভাতা এবং মাইনে দিচ্ছেন। দুই হাজার কোটি টাকা অতিরিক্ত এরজন্য লাগবে প্রতি বছর। দুই হাজার কোটি টাকা অতিরিক্ত আমরা বিধানসভা থেকে হাতে তুলে দিয়েছি যে, এই নিন, রাজ্যসরকারের কর্মচারীদের আপনি বেতন কমিশনের সুপারিশ অনুসারে এই টাকা বাড়িয়েছেন, এই নিন, বিধানসভার হাতে আলাদা ফান্ড আছে এই নিন খরচ করুন। খরচ করতে পারলেন না আর আমরা বললুম এই বান্ডিল কেন সাজিয়ে রেখেছেন? এভাবে বলা যায়? কয়লা শিল্পের পুনর্জীবনের জন্য কয়লা শ্রমিকদের স্বার্থরক্ষা করার জন্য কয়লার সেস্ ৪৫ পারসেন্ট থেকে কমিয়ে ২৫ পারসেন্ট রাজ্য সরকার করেছেন। আপনি জানেন এর জন্য ২৫০ কোটি টাকা রাজ্যসরকারের রাজস্ব হ্রাস হবে। এই সমস্ত বাড়তি দায়িত্ব আপনি নিয়েছেন। বন্ধ কলকারখানার শ্রমিকদের সহযোগিতায় এটা সামান্য হলেও, এটা পাশে দাঁড়াবার একটা প্রতীক। রাজ্য সরকারের সদিচ্ছা এটা আরও এক বছর বাড়িয়ে দিয়েছেন। এতো নানান দায়িত্ব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর জন্য যে অতিরিক্ত রাজস্ব সম্পদ, রাজস্ব সংগ্রহের জন্য ও সম্পদ সংগ্রহের জন্য যে প্রয়াস করেছেন সেটা অভিনন্দনযোগ্য। আমার সময় কম, বলার সুযোগ নেই। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করব, উনি যে ভাবে সম্পদ সংগ্রহ করার চেষ্টা করেছেন, নতুন একটাও জিনিষের উপর ট্যাক্স বসান নি, কর ব্যবস্থার করের হারের পুনর্বিন্যাস ঘটিয়েছেন, কর প্রদান পদ্ধতির সরলীকরণ করেছেন এবং ৯৪ কোটি টাকা অতিরিক্ত কর আদায় হবে এই ভাবে সাধারণ মানুষকে রেহাই দিয়ে এই পুনর্বিন্যাস করেছেন এবং ১৬ কোটি টাকা ঘাটতি বাজেট, এই ঘাটতি বাজেট ১৬ কোটিতে রাখার চেষ্টা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের কাছে এই আবেদন করতে চাই, এই অবস্থার মধ্যে অন্যান্য যে দায়-দায়িত্ব পালন করছেন, রাজ্যের আর্থিক ক্ষমতা বাড়ানোর জন্য কেন্দ্র-রাজ্যের মধ্যে অর্থনৈতিক সম্পর্কের পুনর্বিন্যাসের জন্য সম্পর্কটা আবার সামনে নিয়ে আসতে হবে। রাজ্যের বামফ্রন্ট সরকার এ ব্যাপারে সারা ভারতে নেতৃত্ব দিয়েছেন। এই নেতৃত্ব দিয়েও এই প্রশ্নটাকে রাখতে হবে যে, অনেক দাবী অনাদায়ী আছে সেটা আদায় করতে হবে। এই কথা বলে, এই বিলকে আবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত যে এপ্রোপ্রিয়েশন বিল দাখিল করেছেন আমি তার বিরোধিতা করছি। এই কারণে বিরোধিতা করছি যে, বিভিন্ন দপ্তরে যে টাকা যে বাজেট বরাদ্দ হয়েছে, এখানে পাশ হয়েছে, আমরা দেখতে পাচ্ছি যে সেই টাকা কোন জায়গায় এ্যাপ্রোপ্রিয়েশন হচ্ছে না, কোন জায়গায় আবার মিস্-এ্যাপ্রোপ্রিয়েশন হচ্ছে। সুতরাং এই অবস্থার মধ্যে মাননীয় অর্থমন্ত্রী আজকে এই যে বিল পেশ করেছেন — কিছুক্ষণ আগে আমার পূর্ববর্তী বক্তা মাননীয় কাশিম সাহেবের বক্তৃতা শুনছিলাম, তিনি পন্ডিত মানুষ, তিনি কথায় যুক্তির জাল বুনে সরকারের কাজকে সাপোর্ট করার চেষ্টা করেছেন।

আমি কেবল একটা কথা বলতে চাই যে, আমরা সবাই জানি যে, বাজেট মানে হচ্ছে এস্টিমেটেড ইনকাম এ্যান্ড এ্যাক্সপেন্ডিচার। কিন্তু সেই এস্টিমেটেড ইনকাম এ্যান্ড এ্যাক্সপেন্ডিচারের মধ্যে একটা র‍্যাশনালিটি তো কিছু থাকবে। মাননীয় অর্থমন্ত্রী বলেন, নো ডেফিসিট বাজেট। তাহলে এই সমস্ত কথা প্রকৃতপক্ষে মূল্যহীন হয়ে পড়ে, যদি না এস্টিমেটেড ইনকাম এবং এ্যাক্সপেন্ডিচারের মধ্যে র‍্যাশনালিটি থাকে। বিভিন্ন দপ্তরে যে টাকা বাজেটে বরাদ্দ হয়েছে তার সঙ্গে খরচ হয় নি—এই যে র‍্যাশনালিটি ছিল না এই কথাই মাননীয় পঙ্কজ বাবু তুলে ধরার চেষ্টা করেছেন। তিনি বলেছেন বিভিন্ন দপ্তরের মধ্যে যে টাকাটা বরাদ্দ হয় খরচ করার সময় দুটোর মধ্যে একটা মিল থাকছে না। একটা বিরাট গরমিল দেখা দিচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এটা বলতে চাইছি যে, বামফ্রন্ট সরকারের বিভিন্ন দপ্তর বিভিন্ন ধরণের কাজের কথা বলে মানুষের সামনে একটা উচ্চ আশা তুলে ধরার চেষ্টা করছে, কিন্তু কার্য ক্ষেত্রে তারা সব দিক দিয়েই ব্যর্থতার পরিচয় দিচ্ছে। আমি প্রথমেই ইরিগেশন দপ্তরের চিত্রটা তুলে ধরতে চাই। বৃহৎ সেচ পরিকল্পনা গুলি ব্যর্থতায় পর্যবশিত হয়েছে। মুর্শিদাবাদ, মালদা জেলার গঙ্গা-পদ্মার ভাঙন, মহানন্দা-ফুলহার নদীর ভাঙন যেভাবে হচ্ছে তাতে হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষ চরম দুর্দশার মধ্যে পড়েছে। তাদের সেই দুর্দশা দূর করার কোন ব্যবস্থাই এই সরকার করছে না। আজকে আমি মাননীয় অর্থমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই, গত বছর ফ্লাডের সময় তিনি এবং মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের জেলায় গিয়েছিলেন। সেখানে তারা একটা মিটিং করেছিলেন, সেই মিটিং-এ আমাদের জেলার দু'জন মন্ত্রী এবং রিলিফ মন্ত্রীও উপস্থিত ছিলেন। সেখানে আমাকে প্রথমে যখন বক্তব্য রাখতে বলা হয়েছিল তখন আমি তাদের সামনে কয়েকটা কথা বলেছিলাম। আমি বলেছিলাম—বন্যায় যাদের বাড়ি সম্পূর্ণ ভেঙে গেছে তাদের ৫০০০ টাকা করে এবং যাদের বাড়ি-ঘর আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ২০০০ টাকা করে সরকার থেকে দেবার ব্যবস্থা করা হোক। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আপনি আমাদের ঐ দাবি মানেন নি। বাট ইউ অ্যাসিয়োর্ড ইন দি হাউস—যাদের বাড়ি সম্পূর্ণ ভেঙে গিয়েছে তাদের সকলকে ২০০০ টাকা করে এবং যাদের বাড়ি-ঘর পার্ট ভেঙে গেছে তাদের ১০০০ টাকা দেবেন। তারপর আমরা কি দেখলাম? যাদের বাড়ি-ঘর পার্সিয়ালি ভেঙে ছিল তাদের কাউকে আপনি এখন পর্যন্ত এক পয়সাও দেন নি, ইন্সপাইট অব ইয়োর অ্যাসিয়োরেন্স। আর যাদের বাড়ি-ঘর সম্পূর্ণ ভেঙে গিয়েছিল, সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছিল তাদের আপনি ২০০০ টাকা করে দেবেন বলেছিলেন, তাদের ক্ষেত্রেও ১ বছর পার হয়ে গেছে, আবার নতুনভাবে বান আসছে, মালদায় বান ঢুকে গেছে, ভাঙন শুরু হয়ে গেছে, তথাপি এখন পর্যন্ত আপনি গত বছরের সেই অ্যাপ্রুভড্ লিষ্ট বাই ডি. এম. তাদের সবাইকে ২০০০ টাকা করে দিতে পারেন নি। কোথাও অ্যাপ্রুভড্ লিষ্টের ৮০% 'কে, কোথাও ৯০% 'কে, কোথাও ৮৫% 'কে দিয়েছেন। এইভাবে যদি মুখ্যমন্ত্রীর সামনে আপনার দেওয়া প্রতিশ্রুতি ভঙ্গ হয় তাহলে আপনাদের সরকারের প্রতি কি মানুষের আস্থা থাকবে? এ তো গেল রিলিফের ব্যাপার। অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন দপ্তর বিভিন্ন সময় আপনাদের দপ্তরের কাছে যে দাবি জানিয়ে আসছে সে সম্বন্ধে আপনার দপ্তরের

কাছ থেকে কখনোই তারা উপযুক্ত সাড়া পায় না। বিশেষ করে ইরিগেশন দপ্তর যে দাবি গুলি জানিয়ে আসছে, সে সম্বন্ধে আপনার দপ্তর থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। আজকে মুর্শিদাবাদের ফারাক্কা থেকে আখেরিগঞ্জ, জলঙ্গী পর্যন্ত এবং মালদা জেলার মাণিকচক, কালীয়াচকের ভাঙন প্রতিরোধে আপনারা সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। ইন্সপাইট্ অব দ্যাট যে টাকা ১৯৯৭-৯৮ সালে ইরিগেশন দপ্তরকে দেওয়া হয়েছিল সেই টাকা তারা খরচ করতে পারেন নি। সেজন্যই এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল প্রসঙ্গে আমি বলছি, আপনারা আমাদের সামনে বাজেট পেশ করেছিলেন, আমরা তার ওপর কাট্ মোশান দিয়েছিলাম, কিন্তু আমাদের কাট্ মোশান ফেল্ করেছে। তা সত্ত্বেও আমি বলতে বাধ্য হচ্ছি, আপনাদের বিভিন্ন দপ্তর তাদের কর্মসূচী রূপায়নে সম্পূর্ণ ব্যর্থ। সরকার পক্ষের সদস্যরা বলছেন, আপনি অত্যন্ত দক্ষ অর্থমন্ত্রী। আপনার দক্ষতায় পশ্চিম বাংলার বিভিন্ন দপ্তরের কাজের মধ্য দিয়ে বিভিন্ন ধরণের উন্নয়ন হবে। যারা বি. পি. এল. তাদের অর্থনৈতিক উন্নয়ণ হবে। বিভিন্ন দিক দিয়ে নাকি তাদের আরো ওপরে নিয়ে আসার চেষ্টা করবেন। কিন্তু প্রকৃত চিত্র আমরা কি দেখছি? সমস্ত দিক দিয়ে আপনাদের সব দপ্তরই ফেল্ করছে। এই জিনিসটাই আমি আপনার কাছে বলতে চাই। পুলিশ দপ্তরের কথা পঙ্কজবাবু বলেছেন। আইন-শৃঙ্খলার কি অবস্থা! পুলিশ মন্ত্রী নিজেই স্বীকার করছেন, চুরি-ডাকাতি, রাহাজানি, নারী ধর্ষণ বাড়ছে। গত কালকের কাগজে জেল দপ্তরের একটা চিত্র প্রকাশ পেয়েছে। বহরমপুর জেলের মধ্যে কয়েদী মহিলা ধর্ষিতা হয়েছেন।

[3.10–3.20 p.m.]

এই যেখানে চিত্র পশ্চিমবঙ্গের যে জেলের মধ্যে একজন মহিলা কয়েদীকে আর একজন কয়েদী ধর্ষণ করছে সেখানে জেলের এ্যাডমিনিষ্ট্রেশান কোথায় গিয়েছে সহজেই অনুমেয়। এর থেকেই বোঝা যায় যে আজকে পশ্চিমবঙ্গের গোটা এ্যাডমিনিষ্ট্রেশানটাই ফেল করেছে। কাশেম সাহেব যাই বলুন না কেন, আপনারা প্রতিটি জায়গায় ফেল করেছেন, ইন এভরি স্পেয়ার অব লাইফ আপনাদের ফেলিওর সকলের চোখেই পড়েছে। এইসব কারণেই আপনার বিলের আমি বিরোধিতা করছি। আজকে শিক্ষা দপ্তরের কি অবস্থা? প্রাথমিক শিক্ষার কথা অসিত মিত্র মহাশয় বলবেন, আমি সেকথা বলছি না। কিন্তু আজকে একাদশ- দ্বাদশ শ্রেণীতে ভর্তি নিয়ে যে অরাজকতা চলছে সে কথা সকলেই বলেছেন। '৯৭/৯৮ সালেও একই অবস্থা হয়েছিল। কাশেম সাহেব বললেন, টাকা বরাদ্দ হয়েছিল, এষ্টিমেট হয়েছিল। কিন্তু তা খরচ হল না কেন? আজকে এতো প্রবলেম, এতো সমস্যা যে খরচ হল না। আজকে সিলেক্ট কমিটির একটা রিপোর্ট আমরা প্লেস করেছি এবং তাতে বলেছি যে ওয়ান ফোর্থ অব দি বাজেট শিক্ষার জন্য খরচ হচ্ছে কিন্তু তার ৯৫ পারসেন্টই চলে যাচ্ছে বেতন বাবদ খরচে। কেন ডেভালপমেন্ট হচ্ছে না? ডেভালপমেন্ট করার জন্য যে টাকা দেওয়া হচ্ছে কেন তা খরচ হচ্ছে না তার জবাব আপনাদের দিতে হবে। আপনি রিভাইজড বাজেটের কথা বললেন কিন্তু এ্যাকচুয়ালি খরচই যদি না হয় তাহলে সমস্যার সমাধান হবে কি করে? একাদশ, দ্বাদশ শ্রেণীটা

কলেজ থেকে স্কুলে নিয়ে যাওয়া হল। ভালো কিন্তু সেখানে তার জন্য যে পরিকাঠামো বা ইনফ্রাষ্ট্রাকচার থাকার কথা তা কি আছে? নেই। ঢাল নেই, তরোয়াল নেই, নিধিরাম সর্দার হয়ে আপনারা বসে আছেন। কোন ব্যবস্থা নেই অথচ হাইস্কুলের মধ্যে সেটাকে নিয়ে যাচ্ছেন। সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি স্কুলের ব্যাপারে ৪/৫ বছর আগে শ্রী চিত্তরঞ্জন ব্যানার্জীর নেতৃত্বে এক সদস্যের একটি কমিটি করা হ'ল যে সিলেবাস কি ভাবে হবে তা ঠিক করার জন্য। সেখানে দুটির মধ্যে সমন্বয় না থাকার জন্য প্রবলেম বিকামিং মোর এ্যান্ড মোর এ্যাকিউট হয়ে গেল। তারপর হাইস্কুলগুলিতে শিক্ষকদের পদ ভেকেন্ট হয়ে পড়ে থাকছে। গতকালই শিক্ষামন্ত্রী বললেন যে কত প্রধান শিক্ষকের পদ খালি আছে। এতদিন কেন ভেকেন্ট থাকবে? হেড অব দি ইন্সটিটিউশান যদি না থাকে তাহলে সেগুলি চলবে কি করে? জাহাজের ক্যাপ্টেনই যদি না থাকে তাহলে সেই জাহাজ কি চলে? আজকে এখানে কলেজে প্রিনসিপ্যাল নেই, হাইস্কুলে হেড মাস্টার নেই—এই অবস্থা চলছে। সমস্ত দপ্তরের অবস্থাই এই রকম। বিশেষ করে শিক্ষা দপ্তর তো সর্বস্বান্ত হয়ে গিয়েছে। তারপর ২৯.৬.৯৯ তারিখে একটা সার্কুলার পাঠালেন এবং তাতে বললেন যে '৮৫ সালের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত যারা রিটায়ার করেছেন তারা '৮১ সালের স্কেলের বেনিফিট পাবেন। গত বছর ১৫ই জুন একটা সার্কুলার বার করলেন এবং তাতে বললেন যে সব শিক্ষক কনসোলিডেটেড পেনশন পাবেন ৩১.১২.৮৫ পরেও যারা রিটায়ার করেছেন তারাও পাবেন। আবার ২৯শে জুন একটা সার্কুলার বার করলেন তাতে বললেন যে পেনশন রিভিশান হবে তাদেরই কেবলমাত্র—দোস উইল গেট দি বেনিফিট যারা ৩১.১২.৮৫ তারিখের আগে রিটায়ার করেছেন বা মারা গিয়েছেন। এইভাবে একটা পার্টিকুলার ডেট ধরা হচ্ছে কেন? সেই ডেট পর্যন্ত তারা বেনিফিট পাবেন, তারপর যারা শিক্ষক রিটায়ার করেছেন, কনসোলিডেটেড পাবেন কিন্তু বেনিফিট পাবেন না। কান্তিবাবুর এই যে জেদ যে, ১৯৮১ সালের স্কেলে যারা ৬৫ বছর চাকুরী করছেন তাদের যত রকমে পারা যায় সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করতে হবে। এই যে রাজত্ব চলছে, এটা একটা জেদের রাজত্ব চলছে, এই জিনিসগুলি আমি আপনার সামনে তুলে ধরতে চাইছি। আজকে স্বাস্থ্য দপ্তরের কি অবস্থা? আমি গাঁয়ের মানুষ। সেখানে হাসপাতাল আছে তো ডাক্তার নেই, ডাক্তার আছে তো ঔষধ নেই। আমার কন্সটিটিউয়েন্সিতে ৩টি সাবসিডিয়ারী হেলথ সেন্টার আছে। কোন হেলথ সেন্টারে ডাক্তার নেই। আমার জঙ্গীপুর সাব ডিভিশন্যাল হাসপাতালে কোন এ্যাম্বুলেন্স নেই, এক্স-রে মেসিন নেই, এস. ডি. এম. ও নেই। সেখানে মিউজিক্যাল চেয়ারের মত এক একজন ডাক্তারকে ৩।৪ মাস অন্তর এস. ডি. এম. ও. পদে বসানো হচ্ছে। সেখানে সাপে কামড়ানোর ঔষধ নেই, কুকুরের কামড়ানোর ঔষধ নেই। আজকে এই অবস্থা স্বাস্থ্য দপ্তরে হয়ে আছে। তবুও আমরা বিভিন্ন দপ্তরের জন্য বাজেট বরাদ্দ করছি। আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এ্যাপ্রোপ্রিয়েশান বিল নিয়ে এসেছেন। যদিও এটা পাশ হয়ে যাবে, কিন্তু তবুও নীতিগত ভাবে এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.20–3.30 p.m.]

**Md Yaqub :**

قابل عزت، عزت مآب نائب صدر! وزیر خزانہ نے مغربی بنگال

Appriopriation Bill no. 2 جو پیش کیا ہے ہم اسکی حمایت کرتے ہوئے

دو چار باتیں آپ کے سامنے رکھنا چاہیں گے۔

ہمارے فاضل دوست پنکج بنرجی جو تجربہ کار ہیں اور کافی دنوں سے اسمبلی میں قیادت کر رہے ہیں۔ انہوں نے بہت ساری باتیں آپ لوگوں کے سامنے رکھیں۔ میں ان کے لئے یہ کہونگا کہ — دل ناداں تجھے ہوا کیا ہے۔ غالب کا یہ شعر ہے ؎

دلِ ناداں تجھے ہوا کیا ہے<br>
آخر اس مرض کی دوا کیا ہے

ساتھ ساتھ غالب صاحب یہ فرماتے ہیں کہ

مجھکو ہے اُن سے وفا کی اُمید<br>
جو نہیں جانتے وفا کیا ہے

تو ہم یہ کہنا چاہتے ہیں (آواز: وفا کیا ہے؟ --- بعد میں سمجھائیں گے)

تو ہم یہ کہنا چاہیں گے کہ ان کے تمام سوالات کے جواب میں ہمارے عزیز دوست پروفیسر مصطفیٰ بن قاسم نے تفصیل سے ~~خ~~ اپنے مخصوص انداز میں سمجھانے کی کوشش کی ہے۔ ہمارے مخالف فاضل دوست نے مخالفت کرتے ہوئے بہت ساری باتیں کہی ہیں جیسے مغربی بنگال میں ترقی نہیں ہوئی ہے ہم آگے نہیں بڑھے ہیں اور وزیر خزانہ نے ~~ھو~~ بجٹ خاکے میں جو روپئے دیئے ہیں وہ وقت پر خرچ نہیں کر سکے۔ اس کے بارے میں سوال وہ اٹھا رہے تھے۔ لیکن آن کو یہ سمجھنا چاہیئے کہ خرچ کہاں کیونکر کریں۔

سلسلہ ... جاری ہے

یہ بات انکو تفصیل سے سمجھنا چاہئے کیونکہ وہ خود تجربہ کار ہیں - وہ بجلی کے بارے میں کہہ رہے تھے - لیکن میں ان سے کہونگا کہ میں کل ہی واپس آیا ہوں آٹھ روز بعد - بنگال سے بہار یوپی تمام جگہوں سے ہو کر ہم آتے ہیں - چاہئے بنارس کہئے، لکھنو کہئے، بہار میں پٹنہ کہئے جہاں پر بجلی آٹھ گھنٹہ سولہ گھنٹہ نہیں ہے لیکن ہمارے مغربی بنگال میں بجلی کی ترقی ہوئی ہے یا نہیں یہ تو ان کو کہنے سے پہلے دیکھنا چاہئے وہ کہہ رہے ہیں کہ پنچایت کا کوئی کام نہیں ہوتا ہے، روپئے خرچ نہیں ہوتے ہیں - لیکن گذشتہ ۲۳/۲۴ سال کی یہ تاریخ ہے پورے ہندوستان میں کہ ہم نے پنچایت کے ذریعے کارہائے نمایاں انجام دیئے ہیں - بنگال سے باہر جائیے پنچایت کا کوئی سسٹم نہیں ہے آج تھوڑا بہت چالو ہو رہا ہے لیکن اس سلسلے میں بنگال ایک مثال ہے - ان کے زمانے میں جب وہ یہاں حکومت میں تھے ان لوگوں نے کبھی گاؤں دیہات کے کسانوں کے بارے میں، گاؤں دیہات میں رہنے والے لوگوں کے بارے میں کبھی سوچا نہیں - انہوں نے کبھی یہ سوچا نہیں کہ وہاں سڑک بننا چاہئے، پانی کا انتظام ہونا چاہئے، بجلی کا مکمل انتظام ہونا چاہئے لیکن آج بائیں محاذ کی حکومت میں یہ ہم ضرور کہہ سکتے ہیں کہ ۲۳ ~~[illegible]~~/۲۴ سال ~~کے اندر~~ سے پنچایت کے ذریعے تمام کام کو انجام دینے کی کوشش ہو رہی ہے - یہ ہم نہیں کہہ رہے ہیں کہ کام مکمل ہو چکا ہے ایسی بات نہیں ہے اس کا دعویٰ ہم نہیں کرتے ہیں لیکن وزیر خزانہ جو روپئے بجٹ میں اخراجات کے لئے مختص کرتے ہیں، وہ ہمیشہ کوشش کرتے ہیں کہ وہ ہر خانے میں ~~اخراجات~~ خرچ ہوں - ہم کہنا چاہیں گے ہمارے فاضل دوست سے کہ مخالفت کرنے سے پہلے ان کو سوچنا چاہئے -

کہنے کو بہت کچھ تھا جو کہنے پہ ہم آئے
ان کو یہ شکایت ہے کہ ہم کچھ نہیں کہتے

تو ہم یہ کہیں گے کہ یہ تمام باتیں ان کو اچھی طرح سمجھنا چاہئے - جہاں تک Law and order کا سوال ہے دوسری جگہوں اور یہاں مغربی بنگال میں

سلسلہ ..... جاری ہے

کافی فرق ہے - ایسا ہم نہیں کہیں گے کہ یہاں قتل نہیں ہوتا - زناکاری نہیں ہوتی
یہ بھی ہم نہیں کہیں گے کیونکہ ہمارا جو سماج ہے ہماری سوسائٹی کا جو ڈھانچہ
ہے اس کے اندر رہ کر یہ دعویٰ ہم کبھی نہیں کرتے کہ تمام برائیاں ختم ہو جائے
گی تمام ظلم ختم کر دیئے جائیں گے لیکن اسی دائرے میں رہ کر ہمارے ملک کا
جو موجودہ ڈھانچہ ہے جو قانون ہے جو دستور عمل ہے جو نظام ہے اس کے اندر
رہنے کے باوجود ہم کام کرنے کی کوشش کر رہے ہیں - مخالفت کرنا تو ان کا
کام ہے وہ چاہتے ہیں کہ اخبار میں مخالفت کرتے ہوئے ان کے نام آجائیں - وہ
لوگوں کو سمجھانے کی یہ کوشش کرتے ہیں کہ وہ انکی باتوں کا سخت مخالفت کرتے ہیں
سائڈ ساتھ انہوں نے ایجوکیشن کا تعلیم کا ذکر کیا ہے - کیا تعلیم میں پہلے سے
۲۴ سال کے اندر ترقی ہوئی ہے یا نہیں اس مد میں خرچ ہوا ہے کہ نہیں - آپ
کہیں گا کہ جو روپئے آپکو خرچ کرنے کا ہے وہ آپ نے پورا خرچ نہیں کیا - لیکن
خرچ کرنے کا ذریعہ کہاں ہے ؟ راستہ کیا ہے ؟ روپئے جب آئیں گے اس کے
بعد ہی نا خرچ کیئے جائیں گے - تو آپ کو یہ بھی سوچنا چاہیئے - ہم زیادہ
اور کچھ نہیں کہیں گے ہم اپنے فاضل دوست کے لیئے ایک لطیفہ پیش کرتے ہوئے
Appropriation Bill No. 2 کی حمایت کرتے ہوئے اپنی بات ختم کرنے

سے پہلے ان سے یہی کہیں گے کہ ایک بیچارہ گاؤں کا بوڑھا دوڑتے ہوئے ڈاکٹر
کے پاس آیا - ڈاکٹر صاحب سے کہا کہ ہمارے پیٹ میں بہت درد ہو رہا ہے
ڈاکٹر صاحب نے ان کو Examine کیا - اس کے بعد ڈاکٹر صاحب نے میاں
سے پوچھا کہ آپ نے صبح کو کیا کھایا ہے تو بڑے میاں نے کہا کہ صبح کو جب گھر سے
ہم نکل رہے تھے تو گھر والی نے انڈا دیا تھا ہم نے کھا لیا - تو آپ نے دوپہر کو
کیا کھایا تھا ؟ تو اس نے کہا کہ دوپہر کو لڑکی کے سسرال گئے تھے سمدھی نے ہمکو
گوٹا (پوری) مرغی کھلائی ہے - ڈاکٹر صاحب نے پھر دوبارہ ان کے پیٹ کا
Examine (معائنہ) کیا اور کہا کہ بڑے میاں آپ کے پیٹ کو کاٹنا پڑے گا - اب
بڑے میاں کو بہت حیرانی ہوئی کہ پیٹ کیوں کاٹنا پڑے گا - پیٹ میں درد ہو رہا ہے
اور پیٹ کاٹنا پڑے گا ؟ - ڈاکٹر صاحب نے کہا کہ صبح کو آپ نے انڈا کھایا ہے
سلسلہ جاری ۰۰۰۰ ۴۲

اور سمدھی کے یہاں مرغی تو تمام مرغی کھائی ہے آپ نے - اب انڈے کے اوپر مرغی بیٹھ چکی ہے - اب بچہ دے گی اس لئے پیٹ کاٹنا پڑے گا - ہم اپنے فاضل دوست سے یہی کہنا چاہتے ہیں - یہی بات کہہ کے Appropriation Bill No. 2 کی مخالفت کرتے ہوئے ہم اپنی باتیں ختم کرتے ہیں - شکریہ!

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী যে এ্যাপ্রোপিয়েশান বিল এখানে এনেছেন আমি তার বিরোধিতা করছি। কারণ এই এ্যাপ্রোপিয়েশান বিলের মাধ্যমে যে টাকা উনি পাশ করিয়ে নিতে চাইছেন, এই হাউসের কাছে প্রতিশ্রুতি অনুযায়ী যে টাকা উনি ব্যয় করবেন বলছেন, আমাদের অতীতের অভিজ্ঞতা অনুযায়ী আমরা দেখেছি যে প্রতিশ্রুতি উনি দেন সেই প্রতিশ্রুতি উনি পালন করেন না। যথাযথ ভাবে অর্থ ব্যয় হয় না। সেই কারণে আজকে এই বিলকে সমর্থন করতে পারছি না। আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন ক্ষেত্রে যে অর্থ বরাদ্দ হয় সেই অর্থ ব্যয় করার ক্ষেত্রে সরকারের চূড়ান্ত ব্যর্থতা। আমি প্রথমে শুরু করছি সাংসদদের টাকা নিয়ে। আমাদের পশ্চিমবাংলায় ৪২ জন সাংসদ আছেন লোকসভায় এবং রাজ্য সভায় ১৬ জন। ১৯৯৩ সাল থেকে এলাকার উন্নয়নের জন্য সাংসদদের টাকা দেওয়া হয়। আগে ১ কোটি টাকা করে দেওয়া হত, সম্প্রতি এটা বাড়িয়ে হয়ত দেড় কোটি টাকা করা হয়েছে এলাকার নারসিং-এর জন্য। সাংসদরা যে টাকা পান তা গুরুত্বপূর্ণ খাতে টাকা খরচের জন্য টাকা পান। সেই টাকা ব্যয় করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ, ভারতবর্ষের অধিকাংশ রাজ্যের থেকে পিছিয়ে, সেই টাকা ব্যয় করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের সাফল্য অন্যান্য রাজ্যের তুলনায় অনেক পিছিয়ে আছে। যে টাকা এই রাজ্যের সাংসদদের বরাদ্দ করা হয়েছে, বরাদ্দের ৮১ শতাংশ অনুমোদন হয়। কিন্তু যেখানে সর্ব্বভারতীয় ক্ষেত্রে শতকরা ৬৪ ভাগ খরচ করতে পেরেছে সেখানে পশ্চিমবাংলা মাত্র শতকরা ৫৬ ভাগ খরচ করতে পেরেছে। এর ফলে কি হয়েছে স্যার? ফলে সমস্যা হয়েছে যে, যে টাকা সাংসদরা তাদের এলাকার নারসিং-এর জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেতেন সেই টাকা তারা পাচ্ছেন না। ২৯০ কোটি টাকার জায়গায় ১২৫ কোটি টাকা পেয়েছে। পেল না কেন? এর একটা গাইড লাইন আছে। যে টাকাটা আগে দিয়েছিল সেই টাকাটা ঠিক ঠিক মত খরচ হলে তবে নেক্সট ইয়ারের টাকাটা আসবে। কিন্তু এমনই পারফরমেন্স যে ঠিক ঠিক মত খরচ হতে পারছে না।

[3.30–3.40 p.m.]

ফলে পাওনা টাকা আজকে তারা পাচ্ছে না। এই রকম একটা অবস্থা, এই জিনিস চলছে। এ নিয়ে এম. পিদেরও যথেষ্ট অভিযোগ আছে। এ নিয়ে সারা রাজ্যে হৈ চৈ

হয়েছে। আমি প্রাসঙ্গিক বলে একটা দৃষ্টিভঙ্গীর কথা বলি, উন্নয়নের ক্ষেত্রে—গ্রামীণ উন্নয়ণ, এলাকার উন্নয়ণের জন্য যে টাকা সেই টাকা ঠিকমত ব্যয়িত হচ্ছে না। অপরিকল্পিত ভাবে ব্যয়িত হচ্ছে, নানা সংকীর্ণ দৃষ্টিভঙ্গী সেখানে কাজ করছে। জনপ্রতিনিধিদের এই উন্নয়ণ প্রকল্পে যে ভূমিকা থাকা দরকার, তাদের স্বীকৃতির মর্যাদা এই রাজ্যের সরকার দিচ্ছে না। এটা অত্যন্ত বেদনার কথা। কেন্দ্রীয় সরকার জনপ্রতিনিধিদের এলাকার উন্নয়নে অংশগ্রহণ করবার জন্য, তার স্বীকৃতি হিসাবে এককোটি করে টাকা দিত। এখন সেটাকে বাড়িয়ে দু'কোটি করেছে। ফলে রাজ্যের ক্ষেত্রে যারা জনপ্রতিনিধি, যারা জনগণের কাছে এলাকার উন্নয়নের ব্যাপারে দায়বদ্ধ, এলাকার উন্নয়নের ব্যাপারে এলাকার মানুষের যেখানে জনপ্রতিনিধিদের কাছে একটা আশা থাকে যে, তারা একটা ভূমিকা পালন করবে—আপনি স্যার, অনেক পুরনো লোক, আপনি দেখেছেন, এখানে গণতন্ত্রের নামে এম. এল. এদের কোন ভূমিকা নেই। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এম. পি. রা যেমন স্বীকৃতি পেয়েছেন, তেমনি এম. এল. এরাও স্বীকৃতি পাচ্ছেন। অন্ধ্রপ্রদেশে সেখানে এম. এল. এরা ৫০ লক্ষ করে টাকা পান, তাদের এলাকার নার্সিংয়ের জন্য দেওয়া হয়। তারা তাদের এলাকার উন্নয়ণের ব্যাপারে প্রকল্প রচনা করেন। বিহারে এম. এল. এদের ২০ লক্ষ করে টাকা দেওয়া হয়। গুজরাটে তারা ২৫ লক্ষ করে দেন। উত্তর প্রদেশে ৫০ লক্ষ করে টাকা দেওয়া হয়। তামিলনাড়ুতে ৩৫ লক্ষ করে টাকা দেওয়া হয়। অসমে ৫০ লক্ষ করে এবং মহারাষ্ট্রে ৫০ লক্ষ করে টাকা দেওয়া হয়। আমরা বারংবার করে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি। এই উন্নয়ণ প্রকল্পগুলোতে টাকা সরকার পেমেন্ট করবে। এই প্রকল্পে বিভিন্ন সদস্য তাদের মতামত যাতে স্থান পায়, এটা স্বাভাবিক, কিন্তু রাজ্য সরকার ন্যূনতম মর্যাদা তাদের দেবেন না। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেখানে তাবা এই স্বীকৃতি পাচ্ছেন, পশ্চিমবঙ্গে রাজ্য সরকারের ক্ষেত্রে এই স্বীকৃতি দেওয়ার ক্ষেত্রে অন্তরায় কোথায় এটা আমরা বুঝতে পারছি না। এর ফলে একটা ইম্বালান্স এসে যাচ্ছে, বিভিন্ন দৃষ্টিভঙ্গী কাজ করছে। একটা সুসংহত দৃষ্টিভঙ্গী সেখানে কাজ করছে না, যেহেতু জনপ্রতিনিধিদের মতামত সেখানে স্থান পাচ্ছে না। অর্থ ইউটিলাইজেশানের ক্ষেত্রে কেন্দ্রীয় গ্রামোন্নয়ণের ক্ষেত্রে—জে আর ওয়াই, এম ডব্লু এস, ইএএস, ডি ডব্লু সি, এস আই টি আর এ ইত্যাদি কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত গ্রামোন্নয়ণের টাকা রাজ্য সরকার খরচ করতে পারছে না। আমি কোন অভিযোগ আনছি না, আমাদের এই বিধানসভায় গত ১৪ই জুন জনৈক মাননীয় সদস্যের প্রশ্নের জবাবে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী উত্তরে বলেছেন যে, ১৯৯৮ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত গ্রামোন্নয়ন খাতে যে টাকা সরকার খরচ করতে পারে নি, তার পরিমাণ হচ্ছে ৪৯ কোটি ৭১ লক্ষ ৬১ হাজার ৯৭০ টাকা। এই হাউসে গত ১৪ই জুলাই বিভাগীয় মন্ত্রী এই কথা বলেছেন। গতকাল সূর্যকান্ত মিশ্র মাননীয় সদস্য তপন হোড়ের প্রশ্নোত্তরে বলেছেন যে দশম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকারের বরাদ্দপ্রাপ্ত অর্থ যেটা ১৯৯৭-৯৮ সালে এবং ১৯৯৮-৯৯ সালে ১০৪ কোটি ২০ লক্ষ টাকা পাওয়া গেছে তার মধ্যে এই সরকার খরচ করতে পেরেছে মাত্র ৫৪ কোটি ৪৮ লক্ষ ৩৮ হাজার ৩০ অর্থাৎ ৪৯ কোটি ৭১ লক্ষ ৬১ হাজার ৯৭০ টাকা

রাজ্য সরকার খরচ করতে পারে নি। এটা গতকাল সূর্যকান্তবাবু এই কথা বলেছেন। সুতরাং সেখানে গ্রামোন্নয়ন ব্যাহত হচ্ছে। সরকার বরাদ্দকৃত অর্থ খরচ করতে পারে নি এবং এটা একটা ব্যর্থতার পরিচয় দিচ্ছেন। অষ্টম যোজনাকালে ৯৯৫ কোটি টাকা পাওয়া গেছে। রাজ্য সরকার তার ২৪ শতাংশ খরচ করতে পারে নি। অষ্টম যোজনাকালে আমরা দেখতে পেয়েছি কেন্দ্রীয় সরকারের সাহায্যপ্রাপ্ত যে কর্মসূচীগুলো ছিল সেখানে ১১২৯ কোটি টাকা রাজ্য সরকার নিজস্ব খাতে খরচ না করে ডাইভারসিফিকেশান অফ ফান্ড করে এই জিনিস চালাচ্ছে। মাননীয় অর্থমন্ত্রীর কাছে বিকল্প অর্থনীতির কথা শুনেছি—একটা আত্মনির্ভরশীল, সেলফ রিলায়েন্স, সেলফ ইনডিপেনডেন্ট এইসব কথা শুনিয়ে বলেছিলেন যে, বিদেশী পুঁজির উপরে যাতে নির্ভরশীলতা কমে তার ব্যবস্থা করতে হবে। বিদেশী পুঁজির উপর নির্ভরশীলতার বিরোধিতা করেছিলেন। কিন্তু সেখানে আমরা দেখতে পাচ্ছি বিদেশী পুঁজির উপরে এবং বিদেশী ঋণের উপরে কিভাবে চাপ বাড়ছে। আমি এই ব্যাপারে কোন ওয়াইল্ড অভিযোগ করছি না। গত বছরে ২৩শে ডিসেম্বর এই বিধানসভার প্রশ্নোত্তরে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে, এই রাজ্যের ১২টি প্রকল্পে ৪,৭৩০ কোটি ৯৩ লক্ষ টাকার বিদেশী ঋণ খাটছে। গত দু দিন আগে বাজেট ভাষণে নগর উন্নয়ণ দপ্তরের মন্ত্রী বললেন যে, তাদের কাজের পারফরমেন্সের জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং এশিয়ান ডেভলাপমেন্ট ব্যাঙ্ক সার্টিফিকেট দিয়েছে। আপনি তো এই বিদেশী ঋণের বিরোধিতা করে বলেন আর উনি ওদের দেওয়া সার্টিফিকেট মাদুলী করে রেখে দেবার কথা বলেছেন। ওয়ার্ল্ড ব্যাঙ্ক যে সার্টিফিকেট দিয়েছে সেটা আবার মাননীয় মন্ত্রী পড়িয়ে শুনিয়েছেন। সেখানে মহানগরীর উন্নয়নের জন্য ২ হাজার কোটি টাকা ব্যয় হবে। ১ হাজার কোটি টাকা এশিয়ান ডেভলাপমেন্ট ব্যাঙ্ক দেবে আর ১ হাজার কোটি টাকা ওয়ার্ল্ড ব্যাঙ্ক দেবে। এইভাবে বিদেশী ঋণ নেওয়া হচ্ছে। এটা এমনি এমনি নয়, এটা শর্ত সাপেক্ষ এবং এর ফলে জনসাধারণের উপরে বাড়তি করের বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। জল কর বসানোর ব্যাপারে আপনি বলেছিলেন যে, পানীয় জলের উপরে কর বসানো হবে না, কিন্তু আজকে আমরা কি দেখছি—জলের উপরে কর বসিয়ে দিয়েছেন। ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং এশিয়ান ডেভলাপমেন্ট ব্যাঙ্ক স্যাটিসফায়েড হয়ে সার্টিফিকেট দিয়েছে এবং মহানগরী উন্নয়নের জন্য ২ হাজার কোটি টাকা ঋণ দিয়েছে। বিশ্বব্যাঙ্কের এই ঋণ পরিশোধ করবার জন্যে টোল ট্যাক্স বেশী ধার্য করা হয়েছে। তারপরে জাপানী সংস্থা ও ই সি এফের কাছ থেকে ৩,৭৭১.১২ লক্ষ টাকায় ৪টি বিদ্যুৎ প্রকল্প যথা বক্রেশ্বর প্রকল্পের জন্য সাড়ে ১২ পার্সেন্ট সুদ দিতে হচ্ছে। ফলে আ... বিদেশী ঋণের জন্য জনগণের উপরে করের বোঝা চাপান হচ্ছে।

[3.40–3.50 p.m.]

অথচ বলছেন বাজেট পেশ করার সময় এই সরকার বিকল্প অর্থনীতির নীতি গ্রহণ করে চলেছেন, কার্যতঃ কেন্দ্রীয় সরকার এর অর্থনীতিকে সেই ভাবে অনুসরণ করে চলেছেন। এইভাবে আপনি ব্যয়বরাদ্দ করছেন। অথচ ভিন্ন নীতি গ্রহণ করছেন বলছেন, তার হালটা কি? আমি একটা খুব করুণ চিত্রের কথা বলছি, রাজারহাটে নিউ

ক্যালকাটা টাউনশিপ হাউসিং ডিপার্টমেন্টের সেটা আড়ম্বর করে অনুষ্ঠান করে করা হল, মন্ত্রী গেলেন, ওরা গেলেন, বলা হল, সমস্ত কৃষকদের কাছ থেকে জমি নেওয়া হচ্ছে, জমি হস্তান্তর বাবদ মূল্য বাবদ চেক পাওয়া যাবে। অনুষ্ঠানে মন্ত্রী নিজে হাতে করে চেক দিয়েছেন। কিন্তু মজাটা কি হল, সেই চেক এনক্যাশ হল না। স্যার, অদ্ভুত ব্যাপার, মন্ত্রী চেক দিচ্ছেন, সেই চেক ২৪ পরগণার ট্রেজারীর, ৬ কোটি টাকা দিয়েছেন, সেই চেক ডিজঅনার বা ট্রেজারী থেকে ফিরে আসবে এটা কেউ ভাবতে পারেনি। ৬ কোটি টাকার মধ্যে দেড় কোটি টাকা এনক্যাশ হয়েছে। বাকি টাকাটা এখনও হয়নি। ট্রেজারী বলেছে, আমাদের আগে থেকে জানান হয়নি। আমাদের যেমন যেমন বলেছে তেমনি তেমনি দিয়েছি। যেমন যেমন আসবে তেমন তেমন দেব। যদি বলেন আমি চেক নাম্বারও দিতে পারি। আজকে জনগণকে এক রকম বলছেন, আর ফান্ডের কি অবস্থা! এতো এক রকম মিথ্যাচার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে শিক্ষার জন্য আপনি টাকা চেয়েছেন, বারবার আমাদের কাছে টাকা চান, বরাদ্দ করে বলেন স্কুল করে দেবেন। শিক্ষক নিয়োগ হবে। সার্বজনীন শিক্ষার কথা শোনান। ২ বছর ধরে বাজেট স্পীচগুলি দেখুন, ২ বছর ধরে ২ হাজার স্কুল হয়ে গেছে, আসলে কি অবস্থা কয়েকদিন আগে ৭ই জুলাই আমার এক প্রশ্নোত্তরে মাননীয় শিক্ষামন্ত্রী কান্তি বিশ্বাস স্বীকার করতে বাধ্য হয়েছিলেন, প্রতিশ্রুতি ছিল যে ২ হাজার স্কুল হবে, তার মধ্যে ৭ শত স্কুল হয়েছে। তাহলে ২ হাজার স্কুল করবেন বলে শিক্ষক নিয়োগ করবেন বলে আপনি টাকা চেয়েছিলেন, আমরা অনুমোদন দিয়েছিলাম সেটা কিছু করতে পারলেন না। আজকে স্কুলগুলির কি অবস্থা? আমাদের এখানে সাবজেক্ট কমিটির চেয়ারম্যান আছেন তিনি কি রিপোর্ট দিয়েছেন, যা দিয়েছেন সেটা এ্যামাজিং। ২ হাজার ৪৮৪ টি বিদ্যালয় খোলা আকাশের নীচে, ১১ হাজার ২০৪টি স্কুল প্রথম থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত আছে এদের একটি ঘরের মধ্যে বসতে হচ্ছে অর্থাৎ ওয়ান রুম স্কুল। ৪ হাজারের মত স্কুল আছে যেখানে ৪টি ক্লাস নিয়ে চলছে, ১ জন শিক্ষক। গোয়াল ঘরের মত বসে আছে। আপনি নোবেল জয়ী অর্মত্য সেন-এর সঙ্গে কথা বললেন, আমাদের থেকে টাকা চেয়েছেন, কিন্তু আজকে কি অবস্থা? এর জন্য তো টাকাও দেওয়া হয়, শিক্ষার জন্য টাকা চাইছেন কিন্তু এ্যাকচুয়াল পজিশানটা কি, প্রপার ইউটিলাইজেশান হচ্ছে না। আপনাদেরই ভ্রান্ত শিক্ষানীতির জন্য। শিক্ষায় আপনাদের দলীয় সংকীর্ণ রাজনীতি যে ভাবে ঢুকেছে, শিক্ষার মান পশ্চিমবাংলায় আগে যা ছিল, সারা ভারতবর্ষের মধ্যে উপরের দিকে ছিল, সেখান থেকে ১৭ তম স্থানে নেমে এসেছে। রেজাল্ট কি হচ্ছে, আই. এ. এস. পরীক্ষায় ৪৭৫ জনের মধ্যে ১জন মাত্র কৃতকার্য হয়েছেন। এলিজিবিলিটি টেস্ট কলেজ সার্ভিস কমিশনে গভর্ণমেন্ট-কলেজে প্রফেসার রিক্রুটমেন্ট ৬ শতাংশের নীচে। এই হচ্ছে আমাদের সর্বভারতীয় শিক্ষার অবস্থা। আমরা আগামী প্রজন্মকে এর ফলে একটা মারাত্মক অবস্থার দিকে ঠেলে দিচ্ছি। ফ্রম এ্যাকাডেমিক পয়েন্ট অফ ভিউ আপনারা কিছু ভাবছেন না, সর্বত্র এ্যাপয়েন্টমেন্ট হচ্ছে দলীয় সংকীর্ণ দৃষ্টিভঙ্গীকে রেখে যেমন রমেন পোদ্দার থেকে শুরু করে সুরভি বন্দ্যোপাধ্যায়, ভারতী রায় সর্বত্র যদি দেখেন একই অবস্থা দেখবেন।

আজকে এ্যাকাডেমিক ইন্টারেস্ট থেকে নয়, এ্যাকাডেমিক কোয়ালিফিকেশান থেকে নয়, যারা আপনাদের ইয়েসম্যান সেই দলীয় লোকেদের আপনারা শিক্ষাক্ষেত্রে বসিয়ে দিচ্ছেন, এই জিনিসটা আজকে চলছে। শিক্ষাকে আপনারা এই রকম একটা জায়গায় নিয়ে গেছেন। ফলে শিক্ষার মান নিম্নগামী হতে বাধ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অনেক স্কুলে হেডমাস্টার নেই, সেটা আমি ছেড়েই দিলাম। কিন্তু পুলিশ খাতে আমরা টাকা দিচ্ছি, পুলিশ খাতে ব্যয়-বরাদ্দ প্রতি বছর বাড়ছে, কিন্তু আমরা কি দেখছি। আইন-শৃঙ্খলার যারা রক্ষক, তারাই আজকে ভক্ষক। আমরা দেখতে পেলাম পুলিশের নাকের ডগায় ১১ লক্ষ টাকা ব্যাঙ্ক ডাকাতি হয়ে গেল, এছাড়া ট্রেন ডাকাতি, ছিনতাই, খুন, ধর্ষণ এইসব জিনিস তো চলছেই। আপনি টাকা চাইছেন, আমরা দিচ্ছি, কিন্তু এই জিনিসগুলো আজকে বোঝার দরকার আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যুতের মত একটা অত্যাবশকীয় পরিষেবা, পশ্চিমবাংলায় সেই পরিষেবার অবস্থাটা কি। আজকে আট হাজারের মত মৌজায় বিদ্যুৎ নেই, আর যেখানে বিদ্যুৎ গেছে সেখানে একটা পোস্ট বসেছে, আর আপনি বলে দিয়েছেন বিদ্যুতায়ন হয়ে গেছে। বিদ্যুৎ পরিষেবা আজকে দিনে দিনে ভেঙ্গে যাচ্ছে, অথচ প্রতি বছরেই দফায় দফায় বিদ্যুতের দাম বাড়ানো হচ্ছে। সরকারের যে টাকা সেটা প্রপার্লি ইউটিলাইজেশান হচ্ছে না। আপনারা একটার পর একটা বিদ্যুৎ পরিষেবা প্রাইভেট সংস্থার হাতে তুলে দিচ্ছেন, ধনকুবের গোষ্ঠী আর.পি.জি-র হাতে তুলে দিচ্ছেন। অলিখিত চুক্তি একটা তাদের সঙ্গে হয়েছে কুড়ি পারসেন্ট মুনাফা তাদের লাভ করতে দিতে হবে। আজকে লো-ভোল্টেজ হচ্ছে, লোডশেডিং হচ্ছে, দফায় দফায় বিদ্যুতের দাম বাড়ানো হচ্ছে, অথচ মানুষ তার পরিবর্তে কোন পরিষেবা পাচ্ছে না। এই রকম একটা পরিস্থিতি আজকে সৃষ্টি হয়েছে। বিদ্যুতের ফুয়েল সারচার্জের ব্যাপারে আমরা কি দেখলাম, ১৪ লক্ষ কনজিউমারের কাছ থেকে এই ধনকুবের গোষ্ঠী বাড়তি ফুয়েল সারচার্জ নিয়েছিল সেটা ফেরত দিতে হবে। এই ব্যাপারে কমিটি রিপোর্ট দিল ১০০ কোটি টাকা বাড়তি ফুয়েল সারচার্জ হিসাবে যেটা নিয়েছে সেটা ফেরত দিয়ে দিতে হবে। মুখ্যমন্ত্রীর সঙ্গে সেই ধনকুবের গোষ্ঠী কথা বলল, সেই রিপোর্ট নালিফায়েড হয়ে গেল, বাটলিবয়কে নিয়ে নতুন কমিটি করা হল। তারা সেই ১০০ কোটি টাকা ফেরত দেওয়া দূরে থাক, তারা অতিরিক্ত আরও ৯৭ কোটি টাকা তোলার জন্য বললেন। এইভাবে ধনকুবের গোষ্ঠীর স্বার্থ রক্ষা করার ব্যবস্থা হল জনগণের স্বার্থ বিকিয়ে দিয়ে। তার জন্য অর্থ বরাদ্দ করতে হবে এটা হতে পারেনা, তাই আমি এর বিরোধিতা করছি।

[3.50–4.00 p.m.]

**শ্রী নির্মল দাস :** স্যার, দি ওয়েস্ট বেঙ্গল এ্যাপ্রোপ্রিয়েশান নম্বর টু বিল, ১৯৯৯, যেটা অসীমবাবু এনেছেন আমি তা সমর্থন করছি। স্যার, আমাদের যে ব্যবস্থা সেটা প্রকৃতপক্ষে যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা। এখান থেকে রাজস্ব যতটা সংগৃহীত হয় প্রতিশ্রুতি ছিল তার ৭৫ ভাগ টাকা রাজ্যের উন্নয়নের জন্য রাজ্যগুলোকে দেওয়া হবে। কিন্তু আমাদের বিরোধী দলের বন্ধুরা এখানে দীর্ঘদিন রাজত্ব করেছেন, তারা এই টাকা মিসএ্যাপ্রোপ্রিয়েশান

করেছিলেন। কিন্তু আজকে এই অবস্থা জনগণ কর্তৃক প্রতিষ্ঠিত হয়েছে।

এই যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় ভারতবাসীর সমস্ত রক্ত দিল্লী নিংড়ে নিচ্ছে। আমরা লক্ষ্য করছি, আমাদের এখানে যে রোড ট্যাক্স এবং অন্যান্য যে সমস্ত সেসগুলো সংগৃহীত হয়, তার সিংহভাগই দিল্লির প্রশাসনিক ব্যবস্থা পরিচালনার জন্য ব্যয় করা হয়। আমরা লক্ষ্য করছি, দশম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী রাজ্য ঠিক ভাবে চলতে পারছে না। সেইজন্য আমরা বারবার দাবী করি - রাজ্যের হাতে বেশী ক্ষমতা দিতে হবে এবং বেশী অর্থ বরাদ্দ দিতে হবে। সেই অর্থ অবশ্যই দয়া-দাক্ষিণ্যের অর্থ নয়, রাজ্যেরই অর্থ। আমরা দেখছি, কংগ্রেস রাজত্বের থেকে অনেক বেশী অর্থ বর্তমানে বিভিন্ন দপ্তরে ব্যয়িত হচ্ছে। যদিও ওদের আমল থেকেই মূল্যবৃদ্ধি চরম আকার ধারণ করেছে. সেইজন্যই উন্নয়ন ব্যহত হচ্ছে। যে যে দপ্তরে যে পরিমান অর্থ দরকার, সেই পরিমাণ অর্থ বরাদ্দ করা যাচ্ছে না। কিন্তু যেটা আসছে, সেটা যাতে সঠিক ভাবে ব্যবহৃত হয়, তার জন্য সরকারকে উদ্যোগী হতে হবে এবং সেটাকে আরও বেশি সম্প্রসারিত করতে হবে। আমরা দেখেছি কংগ্রেসের অনুসৃত নীতির ফলে গোটা পশ্চিমবাংলা, বিশেষ করে পুরুলিয়া থেকে শুরু করে উত্তরবঙ্গের বেশ কিছু জেলা বঞ্চনার শিকার হয়েছে, যার জন্য সেখানে নানারকম বিচ্ছিন্নতাবাদী আন্দোলন নানা সময়ে মাথাচাড়া দিয়ে উঠেছে। কখনো ভাষা আন্দোলন, কখনো গোর্খাল্যান্ড আন্দোলন, এরকম নানা আন্দোলন হয়েছে। এর জন্য মূল দায়ী অসম বিকাশ। আমাদের পার্টি আর. এস. পি.-র বিশ্লেষণ হচ্ছে,— একদিকে যেমন মানুষকে রাজনৈতিক ভাবে সচেতন করতে হবে, তেমনি উন্নয়নের পরশও সর্বত্র পৌঁছে দিতে হবে। এই উদ্যোগ বামফ্রন্ট সরকার নিচ্ছে। আমি যেটা বলতে চাই, নির্দিষ্ট সময়ের মধ্যেই সমস্ত উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়িত করতে হবে। সেটা না হলে মূল্যবৃদ্ধির কারণে ব্যয়ভার বেড়ে যায়। এই বিষয়ে লক্ষ্য রাখতে হবে।

আজকের পরিবর্তিত পরিস্থিতিতে বেকার সমস্যা বাড়ছে। এই সমস্যা শুধুমাত্র পশ্চিমবঙ্গের নয়, সারা ভারতের সমস্যা। যা আছে, তার চেয়ে আরও বাড়বে। কারণ, কারগিলে যুদ্ধ করতে হবে, সেই যুদ্ধ করতে হলে আমাদের উন্নয়নের টাকা থেকেই সেখানে ব্যয় করতে হবে। সামগ্রিক ভাবে আগে যারা শাসন ক্ষমতায় ছিল সেই কংগ্রেস থেকে শুরু করে আজ বি. জে. পি.-যারা একই মুদ্রার এপিট-ওপিঠ— যে অর্থনীতি তারা অনুসরণ করে চলেছে, তাদের নীতি ঐ সমস্ত শিল্পপতি, মাল্টি ন্যাশানাল কোম্পানির কাছে জানলা দরজা খুলে দাও, তারা ভারতবর্ষের একশ কোটি মানুষকে লুণ্ঠন করুক। এই আহ্বান তারা জানাচ্ছে। দেশের উন্নয়নের জন্য বিভিন্ন অর্থ সংস্থা, আই. এম. এফ. থেকে শুরু করে বিশ্ব ব্যাঙ্ক, বিভিন্ন মাল্টি ন্যাশানাল কোম্পানির কাছ থেকে টাকা ধার নিতে হবে। দিল্লীর সরকার তো সর্বনাশ করছেই। টাকা নিতে হলে সুদ দিতে হবে। কেন্দ্রীয় সরকার তো সুদখোর। ওরা যত টাকা ঋণ নিচ্ছে, তার চেয়ে অনেক বেশী বেশী টাকা রাজ্যগুলো থেকে আদায় করে নিচ্ছে। কংগ্রেসই হোক, আর বি জে পি সরকারই হোক, সেখানে দাঁড়িয়েই উন্নয়ন পরিকল্পনা রূপায়িত করতে হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করব যে

বর্তমানে আমাদের রাজ্য সরকার যে নীতি গ্রহণ করেছেন, সেই নীতিটা হচ্ছে যে, গ্রামোন্নয়নের সমস্ত দায়িত্ব পঞ্চায়েতের এবং শহরোন্নয়নের সমস্ত দায়িত্ব হচ্ছে মিউনিসিপ্যালিটির এবং কর্পোরেশনের। সেখানে আমরা লক্ষ্য করছি যে, আমাদের ওখানে ২২ বছর ধরে যত উন্নয়ন হয়েছে, সেই উন্নয়ন ব্যহত হয়েছে। এই উন্নয়নের ক্ষতি হয়েছে। এটা হয়েছে ন্যাচারাল ক্যালামিটির মাধ্যমে। তাই আমি এ ব্যাপারে আগেও বলেছি এবং আজকেও সুনির্দিষ্টভাবে মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন জানাব যে, আমাদের গ্রামোন্নয়নের খাতে, রুর‍্যাল ডেভলপমেন্ট খাতে যে টাকা দেওয়া হয়, তার মিনিমাম ১০ পারসেন্ট, ন্যূনতম ১০ ভাগ টাকা যে সমস্ত রাস্তাঘাট, পথ ভেঙ্গে যাচ্ছে তার জন্য বরাদ্দ করা হোক। পূর্ত দপ্তরের জন্য যদি ১০ ভাগ টাকা দেওয়া হয়, তাহলে রাস্তাগুলি ভালো থাকবে। ইরিগেশান ডিপার্টমেন্টের জন্য যদি ১০ ভাগ টাকা দেওয়া হয়, তাহলে সেখানে বাঁধ নির্মাণের জন্য টাকা ব্যবহৃত হবে। তাহলে আমরা সঙ্কটমুক্ত হব। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি, সেখানে প্রতি বছরই বন্যা হয়। এই বছরও প্রায় ৫ লক্ষ মানুষ বন্যার কবলে পড়েছে। ওখানে কালজানি এবং বাতসো নদীর প্রবল স্রোত। এই বিধানসভা এলাকা আলিপুরদুয়ারের পাশে অবস্থিত। এই পরিস্থিতি প্রতি বছরই লক্ষ্য করছি। চা শ্রমিকদের ধর্মঘট নিয়ে আলোচনা চলছে। ৫ হাজার বিদেশী মুদ্রা এই চা-শিল্প থেকে অর্জন করছে। কোন দয়াদাক্ষিণ্য নয়, কেন্দ্রীয় সরকার বন্যা নিবারণের জন্য কিছুই দেয় নি। আমাদের ন্যাশানাল হাইওয়ে হাঁ হয়ে গেছে। ছটা জায়গায় ডিভিশান, সেই ডিভিশান আজও মুক্ত হল না। সেইজন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাব যে, আমার বিধানসভা এলাকায় বেশ কিছু প্রকল্পের শিলান্যাস হয়েছে, কিন্তু তা রূপায়িত হয়নি। আমাদের প্রবীণ স্বাধীনতা সংগ্রামী নেতা ও মন্ত্রী ননী ভট্টাচার্য্য মহাশয়, তিনি শিলান্যাস করেছিলেন আলিপুরদুয়ারের পাশে তপসেঘাটে একটা ভেষজ উদ্যান করার জন্য। এই ব্যাপারে আমি মন্ত্রীকে অনেকবার বলেছি। স্বাস্থ্যমন্ত্রীও কথা দিয়েছিলেন যে, ভেষজ উদ্যান করবেন। কিন্তু সেটা আজও হল না। এটা যাতে হয় তার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কুমারগ্রাম দুয়ার একেবারে অসম সীমান্তে অবস্থিত। ওখান থেকে শিলিগুড়িতে নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজের দূরত্ব প্রায় আড়াই কিলোমিটার। ওখান থেকে শিলিগুড়িতে মানুষকে চিকিৎসার জন্য আসতে বহু সময় লাগে। তাই ওখানকার মানুষের চিকিৎসার সুযোগ যাতে করে দেওয়া যায়, তার জন্য ডুয়ার্সে একটা মেডিক্যাল কলেজ করার জন্য অনুরোধ করেছিলাম। এছাড়া ডুয়ার্সে যাতে একটা বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হয় তার জন্যও অনুরোধ করেছিলাম। সময়ের মধ্যে কাজ করা দরকার এবং নিশ্চিতভাবে আমাদের বিশ্বাস যে, আমাদের রাজ্য সরকার যেভাবে এগিয়ে যাচ্ছে এবং যেভাবে মোকাবিলা করছে, তাতে অনেকদূর এগিয়ে যাবে। আমরা জানি যে, প্রাক্তন কংগ্রেসীরাই কামতাপুরী তৈরী করেছে। এখন বিজেপি তাদের অনুসরণ করে কামতাপুরী তৈরী করছে। সাম্প্রদায়িকতার সৃষ্টি করছে। আমরা চাই এই সমস্ত বিচ্ছিন্নতাবাদী শক্তি, কামতাপুরী আন্দোলন প্রতিহত করতে হবে। এই কথা বলে এই বাজেট-এর সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## PRESENTATION OF THE COMMITTEE REPORT

### 55th Report of the Business Advisory Committee

[4.00–4.10 p.m.]

**Mr. Speaker :** I beg to present the 55th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber Yesterday & Today and recommended the following Revised Programme of Business for the 19th July, 1999 and Programme of Business for the 20th July, 1999.

| | | | |
|---|---|---|---|
| 19.7.99, Monday : | (1) | Motion under rule 319 on the statement of the Power Minister made in the House on 5.7.99 on the fuel surcharge levied by the C.E.S.C. Ltd.– Notice given by Shri Saugata Roy | 1 hour |
| | (ii) | The West Bengal National University of Juridical Sciences Bill, 1999 (Introduction, Consideration & Passing) | 2 hours |
| | (iii) | The Land Acquisition (West Bengal Amendment) Bill, 1999 (Introduction. Consideration & Passing) | 1 hour |
| 20.7.99, Tuesday : | | Non-Official Business | |

N. B. : There will be no Question for Oral Answer and Mention Case on Tuesday, the 20th July, 1999.

The Minister-in-Charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the Report of the Business Advisory Committee, as presented in the House be agreed to by the House.

The motion was then put and agreed to.

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ অ্যাপ্রোপ্রিয়েশন বিল দু নম্বরকে সমর্থন করে আমি সংক্ষেপে দু-চারটি কথা বলতে চাই। আমরা জানি যে আজকে ভারতবর্ষে যে যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে যে সরকার চলছে, সেই সরকারের যে লক্ষ্য সেই লক্ষ্য হচ্ছে বিভিন্ন অঙ্গরাজ্যগুলিকে অকেজো করে দেওয়া আর কেন্দ্রীয় সরকারকে শক্তিশালী করা বা করতে পারা। আমরা এর বিরুদ্ধে। এক দশকের উপর ধরে কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্মূল্যায়ন নিয়ে আমরা দাবি করছি। মাঝখানে সারকারিয়া কমিশন বসেছিল এবং সেই কমিশন থেকে আমাদের কথা স্বীকৃত হলেও, আমাদের

রাজ্যের হাতে যে সিকি ভাগ অর্থের দাবি করা হয়েছিল তা সারকারিয়া কমিশন মানেন নি কিন্তু এই ক্ষেত্রে তারা সেই স্বীকৃতি দিয়েছিল। আমরা জানি যে কেন্দ্রীয় সরকারের হাতে নোট ছাপাবার যন্ত্র থাকার ফলে, তারা যা খুশী তা করতে পারে। এমন কি উন্নয়নের কাজ কাট ছাঁট করে সরকার পরিচালনা করছে। আমরা ইতিমধ্যে দেখেছি যে পশ্চিমবাংলায় যে কয়লার উপর সেস সেই সেস কমিয়ে দেওয়া হয়েছে অর্থাৎ আর্থিক দিক থেকে পশ্চিমবাংলাকে বঞ্চিত করছে। সুতরাং এ হেন পরিস্থিতিতে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে একটা আয় ব্যয়ের হিসাবের মধ্যে আমাদের বাজেটকে রচনা করতে হয়। ধরুন, আমরা বাজেটে সরকারী কর্মচারীদের বেতনের জন্য একটা পরিমাণ অর্থ বরাদ্দ করেছিলাম কিন্তু জিনিসপত্রের দাম হু হু করে বেড়ে গেল, মাগ্গী ভাতা বেড়ে গেল। কেন্দ্রীয় সরকার এর নোট-ছাপাবার সুযোগ থাকার কারণে তারা কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের বেতন বাড়িয়ে দিল। সুতরাং রাজ্য সরকার কি করবে? এদের সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে তাকে বাড়তি বোঝা বহন করতে হবে। আমরা অন্যান্য ক্ষেত্রেও দেখেছি যে কিভাবে কেন্দ্রীয় সরকারের আর্থিক নীতির ফলে রাজ্য সরকারগুলো বঞ্চিত হচ্ছে। তারা যে অর্থ রাজ্যগুলোতে দেয়, সেই অর্থগুলো আসে একেবারে মার্চ মাসের শেষের দিকে। আমি এখানে একটা জিনিস লক্ষ্য করছি—"Reduction of fund by surrender/reappropriation was stated to be due to non-release of fund by the Government of India. Reasons for final saving have not been intimated."

সুতরাং এইভাবে একের পর এক টাকা মার্চ মাসের শেষের দিকে আসে। আমি অর্থমন্ত্রীকে বলব যে তিনি কিভাবে এই রাজ্যে সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে নানা খাতে বরাদ্দ যথাযথ ভাবে খরচ করেছেন। আমাদের সরকারের যেটা দৃষ্টিভঙ্গী রয়েছে, সেই দৃষ্টিভঙ্গী ডাউনট্রডেন পিপিল, নীচের স্তরের যারা রয়েছে, তাদের দিকে লক্ষ্য রেখে বাজেট তৈরী করা আর কংগ্রেস বলুন, আর বিজেপি বলুন তাদের অর্থনৈতিক প্রকল্পের মূল কাঠামো হচ্ছে উপরতলার মানুষের দিকে লক্ষ্য রেখে। যেমন আপনারা পাঞ্জাবে বিদ্যুৎ বলুন বা সেচ ব্যবস্থা বলুন, সেখানে মুষ্টিমেয় ধনী কৃষক সম্প্রদায় তার দ্বারা লাভবান হয়। কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আমরা যখন ব্যয় বরাদ্দ করি তখন নীচু তলায় যারা রয়েছে সেই সমস্ত গরীব মানুষের কথা চিন্তা করে সেচ, বিদ্যুৎ ইত্যাদিতে লক্ষ্য রাখি। আমরা পশ্চিমবঙ্গের উন্নয়নের ক্ষেত্রে—ইদানিং কালে কলকাতাকে প্রাধান্য দিচ্ছি, কিন্তু এর আগে সারা গ্রামবাংলায় রাস্তাঘাট উন্নয়ণের সময় শুধু যে লক্ষ্য রেখেছি তা নয় আমরা সেখানকার মানুষদের ক্রয় ক্ষমতা যাতে বৃদ্ধি পায় তার জন্য পরিকল্পনা রচনা করেছি। তার ফলে আগে গ্রামে যে কয়টা গঞ্জ ছিল, ১৯৯৯ সালে তার তুলনায় দুগুণ, তিনগুণ গঞ্জ গ্রামাঞ্চলে গড়ে উঠেছে। গ্রামাঞ্চলের মানুষের ক্রয় ক্ষমতা বাড়ার ফলে শিল্পজাত পণ্যসামগ্রী ক্রয়ের ক্ষমতারও বৃদ্ধি হয়েছে বলে আমি মনে করি। সেই দিক থেকে এই এ্যাপ্রোপ্রিয়েশান বিল যথাযথ। বাজেট আলোচনার সময় আমরা এই বক্তব্যের মধ্যে দিয়ে বাজেটকে অনুমোদন দিয়েছি। আমরা জানি ইতিমধ্যে বন্যা, খরা প্রভৃতি প্রাকৃতিক বিপর্যয় পরপরই পশ্চিমবাংলায় নেমে এসেছে। সে সব মোকাবিলার মধ্যেও আমাদের মাননীয় অর্থমন্ত্রীর বাহাদুরিই এখানে যে তিনি এই বাজেটের ঘাটতি বেশী

করেন নি। গত বছর আমাদের বাজেটে যে ঘাটতি ছিল তা কেন্দ্রীয় সরকারের যে টাকা আমাদের দেওয়ার কথা, সেই টাকা যদি তারা দিতেন তাহলে আমাদের কয়েক হাজার কোটি টাকার ঘাটতি হত না। কিন্তু আমাদের দুর্ভাগ্য কেন্দ্রের যে সরকার—সেটা বি. জে. পি. বলুন, আর কংগ্রেসই বলুন তারা তা দেন নি। এখানে কংগ্রেসী বন্ধুরা বলুন কেন তারা এর প্রতিবাদ করতে পারছেন না? এই কটি কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল এ্যাপ্রোপ্রিয়েশান বিল নং টু, ১৯৯৯ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। অবশ্য এই বিল পাশ করতেই হয়, কারণ এই বিল যদি পাশ না হয় তাহলে মন্ত্রীরা মাহিনা পাবেন না, আমরাও পাবো না এবং অন্যান্য খাতে খরচ করতে পারবেন না। সুতরাং এটা আমার মনে হয়েছে যে এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। সমর্থন এই বিলকে করা যেতে পারতো যদি এই বিলে কতগুলি সমস্যা দেখা না দিত। যেমন কিছুক্ষণ আগে বামফ্রন্টের মাননীয় সদস্য বলছিলেন যে বাজেটে কিছু পার্থক্য থাকবে ইন এ্যান্টিসিপেশান যেগুলি ধরা হয় সেগুলি পরবর্তী পর্যায়ে বাস্তবায়িত না হলে প্রস্তাবিত বাজেটের সঙ্গে খরচের একটা ফারাক থেকে যাবে। আমার মনে হয় এই কথাটা খুবই গুরুত্বপূর্ণ। এটা রাজনৈতিক অর্থনীতিতে একটা বিপর্যয় সৃষ্টি করবে। অসীমবাবু বিদগ্ধ অর্থনীতিবিদ হতে পারেন কিন্তু এই ট্রেন্ড যদি রাজ্য অর্থনীতিতে চলতে থাকে তাহলে বিপর্যয়ের সৃষ্টি হবে। অসীমবাবুর নিশ্চয়ই মনে আছে আমি এখানে বলেছিলাম ১৯৯৬ সালে।

[4.10–4.20 p.m.]

সম্ভবতঃ ১৯৯৫।৯৬ সালে উনি বাজেটে বিলাস কর বসিয়েছিলেন সিগারেটের উপর এবং তাতে ধার্য করেছিলেন ৪০ কোটি টাকা। মাননীয় অর্থমন্ত্রী আপনি নিশ্চয় জানেন এই ৪০ কোটি টাকা আপনি তুলতে পারেন নি। ৭ কোটি টাকা মাত্র তুলতে পেরেছিলেন, ৩৩ কোটি টাকা তুলতে পারেন নি। তাহলে এই ৩৩ কোটি টাকার ডেফিসিট ফিন্যান্সিং আপনি কোথা থেকে মেক আপ করবেন? এই ভাবে রাজ্যের অর্থনীতিতে অচলাবস্থা সৃষ্টি হবে না? দুর্বল হবে না? এই ট্রেন্ড বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার অর্থনীতিতে নিয়ে এসেছেন এবং অর্থনীতিকে সর্বনাশের দিকে নিয়ে যাচ্ছেন।

এখানে অনেকে প্রাথমিক শিক্ষার কথা বলেছেন। প্রাথমিক শিক্ষা হচ্ছে শিক্ষাক্ষেত্রে সবচেয়ে নিচের বুনিয়াদ, ভিত। এটা ভালো না হলে আগামী দিনে চরম সর্বনাশ হয়ে যাবে। এই প্রাথমিক শিক্ষা সম্বন্ধে মাননীয় কান্তিবাবু যে কথা বলেন, মাননীয় মুখ্যমন্ত্রী, অসীমবাবু যে কথা বলেন তা আজকে উপেক্ষিত। এ ব্যাপারে মাননীয় দেবপ্রসাদবাবু কতগুলো হিসাব দিচ্ছিলেন। উনি বললেন, ২,৪৮৫ টা বিদ্যালয়ে বাড়ী নেই। এটা সত্য না মিথ্যা? তাহলে আজকে ছাত্ররা বসবে কোথায়, পড়বে কোথায়? ১১,২০৪-টে স্কুলের প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী একটা মাত্র ঘরে হয়। লম্বা হল ঘর। হতে পারে

একজনের কথা অন্যজন শুনতে পায় না। এইভাবে শিক্ষা বাড়বে? শিক্ষক বাড়াব বাড়াব করেও বাড়াতে পারছেন না। ৪ হাজার শিশুর চারটে শ্রেণীর জন্য ১ হাজার শিক্ষক। যে সব স্কুল বাড়ীর খারাপ অবস্থা রয়েছে, অস্বাস্থ্যকর পরিবেশ রয়েছে— মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলেন, শিশুদের স্বাস্থ্য রক্ষা করতে হবে এবং এটা করতে পারলে ভবিষ্যৎ শিশুরা রোগমুক্ত হবে এবং তাতে চিকিৎসা ব্যয় কমবে। কিন্তু অস্বাস্থ্যকর বিদ্যালয়কে সুস্থ করে গড়ে তোলার ব্যবস্থা নেওয়া হ'ল না। আজকে ৩৭ শতাংশ স্কুলে একজন অথবা দু-জন শিক্ষক আছেন। এই যে অবস্থা চলছে এর কি পরিবর্তন হবে না। এরা আবার ঢক্কানিনাদ করে অনেক কথা বলেন। বলেন, কংগ্রেস তো কোন উন্নয়ন করেনি। তা কংগ্রেসের কথা না হয় ছেড়েই দিলাম, আপনারা কি করছেন? আজকে আপনারা বই পাচ্ছে বলে চিৎকার করছেন। কিন্তু সাবজেক্ট কমিটির চেয়ারম্যান পদ্মনিধিবাবু বসে আছেন। প্রাইমারি স্কুলে কোন মাসে বই দেওয়া হয় জানেন? আগস্ট-সেপ্টেম্বরেও বই পাচ্ছে না। ছেলেমেয়েরা শিখবে কোথা থেকে? টাকা বরাদ্দ হচ্ছে কিন্তু খরচ করতে পারছেন না। গতবারের বরাদ্দ টাকার অর্ধেকও খরচ করতে পারেন নি। তারও কম খরচ করেছেন। মাননীয় অর্থমন্ত্রী ১৯-শে মার্চ বাজেটে বলেছেন, আরো ৮ হাজার স্কুল হবে এবং ২ হাজার সহায়ক কেন্দ্র তৈরী হবে। যেখানে ১০ বছরে ২১-টা স্কুল তৈরী করতে পেরেছেন সেখানে ৮ হাজার স্কুল তৈরী করতে কত সময় নেবেন তা কি দয়া করে বলবেন? আর, যে ২১-টা সহায়ক শিশু শিক্ষাকেন্দ্র করবেন সেখানকার শিক্ষকদের যোগ্যতা ধার্য করেছেন স্কুল ফাইনাল পাশ। এবং বলেছেন, এক-একটা শিশু শিক্ষা কেন্দ্রে ১০০-র বেশী ছাত্র থাকবে না। বামফ্রন্ট সরকার স্ববিরোধী মতামতে ভরে যাচ্ছে।

১১ দিন পরে মাননীয় মন্ত্রী শ্রী সূর্যকান্ত মিশ্রের দপ্তর থেকে পঞ্চায়েতের শিশুশিক্ষা কেন্দ্রের জন্য এক নির্দেশিকায় বলা হল ১৯৯৭ সাল থেকে ২ হাজার সালের মধ্যে ৩ হাজার শিশু শিক্ষাকেন্দ্র করা হবে। এবং আপনি বলেছেন তাদের যারা পড়াবেন তাদের স্কুল ফাইনাল পাশ করতে হবে। কিন্তু পঞ্চায়েত দপ্তর বলছে তাদের যারা পড়াবেন তারা ক্লাস টেনে উঠলেই তারা পড়াতে পারবেন। সহায়ক শিশু শিক্ষাকেন্দ্রের বন্দোবস্ত করতে হবে। আপনি বলেছেন ১০০ জন, উনি পরে বললেন ১০০ নয় ৮০ জন হলেই তারা সেটা চালাতে পারবেন। যদি বলেন, দলের দৃষ্টিকোণ থেকে, কিছু মানুষকে সেখানে নিয়োগ করতে হবে তাহলে ঠিক আছে, যদি মনে করেন যে দল বৃদ্ধি করতে হবে তা হলে ঠিক আছে। তা না হলে সেটা ঠিক নয়। আপনারা প্রাইমারি স্কুলে মিড্ ডে মিল্ দিতে পারছেন না। আপনারা ১৯৯৯ সালে ১১ই জানুয়ারী গ্রেট ইস্টার্ন হোটেলে একটা সেমিনার করেছিলেন। সেখানে মন্ত্রী, সভাধিপতি, আমলা এবং আরও অনেক বিশিষ্ট মানুষ ছিলেন। সেখানে দাঁড়িয়ে জ্যোতিবাবু বললেন শিক্ষায় গণ উদ্যোগ আনতে হবে। সূর্যকান্তবাবু বক্তৃতা করেছিলেন এবং আপনারা বলেছিলেন শিক্ষায় গণ উদ্যোগ আনতে হবে। কেন আনতে হবে? কারণ পিপল্‌স পার্টিসিপেশন দরকার। কিন্তু তা আপনারা করেন নি। আপনারা যেখানে শিশুদের খাবার দিতে পারছেন না সেখানে গ্রেট ইস্টার্ন হোটেলে যে খাবার আপনাদের সার্ভ করা হল তার প্রতি প্লেট খাবারের

দাম ৩৯৯ টাকা ৪৫ পয়সা। লজ্জা করে না আপনাদের? এটা খবরের কাগজে বেরিয়েছে। এবারে পশ্চিমবঙ্গ থেকে একজনও আই. এ. এস. হয়েছেন? কতজন পরীক্ষা দিয়েছেন? সারা ভারতবর্ষ থেকে ৩ লক্ষ পরীক্ষা দিয়েছেন এবং পশ্চিমবঙ্গ থেকে ২০ হাজার পরীক্ষা দিয়েছিলেন। তার মধ্যে পশ্চিমবঙ্গ থেকে পাশ করেছেন মাত্র ১ জন। মাননীয় অর্থমন্ত্রী আপনি বলবেন আজকে আমরা কোন জায়গায় আছি? আমরা ভারতবর্ষের মধ্যে কোন জায়গায় আছি? আপনারা বলেছিলেন যারা আই. এ. এস. পরীক্ষা দেবেন তাদের জন্য কোচিং সেন্টার হবে। তাহলে পশ্চিমবঙ্গ থেকে অনেকে আই. এ. এসে আসতে পারেন। আপনারা ৬টি কোচিং সেন্টার করলেন। কিন্তু টাকার অভাবে ৪টি কোচিং সেন্টার উঠে গেল। এখন ২টি কোচিং সেন্টার চলছে। উচ্চশিক্ষার বন্দোবস্ত আজকে এত খারাপ জায়গায় চলে গেছে। এই কোচিং সেন্টারগুলোর প্রধান হচ্ছেন প্রেসিডেন্সি কলেজের একজন বিভাগীয় প্রধান। আপনারা আপনাদের দলের সংকীর্ণতাকে শিক্ষা ক্ষেত্রে চাপানোর চেষ্টা করছেন। শুধুমাত্র ৩৯টি কলেজ থেকে হায়ার সেকেন্ডারি তুলে দেওয়া হবে তাই নয়, বর্তমানে ১২০০ স্কুলে হেড মাস্টার নেই। তাহলে সেই স্কুলগুলো কিভাবে চলছে? প্রধান শিক্ষকদের নিয়োগের জন্য পরীক্ষা নেওয়া হয়েছে, কিন্তু কবে যে তার রেজাল্ট আউট হবে তা কেউ জানেন না। স্লেট পরীক্ষা হয়েছে। ইউনিভারসিটি গ্র্যান্টস কমিশনের পরীক্ষাগুলো, নেট্, স্লেট ইত্যাদি পরীক্ষাগুলো হয়ে গেছে। কিন্তু উচ্চশিক্ষার ক্ষেত্রে গণতান্ত্রিকরণের নামে দলবাজি চলছে। কিছুদিন আগে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলেছেন এক্স-রে মেশিন কেনার জন্য কেন্দ্র টাকা দিয়েছে। এক্স-রে মেশিন কেনা হয়েছে। কিন্তু সাপ্লায়াররা এক্স-রে মেশিন সাপ্লাই করল, কিন্তু সেগুলো পড়ে আছে। এক্স-রে মেশিন চালানোর জন্য ৪৪০ ভোল্ট নেই বলে এক্স-রে মেশিনগুলো অকেজো হয়ে পড়ে আছে। সুতরাং এই যে এ্যাপ্রোপ্রিয়েশন, ইজ্ ইট্ এ্যাপ্রোপ্রিয়েশন অর মিস্এ্যাপ্রোপ্রিয়েশন? আজকে এই ব্যাপারটাই আগে ভালভাবে যাচাই করা দরকার হয়ে পড়েছে।

[4.20–4.30 p.m.]

এই টাকা যদি সাধারণ মানুষের হয় তাহলে আপনাকে বলতে হবে এই টাকা দিয়ে আপনি সাধারণ মানুষের কতটা কল্যাণ করতে পারছেন। পি. এইচ. ই.-র উদ্যোগে 'ন্যাওড়া-খোলা জল সরবরাহ প্রকল্প' গৃহীত হয়েছিল। পি. এইচ. ই. মন্ত্রী গৌতম দেব নাকি খুবই সক্রিয় মন্ত্রী। 'ন্যাওড়া-খোলা প্রকল্পে' তিনি কত কোটি টাকা খরচ করেছেন? আমরা সাবজেক্ট কমিটির সদস্যরা সেই প্রকল্প পরিদর্শনে গিয়েছিলাম। আমরা লাভায় গিয়ে দেখে এসেছি কোটি কোটি টাকা খরচের পরেও সেই প্রকল্প অকেজো হয়ে পড়ে আছে। তা থেকে একটা মানুষও কোন উপকার পাচ্ছে না। এক জন মানুষকেও সেই প্রকল্প থেকে আপনারা বেনিফিট দিতে পারেন নি। সেখানে ট্যাঙ্ক করা হয়েছে, পাইপ লাইন করা হয়েছে। কিন্তু তারপরেও কোন অজ্ঞাত মেকানিক্যাল ত্রুটির ফলে সেই প্রকল্প থেকে পাহাড়ের মানুষরা জল পাচ্ছে না। তারা এখনো পানীয় জলের সমস্যায় ভুগছে। এই অবস্থা চলছে! কোন জেলার কোন গ্রামের মানুষই আজকে পানীয় জল

পাচ্ছে না, পাইপ ওয়াটার পাচ্ছে না। আপনাদের রুর‍্যাল ওয়াটার সাপ্লাই ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে। গত বছর যখন গ্রীষ্ম অত্যন্ত প্রখর হয়েছিল, চারিদিকে হায় হায় রব উঠেছিল তখনো এই সরকারের পক্ষ থেকে কোন উদ্যোগ আমরা লক্ষ্য করি নি। এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের ওপর আলোচনা করতে উঠে বামফ্রন্টের একজন মাননীয় সদস্যও কি বলতে পারবেন যে, তার এলাকার সব ক'টি গ্রামের সমস্ত জায়গায় টিউবওয়েল আছে, মানুষ ঠিকভাবে পানীয় জল পাচ্ছে? কেউ কি বলতে পারবেন যে, তার এলাকার প্রতি ৫০০ জন মানুষ প্রতি একটা করে টিউবওয়েল আছে? যেখানে যে টিউবওয়েল হচ্ছে, তাও ৬ মাসের মধ্যেই অকেজো হয়ে যাচ্ছে। রিসিন্‌কিং-এর নামে নতুন পাইপের বদলে পুরনো পাইপ লাগিয়ে দেওয়া হচ্ছে। গ্রাম উন্নয়ন দপ্তরের মন্ত্রী সূর্যকান্তবাবু নেই, তিনি বলেন—পশ্চিমবঙ্গের পঞ্চায়েত হচ্ছে আদর্শ পঞ্চায়েত। বিকেন্দ্রীকরণের কাজ সম্পূর্ণ হয়ে গেছে। তার কাছে আমার প্রশ্ন, কিভাবে গ্রামে টিউবওয়েল রি-সিন্‌কিং হচ্ছে তা কি আপনি জানেন? তার ফলে মানুষ কি জল পাচ্ছে? আজকে যে টিউবওয়েল পোতা হচ্ছে, চার মাসের মধ্যেই তা অকেজো হয়ে যাচ্ছে। রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম ফেল করেছে। পাইপ ওয়াটার সিস্টেম যাদের মাধ্যমে পরিচালনা করছেন তারা মাত্র ৫০ টাকা করে বেতন পান। আপনারা অনেক ক্ষেত্রেই অনেক ক্যাজুয়াল কর্মীদের পারমানেন্ট করেছেন। অথচ আপনাদের এই দপ্তরের যারা আনস্কীলড লেবার ছিলেন এবং পরবর্তীকালে যারা স্কীলড হয়েছে তাদের প্রতি আপনাদের কোন দৃষ্টি নেই। তাদের প্রতি সামঞ্জস্য বিধান করা হচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, এ রাজ্যে একটা সর্বনাশা অর্থনৈতিক অবস্থা সৃষ্টি হয়েছে। প্রতিটি ক্ষেত্র বৈষম্যে ভরে গেছে। এই সমস্ত বৈষম্য দূর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ না নিলে রাজ্যের অর্থনীতি সম্পূর্ণ ভেঙে পড়বে। মাননীয় অর্থমন্ত্রী, সেদিন আপনি আমার এলাকায় একটা উন্নয়ন প্রকল্প উদ্বোধন করতে গিয়েছিলেন। আমরা নিশ্চয়ই তার দ্বারা উপকৃত হব। তার জন্য আপনাকে ধন্যবাদ। ওটা আমাদের দীর্ঘদিনের দাবি ছিল। ওখানে আপনি বললেন, এত টাকা নাকি পি. ডাবলু. ডি. -কে দিয়েছেন। আপনার কাছে আমার প্রশ্ন সেই টাকার কতটা ঋণ হিসাবে সংগ্রহ করেছেন, আর কতটা রাজ্য সরকারের নিজস্ব? আপনারা ন্যাবার্ড-এর কাছ থেকে ঋণ নিচ্ছেন, ওয়েস্ট বেঙ্গল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশনের কাছ থেকে ঋণ নিচ্ছেন, অন্যান্য সংস্থার কাছ থেকে ঋণ নিচ্ছেন। এই সমস্ত ঋণ তো এক দিন, না এক দিন শোধ করতেই হবে। তখন এই আর্থিক বোঝার দায় কে বহন করবে? তাই আমি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের বিরোধিতা করছি এবং আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় অর্থমন্ত্রী অ্যাপ্রোপ্রিয়েশন বিলের মাধ্যমে ২৫,৭৪৪ কোটি ২৪ লক্ষ টাকা ব্যয় করার অনুমোদন চাইছেন। স্যার, গত ১৯শে মার্চ তিনি এই সভায় সরকারের বিভিন্ন দপ্তরের বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা রূপায়ণের উদ্দেশ্যে সরকারী আয়-ব্যয়ের পরিপ্রেক্ষিতে বাজেট পেশ করেছিলেন। আমরা হিসাব করে দেখছি ১৯৯৮-৯৯ সালের বাজেটে তিনি অর্থনৈতিক উন্নয়ন ঘটাবার জন্য বিভিন্ন খাতে যে টাকা বরাদ্দ করেছিলেন, সেই টাকা দু'একটি

দপ্তর ছাড়া বেশীরভাগ দপ্তরই সম্পূর্ণ খরচ করতে পারে নি। ফলে আমরা দেখছি তিনি যে টাকা বরাদ্দ করেছিলেন, কাজ তার চেয়ে অনেক কম হয়েছে। বেশীর ভাগ ক্ষেত্রেই বরাদ্দ করা প্রয়োজনীয় টাকা স্যাংশন না করার ফলে প্রয়োজনীয় কাজ হয় নি। আবার অনেক জায়গায় সঠিক সময় টাকা না দেওয়ার জন্য সঠিক কাজ হয় নি। ফলে সব ক্ষেত্রেই উন্নয়ন পিছিয়ে গেছে। বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছিল তা যদি ব্যয় করা হ'ত তাহলে গ্রামবাংলার হয়ত কিছু উন্নতি হ'ত। কিন্তু তা না হওয়ায় গ্রামবাংলার উন্নয়ন পিছিয়ে পড়েছে। যেমন আমি বলতে পারি যে ন্যাচারাল ক্যালামিটি খাতের ৬৮ কোটি টাকা গত বছর আপনারা খরচ করতে পারেন নি অথচ আমার জেলা মুর্শিদাবাদে, সেখানে প্রতি বছর বন্যা হয়, ভাঙ্গন হয়, মানুষ গৃহহারা হয়ে গাছের তলায়, ইরিগেশানের বাঁধে, রাস্তাঘাটে থাকে। তাদের পুনর্বাসনের ব্যাপারটা সেখানেই অনড় হয়ে আছে, সেখান থেকে এক চুলও হেলে নি। কোন মানুষের পুনর্বাসনের ব্যবস্থা হয়নি, ঘরবাড়ী করা হয়নি। আপনি মালদহ, মুর্শিদাবাদের বন্যা দেখতে গিয়েছিলেন, আমার কেন্দ্রেও গিয়েছিলেন, আপনাকে বলি, সেখানে সমস্ত টাকা দেওয়া হয়নি। ফুল ড্যামেজের টাকা পরিশোধ করা হয়নি, হাফ ড্যামেজ তো ধারে কাছে নেই। আবার বন্যা আসছে, আপনি ঠিক করেছেন সেখানে যাবেন, কিন্তু গত বছর যাদের টাকা দিতে পারেন নি তারা এখন কোথায় থাকবেন আশা করি সেটা বলবেন। উন্নয়নের জন্য টাকার অনুমোদন আমরা দিতে চাই কিন্তু দেখতে হবে পশ্চিমবাংলায় কাজগুলি যাতে তরান্বিত হয়। আজকে মালদহ থেকে মুর্শিদাবাদ পর্যন্ত যে ভাঙ্গন চলেছে তাতে দেখছি ঐ দপ্তরটি শুধু একটি দপ্তর হিসাবে খাড়াই হয়ে আছে কিন্তু তাদের না আছে কাজ করার যোগ্যতা, না আছে কাজ করার দক্ষতা। ক্রমশঃ ঐ দপ্তর কাজ করার ক্ষেত্রে পিছিয়ে পড়ে থাকছে। সেখানে যে গতিতে কাজ করা দরকার এবং টাকা যেভাবে ইউটিলাইজ করা দরকার সেই ভাবে আপনি তাদের টাকা দিচ্ছেন কিনা জানি না কিন্তু খবরের কাগজে প্রায়শঃই দেখছি ওরা বলছেন, অর্থ দপ্তর সময়মত টাকা দিচ্ছে না তাই কাজ হচ্ছে না। এই কথাটা কতটা যুক্তিসঙ্গত আশা করি আপনার জবাবী ভাষণে তা বলবেন। সত্যিই যদি অর্থ দপ্তর সঠিক সময়ে টাকা না দেয় তাহলে ভাঙ্গন প্রতিরোধে আপনি আন্তরিক নন এটাই প্রমাণিত হবে। আপনি আমাদের ভগবানগোলাতে দাঁড়িয়ে বলে এসেছিলেন যে ভাঙ্গন প্রতিরোধের ব্যাপারে আপনি আন্তরিক এবং হনুমন্তনগরের জন্য ৪ কোটি টাকা দিতে চাই। সেই টাকা এখনও দিতে পারেন নি। আপনার প্রতিশ্রুতি আপনি রাখুন এই অনুরোধ করবো। সর্বত্র যেভাবে ভাঙ্গন শুরু হয়েছে সেখানে নিশ্চয় ইরিগেশান ডিপার্টমেন্ট আপনাকে সে খবর গিয়েছে। জল বাড়ার সঙ্গে সঙ্গে সেখানে যে আবার ভাঙ্গন শুরু হয়েছে আশা করি সে ব্যাপারে আপনি ওয়াকিবহাল তাই আপনাকে অনুরোধ করবো, নতুন করে বাঁধ বাঁধানোর কাজ যাতে দ্রুত শুরু হয় সেটা দেখুন। শুধু ভগবানগোলা নয়, মালদহ থেকে মুর্শিদাবাদ পর্যন্ত আপনাকে দৃষ্টি দিতে হবে। শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করছি না, আমরা যে কথাগুলি বলছি সেগুলি বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি এবং আপনি সেখানে গেলে আমাদের কথার প্রমাণ পেয়ে যাবেন। তাই আপনাকে বলব, অনেক কষ্টে টাকার যোগাড় হচ্ছে, সেই টাকা যাতে সঠিক সময় সঠিকভাবে ব্যবহৃত হয় তা

আপনি দেখুন। ফ্লাড প্রোটেকশানের ব্যাপারে আপনারা সম্পূর্ণ ভাবে ব্যর্থ। যে টাকা দিচ্ছেন সেটা সঠিকভাবে ব্যয়িত হচ্ছে না। ফলে প্রতি বছর বন্যা হচ্ছে, তাতে কৃষিজমি নষ্ট হচ্ছে, শস্যহানি হচ্ছে, গবাদি পশু মারা যাচ্ছে, মানুষের প্রানহানি ঘটছে। তারপর আমরা দেখছি, হাসপাতালগুলিতে ঔষধ পাওয়া যায় না। ৯৭/৯৮ সালে দেখছি হাসপাতালের জন্য বরাদ্দ ২০ লক্ষ টাকা খরচ হয় নি। এটা কি করে হয়? স্বাস্থ্যমন্ত্রী বলছেন যে বিশ্বব্যাঙ্ক থেকে ৭ শো কোটি টাকা নিয়ে হাসপাতালগুলিকে আধুনিকীকরণ করছেন কিন্তু বাস্তবে আমরা দেখছি হাসপাতালগুলিতে ঔষধ পাওয়া যায় না। সর্বত্র এই একই অভিযোগ আমরা শুনি। এটা সত্য কিনা আপনি জবাবী ভাষণে বলবেন। আপনাদের সংখ্যাধিক্য আছে, বিল পাশ হবে জানি কিন্তু আপনাকে আমি অনুরোধ করবো, বাস্তব অবস্থাটা একটু বোঝার চেষ্টা করুন। আজকে পশ্চিমবঙ্গের রাস্তা-ঘাটের বেহাল অবস্থা। প্রায়শঃই আমরা শুনি যে পি. ডবলু. ডি. কে টাকা দেওয়া হয় না অথবা এমন সময় দেওয়া হয় যখন খরচ করার সময় থাকে না। বছর শেষ হওয়ার ১৫ দিন আগে কি এক মাস আগে হয়ত টাকা দেওয়া হয় যখন সেই টাকা আর খরচ করার সময় থাকে না।

[4.30–4.40 p.m.]

সুতরাং আপনি এটা কি ভাবে করছেন, আপনাকে ব্লাক মেল করছে কিনা, আপনার সঙ্গে পূর্ত দপ্তরের সদ্ভাব আছে কিনা, এটা হচ্ছে কেন? আজকে রক্ষণাবেক্ষণের কোন কাজ হচ্ছে না। নুতন রাস্তা হচ্ছে না। ১০।১২ কিলো মিটার রাস্তা ২২ বছরেও নুতন করে বাড়েনি। আপনি টাকা খরচ করতে পারছেন না। তার ফলে অর্থনৈতিক উন্নয়ন ঘটছে না, রাজ্যের মানুষ সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এটা কেন হচ্ছে আপনি আমাদের জানাবেন? আজকে যেমন স্বাস্থ্যের হাল তেমনি রাস্তার অবস্থা। আপনি কোথাও কিছু নুতন করে করতে পারছেন না। আপনাকে আমি একটা কথা বলি, আজকে যদি 'এমপিলাসের' টাকা না আসতো তাহলে স্কুলের বাড়ী-ঘর তৈরী হত না। আমার ভগবানগোলায় একটি মাত্র গার্লস স্কুলে ১৪।। শত ছাত্রী পড়ে। সেখানে স্থান সংকুলান হয় না। বিভিন্ন ক্লাসের ছাত্রীদের সেখানে দাঁড়িয়ে থাকতে হয়। অনেক সময়ে তাদের আগে ছুটি দিয়ে দিতে হয়। একটা হাইস্কুলে ১৮ থেকে ১৯ শত ছাত্র-ছাত্রী পড়ে। আপনার কোন ইনফ্রাস্ট্রাকচার কোথাও নেই। আপনি ৪১২ কোটি এক বছরে খরচ করতে পারেন নি। তাহলে পশ্চিমবাংলার শিক্ষা ক্ষেত্রে কি করে উন্নয়ন সম্ভব? একটা স্কুলে ২।। শত ছাত্র সেখানে কিভাবে পড়াশুনা হবে? এর পরেও আপনারা কিভাবে বলেন যে শিক্ষাক্ষেত্রে আপনারা বিপ্লব ঘটিয়েছেন সেটা আমরা বুঝতে পারিনা। আপনার স্বদিচ্ছা থাকা সত্ত্বেও কেন হচ্ছে, আপনি কেন খরচ করতে পারছেন না সেটা আমাদের বলবেন। আমরা দেখছি যে সমস্ত ব্যর্থতার দোষটা আপনার উপরে এসে পড়ছে। আমরা দেখছি যে ২২ বছরে পশ্চিমবাংলার যে উন্নয়ন হওয়ার কথা ছিল সেটা হয়নি। আপনারা বলে থাকেন যে, কংগ্রেস সব কিছু নষ্ট করে দিয়েছে। কিন্তু ২২ বছরের মধ্যে আপনারা কোন উন্নয়ন করতে পারেন নি। আজকে কেন পশ্চিমবাংলার উন্নয়ন থমকে

দাঁড়িয়ে আছে, সেটা আপনি আমাদের বলবেন। এই কথা বলে আপনার এ্যাপ্রোপ্রিয়েশান বিলের বিরোধিতা করে এবং আমাদের দলের তরফ থেকে আনা কাট মোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী অসীম দাশগুপ্ত মহাশয় যে এ্যাপ্রোপ্রিয়েশান বিল এখানে পেশ করেছেন, আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, একটা কথা আছে যে, 'মন্বন্তরে মরিনি আমরা মারি নিয়ে ঘর করি।' বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় যেদিন থেকে প্রতিষ্ঠিত হয়েছে সেদিন থেকে খরা, বন্যা নানা রকম প্রাকৃতিক বিপর্যয় প্রতি বছর চলেছে। তার মাঝখানে দাঁড়িয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যখন মূল বাজেট পেশ করেন তখন আমরা দফাওয়ারী বাজেটগুলিও দেখেছি। আমাদের নানা রকম অসুবিধার মধ্যেও সাধারণ মানুষের দিকে তাকিয়ে, গ্রামের মানুষের দিকে তাকিয়ে, কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে তিনি বাজেট পেশ করেছেন এবং প্রত্যেকটি দফাওয়ারী বাজেটও সেইভাবে আলোচিত হয়েছে। বিরোধী যারা তারা বিরোধিতা করেন এবং আজও সেই বিরোধিতা করবেন। আমাদের শিক্ষা, স্বাস্থ্য, সেচ, কৃষি, বিদ্যুৎ—এগুলিকে ভাল করার জন্য যথেষ্ট চেষ্টা করা হয়েছে। আপনারা জানেন যে বাজেট তিনটি পর্যায়ে হয়—এষ্টিমেট বাজেট, রিভাইজড বাজেট এবং এ্যাকচুয়াল বাজেট। এই মূল বাজেট যখন হয় তখন আশা করা যায় যে এই টাকা দফাওয়ারী সেই ভাবে আসবে এবং তার থেকে সেই ভাবে খরচ করা হবে। কিন্তু প্রাকৃতিক নানা অসুবিধায় সব সময়ে খরচ হয়ে ওঠে না। কাজেই সেই ভাবে অগ্রাধিকারের ভিত্তিতে আমাদের কাজ করতে হয় এবং সেই অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করতে গিয়ে কোন কোন ক্ষেত্রে অসুবিধা হয়। মূল কথা হচ্ছে, এখানে যে টাকা বরাদ্দ হয় সেই টাকাতে প্রতিটি দপ্তর কাজ করছেন এবং বিশেষ করে এই সরকারের যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য হচ্ছে সাধারণ মানুষের দুঃখকষ্ট যাতে লাঘব হয় সেটা দেখা। আজকে কেন্দ্র শিক্ষা খাতে কত খরচ করে, আর পশ্চিমবঙ্গ কত খরচ করে, তার আনুপাতিক হার জানা দরকার। বিশেষ করে দৃষ্টিভঙ্গীর দিক থেকে দুই সরকারের মধ্যে পার্থক্য রয়েছে। আর আমরা দেখতে পাচ্ছি যে, বর্তমানে কেন্দ্রের বি. জে. পি. সরকারের সঙ্গে অতীতের কংগ্রেস সরকারের কোন পার্থক্য নেই। এরা যে জিনিস করছেন, অতীতে ওরাও সেই জিনিসই করেছেন। এখনও কেন খরা বন্যায় রাজ্যের মানুষকে ভুগতে হচ্ছে। যে নদীগুলো আমাদের দেশে প্রবাহমান কেন তার জল আমরা পাবো না? এর কারণ হ'ল, যথাযোগ্য ড্রেজিং করা হয়নি, ফলে নদীর নাব্যতা নেই। অন্যান্য রাজ্যকে তারা যে পরিমাণ টাকা দেন সেই পরিমান টাকা আমাদের দেন না। এক্ষেত্রে নানা ধরণের বঞ্চনা রয়েছে। আর এমন সময়ে তারা অর্থ পাঠান যে সেটা খরচ করার কোন উপায় থাকে না, কারণ ফেব্রুয়ারী মার্চ নাগাদ টাকাটা আসে। কিন্তু তারা বলেন—আমরা নাকি খরচ করতে পারি না। তবে যে সব টাকা বরাদ্দ হয় সেক্ষেত্রে এটা নিশ্চয়ই দেখা উচিত যে, যার যা কাজের দায়িত্ব সেটা টাইম বাউন্ড প্রোগ্রাম গ্রহণ করে সময়ে শেষ করা উচিত। বর্তমানে প্ল্যানের টাকা জেলা পরিষদে যাচ্ছে। তার জন্য সরকারের অবশ্যই জেলা পরিষদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখা দরকার। এম. পি.

ফান্ডের টাকাও যথা সময়ে খরচ হওয়া উচিত। তবে আমাদের বাজেট যেহেতু উন্নয়নের বাজেট, মানবতার উপর প্রতিষ্ঠিত বাজেট, তার জন্য এই এ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সর্বান্তকরণে সমর্থন করছি। ধন্যবাদ।

[4.40–4.50 p.m.]

**শ্রীশোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে ব্যয় অনুমোদন বিল পেশ করেছেন আমি সেই বিলকে সমর্থন করতে পারছি না; কারণ এই রাজ্যে যে সরকার চলছে এই সরকারের ব্যয় অনুমোদন চাইবার কোন অধিকার আছে কিনা এটাই সন্দেহ। কারণ অতীতে এই সরকার যে অর্থ ব্যয়ের অনুমোদন পেয়েছিলেন সেটা তারা খরচ করতে পারেন নি, কাছাকাছিও যেতে পারেন নি। এমন কি, অত্যন্ত প্রয়োজনীয় যে সব দপ্তরের জন্য গত বছর অর্থ মঞ্জুরী তারা পেয়েছিলেন সেটাও খরচ করতে পারেন নি। কবি নীরেণ চক্রবর্তীর নাম সবাই জানেন একটি সবুজ বাঁচাও আন্দোলনে আমি গিয়েছিলাম। সেখানে তিনি বক্তৃতা করছিলেন। সেখানে তিনি বলেছিলেন—'বামফ্রন্ট সরকার হচ্ছে জমিদারের বখাটে ছেলের মত। ও মিদের বাবা যা রেখে গেছেন সে সব সে বিক্রি করে খায়। এই সরকারও তাই করে যাচ্ছেন।' এই সরকার স্বাস্থ্য, শিক্ষা, শিল্প, রাস্তাঘাট, বিদ্যুৎ, পরিবহন, আইন-শৃঙ্খলা—সমস্ত ক্ষেত্রে আজকে ব্যর্থ, কোন ক্ষেত্রে সাফল্যের নজির নেই। একটু পরে অসীমবাবু চিৎকার করবেন, লাফিয়ে লাফিয়ে চিৎকার করবেন এবং বিকল্প অর্থনীতির কথা বলবেন। এই সরকার ডবল্ স্ট্যান্ডার্ড পলিটিক্স করছেন, কারণ তারা যা বলছেন তা করছেন না। এই সরকারের অধিকাংশ দপ্তর ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় চলছে, অথচ এখানে ওয়ার্ল্ড ব্যাঙ্কের বিরুদ্ধে বিপ্লব করছেন। সোমনাথবাবু আমেরিকায় ঘুরে বেড়াচ্ছেন মাল্টি-মিলিয়নিয়ারদের ধরে আনতে, কিন্তু এখানে তারা মাল্টি-মিলিয়নিয়ারদের বিরুদ্ধে বক্তৃতা চালাচ্ছেন। যতদিন পর্যন্ত এই ডবল্ স্ট্যান্ডার্ড পলিটিক্স থেকে বেরিয়ে এসে সত্যি কথা বলতে না পারবেন ততদিন রাজ্যের কোন উন্নতি হবে না। আজকে রাজ্যের অধিকাংশ দপ্তরই চলছে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায়। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে বিশ্বব্যাঙ্কের বিরুদ্ধে প্রস্তাব এল। বিশ্বব্যাঙ্কের টাকায় কাজ করছেন, আবার বিশ্বব্যাঙ্কের বিরুদ্ধে প্রস্তাব আনছেন। এটা কখনো হয় না। এই ব্যাপারটা পৃথিবীর কোন জায়গায় হয়েছে কিনা, সেটা ব্যাখ্যা করে বুঝিয়ে দেবেন। আপনি অনেক উঁচুদরের মানুষ। আপনি লেখাপড়া শিখে এসেছেন। আপনি অনেক গুণী মানুষ। একদিকে আপনি মাল্টিন্যাশান্যালদের বিরুদ্ধে প্রস্তাব দেবেন, আবার আপনার দলেরই নেতা বিলেতে মাল্টিন্যাশানালদের ধরে আনবার জন্য ঘুরে বেড়াবেন। এটা কখনো চলতে পারে না। গত বছর আপনি আরবান ডেভলপমেন্ট বা শহর উন্নয়নের জন্য প্ল্যান বাজেটে ৫০৭ কোটি ৬ লক্ষ টাকা চেয়েছিলেন। আপনার ক্ষমতা নেই খরচ করবার। আপনার ইনফ্রাস্ট্রাকচার নেই। আপনার কর্মসংস্কৃতি নেই। কিসের জন্য আপনি অনুমোদনের অনুমোদন চেয়েছেন? আপনি ১২৫ কোটি ৭৪ লক্ষ ২৩ হাজার ৫৩৪ টাকা খরচ করতে পারেন নি। এটা শহরের মানুষকে উদ্বাস্তু করার জন্য নয়। এ রাজ্যের মানুষ এখনও পর্যন্ত মাথায় করে মলমূত্র নিয়ে যায়। সেই রাজ্যেরই

আপনি অর্থমন্ত্রী হয়ে গ্রামোন্নয়নের জন্য টাকা খরচ করতে পারেন নি। আপনার নৈতিক অধিকার নেই এই আর্থিক অনুমোদন চাওয়ার। মেডিক্যাল এ্যান্ড পাবলিক হেলথের জন্য খরচ করতে আপনি অনুমোদন চেয়েছিলেন ১০৯ কোটি ৯০ লক্ষ ৩৬ হাজার টাকা। অসীমবাবু লজ্জার কথা আপনি খরচ করেছেন ৮৮ কোটি ৯২ হাজার ১৮১ টাকা। আপনি গ্রামোন্নয়ন খাতে অর্থাৎ গ্রামের শুধু উন্নয়নের জন্য, পানীয় জলের জন্য পি এইচ ই যে ডিপার্টমেন্ট আছে, সেই ডিপার্টমেন্টের জন্য আপনি অনুমোদন চাইলেন, কিন্তু খরচ করতে পারলেন না। কত টাকা না ২০ কোটি ৯৮ লক্ষ ৯৭ হাজার ৮১২। আপনি একের পর এক অনুমোদন চাইছেন, আর ওখানে এক গাদা লোক বসে আছে, মাথা থেকে ঘিলু বার করে সেখানে গণশক্তি ঢুকিয়ে দিয়েছে। কেউ নিজের কথা বলে না। সবাই দাদার শিখিয়ে দেওয়া বুলিই বলে। আপনি মুখে বলেন সোশাল সিকিউরিটি এ্যান্ড ওয়েলফেয়ার অর্থাৎ এস সি এস টি ওয়েলফেয়ার খাতে কাদের জন্য খরচ করবেন, না এস সি, এস টি এবং আদার ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য কত টাকার অনুমোদন চাইলেন— আপনি চাইলেন ২০১ কোটি ১৫ লক্ষ ৮৪ হাজার টাকা। খরচ করেছেন ১৪০ কোটি ৮৫ লক্ষ টাকা। আমার বন্ধু অসিত মিত্র শিক্ষার বেহাল অবস্থার কথা বলছিলেন। সত্যিই এতে মাথা নীচু হয়ে যায়। কারণ ২ হাজার আড়াই হাজার স্কুলের কোন অস্তিত্বই নেই। গাছের তলায় স্কুল হচ্ছে। অথচ আপনারা এখানে হাত তুলে হরবোলা হরবোলা বলে চিৎকার করবেন। বলছিলাম তো মাথার ঘিলু বার করে গণশক্তি ঢুকিয়ে দিয়েছে। এর বাইরে চিন্তা করার ক্ষমতা, বলার ক্ষমতা নেই। প্রাথমিক শিক্ষা সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। গাছের তলায় স্কুল চলছে। মিড ডে মিল বন্ধ করে দিয়েছেন। বই দিচ্ছেন না। অথচ আপনি কিসের জন্য অনুমোদন চাইছেন, তা আমি বুঝতে পারছি না, আপনি সোশাল ওয়েলফেয়ারের জন্য টাকা চাইলেন, কিন্তু খরচ করতে পারলেন না ৬০ কোটি ৩০ লক্ষ টাকা। আপনার কি টাকা চাওয়ার অধিকার আছে? আপনি এখানে দাঁড়িয়ে বিকল্প অর্থনীতির কথা বলেন, আপনার বিকল্প অর্থনীতি যদি ঠিক হয়, তাহলে আপনি টাকা খরচ করতে পারেন নি কেন? আপনারা বলেছেন যে, শিক্ষা ভিক্ষা নয়। শিক্ষায় টাকা খরচ করতে পেরেছেন? শিক্ষাখাতে আপনি ২ হাজার ৯০৯ কোটি টাকার অনুমোদন চেয়েছিলেন। খরচ করেছেন ২ হাজার ৪৯৬ কোটি টাকা। খরচ করতে পারেন নি ৪১২ কোটি টাকা। অথচ আপনারা হাত তুলে হরবোলা বলবেন। আমরা সমর্থন করব কিন্তু সেটা তো যুক্তি-সাপেক্ষ হতে হবে। সরকার অনুমোদন চাইছেন, আর সেই টাকা খরচ করতে পারছেন না, এটা তো ঠিক নয়। তাই একে সমর্থন করতে পারছি না। আপনি ১৬ বছরে একটা হাসপাতাল করেছেন। আর আমাদের রাজ্যের শয্যাসংখ্যা বেড়েছে ৪৪০ টা মাত্র।

হাসপাতালের শয্যাসংখ্যা বেড়েছে ৪৪৯টি। কি হাহাকার চলছে পশ্চিমবাংলায়, যেখানে আমাদের রাজ্যের তুলনায় ভারতবর্ষের সমস্ত রাজ্য উন্নয়নে এগিয়ে চলেছে। বিশেষ করে শিল্পের ক্ষেত্রে, আমাদের রাজ্য থেকে সমস্ত বড় শিল্পগুলো একের পর এক করে চলে যাচ্ছে, কলকারখানাগুলো চলে যাচ্ছে। ২৩টি বিদেশী কোম্পানীর সঙ্গে আপনারা চুক্তি করেছিলেন। সংবাদপত্রে ছবি ছাপিয়েছিলেন যে, বিদেশী শিল্পপতিদের

আমাদের এখানে আনছেন। তার মধ্যে ৪টি মাত্র বাস্তবায়িত হয়েছে। অথচ আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী ৪৯০ দিনের বেশী বিদেশে কাটিয়েছেন এইজন্য। এই মুহূর্তে আমাদের রাজ্যের একজন নেতা আমেরিকাতে বসে আছেন মোর দ্যান ১১৬ ডেইজ। আগেও গিয়েছেন, আবার গেছেন শিল্পপতি ধরে আনতে। আপনার এই আর্থিক অবস্থার দিক থেকে, আপনার পরিকাঠামোর দিক থেকে আপনি সম্পূর্ণ ব্যর্থ। আপনি কাঁধে লাল পতাকা তুলে দিয়ে বলছেন, 'তোমাদের কাজ না করার অধিকার দিলাম।' সেই কারণের জন্য আমাদের রাজ্যে কি শিল্পে, কি শিক্ষায় সর্বক্ষেত্রে আমরা পিছিয়ে যাচ্ছি। চারিদিকে শুধুমাত্র হতাশা। মানুষ চারিদিক থেকে হতাশাগ্রস্ত হয়ে আসছে। আপনি এর পরে বলবেন বিকল্প অর্থনীতির কথা। আপনার বিকল্প অর্থনীতি কি তা আমি জানি না। আপনার এই ব্যয়ানুমোদন চাওয়ার অধিকার আছে কিনা আমি জানি না। সার্বিক ভাবে আপনি ব্যর্থ। আপনারা সততার সঙ্গে চলছেন না। আপনারা মানুষকে বলছেন এক কথা আর করছেন আর এক রকম। আপনারা ডাবল্ ষ্ট্যান্ডার্ড পলিটিক্স করছেন, দ্বিচারিতা করছেন। আপনি পলিটিক্যাল হিপোক্রাসি করে এই রাজ্য চালাচ্ছেন। তাই আপনার এই ব্যয়ানুমোদনের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য রাখলাম।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে এ্যাপ্রোপ্রিয়েশন বিল উপস্থাপন করেছেন আমি তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে দু'একটি কথা বলতে চাই। আমাদের বিরোধী বন্ধুদের বক্তব্য শুনে যে কোন মানুষ ভাবতে শুরু করবে যে পশ্চিমবাংলাটা পুরোপুরি ব্যর্থতায় ভরে গেছে। টাকা পয়সা খরচ করতে পারছে না, যা অনুমোদিত হয় তা খরচ করতে পারছে না। আমি সেই সব বন্ধুদের অনুরোধ করবো ভাল ভাবে পরীক্ষা করে দেখার জন্য। আপনারা যেভাবে ভাবছেন তা ঠিক নয়। পশ্চিমবাংলা সর্বক্ষেত্রে, এমন কি আর্ন্তজাতিক ক্ষেত্রে একের পর এক নজির সৃষ্টি করে চলেছে। কৃষিক্ষেত্রে দেখুন, ১০ বছর ধরে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান লাভ করছে চাল উৎপাদনের ক্ষেত্রে। ভূমি সংস্কারের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা অন্যতম একটা স্থানে এগিয়ে যেতে পেরেছে। আপনারা তবুও এই কথাটা বলবেন না? আপনারা শুধু ব্যর্থতার কথা বলছেন। ভারতবর্ষে ৭০ ভাগ যে জমি সেটা এখানে কারা ভোগ করছে? ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা ভোগ করছে। সেখানে ভারতবর্ষের হিসাব হচ্ছে ৩৪.৩০ ভাগ এই ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা ভোগ করছে। সুতরাং এই দিক থেকে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলা সাফল্যের নজির সৃষ্টি করেছে। মাছ উৎপাদনের ক্ষেত্রে শুধু ভারতবর্ষের ক্ষেত্রে নয়, পৃথিবীর ক্ষেত্রে আমরা যথেষ্ট মর্যাদার আসন লাভ করেছি। সামাজিক বনসৃজনের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে আমরা প্রথম স্থানে আছি। এমনকি আমরা আর্ন্তজাতিক পুরস্কারও লাভ করেছি। আমরা ক্ষুদ্রশিল্প এবং কুটির শিল্পের ক্ষেত্রে এখানে কি দেখতে পাচ্ছি? আমরা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান লাভ করেছি। আপনারা শুধু ব্যর্থতাটাই দেখতে পাচ্ছেন। এটা যদি ব্যর্থতা হয় আপনাদের কাছে, আমরা তার মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় যে নতুন অর্থ কল্যাণ, বেনোভেলেন্ট ডেমোক্রেসী, বেনোভেলেন্ট ডেসপোটিজম'এর আদর্শ নয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকার দিনের পর দিন সাফল্যের পথে এগিয়ে চলেছে। আমাদের যে

নোবেল জয়ী অর্থনীতিবিদ্ তার যে আদর্শ 'ওয়েলফেয়ার ইকনোমিক্স'-জনকল্যাণমূলক অর্থনীতি—এটা পশ্চিমবঙ্গের আদর্শ নীতি, যে আদর্শ নীতির উপরে দাঁড়িয়ে জনগণের কল্যাণে নিয়োজিত এই সরকার, তার সাফল্য দেখবেন না? এই প্রসঙ্গে বলতে চাই যে, গত বছরে যে লক্ষ্যমাত্রা ছিল ৩ হাজার ৫০০ কোটি টাকা, সেই লক্ষ্যমাত্রাকে অতিক্রম করে ভারতবর্ষের মধ্যে একটা সাফল্যের নজির সৃষ্টি করেছে। গতবারে ৪ হাজার ৬১১ কোটি ৭০ লক্ষ টাকা আদায় করা সম্ভব হয়েছে। সেই পরিপ্রেক্ষিতে এই বছরে ধার্য হয়েছে ৪ হাজার কোটি টাকা। এটা কি সাফল্য নয়? জলাভূমি সংরক্ষণের ক্ষেত্রে একটা আইন করেছে যা কোন প্রদেশে তৈরী হয় নি। একমাত্র আমাদের রাজ্যে জলাভূমি সংরক্ষণের জন্যে আইন তৈরী হয়েছে। এটা কি সাফল্যের নজির নয়? আমাদের পরিকাঠামোগত সমস্যার ত্রুটি থাকা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি পানাগড়-মৌড়িগ্রাম রাস্তা দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে সাফল্যের সঙ্গে তৈরী হয়েছে যেটা শিলিগুড়ি-কলকাতা এবং হলদিয়া কলকাতার মধ্যে সংযোগ স্থাপন করবে। তারপরে শিল্পের ক্ষেত্রে ব্যাপক উন্নতি সাধন করেছে। আপনারা তো বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র নিয়ে অনেক ব্যঙ্গ করেছেন। আজকে সাফল্যের সঙ্গে এই বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র তৈরী করা সম্ভব হয়েছে। হলদিয়ার ক্ষেত্রে যে সহযোগিতামূলক ভূমিকা আপনাদের দেওয়া উচিত ছিল তা দেন নি। বরং আপনারা যখন কেন্দ্রীয় সরকারে ছিলেন তখন একটার পর একটা পশ্চিমবঙ্গের শিল্পের লাইসেন্স দেবার ক্ষেত্রে বাধা দেবার চেষ্টা করেছেন। আজকে গ্রামোন্নয়নের ক্ষেত্রে ২৩৯ কোটি টাকা যে আর্থিক ব্যয়, সেই ব্যয় বহন করার চেষ্টা করেছে। সুতরাং এইগুলো কি সাফল্যের নজির নয়? এই কথা বলে এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.50–5.00 p.m.]

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল এ্যাপ্রোপ্রিয়েশান বিল নম্বর ২ বিলের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই বলি যে, বর্তমান আর্থিক বছরে যে মোট বরাদ্দ ২৫ হাজার ৭৪৪ কোটি টাকা, তার মধ্যে পরিকল্পনা বাবদ বরাদ্দ ৬ হাজার ২৮৯ কোটি টাকার। প্রস্তাব এই বিলের মাধ্যমে উপস্থাপন যখন করছি তখন একটা কঠিন পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে এই প্রস্তাব আমি রাখছি। এই কঠিন পরিস্থিতির বাস্তবতা একটু সংক্ষেপে রাখছি। তারপরে যে প্রস্তাব বিশেষ করে মাননীয় সদস্য পঙ্কজবাবু রেখেছেন এবং মাননীয় সদস্যরা রেখেছেন যে, বাজেট বরাদ্দ আপনি এখানে পেশ করলেন তার কত খরচ হয়েছে সেই সম্বন্ধে প্রশ্ন রেখেছেন। তার যতটুকু পারি উত্তর দেবার চেষ্টা করব। প্রশ্ন রেখেছেন—পশ্চিমবঙ্গ এগিয়ে যাচ্ছে নাকি পিছিয়ে যাচ্ছে—আমি তার উপরে উত্তর রাখব। আর বাজেটে যখন প্রস্তাব করা হচ্ছে তার পিছনে অগ্রগতির কি কারণ সেটা বলছি। আপনারই একটা প্রশ্নে এইভাবে বলতে শুরু করি যে, যে পরিস্থিতিতে দাঁড়িয়ে বাজেট রাখছি সেটা প্রত্যেকটি রাজ্যের ক্ষেত্রে একটা খুব সমস্যার বছর। কারণ কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তে কেন্দ্রীয় কর্মীদের বেতন বৃদ্ধির পরে প্রত্যেক রাজ্যকে কর্মীদের এবং আমরাও এখানে কর্মীদের, শিক্ষক

মহাশয়দের, শিক্ষাকর্মী এবং অন্যান্যদের বেতন বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করি। এই বেতন বৃদ্ধি আমাদের বেতনের ৪০ শতাংশ কম বেশী সব রাজ্য গ্রহণ করে। গত বছর থেকেই এই প্রক্রিয়া শুরু হয়। এর একটা প্রচন্ড ব্যয়ভার প্রত্যেক রাজ্য বহন করছে। কোন একটি কারণে কেন্দ্রীয় সরকার যেটা কেন্দ্রীয় করের যে বিভাজন আনে, যেটা বাজেটে বলা হয়েছে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে লিপিবদ্ধ করা হয়। তার থেকে প্রায় ১ হাজার কোটি টাকা অন্তত পশ্চিমবাংলা কম পেয়েছে। অন্যান্য রাজ্যও কম পেয়েছে। সেটা যখন সর্বভারতীয় স্তরে সভা হয়, প্রত্যেকেই হিসাব রাখেন, গত বছরের যে হিসাব আমরা পাচ্ছি, তাতে রাজ্যগুলির মধ্যে যেগুলি আর্থিক দিক থেকে খুব শক্তিশালী রাজ্য তালিকায় পরিচিত, তাদের অনেকেরই কিন্তু দীর্ঘকাল ওভারড্রাফটে যেতে বাধ্য হয়েছেন এবং বড় মাপের ওভারড্রাফট এর হাত থেকে এই রাজ্যকে রক্ষা করি, ওভারড্রাফটে যেতে হয়নি। গত বছরে যে বাজেট পেশ করেছি, ২ হাজার কোটি টাকা সেখানে অতিরিক্ত বেতন বৃদ্ধি করার জন্য ব্যয়ভার এসেছে। আমরা প্রত্যেক রাজ্য কেন্দ্রীয় সরকারকে বলেছিলাম, এর অর্ধেকটা আপনারা ঋণ হিসাবে দিন। বাজেটের বাইরে থেকে দিন, বাজেট খাতে করতে হবে না। আমরা কোন রাজ্য সরকার অর্থ পাইনি, এখানে দাঁড়িয়ে বেতন বৃদ্ধির সরকারি নির্দেশ জারী করা হয়ে গেছে, এর সঙ্গে পরিকল্পনা বাজেটও রক্ষা করতে হচ্ছে। কোন কোন রাজ্য পরিকল্পনার বাজেটে বাড়তি ব্যয় করেছিলেন—আপনারা প্রশ্ন রেখেছিলেন, বাজেট বরাদ্দ বৃদ্ধি করা হবে না, ছাপা হয়ে গেছে, এই বাস্তবতায় দাঁড়িয়ে আমরা এখানে প্রস্তাব রাখছি, এর আগে যা বলেছি, সেটা কি আমরা খরচ করতে পেরেছি। মাননীয় সদস্য পঙ্কজবাবু যে বক্তব্য রেখেছেন সেখান থেকে শুরু করছি। উনি বলেছেন, অষ্টম যোজনার সময়কালে রাজ্য সরকারের যে পরিকল্পনা বরাদ্দ রাজ্য সরকার স্থির করেছিলেন তার ২৪ শতাংশও খরচ করতে পারেন নি। ৪ ভাগ, ৩ ভাগ খরচ করতে পারেন নি। মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু ঠিক উল্টোটাই বলেছেন, উনি বলেছেন ২৪ শতাংশের বেশী খরচ করতে পারেন নি। আপনি বলেছেন, ২৪ শতাংশও খরচ হয়নি, তার মানে ৭৬ শতাংশ খরচ হয়েছে। বাজেটটা কি, এই যে পরিকল্পনা বরাদ্দ পাশ করা হয়, জানবেন আগে একটা সময় ছিল, তার শতকরা ৭০ ভাগ অর্থ রাজ্য সরকার যোগাতেন ৩০ ভাগ অর্থ কেন্দ্রীয় সরকার যোগাতেন তার ৭০ ভাগ অর্থাৎ ১৩.৫ শতাংশ হারে দাঁড়ায়। কিন্তু তাও রক্ষা করা হয়নি। রাজ্য সরকার ৭৫ শতাংশ অর্থ কেন্দ্রীয় সরকার ২৫ শতাংশ অর্থ এই ভাবে অষ্টম যোজনার বরাদ্দ স্থির হয়েছিল। সর্বশেষে যে ব্যয় এর হিসাব পেয়েছি, আমি ঐ বইটির কথা উল্লেখ করছি না, বইটি পড়লে সংশয় হবে, তাই বই এর ২৬।২৭ পাতায় পরিষ্কারভাবে যা লেখা আছে সেটা বলছি, অষ্টম যোজনার কালে রাজ্য সরকারের যে বরাদ্দকৃত অর্থ ছিল ৯ হাজার ৯৫৬ কোটি টাকা, তার মধ্যে থেকে রাজ্য সরকার এই সমস্যার মধ্যে দাঁড়িয়ে খরচ করতে পেরেছে ২৪ শতাংশ নয়, ৭৬ শতাংশ নয়, ৯২ শতাংশ মানে ৯১২৫ কোটি টাকা। একই বইতে দেখবেন ২৫।২৬ পাতায় মাঝের লাইনে লেখা আছে। সুতরাং যে জায়গা থেকে শুরু করেছিলেন সেই জায়গার তথ্যটা ঠিক নয়। সুতরাং এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে ৯২ শতাংশ খরচ হয়েছে, সমস্ত দপ্তরের মধ্যে। এর পরে আমি

একটা হিসাব দিচ্ছি, বিভিন্ন দপ্তরে কি রকম খরচ হয়েছে গত বছরে। এখানে একটা সুন্দরভাবে প্রশ্ন আবু সুফিয়ান সাহেব রেখেছেন, আমি সেটাও ভেঙে বলছি। পঙ্কজবাবুর বক্তব্য এক দিক থেকে সুবিধা হয়েছে, সেটা ধরে দেখছি, উনি—পঙ্কজবাবু, একদিক থেকে বক্তব্য রেখেছেন, বিভিন্ন খাতে হিসাব নিয়ে বলেছেন, সেইগুলি আমি দেখছি, একটা জায়গায় গোলমাল হয়েছে, উনি পরিকল্পনা এবং পরিকল্পনা বর্হিভূত ব্যয় এক করে বলেছেন, যে বই থেকে বলেছেন সেখানে সেইভাবে আছে বলে উনি বলেছেন।

[5.00–5.10 p.m.]

আপনি পরিকল্পনা বর্হিভূত এবং পরিকল্পনা খাতের বরাদ্দ একত্রিত করে বলেছেন। গ্রামাঞ্চলে পরিকাঠামোর কথা বলেছেন, অষ্টম যোজনায় গ্রামোন্নয়নের জন্য বরাদ্দ রাখা হয়েছিল ৬৮৬ কোটি টাকা, আর খরচ হয়েছে ৬৮৪ কোটি টাকা, অর্থাৎ ৯৯ শতাংশ খরচ হয়েছে। বিদ্যুতের ক্ষেত্রেও আপনি পরিকল্পনা এবং পরিকল্পনা বহির্ভূত ব্যয় একত্রিত করে বলেছেন, বিদ্যুতের ক্ষেত্রে পরিকল্পনা খাতে ধরা হয়েছিল ৩ হাজার ২০ কোটি টাকা, কিন্তু খরচ হয়েছে ২,৮৭৩ কোটি টাকা, অর্থাৎ ৯৫ শতাংশ এখানে খরচ হয়েছে। রাস্তার ক্ষেত্রে বরাদ্দ ছিল ৫৭৫ কোটি টাকা, খরচ হয়েছে ৫৯৫, অর্থাৎ ১০৩ শতাংশ খরচ হয়েছে। এখানে বরাদ্দর থেকেও বেশী টাকা খরচ হয়েছে। পানীয় জলের ক্ষেত্রে পরিকল্পনা খাতে বরাদ্দ ছিল ১০২ কোটি টাকা, আর খরচ হয়েছে ১২৭ কোটি টাকা, অর্থাৎ ১২৪ শতাংশ বেশী খরচ হয়েছে। এখানেও বরাদ্দর থেকে বেশী টাকা খরচ করা হয়েছে। বন্যার ক্ষেত্রে, রিলিফের বিষয়ে নির্দিষ্টভাবে জানতে চেয়েছেন মহঃ সোহরাব সাহেব এবং আবু সুফিয়ান সরকার। কত টাকা খরচ হয়েছে সেটাও তারা জানতে চেয়েছেন। গত বছরে বিধ্বংসী বন্যা হয়েছিল। ওনারা বলেছেন রাজ্য সরকার স্টেট ক্যালামিটি রিলিফ ফান্ডের ৫৬ কোটি টাকা খরচ করতে পারেন নি। না পারিনি, আমরা ৫৬ কোটি টাকা পারিনি, আমরা ৭১ কোটি টাকার মত খরচ করেছি। এর মধ্যে কেন্দ্রীয় সরকারের যে পরিমাণ অর্থ দেওয়ার কথা ছিল সেটা তারা দেয়নি। এই বছরের এপ্রিল মাসে সেই অর্থ এসে পৌছেছে। অর্থাৎ বরাদ্দর থেকেও আমরা বেশী খরচ করেছি। ওনারা বলেছেন গঙ্গা-পদ্মা ভাঙ্গনের ক্ষেত্রে কি করেছেন? আমরা আগেই বলেছি ভাঙ্গন হচ্ছে একটা জাতীয় সমস্যা। যখন দেবগৌড়া প্রধানমন্ত্রী ছিলেন উনি একটা বিশেষজ্ঞ দল এখানে পাঠিয়েছিলেন। আপনারা সকলেই জানেন, তারা বলেছিলেন এই ভাঙ্গন রোধ করতে প্রথম তিন বছরে স্বল্পমেয়াদী ৩১৩ কোটি টাকা এবং দীর্ঘমেয়াদী ৬১২ কোটি টাকা দরকার। আমরা তাদের বলেছি পাঞ্জাব বা অন্য কোথাও হলে আপনারা তো বিরাট টাকা দেন। পার্শ্ববর্তী রাষ্ট্রেরও নদী আমাদের মাঝখান দিয়ে বয়ে যাচ্ছে, তাই এটা সর্বভারতীয় সমস্যা। আমরা জমি হারাচ্ছি। কেন্দ্রীয় সরকার তখন কমিয়ে ৩০ কোটি টাকা বরাদ্দ করলেন, তাও অর্ধেক টাকা অর্থাৎ ৩০ কোটি টাকা আমাদের দিতে হবে। আমরা ৬০ কোটি টাকায় খরচ করেছি, তবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঐ ৩০ কোটি টাকার বেশী অর্থ আমরা এখনো পাইনি এই খাতে। এখানে দাঁড়িয়েও আমি বাজেট বরাদ্দে আবার টাকা রেখেছি। জানিনা, হয়ত সর্বদলীয়ভাবে আমাদের আবার

যেতে হবে কেন্দ্রীয় সরকারের কাছে। সেচ খাতে আমরা ৩৫৯ কোটি টাকা রেখেছিলাম, কিন্তু খরচ হয়েছে ৩৯৬ কোটি টাকা। এখানে অতিরিক্ত খরচ করার পরেও আমরা ৫০ কোটি টাকা রাখছি। গঙ্গা-পদ্মা ভাঙ্গন রোধের ব্যাপারে রাজ্য সরকার নিজেই চেষ্টা করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর পরে অন্য প্রশ্নগুলোতে আসছি, যেখানে ব্যয়-বরাদ্দের প্রশ্নগুলো এসেছে। পরিকল্পনা খাতে ব্যয়-বরাদ্দ এক একটা বছরে কি রকম ছিল সেটা আমি বলছি, ১৯৭৬-৭৭ সালে পরিকল্পনা খাতে বরাদ্দ ছিল ২২৭ কোটি টাকা, আর ১৯৮৬-৮৭ সালে সেটা হয়েছে ৭০৫ কোটি টাকা, ১৯৯২-৯৩ সালে সেটা হয়েছে ১২০০ কোটি টাকা। এটা ঐ বইতে লেখা আছে। এই প্রতিকূল অবস্থার মধ্যে দাঁড়িয়েও আমরা পাঁচ বছরের মধ্যে ১২০০ কোটি টাকা থেকে ৪,৯৫০ কোটি টাকাতে নিয়ে যেতে পেরেছি আপনাদের সহযোগিতায়। এই ৪,৯৫০ কোটি টাকার বাজেট বরাদ্দ উপস্থাপন করে সংশোধিত হিসাব যেটা এসেছে—অর্থাৎ বেতন বৃদ্ধির পরেও—তাকে ৯১ শতাংশ রক্ষা করা গেছে এবং কারিগরী দপ্তর, সেচ দপ্তর, রাস্তা, জনস্বাস্থ্য, ইঞ্জিনিয়ারিং দপ্তর, এই রকম প্রত্যেকটি দপ্তরে লেটার অফ ক্রেডিটের মাধ্যমে টাকা দেওয়া হয়েছে এবং পরিকল্পনা খাতে ১০০ ভাগ টাকা দেওয়া হয়েছে। পরিকল্পনা এবং পরিকল্পনা বর্হিভূত একত্রিত করলে প্লান এবং নন-প্লান-এ এল. ও. সি-র মাধ্যমে যেটা দেওয়া হয় তাতে প্রত্যেকটি দপ্তর পিছু ৯৭.৫ পারসেন্ট টাকা গত বছরে দেওয়া হয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা তো এল. ও. সি. বাবদ খরচ হয়েছে। একটা প্রশ্ন আবু সুফিয়ান সরকার রেখেছেন—এটা কি শেষের দিকে আপনি ছাড়েন? না, এল. ও. সি. ৮.৪ পার্সেন্ট হারে ১২ মাসে সমান ভাবে ভাগ করে ছাড়া হয়। টেকনিক্যাল ডিপার্টমেন্ট এল. ও. সি. কিন্তু মান্থলি রিলিজ করে ১২ টি সমান ভাগে। যেমন এই বছরের ভোট অন এ্যাকাউন্টস্ আপনারা এ্যাপ্রুভ করেছেন। প্রথম তিন মাসে ২১ পার্সেন্ট এল. ও. সি. ছেড়ে দিয়েছি। এইভাবে টাকা খরচ করছি। আগে আপনারা বলেছিলেন বাজেট বরাদ্দের টাকা খরচ করতে পারিনি। কিন্তু আমি এ. জি.-র এ্যাকচ্যুয়ালসের তথ্য দিয়ে এই জায়গায় আপনাদের সম্পূর্ণ খন্ডন করলাম। একটা বক্তব্য রেখেছেন মাননীয় পঙ্কজ বাবু সভায় রেখেছেন—টাকা না হয় খরচ-টরচ হ'ল, কিন্তু আপনার মনে হয়েছে এই রাজ্যের অর্থনীতি ক্রমেই পিছিয়ে যাচ্ছে। আমি পরের অংশে এই আলোচনায় আসছি, কি অগ্রাধিকারে আসছে। কেন্দ্রীয় সরকারের গ্রাহ্য তথ্যের ভিত্তিতে এই বক্তব্য রাখছি। এটা রাখার আগে আমার একটা কথা মনে হয়েছে যে, খরচের ক্ষেত্রে আরও কয়েকটা বক্তব্য এসেছে, সেটা বলে রাখলে ভালো হয়। একটা বোধ হয় মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয় রেখেছিলেন যে, এম. পি. ক্ষেত্রে সারা ভারতবর্ষের খরচের হিসেবের গড় ৬৪ শতাংশ, এই রাজ্যে তার চেয়ে অনেক কম। আমি এই তথ্যটা যোগাড় করলাম। ৯৪-৯৫ থেকে ৯৮-৯৯ আর্থিক বছরে এই রাজ্যে আবার সরাসরি পাঠানো হয়েছে ডি.এম. দের কাছে - ২৩০ কোটি টাকা দেওয়া হয়েছে। তার ৭০ শতাংশ ইউটিলাইজেশন সার্টিফিকেট দাখিল হয়েছে। লিখিত তথ্য যদি চান আমি দিতে পারি। এক্ষেত্রে সারা

ভারতবর্ষের আমরা সবচেয়ে উঁচুতে আছি। আমরা তাদের বলেছি, যদি দপ্তরের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি ডি. এম. দের কাছে পাঠান, তাহলে মনিটর করতে খুব অসুবিধা হয়। ওরা আমাদের দাবী মেনে নিয়েছে, অন্য রাজ্যগুলোকেও হয়ত জানাবে। ডিপার্টমেন্টের মাধ্যমে মনিটর করতে পারলে তথ্যগুলো নিয়মিত দিতে পারব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একটা প্রশ্ন রাখা হয়েছে গ্রামোন্নয়ন দপ্তরের ইদানীং খরচের ব্যাপারে। যদিও দফাওয়ারি আলোচনার সময় সংশ্লিষ্ট মন্ত্রী বলেছেন, আমি আবার বলছি—জে. আর. ওয়াই.- ৯৬-৯৭ সালে ৯৩ শতাংশ খরচ হয়ে গেছে। ৯৭-৯৮, ৯৮-৯৯ তে একটা অদ্ভুত ধারা দেখা যাচ্ছে। সেটা হচ্ছে-শেষ দিকে, একেবারে মার্চ মাসে ২৫ পার্সেন্ট টাকা আসছে, সেটা সেই সময় খরচ করা যাচ্ছে না, পরের বছর খরচ হচ্ছে। একটা তথ্য দিচ্ছি, - ডাঃ সূর্য্যকান্ত মিশ্রও অবশ্য বলেছেন—যাতে তিনটি জেলার হিসাব দাখিল করা আছে। দক্ষিণ ২৪ পরগণা তাদের ইউটিলাইজেশান সার্টিফিকেট জমা দিয়ে জানিয়ে দিয়েছে ১৮ই ডিসেম্বর—তারা টাকা পেয়েছিল ফেব্রুয়ারীর শেষে। কুচবিহার ২৪শে ডিসেম্বর দিয়েছিল, টাকা পেল মার্চের মাঝামাঝি। মেদিনীপুর টাকা পেয়েছিল মার্চের মাঝামাঝি। যে ২৫ শতাংশ টাকা ফেব্রুয়ারীর শেষে বা মার্চে আসছে, সেটা অব্যায়িত থেকে যায়—অন্য অংশ নয়।

এক্সটারনালি এইডেড প্রজেক্ট নিয়ে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার এবং শোভনদেব চট্টোপাধ্যায় প্রশ্ন রেখেছেন। আমি খুব পরিষ্কার ভাবে বলি—এ্যাকচ্যুয়ালস থেকে বলছি—৯৬-৯৭ সালে ১২ থেকে ১৩ শতাংশ এক্সটারনালি এইডেড প্রজেক্ট-এ পরিকল্পনা বরাদ্দের একটা অংশ ছিল। ও. ই. সি. এফ.-এর কাছ থেকে অর্থ নেওয়া হয়েছে। কেন ওখান থেকে টাকা নিয়েছি? জানবেন, ভারতবর্ষের মধ্যে অন্যান্য রাজ্যগুলোর মধ্যে বিশ্বব্যাঙ্কের থেকে সব থেকে কম ঋণ আমরা নিয়েছি। আপনি জানেন, ও. ই. সি. এফ.-এর ঋণের কোন শর্ত থাকে না - শুধু ঋণটা ফেরত দিতে হয়। তাই ঐ টাকা আমরা নিয়েছি। বিশ্বব্যাঙ্কের ক্ষেত্রে একটা বক্তব্য ছিল—যদি অগ্রাধিকারের সঙ্গে মেলে ভালো, যদি বাড়তি শর্ত দেন—নেব না।

[5.10–5.20 p.m.]

আমি জানিয়ে রাখছি যে, দুটো প্রকল্প—পূর্ত দপ্তর এবং নগর উন্নয়ন দপ্তরের একটা ছোট মৎস্য প্রকল্পও আছে। এই দুটো বড় প্রকল্প আলোচনা স্তরে আছে। একটা হচ্ছে নগর উন্নয়ন দপ্তরের এবং আর একটা হচ্ছে পূর্ত দপ্তরের প্রকল্প—আলোচনায় আটকে গেছে। এই কারণে আটকে গেছে - ওরা প্রকল্প অনুযায়ী আলোচনা করতে চায়। ফলে ওরা তার বাইরে গিয়ে বলছেন যে, সামগ্রিক অর্থনীতির ক্ষেত্রে ওরা শর্ত আরোপ করবে। যেটা ওরা অন্ধ্রপ্রদেশ এবং অন্যান্য রাজ্যের ক্ষেত্রে করেছেন। আমরা পরিষ্কার জানিয়ে দিয়েছি যে, আমরা কারোর ঋণ নেব না। আমরা এখানে শর্ত মানব না। আপনাদের জ্ঞাতার্থে এটা জানিয়ে রাখলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর পরে প্রগতির ক্ষেত্রে

কি হয়েছে, এই ব্যাপারে যে প্রশ্ন আছে, সেই ব্যাপারে আমি আসছি। প্রথমতঃ আমি মোট উৎপাদনের একটা তথ্য দিচ্ছি। তারপর আমি ধীরে ধীরে আসছি। আমি সেক্টর ওয়াইজ দেব। ১৯৯১-৯২ থেকে ১৯৯৭-৯৮ এটা কেন্দ্রীয় সরকারের তথ্যে প্রকাশিত, আমাদেরও স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশানের যে পদ্ধতি তারা অ্যাপ্রুভ করেন, তার ভিত্তিতে - এই সময়কালে বার্ষিক মোট উৎপাদন বৃদ্ধির হার হচ্ছে সারা দেশের ক্ষেত্রে - ৫.৭ শতাংশ এবং পশ্চিমবাংলায় হচ্ছে ৬.৭ শতাংশ। সমস্ত রাজ্যের গড়ের চেয়ে উঁচুতে আছে। মাথাপিছু উৎপাদন বা মাথাপিছু আয় বৃদ্ধির হার এই সময়কালে সারা দেশের ক্ষেত্রে ৩.৭ শতাংশ। পশ্চিমবাংলা হচ্ছে ৪.৯ শতাংশ। অনেক উঁচুতে আছে। আমি একের পর এক দফাওয়ারী আলোচনার সাহায্যে অগ্রাধিকারের আলোচনায় চলে আসছি। আমরা এখানে এই বাজেট উপস্থাপন করছি লক্ষ্য সামনে রেখেই। আমরা বলি যে, আমাদের লক্ষ্য হচ্ছে একটা সীমাবদ্ধ ক্ষমতায় যতদূর সম্ভব আমরা কর্মসংস্থান বৃদ্ধি করব। উৎপাদন বৃদ্ধি করে ব্যবসা এবং পরিষেবার সম্প্রসারণ ঘটাব। এটা কি পদ্ধতিতে হবে, সেটা আমরা খুব পরিষ্কার করে আমাদের দৃষ্টিভঙ্গিতে বলেছি। আমরা বলছি যেখানে বাজারের মাধ্যমে বিষয়টি আছে, সেখানে যেমন সামনের দিকে পদক্ষেপ হয়, আর যেখানে বাজার পারে না, সেখানে সামাজিক উদ্যোগ প্রয়োজন। সেই উদ্যোগ যখন বিকেন্দ্রীভূত হয় এবং দায়বদ্ধ হয়, অর্থাৎ তাকে সমান প্রযুক্তি বলতে পারেন। পরিকল্পনার অংশটি হচ্ছে ঠিক বিকেন্দ্রীকৃত দায়বদ্ধ প্রকল্প। যেটুকু আমি সময় পাচ্ছি, তার মধ্যেই আমি প্রমাণ করছি। উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে কৃষি ভূমিসংস্কার দিয়ে যাত্রা শুরু করি এই কারণে যে, সারা দেশ জুড়ে ফার্ম ম্যানেজমেন্ট স্টাডি থেকে বলছি যে, সবচেয়ে বেশী উৎপাদন এবং কর্মসংস্থান বৃদ্ধির রেকর্ড একর প্রতি পাওয়া যায় বোরো কৃষকের জমিতে নয়, অন্যান্য এবং প্রান্তিক কৃষকের জমিতে এবং ভূমি সংস্কারের ক্ষেত্রে আমাদের স্থান বর্তমানে সারা দেশে যেখানে কৃষকের জমি আছে জাতীয় নমুনা সমীক্ষা তথ্য অনুযায়ী মাত্র ৩৪ শতাংশ, পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের পরে তাদের হাতে এসে গেছে ৭১ শতাংশ জমি বর্গাদারদের বাদ দিয়ে। এই তথ্য পাচ্ছি সর্বভারতীয় রেভিনিউ মিনিস্টারস্ থেকে। ১৯৯৩-৯৪ এই দুটো সালের মধ্যে কতটুকু হয়েছে, সেটা বলব। সর্বশেষে সারা দেশের ক্ষেত্রে এই সিলিং-এ উদ্বৃত্ত ন্যাস্ত জমি, এটা ধরা গেছে প্রায় ৭৪.৯ লক্ষ একরে। তার মধ্যে সবচেয়ে বেশী ১৮ শতাংশে ১৩.৫ লক্ষ একর পশ্চিমবঙ্গে। পশ্চিমবঙ্গে মোট জমির পরিমাণ সারা দেশের ক্ষেত্রে ৩ শতাংশ, ১৮ শতাংশের ক্ষেত্রে। পশ্চিমবাংলাই এটা পেরেছে এবং এই ১৯৯৩-৯৮ এর মধ্যে যত জমি ধরা গেছে, তার অর্ধেকের বেশী জমি শুধু পশ্চিমবঙ্গেই ধরা গেছে। শুধু প্রথম স্থানে আছে তাই নয়, এটা রক্ষা করে চলেছে। এখানে বলা উচিত উপকৃত হয়েছেন পশ্চিমবাংলার প্রায় ২৫.৩৯ লক্ষ মানুষ। যার মধ্যে ৫৬ শতাংশ তফশিলী এবং আদিবাসী সম্প্রদায়। নতুন দিকে যৌথ পাট্টা পেয়েছেন ৪.২৭ লক্ষ ক্ষেত্রে এবং শুধু মহিলারা তার মধ্যে পেয়েছেন ৪৬ হাজার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিসংস্কারের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল সেচের জল। এখানে বক্তব্য রেখেছেন সোহরাব সাহেব। সেচের ক্ষেত্রে আপনারা কি করেছেন? সেচের ক্ষেত্রে স্বাধীনতার ঠিক পরে পরে আমাদের রাজ্যে মোট কৃষিজমির ১৫ শতাংশ

সেচের আওতায় ছিল। ৭৬-৭৭ সালে আপনাদের আমলের শেষ বছরে এটা বৃদ্ধি পেয়ে হয়ে ৩১ শতাংশ। অর্থাৎ ৩০ বছরে আপনারা বৃদ্ধি করেছেন ১৬ শতাংশ। আর গত ২২ বছরে ৩১ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে সেচের আওতায় এসেছে প্রায় ৫৮ শতাংশ জমি অর্থাৎ বৃদ্ধি পেয়েছে প্রায় ২৭ শতাংশ। আপনাদের সময়ে যা হয়েছে তার দু-গুণ উন্নতি হয়েছে। আমি এখানে একটা কথা বলছি সেচের ক্ষেত্রে আমাদের সিদ্ধান্ত এই বিশেষ করে ছোটো সেচের ক্ষেত্রে, ওই উপকৃত কমিটি পঞ্চায়েতের সাধারণ তত্ত্বাবধানে এলাকার বেকার যুবক যুবতীদের যুক্ত করে সেই টিউবওয়েল বা অন্য সেচ প্রকল্পগুলো চালানোর ক্ষেত্রে আপনারা জিজ্ঞেস করেছেন উন্নতি কোথায়? কৃষিতে উন্নত বীজের গুরুত্ব আপনাদের সময়ে ছিল মোট উৎপাদনের ২৮ শতাংশ, আমাদের সময়ে এটা উল্টে গেছে ৮২ শতাংশ। ২৮ থেকে ৮২ একেবারে অনেকটা বৃদ্ধি পেয়ে গেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই প্রশ্নে কৃষিতে উৎপাদন কমেছে না বেড়েছে। সর্বভারতীয় ক্ষেত্রে প্রকাশিত তথ্য উল্লেখ করছি। ৮১-৮২ থেকে ৯৬-৯৭ সমস্ত রাজ্যের গড় উৎপাদন বৃদ্ধির হার, বার্ষিক বৃদ্ধির হার ২.৬। পশ্চিমবাংলার কৃষকরা সমস্ত রাজ্যের কৃষককে হারিয়ে ৪.৫ শতাংশ হারে। খাদ্যশষ্য উৎপাদন বৃদ্ধির হার পাঞ্জাবকে হারিয়ে। এতে আপনাদের গর্ব হয় না? আপনাদের জেলার কৃষকরাও কিন্তু এই কাজ করেছে। শুধু উৎপাদন বৃদ্ধি নয়, কেন্দ্রীয় সরকারের প্রকাশিত তথ্য বলছে উৎপাদনশীলতা বৃদ্ধির হারের ক্ষেত্রে, সারা দেশের গড় বৃদ্ধির হার হয়েছে এই সময়ে ২.৬, পশ্চিমবাংলা অনেক উঁচুতে — ৪.৬। না, পঙ্কজবাবু এই রেখাচিত্রটা অধোগামী নয়, খুব তীক্ষ্মভাবে উর্ধ্বগামী এবং ক্রপ ইনটেনশিটি, এইগুলো কেন্দ্রীয় সরকারের তথ্য, হয় আপনারা ছিলেন অথবা আপনাদের সহযোগী দলরা ছিলেন, তারা এটা প্রকাশ করছেন। ক্রপিং ইনটেনশিটি কতবার একটি জমিতে ফসল চাষ করা হচ্ছে। এতে আমরা প্রথম নয়, দ্বিতীয়। পাঞ্জাব ১৮০, সূচকটা আমাদের ১৬৭ কিন্তু এরও বৃদ্ধির হারে আমরা পাঞ্জাবের থেকে এগিয়ে আছি। সারের ব্যবহারের ক্ষেত্রে এন.পি.কে রেশিও হওয়া উচিত ২ঃ১ঃ১। সবচেয়ে উন্নত রেশিও। পশ্চিমবাংলায় ৩.৭ঃ১.৬ঃ১। সারা দেশে যেখানে ১০.৩১ শুধু কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে তাই নয়, আপনারা জানতে চেয়েছেন সাধারণ মানুষের কি হাল হল? এখন দেখা যাচ্ছে যে একেবারে লেবারে যেভাবে সর্বভারতীয় ক্ষেত্রে বার করা হয়, এই সময়কালে গ্রামাঞ্চলে ক্ষেতমজুরের মজুরী বৃদ্ধির হার যেটা আপনাদের সময়ে ছিল, সাড়ে পাঁচ টাকার মত, এখন ৪০ টাকা অতিক্রম করে ৪২ টাকা অতিক্রম করে গেছে। ইদানীংকালে প্রকৃত মূল্যবৃদ্ধির হার কিন্তু প্রকৃত মূল্যবৃদ্ধিকে ছাপিয়ে প্রকৃত মজুরী বৃদ্ধি পেয়েছে সর্বশেষে জাতীয় নমুনা সমীক্ষা কেন্দ্রীয় সরকারের জাতীয় নমুনা, কেন্দ্রীয় সরকারের জাতীয় নমুনা সমীক্ষা একটা তথ্য দিয়ে দিয়েছেন। মাথাপিছু ক্যালরি ইনটেক সারা দেশে সর্বরাজ্যে ৮৩-৮৪ থেকে ৯৩-৯৪ সব রাজ্যে গড়ে কমে গেছে। দু হাজার দুশো একুশ কে. এল থেকে দু হাজার একশো ছাপান্ন কে. এলে কমে গেছে। সেখানে বেড়েছে মাত্র তিনটি রাজ্যে। পশ্চিমবঙ্গে, কেরালা এবং উড়িষ্যাতে। সবচেয়ে বেশী বৃদ্ধি পেয়েছে পশ্চিমবাংলায়। দু হাজার ২৭ থেকে দু হাজার দুশো একাশি। সবচেয়ে বৃদ্ধি পেয়েছে পশ্চিমবাংলাতে।

[5.20–5.30 p.m.]

আমরা মনে করছি দারিদ্র্য সীমার নীচে মানুষজনের সংখ্যা এটা যোজনা কমিশন প্রকাশ করেছেন ১৯৭৭- ৭৮ সালে সারা ভারতবর্ষে ছিল ৫৩ পারসেন্ট, এখন কমে হয়েছে ৩৬ পারসেন্ট। আপনাদের সময় দারিদ্র্য সীমার নীচে ১৯৭৭-৭৮ সালে ৬০ পারসেন্ট মানুষ ছিল, সারা ভারতবর্ষের চেয়ে অনেক উঁচুতে। এখন ১৯৯৩-৯৪ সালে ৩৫ পারসেন্টে কমে এসেছে। আপনারা সারা ভারতবর্ষের চেয়ে উঁচুতে উঠিয়ে দিয়ে ছিলেন, আমরা নীচে করেছি। তার পর এই সময় মজুরী বৃদ্ধির হার এবং ক্যালরী ইনটেকের হার যদি নেওয়া যায় আমাদের ধারনা দারিদ্র্য সীমার ৩৮ শতাংশের নীচে চলে গেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যেহেতু খাদ্যের কথা উল্লেখ করেছেন তাই আমি বলছি ৩৫ পারসেন্ট ধরলে বি. পি. এল. পপুলেশান হয় ২.৫৪ কোটি, আর বি. পি. এল. রেশন কার্ডে দেওয়া হয়েছে ২.৩৫ কোটি, তার থেকে কম। যেহেতু গ্রামাঞ্চলের মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে তাই তার জন্য এক একটা বছরে ১১ হাজার কোটি টাকার শিল্প পণ্য ক্রয় করছে এবং এটা ১০ পারসেন্ট বেড়েছে। তার কারণ শিল্পায়নের পরিবেশ সৃষ্টি হয়েছে বলে। আমি আবার বলছি ১৯৯৩-৯৪-এর বৃদ্ধির হার কমে ছিল ৪.৩ পারসেন্ট বাড়লো। ১৯৯৬-৯৭ সালে ৯.২ পারসেন্ট উঠেছে। সারা ভারতবর্ষে ৮.৪ পারসেন্ট। ১৯৯৭-৯৮ সালে ৫.৪ পারসেন্ট, সারা ভারতবর্ষ থেকে ৩.৬ পারসেন্ট। ১৯৯৮-৯৯ সালে সারা ভারতবর্ষের ক্ষেত্রে ৩ পারসেন্ট এবং ৩.৫ পারসেন্ট এবং শিল্প বিনিয়োগের ক্ষেত্রে ৪৮ হাজার ৬২৬ টি প্রস্তাব এসেছে, তার থেকে হয় কার্যকরী হয়ে গেছে নাহলে উৎপাদন শুরু হয়ে গেছে ৩০ পারসেন্ট, সারা ভারতবর্ষে ২২ পারসেন্ট গড়ে তার থেকে বেশী। এখানে মনে রাখা ভালো এখানে যে ভাবে কাজ চলছে এখন থেকে ৭ দিনের মধ্যে বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র আপনাদের বিরোধিতা সত্ত্বেও ৭ দিনের মধ্যে চিমনী থেকে ধোঁয়া বেরোবে। ৫ হাজার ১০০ টাকা ব্যয়ে গোটা পূর্বভারত—আপনাদের বিরোধিতা সত্ত্বেও চিমনীর ধোঁয়া বেরোবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বড় শিল্পে কর্মসংস্থান বেশী হয়, সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ হচ্ছে ছোট শিল্প। আমি আর্থিক আদমসুমারি থেকে দেখছি ১৯৮০ থেকে ১৯৯০ সালে ছোট শিল্পের সংখ্যা ১৭ লক্ষের থেকে বেড়ে ২৭ লক্ষ হয়েছে। মানে ১০ লক্ষ বৃদ্ধি হয়েছে। কর্মসংস্থান জেলাওয়াড়ী, ব্লকওয়াড়ী হয়েছে ৫৩ লক্ষ থেকে ৭৫ লক্ষ। পঙ্কজবাবু আপনি যেটা বলেছেন তারা বিরোধিতা করছি। বন্ধ কলকারখানা খোলা উচিত আমরা মনে করি। আমরা ৫০০ টাকা দেওয়ার কাজ শুরু করেছি। তাতে দেখছি বন্ধ কলকারখানার সংখ্যা ১৯০টি এবং এর সুযোগ পেয়েছেন ২৭ হাজার ৫৩৯ জন, এটা আই. এন. টি. ইউ. সি. এবং সিটু সকলে একমত হয়ে এটা দেওয়ার পদ্ধতি ঠিক হয়েছিল। ১০০ কোটি টাকা রাখা হচ্ছে, এটা আপনারা সমর্থন করবেন না? রাজ্য সরকার নিজের সংস্থাগুলির ক্ষেত্রে ২২টি সংস্থা সবগুলিই লোকসানে চলছিল, এখন লাভের মুখ দেখছে ৫টি এবং ১৫টি সংস্থা লোকসান কমিয়েছে ১২ পারসেন্ট। যেমন আমি নাম বলছি হাওড়ায় শালিমার ওয়ার্কস যেটা ৪ বছর আগেও মৃতপ্রায় ছিল, সেখানে উৎপাদন বৃদ্ধি হয়েছে।

শ্রমিকদের দক্ষতা এবং নিষ্ঠার জন্য। মাননীয় বিরোধী সদস্য জিজ্ঞাসা করেছেন, আপনাদের সঙ্গে তাহলে আমাদের তফাত কোথায়? আমি বলি, তফাত একটা জায়গায়। মাননীয় শোভনদেববাবু, আপনারা রাষ্ট্রায়ত্ত সংস্থাকে ভাঙতে চান, শ্রমিকদের পথে বসাতে চান। আর, আমরা এগুলোকে লাভজনক ভাবে চালাতে চাই। মাননীয় সদস্য শ্রমিক নেতা, আপনি জানেন '২০০২' হচ্ছে শ্রমিকদের দক্ষতা—কারগিলে যেমন হানাদাররা ঢুকেছে তেমনি আপনারা আমাদের শিল্পের উপর আঘাত করতে হানাদার ঢোকাচ্ছেন। আপনি শ্রমিক নেতা, আপনি নিশ্চয় বিষয়টা বুঝে নেবেন। শিল্পের ক্ষেত্রে পরিকাঠামোর উন্নয়ন গুরুত্বপূর্ণ। তাই বিদ্যুতের ক্ষেত্রে বাড়তি অর্থ বরাদ্দ করেছি। যাতে গ্রামে গ্রামে বিদ্যুৎ যেতে পারে তার জন্য ২ হাজার ১১ কোটি টাকা বরাদ্দ করেছি। আবার, বাড়তি ১০০ কোটি টাকা বরাদ্দ করেছি।

আপনারা জিজ্ঞাসা করছিলেন পূর্ত দপ্তরকে কত দিয়েছি। পূর্ত দপ্তরের ৩০৫ কোটি টাকা ছিল। এ বছর ৬০০ কোটি টাকা দিয়েছি। অর্থাৎ প্রায় দ্বিগুণ রাজ্য সরকার ঋণ নেয় এবং উন্নতির হিসাবে প্রত্যেককে অর্থ দেওয়া হচ্ছে।

এখানে শিক্ষার কথা বলা হয়েছে। আমি জাতীয় নমুনা সমীক্ষা উল্লেখ করে বলছি। আপনারা আবার স্বাক্ষরতার নিন্দা করেছেন। ১৯৯১ সালে সারা ভারতবর্ষে স্বাক্ষরতার হার ছিল ৫২ শতাংশ। পশ্চিমবাংলায় ছিল ৫৮ শতাংশ। ১৯৯৭ সালে এসে সারা ভারতবর্ষে সাক্ষরতার হার গিয়ে দাঁড়ালো ৫২ শতাংশ থেকে ৬২ শতাংশে। আর, পশ্চিমবাংলায় হ'ল ৭২ পারসেন্ট। অর্থাৎ ১৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। শোভনদেববাবু তো যুক্ত আছেন, কিছু দিন আগে আপনারা সবাই তো ছিলেন, জানেন। আমরা এই বাজেট প্রস্তাবে রেখেছি যে, নবম যোজনার সময় প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন করব এবং তার জন্য ৮ হাজার নতুন বিদ্যালয় করতে হবে। বস্তুত এক্ষেত্রে আমরা নোবেল জয়ী অমর্ত্য সেনকে অনুসরণ করছি। আপনারা অনেকে জিজ্ঞাসা করেছেন, কত নতুন শিক্ষা কেন্দ্র হয়েছে? আমরা গত বাজেটে বলেছিলাম, ৪ হাজার এই ধরনের শিশু শিক্ষা কেন্দ্র হবে। এর মধ্যে ২,০৩৬-টা কেন্দ্র স্থাপিত হয়ে গেছে। আমরা এই ৪ হাজার সংখ্যক কেন্দ্রে খুব শীঘ্রই পৌঁছে যাব, ৮ হাজারও করে ফেলতে পারব।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সোহরাব সাহেব এখানে বৃত্তিমূলক এবং কারিগরী শিক্ষার বিষয়ে বলেছেন। ইঞ্জিনিয়ারিং কলেজ ৪ বছর আগে ক'টা ছিল? ৪-টে, ৮-টা ইঞ্জিনিয়ারিং কলেজ ছিল। এ বছর আরো ৫-টা ইঞ্জিনিয়ারিং কলেজ হবে। এছাড়াও, পুরোপুরি নতুন টেকনিক্যাল ইউনিভার্সিটি হবে। আই. টি. আই., জে. টি. এস.। ২ বছর আগে ভর্তির সুযোগ ছিল ১৮ হাজার ছাত্র-ছাত্রীর। এখন ৩০ হাজার ছাত্র-ছাত্রী দ্বাদশ ক্লাস থেকে পাশ করে এতে সুযোগ পাচ্ছে এবং তিন বছরের মধ্যে ১ লক্ষ ছাত্র-ছাত্রীর জন্য উন্মুক্ত করতে যাচ্ছি।

আপনারা জিজ্ঞাসা করেছেন, হাসপাতালের শয্যা সংখ্যা ১০ বছরে কত বৃদ্ধি করেছেন? আমি বলছি, ১৯৮০ সালে ছিল ৫৮,০৪৫টা। বৃদ্ধি পেয়ে হয়েছে ৬৯,৩৭৫। আরো গুরুত্বপূর্ণ হচ্ছে, মৃত্যুর হার, শিশু মৃত্যুর হার এবং জন্মের হার।

[5.30–5.40 p.m.]

আমি সর্ব ভারতীয় তথ্য অর্থাৎ কেন্দ্রীয় সরকার যে তথ্য প্রকাশ করেন সেট দিচ্ছি। জন্মহারের ক্ষেত্রে সারা দেশের হার প্রতি হাজারে ২৭.২ পারসেন্ট, সেখানে পশ্চিমবঙ্গের জন্ম হার প্রতি হাজারে ২২.৪। আমরা তৃতীয় স্থানে আছি। আমাদের আগে আছে কেরালা ও তামিলনাড়ু। আমরা প্রথম স্থানের দিকে যেতে চাইছি। মৃত্যু হার সারা দেশে ৮.৯ পারসেন্ট সেখানে পশ্চিমবঙ্গে মৃত্যুর হার ৭.৭ পারসেন্ট। আমরা নবম যোজনায় এটা ৬.৫ পারসেন্ট কমাতে চাই। শিশু মৃত্যুর হার সারা দেশে প্রতি হাজারে ৭১, সেখানে পশ্চিমবঙ্গে শিশু মৃত্যুর হার ৫৫, এটা আমরা কমিয়ে ৪০-এ নামাতে চাই। সি. এম. ডি. এ. এলাকায় মূলত শহর এবং কিছু গ্রাম আছে। পৌরসভার মাধ্যমে উদ্যোগ নেওয়ার জন্য ইতিমধ্যে সেখানে জন্মহার কমে প্রতি হাজারে হয়েছে ১০ এবং মৃত্যু হার কমে প্রতি হাজারে হয়েছে ৪। শিশু মৃত্যুর হার সারা দেশে যেখানে ৭১, সেখানে পশ্চিমবঙ্গে শিশু মৃত্যুর হার ৫৫ এবং চীন দেশে ৩০, কেরালায় হচ্ছে ১৮। এখন সি. এম. ডি. এ. এলাকায় শিশু মৃত্যুর হার কমিয়ে ১৫ পারসেন্ট করা গেছে এবং কোন কোন জায়গায় তার চেয়েও নামতে পেরেছি। এটা পথ দেখাচ্ছে। এখন পৌরসভাকে, গ্রামপঞ্চায়েত, গ্রামসভাকে ব্যবহার করে কিভাবে আরও কাজ করা যায় সে ব্যাপারে উদ্যোগ নেওয়া হচ্ছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন যে, আমরা সর্বভারতীয় গড়ের চেয়ে অনেক উন্নত অবস্থায় আছি এবং আমরা আরও উন্নত জায়গায় যেতে চাই। আমরা এই কাজগুলো করছি এবং আগামী দিনেও আরও কাজ হবে। আমরা বিকেন্দ্রীকরণ এবং দায়বদ্ধতা বলতে কি মনে করছি? আমরা মন্ত্রিসভা থেকে সিদ্ধান্ত নিয়েছি যে, প্রত্যেকটি দপ্তর জেলার এবং তার নীচের স্তরের প্রকল্পগুলোতে আমরা দ্বিতীয় কোয়াটার থেকে সরাসরি অর্থ জেলা পরিকল্পনা কমিটির মাধ্যমে পঞ্চায়েত এবং পৌরসভাগুলোকে দেব। পঞ্চায়েতের ক্ষেত্রে ৩০ পারসেন্ট জেলাপরিষদ, ২০ পারসেন্ট পঞ্চায়েত সমিতি, ৫০ পারসেন্ট গ্রামপঞ্চায়েত পাবে। এই পরিকল্পনা হবে উন্মুক্ত গ্রামসভার ভিত্তিতে হবে, সেই হিসেব টাঙিয়ে রাখা হবে। দায়বদ্ধতা বলতে আমরা যে কথা বলতে চাই সেটা হল যে, এটা শুধু পঞ্চায়েত দপ্তরের কর্মীদের দায়বদ্ধতা নয়, এখানে সরকারী কর্মীদের বিভিন্ন জায়গায় যে দায়বদ্ধতার প্রশ্ন আসছে, এই দায়বদ্ধতার প্রসঙ্গে সরকারী চিকিৎসক এবং শিক্ষকদের প্রসঙ্গেও আসছে। এখানে অনেকদিন ধরে সার্ভিস ম্যাটারের বিষয়টা আটকে আছে, সেটা হল যে, এক কিস্তি মহার্ঘভাতা পিছিয়ে আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি নির্বাচন কমিশনের সাথে সহমত নিয়ে এবং আপনার অনুমতি নিয়ে ঘোষণা করছি যে, ১লা আগষ্ট থেকে এক কিস্তি ডি. এ. ১০ পারসেন্ট হারে দেওয়া হবে। এর থেকে উপকার পাবেন সরকারী কর্মী, শিক্ষক ও শিক্ষাকর্মী, পঞ্চায়েতের প্রতিটি কর্মী এবং অন্যান্য সংস্থাগুলোর কর্মীরা। সব মিলিয়ে প্রায় ৯ লক্ষ কর্মী এতে উপকৃত হবেন। এই মহার্ঘ ভাতা ১লা আগষ্ট থেকে চালু হবে। একই সঙ্গে ১লা আগষ্ট থেকে বিভিন্ন ক্ষেত্রে দায়বদ্ধতার ব্যাপারটিও দেখা হবে। সরকারী কর্মী, শিক্ষকদের ক্ষেত্রে দায়বদ্ধতার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ব্যাপারে ঠিক হয়েছে যে, সকাল ১০টা ১৫ মিনিটের মধ্যে আসতে হবে, তা না হলে

প্রত্যেক দিন রেজিস্টারে দাগ পড়বে, আর বিকেল ৫টা ১৫ মিনিটের আগে কেউ যেতে পারবেন না। যদি দেখা যায় লাগাতার ভাবে কেউ দেরি করছেন তাহলে আমাদের অন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। দ্বিতীয়তঃ ডায়েরি লেখা হবে এবং কর্মীদের কেস্‌বুক্‌ চালু করলাম। তার ভিত্তিতে প্রত্যেক কর্মী কে কি কাজ করবেন সেটা আমরা মিলিয়ে নিতে পারব। একই সঙ্গে আমি বলছি, এটা শিক্ষক মহাশয়দের ক্ষেত্রেও প্রযোজ্য করার ক্ষেত্রে, মাননীয় শিক্ষকদের দায়বদ্ধতার ক্ষেত্রে তাদের সংগঠনগুলির সঙ্গে কথা বলে পদক্ষেপ নেওয়া হবে। ১লা আগষ্ট থেকে এটা আমরা শুরু করে দেব। কেন্দ্রীয় যোজনা পর্ষদের হিসাব অনুযায়ী সারা দেশে কর্মসংস্থান সৃষ্টির হার হচ্ছে ২.৩ শতাংশ। সারা দেশে যেখানে ২.৩ শতাংশ হারে বর্ধিত কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে, সেখানে পশ্চিমবঙ্গে তা ২.৯ শতাংশ হারে। অর্থাৎ অনেক বেশী হারে। এই সকল কাজ আমরা বিকেন্দ্রীকৃতভাবে, দায়বদ্ধভাবে করছি এবং করব। সে কারণে পরিকল্পনা বরাদ্দ সমেত বাজেট বরাদ্দের ব্যয় মঞ্জুরীকে আমি সমর্থন করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

## Point of Order

**শ্রী আব্দুল মান্নান ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, এখানে পার্লামেন্টরি অ্যাফেয়ার্স মিনিষ্টার আছেন। আমরা চেয়েছিলাম অ্যাপ্রোপ্রিয়েশন বিলের ওপর ৪ ঘন্টা আলোচনা হোক। এ কথা আমরা বিজনেস অ্যাডভাইসারি কমিটিতে বার বার বলেছিলাম। কিন্তু সেখানে বলা হয়েছিল, তিন ঘন্টা হবে এবং তাই নির্দিষ্ট হয়েছিল। গভর্ণমেন্ট চীফ্‌ হুইপ, পার্লামেন্টরি অ্যাফেয়ার্স মিনিষ্টার বলেছিলেন, 'তিন ঘন্টার বেশী হবে না, এটা চার ঘন্টা করা যাবে না।' চার ঘন্টা কেন, আট ঘন্টা হ'লেও আমাদের আপত্তি নেই। কিন্তু আপনি বার বার মন্ত্রীর টাইম বাড়িয়ে দেবেন, আর আমাদের রাইট খর্ব করবেন, এটা হতে পারে না। ভবিষ্যতে এ-রকম হলে আমরা মন্ত্রীর ভাষণ শুনব না।

## The West Bengal Appropriation (No. 2) Bill, '99

**Mr. Dy. Speaker :** The Motion of Dr. Ashim Kumar Das Gupta that the West Bengal Appropriation (No. 2) Bill, 1999, be taken into consideration was then put and agreed to.

## Clauses 1 - 3, Schedule and Preamble

The question that Clauses 1 - 3, the Schedule and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Ashim Kumar Das Gupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, '99 as settled in the Assembly be passed.

The Motion was then put and agreed to.

## Point of Information

**শ্রী জ্যোতি কৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** স্যার, আমি এই সভাকে একটা ইনফরমেশন দিতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ১৬ই জুলাই, ১৯৯৯ দেশের বামপন্থী

দলগুলি সারা ভারতবর্ষে প্রতিবাদ দিবস পালন করছে। কারণ কেন্দ্রের বিজেপি জোট সরকার সম্পূর্ণ অনৈতিকভাবে, রীতিবর্হির্ভূতভাবে টেলিকমিউনিকেশন এবং অন্যান্য গুরুত্বপূর্ণ রাষ্ট্রায়ও সংস্থাগুলির ক্ষেত্রে বিলগ্নীকরণের মধ্যে দিয়ে বেসরকারী সংস্থাদের কাছে দরজা খুলে দিচ্ছে। ৪০-টা রাষ্ট্রায়ত্ব সংস্থার ১০,০০০ কোটি টাকার শেয়ার বিলগ্নীকরণ করছে। দেশের এফ. এম. রেডিও সমেত বেতার তরঙ্গকে পর্যন্ত বেসরকারী মালিকদের হাতে তুলে দিচ্ছে। কেন্দ্রের তদারকি বিজেপি জোট সরকারের এই কাজের বিরুদ্ধে আজকে গোটা দেশে বামপন্থী দলগুলির পক্ষ থেকে প্রতিবাদ জানান হচ্ছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** স্যার, গতকাল টি. ভি.-তে বি. বি. সি.-র সংবাদ পরিবেশনের সময় ভারতবর্ষের ম্যাপকে সঠিকভাবে দেখানো হয় নি। যে আর্ন্তজাতিক সীমা রেখা আছে, সেটা না দেখিয়ে যুদ্ধ-বিরতি সীমারেখাকেই ভারতবর্ষের ম্যাপ হিসাবে দেখান হয়েছে। এটা আমাদের দেশের স্বার্থ বিরোধী। তাই আমি সভার সকল সদস্যের অবগতির জন্য আপনার অনুমতি নিয়ে এটা সভায় উল্লেখ করলাম। সাথে সাথে আমি দাবী জানাচ্ছি, পশ্চিমবঙ্গ থেকে এটা কেন্দ্রীয় সরকারকে জানানো হোক এবং তীব্র প্রতিবাদ জানানো হোক।

[5.40–5.50 p.m.]

## Legislation

## The West Bengal Primary Education (Amendment) Bill, 1999

**Shri Kanti Biswas :** Sir, I beg to introduce the West Bengal Primary Education (Amendment) Bill, 1999.

...... (Secretary then read the Title of the Bill) ......

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 1999, be taken into consideration.

**শ্রীসঞ্জীব কুমার দাস :**-মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্কুল শিক্ষামন্ত্রী আজকে এই সভায় যে দি ওয়েষ্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশান (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৯ এনেছেন, তার আলোচনায় অংশগ্রহণ করে কয়েকটি কথা বলছি। আমার প্রথম কথা হ'ল—Clause-5, For section 18A of the principal Act, the following section shall be substituted. The State Government may, by notification, appoint an Ad hoc Committee (a) President, and (b) such number of other members, not exceeding nineteen, as the State Government may think fit. এটা বলেছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি, এ রাজ্যে রামফ্রন্ট সরকারের প্রতিশ্রুতি ছিল যে তারা সর্বত্র ইলেকসান করবেন। প্রাইমারি কাউন্সিলে করবেন, বোর্ডে করবেন—সর্বত্র করবেন। আজকে ২২ বছর ক্ষমতায় থাকার পর আপনি প্রাইমারি কাউন্সিলে

ইলেকসানের নোটিশ না দিয়ে নতুন করে এ্যাড হক কমিটি করার জন্য এই সংশোধনী বিল এনেছেন। ক্লজ ফাইভ, সেকশান ১৮ এতে। এখানে তো সর্বত্র এ্যাড হক চলছে। সমস্ত জেলার প্রাইমারি কাউনসিলে এ্যাড হক চলছে। আপনাদের পছন্দ মতন লোকদের নিয়ে চালাচ্ছেন। আমার মনে হয় সযত্নে কাউন্সিলের নির্বাচনটা এড়িয়ে যাবার জন্য আপনি এই সিদ্ধান্ত নিয়েছেন। আমি আপনাকে বলব, আপনাদের দেওয়া যে প্রতিশ্রুতি সেই প্রতিশ্রুতি অনুযায়ী কাউন্সিলের নির্বাচন করুন, এ্যাড হক কমিটি করবেন না। তারপর সেকশান ১৯ (বি) তে যেটা করেছেন সে ব্যাপারে একটি জায়গার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে ক্লজ্‌টা রেখেছেন কিন্তু একটা জায়গা বাদ দিয়েছেন। to make regulation on all aspects for examination conducted by the Primary Council. এই কথাটা বাদ দিয়েছেন, বাকি সবটা রেখেছেন। আপনি জানেন এবং এই হাউসের সকলেই জানেন যে পরীক্ষা পদ্ধতিটা আপনারা তুলে দিয়েছিলেন। এইজন্য পরীক্ষাটা কিভাবে প্রাইমারী কাউন্সিল করবে তার দরকার ছিল না। রিসেন্টলি আবার আপনারা পরীক্ষা পদ্ধতিটা চালু করেছেন। আপনাদের সংগঠনের চাপে পড়েই করতে বাধ্য হয়েছেন। সেখানে আপনার ইচ্ছা ছিল কিনা জানি না। সেখানে নিরবিচ্ছিন্ন একটা মূল্যায়ণ ছাড়া একটি বহির্মূল্যায়ণ-এর ব্যবস্থা করেছেন এবং লিখিত পরীক্ষা নিচ্ছেন। এটা কে করছে? কাউন্সিল থেকে করছে। আপনি সমস্ত কথাটা সেখানে রেখেছেন খালি ঐ শব্দটা বাদ দিয়েছেন—এগজামিনেশান কনডাকটেড বাই দি প্রাইমারি কাউন্সিল। আবার কি তাহলে এগজামিনেশানের ব্যাপারে একটা চক্রান্ত করছেন নাকি? আশা করি বলবেন, এগজামিনেশানটা তুলে দেবেন কিনা। তারপর ক্লজ টেন ইন সেকশান ৪৪ অব দি প্রিনসিপ্যাল এ্যাক্ট, এতে আপনার সঙ্গে আমি দ্বিমত হচ্ছি না কিন্তু আপনার কাছে আমি জানতে চাইছি, সেকশান ওয়ানটা যদি অমিট করে দেন তাহলে হোয়াট ইজ দি নেসেসেটি ফর সাব সেকশান ২, ৩, ৪, ৫। এটা আপনি ভালোভাবে দেখুন। সাব সেকশান ওয়ানটা যদি উঠে যায় অর্থাৎ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান যদি না থাকে তাহলে সেখানে ২, ৩, ৪, ৫-এর কি প্রয়োজন আছে? There shall be Chairman and Vice-chairman of primary council - আপনি চাইছেন না। আপনি চাচ্ছেন না। তাহলে সাব-সেকশান-২তে চেয়ারম্যান এ্যান্ড ভাইস-চেয়ারম্যান, থ্রিতে চেয়ারম্যান এ্যান্ড ভাইস-চেয়ারম্যান, ফোরে চেয়ারম্যান [মে] রিজাইন, ফাইভে ভাইস - চেয়ারম্যান [মে] রিজাইন। আপনি ভাইস - চেয়ারম্যান বলে কিছু রাখবেন না, আগেই এ্যামেন্ডমেন্ট করেছেন। তাহলে কেবল মাত্র সাব-সেকশান ওয়ান শ্যাল বি ওমিটেড। হোয়াই নট ২, ৩, ৪ ? ২, ৩, ৪ কি থাকবে, ইট শুড বি ক্লিয়ার। এই বিলে কিন্তু অনেক জায়গায় এ্যাম্বিগুইটি থেকে গেছে। আমি আশা করবো আপনি এই জায়গাটা ক্লিয়ার করে বলবেন ২, ৩, ৪, ৫ এর কি প্রয়োজন আছে? আপনি ওয়ানটাকে শুধু তুলে দিতে চাচ্ছেন। এই ব্যাপারটা একটু পরিষ্কার করে বলবেন। আপনি ক্লজ-২। In Section 52 of the principal Act – For the words "remove the chairman or a member", the words remove a member shall be substituted এই কথাটা বলছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আগেও যখন বোর্ডের ক্ষেত্রে ভাইস-চেয়ারম্যান, চেয়ারম্যানের প্রশ্ন উঠেছিল, আমরা তখনও প্রচন্ড ভাবে আপত্তি করেছিলাম যে ইলেকটেড মেম্বাররা

উইল ইলেক্ট দি চেয়ারম্যান। আপনি আপনার ক্ষমতার জোরে, সংখ্যাগরিষ্ঠতার জোরে এই আইন করছেন। এখানে চেয়ারম্যান উইল বি এ্যাপয়েনটেড বাই দি ষ্টেট গভর্ণমেন্ট। একটা অগণতান্ত্রিক পদ্ধতিকে ধরে রেখেছেন। এর পরেও যে মারাত্মক কাজ করছেন সেটা হচ্ছে, আপনার সমস্ত মেম্বারকে রিমুভ করা যাবে, কিন্তু চেয়ারম্যানকে রিমুভ করা যাবে না। এটা আমি মনে করি অত্যন্ত অগণতান্ত্রিক এবং স্বৈরাচারী মনোভাব নিয়ে এই কাজ করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে বিনীত ভাবে জানাতে চাই যে, এই দেশে রাষ্ট্রপতিকে আমরা ইমপীচমেন্ট করতে পারি, প্রধানমন্ত্রীকে আমরা অনাস্থা প্রস্তাব নিয়ে এসে তাড়িয়ে দিতে পারি, এমন কি আপনি যে চেয়ারে বসে আছেন, এই হাউস যদি মনে করে তাহলে আপনাকেও এখান থেকে বিদায় নিতে হতে পারে। কিন্তু আপনি এমন আইন তৈরী করছেন তাতে চেয়ারম্যানকে কোনদিন রিমুভ করা যাবে না। আপনাদের পছন্দমত লোককে সরকার এ্যাপয়েন্টমেন্ট দেবে। কিন্তু সে যদি অন্যায় করে তাহলে তাকে রিমুভ করা যাবে না। আপনি জানেন, এই রাজ্যের প্রাইমারী কাউন্সিলের চেয়ারম্যান, আমি নাম করতে চাই না, নাম না করে বলছি। আগে যিনি ছিলেন তাকে হাইকোর্টে গিয়ে হাত জোড় করে ক্ষমা চাইতে হয়েছে। তিনি বলেছেন যে, আমি অবসরপ্রাপ্ত শিক্ষক, বৃদ্ধ হয়েছি, আমি আর এসবের মধ্যে কোন দিন থাকবো না। এরপরেও এমন একটা আইন এনেছেন যে তাকে কোনদিন সরানো যাবে না। একটা মেম্বারকে সরানো যাবে, কিন্তু তাকে আপনি সরাতে পারবেন না। এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রী যে কথা বললেন তাতে মনে হল আমরা যেন স্বর্গরাজ্যে বাস করছি, আমরা ফার্ষ্ট হয়ে গেছি। প্রাইমারী কাউন্সিলে আপনার পছন্দমত লোককে আনছেন। এক জায়গায় অপছন্দের লোক ছিল, এখন পছন্দের লোক আনছেন। আমি একটা তথ্যের কথা বলি। অর্থমন্ত্রী থাকলে ভাল হত। জাতীয় শিক্ষা গবেষনা ও প্রশিক্ষণ পরিষদের সমীক্ষা থেকে জানা গেছে যে শতকরা ৫ ভাগ প্রাথমিক বিদ্যালয়ে এখনও কোন নিজস্ব বাড়ী নেই। শতকরা ২৮ ভাগ বিদ্যালয়ে একটি মাত্র ঘর এবং শতকরা ৩২ ভাগ বিদ্যালয়ে মাত্র দুটি ঘর আছে। শতকরা ৮ ভাগ বিদ্যালয়ে এক শিক্ষকবিশিষ্ট এবং শতকরা ২৯ ভাগ বিদ্যালয়ে দুই শিক্ষকবিশিষ্ট। শিক্ষকদের মধ্যে শতকরা ৬৩ ভাগ প্রশিক্ষণ প্রাপ্ত যেখানে সর্বভারতীয় ক্ষেত্রে শতকরা ৮৭ জন প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক আছেন। এই রাজ্যে এখনও পর্যন্ত ২৪৮৫টি বিদ্যালয়ে কোন ঘর নেই। আপনি একটু আগে স্বর্গ রাজ্যের কথা বললেন, আমরা নাকি সবেতেই ফার্ষ্ট হয়ে গেছি। এই রাজ্যে এখনও পর্যন্ত ১১ হাজার ২০৪টি বিদ্যালয়ে কোন ঘর নেই।

[5.50–6.00 p.m.]

স্বর্গরাজ্য বানিয়েছেন এই রাজ্যকে, সবেতেই ফার্ষ্ট হয়ে গেছেন। ১১,৪০০-র মত স্কুল এক কক্ষ বিশিষ্ট, ২০ কিলোমিটারের মধ্যে দ্বিতীয় কোন স্কুল নেই—বইটা নিশ্চয়ই পেয়েছেন। ওতে বেশ কিছু বিদ্যালয় ব্যবহারের অযোগ্য বলা হয়েছে। এই হচ্ছে তথ্য। কিন্তু স্কুল মেরামত করা হবে, কি হবে না সে ব্যাপারে কি কোন প্রাইমারী স্কুল কমিশনের চেয়ারম্যানকে ক্ষমতা দিয়েছেন, ফিনানসিয়াল ক্ষমতা দিয়েছেন? তিনি

হয়তো দেখলেন একটি বিদ্যালয় ভেঙে গেছে, কিন্তু তাকে কি ২০০ টাকা দিতে পারবেন এই অধিকার দিয়েছেন? কাজটা জেলা পরিষদের মাধ্যমে করবেন, কিন্তু সেখানে আপনাদের লোকেরা বসে রয়েছেন। তার ফলে রাজ্যে আপনাদের ২২ বছরে এই হাল হয়েছে। এরপরও কি শিক্ষা নেবেন না যে, এভাবে চলতে পারে না। যদি আপনার মনোনীত কোন ব্যক্তি অন্যায় করে থাকেন তাহলেও কি তাকে রিমুভ করবার কোন ক্ষমতা থাকবে না? এরকম অগণতান্ত্রিক কাজ করবেন না। আজকে যে ট্র্যাডিশন এই রাজত্বে চালু করেছেন তাতে আপনার এবং আপনাদের দলের যেমন ক্ষতি করছেন তেমনি ভবিষ্যতে যদি অন্য কোন দল এ রাজ্যে ক্ষমতায় আসেন তারাও কাজ করতে পারবেন না। তারা যদি ভাবেন যে, এটা তারা চেঞ্জ করবেন সেটা তারা করতে পারবেন না। কাজেই এই ব্যাপারটা একটু ভেঙ্গে দেখবেন যে, কেন এটা করছেন। কিছুদিন বাদে তো কাউন্সিলের চেয়ারম্যানও আপনাকে চ্যালেঞ্জ করে বসবেন। ষাটোর্দ্ধ শিক্ষকদের জন্য আপনি কিছু করতে চান, কিন্তু কাউন্সিলের চেয়ারম্যানের ঔদ্ধত্যর কারণে আপনি কিছু করতে পারছেন না।

এবারে আমি আর্টিকেল ৫০, সাব-সেকশন ৩ অফ সেকশন ৫৬ সম্বন্ধে একটু বলতে চাই আপনাকে। আপনি এখানে প্রভাইসোটা অমিট করছেন। তাতে লেখা ছিল—"Subject to prescribed condition a Primary School Council may award any punishment including dismissal or removal of the members of its staff other than the Secretary and the Finance Officer." আগে ছিল, কাউন্সিলের সেক্রেটারী এবং ফিনান্স অফিসার ছাড়া বাকি কাউন্সিল স্টাফদের আপনি শাস্তি দিতে পারবেন। কিন্তু এখন এ্যামেন্ড করে স্টাফ বাদ দিয়ে দিলেন এবং সেখানে টিচারদের করতে পারবেন বললেন। বললেন, 'ইন সেকশন ৫৬ অফ দি প্রিন্সিপল্ এ্যাক্ট দি প্রভাইসো শুড বি অমিটেড।' প্রভাইসোতে বলা ছিল, স্টাফকে শাস্তি দান করতে পারবেন, কিন্তু সেটা তুলে দিয়ে বললেন—Subject to prescribed condition a Primary School Council may award any punishment including the punishment of dismissal or removal from the service of a teacher or a member of the non-teaching staff, if any, of the primary school under the control of that Primary School Council." স্টাফদের বাদ দিয়ে এইভাবে আপনি টিচারদের উপর খড়্গটা চালিয়ে দিলেন। কিন্তু এটা আপনাকে ভেবে দেখতে বলবো। পরে সাব-সেকশন ৬০তে বলেছেন, আপনি উন্নয়ন কমিটি করবেন। অবশ্য এতে আমার আপত্তি নেই। শুধু একটু জানতে চাই, এর আগে আপনি যে ভিলেজ কমিটি করেছেন, এখন কি সেই ভিলেজ কমিটি বাদ দিয়ে উন্নয়ন কমিটি আসবে? বহু জায়গায় ভিলেজ কমিটি করেছেন, তাহলে ভিলেজ কমিটি থাকবে, আবার উন্নয়ন কমিটিও আসবে। ইট শুড বি ক্লিয়ার্ড। আমাদের রাজ্যে—এইমাত্র মন্ত্রী বলে গেছেন—চার হাজার শিশু শিক্ষাকেন্দ্র করবেন।

মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইবো দেয়ার উইল বি টু সিস্টেম হয়ে যাচ্ছে কিনা। আপনার দপ্তরে কিছু প্রাইমারী স্কুল থাকবে, প্রথাগত প্রাইমারী স্কুল, তাদের কন্ট্রোল করবে প্রাইমারী কাউন্সিল। আর এই যে ৪ হাজার, আরো ২ হাজার,

আরো ৬ হাজার শিক্ষা কেন্দ্র বাড়বে - সি. পি. এম.-এর মহিলারা কেবলমাত্র চাকুরী পাবে এই কলকা আপনি করে নিয়েছেন—তাদের কে কন্ট্রোল করবে? একই সিলেবাস পড়ানো হবে, একই বই পড়ানো হবে। এক দিকে প্রাইমারী কাউন্সিল-এর আন্ডারে থাকবে কতকগুলি স্কুল আর ঐ গ্রাম উন্নয়ন দপ্তর বা জনশিক্ষা দপ্তরের আন্ডারে থাকবে শিশু শিক্ষাকেন্দ্র। হু উইল কন্ট্রোল? প্যারালাল সিস্টেম হয়ে যাচ্ছে কিনা এই ব্যাপারটা কিন্তু আপনার এই বিলে পরিষ্কার হওয়া উচিত ছিল। সেটা কিন্তু পরিস্কার নয়। নেক্সট হলো, আপনি একটা ট্রাইব্যুনাল করতে চেয়েছেন। আমি জানিনা আপনার উদ্দেশ্যটা কি? টাইব্যুনালে একটা আইন ছিল যে একজন সাব-জুডিসিয়ারী লোক এই ব্যাপারটা দেখাশোনা করবেন। চ্যাপ্টার ১২-তে আপনি এই কথা বলছেন যে আপনি করবেন। এর বদলে আপনি করতে চেয়েছেন এ্যাপিল কমিটি। আপনি জানেন যে মধ্যশিক্ষা পর্ষদে আমাদের এ্যাপিল কমিটি আছে। কিন্তু আপনি যদি বাতাসে ঘুরে বেড়ান, আপনি তো এখন লাল গাড়ি ছাড়া চড়েন না, আপনি খোঁজ নিন এই এ্যাপিল কমিটির বিশ্বস্ততা, ক্রেডিবিলিটি শিক্ষকদের কাছে ভাল নয়। আমি মনে করি এই এ্যাপিল কমিটি করলে আমাদের সর্বনাশ হয়ে যাবে। এখানে পার্টির লোক ছাড়া কিছু হবে না। আপনি আবার সেই রকম কাজ, ট্রাইব্যুনাল বাদ দিয়ে এ্যাপিল কমিটি করছেন। আপনার দপ্তরের বিশ্বাসযোগ্যতা হারিয়ে গিয়েছে। আবার এই এ্যাপিল কমিটি কাকে নিয়ে করবেন সেটা তো পরিষ্কার বলে নিয়েছেন, সি. পি. এম.-এর লোক ছাড়া কেউ এ্যাপিল কমিটিতে যেতে পারবে না। এমন কোন ভাগ্যবান ব্যক্তি সি. পি. এম ছাড়া হয় নি যে কান্তিবাবুর দ্বারা এই এ্যাপিলি কমিটিতে যাবে। আমার আপত্তি আর একটা জায়গায় আছে। আপনি ৬-তে যেটা বলেছেন তা হলো—The decision of the Appeal Committee in sub-section 5 shall be final and no suit or proceedings shall lie in any court in respect of any matters which has been or may be referred to as has been decided by the Appeal Committee."

আপনাকে আমি বলবে:, আপনারা সব প্রগতিশীল লোক, আপনারা সবাই ইনকিলাব জিন্দাবাদ করেন, বামপন্থী লোক বলেন, আপনারা মানবেন এ্যাপিল কমিটি যে রায় দেবে? টাইব্যুনাল নয়, একজন জুডিসিয়ারী লোক নেই। অবশ্য বলেছেন টাইব্যুনালের যিনি চেয়ারম্যান হবেন তিনি জুডিসিয়ারী লোক হবেন। কিন্তু সে একা। বাকি সবই আপনার দলের লোকে ভবিয়ে দেবেন। আপনি বলেছেন ইলেকশান-টিলেকশান করবেন। কিন্তু সেই এ্যাপিল কমিটি যে রায় দেবে সেই রায়কে—"Shall be final and no suit or proceedings shall lie in any court in respect of any matters which has been or may be referred to as has been decided by the Appeal Committee." এ্যাপিল কমিটি যে রায় দেবে তার বিরুদ্ধে কিছু করা যাবে না। মাননীয় চেয়ারম্যান স্যার, এই বিলে এখানে এই অবেলায় ৫টা ৫৮ মিনিটে উনি যেটা এনেছেন আমি মনে করি এটা একেবারেই অগণতান্ত্রিক। আপনার যদি গণতান্ত্রিক চেতনা বলে কোন বস্তু থাকে তাহলে বিলটা নিয়ে আবার একটু ভাবনাচিন্তা করবেন। আমি লাষ্ট যে কথাটা বলতে চাই তা হলো, আমাদের রাজ্যে সর্বত্র যে সমস্ত ব্যাপার-ট্যাপার

আছে তাতে কোরাম হতে হলে—আমি একটা এ্যামেন্টমেন্ট দিয়েছি—তাতে সবাই জানেন যে ওয়ান থার্ড মেম্বার হতে হয়। আমাদের যে সমস্ত সংগঠন আছে সংস্থা আছে সেই সব জায়গায় আছে ওয়ান থার্ড মেম্বার হলে কোরাম হবে। আপনার হঠাৎ কোথা থেকে মাথায় এলো, ক্লজ নাইন ১০০-সিতে বলছেন any committee thereof shall be one fifth of the total number. এটা কি করে সম্ভব? ওয়ান ফিফ্‌থ, তার মানে ২০ জন যদি মেম্বার হয় তাহলে ৪ জন মেম্বার হলে আপনার কোরাম হয়ে যাচ্ছে। আপনার খুব খারাপ উদ্দেশ্য আছে, আমি আপনাকে বলছি। আমি খোঁজ নিয়ে দেখেছি যে এই কাউন্সিলে নোমিনেটেড যে বিরোধী মেম্বার আছে, আমি খুব দায়িত্ব নিয়ে বলছি তাদের চিঠি-পত্র পৌঁছায় না। এখানে আপনি কুক্ষিগত করতে চাইছেন, ২০ জন লোকের মধ্যে ৪ জনকে নিয়ে আপনি ব্যবসাটা চালিয়ে দেবেন। এমনিতে তো যা খুশী করছেন, এখানেও এতো বড় একটা অন্যায় করে যাবেন? সেইজন্য আমি একটা এ্যামেন্ডমেন্ট এনেছি। আপনাকে আমি বিনীত ভাবে বলবো এখানে এই ওয়ান ফিফ্‌থ না করে, এটার কোন বেস নেই, আমি অনুরোধ করবো ইট সুড বি ওয়ান থার্ড। আমাদের দেশে যে নিয়মকানুন আছে সেই অনুযায়ী কাইন্ডলী এটাকে ওয়ান থার্ড করবেন। আমি আবার বলি এই কাউন্সিলকে তো অনেক পাওয়ার দিচ্ছেন, কিন্তু কোন ফিনান্সিয়াল পাওয়ার সেই রকম নেই। একজন চেয়ারম্যান একজন মেম্বার ইচ্ছা করলে স্কুলকে ৫ হাজার টাকা ২০০ টাকা ৫০০ টাকা দিতে পারেন স্কুলের উন্নতির জন্য এই রকম একটা ব্যবস্থা করুন। সবটা জেলাপরিষদের হাতে ঠেলে দেবেন না।

এই ব্যবস্থাটা করুন। সবটা জেলা পরিষদের হাতে ছেড়ে দেবেন না। আশাকরি, আমার বক্তব্যের উত্তর আমি পাব। আমি অনুরোধ করবো, আমার ৩টি এ্যামেন্ডমেন্ট দেওয়া ছিল, এরমধ্যে ১টি গ্রাহ্য হয় নি, দুটি গ্রাহ্য হয়েছে। কোরামের অভাবে—ওয়ান ফিফথের জায়গায় ওয়ান থার্ড করতে বলেছি। এখানে যারা চেতনাসম্পন্ন মানুষ আছেন, আশাকরি, তারা এটি গ্রহণ করবেন। ধন্যবাদ।

[6.00–6.10 p.m.]

**শ্রী অশোক গিরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহোদয় যে 'ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেশন (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৯' উপস্থাপন করেছেন তা আমি সমর্থন করছি। এর আগে যে বিলটি ছিল, ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেশন এ্যাক্ট, ১৯৭৩, এটির কিছু কিছু সেকশান ইনসার্ট করা হচ্ছে এবং দু'একটি অমিট করা হচ্ছে। আর কিছু সাবস্‌টিটিউট করা হচ্ছে। সেজন্য বিলটি আনা হচ্ছে। এর আগে যা ছিল, আমাদের পশ্চিমবাংলায় দেশ স্বাধীন হওয়ার আগে 'বেঙ্গল রুরাল প্রাইমারী এডুকেশন এ্যাক্ট, ১৯৩০' এটি ছিল। পরবর্তীকালে 'ওয়েস্ট বেঙ্গল আর্বান এডুকেশন প্রাইমারী এ্যাক্ট, ১৯৬৩' এবং 'ওয়েস্ট বেঙ্গল রুরাল এডুকেশন (টেম্পোরেরি প্রভিশন) এ্যাক্ট, ১৯৬৯' এগুলোকে বাতিল করে 'ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এ্যাক্ট' চালু হয়। যদিও প্রাথমিক পর্যায়ে দপ্তর চলতো, উত্তর এবং দক্ষিণ ২৪ পরগণা জেলায় কোর্ট কেস থাকার ফলে

এটি চালু হয়। ১৯৯৪ সালের ১১ই মার্চ এটি আসে। এই যে কিছু সেকশানের পরিবর্তন আমরা আনতে চাইছি, এর মূল লক্ষ্যটা কি, কেন এটি করা হচ্ছে? এর মূল লক্ষ্য হচ্ছে প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় যা চালু আছে, তাকে নিয়ন্ত্রিত এবং সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এবং প্রাথমিক শিক্ষার উন্নয়ন এবং সম্প্রসারণকে সামনে রেখে এই সংশোধনী আনা হচ্ছে। আমি কতকগুলো সেকশান সম্বন্ধে আলোচনা করছি যে সেকশানগুলি নতুন। যেমন, ১৮ (এ)'র ক্ষেত্রে এ্যাড হক কমিটির কথা বলা হয়েছে। সেকশান ৫৬ (এ) তে এ্যাওয়ার্ড অফ পানিশমেন্ট'এর কথা বলা হয়েছে। সেকশান ১০০ (এ) এবং ১০০ (বি), এগুলি হচ্ছে নতুন সংযোজন। আর কিছু সেকশান আছে যেগুলির এ্যামেন্ডমেন্ট আছে ২, ৪, ১৩, ১৯, ২৩, ২৮, ৩৭, ৪৪, ৫২, ৫৬ এবং ৬০ এইসব সেকশান' এর মধ্যে আমি কয়েকটির কথা উল্লেখ করছি। যেমন, সেকশান ৬০-এ আছে বিদ্যালয় উন্নয়ন কমিটি কি ভাবে হবে। মাধ্যমিক স্তরে বা কলেজ স্তরে যখন টাকা পয়সা আসে তখন ডেভালপমেন্ট কমিটি করে, প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে আগে বেতন দিত না, সামান্য টাকা দিত, এখন যে টাকা আসে তা কি ভাবে খরচ হবে? এখন বিদ্যালয় উন্নয়ন কমিটি করা হবে, তাতে সভাপতি থাকবেন একজন। তাছাড়া ১৪ জনের বেশী থাকবেন না, সেটা রাজ্য সরকার ঠিক করে দেবেন। ডিষ্ট্রিক্ট প্রাইমারী স্কুল কাউন্সিল মনোনয়ন করবেন। এ্যাপিল কমিটি ছাড়া এ্যাকাডেমিক কমিটি থাকবে যারা এ্যাকাডেমিক বিষয়ে আলোচনা করবেন। এটি প্রাইমারী স্কুল কাউন্সিলের মধ্যে থাকবে। এ্যাডহক কমিটি যেটি নিয়ে মাননীয় সঞ্জীববাবু বলছিলেন, এ্যাডহক কমিটিতে সভাপতি থাকবেন এবং এতে অনধিক ১৯ জন থাকবেন, সেটি স্টেট গভর্ণমেন্ট ঠিক করে দেবেন। বোর্ডের সভাপতি যে যে কাজ করেন, বোর্ডের যে যে কাজ আছে, অনুরূপ কাজ হবে। এটি স্থায়ী নয়। ১ বছর করে এরা থাকতে পারবেন। এই ব্যবস্থাটা এখানে রাখা হয়েছে। ১ বছরের পরে তাদের পিরিয়ডটা বাড়ানো যেতে পারে। সেকশান ১৯'য়ে বলা হচ্ছে পাঠ্যক্রম এবং পাঠ্যসূচীর কথা। পাঠ্যক্রম এবং পাঠ্যসূচীর কথা বলা হয়েছে। এই ব্যাপারে যে সিলেবাস কমিটি করা হবে তার কাজ হচ্ছে যে, প্রাথমিক বিদ্যালয় এবং পাঠ্যসূচী বা পাঠ্যপুস্তক যেগুলো আছে সেই ব্যাপারে এবং প্রাথমিক শিক্ষক, শিক্ষাকর্মীর কেস ইত্যাদির ক্ষেত্রে যে সুপারিশগুলো আসবে সেটা এই কমিটি বিবেচনা করতে পারবে তার প্রভিশান এতে লেখা হয়েছে। এরপরে এ্যাওয়ার্ড অফ পানিশমেন্টের কথা বলা হয়েছে। এ্যাপিল কমিটি যেটা ট্রাইব্যুন্যাল ছিল সেটা পরিবর্তিত হয়ে এ্যাপিল কমিটি করা হয়েছে। এর মধ্যে কারা থাকবে—ওয়েষ্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিসের থেকে রাজ্য সরকার একজনকে ঠিক করবেন, তিনিই সভাপতি হবেন। এছাড়া বোর্ডের নির্বাচিত সদস্যদের মধ্যে দুজনকে নেবে—একজন ডাইরেক্টর অফ স্কুল এডুকেশান এবং একজন সদস্য থাকবেন। প্রাইমারি স্কুল কাউন্সিল থেকে একজন কাউন্সিলের কর্মচারী থাকবেন। তিনিই মনোনীত হবেন। বোর্ডের সেক্রেটারি তিনিই এ্যাপিল কমিটির সেক্রেটারী, এদের কাজ হচ্ছে—শিক্ষক শিক্ষাকর্মীদের বক্তব্য শুনবেন, ফিনানসিয়াল অফিসার বা সেক্রেটারি ছাড়া অন্যান্য কর্মচারীদের যদি কোন বক্তব্য থাকে তারা এ্যাপিল কমিটিতে এ্যাপিল করতে পারবে। পরিশেষে আরেকটি কথা বলছি যে, যে সব সংশোধনী

আনা হয়েছে তাতে আমরা চেষ্টা করছি শিক্ষাকে আরো এগিয়ে নিয়ে যেতে এবং পরিবর্তনের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের যাতে আরো শিক্ষার অঙ্গনে নিয়ে আসতে পারি তার ব্যবস্থা করতে হবে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যবস্থা নিতে চলেছেন এবং যে বিল এনেছেন সেই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, দি প্রাইমারি এডুকেশান (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৯ যেটা এই পবিত্র বিধানসভায় আনা হয়েছে তার আমি চরম বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই আমাদের নেতা সঞ্জীববাবু বলে গেছেন যে, গণতন্ত্রকে কিভাবে হত্যা করেছেন এ্যাড হক কমিটির মাধ্যমে। আমি সেই ব্যাপারে পড়ে আসব, তার আগে আসছি অন্য বিষয়ে। একটা লাইন পড়ব, আপনি যে জিনিস করতে চাইছেন এই বিলের মাধ্যমে তাতে আমি বলছি আপনিও শিক্ষক, আমিও শিক্ষক, আপনি মন্ত্রী না থাকলে শিক্ষক, আর আমি এম এল এ না থাকলে শিক্ষক। এখানে যে জিনিসটা আপনি করতে যাচ্ছেন সেটা একটু দেখুন, মাননীয় চেয়ারম্যান স্যার, আপনিও দেখুন, পেজ থ্রির—In sub-section (2) of section 38 of the principal Act,- (a) before clause (a), the following clause shall be inserted:- "(1a) the Chairman, who shall be appointed by the State Government"; (b) clause (i) shall be omitted. আপনি কি সর্বনাশ করেছেন, আপনি কি করে মহিলাদের যে একটা সংরক্ষণ ছিল সেটা উঠিয়ে দিলেন। আপনি যে এ্যাড হক কমিটি করেছেন তাতে এতদিন শিক্ষা অনুরাগীদের মধ্যে ৬ জন মহিলার মধ্যে একজন মহিলা আছেন। আপনি এই বিলটি এনে সেই একজন মহিলাকেও বিলোপ করা অর্থাৎ তুলে দেবার সিদ্ধান্ত নিয়েছেন। এতে তো পশ্চিমবঙ্গের মহিলাদের উপরে অপমান করছেন। আপনার স্ত্রী যদি জানে মহিলাদের ক্ষমতা বিলোপ করছেন তাহলে যে আপনার কি অবস্থা হবে যে মাননীয় চেয়ারম্যানও আপনাকে বাঁচাতে পারবেন না।

[6.10–6.20 p.m.]

আপনারা নারী প্রগতির কথা বলেন, নারী সভ্যতার কথা বলেন, কিন্তু ৬ জন শিক্ষানুরাগীর মধ্যে যেখানে ১ জন মহিলা নেওয়ার কথা ছিল, সেখানে আপনি এ্যামেন্ডমেন্ট আনলেন, একটা কালা কানুন আনলেন, মহিলাদের প্রতি অবিচার করছেন, ৬ জনের মধ্যে এক জন মহিলা ছিল, তাতেও আপত্তি। এখানে সঞ্জীববাবু যেটা বলছিলেন, পেজ থ্রী টু নাইন ইন সাব-সেকশান টু বি ক্লজ ওয়ান, আই শ্যাল বি ওমিটেড। তারপর আপনাকে যে কথাটা বলছি, ট্রাইব্যুনাল চলবে না। আপনি এ্যাপিল কমিটি করেছেন, কোন সংশ্লিষ্ট ব্যক্তি যদি এ্যাপিল কমিটির বিরুদ্ধে যায় তাহলে সে হাইকোর্টও করতে পারবে না। সুপ্রীম কোর্টও করতে পারবে না। আপনার কাছে আমার প্রশ্ন হাইকোর্ট, সুপ্রীম কোর্ট এর উপরে এ্যাপিল কমিটি? আপনারা গণতন্ত্রের কথা বলেন অনেক কিছু করেন, আপনাকে শিক্ষক হিসাবে বলছি একটু চিন্তা-ভাবনা করুন। আপনারা ক্ষমতায় এসে যে কার্যকরী কমিটিকে সমস্ত ক্ষমতা দিয়েছিলেন-এ্যাড হক কমিটির চেয়ারম্যানের

হাতে, সেটা নির্বাচিত হওয়া উচিত ছিল, কিন্তু নির্বাচনকে আপনারা ভয় পান, পশ্চিমবাংলার সংসদে বা পর্ষদে এখন নির্বাচন হলে আপনাদের ক্ষতি হবে, তাই এ্যাড-হক কমিটি করে মুশলিনী হিটলারের মত করে রাখলেন। কিন্তু নির্বাচনের মাধ্যম দিয়ে কমিটি হওয়া উচিত ছিল। আজকে চিন্তা করুন তো স্কুলে একজন শিক্ষক, ৫ শত ছাত্র, আবার কোন স্কুলে শিক্ষক নেই, স্কুল চলছে গ্রামের লোকের দয়ায়। এইভাবে কি স্কুলে পড়াশুনা হয়? গ্রামে একজন ২২ বছরের যুবক যদি আপনাদের কাছে প্রশ্ন করেন, ২২ বছর পরে আপনারা ইংরাজী চালু করার ব্যাপারে প্রয়োজনীয়তা স্বীকার করলেন, তাহলে দাও আমায় ২২টা বছর ফিরিয়ে। ছবি বিশ্বাসের সবার উপরে সেই ছবিটা কি দেখেছেন, সেখানে ছবি বিশ্বাস বলছে, ২২ টা বছর আমায় ফিরিয়ে দাও। আজকে শিক্ষা নিয়ে এ্যাড-হক কমিটির মধ্যে দিয়ে যে একনায়কত্ব সেই মুসলিনী বলুন, হিটলারই বলুন, একটা কথা আমি বলি, যে মহিলাদের বাদ দিয়েছেন কমিটির মধ্যে দিয়ে, সেই ব্যাপারে আমি আপনাকে বলি, আমরা গর্বিত ভারতবর্ষের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী তেত্রিশ শতাংশ মহিলাদের জন্য যে সংরক্ষণ করেছেন, সেই দলের লোক বলে আমরা অনুভব করতে পারি আপনি এখানে এই বিল এনে মহিলাদের ক্ষমতা খর্ব করলেন। মহিলাদের এই বিলে নিলেন না। ৬ জনের মধ্যে একজন মহিলা হবে তাও নিলেন না। আপনারা যে পরিস্থিতি আজকে পশ্চিমবাংলায় সৃষ্টি করতে যাচ্ছেন, এ্যাড হক কমিটি করে দেশের যে পরিস্থিতি আপনারা সৃষ্টি করছেন তা বলার নয়। আপনারা শরতের মেঘের মত পশ্চিমবাংলায় বাইশ বছর রাজত্ব করছেন, কিন্তু স্কুল বোর্ড বা সংসদের নির্বাচন করতে গিয়ে যদি আপনারা হেরে যান এই ভয়ে আপনারা বাইশ বছর ধরে নির্বাচন করলেন না। আপনারা গণতন্ত্রের নামে বড় বড় বুলি আওড়ান, কিন্তু আপনারা গণতন্ত্রকে ধর্ষন করছেন। আপনারা ক্ষমতায় আসার পর থেকে বছরের পর বছর ধরে এগুলোকে এড-হক ভিত্তিতে চালাবার ব্যবস্থা করে যাচ্ছেন। আপনি পাঁচ নম্বর প্যারায় বলেছেন—for section 18A of the principal Act, the following section shall be substituted. এই এ্যাড-হক কমিটিগুলোর প্রভিশান এক বছর করে বাড়ানো হচ্ছে। সভাপতি এক বছর ক্ষমতায় থাকবেন। এই একটি বছরে তার বিরুদ্ধে কোন কিছু করা যাবে না। এর নাম হচ্ছে গণতন্ত্র। আপনি নিজে একজন শিক্ষক, আমাদের লজ্জা লাগে আপনারা এ্যাড-হক কমিটি করে পশ্চিমবাংলায় বাইশ বছর ধরে এই স্কুলবোর্ডগুলো চালিয়ে যাচ্ছেন। যদি আপনাদের কাছে বলা হয় দাও ফিরিয়ে সেই গণতন্ত্র, দাও ফিরিয়ে সেই বাইশটি বছর। আপনারা দিতে পারবেন সেই গণতন্ত্র। আমি জানি, আপনার ইচ্ছা থাকলেও আপনার ক্ষমতা নেই আলিমুদ্দিন স্ট্রীটের নির্দেশ ছাড়া আপনি এক পাও এগোতে পারবেন না। আপনারা পশ্চিমবাংলাকে এই বাইশ বছরে কোথায় নিয়ে গেছেন। তাই এই বিলটাকে আপনি প্রেস্টিজ হিসাবে নেবেন না, এই বিলের সঙ্গে অনেকের স্বার্থ জড়িত, তাই এই কালা বিল আপনি বন্ধ করুন এবং এটি নিয়ে আপনি নতুন করে ভাবনাচিন্তা করুন। এই কালা বিল আমরা মানছি না, এই কালা বিলের আমরা প্রচন্ড বিরোধিতা করছি। এই বিল ইর্মাজেন্সি বিল, মানুষের কণ্ঠরোধ করার জন্য এই বিল আনা হয়েছে, পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থাকে শেষ করে দেওয়ার জন্য এই বিল আনা হয়েছে, তাই

আমি এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী খাড়া সোরেন ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, ওয়েষ্ট বেঙ্গল প্রাইমারী এডুকেশান এ্যামেন্ডমেন্ট বিল, ১৯৯৯, মাননীয় মন্ত্রীমহাশয় যেটা এনেছেন তাকে আমি সমর্থন করে দু-একটি কথা বলছি। এই বিলের মাধ্যমে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে আরও অর্থবহ এবং গণতান্ত্রিক করার জন্য যে উদ্যোগ মাননীয় মন্ত্রীমহাশয় গ্রহণ করেছেন সেইজন্য সরকারকে আমি ধন্যবাদ জানাচ্ছি। প্রাইমারী শিক্ষা ব্যবস্থাকে আরও সুষ্ঠ ও গণতান্ত্রিক পদ্ধতির মধ্যে দিয়ে চালাবার চেষ্টা সরকার করেছেন এই বিলের মাধ্যমে এবং বিরোধিরা তার বিরোধিতা করেছেন। আজকে বাইশ বছর ধরে বামফ্রন্ট সরকার প্রাইমারী স্কুলের পরিচালন ব্যবস্থা যে ধারায় নিয়ে এসেছেন তাতে গোটা পশ্চিমবাংলায় শিক্ষার প্রসার হয়েছে। আমরা লক্ষ্য করছি কংগ্রেসী আমলে স্কুলগুলোর অবস্থা যা ছিল তার থেকে সুন্দরভাবে ব্যবস্থা তিনি করতে পেরেছেন। তবে কিছু ঘাটতি থেকে গেছে, ছাত্র-সংখ্যা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে স্কুলের গৃহ সমস্যা দেখা দিয়েছে। এই সমস্যার সমাধান করতে গিয়ে আপনি গ্রামের স্কুলগুলোতে আপনি উন্নয়ন কমিটি করেছেন।

গ্রাম পঞ্চায়েতের সদস্যদের দেওয়া হয়। সেখানে যে তদারকির দরকার হয়, সেটা তারা করছেন। এখানে কিছু এ্যামেন্ডমেন্ট করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব একটু ব্যাখ্যা করে বলবার চেষ্টা করবেন। এখানে ৫৬-এ তে পানিশমেন্টের ব্যাপার আছে, সেটা একটু ব্যাখ্যা করলে ভালো হয়। দ্বিতীয়তঃ এ্যাপিল কমিটিতে আন্ডার সেকশন ৫-এ ভালো করে বলা দরকার, কেননা শিক্ষকরা কিছুটা হলেও বিভ্রান্ত হতে পারে। এই কটি কথা বলে, এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6.20–6.30 p.m.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে বিধেয় এখানে উপস্থাপন করেছি এই বিধানসভায় অনুমোদনের জন্য, সেই সম্বন্ধে মাননীয় সদস্যগণ আলোচনা করার সময় তাদের মতামত ব্যক্ত করার জন্য তাদের আমার পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় সদস্য সঞ্জীব বাবু কতগুলো বিষয় এখানে উল্লেখ করেছেন। বলেছেন—কেন আপনি নির্বাচনের মধ্যে দিয়ে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ গঠন করছেন না? আমি তার সঙ্গে সম্পূর্ণ ভাবে একমত। আমি বারে বারে এই বিধানসভায় উল্লেখ করেছি যে, আমরা নির্বাচনের মধ্যে দিয়ে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ গঠন করতে চাই। এই বিষয়ে যে আমার পক্ষ থেকে একাধিকবার উদ্যোগ নেওয়া হয়েছে, সেই সম্বন্ধে মাননীয় সদস্য নিশ্চয় অবগত আছেন। একাধিক মামলা ন্যায়ালয়ে বিচারাধীন থাকার ফলে শিক্ষকের সংজ্ঞা কি হবে, ব্যাখ্যা কি হবে, এই বিষয়ে চূড়ান্ত মীমাংসা না হওয়ার ফলে নির্বাচন করতে পারিনি। আমি শুধু আপনাকে বলব, আমাদের ইচ্ছা আছে। রবীন্দ্রনাথের 'দেবতার গ্রাস' পড়েছেন নিশ্চয়, সেখানে আছে—'মুখের বাক্য শুনেছ দেবতা, শোননি জননীর অন্তরের ব্যথা।' আমি যে কারণের জন্য নির্বাচন করতে পারিনি, সেই বিষয়ে

আপনি ওয়াকিবহাল। আমি সেই উদ্দেশ্য নিয়ে এবারে এই বিধেয় এনেছি, আগামী অক্টোবর, নভেম্বর মাসে লোকসভার নির্বাচনের পরপরই যাতে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ নির্বাচন করতে পারি-সেখানে যে অসঙ্গতি আছে তা দূর করবার জন্য। এই উদ্দেশ্যেই এই বিধেয় এনেছি। আপনি বলেছেন নির্বাচিত চেয়ারম্যানের কথা। আমরা নির্বাচিত চেয়ারম্যানের সুযোগটা রাখিনি। আপনি জানেন, মধ্যশিক্ষা পর্ষদে, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদে এখনও নির্বাচিত সভাপতি রাখা হয় না। যদিও উভয় ক্ষেত্রেই তাদের সভাপতি নির্বাচিত করার জায়গা আছে কিন্তু মনোনীত হয় সরকারের দ্বারা। একই ভাবে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যিনি সভাপতি হবেন, তিনি সরকারের দ্বারা যাতে মনোনীত হতে পারেন, তার সুযোগ রাখছি, একজন শিক্ষাবিদ্‌কে এখানে নিযুক্ত করার সুযোগ রাখছি। আপনি জানেন, ভারতবর্ষের কোথাও, গোটা গণতান্ত্রিক পদ্ধতির মধ্যে দিয়ে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ বা রাজ্য প্রাথমিক শিক্ষা পর্ষদে এই ভাবে প্রাথমিক শিক্ষা চলে না। সেখানে পুরোপুরি আমলাতান্ত্রিকতার ভিত্তিতে চলে। আমাদের ঐতিহ্য - আমরা করেছি এই দাবী করি না। অবিভক্ত বাংলায়, পরাধীন ভারতে স্কুল বোর্ড চালু হয়েছিল। আপনারা কিছু পরিবর্তন করেছেন, আমরা কিছু উন্নতি করেছি, পরিমার্জিত করেছি। যদিও কিছু দুর্বলতা আছে। আইনগত বাধার জন্য নির্বাচন করতে পারি নি। আশা করি করতে পারব।

আপনি বলেছেন রিমুভ্যাল অফ চেয়ারম্যানের সুযোগ রাখিনি কেন? যে আদেশ দেওয়া হয় সরকারের পক্ষ থেকে, এক বছরের জন্য চেয়ারম্যান নিযুক্ত করা হয়। বলা হয়ে থাকে এক বছরের জন্য। যেহেতু সরকার থেকে চেয়ারম্যান নিয়োগ করা হয় এক বছরের জন্য এবং যেহেতু পুনরাদেশ না হওয়া পর্যন্ত থাকতে পারবে না, সেইজন্য এক বছর পর ইচ্ছা করলে চেয়ারম্যানকে রিমুভ করা যায়। অবকাশ থেকে যাচ্ছে সরকার যে আদেশ প্রকাশ করে সেই আদেশের মধ্যে। অতএব আইনের মধ্যে সেটা রাখবার প্রয়োজন নেই। এইভাবে বলা হয় ওমুককে এক বছরের জন্য চেয়ারম্যান নিযুক্ত করা হল, অথবা নতুন আদেশ না দেওয়া পর্যন্ত যেটা আগে হবে। যদি এক বছর আগে হয় এক বছর পর্যন্ত, আর এক বছর আগে পর্যন্ত সরকার নতুন আদেশ দেয়, তাহলে তাকে আপনা থেকেই সরানো যায়। আইনে যে আদেশ আছে, সেই আদেশের মধ্যে এই কথা বলা আছে। এই কথা সেইভাবে বলা হয়। এইজন্য আইন এখানে রাখবার কোন প্রয়োজন নেই। ঠিক একই ভাবে আপনি শিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের কথা বলছেন। এটাও ঠিক যে শিক্ষণপ্রাপ্ত প্রাথমিক শিক্ষণপ্রাপ্ত শিক্ষকের হার জাতীয় গড় থেকে পশ্চিমবঙ্গে কম। কেন কম তাও আপনি জানেন যে, পশ্চিমবঙ্গে যারা শিক্ষণপ্রাপ্ত শিক্ষক তারা যে উচ্চতর বেতন হার পান মাত্র, কিন্তু এটা বাধ্যতামূলক নয়। ভারতের অন্যান্য রাজ্যে শিক্ষণপ্রাপ্ত প্রাথমিক শিক্ষক না হলে তার কোন বেতন বৃদ্ধি হয় না। কিন্তু পশ্চিমবঙ্গে শিক্ষণপ্রাপ্ত নয়, এমন প্রাথমিক শিক্ষকদেরও বেতন বৃদ্ধি হয়। কোন বাধা নেই। মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে কি হয়—শিক্ষণপ্রাপ্ত না হলে বেতন বৃদ্ধি আটকে যায়। কিন্তু আমরা পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষকদের প্রতি অধিকতর দায়িত্বশীল থাকার ফলে যদি শিক্ষণপ্রাপ্ত নাও হয়, তা সত্ত্বেও তার বেতন বৃদ্ধি আটকে থাকে না। ভারতের অন্যান্য রাজ্যে

আটকে থাকে। এইজন্য অন্যান্য রাজ্যে প্রায় শিক্ষণপ্রাপ্ত হওয়াটা প্রায় বাধ্যতামূলক। কিন্তু পশ্চিমবঙ্গে সুযোগ থাকার জন্য শিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা অপেক্ষাকৃত কম। আপনি আর্থিক দায়িত্ব আর্থিক অধিকার চেয়ারম্যানকে দেওয়ার কথা বলেছেন। যেহেতু আমাদের এখানে নতুন আইন হয়েছে, সেটা আপনি জানেন। জেলায় অন্যান্য কমিটি, ডি পি সি এবং তাদের হাতেই যাবতীয় ক্ষমতা দেওয়া আছে উন্নয়নমূলক কাজের জন্য। এইজন্য স্কুলবাড়ি বা অন্যান্য কাজের জন্য যে অর্থ বরাদ্দ করি, এটা আমরা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের হাতে না রেখে, আমরা জেলা উন্নয়ন সংস্থা যেটা আছে বা উন্নয়ন কমিটি যে আছে, তাদের হাতে রাখাটাই যুক্তিযুক্ত বলে মনে করছি। যদি সামগ্রিক দৃষ্টিভঙ্গিতে বিচার করি, তাহলে এটা চালু করতে পারেন। সঞ্জীব বাবু আপনি এটা ভূল করছেন—আপনি দেখুন ৫৬(৩) আমি এটা প্রোভাইড কমিটি করতে বলেছি। ফলে জেলা প্রাথমিক বিদ্যালয়ের সংসদের যারা কর্মচারী, তাদের অপসারণ করবার যে আইন, যেটা দেখা যাচ্ছে ৫৬(৩) তার প্রোভাইড কমিটিতে করতে বলেছে, উপরের ধারাটি বহাল আছে। তার মানে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ এর যারা কর্মচারী, তাদের অপসারিত করবার সুযোগ আইনে যে থেকে যাচ্ছে, সেটাকে আমি তুলিনি। আপনি ওটা বোধহয় তাড়াতাড়ি করে পড়তে ভুল করেছেন। আপিল কমিটি এটা আগে ছিল না। আপিল কমিটিতে এবার আমাদের জুডিসিয়াল সার্ভিসের লোককেই আনব। আপনি জানেন যে, জুডিসিয়াল সার্ভিসের যে লোককে আপিল কমিটির চেয়ারম্যান পদে বসানো হয়, অন্যান্য মেম্বারদের কথা তিনি শুনতে বাধ্য নন। যখন পশ্চিমবঙ্গে আজকে আপিল কমিটির রায় যখন প্রকাশ করা হয়, যিনি জুডিসিয়াল সার্ভিসের লোক, তিনি আপিল কমিটির চেয়ারম্যান থাকেন, তার মত অনুসারে আপিল কমিটি ওরা ওদের কথা শোনেন বটে, কিন্তু চূড়ান্ত সিদ্ধান্ত করে আপিল কমিটির চেয়ারম্যান। যাতে আমাদের প্রাথমিক শিক্ষক অনেক ন্যায় বিচার থেকে বঞ্চিত না হয়, সেইজন্য এবার আমাদের আপিল কমিটি প্রস্তাব এনেছে ট্রাইব্যুনাল নয় এবং আপিল কমিটির চেয়ারম্যান হবেন যিনি জুডিসিয়াল সার্ভিসের লোক, তিনি তার জুডিশিয়াল বিচার বুদ্ধি অনুসারে তিনি কোন প্রাথমিক শিক্ষক যদি আবেদন করেন, আবেদন যাতে বিচার করতে পারেন, সেইসব সুযোগ আমি এখানে রেখেছি। শুধু তাই নয় আপিল কমিটিতে শিক্ষকদের দুজন প্রতিনিধি রেখেছি যে যখন শুনানি হবে, যাতে শিক্ষকদের বিভিন্ন বিষয়গুলি আপিল কমিটিতে যথাযথ ভাবে উত্থাপিত হয়। সেইজন্য আপিল কমিটির মধ্যে আমাদের শিক্ষকদের প্রতিনিধি রেখেছি। আপনি ভারতের কোথাও দেখবেন না যে, কর্মচারীই হোন বা শিক্ষকই হোন তাদের জন্য এই সুবিধা সুনিশ্চিত করা হয়। এ হেন ব্যবস্থা ভারতের কোথাও দেখতে পাবেন না। আপনি কোরামের কথা বলেছেন। কোরামে আমারও অভিজ্ঞতা আছে। আমারও অভিজ্ঞতা আছে, কারণ আমি দপ্তরের দীর্ঘদিন ধরে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী। আমাদের যে সমস্ত জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, সেই জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের সমস্ত প্রাথমিক শিক্ষক সংগঠন, তাদের প্রতিনিধি আমরা রাখি। এক্ষেত্রে আমরা কোন বাদ বিচার আমরা কিছু করি না।

[6.30–6.38 p.m.]

আপনাদের মতাবলম্বী, রাজনৈতিক মতাবলম্বী একাধিক প্রাথমিক শিক্ষক সংগঠন আছেন কিন্তু তাদের সবাইকে আমি অধিকাংশ জেলায় রাখি কিন্তু আমার অভিজ্ঞতায় দেখা গেছে যে অনেক সময়ে সভা করা যায় না এই কোরামের অভাবের জন্য, সেজন্য বাধ্য হয়ে কোরামের জন্য আপনারা যে কথা বলছেন সেটা ঠিক না। যেমন বিধানসভায় আমরা ওয়ান থার্ড রাখিনি ওয়ান টেন্থ করা আছে, লোকসভায় ওয়ান টেনথ্ করা আছে, রাজ্যসভায় ওয়ান টেনথ্ করা আছে, একইভাবে আমরা ওয়ান থার্ড করতে পারতাম যদি পারতাম আমরা সুখী হতাম কিন্তু অভিজ্ঞতায় দেখা গেছে যে ওয়ান থার্ড করলে অনেক সময়ে কোরাম হয় না। সাধারণভাবে কাজ কর্ম ব্যাহত হয়। সেজন্য ওই পরিমাণটা কমিয়েছি। আর সুধীরবাবু আপনি ভুল করেছেন, সঞ্জীব বাবু আপনারা সদস্য মিলে যদি আলোচনা করে দেখতেন তাহলে দেখতেন যে আমার বিলের ৯ নম্বর যে ধারা সেই ৯ নম্বর ধারাতে মহিলাদের অমিট করা হয় নি। ওই যে আইন টা, যে অ্যাক্ট এটা মহিলাদের জন্য নয়। মহিলাদের রিমুভ করা হয়নি। মহিলারা যথারীতি আছে। অন্য জিনিসটা তুলে দেওয়া হয়েছে সেটা সঞ্জীব বাবু একটু আগে এসেছিলেন আলোচনা করলেন পরিস্কারভাবে। মহিলাদের তুলে দেওয়া হয়েছে বলে যতখানি উত্তেজিত হয়ে বক্তৃতা করলেন, শুধু শুধু কষ্ট পেলেন। এত উত্তেজিত হওয়ার কোন কারণ ছিল না। মহিলাদের আদৌ তুলে দেওয়া হয় নি। মহিলাদের প্রতিনিধিত্ব রাখতে আপনারা অত্যন্ত উৎসাহী এজন্য আপনাদের ধন্যবাদ জানাই। যাই হোক আপনারা যে আশা আমার কাছে করেছেন শিক্ষার সামগ্রিক উন্নয়নের জন্য, আমার কাছে সরকারপক্ষের, বিরোধীপক্ষের সদস্যরা যে আবেদন আমার কাছে রেখেছেন সেকথা মনে রেখে এই সংসদ পরিচালিত হবে এবং আমি আশা করি যে এই বছরের মধ্যে যাতে নির্বাচিত জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ গঠিত হতে পারে, তার জন্য যে সমস্ত আইন কানুন সংশোধন করা দরকার, সেই উদ্দেশ্যে আমি এই বিধেয়ক এনেছি, আমি আশা করব যে আপনারা সকলে একত্রিত হয়ে এই বিধেয়ককে সমর্থন করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Motion of Shri Kanti Biswas that the West Bengal Primary Education (Amendment) Bill, 1999 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 - 3**

**Mr. Deputy Speaker :** There are no amendments to Clauses 1 - 3.

The question that Clauses 1-3 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 4**

**Mr. Deputy Speaker :** There is one amendment to Clause 4 by Shri Sanjib Kumar Das. It is out of order because it negates the idea. It mars the spirit of the Bill.

The question that Clause 4 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 5 - 10**

**Mr. Deputy Speaker :** There are no amendments to Clauses 5-10.

The question that Clauses 5-10 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 11**

**Mr. Deputy Speaker :** There is one amendment to Clause 11 by Shri Sanjib Kumar Das. It is also out of order. Because it negates the idea. It mars the spirit the Bill.

The question that Clause 11 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 12 to 18**

**Mr. Deputy Speaker :** There are no amendments to Clauses 12 to 18.

The question that Clauses 12 to 18 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 19 - 3 (c)**

**Mr. Deputy Speaker :** There is one amendment to Clause 19-3 (c) by Shri Sanjib Kumar Das which is in order and taken as moved.

**Shri Sanjib Kumar Das :** Sir, I beg to move that in Clause 19-3 (c), in line 6 for the word 'one-fifth' the word 'one-third' be substituted.

**Shri Kanti Biswas :** Sir, I don't accept the amendment.

The motion of Shri Sanjib Kumar Das that in Clause 19-3 (c), in line

6 for the word 'one-fifth' the word 'one-third' be substituted - was then put and lost.

The question that Clause 19-3 (c) do stand part of the Bill was then put and agreed to.

**Clause 20 and the Preamble**

**Mr. Deputy Speaker :** There is no amendment to Clause 20 and the Preamble.

The question that Clause 20 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 1999, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 6.38 p.m. till 11.00 a.m. on Monday, the 19th July, 1999, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 19th July, 1999 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 06 Ministers of State and 142 Members.

[11.00–11.10 a.m.]

### Starred Questions
### (to which oral Answers were given)

### Extension of Metro Railway

*577. (Admitted Question No. *116) **Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) whether the Centre has cleared the project for extension of Metro Railway to Garia and which will be financially shared by the State Government;

(b) if so, the total cost of the project and the ratio of the share to be borne by the State and the Central Government; and

(c) when the project is expected to be completed?

**Shri Subhas Chakrabarti :**

(a) While no formal intimation has been received, it may be deduced from the fact that the project cost for Metro Railway has been raised from Rs. 1706.8 crores to Rs. 2169.79 crores, an allocation has been raised from Rs. 30.00 crores in 1998-99 and to Rs. 40.00 crores in 1999-2000 in respect of Metro Railway in the Railway Budget for 1999-2000 that the extension of Metro Railway to Garia has been cleared by the Railway Ministry. On behalf of the State Govt. I had conveyed the consent of the State Govt. to participate to the extent of 15% per cent of the Project cost for the Metro extension to the then Minister for Railways, when the stand was taken by the Minister in

charge. Railways in his meeting with the all party delegation of MLAs & MPs of West Bengal on 15.11.1998, that 50 per cent of the contribution has to be borne by the State Government in the case of extension of railway system in Metro area. Chief Minister, West Bengal, informed the Minister-in-charge of Railways on 9.2.1999 that the State Government was prepared to contribute 33 percent of the project cost. It is only after at commitment that the funds have been allocated in the Railway Budget for 1999-2000 in the manner stated.

(b) It appears from the revised Project cost mentioned that the cost for extension of the Metro Railway has been put at 463.79 crores by the Railways Ministry.

(c) Since the total length of the extension is 8.488 Km. a considerable part of which will be along Tolley's Nullah, undue delay is not foreseen provided funds are available.

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে উনি ডিটেইলসে জবাব দিয়েছেন। কিন্তু মাননীয় মন্ত্রীর জবাবে আমার প্রশ্নের উত্তর নেই। আমার তৃতীয় প্রশ্ন ছিল, 'হোয়েন দি প্রজেক্ট ইজ এক্সপেক্‌টেড টু বি কমপ্লিটেড?' উনি 'হোয়েনের' কিছু স্পেসিফিক বলেন নি। উনি বলেছেন, 'আনডিউ ডিলে ইজ নট ফোরসিন প্রভাইডেড ফান্ডস আর এভেলেবল—' এটা সঠিক উত্তর নয়। মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই, উনি মেট্রো রেলের শিলান্যাসের সময় ছিলেন প্রধানমন্ত্রীর সঙ্গে। পরে অবশ্য শিলান্যাসের সেই পাথর সরিয়ে দেওয়া হয়েছিল ওখান থেকে। এখন যে মেট্রো রেল চলছে তার কাজ '৭২ সালে শুরু হয়েছিল এবং সেটা শেষ হয়েছিল '৯৫ সালে। '৯৫ সাল থেকে শ্যামবাজার থেকে টালিগঞ্জ মেট্রো চলছে। প্রস্তাবিত মেট্রো সম্প্রসারণের ক্ষেত্রে স্টেট গভর্ণমেন্ট যখন ওয়ান থার্ড খরচ বহন করবে তখন মাননীয় মন্ত্রী কি স্পেসিফিক্যালি বলবেন কত সালে মেট্রো রেলের এই পর্বের টালিগঞ্জ টু গড়িয়ার কাজ সম্পূর্ণ হবে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** রেল মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, রেলওয়ে মোট যে টাকা এ ক্ষেত্রে খরচ করবে তা আগামী পাঁচ বছরের বাজেটে ধার্য করে পাঁচ ভাগে ভাগ করে খরচ করবে। কিন্তু আমরা রেলওয়ে মন্ত্রককে বলেছি—যেহেতু এই প্রজেক্টের ক্ষেত্রে বাইরের কোন সাহায্যের প্রয়োজন নেই, এক্সপার্টাইজ এবং টেক্‌নিক্যাল নো-হাউ, সবই এখানে অ্যাভেলেবল্ সেহেতু কেন পাঁচ বছর সময় ব্যয় করবেন? এটা তো দু-বছরের মধ্যেই করা সম্ভব। মৌখিকভাবে এই প্রস্তাব দিয়েছি। দিল্লীতে যাব, এটা দু'বছরের মধ্যে করতে বলব। আরো বলব যে, দরকার হলে কোন সংস্থার কাছ থেকে ঋণ নিন। ঋন নিয়ে করার জন্য ইন্টারেষ্ট যা দিতে হবে তা ডিলেইড হওয়ার জন্য যে বাড়তি খরচ হবে তার চেয়ে কম। এটাই আমার মনে হচ্ছে। অর্থের সাশ্রয় হবে এবং কলকাতার যাত্রী পরিবহণের ক্ষেত্রে একটা ভাল ব্যবস্থা চিহ্নিত হবে। সেই সঙ্গে পাঁচ

বছরের জায়গায় দু'বছরের মধ্যে করতে পারলে, সেটা রেল দপ্তরের পক্ষে একটা বড় সার্টিফিকেট হবে। এখন এটা নির্ভর করছে, ওরা ঋণ নিতে প্রস্তুত আছে কিনা, তার ওপর। স্টেট গভর্ণমেন্ট, সেন্ট্রাল গভর্ণমেন্টের জয়েন্ট প্রজেক্টের ক্ষেত্রে কি পদ্ধতিতে ঋণ নেওয়া হবে, সেটা দেখতে হবে। তার মধ্যে সমস্যা থাকতে পারে। কিন্তু আমার মনে হচ্ছে সমস্ত সমস্যা কাটিয়ে এটা দু'বছরে করা সম্ভব এবং সেই প্রস্তাব নিয়েই আমি যাচ্ছি, এই পর্যায়ে কথাবার্তা বলব।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ। উনি দ্রুত করার পক্ষে। কিন্তু এ-বারের রেল বাজেট থেকে বিষয়টা পরিস্কার নয়। ওরা বলেছে, ৪০ কোটি টাকার মত বাজেট ইনক্রিজ হয়েছে। কিন্তু তা দেখে, সেটা স্পেসিফিক্যালি টালিগঞ্জ-গড়িয়া মেট্রোরেল এক্সটেনশনের জন্য কিনা তা বোঝা যাচ্ছে না। তথাপি এটা যদি ৪০ কোটি টাকাই হয়, অ্যালটমেন্ট হয় তাহলে ১৩.৩৩ কোটি টাকা রাজ্য সরকারের দেওয়া থাকবে। সুতরাং এই টাকা দিয়ে এ বছর কি কি কাজের পরিকল্পনা করা হয়েছে? মাননীয় মন্ত্রী, আপনার হিসাব মত যদি বছরে ৪০ এবং ১৩ কোটি টাকা করে ধরা হয় তাহলে এটা সম্পূর্ণ করতে ১০ বছর সময় লাগবে। কারণ আপনি বলেছেন, এই পর্যায়ের মেট্রোর জন্য টোটাল কস্ট নির্দিষ্ট হয়েছে ৪৬৩.৭৯ কোটি টাকা। আমি আপনার কাছে স্পেসিফিক্যালি জানাতে চাইছি ১৯৯৯-২০০০ ফাইনানসিয়াল ইয়ারে এই মেট্রোর জন্য কি কি কাজ হবে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য বিষয়টাকে জটিল করবার চেষ্টা করছেন। আমার কাছে যে তথ্য দেওয়া হয়েছে তা সবই পুরনো এস্টিমেটের ভিত্তিতে। আমার নিজের ধারণা—মিটিং হয়েছিল, সেই মিটিং-এ আমি অংশগ্রহণ করেছিলাম, ঐ এস্টিমেশন চেঞ্জ করে গেছে। ইতিমধ্যে এসকালেশন হয়েছে এবং রাজ্য সরকারকে মৌখিকভাবে বলা হয়েছে, 'এ বছর তোমাদের ২৪ কোটি টাকা দিতে হবে।' আমরা দেব। এজেন্সী যেহেতু রেলওয়ে নিজেই, টাকা আমাদের দিতে হবে। সেটা ক্যাশ অর কাইন্ড, কি ভাবে দেওয়া হবে তা নিয়ে নেগোসিয়েশন করছি। এই কস্টের মধ্যে ল্যান্ড অ্যাকুইজিশন কস্ট আছে, আরো কিছু ব্যাপার আছে। সেগুলোর দায়িত্ব রাজ্য সরকারকে নিতে হবে। আমরা সে ব্যবস্থা করতে পারব। আমরা টাকার ব্যবস্থা রেখেছি, আমরা দিতে পারব। অর্থ দপ্তরের সঙ্গে কথাবার্তা বলে রি-অ্যাপ্রোপ্রিয়েশন করেই হোক বা অ্যাডিশনাল বাজেট প্রস্তাব নিয়েই হোক, আমরা এ বছর ২৪ কোটি টাকা দিতে পারব, আমাদের যেটা দেয়। আমি মাননীয় সদস্যর অবগতির জন্য বলছি, পরে নির্দিষ্ট প্রশ্ন থাকলে বলব—এস্টিমেশন বেড়ে গেছে। মৌখিকভাবে যা জানতে পেরেছি তাতে দেখছি ৬৮৫ কোটি টাকার কাছাকাছি চলে গেছে এবং তার ৩৩ ভাগ আমাদের দিতে হবে। সুতরাং অনেক বেশী টাকা আমাদের দিতে হবে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী ডিটেলে জবাব দিলেন। কিন্তু আমার প্রশ্নের সঠিক জবাব দিলেন না। আমি জিজ্ঞাসা করেছিলাম, এ বছর আপনারা যে টাকা ধরেছেন এবং রেল মন্ত্রক যে টাকা ধরেছে তাতে কি কি স্পেসিফিক কাজ হবে? এটাই আমি

জানতে চেয়েছি। আরো জানতে চাইছি, এই মেট্রো রেলের এক্সটেনশন কিভাবে হবে, এটা কি টালি নালার উপর থেকে পিলার করে হবে, নাকি সুড়ঙ্গ করে হবে, কি প্ল্যান দিয়েছেন? একটা কথা জবাবে বুঝতে পারছি না, উনি বার বার বললেন মৌখিক কথাবার্তা হয়েছে। একটা রাজ্য সরকারের কাছে কেন্দ্রীয় সরকারের যে সেটেলমেন্ট হয় তখন কি মৌখিক কথাবার্তা হয়, নাকি মেমোরান্ডাম অফ আন্ডার-স্ট্যান্ডিং হয়, কিছু পেপার এক্সচেঞ্জ হয়, কিছু চিঠিপত্রের আদান-প্রদান হয়। এত বড় প্রোজেক্টের কথা ঘোষনা করেছেন—সবই কি মৌখিক কথাবার্তা হয়েছে, কিছু লিখিত পাননি? এটা কি রেল দপ্তরের গাফিলতি, নাকি রাজ্য সরকারের গাফিলাতি?

[11.10–11.20 a.m.]

**শ্রী সুভাষ চক্রবর্তী :** আমি আগেই বলেছি, মাননীয় সদস্য অনুধাবন করবেন যে, পুরানো এস্টিমেশনের ভিত্তিতে যে কাগজপত্র আছে আমাদের সরকারের হাতে তারই ভিত্তিতে লিখিত রিপ্লাই করেছি। পরে আমি খবর নিয়ে দেখেছি এবং আমাদের মিটিং-এর মিনিট্‌স-এর যে কনফারমেশন হয় তাতে এস্টিমেশন বাড়বে প্রায় ৬৮৫ কোটি টাকা। তার ৩৩ শতাংশ আমাদের দিতে হবে। সেই অ্যামাউন্টটা ওরা মিটিং-এ বলেন ৩৪ কোটি টাকা, এটা প্রভিশন করেছি। কোন্ কোন্ প্রোজেক্টে যেটা মাননীয় সদস্য জানতে চেয়েছেন, এর মধ্যে জমির অ্যাকুইজিশনের যে কস্ট সেটা স্বাভাবিকভাবেই আমাদের বিয়ার করতে হবে। এর মধ্যে আমাদের সুবিধা হচ্ছে, অনেক জমি ইরিগেশন ডিপার্টমেন্টের আন্ডারে আছে। যে জমি লাগবে তার অর্ধেক জমি আছে আর অর্ধেক জমির অ্যাকুইজিশন প্রক্রিয়া চলছে। যে টাকা লাগবে সেটা এই টাকা থেকে দিতে পারবো।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কাজ হবে শেষ হবে তা বলা যাচ্ছে না, ইট ডিপেন্ডস অন সো মেনি ফ্যাক্টরস। আপনি শেষে বললেন, অ্যাকুইজিশন অফ ল্যান্ড - বেশীর ভাগ জমি দপ্তরের হাতে আছে। এটা ঠিক নয়। বেশীর ভাগ জমি ওখানে কিছু উদ্বাস্তু মানুষ, জবরদখলকারী মানুষ, আন-অথরাইস্‌ড দখল করে বসে আছে। এই দখলকারী জমি উদ্ধার করা রাজ্যসরকারের দায়িত্ব, নাকি কেন্দ্রীয়সরকারের, কারা এই জমি দখল করে নিয়ে কাজ শুরু করবে? এটা হচ্ছে ১ নম্বর, দ্বিতীয় হচ্ছে, ওখানে গঙ্গা অ্যাকশন প্ল্যান-এর কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। এই টালি-নালার কাজ হবে গঙ্গা অ্যাকশন প্ল্যানে ৩৬ কোটি টাকার। এখান থেকে সেতু করে নিয়ে রেল চালানো হবে। এটা সামঞ্জস্য করার জন্য নোডাল কমিটি বা নোডাল বডি করা হয়েছে কিনা ওয়েসটেজ অফ মানি না হয় দুটি কাজ সাইমালটেনিয়াসলি করতে গিয়ে?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় সদস্য এটা নিশ্চয়ই অবগত আছেন, "রাইটস" যেভাবে পরামর্শ দিয়েছিলেন কত জমি লাগবে, না লাগবে সমীক্ষা করে, সেই অনুসারে বেশীরভাগ জমি আমাদের হাতে আছে। সেই জমি হাতে আছে, দখলে আছে বে-দখলে আছে কিম্বা মুক্ত আছে যাই বলুন না কেন, রেল যখন কাজ শুরু করবে বাস্তবে

জমির জন্য বললেই রাজ্য সরকার সেই ব্যবস্থা করে দেবে, তার জন্য অসুবিধা হবে না। আর আপনি তো আছেনই, সহযোগিতা করবেন। আমার নিশ্চিত ধারণা, দলমত-নির্বিশেষে এটা সকলেই চাইবেন দ্রুত রূপায়িত হোক যাতে কম বাধা-বিপত্তি আসে আর দ্বিতীয়তঃ, নোডাল এজেন্সি আমাদের ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট আছে। তারা সব দপ্তরের সঙ্গে যোগাযোগ করছেন। আরবান ডেভেলপমেন্ট মিনিস্ট্রি যে কাজ করছে তারা আমাদের সঙ্গে যোগাযোগ রেখেই করছেন।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় সদস্য শ্রী সৌগত রায় একটি প্রশ্ন করেছিলেন, হোয়েন দি প্রোজেক্ট ইজ এক্সপেকটেড টু বি কমপ্লিটেড? আমার আশঙ্কা হচ্ছে যে, এই ধরণের পরিকল্পনা কেন্দ্রীয় সরকার অনেকবার গ্রহণ করেছেন এবং তার কি হাল হয়েছে হাওড়া জেলার ক্ষেত্রে তা আমরা মর্মে-মর্মে অনুভব করতে পারি। ১৯৭১ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধী হাওড়া ময়দানে হাওড়া-আমতা রেলের জন্য পাথর পুঁতলেন। আজকে কত বছর পার হয়ে গেল, আজ পর্যন্ত বড়গাছিয়া থেকে এক ইঞ্চি রেল-লাইনও অগ্রসর হয়নি। কবে আমতাতে গিয়ে পৌঁছাবে জানি না। শম্বুক গতি বলে একটা কথা আছে. এখানে বোধ হয় তার থেকেও ধীর গতিতে কাজ হচ্ছে। তারপর ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে ওদের একজন মন্ত্রী বলেছিলেন যে বেঙ্গল প্যাকেজে কি কি আছে। আসানসোল যাবার ট্রেনটার নাম পাল্টে করা হল অগ্নিবীণা এক্সপ্রেস, সেখানে ট্রেন কিন্তু বাড়লো না। নতুন কোন ট্রেন হল না। এখানে প্রশ্নে আছে, when the project is expected to be completed, আপনি কি কেন্দ্রীয় সরকারের মনোভাব বুঝে বলতে পারেন ৫ বছরের মধ্যে গড়িয়া পর্যন্ত মেট্রো রেলের কাজটা কমপ্লিট হবে কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য মহাশয় নিশ্চয় অনুধাবন করবেন যে, আমি মাননীয় বিধায়ক সৌগত রায়ের প্রশ্নের উত্তরে বলেছি যে ৫ বছরের মধ্যে বাজেটে টাকাটা ধরা আছে। রেল বাজেটেও আছে। আমাদের বলা হয়েছে সেইভাবে বাজেটে প্রস্তুত থাকতে। কিন্তু আমি উল্লেখ করেছি যে যেহেতু এখানে একই প্রযুক্তি, একই ধরণের কাজ এবং বেশীর ভাগ কাজটাই মাটির উপর সেই হেতু ৫ বছর এত বেশী সময় লাগা উচিত নয় যদি জিনিসপত্র এবং টাকা থাকে। রেল মন্ত্রকের সাথে আলোচনা করেছি মৌখিক ভাবে। আমার যাবার কথা আছে কিছুদিনের মধ্যে। আমরা মনে করি দু-বছরের মধ্যে এই কাজ শেষ করা সম্ভব। ৫ বছর ফেলে না রেখে আমাদের তাই অনুরোধ, লোন নিয়ে বিশ্বব্যাঙ্ক, বিদেশী সংস্থা বা দেশ থেকে—দু বছরের মধ্যে এই ৪.৮৮ কি. মি. রেল লাইন পাতা হোক। এই রেল লাইন পাততে ৫ বছর লাগে না।

**শ্রী অমর চৌধুরী ঃ** মেট্রো রেলকে ব্যারাকপুর পর্যন্ত সম্প্রসারিত করার জন্য একটি সার্ভে করার কথা হয়েছিল। আমার প্রশ্ন, এটা কতদূর এগিয়েছে? দ্বিতীয়তঃ সার্কুলার রেল খুব সহজেই বেলঘরিয়া পর্যন্ত প্রসারিত করা যায় কারণ সেখানে ইনফ্রাষ্ট্রাকচার আছে, রেল লাইন পাতা আছে। এ ব্যাপারে কিছু এগিয়েছে কিনা জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** ব্যারাকপুর পর্যন্ত মেট্রো রেল সম্প্রসারণের ব্যাপারে প্রস্তাব সাংসদ তড়িৎ তোপদার দিয়েছেন, আমাদের কাছেও প্রস্তাব ছিল, রেল মন্ত্রকেরও ছিল। সেই অনুসারে রেল মন্ত্রক রাইটস কর্তৃপক্ষকে সার্ভে করার জন্য নিয়োগ করেছেন। তাদের সুপারিশের পরিপ্রেক্ষিতে পরবর্তী পদক্ষেপ নির্দিষ্ট হবে।

**মামলায় সরকারের স্বার্থ সুরক্ষা**

*৫৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৩) **শ্রী আবু আয়েশ মন্ডল :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে কলকাতা হাইকোর্ট ও রাজ্যের বিভিন্ন প্রশাসনিক ট্রাইব্যুনালে কৃত বিভিন্ন মামলায় রাজ্য সরকারের বিভিন্ন বিভাগের স্বার্থ সুরক্ষার জন্য পর্যাপ্ত ব্যবস্থা নেওয়া হয়েছে কি না; এবং

(খ) নেওয়া হয়ে থাকলে, (১) কোন্ সময় থেকে ও (২) কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী নিশীথ অধিকারী**

(ক) হ্যাঁ।

(খ) (১) বর্তমান পর্যায়ে ১৯৯৭ সাল থেকে।
(২) কোন মামলা যাতে একতরফা না হয় সেদিকে দৃষ্টি রেখে ২৪ জন সিনিয়র এবং জুনিয়র গভঃ অ্যাডভোকেট নিযুক্ত করা হয়েছে। অ্যাড্মিনিষ্ট্রেটিভ ট্রাইব্যুনালের জন্য ১ জন জুনিয়র গভঃ অ্যাডভোকেট নিযুক্ত করা হয়েছে। সরকারের পক্ষে নিযুক্ত সমস্ত আইনজীবীদের ফি বাড়িয়ে দেওয়া হয়েছে। জেলা স্তরে জি. পি., পি. পি. এবং প্যানেলভুক্ত আইনজীবীদের ফি বাড়িয়ে দেওয়া হয়েছে। আইনজীবীরা ঠিকমতো কাজ করছেন কিনা বা তাদের বিরুদ্ধে কোনও অভিযোগ আছে কিনা তা খতিয়ে দেখার জন্য রাজ্যস্তরে একটি বিশেষ সেল তৈরি হয়েছে। সংশ্লিষ্ট দপ্তরগুলির সঙ্গে যোগাযোগের জন্য হাইকোর্টে একটি কম্যুনিকেশন সেল তৈরি করা হয়েছে।

[11.20–11.30 a.m.]

**শ্রী আবু আয়েশ মন্ডল :** '৯৭ সাল থেকে ব্যবস্থা গৃহীত হয়েছে বলে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন। আগে বেশীরভাগ মামলাই সরকার হেরে যেত কারণ সরকারী উকিলরা সময়মত হাজির হত না। '৯৭ সাল থেকে এটা কার্যকরী হবার পর নিশ্চয় সাফল্য এসেছে। আপনি বললেন, ২৪ জন যে সিনিয়র ও জুনিয়র আইনজীবী নিযুক্ত করেছেন তাদের কাজকর্ম খতিয়ে দেখার জন্য রাজ্যস্তরে একটি সেল করেছেন। আমার

**প্রশ্ন এই সেল কাদের নিয়ে গঠিত হয়েছে? দ্বিতীয় প্রশ্ন, আইনজীবীদের যে ফিস বাড়ানো হয়েছে এটা আগে কত ছিল এবং বেড়ে কত হয়েছে এবং যথা সময় তা মিটিয়ে দেওয়ার জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে তা বলবেন কি?** এ্যাডভোকেটদের সম্বন্ধে অভিযোগ খতিয়ে দেখার জন্য এল. আর, জয়েন্ট এল. আর, এ্যাডিশন্যাল এল. আর., এদের নিয়ে একটা সেল তৈরী করা হয়েছে। আগে রিটেনার ফিজ ল অফিসারদের আছে সেটা বাড়িয়ে দেওয়া হয়েছে। ল অফিসারদের রিটেনার ফিস কি সেটা আমি বলে দিচ্ছি। এ্যাডভোকেট জেনারেল ৮ হাজার টাকা, জি. পি. ৩ হাজার ৫০০ টাকা, পি. পি ৩ হাজার ৫০০ টাকা, এ্যাডিশন্যাল জি. পি. ৩ হাজার টাকা, এ্যাডিশন্যাল পি. পি. ৩ হাজার টাকা, এ. ও. আর ৩ হাজার ৫০০ টাকা, সিনিয়র গভর্ণমেন্ট এ্যাডভোকেট ২ হাজার ৫০০ টাকা, জুনিয়র গভঃ এ্যাডভোকেট ২ হাজার টাকা, ডিষ্ট্রিক্টের জি. পি. ২ হাজার ৭০০ টাকা এবং পি. পি. ২ হাজার ৭০০ টাকা। এ্যানুয়াল সিলিং করে দেওয়া আছে, যত খুশি করতে পারবে না, সেখানে সিলিংয়ের একটা বাধা আছে। আর জি. পি. এ্যাডিশন্যাল জি. পি., সিনিয়র ষ্ট্যান্ডিং কাউন্সিলর, অ্যাডভোকেট, এদের জন্য পার এ্যাপীয়রেন্সে ৬৫০ টাকা ধরা আছে এবং এ্যানুয়াল সিলিং হচ্ছে ২ লক্ষ ৪০ হাজার টাকা। আর জুনিয়র গভঃ অ্যাডভোকেট ৩৫০ টাকা এবং এ্যানুয়াল সিলিং হচ্ছে ২ লক্ষ টাকা। আর ডিস্ট্রিক্টের জুনিয়র পি. পি.দের পার এ্যাপীয়ারেন্স ২২৫ টাকা। এটা ঠিক করা হয়েছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কলকাতা হাইকোর্ট এবং রাজ্যের বিভিন্ন টাইব্যুনালে ব্যবস্থা নিয়েছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি আপনার কাছে জানতে চাই যে, সুপ্রীম কোর্টে যে সমস্ত মামলা রাজ্য সরকারের আছে, সেগুলিতে যাতে এক্স পার্টি হয়ে না যায়, তার জন্য কলকাতা হাইকোর্ট এবং রাজ্যের বিভিন্ন প্রশাসনিক ট্রাইব্যুনালের অনুরূপ কোন ব্যবস্থা করছেন কিনা সেটা জানাবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** এখনও ঠিক সেই রকম ভাবে হয়নি। তবে একজন এ্যাডভোকেট অন রেকর্ডকে স্ট্যান্ডিং এ্যাডভোকেট অন রেকর্ড করা হয়েছে। তিনি সুপ্রীম কোর্টের নোটিশগুলি নেন এবং সেগুলি রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে পাঠিয়ে দেন।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন যে, পি. পি. নিয়োগের ক্ষেত্রে যে জটিলতা ছিল, সেখানে স্বচ্ছতা আনার জন্য বিশেষ পদ প্রণয়ন করছেন—এটা বাজেট বইতে আছে, কিন্তু তার কোন ব্যাখ্যা নেই। আমি জানতে চাইছি যে, এই বিশেষ পদ কি এবং এটা কতখানি কার্যকরী হচ্ছে সেটা জানাবেন কি?

(নো রিপ্লাই)

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে সিলিং করা হয়েছে এ্যাডভোকেটদের। সরকারী আইনজীবীদের কার্য পরিচালনার ক্ষেত্রে সিলিং করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে, বিভিন্ন দপ্তরের মামলাগুলিতে

সরকারী আইনজীবীদের গাফিলতিতে সরকার সেই মামলাগুলি দাঁড়িয়ে দাঁড়িয়ে হারছেন। কোর্টে থেকেও হিয়ারিংয়ের সময় হাজিরা না দেবার জন্য সেগুলিতে হেরে যাচ্ছেন। এই রকম কোন সুনির্দিষ্ট অভিযোগ আপনি পেয়েছেন কিনা এবং পেয়ে থাকলে কত মামলায় এই রকম গাফিলতিতে হেরেছেন সেটা বলবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী :** আপনার শেষ প্রশ্নের সঙ্গে এটা রিলেটেড নয়। প্রথমটা বলে দিচ্ছি। যে কয়টা অভিযোগ পেয়েছি তার তদন্ত হচ্ছে, কিছু কিছু ক্ষেত্রে তাদের বিরুদ্ধে বার কাউন্সিল করা হয়েছে। আর সংখ্যার কথা যেটা বলেছেন, এটার সঠিক তথ্য দিতে না পারলেও মোটামুটি ৪৫ থেকে ৫০টির মত অভিযোগ পাওয়া গেছে এবং তাদের বিরুদ্ধে তদন্ত হচ্ছে।

## Unemployment Allowance

*579. (Admitted Question No. *2234) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Employment Exchange Department be pleased to state–

(a) whether the State Government has decided to sanction a sum of Rs. 2500 to each unemployed youth who have registered their names for at least six years in different employment exchanges of the State; and

(b) if so, what are the other requirements to be fulfilled by such unemployed youths in this regard?

**Shri Md. Amin :**

(a) Yes, subject to conditions stated below.

(b) The other requirements in this regard are as follows :–

(i) An applicant for the unemployment assistance must be within 35 years to 45 years of age as on the 1st April of the year in which he is considered. The upper age-limit is relaxable by 5 years for the physically handicapped, S. C. and S. T. and by 3 years for O.B.C.

(ii) Average personal income of the applicant must not exceed Rs. 200/- per month and the average family income should be within Rs. 1500/- per month.

(iii) Recepients of any financial assistance from the Government under any Self-employment Scheme are not eligible for the unemployment assistance.

(iv) Persons who have already got the benefit of earlier unemployment assistance Scheme(s) are also not eligible.

(v) Not more than one member of a family will be eligible to receive assistance under the Scheme.

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি বলেছেন যে, আড়াই হাজার করে টাকা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যাদের ছ'বছরের বেশী নাম লিপিবদ্ধ আছে তাদের এককালীন দেবেন। তারপরে আপনি ৫টি কন্ডিশন দিয়েছেন। যাদের বয়স ৩৫-৪৫ বছর হয়েছে, তাদের দেবেন। আপনি বলুন, এখন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যে ৫৯ লক্ষ নাম লিপিবদ্ধ করা আছে, তাদের মধ্যে আপনার শর্ত অনুযায়ী যাদের বয়স ৩৫-৪৫ বছর, এই রকম কতজন আছেন?

**শ্রী মহম্মদ আমিন :** এটা আপনাকে আলাদা নোটিশ দিয়ে কোশ্চেন করতে হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** স্যার, উনি বলছেন, ৩৫-৪৫ বছর বয়সের যাদের নাম লিপিবদ্ধ করা আছে, যাদের উনি আড়াই হাজার করে এককালীন টাকা দেবেন, এই রকম কতজন আছে, এর জন্য নোটিশ দিতে হবে বলছেন। স্যার, এটা ভেরি মাচ রেলিভ্যান্ট কোশ্চেন।

**মিঃ স্পীকার :** ওর কাছে না থাকলে কি করে দেবেন? আপনি পরে ওকে ফিগারটা জানিয়ে দেবেন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** যাদের বয়স ৩৫-৪৫ বছর হয়ে গেছে, তাদের আপনি এককালীন আড়াই হাজার করে টাকা দেবেন বলছেন। আপনি এই যে আড়াই হাজার করে টাকা দিচ্ছেন, এদের নাম কি কেটে দেবেন, না কি তারা আবার সুযোগ গ্রহণ করতে পারবে?

**শ্রী মহম্মদ আমিন :** নাম কাটা হবে না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** আপনি এই যে এককালীন আড়াই হাজার করে টাকা দিচ্ছেন, আপনি বলুন, একজন বেকার যুবক বা যুবতী এই টাকা দিয়ে কি ধরণের কাজ করতে পারবে? সেই রকম কোন পরিকল্পনা, স্কীম বা প্ল্যান আপনাদের তরফ থেকে কি দেওয়া হবে যে ঐ টাকা দিয়ে সে কিছু করবে?

**শ্রী মহম্মদ আমিন :** এ পর্যন্ত যে স্কীমটা চলছিল তাতে মাসে মাসে ৫০ টাকা করে দু'বছর পর্যন্ত দেওয়া হচ্ছিল। অর্থাৎ দু'বছরে ১২০০ টাকা সে পেত। আমরা দেখলাম যে, আজকের বাজারে মাসে মাসে ৫০ টাকা করে দেওয়ার মানে হয় না। এটাকে একসঙ্গে দিলে সে হয়তো কিছু করতে পারে। এই টাকাটাকে সে সিড্ মানি হিসাবে ব্যবহার করে ছোটখাট কিছু বিজনেস করে নিজের পায়ে দাঁড়াতে পারে। কারণ বেকার সমস্যা যেভাবে বেড়েছে, তাতে আজকে সবাইকে চাকুরী দেওয়া যাবে না। এই অবস্থায় এককালীন এই টাকা পেলে এবং এর সঙ্গে আরও কিছু টাকা নিজের থেকে যোগাড় করে হয়তো কিছু করতে পারে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** এই প্রকল্পটা ১৯৭৮-'৭৯ সাল থেকে চালু হয়েছে। স্বাধীনতার পর থেকে কংগ্রেস এটা চালু করেনি, তারা বেকারদের কথা ভাবেনি। ১৯৭৮-'৭৯ সাল থেকে কত হাজার, কত লক্ষ যুবক যুবতী এর দ্বারা উপকৃত হয়েছে? মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে যদি এর পরিসংখ্যান থাকে তাহলে দয়া করে জানান।

[11.30–11.40 a.m.]

**শ্রী মহঃ আমিন ঃ** এখনো পর্যন্ত ৮ লক্ষ ৮৭ হাজার ৩২৩ জন বেনিফিটেড হয়েছেন, আর টাকা দেওয়া হয়েছে ১২৪ কোটি ৫৬ লক্ষ টাকা।

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এই প্রকল্প পশ্চিমবঙ্গের পুরো জেলাগুলোতেই কি চালু হয়েছে?

**শ্রী মহঃ আমিন ঃ** এটা পশ্চিমবঙ্গের সব জেলার জন্যে।

**শ্রী রবীন ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, রাজ্য সরকারের কতগুলো এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং তার মাধ্যমে কোন কোন জেলায় এই টাকা স্যাংশান হয়েছে।

**শ্রী মহঃ আমিন ঃ** পশ্চিমবঙ্গে ৭১টি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, সব জায়গা থেকেই এই টাকা দেওয়া হয়। এছাড়া বিজ্ঞাপন দিয়ে এ্যাপ্লিকেশান চাওয়া হয়। এ্যাপ্লিকেশান পাওয়ার পরে স্ক্রুটিনি করে তারপরে বলা যেতে পারে কোন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কত টাকা মঞ্জুর হয়েছে।

**শ্রী অসিত মিশ্র ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন যে, বয়স সীমা অতিক্রম করে যাচ্ছে অথচ সিনিয়ারিটির ভিত্তিতে আসতে পারছে না, এই ব্যাপারে স্বর্গীয়া ছায়া বেরা মন্ত্রী থাকাকালীন প্রশ্ন করেছিলাম, তাতে তিনি বলেছিলেন যে, যারা একটাও কল বয়স সীমার মধ্যে পায় নি তাদের ক্ষেত্রে সিনিয়রটির ভিত্তিতে একটা করে অন্তত কল দেবার ব্যবস্থা করবেন। আমি আপনার কাছে জানতে চাই এই ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী মহঃ আমিন ঃ** এটা আমরাও এখন করছি যে, বয়স সীমা শেষ হয়ে যাচ্ছে তারা যদি আমাদের কাছে এ্যাপ্লাই করে জানায়, আমরা ডাইরেক্টর অফ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে সেটা পাঠিয়ে দিই যে তাদের অন্তত একটা করে কল দেওয়া হোক।

**শ্রী অসিত মিশ্র ঃ** আপনার কাছে বলতে হবে না আপনার দপ্তরকে জানাতে হবে, কোথায় জানাতে হবে বলুন?

**শ্রী মহঃ আমিন ঃ** আমার কাছে এলেও হবে।

**শ্রী জ্যোতি কৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের যে সমস্ত বেকার যুবক-যুবতীরা নাম নথিভুক্ত করে, তাদের নির্দিষ্ট সময়ের পরে ওই নাম আবার নবীকরণ করতে হয়। সাধারণত প্রত্যেক তিন বছর অন্তর নাম নবীকরণ করতে হয়। নানা কারণে অর্থাৎ অসুস্থ বা ওই সময়ে ওই এলাকায় না থাকার ফলে নির্দিষ্ট সময়ে যদি

নবীকরণ করা না যায়, দিন অতিক্রম করে যায় তাহলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসে ঘোরাঘুরি করতে হয়। সেক্ষেত্রে ১-২ মাস হয়ে গেলে মেডিকেল সার্টিফিকেট দিতে হয়। সেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের যে এ্যাডভাইসারি কমিটি আছে তার জনপ্রতিনিধিরা তার বিবেচনা করেন এবং প্রয়োজন হলে মন্ত্রীর কাছেও দরখাস্ত পাঠাতে হয়। রাজ্যের বিভিন্ন জায়গাতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিস আছে, সেখানে উত্তরবঙ্গের বা মুর্শিদাবাদের ছেলেকে একটা চিঠি নিয়ে মন্ত্রীর কাছে আসতে হবে। এটা যদি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের অ্যাডভাইসারি কমিটি বিবেচনা করেন তাহলে আর তাদেরকে মন্ত্রীর কাছে আসার জন্যে এত দূর আসতে হয় না, এই ব্যাপারে আপনি কি চিন্তাভাবনা করছেন?

**শ্রী মহঃ আমিন ঃ** আসলে এই বিষয়ে এমন কিছু লেখার দরকার নেই এবং যদি আমার মত জানতে চান তো আমি বলব এই নবীকরণ তুলে দেওয়া উচিত। এটা নিয়ে ডাইরেক্টর জেনারেল সারা ভারতবর্ষের এই বিষয়ে সবাইকে নিয়ে মিটিংয়ে বসে ডিসিসান নিয়েছে এবং তাতে আমরা একটা রিকোয়েষ্ট পাঠিয়েছি যে, এই বেকার ছেলেমেয়েদের ক্ষেত্রে ৩ বছর ৫ বছর হয়ে যাওয়ার পর আর নবীকরণ করার কোন প্রয়োজন নেই। এটা মঞ্জুর হওয়া সাপেক্ষে। এখন যাদের ডেটটা পার হয়ে যায় তারা দরখাস্ত করলেই রিনিউয়াল হয়ে যায়। আমার কাছে এ পর্যন্ত যতগুলি দরখাস্ত এসেছে সবগুলি করে দিয়েছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানত চাইছি, মাননীয় মন্ত্রী কতকগুলি ব্যাপারে আপনি অবগত আছেন কিনা জানি না, তবে পশ্চিমবঙ্গের মানুষ অবগত আছেন, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে দেখা গিয়েছে যারা সঠিকভাবে কল পাওয়ার তারা কল পায় না এবং বিভিন্ন জায়গাতে ৩ হাজার ৪ হাজার টাকা ঘুষ দিয়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর ছেলেরা কল বার করে নিয়ে আসে। এই ব্যাপারে পশ্চিমবঙ্গের মানুষ, পশ্চিমবঙ্গের বেকার যুবকরা তারা যে কল পাচ্ছেন, সেখানে যদি আজকে বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলি থেকে ঘুষ দিয়ে কল বার করতে হয়, এই রকম কোন খবর আপনার কাছে আছে কিনা, যদি থাকে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন, কোন কিছু গোপন না করে বলবেন।

**শ্রী মহঃ আমিন ঃ** এ পর্যন্ত আমার কাছে কোন সুনির্দিষ্ট অভিযোগ আসেনি। যদি কোন অভিযোগ আসে তাহলে তার যথার্থ্য ব্যবস্থা করা হবে।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বললেন, ৩৫ থেকে ৪৫ বছরের যুবকরা তারা বেকার ভাতা পাবে, বেকার ভাতার ব্যাপারে বলি, অনেক যুবক যুবতী তারা নামই নথিভুক্ত করেনি, কিন্তু ৩৫ বছর বয়স হয়েছে, তারা যদি আজকে নাম নথিভুক্ত করে তারা কি এই আওতায় আসতে পারেন?

**শ্রী মহঃ আমিন ঃ** আপনার প্রশ্নটা ঠিক বুঝতে পারলাম না।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আড়াই হাজার টাকা যা এককালীন দিচ্ছেন, পঙ্কজবাবুর উত্তরে বললেন, এই আড়াই হাজার টাকায় গার্ডেনরীচ

বা টিটাগড়ে চোলাই-এর কারবারও করা যাবে না, আমি জানতে চাইছি, এই পর্যন্ত কতজন এই আড়াই হাজার টাকা পেয়েছেন বা দাক্ষিণ্য দিয়েছেন?

**শ্রী মহঃ আমিন ঃ** এখনও দরখাস্ত চাওয়া হয়নি, এর পরে দরখাস্ত চাওয়া হবে। তার পরে বলতে পারব কত লোক পাবে বা পেতে পারবে।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** স্যার, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ নাম নথিভুক্ত করার ক্ষেত্রে কম্পিউটারের কাজ কত দূর এগিয়েছে?

**শ্রী মহঃ আমিন ঃ** অনেকগুলি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কম্পিউটার বসে গিয়েছে, টোটাল হিসাবটা আমার কাছে নেই, আপনি জানতে চাইলে আমি পরে বলে দিতে পারব।

## কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার সমীক্ষা

*৫৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৬) **শ্রী তপন হোড় ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থার উন্নতিকল্পে রাজ্য সরকার একটি বিশেষজ্ঞ সংস্থাকে প্রয়োজনীয় সমীক্ষার দায়িত্ব দিয়েছেন;

(খ) সত্যি হলে, উক্ত সংস্থার নাম কী;

(গ) সংস্থাটি কোন রিপোর্ট রাজ্য সরকারের কাছে পেশ করেছেন কি না; এবং

(ঘ) পেশ করে থাকলে, উক্ত রিপোর্টে কী কী সুপারিশ করা হয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা কর্তৃক ঐ সংস্থার উন্নতিকল্পে প্রয়োজনীয় সমীক্ষার দায়িত্ব একটি বিশেষজ্ঞ সংস্থাকে দেওয়া হয়েছিল।

(খ) সংস্থাটির নাম রাইটস্।

(গ) সংস্থাটি সমীক্ষার রিপোর্ট কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থাকে দিয়েছেন

(ঘ) রিপোর্টের মূল সুপারিশগুলি হল ঃ—
(১) পরিচালন পরিকাঠামোর পুনর্বিন্যাস করে দক্ষতা বাড়াতে হবে।

(২) আয়বৃদ্ধির জন্য প্রধান প্রধান সুপারিশগুলি হল ঃ—

(অ) লাভজনক রুটে এবং প্যাকেজট্যুরে বাস চালাতে হবে।

(আ) বেশী সংখ্যায় এক্‌জিকিউটিভ, লাক্সারী ইত্যাদি শ্রেণীর বাস চালাতে হবে

(ই) বাসের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং চুক্তির মাধ্যমে বেসরকারী মালিকের সহায়তায় বাস চালাতে হবে।

(ঈ) ব্যাপক হারে বিজ্ঞাপন প্রচারের সুযোগ কাজে লাগাতে হবে এবং সি. এস. টি. সি-র সম্পদের বাণিজ্যিক সদ্ব্যবহার করতে হবে।

(৩) ব্যয় কমানোর জন্য প্রধান প্রধান সুপারিশগুলি হল ঃ—

(অ) বাসগুলি ব্যবহারের জন্য উন্নত কার্য ব্যবস্থা গ্রহণ এবং অকেজো বাসগুলি নিয়মিত প্রতিস্থাপন এবং বাতিল বাস বিক্রির ব্যবস্থা করতে হবে।

(আ) ডিপোভিত্তিক বাস রক্ষণাবেক্ষণে তিন শিফট্ প্রথা চালু করতে হবে।

(ই) স্বেচ্ছা অবসর প্রকল্প চালু করতে হবে।

(ঈ) ডিপোতে ডিপোতে শক্তি সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করতে হবে।

(উ) ডিপোভিত্তিক বাজেট তৈরী করতে হবে এবং কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়ে তুলতে হবে।

[11.40–11.50 a.m.]

**শ্রী তপন হোড় ঃ** রাইটস যে রিপোর্ট সি. এস. টি. সি. কে দিয়েছে তার যে সুপারিশ এখানে রয়েছে তার কতটুকু রাজ্য সরকার গ্রহণ করছেন বা বর্জন করছেন এবং টোটালি সেটা ক্ষতিয়ে দেখেছেন কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** রাইটসের রিপোর্ট রাজ্য সরকারের কাছে আসে এবং রাজ্য সরকার সেটা বোর্ডের কাছে পাঠিয়ে দিয়েছে। সি. এস. টি. সি.-র পরিচালন সংস্থা আছে। আমি জেনেছি, দুই তিন দিন বোর্ডের ঐ সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তারা মন্তব্যসহ তাদের সুপারিশ রাজ্য সরকারের কাছে পাঠাবেন এবং তারপর রাজ্য সরকার বলতে পারবেন কোনটা রাজ্য সরকার গ্রহণ করছেন কোনটা করছেন না। আর একটু সময় লাগবে। পরে আপনাকে জানিয়ে দেবো।

**শ্রী তপন হোড় ঃ** আপনার উত্তর থেকে বোঝা গেলো যে, রাইটস-এর রেকমেন্ডেশনগুলির কতটা গ্রহণ করবেন বা কতটা বর্জন করবেন সেটা সরকার এখনও বলতে পারছেন না। কিন্তু আপনার উত্তরের মধ্যে রয়েছে, ডিপোতে ডিপোতে শক্তি সংরক্ষণ এবং দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করতে হবে বলে তাদের সুপারিশ রয়েছে। এটা করতে গেলে কলকাতা শহরে বাস, ট্যাক্সি বা দ্বিচক্রযানগুলির মধ্যে যেগুলো পুরানো রয়েছে সেগুলোকে বাতিল করতে হবে। এ-ব্যাপারে একটা সুনির্দিষ্ট বেস ইয়ার সরকার পক্ষ থেকে ধরা হয়েছিল কিন্তু এর বিরুদ্ধে মালিক পক্ষ থেকে আন্দোলন হবার পর রাজ্য সরকার তাদের সঙ্গে বসেছিলেন। অথচ পুরানো গাড়ী তুলে দেবার ব্যাপারে

রাইটসের যে সুপারিশ তার সঙ্গে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গী এক, তবুও রাজ্য সরকার ব্যবস্থা নিতে পারেন নি। আমার প্রশ্ন, কেন রাজ্য সরকার ব্যবস্থা নিতে পারেননি; আদৌ ষ্টেপ নেওয়া সম্ভব কিনা এবং প্রকৃতপক্ষে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গী পশ্চিমবঙ্গে কার্যকর করা যাবে কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই অবগত আছেন যে, মোটর ভিহিকল আইন কেন্দ্রীয় সরকার করেন। ১৯৮৯ সালে শেষ ওদের যে এ্যামেন্ডমেন্ট হয়েছিল সেই অনুযায়ী আমরা কতগুলো ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করি, রাইটসও সুপারিশ করে। গাড়ী ঘোড়া বৃদ্ধির সঙ্গে সঙ্গে দূষণ নিয়ন্ত্রণের ব্যাপারটা ভীষণ গুরুত্ব লাভ করেছে। সারা পৃথিবীতে, বিশেষ করে আমাদের দেশে এটা নিয়ে জল্পনা-কল্পনা হচ্ছে। সুপ্রিম কোর্টও জনস্বাস্থ্য রক্ষার স্বার্থে যেহেতু দিল্লী আমাদের জাতীয় শহর এবং রাজধানী সেখানে কতগুলো সুনির্দিষ্ট প্রস্তাব কার্যকর করবার কথা বলেছেন। আমরা সে সব ক্ষতিয়ে দেখেছি। আমাদের কলকাতাতেও কিছু ব্যবস্থা নিতে হবে এবং আইনের পরিধিও সেরকমই আছে।

এখন যা অবস্থা চলছে তাতে প্রয়োজনে আমরা এই গাড়িগুলোকে চলতে দিতে পারি। সব মিলিয়ে আমাদের যে পারিপার্শ্বিক অবস্থা এবং দিল্লী সম্পর্কে সুপ্রীম কোর্টের যে সুপারিশ, অনতিবিলম্বে আরও মেট্রোপলিটান সিটি-এর সঙ্গে যুক্ত হবে বা সম্প্রসারিত হবে। সেদিকে দৃষ্টি রেখেই আমাদের রুলস্ যেভাবে আছে তাকে কার্যকরী করার জন্য আমরা সুপারিশ করেছি। রুলসে আছে পনেরো বছরের পরেও দু'বছর পর্যন্ত একটা গাড়ি চলতে পারে, যদি সে বোর্ডের কাছে আবেদন করে, তাহলে সেই গাড়ি চলতে পারে, যদি তার ফিটনেস সার্টিফিকেট থাকে। রাজ্য সরকারের ক্ষেত্রে যে বিধিনিষেধ আছে আমাদের স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশানগুলোর ক্ষেত্রে, সর্বভারতীয় কনশেনসাস অনুযায়ী রাজ্য সরকারের এ্যাডমিনিস্ট্রেশান অর্ডার আছে, আমরা আট বছরের বেশী চালাব না। অন্য ক্ষেত্রে কিন্তু আমরা ১৫ + ২ বলেছি। অথবা চার লক্ষ কিলোমিটার পথ অতিক্রম করেছে, এই রকম গাড়িগুলোকে আমরা বাতিল বলে বিবেচনা করব। সেটা আমরা কর্পোরেশানগুলোর ক্ষেত্রেও খুব সুনির্দিষ্টভাবে কার্যকরী রাখছি। কর্মাশিয়াল অন্য গাড়িগুলোর ক্ষেত্রে সেইভাবে আমরা করিনি, আমরা একটা কমিটি করেছি এবং বিভিন্ন দপ্তর এর সঙ্গে যুক্ত আছে। ৩১ শে জুলাই কমিটি তাদের প্রতিবেদন দেবেন এবং এনভায়োরনমেন্টের সঙ্গে বসে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে বসে, মূলতঃ নাগরিক স্বার্থকে লক্ষ্য করেই আমরা এটার সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করব।

**শ্রী তপন হোড় ঃ** এখানে আপনি বললেন বাসের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং চুক্তির মাধ্যমে বে-সরকারী মালিকের সহায়তায় বাস চালাতে হবে। রাইটসের রেকমেন্ডেশান রাজ্য সরকার বিবেচনা করবেন কি এবং তাদের সুপারিশ মেনে শ্রমিকদের দিয়ে বাস চালাবার ব্যবস্থা নেবেন কি? স্বেচ্ছা অবসর প্রকল্পের ব্যাপারে রাইটস্ যে কথা বলেছেন সেটা নীতিগতভাবে রাজ্য সরকার মেনে নেবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আপনার দুটি প্রশ্নেই নতুনত্ব আছে, আবার জটিলতাও আছে। রাইটসের সুপারিশগুলো আমাদের সি. এস. টি. সি বোর্ড পর্যালোচনা করে দেখছে, তাদের তরফ থেকে আমাদের কাছে এখনো কিছু আসেনি। আর দ্বিতীয় ব্যাপার হচ্ছে, পরিচালনার ক্ষেত্রে শহরে যে কোন বাস চালাতে গেলেই, কর্মচারীদের স্বার্থ রক্ষা করে বাস চালাতে গেলেই, রাজ্য সরকারকে ভরতুকি দিতে হবে। আমাদের সি. এস. টি. সি-র ক্ষেত্রে প্রতি বছর এবং সারা বছর যদি বাস চালাই তাহলে আট থেকে নয় লক্ষ টাকা একটা বাসের পেছনে ভরতুকি দিতে হবে। উত্তরবঙ্গের ক্ষেত্রে সেটা কিছুটা কম, এস. বি. এস. টি. সি.-র ক্ষেত্রে কিছুটা কম। শহরে বাস চালাতে গেলেই আয়-ব্যয়ের মধ্যে ফারাক ক্রমশঃ বাড়ছে। সরকারী বিধিব্যবস্থা অনুযায়ী সরকারী কর্মচারীদের মাইনে যে পরিমাণে বাড়ছে আমাদের সাবসিডিও সেই পরিমাণে বাড়ছে, সেটাকে লক্ষ্য রেখেই রাইটস এই রকম একটা সুপারিশ করেছেন।

আমরা এই সুপারিশটা কার্যকর করলে সংস্থার দিক থেকে কিছু ব্যয়ভারের বোঝা কমানো যাবে কিন্তু কার্যতঃ এটা শ্রমিকদের উপর পড়বে। সেই নির্দিষ্ট বাস যে শ্রমিক চালাবে, সে প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, পেনশন বেনিফিট পাবে না। কর্মচারীরা দীর্ঘদিনের নানান পদ্ধতি, উপায়ের মধ্যে দিয়ে কতগুলো অধিকার অর্জন করেছে। সেই অধিকার সরকারী সংস্থার একজন শ্রমিক যে ভাবে পায়, বেসরকারী সংস্থায় বেসরকারী মালিকরা সেইভাবে তা দেয় না। স্বাভাবিকভাবেই এটা ভীষণ স্পর্শকাতর ব্যাপার। এই মুহূর্তে এখানে দাঁড়িয়ে, রাজনৈতিক স্তরে আরো মনসংযোগ না করে বলতে পারছি না। তবে, রাইটস-এর সুপারিশ আমাদের বিবেচনা করতে হবে এবং তারপর হ্যাঁও বলতে পারি, নাও বলতে পারি।

আর, স্বেচ্ছায় অবসর গ্রহণের সম্পর্কে আপনি জানেন, আগে ছিল ৫৮ বছর, এখন হয়েছে ৬০ বছর। এই বিষয়ে ইউনিয়নগুলোর সঙ্গে আমরা আলোচনা করেছি। ৫০ বছরের পর এই কঠিন কায়িক শ্রমের সঙ্গে বেশীর ভাগ মানুষ যুক্ত থাকতে পারে না। সি. এস. টি. সি.-র বেশীর ভাগ ড্রাইভার মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ঘর থেকেই এসেছে। ডাঃ বিধানচন্দ্র রায়ের সময় থেকেই উদ্বাস্তু পুনর্বাসনের থেকে নেওয়া হচ্ছে, ফলে ফ্লো অফ এমপ্লয়মেন্ট মূলতঃ মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, ছিন্নমূল উদ্বাস্তুদের মধ্যে থেকেই এসেছে। ৫০।৫৫ বছরের পর এই হেভি ডিউটি, কষ্টকর শ্রম তাদের পক্ষে সম্ভব নয়। তবে, যারা স্বেচ্ছায় অবসর নিতে চাইছে, সেক্ষেত্রে ইউনিয়নের কোন আপত্তি নেই। আমাদের মনে হয়, আমাদের বিবেচনার ক্ষেত্রে এলে এক্ষেত্রে সায় দিতে হবে। এতে আমাদের দুরকম সুবিধা হবে। প্রথমতঃ তারা যেটা চাইলেন, আমরা দিতে পারলাম। দ্বিতীয়তঃ, নতুন যে সব লোক নেওয়া হবে, অল্প বয়সী হওয়ার ফলে তারা বেশী পরিশ্রম করতে পারবে। এই বিষয়ে এই মুহূর্তেই আমরা সরকারী সিদ্ধান্তের কথা এখানে ঘোষণা করছি না। ক্ষেত্রান্তরে যদি জানতে চান জানাব। তবে, অবসর গ্রহণের প্রকল্পটা বিবেচিত হবে।

[11.50–12.00 Noon]

**শ্রী অম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী রাইটস-এর অবজার্ভেশন যেটা জানালেন, ব্যক্তিগত ভাবে আমি মনে করি এটা ঠিক। তবে আরও আগে এটা করতে পারলে স্টেট ট্রান্সপোর্টের আরও ভালো হত। তবে, এটা ভুললে চলবে না যে, স্টেট ট্রান্সপোর্টে যে লোকশান হচ্ছে, সেটা কিন্তু ট্যাক্স পেয়ার্স মানি-আমাদের সকলেরই টাকা। আপনি উত্তরে এক জায়গায় বললেন, লাভজনক যে জায়গাগুলো আছে, সেখানে চালাতে চান। অর্থাৎ যেখানে লাভ হয় না, সেখানে আপনি প্রাইভেট ওনারদের দিয়ে দিতে চাইছেন? যদি এটা ঠিক শুনে থাকি এবং যদি এটা হয়, তাহলে আমার একটা সাজেশন আছে এই জায়গায় - হাজার-হাজার বাস যেসব ডিপোতে পড়ে নষ্ট হয়ে যাচ্ছে, স্ক্রাপ হয়ে যাচ্ছে, তার মধ্যে যে বাসগুলো সারানোর উপযুক্ত, সেইগুলোকে যদি কোন প্রাইভেট এন্ট্রিপ্রিনিওরদের দেন, তখন কো-অপারেটিভ বেসিসে যদি কেউ চালাতে চায়—সেই বাসগুলোকে যদি সাবসিডাইজড প্রাইসে দেন, তাহলে বিধিনিষেধ মেনেই সেইগুলোকে যদি রাস্তায় চলাচলের উপযোগী করে তোলা যায় এবং আপনার কাছে আসে, তাহলে কি আপনি রাজি হবেন তাদের কিছু কিছু এই বাস দিতে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য ঠিকই দৃষ্টি আকর্ষণ করেছেন। একটা কথা নিশ্চয় বুঝতে হবে যে, সিটি ট্রান্সপোর্ট শহরের ভিতরকার যে পরিবহণ সাধারণের জন্য সেখানে সরকারকেও কিছু দায়িত্ব নিতে হবে। এটা পৃথিবীর সব শহরের ক্ষেত্রে প্রযোজ্য। আমাদেরও এখানে কিছু নিতে হবে। কিন্তু কতটা কমানো যায়, নিশ্চয় সেটা দেখা উচিত। সে দিক থেকে রাইটস যে বিষয়গুলি এখানে সুপারিশ করেছেন, তাতে অনেকগুলি লোকসান কমানোর ব্যাপারটার উপর গুরুত্ব দেওয়া আছে। আমি এখানে মন্তব্য করতে চাইছি না বা পারছি না। কেন না এটা আরও গভীরভাবে বিশ্লেষণ এর প্রয়োজন আছে। এর সামাজিক দিক আছে। এর ট্রেড ইউনিয়নের দীর্ঘদিনের আন্দোলনের অর্জিত ফলাফলও আছে। শ্রমিকদের কতগুলি অধিকার এবং সে সম্পর্কিত তাদের দাবিদাওয়ার ব্যাপারটা আছে। এক কথায় এটা করা কঠিন। কিন্তু এটা বিবেচনায় নিতে হবে। কিন্তু এটা কি করে সচ্ছল গতিশীল করে তোলা যায়, সুন্দরভাবে পরিচালনা করা যায়, লোকসানের পরিমাণ কমানো যায়, তার জন্য চেষ্টা করা প্রয়োজন। এই ব্যাপারে রাইটসের সুপারিশগুলি বিবেচনায় রেখেছি। এক্ষেত্রে এই সম্পর্কে স্পষ্ট বলতে পারছি না - ইয়েস অর নো।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই বিধানসভাতে এর আগের একটা প্রশ্নোত্তরে বলেছিলেন যে, কয়েকটি ক্ষেত্রে আপনি প্রাথমিকভাবে পরীক্ষামূলক ভাবে বাসে মহিলা কন্ডাক্টার নিয়োগ করছেন। মহিলা কন্ডাক্টার নিয়োগ করার পরে বাসের কন্ডাক্টারের যে কালেকশান, সেই কালেকশান ক্ষতির দিকে আছে, না কিছুটা বেড়েছে বা লাভের অঙ্কের দিকে আছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমাদের মাত্র ৬-৭টা বাসে এই মহিলা কন্ডাক্টার চালান পরীক্ষামূলক ভাবে। এটা খুবই সফল হয়েছে এই কথাই বলতে হবে। আমাদের

যতটুকু ইনফরমেশান এই মুহূর্তে, সেটা হচ্ছে যে, আয়ের দিক থেকে তুলনামূলকভাবে সামান্য উন্নতি হয়েছে। এই ব্যাপারে আপনার সঙ্গে একমত কারণ মেয়েদের আরও বেশী বেশী করে কাজের সুযোগ দেওয়া উচিত।

**শ্রী আবদুস সালাম মুন্সী :** মাননীয় পরিবহণ মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, সি এস টি সি, এন বি এস টি সি, এস বি এস টি সি বাসের যারা কর্মচারী, যারা ড্রাইভার, কন্ডাক্টার, হেল্পার আছে, তাদের দূরপাল্লার গাড়ীতে রাত্রিবাস করতে হয়। এর ফলে ওদের মিল চার্জ এবং মাইলেজ কিছু দেওয়া হয়। এটা কত করে দেওয়া হয়। আমি যতদূর জানি যে, তাদের ভিতর এ নিয়ে অসন্তোষ আছে। তারা বলেন যে, এটা তাদের পক্ষে অত্যন্ত কম এবং এটা বাড়ানো উচিত।

**শ্রী সুভাষ চক্রবর্তী :** এটা যদিও প্রাসঙ্গিক প্রশ্ন নয়। তবুও এই ক্ষোভ বা অভিমান আমাদের ড্রাইভার কন্ডাক্টারদের আছে, সেটা আমরা জানি। এটা বাস্তবোচিত করার জন্য আমরা পরামর্শ দিয়েছি সি এস টি সিকে। এটা যাতে প্র্যাকটিকাল হয়, তার জন্য পরামর্শ দিয়েছি। ১৫ টাকা মিল চার্জ আছে, এটা ২৫ করতে বলেছি।

**শ্রী দেবব্রত ব্যানার্জী :** মাননীয় মন্ত্রী অনেকগুলি প্রশ্নের বিস্তারিত জবাব দিয়েছেন। রাইটসের যে প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে, অথবা সি এস টি সির বিবেচনাধীন আছে সেটা মাননীয় মন্ত্রীর কাছ থেকে জানা গেল। তাতে লাভজনক রুটে সরকারী বাস পরিচালনার বিষয়ে তাদের একটা প্রস্তাব আছে। কিন্তু আমার যতদূর জানা আছে যে, সর্বশেষ সর্বভারতীয় মোটর ভেহিক্যালস-এর আইনে রাষ্ট্রীয় পরিবহনের জন্য বিশেষ কোন ব্যবস্থা নেই। কার্যতঃ একটা উদারনীতি চলছে বা আহ্বান জানানো হয়েছে, যেখানে স্পষ্ট ভাষায় বলা হয়েছে নতুন বাস নিয়ে বাস মালিকরা এলে পরে তাদের পছন্দমতো রুট তাদের দিতে হবে। এই যে একটা অসুস্থ প্রতিযোগিতার মধ্যে রাষ্ট্রীয় পরিবহনকে ফেলে দেওয়া হয়েছে, এতে রাষ্ট্রীয় পরিবহন কি ভাবে চলবে। এতে সরকারের চিন্তাভাবনা কি?

[12.00–12.10 p.m.]

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় সদস্য নিশ্চয়ই অবহিত আছেন, তিনি যে প্রশ্ন করেছেন এবং যে উত্তর চাইছেন সেটা বিস্তর আলোচনা সাপেক্ষ। সামগ্রিক পলিসি নিয়ে কথা বলতে হবে, এই ক্ষুদ্র সময়ের মধ্যে এটা সম্ভব নয়। তবে আমাদের স্ট্যান্ডিং পলিসি যা আছে রাষ্ট্রীয় পরিবহন সংস্থা এটাকে অক্ষত ভাবেই রাখতে হবে। ভারতবর্ষের নানা জায়গায় উদারনীতি নানা ফর্মে ঢুকলেও এখানে আমাদের সংস্থাগুলির যে নিজস্ব চরিত্র এটাকে বজায় রেখেই এটাকে লাভবান করার কথা ভাবতে হবে, এটাকে ব্যাহত হতে দেব না।

## Starred Questions
## (to which Answers were laid on the Table)

### সরকার পরিচালিত সংস্থায় ই. এস. আই.-এর বকেয়া

*৫৮১। (অনুমোদিত প্রশ্ন নং *২২০৭) **শ্রী জ্যোতি চৌধুরী ঃ** কর্মচারী রাজ্য বিমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার পরিচালিত কোন সংস্থায় ই. এস. আই.-এর অর্থ বকেয়া আছে;

(খ) থাকলে, ঐ বকেয়া অর্থের পরিমাণ কত; এবং

(গ) উক্ত বকেয়া আদায়ে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

**কর্মচারী রাজ্য বীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) ২,৬০,০০,২৮২.০০ টাকা (দুই কোটি ষাট লক্ষ দুই শত বিরাশি টাকা)

(গ) ই. এস. আই. অ্যাক্ট অনুযায়ী বকেয়া পুনরুদ্ধারের ব্যবস্থা নেওয়া হয়েছে এবং বকেয়া অর্থ জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রধানদের বারংবার ইত্তেলা দেওয়া হচ্ছে।

### কেন্দ্রীয় বাস টার্মিনাল

*৫৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৫) **শ্রী সুভাষ গোস্বামী এবং তপন হোড় ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি —

কলকাতায় কেন্দ্রীয় বাস টার্মিনাল সংস্থাপনের প্রকল্পটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

এসপ্লানেডে প্রস্তাবিত বাস টার্মিনালের জমিটি কেন্দ্রীয় সরকারের সামরিক বিভাগ থেকে বিভিন্ন শর্তসাক্ষেপে নির্দিষ্ট প্রস্তাবে পাওয়া গেছে। তবে পারিপার্শ্বিকতা, পরিবেশ-পরিস্থিতি এবং ভবিষ্যতের যানবাহনের সুষ্ঠ পরিচালন বিষয়টি সামনে রেখে এবং প্রয়োজনীয় বিকেন্দ্রীকরণকে প্রাধান্য দিয়ে সমগ্র বিষয়টি পুনর্বিবেচনা করা হচ্ছে।

### বাংলাদেশের ইলিশ

*৫৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯৫) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** মৎস্য বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত আর্থিক বছরে পশ্চিমবঙ্গে বাংলাদেশ থেকে 'ইলিশ' আমদানি করা হয়েছিল;

(খ) সত্যি হলে, ১৯৯৮-এর জানুয়ারী থেকে ১৯৯৯-এর জানুয়ারী পর্যন্ত কত পরিমাণ ইলিশ আমদানি করা হয়েছিল; এবং

(গ) তা কীভাবে বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছিল?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) বাংলাদেশ থেকে পশ্চিমবঙ্গে 'ইলিশ' আমদানি করা হয়েছিল বেসরকারী সংস্থার মাধ্যমে (open general licence) এ ব্যাপারে রাজ্য সরকারের কাছে উপযুক্ত কোনো পরিসংখ্যান নেই।

(গ) জানা নেই।

### কলকাতা-হলদিয়া জলপথ

*৫৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৬) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) একথা কি সত্যি যে, কলকাতা ও হলদিয়ার মধ্যে জলপথে যোগাযোগ ব্যাবস্থা উন্নত করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি কী?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) সিলভার জেটের কলকাতা থেকে হলদিয়ার জলপথে পরিষেবা শুরু হওয়ার সাথে সাথে একটা প্রশ্ন আসে যে, অপেক্ষাকৃত কম খরচে জলপথে এই যোগাযোগ ব্যবস্থা চালু করা যায় কিনা - যদিও দ্রুতগতির জলযান ছাড়া এই ব্যবস্থা সম্ভব নয় এবং এটি ব্যয়সাপেক্ষ। বিষয়টি ভূতল পরিবহণ নিগম খতিয়ে দেখছে।

### বেহালা ফ্লাইং ট্রেনিং ইন্সটিটিউট

*৫৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৫) **শ্রী অধীর রঞ্জন চৌধুরী ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বেহালা ফ্লাইং ট্রেনিং ইন্সটিটিউট বন্ধ হয়ে যাবার সম্ভাবনা আছে কিনা; এবং

(খ) উক্ত সংস্থায় কর্মচারীর মোট সংখ্যা কত?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) ৩৬ (ছত্রিশ)।

**সি. এস. টি. সি.-তে স্বেচ্ছা-অবসর**

*৫৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩০) **শ্রী জটু লাহিড়ী :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, সি. এস. টি. সি.-র কর্মচারীদের স্বেচ্ছা-অবসর গ্রহণের নীতি চালু হতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, কবে থেকে তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, একথা সত্যি যে সি এস টি সি-র কর্মচারীদের স্বেচ্ছা অবসর গ্রহণের নীতি চালু হয়েছে।

(খ) গত ৩১-৫-১৯৯৯ তারিখ থেকে কার্যকর হয়েছে।

**উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ**

*৫৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৮) **শ্রী গৌতম চক্রবর্ত্তী :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে কতগুলি ডিভিশন আছে; এবং

(খ) ডিভিশন ভিত্তিতে (১) বাসের সংখ্যা ও (২) বাৎসরিক আয়ের পরিমাণ কত?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় ৪টি ডিভিশন আছে।

(খ) ডিভিশন ভিত্তিক বাসের সংখ্যা ও বাৎসরিক আয়ের পরিমাণ নিম্নরূপ :

| | ডিভিশনের নাম | চালু বাসের সংখ্যা | বাৎসরিক আয়ে লক্ষ টাকায় |
|---|---|---|---|
| (১) | কুচবিহার | ২২৯ | ১১৫৮.৩৭ |
| (২) | শিলিগুড়ি | ১৪৭ | ৯৭১.৫২ |
| (৩) | রায়গঞ্জ | ১৫৭ | ১১১৭.৬৯ |
| (৪) | বহরমপুর | ৭৭ | ৪৮৯.১৩ |

**Hotel in Yuba Bharati Krirangan Complex**

*588. (Admitted Question No. *975) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Sports Department be pleased to state–

(a) whether it is a fact that a private hotel is being constructed within the complex area of Yuba Bharati Krirangan; and

(b) if so, how does such a hotel help the development of Sports?

**Minister-in-Charge of the Sports Department :**

(a) Yes, in the original conceived lay-out plan of Salt Lake Stadium (Yuba Bharati Krirangan), there was a provision for the construction of a 'FIVE STAR' Hotel. In pursuance of that plan, Urban Development Department, who leased out the land of the Salt Lake Stadium, requested Sports Deptt. to hand over a parcel of land from the Stadium for construction of a 'FIVE STAR' Hotel thereon. Accordingly, Sports Department handed over a parcel of land, measuring 6 (Six) acres of the Yuba Bharati Krirangan to the Urban Development Department on 4.4.96 for the purpose.

(b) The hotel will definitely provide, interalia, convenient accommodation to the National and International Sports contingents including the officials and will also make their journey to and from the Stadium easy, during major Sports events.

**আইনজীবী কল্যাণ আইন**

*৫৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৯) **শ্রী আবু আয়েশ মন্ডল :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, ১৯৯৯-২০০০ আর্থিক বছরে এ রাজ্যে আইনজীবী কল্যাণ আইন চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত আইনটি চালু করা হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত আইনে কী কী সুযোগ-সুবিধা বিবেচিত হবে?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ২০০০ সালের আগেই এটি সম্পূর্ণভাবে প্রযুক্ত হবে।

(গ) উক্ত আইনে নিম্নলিখিত সুযোগ-সুবিধা বিবেচিত হবে ঃ

(১) উপরোল্লিখিত আইন অনুযায়ী আইনজীবী কল্যাণ তহবিলের একজন সদস্য যদি আইন ব্যবসা ছেড়ে দেন, অথবা অবসর নেন অথবা মারা যান তাহলে তিনি যত বছর আইনজীবী তহবিলের সদস্য ছিলেন, তিনি তার মনোনীত ব্যক্তি আনের ২৩ নং ধারার মতে অন্ততঃ তত হাজার টাকা পাবেন।

(২) আইনের ২৫ নং ধারা অনুযায়ী একজন সদস্য গ্রুপ ইন্সিওরেন্স এবং অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন।

## Grand Prix

*590. (Admitted Question No. *1082) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Sports Department be pleased to state–

(a) how much land will be requisitioned for proposed 'Grand Prix' by the Government; and

(b) is the Government providing land to the hotelowners at that area; and

(c) what is the criteria of selecting such hotelowners for plots there?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কমবেশী ৫০০ একর জমি।

(খ) ও (গ) উপরিউক্ত এলাকায় সরকারের তরফে হোটেল প্রকল্পের জন্য জমি বন্টন করার কোন সিদ্ধান্ত এখনও নেওয়া হয় নি।

## Unstarred Questions
## (to which written answers were laid on the Table)

### দুঃস্থদের সাহায্য

৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪) **শ্রী কমল মুখার্জী :** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দুঃস্থ, অসহায় মানুষদের রাজ্য সরকার কি কি সাহায্য/অনুদান দিয়ে থাকেন?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন বিভাগের মাধ্যমে দুঃস্থ, অসহায় মানুষদের নানা রকম সাহায্য/অনুদান দিয়ে থাকেন।

সমাজ-কল্যাণ বিভাগের কর্মধারা মূলতঃ সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষের সেবাকেন্দ্রিক। এই বিভাগ সীমিত আর্থিক বরাদ্দের মধ্যে থেকেও শিশু, নারী, প্রতিবন্ধী, বৃদ্ধ, বৃদ্ধা, অক্ষম এবং দুঃস্থ প্রাক্তন সেনা, মাদকাসক্ত, পথশিশু এবং নিষিদ্ধ পল্লীর শিশুর ন্যায় বিশেষ প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন শিশুদের কল্যাণে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করেছে। যেমন দুঃস্থ মহিলাদের জন্য স্বল্পকালীন আবাস, কল্যাণ আবাস নোরাড, বিধবাভাতা ইত্যাদি প্রকল্প চালু আছে। পশ্চিমবঙ্গ মহিলা আয়োগ এবং পশ্চিমবঙ্গ মহিলা বিকাশ নিগমও দুঃস্থ মহিলাদের স্বাবলম্বী করার লক্ষ্যে কাজ করছে। মাসিক ৩০০ টাকা হারে দুঃস্থ বিধবাদের বর্তমানে বিধবাভাতা দেওয়া হচ্ছে (বর্তমানে ১০,৯২১ জন)।

আই. সি. ডি. এস. নামে পরিচিত সুসংহত শিশু-বিকাশ প্রকল্পে বর্তমানে ২৭ লক্ষাধিক মা ও শিশু উপকৃত হচ্ছেন।

কিশোর বিচার আইনের অধীন কল্যাণাবাস, কিশোর কল্যাণ পর্ষদ, কটেজ স্কীম প্রভৃতির মাধ্যমে শিশু কিশোরদের সাহায্য করা হচ্ছে।

প্রতিবন্ধী কল্যাণে অক্ষমভাতা, প্রতিবন্ধীদের সহায়ক যন্ত্র, প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের বৃত্তি, আর্থিক পুনর্বাসন, বিনামূল্যে পরিচিতিপত্র প্রদান প্রভৃতি প্রকল্প এই বিভাগ চালু করেছে।

বৃদ্ধ ও অশক্তদের জন্য বার্ধক্যভাতা, বৃদ্ধাবাস প্রভৃতি প্রকল্প চালু আছে। তাছাড়া ভবঘুরেদের জন্য চক্রচর কল্যাণ আবাস, শিশুদের ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেমি উচ্ছেদ প্রকল্প, ভিক্ষাবৃত্তি নিবারণ প্রকল্প, মাদকশক্তি নিবারণ ইত্যাদি প্রকল্পও চালু আছে।

এছাড়া ১৯৫৪ সালে প্রতিষ্ঠিত পশ্চিমবঙ্গ সমাজ-কল্যাণ উপদেষ্টা পর্ষদ এ রাজ্যে ৪৬টি প্রকল্পে ১২৪১টি ইউনিটের মাধ্যমে ৫০ হাজারের উপর দুঃস্থ মহিলা ও শিশুর কল্যাণে নিযুক্ত আছে।

**বর্ধমানের হীরাপুরে নতুন কলেজ**

৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৯) **শ্রী শ্যামাদাস ব্যানার্জী :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলার হীরাপুর বিধানসভা কেন্দ্র এলাকায় নতুন কলেজ খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

উক্ত এলাকায় নতুন কলেজ খোলার কোন প্রস্তাব উচ্চশিক্ষা বিভাগের বিবেচনাধীন নেই।

**শ্রম ট্রাইবুন্যাল**

৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯০) **শ্রী দেবব্রত ব্যানার্জী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, শ্রম ট্রাইবুন্যালে বিচারপতির অভাবে শ্রমিকরা বিচার পাচ্ছেন না; এবং

(খ) সত্যি হলে, উক্ত সমস্যা নিরসনে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আংশিক সত্যি, বর্তমানে ২টি ট্রাইব্যুনালে বিচারপতির কাজ শূন্য।

(খ) বিষয়টি হাইকোর্ট এবং বিচার বিভাগের এক্তিয়ারভুক্ত শ্রম দপ্তরের পক্ষ থেকে বিচার বিভাগে শূন্যতার কথা জানানো হয়েছে।

**মালদহের কাটাহাদিয়াড়ার বিদ্যালয়**

৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৫) **শ্রী সমর মুখার্জী :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, মালদহ জেলার রতুয়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কাটাহাদিয়াড়া (মহান দমোলা এবং বিলাইমাড়ি অঞ্চল) এলাকায় কোন উচ্চ-মাধ্যমিক বিদ্যালয় নেই; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত এলাকায় উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) কোন অঞ্চল ভিত্তিতে উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ের তথ্য রাখা হয় না—

সেজন্য মহান দমোলা এবং বিলাইমাড়ি অঞ্চলে কোন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় আছে কি নেই বলা সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**ক্যালেডোনিয়ান জুট মিল**

৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৬) **শ্রী অশোক দেব** ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বন্ধ ক্যালেডোনিয়ান জুট মিল খোলার জন্য সরকার কোন পদক্ষেপ নিচ্ছেন কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে তা কিরূপ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) শ্রম অধিকারের উদ্যোগে এ পর্যন্ত চারটি পৃথক এবং যৌথসভা হয়েছে। আলোচনার মাধ্যমে বিরোধ সম্পত্তির প্রচেষ্টা চলছে, কলিকাতা হাইকোর্টে দায়ের করা একটি মামলার নিষ্পত্তি না হওয়ায় শ্রম দপ্তরের কাজে অসুবিধা হচ্ছে।

**Tripartite Agreement in Jute Industry**

450. (Admitted Question No. 1388) **Shri Saugata Roy : Will the** Minister-in-charge of the Labour Department be pleased to state–

(a) whether the tripartite agreement in Jute Industry has expired;

(b) if so, is Government taking any step for fresh agreement; and

(c) the response of the Indian Jute Mill Association in this regard?

**Minister-in-charge Labour Department :**

(a) Yes.

(b) Yes, Government has already taken up the matter with I.J.M.A.

(c) The I.J.M.A. in their letter to L.M. has stated that they will not take part in any talk for wage settlement of workers as an organisation. The Government is persuading them to change this attitude and co-operate for settlement of workers' demands.

**হাওড়ার বন্ধ কারখানা**

৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭২) **শ্রী শীতলকুমার সর্দার ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হাওড়া জেলাতে বিগত ১-১-৮৯ থেকে ১-১-৯৯ পর্যন্ত কতগুলি কল-কারখানা (বড় ও মাঝারি) বন্ধ হয়েছে; এবং

(খ) উক্ত বন্ধ হওয়া কল-কারখানাগুলিতে কতজন শ্রমিক কর্মচ্যুত হয়েছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বড় সাতটি এবং মাঝারি ১৯টি মোট ২৬টি।

(খ) প্রায় ১২,৭২৫ (বারো হাজার সাত শত পঁচিশ)।

**কৃষি বিপণন দপ্তর নির্মিত রাস্তা**

৪৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯২) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত দশ বছরে রাজ্যে কৃষি বিপণন দপ্তর কত কি.মি. রাস্তা নির্মাণ করেছেন; এবং

(খ) তার মধ্যে গ্রামাঞ্চলে ও শহরাঞ্চলে কত (আলাদা-আলাদাভাবে)?

**কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই দপ্তরের খতিয়ান অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকারের এবং ভারত সরকারের বিভিন্ন প্রকল্পে অর্থ বরাদ্দ মোতাবেক বিগত দশ বছরে আনুমানিক ৫৭৬ কি. মি. পথ নির্মিত হয়েছে।

(খ) বাজার সংযোগকারী রাস্তা মূলতঃ গ্রামাঞ্চলেই তৈরী করা হয়।

**বাউরিয়া কটন মিল**

৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭১) **শ্রী রামজনম মাঝি ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উলুবেড়িয়া উত্তর কেন্দ্রের বাউরিয়া কটন মিল প্রায় ৫ বছর হল বন্ধ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত মিলটি পুনরায় চালু হবে বলে আশা করা যায়?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সঠিকভাবে বলা সম্ভব না। মালিক ও শ্রমিক পক্ষকে আলোচনার জন্য কয়েকবার বৈঠকে ডাকা হয়েছিল। মালিক পক্ষের অনুপস্থিতির জন্য কোন আলোচনা সম্ভব হয় নি।

**নদীয়ায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা**

৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩২) **শ্রী শঙ্কর সিংহ ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে নদীয় জেলায় সরকার অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত;

(খ) উক্ত প্রাথমিক বিদ্যালয়গুলির মধ্যে কতগুলি (১) একশিক্ষক, (২) দুইশিক্ষক ও (৩) তিনশিক্ষক বিশিষ্ট; এবং

(গ) ঐ সকল প্রাথমিক বিদ্যালয়গুলিতে পূর্ণসংখ্যক শিক্ষক নিয়োগের ব্যাপারে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২,৪৫৩।

(খ) (১) একশিক্ষক ... ২২৬
(২) দুইশিক্ষক ... ৯০৫
(৩) তিনশিক্ষক ... ৬২৬

(গ) প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগের আইনসঙ্গত অধিকার জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের—সরকারের নয়। মহামান্য উচ্চ-আদালতের যে নিষেধাজ্ঞা থাকার জন্য উক্ত জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না—তা যাতে প্রত্যাহৃত হয় তার জন্য ঐ সংসদ ধারাবাহিক প্রচেষ্টা চালাচ্ছে। সরকার প্রয়োজনীয় সহায়তা করছে।

**রামনগরে জলস্তর**

৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৮) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রামনগর বিধানসভার অন্তর্গত কয়েকটি গ্রামে ভূগর্ভস্থ জলের স্তর নেমে গেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত স্থানে বিকল্প কি কি ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। গ্রীষ্মকালে জলের স্তর নেমে গিয়েছিল। বৃষ্টি হওয়ার পর অবস্থার উন্নতি হয়েছে।

(খ) বিকল্প নলকূপগুলি পুনঃপ্রোথিত। মেরামতি করা এবং কিছু কিছু ক্ষেত্রে নলকূপ স্থাপনের ব্যবস্থা করা হয়েছে।

**এন. এস. এফ. ডি. সি. প্রকল্প**

৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮২) **শ্রী অবিনাশ মাহাতো ও শ্রী রবীন্দ্রনাথ হেমব্রমঃ** অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ আর্থিক বছরে এন. এস. এফ. ডি. সি. প্রকল্পে কতজন আদিবাসী ও হরিজন যুবক আর্থিক সাহায্য পেয়েছেন;

(খ) তন্মধ্যে উক্ত প্রকল্পে পুরুলিয়া ও বাঁকুড়া জেলার কতজন যুবক উপকৃত হয়েছেন; এবং

(গ) উক্ত প্রকল্পের সুযোগ গ্রহণের জন্য যোগ্যতার মাপকাঠি কী?

**অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| | | ১৯৯৭-৯৮ | ১৯৯৮-৯৯ |
|---|---|---|---|
| (ক) | আদিবাসী | ২৬ | ৭ |
| | হরিজন | ৬৪৯ | ১০০ |

(খ)

| পুরুলিয়া জেলা | | | বাঁকুড়া জেলা | | |
|---|---|---|---|---|---|
| | ১৯৯৭-৯৮ | ১৯৯৮-৯৯ | | ১৯৯৭-৯৮ | ১৯৯৮-৯৯ |
| আদিবাসী | ২ | × | আদিবাসী | ১২ | ৫ |
| হরিজন | × | ৬ | হরিজন | ২ | ২ |

(গ) (১) অবশ্যই আদিবাসী ও হরিজন-সম্প্রদায়ভুক্ত হতে হবে। এজন্য সরকার প্রদত্ত সার্টিফিকেট-এর অধিকারী হতে হবে।

(২) আবেদনকারীকে ঐ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

(৩) আবেদনকারীর পারিবারিক আয় গ্রামাঞ্চলে ৩১,৯৫২ টাকা ও শহরাঞ্চলে ৪২,৪১২ টাকার মধ্যে হতে হবে।

(৪) কোন অর্থকারী সংস্থার ঋণ খেলাপী হওয়া চলবে না।

(৫) প্রস্তাবিত প্রকল্পের সম্যক জ্ঞান থাকা আবশ্যক।

(৬) প্রস্তাবিত ঋণগ্রহীতার স্বপক্ষে একজন গ্যারান্টার আবশ্যক।

## শেওড়াফুলী নিয়ন্ত্রিত বাজার

৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১১৪) **শ্রী আবু সফিয়ান সরকার ঃ** কৃষি (বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, শেওড়াফুলী নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীন বাজারে কিছু স্থায়ী/অস্থায়ী কর্মী মার্কেট-ফি আদায়ের ব্যাপারে দুর্নীতির অপরাধে অভিযুক্ত হয়েছে;

(খ) সত্যি হলে, সংখ্যা কত; এবং

(গ) ঐ ব্যাপারে তাদের বিরুদ্ধে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্যি।

(খ) অভিযুক্তের সংখ্যা ৪ (চার)।

(গ) উক্ত নিয়ন্ত্রিত বাজার সমিতির সভাপতি তথা জেলা সমহর্তা, হুগলী জেলার নির্দেশানুযায়ী অভিযুক্ত ৪ জনের বিরুদ্ধে শ্রীরামপুর থানায় বিগত ১৭-৬-৯৮ তারিখে এফ. আই. আর. দায়ের করা হয়েছে এবং নিয়ন্ত্রিত বাজার সমিতির সভাপতির নির্দেশানুযায়ী অভিযুক্ত ৪ জনের বেতন প্রদান বন্ধ আছে।

## অনগ্রসর শ্রেণী এবং উন্নয়ন নিগম

৪৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৩) **ডঃ নির্মল সিংহ ঃ** অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গ তফসিলী জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিত্ত নিগম থেকে গত ১৯৯০ সাল থেকে ৩১-১২-৯৮ পর্যন্ত দক্ষিণ ২৪-পরগণা জেলায় কতজন তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত মানুষ উপকৃত হয়েছেন; এবং

(খ) তন্মধ্যে উক্ত জেলার মগরাহাট ও উস্থি থানায় উপকৃতের সংখ্যা কত (বছরওয়ারী)?

**অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) পশ্চিমবঙ্গ তফসিলী জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিত্ত নিগম বর্তমানে তিন ধরনের প্রকল্প রূপায়িত করছে।

প্রথমতঃ (১) তফসিলী জাতি শ্রেণীর মানুষ যারা দারিদ্র্যসীমার নীচে বসবাস করেন তাদের জন্য প্রকল্পটি এস. সি. পি. নামে পরিচিত।

(২) তফসিলী উপজাতি শ্রেণীর মানুষ যারা দারিদ্র্যসীমার নীচে বসবাস করেন তাদের জন্য প্রকল্পটি টি. এস. পি. নামে পরিচিত।

দ্বিতীয়ত ঃ তফসিলী জাতি এবং উপজাতি শ্রেণীর মানুষ যাদের পারিবারিক আয় দারিদ্র্যসীমার দ্বিগুণ তাদের জন্য প্রকল্পটি সংক্ষেপে এন. এস. এফ. ডি. সি. নামে পরিচিত।

তৃতীয়তঃ যারা পথের ময়লাসহ পায়খানা ইত্যাদি পরিষ্কার করে বা ঝাড়ুদার তাদের জন্য প্রকল্পটি এন. এস. এস. নামে পরিচিত।

উক্ত প্রকল্প তিনটিতে বিগত ১৯৯০ সাল থেকে ১৯৯৮ সাল পর্যন্ত যে সমস্ত ব্যক্তি উপকৃত হয়েছেন তাদের সংখ্যা নীচে পেশ করা হল। এই তথ্য সম্পূর্ণরূপে শুধুমাত্র দক্ষিণ ২৪ পরগণার জন্য।

**বিভিন্ন প্রকল্পে উপকৃত ব্যক্তির সংখ্যা**

| বছর | এস.সি.পি. | টি.এস.পি | এন.এস.এফ.ডি.সি. | এন.এস.এস |
|---|---|---|---|---|
| ১৯৯০-৯১ | ৯,৭৪৫ | ৪৮৯ | নাই | নাই |
| ১৯৯১-৯২ | ৬,০৫১ | ৩২৫ | নাই | নাই |
| ১৯৯২-৯৩ | ৭,৩১৬ | ২৭৪ | নাই | নাই |
| ১৯৯৩-৯৪ | ১১,৩৪৪ | ৪৬৫ | নাই | নাই |
| ১৯৯৪-৯৫ | ১১,৫২৫ | ৫৫৩ | ০১ | ৬৬ |
| ১৯৯৫-৯৬ | ৫,০৫২ | ১৭৫ | ৫২ | ৩৩ |
| ১৯৯৬-৯৭ | ৪,১০৪ | ১৭৭ | ৩১ | নাই |
| ১৯৯৭-৯৮ | ২,৯৯৪ | ২০২ | ০৭ | ০৮ |
| ১৯৯৮-৯৯ | ১,৪৬৩ | ৭৭ | ১৪ | নাই |
| মোট | ৫৯,৫৯৪ | ২,৭৩৭ | ১০৫ | ১২১ |

(খ) এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে, এই বিত্ত নিগম যে সমস্ত তথ্যাদি সংরক্ষণ করে তা ব্লক পর্যায়ে। সেই অনুযায়ী মগরাহাট থানা মগরাহাট ১নং ব্লকের অন্তর্গত এবং উস্থি থানা মগরাহাট ২নং ব্লকের অন্তর্গত। সে কারণেই ব্লক পর্যায়ের তথ্য পরের পাতায় পেশ করা হল ঃ

| বছর | উপকৃত ব্যক্তির সংখ্যা | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | মগরাহাট ১নং ব্লক | | | মগরাহাট ২নং ব্লক | | | |
| | এস. সি. পি. | টি.এস.পি. | এন এস. এফ.ডি সি. | এস সি পি | টি এস পি | এন এস এফ ডি সি | |
| ১৯৯০-৯১ | ২৯২ | নাই | নাই | ৪৩৪ | নাই | নাই | |
| ১৯৯১-৯২ | ২৪৫ | নাই | নাই | ১০১ | নাই | নাই | |
| ১৯৯২-৯৩ | ২৭১ | নাই | নাই | ৪৮৫ | নাই | নাই | সংশ্লিষ্ট দুটি ব্লক থেকে কোন এন এস এস প্রকল্প পাওয়া যায় নি সেজন্য উল্লেখ করা হয় নি। |
| ১৯৯৩-৯৪ | ২৭৩ | নাই | নাই | ৫৪৬ | নাই | নাই | |
| ১৯৯৪-৯৫ | ৩২৫ | নাই | নাই | ৪৪৭ | নাই | নাই | |
| ১৯৯৫-৯৬ | ৩০৫ | নাই | ০১ | ৬৭৬ | নাই | নাই | |
| ১৯৯৬-৯৭ | ৪০ | নাই | ০১ | ৩৭৬ | নাই | নাই | |
| ১৯৯৭-৯৮ | ৬২ | নাই | নাই | ৯৪ | নাই | নাই | |
| ১৯৯৮-৯৯ | নাই | নাই | নাই | ১৫৬ | নাই | নাই | |
| মোট | ১,৮১৩ | নাই | ০২ | ৩,৩১৫ | নাই | নাই | |

## সমবায় সমিতির কর্মচারী ছাঁটাই

৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮১) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস** ঃ সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হাঁসখালি থানা কো-অপারেটিভ এগ্রিল মার্কেটিং সোসাইটি লিমিটেডের তিনজন কর্মচারীকে ছাঁটাই করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, বিষয়টি সত্য।

(খ) উপরোক্ত সমিতির পরিচালকমন্ডলী আর্থিক দুর্নীতির অভিযোগে তিনজন কর্মচারীকে ছাঁটাই করেছে। এই বিষয়ে ও সমিতির অন্যান্য বিষয়ে সেন্ট্রাল জোনের সমবায় সমিতিসমূহের উপনিয়ামক তদন্ত করছেন।

## হাঁসখালি সমবায় সমিতির শূন্যপদ

৪৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮২) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস** ঃ সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার হাঁসখালি থানা কো-অপারেটিভ এগ্রিল মার্কেটিং সোসাইটিতে দীর্ঘদিন যাবদ অ্যাকাউন্ট-কাম-অ্যাসিসটেন্ট ম্যানেজার পদটি শূন্য অবস্থায় আছে;

(খ) (১) শূন্য থাকার কারণ কি; এবং

(২) কবে নাগাদ উক্ত পদটি পূরণ করা হবে বলে আশা করা যায়?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, পদটি শূন্য আছে।

(খ) (১) যিনি ঐ পদে কর্মরত ছিলেন তিনি নদীয়া ডিসট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে যোগদান করায় পদটি শূন্য আছে।

(২) সমিতির আর্থিক অবস্থা বিবেচনা করে পদটি পূরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা খুব শীঘ্রই নেওয়া হবে।

**কর্মচারী রাজ্য বীমা হাসপাতালের নর্মস্**

৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২১১) **শ্রী জ্যোতি চৌধুরী ঃ** কর্মচারী রাজ্য বীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কর্মচারী রাজ্য বীমা হাসপাতালগুলির নিজস্ব কোন নর্মস্ আছে কি না; এবং

(খ) থাকলে উক্ত হাসপাতালগুলিতে তা মেনে চলা হয় কি?

**কর্মসংস্থান ও কর্মচারী রাজ্য বীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) হ্যাঁ।

**কলকাতায় অসামাজিক কাজ**

৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪৪) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

১৯৯৮ জানুয়ারী থেকে ১৯৯৯ জানুয়ারী পর্যন্ত বড়বাজার থানা, জোড়াসাঁকো থানা ও জোড়াবাগান থানা এলাকায় কতগুলি খুন, ডাকাতি, ছিনতাই এবং বোমাবাজির ঘটনা নথীভুক্ত হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| | বড়বাজার থানা | জোড়াসাঁকো থানা | জোড়াবাগান থানা |
|---|---|---|---|
| খুন | ৩টি | ০ | ০ |
| ডাকাতি | ১টি | ০ | ০ |
| ছিনতাই | ১৩টি | ৩টি | ১টি |
| বোমাবাজি | ২১টি | ১২টি | ৫টি |

## বিভিন্ন ডেয়ারীতে কর্মীসংখ্যা

৪৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫৭) **শ্রী সঞ্জয় বক্সী** ঃ প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বর্তমানে মাদার ডেয়ারী, বেলগাছিয়া সেন্ট্রাল ডেয়ারী ও হরিণঘাটা ডেয়ারীতে কর্মীসংখ্যা এবং দৈনিক কত পরিমাণ দুধ উৎপন্ন হয়; এবং

(খ) উক্ত ডেয়ারীগুলি থেকে দুধ ব্যতীত অন্য কোন দ্রব্য উৎপন্ন হয় কি না?

**প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক)

| ডেয়ারী | কর্মীসংখ্যা | ১৯৯৮ সালসহ দৈনিক গড় উৎপাদন |
|---|---|---|
| মাদার ডেয়ারী | ৫৪১ জন | ৩,৮৩,৯৩৯ লি. |
| বেলগাছিয়া সেন্ট্রাল ডেয়ারী | ৩,৫০০ জন | ১,২১,০০০ লি. |
| হরিণঘাটা ডেয়ারী | ১,৩৭৮ জন | ৫,০০০ লি. |

(খ) হ্যাঁ।

| ডেয়ারী | দুধ ব্যতীত অন্যান্য দ্রব্য উৎপাদন |
|---|---|
| মাদার ডেয়ারী | মিষ্টি দই, দহি ও ইয়োগার্ট |
| হরিণঘাটা ডেয়ারী | ঘি, চকোলেট ও সুগন্ধী দুধ। |

## তন্তুজীবীদের কারিগরী সহায়তা

৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭২) **শ্রী অজয় দে** ঃ কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) তন্তুজীবীদের কারিগরী সহায়তার জন্য উইভার্স সার্ভিস সেন্টারের ব্যবস্থা আছে কি না;

(খ) থাকলে, তার অবস্থান কোথায়;

(গ) উক্ত সেন্টারের কোন শাখা চালু করার পরিকল্পনা আছে কি না; এবং

(ঘ) থাকলে, তার জন্য ইতিমধ্যে কোন স্থান নির্বাচন করা হয়েছে কি?

**কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ২১, চিত্তরঞ্জন অ্যাভিনিউ, কলিকাতা-৭০০ ০৭২।

(গ) আপাততঃ কোন পরিকল্পনা নেই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

## হুগলীতে গভীর ও অগভীর নলকূপ স্থাপন

৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৯) **শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত আর্থিক বছরে (১৯৯৮-৯৯) হুগলী জেলায় কতগুলি গভীর ও অগভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা সরকারের ছিল;

(খ) তার মধ্যে বাস্তবায়িত হয়েছিল কতগুলি; এবং

(গ) বর্তমান আর্থিক বছরে (১৯৯৯-২০০০) কতগুলি গভীর ও অগভীর নলকূপ বসানোর প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই বিভাগের অধীনে জলসম্পদ উন্নয়ন অধিকার কর্তৃক গত ১৯৯৮-১৯৯৯ আর্থিক বছরে হুগলী জেলায় আর. আই. ডি. এফ-২ প্রকল্পে ২৫টি গভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা সরকারের ছিল।

(খ) গত ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ২৫টি গভীর নলকূপের জন্যই স্থান নির্বাচন, সমস্ত পাইপ, পাম্পমোটর ও বিভিন্ন যন্ত্রাংশ সংগ্রহ করা হয়েছে এবং ২টির খননকার্য সম্পন্ন হয়েছে।

(গ) ১৯৯৯-২০০০ আর্থিক বছরে উপরোক্ত ২৫টি গভীর নলকূপ স্থাপনের কাজ সম্পূর্ণ করা হবে। এ পর্যন্ত আরও ৪টির খননকার্য সম্পন্ন হয়েছে।

## হুগলী সদর হাসপাতাল

৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৮১) **শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হুগলী সদর হাসপাতালের ইনডোরে প্রতিদিন কতজন রোগী থাকেন;

(খ) উক্ত হাসপাতালের শয্যাসংখ্যা কত; এবং

(গ) হাসপাতালটির সম্প্রসারণের কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গড়ে প্রতিদিন ৫০০ (পাঁচশত) জন থাকেন।

(খ) বর্তমান হাসপাতালটির শয্যাসংখ্যা ৫৪০ (পাঁচশত চল্লিশ)।

(গ) 'বিশ্ব ব্যাঙ্ক প্রকল্পের' আনুকুল্যে হাসপাতালটির সম্প্রসারণের পরিকল্পনা আছে।

**বে-সরকারী ইঞ্জিনিয়ারিং কলেজ**

৪৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০১) **শ্রী দেবব্রত ব্যানার্জী ঃ** উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) একথা কি সত্যি যে, দুর্গাপুরে বে-সরকারী উদ্যোগে একটি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের প্রস্তুতি চলছে; এবং

(খ) সত্যি হলে উক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনে ইচ্ছুক কোন সংস্থা সরকারের সঙ্গে যোগাযোগ করেছে কি না?

**উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, একথা সত্যি যে, দুর্গাপুরে বে-সরকারী উদ্যোগে একটি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের প্রস্তাব এসেছিল এবং কিছুদিন প্রস্তুতিপর্ব চালিয়েছিল;

(খ) জে. এম. জে. এডুকেশন সোসাইটি, এম. এস. আর. নগর, বাঙ্গালোর নামে সংস্থাটি 'আচার্য ইনস্টিটিউট অব্ টেকনোলজি' নামে দুর্গাপুরে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের জন্য রাজ্য সরকারের সাথে যোগাযোগ করেছিল। তারপর এই সংস্থাটি এ ব্যাপারে এগিয়ে আসে নি।

**বরানগর জেনারেল হাসপাতাল**

৪৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১৩) **শ্রী অমর চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বরানগর জেনারেল হাসপাতালে জি. টি. এ. নিয়োগ সংক্রান্ত ব্যাপারে অনিয়ম ধরা পড়েছে;

(খ) সত্যি হলে, উক্ত জি. ডি. এ. পদের সংখ্যা কত, এবং

(গ) উক্ত অনিয়ম বা ভুয়ো নিয়োগপত্র দেওয়ার সাথে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ৭ (সাত) এবং আরও ৩ (তিন) জনের তদন্ত চলছে।

(গ) সংশ্লিষ্ট ব্যক্তিদের চিহ্নিতকরণের কাজ চলছে।

**জঙ্গীপুর আর. এম. সি.**

৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩৩) **শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া)** ঃ কৃষি (বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর আর. এম. সি-তে এলাকার উন্নয়নের স্বার্থে কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নি; এবং

(খ) সত্যি হলে, উক্ত আর. এম. সি-তে এলাকা উন্নয়নে বরাদ্দকৃত অর্থ কিভাবে ব্যয়িত হয়েছে?

**কৃষি (বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, সত্যি নয়।

(খ) সত্যি নয় কারণ ইতিপূর্বে ১৩,৮৬,০০৩.০০ টাকা গ্রামীণ রাস্তা উন্নয়নের খাতে এবং ৫,৫০,৬০৭.০০ টাকা নলকূপ খননের জন্য বিপণন পর্ষদের অনুমোদনের ভিত্তিতে ব্যয়িত হয়েছে এবং ১৯৯৯-২০০০ সনের জন্য উপরিউক্ত খাতে ১৪,০০,০০০.০০ টাকা ব্যয়-বরাদ্দের খসড়া প্রস্তাব বিপণন পর্যদ কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুরূপভাবে বিপণন পর্ষদের অনুমোদন সাপেক্ষে উন্নয়নের ব্যয় আইন-মোতাবেক ব্যয়িত হয়।

**শিক্ষা প্রতিষ্ঠানে অনগ্রসর শ্রেণীর সংরক্ষণ**

৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫৯) **ডঃ নির্মল সিংহ** ঃ অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে কিছু শিক্ষা প্রতিষ্ঠান তফসিলী জাতি ও উপজাতি ছাত্রছাত্রীদের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্ধারিত সংরক্ষণ ব্যবস্থা কার্যকর করেনি; এবং

(খ) সত্যি হলে, উক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে এই বিভাগের পরিদর্শকরা কলকাতার প্রধান প্রধান

৬৮টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন। এই ৬৮টি প্রতিষ্ঠানের মধ্যে ৪৮টিতেই সংরক্ষণ নীতি যথাযথ পালিত হয়েছে বলেই প্রতিবেদনে প্রকাশ। বাকিদের ক্ষেত্রে বিষয়টি আরও অনুসন্ধান সাপেক্ষ তবে কিছু কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে শিক্ষা প্রতিষ্ঠান সংরক্ষণের সকল শর্ত পালন করেও যথেষ্ট সংখ্যক প্রার্থীর অভাবে তফসিলী জাতি ও উপজাতি শ্রেণীর জন্য সংরক্ষিত নির্দিষ্ট সংখ্যক আসন পূরণ করতে পারছে না। এ বিষয়ে অবশ্য দপ্তরে কোন পূর্ণ পরিসংখ্যান নেই।

সংরক্ষণ নীতি লঙ্ঘিত হয়েছে বলে ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে মোট ৬টি ব্যক্তি পর্যায়ে অভিযোগ পাওয়া গেছে। অনুসন্ধান করে তাদের মধ্যে ৩টি ক্ষেত্রে অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে ও একটি ক্ষেত্রে দেখা গেছে অভিযোগ অমূলক। বাকী ২টি ক্ষেত্রে বিষয়টি পর্যালোচনা স্তরে রয়েছে।

রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সংরক্ষণ নীতি কতটা পালিত হচ্ছে সে বিষয়ে অনুসন্ধান সম্প্রতি শুরু করা হয়েছে।

উপযুক্ত পরিকাঠামোর অভাবে জেলাস্তরে এরূপ অনুসন্ধান এখনও শুরু করা যায় নি।

(খ) প্রত্যেক প্রমাণিত ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা দেওয়া হচ্ছে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received three notices of Adjournment Motion. The first one is from Shri Suniti Chattaraj on the subject of failure of the Government to provide sufficient drinking water to the people in the State. The second one is from Shri Saugata Ray and the third one is from Shri Sudhir Bhattacharjee both on the subject of alleged booth capturing and rigging by members of the ruling parties in civil elections held on 18.07.99 in the State.

The subject matter of the first Motion is not of urgent nature or of recent occurence as required for raising in an Adjournment Motion under the existing rules. Moreover, the matter was thoroughly discussed in the House on 24.06.99 during the discussion and voting on demand for grants of the Public Health Engineering Department. The Motion is thus out of order and I disallow it.

The subject matter of the second and the third motion is not such that may call for adjournment of the business of the House.

The Members may invite attention of the Ministers concerned through Calling Attention, Question, Motion etc.

I, therefore, withhold my consent to the Motion.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**Shri Saugata Roy :** This Assembly do now adjourn its business to discuss the following urgent matter of recent occurrence, namely : There were incidents of large scale booth capturing and rigging in Civic elections held yesterday by ruling party Members. The Ministers went around south Dum Dum area in their official cars especially in areas where rebels of the major Ruling Party were contesting.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Reported death of one Bappa Ghosal at S. S. K. M. Hospital, Calcutta due to negligence of the attending doctors and nurses. | : | Shri Pankaj Banerjee |
| (ii) | Reported trapping of one Gaitry Devi for 10 days at Jamuria Coal mine in Burdwan. | : | Shri Ashok Deb |
| (iii) | Failure to provide employment to one of the members of the families who's landed property were acquisitioned for the Bakreswar Thermal Power Project. | : | Shri Suniti Chattaraj |
| (iv) | Problem of traffic irregularity in Calcutta. | : | Shri Saugata Roy |
| (v) | Progress of the Drinking-water Project at Bolpur-Santiniketan in Birbhum. | : | Shri Tapan Hore |

I have selected the notice of Shri Suniti Chattaraj on the subject of failure to provide employment to one of the members of the families who's landed property were acquisitioned for the Bakreswar Thermal Power Project.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha** : The statement will be sent to the Member concerned.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker** : Now I call upon the Minister-in-Charge of Labour Department to make a statement on the subject of allegation against 10 Companies of Durgapur of non-depositing Provident Fund money of the employees (Attention called by Shri Ashok Kumar Deb on the 30th June, 1999).

**Shri Md. Amin** : Mr. Speaker, Sir, the names of the following companies have been furnished by the Hon'ble MLA in connection with the Calling Attention on the subject of alleged non-deposit of Provident Fund money by some companies in Durgapur :—

1. Hindusthan Cables Ltd.
2. Cycle Corporation Ltd.
3. South Bengal State Transport Corporation
4. Regional Engineering College
5. Mining & Allied Machinery Corporation Ltd.
6. Bharat Opthalmic Glass Ltd.
7. Shisole Plant Farm
8. R. E. College (Central Hostel Committee).

As intimated by the Regional Provident Fund Commissioner, West Bengal, the amount of default by the above companies as on 31.3.99 was as follows :—

| | | |
|---|---|---|
| 1. | Hindusthan Cables Ltd. | Rs. 2399.45 lakhs |
| 2. | Cycle Corporation Ltd. | Rs. 170.00 lakhs |
| 3. | South Bengal State Transport Corpn. | Rs. 120.91 lakhs |
| 4. | Mining & Allied Machinery Corpn. Ltd. | Rs. 2660.18 lakhs |
| 5. | Bharat Opthalmic Glass Ltd. | Rs. 141.79 lakhs |
| 6. | Shisole Plant Farm | Rs. 3.84 lakhs |
| 7. | R. E. College (Central Hostel Committee) | Rs. 4.50 lakhs |

The Regional Engineering College has been set up under a specific statue and their P. F. matters are dealt with as per provisions of that statue. The College does not come within the purview of Employees Provident Fund Scheme, 1952.

It may be noted that MAMC, Hindusthan Cables Ltd., Cycle Corporation Ltd., BOGL are Central Public Sector Undertakings. The remaining companies are Public Undertakings in the State Sector. The cases of MAMC and BOGL have been referred to BIFR as those companies have been declared sick under the Sick Industries Companies Act.

Hon'ble Members are aware that the Office of the Regional Provident Fund Commissioner under the Government of India is responsible for collection of Provident Fund in West Bengal. It has been reported by the Regional Provident Fund Commissioner that demand notices have been issued in respect of all the defaulting Companies and Bank Accounts have been attached in some cases. In view of these actions that following amount should be recovered upto 30.6.99 from the Companies :-

| | | |
|---|---|---|
| 1. | M.A.M.C. | Rs. 2423.27 lakhs |
| 2. | Hindusthan Cables Ltd. | Rs. 268.31 lakhs |
| 3. | S.B.S.T.C. | Rs. 120.91 lakhs |
| 4. | R. E. College (Central Hostel Committee) | Rs. 4.50 lakhs |

In view of the recovery of arrear Provident Fund there was no amount outstanding from SBSTC and Regional Engineering College (Central Hostel Committee) as on 30.6.99. The amount of arrear Provident Fund due from MAMC and Hindusthan Cables Ltd. also come down to Rs. 236.91 lakhs and Rs. 2131.14 lakhs respectively. It has further been reported that the Cycle Corporation Ltd. has obtained a Stay Order from the Hon'ble High Court, Calcutta, against the actions taken by the Regional Provident Fund Commissioner for recovery of outstanding amount. The case is being pursued by RPFC.

As the cases of MAMC and BOGL stand referred to BIFR there are obvious legal difficulties to use coercive measures against management of these two companies for realisation of arrear dues. The recovery will be made as per approved rehabilitation package. There is a Regional Advisory Committee for Provident Fund comprising representatives of State Government, representatives of Chamber of Commerce and Central Trade Unions to oversee the implementation of Provident Fund Scheme in this State. The State Government extends full support to the Regional Provident Fund Commissioner for realisation of arrear Provident Fund dues as and when requested.

**Mr. Speaker :** Mr. Ashoke Kumar Deb one short question because Mr. Shanti Ghatak is unwell. He was to give the reply.

[12.10–12.20 p.m.]

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন—মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি লিখেছেন, 'কেসটা বি. আই. এফ. আর-এ রেফার করেছে।' আপনি আরো স্বীকার করলেন, পি. এফ.-এর অনেক টাকা জমা পড়েনি, অনেক আউটস্ট্যান্ডিং আছে। আমার প্রশ্ন হচ্ছে, এই পি. এফ.-এর টাকা শ্রমিকরা পাবে, কি পাবে না এবং এব্যাপারে আপনারা কত দূর কি উদ্যোগ নিচ্ছেন?

**শ্রী মহঃ আমিন ঃ** সবই স্টেটমেন্টে লেখা আছে। পি. এফ.-এর টাকা জমা না দিলে আইনে যা যা ব্যবস্থা নেওয়ার কথা বলা আছে সবই নেওয়া হবে। লিগ্যাল ডিফিকাল্টিস্ আছে, সেটাও স্টেটমেন্টে রাখা আছে। পি. এফ.-এর টাকা সকলের কাছ থেকেই আদায় করতে হবে। কারণ এটা শ্রমিকদের টাকা, এটা তাদের প্রাপ্য।

**Statement on Calling Attention**

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of the Irrigation and Waterways department will make a statement on the subject of progress in Subarnarekha Barrage Project. (Attention called by Shri Sailaja Kumar Das on the 14th July, 1999.)

**Shri Ganesh Chandra Mondal :** Hon'ble Speaker, Sir, Subarnarekha Barrage Project in the District of Midnapore in West Bengal, with a revised estimated cost of Rs. 595.34 crores (at 1996 price level) envisages creation of an irrigation potential of 1,14,198 hectares. The areas for khariff & rabi irrigation would be 87,174 hectares & 27,024 hectares, respectively. Blockwise break-up of the khariff area will be as under :

| | |
|---|---|
| Danton - I<br>Danton - II | 17,141 ha. |
| Patashpur - I<br>Patashpur - II | 18,246 ha. |
| Egra - I | 16,286 ha. |
| Egra - II | 12,553 ha. |
| Narayangarh | 10,405 ha. |
| Bhagabanpur - I | 4,731 ha. |
| Mohanpur | 7,519 ha. |
| Contai - I | 293 ha. |
| | 87,174 ha. |

The Project work was started after obtaining the environmental clearance from the Ministry of Environment & Forests, Government of India in September, 1994 and the investment clearance from Planning Commission in March, 1995.

The work was initially impaired due to the want of adequate organisational set up, shortage of fund, non-acquisition of land etc. It has not yet been possible to start the work in full swing as the said bottlenecks still persist. With the available resources at hand, the following achievements could be attained by this time.

**Achievements :**

1. Construction of Office-Cum-residential/Non-residential complex at Khasjungle, Abas, near Midnapore Town with water supply, electricity, telephone etc.

2. Construction of Office-Cum-residential/Non-residential complex at 'Napo' near Keshiary.

3. Submission of the Land acquisition proposals in the vicinity of the barrage site for Head Regulator, Guide Bundh, Advance Colony etc. The possession of the land is expected soon.

4. Submission of the L. A. Proposal for about 50% length of Afflux Bundh (left).

5. Catchment Area Treatment works through the Forest & Agriculture Departments - such work as completed partially, would benefit the Belpahari & Kankrajhore Tribal Area under Jhargram Sub-Division with forestry, irrigation, water supply etc.

6. Submission of L. A. proposal for the Bye-pass Road near Keshiary. The possession of the land has recently been obtained.

7. Submission of L. A. proposal for about 50% length of Main Canal.

8. Widening of the road from Belda to Bhosraghat (14 Km. approx.) through P. W. (Roads) Department, except the Bye-pass portion.

9. Field work for the micro-survey work of the command area.

After making financial provision for Teesta Barrage Project, it is becoming increasingly difficult to fund this major project within the state's limited available resources. The fund as alloted and utilised during the last few years are given below :

| Year | Budget estimate (Rs. in lakhs) | Allotment of Fund based on Revised estimate | Booked Expenditure (Rs. in lakhs) |
|---|---|---|---|
| 1994-95 | 200 | 104.00 | 87.20 |
| 1995-96 | 235 | 123.70 | 135.11 |
| 1996-97 | 500 | 693.50 | 686.16 |
| 1997-98 | 600 | 400.10 | 415.31 |
| 1998-99 | 500 | 442.03 | 411.01 |
| | 2035 | 1763.00 | 1734.79 |
| 1999-2000 | 500 | - | - |

Since inception, an expenditure to the tune of Rs. 23.24 crores has been incurred for the project upto March '99. Out of that, a sum of Rs. 4.40 crores has been paid to the Government of Bihar by way of sharing the construction cost of Chandil Dam, as per Tripartite agreement.

A close liaison is being kept with the L. & L. R. Department at the district level for the possession of the land which is to be acquired under Act-I of 1894.

For augmenting the organisational set up to the adequate level, attempts are being made to equip the project authority with surplus posts from other formations of the department, including the creation of some new posts which are found to be essential for the project.

**Present work programme**

1. Completion of the Khasjungle Complex - with other minimum facilities, furnishings etc.

2. Development of the land near the barrage site as would be available shortly - with land levelling, filling, protective fencing etc.

3. Completion of the submission of L. A. proposal of Afflux Bundh (left & right).

4. Monitoring of the Catchment Area Treatment works being got done through Forest & Agriculture Departments.

5. Monitoring of the 'Model Study' as conducted by the River Research Institute, West Bengal.

6. Monitoring & performing other works as may be necessary for the High Power Technical Committee to confirm the location of the Barrage - as tentatively fixed now.

7. Kushmi Khal Diversion with structures thereof.

8. Construction of Afflux Bundh & structures thereon, if the land is available.

9. Resettlement & Rehabilitation works as might be required in connection with construction of the Afflux Bundh.

10. Completion of the 'Napo' Colony Complex with the supply of water, electricity, telephone etc., mechanical workshop-cum-machinery garrage, quality control laboratory and office etc.

11. Construction of Double Lane Bye-pass Road (Kukai to Hasimpur -

5 Km approx.) with the culverts thereof with due compaction for heavy vehicles for the carriage of materials for the barrage work.

12. Preparation and submission of L. A. proposal for the remaining 50% of main canal & the remaining lengths of the Branch Canal - 1 & 2.

13. Excavation of the Main Canal (beyond the road Belda - Bhosraghat Road) & construction of the structures thereof, if the land is available. South Eastern Railway & the O.T. Road crossings with the Main Canal to be got done as Deposit work by the respective Departments.

14. Other allied works as may arise.

[12.20–12.30 p.m.]

**শ্রী শৈলজা কুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটি মাত্র প্রশ্ন করার অধিকার আছে, সেই অধিকার বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটি মাত্র প্রশ্ন রাখছি। স্যার, আপনি জানেন, আমাদের এই রাজ্যে তিস্তার পর সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্পটি রাজ্যের দ্বিতীয় বৃহত্তম প্রকল্প। প্রায় এক দশক আগে এই প্রকল্পটি রচনা করা হয়েছিল। ইতিমধ্যে এক দশক অতিক্রান্ত কিন্তু এই দীর্ঘ সময় অতিক্রান্ত হওয়ার পরও এর কিছুই কাজ হয়নি। ব্যারেজের কাজ হয়নি, খাল কাটার কাজ শুরু হয়নি। এখন এর এষ্টিমেট দাঁড়িয়েছে ৫৯৫.৩৪ ক্রোরস। আমার প্রশ্ন, কি ভাবে এই টাকা সংগ্রহ করার পরিকল্পনা করেছেন এবং উত্তরে আপনি এই যে বলেছেন, শর্টলি, শর্টলি—আমি একেবারে নির্দিষ্ট সময়টা জানতে চাই যে আপনি বলুন, কোন নির্দিষ্ট সময়ে এই প্রকল্পের কাজটা শুরু করতে পারবেন?

**শ্রী গণেশ চন্দ্র মন্ডল :** আমি আমার বক্তব্য বর্তমানে কি করতে পেরেছি, না পেরেছি, কোথায় বাধা আছে, না আছে বিস্তারিতভাবে সব কিছু বলেছি। মূল সমস্যা যেটা সেটা হচ্ছে, আর্থিক একটা সমস্যা থেকে গিয়েছে। আমাদের ষ্টেট বাজেট থেকে টাকা বরাদ্দ করা ছাড়া গত্যন্তর নেই। সুতরাং আমাদের ষ্টেট প্ল্যানিং বোর্ডকে এ ব্যাপারে আমরা রিকোয়েষ্ট করতে পারি। তারা যদি কিছু বেশী টাকা বরাদ্দ করেন তাহলে কাজটা আমরা এগিয়ে নিয়ে যেতে পারি। এখন যা অবস্থা তাতে নির্দিষ্ট সময় বলা সম্ভব নয় কারণ এই বিরাট অঙ্কের অর্থের সংস্থান যতক্ষণ পর্যন্ত না করা যাচ্ছে ততক্ষণ পর্যন্ত নির্দিষ্ট সময়টা বলা ঠিক হবে না।

## LAYING OF REPORTS

### Annual Report of the West Bengal Pollution Control Board for the year 1997-98

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the Annual Report of the West Bengal Pollution Control Board for the year 1997-98.

**Annual Report of the Webel Carbon & Metal Film Resistors Ltd. for the year 1993-94 and 1994-95**

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to lay the Annual Report of the Webel Carbon & Metal Film Resistors Ltd. for the years 1993-94 and 1994-95

## LAYING OF RULES

**The West Bengal Commission for Women (Salaries, Allowance and other conditions of service of the Chairperson, the Vice-Chairperson and the Members) Rules, 1998**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the West Bengal Commission for Women (Salaries, Allowances and other conditions of services of the Chairperson, the Vice-Chairperson and the Members) Rules, 1998, published under notification No. 1291-SW/SW/0/IW-5/95 (Pt) dt. 16.4.99.

**The West Bengal Commission for Women (Annual Statement of Accounts and Audit Report) Rules, 1998**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the West Bengal Commission for Women (Annual Statement of Accounts and Audit Report) Rules, 1998, published under notification No. 1292-SW/SW/0/IW-5/95 (Pt) dt. 16.4.99.

**Discussion on Motion under rule 319**

**Shri Saugata Roy :** Sir, I beg to move that the Statement of the Minister-in-Charge of Power Department made in the House on 5.7.99 on the fuel surcharge levied by the C.E.S.C. Ltd. be taken into consideration.

Sir, I further beg to move my substantive motion that this House disapproves of the Statement of the Power Minister made in the House on 5.7.99 on the fuel surcharge levied by CESC Ltd. and urges the State Government to set up an All-Party Assembly Committee to look into the matter and keep collection of arrear fuel surcharge in abeyance till such time.

মাননীয় মন্ত্রী শংকর সেন যে বিবৃতি আমাদের হাউসে এর আগে দিয়েছেন ৫.৭.৯৯ তারিখে, সেই বিবৃতিতে আমরা একেবারে অসন্তুষ্ট। তার কারণ, মাননীয় মন্ত্রী মহাশয় তার বিবৃতিতে আসল আলোচনার বিষয়গুলি এড়িয়ে গেছেন। মন্ত্রী মহাশয়ের বিবৃতিতে আমরা মূল প্রশ্নের জবাব কোনটাই পাইনি। স্যার, আপনি জানেন যে, এই হাউসে আমরা এর আগে বিস্তৃত ভাবে দেব কুমার বসু কমিটির রিপোর্ট নিয়ে আলোচনা করেছি।

সেই দেব কুমার বসু কমিটির প্রথম রিপোর্ট যেটা ২৭.৮.৯৭ তারিখে জমা দেওয়া হয়েছিল তাতে তিনি বলেছিলেন যে, সি. ই. এস. সি ১৫ পয়সা ইউনিট প্রতি বাড়তি ফুয়েল সারচার্জ নিচ্ছে, এই টাকাটা ফেরত দেওয়া উচিত। তার পরে সি: ই. এস. সি. সেই ফুয়েল সারচার্জ সম্পর্কে আবেদন করে। তার পরে গভর্ণমেন্ট নিজে থেকে বাটলিবয় এ্যান্ড কম্পানীকে নিয়োগ করেন। সেই বাটলিবয় এ্যান্ড কম্পানী অক্টোবর মাসে তার রিপোর্ট জমা দেয়। আশ্চর্যের ব্যাপার, সেই রিপোর্ট জমা দেবার পরে, যে দেব কুমার বসু কমিটি আগে বলেছিলেন যে, জনসাধারণের স্বার্থে সি. ই. এস. সি. যে বেশী টাকা চার্জ করেছে সেটা ফেরত দেওয়া উচিত। সেই দেব কুমার বসু কমিটি, তার আগের রিপোর্ট পাল্টে ৩০.৩.৯৮ তারিখে বলেন যে, সি. ই. এস. সি ৯৭ কোটি টাকা ইলেকট্রিক সাপ্লাইয়ের গ্রাহকদের কাছ থেকে আদায় করবে। আজকে ফুয়েল সারচার্জ এমন একটা জায়গায় পৌঁছেছে যে মানুষের উপরে চাপ অস্বাভাবিক হারে বেড়ে গেছে। মানুষের মধ্যে একটা বিক্ষোভের সৃষ্টি হয়েছে। আমাদের আশ্চর্য লাগছে যে, মাননীয় মন্ত্রী শংকর সেন একটা ব্যাখ্যা দেবার চেষ্টা করেছেন যে ফুয়েল সারচার্জ এত বাড়ছে কেন। 'reasons behind the increase in FSC have been frequent and massive hikes in price of coal and railway freight due to the policy of the Government of India The main issue should, therefore, be raised at the national level.' মাননীয় মন্ত্রী তার লেটেষ্ট বিবৃতিতে ইস্যুটাকে ফাজ করে ভারত সরকারের দিকে ঘুরিয়ে দেবার চেষ্টা করেছেন। মাননীয় মন্ত্রী শংকর সেন যখন দেব কুমার বসু কমিটির সেকেন্ড রিপোর্ট জমা দিলেন সেখানে মন্ত্রী কি লিখেছিলেন, আমি সেটা আপনার কাছে উল্লেখ করছি।

[12.30—12.40 p.m.]

সেখানে ব্যাটলিবয় কমিটি তাদের রিপোর্ট জমা দেবার পর দেবকুমার বসু কমিটি আবার তাদের রিপোর্ট যখন দিলেন ৩০.৩.১৯৯৮ তারিখে, তখন মাননীয় মন্ত্রী ৫.৬.৯৮ তারিখে লিখছেন—এখন বলছেন যে, ভারত সরকার বারে বারে রেলওয়ে ফ্রেট এবং কয়লার দাম বাড়িয়েছেন—তখন লিখেছিলেন, 'It is pertinent to mention that the One-Man Committee in its report dated 30.3.98 has not in clear, transparent terms explained quantitatively what was wrong in its calculation leading to its report dated 27.8.97 in which the Committee was of the view what 86 P. was indeed available in surcharge levied by CESC Ltd. was in excess of what was appropriate.' তার মানে, রিজনেবল রিটার্ন অন প্রফিট, রিটার্ন তার চেয়ে বেশী নেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী দেব কুমার বসুর যে সংশোধিত রিপোর্ট সে সম্বন্ধে নিজে নোট দিয়ে বলেছিলেন—এটা আমি মানি না। মাননীয় মন্ত্রী সেখানে বলেছিলেন—It transpires that the earlier report of the One Man Committee (dt. 30.8.97) was alright. the CESC Ltd. should return the excess amount collected, to the consumers as recommended. এই হচ্ছে মন্ত্রীর ৬.৬.১৯৯৮ তারিখে সরকারী ফাইলে লেখা রিপোর্ট।

আজকে যখন মাননীয় মন্ত্রী ফুয়েল সারচার্জ নিয়ে আবার যে রিপোর্ট দিলেন তাতে তিনি নিজে এরিয়ার সারচার্জ-এর ব্যাপারে দেবকুমার বসুর ফাইনাল রিপোর্ট যে ডিস-এগ্রি করেছেন তার উল্লেখ করলেন না। কেন করলেন না? তার কারণ, আমরা দেখেছিলাম, মাননীয় মন্ত্রী সই করবার আগেই মাননীয় মুখ্যমন্ত্রীর একটা নোট ছিল। তাতে তিনি লিখেছিলেন—The Batliboy Report and the One Man Committee have ultimately worked out a solution and this may be implemented as decided in the notes. সেখানে মন্ত্রীর আগেই মুখ্যমন্ত্রী তার নোটে বলেছিলেন—ব্যাটলিবয় এ্যান্ড ওয়ান ম্যান কমিটির রিপোর্ট মানা হোক। তার ফলে মাননীয় বিদ্যুৎমন্ত্রী শেষ পর্যন্ত নোট দিয়েছিলেন। প্রথমে তিনি বলেছিলেন—'আমি দেবকুমার বসুর অরিজিনাল রিপোর্টের সঙ্গে একমত; সি. ই. এস. সি.-র টাকা ফেরত দেওয়া উচিত।' কিন্তু তারপর বললেন—However, action may be please be taken as decided by C.M. তাহলে কি মাননীয় মন্ত্রী পুরোপুরি অনিচ্ছা সত্ত্বেও ৫.৬.১৯৯৮ তারিখে তিনি ফর্মালি মেনে নিয়েছিলেন সি. ই. এস. সি.-র বকেয়া ফুয়েল সারচার্জ আদায় করবার ব্যাপারটা, আমি জানতে চাই। যে তিন পাতার রিপোর্টটা দিয়েছিলেন কলিং এ্যাটেনশনের জবাবে, তাতে আগের ওপিনিয়নগুলোকে ঝেড়ে মুছে ফেলে দিলেন। আবার বলেছেন, ফুয়েল সারচার্জ ইজ বিং কালেকটেড কারেক্টলি। আপনি বলেছেন—১৯৯৭-৯৮ সালে এ্যালাউ করেছেন ৫৯ পয়সা, ১৯৯৮-৯৯ সালে ৫৯ পয়সা এবং ১৯৯৯-২০০০ সালে ৬০ পয়সা পার ইউনিট এ্যালাউ করেছেন। আবার আপনি বলেছেন যে, এখন যে ফুয়েল সারচার্জ কলেক্ট করা হচ্ছে সেটা মোটামুটি ঠিক আছে, তার কারণ, আপনি নিজেই নাকি এটা ক্যালকুলেট করে দেখেছেন। ঐ রিপোর্টে বলেছেন—It seems that the present rate of collection is alright. মাননীয় মন্ত্রীকে তাই জিজ্ঞাসা করতে চাই, বেসিক্যালি আপনি যেটা ক্যালকুলেট করেছেন ৬০ পয়সা গত তিন বছরে এবং যেটা এর আগে দেবকুমার বসু কালেক্ট করেছিলেন, দুটোর সাথেই আমরা দ্বিমত পোষণ করছি। ৬০ পয়সা করে যেটা কালেক্ট করা হয়েছে কনজিউমারদের কাছ থেকে সেটা বেশী কালেক্ট করা হয়েছে। এরিয়ার যা কালেক্ট করা হচ্ছে, আপনি বলেছেন—এরিয়ার রেট ১৯৯৭-৯৮ সালে ১৪ পয়সা, ১৯৯৮-৯৯ সালে ১৪ পয়সা পার ইউনিট এবং সেটা টু বি কালেকটেড ইন ফোর ইনষ্টলমেন্টস। একটা ইলেকট্রিক বিল আমার বাড়ীতে এসেছে। তাতে ৪০৬ ইউনিটের জন্য ১,২১৩ টাকা, প্রভিশনাল ফুয়েল সারচার্জ ৬০ পয়সা পার ইউনিট হিসাবে ২৪৩.৬০ টাকা, গভর্ণমেন্ট ডিউটি ১০৬.৬০ টাকা, মিটার রেন্ট ৯ টাকা, Add 1/12 Arr Prov FSC 0497-0398 - 53.83, Add 1/10 Arr Prov. FSC 0496-0698 - 104.84, Add 1/12 GD on Arr FS 0497-0398 -সেটা ৫৭.৮৩ টাকা। তার মানে, রেটে ক্যালকুলেট করলে ১৪ পয়সা করে হয়। আবার এ্যাড প্রভিশনাল ফুয়েল সারচার্জ ১৯৯৬ এপ্রিল থেকে ১৯৯৮ জুলাই পর্যন্ত ১০৪.৮৪ টাকা। এ্যাডজাষ্টমেন্ট দিতে হচ্ছে ১৬২ টাকা।

এই টোটাল রেট, তার ফুয়েল সারচার্জ ক্যালকুলেশান এসে দাঁড়াচ্ছে, ৬০ পয়সা, তার সঙ্গে ৪৬ পয়সা এ্যাডেড ফুয়েল চার্জ - তার ফলে ১০৬ পয়সা পার ইউনিট বেশী হচ্ছে ফুয়েল সারচার্জ। আমি আগেই মন্ত্রীকে বলেছি, আপনার গভর্ণমেন্ট ডিউটি যথেষ্ট বেশী। আপনি কনজুমারকে রিলিফ দিতে গভর্ণমেন্ট ডিউটি কমাতে রাজী হন নি।

আজকে আপনি যে অ্যানাউন্সমেন্ট করলেন তাতে মৌলিক প্রশ্নগুলো থেকে যাচ্ছে তার উত্তর আপনি আপনার স্টেটমেন্টে করেন নি। আজকে যে মৌলিক প্রশ্নগুলো উঠে দাঁড়িয়েছে সেগুলোর ব্যাপারে আমি আপনাকে জিজ্ঞাসা করছি, আপনি নিজে বলবেন যে, রেট অফ এ্যাডেড ফুয়েল সারচার্জ এবং বর্তমান ফুয়েল সারচার্জ সেটা ফুল্‌লি জাষ্টিফায়েড কিনা এবং মন্ত্রী হিসাবে আপনি ফুল্‌লি স্যাটিস্‌ফায়েড কিনা? সিইএসসিকে আমি নিশ্চয়ই দোষ দেব না। সেটি একটি প্রাইভেট সংস্থা, যখন পুঁজিপতির হাতে আছে, তারা চাইবে বেশী টাকা আদায় করতে। সেখানে সরকারের দায়িত্ব যাতে কাষ্টমার ফ্লিস্‌ড না হয় সেটা দেখার। আজকে মন্ত্রীকে ক্লিয়ার কাট বলতে হবে, আপনি কি মনে করেন আপনার ফুয়েল সারচার্জ রেট, এ্যাডেড ফুয়েল সারচার্জ জাষ্টিফায়েড এবং সরকার এটা কালেক্ট করতে পারে? এই প্রশ্নগুলো আমরা আপনার ১৯৯৮ সালে পাওয়ার বাজেটের ডিবেটের সময়ে ডিটেল্‌সে তুলেছিলাম। তখন আমরা ডিবেটে কোশ্চেন তুলেছিলাম। আপনি আপনার ফাইলের নোট সব আপনি পড়ে শুনিয়েছিলেন। আপনি তখন কোন কনসেশন এ্যানাউন্স করেন নি। আজকে আপনি ২৩ পয়সা কনসেশন এ্যানাউন্স করলেন। এই প্রোভোকেশনটা কি? প্রোভোকেশনটা কি কোন নেত্রী ভিক্টোরিয়া হাউসের সামনে আন্দোলন করছিলেন, তাঁকে কনসেশন দিতে চাইলেন, না কি প্রোভোকেশনটা ছিল সি পি এমের ডিষ্ট্রিক্ট কমিটি ডেমোনেস্‌ট্রেশন করছিল ফুয়েল সারচার্জ ইস্যু নিয়ে, সেজন্য ৫ই জুলাই এই কনসেশন এ্যানাউন্স করলেন? আপনি এক বছর মুখ বন্ধ করে রেখেছিলেন। হঠাৎ কি কারণে এই কনসেশন দিলেন এই হাউসে? কি কারণ ছিল? এক বছর আপনি ফুয়েল সারচার্জ নিয়ে বসে থাকলেন কেন? আপনার কাছে আমরা আরও জানতে চাই, এই কনসেশনটা আসলে কি কনসেশন? আপনি বললেন, ২৩ পয়সা কমালেন। পরের দিন অনেক কাগজে দেখলাম, 'নেত্রীর জয় হয়েছে। অনেক পরিণত বুদ্ধি হয়েছে' বেরোল। এই ২৩ পয়সা কি সিইএসসি কনজ্যুমারদের কাছ থেকে কাটবে না? আপনার যে বিবৃতি আছে, আপনি এক লাইনে বলেছেন—We have taken a decision to ask the CESC to provisionally reduce the existing rate of arrear fuel sur-charge from 46 paise per unit to a substantially lower level of around 23 paise per unit. এটা ক্লিয়ার নয় যে সিইএসসি কবে কাটবে, কতদিনে কাটবে? আপনি লাষ্ট এই যে ২৩ পয়সা কমালেন, এর বেসিসটা কি? এটা আপনি কি আরবিট্রারিলি করলেন? এটা ২৩ পয়সা কেন? ২৫ পয়সা বা ৩০ পয়সা নয় কেন? ২৩ পয়সার বেসিসটা কি? আপনি আগেরদিন এই বিধানসভায় বলেছিলেন, অল পার্টি কমিটিতে রাজী আছেন। আজকে আপনি স্পীকারকে সাজেষ্ট করুন যে, তিনি বিধানসভায় অল পার্টি কমিটি করুন। আপনি বিধানসভার অল পার্টি কমিটিতে যদি বিশ্বাস না রাখতে পাবেন তাহলে সুপ্রিম কোর্টের রিটায়ার্ড কোন জাজকে দিয়ে কমিটি করুন। মানুষ প্রতিদিন ইলেকট্রিক বিল দিতে গিয়ে চীৎকার করছে, আপনি এক বছর ধরে সাইলেন্ট থাকলেন। আপনি যে কনসেশন দিলেন সেটা কোন কনসেশন নয়। আমরা এটা মেনে নিতে পারি না। It the responsibility. It is your moral duty to lower the burden of the people. স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে এই দাবীগুলো রেখে আমার সাবস্ট্যানটিভ মোশান মুভ করছি।

[12.40–12.50 p.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী ডঃ শঙ্কর সেন ৫ই জুলাই এই হাউসে ফুয়েল সারচার্জের ওপরে যে বক্তব্য রেখেছেন, আমি তার প্রতিবাদ করি। তার প্রতিবাদ করে বিধায়ক সৌগত রায় ৩১৯ ধারায় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে কয়েকটি বক্তব্য রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিনের বক্তব্য যদি শোনেন আপনি দেখবেন যে, মাননীয় মন্ত্রী নিজে স্ব-বিরোধিতায় ভুগছেন। অনেক দিন ধরেই তিনি বলবার চেষ্টা করেছেন যে, আর পি গোয়েঙ্কা যে পদ্ধতিতে এবং কায়দায় সিইএসসি চালাচ্ছেন তা তিনি সমর্থন করেন না এবং সমর্থন করেন না বলেই তার মতামতে তিনি উষ্মা প্রকাশ করেছেন। এবং যে কমিটি তিনি তৈরী করেছিলেন, ওয়ান ম্যান কমিশন ডি. কে বাসুকে দিয়ে, তার রিপোর্ট যদি দেখেন, তার মধ্যেও তা পরিষ্কার প্রমাণিত হয়ে যাবে। মাননীয় মন্ত্রী যেটা বলবার চেষ্টা করেছেন এবং তার যে মত, ডি. কে বাসু কমিশনও সেই একই মতে মত দিয়ে বলেছেন যে, ফুয়েল সারচার্জ যেভাবে সিইএসসি বাড়াচ্ছে এবং যেভাবে চার্জ তাদের কনজিউমারেদের কাছ থেকে নিচ্ছে তার কোন অঙ্কের হিসাব নেই এবং কোন যুক্তির সারবত্তা তাতে নেই। কমিশন যে রিপোর্ট দিয়েছে তার পংক্তি আমি পড়ে শোনাচ্ছি—The Committee arrived at the findings that the fuel surcharge reported to have been realised by CESC Ltd. @ 18 paise/unit added to the basic charge exceeds the admissible charges by 6.87 paise/unit for 1993-94; 1.96 paise/unit for 1994-95 and 1.13 paise/unit for 1995-96 and recommended the adjustment on these amounts by revision of fuel surchage rates appropriately. It was pointed out to CESC Ltd. that the Committee's recommendation for the aforesaid amounts is based on the reported realisation of FSC by the CESC Limited @ 18 paise/unit. The CESC Ltd. had, however, actually realised 19.57 p/Unit for 1993-94; 23.44 p/unit for 1994-95 and 23 p/unit for 1995-96. The refundable amounts, therefore will be 8.43 p/unit, 7.40 p/unit and 6.13 p/unit for 1993-94, 1994-95 and 1995-96 respectively. মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঠিক এই সময়ে সি ই এস সির আর্থিক অবস্থাটা কি—১৯৯৩-৯৪ সালে ৪০ কোটি ৯৮ লক্ষ টাকা নীট প্রফিট দেখিয়েছে। তার পরের বছরও ২২ কোটি ৯৪ লক্ষ টাকা নীট মুনাফা দেখিয়েছে। অর্থাৎ সোর্সেস ডিডাকশান, ইনকাম ট্যাক্স ডিডাকশান এবং অন্যান্য যা যা ভরতুকি সাহায্য দেওয়া দরকার তার সমস্ত বাদ দিয়ে প্রফিট দেখিয়েছেন। সেখানে এক এক বছরের প্রফিট দেখিয়েছেন কোটি কোটি টাকা, আর তার নির্দেশিত এবং নিয়োজিত কমিটি তার রিপোর্টকে উপেক্ষা করেছে, এই সাহস গোয়েঙ্কারা কোথার থেকে পাচ্ছে জানি না। ডি. কে বাসু কমিটি ডব্লিউ এস ই বি এবং ডি ভি সি ও সি ই এস সির কাছে কতগুলো কুইরী করেছিল। সেই কুইরীর রিপোর্ট ডি ভি সি এবং এস ই বি দিয়ে দিয়েছে। কিন্তু সি ই এস সি চার মাস সময় নিয়েছে। চার মাস সময় নেওয়ার পরে আগষ্ট মাসে মন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলতে শুরু করলেন। তাতেও ফল কিছু হল না। এইভাবে গোয়েঙ্কা একতরফা ভাবে সমস্ত নির্দেশ নস্যাৎ করে দিয়ে মন্ত্রীর যে

মতাদর্শ তাকে নস্যাৎ করে দিচ্ছে। আমি মন্ত্রীকে বলবার জন্য অনুরোধ করব যে, তারা এই ক্ষমতা পাচ্ছেন কোথার থেকে? আজকে কি গোয়েঙ্কারা সরকারকে কিনে নিয়েছেন, যার ফলে এই ১২৭ কোটি টাকার বেশী নেবার দাবী করছে? ডি কে বাসু কমিশনের রিপোর্ট বেরোনোর পরে সি ই এস সির তাগিদে এবং জ্যোতিবাবুর ব্যক্তিগত ইন্টারভেনশানে ব্যাটলিবয়কে হস্তান্তর করা হল। তাহলে এই রাজ্য সরকার ডি. কে বাসু কমিশন বসিয়েছিলেন কেন? তার তো কোন দরকার ছিল না। মাননীয় মন্ত্রী বলবার ইচ্ছা থাকলেও বলতে পারবেন না। সেইজন্য মাননীয় মন্ত্রীর বক্তব্যের মধ্যে কখনো জোরে প্রতিবাদ করে বলতে শুনেছি যে, এই একস্ট্রা চার্জটা সি ই এস সির নেওয়াটা জাস্টিফায়েড নয়, আবার কোথাও বলেছেন যে, এটা জাস্টিফায়েড, কেননা স্টেশান হিট রেট বেড়েছে।

যে রেটে কয়লা কিনছিল সি. ই. এস. সি., এখন কয়লার দাম তা নেই, সেটা পড়ে গিয়েছে। এখন কয়লা সি. ই. এস. সি. কিনছে। ৯৩-৯৪ সনে, ৯৪-৯৫ সনে, ৯৫-৯৬ সনে যা দাম ছিল তার চাইতে অনেক বেশী দামে কয়লা কিনতে হচ্ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু তাই নয়, মাননীয় মন্ত্রীও জানেন সি. ই. এস. সি. যে গ্রেডে কয়লা কিনত, এ-গ্রেডেড-এর কয়লা যা কিনে নিয়ে আসে, কয়লার যা গ্রেডেশান করা হয়, পারসেনটেজ অফ এ্যাশ কনটেন্ট অনুযায়ী গ্রেডেশান করা হয়, বেস্ট কোয়ালিটি অফ কোল নিয়ে এসে আবার সি. ই. এস. সি. অন্য সংস্থাকে বিক্রি করে দিচ্ছে। এবং সেই কয়লা বিক্রি করে দিয়ে অধিকতর খারাপ মানের কয়লা নিয়ে এসে ফুয়েল সারচার্জ জাষ্টিফাই করার জন্য আজকে ষ্টেশান হিট রেটকে বাড়িয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। শুধু তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ডিষ্ট্রিবিউশান লস এর জন্য ১৯ শতাংশ তারা পয়সা দাবী করছেন। এর পিছনে কোন যৌক্তিকতা নেই। কোন বৈজ্ঞানিক ভিত্তি নেই। সি. ই. এস. সি. বিদ্যুৎ দেয় কলকাতার শহরাঞ্চলে, সি. ই. এস. সি. বীরভূমে বা সুদূর গ্রামাঞ্চলে বিদ্যুৎ দেয় না। সি. ই. এস. সি. রাজ্যের প্রান্তিক অঞ্চলেও বিদ্যুৎ পাঠাচ্ছে না। ফলে এখানে ডিষ্ট্রিবিউশান লস ১৪ শতাংশ কিছুতেই হতে পারে না। কিন্তু তারা ১৯ শতাংশ লস হিসাবে খাতায় কলমে দেখিয়ে এই ১৯ শতাংশ লসটা মেটাবার জন্য কনজিউমারদের উপর খড়্গ আঘাত হানছে। তারা আজকে বেশী পয়সা নেওয়ার চেষ্টা করছে। একজন কারিগরী মানুষ, একজন ইঞ্জিনিয়ার হিসাবে ব্যক্তিগত জীবনে তার ইঞ্জিনিয়ারিং-এ যে নৈপুণ্য তার মাধ্যমে আমি তার বিবেকের কাছে প্রশ্ন করছি, শুধু মন্ত্রিসভায় আছেন বলেই একটা বেআইনী জিনিস আপনাকে সমর্থন করতে হবে? একটা অনৈতিক জিনিস আপনাকে সমর্থন করতে হবে? একটা অবৈজ্ঞানিক দাবীকে সমর্থন করতে হবে? আজকে বি. টি. ইউতে আমরা দেখছি, ফাস্ট গ্রেড-এর কয়লা এনে দাম বাড়াবার চেষ্টা করা হচ্ছে এবং পাওয়া যাচ্ছে এবং এক্ষেত্রে বি. টি ইউ.-কে কম দেখিয়ে যেহেতু তাদের সমস্ত প্রজেক্ট হচ্ছে থার্মাল ইউনিট, এখানটায় আজকে একটা ঘেরাটোপের মধ্যে তাদের উৎপাদনের খরচকে কারচুপি করে বাড়িয়ে দিয়ে আজকে মন্ত্রী মহাশয়কে বোকা বানিয়ে রাজ্য সরকারকে বোকা বানিয়ে পরোক্ষভাবে কনজিউমারের পকেট কেটে নিয়ে আজকে গোয়েঙ্কা এবং তার ছেলে কয়েক লক্ষ

কনজিউমারকে সর্বনাশের দিকে পাঠিয়ে দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু তাই নয়, আজকে বিলের অবস্থা কি? আমি এখানে ২টি বিল দেখাচ্ছি। একটা বিলে দেখুন প্রিভিয়াস রিডিং জিরো; প্রেজেন্ট রিডিং ৩১২। প্রেজেন্ট রিডিং পাওয়া গেল, প্রিভিয়াস রিডিং পাওয়া গেল না। সেখানটায় দেওয়া হল ইউনিট কনজিউমড ৩১২। কি করে সেই কনজিউমার ৩১২ ইউনিট কনজিউমড করলো? আগে তো একটা ডিডাক্ট করতে হবে যে গত মাসে আমার মিটার রিডিং ছিল ১ হাজার, এই মাসে আমার মিটার রিডিং ১২০০ অর্থাৎ আমি ২০০ ইউনিট ইলেকট্রিক কনজিউম করেছি, কিন্তু আমার ইলেকট্রিক বিলে গত মাসে কত কনজিউম করেছি সেটা রিফ্লেকটেড হল না। এই মাসে কত কনজিউম করেছি তাও রিফ্লেক্ট করা হল না। একটা মিটার রিডিং দিয়ে একতরফাভাবে একটা রেট ধার্য করে দেওয়া হল। এত ইউনিট তুমি খরচ করেছ। এই ইউনিট-এর জন্য এত দাম দিতে হবে। আজকে শুধু তাই নয়, এটাতো গেল একটা ক্ষেত্রে, আর একটা ক্ষেত্রে দেখা যাচ্ছে যে প্রিভিয়াস রিডিং ৯৯৬, প্রেজেন্ট রিডিং ০০০ অর্থাৎ হয় তিনি সেখানে ছিলেন না ঐ মাসে, না হলে তিনি একটা মাস বিদ্যুৎ কনজিউমড করেন নি। তার জন্য তার প্রিভিয়াস মিটার রিডিং হবে, কিন্তু প্রেজেন্ট মিটার রিডিং শূন্য দেখছি, অর্থাৎ এই মাসে তার বিল চার্জ হবে শূন্য। কিন্তু তা নয়। সেখানে তাকে দিতে হচ্ছে ৪৪৭ টাকা। শুধু তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে তাকে ৪৪৭ টাকা দিতে হচ্ছে আপনি জানেন প্রত্যেকটি বিল-এ একটা ডেট থাকে। এই ডেট এর মধ্যে তিনি যদি পয়সা শোধ করে দেন তাহলে তাকে এত পারসেনটেজ মুকুব করে দেওয়া হবে এবং সেক্ষেত্রে তাকে রিবেট দেওয়া হবে। কিন্তু এক্ষেত্রে রিবেট এর ঘরটা শূন্য। অর্থাৎ সে সময়মত পয়সা দিলেও বিদ্যুৎ এর ক্ষেত্রে ছাড় পাচ্ছে না, সে বিদ্যুৎ কনজিউম করেনি, সেই মাসের বিদ্যুৎ এর বিলে জিরো দেখছি, তা সত্ত্বেও তার উপর একটা বিল এর বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে এবং সেই বিলের উপর রিবেট-এর অংশটাকে কেটে নেওয়া হচ্ছে। এটা কি লুঠ নয়? এটা কি ডাকাতি নয়? এটাকে ডাকাতি ছাড়া আর কি বলব? মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু তাই নয়, আজকে দেখবেন সন্ধ্যার পরে আপনি বাড়িতে টিউবলাইট জ্বালাতে পারবেন না। কারণ হচ্ছে কোয়ালিটি অফ ইলেকট্রিসিটি ইজ ডেটোরিয়েটিং ডে টু ডে। গতকালকের চেয়ে আজকের অবস্থা দেখবেন খারাপ, আগামীকাল দেখবেন আরো খারাপ। এইজনাই সি. ই. এস. সি.র এই অবস্থা হচ্ছে। তার পরে লোডশেডিং হচ্ছে দিনের পর দিন। আজকে মানুষ লোডশেডিং-এর জন্য ক্লান্ত। কোয়ালিটি অফ ইলেকট্রিসিটির যা অবস্থা মানুষ তাতে ক্লান্ত হবেই। মানুষ ইলেকট্রিক পাবে না। কারখানাগুলি বন্ধ থাকবে তাও বিদ্যুৎ নেই, তার পরেও দেখা যাচ্ছে। একপেশে বিদ্যুৎ এর বিল বাড়িয়ে যাওয়া হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার সেই কমিশনের রিডিং-এর উপরে নজর আনছি, সেই কমিশান বলছে এখানে—"However, Power Department, while raising the tariff in September 1993, enhanced basic rate in such a manner that 86 paise per unit was merged with the basic rate and it enabled CESC to earn clear profit equal to reasonable return. The final Accounts for

1993-94 showed that CESC could meet their entire fuel cost on actual basis and earn clear profit which is in excess to reasonable return."

[12.50–1.00 p.m.]

অর্থাৎ মুনাফা যা হওয়ার কথা, তার চেয়ে বেশী মুনাফা ওরা করছে। সমস্ত কিছু তাদের খরচ-খরচা এবং তাদের সাবসিডাইসড্ রেটের পরেও সি. ই. এস. সি. রিজনেবেল এ্যামাউন্টের চেয়েও বেশী মুনাফা করছে। তার পরেও মাননীয় মন্ত্রীমহাশয় এই ফুয়েল সারচার্জ কমাবার কথা না বলে আজকে এই হাউসকে ধোঁকা দিলেন, হঠাৎ করে তিনি বলে দিলেন তেইশ পয়সা করে ধাপে ধাপে কম নেবেন। অর্থাৎ ফেজ বাড়িয়ে দেওয়া হল, নাম্বার অফ ইনষ্টলমেন্ট বাড়িয়ে দেওয়া হল, কিন্তু যে অতিরিক্ত পয়সা এই বাবদ ১২২ কোটি ৫৭ লক্ষ টাকা যেটা সি. ই. এস. সি. কনজিউমারদের পকেট থেকে কেটে নিল সেটাকে ফেরত দেবার কোন নির্দেশ জারি করা হল না। কেন এই অতিরিক্ত পয়সা কনজিউমারদের কাছ থেকে নেওয়া হল? তার জন্য দেশের আইন অনুযায়ী তাকে সোপার্দ্য করা হল না। কেন তাকে প্রশ্ন করা হল না, কেন তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হল না? আজকে এর মাধ্যমে কনজিউমারদের লুঠ করবার অধিকার সি. ই. এস. সি-র বজায় থাকল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তার পরে যদি আপনি দেখেন এই কমিশান আরেকটা জায়গায় বলছে, ন্যাশানাল বেসিসে যে ফুয়েল কস্ট ধরা হয়, তাহলে দেখা যাবে সি. ই. এস. সি কলকাতার কনজিউমারদের কাছ থেকে সব থেকে বেশী পয়সা নেওয়ার চেষ্টা করছে—

"$FSC = \frac{C - E}{U_{u}}$

Where the cost of fuel, C, and the basic rate E were calculated not on actual basis, $u_{u}$ was the number of energy units calculated not known to the Department with T & D loss shown at 19 per cent."

টি এন্ড ডি ওরা কখনোই ১৯ পারসেন্ট দেখাতে পারে না। যদিও তারা এখন ১৪ পারসেন্ট লস দেখাচ্ছে। যেহেতু ওরা কলকাতার মধ্যেই বিদ্যুৎ পরিবাহিত করছে, তাতে আমাদের হিসাব অনুযায়ী বিদ্যুৎ পরিবহনের যে লস, অর্থাৎ ট্রান্সমিশানের লস সেটা কখনোই নয় থেকে দশ পারসেন্টের বেশী হতে পারে না। ওরা সরকারের কাছে দাবি সনদ পেশ করে এই ট্রান্সমিশান লসটাকে ১৯ পারসেন্ট করার দাবি জানিয়েছে। এই দাবি সনদ পেশ করার মধ্যে দিয়ে আজকে তারা কনজিউমারদের লুঠ করার চেষ্টা করছে এবং মাননীয় মন্ত্রীমহাশয় তার বিবেককে দিয়ে এবং তাদের সরকার আজকে এই শিল্পপতিদের, অর্থাৎ গোয়েঙ্কাদের কাছে নিজেদেরকে বিক্রি করে দিয়েছে। তার বিরুদ্ধেই আজকে এই কনজিউমারদের তরফ থেকে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে তাদের বক্তব্য পুনরায় বিবেচনার জন্য রাখলাম। সি. ই. এস. সি.-র এই শোষণের বিরুদ্ধে, লুণ্ঠনের বিরুদ্ধে প্রয়োজনীয় এবং যুগপোযোপী ব্যবস্থা নেবার

জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানিয়ে, আমি এই ৩১৯ নম্বর ধারা অনুযায়ী যে প্রস্তাব এখানে আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের পক্ষ থেকে মাননীয় সদস্য সৌগত রায় ৩১৯ নম্বর ধারা অনুযায়ী যে প্রস্তাব পেশ করেছেন, আমি সেই প্রস্তাবকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। সি. ই. এস. সি-র ফুয়েল সারচার্জ নিয়ে বহুদিন ধরে সারা পশ্চিমবাংলা এবং কলকাতাবাসীর মনে একটা সন্দেহ দানা বেঁধেছে। সেই সন্দেহটা কেন হচ্ছে সেটা মন্ত্রীমহাশয় ভালো করেই জানেন, বিস্তারিত বলবার প্রয়োজন নেই। পাওয়ার ডিপার্টমেন্টের বাজেটের দিনও এই ব্যাপারে আলোচনা হয়েছে এই বিধানসভায় এবং তখন আমাদের দলের তরফ থেকে এই ব্যাপারে বলাও হয়েছিল। সি. ই. এস. সি. যেভাবে মানুষের কাছ থেকে অত্যন্ত ফন্দিফিকির করে ফুয়েল সারচার্জ আদায় করছে সেটা অত্যন্ত অন্যায়।

জেনেও উনি ঠুঁটো জগন্নাথের মত বসে আছেন, ওনার করার কিছু নেই। উনি মন্ত্রীত্বও ছাড়তে পারছেন না। একবার কাগজে উঠেছিল মন্ত্রীত্ব ছেড়ে দেবেন, কিন্তু আর. পি. গোয়েঙ্কার বন্ধু মাননীয় মুখ্যমন্ত্রীর চাপে আমাদের টেকনোক্রাট পাওয়ার মিনিস্টার কিছু করতে পারছেন না, ঠুঁটো জগন্নাথের মত বসে আছেন। আপনার যদি সততা থাকত, মনের জোর থাকত তাহলে প্রতিবাদ করতেন এবং কলকাতা তথা সমস্ত পশ্চিমবাংলার মানুষের কাছে শ্রদ্ধাভাজন হয়ে থাকতেন। কলকাতা এবং তার আশেপাশে যেখানে আর. পি. গোয়েঙ্কারা লুঠ চালাচ্ছে, সেখানে আপনার মত একজন টেকনোক্রাট, বুদ্ধিমান মানুষ পার্টির চাপে, জ্যোতিবাবুর চাপে মন্ত্রীত্ব আকড়ে পড়ে রয়েছেন? এটা অত্যন্ত লজ্জা এবং ক্ষোভের কথা। কিরকম হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি হাউসের কাছে তুলে ধরতে চাই।

'৯৩ সালে ফোর (৪) ম্যান কমিটি করলেন শ্রী ডি. ব্যানার্জী, প্রফেসর ডি. কে. বোস, শ্রী কল্যাণ বোস - এ্যাজ মেম্বারস এ্যান্ড চিফ্ ইলেকট্রিক্যাল ইন্সপেকটর এ্যাজ মেম্বার কনভেনর। তারা কি রিপোর্ট দিল?—Fuel cost should be increased from 86 P. per unit to 93.5P. ইউনিট মানে-ওয়ান কিলোওয়াট পার আওয়ার। ওরা এই রিপোর্ট দেওয়ার পর সি. ই. এস. সি. সন্তুষ্ট হ'ল না। তারা কমপ্লেন করল ফোর ম্যান কমিটির কাছে। ওরা ৯৩.৫ পয়সা সাজেস্ট করেছিল, আর এরা বলল ৯৫ পয়সা পার ইউনিট করতে। তারপর ৯৩ সালের এপ্রিলে ৮৬ পয়সা ফুয়েল কস্ট, সেটা ট্যারিফের সঙ্গে মার্জ হয়ে গেল এবং পাওয়ার ডিপার্টমেন্ট ফুয়েল সাবচার্জ আদায় করবার জন্য পারমিশন পেল এই হারে - ১৫.১৮ পয়সা ৯২-৯৩ সাল, ১৮.৭৬ পয়সা ৯৩-৯৪, ২২.৩৮ পয়সা ৯৪-৯৫ সালের জন্য। এটা যখন পাওয়ার ডিপার্টমেন্ট দিল, তখন আবারও সি. ই. এস. সি. সন্তুষ্ট হ'ল না, চ্যালেঞ্জ জানাল আর রিকোয়েস্ট করল - আমাদের মুনাফা কমে যাচ্ছে, আপনারা এটা রিভাইজ করুন। তখন আপনারা ওয়ান ম্যান কমিটি - ডি. কে. বসু-র কমিটি করলেন ৩১.১.১৯৯৭ তারিখে। সেই কমিটি রেকমেন্ড করেছিল কি? রিফান্ড দিতে হবে। তোমরা বেশী চার্জ করেছ কলকাতা এবং তার আশেপাশের

কনজিউমারদের কাছ থেকে, তাদের রিফান্ড দিতে হবে। কি রেটে? ৮.৪৩ পয়সা ৯৩-৯৪ সালের জন্য, ৭.৪০ পয়সা ৯৪-৯৫ সালের জন্য, ৬.১৩ পয়সা ৯৫-৯৬ সালের জন্য প্রত্যেক মাসে। যতদূর আমার মনে আছে, বা জানি ৯৭ কোটি টাকা কনজিউমারদের ফেরত দেওয়ার জন্য ওয়ান ম্যান কমিটি তার রিপোর্টে রেকমেন্ড করেছিল। স্বাভাবিক ভাবেই সি. ই. এস. সি.-র মাথায় বাজ পড়ল। তারা আপত্তি করল। একবার করে আপনি কমিটি করছেন, তারা রিপোর্ট দিচ্ছে, আর ওরা সন্তুষ্ট না হয়ে আবার চালেঞ্জ করছে বা আবার রেকমেন্ডেশন রিকন্সিডার করার জন্য দাবী করছে। আর আপনারা সেই দাবীর কাছে মাথা নত করে তাদের ট্যারিফ বাড়িয়ে দিচ্ছেন। সারচার্জ বাড়িয়ে দেওয়ার জন্য রেকমেন্ড করছে। আবার কি হ'ল? ওয়ান ম্যান কমিটির রেকমেন্ডেশনে সন্তুষ্ট হ'ল না। সি. ই. এস. সি. অবজেকটেড এ্যান্ড রিপ্রেজেন্টেড বিফোর দ্যাট ওয়ান ম্যান কমিটি। ফারদার ইনক্রিজ ইন ফুয়েল সারচার্জ হ'ল। ৯৩-৯৪ সালে ৮.৪৩ পয়সা ফেরত দেওয়ার কথা ছিল, সেটা ১৮.৭৬ থেকে বেড়ে ২৪.৩৫ হয়ে গেলে। প্রত্যেক বছরেই, আগে যে রেকমেন্ড করেছিল, সেটা বেড়ে বেড়ে বেশী হয়ে গেল ৯৬-৯৭ সালে .৪৫ পয়সা পার ইউনিট হ'ল। এই ডি. কে. বসু কমিটি রেকমেন্ড করেছিল। কি হয়েছে? একবার করে কমিটি করছেন, সব কিছু দেখেশুনে তারা রেকমেন্ড করছে, আবার সি. ই. এস. সি. বলছে আমরা সন্তুষ্ট নই। তলায় অদৃশ্য হাতের খেলা হয়ে যাচ্ছে।

[1.00–1.10 p.m.]

তারপরেও দেখা যাচ্ছে যে, আবার আপনার সেই কমিটি বা আপনাদের সেই পাওয়ার ডিপার্টমেন্ট বলছে যে, অনেক আগে যে রেকমেন্ড করেছিলাম, সেটা সব প্রত্যাহার করে নিচ্ছি এবং আরও বেশী ফুয়েল সারচার্জ বাড়িয়ে নিচ্ছি, যাতে তোমরা আদায় করতে পার। এই বছর ৬০ পয়সা পার ইউনিটে ফুয়েল সারচার্জ যেটা সৌগত রায় বিল দেখিয়ে বলে দিয়েছেন যে, কিভাবে শুধু এই ফুয়েল সারচার্জ, যেটা প্রভিশনাল, যেটা প্রতিবার মনে রেখে, এখানে বর্তমানে ৬০ পয়সা ইলেকট্রিক বিল থেকে আদায় করা হচ্ছে। সেটা কিন্তু প্রভিশনাল। এটা যে কোথায় যাবে, ১০০ পয়সা হবে না কি হবে, সেটা অডিট করার পরে ফাইনালি ডিসাইডেড হবে। তারপর আবার আগেকার বছরের জন্য এরিয়ার ফুয়েল সারচার্জ আদায় করা হচ্ছে। এটা কি রকম ধরণের কাজ সি ই এস সি করছে, যাতে আপনার পাওয়ার ডিপার্টমেন্ট চুপ করে বসে আছে? আপনারা কেন হস্তক্ষেপ করতে পারছেন না? এটা অত্যন্ত দুঃখের কথা এবং ক্ষোভের কথা। সেইজন্য দাবি করছি যে, এটার ব্যাপারে একটা সর্বদলীয় কমিটি তৈরী করে ভালোভাবে পর্যালোচনা করা হোক। অন্তত সারা বাংলার মানুষ, গ্রেটার ক্যালকাটার মানুষ জানুক যে, ব্যাপারটা কি? তার কারণ এটা খুবই টেকনিক্যাল ব্যাপার। সহজে মানুষ বুঝতে পারছে না। সুতরাং সর্বদলীয় কমিটি করার প্রয়োজন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রভিশনাল ফুয়েল সারচার্জ রেট অফ সি ই এস সি এই বছর ১৯৯৯-২০০০ সালে হচ্ছে মোট ১৩১ পয়সা পার কিলো ওয়াট। এখানে আপনার ১৩১ পয়সা তারমধ্যে ৭১

পয়সা আপনার ট্যারিফের মধ্যে ইনক্লুড হয়ে ৬০ পয়সা হয়েছে, যেটা এখানে প্রভিশনাল সারচার্জ হিসাবে ১৯৯৯-২০০০ সালে কনজিউমারদের কাছ থেকে আপনি আদায় করছেন। এস ই বি যেটা মন্ত্রীর নিজের দপ্তর, সরকারের অধীনে আছে, তাদের ফুয়েল সারচার্জ কিন্তু ১০১। যেটা সি ই এস সির ১৩১, সেটা এস ই বির হচ্ছে ১০১। এই ১০১-এর মধ্যে ৫১ পয়সা ট্যারিফের মধ্যে ইনক্লুড করে আপনারা পশ্চিমবঙ্গের মানুষের কাছ থেকে এস ই বি যাদের ইলেকট্রিসিটি দেয়, তাদের কাছ থেকে সারচার্জ হিসাবে ৫০ পয়সা আদায় করছেন। আপনারা ৫০ পয়সা আদায় করছেন, কিন্তু সি ই এস সি কেন ৬০ পয়সা নিচ্ছে? তাছাড়া ডেনসিটি অফ পপুলেশান কলকাতায় অনেক বেশী। তাদের কম তার লাগে। কলকাতার মধ্যে সরবরাহ করতে সুবিধাও আছে। কিন্তু এস ই বি এলাকায় চুরি করবার স্কোপ অনেক বেশী। আর আপনিও তো জানেন যে, এস ই বির কর্মীরা নাকি নাকে তেল দিয়ে ঘুমায়। চোখ বন্ধ করে বসে থাকে। তা সত্ত্বেও আপনারা মাত্র ৫০ পয়সা পার ইউনিটে ফুয়েল সারচার্জ আদায় করছেন। আর কোন যুক্তিতে আপনি ওদের কাছ থেকে ৬০ পয়সা ফুয়েল সারচার্জ আদায় করতে দিচ্ছেন? এটা আমার সাধারণ বুদ্ধিতে বুঝতে পারছি না। আপনি জানেন যে, এই সরকার থেকে কতগুলি নর্মস বেঁধে দিয়েছে, যে নর্মসের মাধ্যমে একটা স্টেশনের হিট রেট অর্থাৎ কত হিট লাগবে এক কিলো ওয়াট পার আওয়ার এ কতটা পার্সেন্টেজ ক্যালরী, কত পার্সেন্টেজ ফুয়েল কনজাম্পশান, কতটা ট্রান্সমিশান এবং ডিস্ট্রিবিউশান লস হয়, এগুলি নর্মসের মধ্যে থাকবে কি থাকবে না, সেটা আপনারা করে দিয়েছেন। কিন্তু আপনারা করে দিয়েছেন মাত্র ওনলি দোজ থার্মাল পাওয়ার স্টেশান-এর জন্য। যারা পালভারাইজড্ কোল ব্যবহার করে, অর্থাৎ যে পাওয়ার স্টেশনে কয়লা গুড়ো করে মিল রিং করে সেই ধরণের যে সমস্ত থার্মাল পাওয়ার স্টেশানগুলি আছে, সেখানে আপনারা নর্মসগুলি ঠিক করে দিয়েছেন। দুঃখের বিষয় সি ই এস সির দুটো পাওয়ার স্টেশান মূলাজোড় এবং নিউ কাশীপুর, যারা স্ট্রোক ফায়ার বয়লার ব্যবহার করেন, আপনি এদের জন্য কোন নর্মস তৈরী করেন নি। আপনি নর্মস তৈরী করে বলে দিয়েছেন যে, যারা এই পালভারাইজড্ কোল ব্যবহার করেন, তাদের জন্য আপনি নর্মস ঠিক করে দিয়েছেন। কিন্তু তাদের ক্ষেত্রে ২ হাজার ৯৫০ থেকে ৩ হাজার কোল ক্যালরী পার কিলো আওয়ার ঠিক করে দিয়েছেন। কিন্তু এই মূলাজোড় এবং নিউ কাশীপুর যেহেতু তারা স্ট্রোক ফায়ার বয়লার ইউজ করে তাদের ক্ষেত্রে ৫০০০ কোল ক্যালরী হয়ে যাচ্ছে। এই অপদার্থতার জন্য আজকে সি. ই. এস. সি. বেশী করে ফুয়েল সারচার্জ আদায় করবার জন্য আপনাদের উপর চাপ দিচ্ছে। এগুলি বহু পুরাতন স্টেশান, এগুলি ইনএফিসিয়েন্ট হয়ে গেছে, কয়লা নষ্ট হয়ে যাচ্ছে ওখানে পাওয়ার প্রোডাকশান করতে গিয়ে। যেখানে আপনারা .৬৫ কে. জি. অফ্ কোল ইউজ করেন এক ইউনিট পাওয়ার তৈরী করতে, সেখানে মূলাজোর এবং নিউকাশীপুর যেহেতু তারা ইনএফিসিয়েন্ট হয়ে গেছে, যেহেতু তারা পালভারাইজড কোল ব্যবহার করে না যেহেতু তারা স্টোকার ফায়ার বয়লার ইউজ করে, এদের এক কে. জি. কয়লা লাগে এক ইউনিট পাওয়ার তৈরী করতে এবং তার ফলেই ফুয়েল সারচার্জ বেশী বেড়ে যাচ্ছে। এবং তাদের কাছে আপনাদের মাথা

নত করতে হচ্ছে সমস্ত চাহিদার কাছে। সুতরাং আপনাদের উচিত এই দুটি স্টেশান যাতে ইমিডিয়েট বন্ধ করতে তারা বাধ্য হয় তার জন্য সমস্ত রকম ব্যবস্থা নেওয়া। যদি আপনারা বন্ধ করতে না পারেন—যেহেতু এটা একটা প্রাইভেট সংস্থা—তাহলে এই দুটোর জন্য যে এক্সট্রা ফুয়েল সারচার্জ, যে ফুয়েল কস্ট হচ্ছে সেটা সাধারণ মানুষ কেন বহন করবে? একটা ইনএফিসিয়েন্ট ইউনিট রেখে দিয়ে সেখানে বেশী বেশী কয়লা ব্যবহার করে কম পাওয়ার তৈরী যারা করছে তাদের জন্য কেন কলকাতাবাসী বা গ্রেটার ক্যালকাটার কনজিউমারদের ঘাড় দিয়ে এই টাকা আদায় করা হবে। এটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে কেন আপনি এই দুটো ইনএফিসিয়েন্ট স্টেশানকে বন্ধ করতে বলছেন না। আর যদি বন্ধ তারা নাও করে, তাহলে তাদের জন্য যে এক্সট্রা কয়লা লাগছে তার দায়ভার কেন কলকাতাবাসীকে বহন করতে হবে। এটা তাদের বাধ্য করানো যাতে তারা এই ধরনের কাজ না করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে আপনি আরও দু-মিনিট সময় বলতে দেবেন। আমরা দেখছি যে সি. ই. এস. সি.-র কয়লা বেশী লাগছে। এক মিলিয়ান ইউনিট পাওয়ার তৈরী করতে গত বছর ১৯৯৫-৯৬ সালে সেখানে ৭৭২ টন লেগে ছিল, সেখানে ১৯৯৬-৯৭ সালে লাগছে ৭৭৮ টন। সুতরাং ক্রমশ ১ মিলিয়ন ইউনিট পাওয়ার তৈরী করতে বেশী বেশী কয়লা ও কোক লাগছে। এটা কেন লাগছে? এটা কি কয়লা চুরির জন্য হচ্ছে, নাকি ইনএফিয়েন্সীর জন্য হচ্ছে? এটা অনুসন্ধান করার বিষয়। এগুলির অনুসন্ধান আপনারা করেছেন? ওয়ান-ম্যান কমিটি, কি ফোর-ম্যান কমিটি, কি বাটলীবয় কোম্পানী তারা এর ডিটেলসে যাচ্ছে না। যার জন্য এর খেসারত গুণতে হচ্ছে সাধারণ মানুষকে। আরেকটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। আপনাকে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে কোল ইন্ডিয়া আপনাদের কয়লা সাপ্লাই করে, এর জন্য আপনাদের কোন এজেন্ট নেই। কিন্তু সি. ই. এস. সি. তাদের এজেন্ট আছে। তারা ঠিকমতো কয়লা দিচ্ছে কি না সেটা দেখার জন্য সি. ই. এস. সির এজেন্ট নিয়োগ করা আছে এবং তাদের পিছনে বছরে ২৪-২৫ কোটি টাকা খরচ হয়। যেটা আপনাদের খরচ করতে হয় না। আমি জানি না আপনাদের আছে কি না বেঙ্গল এমটা ছাড়া। বোধ হয় দু-একটা জায়গায় দেয়, কিন্তু তাদের কত দেন আমি জানি না। কিন্তু সি. ই. এস. সিকে বছরে ২৪-২৫ কোটি টাকা দিতে হয়। সেটা প্রতি বছরই গ্রাহকদের ঘাড়ে চেপে যায়। এটা নিশ্চয়ই অন্যায়। একটা ইন্ডিয়া গভর্ণমেন্ট আন্ডার টেকিং সেখান থেকে কয়লা আসবে তার মাঝে এজেন্ট কেন থাকবে আমি বুঝতে পারছি না। সুতরাং এই এজেন্সি সিস্টেম যাতে সি. ই. এস. সি. বন্ধ করে এবং বন্ধ যদি না করে তাহলে তার জন্য যে খরচ হচ্ছে সেই খরচের দায়ভার যেন সাধারণ মানুষকে বহন করতে না হয় ফুয়েল সারচার্জের মাধ্যমে, এটা দেখা আপনার বিশেষ কর্তব্য বলে মনে করি। এগুলি সম্বন্ধে আপনারা নীরব হয়ে আছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীর চাপেই হোক, কিম্বা গোয়েঙ্কাদের চাপেই হোক আপনারা এগুলি করতে পারছেন না। সে জন্য আমাদের দলের তরফ থেকে দাবী করছি আপনারা একটা সর্বদলীয় কমিটি করে এগুলিকে অনুসন্ধান করুন এবং অনুসন্ধান করে মানুষের সামনে তা প্রকাশ করুন যে সত্যিকারের কি ভাবে সি. ই. এস. সি. এই পুকুর চুরির ব্যবস্থা

করছে। এই কথা বলে আমি এই ৩১৯ ধারায় আমাদের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় যে প্রস্তাব এনেছেন তাকে সঠিক ভাবেই সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[1.10–1.20 p.m.]

**ডঃ শঙ্কর সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক শ্রীসৌগত রায় ৩১৯ ধারায় যে প্রস্তাব এনেছেন আমি তার মধ্যে দুটো পয়েন্ট পেলাম। তার মধ্যে একটা ছোট কথা আমি বলে নিই। মাননীয় পঙ্কজবাবু বিলের ব্যাপারে যেটা বলেছিলেন, উনি একটা জিনিস বলেন নি যে, গত সোমবার বিধানসভায় যখন বাজেট অধিবেশন হচ্ছিল তখন উনি সেই প্রশ্ন তুলেছিলেন। আমি মঙ্গলবার চিঠি দিয়েছিলাম বিলের কপির জন্য। এটা নিয়ে কাজ হচ্ছে। তবে ওনার বক্তব্যের সঙ্গে ফুয়েল সারচার্জের বিষয় জড়িত নয়। ওনার বিল পেয়ে আমি প্রশ্ন তুলেছিলাম এবং আমি আপনাকে চিঠিও লিখেছিলাম, দয়া করে বিলটার কপি দিন। এটা আমি এখানে জানিয়ে রাখলাম।

এবারে বর্তমান আলোচনায় আসছি। মাননীয় সৌগতবাবু আমার রিপোর্টকে একসেপ্ট করছেন না - এটা আমি একসেপ্ট করি না। আমার রিপোর্ট হচ্ছে ফ্যাক্ট ভিত্তিক। ফ্যাক্টের উপর দাঁড়িয়েই আমি রিপোর্ট দিয়েছি। পাষ্ট হিষ্ট্রি, প্রেজেন্ট ডে টু ডে যে ফুয়েল সারচার্জ বাড়ছে এবং কয়লার দাম কি ভাবে বাড়ছে, রেলের ফ্রেইট কিভাবে বাড়ছে আমি বলেছি সেদিন। আজও বলছি, ১৯৯৬।৯৭ সালের পরে যে ফুয়েল সারচার্জ ন্যস্ত হয়েছে তার ক্যালকুলেশন আমি নিজে করেছি। ভুল থাকতে পারে, আপনারা প্রতিবাদ করতে পারেন, কিন্তু আমি করেছি।

(গোলমাল)

১৯৯৬।৯৭ সালে সি. ই. এস. সি.-র ফুয়েল সারচার্জ ছিল ৪৮ পয়সা। মাননীয় অতীশবাবুকে সাধুবাদ জানাচ্ছি, উনি ফুয়েল সারচার্জের ব্যাপারে একেবারে ঠিক জায়গায়, ফুয়েল কষ্টে হিট করেছেন। ফুয়েল কষ্ট ইজ দি মোষ্ট ইমপর্টেন্ট থিং। তার মধ্যে মার্জার হয়েছে বেসিক কষ্ট। বাকিটা হচ্ছে ফুয়েল সারচার্জ। উনি রাইট পয়েন্ট তুলেছেন। বিষয়গুলোয় আমি আসছি।

আগে দেখে নেওয়া যাক আমরা কিসের ভিত্তিতে ক্যালকুলেশন করি। এটা ভুল হতে পারে, ঠিকও হতে পারে। সি. ই. এস. সি.-র অডিট রিপোর্ট যেটা আসে তাতে কোন পাওয়ার স্টেশনে কত কয়লা ব্যবহার হচ্ছে, গুণ, গ্রেড কি আছে তার এ্যামাউন্টের উপর ভিত্তি করে ক্যালকুলেশন করা হয়। তাহলে বলতে হয় আমাকে যে, অডিট এ্যাকাউন্ট রং, ঠিক দিচ্ছে না। মাননীয় অতীশবাবু বুঝবেন ১৯৯৬।৯৭ সালে ফুয়েল সারচার্জ ৪৮ পয়সা ছিল সি. ই. এস. সি. বলেছিল ৫৯ পয়সা করতে। ১৯৯৭।৯৮ সালে ফুয়েল সারচার্জ ছিল ৫৯ পয়সা সি. ই. এস. সি. বলেছিল ৭০.৫৫ পয়সা করতে হবে। ১৯৯৮।৯৯ সালে সারচার্জ ছিল ৫৯ পয়সা সি. ই. এস. সি. বলেছিল ৭৬ পয়সা করতে হবে। বিষয়টা জটিল জায়গায় চলে গেছে। মাননীয় সৌগতবাবু যে বক্তব্য রেখেছেন তাতে উনি আমার বক্তব্য অপোজ করেছেন। আমি তা একসেপ্ট করি না। কিন্তু

বিষয়টা জটিল জায়গায় চলে গেছে। মাননীয় অতীশবাবু যে পয়েন্টগুলো বলেছেন আমি তার সঙ্গে আরো দু-একটা পয়েন্ট এ্যাড করতে চাই। বজবজ থার্মল পাওয়ার ষ্টেশন—১৯৯২ সালের ২রা সেপ্টেম্বর তারিখটাকে আমরা বলেছিলাম 'জিরো' ডেট। এখন, বক্রেশ্বর-এর ক্ষেত্রে ১৯৯৬ সালের ৩১-শে মার্চ 'জিরো ডেট' ছিল। আজকে বজবজে যে কয়লা যাচ্ছে, কি ভাবে যাচ্ছে? ওরা বলছে, কিছুটা রেলে করে যাচ্ছে, কিছুটা উল্টোডাঙার গোডাউনে নামিয়ে সেখান থেকে লরি করে নিয়ে যাচ্ছে। ফলে সেই ট্রান্সপোর্ট কস্ট'টা কস্টের ওপর পড়ছে। এ সম্বন্ধে আমি ওদের কাছে প্রশ্ন রেখেছি। প্রায় ৬ বছরের বেশী হয়ে গেছে, সেখানে এখন পর্যন্ত কোন কোল্ ট্রান্সপোর্ট সিস্টেম তৈরী হ'ল না। আর একটা ইন্টারেষ্টিং পয়েন্ট হচ্ছে, অ্যাপারেন্টলি মনে হয়—যদি ১৯৯৭-৯৮ ইয়ার ধরি, সি. ই. এস. সি.-র ফুয়েল সারচার্জ ৫৯ পয়সা; এস. ই. বি.-র ফুয়েল সারচার্জ ৪৭ পয়সা—স্টেশন ধরলে অনেক বেশী। কারণ সি. ই. এস. সি. ঐ বছর এস. ই. বি.-র কাছ থেকে ২৩২০ মিলিয়ন ইউনিট নিয়েছে এবং নিজে জেনারেশন করেছে; ৩৫৮৪ মিলিয়ন ইউনিট বিক্রি করেছে। ১৪% লস্ বাদ দিয়ে এস. ই. বি. সাপ্লাই করেছে ১৯৯৫ মিলিয়ন ইউনিট এবং এটা ওরা ৪৭ পয়সা হিসাবে কিনেছে। এটা যদি আমরা হিসেব করি তাহলে সি. ই. এস. সি.-র পাওয়ার স্টেশন ধরে ফুয়েল সারচার্জকে ফুয়েল কস্টে কনভার্ট করলে ৫৯ এবং ৬৬.৯ হচ্ছে। আমার মনে হয় এটা পর্যালোচনা করা দরকার। আমি আবার প্রতিবাদ করছি। ১৯৯৬-৯৭ সাল থেকে যা ক্যালকুলেশন করেছি, তা আগের সপ্তাহে আমি বলেছিলাম। আপনাদের সামনে আমি কাগজ ফেলে দিচ্ছি, আপনারা সেটা দেখতে পারেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সুনির্দিষ্ট প্রস্তাব আছে। আমার প্রস্তাব হচ্ছে—আমাদের কাছে দুটো ইনস্ট্রুমেন্ট আছে। একটা হচ্ছে, স্টেট ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন যেটার সম্বন্ধে আমি আশা করছি আগামী এক মাসের মধ্যে কাজ শুরু করবে চেয়ারম্যান হয়ে গেছে। আর দু'জন মেম্বার কাজে জয়েন্ করবার পরেই কাজ শুরু হয়ে যাবে। আর একটা ইনস্ট্রুমেন্ট আছে, সেটাকে আমি অত্যন্ত শ্রদ্ধা করি। তার মিটিং আমি অ্যাটেন করেছি। সেটা হচ্ছে, সাবজেক্ট কমিটি। এই সাবজেক্ট কমিটির স্যাগাসিটির সম্বন্ধে আমার অত্যন্ত শ্রদ্ধা আছে। আমি এখানে ঘোষণা করতে চাই প্রথমে আমি সাবজেক্ট কমিটির চেয়ারম্যানের সঙ্গে কথা বলব, মাননীয় অধ্যক্ষর সঙ্গে কথা বলব—সাবজেক্ট কমিটির এক্তিয়ারে এটা আছে কিনা জানি না, যদি থাকে তাহলে সাবজেক্ট কমিটি এটা খতিয়ে দেখে বিধানসভার কাছে একটা রিপোর্ট দিক। সমস্ত ফাইল আছে, তারা সবই দেখতে পাবেন, আমি সাবজেক্ট কমিটির কাছে দেব। এর পাশাপাশি স্টেট ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন তৈরী হয়ে গেছে, তাদের আওতায়'ও এটা আনব। এই প্রস্তাব রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Point of Information

**শ্রী আবদুস সালাম মুন্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচিত এলাকা থানা কালিগঞ্জ। ওই নির্বাচিত

এলাকার একদম পশ্চিম প্রান্তে ভাগিরথী নদীর পাশে অবস্থিত অন্তত ১০টি গ্রামপঞ্চায়েত এলাকা নিয়ে কালিগঞ্জ থানা। এর ফলে ওখানে সুষ্ঠু প্রশাসন ব্যবস্থা পেতে খুব অসুবিধা। সেই কারণে আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন যে, কালিগঞ্জ থানাকে দুটি ভাগ করে একদিকে কালিগঞ্জ থানা পাঁচটি অঞ্চলকে নিয়ে করা হোক এবং আরেক দিকে পাঁচটি অঞ্চল নিয়ে দেবগ্রামে আরেকটি থানা করা হোক।

[1.20–2.00 p.m. including
House adjournment]

**Mr. Speaker :** I have received one substantive motion from Shri Saugata Roy. I now request to Shri Saugata Roy to move his substantive Motion.

**Shri Saugata Roy :** I beg to move my substantive motion. That this House disapproves of the statement of the Power Minister made in the House on 05-07-99 on the fuel surcharge levied by CESC Ltd and urges the State Government to set up an All Party Assembly Committee to look into the matter and keep collection of arrear fuel surcharge in abeyance till such time.

**Mr. Speaker :** Now, I put it to vote.

The Supplementary motion of Shri Saugata Roy was then put and a Division was taken with the following results :

**NOES**

Abu Ayes Mondal, Shri
Bagdi, Shri Bijoy
Bagdi, Shri Kiriti
Bagdi, Shri Lakhan
Bag, Shri Kartick Chandra
Banerjee, Shri Debabrata
Bangal, Dr. Makhanlal
Bhakat, Shri Buddhadeb
Biswas, Shri Benoy Krishna
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kali Prasad
Biswas, Shri Sushil
Biswas, Shrimati Susmita
Bose, Shri Shyamaprasad
Chaudhuri, Shri Amar

Chowdhury, Shri Nani Gopal
Das, Shri Paresh Nath
Das, Shri Pushpa Chandra
Deb, Shri Rabin
Dhar, Shri Padmanidhi
Doloi, Shri Siba Prasad
Duley, Shri Krishna Prasad
Dutta, Shri Binoy
Dutta, Shri Himangsu
Ganguly, Shri Bidyut
Gayen, Shri Nripen
Ghosh, Shri Biren
Ghosh, Shri Rabindra
Ghosh, Shri Susanta
Giri, Shri Ashoke
Goala, Shri Rajdeo
Goswami, Shri Subhas
Hazra, Shri Samar
Hira, Shrimati Mili
Hore, Shri Tapan
Kabi, Shri Pelab
Khanra, Shri Saktipada
Kundu, Shri Ranjit
Let, Shri Bishnu
Mohammad Hannan, Shri
Maitra, Shri Banshi Badan
Mandal, Shri Prabhanjan
Mandal, Shri Ramchandra
Md. Yakub, Shri
Mitra, Shri Biswanath
Mondal, Shri Biswanath
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Manik Chandra
Mondal, Shri Rabindranath
Mondal, Shri Subhas
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Pratyush
Mursalin Molla, Shri
Nanda, Shri Brahmamoy
Naskar, Shri Subhas

Pal, Shri Shyama Prasad
Pandey, Shri Ajit
Patra, Shri Manoranjan
Ray, Shri Dwijendra Nath
Routh, Shri Dibakanta
Roy, Shri Manmatha
Roy, Shri Mrinal Kanti
Saha, Shri Kripa Sindhu
Saha, Dr. Tapati
Sanyal, Shri Kamalendu
Saren, Shri Subhas Chandra
Saresh, Shri Ankura
Sen, Shri Dhirendra Nath
Sengupta, Shri Purnendu
Sengupta (Bose), Shrimati Kamal
Singh, Shri Lagan Deo
Sinha, Dr. Nirmal
Sinha, Shri Prabodh Chandra
Sk. Jahangir Karim, Shri
Talukdar, Shri Pralay
Zamadar, Shri Badal

AYES

Abdul Mannan, Shri
Abdus Salam Munshi, Shri
Bakshi, Shri Sanjoy
Banerjee, Shri Ambica
Banerjee, Shri Pankaj
Banerjee, Shri Tapas
Bapuli, Shri Satya Ranjan
Bhattacharjee, Sri Badal
Bhattacharjee, Shri Sudhir
Biswas, Shri Shashanka Shekhor
Chakraborty, Shri Gautam
Chatterjee, Shri Rabindra Nath
Das, Shri Sailaja Kumar
Das, Shri Sanjib Kumar
Deb, Shri Ashoke Kumar
Dey, Shri Ajoy
Ghose, Sri Dipak
Goswami, Shri Mihir

Gulsan Mullick, Shri
Habibur Rahaman, Shri
Khaitan, Shri Rajesh
Lahiri, Shri Jatu
Mahato, Shri Shantiram
Mahbubul Haque, Shri
Mainul Haque, Shri
Mal, Shri Asit Kumar
Mandal, Shri Tushar Kanti
Manjhi, Shri Ramjanam
Md. Abdul Karim Choudhury, Shri
Md. Fazle Haque Dr.
Md. Sohrab, Shri
Mitra, Shrimati Sabitri
Mondal, Shri Ramprabesh
Motahar Hossain, Dr.
Mudi, Shri Anil
Mukherjee, Shri Ashoke
Mukherjee, Shri Kamal
Mukherjee, Shri Subrata
Paul, Shrimati Mayarani
Poddar, Shri Deokinandan
Quazi Abdul Gaffar, Shri
Ray Chowdhury, Shri Biplab
Roy, Shri Tapas
Singha, Shri Sankar
Sinha, Shri Atish Chandra
Sk. Daulat Ali, Shri

The Ayes being 46 and Noes 77. The motion was lost.

**Mr. Speaker :** Before I adjourn for recess, I would like to inform the Hon'ble Members that Mention and Zero Hour will be taken after recess

.... (at this stage the House was adjourned till 2 p.m.)......

**(After recess)**

[2.00–2.10 p.m.]

## MENTION CASES

**শ্রী রাজদেও গোয়ালা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি

গুরুত্বপূর্ণ বিষয়ে এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে রানী রাসমণি রোডে লেফট ট্রেড ইউনিয়নের সংগঠন মিলে চটকলের হাজার হাজার শ্রমিকরা এখানে জমায়েত হয়েছে। আপনি জানেন যে তাদের অনেকগুলি দাবী আছে! সেই দাবীপত্র নিয়ে হাজার হাজার শ্রমিক আজকে এখানে রানী রাসমণি রোডে উপস্থিত হয়েছে। আমি আপনার মাধ্যমে সরকারকে বলতে চাই যে, তাদের সঙ্গে আলাপ-আলোচনার মধ্যে দিয়ে যাতে দ্রুত নিস্পত্তি হয় সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য। এখানে যারা মন্ত্রী আছেন, আমি তাদের কাছে আবেদন করবো, এই যে হাজার হাজার চটকল শ্রমিকরা তাদের দীর্ঘদিনের দাবী অবহেলিত হচ্ছে মালিকদের দ্বারা, তারা আজকে এখানে জমায়েত হয়েছে, সেখানে আপনারা গিয়ে তাদের সঙ্গে কথা বলুন, আমি এই আমন্ত্রণ আপনার মাধ্যমে সমস্ত মন্ত্রীকে জানাচ্ছি। তারা যে বোনাস পাচ্ছে না, এখানে আইনের ব্যাপার যুক্ত আছে, সেই আইন না পাল্টালে তারা বোনাস পাবেন না। কাজেই এই সমস্ত বিষয়টি বিবেচনা করার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। কালকে দমদম, সাউথ দমদম এবং মহেশতলায় — এই তিনটি পৌরসভায় নির্বাচন হয়েছে। আমি খুব উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছিলাম যে, সরকারী দলের মন্ত্রীরা সরকারী গাড়ী নিয়ে দু'দলেরই নির্বাচনে বিগিং করার জন্য গেলেন। একদলের বামফ্রন্ট-এর পক্ষে একজন মন্ত্রী, আর একজন মন্ত্রী হচ্ছেন বামফ্রন্টের বিরোধী নির্দলের পক্ষে। এই দুইজন মন্ত্রী প্রচারে গেলেন। কালকে একটা উত্তেজনার মধ্যে দিয়ে নির্বাচনে ব্যাপক কারচুপী হল, নির্বাচন প্রহসনে রূপান্তরিত হল। স্যার, তারপরে আজকে সি. পি. এম.-এর একটা গোষ্ঠী দমদমের নাগেরবাজার অবরোধ করেছে। সংবাদপত্রের লোকেরা যখন ছবি তুলতে গেছে তখন তাদের নাগেরবাজার জোনাল কমিটির অফিসে নিয়ে গিয়ে প্রচন্ড মারধর করা হয়েছে। কয়েকজনকে আটকে রাখা হয়েছে। এমন কি খাস খবর এবং আরো কয়েকজন যারা ক্যামেরা নিয়ে সেখানে গিয়েছিল তাদের ক্যামেরা কেড়ে নেওয়া হয়েছে। রাজীব এবং অসীম মান্না বলে দুইজন সাংবাদিককে নির্মম ভাবে প্রহার করা হয়েছে এবং তাদের দুজনকে নাকি হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্যার, দুইজন মন্ত্রী শান্তিবাবু, মানববাবু, সুভাষবাবু যেভাবে একে অপরের বিরুদ্ধে মস্তান বাহিনী নিয়ে ওখানে সমবেত করেছিলেন, দুই সি. পি. এম গোষ্ঠীর লড়াইয়ের খেসারত আজকেও দিতে হচ্ছে। অবরোধ হয়েছে, সাংবাদিকদের নিগৃহীত করা হচ্ছে, সাধারণ মানুষের উপরে অত্যাচার করা হচ্ছে। আমি পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যথাযথ ব্যবস্থা নেবার জন্য।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মিঃ স্পীকার স্যার, পশ্চিমবঙ্গে বন্ধ চটকলগুলো তো রয়েইছে, যেগুলো খোলা রয়েছে সেগুলোরও নাভিশ্বাস উঠেছে। বন্ধ চটকল খোলা, জে. সি. আই.-র মাধ্যমে পাট কেনা এবং আরো নানান দাবী নিয়ে হাজার হাজার শ্রমিক আজকে রানী রাসমণি রোডে জমায়েত হয়েছেন। এই বিধানসভার সদস্যদের জানাবার জন্য বিষয়টা আমি উপস্থাপিত করলাম। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের বড় ভূমিকা রয়েছে।

কাজেই এই বিষয়গুলি নিয়ে কেন্দ্র যাতে তাদের ভূমিকাটা পালন করেন তার জ তাদের সঙ্গে আলোচনা করতে আমি বিভাগীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, বেহাল পরিবহন ব্যবস্থা হাল ফেরাতে ১২টি রুটে নতুন বাস বাড়ানোর ব্যবস্থা করা হচ্ছে। তার জন্য আঞ্চলি পরিবহন সংস্থার অফিসাররা বেসরকারী বাস মালিকদের কাছ থেকে ১ মাসের মধ্যে দরখাস্ত আহ্বান করেছেন। ফলতা বিধানসভা কেন্দ্রের ফলতা থেকে বাবুঘাট ৮৩ নম্ব রুটে বাস ছিল ৫৫টি, বর্তমানে আছে ২২টি। তার মধ্যে ৩-৪টি বাস প্রতিদিন ব্রেকডাউ হয়ে থাকে। ফলে প্রকৃতপক্ষে ঐ রুটে বাস চলছে ১৭-১৮টি। ঐ রুটে বর্তমানে ঠিকভা বাস চালাতে গেলে ৩৫টি বাস দরকার। ১০-১২টি বাসের মালিক রুট পারমিটের জন আজ দীর্ঘকাল দরখাস্ত করে ৮৩ নম্বর রুটের পারমিটের জন্য, কিন্তু জানি না, কা চক্রান্তের কারণে আর. টি. এ. তাদের রুট পারমিট দিচ্ছেন না। ফলতা বিধানসভা কেন্দ্রে সাধারণ মানুষ যারা তারা কলকাতার সঙ্গে যোগাযোগের ব্যাপারে খুবই অসুবিধার মধ্যে রয়েছে। তাই পরিবহন মন্ত্রীর কাছে দাবী, অতি দ্রুত ৮৩ নম্বর রুটে বাসের সংখ্যা বৃদ্ধি করা হোক।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার নরঘাটের নন্দকুমার ব্লকে ১২টি অঞ্চল রয়েছে। ব্লকটির বিদ্যুতের অবস্থা ভাল নয়। তার জন্য সেখানে ৩৩, ১১ কিলো ভোল্টের সাব-স্টেশন দরকার। আমার অনুরোধ, ঐ ব্লকের ১২টি অঞ্চলের স্বার্থে অবিলম্বে সেখানে ৩৩, ১১ কিলোভোল্টের সাব-স্টেশন স্থাপন করা হোক।

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রের বর্তমান কেয়ারটেকার সরকার, তাদের কতটা সাংবিধানিক ক্ষমতা রয়েছে তা না জেনে তারা কাজকর্ম করছেন। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, কিছুদিন আগে একটি প্রবণতা কেন্দ্রীয় সরকারের দেখা গিয়েছিল—৭২ হাজার শ্রমিককে ৬৪টি কোলিয়ারী থেকে ছাঁটাই করবার পরিকল্পনা। তাদের এই পরিকল্পনা যদি কার্যকরী হয় তাহলে সমগ্র পশ্চিমবঙ্গ ধ্বংস হয়ে যাবে। আবার তারা গোপনে সি. এ্যান্ড এম. ডি.-র মাধ্যমে সমস্ত জেনারেল ম্যানেজারদের কাছে সার্কুলার পাঠিয়েছেন এবং তাতে বলেছেন, ৬৪টি কোলিয়ারী বন্ধ করে দিতে হবে। এটা হলে আসানসোল শিল্পাঞ্চল এলাকায় আগুন জ্বলবে। তাই এর বিরুদ্ধে আমার প্রতিবাদ আমি মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে জানাতে চাই।

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফরাক্কা ব্যারাজ থেকে জল বইবার জন্য যে ফিডার ক্যানাল কাটা হয়েছে সেই ক্যানালের দুই পাশে সোস্যাল ফরেস্ট্রী করা হয়েছিল। তার ফলে ক্যানালের দুই পাশে প্রচুর ভাল ভাল গাছ হয়েছে।বর্তমানে ফরাক্কা পঞ্চায়েত সমিতি কয়েকজন দালালকে দিয়ে এক হাজার গাছ বিক্রি করবার চেষ্টা করছে। সেখানে আরো

গাছ তারা বিক্রি করবেন। ওখানকার পঞ্চায়েত সমিতি কংগ্রেস পরিচালিত। তারা আইন না মেনে ঐ গাছগুলি বিক্রি করবার চেষ্টা করছেন। এটা যাতে বন্ধ হয় এবং উপযুক্ত তদন্ত করে দোষীদের শাস্তি দেবার জন্য আমি মাননীয় বনমন্ত্রীর কাছে দাবী রাখছি।

[2.10–2.20 p.m.]

**শ্রী অসিত মিত্র ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। সেটি হলো এই যে, বিধানসভার সদস্যদের নিজস্ব এলাকার সঙ্গে সংযুক্ত হয়ে কাজ করার কোন রাস্তা নেই। তাদের শুধুমাত্র কয়েকটি সার্টিফিকেট দেবার কাজ ছাড়া অন্য কোন কাজ নেই। সাংসদরা যেখানে দু'কোটি করে টাকা পাচ্ছেন, সেখানে বিধানসভার সদস্যরা কি ৫০ লক্ষ করে টাকা পেতে পারেন না? এর আগে যখন এই দাবী রাখা হয়েছিল, তখন মাননীয় পরিষদীয় মন্ত্রী প্রবোধ চন্দ্র সিংহ মহাশয় বলেছিলেন, এটা নিয়ে ভাবনা-চিন্তা হচ্ছে। কিন্তু আজ পর্যন্ত বিধানসভার সদস্যদের নিজস্ব এলাকায় কাজ করার কোন সুযোগ দেওয়া হয়নি। সাংসদরা যেখানে দু'এক হাজার ভোটে জিতে দু'কোটি টাকা খরচ করতে পারেন, সেখানে বিধানসভার সদস্যরা এক লক্ষ ভোটে জিতলেও ৫০ লক্ষ টাকা খরচ করতে পারবেন না? আমি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মানিক মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে উল্লেখ করছি। কেন্দ্রীয় সরকারের সীমাহীন বঞ্চনা এবং বিধানসভার ভেতরে এবং বাইরে কংগ্রেস দলের কুৎসা সত্ত্বেও রাজ্যের আন্দোলনরত মূর্ত প্রতীক বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রে পরীক্ষামূলক উৎপাদনের কাজ শুরু হয়েছে ১৭ই জুলাই থেকে। এই উপলক্ষে আগামী ২৩শে জুলাই মাননীয় মুখ্যমন্ত্রী এর উদ্বোধন করবেন। সারা দেশের মধ্যে নির্দিষ্ট সময়ে এবং কম খরচে উন্নতমানের এই প্রকল্প সারা রাজ্যে একটি নতুন দৃষ্টান্ত হয়ে দেখা দিয়েছে সারা রাজ্যের মানুষের আশা-আকাঙ্খার প্রতীক হিসাবে। রাজ্য সরকার, এর রূপায়নের কাজে সংশ্লিষ্ট সকলকে এবং রাজ্যের জনগণকে এই সভা থেকে আমি অভিনন্দিত করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল ঘোষিত হয়েছে। যে সমস্ত ছাত্রছাত্রী শতকরা ৮০ নম্বর পেয়ে পাশ করেছে তারা তাদের ঈপ্সিত স্কুলে বা কলেজে ভর্তি হতে পারছে না। এমন কি ৮০ পার্সেন্ট মার্কস পাওয়ার পরেও তারা তাদের নিজেদের স্কুলেও ভর্তি হতে পারছে না। বিশেষ করে দক্ষিণ কলকাতায় নামীদামী স্কুলগুলিতে, যেমন সাউথ পয়েন্ট স্কুলে, সেই স্কুল থেকে পাশ করেও সেখানে চান্স না পেয়ে বিতাড়িত হচ্ছে। অন্য স্কুলেও তারা ভর্তি হতে পারছে না। এই সমস্ত মেধাবী ছাত্রছাত্রীরা এই সেশানে আদৌ ভর্তি হতে পারবে কিনা তা জানি না। কারণ ইতিমধ্যেই ভর্তির সময় সীমা শেষ হয়ে গেছে। ৮০ শতাংশ মার্কস্ পাওয়ার পরেও তারা কলেজ থেকে অনার্স সাবজেক্টের ফর্ম পাচ্ছে না। ছেলেমেয়েদের ভর্তি নিয়ে তাদের অভিভাবকরা ক্লান্ত হয়ে পড়েছেন। আমি মাননীয়

উচ্চশিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করবো, এই সমস্ত মেধাবী ছাত্রছাত্রীরা যাতে অবিলম্বে ভর্তি হতে পারে তার জন্য তিনি হস্তক্ষেপ করুন। তা না হলে তারা অন্য রাজ্যে চলে যাবে। আমি এই অবস্থায় মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর আশু হস্তক্ষেপ দাবী করছি।

**শ্রীমতী মিলি হীরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি বিপণন বিভাগের এবং একই সঙ্গে প্রাণীসম্পদ বিভাগের মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে তাদের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কনষ্টিটিউয়েন্সীতে হরিণঘাটার বিস্তীর্ণ অঞ্চল কৃষিজাত পণ্যের একটি সমৃদ্ধ অঞ্চল। ওখানে টু-থার্ড অফ দি টোটাল পপুলেশান কোন না কোন ভাবে কৃষির সঙ্গে যুক্ত। দুঃখের বিষয়, কৃষিজাত পণ্য বিক্রির ক্ষেত্রে কৃষকরা বাধ্য হচ্ছে বৃহৎ ব্যবসায়ীদের কাছে যেতে। আর একটি বিষয় হলো, এ্যানিমাল হাজব্যান্ড্রি ডিপার্টমেন্টের জায়গা রয়েছে ন্যাশানাল হাইওয়ে ৩৪ জাঙ্গাল রোডে। প্রাণী সম্পদ বিভাগের প্রায় ১৬ একর জায়গা আন-ইউজড রয়ে গিয়েছে। সেখানে ফডার চাষের কথা ছিল, কিন্তু ফার্মে ফডার চাষ করে না। এই হোল্ডিংয়ের মধ্যে প্রায় ১৬ একর জমির মধ্যে ৭ একরের মত জায়গা ব্যবহার করে ৪০০ মত প্লটিং করে রেগুলেটেড মার্কেট করা যায়। তাহলে বিস্তীর্ণ এলাকার মানুষ উপকৃত হবে। আমি আগেই বলেছি এখানে টু-থার্ড অফ দিয়ে টোটাল পপুলেশান লোক কৃষির সঙ্গে যুক্ত। সুতরাং এখানে রেগুলেটেড মার্কেট হলে সামগ্রিকভাবে উপকার হবে। সোস্যাল ইকোনমিক কন্ডিশান ডেভালাপমেন্টের ক্ষেত্রে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এখানে হোল্ডিং করে পঞ্চায়েত সমিতির হাতে এই পরিমাণ জমি হস্তান্তর করা যায় এবং রেগুলেটেড মার্কেট করা যায় তাহলে এলাকার মানুষের উপকার হবে এই কথা বলে বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল মহেশতলা এবং আরো দুটি পৌরসভার নির্বাচন হল। প্রচন্ড কারচুপি করেছে ওখানে সি পি এমের তথা বামফ্রন্ট সরকারের লোকেরা। তারা বুথের মধ্যে ঢুকে প্রিসাইডিং অফিসার এবং পুলিশের সামনে এইসব কাজ করেছে। কাগজেও ফলাও করে এই খবর বেরিয়েছে। পুলিশ সেখানে নীরব থেকেছে। এর ফলে আমাদের পার্টির ছেলেদের উপরে মারধর হয়েছে। আমাদের অনেক কর্মী মার খেয়েছে। ওদের নিজেদের দলের মধ্যে অন্তর্দ্বন্দের ফলে সি পি এম গ্রুপের মধ্যে মারামারি হয়েছে, এর ফলে পরিবেশ নষ্ট হয়েছে। আগামী দিনে যে নির্বাচন তাতেও এই ধরণের কারচুপি করলে খুব গন্ডগোল হবে। প্রিসাইডিং অফিসাররা যে সব ছেলে বুথে ঢুকে ভোট দিয়েছে তাদের নাম এবং তার বাবার নাম পর্যন্ত জিজ্ঞাসা করে নি। এইভাবে বাইরের থেকে এসে এক একটা বুথে ভোট দিয়ে চলে গেছে। পশ্চিমবঙ্গের শান্তিপ্রিয় মানুষ এতে উদ্বিগ্ন। এইভাবে ফলস্ ভোট দিয়ে বাইরের এলাকার ছেলেরা এসে ভোট দিয়ে চলে গেছে— এই কারচুপি বন্ধ করা দরকার এবং সুষ্ঠু নির্বাচন চালানো দরকার বলে আমি মনে করি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার পিংলাতে সেচ বিভাগের একটি

বাংলো বাড়ি রয়েছে। ওই বাংলো বাড়িটি আড়াই একর জমির উপরে অবস্থিত এবং একটি এক একরের পুকুর রয়েছে। পাশাপাশি অনেক খালি জায়গা পড়ে রয়েছে। ওই পুকুরটি সংস্কার করে পাবলিকের কাজে ব্যবহার করা যেতে পারে। এছাড়া ওখানে প্রচুর সেগুন গাছ আছে, তার কাঠও চুরি করে নিয়ে চলে যাচ্ছে। সুতরাং ওই বাংলোটির সংস্কার করা হোক এবং পাবলিক প্রপার্টি যাতে নষ্ট না হয় সেই আবেদন আমি রাখছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচিত এলাকা থানা কালিগঞ্জ। ওই নির্বাচিত এলাকার একদম পশ্চিমপ্রান্তে ভাগিরথী নদীর পাশে অবস্থিত অন্তত ১০টি গ্রামপঞ্চায়েত এলাকা নিয়ে কালিগঞ্জ থানা। এর ফলে ওখানে সুষ্ঠু প্রশাসন ব্যবস্থা পেতে খুব অসুবিধা। সেই কারণে আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন যে, কালিগঞ্জ থানাকে দুটি ভাগ করে একদিকে কালিগঞ্জ থানা পাঁচটি অঞ্চলকে নিয়ে করা হোক এবং আরেক দিকে পাঁচটি অঞ্চল নিয়ে দেবগ্রামে আরেকটি থানা করা হোক।

[2.20–2.30 p.m.]

**শ্রী অজিত পান্ডে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর প্রশ্নর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মার্কিণ সাম্রাজ্যবাদ তাদের দেশের একজন মানুষের কণ্ঠস্বর বিপ্লবী সাংবাদিক মুনিয়া আবু জামালকে ফাঁসি দিচ্ছে, তার ফাঁসির দন্ডাদেশ দিয়েছে। আমি আপনার মাধ্যমে ভারত সরকারের কাছে আবেদন করছি, এই বিপ্লবী সাংবাদিক মুনিয়াকে ছিনিয়ে আনা হোক এবং তার সাথে সাথে আর একটি কথা বলতে চাই, পাকিস্তান গভর্ণমেন্ট সেখানকার বিখ্যাত সাংবাদিক নাজিম শেঠির সমস্ত অধিকার কেড়ে নিয়েছে, এটা বন্ধ হওয়া দরকার। পৃথিবীর সমস্ত মানুষের হয়ে, এক হয়ে দাবী করছি অবিলম্বে এটা যেন বন্ধ হয় এবং মুনিয়া আবু জামালকে যেন ছিনিয়ে আনা হয়।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি হাউসকে জানাচ্ছি, কার্গিল যুদ্ধ শেষ হয়েছে-ভারতবর্ষের প্রতিরক্ষামন্ত্রীর বিবৃতি অনুযায়ী ভারতীয় ভূখন্ডয় আর কোন পাক অনুপ্রবেশকারী নেই। কিন্তু এই যুদ্ধ শেষ করতে আমাদের বিরাট আত্মত্যাগ করতে হয়েছে, জওয়ানদের আত্মত্যাগ করতে হয়েছে, ৪০০-র কাছাকাছি জওয়ান মারা গিয়েছেন, ৮০০-র মত জওয়ান আহত, অনেক গুরুতর আহত। আমাদের হাউসে যে প্রস্তাব ছিল, মৃত সৈনিকদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান উচিত। আহত সৈনিকদের পাশে দাঁড়ানো উচিত এই কথাটা স্পষ্টভাবে বলতে চাই। আর একটি কথা আমি বলতে চাই, কার্গিল-এর যুদ্ধজয় কোন নেতার জয় নয়, কোন রাজনৈতিক দলের জয় নয়, কোন সরকারের কৃতিত্ব নয়, ভারতবর্ষের সেনাবাহিনীর অসীম সাহস ও বীরত্ব আমাদের কার্গিল এর যুদ্ধ জয় নিশ্চিত করেছে। আজকে সারা দেশ এদের পিছনে দাঁড়িয়েছে, এদের সমর্থন করে বলছি, এই বিধানসভার পক্ষ থেকে কার্গিল-এর যুদ্ধের জন্য যারা দায়ী সেই পাকিস্থানের নওয়াজ শরিফের চক্রান্তকে যারা ব্যর্থ করে দিয়েছে,

সেই বীর সৈনিকদের প্রতি শ্রদ্ধা জানাচ্ছি। বিশেষ করে শ্রদ্ধা জানাচ্ছি, আমাদের বাংলার ছেলে কণাদ ভট্টাচার্য্যর প্রতি। ভারতবর্ষের সেনা অফিসাররা এটাই প্রমাণ করেছেন তারা যুদ্ধে আগে প্রাণ দেন তারপরে জওয়ানরা প্রাণ দেন।

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভারত সরকারের বিশেষ করে পূর্ত দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সৌগতবাবু এখানে উল্লেখ করলেন কার্গিল-এর যুদ্ধে কণাদ ভট্টাচার্য্য বরানগরের ছেলে মারা গিয়েছেন, তার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আমি আবেদন করবো যেন বরানগরের বনহুগলী অঞ্চলে তার যেখানে বাড়ী তার আশেপাশে একটি স্মৃতিস্তম্ভ করা যায় কিনা। আমার মনে হয়, কালকে যখন তার মরদেহ আসে আমরা সেখানে ছিলাম আমাদের শ্রমমন্ত্রী শান্তি ঘটক মহাশয়ও ছিলেন সেখানে, আমরা দেখেছি হাজার হাজার যুবক সেখানে এসে জড় হয়েছে, তাদের মধ্যে একটা অভূতপূর্ব উন্মাদনা দেখেছি, কণাদ ভট্টাচার্য্যর মৃত্যু, তাদের স্বদেশের প্রতি যে উন্মাদনা তাতে উদ্বুদ্ধ করেছে তাই কণাদ ভট্টাচার্য্যর স্মৃতি স্তম্ভ করার জন্য আমি আবেদন জানাচ্ছি। আশা করি হাউস তা সমর্থন করবে।

**শ্রী কমল মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূতল পরিবহণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার চন্দননগরে বিশেষ গুরুত্বপূর্ণ ফেরিঘাট হল রাণীঘাট। এখান দিয়ে লোকে লঞ্চে উঠানামা করে। ঘাটটি বাঁশের, এটি ভগ্ন ও জীর্ণ দশা। অবিলম্বে এই বাঁশের ওঠানামার জায়গাটির পরিবর্তন করে ভাসমান জেটি করার জন্য আপনার মাধ্যমে ভূতল পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকা সুন্দরবন, সেখানে যাতায়াতের জন্য একটিমাত্র রাস্তা আছে। কংগ্রেসীরা ত্রিরিশ বছর ধরে ক্ষমতায় ছিলেন, কিন্তু তারা ওখানে কোন রাস্তা করেনি। আমাদের আমলে একটিমাত্র রাস্তা তৈরী হয়েছে—হাসনাবাদ থেকে হিঙ্গলগঞ্জ এবং দুলদুলি থেকে হেমনগর, এই রাস্তা দুটি পি. ডবলু. ডি.-র রাস্তা। এই রাস্তা দুটি অবিলম্বে সংস্কার করার জন্য এবং মেরামতির জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন রাখছি।

**श्री राम जनम माँझी** : आदरणीय डिपुटी स्पीकर सर, मै आपके माध्यम से स्वास्थ मंत्री का ध्यान आकर्षित करना चाहता हूँ। हमारे विधान सभा केन्द्र के अन्दर पहले से जो हेल्थ सेन्टर है उसकी यह अवस्था है कि अभी वर्षा के दिनों में छत से पानी गिरता है। अभी वहाँ दवाइयां नही है। रात मे विसी को यदि सांप काट ले तो उ उसे दवाई नही मिल पाता है। हेल्थ सेन्टर मे किसी प्रकार की कोई सुविधा नही मिल रही है। हेल्थ सेन्टर मे जो पार्ट टाइम डाक्टर, नर्स की कोई व्यवस्था नही है। मै माननीय स्वास्थ मंत्री से अनुरोध करता हूँ कि इस ओर ध्यान दे। सर, आउट डोर-इन डोर की कोई व्यवस्था है। बरसात का समय है। मरीजों को काफी मुसीबत का सामना करना पड़ता है। एक बार फिर स्वास्थ मंत्री से अनुरोध करता हूँ कि हेल्थ सेन्टर की अवस्था की ओर ध्यान देंगे।

**শ্রী প্রত্যুষ মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮৮-৮৯ সালে এস. ই. বি তাদের অপারেশানাল এবং মেইনটেনেন্সের কাজ পরিচালনার জন্য এবং চারটি ব্লককে সুপারভাইজ করার জন্য আমতায় একটি সাব-ডিভিশান অফিস স্থাপন করেছিল। তারা সেখানে কিছুদিন কাজও করেছিল। জানিনা, হঠাৎ কোন আদেশ বলে গত ১৯৯১ সালে ঐ সাব-ডিভিশান অফিসটি আমতা থেকে হাওড়া শহরের রাণিহাটিতে স্থানান্তরিত করা হয়। আমতায় চারটি ব্লকে, আমতা এক, দুই, উদয়নারায়ণপুর এবং জগৎবল্লভপুর এলাকায় লোট্রান্সমিশান এবং বিদ্যুৎ ডিষ্ট্রিবিউশানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছিল। কেন সেখানে এই অফিসটি ট্রান্সফার করা হবে। এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং ব্যবস্থা নেওয়ার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলার চাঁচোল থানার পি. ডব্লু. ডি রোডসের চাঁচোল থেকে স্বরূপগঞ্জ রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ রাস্তা। বিগত ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাটি আজও পর্যন্ত সম্পূর্ণভাবে মেরামত হয়নি। পার্শ্ববর্তী হরিশচন্দ্রপুর থানার জনবহুল বিভিন্ন গ্রামের এবং বাংলার শেষ প্রান্ত বিহারের সঙ্গে যোগাযোগের রাস্তাটি মেরামতের অভাবে যানবাহন চলাচলের সম্পূর্ণ অযোগ্য। রাস্তা মেরামতের ব্যবস্থা না হওয়ার জন্য ঐ রুটের সমস্ত বাস, মিনিবাস, ম্যাক্সি, ম্যাটাডোর সহ সব রকমের যানবাহন চলাচল বন্ধ। ফলে হাজার হাজার বিভিন্ন পেশার সঙ্গে যুক্ত মানুষ চরম দুর্ভোগের মধ্যে আছেন। অবিলম্বে জনস্বার্থে রাস্তাটি মেরামতের জন্য আপনার মাধ্যমে মাননীয় পূর্ত দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2.30–2.40 p.m.]

**শ্রী পুর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলা থেকে আমরা দুজন লোককে ডায়ালিসিস করতে পাঠিয়েছিলাম মেডিক্যাল কলেজে। আমরা শুনলাম যে, সেখানে দুটো যন্ত্র ছিল, তার মধ্যে একটি এন. আর. এস. হাসপাতালে চলে গেছে আর একটি কয়েক বছর ধরে খারাপ হয়ে পড়ে আছে। মেডিক্যাল কলেজে যদি বিশ্ব ব্যাঙ্কের টাকায় সিটি স্ক্যান করা যায় তাহলে নিও-সার্জারি এবং নিও-মেডিসিনে অনেক লোক উপকৃত হবে। ঐখানে রোগীদের আত্মীয়স্বজনদের অপেক্ষা করার জন্য একটি ওয়েটিং রুম করা দরকার। এই তিনটি বিষয়ে দৃষ্টি দিতে সংশ্লিষ্ট মন্ত্রীদের অনুরোধ করছি।

**শ্রী মহঃ সোহরব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার সূতি থানার লোকায়তপুর গ্রামে সব মানুষই পিছিয়ে পড়া ধানুক সম্প্রদায়ের। সেখানকার গোপাল মন্ডল এবং আরও ২৪টি পরিবার গত '৯১ সাল থেকেই ঘর ছাড়া, গ্রাম ছাড়া। সি. পি.

এম.-এর অত্যাচারের জ্বালায় এখন তারা বিভিন্ন জায়গায়, বিভিন্ন গ্রামে বাস করতে বাধ্য হচ্ছে। পুলিশ প্রশাসনের কাছে বলেছি, ব্যক্তিগত ভাবেই আলোচনা করেছি, কিন্তু তারা এখনও গ্রামে ঢুকতে পারছে না। তারা যাতে নিজের গ্রামে শান্তিতে বসবাস করতে পারে, নিজেদের জমিজমায় বাস করতে পারে তা সুনিশ্চিত করার দাবী জানাচ্ছি মাননীয় মন্ত্রীর কাছে।

**শ্রী দিবাকান্ত রাউত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩-রা জুলাই আমাদের হুগলী জেলার পাট চাষীরা বি. ডি. ও অফিসে এবং জে. সি. আই.-এর সামনে পাটের দাম ১ হাজার টাকা কুইন্টা দাবীতে এবং নতুন নতুন পাট ক্রয় কেন্দ্র খোলার দাবীতে ডেপুটেশন দিয়েছিল। সম্প্রতি কেন্দ্রের তদারকি সরকার পাটের ন্যূনতম মূল্য যা নির্ধারণ করেছেন, তাতে পাট শিল্পের সঙ্গে যুক্ত লক্ষ লক্ষ শ্রমিক কর্মচারী ক্ষতিগ্রস্ত হবে। এদিকে হুগলী জেলার শেওড়াফুলিতে তিনটি পাট ক্রয় কেন্দ্র বন্ধ করে দেওয়া হয়েছে। যারা পাট বিক্রি করতে যাচ্ছে, তাদের নগদে পেমেন্ট না করে চেকে পেমেন্ট করা হচ্ছে। এর ফলে চাষীরা খুব হয়রান হচ্ছে। জে. সি. আই.-এর কাছে যাতে চাষীরা তাদের দাবী সনদ পেশ করতে পারেন, সেটা নিশ্চিত করার জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব এ্যান্ড ভেটারনারি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান সরকার সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব মানুষদের এমপ্লয়মেন্ট এ্যাসিওরেন্স দিচ্ছেন এবং তাদের কোটা নির্দিষ্ট করেছেন। মালদহ জেলায় '৯৫ সালে ভেটারিনারি ফিল্ড এ্যাসিস্ট্যান্ট নিয়োগ করার জন্য ৩১৯ জনের প্যানেল হয়। তার মধ্যে থেকে ৭৩ জন যারা ইন্টারভিউ দিয়েছিল তাদের নিয়োগ করার ক্ষেত্রে ৭৩ জনের মধ্যে ১৭ জন সিডিউল কাস্ট— যাদের সিট রিজার্ভ সিট ছিল। এই ১৭ জনের মধ্যে ৭ জনকে এস. সি. রিজার্ভ কোটায় নেওয়া হয় বা এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় এবং ১০ জনকে - এক শ্রেণীর অফিসাররা টাকার বিনিময়ে জেনারেল ক্যাটাগরি থেকে এ্যাপয়েন্টমেন্ট দিয়েছে। যে সমস্ত সিডিউল কাস্ট ক্যান্ডিডেটদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া যায় নি, তাদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়ার জন্য এবং যারা দুর্নীতি করেছে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার জন্য দাবী জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পীকার স্যার, কার্গিল যুদ্ধ নিয়ে এখানে বলা হল। কার্গিল যুদ্ধে আমাদের পশ্চিমবঙ্গের, সারা ভারতের অনেক জওয়ান এবং সেনানায়ক, অফিসার মারা গেছেন। তাদের কৃতজ্ঞ চিত্তে স্মরণ করছি এবং তাদের সম্পর্কে ভাবছি। আমি এই কথা বলতে চাইছি যে, এই কার্গিল দ্রাস, বাতালিক, মাতাসা এলাকায় যুদ্ধ চলাকালীন বহু অসামরিক লোক মারা গেছেন। এই পাকিস্তানী হানাদার এবং জঙ্গীদের আক্রমণে যে সমস্ত অসামরিক ব্যক্তি মারা গেছেন, তাদেরও আমাদের স্মরণ করা উচিত এবং ওই যুদ্ধ চলাকালীন ওই সমস্ত এলাকায় বহু মানুষ তাদের ঘরবাড়ি ছেড়ে দিয়ে তাদের বাচ্চা নিয়ে অনেক দূর দূরান্তরে চলে গিয়েছিল এবং তাদের অনেক দুঃখে-কষ্টে

দিন কাটাতে হয়েছে এই সময়টাতে। আমাদের পক্ষ থেকে তাদেরও স্মরণ করা উচিত। কাজেই সমস্ত বিষয়টা ভাবতে হবে। এই যুদ্ধ প্রকৃতপক্ষে বিজেপির যে কেয়ার টেকার গভর্ণমেন্ট, তাদের অপদার্থতার জন্যই হয়েছে। কারণ এতগুলি ভূমি, এতগুলি পাহাড়ের চূড়া ওই হানাদারদের কবলে চলে গেল, অথচ তারা দেখলেন না? তাদের না দেখার ফলেই এই অসামরিক লোকগুলি মারা গেছেন। এই ব্যাপারে আমাদের ভাবা উচিত এবং কনাদ ভট্টাচার্য্য মারা গেছেন, তাকেও আমাদের স্মরণ করা উচিত।

**শ্রীমতি শান্তা ছেত্রী ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ট্যুরিজম ডিপার্টমেন্ট হচ্ছে ডি জি এইচ সির ট্রান্সফার সাবজেক্ট। এখানের ট্যুরিজম ইন্ডাষ্ট্রিকে ডেভেলপ করার জন্য অন্তত ২ কোটি টাকা রাজ্য সরকারের পক্ষ থেকে বরাদ্দের জন্য দাবি জানাচ্ছি। তার সাথে আর একটি ব্যাপারে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দার্জিলিং হিল কাউন্সিলের পক্ষ থেকে এতদিন কার্শিয়াংকে ট্যুরিজম ম্যাপে ইনক্লুড করা হোক বলে দাবি জানিয়ে এসেছিল। গত কাউন্সিল ইলেকশানে বামপন্থী পার্টি থেকেও ইলেকশান ম্যানিফেস্টোতে কার্শিয়াংকে ট্যুরিজম ম্যাপে ইনক্লুড করা হোক বলে বলা ছিল। আজ পর্যন্ত এটা কার্যকর করা হয়নি। কার্শিয়াংকে ট্যুরিজম ম্যাপে ইনক্লুড করার জন্য দাবি জানাচ্ছি।

## ZERO HOUR

**শ্রী রবীন দেব ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, কবি ঔপন্যাসিক, গল্প লেখক, নাট্যকার, অঙ্কণশিল্পী কার্টুনিস্ট ডঃ বলাইচাঁদ মুখোপাধ্যায়, যিনি বনফুল নামে পরিচিত, তার আজকে জন্মদিন। আজকে তার জন্মশতবর্ষ। এই রকম লেখক একাধারে চিকিৎসক, সাহিত্যে তার অনেক অবদান রয়েছে। ঔপন্যাস থেকে ছোট গল্প, এমন কি নাট্য জীবনী, এইসব নিয়ে তিনি অনেক লেখা লিখেছেন। তার লেখা ডানা, নিমগাছ এগুলি উল্লেখযোগ্য। তৃণখন্ড হচ্ছে তার প্রথম উপন্যাস। তারপর তিনি মধুসূদন বিদ্যাসাগরের উপর জীবনী নাট্য লিখে গেছেন। কৌতুক নাট্যও তিনি লিখে গেছেন। তার লেখা হাটে বাজারেও উল্লেখযোগ্য। এই রকম শিল্পীর জন্মশতবর্ষ পালনের জন্য আমি আবেদন জানাচ্ছি এবং তার ছেলেরা চিরন্তন এবং অসীমবাবু রয়েছেন, তার যে সমস্ত লেখা অপ্রকাশিত রয়েছে, সেগুলি যাতে প্রকাশের ব্যবস্থা করেন, তার দিকে দৃষ্টি আকর্ষণ করছি।

(এই সময় মাইক অফ হয়ে যায়)।

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মেদিনীপুর জেলায় আমি গতকাল খবর নিয়ে এসেছি যে, বিভিন্ন জায়গায় কুকুরে কামড়ের সংখ্যা এবং সাপে কাটার রোগীর সংখ্যা বাড়ছে। বিভিন্ন হাসপাতাল থেকে জেলাকেন্দ্র স্টোরে যখন এ আর ডি, এ ভি পি নিয়ে যাওয়া হয়, তখন সেখানে ১০০ ভাগের মাত্র ২৫ ভাগ ডেলিভারী দেওয়া হচ্ছে। এই সময় ভীষণ অভাব, এই অবস্থা বুঝুন, প্রত্যেকটি হসপিটালে এই অবস্থা দাঁড়িয়েছে যে ইনডেন্ট

পাঠানো হচ্ছে তার ২৫ পারসেন্টের বেশী পাচ্ছে না। মেদিনীপুর একটা বৃহত্তর জেলা সেখানে কেন্দ্রের যে সেন্ট্রাল মেডিসিন সেন্টার আছে সেখানে এই অবস্থা চলছে। সেখানে সাপে কামড়ানো, কুকুরে কামড়ানোর ইনজেক্‌শান-এর ভয়ঙ্কর অভাব দেখা দিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি নিজে দায়িত্ব নিয়ে নিজে এগিয়ে এসে এই অভাব দূর করুন।

[2.40–2.50 p.m.]

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরীমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৫৪ সালে হাওড়ার উলুবেড়িয়ায় জগতপুরে একটি কারিগরী শিল্প প্রতিষ্ঠা হয়, সেখানে ছাত্রছাত্রীদের টাইপিং এবং নানান রকম শিক্ষা দেওয়া হয়, সেখানে ৩৮০০ টাকা করে দেওয়া হয়। আজ এই বামফ্রন্ট সরকারের আমলেও মাত্র ৩৮০০ টাকা দেওয়া হয়। ৪, ৫ বিঘা জমি নিয়ে সেই প্রতিষ্ঠানটিতে টাইপিং, টেলারিং, প্রিন্টিং, উল নিটিং, উইভিং, কার্পেন্টিং ইত্যাদি বিষয়গুলি শেখানো হয়। আমি আপনার মাধ্যমে কারিগরী মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি সেখানে এই টাকার পরিমাণটা বাড়াতে হবে এবং সেখানে আরও কিছু কর্মসূচী গ্রহণ করতে হবে।

**শ্রী সুভাষ চন্দ্র সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর এবং একসঙ্গে ভূমিরাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নয়াগ্রাম বিধানসভা এলাকায় গোপীবল্লভপুরে আজকে থেকে ২৫ বছর আগে জমি অধিগ্রহণ করা হয়েছিল, কিন্তু ওই রাস্তার জমির অনেক কৃষকই এখনও তাদের ক্ষতিপূরণের টাকা পায় নি। সেজন্য তারা বারে বারে আন্দোলন করছে এবং রাস্তা ঘেরাও করছে, এতে রাস্তায় যান চলাচলের অসুবিধা হচ্ছে এবং সেখানে মানুষের ক্ষোভ বাড়ছে। আমি আপনার মাধ্যমে এই গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রী এবং ভূমিরাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি তাদের অবিলম্বে সেই ক্ষতিপূরণের ব্যবস্থা করা হোক।

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। আপনিও নিশ্চয়ই জানেন এবং এই ব্যাপারে উদ্বিগ্ন। লক্ষ লক্ষ অভিভাবক এবং ছাত্রছাত্রী তারা আজকে অসুবিধার মধ্যে পড়েছে, হায়ার সেকেন্ডারী আজকে কলেজ থেকে তুলে দেওয়া হচ্ছে। বিশেষ করে উর্দু ভাষাভাষী ছাত্রছাত্রীর সংখ্যা অনেক, তারা বলছে আরেকটা নতুন পরিকাঠামোর বন্দোবস্ত না করে এটা তুলে দেওয়া ঠিক নয়। আমি খবর পেলাম তারা আজকে উর্দু একাডেমীতে ধর্ণা দিচ্ছে। আমি শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করবো আগামী ২ বছর এই উর্দু বিষয় নিয়ে যারা পড়াশোনা করে তাদের জন্য যে সমস্ত কলেজ ছিল সেগুলি আগামী ২ বছর রাখা হোক। আপনি ২ বছর পরে এগুলি তুলে দিলে কোন আপত্তি নেই। আমার এবং অন্যান্য অঞ্চলে এই উর্দু ভাষাভাষী ছাত্রছাত্রীরা অত্যন্ত বিপদের মধ্যে পড়েছে।

**শ্রী অসিত মাল ঃ** স্যার, আপনার পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি প্রত্যেকটি ব্লকে ব্লকে ব্লকলেভেল মনিটরিং ভিজিলেন্স কমিটি করা হয়েছিল পঞ্চায়েত সমিতি যাতে দুর্নীতি না করতে পারে তার জন্য। বিশেষ করে এম. এল. এ., এম. পি.-দের রাখা হয়েছে। কিন্তু সারা রাজ্যে ব্লক লেভেল মনিটরিং ভিজিলেন্স কমিটি প্রহসনে পরিণত হবার জন্য পঞ্চায়েত সমিতি দুর্নীতি করার সুযোগ পেয়ে যাচ্ছে। তাই আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, পঞ্চায়েত সমিতির মধ্যে যেখানে উন্নয়নমূলক কাজকর্ম হচ্ছে সেখানে ওয়ার্ক অর্ডার দিতে হবে এবং টেন্ডারের কপি প্রত্যেকটা কমিটিকে দিতে হবে। তাহলে যেখানে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার কাজ চলছে সেখানে তদারকি করতে পারা যাবে। তা না হলে রাজ্য সরকারের ব্লক লেভেল মনিটরিং ভিজিলেন্স কমিটি প্রহসনে পরিণত হবে এবং পঞ্চায়েত সমিতি দুর্নীতি করার সুযোগ পেয়ে যাবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এলাকার শরৎ বোস রোডের অশ্বিনী দত্ত মেমোরিয়াল গার্লস স্কুলের জমি প্রোমোটাররা কিনে নিয়েছে। যদিও এমন কোন আইন নেই। গত ৩।৪ দিন আগে কোর্ট থেকে লোক পাঠানো হয়েছিল ঐ স্কুলের জমি দখলের জন্য। তখন শ্রীমতী মমতা ব্যানার্জী এবং আমরা পুলিশকে ফিরিয়ে দিয়েছিলাম, স্কুল দখল করতে দিইনি। আজকে আবার ঐ স্কুলের জমি দখল করবার জন্য পুলিশ এসেছিল এবং আমি সকাল থেকে সেখানে ছিলাম। স্যার, ঐ স্কুল যাতে প্রোমোটার গ্রাস করতে না পারে সেটা দেখা দরকার। এজন্য প্রয়োজনীয় ২০ লক্ষ টাকার ১৬ লক্ষ টাকা যোগাড় স্কুল করেছে, আরো ৪ লক্ষ টাকা কম পড়ছে। স্যার, ঐ এলাকায় গরীব ছাত্রীদের জন্য কোন বিদ্যালয় নেই। তাই সরকার যাতে ঐ 'অশ্বিনী দত্ত মেমোরিয়াল গার্লস স্কুল' অধিগ্রহণ করে নেয় আমি তার জন্য আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** স্যার, একটা পয়েন্ট অফ ইনফর্মেশন আছে। আজ প্রায় ১০-১২ দিন ধরে মেদিনীপুর জেলা আদালতের আইনজীবীরা কর্ম বিরতি পালন করছেন এবং বিচারকদের কালো পতাকা দেখাচ্ছেন। তার কারণ হল, কোন পরিকাঠামো তৈরী না করে খড়গপুর সদর দক্ষিণ মহাকুমা কোর্ট সুপার মার্কেটে নিয়ে যাওয়া হচ্ছে। এই বিষয়ে সবং, ডেবরা, পিংলা, খড়গপুর গ্রামীণ এবং মেদিনীপুরের বিধায়করা আপত্তিও জানিয়েছেন। জেলাপরিষদের সভাধিপতি, বামফ্রন্টের আহ্বায়কও আপত্তি জানিয়েছেন। কিন্তু এ বিষয়ে জানি না কেন হস্তক্ষেপ করা হচ্ছে না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ ইনফর্মেশন আছে। স্যার, আমি বিধানসভার সমস্ত মাননীয় সদস্যদের জানাতে চাই যে, আমার বিধানসভা কেন্দ্রের রায়দিঘি বাজার, কালীনগর বাজার এবং কৃষ্ণচন্দ্র বাজার - এই তিনটে বাজারের লোকেরা ভিক্ষা করে ৪১ হাজার টাকা আনন্দবাজার পত্রিকার 'কার্গিল ফান্ড'-এ জমা দিয়েছে।

**শ্রী তাপস ব্যানার্জী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা খুবই লজ্জার বিষয় যে, নাগাল্যান্ড তথা অন্যান্য রাজ্যের মুখ্যমন্ত্রীরা যখন তাদের রাজ্যের নিহত কার্গিল শহিদদের ডেডবডি আসলে শ্রদ্ধা জানাচ্ছেন তখন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের রাজ্যের 'কার্গিল যুদ্ধের' নিহত শহিদদের প্রতি শ্রদ্ধা দেখাতে যাচ্ছেন না। নিচু লেভেলের কোন কোন মন্ত্রী গেলেও মাননীয় মুখ্যমন্ত্রী একবারের জন্যও তাদের শ্রদ্ধা জানাতে যাচ্ছেন না। তার যাওয়া উচিত। এই লজ্জায় আজ আমাদের মাথা হেঁট হয়ে যাচ্ছে।

[2.50–3.00 p.m.]

## LEGISLATION

### The West Bengal National University of Juridical Sciences Bill, 1999

**Shri Nishith Adhikari** : Sir, I beg to introduce the West Bengal National University of Juridical Sciences Bill, 1999.

(Secretary then read the Title of the Bill)

**Shri Nishith Adhikari** : Sir, I beg to move that the West Bengal National University of Juridical Sciences Bill, 1999, be taken into consideration.

**Mr. Dy. Speaker** : There is a motion for circulation of the Bill by Shri Abdul Mannan. Mr. Mannan may now move his motion.

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** ঃ স্যার, অন হিজ বিহাফ্ আমি বলছি। মান্নান একটা জরুরী কাজে ব্যস্ত আছে।

**মিঃ ডেপুটি স্পীকার** ঃ না, বলা যায় না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** ঃ স্যার, মান্নান একটা অ্যামেন্ডমেন্ট এনেছে, এই বিলটাকে সার্কুলেশনে দেওয়ার জন্য। আমি আপনাকে অনুরোধ করছি, আপনি মন্ত্রীকে বলুন এই বিলটা এখানে আলোচনায় না দিয়ে, এ সম্বন্ধে পাবলিক ওপিনিয়ন নিন। এটা নিয়ে পাবলিক বিতর্ক হওয়ার পরে এখানে আলোচনার জন্য নিয়ে আসুন।

**মিঃ ডেপুটি স্পীকার** ঃ শ্রীআব্দুল মান্নান ইচ্ছা করলে তার অ্যামেন্ডমেন্ট মুভ করতে পারেন। কিন্তু তিনি তা মুভ করছেন না।

**শ্রী সুব্রত মুখার্জী** ঃ স্যার, মেনশনের সময়, জিরো আওয়ারে বা কলিং অ্যাটেনশনের সময় নির্দিষ্ট সদস্যের অনুপস্থিতিতে সেটা অন্য কেউ বলতে পারে না। কিন্তু অ্যামেন্ডমেন্ট মুভ করার ক্ষেত্রে আপনার অনুমতি নিয়ে অন্য যে কোন সদস্য তা মুভ করতে পারেন। আমাদের চীফ্ হুইপ একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছেন, কিন্তু তিনি এই মুহূর্তে এখানে

উপস্থিত নেই, তিনি আমাদেরই একটা কাজে গিয়েছেন। আপনি অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করার জন্য আমাদের মুভ করার অনুমতি দিন। স্যার, কোশ্চেন আওয়ারে—বিশেষ করে স্টার কোশ্চেনের ক্ষেত্রে প্রশ্নকর্তা অনুপস্থিত থাকলে আপনি অন্য কাউকে অনুমতি নাও দিতে পারেন। কিন্তু অন্যান্য ক্ষেত্রে মন্ত্রী উপস্থিত না থাকলে আপনার অনুমতি নিয়ে সহকারী চীফ্ হুইপ বা পরিষদীয় মন্ত্রী প্রবোধবাবুকে আপনি বিবৃতি দিতে অনুমতি দেন। আপনার অনুমতি নিয়ে তারা অন্য মন্ত্রীর হয়ে বিবৃতি পেশ করেন। তাহলে আমাদের চীফ্ হুইপ আব্দুল মান্নানের অনুপস্থিতিতেও আপনার অনুমতি নিয়ে আমরা মুভ করতে পারি। সুতরাং আপনাকে আমি অনুরোধ করছি, আপনি ওটা আমাদের মুভ করার অনুমতি দিন। এই প্রসঙ্গে আমি বলতে চাই এই বিলের মধ্যে কতগুলি পয়েন্ট রয়েছে সেগুলি নিয়ে সিলেক্ট কমিটিতে আলোচনা করার প্রয়োজন আছে। সুতরাং সেগুলি নিয়ে সিলেক্ট কমিটিতে আলোচনা হোক। যে পরিকাঠামোর পরিপ্রেক্ষিতে এটা তৈরী হতে চলেছে, সেটা ভয়ঙ্কর।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** যে কোন মেম্বার মুভ করতে পারেন, কিন্তু সে ক্ষেত্রে আগে থাকতে নোটিশ দিতে হবে। উইদাউট নোটিশ মুভ করা যায় না।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** উইথ ইয়োর পারমিশন-টাই তো নোটিশ। এর চেয়ে বেশী নোটিশ লাগে না। রবীন মন্ডল বা প্রবোধ সিন্‌হা যখন মন্ত্রীদের বিহাফে আপনার অনুমতি নিয়ে বলতে পারেন, তখন আমরাও এ ক্ষেত্রে আপনার অনুমতি নিয়ে মুভ করতে পারি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** নোটিশ দিয়ে মুভ করতে হবে। এটা এইভাবে হয় না।

**Mr. Speaker :** As the member concerned is not present, it can't be moved by another member and that leave cannot be granted; as such the motion is not moved.

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, দি ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভারসিটি অফ জ্যুরিডিকাল সায়েন্সেস বিল, ১৯৯৯, এর উপর আমি আমাদের দলের তরফ থেকে বক্তব্য রাখছি। আমাদের দলের চীফ্ হুইপের দেওয়া এবং আমার দেওয়া কতকগুলি অ্যামেন্ডমেন্টকে আমি সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেওয়া অ্যামেন্ডমেন্টগুলি কি অ্যাকসেপটেড হয়েছে? কারণ, আমরা এখনো পাইনি।

**Mr. Speaker :** Mr. Roy, the amendment was filed at 1 O' clock this afternoon. It is being typed. In course of the debate it will be circulated.

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় আইনমন্ত্রী যিনি এই বিলটি ইনট্রোডিউস করেছেন এই আগষ্ট হাউসে তাকে আমি অনুরোধ করবো, আমার দেওয়া ৩টি অ্যামেন্ডমেন্ট এবং আমার দলের চীফ্ হুইপের দেওয়া অ্যামেন্ডমেন্টগুলি গ্রহণ করার জন্য। আমি অত্যন্ত আনন্দিত এবং অত্যন্ত খুশী যে, ১৯৯৩ সালে চীফ্ জাসটিসদের যে কনফারেন্স হয়েছে

তার ৬ বছর পর, ১৯৯৫ সালে আইন মন্ত্রীদের যে কনফারেন্স হয়েছে তার ৪ বছর পর এই সরকারের আইনমন্ত্রী ভেবেছেন বাঙ্গালোরের ধাঁচে একটা আইন বিশ্ববিদ্যালয় আমাদের বাংলায় হওয়া উচিত। আমাদের মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে আমরা সবাই খুবই উদ্বিগ্ন যে, ছেলেমেয়েরা আইন পড়তে এবং অন্যান্য বিষয় পড়তে বাইরে চলে যাচ্ছে। আমাদের অনেক বাড়ীর ছেলেমেয়েরা বাঙ্গালোরে পড়াশুনা করছে ইত্যাদি। কিন্তু এই বিদ্যাসাগরের বাংলায় যে আইন বিশ্ববিদ্যালয় হবে এটা খুবই আনন্দের কথা। কিন্তু এর পাশাপাশি আমি একটি কথা বলতে চাই যে কথা মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জী সঠিকভাবেই বলতে চেয়েছিলেন যে, কতকগুলি জিনিস এই বিলে ভয়ঙ্করভাবে রয়েছে। আমরা ঘর পোড়া গরু, সিঁদুরে মেঘ দেখলে আমরা ডরাই। আমি আইনমন্ত্রীর সঙ্গে কথা বলেছি, তিনি আমার অঞ্চলের বাসিন্দা। এই বিলে যে ব্যবস্থাগুলি রয়েছে তা আপনারা সংখ্যাগরিষ্ঠের জোরে কিংবা গায়ের জোরে পাশ করিয়ে নিতে পারেন, সেক্ষেত্রে আমাদের কিছু করার থাকে না। কিন্তু দৃষ্টি-ভঙ্গী যদি না থাকে - একটা বিশ্ববিদ্যালয়কে কি গ্রাস করবে না - একটা বিশ্ববিদ্যালয়ের আইন চত্বরকে যেখান থেকে ছেলেমেয়েরা বেরুবে যারা আগামী দিনের ভবিষ্যৎ, যারা আইনের ইন্টারপ্রিটেশন করবেন বিভিন্ন আদালতে সেটা কি অন্তত মুক্ত থাকবে রাজনীতি থেকে? গভর্ণমেন্টের এজেন্সি সেখানে থাকবে না, গভর্ণমেন্ট সেখানে কোন এজেন্ট নিযুক্ত করবে না? আর এ ছাড়া আমাদের আরো ভয় এবং আতঙ্কের ব্যাপার আছে কতকগুলি প্রশ্নে, সেগুলি আমি একটার পর একটায় আসছি। সেকশন-৩, সাবসেকশন - ৪ যেটা এখানে রাখা হয়েছে সেখানে হচ্ছে হেড-কোয়ার্টার অফ দি ইউনির্ভাসিটি স্যাল বি অ্যাট ক্যালকাটা। কোন্ কলকাতা? পোস্টাল কলকাতা নাকি পুরানো কলকাতা, নাকি এর জ্যুরিসডিকশন হচ্ছে মিউনিসিপ্যাল ক্যালকাটা, নাকি একটু আগে যেটা আলোচনা হল, সি. ই. এস. সির জ্যুরিসডিকশনের মধ্যে অর্থাৎ গোয়েঙ্কার কলকাতা — এটা পরিষ্কার করে বলা হয় নি। আইনের পরিভাষায়, আইনের যখন ব্যাপার রয়েছে তখন সেইভাবেই হওয়া উচিত।

[3.00–3.10 p.m.]

কোথায় হবে ঠিক হয়েছে কিনা জানি না কিন্তু নিশ্চয় সেটা কলকাতা নয়, কাজেই গ্রেটার ক্যালকাটা—এই শব্দটা এখানে আসা উচিত ছিল। মাননীয় আইনমন্ত্রী মহাশয়কে আমি এই বিষয়টি ভেবে দেখতে বলব। তারপর এখানে বডি যেভাবে করা হচ্ছে দেখছি তাতে আমাদের মনে হচ্ছে আপনারা নিজেদের বডি করে ফেলছেন। আমাদের আপত্তি এই জায়গাতেই। আমাদের কথা হ'ল, নিজেদের বডি করা চলবে না। আপনার কাছে অনুরোধ, এই যে ইউনির্ভাসিটিটা করছেন একে দলমতের ঊর্ধ্বে রাখুন, রাজনীতির ঊর্ধ্বে রাখুন। আপনি এটা রেসিডেনসিয়াল করার কথা বলেছেন, ভাল কথা, এটা রেসিডেনসিয়াল হওয়া উচিত কিন্তু তার পাশাপাশি বলব, এই যে আপনি ৫ কোটি টাকা দেবেন বলছেন দু বছরে এর উদ্দেশ্যটা কি? এরকম একটা ক্যামপাস করবেন, রেসিডেনসিয়াল করবেন আর ফাইনানসিয়াল মেমোরান্ডামে বলছেন দু বছরে ৫ কোটি টাকা মাত্র দেবেন। কি হবে এই টাকায়? এটা দেখে মনে হচ্ছে সামনে নির্বাচন আসছে

বলে এই রকম একটা বিল আনা হচ্ছে। আপনি এটা বুঝিয়ে বলবেন, কারণ আমরা মনে করি এই ৫ কোটি টাকা এ তো বলতে গেলে ভিত করতেই চলে যাবে। তারপর কি করবেন? ভিত করে বসে থাকবেন? আমি একটার পর একটা সেকশান নিয়ে এর পর বলব। সেকশান টু, সাব সেকশান (আই)—এখানে লেখা হয়েছে, কি Chief Justice of India shall be the chancellor of the University. কোন আপত্তি নেই, খুব ভাল জিনিস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও আছেন, আপনাকেও কয়েকটা জায়গায় রেখেছে স্যার। এতে আমাদের কোন আপত্তি নেই। আপনি আইনের লোক, আপনাকে রাখা হয়েছে, আপত্তি নেই কিন্তু আমাদের বেশ কয়েকটি জায়গায় আপত্তি আছে সেগুলি বলছি। যেমন এখানে রয়েছে appointment of University Review Committee. এখানে বোধ হয় আব্দুল মান্নান সাহেবের এ্যামেন্ডমেন্ট আছে। The Chancellor shall review the work of the University. এখানে আছে, not less than three eminent educationists এর মানে কি? একটা জায়গায় তো বাঁধতে হবে। ৩/৪/৫/৬/৭/৮ — যা হোক একটা বলুন। কোথাও তো থামবেন। আপনি নীচেরটা বলেছেন, উপরেরটা বলেন নি। Membership of General Council.

—স্যার, আপনি এটা একটু শুনবেন। হাউসে যতজন আছেন আমি বিশ্বাস করি তার মধ্যে আপনি আইনটা ভাল বোঝেন। আপনি একজন আইন-বিশারদ। আপনাকে রেখেছে স্যার। এতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু আর যাদের রেখেছে তাদের রাখা চলবে না এই কথাটাই আইনমন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে আমি বলতে চাই।

**মিঃ স্পীকার ঃ** তাপসবাবু, একটু বসুন, আমি কয়েকটি কথা বলি। আমি যা বুঝছি তা হল আমার আর বেশীদিন এখানে বসা চলবে না। আপনি আমাকে বললেন যে আমি 'ভাল বুঝি।' আমি যে ভদ্রমহিলার সঙ্গে ৪৮ বছর ঘর করছি তিনি আমাকে সকাল, বিকাল বলেন ঃ 'তুমি কিচ্ছু বোঝ না।' ওর সঙ্গে ঝগড়া হ'লে আমার ছেলেমেয়েরা বলে, 'বাবা, তুমি চুপ করো, মা যা বলছেন ঠিক বলছেন, তুমি কিছু বোঝ না।' আর আপনি বলছেন, আমি ভাল বুঝি। যাইহোক, আপনি বলুন।

**শ্রী তাপস রায় ঃ** স্যার, এখানে কিন্তু রেকর্ড হয়ে থাকলো যে আপনার বাড়ীতে বলে, আপনি কিছু বোঝেন না। স্যার, আমি আমার কথায় আবার ফিরে আসছি। এখানে সেকশান টু সাব সেকশান (আই) টা দেখুন। এটা কেন স্যার? এখানে আপনি দেখুন, স্পীকার থাকছেন, হায়ার এডুকেশান মিনিষ্টার থাকছেন, ল' মিনিষ্টার, ফিনান্স মিনিষ্টার থাকছেন, এ্যাডভোকেট জেনারেল নরনারায়ণ গুপ্তকে রাখা হয়েছে। সে গভর্ণমেন্ট নমিনি। তারপর আছে an eminent scholar nominated by the Government of West Bengal আমাদের কথা হ'ল, করা হোক কিন্তু নট বাই দি গভর্ণমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গল। তারপর সেকশান টু, সাব সেকশান (ও)। এখানে আছে টু distinguished educationists nominated by the Vice-Chancellor in Consultation with the Chancellor. এখানে আমাদের অনুরোধ, one should be by the Vice-Chancellor

and the remaining one should be nominated by the Chancellor. তারপরে মিটিং অব দি জেনারেল কাউন্সিল, সেকশান - ৬ দি জেনারেল কাউন্সিল শ্যাল মিট এ্যাট লিষ্ট ওয়ান্স ইন এ ইয়ার। এখানে যেটা এ্যাট লিষ্ট লেখা আছে, এই এ্যাট লিষ্টটাকে টোওয়াইজ করুন। এতগুলো ছেলেমেয়ের জীবন জড়িত, বছরে দু'বার করা যাবে না? যারা জেনারেল কাউন্সিলে থাকবেন তারা যদি বছরে দু'বার বসতে না পারেন তাহলে তাদের বাদ দিন না। একবারের জায়গায় বছরে অন্ততঃ দু'বার বসার বন্দোবস্ত করুন। তারপরে মেম্বারশীপ অব দি এক্সিকিউটিভ কাউন্সিল—এখানে বলছে, ল' সেক্রেটারী, এ নমিনি অব দি গভর্ণমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গল ফ্রম এমং দি মেম্বারস অব দি জেনারেল কাউন্সিল। এখানে আগেই বলে দিয়েছে যে, এখানে নমিনি থাকছে গভর্ণরের। সুতরাং ইট ইজ নট এ্যাপলিকেবল হেয়ার। ওখানে আপত্তি আগে জানিয়েছি এবং এ্যামেন্ডমেন্টের কথা বলেছি যে ওখানে গভর্ণর নমিনেট করবে। সুতরাং ঐ জেনারেল কাউন্সিল থেকে এক্সিকিউটিভ কাউন্সিলে যেটা আসবে, এ নমিনি অফ দি গভর্ণমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গল এমং দি মেম্বারস অব দি জেনারেল কাউন্সিল। এখানে বলা হয়েছে এ নমিনি অব দি গভর্ণর। তারপরে মেম্বারশীপ অব দি এ্যাকাডেমিক কাউন্সিল, এখানে বলছে, এ নমিনি অব দি গভর্ণমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গল। স্যার, গভর্ণমেন্ট অনেকদিন থাকছে। এক কথা বারবার বলতে হচ্ছে কারণ এখানে বারবার লেখা হয়েছে। সুতরাং এটা একটা দখল নেওয়া, একটা থাবা বসানো। আমার মনে এই জিনিসগুলি আপনাকে দেখতে হবে যে, কলকাতা বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর, রবীন্দ্র ভারতীতে এই শুভঙ্কর ভয়ঙ্কর মার্কা মানুষগুলো যাতে না আসে। আর ভাইস-চ্যান্সেলর - স্যার, এই রথীন ঘোষের মত এস. এফ. আই, ডি. ওয়াই. ও. এফ-এর ফিতা কাটা মানুষগুলি যাতে না আসে সেটা অন্ততঃ এখানে করুন। আর পবিত্র সরকার, এই সমস্ত মানুষ - কখনও দেখবো যে কেউ নিশীথবাবুর জীবনী লিখে ভাইস-চ্যান্সেলর হয়ে গেছে। এই জায়গায় আমাদের আপত্তি, আর কিছু নয়। এই সুরভিত এ্যান্টি সেপটিক ক্রীম বোরোলীন, এটা খুব মারাত্মক ব্যাপার। (এ ভয়েজ ফ্রম ট্রেজারী বেঞ্চ ঃ কোথায়?) হয়েছে তো, প্রো-ভাইস-চ্যান্সেলর হয়নি? সুরভিত এ্যান্টি-সেপটিক ক্রীম বোরোলীন। ভাইস-চ্যান্সেলর, স্যার, মারাত্মক ব্যাপারে আসছি। সিডিউল্ড ১৮-তে বলছে, দি ভাইস চ্যান্সেলর অব দি ইউনির্ভাসিটি শ্যাল বি এ্যাপয়েন্টটেড বাই দি এক্সিকিউটিভ কাউন্সিল। এখানে আমাদের এ্যামেন্ডমেন্ট রয়েছে দু'টো ক্ষেত্রে। প্রথম কথা হচ্ছে একজিকিউটিভ কাউন্সিল নিয়ে কি হবে এবং তারপরে যখন একজিকিউটিভ কাউন্সিল হয়ে যাবে, রেগুলেশান হয়ে যাবে, রুলস হয়ে যাবে তখন কি হবে? The Vice-chancellor of the University shall be appointed by the Executive Council in consultation with the Chancellor in accordance with the regulation made in that behalf. ঠিক আছে। এখানে আমার বক্তব্য হচ্ছে, দি ভাইস-চ্যান্সেলর The Vice-chancellor of the University shall be appointed by the Chancellor having consultation with the executive council. তার কারণ কনসালটেশানের ব্যাপারটা আছে। আপনি জানেন এবং মাননীয় মন্ত্রী মহাশয়, জানেন যে, আর্টিকেল ৩২০-তে সুপ্রীম কোর্টের রুলিং রয়েছে একাধিক কেসে। সেই প্রবোধ

ঘোষের কেস থেকে শুরু করে একাধিক কেসে যে কনসালটেশান করতে পারেন। আপনি কনসালটেশান করে তারপরে নিলেন, বা না নিলেন সেটা ব্যাপার নয়। সুপ্রীম কোর্ট একাধিক রুলিং দিয়েছে দেয়ার শুড বি সেট অব বাইন্ডিংস অন দ্যাট। ভাইস-চ্যান্সেলর নিয়োগের ক্ষেত্রে চ্যান্সেলরের এ্যাপ্রুভাল দরকার। চ্যান্সেলর সেটা নিয়োগ করবেন হ্যাবিং কনসালটেশান উইথ দি এক্‌জিকিউটিভ কাউন্সিল। তারপরে হচ্ছে— provided that the first Vice-chancellor shall be appointed by the Government of West Bengal in consultation with the Chancellor. এখানে আমাদের এ্যামেন্ডমেন্ট রয়েছে। আমি আপনার মাধ্যমে আইন মন্ত্রকে জানাচ্ছি, যিনি এই অগাষ্ট হাউসে এই বিলটি ইনট্রোডিউস করেছেন, Provided that the Vice-chancellor shall be appointed by the Government of West Bengal. স্যার, সর্বনাশ হয়ে যাবে। আবার একটা পবিত্র সরকার তৈরী হয়ে রয়েছে, অথবা একটা রথীন ঘোষ তৈরী হয়ে রয়েছে অথবা একটা শুভঙ্কর চক্রবর্ত্তী তৈরী হয়ে রয়েছে, আমার মনে হয় তাদের আনতে হবে। এখানে আমাদের আপত্তি। এখানে আমার বক্তব্য হচ্ছে, আমাদের দলের তরফ থেকে বক্তব্য হচ্ছে, ভাইস-চ্যান্সেলর নিয়োগটা এখানে চ্যান্সেলর করুন গভর্ণমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গলের সঙ্গে কনসাল্ট করে। চ্যান্সেলর কনসাল্ট করুক তাতে গভর্ণমেন্টের ভাল লোক যদি থাকেন তাহলে তিনি এ্যাপ্রুভাল দেবেন, এ্যাপয়েন্টমেন্ট দেবেন, সেখানে আপত্তি থাকা উচিত নয়। এই কনসাল্টেশানের ব্যাপারগুলি মাননীয় মন্ত্রী নিশীথ অধিকারী মহাশয় বিশিষ্ট আইনজীবীও বটে, তিনি এগুলি জানেন। আমাদের এ্যামেন্ডমেন্টে এই কতকগুলি বক্তব্য রয়েছে। আর একটা ব্যাপার হচ্ছে, আপনি জানেন, বাঙ্গালোরের কথা যখন বললেন, তখন আমি একটু বলি। বাঙ্গালোরে আট দশটি ক্যাম্পাস হবার পর সেখানে চিন্তা করতে হয় না, সবাই এ্যাবজর্ভ হয়ে যাচ্ছে। সেখানে যে বন্দোবস্ত রয়েছে সেটা এখানে হবে কিনা? কোথায় পঠন-পাঠন হবে, কোথায় পরীক্ষা হবে, প্রিভেইল করছে যে সমস্ত ল' কলেজ, যেমন ইউনির্ভাসিটি ল' কলেজ এবং আদার ল' কলেজ, তাদের সঙ্গে এর সম্পর্ক কি হবে, এর প্রশাসনিক ব্যবস্থা কি হবে—এসব কিছু বলা হয়নি। আর একটা জিনিস, ভাইস চ্যান্সেলরের বয়স কত হবে সেটাও নির্দিষ্ট করে বলা হয়নি। প্রফেসর অফ ল', তাদের মিনিমাম কোয়ালিফিকেশন কি হবে। ভাইস চ্যান্সেলরের প্রফেশনাল কোয়ালিফিকেশন, এ্যাকাডেমিক কোয়ালিফিকেশন, আদার কোয়ালিফিকেশনই বা কি হবে তার কোন উল্লেখ নেই। তিনি এ্যাকাডেমিশিয়ান হবেন, নাকি প্রফেশনাল হবেন, তার ব্যাক গ্রাউন্ড কি হবে সেটা নির্দিষ্ট করে বলা হয়নি। প্রফেসর অফ ল'-এর ক্ষেত্রেও কোয়ালিফিকেশন বেঁধে দেওয়া হয়নি। তাই আমার এবং আমাদের দলের এ্যামেন্ডমেন্টগুলোকে আমি সমর্থন করি। তবে বিলকে আমি অসমর্থন করছি না, কিন্তু যেটা হতে চলেছে সেটা যাতে সঠিক অর্থে হয় দেখতে হবে। এবং সেটা হলে এটা একটা স্বপ্নের জিনিস হবে। আর যেটা স্বপ্নের মত হওয়া উচিত তাকে অবশ্যই রাজনীতির উর্দ্ধে রাখা উচিত। ধন্যবাদ।

[3.10–3.20 p.m.]

**শ্রী সুজন চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় হাউসে যে বিল, 'দি ওয়েষ্ট বেঙ্গল ন্যাশনাল ইউনির্ভাসিটি অফ জুডিশিয়াল সায়াঙ্গেস বিল, ১৯৯৯ উপস্থাপন করেছেন তাকে সমর্থন করা ছাড়া বিকল্প কিছু নেই। কিন্তু আমি বিরোধী দলের বক্তব্যে কনফিউসড হয়ে গিয়েছি। আসলে তারা কি বলতে চেয়েছেন সেটা স্পষ্ট নয়। তবে একটা জিনিস বুঝেছি যে, রাজনীতি করা লোকেরা রাজনীতির ভুল দেখেন। যারা রাজনীতি করছেন তারা বলছেন—ওখানে রাজনীতির প্রবেশ যেন না ঘটে! আমি জানি না, আমরা রাজনীতিকরা নিরপেক্ষ কিনা এবং এরকম একটা অলীক বিষয় তারা ভাববার চেষ্টা করছেন কিনা। আমি বলবো, এই বিলকে সবার সমর্থন করা উচিত রাজ্যের স্বার্থে, শিক্ষা-ব্যবস্থার স্বার্থে, আইনী ব্যবস্থা বিকাশের স্বার্থে। আমি একে সমর্থন করছি। আপনি জানেন, গত ২০-২২ বছর ধরে পশ্চিমবঙ্গে শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গী এবং পদক্ষেপ সরকার নিয়েছেন। এই কয়েক বছরের মধ্যে রাজ্যে তিনটি নতুন ইউনিভার্সিটি গড়ে উঠেছে। সম্ভবতঃ এটা চতুর্থ ইউনিভার্সিটি পশ্চিমবঙ্গে গড়ে উঠছে বিশেষ পেশাদারিত্ব শিক্ষা পৌঁছে দেবার জন্য। সরকারের এই ভূমিকাকে আমরা গুরুত্বপূর্ণ বলে মনে করি। পেশাদারিত্ব শিক্ষাদানের স্বার্থে বিশ্ববিদ্যালয় গড়ে তুলবার পরিকল্পনা যদি রাজ্য সরকার রূপায়িত করতে পারেন তাহলে সেটা রাজ্যের অগ্রগতির পক্ষে একটা বাড়তি সুবিধা সৃষ্টি করতে পারবে। এটা ঠিকই, ১৯৯৩ সালে জাষ্টিসদের ডিসকাশন এবং ১৯৯৫ সালে আইনমন্ত্রীদের আলোচনার পর ১৯৯৯ সালে আজকে বিধানসভায় এই বিলটা পেশ করা হয়েছে এবং আমাদের ভারতবর্ষে পুরানো কোন রেফারেন্স নেই যেখানে সেন্টার অফ একসেলেন্স অফ ল' গড়ে তোলা হয়েছে। সেন্টার অফ একসেলেন্স অফ ল' - ইন দ্যাট সেন্স - বাঙ্গালোরে ১৯৮৭ সালে হয়েছে ফলোড আপ বাই পুনে। তাহলে ১৯৮৭ সাল থেকে ভারতবর্ষে এর যাত্রা শুরু হয়েছে। সেখানে আমরা শুরু করছি ১৯৯৯ সালে। একে তো ওয়েলকাম করা উচিত, নেগেট করার বিষয় নয় এটা। বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য হচ্ছে, আমাদের আইনের শিক্ষাদান। বর্তমানে তার মধ্যে দিয়ে আমরা উকিল তৈরী করছি।

এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু ল' মানে শুধু উকিল নয়। ল' ইটসেল্ফ ইজ এ ম্যানেজমেন্ট কোর্স এবং আজকের সমাজে যে কোন ধরণের বিষয়ে ল' ম্যানেজমেন্ট, তার কনোটেশন, তার একজিকিউশান যদি আমরা করি, তাহলে আইনের যথাযথ ব্যাখ্যা ছাড়া তা করা যায় না। এর গুরুত্ব ক্রমশ বাড়ছে এবং ইন্টারন্যাশানালি আইনকে বলা হচ্ছে সোশ্যাল ইনজিনিয়ারিং সায়েন্স। এটা একটা ডেভালপিং সায়েন্স। যত দিন যাচ্ছে তত নতুন নতুন নানা বিষয় এর মধ্যে অন্তর্ভুক্ত হচ্ছে। ল'এর যে ইন্টারফিয়ারেন্স, ল'এর যে ব্যাখ্যা, এমন কোন বিষয় নেই যেখানে ল'য়ের ব্যাখ্যা নেই। ল'এর ব্যাখ্যা ছাড়া, এর যে এ্যারিষ্টোক্রাসি সেটা চলতে পারে না। সেই জায়গায় দাঁড়িয়ে আইনের সেন্টার অফ এক্সসেলেন্সি আমাদের ল'য়ের মধ্যে ছিল। সেই এ্যারিষ্টোক্রাসিকে মেনটেন করার জন্য, তার ষ্ট্যান্ডার্ড মেনটেন করার জন্য যেটা ছিল, এটা ঘটনা, আইন সেই

জায়গায় নিজেকে রাখতে পারে নি। গোটা ভারতবর্ষে পারেনি, এখানেও পারেনি। আইনের এক্সসেলেন্সিকে প্রতিষ্ঠিত করে আইনকে সমাজের অগ্রগতির পথে দেখা, তাকে ব্যবহার করা, এইসব বিচারে আইনের শিক্ষা গুরুত্বপূর্ণ। এর প্রয়োজন আছে। সেই কারণে ইউনিভার্সিটি আমাদের ঠিক ঠিক মত সাহায্য করতে পারে। এই ভরসা, এই বিশ্বাস আমি এখানে উপস্থিত করতে পারি। আমি শুধু এই কথা বলতে চাই, সোশ্যাল ডেভালপমেন্টের যে অ্যাসপেক্টগুলো আছে, প্রত্যেকটি অ্যাসপেক্টেই ল' গুরুত্বপূর্ণ। শুধু উকিল তৈরী করার জন্য নয় বা শুধু একটা জামিন দিয়ে নিয়ে আসার জন্য নয়। আইনী পেশাদারী শিক্ষার জন্য, আমাদের রাজ্যের জন্য এটা আমাদের খুব গুরুত্বপূর্ণ বিষয়। মাননীয় সদস্যারা এটা জানেন, জানা উচিতও, আমি অভিনন্দন জানাবো পশ্চিমবঙ্গ সরকারকে। সেন্টার অফ একসেলেন্স ইন ল' যে বিল আমরা এখানে এনেছি, 'সেন্টার অফ এক্সসেলেন্স ইন ল' এটি ভারতবর্ষে যখন প্রথম তৈরী হয় বাঙ্গালোরে, আমরা গর্বিত যে, ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেন্ট প্রথম রাজ্য যারা ১০ লক্ষ টাকা এক্সচেকার কন্ট্রিবিউট করেছিল। বাঙ্গালোরে এই এক্সসেলেন্স সেন্টারটা গড়ে তোলবার জন্য প্রথম এগিয়ে এসেছিল। তাহলে আমাদের জানা ছিল যে, এর প্রয়োজন হয়েছে। এর শিক্ষার জন্য, এক্সপিরিয়েন্স নিয়ে, পুরনো রেফারেন্স থেকে আমরা আমাদের রাজ্যে যেহেতু এটি তৈরী করবার সুযোগ পাচ্ছি, এতে আমরা খুশী হব। কি হলো, কি কমিটি হলো বা না হলো, এই আলোচনার মধ্যে আমি ঢুকছি না। এখানে বিরোধী পক্ষ থেকে বললেন যে, সরকারের ওপরে চাপ তৈরী হয়েছে, আমি জানি না কিজন্য বললেন? এখানে ১, ২, ৩, ৪ করে, এ. বি. সি. ডি করে খুব সহজ ইংরাজীতে লেখা আছে। অনেক ম্যাথামেটিক্স নয়, খুব সহজ, দশের মধ্যে যদি চার হয় মেজরিটি হয় না। দশের মধ্যে তিনজন ভাইস চ্যান্সেলর নমিনি সিটিং ইন দিল্লী, দশের মধ্যে ওয়েস্ট বেঙ্গল থেকে তিনজন সেক্রেটারী এবং একজনকে নমিনি করছেন। এর মধ্যে আপত্তির কি আছে আমি জানি না। বিশেষ করে আজকে যে ভাবে ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আই. এম. এফ. মাল্টি ন্যাশানাল, ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন, তার মধ্যে ওরা দিল্লী থেকে আমাদের দেশে যে ভাবে ওদের ঢুকিয়ে দিয়েছে, সর্বনাশ করে দিচ্ছে, এই অবস্থায় আমাদের প্রোটেকশনের প্রয়োজন আছে। সেই প্রোটেকশন পেতে গেলে লিগ্যাল ম্যানেজমেন্ট ইজ ভেরি র এসেনশিয়াল। পশ্চিমবাংলার এগনোর জন্য, আমাদের ট্রাডিশন মেনটেন করার জন্য, বাইরের থাবার হাত থেকে বাঁচতে হলে একে প্রোটেকশনের এ্যাঙ্গেল থেকে দেখা দরকার। পশ্চিমবাংলাকে যারা ভালবাসেন, আমাদের দেখা দরকার যারা আইনকে সম্মানের চোখে দেখেন, তাদের এই বিলকে সমর্থন করা দরকার। আমি আপনার অনুমতি নিয়ে তিন চারটি পয়েন্ট এখানে রাখবো, ভেবে দেখবেন কতখানি তা কনসিডার করার সুযোগ আছে। মাননীয় তাপসবাবু যা বলছিলেন, শিক্ষাটা যাতে ভাল হয়, আমি বলবো, সিন্স ইন্টারন্যাশানালি ল' সোশ্যাল ইঞ্জিনিয়ারিং সায়েন্স বলে ট্রিটেড হচ্ছে, শুধু থিওরিটিক্যাল শিক্ষা নয়, সেটাকে প্র্যাকটিক্যাল দিক থেকে আমাদের পেশাদারিত্ব গড়ে তুলতে যথাযথ ভাবে সাহায্য করবে না, এর প্র্যাকটিক্যাল দিক, যেমন ধরুন হিউম্যান বডি নিয়ে ডিসকাসান হয়। এর আইনের ব্যাখ্যা আছে। পোষ্টমর্টেম কোর্সে ইট মে বি ৭ ডেস, ইট মে বি ১৫

ডেস, কোনটা কোম্পানী, কোনটা অর্গানাইজেশন, ইউনাইটেড ষ্টেটস্, ন্যাশানাল হোক বা না হোক, সেই অর্গানাইজেশনের যে স্ট্রাকচার তার মধ্যে ঢুকে যায়। ষ্ট্রাকচারের মধ্যে প্রাকটিক্যাল এক্সপিরিয়েন্স, যেটা ল' এডুকেশনের পার্ট এ্যান্ড পার্সেল হতে পারে।

[3.20–3.30 p.m.]

ইউনিভার্সিটির ক্যারিকুলাম এবং এটসেকট্রার মধ্যে তার ব্যবস্থা করবার চেষ্টা করলে আমার মনে হয় ভাল হবে। এটা আমি কনসিডারেশানের জন্য রাখলাম। দ্বিতীয়তঃ আমি রাজ্য সরকারের কনসিডারেশানের জন্য রাখছি যে, ল এক সময়ে এ্যারিস্ট্রোক্রেসি মানুষের সম্মানীয় বিষয় ছিল, সাম হাউ ক্রমশ ডিগ্রেটেড হয়ে গেছে। এই ডিগ্রেটেড করার ফলে আজকে সেই সম্মানের জায়গায় আইন ব্যবসা দাঁড়িয়ে নেই। আইন ব্যবসাটা শুধুমাত্র একটা পারসোন্যাল বিজনেসের বিষয় নয়, কতগুলো জাসটিসের ব্যাপার আছে। কতগুলো সোস্যাল ব্যাপার আছে যেমন ধরুন লিগ্যাল এডস্ একস্ট্রা একস্ট্রা রাজ্য সরকারের আছে, অন্যত্রও এর প্রস্তাব আছে। কিন্তু লিগ্যাল এডসের ক্ষেত্রে সোস্যাল এ্যাপ্রোচ থেকে যদি দেখি তাহলে দেখব যে, শুধুমাত্র কোটেশানের জন্য কতগুলো আইন বই পড়ে, কালো পোশাক পরে দাঁড়িয়ে যাওয়া ব্যাপারটা নয়, এর সঙ্গে সঙ্গে একটা মোটিভেশানের ব্যাপার, শিক্ষার একটা বিষয়, হিউম্যান ডেভোলাপমেন্ট, যেটা শিক্ষার সঙ্গে ভীষণভাবে যুক্ত বা জড়িয়ে পড়ে, শুধুমাত্র মর্ডানাইজেশান নয়, সেন্ট্রাল গভর্ণমেন্টের এডুকেশান ডিপার্টমেন্ট যেটা হিউম্যান রিসোর্স ডেভোলাপমেন্ট বলে, সেই এ্যাঙ্গেল থেকে মোটিভেশানের এই এ্যাঙ্গেলটাকে একটু বাড়তি গুরুত্ব দেওয়া উচিত কিনা সেটা দেখবার জন্য কনসিডার করতে বলব। তৃতীয়তঃ, একটা হল মেধার ভিত্তিতে ভর্তির ব্যাপারটা যেমন এখানে হয়, বাঙ্গালোরেও হয়, ২০ হাজার টাকা মাসে দিতে হচ্ছে মেধার ভিত্তিতে ভর্তি হতে বাঙ্গালোরে। যেখানে অন্তত গভর্ণমেন্ট ফ্রি সিট এ্যাট লিস্ট ৩০ পার্সেন্ট রাখবার চেষ্টা করা যায় কিনা আমি আপনার মাধ্যমে সরকারের কাছে কনসিডার করার জন্য দাবী রাখছি। আমার লাস্ট পয়েন্ট হচ্ছে যে, যেহেতু এখানে ইউনিভার্সিটি গড়ে উঠছে এবং আমাদের ল কলেজগুলো ডেভেলাপ করে উঠবে, তাদের কম্পিটেটিভনেস হবে ডেভেলাপ করবে, কিন্তু আমাদের যে ল এডুকেশান, ডিফারেন্ট কলেজেসে সেক্ষেত্রে তাকে এই ইউনিভার্সিটির সঙ্গে কতটা সম্পর্কিত করা যায় এবং ইউনিভার্সিটির এ্যাফিলিয়েশান নিয়ে আসা যায় কিনা সেটাও কনসিডার করার জন্য বলব। তাহলে হোল ল প্রফেশানটা আপগ্রেড করবে এই এ্যাঙ্গেল থেকে এটা দেখা দরকার বলে মনে করছি। তাহলে পরে এটা সমর্থন না করার কোন উপায় নেই এবং তাপসবাবুর পক্ষেও কোন উপায় নেই। তবে একটা কনফিউশান হচ্ছে যে, ঠিক এই ধরনের ইউনিভার্সিটি যদি হয় তাহলে তাপসবাবুর যে বন্ধুরা ল পাশ করে বিভিন্ন কায়দায় মাতব্বরি করে বেড়াচ্ছিলেন তাদের সেই সুযোগ আর থাকবে না। আমি জানি তাপসবাবুর পেছনের দু তিনজন এক্ষুনি নেই, তাদের এই শিক্ষার সুযোগ না পেলে একটু দুঃখিত হতে পারেন এবং যন্ত্রণাও পেতে পারেন। এই ব্যাপারে সকলের সহযোগিতা কাম্য এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েষ্ট বেঙ্গল ন্যাশানাল ইউনিভার্সিটি অফ জুডিশিয়াল সায়েন্সেস যে বিল মাননীয় মন্ত্রী এনেছেন তার সম্বন্ধে ২-৪টি কথা বলতে চাই। আমাদের দলের পক্ষ থেকে যা দেওয়া হয়েছে সেটা যদি গ্রহণ করেন তাহলে আপনাকে খুব একটা অসুবিধার মধ্যে পড়তে হবে না, বরং আমার মনে হয় ভালোই হবে। একটা কথা "বেটার লেট দ্যান নেভার" অর্থাৎ করব করব বলে একদিন তো হবেই, কেউ না কেউ তো দেখে যেতে পারবেই এই ল ইউনিভার্সিটি। আমি নিজে আইনের ছেলে হওয়ার সুবাদে সব সময়ে নিজেকে মনে হত দুয়োরাণীর সন্তান, নিজেকে সেকেন্ড ক্লাস সিটিজেন বলে মনে হত। আমাদের ফিলিং হত এইরকম যে, যেহেতু ইউনিভার্সিটিতে ক্লাস করতে যেতাম, কিন্তু সেখানে ল-এর জন্য কোন সেপারেট ইউনিভার্সিটি ছিল না, সেই কারণে ক্যালকাটা ইউনিভার্সিটির আন্ডারে শয়ে শয়ে ছেলেমেয়েদের পাশ করতে হয়। আমার মত যারা বর্ধমান ইউনিভার্সিটির আন্ডারে পড়ত তাদেরও ইউনিভার্সিটির ক্লাস শেষ হবার পরে তখন দুটো ক্লাস পাওয়া যেত, তাতে পড়তে হত এবং একটা অন্যের পরিকাঠামোর উপরে নির্ভর করে আমরা আইন পাশ করেছি এবং পরবর্তীকালে আইন ব্যবসায় নিযুক্ত হয়েছি। এর মধ্যে অনেক ল্যাকুনা ছিল, অনেক গলদ, গাফিলতি ছিল।

মাননীয় মন্ত্রী মহাশয়, অনেক দেরী করে হলেও '৯৩ সালে যখন চীফ জাস্টিস কনফারেন্স হয় তখন সেখানে প্রথম যে ডিসিশান নেওয়া হয়েছিল, '৯৫ সালে ল মিনিষ্টারদের যে কনফারেন্স হয় সেখানে ঠিক হয় বাঙ্গালোরে যে ইউনিভার্সিটি আছে তার ধাঁচে সারা ভারতবর্ষে একটি করে এই রকম করা দরকার। যাই হোক, তার জন্য বলব, বাস্তবে এটাকে আমরা সমর্থন করি, তবে যদি শুধু প্রস্তাব হয়, তাহলেও এটা আমাদের দেখতে হবে, এখানে যদি আমরা কোন রাজনৈতিক দৃষ্টিভঙ্গী রাখি তাহলে যে উদ্দেশ্যে আমরা এই বিল এনেছি, সেই উদ্দেশ্য কিন্তু সাধিত হবে না। আজকে আমরা ক্যালকাটা ইউনিভার্সিটিতে দেখতে পাচ্ছি, সেখানকার পরিচালন ব্যবস্থা নিয়ে অনেক বিতর্ক হয়, এই ব্যাপারে আমি এখানে নূতন করে বলতে চাচ্ছি না, তবে ইউনিভার্সিটির পরিচালন ব্যবস্থায় যদি কোন ত্রুটিবিচ্যুতি আসে তখন সুরভি বন্দ্যোপাধ্যায়-এর কথা চলে আসে। স্বাভাবিক ভাবে আমাদের মনে প্রশ্ন জাগে নিশ্চয় আপনি এমন কোন আইন করবেন না যাতে যে কেউ নিজের ইচ্ছার উপর একজনকে মনে হল—সে একজন পন্ডিত ব্যক্তি সেই ব্যক্তি এডুকেশানিষ্ট - বসিয়ে দিতে পারবেন, এটা যেন না হয়, এটা আপনাকে দেখতে হবে; বিলটা যখন আপনি আনছেন। আমার মাননীয় মন্ত্রী একটা জায়গায় বিরোধ আছে, এটা আপনি মানবেন কিনা জানি না, সব জায়গায় হাইকোর্ট এর জাজদের নৈবেদ্যর নাড়ুর মত বসাবেন, এটা আমার পছন্দ নয়। যেহেতু আমি মফঃস্বল কোর্টে প্রাকটিস করি, আমার মেম্বারশিপ রয়েছে জেনারেল কাউন্সিলে, সেখানে হাইকোর্টের চীফ জাস্টিসকে রেখেছেন, তিনি নমিনেটার নেবেন সিনিয়ার এ্যাডভোকেটকে। আপনি তো হাইকোর্টে প্র্যাকটিস করেছিলেন, আপনি জানেন জাস্টিসদের প্রিয়পাত্র কারা হয়। সে কি তার জ্ঞানের নিরীখে হয়। রিসিভার কি জ্ঞানের নিরীখে হয়? হাইকোর্ট থেকে যে এ্যাপয়েন্টমেন্ট হয়, এটা কি জ্ঞান-এর নিরীখে হয়?

একটা জায়গায় তাকে রাখলেন ঠিক আছে, চেয়ারের ভ্যালু অনুযায়ী রাখলেন ঠিক আছে, আবার বললেন চীফ জাস্টিস-এর ২ জন নমিনেটেড থাকবে। আপনি নিশ্চয় এটা ভাববেন, ঘর পোড়া গরু আপনি কেন এটা করবেন। আমাদের যে অসুবিধা ইউনিভার্সিটি না থাকার জন্য হয়েছে, বহু ছেলে ভাগলপুরে চলে যাচ্ছে, গয়ায় চলে যাচ্ছে, ধানবাদে চলে যাচ্ছে, পাটনায় চলে যাচ্ছে, এটা কেন হচ্ছে ইউনিভার্সিটির আন্ডারে কলেজ না থাকার জন্য প্রচুর ছেলে চলে যাচ্ছে বাইরে। তাদেরকে আমরা ল কলেজে প্রভাইড করতে পারছি না।

(At this stage, Shri Tapas Roy was seen talking to the Reporters of the Media in the Press Gallery.)

**(Noise)**

**Mr. Deputy Speaker :** Mr. Tapas Roy, don't break the decorum of the House. I will request you to take your seat. This is very ........ (Noise) .... This is not the decorum of the House. You please maintain the decorum of the House. You are a Lawyer-Member of the House.

(At this stage, Shri Tapas Roy returned to his seat.)

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** আমরা যারা গ্রামবাংলায় ল সাবজেক্ট নিয়ে পড়তাম, তখন একটা কথা চালু ছিল, যার নেই কোন গতি, সে করে ওকালতি। সত্যি কথা যদি বলতে হয় তাহলে বলা দরকার ওকালতি কি সেই পর্যায়ে আছে? আজকে সব কিছুই তো আন্তর্জাতিক হিসাবে দেখা হচ্ছে, এনরন কোম্পানী তারা আইনী ব্যাখ্যার জোরে লক্ষ লক্ষ টাকা নিয়ে চলে গেল, তাই আজকে খালি বটতলায় বসে কেউ ওকালতি করে না। আজকাল ছোট কোম্পানিই হোক বা বড় কোম্পানিই হোক প্রত্যেক কোম্পানিতেই একজন লিগাল এক্সপার্ট দরকার হয়। আজকাল আইনের এই রকম জটিলতা হয়ে গেছে। আজ থেকে কুড়ি বছর আগে কেউ যদি বাড়ি ভাড়া দিত তাহলে সে উকিলের কাছে যাওয়ার কথা ভাবতই না, কিন্তু এখন কোন লোক বাড়ি ভাড়া দিলে সে উকিলের কাছে যায়। ভাড়াটিয়াকে কিভাবে বাইন্ডিং-এর মধ্যে রাখা যায় তার জন্য উকিলের কাছে তারা যায়। আজকে সর্বস্তরে, সর্বক্ষেত্রে আইনের দরকার হয়ে যাচ্ছে। আজকে এই ইউনিভার্সিটির মাধ্যমে বাংলার মানুষের কাছে আরও সুযোগ আসবে, বাংলার ছেলেরা এই ইউনিভার্সিটির মাধ্যমে আরও পড়ার সুযোগ পেয়ে কোম্পানি বা ফ্যাকটারিতে লিগ্যাল অপিনিয়ানের কাজ পাবে। আজকাল সমস্ত কোম্পানি বা ফ্যাক্টারিতে লিগ্যাল অপিনিয়ান দরকার হয়ে পড়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় দেরীতে হলেও এই বিলটি এনেছেন, এটা সময়োপযোগী। আমরা দেখেছি কোন কাজ আরম্ভ হলে সেটা শেষ হয় না, তাই মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ আপনি যখন একটা জিনিস ধরেছেন তখন সেটা শেষ করবেন এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মানুষের সঙ্গে আমাদের বাংলার ছেলেরা যাতে প্রতিযোগিতা করতে পারে তার ব্যবস্থা আপনি করবেন।

[3.30–3.40 p.m.]

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে মাননীয় মন্ত্রীমহাশয় দি ওয়েষ্ট বেঙ্গল ন্যাশনাল ইউনির্ভাসিটি অফ জুরিডিকাল সায়েন্সেস বিল, ১৯৯৯ যেটা এনেছেন তার জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি দেরীতে হলেও অনেক চিন্তা-ভাবনা করার পরে সমস্ত দিক আলোচনা, বিবেচনা করার পরে আজকে এই বিলটি উপস্থাপিত হয়েছে। তাই এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি এই কারণে, শুধু উকিল, ব্যারিষ্টার তৈরী করার জন্য নয়, আজকে বিজ্ঞানের যুগে, প্রযুক্তির যুগে যেখানে সমাজ এগোচ্ছে, সাথে সাথে দেখা যাচ্ছে নানান রকমের আইনের জটিলতা নানা রকমভাবে বাড়ছে। যে সমস্যার সমাধান করতে গিয়ে বিভিন্ন দিক থেকে ব্যারিষ্টার বা অন্যান্য আইনের বিষয়ে আলাদাভাবে আলোচনা করতে হয়, মতামত নিতে হয়। সেক্ষেত্রে এই যে জাতীয় আইনের বিষয় নিয়ে আমাদের পশ্চিমবাংলায় এই ইউনিভার্সিটি আগামী দু'বছরের মধ্যে তৈরী হয়ে যাবে। স্বাভাবিকভাবে আমাদের সমাজে যে প্রয়োজন আছে সেই কথা বিবেচনা করে, এই আইন বিশেষজ্ঞরা আমাদের পরামর্শ দেবে এবং কোন কাজ করতে গিয়ে যাতে বিরোধ না হয় সেটা তারা দেখবেন। আমরা দেখতে পাচ্ছি হঠাৎ হঠাৎ সুপ্রীম কোর্ট বা হাইকোর্ট তারা নানান রকম মতামত অনেক বেশী দিচ্ছেন। যার ফলে অনেক সময় যে কাজ এখন করা প্রয়োজন, সেই কাজ করতে অনেক দেরী হয়ে যাচ্ছে এবং অনেক জটিলতা সৃষ্টি হচ্ছে।

স্বাভাবিক ভাবেই এই বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে যারা শিক্ষা প্রাপ্ত হবে, বিশেষ করে এই বিজ্ঞান-প্রযুক্তির যুগে আইনের যে নানান জটিলতা সেইগুলো তারা পরিষ্কার করবে, এই আশা আমি করব। দেরীতে হলেও এই যে বিল আনা হয়েছে, এটাকে পাশ করে দ্রুত গতিতে এর পরিকাঠামো সম্পূর্ণ করার দিকে নজর দিতে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব এবং এখানে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, সেটা যেন শীঘ্র কার্যকরী হয়। এই কয়টি কথা বলে, এই বিলকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক কুমার দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী এই যে 'দি ওয়েষ্ট বেঙ্গল ন্যাশানাল ইউনিভার্সিটি অফ জুরিডিক্যাল সায়েন্সেস বিল, ১৯৯৯ এনেছেন—দেরীতে হলেও যে একটা ভালো উদ্যোগ নিয়েছেন, তার জন্য তাকে ধন্যবাদ জানাই। তবে, এই বিলটিকে যদি সিলেক্ট কমিটিতে পাঠাতেন, তাহলে এর মধ্যে যে অনেক ত্রুটি-বিচ্যুতি আছে, সেইগুলো পরিষ্কার হয়ে যেত এবং এখানে কোন অসুবিধা থাকত না। '৯৩ সালে চিফ্ জাস্টিস কনফারেন্সে একটি কমিটি গঠন করা হয়েছিল। তারপর '৯৫ সালে অল ইন্ডিয়া ল' মিনিস্টার্স মিটে ঠিক হয়েছিল, যাতে প্রতিটি স্টেটে এই ভাবে একটি করে ল ইউনিভার্সিটি - ন্যাশানাল ল ইউনিভার্সিটি করা যায় তারও সিদ্ধান্ত হয়েছে। কিন্তু খুব দুঃখের সঙ্গে জানাচ্ছি, আপনি বার কাউন্সিলের সদস্য হয়েও সেখানে আলোচনা করলেন না। বার কাউন্সিলকে বাদ দিয়ে জিনিসটা করার চেষ্টা করছেন। বৃহত্তর স্বার্থে, ভালো কাজের ক্ষেত্রেও যদি দল টেনে নিয়ে আসেন, তাহলে অদূর ভবিষ্যতে কি হবে বলা মুশকিল। আমরা দেখছি, যে কমিটিতে অল ইন্ডিয়া বার

কাউন্সিলের চেয়ারম্যান থাকা সত্ত্বেও এখানে মেম্বার থাকতে পারেন। আপনি আলোচনা করলেন না। যখন অন্যান্য জায়গায় নমিনি নিচ্ছে, সেখানেও গভর্ণমেন্ট ঠিক করবে? আপনি একজন এডুকেশনালিস্ট রাখবেন, সেটাও গভর্ণমেন্ট ঠিক করবে? একজন টিচার নেবেন, সেখানেও গভর্ণমেন্ট স্থির করবে? এটা করলে নিউট্রাল কেউ আসবে না। সুন্দর ভাবে কাজ চালাতে গেলে নিউট্রাল ম্যানকে নিলে ভালো হয়। এটা সঠিক ভাবে বিবেচনা করতে হবে। উচ্চমানের শিক্ষা দিতে চেষ্টা করবেন, যাতে তারা ভালো কাজ করতে পারে। এটাও জানি, সোসিও-ইকনমিক্সের ব্যাপারে অনেক ছাত্র পড়াশোনা করতে চায়, কিন্তু আর্থিক অবস্থা খারাপ বলে অনেক মেধাবি ছাত্রও পড়তে পারে না।

[3.40–3.50 p.m.]

তারা যাতে সুযোগ পায় তার জন্য আপনাকে ভাবতে হবে। পশ্চিমবঙ্গ সরকার বা কেন্দ্রীয় সরকার এখনও আইনজীবীদের কথা ভাবেন না। যদি ভাবতেন, তাহলে এই অবস্থা দাঁড়াতো না। আমরা মনে করি এই ব্যাপারে সুন্দরভাবে নিয়ন্ত্রণ করতে গেলে, দলমত নির্বিশেষে সকলের সাহায্যের প্রয়োজন। আমরা দাবি জানিয়েছিলাম যে, বার কাউন্সিলের মাধ্যমে যেটা লোয়েস্ট অ্যাসোসিয়েশান, এদের জন্য একটা ন্যাশানাল ল' ইনস্টিটিউট করা দরকার। বাঙ্গালোরে যেটা আছে, ঠিক তার মত করা দরকার। আমরা ওখানে গিয়ে দেখে এসেছিলাম কিভাবে এটা করা যায়। এটা দেরীতে হলেও আমার মনে হয় যে, উদ্দেশ্যপ্রসূত। আমার মনে হয় এই ব্যাপারে হাউসে আলোচনা করার দরকার আছে, আমরা ভাবি যে, রাজনীতি করে লাভ হবে না। এতে ফল খারাপ হওয়ার প্রশ্ন আছে। চিফ্ জাস্টিস অফ ইন্ডিয়াকে চ্যান্সেলার করেছেন ঠিকই। এটা আপনারা করতে পারেন। কিন্তু দেখা যাচ্ছে যে, ফিনান্স কমিটি তৈরী করেছেন। কিন্তু ফিনান্স হেডে কে আছেন, সেই ব্যাপারে ক্লিয়ার কিছু বলার চেষ্টা করেন নি। আমরা পরিষ্কার করে কিছু জানতে পারিনি সেই ব্যাপারে। শুধু মাত্র সিলেক্ট কমিটিতে গেজেট তৈরী করে ছেড়ে দিয়েছেন। তার মাধ্যমে বুঝে নিতে হচ্ছে যে, কি করতে চাইছেন। আপনি যেটা করতে চাইছেন, সেটা উদ্দেশ্যপ্রসূত থাকলেও কিন্তু তার মধ্যে যে ঘটনা ঘটেছে, তা কতটা প্রসূত হবে, তা বলা মুশকিল। আমরা বলেছিলাম ওয়েলফেয়ার কমিটি যখন তৈরী হয়, তখন আমরা অনুরোধ করব সরকার পক্ষের কাছে যে, রাজনীতি না করে আইনজীবীদের স্বার্থে এটা করা দরকার। আমরা এডুকেটেড লেবার। আমরা দিন আনি, দিন খাই। আমরা কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের কাছ থেকে কোন সাহায্য পাই না। মুষ্টিমেয় কিছু পেয়ে থাকেন, তাদের কথা আলাদা। তাই সেই কথাই চিন্তা করে আগামী দিনে কিভাবে তৈরী করবেন, সেই ব্যাপারে আলোচনা করবেন। আমরা জানি যে, আপনি হাউসে ভোটাভুটি করে আপনি জয়লাভ করবেন। ভালো কাজ করতে গেলে সবাইকে নিয়ে আলোচনা করে করা দরকার। দলের স্বার্থ আপনাকে ছেড়ে দিতে হবে। তা না হলে সুন্দর কাঠামো আপনি তৈরী করতে পারবেন না। আমরা ভালো কাজ চাই। আমরা আগেই বলেছিলাম যে, ক্যালকাটার মধ্যে ন্যাশানালের ধাঁচে লাইব্রেরী করা দরকার। তার কারণ আইনজীবী যে আছেন, তাদের মেধা থাকা

সত্ত্বেও অর্থের অভাবে বই কিনতে পারে না। তারা গাইড লাইন পাচ্ছে না। সেই সমস্ত আইনজীবীদের পাশে দাঁড়িয়ে আপনার কথা বলার প্রয়োজন আছে। চিফ জাস্টিস নয়, অল ইন্ডিয়া চিফ জাস্টিস নয়, শুধু দল নয়, আমাদের সেইভাবে ইনফ্রাস্ট্রাকচার তৈরী করে আগামী দিনে কাজে নামতে হবে। এই ভাবে যদি নামা যায়, তাহলে এর দাম থাকবে। আমরা মন্ত্রীর সঙ্গে দু-তিন দিন আগে কথা বলেছিলাম। আমরা বলেছি যে, আমাদের সঙ্গে আলোচনা করে, বার কাউন্সিলের সাথে আলোচনা করে একটা সুষ্ঠু পরিবেশ তৈরী করুন। আপনারা তা না করে একটা কমিটি তৈরী করার চেষ্টা করেছেন। বৃহত্তর স্বার্থে, আইনজীবীদের স্বার্থে, মানুষের স্বার্থে আবার এটা সিলেক্ট কমিটিতে পাঠিয়ে, আলোচনা করে, ত্রুটিবিচ্যুতি যদি থাকে, তাহলে সেই সম্পর্কে আলোচনা করে ব্যাপারটাতে এগোন। আমরা একথাও তো বলছি যে, আমরা সবাই সমর্থন জানিয়েছি। দরকার হলে আমরা পিছপা হব না। জানি না এসেছে কিনা, এটা আপনি বিবেচনা করে করার চেষ্টা করবেন এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী "দি ওয়েস্ট বেঙ্গল ন্যাশানাল ইউনিভার্সিটি অফ্ জুরিডিক্যাল সাইন্স বিল, ১৯৯৯" যে বিল এনেছেন তাকে আমি সমর্থন করে দু-চার কথা বলছি। এই ইউনিভার্সিটি অনেক আগেই পশ্চিমবঙ্গে হওয়া উচিত ছিল বলে আমি মনে করি। ১৯৯৫ সালে ইউনিভার্সিটি স্টেট মিনিস্টার্স কনফারেন্সের পরেই এর উদ্যোগ নিলে ভাল হত। সবাই এর সমর্থন করেছেন। এটা সমর্থনযোগ্য। আজকে আপনার ৪ নং ক্লজে দিয়েছেন learning and knowledge of law and legal processes and their role in national development to develop in the student and research scholar a sense of responsibility to serve society in the field of law by developing skills in regard to advocacy, legal services, and so. এই ডেভালপিং স্কীম সম্পর্কে আমি বলতে চাই যে আজকে আপনি সেই ভাবেই কারিকুলাম করবেন, কিন্তু ল' প্র্যাক্‌টিশনারদের যে অধোগতি দেখছি, সেখানে লক্ষ লক্ষ ল'ইয়ার তাদের প্রফেশনের নাম করে হাজার হাজার কেস জমিয়ে রাখছে। এটা একমাত্র যে বিচারকের সংখ্যা কম তার জন্যই নয়, এটা আইনজীবীরা তাদের নিজেদের মধ্যে সমঝোতা করে করছেন। আইনজীবীদের মধ্যে মোরাল ও এথিক্স-এর প্রয়োজন। এটা এই ইউনিভার্সিটির এই কোর্সের মধ্যে রাখবেন কি না সেটা আপনি চিন্তা করবেন। আপনাকে অনুরোধ করবো সিলেবাস তৈরী যখন হবে সেখানে মরাল শিক্ষায় শিক্ষিত করার চেষ্টা করবেন। আপনি ক্লজ ৬ তে বলেছেন ডিগ্রি, ডিপ্লোমা, সার্টিফিকেট এই তিনটি কোর্স তাদের আপনি দেবেন। এর প্রত্যেকটি নিশ্চয়ই সবগুলি এক ধরনের হবে না। তবে কারা কি ধরনের কাজ করবেন সেটা আপনি বিলে পরিষ্কার করে বলেন নি বলে আমার ধারণা। আমি আশা করবো আপনি এগুলি নির্দিষ্ট করে দেবেন। আমাদের যে ল' কলেজগুলি আছে সেগুলি নিশ্চয়ই এই ইউনিভার্সিটির আন্ডারে আসবে। আপনাকে আমি অনুরোধ করবো এই ল' কলেজ আপনি বিভিন্ন জেলায়, বিভিন্ন গ্রামে ছড়িয়ে দিতে পারেন কিনা, এটা ভেবে দেখার জন্য আপনাকে বলবো। মোরাল এবং এথিক্সের ব্যাপারে আপনাকে জোর দিতে বলবো এবং এ ব্যাপারে আইন

করে কিছু করা যায় কিনা সেটা ভাবার জন্য অনুরোধ করবো। এই কথা বলে আপনার এই বিলকে সমর্থন করে উপযুক্ত শিক্ষায় শিক্ষিত হওয়ার জন্য বর্তমান যে ইকোনমিক সোসাল এবং ক্রিমিনাল এ্যাকটিভিটিজ বেড়ে যাচ্ছে, ক্রাইম বেড়ে যাচ্ছে তার জন্য উপযুক্ত আধুনিক শিক্ষায় শিক্ষিত করার কাজটা এই ল'ইউনির্ভাসিটির মধ্যেই করবেন। আমাদের সোসিও-ইকনমিক প্রবলেম তারা যাতে সঠিকভাবে বিচার বিশ্লেষণ করতে পারেন এবং সেই দিক থেকে শিক্ষার মানকে উন্নত করার দিকে আপনি জোর দেবেন। এই বিলকে আরেকবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3.50–4.00 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আজকে মাননীয় আইন এবং বিচারমন্ত্রী যে, 'দি ওয়েষ্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জুরিসডিক্যাল সাইন্স বিল, ১৯৯৯' এনেছেন তার বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে কয়েকটা কথা বলছি। আগেও মাননীয় মন্ত্রী মহাশয়কে বলেছি, এই বিল হচ্ছে একটা নতুন বিল, কোন এ্যামেন্ডমেন্ট নয়। নতুন বিল এবং চিন্তাধারাও নতুন। পশ্চিমবঙ্গে প্রথম। স্বাভাবিক কারণেই এই রকম একটা বিল আনতে গেলে সব কিছু বিচার-বিবেচনা করে দেখা দরকার ছিল। আমি এ ব্যাপারে একটা সার্কুলেশন মোশান দিয়েছিলাম। কিন্তু আমার দুর্ভাগ্য যে, আমি সময় মত আসতে পারিনি, একটা জরুরী কাজে আটকে গিয়েছিলাম। যাই হোক, এই বিল এত তাড়াতাড়ি আনার কি দরকার ছিল আমি বুঝতে পারছি না। চার মাস পরের সেশনেও এটা আনা যেত। আগে বরং সিলেক্ট কমিটি করে, বিচার-বিশ্লেষণ করে দেখা যেত। আপনি নিজে সেই সিলেক্ট কমিটির চেয়ারম্যান হিসাবে আলোচনায় অংশগ্রহণ করতে পারতেন। এর দরকার ছিল এই কারণে যে, এতে কতগুলো অসঙ্গতি দেখা যাচ্ছে। এই বিলের মাধ্যমে পুরোটা কুক্ষিগত করে রাখার একটা অপচেষ্টা হয়েছে। প্রথমে ভাইস চ্যান্সেলর এপয়েন্টমেন্টের ক্ষেত্রে। এটা এমন ভাবে করা হচ্ছে—ইন কনসালটেন্ট উইথ দি চ্যান্সেলর স্টেট গভর্ণমেন্ট করবেন বলছেন। যেখানে ভারতবর্ষের সুপ্রিম কোর্টের চিফ জাস্টিসকে চ্যান্সেলর করার কথা হচ্ছে সেখানে ভাইস চ্যান্সেলর-এর এপয়েন্টমেন্ট দেবেন স্টেট গভর্ণমেন্টের এডুকেশন ডিপার্টমেন্ট, হায়ার এডুকেশন ডিপার্টমেন্ট, ল্ মিনিষ্টার এরা করবে। তারা চ্যান্সেলরের সঙ্গে জাষ্ট আলোচনা করে নেবেন। এক্ষেত্রে চ্যান্সেলর পোস্ট অর্নামেন্টাল হয়ে যাচ্ছে। এটা ঠিক নয়। শিক্ষাক্ষেত্রে যে ভাবে রাজনৈতিক অনুপ্রবেশ ঘটছে তাতে শিক্ষার মান নেমে যাচ্ছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে আমরা সন্তোষ ভট্টাচার্যের সময় থেকে দেখছি এই জিনিস। চ্যান্সেলর অনেক সময় পলিটিক্যাল লোক থেকে হয়েছেন। কিন্তু যেখানে চিফ জাজ হন জুডিশিয়াল সেকশন থেকে সেখানে আমরা সুপ্রিম কোর্টের চিফ জাষ্টিসকে বিশ্বাস করতে পারছি না। রাজ্য সরকার এমন মেন্টাল এটিচিউড নিয়ে চলছে। এটা দূর করা দরকার। তাই এক্ষেত্রে সিলেক্ট কমিটিতে বিলটা পাঠালে ভালো ভাবে আলোচনা করা যেত।

আর একটা অসঙ্গতি লক্ষ্য করা যাচ্ছে কলকাতায় হেড কোয়ার্টার করার ব্যাপারে। এ ব্যাপারে আমাদের মাননীয় সদস্য তাপস রায় অ্যামেন্ডমেন্টও দিয়েছেন। কলকাতার

যদি শুধু কর্পোরেশন এলাকা ধরা হয় তাহলেও তা ছোট নয়। আবার, এখনতো সরকারের সমস্ত অফিস সল্টলেকে চলে যাচ্ছে। তাহলে কলকাতার ডেফিনেশন কি? এটা তো শুধু ১৪১-টা ওয়ার্ড নয়? তাহলে এই আইন বলে সল্টলেকে করতে পারবেন না। এই অসঙ্গতিটা দেখতে হবে।

আবার ক্লজ ৩-এ বলা হয়েছে মিনিমাম ৩ জনকে সিলেক্ট করবেন। কিন্তু ম্যাকসিমাম কত হবে তা বলেন নি। ম্যাকসিমাম সংখ্যাটা কত হবে তা বলে দেওয়া দরকার ছিল। ক্লজ ১৪-তে বলছেন—The Commission shall consist of not less than three eminent educationists, one of whom shall be the Chairman of such Commission appointed by the Chancellor in consultation with the State Government. ম্যাকসিমাম নম্বরটা বলা দরকার। তা সে ৭, ১০, ১১, ১৫ যাই হোক না কেন। ভবিষ্যতে হয়তো অনেকজনকে করা হ'ল। আমরা অনেক সময় দেখছি ইলেকশনে হেরে যাবার পর অনেক লোককে প্রভাইড করার জন্য এটা করা হয়। একাধিক লোককে প্রভাইড করে আপনারা কমিশনের চেয়ারম্যান করে দিয়েছেন। যেমন, এডুকেশন চেয়ারম্যান করেছেন এ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটির চেয়ারম্যান করেছেন। সুতরাং, নম্বরটা যদি বেঁধে দেন তাহলে ভালো হয়। এই অসঙ্গতিটা এখানে লক্ষ্য করা যাচ্ছে। ৩ বা ৫, ইত্যাদি কিছু ম্যাকসিমাম করুন।

আবার দেখছি, প্রত্যেকটি ইউনিভার্সিটিতে স্টেট লেজিসলেচারের একটা রিপ্রেজেন্টেশন থাকে। এখানে বলা আছে, মিঃ স্পীকার থাকতে পারেন এক্স-অফিসিও মেম্বার হিসাবে। সেটায় আমরা নিশ্চয়ই আপত্তি করছি না। কিন্তু বিধায়করা কলকাতা বিশ্ববিদ্যালয়সহ সমস্ত বিশ্ববিদ্যালয়েই আছেন। হয় সেনেটে না হয় কোর্টে তারা আছেন। স্পীকার ল' ইউনির্ভাসিটিতে এক্স-অফিসিও হিসাবে থাকুন। সাথে সাথে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেটে যেমন পাঁচ জন বিধায়ক আছেন তেমন এখানেও অন্ততঃ তিন জন বিধায়ককে রাখুন। যেখান থেকে লেজিসলেশন হচ্ছে, যে হাউস থেকে আপনি বিলটা পাশ করাচ্ছেন সেই হাউসকে কিছুটা সম্মান দেওয়ার জন্য আপনি তিন জন বিধায়ককে রাখার ব্যবস্থা করতে পারেন। আর একটা জিনিস দেখছি, ফার্স্ট ভাইস-চ্যান্সেলরকে ৬ বছরের জন্য নমিনেট করছেন। এটা এখানে কেন ফিক্সড্ ৬ বছর করে দিচ্ছেন? দু'বছর বা তিন বছরের নমিনেশন দিয়ে, তারপর রিভিউ করে এক্সটেনশন দেওয়ার ব্যবস্থা করতে পারেন। কোন রিভিউ-এর ব্যবস্থা না রেখেই ৬ বছরের জন্য দিয়ে দিচ্ছেন। এ বিষয়ে আমাদের তাপস রায় এবং অশোক দেব অ্যামেন্ডমেন্ট দিয়েছেন। ফার্স্ট ভাইস-চ্যান্সেলর কিভাবে হবে, সে সম্বন্ধে আমরা সাজেশন দিয়েছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বিল ইনট্রোডিউজ করেছেন, কন্সিডারেশনে আলোচনা হচ্ছে, ঠিক আছে। এখন আপনার যদি গুড উইসেস্ থাকে, রাজনৈতিক উদ্দেশ্য না থাকে তাহলে এখন আপনি বিলটা সিলেক্ট কমিটিতে পাঠাবার ব্যবস্থা করুন। আপনিই তো সেখানে চেয়ারম্যান থাকবেন। সুতরাং অসুবিধার কি আছে? অনেক সময় অনেক বিল একবার নয়, দু'বারও সিলেক্ট কমিটিতে পাঠান হয়েছে। ভাড়াটিয়া আইন সিলেক্ট কমিটি হয়ে আসার পরে

আবার সিলেক্ট কমিটিতে পাঠান হয়েছিল। আমরা এই হাউস থেকে আবার সিলেক্ট কমিটিতে পাঠিয়েছিলাম। এর মধ্যে ইগোর ব্যাপার নেই। শম্ভু ঘোষ যখন মন্ত্রী ছিলেন তখন একটা ওপেন ইউনিভার্সিটি বিল এসেছিল, তৎকালীন স্পীকার সেটা সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দিয়েছিলেন। এই রকম অনেক বিল সিলেক্ট কমিটিতে গিয়েছে। সুতরাং এটা আজকে তাড়াহুড়ো করে পাশ না করিয়ে সিলেক্ট কমিটিতে পাঠাবার ব্যবস্থা করুন, এই অনুরোধ আমি আপনাকে করছি। গত বৃহস্পতি, কি শুক্রবার আমরা এই বিলের কপি পেয়েছি—থ্রি ডেজ বিফোর, আইন মেনেই নোটিশ দিয়ে আপনি বিলটা এনেছেন। কিন্তু আমরা আরো একটু আগে পেলে আরো আলোচনা করতে পারতাম। আমরা হঠাৎ শুনলাম আপনি এই বিলটা আনছেন। এই বিলের মধ্যে অনেক অসঙ্গতি আছে। তাড়াহুড়ো করে সে সব অসঙ্গতি দূর করা সম্ভব নয়। সুতরাং আপনি এখন সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দিন। সেখানে আলোচনা হোক, তারপর নেক্সট সেশনে নিয়ে আসুন। সিলেক্ট কমিটিতে সদস্যরা ক্লজ বাই ক্লজ আলোচনা করে দেখুন। অন্যান্য জায়গায়, অন্যান্য স্টেটে কি হয়েছে সে বিষয়ে খোঁজ নিন। সেখানকার কপি নিয়ে এসে দেখুন। সেই ব্যবস্থা করুন। আমি আপনাকে অনুরোধ করছি, সেই ব্যবস্থা করে সেই ভাবে আনুন। সেইভাবে আনলে ভাল হয়। এটাকে ইগোর ব্যাপার না করে, রাজনৈতিক উদ্দেশ্য বাদ দিয়ে এখানে বিল উত্থাপনের ব্যবস্থা করুন। যদিও আমরা জানি প্রতিটি বিশ্ববিদ্যালয়ে আপনারা নিজেদের রাজনৈতিক কর্তৃত্ব বজায় রাখার উদ্দেশ্যে দলীয় লোকেদের উপাচার্য হিসাবে নিয়োগ করেন। অথচ বিশ্ব-ভারতীর এক সময়ের উপাচার্য অম্লান দত্ত'র কাছে আমি গিয়েছিলাম তাঁকে ছাত্র পরিষদের একটা মিটিং-এ নিয়ে যাবার জন্য। তিনি আমাদের সেই নিমন্ত্রণ গ্রহণ করেন নি। তিনি আমাকে বলেছিলেন, 'যত দিন আমি বিশ্ব-ভারতীর বা কোন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য থাকব ততদিন কোন পলিটিক্যাল উইং-এর কোন মিটিং-এ যাব না।' তিনি যান নি। অথচ আপনাদের প্রতিটি ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলাররা সর্বত্র যান। তাঁরা প্রত্যেকে আপনাদের দলের সঙ্গে যুক্ত এবং প্রতিটি ইউনিভার্সিটি দলীয় অফিস হয়ে গেছে। এক্ষেত্রেও আপনি একই ধারা বজায় রাখবার চেষ্টা করছেন। আপনি এ ক্ষেত্রে সেই ধারা বন্ধ রাখার চেষ্টা করুন। এটাই আপনার কাছে আমার অনুরোধ। আপনি আইনমন্ত্রী। শিক্ষামন্ত্রীদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গী বেশী থাকলেও, আপনি আইনজীবী হিসাবে একটু অন্ততঃ রাজনীতির উর্ধ্বে থাকুন। আপনাকে আমি অনুরোধ করছি, আপনি বিলটা সিলেক্ট কমিটিতে পাঠান। সেখানে বিচার বিশ্লেষণ হোক, তারপর আনুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.00–4.10 p.m.]

**শ্রী নিশীথ অধিকারী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে ধন্যবাদ জানাবো মাননীয় সদস্যদের, তার কারণ, তারা নীতিগতভাবে একটা আইন শিক্ষার জন্য উৎকর্ষ আইন বিশ্ববিদ্যালয় গঠনের ব্যাপারে সবাই একমত, সবাই চিন্তিত। এখন যে অসুবিধাটা এসেছে সেখানে আমার মনে হয় কিছু আলোচনা করলে এই আইন সম্পর্কে, তাহলে যাদের যা সংশয় আছে তা কেটে যাবে এবং আমি সেটা আপনাদের কাছে একটার পর

একটা রাখতে চাইছি। প্রথমতঃ যে বিষয়টি নিয়ে মাননীয় সদস্য, তাপস রায় মহাশয় এখানে বলেছেন সেটা হচ্ছে, আমাদের দেখতে হবে যেন এই বিশ্ববিদ্যালয়কে রাজনীতি গ্রাস না করে, যেন মুক্ত থাকে রাজনীতি থেকে। সেই কথারই পুনরাবৃত্তি করেছেন মাননীয় সদস্য, শ্রী তাপস ব্যানার্জী, শ্রী অশোক দেব এবং আমাদের শ্রদ্ধেয় মান্নান সাহেব। কিন্তু দুঃখের কথা হচ্ছে এই, এই আইনের আসল ক্ষমতা কোথায়, কার হাতে এবং তা কিভাবে সংগঠিত হয়েছে এবং কারা তার সদস্য সেটা যদি দেখতেন তাহলে এই প্রশ্নটা আসতো না। এই আইনে দেখলে দেখা যাবে, এই আইনের মূল ক্ষমতা একজিকিউটিভ কাউন্সিলের কাছে। একজিকিউটিভ কাউন্সিলে যে ১০ জন সদস্য আছেন তার ভিতর ৬ জন সদস্য কোন না কোনভাবে মাননীয় প্রধান বিচারপতির দ্বারা মনোনীত, আর ৪ জন যারা আছেন তার ভিতরে ৩ জন হলেন সরকারী অফিসারস'। যারা মাননীয় প্রধান বিচারপতির দ্বারা মনোনীত বা নমিনেটেড হবেন সরকারী কর্মচারী বা আমলা—তাদেরকে কি আপনারা মনে করেন—তারা রাজনীতি করবেন? ফলে আপনাদের ঐ যুক্তিটা বোধ হয় আসে না। আমি একই সঙ্গে বলবো আপনারা যে কনফিউজ্ড তা বোঝা যাচ্ছে। কারণ, আমাদের অত্যন্ত শ্রদ্ধেয় শ্রী আব্দুল মান্নান সাহেব তিনি যখন বলছেন একই সঙ্গে রাজনীতি মুক্ত করো আবার একই সঙ্গে বলছেন ৩ জন এম. এল. একে দাও—এই দুটো কিন্তু এক জায়গায় আসছে না। আমি জানিয়ে রাখি, এই যে বিশ্ববিদ্যালয় করার কথা ভাবা হয়েছে সেখানে কিন্তু প্রথম থেকেই কোনরকম সরকারী সাপোর্টিভ দিক বা কোন রকম ইন্টারফেয়ারেন্স রাখা হবে না, এটা ভেবেই করা হয়েছে। আমি প্রথমেই জানিয়ে দিতে চাই, এই বিলটি যখন তৈরী হয় তখন বর্তমান ভারতবর্ষে যে ক'টি আইন বিশ্ববিদ্যালয় আছে, এই ধরণের বিষয়গুলিও পুঙ্খানুপুঙ্খভাবে দেখে তার থেকেই ভাল অংশগুলি বেছে তৈরী করা হয়েছে, সেখানে কোন রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে করা হয়নি। এমন কি এই বিশ্ববিদ্যালয়ের যিনি ভাইস-চ্যান্সেলার হবেন তিনিই আসলে কি্ পজিশন। সেখানে লক্ষ্য করে দেখবেন সেটা কিন্তু সরকারের হাতে নয়। শুধু প্রথমবার ওকে আমাদের অ্যাপয়েন্ট করতে হবে যেহেতু সেই সময়ে একজিকিউটিভ কমিটি নেই। আদারওয়াইজ একজিকিউটিভ কমিটিই হচ্ছে মূল অ্যাপয়েন্টিং অথরিটি অফ দি ভাইস-চ্যান্সেলার, সুতরাং একজিকিউটিভ কাউন্সিলে রাজনীতির ব্যাপারটা গৌণ। ফলে আমার মনে হয়, মূল আশঙ্কা আপনাদের যে জায়গায় আছে সেটা বোধ হয় সঠিক নয়। শুভবুদ্ধিসম্পন্ন মানুষ সবাই নিশ্চয়ই রাজনীতির উর্দ্ধে বিশ্ববিদ্যালয়কে আনতে চাইছেন এবং তারা নীতিগতভাবে আমার সঙ্গে একমত যে, উৎকর্ষ আইন শিক্ষার কেন্দ্র অবিলম্বে স্থাপিত হোক। কেন আমি জিনিসটা অন্যভাবে দেখছি?

আমি দেখাচ্ছি কেন এটার দরকার। আইন শিক্ষার শিক্ষক পাওয়া যাচ্ছে না আইন কলেজগুলির জন্য। অতীশবাবু জানেন, উনি শ্রদ্ধেয় লোক, ওকে আমি দাদা বলি, উনি জানেন কারণ উনি আইন কলেজ করার চেষ্টা করছেন। পাবেন ভাল শিক্ষক? শিক্ষক নেই। কাজেই শিক্ষক তৈরি করার দরকার আছে। তাই পশ্চিমবঙ্গে অবিলম্বে একটি আইন বিশ্ববিদ্যালয় তৈরি করা দরকার যেখান থেকে তাড়াতাড়ি করে আমরা আইন

শিক্ষার জন্য শিক্ষক পাব। আমাদের খুব তাড়াতাড়ি দরকার। আপনারা জানেন কিনা জানি না, আমি নিজে যেহেতু এই দপ্তরটি দেখাশুনা করি সেইহেতু জানি আমাদের সামনে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে আইন তৈরির জন্য যে ড্রাফটিং-এর প্রয়োজন সেই ড্রাফটসম্যান ভাল পাওয়া যাচ্ছে না। কাজেই এ ক্ষেত্রে শিক্ষার দরকার আছে কেন না এটা একটা টেকনিক্যাল সাবজেক্ট। এটা একটা সামাজিক প্রয়োজনও বটে। বার্ড যখন বলেছিলেন যে আইন শিক্ষার দরকার গণতন্ত্রের জন্য তারপর অনেক দিন পেরিয়ে গিয়েছে। এখন সমাজের জন্য, সমাজকে ঠিক মতন চালনা করার জন্য কিন্তু আইন শিক্ষার প্রয়োজন হয়ে পড়েছে। এটা সকলের ভাবা দরকার। আপনারা এটা কেন ভুলে যাচ্ছেন তা আমি বুঝতে পারছি না। আজকে যে শিল্পায়ন চলছে, এমন কি বর্তমানে আমরা চাই বা না চাই যে বিশ্বায়নের ব্যাপারটা এসে গিয়েছে চারিধারে সেখানেও কিন্তু আইনের ক্ষেত্রটা বিরাট হয়ে গিয়েছে। আজকে আপনারা জানেন কিনা জানি না ইনটেলেকচুয়াল প্রপার্টি রাইট বলে একটা নতুন দিক উন্মোচিত হয়েছে। তার পক্ষে বলুন বা বিপক্ষে বলুন সে সম্পর্কে যদি আলোচনা করতে চান তাহলে কিন্তু আমাদের সে শিক্ষার অবস্থাটা নেই। ফলে এটা আমাদের অবিলম্বে দরকার। এটা কিন্তু আপনারা যা বলছেন তা নয়, অর্থাৎ এটা তাড়াহুড়া করে করা হয়নি। দীর্ঘদিন ধরেই এটা করার কথা হচ্ছে। এখানে বোধ হয় আপনারা ভুল করছেন। আজ থেকে প্রায় ১।। বছর আগে থেকে এটা আরম্ভ করা হয়েছে। সমস্ত আইনগুলি খোঁজখবর করে এক জায়গায় আনা হয়েছে। বিভিন্ন সময় বিভিন্ন ক্ষেত্রের বিভিন্ন মানুষের সঙ্গে আলোচনাও করা হয়েছে। ভারতবর্ষে যারা সামনের সারির আইন শিক্ষক তাদের সঙ্গে আমি নিজে ব্যক্তিগতভাবে আলোচনা করেছি। আমার বন্ধু অশোক দেব যেটা বললেন সেটা বোধ হয় ঠিক নয়। আমি ব্যক্তিগতভাবে বার কাউন্সিল অব ইন্ডিয়ার চেয়ারম্যানের সঙ্গে আলোচনা করে এসেছি। দীর্ঘক্ষণ ধরে আমাদের আলোচনা হয়েছে। সেদিন উনি ছিলেন না বার কাউন্সিলে। বার কাউন্সিল অব ইন্ডিয়াতে উনি যান নি সেদিন, এখানে বোধহয় ব্যস্ত ছিলেন। আমি সেখানে গিয়েছি। আর বার কাউন্সিল অব ওয়েস্ট বেঙ্গল, তার আমিও সদস্য, এটা আশা করি অস্বীকার করতে পারবেন না। আমি সেখানেও আলোচনা করেছি। তা ছাড়া ওর সঙ্গেও যে আলোচনা করি নি সেটাও ঠিক নয়। ওর সঙ্গেও আলোচনা করেছি। কাজেই আমি মনে করি এতে রাজনীতি কিছু করা হয়নি। এর মধ্যে রাজনীতি আনার কোন ব্যবস্থাও হয়নি। কোন অবস্থাতেই কুক্ষিগত করার কোন প্রশ্নই আসে না। সকলের সঙ্গে আলোচনা এবং সমস্ত ক'টি আইন - উনি আইনগুলি দেখেছেন কিনা জানি না, আমরা কর্নাটক, অন্ধ্রের আইন দুটিকে পাশাপাশি ফেলে তা থেকে বেছে এটা করেছি।

(ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ ঃ- টুকলি করেছেন।)

না, টুকলি নয়। আমি যে যুগে আইন পাশ করে বিশ্ববিদ্যালয় থেকে বেরিয়েছি সেই যুগে টুকলি আরম্ভ হয়নি। যাই হোক, আর একটা দিক নিয়ে আমি বলতে চাই যেটা উনি বলেছেন, সেখানে সেকশান ১৬ টা ওকে একটু দেখতে বলছি। সেকশান ১৬ তে যদি কোন ডিফিকালটিস থাকে সেটা রিমুভ করা যাবে। সেখানে চিন্তার কিছু নেই।

আমি দেখে নিয়েছি, যদি কোন ডিফিকালটিস হয় সেটা রিমুভড হবে। আর জেনারেল কাউন্সিলের মিটিং-টা তাড়াতাড়ি করার কথা বলেছেন। জেনারেল কাউন্সিলের মিটিং কিন্তু খুব তাড়াতাড়ি করার দরকার নেই, কারণ জেনারেল কাউন্সিলের যে ক্ষমতা সেটা খুব সীমিত। আসল ক্ষমতা কিন্তু একজিকিউটিভ কাউন্সিলের। এটা আপনারা একটু দেখবেন। জেনারেল কাউন্সিলে কিছু মন্ত্রী থাকতে পারেন কিন্তু একজিকিউটিভ কাউন্সিলে কোন মন্ত্রী নেই। এটাও একটু লক্ষ্য করে দেখবেন। একটা কথা সুজনবাবু বলেছেন। যে আমাদের প্রচেষ্টা সেই প্রচেষ্টার পেছনে কিন্তু আর একটা দিক আছে এবং সেটা উনি খুব ভালোভাবে তুলে ধরেছেন।

[4.10–4.20 p.m.]

সেটা হচ্ছে আমাদের অর্থনৈতিক প্রতিবন্ধকতা। তবে মেধা প্রসারের ক্ষেত্রে বা মেধার উৎকর্ষতার ক্ষেত্রে যাতে প্রতিবন্ধকতা না হয়ে দাঁড়ায়—এটা বোধ হয় উনি ভাল বলেছেন। আজকে আমরা সামনের সারির মানুষের সঙ্গে কথা বলেছি। ওয়েষ্ট বেঙ্গলে ব্রাইট পসিবল ষ্টুডেন্ট পাওয়া যায়, কিন্তু সেখানে এই বিশ্ববিদ্যালয় নেই। তারা মূলতঃ পড়তে যায় কেউ পুনায়, কেউ দিল্লীতে, কেউ বা হায়দ্রাবাদে। আপনারা জানেন কত খরচ পড়ে? কোন কোন ক্ষেত্রে মাসে ২০ হাজার টাকা লাগে। আমাদের মধ্যবিত্ত ঘরের ভায়েরা, মধ্যবিত্ত ঘরের ছেলেমেয়েরা যেতে পারে না। আজকে এই শিক্ষাকেন্দ্রে এখন থেকে যদি বলি যে ৩০ শতাংশ মেধার ভিত্তিতে থাক, ৩০ শতাংশ মেধার ভিত্তিতে নিতে হবে। আর ৩০ শতাংশ মেধার উপরে যারা উঠবে তাদের সরকার সাহায্য করবে। তাহলে হয়ত আমাদের পশ্চিমবঙ্গের মেধাবী ছাত্ররা এই উৎকর্ষ আইন শিক্ষাকেন্দ্রে যোগ দিতে পারবেন এবং আগামী দিনে এমন একটা জায়গায় যেতে পারবেন যাতে সমাজকে এগিয়ে নিয়ে যেতে পারবেন। আমি আপনাদের আবার অনুরোধ করবো যে, আপনারা আধুনিক বিশ্বের দিকে তাকিয়ে দেখুন। আজকে এটা প্রয়োজন হয়ে পড়েছে। তাপসবাবু যেটা বললেন যে এনরনের সঙ্গে চুক্তিতে সই করে ২ লক্ষ ডলার নিয়ে চলে গেল বিদেশের লোকেরা। এটা আমাদের পশ্চিমবাংলার নয়, এটা মহারাষ্ট্রের ঘটনা। আমরা এই কর্পোরেট বডিগুলিকে একটার সঙ্গে আর একটার যোগাযোগ করার চেষ্টা করছি। সেখানে এক্সপার্ট, লীগ্যাল এক্সপার্ট-এর দরকার। এখানে খুব ভাল কথা বলেছেন সুজনবাবু। আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু তিনি হয়ত দেখেন নি। এই যে বিশ্ববিদ্যালয়, এই বিশ্ববিদ্যালয় সম্পর্কে পরিষ্কার বলা আছে যে, ইন্টার-ডিসিপ্লিন হবে, যেটা কোনদিন ভাবা যায় নি। এটা দরকার। তিনটি ডিসিপ্লিনের লোক একটা জায়গায় থাকবে। একটা হচ্ছে, ল' এ্যান্ড ম্যানেজমেন্ট, দ্বিতীয় হচ্ছে, 'ল' এ্যান্ড ইকনমিক, তৃতীয় হচ্ছে ল' এ্যান্ড এনভারনমেন্ট সায়েন্স এবং তার সঙ্গে মেরিটাইন 'ল'। এই জায়গাগুলিকে একসঙ্গে মেশানের কথা ভাবা হয়নি। আগামী দিনে এগুলি করতে হবে এবং সেজন্য এই বিশ্ববিদ্যালয় সম্পর্কে সেকশান - ৪ য়েতে পরিষ্কার করে বলা আছে অবজেক্ট অব দি ইউনিভার্সিটি। আমরা বিভিন্ন জায়গা থেকে বেছে নিয়ে এমন একটা জায়গায় আসার চেষ্টা করেছি। আগামী দিনে এই আইন শিক্ষার ক্ষেত্রে আমরা সবচেয়ে সামনের সারিতে

চলে যাবো। আগে যে জায়গায় আমরা ছিলাম, যে কোন কারণে হোক, সেই জায়গা থেকে আমরা সরে এসেছি। আইন শিক্ষার ক্ষেত্রে কলকাতা আবার সামনের সারিতে আসুক এবং তার শরিক আজকের এই সভা একসঙ্গে হোন। আপনারা বলুন যে, কোন দ্বিধা নয়, কোন দ্বন্দ্ব নয়, এই বিশ্ববিদ্যালয়কে এখনই আমরা চালু করতে চাই। এটা নিয়ে কোন রাজনীতি নয়। আপনাদের কাছে বলবো যে, দয়া করে এই আইনটা নিয়ে কোন রাজনীতি করবেন না। আপনাদের কাছে বলবো যে সেই অনুযায়ী সহমত হয়ে এই আইনকেএবং বিচার বিজ্ঞান সংক্রান্ত যে বিশ্ববিদ্যালয়, ইউনিভার্সিটি অব জুরিসডিক্যাল সায়েন্স, তা এখানে প্রতিষ্ঠিত হোক, আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয় এখানে হোক, আমাদের ছেলেরা, পশ্চিমবাংলার মধ্যবিত্ত ঘরের ছেলেরা যাতে এখানে স্থান পায়, মেধা যেন মূল জায়গায় আসে সেটা হোক। আর ভাইস-চ্যান্সেলর এ্যাপয়েন্টমেন্টের বিষয়ে যেটা বলা হয়েছে, আসলে এটা এ্যাপয়েন্টমেন্ট দেবেন চ্যান্সেলর। এটা আমি আবার জানিয়ে দিলাম। কনসালটেশন মানে হচ্ছে এফেকটিভ কনসালটেশন। আর কনসালটেন্ট যা নেওয়া হয় সেক্ষেত্রে কিছু নাম পাঠান হয় এবং তার থেকে বেছে নেওয়া হয়। সেই বাছাই-এর অধিকার সুপ্রিম কোর্টের চিফ জাস্টিসের রয়েছে। ফলে ঐ এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে ফাইনাল কথা বলবেন কিন্তু সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি। এই ক'টি কথা বলে সকলের শুভবুদ্ধির কাছে আবদেন করছি, এই আইন এখানে সর্বসম্মতিক্রমে গ্রহণ করুন।

The motion of Shri Nisith Adhikary that the West Bengal National University of Jurisdical Sciences Bill, 1999, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 & 2**

The question that clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 3**

**Mr. Deputy Speaker :** There is an amendment to clause 3 by Shri Tapas Roy. Shri Roy may now move his amendment.

**Shri Tapas Roy :** Sir, I beg to move that in clause 3 (4), for the words 'The headquarters of the University shall be at Calcutta', the words 'The headquarters of the University shall be at Greater Calcutta' be substituted.

**Shri Nisith Adhikary :** Sir, I don't accept the amendment.

The motion of Shri Tapas Roy that in clause 3 (4), for the words 'The headquarters of the University shall be at Calcutta', the words, 'The headquarters of the University shall be at Greater Calcutta' be substituted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

### Clauses 4 to 13

The question that clauses 4 to 13 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 14

**Mr. Deputy Speaker :** There is an amendment to clause 14 by Shri Abdul Mannan. Shri Mannan may now move his amendment.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that in Clause 14 (2), in line 1, after the words 'less than three' the words 'and not move than five' be inserted.

**Shri Nisith Adhikary :** Sir, I don't accept the amendment.

The motion of Shri Abdul Mannan that in Clause 14 (2), in line 1, after the words 'less than three' the words 'and not more than five' be inserted, was then put and lost.

The question that clause 14 do stand part of the Bill, was then put and agreed to.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মিঃ স্পীকার স্যার, আমাদের বিরোধীপক্ষ আমরা যা করবো তার উল্টো করবেন। আমরা যখন 'আইজ' বলি, ওরা তখন 'নোজ' বলেন, এরকমই ওদের শিখিয়ে দেওয়া হয়েছে। এই পরিপ্রেক্ষিতে একটি গল্প বলি। দুই পাড়ার মানুষের মধ্যে ঝগড়া, এক পাড়ার মানুষ অন্য পাড়ার মানুষকে দেখতে পারেন না। একটি পাড়া যা করবে, অপর পাড়া তার উল্টো করবে।

অপর পাড়ার লোকদের দেখতে পারে না। ওখানে অন্য একটা গ্রূপ পিকনিক করতে এসেছিল। সেখানে শকুনে পায়খানা করে দিয়েছিল। বললো, ওরা কি বললো? বললো, ওরা খেয়ে নিয়েছিল।

**মিঃ স্পীকার ঃ** মিঃ মান্নান, ওখানে কি ছিল সেটা দেখতে হবে।

[4.20–4.30 p.m.]

### Clauses 15 to 21

The question that Clauses 15 to 21 do stand part of the Bill, was then put and agreed to.

### Amendment to Schedule

### Clause 2

**Mr. Speaker :** There is amendment to Clause 2 of Schedule.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that after Clause 2(q), the following new clause be added :- '2(q)(a) three representatives from State Legislature;'

The motion was then put and lost.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 3 to 17**

The question that Clauses 3 to 17 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 18**

**Mr. Speaker :** There are three amendments to Clause 18 to Schedule by Shri Tapas Roy and Shri Ashoke Kumar Deb.

**Shri Tapas Roy :** Sir, I beg to move that in Clause 18(1), in lines 1 and 2, for the words 'The Vice-Chancellor of the University shall be appointed by the Executive Council in consultation with the Chancellor', the words 'The Vice-Chancellor of the University shall be appointed by the Chancellor in consultation with the Executive Council' be substituted.

Sir, I beg to move that in Clause 18(1), in lines 4 and 5, for the words 'Provided that the first Vice-Chancellor shall be appointed by the Government of West Bengal in consultation with the Chancellor', the words 'Provided that the first Vice-Chancellor shall be appointed by the Chancellor in consultation with the Government of West Bengal' be substituted.

**Shri Ashok Kumar Deb :** Sir, I beg to move that in Clause 18(1), in lines 4 and 5, for the words, 'Provided that the first Vice-Chancellor shall be appointed by the Government of West Bengal in consultation with the Chancellor', the words 'Provided that the first Vice-Chancellor shall be appointed by the Chancellor in consultation with the Government of West Bengal' be substituted.

The motions were then put and lost.

The question that Clause 18 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 19 to 33 to Schedule**

The question that Clauses 19 to 33 to Schedule do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Nisith Adhikary :** Sir, I beg to move that the West Bengal National University of Jurisdical Sciences Bill, 1999, as settled in the Assembly, be passed.

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি, সংখ্যাধিক্যের জোরে এই সেশনে অনেক অবৈধ বিল পাশ করেছেন। আমাদের বক্তব্যটা একটু সংকীর্ণতার ঊর্ধে গিয়ে বোঝাবার চেষ্টা করলে ভাল হয়। এই বিলে সাধারণভাবে কোন ব্যক্তিই বিরোধিতা করেন নি সেটা মন্ত্রীও স্বীকার করেছেন। শুধু নীতিগতভাবেই নয়, সাধারণভাবে এই বিল একটা ভাল বিল এবং এই বিলটা এলে ভাল কাজ হবে। কিন্তু একটা দুটো ছোট উদাহরণ এই প্রসঙ্গে বলছি যে, এই বিলটির সামঞ্জস্য এবং ধারাবাহিকতা রক্ষা করতে গেলে আপনার নাম থেকে শুরু করে এবং এই ব্যাপারে যে কতগুলো কমিটি হয়েছে তাতে ভাইস চ্যান্সেলার কোটা এবং এমন কি বিধানসভা থেকে ক্যালকাটা ইউনির্ভাসিটির যে সেনেট মেম্বার আছেন, যাদেরকে আপনারা এমনি করে বসিয়ে দিয়েছেন, তাদেরকেও এর মধ্যে রাখেন নি। সুতরাং বিলটি আমার মনে হয় সিলেক্ট কমিটিতে যাওয়া দরকার। সিলেক্ট কমিটি যদি গ্রহণ করে তাহলে আমরা সব দাবী মেনে নেব। এইক্ষেত্রে আপনার দাবী অনড় রেখে বিলটিকে আটকে না রেখে সিলেক্ট কমিটিতে পাঠান। সুতরাং ন্যূনতম বিচার করে সিলেক্ট কমিটিতে আলোচনার জন্য বিলটিকে পাঠান। তার পর যদি মনে করেন যে ধারাবাহিকতা রক্ষার ক্ষেত্রে এটা গ্রহণ করা যায় না, তখন করবেন না। কিন্তু বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠান, তাতে কোন মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। বরং বিলটি আরো শক্তিশালী হবে এবং জনগণের স্বার্থে বিলটিকে দৃঢ় করার স্বার্থে সিলেক্ট কমিটিতে পাঠান হোক। সেখানে অবজেকটিভ রেখেছেন ইউনির্ভাসিটির নাম দিয়েছে তাতে সব ইউনিভার্সিটির সব জিনিস ভাল নয়। সেখানে অবজেকটিভে বাঙ্গালোর যে নাম রেখেছে সেই বাঙ্গালোরের নামটা ন্যাশানাল ল' স্কুল অফ ইন্ডিয়ান ইউনিভর্সিটি যেটা করা হয়েছে সেটা না করে স্কুল অফ লন্ডনের অনুকরণে ন্যাশানাল ল' স্কুল করলে ভাল হত। এটা যেন উড়িষ্যা মার্কা নাম দিয়ে নামকরণ করা হয়েছে। এটা না করলেই ভাল হয়। এই বিলটি আনার জন্যে আমরা কোন প্রতিবাদ করছি না কিন্তু টাইটেল থেকে আরম্ভ করে কয়েকটি ব্যাপারে বক্তব্য আছে। সেই কারণে বিলটি সিলেক্ট কমিটিতে পাঠান হোক, এতে কোন মহাভারত আপনার অশুদ্ধ হয়ে যাবে না। এর ধারাবাহিকতা রক্ষা করার জন্য সিলেক্ট কমিটিতে গেলে আপনার মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। সুতরাং আপনার এই মানসিকতা পরিবর্তন করলে ভাল হয়।

**মিঃ স্পীকার ঃ** মন্ত্রী মহাশয় কিছু বলবেন।

**শ্রী নিশীথ অধিকারী ঃ** না।

The Motion of Shri Nisith Adhikary that the West Bengal National University of Jurisdical Sciences Bill, 1999 as settled in the Assembly be passed, was then put and agreed to.

**Presentation of the Committee Report**

**56th Report of the Business Advisory Committee**

**Mr.Speaker :** I now beg to present the 56th Report of the Business Advisory Committee presented on the 19th July, 1999, as follows.

**No. 987**

**Revised Programme of Business for the 20th July, 1999 (as adopted by the House on the 56th Report of the Business Advisory Committee presented on the 19th July, 1999)**

20.7.99, Tuesday : (i) Motion under Rule 185 regarding changing the name of West Bengal and Calcutta to Paschimbanga and Kolkata–Notice given by **Shri Rabindra Nath Mandal, Shri Rabin Deb, Shri Kripa Sindhu Saha, Shri Subhas Goswami, Shri Deba Prasad Sarkar, Shri Kamakhya Nandan Das Mohapatra, Shri Brahmamoy Nanda, Shri Rampada Samanta, Shri Jyoti Krishna Chattopadhyay, Shri Purnendu Sengupta** and **Smt. Shanta Chhetri, Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee, Shri Ambica Banerjee, Shri Gyan Singh Sohanpal** and **Shri Sobhan Deb Chattopadhyay** ... 1 hour

(ii) Motion under Rule 185 regarding closed and sick industries in the State–Notice given by **Shri Subrata Mukherjee, Shri Abdul Mannan, Shri Ambica Banerjee, Shri Saugata Roy, Shri Tapas Banerjee** and **Shri Jatu Lahiri** ... 1 hour

(iii) Motion under Rule 185 regarding de-investment in and de-nationalisation of the Public Enterprises–Notice given by **Shri Rabin Deb, Shri Rabindra Nath Mandal, Shri Purnendu Sengupta, Shri Tapan Hore, Shri Brahmamoy Nanda, Shri Rampada Samanta** and **Shri Kripa Sindhu Saha** ... 1 hour

(iv) Motion under Rule 185 regarding imposition of new tax/cess by the Union Government– Notice given by **Shri Prabhanjan Mandal, Shri Rabindra Nath Mandal, Shri Rabin Deb, Shri Purnendu Sengupta, Shri Tapan Hore, Shri Brahmamoy Nanda, Shri Rampada Samanta** and **Shri Kripa Sindhu Saha** ... 1 hour

(v) Motion under Rule 185 regarding delay in sanction of Pension etc. to retired school teachers–Notice given by **Shri Abdul Mannan, Shri Sanjib Kumar Das, Shri Md. Sohrab, Shri Kamal Mukherjee** and **Shri Sudhir Bhattacharjee** ... 1 hour

N.B.– There will be no Question for Oral Answer and Mention Case on Tuesday, the 20th July, 1999.

I now request the Parliamentary Affairs Minister to move the Motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Now I beg to move that the 56th Report of the Business Advisory Committee, as presented in the House, be agreed to.

The Motion was then put and agreed to.

## LEGISLATION

### The Land Acquisition (West Bengal Amendent) Bill, '99

**Shri Surjya Kanta Mishra :** Sir, I beg to introduce the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1999.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to move that the Land Acquisition (West Bengal Amendment) Bill, '99, be taken into consideration.

[4.30–4.40 p.m.]

**শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিল আজকে এখানে এসেছে, ল্যান্ড এ্যান্ড এ্যাকুইজিশান ওয়েষ্ট বেঙ্গল এ্যামেন্ডমেন্ট বিল, '৯৯ যেটা মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন, এটাকে আমি নীতিগতভাবে সমর্থন করছি। কিন্তু সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলার প্রয়োজনীয়তা আছে। উনি অবজেক্টস্ এ্যান্ড রিজিনসে যে কথা বলেছেন, তাতে বলেছেন শেষের দিকে, যে আগে যেটা ছিল ৯৭তে যেটা আপনি করেছেন ল্যান্ড এ্যাকুইজিশান এ্যাক্ট ৯৭, সেই ধারায় সেই এ্যামেন্ডমেন্ট এর ফলে—It had created unreasonable award value in land acquisition cases to a great extent. এটা কেন হচ্ছে। আমি যতদূর বুঝেছি সেই আমি বলব। কিন্তু আমি মাননীয়

মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, ২ বছর হয়েছে, এই যে বিলটা এসেছিল যাতে আপনি এ্যাক্ট (২) এর সমস্তটা বন্ধ করে দিয়ে ল্যান্ড এ্যাকুইজিশান এ্যাক্ট, ১৯৪৮ এনেছিলেন, সেটা আমরা এ্যাক্ট ওয়ানে বলে থাকি। এর ফলে এটাতে যে এ্যামেন্ডমেন্ট করলেন তার ফলে ডেট অফ পজেশান থেকে এ্যাওয়ার্ড দেওয়া—ডি. এম. এ্যাওয়ার্ড দেওয়ার সময় পেয়েছেন—১২ শতাংশ ইন্টারেষ্ট দেওয়ার কথা ছিল, সেটাও আপনি পরে বুঝতে পেরেছেন। দীর্ঘ সময় ধরে এত বেশী পরিমাণে যাচ্ছিল, এটা সরকারি তহবিল থেকে অনেক টাকা চলে যাচ্ছিল, সেইজন্য এ্যামেন্ডমেন্ট এনে ২ ভাগে যাতে হয় সেটা আপনি করেছেন। আমি যা বুঝেছি, এটা আরো আগে আনলে ভাল হত। আপনার দপ্তরের যে চিন্তা এটা যদি ১ বছর, দেড় বছর আগে আসত, প্রথমেই যদি আসত তাহলে দীর্ঘ ২ বছর ধরে এত টাকা সরকারের গুনতে হত না। এটা আপনার অপদার্থতা, দপ্তরের অপদার্থতা, সেইজন্য আপনার নজরে আনলাম। প্রথমে যেটা ছিল এ্যাক্ট ওয়ান এবং টু ওয়েষ্ট বেঙ্গল ল্যান্ড রিক্যুইজিসান এ্যান্ড এ্যাকুইজিশান, ১৯৪৮ এটা এখন উঠে গিয়েছে, সমস্তটাই ল্যান্ড এ্যাকুইজিশান করছেন এ্যাক্ট ওয়ানের আন্ডারে, এখন যে ল্যান্ড এ্যাকুইজিশান করছেন তার শতকরা ৮০ ভাগ টাকা মার্কেট ভ্যালু অনুযায়ী আপনারা দিয়ে দিচ্ছেন। এটা ৮০ কি ১০০ ভাগ হবে আমি জানি না, আপনি সেটা পরে বলবেন। এটা আপনি দিয়ে পজেশান নিচ্ছেন। এ্যাক্ট ২ যেটা ছিল, ১৯৪৮ যেটা এমার্জেন্সি প্রভিশান ছিল তখন অনেক উদ্বাস্তু পশ্চিমবাংলায় এসেছিল, তখন জমির দখল করা ইত্যাদি যাতে সরকারের তরফ থেকে প্রপারলি রিহ্যাবিলিটেশান বা পুর্নবাসন করা যায়, তার জন্য এই এ্যাক্ট এমার্জেন্সি প্রভিশানের হিসাবে আনা হয়েছিল, তখন তড়িঘড়ি করে পজেশান নিতেন, টাকাটা তখন দিতেন না, টাকাটা অনেক পরে দিতেন। অনেক জায়গায় ল্যান্ড এ্যাকুইজিশান করার পরেও টাকাটা পায়নি। আগের বারে ৯৭তে যখন আপনারা এ্যাক্ট ওয়ান এ্যামেন্ডমেন্ট করলেন তখন আপনারা বলেছিলেন এ্যাক্ট ওয়ান এবং টু এর আন্ডারে ৫ হাজার কেস পশ্চিমবাংলার বিভিন্ন পর্যায়ে ঝুলে আছে। তারপরে আপনি বলেছিলেন—The Government of India may be moved for extending the life of the said act for a further period of 3 years. এ্যাক্ট টু যেটা চালু হয়েছিল, এটা ৩ বছর এক্সটেনশান করা যেতে পারে। The recourse may be taken to the provision of the said Land Acquisition Act, 1984 - Act-I of 1984 by resorting to state amendment of that Act. এবং আপনি বলেছিলেন, ২টি অলটারনেটিভ-এর মধ্যে দাঁড়িয়ে কোনটা গ্রহণ করা সুবিধা হবে। কেননা এই ৫ হাজার কেস যা জমে আছে, এর মধ্যে ৩ বছর এর লাইফ এক্সটেন্ড করলে ২ হাজার কেস সমাধান হতে পারে।

সরকারের তরফ থেকে জমি নেওয়া হচ্ছে, তাদের টাকা পেতে দেরী হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, ল্যান্ড এ্যাকুউজিশানের ব্যাপারে এ্যাক্ট টু-কে কার্যকরী করতে গিয়ে যে পাঁচ হাজার কেস জমা পড়ে আছে, তার মধ্যে কতগুলো কেস ডিজপোজাল হয়েছে এবং নতুন করে কতগুলো কেস জমল। আমাদের সাধারণ অভিজ্ঞতা থেকে দেখেছি সরকার একবার ল্যান্ড এ্যাকোয়ার করলে বা রিক্যুইজিশান করলে জমির মালিকের মার্কেট ভ্যালু পেতে ভীষণ কষ্ট হয়। সোলেশ

প্রাইস অনুযায়ী সম্ভবতঃ আপনারা এই মার্কেট ভ্যালুর থার্টি পারসেন্ট জমির মালিককে দেন। এই ব্যবস্থা এখনো নিশ্চয় আছে এবং জমির দাম পেতে তাদের প্রচন্ড দেরী হচ্ছে, এটা নিশ্চয় আপনি অস্বীকার করবেন না। সারা ভারতবর্ষের সঙ্গে সঙ্গতি রেখে আপনি এ্যাক্ট ওয়ান চালু করছেন এবং যাদের ল্যান্ড এ্যাকোয়ার করা হচ্ছে তাদের জমির দাম দিতে হবে, এই ব্যবস্থা যখন আপনি নিচ্ছেন তখন এটা নিশ্চয় প্রশংসার যোগ্য। কিন্তু আগের যে পাঁচ হাজার কেস আছে সেগুলোকে আপনাকে দেখতে হবে, তাদের যেন হাইকোর্টের দ্বারস্থ না হতে হয়। আমি আমার নিজের এলাকার দুটো উদাহরণ দেব, হিজোল বাঁধ তৈরী করার জন্য দ্বারকা নদীর ধারে নতুন করে বাঁধ করার জন্য ইরিগেশান ডিপার্টমেন্ট জমি এ্যাকোয়ার করেছিল। সেই জমি চাষীরা দিচ্ছিল না, তারা অনেক আপত্তি করেছিল, তৎকালীন ডি. এম. তিনি নিজে আমাকে বললেন এবং আমি চাষীদেরকে বুঝিয়ে সরকারকে জমি দেওয়া হল। আমি এর কেস নম্বরটা বলছি, আর. এ কেস নম্বর ২১।৮০-৮১, এটা প্রায় ১৯-২০ বছর হয়ে গেছে। সেই জমির মালিকরা—তারা দু-পাঁচ বিঘা জমির মালিক, তারা ছোট চাষী তারা জমির কম্পেনসেশান পাচ্ছে না। আপনার পূর্বসুরী বিনয়বাবু তখন কিছুটা এ্যাকশান নিয়েছিলেন, কিন্তু এখনো তারা টাকা পাইনি, সেই কেসগুলো ডিসপোজ হচ্ছে না। আরেকটি কেস আপনাকে বলছি, পি. ডব্লু. ডি-র রাস্তা তৈরী করার জন্য রাঙামাটি—চাঁদপাড়া অঞ্চলে, জমি এ্যাকোয়ার করা হয়েছিল আমার কান্দি কেন্দ্রে। আমরা যখন ক্ষমতায় ছিলাম সেই ১৯৭৬ সালে জমি এ্যাকোয়ার করা হয়েছিল, কিন্তু জমির মালিক এখনো টাকা পাইনি। সুতরাং এটাকে আপনাকে দেখতে হবে, দয়া করে আপনি নোট করে আমাকে জানাবেন। এই পাঁচ হাজার কেস যেগুলো পড়ে আছে সেই ব্যাপারে ডি. এমকে চিঠি লিখেছিলাম, কিন্তু এখনো তার ফয়সালা হয়নি।

ইন্টারেস্টের ব্যাপারটা দু-ভাগে ভাগ করে দিচ্ছেন। আগে যে আইন ছিল, তার ফলে দীর্ঘকালের জন্য ২০।২২ বছরের ইন্টারেস্ট তাদের দিতে হচ্ছিল, এতে সরকারের তহবিল থেকে টাকা চলে যাচ্ছিল। দেরীতে হলেও সেই অবস্থার প্রতি আপনার নজর পড়েছে। আগে পড়লে আরও ভালো হত, অনেক টাকা সাশ্রয় হত। যা হোক, দেরীতে হলেও যে আপনাদের ঘুম ভেঙেছে, আপনারা চেষ্টা করছেন, এইজন্য এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.40–4.50 p.m.]

**শ্রী ক্ষিতি রঞ্জন মন্ডল ঃ** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় মন্ত্রী জমি অধিগ্রহণের উপর এই যে বিলটি এনেছেন, তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। সঙ্গে সঙ্গে মাননীয় অতীশবাবুকেও অভিনন্দন জানাই এই বিলটিকে সমর্থন করার জন্য।

এ্যাক্ট-১ ইংরেজ আমলে তৈরী হয়, এ্যাক্ট-২ (টু) স্বাধীনতার পর কাজের সুবিধার জন্য করা হয়। সবই করা হয়েছে জনস্বার্থের দিকে লক্ষ্য রেখেই। কিন্তু দুর্ভাগ্যজনক এই যে, ৭৫-৭৬ সালে যে সমস্ত জমি দখল করা হয়েছিল, সেইগুলোর কম্পেনসেশন দেওয়া হয়নি। দুটো ক্লজ রয়েছে-৩। এ. এ্যান্ড বি.। দেখা যাচ্ছে, আগে যাদের জমি

নেওয়া হয়েছে, তারা এখন ডিমান্ড করছে বর্তমান দাম অনুসারে ১২ পারসেন্ট ইন্টারেস্ট দিতে হবে—একেবারে যখন থেকে জমি গ্রহণ করা হয়েছে, তখন থেকে। পরে যেটা ঠিক করা হয়েছে, সেখানে পরিষ্কার বলে দেওয়া হয়েছে যে, যখন জমিটা গ্রহণ করা হচ্ছে, পজেশনটা নেওয়া হচ্ছে, তখন থেকে জমির নোটিফিকেশন-এর সময় পর্যন্ত তখন থেকে ১২ পার্সেন্টি ইন্টারেষ্ট দেওয়া হবে এবং জমির নোটিশ দেওয়া পর্যন্ত যতক্ষণ না টাকা দেওয়া হচ্ছে ততক্ষণ ১২ পারসেন্ট ইন্টারেস্ট দিতে হবে। বর্তমানের দরে দেওয়াটা অসম্ভব ব্যাপার, পুরনো দরে দেওয়াটাই স্বাভাবিক। বাজার দর - যেটা অতীশদা বলেছেন—এখানে সব জায়গায় গোলমাল রয়েছে। মন্ত্রীমশাইয়ের গোচরে আনছি—বিভিন্ন জায়গায় কাজকর্ম করতে গিয়ে দেখা যায়, এ্যাক্ট ওয়ান কার্যকর করতে গিয়ে এ্যাক্ট টু নিচ্ছে। যেমন, আমাদের ওখানে ব্রীজ হচ্ছে, জমির দরকার। জমির মালিক বলছে আগে সব টাকা মিটিয়ে দাও, তারপর জমি দিচ্ছি। এ্যাক্ট টু, এ্যাক্ট ওয়ান ফলো করতে হবে। এই জায়গাটা দেখার প্রয়োজন আছে বলে মনে হয়েছে আমার। এছাড়া এই বিলটিকে সম্পূর্ণ ভাবে সমর্থন করছি এবং মন্ত্রীমশাইকে এই বিলটা আনার জন্য ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এখানে আজকে মাননীয় মন্ত্রী শ্রী সূর্যকান্ত মিশ্র মহাশয়, যে বিলটা এই সভাতে উপস্থিত করেছেন তাকে সমর্থন করে দু-চারটি কথা বলছি। এই বিলের মূল প্রতিপাদ্য বিষয়—অ্যাক্ট টু উঠে যাওয়ার ফলে, অ্যাক্ট ওয়ানে যে রুল রয়েছে, তার মধ্য দিয়ে যে পুরানো জমিগুলি রয়েছে, তার এখনও পর্যন্ত টাকা পয়সা দেওয়া সম্ভব হয়নি। সেক্ষেত্রে দাবি উঠেছে যে নতুন যে মার্কেট ভ্যালু হচ্ছে, তার ভিত্তিতে এগুলি দিতে হবে। সেক্ষেত্রে এই বিলটা আনা হয়েছে এবং এই বিলের সম্পর্কে কোন দ্বিমত নেই এবং আমাদের বিরোধী দলের নেতাও সমর্থন জানাচ্ছে। কিন্তু আমরা যেটা জানতে চাই, সেটা হচ্ছে - রাজ্য সরকারের অপিনিয়ন পরিষ্কার করতে হবে। অ্যাক্ট টু উঠে যাওয়ার ফলে অ্যাক্ট ওয়ান যখন বলবৎ থাকছে, সেই অ্যাক্ট ওয়ান থাকতে গিয়ে দেখা যাচ্ছে যে, শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতে ডেভলপমেন্টের কাজ বন্ধ হয়ে যাওয়ার জোগাড়। ডেভলপমেন্টের কাজের জন্য অ্যাক্ট ওয়ানে যদি জমি পেতে হয়, তাহলে ১৮ - ২২ মাস সময় লাগে এবং তাতেও যদি জমির মালিক না ছাড়ে, তাহলে আর কিছুই করার থাকে না। তাহলে অ্যাক্ট টু-তে যে সুযোগ ছিল ডেভলপমেন্টের জন্য, অ্যাক্ট ওয়ানে আর সে সুযোগ থাকছে না। আমি বলছি যে, কয়েকটি এমারজেন্ট দপ্তর আছে, যারা অত্যন্ত তৎপরতার সঙ্গে ডেভলপমেন্ট করতে চায়, যেমন—উত্তরবাংলার তিস্তা প্রজেক্ট আছে, এই তিস্তা প্রজেক্টে আমরা নিজে দেখেছি যে, তার মেন ক্যানাল এর কাজ হচ্ছে, কিন্তু তার ডিস্ট্রিবিউটারী চ্যানেল করা যাচ্ছে না, কারণ সেই জমিটা অধিগ্রহণ করা যাচ্ছে না। সেখানে অ্যাক্ট ওয়ানের ফলে প্রসেসে দেরী হচ্ছে। ইসলামপুরের ওখানে যে গ্রেভিয়ার্ড আছে, সেখানের জমির দাম এমনভাবে চাইছে যে, এক বিঘা জমি, এক লাখ টাকা দিতে হবে। একটা চাষের জমি, সেখানে ২০ লাখ টাকা পর্যন্ত দাম চাইছে। এই অবস্থা চলছে। মালদা মুর্শিদাবাদের ক্ষেত্রেও একই অবস্থা হয়েছে। এই অ্যাক্ট ওয়ানের ফলে ডেভলপমেন্টের কাজ হচ্ছে না। যে সমস্ত ডেভলপমেন্ট ওয়ার্কস্ না করলেই চলবে না, সেগুলি করা যাচ্ছে না, এই অ্যাক্ট টু উঠে যাওয়ার ফলে। রাজ্য সরকার কোন ওপিনিয়ন সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে দিয়েছেন

কিনা। অ্যাক্ট টু না থাকার ফলে যে সমস্যা তৈরী হচ্ছে, কেন্দ্রীয় সরকার এটাকে খানিকটা অ্যামেন্ড করে, রিভাইজড্ করে বিল আনার ব্যাপারে কোন উদ্যোগ নিয়েছিলেন কিনা, সেই সম্পর্কে আপনি নিশ্চয় জানাবেন। এই ব্যাপারে আমাদের রাজ্য সরকার সেন্ট্রালের সাথে কোন কমিউনিকেশান করেছেন কিনা, জানাবেন। এটা খুবই জরুরী বিষয়। যদি আমাদের এখানে পূর্ত দপ্তর, সেচ দপ্তরকে কাজ করতে হয়, আরও যে বিভিন্ন দপ্তর আছে, তাদেরকে কাজ করতে হয়, তাহলে এই অ্যাক্ট টু না থাকার ফলে তাদেরকে প্রচন্ড অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে এবং এই ব্যাপারে একটা পরিষ্কার চিত্র থাকা দরকার। আমি আর একটা কথা বলব যে, এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার, তারা এই ব্যাপারে কেন ভাববেন না, কেন চিন্তা ভাবনা করবেন না। কংগ্রেস আমলেই এটা হয়েছে। এই ব্যাপারে তারা কথা বলার প্রয়োজন মনে করেন না। তারা কোন ওপিনিয়ন নিলেন না। এর যে কি ফল হতে পারে, সে ব্যাপারে আপনারা চিন্তা করেন নি। এর জন্য যে সমস্যা তৈরী হতে পারে, সেই ব্যাপারে আপনারা চিন্তা করেন নি। কাজেই এই ব্যাপারটা রাজ্য সরকার কি ভাবছেন, সেটা যদি আপনি আপনার জবাবী ভাষণে দেন, তাহলে ভালো হয়। আপনি এই যে বিলটা এনেছেন, এটা আনার দরকার ছিল। আমি এই বিলটা সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.50–4.57 p.m.]

**ডঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতে আমার খুব একটা বলার নেই, কারণ মাননীয় সদস্যারা সকলেই এই বিলকে সমর্থন করেছেন। বিরোধী দলের নেতা বলেছেন যে বিলটা আগে এলে ভালো হতো, আগে আসা উচিত ছিল। আমি আরও আগে আনতে পারলে খুশী হতাম এ বিষয়ে কোন সন্দেহ নেই। আপনারা জানেন বিল পাশ হয় রাষ্ট্রপতির অনুমোদনের দরকার হয় এবং কার্যকরী হয়। এই কার্যকরী করতে গিয়ে নানান অভিজ্ঞতা হয়, কোর্টে মামলা হয়, জুডিশিয়ালী স্ক্রুটিনী হয় তার থেকে অভিজ্ঞতা হয়। যখন আইন তৈরী হয়েছিল তার যে এই রকম ইন্টারপ্রিটেশান হবে সেটা তখন বোঝা যায় নি, এখন বোঝা যাচ্ছে। এই রকম অনেক জিনিসই হয়, আইন হয় তারপর জুডিসিয়াল স্ক্রুটিনী হলে বোঝা যায়। সেই জন্য এতে আমাদের বিস্তৃতভাবে লিখতে হয়েছে। সবাই সমর্থন করেছেন, এতে আমার বিশেষ কিছুই বলার নেই। প্রাসঙ্গিক ভাবেই একটা কথা এসেছে, এ্যাক্ট ওয়ানে যে মামলাগুলি ছিল সেগুলির কি হলো। সেগুলি বিলম্ব হচ্ছে, বিশেষ করে এটা সংশোধন না হওয়ার জন্য এগুলি পড়ে আছে। এটা সংশোধন হলে আমরা দ্রুতভাবে সঙ্গে—আপনারা এখানে ঠিকই বলেছেন পি. ডব্লু. ডি. এবং ইরিগেশান এই সমস্ত দপ্তরে জমি বেশী দরকার হয়—এই দপ্তরগুলির সঙ্গে যোগাযোগ দ্রুততার সাথে নিষ্পত্তি করার চেষ্টা হবে। যেগুলি অনেক বছরের পুরনো, সেইগুলির নিষ্পত্তি করার চেষ্টা হবে। জমির মালিক টাইটেল নিয়ে মামলা করেছে, মামলা থাকলে আমরা ডিস্পোজ করতে পারি না, আবার কেউ কেউ টাকা নিতে অসম্মত হচ্ছেন, কেউ কেউ টাকা নিতে রাজি হচ্ছেন না, কম্পেনসেশানে বেশী পরিমাণ টাকা চাইছেন, তারা মামলা করেছেন এবং আটকে যাচ্ছে। এমনও হচ্ছে

যে এ্যাকুইজিশান করা যাচ্ছে না, কেস ল্যাপস্ হয়ে যাচ্ছে। অনেকে সাক্সেশান সার্টিফিকেট দেখাতে পারছেন না। যার জমি সে মারা গেছে, তার উত্তরাধিকার সাক্সেশান সার্টিফিকেট দেখাতে পারছে না। ৩০,৩৫ বছরের পুরনো কেস, তাহলে বুঝতেই পারছেন, আমাদের সদিচ্ছা আছে আমরা দ্রুততার সাথে নিষ্পত্তি করার চেষ্টা করছি। এটা হয়ে গেছে কাজ করতে আমাদের পক্ষে সহজ হবে। এ্যাক্ট টু এখন নেই, আমরা তখন বলেছিলাম এই রকম একটা আইন জরুরী পরিস্থিতিতে দরকার হলে—যেমন খরার সময় তখন ঠিক ছিল কিন্তু এই রকম একটা আইন আগে জমি নেব, তার পর ২০, ৩০ বছর পরে লোকে এসে টাকা চাইছেন, আমরা কিছু করতে পারছি না। এ্যাক্ট টু এটা ১৯৯৭ সালের মার্চ মাস পর্যন্ত ছিল তার পর আর নেই। এ্যাক্ট ওয়ানে একটু দেরী হচ্ছে। যত তাড়াতাড়ি হওয়ার হচ্ছে না, যেটা ২০, ২২ মাস লেগে যাচ্ছে বলছেন, এটা এখন এতো সময় লাগছে না। জেলাশাসককে ক্ষমতা দেওয়া হয়েছে, স্পেশাল সেল তৈরী করেছি, এখন ৭ মাসেও দিয়েছে এই রকম দৃষ্টান্তও রয়েছে। মালদায় একটা এমব্যাঙ্কমেন্ট তৈরী করা জরুরী ছিল, মাননীয় সেচমন্ত্রী আমাকে বলেছিলেন এটা তাড়াতাড়ি করার জন্য। আমরা তখন ৭ মাসের মধ্যে করে দিয়েছি। ৭, ৮ মাসে চেষ্টা করলে দেওয়া যায়। সব ব্যাপারেই হয়তো করা যায় না, তবে ৭, ৮ মাসের মধ্যে চেষ্টা করলে করা যায়। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বলেছিলাম এটা ১৮৯৪ সালের আইন, তার পর এ্যামেন্ডমেন্ড হয়েছে, এটা খোলনলচে বদলানো দরকার। একটা খসড়া বিল তারা তৈরী করেছে। আমাদের মতামত চেয়েছিলেন, আমরা মতামত দিয়েছি। তার পর ১ বছর হয়ে গেল, আমি চিঠি লিখেছি কেন্দ্রীয় সরকারকে সেটা হলে দ্রুততার সাথে করা যাবে। এখন আমরা সেন্ট পারসেন্ট দিচ্ছি। কাজেই কারো জমি নিয়ে নেওয়া হয়েছে কম্পেনসেশন পাচ্ছে না—এটা ভবিষ্যতে আর থাকবে না। তবে আগের জের এখনও চলছে। এই বিল পাশ হয়ে গেলে পুরো পেমেন্ট দিয়ে জমির দখল নেওয়া যাবে। আপনাদের সকলের সমর্থন নিয়ে এই বিল পাশ হবে এই আশা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Surya Kanta Mishra that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1999, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Surya Kanta Mishra :** Sir, I beg to move that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1999, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 4.57 p.m. till 11-00 a.m., Tuesday, the 20th July, 1999 at the Assembly House, Calcutta-1.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 20th July, 1999 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 05 Ministers of State and 136 Members.

**Unstarred Questions (to which written answers were laid on the Table)**

[11.00–11.10 a.m.]

**সাপের কামড়ে মৃতের আত্মীয়দের সাহায্য**

৪৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৬০) **শ্রীজ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, গত বছর (১৯৯৮) বন্যায় মালদা, মুর্শিদাবাদ ও অন্যত্র সাপের কামড়ে মারা গেছেন এমন মৃত মানুষের আত্মীয়-স্বজনরা এখনও পর্যন্ত সরকারী সাহায্য (টাকা) পান নি; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তারা উক্ত সহায়তা পাবেন বলে আশা করা যায়?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) এবং (খ) বন্যায় ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের সময় সাপের কামড়ে মৃত ব্যক্তিদের আত্মীয়-স্বজনদের আর্থিক সহায়তা দেওয়ার কোনও ব্যবস্থা বর্তমানে প্রচলিত সরকারী নিয়মে নেই।

**হুগলী জেলা পরিষদের অডিট**

৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬) **শ্রীকমল মুখার্জী :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলা পরিষদ গত আর্থিক বছরে (১৯৯৮-৯৯) কোন্ কোন্ খাতে কত টাকা খরচ করেছে;

(খ) উক্ত খরচের কোন অডিট হয়েছে কি না; এবং

(গ) হয়ে থাকলে, তার রিপোর্ট পাওয়া গেছে কি?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হুগলী জেলা পরিষদ গত আর্থিক বছরে বিভিন্ন খাতে খরচের হিসাব সংযোজিত ক্রোড়পত্রে দেওয়া হল।

(খ) উক্ত খরচের এখন পর্যন্ত অডিট হয় নি।

(গ) প্রশ্ন ওঠে না।

সংযোজনী—৪৭২ (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬) প্রশ্নের 'ক' অংশের উত্তরের অংশবিশেষ

Headwise Expenditure of Hooghly Zilla Parishad for the year of 1998-99

| | | | |
|---|---|---|---|
| | | | Rs. |
| 1. | Establishment Expenditure | .. | 1,17,78,971.00 |
| 2. | Estt. of Rural Dev. Deptt. | .. | 8,57,441.00 |
| 3. | Estt. of Science Technology Deptt. | .. | 2,27,284.00 |
| 4. | Estt. of V.T.C. | .. | 5,33,939.00 |
| 5. | Hon. to office bearer | .. | 2,29,712.00 |
| 6. | T.A./D.A. to Members | .. | 62,855.00 |
| 7. | Crash Training Programme | .. | 62,131.00 |
| 8. | Cost of Medicines for Dispy. | .. | 12,67,150.00 |
| 9. | Grant to Mental Hospital | .. | 3,48,000.00 |
| 10. | J.R.Y. Schemes | .. | 4,10,51,700.00 |
| 11. | I.A.Y. Schemes | .. | 54,000.00 |
| 12. | E.A.S. | .. | 3,57,25,500.00 |
| 13. | M.W.S. | .. | 80,25,752.00 |
| 14. | J.R.Y. Admn. Charges | .. | 6,68,530.00 |
| 15. | J.R.Y.S.F.S. | .. | 69,363.00 |
| 16. | Repairs Tubewell under R.W.S. | .. | 10,97,000.00 |
| 17. | Scheme for Jirat Water Supply under B.M.N.S. | .. | 11,58,709.00 |
| 18. | Repairs to School out of B.M.N.S. | .. | 1,09,40,683.00 |
| 19. | Imp. of Roads B.M.N.S. | .. | 2,19,76,203.00 |
| 20. | Repairs to Vejonpur Bridge under B.M.N.S. | .. | 4,77,000.00 |
| 21. | Water Supply Schemes out of B.M.N.S. | .. | 57,10,000.00 |
| 22. | Schemes of D.P.F. | .. | 1,84,79,482.00 |
| 23. | Schemes of Citronalla out of D.P.F. | .. | 1,02,837.00 |
| 24. | D.P.F. Tanter Hart | .. | 2,19,840.00 |
| 25. | Infrastructural Dev. Scheme | .. | 71,88,356.00 |
| 26. | Repairs to Jr. H.S. Bldg. out of D.P.F. | .. | 80,000.00 |
| 27. | Scheme of Rural Sanitation Programme | .. | 1,60,000.00 |
| 28. | D.L.L.R.O's Office Work | .. | 5,15,000.00 |
| 29. | Construction of Girls' Hostel Building, Arambagh | .. | 1,64,687.00 |
| 30. | Decentralised Resources of Mobilized Schemes | .. | 2,00,000.00 |
| 31. | Construction of Paediatric Ward at Chinsurah Hospital | .. | 34,617.00 |
| 32. | Const. of Fairweather Bridge | .. | 20,000.00 |
| 33. | F.D.R. Scheme | .. | 1,63,50,000.00 |
| 34. | Scheme of SC/ST CDS | .. | 9,76,526.00 |
| 35. | Repairs of Vejonpur Bridge out of D.V.C. allotment | .. | 74,430.00 |
| 36. | Repair of Rammohan Library | .. | 3,713.00 |
| 37. | C.W. Bldg. repairs | .. | 14,522.00 |
| 38. | Office Expenditure | .. | 17,24,442.00 |
| 39. | Deposit | .. | 50,450.00 |
| 40. | Advance | .. | 83,70,085.00 |
| | | | 19,70,50,910.00 |

**কর্মচারী রাজ্যবীমার টাকা**

৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৫) **শ্রী কমল মুখার্জী ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলী জেলায় ভিক্টোরিয়া ও শ্যামনগর নর্থ জুট মিলের শ্রমিকদের ই.এস.আই.-এর বহু টাকা সংশ্লিষ্ট দপ্তরে জমা পড়ে নি;

(খ) সত্যি হলে, জমা দেওয়া হয় নি এরূপ অর্থের পরিমাণ কত;

(গ) উক্ত ব্যাপারে দুই জুট মিলের মালিকদের বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছে কি না; এবং

(ঘ) করে থাকলে, উপরোক্ত দুই জুট মিলে বকেয়া পাওয়া এখনও পায় নি এরূপ অবসরপ্রাপ্ত শ্রমিকের সংখ্যা কত?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) ভিক্টোরিয়া জুট মিল জমা দেয় নি ৩,০৩,১৯,৪৯৮.০০ টাকা। শ্যামনগর নর্থ জুট মিল জমা দেয়নি ৩,৫৯,৪৯,৫৩৫.০০ টাকা।

(গ) বকেয়া অর্থ পুনরুদ্ধারের জন্য যথাযথ ব্যবস্থা ই.এস.আই. কর্পোরেশন থেকে নেওয়া হয়েছে।

(ঘ) জানা নেই।

**হুগলী জেলায় দূষণ সৃষ্টিকারী শিল্প সংস্থা**

৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫) **শ্রী কমল মুখার্জী ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১.০৩.৯৯ পর্যন্ত হুগলী জেলায় কোন্ কোন্ শিল্প সংস্থা পরিবেশ দূষণ সৃষ্টিকারী বলে চিহ্নিত হয়েছে; এবং

(খ) উক্ত শিল্প সংস্থার বিরুদ্ধে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এবং (খ) ৩১.০৩.৯৯ পর্যন্ত হুগলী জেলায় নিম্নলিখিত শিল্পসংস্থাগুলি দূষণ সৃষ্টিকারী বলে চিহ্নিত হয়েছে। এই শিল্পসংস্থাগুলি সৃষ্ট দূষণের ধরণ ও গৃহীত ব্যবস্থাদি নীচে উল্লিখিত হল ঃ

| | শিল্পসংস্থার নাম ও ঠিকানা | দূষণের ধরণ (বায়ুদূষণ হলে 'ক' জলদূষণ হলে 'খ' বিপজ্জনক আবর্জনাজাত হলে 'গ') | গৃহীত ব্যবস্থাদি |
|---|---|---|---|
| | (১) | (২) | (৩) |
| ১। | কেশোরাম রেয়ন, নয়াসরাই, হুগলী | 'ক', 'খ', 'গ' | জল পরিশোধন ও বায়ুদূষণরোধক যন্ত্রাদি বসানো হয়েছে। কঠিন আবর্জনা পদার্থ ইনসিনারেটর মারফত পোড়ানোর ব্যবস্থা আছে। |
| ২। | ত্রিবেণী টিস্যু, ত্রিবেণী | 'ক','খ','গ' | জল পরিশোধনের জন্য E.T.P. ও বায়ুদূষণ ঠেকাতে E.S.P. ও অন্য যন্ত্রাদি আছে। E.T.P.-জাত কঠিন বর্জ্য পদার্থ থেকে বিক্রয়যোগ্য দ্রব্য তৈরী হয়। এগুলি Eggtray তৈরীতে এবং ছোট সানড্রাইং বোর্ড তৈরীতে লাগে। |
| ৩। | ব্যান্ডেল থার্মাল পাওয়ার স্টেশন, ব্যান্ডেল | 'ক', 'খ' | বায়ুদূষণ ঠেকাতে সব ক'টি ইউনিটে E.S.P. বসানো হয়েছে। |
| ৪। | ডানকুনি কোল কমপ্লেক্স, ডানকুনি | 'ক', 'খ', 'গ' | জলদূষণরোধক যথাযথ ব্যবস্থা এখনও গৃহীত হয় নি। দূষণের বিষয়টি মহামান্য উচ্চ আদালতে (কলিকাতা) বিচারাধীন। |
| ৫। | ব্ল্যাক ডায়মন্ড বেভারেজ | 'ক', 'খ', 'গ' | মূল সমস্যা জলদূষণ। ইতিমধ্যেই পরিশোধনের ব্যবস্থা করা হয়েছে। সব সময় পরিশোধন ঠিক মতো হয় না। কোম্পানীর সর্বোচ্চ কর্তৃপক্ষকে সতর্কীকরণ করা হয়েছে। |
| ৬। | মাদার ডেয়ারী, ক্যালকাটা, ডানকুনি | 'ক', 'খ', 'গ' | জলদূষণরোধক E.T.P. আছে ও যথাযথ কাজ করে। বয়লারজাত বায়ুদূষণ সব সময় ঠিক মতো নিয়ন্ত্রিত হয় না। ইতিমধ্যে Factory-তে গিয়ে এ বিষয়ে সতর্ক করা হয়েছে। বিপজ্জনক আবর্জনা রাখার যথাযথ ব্যবস্থা আছে। |

| | (১) | (২) | (৩) |
|---|---|---|---|
| ৭। | ফসফেট কোম্পানী লিঃ রিষড়া | 'ক', 'খ', 'গ' | বায়ুদূষণ নিয়ন্ত্রণের ব্যবস্থা যথাযথ কাজ করলেও জল পরিশোধন ব্যবস্থা ঠিক মতো কাজ করে না। ইতিমধ্যেই পর্ষদের তরফ থেকে সতর্ক করা হয়েছে। |
| ৮। | আই. সি. আই. রিষড়া | 'ক', 'খ', 'গ' | যথাযথ দূষণ নিয়ন্ত্রক ব্যবস্থা আছে। দু'একটি ক্ষেত্রে অসাবধানতাবশতঃ দূষণ ঘটেছে। এ ব্যাপারে শুনানি করে সতর্ক করা হয়েছে। |
| ৯। | ন্যালকো, কোন্নগর | 'খ' | ব্যবস্থা নেওয়া সত্ত্বেও জল পরিশোধনে পুরোপুরি সফল নয়। ইতিমধ্যে পর্ষদ থেকে সতর্ক করা হয়েছে। |
| ১০। | জয়শ্রী টেক্সটাইল, রিষড়া | 'ক', 'খ' | বায়ুদূষণরোধে ব্যাগ ফিল্টার ব্যবস্থা আছে। জলদূষণরোধের জন্য E.T.P. আছে। |
| ১১। | কুসুম প্রোডাক্টস, রিষড়া | 'ক','খ','গ' | বায়ুদূষণসংক্রান্ত ব্যবস্থা আছে কিন্তু বিগত কিছুদিনের মধ্যে যথাযথ নিয়ন্ত্রণ না হওয়ায় সতর্ক করা হয়েছে। জলদূষণরোধক E.T.P. আছে। জলদূষণরোধে উন্নত ব্যবস্থা গ্রহণে কারখানা কর্তৃপক্ষের নজরে আনা হয়েছে। |
| ১২। | বার্ণস্ ফিলপ, ভদ্রকালী | 'ক', 'খ' | বায়ুদূষণ ও দুর্গন্ধ বিষয়ে সমস্যা আছে। ইতিমধ্যেই এ ব্যাপারে শুনানি হয়েছে ও ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি Bank-guarantee দিতে নির্দেশ দেওয়া হয়েছে। সাথে সাথে জলদূষণরোধক ব্যবস্থাকে যথাযথ উন্নত করার ব্যাপারে কোম্পানী কর্তৃপক্ষকে সতর্ক করা হয়েছে। |
| ১৩। | বেঙ্গল ডিস্টিলারি, ভদ্রকালী | 'ক', 'খ' | জলদূষণজনিত সমস্যা আগের চেয়ে কমলেও এখনও রয়েছে। ইতিমধ্যে বিষয়টি কর্তৃপক্ষের গোচরে আনা হয়েছে। |
| ১৪। | হিন্দুস্থান মোটরস, হিন্দমোটর | 'ক', 'খ' | বায়ুদূষণ ও জলদূষণরোধক ব্যবস্থা এখনো সম্পূর্ণ হয় নি। এ ব্যাপারে কারখানা কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে যথাযথ ব্যবস্থা নেবার জন্য। |

| | (১) | (২) | (৩) |
|---|---|---|---|
| ১৫। | শ্রীরামপুর ডিস্টিলারি, শ্রীরামপুর | 'ক' | বায়ুদূষণ সমস্যা মূলতঃ বয়লার নিয়ে। নির্দিষ্ট কিছু ব্যবস্থা (Cyclone) নিয়ে দূষণের মাত্রা কমানো গেছে। পারিপার্শ্বিক পরিস্থিতির বিচারে দূষণের মাত্রা আরও কমানো দরকার। পর্ষদের চিঠির জবাবে সংস্থাটি জানিয়েছে, তারা সম্পূর্ণ নতুন Oilfired Boiler বসাচ্ছে। |
| ১৬। | বি. এম. কেমিক্যাল, রিষড়া | 'ক', 'খ', 'গ' | বর্ষাকালে জলদূষণজনিত সমস্যা বাড়ে। অন্য সময় সমস্যা নিয়ন্ত্রণাধীন। নির্দিষ্ট ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে। এখনও পুরো সমাধান হয়নি। বিপজ্জনক আবর্জনা পরিশোধন, নিয়ন্ত্রণ এবং উপযুক্ত রক্ষণের ব্যবস্থা আছে। |
| ১৭। | ইনডোটান কেমিক্যালস্, বিঘাটি, দিল্লী রোড | 'ক', 'খ', 'গ' | এতদিন যথাযথ ব্যবস্থা ছিল না কোন ক্ষেত্রেই। এখন পর্ষদের উপর্যুপরি নির্দেশে কাজ চলছে। সমস্যা আগের তুলনায় কমেছে। পর্ষদের নজরদারিতে বাকি কাজ সমাধান করা হবে। জলের জন্য E.T.P. ও বায়ুদূষণের জন্য Scrubbing system চালু করা হয়েছে। বিপজ্জনক আবর্জনা পরিশোধন, নিয়ন্ত্রণ ও রক্ষণের উপযুক্ত ব্যবস্থা করা হয়েছে। |
| ১৮। | সানক্রোম, কোন্নগর | 'ক', 'খ', 'গ' | বিপজ্জনক কঠিন আবর্জনার পরিশোধন ও রক্ষণের জন্য ব্যবস্থা আছে। অন্যক্ষেত্রে ব্যবস্থা থাকলেও ঠিক মতো কাজ করে না। একাধিকবার সতর্ক করা হয়েছে। জলদূষণ ও বায়ুদূষণের ব্যাপারে কোম্পানী কর্তৃপক্ষকে বিশেষভাবে সতর্ক করা হয়েছে পর্ষদের পক্ষ থেকে। |
| ১৯। | ক্রোম কেমিক্যাল, কোন্নগর | 'ক', 'খ', 'গ' | বায়ুদূষণরোধক ব্যবস্থা থাকলেও অন্যক্ষেত্রে সঠিকভাবে দূষণ নিয়ন্ত্রণ করা হচ্ছে না। সতর্ক করার পর নিয়ন্ত্রণ ব্যবস্থা বসানোর |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| | | জন্য Industry কাজ করছে বলে জানিয়েছে এবং পর্ষদের নিকট থেকে সময় চেয়েছে। |
| ২০। ওয়াল্ডিজ্ লিঃ, কোন্নগর | 'ক', 'খ', 'গ' | বায়ুদূষণ ও কঠিন আবর্জনা দূষণনিয়ন্ত্রক ব্যবস্থা আছে। জলদূষণরোধে All India Inst. of Hygiene & Public Health-এর সাহায্যে Industry যথাযথ ব্যবস্থা নিতে চলেছে। |
| ২১। রাজ কেমিক্যালস প্রাঃ লিঃ, ডানকুনি | 'ক' | বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা আছে। |
| ২২। ব্র্যান্ড অ্যালয় স্টীল, দিল্লী রোড, বেলুমিল্কি | 'ক' | ব্যবস্থা নিলেও তা সম্পূর্ণ হয় নি। সতর্ক করা হয়েছে। |
| ২৩। নিশান ফেরো কাস্ট, দিল্লী রোড | 'ক' | গৃহীত ব্যবস্থা একেবারেই যথাযথ নয়। সতর্কিত উপর্যুপরি। |
| ২৪। আধুনিক স্টীল, দিল্লী রোড, শ্রীরামপুর | 'ক' | বায়ুদূষণরোধক যথাযথ ব্যবস্থা নেই। সতর্ক করা হয়েছে। |
| ২৫। ভিকি ইস্পাত, দিল্লী রোড, বেলুমিল্কি | 'ক' | Scrubber বসানোর কাজ চলছে পর্ষদের নির্দেশক্রমে। |
| ২৬। হুগলী ইস্পাত, দিল্লী রোড | 'ক' | ব্যবস্থা না থাকায় পর্ষদের নির্দেশে বন্ধ ছিল। এখন চালু হয়েছে নিয়ন্ত্রক ব্যবস্থা গ্রহণ করার পর। |
| ২৭। দেব স্টীল অ্যান্ড কাস্টিং, দিল্লী রোড, শেওড়াফুলি | 'ক' | Scrubber বসানোর কাজ চলছে। |
| ২৮। স্টীল ক্র্যাকারস, দিল্লী রোড, শ্রীরামপুর | 'ক' | Bag filter বসানো হয়েছে। |
| ২৯। আসাম টিউবস, দিল্লী রোড, সিমলা | 'ক' | Scrubber বসানো সম্পূর্ণ। |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৩০। বালাজি ইস্পাত, সাংরাপাড়া, ডানকুনি | 'ক' | ব্যবস্থা নেই। উপর্যুপরি সতর্কিত। |
| ৩১। হায়দ্রাবাদ ইন্ডাষ্ট্রি, হিন্দমোটর | 'ক','খ' | Arc furnace-এর দূষণরোধক যন্ত্র বসানোর কাজ চলছে পর্ষদের নজরদারিতে। |
| ৩২। আর. এস. ইস্পাত, ডানকুনি | 'ক' | Scrubber বসানো হয়েছে। কিছু কারিগরি ত্রুটি রয়েছে। Industry-কে তা জানানো হয়েছে ও ঠিক করতে নির্দেশ দেওয়া হয়েছে। |
| ৩৩। এইচ. ডি. সি., বামুনাড়ি, ডানকুনি | 'ক' | Scrubber আছে। সব সময় ঠিক চলে না। সতর্কিত। |
| ৩৪। বি. বি. ফোর্জিং, সিমলা | 'ক' | Scrubber বসানো হয়েছে। Scrubber-এর জন্য জলের ব্যবস্থা কিছু বাকী আছে। |
| ৩৫। মাল্টি সার্ভ রোলস, দিল্লী রোড, শ্রীরামপুর | 'ক' | Bag filter বসানোর কাজ সবে শুরু হয়েছে পর্ষদের নির্দেশক্রমে। |
| ৩৬। সুপার ফোর্জিং অ্যান্ড স্টীল, দুর্গাপুর হাইওয়ে, ডানকুনি | 'ক' | এখনও ব্যবস্থা নেয় নি। প্রথমবার সতর্কিত। |
| ৩৭। জয়শ্রী ইনসুলেটর, রিষড়া | 'ক', 'খ' | বায়ু ও জলদূষণরোধক ব্যবস্থা নেওয়া হয়েছে পর্ষদের নির্দেশক্রমে। পর্ষদের তরফ থেকে কয়েকবার নির্দেশ দেওয়া হয়েছে ব্যবস্থাগুলি ঠিক ঠিক মতো চালাতে। |
| ৩৮। হিন্দুস্থান ন্যাশনাল গ্লাস, রিষড়া | 'ক', 'খ' | বায়ুদূষণরোধক ব্যবস্থা থাকলেও অপরিশ্রুত জল বাইরে ছাড়া হয়। এ বিষয়ে কর্তৃপক্ষকে সতর্ক করা হয়েছে। |
| ৩৯। কেশোরাম স্পান পাম্প অ্যাড, কোন্নগর | 'ক' | Cupola furnace-এর জন্য Scrubber বসানো হয়েছে। কিছু গুরুত্বপূর্ণ কারিগরি ত্রুটি হয়েছে এই Scrubbing system-এ। এ বিষয়ে কোম্পানী-কর্তৃপক্ষকে |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| | | জানানো হয়েছে। Cupola-র Scrubbing system যথাযথ করতে ও বায়ুদূষণের অন্য উৎসগুলি নিয়ন্ত্রণ করতে কোম্পানী সময় চেয়েছে ও পর্ষদকে চিঠি দিয়ে জানিয়েছে। |
| ৪০। উইনডো গ্লাস অ্যাড, কোন্নগর | 'ক', 'খ' | জল ও বায়ুদূষণরোধক ব্যবস্থা যথাযথ নয়। কোম্পানীকে সতর্ক করে ও ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়ে চিঠি দেওয়া হয়েছে। |
| ৪১। কোটস ইন্ডিয়া, শ্রীরামপুর | 'ক', 'খ' | জল ও বায়ুদূষণরোধক যথাযথ ব্যবস্থা চালু আছে। |
| ৪২। লাইট মেটাল ইন্ডাস্ট্রিজ, হয়রা | 'ক', 'খ' | বায়ুদূষণরোধক যথাযথ ব্যবস্থা আছে। জলদূষণের উৎস মূলতঃ তেল জাতীয় পদার্থ। Oil-water-separator জাতীয় পরিশোধন ব্যবস্থা চালু হয়েছে। |
| ৪৩। লেডস্টোন এনার্জি লিঃ, রাজহাট, পোলবা | 'ক' | বায়ুদূষণ ঠেকাতে Settling chamber ও Bag house-এর ব্যবস্থা আছে। |
| ৪৪। ইন্ডিয়া মেটাল, ডানকুনি | 'ক' | বায়ুদূষণরোধক কোন ব্যবস্থা নেই। কর্তৃপক্ষকে এ ব্যাপারে সতর্ক করা হয়েছে। |
| ৪৫। টারকো, ডানকুনি | 'ক' | বায়ুদূষণরোধের কোন ব্যবস্থা নেই। বারবার বলা সত্ত্বেও কোম্পানী কর্তৃপক্ষ শোনেন নি। আপাততঃ পর্ষদের নির্দেশক্রমে কারখানাটি বন্ধ আছে। |
| ৪৬। রক্ষিত কেমিক্যালস, চন্দননগর | 'ক' | বায়ুদূষণের সমস্যার প্রতিকারের জন্য কারখানা কর্তৃপক্ষ ব্যবস্থা না নিলেও পারিপার্শ্বিক ঘনবসতি এলাকার জন্য অপ্রতুল। এ বিষয়ে কারখানা কর্তৃপক্ষকে বলা হয়েছে, হয় পারিপার্শ্বিক বিচার করে উৎপাদন প্রক্রিয়া উন্নততর করতে বা অন্যত্র কারখানা স্থানান্তরিত করতে। পুরো বিষয়টি আপাততঃ পর্ষদের আইনী বিভাগের বিচারাধীন। |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৪৭। ন্যাশনাল কেমিক্যালস, চন্দননগর | 'ক' | দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা আরও উন্নত হওয়া দরকার। এ ব্যাপারে কারখানা কর্তৃপক্ষকে জানানো হয়েছে। পুরো বিষয়টি আপাততঃ পর্ষদের আইনি বিভাগের বিচারাধীন। দূষণ সৃষ্টিকারী বিক্রিয়া-পাত্র (Reaction-pot) বিচারাধীন। কারখানার পরিধির মধ্যেই অন্যদিকে সরিয়ে নেবার পরামর্শ দেওয়া হয়েছে যাতে পারিপার্শ্বিক দূষণ কম হয়। |
| ৪৮। আরামবাগ পেপার মিল, আরামবাগ | 'ক', 'খ' | মূল সমস্যা জলদূষণ। E.T.P. তৈরী করলেও তা ত্রুটিপূর্ণ। পরিমার্জনের জন্য পর্ষদ থেকে নির্দেশ দেওয়া হয়েছে। |
| ৪৯। ভদ্রেশ্বর ফাউন্ড্রি, ভদ্রেশ্বর | 'ক' | Cupola furnace-এর Scrubbing system বসানো হয়েছে। |
| ৫০। গ্যানজেস ম্যানুফ্যাকচারিং, বাঁশবেড়িয়া | 'ক', 'খ' | বায়ুদূষণরোধক ব্যবস্থা আছে। Dying Section-এর জল E.T.P.-র মাধ্যমে পরিশোধন করে ছাড়া হয়। |
| ৫১। ওয়েলিংটন জুট মিল, রিষড়া | 'ক', 'খ' | জল ও বায়ুদূষণরোধক যথাযথ ব্যবস্থা আছে। জল পরিশোধনের কাজ সব সময় ঠিকমতো হয় না। এ ব্যাপারে কারখানা কর্তৃপক্ষকে জানানো হয়েছে। |
| ৫২। ইনডাস ফুড প্রোডাক্টস, দিল্লী রোড | 'ক', 'খ' | জল ও বায়ুদূষণরোধক যথাযথ ব্যবস্থা আছে। |

উপরিউক্ত শিল্পসংস্থাগুলি ছাড়াও হুগলী জেলায় আরও এমন বহু শিল্প-কারখানা রয়েছে যেগুলি ছোটো ও মাঝারি মাপের এবং স্থানীয় এলাকার পরিবেশের অবনমনে এদের ভূমিকাও গুরুত্বপূর্ণ।

যেমন ঃ (১) জেলার বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা কয়েকশত ইটভাঁটা। এগুলি স্থানীয়ভাবে দূষণসৃষ্টিতে সক্ষম। পরিবেশ রক্ষা আইন, ১৯৮৬ নির্দেশমতো এরা দূষণরোধক ব্যবস্থা নিচ্ছে। এ ব্যাপারে পর্ষদের তরফ থেকেও নজর রাখা হচ্ছে।

(২) শ্রীরামপুর-শেওড়াফুলি এলাকার শতাধিক সিল্ক প্রিন্টিং বা শাড়ী ছাপার কারখানা রয়েছে, যাদের ক্ষেত্রে জলদূষণের সমস্যা হয়েছে। এদের মধ্যে বেশীরভাগই

অত্যন্ত ছোটো মাপের কারখানা। কিছু কারখানায় যাদের বয়লার আছে, তাদের ক্ষেত্রে বায়ুদূষণের সমস্যা রয়েছে। ইতিমধ্যে পর্ষদের তরফ থেকে কেন্দ্রীয়ভাবে ও জেলাগতভাবে এই সমস্ত কারখানার মালিকদের সাথে বিস্তৃত আলোচনা হয়েছে। পর্ষদের নির্দেশক্রমে ও সহযোগিতার ভিত্তিতে এদের নিয়ন্ত্রণ ব্যবস্থা নির্দিষ্ট সময়সীমার অর্থাৎ জুলাই, ১৯৯৯ -এর মধ্যে শেষ করতে বলা হয়েছে।

(৩) হুগলী জেলায় প্রচুর ধানকল রয়েছে। এদের মধ্যে প্রায় সকলেরই জলদূষণের সমস্যা রয়েছে এবং যাঁরা বয়লারের জন্য জ্বালানী হিসাবে কয়লা ব্যবহার করেন, তাদের ক্ষেত্রে বায়ুদূষণও ঘটে। এ ব্যাপারে পর্ষদের তরফ থেকে সুনির্দিষ্ট নির্দেশ পাঠানো হচ্ছে।

এ ছাড়া র‍্যালিস ইন্ডিয়া কোন্নগর, ডানলপ, স্ট্যান্ডার্ড ফার্মাসিউটিক্যালের ফর্মুলেশন ইউনিট, শ্রীরামপুর ইত্যাদি দূষণকারী শিল্পসংস্থা হিসাবে চিহ্নিত হলেও আপাতত বন্ধ অবস্থায় রয়েছে।

## বয়স্ক-শিক্ষা

৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪২) **শ্রী কমল মুখার্জী ঃ** শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার এই রাজ্যে বয়স্ক শিক্ষার উন্নতিকল্পে কী কী ব্যবস্থা গ্রহণ করেছে;

(খ) হুগলী জেলায় এইরূপ কয়টি শিক্ষাকেন্দ্র চালু আছে;

(গ) উক্ত জেলায় ১৯৯৮-৯৯ আর্থিক বছরে উক্ত খাতে কত টাকা অনুদান দেওয়া হয়েছে;

(ঘ) উক্ত জেলায় সার্বিক সাক্ষরতা ও জনস্বাস্থ্য শিক্ষা পর্ষদ কমিটিতে কোন বিধায়ককে নেওয়া হয় কি না; এবং

(ঙ) (ঘ) প্রশ্নের উত্তর 'না' হলে, কারণ কী?

**শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বয়স্ক-শিক্ষার উন্নতিকল্পে বর্তমানে এই রাজ্যে বিভিন্ন প্রকল্পের কাজ চলছে, যথা সার্বিক সাক্ষরতা প্রকল্প, সাক্ষরতা উত্তর প্রকল্প, ধারাবাহিক শিক্ষা প্রকল্প এবং বয়স্কদের নৈশ বিদ্যালয় প্রকল্প। সেই সঙ্গে ৯-১৪ বছরের বালক-বালিকাদের জন্য চলছে প্রথা বহির্ভূত শিক্ষার কাজ।

(খ) জেলাটি সার্বিক সাক্ষরতা ও সাক্ষরোত্তর প্রকল্প সাফল্যের সঙ্গে পরিচালিত করেছে। ধারাবাহিক শিক্ষা প্রকল্পটি রয়েছে কেন্দ্রীয় সরকারের অনুমোদনের অপেক্ষায়।

এই জেলায় দুইটি বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা প্রথা বহির্ভূত প্রকল্পের জন্য আবেদন করেছে এবং এই জেলায় একটি নৈশ বিদ্যালয় চালু আছে।

(গ) ১৯৯৮-৯৯ আর্থিক বছরে সাক্ষরতা ও সাক্ষরতা-উত্তর খাতে কেন্দ্র বা রাজ্য সরকার দ্বারা কোনও অনুদান দেওয়া হয় নি।

(ঘ) হ্যাঁ।

(ঙ) প্রশ্ন ওঠে না।

## ভোজ্যতেল আমদানি

৪৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৮) **শ্রী কমল মুখার্জী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৮-৯৯ আর্থিক বছরে ২৮-২-৯৯ পর্যন্ত সরকার কী পরিমাণ 'ভোজ্যতেল' আমদানি করেছে; এবং

(খ) উক্ত তেল কী দরে সাধারণ মানুষদের দেওয়া হয়েছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৮-৯৯ আর্থিক বছরে রাজ্য সরকার সরাসরি ভোজ্যতেল আমদানি করে নি।

১৯৯৮-৯৯ আর্থিক বছরে এ পর্যন্ত ৫৬৫৭.৫৩০ মেট্রিক টন পামোলিন তেল এবং ১৩৯৩.৯৯৫ মেট্রিক টন পরিমাণ সোয়াবিন তেল রাজ্য সরকার গণবন্টন ব্যবস্থার মাধ্যমে বন্টন করেছে। এই তেল কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছে এবং স্টেট ট্রেডিং কর্পোরেশন অফ ইন্ডিয়া মারফত এই তেল আমদানি করা হয়েছে ও রাষ্ট্রায়ত্ত পশ্চিমবঙ্গ অত্যাবশ্যকীয় পণ্য নিগমের মাধ্যমে তোলা হয়েছে।

(খ) উক্ত তেল গণবন্টন ব্যবস্থায় জনসাধারণকে নিম্নলিখিত দরে দেওয়া হয়েছেঃ

১ লিটার পাউচ প্যাক — ৩৬ টাকা প্রতি প্যাক
খোলা অবস্থায় — ৩৮ টাকা প্রতি কেজি।

## রেশনে নিকৃষ্টমানের খাদ্য

৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৯) **শ্রী কমল মুখার্জী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছে, রেশনে যে চাল, গমসহ অন্যান্য সামগ্রী সরবরাহ

করা হয় তা অত্যন্ত নিকৃষ্টমানের; এবং

(খ) অবগত থাকলে, সরকার উক্ত বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করেছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শুধুমাত্র দারিদ্র্যসীমার উপরের মানুষের জন্য (A.P.L.) রেশনের চালের ক্ষেত্রে অভিযোগটা আংশিকভাবে সত্য। রেশনের জন্য চাল, গম, চিনি (দারিদ্র সীমার উপরের মানুষের জন্য রাজ্যকে কেন্দ্রীয় সরকারের বরাদ্দ অনুযায়ী ভারতের খাদ্য নিগম সরবরাহ করে।

(খ) সম্প্রতি ভারতের খাদ্য নিগম রাজ্য সরকারকে যে চাল সরবরাহ করছে তা নির্দিষ্ট গুণমানের নীচে। ওই চাল ভারতের খাদ্য নিগমের বিভিন্ন গুদামে ২/৩ বছর যাবৎ মজুত থাকার ফলে মনুষ্য খাদ্যের অনুপযুক্ত হয় এবং রাজ্য সরকার ঐ চাল গ্রহণ করতে অস্বীকার করে। রাজ্য সরকার এ বিষয়টি ভারতের খাদ্য নিগম ও কেন্দ্রীয় সরকারের যথাযথ কর্তৃপক্ষের গোচরে আনে। রাজ্য সরকার রেশনে বিতরণের জন্য যথাযথ মানের চাল সরবরাহের জন্য কেন্দ্রীয় সরকারকে বারংবার অনুরোধ করছে।

## পাকা রাস্তা নির্মাণ

৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭) **শ্রী রামপদ সামন্ত ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৬নং জাতীয় সড়কের পাঁশকুড়া থানার রাতুলিয়া থেকে পিংলা থানার গোবর্দ্ধনপুর পর্যন্ত পাকা সড়ক (বাসরাস্তা) নির্মাণের কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত রাস্তার গোবর্দ্ধনপুর থেকে মালিগ্রাম অবধি পাকা রাস্তার অনুমোদন কতদিনে পাওয়া যাবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাতুলিয়া-গোবর্দ্ধনপুর রাস্তাটির ১ম কিলোমিটার (কি.মি.) ল্যাটারাইট স্টেজ, ১ কে. এম. পি. থেকে ৩.৭৫ কে. এম. পি. 'এ' স্টেজ এবং ৩.৭৫ কে. এম. পি. থেকে ৪.৪৭ কে. এম. পি. ল্যাটারাইট স্টেজ-এর কাজ প্রায় শেষ পর্যায়ে। পরের কিছু অংশের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ এখনও চূড়ান্ত হয় নি। ফলে, রাস্তাটির বাকি অংশের কোনও কাজ এখনও শুরু করা যায় নি।

(খ) গোবর্দ্ধনপুর-মালিগ্রাম রাস্তাটি সংশ্লিষ্ট জিলা পরিষদের অধীন। রাস্তাটি পাকাকরণের বিষয়টি এই দপ্তরের বিবেচনাধীন আছে।

**ক্রেতা পরিষেবা দপ্তর**

৪৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৩) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যে 'ক্রেতাপরিষেবা' নামে একটি পৃথক দপ্তর গঠনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, পৃথক দপ্তর গঠনের কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, এটা সত্যি।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্র বিভাগ (সি. অ্যান্ড. ই.) "ডিপার্টমেন্ট অফ্ কন্‌জিউমার এ্যাফেয়ার্স' নামে একটি পৃথক দপ্তর গঠনের বিজ্ঞপ্তি জারি করেছে, কিন্তু ঐ পৃথক দপ্তরের সম্পূর্ণ পরিকাঠামোগত ব্যবস্থা এখনও হয়নি।

**পুলিশ নিয়োগ**

৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৬) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিগত ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ আর্থিক বছর দুটিতে রাজ্যে পুলিশ কনস্টেবল ও এস. আই. অফ পুলিশ পদে কোনো নিয়োগ করা হয়েছে কি না;

(খ) নিয়োগ করা হয়ে থাকলে, মোট কতজনকে বছরওয়ারী নিয়োগ করা হয়েছে; এবং

(গ) তন্মধ্যে কলিকাতা ও বেঙ্গল পুলিশ বিভাগে কতজন? (আলাদা আলাদাভাবে)।

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ)

| আর্থিক বছর | এস. আই. অফ পুলিশ | কনস্টেবল | মোট |
|---|---|---|---|
| ১৯৯৭-৯৮ | ৯৯ | ১৯৬৫ | ২০৬৪ |
| ১৯৯৮-৯৯ | ১৮৭ | ১৯৬৯ | ২১৫৬ |

(গ)

| | | | |
|---|---|---|---|
| বেঙ্গল পুলিশ বিভাগ | | | |
| ১৯৯৭-৯৮ | ৯৫ | ১২০০ | ১২৯৫ |
| ১৯৯৮-৯৯ | ১৭৭ | ৬২০ | ৭৯৭ |
| কলিকাতা পুলিশ বিভাগ | | | |
| ১৯৯৭-৯৮ | ৪ | ৭৬৫ | ৭৬৯ |
| ১৯৯৮-৯৯ | ১০ | ১৩৪৯ | ১৩৫৯ |

## শিক্ষক নিয়োগ

৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৮) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে শূন্য পদে শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য স্কুল সার্ভিস কমিশন কর্তৃক নামের তালিকা সুপারিশ করে পাঠানোর কাজ শুরু করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কবে থেকে সংশ্লিষ্ট বিদ্যালয়গুলিতে নামের তালিকা পাঠানোর কাজ শুরু করা হয়েছে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) নামের তালিকা পাঠানোর কাজ চারটি অঞ্চলে বিভিন্ন সময়ে শুরু হয়েছে। নিম্নে অঞ্চলভিত্তিক তারিখগুলি উল্লেখ করা হল ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | পূর্বাঞ্চল | — | ২৪শে ডিসেম্বর, ১৯৯৮ |
| (২) | পশ্চিমাঞ্চল | — | ২৪শে সেপ্টেম্বর, ১৯৯৮ |
| (৩) | উত্তরাঞ্চল | — | ২৮শে ডিসেম্বর, ১৯৯৮ |
| (৪) | দক্ষিণাঞ্চল | — | ১৭ই নভেম্বর, ১৯৯৮। |

## সমবায় বিকাশ নিগম

৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৩) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জাতীয় সমবায় বিকাশ নিগমের সহায়তায় রাজ্যের প্রাথমিক সমবায় সমিতিগুলির সর্বাঙ্গীণ উন্নতি সাধনের জন্য রাজ্যে সুসংহত সমবায় বিকাশ প্রকল্প রূপায়িত হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, সুসংহত সমবায় বিকাশ প্রকল্পটি কীরূপ?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এই প্রকল্পের মাধ্যমে নির্বাচিত অঞ্চলগুলিতে বিভিন্ন সমবায়ের কার্যকলাপের সম্ভাবনার নিরিখে পরিকাঠামো উন্নয়ন ও ব্যবসায়িক সহায়তার জন্য আর্থিক সাহায্য দেওয়া হয়।

**সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক**

৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৪) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি —

(ক) রাজ্যে কী কী সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে; এবং

(খ) বিগত ১৯৯৬-৯৭ ও ১৯৯৭-৯৮ সালে উক্ত ব্যাঙ্কগুলির আর্থিক অবস্থা কীরূপ ছিল?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে মোট ১৭টি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে, যথা ঃ

(১) বর্ধমান সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(২) বীরভূম ডিঃ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(৩) বাঁকুড়া ডিঃ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(৪) বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(৫) বালুরঘাট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(৬) দার্জিলিং ডিঃ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(৭) হাওড়া ডিঃ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(৮) হুগলী ডিঃ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(৯) মুগবেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(১০) মুর্শিদাবাদ ডিঃ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(১১) মালদা ডিঃ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(১২) নদীয়া ডিঃ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(১৩) পুরুলিয়া ডিঃ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(১৪) রায়গঞ্জ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(১৫) তমলুক-ঘাটাল সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(১৬) বিদ্যাসাগর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ
(১৭) জলপাইগুড়ি ডিঃ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ

(খ) ১৯৯৬-৯৭ আর্থিক-বছরে ১৭টি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের মধ্যে ১১টিতে লাভ হয়েছিল এবং ৬টিতে ক্ষতি হয়েছিল। কিন্তু ১৯৯৭-৯৮ আর্থিক বছরে লাভ হয়েছিল ১৫টি ব্যাঙ্কে এবং মাত্র ২টি ব্যাঙ্কে ক্ষতি হয়েছিল।

**অনগ্রসর শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বৃত্তিমূলক শিক্ষা**

৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৭) **শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ** অনগ্রসর শ্রেণীর

কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৯-২০০০ আর্থিক বছরে কত সংখ্যক অল্প শিক্ষিত তফসিলী জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রী বৃত্তিমূলক শিক্ষার সুযোগ পাবে বলে আশা করা যায়?

**অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৯-২০০০-এর আর্থিক বছরে ১১৪০ জন তফসিলী জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রী বৃত্তিমূলক শিক্ষার সুযোগ পাবে বলে আশা করা যায়।

### হিন্দমোটর কারখানায় লে-অফ

৪৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩১) **শ্রী তপন হোড় ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিড়লাদের হিন্দমোটর কারখানা কর্তৃপক্ষকে রাজ্য সরকার লে-অফের অনুমতি প্রদান করেছে;

(খ) সত্যি হলে, কোন্ পরিস্থিতিতে রাজ্য সরকার উক্ত অনুমোদন দিয়েছে;

(গ) উক্ত কারখানার মোট কর্মী সংখ্যা কত; এবং

(ঘ) উক্ত লে-অফের ফলে ক্ষতির পরিমাণ কত?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, এটা সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) মোট শ্রমিক সংখ্যা হল ১১,০১০।

(ঘ) প্রশ্ন ওঠে না।

### অধিগৃহীত সংস্থার আর্থিক অবস্থা

৪৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৯) **শ্রী তপন হোড় ঃ** সরকার পরিচালনাধীন সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

১৯৯৮-৯৯ আর্থিক বছরে ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্যের অধিগৃহীত সংস্থাগুলির মধ্যে লাভ-লোকসানের পরিমাণ কী?

**সরকার পরিচালনাধীন সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাষ্ট্রায়ত্ত সংস্থা বিভাগের অধীনস্থ (১) ইস্টার্ন ডিস্টিলারিজ অ্যান্ড

কেমিক্যালস্ লিমিটেড, (২) ইলেকট্রো-মেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, (৩) সরস্বতী প্রেস লিমিটেড, (৪) ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যারহাউসিং কর্পোরেশন এবং (৫) ম্যাকিনটোস্ বার্ন লিমিটেড লাভজনক সংস্থা।

(১) অ্যাপোলো জিপার, (২) ভারত জুট মিলস্, (৩) ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং, (৪) কার্টার পুলার, (৫) গ্লুকোনেট হেলথ্, (৬) ন্যাশানাল আয়রন অ্যান্ড স্টীল এবং (৭) শালিমার ওয়ার্কস সংস্থাগুলিতে লোকসান কমেছে। বাকি সংস্থাগুলির লোকসানের পরিমাণ মোটামুটি আগের বছরের মত।

## লোক-আয়ুক্ত প্রতিষ্ঠান

৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৭) **শ্রী তপন হোড় ঃ** মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে "লোক-আয়ুক্ত প্রতিষ্ঠান" নিয়োগের বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যে "লোক-আয়ুক্ত প্রতিষ্ঠান" নিয়োগের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

## যুবভারতী স্টেডিয়াম চত্বরে হোটেল

৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৮) **শ্রী তপন হোড় ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, সল্টলেক স্টেডিয়াম চত্বরে হোটেল নির্মাণের কাজ শুরু করা হয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত হোটেলের মালিকানা কার;

(গ) উক্ত হোটেলের আনুমানিক ব্যয়ের পরিমাণ কত; এবং

(ঘ) উক্ত হোটেল চালু হলে পরিবেশ দূষিত হওয়ার কোন সম্ভাবনা আছে কি?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) এশিয়ান হোটেলস্ লিমিটেড, নতুন দিল্লী এই নির্মীয়মাণ হোটেলের প্রকৃত মালিক।

(গ) উক্ত হোটেলের আনুমানিক ব্যয়ের পরিমাণ ১৭০ কোটি টাকা।

(ঘ) যেহেতু পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সম্মতি নেওয়া হয়েছে, সেহেতু ধরে নেওয়া যেতে পারে হোটেল চালু হলে পরিবেশরক্ষণ সংক্রান্ত যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

**বিদ্যুতের মিটার রিডিং-এ পঞ্চায়েত**

৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬০০) **শ্রী তপন হোড় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বিদ্যুতের মিটার রিডিং ও বিল তৈরির দায়িত্বে পঞ্চায়েত থাকায় রাজস্ব আদায়ের পরিমাণ কমেছে; এবং

(খ) সত্যি হলে এর কারণ কি?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, এটা সত্যি।

(খ) কারণগুলি নিম্নরূপ ঃ

(১) পঞ্চায়েত নিযুক্ত মিটার রিডাররা ঠিক সময়ে ঠিকভাবে মিটার রিডিং নেয় না।

(২) বার বার অনুরোধ সত্ত্বেও জ্বালানী বাবদ অতিরিক্ত প্রদেয় অর্থের বিল করা হয় নি।

(৩) বর্ধিত জ্বালানী বাবদ অতিরিক্ত প্রদেয় বিলে দাবী হয় নি।

(৪) ডিমান্ড লেজার পঞ্চায়েত না দেবার জন্য কোন নজরদারি পরিসংখ্যান সম্ভব হচ্ছে না।

(৫) পঞ্চায়েত বিলিং এলাকায় নজরদারি রিডিং নিতে গিয়ে দেখা গেছে যে অনেক ক্ষেত্রে রিডিং পুঞ্জীভূত হয়ে রয়েছে।

(৬) কমপিউটারের মাধ্যমে বিল করার জন্য যে মিটার রিডিং কার্ড দরকার তা পঞ্চায়েতের কাছ থেকে পাওয়া যাচ্ছে না। ফলে অনাদায়ী জ্বালানী বাবদ প্রদেয় কমপিউটারের মাধ্যমে গণনা করা যাচ্ছে না এবং সেই সঙ্গে পঞ্চায়েত থেকে ডিমান্ড লেজার না পাওয়ার জন্য একদিকে যেমন পেমেন্ট পোস্টিং হচ্ছে না, অপর দিকে ডিসকানেকশন নোটিশ ছাড়া যাচ্ছে না।

**'হাডকো'র ঋণ**

৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৬) **শ্রী তপন হোড় ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৮-৯৯ আর্থিক বছরে হলদিয়া পেট্রো-উপনগরীর ও রাজারহাট উপনগরী প্রকল্পে রাজ্য সরকারকে হাডকো কোন ঋণ মঞ্জুর করেছে কি না; এবং

(খ) করে থাকলে উক্ত ঋণের পরিমাণ কত (আলাদাভাবে)?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) ১৯৯৮-৯৯-এর আর্থিক বছরে রাজারহাট উপনগরী প্রকল্পে রাজ্য সরকারকে হাডকো কোন ঋণ মঞ্জুর করে নি।

(২) শিল্প ও বাণিজ্য দপ্তর জানাচ্ছে—ঐ আর্থিক বছরে হলদিয়াতে নিউকর্পোরেট টাউনশিপ্ উন্নয়নের জন্য হলদিয়া পেট্রো-কেমিক্যালস্ লিমিটেডের অধীনস্থ হলদিয়া রিভারসাইড লিমিটেডকে হাডকো ঋণ মঞ্জুর করেছে।

(খ) (১) প্রশ্নই ওঠে না।

(২) উক্ত ঋণের পরিমাণ ৮৬.৯৯ কোটি টাকা।

**বিদ্যুৎ সমবায় সমিতি**

৪৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৭) **শ্রী তপন হোড় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে কতগুলি বিদ্যুৎ সমবায় সমিতি আছে;

(খ) উক্ত সমিতিগুলির কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের কোনও অর্থ পাওনা আছে কি; এবং

(গ) থাকলে, তা কত?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে মোট চারটি বিদ্যুতশক্তি সমবায় সমিতি স্থাপিত হয়েছে। এর মধ্যে দুটি প্রচলিত শক্তি উৎস ব্যবহার করে, যথা—সিঙ্গুর-হরিপাল গ্রামীণ বিদ্যুৎ সমবায় সমিতি এবং লাভপুর গ্রামীণ বিদ্যুৎ সমবায় সমিতি। বাকী দুটি অচিরাচরিত শক্তির উৎস ব্যবহার করে—যথা সাগর দ্বীপ ও গোসাবা

গ্রামীণ শক্তি উৎস সমবায় সমিতি। তবে, বর্তমানে কেবল সিঙ্গুর-হরিপাল সমবায় সমিতিই পর্ষদের কাছ থেকে বিদ্যুৎ নেয় এবং লাভপুর চালু করার প্রচেষ্টা চলছে।

(খ) হ্যাঁ, উক্ত সমিতির কাছে পর্ষদের বেশ কিছু টাকা পাওনা আছে।

(গ) ৩০-৪-৯৯ পর্যন্ত উল্লিখিত সমিতির কাছ থেকে পর্ষদের পাওনার পরিমাণ ৩,৬৬,৯৪,৮২১.৩৪ টাকা।

## বিদ্যুৎবিহীন মৌজা

৪৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৫) **শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিদ্যুৎবিহীন মৌজাগুলির সম্পূর্ণ বৈদ্যুতিকরণের পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) রাজ্যে বর্তমানে বিদ্যুৎবিহীন মৌজার সংখ্যা ৮৬৮০। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে উক্ত মৌজাগুলির বৈদুতিকরণের কাজ পর্যায়ক্রমে করা সম্ভব। অবশিষ্ট সবকয়টি বিদ্যুৎবিহীন মৌজায় বিদ্যুতায়নের কাজ সম্পূর্ণ করতে আনুমানিক ৮ বছর এবং বাৎসরিক ১৮০ কোটি টাকা লগ্নি প্রয়োজন।

## প্রশ্নপত্র ফাঁস

৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬২) **শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রশ্নপত্র ফাঁসের জন্য কোন তদন্ত হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, কতজন দোষী ব্যক্তিকে শাস্তি দেওয়া হয়েছে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, পুলিশী তদন্ত চলছে।

(খ) পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের একজন কর্মচারীকে পুলিশ এই বিষয়ে গ্রেপ্তার করেছে।

### রাস্তা নির্মাণের পরিকল্পনা

৪৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৭) **শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** পূর্ত (সড়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় রাস্তাঘাট সারাবার ও নতুন রাস্তাঘাট নির্মাণের কো: পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কতদিনের মধ্যে বাস্তবায়িত হবে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) পুরানো রাস্তা সারাই এবং নির্মীয়মাণ রাস্তার কাজ চলছে। নূতন রাস্ত নির্মাণের প্রাথমিক পর্যায়ের কাজগুলি চলছে।

### খয়রামারী সেতু

৪৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৮) **শ্রী ইউনুস সরকার** এবং **শ্রীমোজাম্মেল হক:** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ব্লকের ফরিদাবাদ গ্রামে (খয়রামারী ব্রীজ) ব্রীজ তৈরির জন্য শিলান্যাস করা হয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত ব্রীজের শিলান্যাস কবে নাগাদ করা হয়েছে; এবং

(গ) উক্ত ব্রীজের কাজ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯৬ সালে শিলান্যাস করা হয়েছে।

(গ) নির্মাণের কাজ শুরু হয়েছে ১৯৯৮-৯৯ আর্থিক বছরে। এই কাজ তাড়াতাড়ি শেষ হবে আশা করা যায়।

### চন্দননগরে বিদ্যুৎ চুরি

৪৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৭) **শ্রী কমল মুখার্জী ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ এবং ১৯৯৮-৯৯ আর্থিক বছরে চন্দননগর শহরে হুকিং, ট্যাপিং

বেআইনি কানেকশন ও তার চুরির কতগুলি ঘটনা নথিভুক্ত হয়েছে; এবং

(খ) উক্ত ঘটনায় রাজ্য বিদ্যুৎ পর্ষদের কী পরিমাণ আর্থিক ক্ষতি হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭-৯৮ এবং ১৯৯৮-৯৯ আর্থিক বছরে চন্দননগর শহর এলাকায় বে-আইনি বিদ্যুৎ ব্যবহারের একটি ঘটনা লিপিবদ্ধ করা হয়েছে।

২৭-৫-৯৭ তারিখে চন্দননগর সেক্টর-২ এলাকায় একটি রেইড প্রোগ্রাম সংঘটিত হয়। ঐ প্রোগ্রামে বে-আইনি বিদ্যুৎ ব্যবহারের জন্য একজন গ্রাহককে অভিযুক্ত করা হয়। ঐ গ্রাহকের সার্ভিস কানেকশন নং এস. সি. ডি. ৩৫৯৫।

(খ) বে-আইনি বিদ্যুৎ ব্যবহারের উক্ত ঘটনায় পর্যদের ১৫০০ টাকা ক্ষতি হয়েছে, তবে ঐ অর্থ উক্ত গ্রাহকের কাছ থেকে আদায় করা হয়েছে।

## হোমিওপ্যাথিক চিকিৎসা প্রসার

৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬১) **শ্রী কমল মুখার্জী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

হোমিওপ্যাথিক চিকিৎসা প্রসারের জন্য রাজ্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হোমিওপ্যাথিক চিকিৎসা প্রসারের জন্য রাজ্য সরকার ইতিমধ্যে কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করেছে এবং আরও কিছু পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। বর্তমানে সারা রাজ্যে ৫৪৫টি সরকারী হোমিওপ্যাথিক চিকিৎসাকেন্দ্র চালু আছে যার মাধ্যমে সাধারণ মানুষ হোমিওপ্যাথিক চিকিৎসা লাভ করছে। আরও কিছু অতিরিক্ত হোমিওপ্যাথিক চিকিৎসাকেন্দ্র মঞ্জুরীকৃত করার বিষয়টি বিবেচনাধীন রয়েছে। রাজ্য লোকসেবা আয়োগের মাধ্যমে হোমিওপ্যাথিক চিকিৎসকের ৩৬টি শূন্য পদ পূরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এছাড়া, গ্রামাঞ্চলে ৪৮৮টি গ্রাম পঞ্চায়েত হোমিওপ্যাথিক ডিসপেনসারী— অসুস্থ লোকদের সেবার জন্য কাজ করছে। গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক ডিসপেনসারীর সংখ্যা বৃদ্ধির প্রস্তাব আছে। বর্তমানে এই রাজ্যে ৪টি সরকারী এবং ৫টি বেসরকারী হোমিওপ্যাথিক কলেজে স্নাতক পর্যায়ে হোমিওপ্যাথিক পাঠক্রম চালু আছে। এছাড়া, আরও ৩টি বেসরকারী

ডিপ্লোমা হোমিওপ্যাথিক কলেজ আছে। স্নাতক পর্যায়ে ঐ কলেজগুলি এখনও উন্নীত হয় নি। বর্তমান বছরে কেন্দ্রীয় সরকার পরিচালিত কলিকাতার ন্যাশনাল ইনস্টিটিউট হোমিওপ্যাথিতে স্নাতকোত্তর পর্যায়ের হোমিওপ্যাথিক কোর্স চালু হয়েছে। বর্তমানে সরকারী ৪টি কলেজে জয়েন্ট এন্ট্রান্সের মাধ্যমে ছাত্র ভর্তি করার ব্যবস্থা করা হয়েছে। বাকী কলেজগুলিতে ভবিষ্যতে জয়েন্ট এন্ট্রান্সের মাধ্যমে ছাত্র ভর্তি করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। সরকারী হোমিওপ্যাথিক কলেজগুলিতে রাজ্য লোকসেবা আয়োগের মাধ্যমে অধ্যক্ষ ও ডেমোনেসট্রেটরের শূন্য পদ পূরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এছাড়া, সরকারী হোমিওপ্যাথি কলেজ ও হাসপাতালগুলির উন্নতি বিধানেব জন্য প্রতি বছরই প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হয়। বেসরকারী হোমিওপ্যাথি কলেজ ও হাসপাতালগুলির উন্নতি বিধান কল্পে সরকার বাজেটের অর্থ বরাদ্দ থেকে আর্থিক সাহায্য দিয়ে পৃষ্ঠপোষকতা করেন।

## প্রাথমিক শিক্ষক নিয়োগের পদ্ধতি

৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৯) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক / শিক্ষিকা নিয়োগের জন্য সরকার কী পদ্ধতি গ্রহণ করেছে; এবং

(খ) উক্ত শিক্ষক / শিক্ষিকাদের নিয়োগের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা কী?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন (১৯৭৩)-এর অধীনে যে বিধি প্রণীত হয়েছে (৭৬৮-ই.ডি.এন.পি তাং ২১-১১-৯১) সেই পদ্ধতিতে শিক্ষক / শিক্ষিকা নিযুক্ত হন।

(খ) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হল মাধ্যমিক / উচ্চমাধ্যমিক (পুরাতন)-এর ও সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ। কেবলমাত্র তফসীল উপজাতির ক্ষেত্রে মাধ্যমিক উর্ত্তীণ নয়। কিন্তু প্রাথমিক শিক্ষক শিক্ষণপ্রাপ্ত হওয়া চাই।

## ভুয়ো রেশন কার্ড

৪৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৪) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে খাদ্য ও সরবরাহ দপ্তর কর্তৃক মঞ্জুরীকৃত রেশন কার্ডের মধ্যে কিছু ভুয়ো রেশন কার্ড আছে; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হঁ্যা হলে—

(১) ঐরূপ ভুয়ো রেশন কার্ডের সংখ্যা কত; এবং

(২) উক্ত কার্ড বাজেয়াপ্ত করার জন্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হঁ্যা।

(খ) (১) ১৯৯৮ সালে এই রাজ্যে ৫,০৬,৫৫২টি ভুয়ো রেশন কার্ড বাজেয়াপ্ত করা হয়েছে।

(২) উক্ত কার্ড বাজেয়াপ্ত করার জন্য সরকার সম্ভাব্য সব ব্যবস্থা গ্রহণ করেছে। যেমন সরকারী পরিদর্শকদের নিয়মিত রেশন দোকান পরিদর্শন করা এবং ভুয়ো রেশন কার্ড চিহ্নিতকরণ করা এবং রেশন কার্ড বাতিলের ধারাবাহিক প্রক্রিয়া চালু আছে। তাছাড়া রি-অথেনটিকেশন, ম্যানিং এবং ডোর-টু-ডোর অনুসন্ধান করা হয়।

**টালীনালা সংস্কার**

৫০০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৯) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) গঙ্গা অ্যাকশন প্ল্যানে টালীনালা সংস্কারের কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না;

(খ) হলে, উক্ত পরিকল্পনা বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(গ) উক্ত পরিকল্পনায় এ পর্যন্ত কত টাকা ব্যয়িত হয়েছে?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গঙ্গা অ্যাকশন প্ল্যানের প্রথম পর্যায়ে এবং দ্বিতীয় পর্যায়ে টালীনালার সংস্কারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) গঙ্গা অ্যাকশন প্ল্যানের প্রথম পর্যায়ে টালীনালা সংস্কার ও তার দূষণ মুক্তির প্রকল্পগুলি সমাপ্তির পথে এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে দ্বিতীয় পর্যায়ের প্রকল্পগুলির অনুমোদন অতি সম্প্রতি পাওয়া গেছে। প্রকল্পগুলির রূপায়ণের কাজ অনতিবিলম্বে শুরু হতে চলেছে।

(গ) গঙ্গা অ্যাকশন প্ল্যানে টালীনালার দূষণরোধে এ পর্যন্ত ব্যয়িত অর্থের পরিমাণ ঃ

প্রথম পর্যায়ে — ১৩.৭৪ কোটি টাকা।
দ্বিতীয় পর্যায়ে — কার্য্যনির্বাহী সংস্থাগুলিকে মোট ১.২৫ কোটি টাকা দেওয়া হয়েছে।

**রাজ্যে আলুর যোগান**

৫০১। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৫) **শ্রী রবীন মুখার্জী ঃ** কৃষি (বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বাজারে আলুর যোগান বাড়াতে ভিনরাজ্যে যাতে আলু চালান না যায় তার জন্য রাজ্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করছে কি না; এবং

(খ) করে থাকলে, তা কী?

**কৃষি (বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ রাজ্যে বর্তমানে হিমঘরে যে পরিমাণ আলু মজুত আছে তাতে চাহিদার তুলনায় যোগানের ঘাটতি হবে বলে মনে হয় না। আলুর স্থিতিশীল এবং কোন কোন ক্ষেত্রে নিম্নমুখী পাইকারী বাজার দাম তারই ইঙ্গিত বহন করে।

(খ) এর জন্য বিশেষ কোন পদক্ষেপ নেওয়া হয় নি।

**ঈশ্বরগুপ্ত সেতু**

৫৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৯) **শ্রী রবীন মুখার্জী ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হুগলী জেলার মগরা থেকে ন্যাশানাল হাইওয়ের (নং ২) সাথে ঈশ্বরগুপ্ত সেতুর লিঙ্ক রোডটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়; এবং

(খ) প্রস্তাবিত রাস্তাটি তৈরি করতে সরকারের কত টাকা খরচ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২০০০ সালে রাস্তার নির্মাণ কাজ শেষ হলে রাস্তাটি চালু হবে আশা করা যায়।

(খ) আনুমানিক ৬ (ছয়) কোটি টাকা খরচ বলে হবে আশা করা যায়।

**Sale-out Industrial Land**

503. (Admitted Question No. 1069) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of Industrial Reconstruction Department be pleased to state–

(a) whether it is a fact that State Government has given permission to sell out Industrial Land of few Industries in this State; and

(b) if so, in how many cases such permission is given?

**The Minister-in-charge of Industrial Reconstruction Department:**

(a) Yes, according to the new dispensation notified by Urban Development Department of this Government in January 1998, proposals for disposal of land owned by closed/sick industrial units will be considered in cases of their revival packages sanctioned by BIFR/Financial Institutions/Banks provided the sale proceeds generated thereby, is invested in such revival/ rehabilitation packages, subject to the observance of some specified modalities.

(b) Grant of permission under the dispensation of January 1998 is under consideration at present, in respect of M/s. Jay Engineering Works Ltd.

**Physical Assault on Reporters**

504. (Admitted Question No. 1070) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state–

(a) is it true that two reporters were beaten up on 8.2.99 by a group of people near Girish Park; and

(b) if so, what action is taken by the police against the culprits.

**The Minister-in-charge of the Home (Police) Department :**

(a) Yes.

(b) On the basis of complaint lodged by those reporters a criminal case was registered at Jorasanka P. S. Investigation of the case is in progress.

**Alleged Rape of a Maid-Servant**

505. (Admitted Question No. 1073) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state–

(a) whether it is a fact that a maid-servant was raped at Netajinagar Ward No. 5, under Jadavpur P. S. on 23.2.99; and

(b) if so, how many people are arrested on the said offence?

**The Minister-in-charge of the Home (Police) Department :**

(a) As per the complaint of a maid-servant of the area in question, she was raped for which Jadavpur P. S. C/No. 84 dated 23.2.99 u/s 376 IPC was initiated.

(b) One person has been arrested.

**Bus Terminus**

506. (Admitted Question No. 1080) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state–

the number of Bus Terminuses set up during the years (i) 1997-98 and (ii) 1998-99 under North Bengal State Transport Corporation.

**The Minister-in-charge of Transport Department :**

North Bengal State Transport Corporation did not set up any bus terminus in the year 1997-98 and in the year 1998-99.

**মিডি বাস ক্রয়**

৫০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯০) **শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা শহরে যাত্রীবহনের জন্য কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা কয়েকটি 'মিডি বাস' ক্রয় করেছে;

(খ) সত্যি হলে, উক্ত ক্রয়ে রাজ্য সরকারের কী পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে; এবং

(গ) কলকাতার কোন্ কোন্ রুটে এ ধরনের বাস চলছে বা চলবে বলে আশা করা যায়?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। ১৯৯১ সালে ৫০টি 'মিডি বাস' ক্রয় করা হয়েছিল।

(খ) কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা তার নিজস্ব তহবিল ও কো-অপারেটিভ ব্যাঙ্কের ঋণের সাহায্যে বাসগুলি ক্রয় করেছিল।

(গ) নিম্নলিখিত রুটগুলিতে মিডি বাসগুলি চলাচল করে—

| | | |
|---|---|---|
| (১) মিডি-১ | — | হাওড়া ময়দান-শিয়ালদহ, |
| (২) মিডি-২ | — | বেহালা ট্রামডিপো-বালিগঞ্জ, |
| (৩) মিডি-২এ | — | বেহালা-রামলালবাজার, |
| (৪) মিডি-২বি | — | বেহালা ট্রাম ডিপো-বালিগঞ্জ স্টেশন, |
| (৫) মিডি-১৪ | — | বাগবাজার-গড়িয়া। |

## মুখ্যসচিবের সমতুল্য আধিকারিক

৫০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৩) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারের মুখ্যসচিব পর্যায়ে কতজন আধিকারিক মুখ্যসচিবের সমতুল্য বেতন ও আনুসঙ্গিক সুবিধা ভোগ করছেন; এবং

(খ) উক্ত আধিকারিকদের কে কোন্ পদে অবস্থিত?

**মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ছয় জন।

(খ)

| | | |
|---|---|---|
| মুখ্যসচিব | — | একজন |
| সচিব, পশ্চিমবঙ্গ মানবাধিকার কমিশন | — | একজন |
| কমিশনার খাদ্য ও পদাধিকারবলে সচিব, খাদ্য ও সরবরাহ দপ্তর | — | একজন |
| কমিশনার জেনারেল, ভূমি-সংস্কার ও পদাধিকারবলে সচিব, ভূমি ও ভূমি-সংস্কার দপ্তর | — | একজন |
| ভূমি-সংস্কার কমিশনার ও পদাধিকারবলে প্রধান সচিব, ভূমি ও ভূমি-সংস্কার দপ্তর | — | একজন |
| প্রধান সচিব, পর্যটন দপ্তর | — | একজন |

**জলপথ পরিবহণে জলযান**

৫০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৪) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) জলপথে পরিবহণের জন্য রাজ্য সরকারের মোট কটি জলযান আছে;

(খ) উক্ত জলযানগুলি কী কী কাজে ব্যবহৃত হয়; এবং

(গ) জলপথ পরিবহণ সংস্থায় নিযুক্ত শ্রমিক-কর্মচারীর সংখ্যা কত?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২৩টি।

(খ) (১) যাত্রী পরিবহণের কাজে,
(২) মালবহণের কাজে,
(৩) যান পরিবহণের কাজে।

(গ) ১৯৭ জন।

**গ্রামীণ বৈদ্যুতীকরণে বরাদ্দকৃত অর্থ**

৫১০। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৮) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের ক'টি গ্রামে এখনও পর্যন্ত বিদ্যুৎ সংযোগ পৌঁছে দেওয়া সম্ভব হয় নি;

(খ) গ্রামীণ বৈদ্যুতীকরণের জন্য কেন্দ্র দশ বছরে কত অর্থ মঞ্জুর করেছে; এবং

(গ) তার মধ্যে রাজ্য কত অর্থ পেয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের ৮,৬২২টি গ্রামীণ মৌজায় এখনও ভার্জিন হিসাবে বিদ্যুতায়নের কাজ হয় নি।

(খ) বিগত দশ বছরে মঞ্জুরীকৃত মোট অর্থের পরিমাণ ৩৩৬.০৫২৫৬ কোটি (বর্ষওয়ারী বিবরণ অনুলগ্ন করা হল)।

(গ) ১৯৯৮-৯৯ আর্থিক বছর পর্যন্ত রাজ্য মোট ২৭৫.১৯৬১ কোটি টাকা পেয়েছে (বিবরণ অনুলগ্ন করা হল)।

This statement refers to Question No. 510 (Admitted Question No. 1108) in Clause C.

Yearwise sanction and drawal of loan from
Rural Electrification Corpn. Ltd.

| | (Rs. in lakhs) | |
|---|---|---|
| Year | Sanction by the REC Ltd. | Drawal from REC Ltd. |
| 1989-90 | 5277.963 | 6764.81 |
| 1990-91 | 8729.415 | 7948.24 |
| 1991-92 | 9446.524 | 4451.12 |
| 1992-93 | 3272.181 | 1739.99 |
| 1993-94 | 3630.040 | 1708.66 |
| 1994-95 | 3249.133 | 3298.89 |
| 1995-96 | – | 898.49 |
| 1996-97 | – | 373.41 |
| 1997-98 | – | 306.63 |
| 1998-99 | – | 29.32 |
| | 33605.256 | 27519.61 |

N. B. Drawal of loan in particular year relates to the sanction of loan for that year as well as for previous year.

(ক) আর. ই. সি. থেকে প্রাপ্ত অর্থ কি কি কাজে ব্যবহার হয়েছে তার বছরওয়ারী খতিয়ান ঃ

| বছর | ভারজিন মৌজা বৈদ্যুতীকরণ | মৌজা নিবিড়ীকরণ | পাম্পসেট বৈদ্যুতীকরণ |
|---|---|---|---|
| ১৯৮৯-৯০ | ১৪৮৫ | ২৮৯ | ১০৫০০ |
| ১৯৯০-৯১ | ১২০৫ | ৬২৫ | ৯২৭৫ |
| ১৯৯১-৯২ | ৪৪৬ | ৪৯৯ | ৩২১৮ |
| ১৯৯২-৯৩ | ৪২৫ | ১৩০ | ২৩১৫ |
| ১৯৯৩-৯৪ | ৩৫১ | ১৮২ | ২২৭৮ |
| ১৯৯৪-৯৫ | ৩১০ | ৪৬ | ২২৬৬ |
| ১৯৯৫-৯৬ | ৮৯ | ৫০৪ | ১৯৭৮ |
| ১৯৯৬-৯৭ | ৬৬ | ৬০৩ | ১৫৪১ |
| ১৯৯৭-৯৮ | ৪৮ | ৪৯৪ | ১৬১০ |
| ১৯৯৮-৯৯ | ৮৩ | ৫৮৭ | ২৮৫৫ |

১.৪.৯৮ পর্যন্ত ৪৯৩টি ব্যাকলগ মৌজায় বৈদ্যুতীকরণ বাকী আছে।

৩১.৩.৯৯ পর্যন্ত এগুলির মধ্যে ১৭৮টি ক্ষেত্রে বৈদ্যুতীকরণের কাজ শেষ হয়েছে। বাকী মৌজাগুলির কাজ ১৯৯৯-২০০০ আর্থিক বছরে শেষ হবে বলে আশা করা যায়।

(খ) আর. ই. সি. প্রদত্ত ঋণ শোধের বাৎসরিক হিসাব ঃ

(লক্ষ টাকায়)

| বছর | | ঋণ শোধের পরিমাণ |
|---|---|---|
| ১৯৮৯-৯০ | .. | ৪২০৮.২১ |
| ১৯৯০-৯১ | .. | ৪০১৭.২৫ |
| ১৯৯১-৯২ | .. | ২১৮২.৭৬ |
| ১৯৯২-৯৩ | .. | ৩১.৬০ |
| ১৯৯৩-৯৪ | .. | ৫.৮৪ |
| ১৯৯৪-৯৫ | .. | ১৭২৯.৩৮ |
| ১৯৯৫-৯৬ | .. | ১৫১১.৭১ |
| ১৯৯৬-৯৭ | .. | — |
| ১৯৯৭-৯৮ | .. | ১৭৮৮.০০ |
| ১৯৯৮-৯৯ | .. | ৩১৩০.০০ |

**রাজ্যে উৎপাদিত জল ও সৌরবিদ্যুতের পরিমাণ**

৫১১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩২) **শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কত মেগাওয়াট জলবিদ্যুৎ ও সৌরবিদ্যুৎ উৎপন্ন হয়; এবং

(খ) বিদ্যুতের অভাব পূরণের জন্য সরকারের নির্দিষ্ট পরিকল্পনা কী?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে রাজ্যে প্রায় ১৬৩.৮০০ মেগাওয়াট বিদ্যুৎ, জলবিদ্যুৎ কেন্দ্র থেকে তৈরী হয় ও প্রায় ৫৫০ কিলোওয়াট বিদ্যুৎ, সৌরবিদ্যুৎ কেন্দ্র থেকে তৈরী হয়।

(খ) গ্রামীণ বিদ্যুতের অভাব পূরণের জন্য সরকারের পরিকল্পনাগুলির মধ্যে রয়েছে আরও বেশি প্রচলিত ও অপ্রচলিত বিদ্যুৎ, কেন্দ্র রাজ্যে স্থাপন করা।

**অতিরিক্ত ঃ**

জলবিদ্যুৎ কেন্দ্রগুলির মধ্যে ৪ টি ক্ষুদ্র জলবিদ্যুৎ কেন্দ্রের ক্ষমতা অন্তর্ভুক্ত করা হয়েছে।

রাজ্যের সৌরবিদ্যুৎ কেন্দ্রগুলি মূলতঃ দক্ষিণ ও উত্তর ২৪-পরগনায় অবস্থিত।

দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা, মেদিনীপুর, হাওড়া, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় বেশকিছু সৌরবিদ্যুৎ প্রকল্পের কাজ চলছে।

## রাজ্য বিদ্যুৎ পর্ষদ্

৫১২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৬) **শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদকে লাভজনক সংস্থায় পরিণত করার জন্য সরকারের বিশেষ কোন পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কী?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) রাজ্য বিদ্যুৎ পর্ষদ যাতে বিধিবদ্ধ তিন শতাংশ হারে ভাগ করতে পারে সেজন্য নানা ব্যবস্থা নেওয়া হচ্ছে, যেমন ঃ

(১) রাজ্য সরকার প্রদত্ত ঋণের সুদ মকুব করা।

(২) কমপিউটারের মাধ্যমে নিয়মিত গ্রাহকদের বিল তৈরী এবং আদায়ের ব্যবস্থা করা।

(৩) সাব-স্টেশনগুলিতে ১১ কে. ভি. ফিডারে মিটার স্থাপন করে এনার্জি অডিটের ব্যবস্থা করা।

(৪) বিদ্যুৎ সঞ্চালন এবং বন্টন ব্যবস্থায় ক্ষতির পরিমাণ কমানোর ব্যবস্থা করা।

(৫) পশ্চিমবঙ্গ গ্রামীণ শক্তি উন্নয়ন নিগমের মাধ্যমে পর্যায়ক্রমে গ্রামীণ বৈদ্যুতীকরণ এবং ৪০০ ভোল্ট পর্যন্ত বিদ্যুৎ গ্রামীণ এলাকার গ্রাহকদের সরবরাহের ব্যবস্থা করা।

(৬) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন গঠন করে বিদ্যুতের উপযুক্ত মূল্য নির্ধারণের ব্যবস্থা করা।

ইতিমধ্যে এই কমিশন গঠিত হয়েছে এবং কলকাতা হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি কমিশনের চেয়ারপারসন নিযুক্ত হয়েছেন।

(৭) বিদ্যুৎ ক্ষেত্রের পুনর্গঠন কমিটির সুপারিশ অনুযায়ী বিদ্যুৎ পর্ষদের তাপবিদ্যুৎ কেন্দ্রগুলি পর্যায়ক্রমে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমের আওতায় আনার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(৮) পুরুলিয়া পাম্পড স্টোরেজ প্রকল্প এবং অন্যান্য জলবিদ্যুৎ কেন্দ্রগুলির নির্মাণ, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের সুবিধার জন্য একটি পৃথক জলবিদ্যুৎ নিগম গঠনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(৯) নয়া দিল্লীর ইন্টার ন্যাশানাল ম্যানেজমেন্ট ইন্সটিটিউটের সুপারিশ অনুযায়ী বিদ্যুৎ পর্ষদের সঞ্চালন বিভাগ ও বন্টন বিভাগের জোনগুলিকে কস্ট সেন্টার রূপে পুনর্গঠন করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(১০) রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিদ্যুতের মূল্য আদায়ের উন্নতি করা এবং বিল তৈরী এবং আদায়ের সময় হ্রাস করার উদ্দেশ্যে নির্বাচিত এলাকায় স্পট অ্যাসেসমেন্ট, বিল তৈরী এবং আদায় চালু করার প্রস্তাব বিবেচনাধীন আছে। বড় শহরাঞ্চল থেকে শুরু করে পর্যায়ক্রমে পর্ষদের আওতাভুক্ত এলাকায় বর্তমানে তিন মাস অন্তর মিটার রিডিং এবং বিল তৈরীর প্রথার জায়গায় মাসিক মিটার রিডিং ও বিল তৈরীর প্রথা চালু করার চেষ্টা করা হচ্ছে।

## সেতু পুনর্নির্মাণ

৫১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৬) **শ্রী সমর মুখার্জী ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মালদহ জেলার লক্ষ্মীপুরের ব্রীজটি পুনর্নির্মাণের কোন পরিকল্পনা আছে কি না; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কবে নাগাদ পরিকল্পনাটি কার্যকরী হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত ব্রীজটি পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের অধীনে নয়। তাই পুনর্নির্মাণের পরিকল্পনা বিষয়ক কিছু তথ্য এ বিভাগে জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## মালদার রতুয়ায় বিদ্যুতায়ন

৫১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৭২) **শ্রী সমর মুখার্জী ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদহ জেলার রাতুয়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কাটাহাদিয়াড়া অঞ্চলে বিদ্যুতায়নের কাজ এখনও সম্পূর্ণ হয় নি;

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মালদহ জেলার কাটাহাদিয়াড়া এলাকার মহানন্দতলা অঞ্চল ও বিলাইমাড়ি স্থানগুলিতে বিদ্যুতায়নের জন্য রিভার ক্রসিং ফোর-পোল স্ট্রাকচারটি ১৯৮৭ সালে বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ার ফলে ঐ বিদ্যুতায়নের কাজটি পরিত্যক্ত হয়। রাতুয়া থানার অন্তর্গত বেশ কয়েকটি মৌজায় যেমন মাহানগর (জে. এল. নং ৬), উদয়পুর (৭), গাদাই মহারাজপুর (১), ঈশ্বরপুর (৫), কোতয়ালি (৭), সম্বলপুর (১১), বাজিতপুর (১২), কামালপুর (৩) ও মানিকনগর (৪) এলাকাগুলিতে বিদ্যুতায়নের কাজ হাতে নেওয়া হয়েছিল এবং উক্ত স্থানগুলিতে প্রায় ৪০০ খুঁটিও পোঁতা হয়েছিল। অবশ্য হরিশচন্দ্রপুর থানার অন্তর্গত ভালুকা (১৭৪) মৌজাটিতে বৈদ্যুতীকরণের কোন কাজ এখনও পর্যন্ত শুরু করা যায় নি বর্তমানে আর্থিক সংস্থানের অভাবের জন্য গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পের মাধ্যমে গ্রাম বৈদ্যুতীকরণের কোন কাজ করা যাচ্ছে না। ফলে কাটাহাদিয়াড়া অঞ্চলের উপরিউক্ত মৌজাগুলিতেও বৈদ্যুতীকরণের কাজ সম্পূর্ণ করা যায় নি।

(খ) প্রয়োজনীয় অর্থের সংস্থান হলে উক্ত কাজ শুরু করা যাবে।

## ইংরাজী-মাধ্যম বিদ্যালয় স্থাপনে অনুমতি

৫১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮২) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ইংরাজী-মাধ্যম বিদ্যালয় স্থাপনের জন্য শিক্ষা দপ্তরের কোন অনুমোদনের প্রয়োজন হয় কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে ১৯৯৬-৯৭, ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে রাজ্যে কত সংখ্যক ইংরাজী-মাধ্যম বিদ্যালয় স্থাপনের জন্য অনুমোদন দেওয়া হয়েছে (বছরওয়ারী)?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ইংরাজী-মাধ্যমের বিদ্যালয় স্থাপনের জন্য শিক্ষা দপ্তরের কোন অনুমোদনের প্রয়োজন হয় না—তবে স্বীকৃতির জন্য প্রয়োজন হয়।

(খ) ফলে স্থাপনের জন্য কোন অনুমোদনের প্রশ্ন ওঠে না।

## Christian Community Institutions

516. (Admitted Question No. 1286) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the School Education Department be pleased to state–

(a) whether it is a fact that the authorities of the schools run by the Christian Community are facing problem to run their Institutions in the State;

(b) if so, details thereof?

**The Minister-in-charge of School Education Department:**

(a) It is not the fact.

(b) Does not arise.

## Private Medical College

517. (Admitted Question No. 1287) **Shri Sanjoy Bakshi:** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state–

(a) whether the Government has given permission to start Private Medical College in the State; and

(b) if so, the number of such Colleges has already been started?

**The Minister-in-charge of Health & F.W. Department:**

(a) One Medical College through a Society (Centre for Advancement of Higher Education, Midnapore) was given permission to initiate.

(b) None.

**Number of Squatters Colonies**

518. (Admitted Question No. 1292) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Refugee Relief & Rehabilitation Department be pleased to state–

(a) number of Squatters Colonies in the State;

(b) number of those Colonies which had been set up in 50's, 60's, 70's, 80's and 90's; and

(c) how many of those have so far been recognised (Decadewise figure)?

**The Minister-in-charge of Refugee Relief & Rehabilitation Department:**

(a) There are 1930 recognised squatter colonies in this State.

(b) 149 colonies were set up within 1951 and as such these have been recognised as pre-1951 squatter colonies. The remaining 1781 post-1950 squatter colonies were set up within 25.3.71.

(c) While 932 colonies were recognised by Government of India as well, remaining 998 colonies have been recognised by only the State Government in the year 1995. Authentic decadewise figure is not available.

**চোরাচালান বন্ধে গৃহীত পদক্ষেপ**

৫১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৫) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে চোরাচালান বন্ধে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যে চোরাচালান বন্ধে সরকার নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করেছেঃ

(১) কেন্দ্রীয় এনফোর্সমেন্ট ব্রাঞ্চ ও জেলা এনফোর্সমেন্ট ব্রাঞ্চ-এর অফিসারগণ সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে সীমান্ত অঞ্চলগুলিতে ঘন ঘন হানা দেন, চোরাচালানকারীদের গ্রেপ্তার করেন ও অত্যাবশ্যকীয় সামগ্রী আটক করেন। অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে বাজেয়াপ্ত সামগ্রীর বিষয়ে মামলা রুজু করেন।

(২) অত্যাবশ্যকীয় সামগ্রীর চোরাচালান বন্ধ করার জন্য চোরাচালানকারীর

এবং মজুতদারদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলা দমনকারী শাখাকে নির্দেশ দেওয়া হয়েছে।

(৩) অত্যাবশ্যকীয় সামগ্রীর সরবরাহ অবস্থা, মূল্য নির্ধারণ অবস্থা ও মজুতের ব্যাপারে সীমান্তবর্তী অঞ্চলগুলিতে তীক্ষ্ণ নজর রাখা হচ্ছে। চোরাচালান বন্ধ করার জন্য জনগণের সাহায্যও চাওয়া হচ্ছে।

(৪) সীমান্ত অঞ্চলগুলিতে অবস্থিত অত্যাবশ্যকীয় সামগ্রীর মজুত ভান্ডারে অতিরিক্ত সামগ্রী মজুত আছে কি না, তা দেখার জন্য নিয়মিত পরীক্ষা করা হচ্ছে।

(৫) চোরাচালানকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য কেন্দ্রীয় দমনকারী শাখার অফিসারদল সীমান্তবর্তী অঞ্চলগুলি পরিদর্শন করেন ও সেখানে শিবির স্থাপন করেন।

(৬) সীমান্ত রক্ষী বাহিনীর সঙ্গে নিয়মিত আলোচনা করা হয়।

(৭) চোরাচালান প্রতিরোধ করার জন্য সীমান্তবর্তী অঞ্চলগুলিতে সীমান্তরক্ষী বাহিনীর সহযোগিতায় যৌথ অভিযান চালান হয়।

## অস্থায়ী কর্মী নিয়োগ

৫২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৬) **শ্রী সুভাষ নস্কর ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪ পরগণা জেলায় ডি.ডি.টি. স্প্রের কাজে অস্থায়ী কর্মীদের নিয়োগ করা হয় নি (১৯৯৮ সালে); এবং

(খ) সত্যি হলে কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্য নয়। ১৯৯৮ সালে ৯ জন মরসুমী (সিজিন্যাল) স্প্রে-কর্মীকে ম্যালেরিয়া নিয়ন্ত্রণে স্প্রে করার জন্য নিযুক্ত করা হয়। এছাড়া কালাজ্বর নিয়ন্ত্রণের জন্য যে ডি.ডি.টি. ৫০ শতাংশ স্প্রে করা হয়ে থাকে, সেই ক্ষেত্রে ১৯৯৬-৯৭ সালের প্যানেলভুক্ত তালিকা থেকে একটি কমিটি জ্যেষ্ঠতার ভিত্তিতে ৪২ জন কর্মীকে দৈনিক মজুরী প্রাপ্তির ভিত্তিতে দক্ষিণ ২৪-পরগনা জেলার তিনটি ব্লকে, ক্যানিং-২, গোসাবা ও বাসন্তিতে স্প্রে করার জন্য নিযুক্ত করেন ও স্প্রের কাজ আরম্ভের জন্য নির্দেশ দেওয়া হয়। কিন্তু যে সমস্ত কর্মী কাজ পান নি তাঁদের বাধাদান ও গন্ডগোলের জন্য স্প্রের কাজ সম্ভব হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**ভৈরব নদীর সেতু**

৫২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪২) **শ্রী মোজাম্মেল হক** (হরিহরপাড়া) **ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া, ছোট ভৈরব নদীর উপর সেতু নির্মাণের পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত সেতুটির নির্মাণ কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত নদীর উপর একটি কংক্রিট সেতু চালু আছে। এছাড়া, অন্য সেতু নির্মাণের কোন পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যের রাস্তা মেরামত**

৫২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭৪) **শ্রী নন্দদুলাল মাঝি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কতগুলি রাস্তা (পি. ডব্লু. ডি) মেরামতের কাজ বাকি আছে (জেলাওয়ারী)?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পূর্ত দপ্তরের অধীনে সব জেলায় রাস্তাসমূহের আর্থিক যোগান অনুযায়ী কম-বেশী মেরামতির কাজ করা হয়েছে।

**সমবায় সমিতিতে নিয়োগ**

৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮৭) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সমবায় সমিতিতে নিয়োগের জন্য সরকার আলাদা কোন এজেন্সির কথা ভাবছে কি; এবং

(খ) নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিশন গঠন করা হবে কি না?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না

(খ) বিষয়টি নিয়ে ভাবনা-চিন্তা চলছে।

**কামারকুন্ডু রেলস্টেশন**

৫২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮৮) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

কামারকুন্ডু (হাওড়া) বর্ধমান (কর্ড লাইন) রেলস্টেশন সংলগ্ন লেভেলক্রসিং-এ আর. ও. বি. করার কোন পরিকল্পনা সরকারের আছে কি-না?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

উক্ত রেলস্টেশন সংলগ্ন লেভেলক্রসিং-এ আর. ও. বি. (রোড-ওভারব্রীজ) নির্মাণের বিষয়টি পূর্ত দপ্তরের চিন্তা-ভাবনার পর্যায়ে আছে, কোন সঠিক পরিকল্পনা এখনো গ্রহণ করা হয় নি।

**Revival of Cold Storage Industry**

525. (Admitted Question No. 1664) **Shri Sultan Ahmed:** Will the Minister-in-charge of the Agriculture (Marketing) Department be pleased to state–

(a) whether the State Government has examined the upgradation measures recommended by the Expert Committee, set up by the State Government in 1996, for revival of cold storage industry in West Bengal;

(b) if so:

(i) the contemplation of the State Government; and

(ii) the steps taken/proposed?

**The Minister-in-charge of Agriculture (Marketing) Department:**

Matters relating to smooth running, proper functioning of Cold Storage, availability of land in proper places for the construction of Cold Storages and the recommendation of the expert committee for the Development of Cold Storages have been discussed several times in State level. The expert committee has examined the causes for damage of Potato in the Cold Storages during the year 1996 and suggested measures for improvement of the method of running of Cold Storage, modernisation of the equipment and Cold Storage Engineering Technology,

Additional Assistance, arrangement of generator sets for power supply, recruitment of Additional Executive and Assistant Engineer for the supervision of cold storages, arrangement of adequate inspection of cold storages and expansion of cold storages in the North Bengal etc.

For implementation of the recommendation of the expert committee the matter is being examined minutely in the light of its financial involvement. Moreover, it is necessary to include the recommendations of the expert committee in the special clauses of the Cold Storage Act. For such amendment of Bye-laws in respect of Cold Storage Act, these are being discussed with the concerned legal expert.

## রামনগর এলাকায় কাঠপুল সেতু

৫২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০২) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রামনগর বাজারে কাঠপুলটি অত্যন্ত সংকীর্ণ থাকায় বিভিন্ন পর্যটকরা বেশীরভাগ সময় যানজটে আটকে পড়েন; এবং

(খ) সত্যি হলে, উক্ত সংকীর্ণ ব্রীজটিকে প্রশস্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি। সেতুটি সংকীর্ণ থাকায় মাঝে মাঝে যানজটের সৃষ্টি হয়।

(খ) হ্যাঁ, পরিকল্পনা আছে। সেতুটি প্রশস্ত করার ব্যাপারে প্রাথমিক কাজকর্ম শুরু করা হচ্ছে।

## অত্যাধুনিক স্টুডিও

৫২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৪) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বেসরকারি সংস্থার উদ্যোগে কলকাতা শহরে অ্যানিমেশন ফিল্মের একটি অত্যাধুনিক স্টুডিও গড়ে তোলা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কোন্ সংস্থা উক্ত স্টুডিওটি গড়ে তুলছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই ব্যাপারে রাজ্য সরকারের কাছে কোন তথ্য নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**প্রাথমিক বিদ্যালয় স্থাপন**

৫২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮২) **শ্রী তাপস ব্যানার্জী ঃ** বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চলতি আর্থিক বছরে রাজ্যে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের জন্য রাজ্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছিল;

(খ) সত্যি হলে, বর্ধমান জেলায় প্রাথমিক বিদ্যালয় স্থাপনের লক্ষ্যমাত্রা কত ছিল; এবং

(গ) উক্ত পরিকল্পনায় আসানসোল মহকুমায় প্রাথমিক বিদ্যালয় স্থাপনের সংখ্যা এবং তা কোন্ অঞ্চলে স্থাপিত হয়েছে?

**বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) শিক্ষা বিভাগ ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে ৮৩টি, ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে ৭৬টি এবং ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে ৪৪টি—মোট ২০৩টি প্রাথমিক বিদ্যালয়ের কোটা বরাদ্দ করেছিল।

(গ) ২০টি বিদ্যালয় স্থাপনের প্রস্তাব আছে।

| | | |
|---|---|---|
| রাণীগঞ্জ পৌরসভায় | .. | ২টি |
| রাণীগঞ্জ সমিতিতে | .. | ২টি |
| আসানসোল পৌরসভায় | .. | ২টি |
| জামুরিয়া পৌরসভায় | .. | ২টি |
| জামুরিয়া পঞ্চায়েত সমিতিতে | .. | ১টি |
| মোট | ঃ | ৯টি |

**পাকা রাস্তা নির্মাণ**

৫২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১৯) **শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় জামগোরিয়া থেকে কুলাইপাল পর্যন্ত পাকা রাস্তা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত পরিকল্পনা রূপায়ণের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত রাস্তাটি পূর্ত বা পূর্ত (সড়ক) বিভাগের অধীনে নয়।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**সমবায় সমিতি কর্মচারীদের পে-কমিশন**

৫৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৪) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার সমবায় সমিতির কর্মচারীদের জন্য পে-কমিশনের সুপারিশ অনুযায়ী বেতন দেওয়ার কোন প্রস্তাব নিয়েছে কি; এবং

(খ) নিয়ে থাকলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সমবায় সমিতির কর্মচারীদের জন্য পে-কমিশন ১৯৮২-এর সুপারিশ অনুযায়ী বেতন দেওয়ার প্রস্তাবগুলি রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

(খ) রাজ্য সরকার ১৯৮৪ সালের ১লা জানুয়ারী থেকে কয়েকটি শ্রেণীর সমবায় সমিতির কর্মচারীদের বেতন-ভাতা হিসাবে অ্যাড-হক্ অনুদান দিয়ে চলেছেন। ১৯৯৮ সালের ১লা জুন থেকে এই অনুদান বৃদ্ধি করে মাথাপিছু ৬০০ (ছয়-শত) টাকা করা হয়েছে। এটি একটি অন্তবর্তীকালীন ব্যবস্থা— কারণ পে-কমিশনের মূল সুপারিশগুলি এখনও সরকারের বিবেচনাধীন আছে।

**কোনা বাস টার্মিনাল**

৫৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৬) **শ্রী জটু লাহিড়ী ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কোনা ট্রাক টার্মিনালের জন্য অধিগৃহীত জমির পরিমাণ কত; এবং

(খ) কবে নাগাদ ঐ ট্রাক টার্মিনালের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**নগরোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আজ পর্যন্ত ৪১.৯৮ একর জমি অধিগৃহীত হয়েছে।

(খ) কোনা ট্রাক টার্মিনালের কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। এই পর্যায়—১-

এর অন্তর্গত মাটি ভরাটের কাজ শেষ। রাস্তা ও ড্রেনের কাজ বর্ষার পরে শুরু করা হবে।

**বিদ্যুৎ-চুরির শাস্তি**

৫৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮৭) **শ্রী অবিনাশ মাহাতো এবং শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি —

১৯৯৮-৯৯ আর্থিক বছরে (২৮শে ফেব্রুয়ারী, ১৯৯৯ পর্যন্ত) পুরুলিয়া জেলার বিদ্যুৎ-চুরি বা অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারের জন্য কতজনকে শাস্তি দেওয়া হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বিদ্যুৎ পর্ষদ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ১৯৯৮-৯৯ আর্থিক বছরে (২৮-২-৯৯ পর্যন্ত) পর্ষদের পুরুলিয়া (ডি) ডিভিশনের অন্তর্ভুক্ত এলাকায় বিদ্যুৎ-চুরি বা অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারের জন্য কাউকে গ্রেফতার বা শাস্তি দেওয়া হয় নি।

**নদীয়া জেলা পরিষদের দূরভাষ**

৫৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০০১) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলা পরিষদের মোট কতকগুলি টেলিফোন কানেকশন আছে;

(খ) উক্ত নম্বরগুলি কী কী; এবং

(গ) উক্ত টেলিফোনগুলির জন্য ১৯৯৭ সালের ১লা এপ্রিল থেকে ১৯৯৮ সালের ডিসেম্বর ৩১ পর্যন্ত মোট কত টাকার বিল কোষাগার থেকে জমা দিতে হয়েছে? (মাস ও টেলিফোন নম্বর পৃথক পৃথকভাবে)

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নদীয়া জেলা পরিষদের মোট ৯টি (নয়টি) টেলিফোন কানেকশন আছে।

(খ) উক্ত নম্বরগুলি হল ঃ (১) কৃষ্ণনগর-৫২৪৯৯; (২) কৃষ্ণনগর-৫২৮০৮; (৩) কৃষ্ণনগর-৫২২৩৩; (৪) কৃষ্ণনগর-৫২৩৪২; (৫) কৃষ্ণনগর-৫৩০৮৫; (৬) দিগনগর-৭৪২০৩; (৭) এস. পি. জে.-৪৮২১৭; (৮) কৃষ্ণনগর-৫৩০৬৮ ও (৯) কৃষ্ণনগর-৫২৫৯৩।

(গ) এ বিষয়ে একটি সংযোজনী প্রদত্ত হল।

This Statement refers to Question No. 533 (Admitted Question No. 2001) in Clause (C)

**Statement of Telephone Charges**
**No. of Telephone–9 Nos.**

| Sl. No. | Telephone No. | Period from | Payment date | Amount |
|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) |
| | | | | Rs. |
| 1. | Krishnagar–52499 | 1.4.97 to 31.5.97 | 12.6.97 | 394.00 |
| | - Do - | 1.6.97 to 31.7.97 | 6.8.97 | 530.00 |
| | - Do - | 1.8.97 to 30.9.97 | 12.9.97 | 1,670.00 |
| | - Do - | 1.12.97 to 31.3.98 | 6.4.98 | 4,893.00 |
| | - Do - | 1.4.98 to 31.5.98 | 20.10.98 | 2,885.00 |
| | - Do - | 1.6.98 to 31.7.98 | 20.10.98 | 2,429.00 |
| | - Do - | 1.8.98 to 30.9.98 | 20.10.98 | 2,129.00 |
| | - Do - | 1.10.98 to 30.11.98 | 10.11.98 | 3,948.00 |
| | - Do - | 1.12.98 to 31.1.99 | 9.1.99 | 9,528.00 |
| | | | | 28,406.00 |
| 2. | Krishnagar–52808 | 1.4.97 to 31.5.98 | 12.6.97 | 3,497.00 |
| | - Do - | 1.4.97 to 31.7.97 | 6.8.97 | 1,275.00 |
| | - Do - | 1.8.97 to 30.9.97 | 12.9.98 | 929.00 |
| | - Do - | 1.10.97 to 30.11.97 | 8.2.98 | 1,629.00 |
| | - Do - | 1.12.97 to 31.3.98 | 6.4.98 | 2,216.00 |
| | - Do - | 1.4.98 to 31.5.98 | 20.10.98 | 2,202.00 |
| | - Do - | 1.6.98 to 31.7.98 | 20.10.98 | 2,442.00 |
| | - Do - | 1.8.98 to 30.9.98 | 20.10.98 | 2,560.00 |
| | - Do - | 1.10.98 to 30.11.98 | 11.11.98 | 7,260.00 |
| | - Do - | 1.12.98 to 31.1.99 | 1.1.99 | 940.00 |
| | | | | 24,950.00 |
| 3. | Krishnagar–52233 | 1.4.97 to 31.5.97 | 12.6.97 | 2,209.00 |
| | - Do - | 1.6.97 to 31.7.97 | 6.8.97 | 5,210.00 |
| | - Do - | 1.8.97 to 30.9.97 | 12.9.97 | 1,543.00 |
| | - Do - | 1.12.97 to 31.3.98 | 6.4.98 | 2,659.00 |
| | - Do - | 1.4.98 to 31.5.98 | 30.9.98 | 1,795.00 |
| | - Do - | 1.6.98 to 31.7.98 | 30.9.98 | 1,433.00 |
| | - Do - | 1.8.98 to 30.9.98 | 20.10.98 | 499.00 |
| | - Do - | 1.10.98 to 30.11.98 | 10.11.98 | 229.00 |
| | - Do - | 1.12.98 to 31.1.99 | 1.1.99 | 220.00 |
| | | | | 15,797.00 |

| (1) | (2) | (3) | (4) | (5) |
|---|---|---|---|---|
| 4. | Krishnagar–52342 | 1.4.97 to 31.5.97 | 12.6.97 | 5,391.00 |
| | - Do - | 1.6.97 to 31.7.97 | 6.8.97 | 3,521.00 |
| | - Do - | 1.8.97 to 30.9.97 | 12.9.97 | 2,379.00 |
| | - Do - | 1.10.97 to 30.11.97 | 8.2.98 | 3,058.00 |
| | - Do - | 1.12.97 to 31.3.98 | 6.4.98 | 6,407.00 |
| | - Do - | 1.4.98 to 31.5.98 | 27.9.98 | 4,301.00 |
| | - Do - | 1.6.98 to 31.7.98 | 27.9.98 | 1,691.00 |
| | - Do - | 1.8.98 to 30.9.98 | 20.1.98 | 2,632.00 |
| | - Do - | 1.10.98 to 30.11.98 | 10.11.99 | 2,810.00 |
| | - Do - | 1.12.98 to 31.1.99 | 1.1.99 | 4,007.00 |
| | | | | 36,197.00 |
| 5. | Krishnagar–53085 | 1.4.97 to 31.5.97 | 12.6.97 | 3,407.00 |
| | - Do - | 1.6.97 to 31.7.97 | 6.8.97 | 5,840.00 |
| | - Do - | 1.8.97 to 30.9.97 | 12.9.97 | 4,750.00 |
| | - Do - | 1.10.97 to 30.11.97 | 8.2.98 | 6,833.00 |
| | - Do - | 1.12.97 to 31.3.98 | 6.4.98 | 9,858.00 |
| | - Do - | 1.4.98 to 31.5.98 | 20.10.98 | 1,526.00 |
| | - Do - | 1.6.98 to 31.7.98 | 20.10.98 | 4,095.00 |
| | - Do - | 1.8.98 to 30.9.98 | 20.10.98 | 5,997.00 |
| | - Do - | 1.10.98 to 30.11.98 | 11.11.98 | 811.00 |
| | - Do - | 1.12.98 to 31.1.99 | 1.1.99 | 1,334.00 |
| | | | | 44,451.00 |
| 6. | Dignagar–74203 | 1.7.97 to 31.8.97 | 6.8.97 | 470.00 |
| | - Do - | 1.3.98 to 30.4.98 | 25.5.98 | 737.00 |
| | - Do - | 1.5.98 to 30.6.98 | 20.10.98 | 709.00 |
| | - Do - | 1.9.98 to 31.10.98 | 20.10.98 | 1,313.00 |
| | - Do - | 1.11.98 to 31.12.98 | 3.12.98 | 487.00 |
| | | | | 3,716.00 |
| 7. | SPJ–48217 | 1.8.97 to 30.9.97 | 4.8.97 | 150.00 |
| | - Do - | 1.12.97 to 31.1.98 | 20.10.98 | 808.00 |
| | - Do - | 1.10.98 to 31.1.99 | 1.1.99 | 430.00 |
| | | | | 1,388.00 |
| 8. | Krishnagar–53068 | 1.4.97 to 31.5.97 | 12.6.97 | 3,220.00 |
| | - Do - | 1.6.97 to 31.7.97 | 6.8.97 | 2,235.00 |
| | - Do - | 1.8.97 to 30.9.97 | 12.9.97 | 2,192.00 |
| | - Do - | 1.12.97 to 31.3.97 | 6.4.98 | 7,315.00 |

| (1) | (2) | (3) | (4) | (5) |
|---|---|---|---|---|
| | - Do - | 1.4.98 to 31.5.98 | 20.10.98 | 3,822.00 |
| | - Do - | 1.6.98 to 31.7.98 | 20.10.98 | 3,402.00 |
| | - Do - | 1.8.98 to 30.9.98 | 20.10.98 | 1,784.00 |
| | - Do - | 1.10.98 to 30.11.98 | 10.11.98 | 160.00 |
| | - Do - | 1.12.98 to 31.1.99 | 1.1.99 | 170.00 |
| | | | | 24,300.00 |
| 9. | Krishnagar–52593 | 1.4.97 to 31.5.97 | 12.6.97 | 392.00 |
| | - Do - | 1.6.97 to 31.7.97 | 6.8.97 | 236.00 |
| | - Do - | 1.8.97 to 30.9.97 | 12.9.97 | 220.00 |
| | - Do - | 1.10.97 to 30.11.97 | 8.2.98 | 235.00 |
| | - Do - | 1.12.97 to 31.3.98 | 6.4.98 | 1,080.00 |
| | - Do - | 1.4.98 to 31.5.98 | 20.10.98 | 829.00 |
| | - Do - | 1.6.98 to 31.7.98 | 20.10.98 | 741.00 |
| | - Do - | 1.8.98 to 30.9.98 | 20.10.98 | 434.00 |
| | - Do - | 1.10.98 to 30.11.98 | 10.11.98 | 790.00 |
| | - Do - | 1.12.98 to 31.1.99 | 1.1.99 | 952.00 |
| | | | | 5,909.00 |

**উত্তরপাড়ায় রাস্তা সংস্কার**

৫৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০১৮) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তরপাড়া স্টেশন থেকে ডানকুনি কাশীপুর পর্যন্ত তারকনাথ মুখার্জী রাস্তা সংস্কারের (রাস্তার দু'পাশে ড্রেনসহ) জন্য সরকার কী কী ব্যবস্থা নিয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

প্রতি বছরই বর্ষাকালের শেষে উক্ত রাস্তার খানাখন্দ ইত্যাদি মেরামতির কাজ করা হয়ে থাকে, কিন্তু যেহেতু এর দু' পাশের জলনিকাশী ড্রেনের ব্যবস্থা ভাল নয় সেহেতু বর্ষা এলেই রাস্তা জলে তলিয়ে গিয়ে এর উপরিভাগে নতুন করে খানাখন্দ তৈরী হয়। ১৯৯৮-৯৯ আর্থিক বছরে উক্ত রাস্তার মেরামতির জন্য ১৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। বর্তমানে রাস্তাটি মোটামুটি সন্তোষজনক অবস্থায় আছে। জলনিকাশী ড্রেন তৈরীর কোন পরিকল্পনা আপাততঃ নেই।

**স্কুল সার্ভিস কমিশন**

৫৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮১) **শ্রী অবিনাশ মাহাতো এবং শ্রী রবীন্দ্রনাথ**

**হেমব্রম ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে পশ্চিম জোনে ১৯৯৯ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত নিযুক্ত শিক্ষক/শিক্ষিকাদের মধ্যে কতজন তফশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৯ সালের ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত স্কুল সার্ভিস কমিশন, পশ্চিমাঞ্চল কর্তৃক প্রেরিত শিক্ষক/শিক্ষিকা পদের নিয়োগের জন্য সুপারিশসমূহের মধ্যে ১৯৩ জন তফশিলী জাতি এবং ৫৫ জন আদিবাসী সম্প্রদায়ভুক্ত।

**গোপীবল্লভপুর সাব-স্টেশন**

৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৬) **শ্রী সুভাষচন্দ্র সোরেন ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ব্লকে প্রস্তাবিত গোপীবল্লভপুর বিদ্যুৎ সাব-স্টেশনের স্থান পরিবর্তন করা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কারণ কী?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। এটা সত্যি।

(খ) মেদিনীপুর জেলার প্রস্তাবিত গোপীবল্লভপুর বিদ্যুৎ সাব-স্টেশনের স্থান গোপীবল্লভপুর মৌজার পরিবর্তে চিংড়া মৌজাতে করার পরিকল্পনা হচ্ছে। এই স্থান পরিবর্তনের কারণগুলি নিম্নরূপ ঃ

(১) প্রস্তাবিত সাব-স্টেশনের জন্য মানিকপাড়া সাব-স্টেশন থেকে গোপীবল্লভপুর পর্যন্ত প্রস্তাবিত ৩৩ কে. ভি. ওভারহেড লাইন টানার ব্যাপারে বন দপ্তরের কাছ থেকে ছাড়পত্র না পাওয়া; এবং
(২) সুবর্ণরেখা নদী থাকার ফলে বিভিন্ন ১১ কে. ভি. আউটগোয়িং ফিডারগুলি টানার অসুবিধা।

**ধারাবাহিক শিক্ষা প্রকল্প**

৫৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১০৬) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ধারাবাহিক শিক্ষা প্রকল্পের প্রশিক্ষকদের সাম্মানিক ভাতা দেওয়া হবে;

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত প্রশিক্ষকদের সাম্মানিক ভাতা দেওয়া শুরু হবে; এবং

(গ) সাম্মানিক ভাতার পরিমাণ কত?

**শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) এর জন্য কোন নির্দিষ্ট সময় বলা সম্ভব নয়, কারণ ধারাবাহিক শিক্ষা প্রকল্পগুলি বিভিন্ন জেলায় বিভিন্ন সময়ে অনুমোদিত হয়।

(গ) ধারাবাহিক শিক্ষাকেন্দ্রের প্রেরকদের জন্য মাসিক ৩০০.০০ টাকা এবং মুখ্য ধারাবাহিক শিক্ষাকেন্দ্রের অনুপ্রেরকদের জন্য মাসিক ৭০০.০০ টাকা।

**রুগ্নশিল্প পুনরুজ্জীবন**

৫৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৫) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বন্ধ ও রুগ্ন কল-কারখানাগুলির পুনরুজ্জীবনে রাজ্য সরকার কম সুদে ঋণ দেবার সিদ্ধান্ত নিয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত ঋণপ্রাপক বন্ধ কারখানার সংখ্যা ক'টি?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের বন্ধ ও রুগ্ন কল-কারখানাগুলির পুনরুজ্জীবনের জন্য স্বল্প সুদের ঋণদানের একটি প্রকল্প চালু আছে। এই প্রকল্প অনুসারে বকেয়া বিক্রয়কর পরিশোধের জন্য স্বল্পসুদে ঋণ দেওয়া হয়। তা ছাড়া এই বছরের বাজেটে বন্ধ কারখানাগুলি খোলার জন্য ১০০ কোটি টাকার একটি বিশেষ তহবিল গঠনের প্রস্তাব করা হয়েছে। বন্ধ কারখানা খোলার স্বার্থে প্রয়োজনে, বিশেষ কিছু শর্তসাপেক্ষে, স্বল্প সুদে ঋণ দেওয়ার কথা রাজ্য সরকারের বিবেচনায় রয়েছে।

(খ) ১৯৯৯-এর মার্চ পর্যন্ত ৪০টি বন্ধ/রুগ্ন কারখানাকে বকেয়া বিক্রয়কর পরিশোধের জন্য ৭৪,৩৪,৩৯.৩৮৮ টাকা স্বল্পসুদে ঋণ দেওয়া হয়েছে। তা ছাড়া রাজ্য সরকার পশ্চিমবঙ্গে অবস্থিত মেটাল বক্সের কারখানা খোলার পর কিছু রক্ষাকবচসহ উক্ত কোম্পানীকে ৫ (পাঁচ) কোটি টাকা স্বল্পসুদে ঋণদান করতে ইচ্ছা প্রকাশ করেছে।

**রবীন্দ্রভারতীতে ভাঙচুর**

৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯২) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে মরকতকুঞ্জে গত ১৮-৪-৯৯ তারিখে ভাঙচুরের ঘটনা ঘটেছে;

(খ) সত্যি হলে, কারণ কী; এবং

(গ) এই ভাঙচুরের ফলে উক্ত বিশ্ববিদ্যালয়ের সম্পত্তির ক্ষতির পরিমাণ কত?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) উক্ত তারিখে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের মরকতকুঞ্জে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষায় কতিপয় পরীক্ষার্থীর বিশৃঙ্খল আচরণ।

(গ) ৪১,২০, ৪৬৬ টাকা (একচল্লিশ লক্ষ, কুড়ি হাজার চারশত ছেষট্টি টাকা) ক্ষতি হয়েছে বলে বিশ্ববিদ্যালয় নির্ধারণ করেছে।

**Kidnapping of a Student**

540. (Admitted Question No. 2221) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Higher Education Department be pleased to state–

(a) whether it is a fact that a student of 2nd Year Engineering of Jadavpur University was kidnapped by some miscreants on 20th April, 1999; and

(b) if so, what actions have so far been taken by the Jadavpur University Authority in the matter?

**Minister-in-charge of Higher Education Department:**

(a) An FIR was lodged in this respect with the Lake Police Station on 22.4.99 by Sri Anish Dhar, a 2nd Year Student of Production Engineering of Jadavpur University.

(b) The Vice-Chancellor of Jadavpur Univesity requested the Police Commissioner, Calcutta over phone on 22nd April, 1999 to expedite the enquiry so that the truth comes to light. He also sent a letter to the Commissioner of Police, Calcutta, with the same request on 24th April, 1999.

**New Engineering College**

541. (Admitted Question No. 2231) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Higher Education Department be pleased to state–

(a) the number of new Engineering Colleges have been approved by the State Government in the year 1998-99; and

(b) the total number of students admitted in those Engineering Colleges during the said period?

**Minister-in-charge of Higher Education Department:**

(a) 5 (Five) new Engineering Colleges have been approved by the State Government in the year 1998-99.

(b) 720 (Seven hundred and twenty) No. of students have been admitted in those Engineering Colleges during the said period.

**Cultural Complex at Rawdan Square**

542. (Admitted Question No. 2241) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Information & Cultural Affairs Department be pleased to state–

(a) whether it is a fact that the C.M.C. is planning to construct a Cultural Complex at Rawdan Square; and

(b) if so, whether its effect on surrounding environment was taken into consideration?

**Minister-in-charge of Information & Cultural Affairs Department:**

(a) No. Calcutta Cultural Centre, a registered society, will construct the proposed Cultural Complex.

(b) Yes.

**আত্মঘাতী কৃষক**

৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৫) **শ্রী সৌগত রায় ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, খরায় ফসল জ্বলে যাওয়ার ফলে রাজ্যে কয়েকজন চাষী আত্মঘাতী হয়েছেন;

(খ) সত্যি হলে, আত্মঘাতী চাষীর সংখ্যা কত; এবং

(গ) উক্ত বিষয়ে সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) খরায় ফসল জ্বলে যাওয়ার ফলে কয়েকজন চাষী আত্মঘাতী হয়েছেন— এ ধরনের খবর সরকারীভাবে কৃষি বিভাগে পৌঁছায় নি।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) প্রশ্নই ওঠে না।

**ছাত্র সংঘর্ষ**

৫৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৮) **শ্রী সৌগত রায় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বর্তমান বছরে সারা এপ্রিল মাস ধরে ছাত্র সংঘর্ষের ঘটনা ঘটেছে;

(খ) সত্যি হলে, এই সংঘর্ষের কারণ কী; এবং

(গ) এ ব্যাপারে কোন তদন্ত কমিটি গঠন করা হয়েছে কিনা?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সারা এপ্রিল মাস ধরে ছাত্র সংঘর্ষের ঘটনা ঘটে নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**গ্রন্থাগারে জরিমানা বৃদ্ধি**

৫৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৯) **শ্রী সৌগত রায় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) যাদবপুর বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের জরিমানা বৃদ্ধি নিয়ে ছাত্রমহলে বিক্ষোভ হচ্ছে কি না;

(খ) জরিমানা বৃদ্ধির কারণ কী; এবং

(গ) গ্রন্থাগারের বহু বই উধাও হয়েছে এরূপ কোন তথ্য সরকারের গোচরে এসেছে কি?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হচ্ছে না।

(খ) বহুদিন ধরে আটকে থাকা বই যাতে ফেরত আসে ও অন্যরা তা ব্যবহার করতে পারেন এবং বই-এর চলাচল বৃদ্ধি হয়।

(গ) না।

**ব্যাঙ্কের মাধ্যমে পেনশন প্রদান**

৫৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭৫) **শ্রী গৌতম চক্রবর্ত্তী ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বেসরকারী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক ও অধ্যাপিকাদের ব্যাঙ্কের মাধ্যমে পেনশন দেওয়ার সিদ্ধান্ত সরকার নিয়েছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কবে থেকে তা কার্যকরী হবে বলে আশা করা যায়?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

(খ) প্রশ্ন ওঠে না।

**জেলখানায় বেসরকারী পরিদর্শক**

৫৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮০) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের জেলাগুলিতে বেসরকারী পরিদর্শক নিয়োগের কোন ব্যবস্থা আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত পরিদর্শক নিয়োগের পদ্ধতি কী ও কারা এই নিয়োগ করেন?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ বিধানসভার বিধায়কদের পক্ষ থেকে তাদের নিজ কেন্দ্রের অথবা তারা যে জেলার বসবাসকারী, সেই জেলের কেন্দ্রীয় কারায় ৩ জন, জেলা কারায় ২ জন এবং উপ-কারায় ১ জন করে ১ বছরের মেয়াদে এবং কারারক্ষীদের কল্যাণে আগ্রহী স্থানীয় নাগরিকদের পক্ষ থেকে কেন্দ্রীয় কারায় ৮ জন পুরুষ ও ৪ জন মহিলা, জেলা কারায় ৫ জন পুরুষ ও ২ জন মহিলা এবং উপ-কারায় ৩ জন পুরুষ ও ১ জন মহিলা ২ বছরের মেয়াদে বেসরকারী পরিদর্শক নিয়োগ করা হয়। এই নিয়োগ করে কারা বিভাগ।

## আদিবাসী ও তফসিলী ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসের ব্যয়

৫৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮৫) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮ সালে পশ্চিমবঙ্গে আদিবাসী ও তফসিলী ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসের জন্য কত টাকা ব্যয় করা হয়েছে;

(খ) তন্মধ্যে, কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছে; এবং

(গ) রাজ্য সরকার কত টাকা ব্যয় করেছে?

**অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আদিবাসী ও তফসিলী ছাত্রাবাস নির্মাণের জন্য ঐ সময় মোট ৩৭,৫৪,৮৭৪ টাকা মঞ্জুর করা হয়েছে।

(খ) তন্মধ্যে, কেন্দ্রীয় সরকার ২৬,৫৩,৮০০ টাকা দিয়েছে।

(গ) রাজ্য সরকার দিয়েছে ১১,০১,০৭৪ টাকা।

## মেদিনীপুরে দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবার

৫৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১৩) **শ্রী অজিত খাঁড়া ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

মেদিনীপুর জেলায় দারিদ্রসীমার নীচে বসবাসকারী তালিকাভুক্ত মানুষের সংখ্যা কত (পঞ্চায়েতওয়াড়ী)?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) যেহেতু দারিদ্রসীমার নীচে অবস্থিত পরিবারভিত্তিক তালিকা তৈরী করা হয়, সেজন্য পঞ্চায়েতওয়াড়ী এরূপ পরিবারের সংখ্যা হল ঃ

| | পঞ্চায়েত সমিতি | দারিদ্রসীমার নীচে অবস্থিত পরিবার | | পঞ্চায়েত সমিতি | দারিদ্রসীমার নীচে অবস্থিত পরিবার |
|---|---|---|---|---|---|
| । | মেদিনীপুর | ৯,৮১১ | ২৮। | গড়বেতা-১ | ১৪,০৪৬ |
| । | গড়বেতা-২ | ১১,০৭৬ | ২৯। | গড়বেতা-৩ | ৮,৯২২ |
| । | শালবনী | ৯,৭০৭ | ৩০। | কেশপুর | ১৭,০০৪ |
| । | খড়গপুর-১ | ৮,১৫৭ | ৩১। | খড়গপুর-২ | ১৪,২০২ |
| । | দাঁতন-১ | ১১,৪৬৭ | ৩২। | দাঁতন-২ | ১১,৯০৩ |
| । | নারায়ণগড় | ১৪,২৫৭ | ৩৩। | কেশিয়ারী | ৯,৩৪২ |
| । | সবং | ১২,৬৮৪ | ৩৪। | পিংলা | ১৪,৯৭২ |
| । | মোহনপুর | ৮,৫২৪ | ৩৫। | ডেবরা | ১৪,৬৩২ |
| । | ঝাড়গ্রাম | ১১,৬৫২ | ৩৬। | বিনপুর-১ | ১২,৫১৯ |
| ০। | বিনপুর-২ | ১২,৩৭৬ | ৩৭। | গোপীবল্লভপুর-১ | ৭,৭৮০ |
| ১। | জামবনী | ৮,৫৩১ | ৩৮। | গোপীবল্লভপুর-২ | ৮,২০২ |
| ২। | নয়াগ্রাম | ১৪,৫৫৮ | ৩৯। | সাঁকরাইল | ৫,১৬২ |
| ৩। | তমলুক | ১০,৬৬৬ | ৪০। | শহীদ মাতঙ্গিনী | ১০,৩৭৭ |
| ৪। | পাঁশকুড়া-১ | ২০,৫৪৭ | ৪১। | পাঁশকুড়া-২ | ১৩,০৬৭ |
| ৫। | ময়না | ১৪,০৫৩ | ৪২। | নন্দকুমার | ১২,৯৯২ |
| ৬। | নন্দীগ্রাম-৩ | ১২,১১৫ | ৪৩। | সুতাহাটা-২ | ৬,৩৩১ |
| ৭। | সুতাহাটা-১ | ৭,০৯৯ | ৪৪। | নন্দীগ্রাম-১ | ১৪,০০২ |
| ৮। | নন্দীগ্রাম-২ | ৮,২১৬ | ৪৫। | মহিষাদল | ৯,৫০৮ |
| ৯। | কাঁথি-১ | ১০,০০৮ | ৪৬। | কাঁথি-২ | ৮,৬৬৮ |
| ০। | কাঁথি-৩ | ৯,৮৩৮ | ৪৭। | রামনগর-১ | ৯,৭৬৫ |
| ১। | রামনগর-২ | ৮,৫৪৭ | ৪৮। | ভগবানপুর-১ | ১৮,৩৬৯ |
| ২। | ভগবানপুর-২ | ১৩,৫৭৪ | ৪৯। | পটাশপুর-১ | ১৩,৭০৮ |
| ৩। | পটাশপুর-২ | ২৩,৭৪৫ | ৫০। | খেজুরী-১ | ৭,১৩৬ |
| ৪। | খেজুরী-২ | ৯,০৪৪ | ৫১। | এগরা-১ | ১০,০৭৯ |
| ৫। | এগরা-২ | ৯,১৫৯ | ৫২। | ঘাটাল | ১৮,৪৪৭ |
| ৬। | দাসপুর-২ | ১২,৭৫০ | ৫৩। | দাসপুর-১ | ১১,৪৩৪ |
| ৭। | চন্দ্রকোণা-১ | ৯,৮৯৭ | ৫৪। | চন্দ্রকোণা-২ | ৯,১৭৩ |
| | | | | সর্বমোট | ৬,২৪,৭৮৭ |

(২) এই বিষয়ে স্মরণ রাখা দরকার যে, দারিদ্রসীমার নীচের বসবাসকারীদের হিসাবটি পরিবারভিত্তিক হয়ে থাকে। প্রত্যেক পরিবারে কতজন থাকছেন সেই তথ্য এখনি সরবরাহ করা যাবে না। সেগুলি ব্লকস্তর থেকে আনতে হবে।

এই প্রসঙ্গে আরও জানানো যেতে পারে যে, বর্তমানে যে তালিকাটি প্রস্তুত করা হয়েছে সেই তালিকাটি উন্মুক্ত, অর্থাৎ এই তালিকায় নাম অন্তর্ভুক্তি এবং বাদ দেওয়ার জন্য দাবি ও আপত্তি পেশ করা যাবে। প্রতি বছরে একবার যথাবিহিত তদন্তের পরে এই তালিকাটিকে হালনাগাদ (up-to-date) করা হবে।

## অবিনাশ দত্ত মেটারনিটি হোম

৫৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২৩) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অবিনাশ দত্ত মেটারনিটি হোমে অ্যাম্বুলেন্স রাখার কোন প্রস্তাব আছে কি;

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত প্রস্তাব বাস্তবায়িত হবে বলে আশা করা যায়; এবং

(গ) অবিনাশ দত্ত মেটারনিটি হোমে কতজন আবাসিক চিকিৎসক আছেন?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) অবিনাশ দত্ত মেটারনিটি হোমের বর্তমান অ্যাম্বুলেন্সটির মেরামতি চলছে।

(গ) অবিনাশ দত্ত মেটারনিটি হোমে কোন আবাসিক চিকিৎসকের পদ নেই।

## কাশীপুর লকগেট রোড

৫৫১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২৭) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কাশীপুর বিধানসভা এলাকায় লকগেট (সওদাগরপট্টি) সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত কাজের জন্য কত টাকা ব্যয় হবে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক), (খ) ও (গ) পূর্ত দপ্তরের অধীন লকগেট রোডের দৈর্ঘ্য প্রায় ৬০০ মিটার তার মধ্যে বি. টি. রোডের সংযোগস্থল থেকে মসজিদ পর্যন্ত ৩০০ মিটার রাস্তা ও তৎসহ উহার ডানপাশের নর্দমা ১৯৯৮-৯৯ আর্থিক বছরে সংস্কার করা হয়েছে। কিন্তু কলকাতা কর্পোরেশনের নিয়ন্ত্রণে থাকা পার্শ্বস্থ নর্দমা ও নিকটস্থ জায়গাগুলিতে অধিকাংশ সময়ই আবর্জনা জমে থাকার ফলে

এলাকার জলনিকাশী ব্যবস্থা ব্যাহত হয়ে রাস্তাটি প্রায়ই জলে ডুবে থাকছে। উপরন্তু পার্শ্বস্থ গ্যারেজসমূহের ভারী ভারী ট্রাক ইত্যাদি মেরামতির জন্য প্রতিনিয়ত এ রাস্তায় ভিড় করছে। এসব কারণে রাস্তাটি সংস্কার করলেও তা অক্ষত রাখা সম্ভব হচ্ছে না।

মসজিদের পরে বাকি ৩০০ মিটার রাস্তার সংস্কারের কাজ হুগলী রিভার ব্রীজ কর্পোরেশন কর্তৃক প্রস্তাবিত রেলওয়ে ওভারব্রীজ (আর. ও. বি.) নির্মাণের জন্য স্থগিত রাখা হয়েছে।

**১৯৯৮-এর বন্যায় প্লাবিত জমির পরিমাণ**

৫৫২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩৪) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** কৃষি বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮ সালে ব্যাপক বন্যায় রাজ্যের বিভিন্ন জেলাগুলিতে কত একর জমি প্লাবিত হয়েছে;

(খ) উক্ত প্লাবনের কারণ কী; এবং

(গ) রাজ্য সরকার প্লাবন রোধে কী কী ব্যবস্থা গ্রহণ করেছিল?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৮ সালে ব্যাপক বন্যায় এ রাজ্যের বিভিন্ন জেলাগুলিতে ২৫.৮৮ লক্ষ একর জমি প্লাবিত হয়েছে।

(খ) উত্তর ভারতে এবং উত্তরবঙ্গে অতিবৃষ্টি ও শাখানদীগুলির জলস্ফীতি, সেই সঙ্গে অতিরিক্ত মাত্রায় সেচ প্রকল্পগুলি থেকে জল ছাড়ার ফলে নদী ও তার পার্শ্ববর্তী বাঁধ ভাঙ্গে ও ব্যাপক প্লাবনের সৃষ্টি হয়।

(গ) প্লাবন রোধে ব্যবস্থা গ্রহণ কৃষি দপ্তরের আওতায় পড়ে না।

**লিগ্যাল এইড সার্ভিস**

৫৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪৭) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

লিগ্যাল এইড সার্ভিসের আইনজীবীরা কি সরকারি কর্মচারী?

**আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

**কর্মবিনিয়োগ কেন্দ্র**

৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫৮) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতায় বেকার যুবক-যুবতীদের নাম নথিভুক্ত করার জন্য বিধানসভা কেন্দ্র অনুযায়ী কর্মবিনিয়োগ কেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা রাজ্য সরকারের রয়েছে কি?

**কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

**১৯৯৮-এর বন্যায় ক্ষতি**

৫৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৬৩) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮ সালে বন্যায় রাজ্যে ফসলের যে ক্ষতি হয়েছে তার আর্থিক পরিমাণ কত;

(খ) উক্ত বিষয়ে কেন্দ্রীয় সরকারের নিকট কী পরিমাণ অর্থ চাওয়া হয়েছিল; এবং

(গ) কেন্দ্রীয় সরকার কী পরিমাণ অর্থ বরাদ্দ করেছিল?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গত ১৯৯৮ সালের বন্যায় ফসলহানির কারণে মোট ১২১৩.৭৪০৬ কোটি টাকার আর্থিক ক্ষতি হয়।

(খ) উক্ত বিষয়ে কেন্দ্রীয় সরকারের নিকট ত্রাণ দপ্তর হতে ৩৬.৩৮ কোটি টাকার চাহিদা পেশ করা হয়েছিল এবং মোট ৭১৬.৬৯ কোটি টাকা সার্বিকভাবে চাওয়া হয়েছিল।

(গ) কেন্দ্রীয় সরকার কৃষি দপ্তরের জন্য পৃথকভাবে অর্থ বরাদ্দ না করে, মোট ৬৬.০০ কোটি টাকা বরাদ্দ করেছিল।

**শান্তিপুর গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই**

৫৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৫) **শ্রী অজয় দে ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) নদীয়া জেলার শান্তিপুর গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই-এর অধীনে কি কোন

'কল সেন্টার' খোলার পরিকল্পনা আছে; এবং

(খ) থাকলে, তা কোন্ স্থানে স্থাপিত হবে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নদীয়া জেলার শান্তিপুর গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই-এর অধীনে 'কল সেন্টার' খোলার কোন অনুমোদিত পরিকল্পনা এখনও পর্যন্ত নেই।

(খ) উপরোক্ত 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ ব্যাপারে কোন বক্তব্য নেই।

**১৯৯৮ সালে উৎপাদিত বিদ্যুতের পরিমাণ**

৫৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯২) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৮-এর জানুয়ারী থেকে ১৯৯৯-এর জানুয়ারী পর্যন্ত রাজ্যে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ কত ছিল;

(খ) ঐ সময়ে রাজ্যে বিদ্যুতের চাহিদার পরিমাণ কত ছিল; এবং

(গ) আগামী পাঁচ বছরে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ বৃদ্ধির কর্মসূচী কিরূপ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রায় ১৬৮৯২.৪৩৩ এম. ইউ.।

(খ) প্রায় ১৯৯৪১.৭৫০ এম. ইউ.।

(গ) আগামী পাঁচ বছরে বিভিন্ন বিদ্যুৎ প্রকল্পের উৎপাদনের পরিমাণ বৃদ্ধির কর্মসূচী নিম্নরূপ ঃ

| | বিদ্যুৎ প্রকল্প | বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ | বাণিজ্যিকভাবে উৎপাদনের নির্দিষ্ট লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| | (১) | (২) | (৩) |
| (১) | বক্রেশ্বর থার্মাল পাওয়ার প্রজেক্ট (ইউনিট নং ১, ২, ৩) | ১নং ২১০ মে.ও.<br>২নং ২১০ মে. ও.<br>৩নং ২১০ মে. ও. | নভেম্বর, ১৯৯৯<br>মে. ২০০০<br>সেপ্টেম্বর, ২০০০ |
| (২) | বক্রেশ্বর থার্মাল পাওয়ার প্রজেক্ট (ইউনিট নং ৪ ও ৫) | ৪নং ২১০ মে. ও.<br>৫নং ২১০ মে. ও. | এখনও পর্যন্ত স্থির হয় নি। |

| | | |
|---|---|---|
| (৩) | বলাগড় থার্মাল পাওয়ার স্টেশন (১নং ও ২নং) | ১নং ২৫০ মে. ও. ২নং ২৫০ মে. ও. } ২০০৩ |
| (৪) | ব্যান্ডেল ও সাঁওতালডিহি তাপবিদ্যুৎ কেন্দ্র | বিভিন্ন সংস্থার আর্থিক সহযোগিতায় ব্যান্ডেল ও সাঁওতালডিহির তাপবিদ্যুৎ কেন্দ্রগুলির আধুনিকীকরণের প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এর ফলে কেন্দ্র দুটি স্থাপনের সময়কার উৎপাদনক্ষমতা পুনঃপ্রতিষ্ঠা করা যাবে। ব্যান্ডেল কেন্দ্রের জন্য ঋণের দরখাস্ত করা হয়েছে। প্রকল্প রূপায়ণের সময়সীমা বিষয়ে এখনই বলা সম্ভব নহে। |
| (৫) | তিস্তা জলবিদ্যুৎ প্রকল্প | (৩×৭×৭.৫)-৬৭.৫ মে. ও. সেপ্টেম্বর, ১৯৯৯ |
| (৬) | পুরুলিয়া পাম্পড স্টোরেজ (২২৫×৪) | ৯০০ মে. ও. ডিসেম্বর, ২০০৪ |
| (৭) | মংপু-কালিখোলা জলবিদ্যুৎ প্রকল্প | ৩ মে. ও. ২০০১ সাল |
| (৮) | রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্প স্টেজ-১ | ৩×১২ - ৩৬ মে. ও. ২০০৪<br>এছাড়া সিদাপং, লিটল রঙ্গি এবং রিং চিং টন ক্ষুদ্র জলবিদ্যুৎ কেন্দ্রগুলির আধুনিকীকরণ ও পুনর্নবীকরণের কাজ চলছে, ফলে ঐ জলবিদ্যুৎ কেন্দ্রগুলির উৎপাদন বাড়বে।<br>জলঢাকা জলবিদ্যুৎ প্রকল্প স্টেজ-১-এ আরও একটি ৯ মে. ও. ইউনিট বসানো এবং স্টেজ-১ ও স্টেজ-২-এর আধুনিকীকরণ ও পুনর্নবীকরণের কাজের ফলে ঐ বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা বাড়ানো সম্ভব হবে। |
| (৯) | গৌরীপুর থার্মাল পাওয়ার স্টেশন | ১৫০ মে. ও.<br>প্রকল্পটির টেকনো-ইকনমিক ক্লিয়ারেন্স ১৯-৪-৯৯ তারিখে পাওয়া গেছে। ২০০২ সালের শেষভাগে এর নির্মাণকার্য শেষ হবে বলে ধার্য করা হয়েছে। |

**কাশী-বৃন্দাবনবাসী বিধবাদের অনুদান**

৫৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯৩) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** সমাজ-কল্যাণ

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার কাশী ও বৃন্দাবনে বসবাসকারী দুঃস্থ বিধবাদের মাসিক অনুদান দিচ্ছেন;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, এই অনুদানের পরিমাণ কত; এবং

(গ) এই অনুদান প্রদানের পদ্ধতি কী?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। এ ব্যাপারে এখনও কোন সিদ্ধান্ত হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**"ডে স্টুডেন্টস্ হোম"**

৫৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯৬) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উচ্চশিক্ষা দপ্তর দ্বারা পরিচালিত কতগুলি ডে স্টুডেন্টস্ হোম আছে;

(খ) ঐ সকল ডে স্টুডেন্টস্ হোম পরিচালনার জন্য কোন পরামর্শদাতা কমিটি আছে কি;

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত কমিটির সদস্য কারা হন; এবং

(ঘ) শ্রীরামকৃষ্ণ ডে স্টুডেন্টস হোম-এর পরিচালনার জন্য গঠিত পরামর্শদাতা কমিটির সদস্য কারা?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) চারটি।

(খ) আছে।

(গ) উচ্চশিক্ষার সঙ্গে যুক্ত কর্মরত অথবা অবসরপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিগণ উক্ত কমিটির সদস্য হন।

(ঘ) শ্রীরামকৃষ্ণ ডে স্টুডেন্টস্ হোমের পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্যদের নাম নিচে দেওয়া হল ঃ

(১) শ্রীআশীসরঞ্জন গুহ—সভাপতি, অধ্যাপক, বারাসত সরকারি কলেজ।

(২) শ্রীঅশোক চৌধুরী—সদস্য, অধ্যক্ষ, মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজ।

(৩) ড. জ্যোতিপ্রকাশ ঘোষ—সদস্য, অধ্যক্ষ, শেঠ আনন্দরাম জয়পুরিয়া কলেজ।

(৪) ড. শান্তা দাসগুপ্ত—সদস্যা, অধ্যক্ষা, উওমেন্স কলেজ।

(৫) ড. সুতপা দেব—সদস্যা, অধ্যক্ষা, বিদ্যাসাগর কলেজ ফর উওমেন।

(৬) ড. পুষ্পা মিশ্র—সদস্যা, অধ্যক্ষা, বেথুন কলেজ।

(৭) শ্রীজগবন্ধু ভট্টাচার্য—সদস্য, ভূতপূর্ব অধ্যাপক, শেঠ আনন্দরাম জয়পুরিয়া কলেজ।

(৮) হোমের ওয়ার্ডেন—সদস্য এবং পদাধিকারবলে সম্পাদক।

(৯)
(১০) | হোমের কর্মচারীদের প্রতিনিধি।

## জি. টি. রোড সংস্কার

৫৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০৬) **শ্রী আব্দুল মান্নান ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তরপাড়া থেকে মগরা পর্যন্ত জি. টি. রোড সংস্কারের পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত রাস্তাটির সংস্কার/মেরামত কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি। উক্ত রাস্তাটির সংস্কারের/মেরামতের পরিকল্পনা অনেক আগে থেকেই আছে।

(খ) রাস্তাটির উত্তরপাড়া থেকে মগরা পর্যন্ত ৪০ কি. মি. দৈর্ঘ্যের মধ্যে বিভিন্ন জায়গায় ক্ষতিগ্রস্ত মোট ২৬ কি.মি. অংশে ১৯৯৭-৯৮ সালে ব্যাপক সংস্কার/মেরামত করা হয়েছিল। ১৯৯৮-৯৯ আর্থিক বছরে হুগলী, বৈদ্যবাটী, ভদ্রেশ্বর, চন্দননগরের অংশবিশেষ এবং শ্রীরামপুর এলাকায় মোট ক্ষতিগ্রস্ত ৪.৫ কি. মি. অংশের সংস্কার করা হয়েছে। এখন রাস্তাটি মোটামুটি খানাখন্দহীন অবস্থায় থাকলেও সম্প্রতি শ্রীরামপুর থেকে হাওড়া পর্যন্ত C.M.W.S.A. দ্বারা স্থাপিত জলের পাইপে ছিদ্র হওয়ার জন্য রিষড়া অঞ্চলে এবং অন্যত্র কিছু গর্ত/গাডার সৃষ্টি হয়েছে। ওটা শীঘ্রই মেরামত করা হবে।

## চল্লিশোর্ধ বেকারদের পরিচয়পত্র নবীকরণ

৫৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০৯) **শ্রী আব্দুল মান্নান ঃ** কর্মবিনিয়োগ কেন্দ্র

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে চল্লিশোর্ধ্ব বেকারদের কার্ড পুনর্নবীকরণ করা হবে না—এই মর্মে সিদ্ধান্ত হয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত সিদ্ধান্তের পর থেকে মে, ১৯৯৯ পর্যন্ত কতজন ঐরূপ বেকারের নামের নিবন্ধীকরণ বাতিল করা হয়েছে?

**কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, তবে সিদ্ধান্তটি সংশোধনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) তথ্য সংগ্রহ করা হচ্ছে।

### গৌরহাটি ই. এস. আই. হাসপাতাল

৫৬২। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১১) **শ্রী আব্দুল মান্নান :** কর্মচারী রাজ্য বিমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, হুগলী জেলায় গৌরহাটী ই. এস. আই. হাসপাতালের চারধারে সীমানা বরাবর প্রাচীর নির্মাণের পরিকল্পনা গৃহীত হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**কর্মচারী রাজ্য বিমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) ই. এস. আই. কর্পোরেশনের অনুমোদন পাওয়া গেলে নির্মাণকাজ শুরু হবে।

### বরাহনগর স্টেট জেনারেল হাসপাতাল

৫৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১৯) **শ্রী নির্মল ঘোষ :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বরাহনগর স্টেট জেনারেল হাসপাতালটির উন্নয়নের কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আছে।

(খ) এক বছরকাল লাগতে পারে।

### বি. টি. রোড সংস্কার

৫৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪২৫) **শ্রী নির্মল ঘোষ :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ডানলপ থেকে ব্যারাকপুর পর্যন্ত বি. টি. রোড সংস্কার ও প্রশস্ত করার কাজটি বিলম্ব হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কারণ কী?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না, সত্যি নয়। এরূপ কোন অনুমোদিত পরিকল্পনা বর্তমানে, পূর্ত বিভাগে বাস্তবায়নের জন্য পড়ে নেই। তবে টালা ব্রীজ থেকে ব্যারাকপুর পর্যন্ত বি. টি. রোডটির, সংস্কার ও প্রশস্তকরণের একটি পরিকল্পনা তৈরীর প্রয়াস চলছে।

(খ) প্রশ্ন ওঠে না।

### মগরাহাটে বিদ্যুৎবিহীন মৌজা

৫৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬২) **ডঃ নির্মল সিংহ :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষপ্রাপ্ত তথ্যানুযায়ী মগরাহাট থানায় ক'টি মৌজায় বৈদ্যুতীকরণ করা হয় নি; এবং

(খ) মৌজাগুলিতে বিদ্যুতায়নের জন্য কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে।

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) দক্ষিণ ২৪পরগণা জেলার মগরাহাট থানার বসতিপূর্ণ ৮৫টি গ্রামীণ মৌজার মধ্যে ৮৪টি মৌজায় ভার্জিন হিসাবে বিদ্যুতায়নের কাজ হয়েছে। অবশিষ্ট অ-বিদ্যুতায়িত মৌজাটির নাম ঈশ্বরীপুর (২০৬)।

(খ) জেলা পরিষদ বিদ্যুৎ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে মগরাহাট থানার ৬টি বিদ্যুতায়িত মৌজায় নিবিড়করণের (intensification) কাজ সম্পন্ন হয়েছে এবং আরও ৮টি মৌজায় বর্তমানে নিবিড়করণের কাজ চলছে। ইতিমধ্যে নিবিড়িকৃত মৌজাগুলি হল : (১) বানওয়ারপুর (৭৪), (২) চকজয়দি (৩), (৩) চলক হাতুরিয়া (৮), (৪) সিরাকল (৪), (৫) রঙ্গলিয়াবাদ (৭৯) এবং (৬) ভিহিকালাস (১১২)।

যে সমস্ত মৌজায় নিবিড়করণের কাজ চলছে সেগুলি হল : (১) উত্তর রাধানগর (১২০), (২) মূলটি (১৯২), (৩) ইয়ানপুর (৭), (৪) সংগ্রামপুর (১২৯), (৫) মগরাহাট (১২৪), (৬) বিলান্দপুর (১২৬), (৭) হংসরি (১১৪) এবং (৮) মির্জাপুর (৫০)।

প্রয়োজনীয় অর্থ বরাদ্দ হলে এবং জেলার পরিকল্পনা কমিটির অনুমোদন হলে অবশিষ্ট মৌজাটির বৈদ্যুতীকরণ এবং বিদ্যুতায়িত মৌজাগুলির অ-বিদ্যুতায়িত গ্রাম এলাকাগুলিতে নিবিড়করণের কাজ পর্যায়ক্রমে করা যেতে পারে।

## Expansion of Alipore Zoo

566. (Admitted Question No. 2475) **Shri Saugata Roy:** Will the Minister-in-charge of the Forest Department be pleased to state–

(a) whether there are any proposals for:
(1) expansion of Alipore Zoo;
(2) shifting it to any other suitable place; and

(b) if yes, the details thereof?

**Hon'ble Minister-in-charge of the Forest Department:**

(a) No, No.

(b) Does not arise.

## শ্রীরামপুর জলপ্রকল্প

৫৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৭৬) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সি. এম. ডব্লিউ. এস.-এর অধীন শ্রীরামপুর জল প্রকল্পের অন্তর্গত উত্তরপাড়া কোতরঙ পৌর এলাকার কোতরঙে যে জলাধারটি নির্মাণ করা হয়েছিল তা চালু করা সম্ভব হয় নি; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কি?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উল্লিখিত ভূগর্ভস্থ জলাধারের ধারণক্ষমতা ২.৫ মিলিয়ন লিটার। এটা শ্রীরামপুর জল সরবরাহ প্রকল্পের অধীনে সি. এম. ডব্লিউ. এস.-এ কর্তৃক নির্মিত। এটা ঠিক যে, এটা এখনো চালু করা যায় নি।

(খ) মাটির একটা স্তরের নিম্নধারণক্ষমতার জন্য জলাধারের একটি অংশ বসে যেতে দেখা গিয়েছে। জলাধারের উপরের পাম্প-হাউসের ওজন কমানোর জন্য বর্তমান পাম্প-হাউসের স্থানে একটি হাল্কা পাম্প-হাউস নির্মাণ করে জলাধারটির সংস্কারের প্রচেষ্টা নেওয়া হয়েছে।

**মাদার ডেয়ারী**

৫৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৯২) **শ্রী ভক্তরাম পান ও শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়ঃ** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ডানকুনিস্থ মাদার ডেয়ারী কলিকাতা সংস্থার দুধ ও দুগ্ধজাত সামগ্রীর বর্তমান উৎপাদন ক্ষমতা কত;

(খ) বর্তমানে কত উৎপাদন হয় এবং উক্ত সংস্থায় স্থায়ী ও অস্থায়ী শ্রমিক-কর্মচারীর সংখ্যা কত;

(গ) উক্ত মাদার ডেয়ারীর বাজার সম্প্রসারণের কোন পরিকল্পনা আছে কি; এবং

(ঘ) থাকলে, কোন্ কোন্ এলাকা এর অন্তর্ভুক্ত হবে বলে আশা করা যায়?

**প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ডানকুনির মাদার ডেয়ারী কলিকাতা সংস্থার দুধ ও দুগ্ধজাত সামগ্রীর বর্তমান উৎপাদনক্ষমতা যথাক্রমে ছয় লক্ষ লিটার ও এক টন (প্রতিদিন)।

(খ) বর্তমানে (১৯৯৮-৯৯) সালে মাদার ডেয়ারীর গড় দুগ্ধ উৎপাদন ছিল ৩,৮৩,৯৩৯ লিটার (প্রতিদিন)। এছাড়া গড় দুগ্ধজাত দ্রব্যের উৎপাদন দৈনিক গড়ে (১৯৯৮-৯৯ সালে) ৯০৩ কেজি।

উক্ত সংস্থার কর্মচারীর সংখ্যা নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ১। স্থায়ী | .. | ৫৪১ জন |
| ২। অ্যাপ্রেনটিস্ (শিক্ষানবিস) | .. | ৯ জন |
| ৩। অস্থায়ী | .. | ২ জন |
| ৪। বদলী | .. | ৩৭ জন |

(গ) হ্যাঁ।

(ঘ) বর্তমানে উত্তর ও দক্ষিণ চব্বিশ-পরগণা, হাওড়া এবং হুগলী জেলায় মাদার ডেয়ারীর ব্যবসা অব্যাহত আছে। ভবিষ্যতে এইসব এলাকাগুলিতে আরও ব্যাপকভাবে দুগ্ধ বন্টনব্যবস্থা সম্প্রসারণের পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে।

### বেগমপুর তাঁতশিল্পে মন্দা

৫৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৫০৪) **শ্রীভক্তরাম পান :** কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বেগমপুরের তাঁতের শাড়ী বিক্রির হার ক্রমশঃ হ্রাস পাচ্ছে; এবং

(খ) সত্যি হলে, সরকার বেগমপুরের এই ঐতিহ্যমন্ডিত তাঁতশিল্প রক্ষা ও তাঁতের শাড়ীর বাজার সম্প্রসারণের জন্য কী কী উদ্যোগ নিয়েছে?

**কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

### "ডিয়ার পার্ক"

৫৭০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫১০) **শ্রীমোজাম্মেল হক** (হরিহরপাড়া) এবং **শ্রী ইউনুস সরকার :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া থানা অফিসের সংলগ্ন বনাঞ্চলে "ডিয়ার পার্ক" গড়ে তোলার জন্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছে;

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত প্রকল্প চালু হবে বলে আশা করা যায়; এবং

(গ) কয়টি হরিণ উক্ত 'ডিয়ার পার্কে' ছাড়া হবে বা থাকবে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## CALLING ATTENTION

**Mr.Speaker :** Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :—

| | *Subject* | | *Name* |
|---|---|---|---|
| (i) | Alleged detention of about 100 girls without trial at Liluah Home in Howrah | : | Shri Sudhir Bhattacharya |
| (ii) | Non-installation of pipe line for drinking water at Purulia Ramkrishna Mission Bidyapith. | : | Shri Ashok Kumar Deb |
| (iii) | Alleged physical torture on the reporters in an office of the major ruling party in South Dum Dum | : | Shri Ramjanam Manjhi |
| (iv) | Death of two persons from food poisoning at a wedding ceremony at Nechgram, Panskura in Midnapore. | : | Shri Sailaja Kumar Das |
| v) | Progress in Bolpur Drinking Water Project. | : | Shri Tapan Hore |

I have selected the notice of Shri Tapan Hore on the subject of Progress in Bolpur Drinking Water Project.

Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the reply will be sent to the Member concerned directly.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-Charge of the Housing Department to make a statement on the subject of progress of work of the Rajarhat Township.

(Attention called by Shri Tapan Hore on the 15th July, 1999)

**Shri Goutam Deb :**

### New Town Calcutta– A Status Report

The New Town Calcutta Project (NTP) area is located on the north-eastern periphery of the metropolis and will cover nearly 3020 hectares of

land in two districts i.e., North 24 Parganas and South 24 Parganas. The first phase contains around 1000 hectares of land.

2. The Primary aim of the project is to meet the burgeoning housing shortage and more particularly to provide space for LIG, MIG people in the state to develop their dwelling units. It also considers the declared policy of Government of India to establish 100 new towns by 2021 to check the growing urban chaos.

3. Moreover, the New Township Project seeks to :—

   - prevent unplanned urban sprawl in the fringes of metropolis;
   - effective decongetion, particularly in and around the CBD, Calcutta;
   - alleviate chronic drainage problem of the vast northern area of the metropolis;
   - preservation and development of East Calcutta Wetland;
   - provide much needed north-south corridor;
   - provide the required social infrastructure.

4. A good number of eminent experts representing different fields of modern city development are involved in the planning process. Experts at national level are being consulted and the experiences of other comparable ventures are being duly considered. For planning and other exercises different expert committees have been formed, involving different departments of the Government of West Bengal. The West Bengal Housing Infrastructure Development Corporation Ltd. (HIDCO) has been formed, which will act as the nodal agency for NTP.

5. The most critical and fundamental item of the project – land mobilisation is being done both through L. A. process and direct purchase, the latter being an unique one not only in our State but in India too. The price of land is settled by a committee of peoples' representatives. The reasonableness of price is also reinforced by the fact that hundreds of land owners are offering their land voluntarily. About 1050 acres of land is already acquired/purchased while another 1550 acres (approx) of land is ready to be acquired/purchased shortly.

6. One of the prominent features of NTP will be its environment friendly nature. From the very outset, i.e., formation of Task Force to preparation of Concept Plan, the representative of the Environment

Department was formally involved. Reputed consultants, recommended by the State Department of Environment prepared the Environment Impact Assessment (EIA) Report and after detailed scrutiny by the Housing Department, the report has been submitted to the Environment Department for their perusal and clearance. It may be relevant to note that the consultants were involved in the base-line studies which led to the finalisation of the M/O E&F guidelines for new town EIAS.

7. Every care has been taken to keep the East Calcutta Wetland and Waste Recycling Zone (which is well delineated and map submitted to Calcutta High Court also) completely segregated from NTP. The final EIA report is quite categorical in this regard. In fact the Housing Department has accepted the proposal of the Fisheries Department, Government of West Bengal to arrange de-siltation of Fisheries and to channelise a part of sewerage fed water to the Fisheries in wetland area for effective preservation and development of pisciculture in the area. Moreover, the project will create 165 hectares of new, high quality water bodies in lieu of about 45 hectares of derelict ponds. This excludes the programme for Bagjola excavation and widening and Government's planning for the development of the Kestopur canal.

8. The unplanned population growth along the VIP Road and in the Laketown/Dum Dum area has led to periodic water logging in all the northern suburbs. The project authorities have sought to address the drainage issues in collaboration with the Irrigation and Waterways Department. In fact, the renovation of the canal systems has been made an integral part of the project. When implemented the NTP will provide much needed resources to I&W Department for the effective drainage of the entire suburban belt north of Ultadanga.

9. Progress achieved in some other important sectors :-

- Preliminary Project Report (PPR) prepared;
- Financial viability study completed;
- Draft Master Land Use Plan prepared and being processed under the T&CP Act;
- I & W Department, Government of West Bengal prepared and submitted drainage plan;
- PHE Department, Government of West Bengal prepared and submitted

plan for drinking water. Details of interim water supply project for the first phase have been submitted;

- WBSEB prepared and submitted plan for power supply in NTP;
- Telecom authority under Government of India is being consulted for proper planning of telecom facilities in new town area;
- ME Directorate, Govt. of West Bengal prepared and submitted plan for internal drainage network in NTP;
- The CMDA is engaged to integrate the six-lane Main Road of the NTP with E.M. By-Pass.
- Under "Neighbourhood Development" programme, Kestopur Road widening and development, Bagjola Canal Road Development, Thakdari Bridge construction, Bishnupur Water Supply Project etc. are either completed or nearly completed. It is to be noted that "Neighbourhood Development" is vital to ensure the co-operation of those immediately outside the NTP - an issue pointed out in the Ministry of Environment and Forest guidelines on new town development.

10. Another unique and important aspect of NTP is to develop it on self-sustainable basis — hence, primary importance on market borrowing and mobilisation advances from the prospective buyers.

    Already around 67 crores has been expended. WBIDFC, HUDCO, many Commercial Banks and other Financial Institutions are being consulted for necessary fund inflow. WBIDFC has already sanctioned a loan of Rs 100 crore. The WBHB has been playing important role in arranging initial funds for the project.

11. In the first phase of the project which is going to accommodate nearly 50 thousand dwelling units along with commercial and industrial area etc. the activities will be started as soon as environment clearance is accorded. Individuals, Co-operatives, J.V.Cs and Government organisations, private entrepreneurs – all sectors will be involved in this development process.

12. A High Power Rehabilitation Committee is going to be constituted to look after and suggest rehabilitation package for the affected families. The guidelines of Government of India and the judgements of the Supreme Court in this regard are being duly considered. The Master Land Use Plan (MLUP) has provided land for rehabilitation sites within the project area alongwith the provision of Service Villages.

13. We have received a proposal from the Sports Department for setting out a portion of land for the proposed Grand Prix Motor Race Complex. Accordingly an area in the "sports and open area complex" in the new town has been apportioned and earmarked for the said project. Sports Department, being the Nodal Department for the said project, is looking after other details.

[11.10–11.20 a.m.]

**শ্রী তপন হোড় :** আমি কলিং-অ্যাটেনশন দিয়েছিলাম। মাননীয় মন্ত্রীমহাশয় সেই কলিং-অ্যাটেনশনের উত্তরে কলকাতায় নিউ টাউন-শিপের স্টাটাস রিপোর্ট প্লেস্‌ড করেছেন। এতে কংগ্রেসীদের লজ্জা পাওয়া উচিৎ, তারা এই ধরণের রিপোর্টের কথা চিন্তা করে না। মাননীয় মন্ত্রীমহাশয় কলকাতায় নিউ টাউন-শিপের যে রিপোর্ট বিস্তারিতভাবে দিয়েছেন তাতে বোঝা যাচ্ছে, অত্যন্ত দক্ষতার সঙ্গে, আন্তরিকতার সঙ্গে চাহিদা মেটাবার স্বার্থে একটা যোগ্য ভূমিকা রাজ্য সরকার এবং আপনার দপ্তর পালন করেছেন। সেইজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। সাথে-সাথে একটি প্রশ্ন প্রাসঙ্গিকভাবেই এসে পড়ে, সেটা হচ্ছে, এই টাউন-শিপ করতে কত জমি আপনাকে অ্যাকোয়ার করতে হয়েছে এবং সেই জমি অ্যাকোয়ার করার পর যাদের জমি নেওয়া হয়েছে তাদের টাকা-পয়সা দেবার ক্ষেত্রে তারা ন্যায্য দাম পাচ্ছে কিনা? এবং এই টাউন-শিপ গড়ে তুলতে আপনি কবে জমি বিলি-বন্টন করবেন? কবে নাগাদ সাধারণ মানুষ জমির জন্য আবেদন করতে পারে প্রপার ফর্মে—সেই সম্পর্কে আপনি কিছু বলবেন কি?

**শ্রী গৌতম দেব :** আপনার প্রশ্ন অনেকগুলি হয়ে গেল। যখন আমার বাজেট হয় তখন অনেকেই প্রশ্ন করেছিলেন। মাননীয় সদস্য শ্রীসৌগত রায়ও বক্তৃতা দিয়েছিলেন। সেই সময়ে উত্তরে আমি বিশেষ করে বলেছিলাম। জমি বিলির বিষয়ে কিছুটা লেখা আছে। আমরা দুটি পদ্ধতিতে জমি নিচ্ছি। এক হচ্ছে, সরাসরি কিনছি কৃষকদের কাছ থেকে তাদের বুঝিয়ে। আর এক হচ্ছে, এল. এ. প্রোপোজাল দিয়ে। সেখানে এটা লিখেছি, জমি অ্যাকুইজিশনের জন্য গভর্ণমেন্টের একটা আইন আছে, লোক চাক বা না চাক, গভর্ণমেন্ট নিয়ে নিল। মানুষ এসে জমির কাগজ দিয়ে যাচ্ছে। এখানে জোর-জবরদস্তির জায়গা নেই। হাজার-হাজার অ্যাপলিকেশন আমাদের কাছে আছে। আমরা কিনছি এবং প্রতিনিয়ত আসছে এবং একটা ন্যায্য প্রাইস না দিলে তো আর মানুষ নিজে এসে জমি দেয় না। সেখানে যেমন কংগ্রেস করা মানুষ আছে, তেমনি সি. পি. এম করা মানুষও আছে, সে যে দলেরই মানুষ হোক না কেন সবাই ওখানকার ভোটার।

সে দিক থেকে সব দলের লোক সে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, প্রণব মুখার্জী থেকে শুরু করে দিল্লীর অফিসার, হাডকোর চেয়ারম্যান, এন. এইচ. বি'র চেয়ারম্যান—প্রত্যেকের বক্তব্য হচ্ছে, সরকারী প্রকল্পে এইভাবে মানুষের সাথে আলোচনা করে দাম ঠিক করে, তাদের হাতে চেক দিয়ে তাদের কাছ থেকে কিনে নেওয়া—এ এখনও পর্য্যন্ত ভূ-ভারতে কোথাও হয়নি যেটা আমরা করেছি। সেই দিক থেকে আমরা জমি

কতটা পেয়েছি দিয়েছি। আর দ্বিতীয় প্রশ্ন যেটা সে সম্বন্ধে এখানে বলেছি যে, আমাদের পরিকল্পনা হচ্ছে এই বর্ষার পরেই, এই শীতেই, আমরা মানুষদের মধ্যে—সাধারণ মধ্যবিত্ত, নিম্নবিত্ত মানুষ যারা তাদের মধ্যে জমি বিলি বন্টন কো-অপারেটিভের মাধ্যমে, ইনডিভিজুয়ালকে, বিলিবন্টন মানে আপনি যেটা বলেছেন ঠিকই যে ফ্রিনয়, যা দাম আমরা ঠিক করবো তাতে। সেটা আশা করছি এই শীত থেকে আমরা শুরু করতে পারবো।

## LAYING OF RULES

### The West Bengal Land Reforms and Tenancy Tribunal Rules, 1997

**Dr. Surjya Kanta Mishra :** Mr. Speaker Sir, I beg to lay the West Bengal Land Reforms and Tenancy Tribunal Rules, 1997, published under Notification No. 717-L. Ref.

### The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Salaries, Allowances and Other Conditions of Service of the Chairman and the Judicial Members and the Administrative Members) Rules, 1997

**Dr. Surjya Kanta Mishra :** Mr. Speaker Sir, I beg to lay the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Salaries, Allowances and Other Conditions of Service of the Chairman and the Judicial Members and the Administrative Members) Rules, 1997, published under Notification No. 718-L. Ref.

### Amendments in the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Salaries, Allowances and other conditions of Service of the Chairman and the Judicial Members and the Administrative Members) Rules, 1997

**Dr. Surjya Kanta Mishra :** Mr. Speaker Sir, I beg to lay Amendments in the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Salaries, Allowances and Other Conditions of Service of the Chairman and the Judicial Members and the Administrative Members) Rules, 1997, published under Notification No. 1776-L. Ref.

### The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Financial and Administrative Powers of the Chairman and Delegation) Rules, 1997

**Dr. Surja Kanta Mishra :** Mr. Speaker Sir, I beg to lay the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Financial and Administrative Powers of the Chairman and Delegation) Rules, 1997, published under Notification No. 719-L. Ref.

**The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Procedure for the Inquiry into the Charges of misbehaviour or Incapacity of the Chairman, the Judicial Members and the Administrative Member) Rules, 1997**

**Dr. Surja Kanta Mishra :** Mr. Speaker Sir, I beg to lay the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Procedure for the Inquiry into the Charges of misbehaviour or Incapacity of the Chairman, the Judicial Member and the Administrative Member) Rules, 1997, published under Notification No. 720–L. Ref.

[11.20–11.30 a.m.]

**Point of Information**

**শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গতকাল একজন সাংবাদিককে—

**মিঃ স্পীকার ঃ** আমি কিছু জানিনা বা আপনি যা জানাবেন, আমি তাই জানবো।

**শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা ঃ** স্যার, আমরা ধরে নিয়েছি যে সকাল বেলায় এখানে আসার আগে আপনি পত্র-পত্রিকা পড়েন। প্রত্যেক পত্র-পত্রিকায় এটা পরিস্কার ভাবে লেখা হয়েছে যে, গতকাল সাংবাদিকের উপরে নির্মম অত্যাচার করা হয়েছে, নিগৃহীত করা হয়েছে। এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আমরা চাই না এবং নিশ্চয়ই বামফ্রন্ট সরকারও চান না যে সাংবাদিকদের উপরে এই ভাবে অত্যাচার হোক, সাংবাদিকরা নিগৃহীত হোন। রাজীব নামে একজন সাংবাদিক সহ দুইজন ভীষণ ভাবে আহত হয়ে হাসপাতালে ভর্ত্তি হয়ে আছে। এটা গণতান্ত্রিক ব্যবস্থার উপরে ভীষণ একটা বড় আঘাত। আমি আপনার মাধ্যমে এর নিন্দা করছি এবং এখানে পুলিশ মন্ত্রী বসে আছেন, আজকে হাউসের শেষ দিন, আর সময় পাওয়া যাবে না, কাজেই আপনার মাধ্যমে অনুরোধ করবো যে এই ব্যাপারে একটা বক্তব্য তিনি আমাদের সামনে রাখুন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা যে ঘটনার কথা বললেন, আমি ঐ ঘটনার কথা কালকে শুনেছি। দমদমে একটা দুঃখজনক ঘটনা ঘটেছে। একটা বে-সরকারী টি. ভি. চ্যানেল, খাস খবর, দমদমে আমাদের পার্টি অফিসের ওখানে এই ঘটনাটি ঘটেছে। পরে আমি রাত্রি বেলা পুলিশের সঙ্গে যোগাযোগ করে, এস. পি'র সঙ্গে যোগাযোগ করি। আজ সকালেও কথা হয়েছে। ওখানে একটা সংবাদ সংস্থার পক্ষ থেকে সাংবাদিকদের নিগৃহীত করা হয়েছে বলে ডায়েরী করা হয়েছে। আবার একটা পাল্টা ডায়েরীও হয়েছে যে, জোর করে পার্টি অফিসে ঢুকেছে, এই রকম একটা ডায়েরীও হয়েছে। আমি পুলিশকে তদন্ত করতে বলেছি। পুলিশের তদন্ত অনুযায়ী কে অন্যায় করেছে, না করেছে, আমি কালকের মধ্যে জানতে পারবো।

## ZERO HOUR

**Mr. Speaker :** এখন জিরো আওয়ার।

**শ্রী রামজনম মাঝী ঃ** ............ অনুপস্থিত।

**শ্রী কমল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার সব হাসপাতালে এবং স্বাস্থ্য কেন্দ্রে সাপে কামড়ানোর ঔষধ পাওয়া যাচ্ছে না। গরীব মানুষ যাদের সাপে দংশন করছে তারা পাগলের মত ঘুরে বেড়াচ্ছে, কোথাও ঔষধ পাওয়া যাচ্ছে না। যে ঔষধ-এর ৩০০ টাকা দাম সেটা বাইরে ৫০০ টাকায় কিনতে হচ্ছে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলবো যে, যুদ্ধকালীন ভিত্তিতে হুগলী জেলার হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রগুলিতে সাপের কামড়ের ইনজেকশান এ. ভি. এস পাঠানো হোক।

...... গোলমাল ......

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার ফলতা বিধান সভা কেন্দ্রে মল্লিকপুর হাটে প্রত্যেক দিন হাটের কাছে ব্রীজের ওপারে দঃনালী মৌজায় প্রত্যেকদিন সকালে প্রত্যেক চাষী সীম, বরবটী, ঝিঙ্গে, উচ্ছে, টমেটো প্রভৃতি কাঁচা আনাজ চাষীরা নিয়ে আসে। আশেপাশের থেকে এবং কলকাতা থেকে পাইকারীরা ওই কাঁচা আনাজ ক্রয় করে। ওই এলাকা বিশেষ করে চাকা, কলাগাছিয়া, গোপালপুর, রুখিয়া, বেনেবাটা, চক্‌কৃষ্ণপুর প্রভৃতি ২৫ খানা গ্রামের মানুষের প্রধান উপজীবিকা আনাজ চাষ। এক এক সময়ে প্রচন্ড দাম কমের জন্য চাষীরা মার খাচ্ছে। তাদের অর্থনৈতিক বিপর্যয় হয়ে যাচ্ছে এবং চাষীরা ভীষণ ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেজন্য আমি গভর্ণমেন্টের কাছে এবং কৃষিমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি, ওখানে একটি কোল্ড স্টোরেজ করা হোক সরকারী খরচে। সেটা হলে ওখানকার চাষীরা উপকৃত হবেন।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই, জনগণের আস্থা হারিয়ে বিজেপি সরকার বিভিন্ন ক্ষেত্রে দেখা যাচ্ছে সেগুলো তারা বেসরকারী হাতে তুলে দিচ্ছেন। টেলি কম্যুনিকেশানের ক্ষেত্র সম্পর্কে বিভিন্ন পত্র-পত্রিকায় বেরিয়েছে—সেখানে তারা সরকারের প্রাপ্য টাকা ছেড়ে দেবার ব্যবস্থা করেছেন। টেলি কম্যুনিকেশনকে তারা বেসরকারী হাতে তুলে দেবার জন্য যে বিল পেশ করতে চাইছেন তাতে রাষ্ট্রপতি নিজে বিরোধিতা করেছেন। জনগণও এর বিরোধিতা করেছেন। আমাদের বিধানসভা থেকেও এর প্রতিবাদ করা উচিত। ভারতের সর্বত্র কেন্দ্রের তদারকি সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করা উচিত, কারণ কোন তদারকি সরকারের এই অধিকার থাকতে পারে না, এই ধরণের কোন সিদ্ধান্ত তারা নিতে পারেন না।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শৈলজারঞ্জন মজুমদারের

জন্মশতবার্ষিকী। আমি জানি, শৈলজারঞ্জন মজুমদার প্রচার বিমুখ মানুষ ছিলেন। তার ফলে তার সম্বন্ধে মানুষ অনেক কিছুই জানেন না। তিনি ময়মনসিং জেলা থেকে সরাসরি বিশ্বভারতী আসেন এবং সেখানে কেমিষ্ট্রীতে অধ্যাপনা করেন। পরে রবীন্দ্রনাথ তাকে সঙ্গীত ভবনে নিয়ে আসেন। সঙ্গীতভবনে তিনি অধ্যক্ষ হিসাবে ছিলেন। রবীন্দ্রনাথের গানের স্বরলিপির ব্যাপারে তিনি বিখ্যাত ছিলেন। দীনেন ঠাকুর এবং শৈলজারঞ্জন মজুমদার, এই দুজনে মিলে অনেক রবীন্দ্র সঙ্গীতের স্বরলিপি তৈরী করেছেন, কারণ রবীন্দ্রনাথ স্বরলিপি তৈরী করতে পারতেন না। হেমন্ত মুখার্জী, অশোকতরু বন্দ্যোপাধ্যায়, কণিকা বন্দ্যোপাধ্যায় থেকে শুরু করে আরো অনেকে এই স্বরলিপিতে গান গেয়েছেন। তাই আমি এই সভা থেকে শৈলজারঞ্জন মজুমদারকে একটু স্মরণ করবার জন্য বলছি।

**শ্রী অশোক কুমার দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার মেডিক্যাল কলেজ মর্গে লাশ থেকে দুর্গন্ধ বেরোচ্ছে এবং তার ফলে আশপাশের মানুষ অত্যন্ত কষ্টের মধ্যে জীবনযাপন করছেন। অবস্থা অত্যন্ত ভয়াবহ। এ ব্যাপারে সেখানকার জনগণ থানা এবং ডি. এম.-কে জানিয়েছেন, কিন্তু কোন কাজ হয়নি। দুর্গন্ধের ফলে সেখানকার মানুষ নানা অসুখ-বিসুখে ভুগছেন। এ ব্যাপারটা নিয়ে মন্ত্রীকেও বলেছি, কিন্তু তারপরও কোন কাজ হয়নি। তারজন্য হাউসের মাধ্যমে সরাসরি মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে বলছি যাতে অবিলম্বে সেখানকার লাশগুলি সরিয়ে ফেলা হয়, প্রয়োজনে যেন আইনগত ব্যবস্থা নেওয়া হয়। এমনিতেই সেখানকার মানুষ পানীয় জল পাচ্ছেন না, তার উপর ঐ দুর্গন্ধ; ফলে সেখানকার মানুষ মারা পড়বেন। বর্ধমানের অনেক এম. এল. এ. সভায় উপস্থিত আছেন। জানি না তারা এই বিষয় নিয়ে চিৎকার করবেন কিনা।

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মানিকচক বিধানসভা এলাকায় বেশ কয়েকদিন আগে ভাঙনের ফলে প্রচুর এলাকা ধ্বংস হয়ে গেছে। গোপালপুর থেকে পাঁচকড়িতলা পর্যন্ত এলাকায় প্রতিদিন ৫০ মিটার করে ভাঙছে।

শুধু গঙ্গার ভাঙন নয়, বর্তমানে ফুলাহার নদীতে মথুরাপুর এবং শংকরটোলায় প্রচন্ড ভাঙন শুরু হয়েছে। আপনার মাধ্যমে এই ভাঙন রোধ করার দাবি জানাচ্ছি। এই মথুরাপুরে হাজার হাজার গ্রামবাসী ভাঙনে ক্ষতিগ্রস্ত এবং মথুরাপুর হায়ার সেকেন্ডারী স্কুল ভাঙনের মুখে। এই ভাঙন রোধ করা সেচ দপ্তরের পক্ষে সম্ভব। কারণ ফুলাহার নদীতে ভাঙন গঙ্গা ভাঙনের মতো সমস্যা নেই। ফুলাহার নদীর কাছে শংকরটোলায় একটা পি. এইচ. ই. সেন্টার খোলা আছে, এই সেন্টার নষ্ট হয়ে যাবে। যুদ্ধকালীন ভিত্তিতে ফুলাহার নদীর উপর শংকরটোলায় ভাঙন রোধ করার জন্য আপনার মাধ্যমে আমি দৃষ্টি আকর্ষন করছি।

[11.30–11.40 a.m.]

**শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের

বিধায়করা এবং আমরা বহুদিন ধরে এই বিধানসভায় এবং বিধানসভার বাইরে মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে যারা যারা এই ব্যাপারে জড়িত তাদের সকলকে অনুরোধ করেছি, অন্যান্য রাজ্যের মতো এম. এল. এ.-দের নিজ নিজ এলাকার উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ করা হোক। পশ্চিমবাংলার দলমত নির্বিশেষে এম. এল. এ.-দের এলাকার উন্নয়নের জন্য ৫০ লক্ষ টাকা করে বরাদ্দ করা হোক। অত্যন্ত দুঃখের বিষয় আজ প্রায় দেড় মাস এই বিধানসভা চলছে, এখনও পর্যন্ত এই ব্যাপারে ইতিবাচক কোন সাড়া সরকারের তরফ থেকে আমরা পাইনি। এটা অত্যন্ত দুঃখের বিষয়। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মোটামুটি রাজি হয়েছিলেন কিন্তু বিভিন্ন দপ্তরের মন্ত্রীদের আপত্তির জন্য আমাদের এই ন্যায় সংগত দাবি কার্য্যে পরিণত হচ্ছে না। এটা অত্যন্ত দুঃখের বিষয়। এই ঘটনার বহিঃপ্রকাশ হিসাবে আমাদের দলের বিধায়করা এই হাউসের লবিতে ধর্ণা দিচ্ছে। আমি অনুরোধ করছি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভার কাছে, আমাদের দাবি অনুযায়ী অবিলম্বে যেন অর্থ বরাদ্দ করা হয় বিধায়কদের নিজ নিজ এলাকার উন্নয়নের জন্য।

(এই সময় কংগ্রেস (আই)-এর মাননীয় সদস্যগণ পোষ্টার নিয়ে হাউসে প্রবেশ করেন এবং ওয়েলের চারপাশে শ্লোগান দিতে থাকেন)

## Motion Under Rule 185

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় স্পীকার মহোদয়, মোশন আন্ডার রুল ১৮৫ অনুযায়ী আমি এই মোশনটি এই সভাতে মুভ করছি। মোশনটি হলো—

"এই সভা অবগত আছে যে, ঔপনিবেশিক শাসনের ফলশ্রুতি হিসাবে রাজ্যের রাজধানী শহর বাংলায় কলিকাতা ও ইংরাজীতে "ক্যালকাটা" নামে এবং স্বাধীনতার জন্মলগ্নে দেশ বিভক্ত হওয়ার সময় থেকে আমাদের এই রাজ্য বাংলায় পশ্চিমবঙ্গ এবং ইংরাজীতে "ওয়েষ্ট বেঙ্গল" নামে অভিহিত হয়ে আসছে এবং সরকারী ও বেসরকারী সব রকম যোগাযোগ ও চিঠিপত্রে উপরোক্ত নাম ব্যবহৃত হয়ে আসছে।

এই সভা মনে করে যে, বাংলা নামের সাথে সঙ্গতি রেখে ইংরাজী ভাষায় তার লিখন ও উচ্চারণ হওয়া উচিত এবং রাজ্যের জনগণের আকাংখার সাথে তা সঙ্গতিপূর্ণ।

অতএব, এই সভা বাংলা নামের সঙ্গে সঙ্গতি রেখে এই রাজ্যের নাম ইংরাজীতে "Paschimbanga" এবং কলিকাতা শহরের নাম ইংরাজীতে "Kolkata" প্রচলন করার জন্য রাজ্য সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছে।"

**Mr. Speaker :** There are two amendments to the motion by Shri Rabindranath Mondal and Shri Saugata Roy. Both the amendments are in order. The second amendment being similar in language and context I feel there is no need to move the motions separately. Now, I call upon Shri Rabindranath Mondal to move his amendment motion.

**Shri Rabindranath Mondal :** Sir. I beg to move the following motion :—

'In para 3 line 1 the word 'Paschimbanga' be substituted as 'Bangla'.

স্যার, আমার মোশনের মূল প্রতিপাদ্য বিষয় হলো যে, দীর্ঘদিন যাবৎ আমাদের রাজ্যের নাম পশ্চিমবঙ্গ এবং তার শহর ক'লকাতা হয়ে আছে। সংক্ষিপ্ত ভাবে বলতে গেলে বলতে হয় যে, আমাদের মূল শহর সুতানুটি, গোবিন্দপুর এবং কলিকাতা এই তিনটি গ্রাম নিয়ে এই মহানগরীর নাম হয়েছিল ক'লকাতা। ইংরেজরা এর নাম দিয়েছিল ক্যালকাটা। ইংরেজদের ক'লকাতা বলতে অসুবিধা হতো বলে তারা বলতো ক্যালকাটা। তামাম গ্রামবাংলা থেকে শহরে সকলেই এটাকে ক'লকাতা বলতে অভ্যস্ত। এটা হলো এক নম্বর।

দ্বিতীয় হলো যে, পশ্চিমবাংলা একমাত্র, ওয়েষ্ট বেঙ্গল একমাত্র ষ্টেট, ভারতবর্ষের সংবিধানে যেটা ইংরাজী শব্দে এখনও ব্যবহৃত হচ্ছে। তামাম ভারতবর্ষে অন্য রাজ্যে তাদের নাম ভারতীয় শব্দে ব্যবহৃত হয়ে আসছে। দীর্ঘদিন হলো ইংরেজ ঔপনিবেশিকবাদ চলে গেছে। আমাদের রাজ্যের একটা সংস্কৃতি আছে, আমাদের নিজস্ব ঐতিহ্য আছে। আমাদের রাজ্যের মানুষেরও একটা সংস্কৃতি এবং ঐতিহ্য আছে। আমরা সাধারণ ভাবে যে ভাবে বলে অভ্যস্ত, ভবিষ্যতে আমরা এটাকে ভারতবর্ষের সীমানা ছাড়িয়ে বিভিন্ন জায়গায় আমাদের ঐতিহ্যকে, আমাদের সংস্কৃতিকে পৌঁছে দিতে চাই। সেইজন্য দেরীতে হলেও আমরা মনে করি, এটা একটা উপযুক্ত সময় আর বিলম্ব না করে। এটা সবচেয়ে সৌভাগ্যের বিষয় যে, দলমত নির্বিশেষে এটাতে সম্মতি জানাচ্ছেন। সেজন্য আমি বলছি যে, আমাদের রাজ্যকে 'বাংলা' হিসাবে এটা সংবিধানে মেনে নেওয়া হোক এবং সেইভাবে বিজ্ঞপ্তি জারী করা হোক এবং 'ক্যালকাটা'কে 'ক'লকাতা' হিসাবে এটাকে গ্রহণ করা হোক। 'ক'লকাতা' নামকরণের ব্যাপারে কলকাতা কর্পোরেশনের যে নিয়মকানুন আছে, সেই অনুযায়ী ওখান থেকে বিজ্ঞপ্তি জারী করে এখন থেকে এইভাবে এটাকে চালু করা হোক। এছাড়াও এই প্রসঙ্গে আমাদের বলার আছে যে, আমাদের যে ভাষা, আমাদের রাজ্যে সমস্ত স্তরে বাংলা ভাষা চালু করা, যেহেতু আমাদের সর্বসম্মত সিদ্ধান্ত হয়েছে এবং চালুও হয়ে গেছে, আমি মনে করি, গুরুত্বপূর্ণ এই বিষয়টা, আজকে আমরা এখানে সকলে মিলে গ্রহণ করার পর আমাদের এই বিষয়টা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেওয়া হোক এবং তারপর তারা প্রয়োজনীয় যা করার তা করুন। অবিলম্বে এটা কার্যকরি করা হোক। এই হলো আমার মুল প্রতিপাদ্য বিষয়।

[11.40–11.50 a.m.]

**শ্রী অতীশ চন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষের চীফ হুইপ এবং আমাদের দলের তরফে মাননীয় সৌগত রায়, দু'জনেই এই প্রস্তাব এনেছেন যে, পশ্চিমবঙ্গ শব্দটার জায়গায় 'বাংলা' ব্যবহার করা হোক। আমি রবীনবাবু যে বক্তব্য রাখছিলেন তার সঙ্গে একমত। ঔপনিবেশিক আমল থেকে 'ক্যালকাটা'র ব্যবহার আছে, যেটা রাজ্য হিসাবে 'ওয়েষ্ট বেঙ্গল' হিসাবে চলছে। সংবিধানে ওয়েষ্ট বেঙ্গল একমাত্র রাজ্য

যেটা ওয়েষ্ট বেঙ্গল হিসাবে পরিচিত। এই 'ডব্লু' থাকার কারণে কেন্দ্রীয় সরকারের যেখানেই কোন মিটিং হয় এবং আমাদের মন্ত্রীরা যান, তখন আমাদের একেবারে শেষের দিকে চান্স হয়। ফলে ধৈর্য্যচুতি ঘটে, অনেক সময় লাগে। এটা বাংলায় হলে আমরা অনেক সুযোগ পাব। বিশেষ করে আমাদের রাজ্য থেকে বক্তব্য রাখবার ক্ষেত্রে শুধু এখানেই নয়, যেখানে সিরিয়াল হিসাবে 'এ, বি, সি, ডি' হিসাবে নাম ডাকা হয়, তখন আমাদের পেছনের সারিতে গিয়ে বসতে হয়। সেটা অসুবিধাজনক হয়ে যায়। 'পশ্চিমবঙ্গ' নামটা 'বাংলা' হলে, আশা করি, আমরা ওপরের দিকে থাকবো। এটাতে হয়তো সংবিধান সংশোধন করার দরকার হবে। আমরা যদি এই হাউস থেকে সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গ্রহণ করি তাহলে কাজটি অনেক সহজ হবে। যদি সংবিধান সংশোধনের প্রয়োজন হয়, তাহলে অত্যন্ত তৎপরতার সঙ্গে আগামী লোকসভা যখন গঠিত হবে তখন যাতে এটা অগ্রাধিকারের ভিত্তিতে গ্রহণ করা হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি। এটা ঠিকই, যেখানে বোম্বে 'মুম্বাই' হয়ে গেছে, যেখানে ম্যাড্রাজ 'চেন্নাই' হয়ে গেছে, মাদ্রাজ প্রভিন্সটা 'তামিলনাড়ু' হয়ে গেছে, সেখানে কোন কারণ নেই আমরা এখনও ওয়েষ্ট বেঙ্গল বা ওয়েষ্ট বেঙ্গলটা 'ক্যালকাটা' হয়ে থাকবো। সুতরাং এখানে যে প্রস্তাব এসেছে ১৮৫ এর মাধ্যমে, আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি। আমরা সরকারকে নিশ্চয়ই সমর্থন করবো। তবে অলিখিত ভাবে হলেও এটি যাতে চালু হয়ে যায়—একটা জিনিস চালু করে দিলে সেটা চলতে থাকে—কবে সরকারী স্বীকৃতি পাবে তারজন্য অপেক্ষা না করে আমরা যাতে সরকারের তরফ থেকে চালু করে দিতে পারি, এটা ভেবে দেখবার জন্য অনুরোধ করবো। বিধানসভার সদস্য হিসাবে আমরা আগামীকাল থেকে 'ক্যালকাটা' না লিখে 'ক'লকাতা' লিখবো এবং পশ্চিমবাংলার জায়গায় 'বাংলা' লিখবো। অন্যান্য জায়গার মত এখানেও সরকারী ব্যাপারে এই প্রস্তাব কার্যকরী করা যায় তার ব্যবস্থা করতে হবে। সেইদিক থেকে যে প্রস্তাব এসেছে আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে যে এ্যামেন্ডমেন্ট রবীন মন্ডল এবং সৌগত রায় এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** স্যার, যে প্রস্তাব আমাদের সাথী রবীন মন্ডল এবং এছাড়া অন্যান্য সাথী বিধায়করা উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে এবং বিশেষ করে উল্লেখ করতে চাই যে, আইনী আকবরী তাতেও কলকাতা বলে উল্লেখিত হয়েছে। শুধু তাই নয়, বিপ্রদাসের মনসা মঙ্গলেও তিনি 'কলকাতা' বলে উল্লেখিত করেছেন। মুকুন্দ দাসের বিভিন্ন রচনাতেও কলকাতা বলে উল্লেখিত হয়েছে। ভাষাবিদ্ সুনীতি চট্টোপাধ্যায় তিনিও কলকাতা বলে বারবার উল্লেখিত করেছেন। তার বিভিন্ন রচনার মধ্যে, বিভিন্ন লেখার মধ্যে এই কলকাতা কথাটি উল্লেখিত হয়েছে। শুধু তাই নয়, মোঘল যুগে ফার্সী ভাষার প্রচলন প্রশাসনের দিক থেকে করলেও আমরা দেখি যে, সেখানেও কলকাতা উল্লেখ করা আছে। স্বাভাবিকভাবে ক্যালকাটা বিশেষ করে বিদেশে গেলে পরে এই ক্যালকাটা উচ্চারণটির বানান এমনভাবে উচ্চারিত হয় যে মনে হয় "কালকুত্তা'। বিদেশী সাহেবরা এইভাবেই উচ্চারণ করেন, তাদের দিক থেকে কোন দোষ নেই, ওদের ভাষাতেই এটা উচ্চারণ করেন, কিন্তু আমাদের কানে শুনতে লজ্জা করে। এবং আমাদের খুবই খারাপ লাগে। সেইজন্য কলকাতার নামটি ইংরাজিতেও

'ক'লকাতা' প্রচলিত হওয়া উচিত। এবং পশ্চিমবঙ্গ ইংরাজিতে ওয়েষ্ট বেঙ্গল কেন থাকবে, সেখানে 'পশ্চিম বাংলা' হওয়া উচিত। অন্যান্য রাজ্যের ক্ষেত্রে আমরা দেখি যেমন মাদ্রাজ শহরকে 'চেন্নাই' করা হয়েছে। বোম্বাই শহরকে 'মুম্বাই' নাম করা হয়েছে তেমনি পশ্চিমবঙ্গের মানুষ তথা বাংলার মানুষকে ইংরাজিতে 'পশ্চিমবাংলা' মানুষ লিখতে অসুবিধা কোথায়। এটাই তো স্বাভাবিক 'বাংলা' বলা হোক। তাছাড়া শিয়ালদহ স্টেশানকে শিয়ালদহ না করে কলকাতা স্টেশান করা হোক। কলকাতা নামে কোন স্টেশান নেই। অথচ এই কলকাতা শহর একটি ঐতিহ্যপূর্ণ শহর। মুম্বাই এবং চেন্নাইয়ের নামে স্টেশান আছে কিন্তু কলকাতার নামে কোন স্টেশান নেই, অতএব শিয়ালদহ স্টেশানকে 'ক'লকাতা' স্টেশান নামকরণ করা হোক এই প্রস্তাব আমি রাখছি এবং যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব রবীনবাবু এবং পরবর্তী কালে আমাদের পক্ষ থেকে সৌগত রায় এ্যামেন্ডমেন্ট সহ নিয়ে এসেছেন আমি তাকে সমর্থন করছি। আমি মনে করি অনেক দেরী হয়ে গেছে এবং বিধানসভার পক্ষ থেকে সদস্যরা তাদের উপযুক্ত দায়িত্ব পালন করতে পারে নি। তার কারণ সংবাদপত্র, গণমাধ্যমগুলোর মাধ্যমে এই দাবী বাংলার মানুষ এবং বুদ্ধিজীবিরা বারেবারে করে আসছেন। এই প্রস্তাব সিদ্ধার্থ শংকর রায় যখন মন্ত্রিসভায় ছিলেন সেই সময় থেকে উচ্চারিত হয়ে আসছে। অনেক দীর্ঘ দিনের প্রস্তাব, এর যথেষ্ট গুরুত্ব আছে।

(এই সময়ে কিছু কংগ্রেস সদস্য একটি প্ল্যাকার্ডে এম এল এদের উন্নয়ন কোটার দাবীতে শ্লোগান দিতে দিতে সভাকক্ষে প্রবেশ করেন এবং স্পীকারের পাশে গিয়ে বিক্ষোভ দেখান।)

মূলতঃ আমি সমর্থন করতে গিয়েও একটু আত্মসমালোচনা করছি। বিধানসভার মধ্যে আমাদের দীর্ঘদিন ধরে এই পড়ে থাকা সিদ্ধান্ত আমরা নিতে পারিনি। এবং এই সরকারে বুদ্ধদেববাবু আছেন বাংলা ভাষা এবং প্রচার সমস্ত স্তরে সরকারি স্তরে ক্যালকাটা এবং ওয়েষ্ট বেঙ্গল নামের পরিবর্তন পশ্চিমবাংলার সকলের দাবী, সকলের সমর্থন থাকা সত্ত্বেও আমরা দীর্ঘদিন সময় নিয়েছি, আজকে আমরা একমত হতে পেরেছি, এটা অত্যন্ত আনন্দের; আমি শুধু বলতে চাই, ক্যালকাটাকে ক'লকাতা বলার পিছনে ঐতিহাসিক যথেষ্ট কারণ আছে। ম্যাড্রাস থেকে চেন্নাই হয়েছে, বোম্বাই থেকেমুম্বাই হয়েছে, বিভিন্ন জায়গায় পরিবর্তন হয়েছে এবং তা প্রতিষ্ঠিত হয়ে গেছে, স্বাভাবিকভাবে আমাদেরও এক্ষেত্রে দ্রুত কাজ করতে হবে, যাতে আমরা প্রতিষ্ঠিত করতে পারি দাবীটা। আরো কয়েকটি নামের ক্ষেত্রে এই দাবী আমাদের আছে। জেলা স্তরেও আমাদের কিছু পরিবর্তন করার দরকার আছে। আমরা শঙ্কিত হচ্ছি, "ক'লকাতা" নাম হচ্ছে, "বাংলা" নামও হচ্ছে, আমি আশা করেছিলাম পশ্চিমবাংলা হলে এটা ভাল হয়। বাংলা হলেও খারাপ হয় না। বুদ্ধিজীবিরা চাইছেন বাংলা হোক, আমিও এটাকে সমর্থন করছি। আমি খালি একটা জায়গায় বলতে চাইছি, অনেক জায়গায় রাস্তার নামের পরিবর্তন হয়েছে, কিন্তু তা প্রতিষ্ঠিত নয় মানুষের কাছে পৌছাতে পারেনি। এই রকম হাজার হাজার রাস্তার

নাম আছে, সাধারণভাবে আমরা সেইগুলির ক্ষেত্রে ব্যর্থ হয়েছি। এক্ষেত্রে আমি বলব, দমদম এয়ারপোর্টের নাম নেতাজির নামে করেছি, কিন্তু এখনও বিভিন্ন জায়গায় সরকারি বেসরকারি আধা সরকারি স্তরে এয়ারপোর্ট এর মধ্যেও ঘোষণা সবই কিন্তু দমদম এয়ারপোর্টের নামে, নেতাজীর নাম সেখানে নেওয়া হয় না। দিল্লিতে ইন্দিরা গান্ধী এয়ারপোর্টকে ওরা এসট্যাব্লিশ করেছে। এখানে যেটা করার কথা বলা হচ্ছে "বাংলা" এবং ক'লকাতা এটার প্রতিষ্ঠিত করার দায়িত্বটা কিন্তু সরকারি ক্ষেত্রে আগে উদ্যোগ নিতে হবে। যদি আজ এটা পাস হয়ে যায় তাহলে যাতে দ্রুত এটা নোটিফিকেশান করে চালু করা যায় সেটার চেষ্টা করতে হবে। তবে আমি চিন্তিত, আমলাতন্ত্রের পক্ষে ইংরাজী নাম থেকে বেরিয়ে আসাটা খুব মুসকিল। আমলাতন্ত্র আমাদের চারপাশে আছে, স্বাভাবিকভাবে সেখান থেকে যদি বেরিয়ে না আসি তাহলে শুধু খাতা কলমে পরিবর্তন করলে হবে না, সেটা তখন হাস্যকর হয়ে যাবে, এতে বিধানসভার সকলের মর্য্যাদা নষ্ট হবে। আমি দুটোতেই 'বাংলা'য় এবং 'ক'লকাতা'য় একমত; কিন্তু 'বাংলা' এবং 'ক'লকাতা' এই ২টি নাম সর্বস্তরে চালু করার জন্য সরকারি উদ্যোগ যথেষ্ট পরিমাণে নেওয়া দরকার। এবং প্রয়োজনে সরকারি লেবেলে যদি কোন কমিটি হয়, সেখানেও আমরা বলব এই এইভাবে আমরা বঞ্চিত হচ্ছি। আমরা যেন এক্ষেত্রে ভুলেও না বলে ফেলি এই ব্যবস্থা করতে হবে। আমরা বিভিন্নভাবে অনেক কিছু সিদ্ধান্ত নিয়েছি, কিন্তু বাস্তবে প্রতিষ্ঠিত করতে পারিনি, স্বাভাবিকভাবে এখানে রবীনবাবু এবং সৌগত বাবু যে পরিবর্তিত আকারে প্রস্তাব এনেছেন, 'বাংলা' এবং 'ক'লকাতা' তাকে আমি সমর্থন করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[11.50–12.00 Noon]

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্য সচেতক রবীন মন্ডলের প্রস্তাবকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। দ্রুত এই সিদ্ধান্ত কার্যকরী করার ক্ষেত্রে সংসদীয় বিধিব্যবস্থার একটা পদ্ধতি আছে। আমরা জনগণের প্রতিনিধি ঠিকই, কিন্তু এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় সেই জনমত যাচাইয়ের একটা পদ্ধতি আছে। বুদ্ধিজীবি মহল থেকেও কিছু মতামত এসেছে। কিন্তু বাংলার জনসাধারণ কি বলতে চান সেটাও শোনা উচিত। পশ্চিমবাংলার পরিবর্তে বাংলা আনা হয়েছে এটা যুক্তিসঙ্গত এবং কোলকাতা, এটাও ব্যুৎপত্তিগত দিক থেকেও ঠিক। কিন্তু আমরা যে সমস্ত পড়াশোনা করেছি রাধারমন মিত্র, নীহার রঞ্জন রায়, ইত্যাদি, কলকাতার নামটা ব্যুৎপত্তিগত দিক থেকে ঠিক হয়েছে, কিন্তু তা সত্ত্বেও বলছি, যারা বলছেন দ্রুত কার্যকরী করা দরকার, সেখানে কিন্তু আমি বলব পশ্চিমবাংলার জনমত যাচাই, এটা সংসদীয় বিধিতে গুরুত্বপূর্ণ বিষয়। যেখানে একটা স্থায়ী ব্যবস্থা হয়ে যাচ্ছে, তার আগে জনমত যাচাইয়ের একটা সুযোগ থাকা দরকার। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে বলব বিষয়টি আপনি বিবেচনা করবেন। সাধারণভাবে সংসদীয় গণতন্ত্র ব্যবস্থাতে মন্ত্রীসভা যে সিদ্ধান্ত গ্রহণ করে, সরকারী পক্ষের সদস্য হয়ে আমরা সেটাকে সমর্থন করি, বাজেট, বিল সমর্থন করি এবং বিরোধীরা বিরোধিতা করেন। কিন্তু এই বিষয়টা একটা স্বতন্ত্র বিষয়, সিদ্ধান্তে আসার আগে আমাদের

অনেক কিছু ভাবতে হবে, মতামত অবকাশের সুযোগ আরও অবারিত হওয়া দরকার। সেই কারণেই আমি বলছি রাজ্য সরকারের পক্ষ থেকে যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে তাকে আমি সাধুবাদ জানাচ্ছি। সমর্থন করেও আমি বলব, যেহেতু এটা স্থায়ীভাবে হতে যাচ্ছে, তাই পশ্চিমবাংলার জনমত যাচাই করা দরকার। আমি বার বার পুনরুক্তি করছি এইজন্য দ্রুত কার্যকরী করবেন না, অনেক বিলম্ব হয়েছে, আরেকটু বিলম্ব হলে ক্ষতি নেই, আমরা যাতে সঠিকভাবে সিদ্ধান্ত নিয়ে এগোতে পারি দেখতে হবে। পশ্চিমবাংলার বিকল্প হিসাবে অনেক প্রস্তাব আসতে পারে। বর্তমান পশ্চিমবাংলার সাথে; পূর্বতন পশ্চিমবাংলার অনেক পরিবর্ত্তন ঘটেছে, নতুনভাবে বাংলা গড়ে উঠেছে। এই পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পশ্চিমবাংলার নামকরণ যাতে করা যায় সেই জন্য ভিন্ন অভিমতও আছে বিদ্বজনের। তা সত্বেও আমি ধরে নিচ্ছি সমস্ত দলের পক্ষে যে প্রস্তাব এসেছে তার সারবত্তাকে আমি অস্বীকার করছি না। কোলকাতা ঠিকই আছে, কোল মানে কোলেদের বসবাস যেখানে ছিল, আর কাতা মানে গন্ডী বা দেশ। সুতরাং কোলকাতা ব্যুৎপত্তিগত দিক থেকে ঠিকই আছে। ভৌগলিক দিক থেকে পূর্ববাংলা না থাকলে পশ্চিমবাংলা থাকে না এবং এখানে আমরা দক্ষিণবঙ্গ, উত্তরবঙ্গ এইসব বলে থাকি। পশ্চিমবাংলার আমূল পরিবর্ত্তন হয়েছে এবং তার সমাজ ব্যবস্থার পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে শিক্ষা, সংস্কৃতি, কৃষ্টি, শিল্প-সাহিত্যের পরিবর্তন হয়েছে। বুদ্ধদেব বাবু অত্যন্ত সংস্কৃতিবান মন্ত্রী, তাই দ্রুত নয়, বিলম্বিত সিদ্ধান্ত নিন, আরও সঠিকভাবে, চূড়ান্তভাবে কার্যকরী করার আগে ভাবার অবকাশ রাখুন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, ১৮৫ নম্বর ধারা অনুযায়ী যে প্রস্তাব এখানে এসেছে পশ্চিমবাংলার নাম পরিবর্তন করার ব্যাপারে তাকে আমি সমর্থন করছি। কলকাতার নামের সঙ্গে যে ইতিহাস জড়িত আছে, যে সংস্কৃতি জড়িয়ে আছে সেখানে ক্যালকাটা এই নামটা রাখার কোন কারণ আছে বলে আমি মনে করি না। আগে ছিল ওয়েষ্ট বেঙ্গল, এখন সেটার পরিবর্ত্তন এই কারণে করা হচ্ছে যে, আমাদের নামটা ডব্লু দিয়ে শুরু হওয়ার জন্যই কি এই পরিবর্ত্তন জরুরী হয়ে পড়ল। না কেন্দ্রীয় সরকারের রাজ্য তালিকায় আমরা সবার শেষে থাকছিলাম, তাই এই পরিবর্ত্তনটা করার কথা আমাদের ভাবতে হচ্ছে। এখানে আমাদের যে নিজস্ব ইতিহাস আছে এবং সংস্কৃতি আছে, তার সঙ্গে সামঞ্জস্য রেখে আমরা পরিবর্তন করছি, রবীন বাবুর কথায় স্পষ্ট হয়ে ওঠেনি। তিনি এটাকে এমফ্যাসিস দিয়ে বলেছিলেন যে রাজ্য তালিকায় আমাদের নামটা পিছনে আছে। যাইহোক যে অ্যাটেমপ্ট নেওয়া হয়েছে, তাতে আমার আপত্তি নেই। তার সঙ্গে সঙ্গে আমি বুদ্ধদেব বাবুকে বলব যে, আমাদের রাজ্যের আরও পরিবর্তনের কথা তিনি ঘোষণা করে দিলেই পারতেন। সেটা হচ্ছে মেদিনীপুরকে এখনও মিদনাপুর বলা হয়, কাঁথিকে এখনও কনটাই বলা হয়। বহরমপুরকে এখনও বেহেরামপুর বল্রস্থয়। এই রকম অনেক নাম আছে যেগুলি একসঙ্গেই পরিবর্তনের সিদ্ধান্ত নিতে পারতেন। এখানে যে ইংরাজী নামগুলি আছে, সেই নামগুলি পরিবর্তন করে বাংলায়, নাম করে দিলে এই প্রস্তাবের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হত। একটা ব্যাপারে আমার খটকা লাগছে—সেটা হচ্ছে আপনারা যে সংস্কৃতির কথা বলেছেন, আপনাদের কোন ব্যক্তি মারা গেলে, এমন কি

কোন মানুষ মারা গেলে আপনারা বজ্রমুষ্ঠি দেখান। হাত তুলে প্রণাম করেন না। বাংলার সংস্কৃতি হচ্ছে কোন মৃত ব্যক্তির আত্মার প্রতি সম্মান জানাতে হলে হাত তুলেই প্রণাম করতে হয়। সুতরাং আপনার দলের সংস্কৃতি এবং বাংলার সংস্কৃতি এক নয়। আপনারা হাত মুঠো করে দাঁড়ান, এটা সোভিয়েত রাশিয়ার কালচার। ওটা পশ্চিমবঙ্গের কালচার নয়। আমি সাথে সাথে আর একটা কথা বলছি যে, পশ্চিমবঙ্গের মানুষের কালচারের প্রতি, মানুষের প্রতি যদি ভালোবাসা থাকে, আনুগত্য থাকে, তাহলে—আপনাদের একটা ট্রান্সফরমেশান হচ্ছে, ভারতের কমিউনিস্টদের ট্রান্সফরমেশান হচ্ছে। এটাতে আমরা খুশি যে, আগের দিনে আমরা বলতাম যে, সোভিয়েত দেশে বরফ পড়লে এখানকার লোক কম্বল গায়ে দেয়। আপনারা ভারতের সংস্কৃতির সঙ্গে তাল মিলিয়ে নতুন কিছু চান। আর একটা কথা বলছি—বাংলা করে দিচ্ছেন ঠিকই আছে, কিন্তু একটা গণভোট অর্থাৎ মানুষের কাছ থেকে রায় নিন—এটা বাংলা হবে না পশ্চিমবঙ্গ থাকবে। পরিবর্তন তো করা যেতেই পারে। একটা মিডিয়ার মাধ্যমে একটা মাস ওপিনিয়ন নেওয়া হোক এটা পশ্চিমবঙ্গ হবে, না বাংলা হবে। এই ওপিনিয়ন নেবাব জন্য আবেদন জানিয়ে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মোশান আন্ডার রুল ১৮৫ তে ওয়েস্ট বেঙ্গল এবং ক্যালকাটাকে অ্যামেন্ডমেন্ট করে বাংলা করার জন্য এবং ক্যালকাটাকে কলকাতা করার জন্য যে মোশান আনা হয়েছে তাকে আমি সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। এটা বহুদিন আগে হওয়া উচিত ছিল। কারণ অন্যান্য রাজ্যে হয়ে গেছে। যেমন বোম্বাইকে মুম্বাই করা হয়েছে, ম্যাড্রাসকে চেন্নাই করা হয়েছে। এটা দেরী হলেও কলকাতা এবং বাংলা যেটা করা হল, সেটাকে সমর্থন জানাচ্ছি। এখানকার ভাষা এবং সংস্কৃতি বিশ্বের মধ্যে সমৃদ্ধ। রবীন্দ্রনাথ ঠাকুর এই ভাষার জন্যই নোবেল প্রাইজ পেয়েছিলেন। এই ভাষাকে মর্যাদা দেওয়ার জন্য যে মোশান আনা হয়েছে, তাকে সমর্থন জানাচ্ছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** স্যার, রবীন মন্ডল যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, তাকে আমি সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলছি। আমাদেব ঔপনিবেশিক শাসনের প্রভাব আমাদের সংস্কৃতির উপর পড়েছে। তাই আজকে একটা জাতি, একটা ভাষাকে মর্যাদা দেওয়ার প্রশ্ন উঠেছে। শোভনদেব বাবু বললেন যে, বজ্রমুষ্ঠির কথা। ওনার হয়ত জানা আছে যে, ফ্রেঞ্চ রেভলিউশানে কবর এর মধ্য থেকে একটা বজ্রমুষ্ঠি বেরিয়েছিল। সেটাকে আন্তর্জাতিকস্তরে দেখানো হয়। সুতরাং এর সাথে এর কোন মিল নেই।

যাইহোক আমি মনে করি পশ্চিমবাংলা এবং কলকাতা এই নামের সঙ্গেই থেমে থাকলে চলবে না। এটা আমাদের আচার-আচরণ, ব্যবহারের মধ্যে দিয়ে এবং এই বিধানসভার কার্যবিবরণীর মধ্যে দিয়ে সরকারের যে নির্দেশনামা এবং আরও অন্যান্য ক্ষেত্রে যাতে এক বছরের মধ্যে আমরা এগুলি প্রয়োগ করতে পারি সেটা সুস্পষ্ট করতে হবে। এ কথা ঠিক আমাদের বহু ক্ষেত্রেই বহু নামকরণ রয়েছে এবং তার উচ্চারণ ইংরাজীর মতো যেমন চ্যাটার্জী, ব্যানার্জী ইত্যাদি। ঠিক তেমনি ভাবেই অনেক দিন ধরেই ক্যালকাটা রয়েছে, যেমন মেদিনীপুরকে মিদ্‌নাপুর, কাঁথিকে কন্টাই, বহরমপুরকে

বেরহামপুর এই সমস্ত নামের ক্ষেত্রে আমাদের সজাগ থাকতে হবে এবং আমি আশা করবো এই প্রস্তাব পাশ হওয়ার পর এটা আনুষ্ঠানিক ভাবে ঘোষনা করবেন। সর্বক্ষেত্রে বাংলা ভাষার যে মর্যাদা তাকে শক্তিশালী ভাবে গড়ে তুলতে সরকারী তরফে যে উদ্যোগ সেই উদ্যোগকে কার্যকরী করবেন। এই কয়টি কথা বলে পুনরায় এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12.00–12.10 p.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যসচেতক শ্রী রবীন্দ্র নাথ মন্ডল যে প্রস্তাব এনেছেন যে এই ওয়েষ্টবেঙ্গল থেকে বাংলা এবং ক্যালকাটা থেকে কলকাতা এই প্রস্তাব সর্বান্তকরণে সমর্থন করছি। কারণ বিশ্বকবি রবীন্দ্রনাথকে এর দ্বারা সব থেকে বেশী শ্রদ্ধা জানানো হবে। তিনি ১৯০৫ সালে যে বঙ্গ-ভঙ্গ আন্দোলনের সময় তার রচনা যে গান করেছিলেন তা "বাংলার মাটি বাংলার জল, বাংলার বায়ু বাংলার ফল পূণ্য হউক পূণ্য হউক হে ভগবান", সেখানে এ বাংলার পাশের দেশ বাংলা দেশে বাংলা ভাষা প্রতিষ্ঠিত। এপার বাংলার পশ্চিমবঙ্গর থেকে বাংলা নামই যথার্থ এবং দুই বাংলার মধ্যে যে মেল বন্ধন, যে সৌহার্দ্য সেটা সহজ হবে। এবং বিশ্বের দরবারে এই বাংলা নামের পরিচয় ঘটবে। এই কলকাতা, সুতানুটি, গোবিন্দপুর, জব চার্নক এবং বড়িশার সাবর্ণ চৌধুরীর এই যে ইতিহাস সেখান থেকে ব্রিটিশদের ক্যালকাটা থেকে কলকাতা হবে। আগে যে সমস্ত কবিরা লিখেছিলেন তাদের লেখার মধ্যে কেউ ক্যালকাটা বলেন নি। কলকাতা বলেছেন। কলকাতা কেবলই ভুলে ভরা, কলিকাতা চলিয়াছে নড়িতে নড়িতে। পুরনো ক্যালকাটাকে কলকাতা রূপে দেখতে চাই, সেই কারণে এই প্রস্তাবকে সর্বসম্মতিক্রমে সমর্থন করছি এবং এটা সার্কুলেট করে কলকাতা এবং বাংলা এই দুটো যাতে প্রচার হয় তার ব্যবস্থা করা হোক।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যসচেতক শ্রী রবীন্দ্রনাথ মন্ডল যে প্রস্তাব উপস্থিত করেছেন তাকে সমর্থন করছি। মানুষের সংস্কৃতি, ঐতিহ্য সব কিছু নিয়েই সভ্যতার অগ্রগতি ঘটে। স্বাভাবিক ভাবেই আমাদের বাংলাদেশের যে নিজস্ব সংস্কৃতি, মানুষের যে নিজস্ব সংস্কৃতি তার প্রতি নতুন করে শ্রদ্ধাজ্ঞাপন করার এই যে সুযোগ এটা নেওয়া দরকার। তাই ক্যালকাটার জায়গায় কলকাতা এবং পশ্চিমবঙ্গের জায়গায় বাংলা এই পরিবর্তনের মধ্যে দিয়ে নিজস্ব সংস্কৃতির ঐতিহ্যকে শ্রদ্ধাজ্ঞাপন করার সুযোগ দেওয়া হয়েছে। রবীন্দ্রনাথকে আমরা সবাই স্মরণ করি তার সোনার বাংলা গানের মধ্যে দিয়ে। আমাদের পার্শ্ববর্তী দেশে সম্মানের সঙ্গে এটা জাতীয় সঙ্গীত হিসাবে স্বীকৃত। আমাদের নিজেদের সংস্কৃতিকে শ্রদ্ধা জানাতে এই প্রস্তাবকে আমি সমর্থন করছি।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রবীন্দ্রনাথ মন্ডল মহাশয় এবং অন্যান্য মাননীয় সদস্যারা যে প্রস্তাব এনেছেন তাকে সম্পূর্ণ রূপে সমর্থন করছি। ওয়েষ্ট বেঙ্গল থেকে পশ্চিমবঙ্গ এবং পশ্চিমবঙ্গ থেকে পশ্চিমবাংলা এবং ক্যালকাটা

থেকে কলকাতা এটাকে সমর্থন করছি। আমাদের বর্ধমান জেলাকে বার্ডওয়ান বলা হয়, এটাকে কার্যক্ষেত্রে বর্ধমান বলা উচিত। এই বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mrs. Gillian Rosemary D'Costa Hurt :** Hon'ble Speaker, Sir, this morning I stand up to support the motion before us for renaming 'Calcutta' and also renaming 'West Bengal' as the State and the City have got cultural heritage. I fully support this move as it is an important one. This heritage is known to everybody and known to the world. For this reason I fully support the motion before us today which is a good one and I heartly endorse the same to support renaming both our city as well as the state, as proposed.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মিঃ স্পীকার স্যার, যে মূল মোশানটা এসেছে এটাতে আমাদের কোন দ্বি-মত নেই, আমরা সবাই এক হয়ে এটা নিয়ে এসেছি। কিন্তু এসে দেখলাম এ্যামেন্ডমেন্ট কিছু পড়েছে এবং পশ্চিমবাংলার নামটা, মুল কনটেকস্ট-টা পাল্টে যাচ্ছে। এর ফলে, নামটা 'বাংলা' হয়ে যাচ্ছে। এই ব্যাপারটা যেহেতু খুব তাড়াহুড়োর ব্যাপার, আমার মনে হয় রেজ্যুলেশন যাই পাশ হোক না কেন, কারণ, এই নামটা নিয়ে বুদ্ধি-জীবীদের মধ্যে একটা দ্বি-মত আছে, বিভিন্ন লোকেদের মধ্যে দ্বি-মত আছে, এমন কি বিভিন্ন মাননীয় সদস্যদের মধ্যেও দ্বি-মত আছে যে নামটা কি হবে। এর আগেও বিভিন্ন জায়গায় রাজ্য সরকার প্রচেষ্টা নিয়েছিলেন কিন্তু এই দ্বি-মত থাকাব জন্য, মতের বিরোধ হওয়ার জন্য সেদিন নাম পরিবর্তন করা যায় নি। কিন্তু আজকে যে এ্যামেন্ডমেন্টগুলো আসছে এই এ্যামেন্ডমেন্ডগুলো গ্রহণ হলে সঙ্গে সঙ্গে নামটা পরিবর্তন হয়ে যাবে। যাইহোক, যেহেতু আমরা একটা মূল উদ্দেশ্য নিয়ে এগিয়ে এসেছিলাম সেই জন্য আমাদের কিছু রিজার্ভেশন থাকলেও আমরা মূল মোশানটাকে সাপোর্ট করছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীরবীন্দ্রনাথ মন্ডল মহাশয় এই মোশানের মধ্যে দিয়ে ঔপনিবেশিক ইতিহাসকে মুছে ফেলে আমাদের রাজ্য এবং ক্যালকাটার নাম পরিবর্তন করে 'বাংলা' এবং 'কোলকাতা' করার জন্য পূর্ণ সমর্থন জানাচ্ছি। এটা দুঃখের যে আমরা এতদিন এটা করতে পারিনি। সাম্প্রতিককালে সাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায়ের নেতৃত্বে অনেক সাহিত্যিক এবং বুদ্ধি-জীবীরা রাজ্য মন্ত্রীসভার কাছে দাবী জানিয়েছিলেন এবং তার পর এই বিষয়ে উদ্যোগ নেওয়া হয়েছে। আমরা যে বুদ্ধি-জীবীদের আবেদনে সাড়া দিয়েছি এটা সম্যক্ ঠিক হয়েছে।

ব্যক্তিগত ভাবে আমি 'পশ্চিমবাংলার' জায়গায় 'বাংলা' নাম করার জন্য সংশোধনী দিয়েছি। কারণ, আমার মনে হয়েছে, যতদিন পূর্ব বাংলা ছিল ততদিন পশ্চিমবাংলা নামের যৌক্তিকতা ছিল। কিন্তু পূর্ববঙ্গ এখন একটা আলাদা দেশ হিসাবে প্রতিষ্ঠিত। ওদের ব্যাপারে আমরা কিছু বলতে পারি না। যে ঔপনিবেশিক সময়ে পূর্ব এবং পশ্চিমবাংলা বলা হ'ত তা আজকে আর নেই। আজকে ভারতবর্ষের মধ্যে আর কোন 'বাংলা' নেই। সুতরাং, পূর্ব এবং পশ্চিম না বলে শুধু 'বাংলা' নাম হওয়া উচিৎ। এই

প্রস্তাব এখানে পাশ করলেই নাম পরিবর্তন হয়ে যাবে না। আপনি জানেন স্যার, সংবিধানের তিন নম্বর ধারায় আছে—formation of new state and alterations of areas, boundaries or names of existing states — Parliament may by law — কী কী করতে পারে

(a) form a new State by separation of territory from any State;

(b) increase the area of any State;

(c) diminish the area of any State;

(d) alter the boundaries of any State;

(e) alter the name of any State.

তাহলে সংবিধানে আমাদের অধিকার আছে কোন রাজ্যের নাম পরিবর্তন করার। এই আইন পরিবর্তন করতে গেলে রাষ্ট্রপতির সম্মতি লাগবে। "Provided that no Bill for the purpose shall be introduced in either House of Parliament except on the recommendation of the President and unless, where the proposal contained in the Bill affects the area, boundaries or name of any of the States, the Bill has been referred by the President to the Legislature of that State."

[12.10–12.20 p.m.]

একটা বিল করে রাষ্ট্রপতির কাছে আমাদের পাঠাতে হবে। রাষ্ট্রপতি অনুমোদন দিলে আমরা বিল আনতে পারব। সংবিধানের প্রথম সিডিউলে রাজ্যগুলোর নাম দেওয়া আছে। আপনি দেখুন ১৪ নম্বরে পশ্চিমবঙ্গের নাম আসছে, এটা প্রথম সিডিউলে আছে। এর আগে তামিলনাড়ু নাম পরিবর্তন করেছিল ম্যাড্রাস থেকে। ওরা ম্যাড্রাস থেকে তামিলনাড়ু করেছিলেন এবং সেটা সম্ভব হয়েছিল। ওরা ম্যাড্রাস স্টেট অলটারেশন অফ নেম্ এ্যাক্ট ১৯৬৮ করেছিলেন। ওরা আমাদের ৩০ বছর আগে এই কাজটা করে ফেলেছিলেন। সুতরাং আমরা আজকে যে কাজটা করতে যাচ্ছি সেটা হল প্রথম ধাপ, তারপর লোকসভা তৈরী হলে দ্বিতীয় ধাপ হবে। আসলে তখন নাম পরিবর্তন হবে ভারতবর্ষের সংবিধানে এবং সব জায়গায়। আমরা আমাদের দায়িত্ব পালন করছি। ইতিহাসের কাছে আমাদের যে দায়ভার আমি ব্যক্তিগত ভাবে বাংলা এটা বলেছি, সংশোধনী দিয়েছি। তার কারণ বাংলা কথাটা ভাল লাগবে। ইঙ্গ, বঙ্গ এই সব নামগুলো সাধারণ ভাবে মানুষের ডিরিসিভ্ আলোচনায় এই কথাগুলো ব্যবহার করা হয়। যেখানে ভাষা বাংলা সেখানে বাংলা নাম থাক। তার সঙ্গে কলকাতা এটাকেও আমি সমর্থন করি। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাই একসাথে একটা প্রস্তাব এনে সমস্ত শহরের নাম যেগুলো ইংলিশ নাম রয়েছে সেগুলোর পরিবর্তন করা হোক। যেমন কেরালায় এক সঙ্গে নোটিফিকেশন এনে ত্রিবান্দ্রাম থেকে তিরুবন্তপুরম্, কোচিন থেকে কোচি এবং কালিকট থেকে কোজি করা হয়েছে। এরকম ছোট বড় অনেক শহরের নাম তারা

পাল্টে দিয়েছেন। এখন এখানে ক্যালকাটার নাম পরিবর্তন করার জন্য বলা হয়েছে। যদিও বর্ধমানের নাম পরিবর্তন হয়েছে, আমি স্টেশনে দেখেছি। এটা হয়েছে। তবে এখনও বহু জায়গায় ইংলিশ নাম রয়ে গেছে। যেমন শোভন ২-১টি জায়গার নাম উল্লেখ করেছেন। সেগুলো হল, মিদনাপুর, কন্টাই ও বের্হাম্পুর। সুতরাং একসাথে সমস্ত শহরের ইংলিশ নামগুলোর পরিবর্তন আসা উচিত। ভারতবর্ষের মধ্যে আমরা বাংলা ভাষার মূল প্রতিনিধি। আমরা যা করছি তা হল বাংলা ভাষা ও বাংলা সংস্কৃতির প্রতিফলন যাতে হয় তার জন্য। আমরা একটা অঙ্গরাজ্যে বাস করি। সেজন্য আমাদের ভাষা ও সংস্কৃতি যেভাবে বাংলাদেশ প্রসার করতে পারছে সে ভাবে আমরা পারি না। অনেক জায়গায় ব্রিটিশ লিগাসী রয়ে গেছে। আমাদের এখানে অনেক জায়গায় রাস্তার ইংলিশ নাম রয়ে গেছে, সেগুলো পাল্টানো হয় নি। কিন্তু অন্য রাজ্যে সেগুলো পাল্টানো হয়েছে। আমাদের এখানে সেই পুরোনো নামই রয়ে গেছে। এই পরিপ্রেক্ষিতে আজকে যে প্রস্তাব আনা হয়েছে বিধানসভায় সেই প্রস্তাবকে সর্বসম্মত ভাবে পাশ করে আমরা ইতিহাসের কাছে দায়িত্ব পালন কবব। ১৭৫৭ সালে পলাশীর প্রান্তরে সূর্য অস্ত যাওয়ার পর ব্রিটিশরা কলকাতা দখল করেছিল এবং জব চার্ণক কলকাতা তৈরী করার পর সেই কলকাতা ঔপনিবেশিকতার পুরোনো লিগাসী থেকে মুক্ত হবে বলে আমি মনে করি। এই কারণে আমি আমার সংশোধনী সহ এই প্রস্তাবকে সমর্থন করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় আমাদের সরকার পক্ষের মাননীয় মুখ্যসচেতক যে প্রস্তাব দিয়েছেন সেই প্রস্তাব এখানে আলোচনা হচ্ছে এবং আমার মনে হয় আজকের এই দিনটি আমাদের বিধানসভার অধিবেশনের একটি উজ্জ্বল দিন। যে মূল উদ্দেশ্য নিয়ে আমরা এটা করছি, বিরোধী দলের মাননীয় সদস্যদের বক্তব্য থেকে যেটা বেরিয়ে এসেছে বিশেষ করে মাননীয় সৌগত বাবুর বক্তব্য থেকে, সেটা হল যে ঔপনিবেশিকতার দায়ভার থেকে মুক্ত হতে চাই। স্বাভাবিক ভাবে আমাদের রাজ্যের যে নাম ইতিহাসে বলছে, ভাষা তত্ত্বে যে নাম বলছে সেই ইতিহাসের উপর দাঁড়িয়ে, সেই সংস্কৃতির উপর দাঁড়িয়ে, ভাষা তত্ত্বের উপর দাঁড়িয়ে আমরা এই নাম পরিবর্তন করতে চাই। কাগজে কিছু সংবাদ বেরিয়েছে, মাননীয় সৌগতবাবু বলছিলেন, আমিও জানি যে এই উদ্যোগ শুধু রাজনৈতিক দল থেকে শুরু হয় নি, রাজনৈতিক দলের বাইরে পশ্চিমবঙ্গের বহু বুদ্ধিজীবী তারা বিভিন্ন ফোরাম থেকে, বিভিন্ন প্রতিষ্ঠান থেকে, বিভিন্ন সংগঠন থেকে এই উদ্যোগের কথা বলেছেন। সেই উদ্যোগকে শ্রদ্ধা জানিয়ে আমরা এই প্রস্তাব আজকে এখানে নিয়ে এসেছি। সেখানে আমার ধারণা এই প্রস্তাবের পক্ষে এই রাজ্যের জনগণের বৃহৎ অংশের সমর্থন পাব। বিশেষ করে যারা বুদ্ধিজীবী, চিন্তাবিদ তাদের যে সমর্থন আমরা পাব, সে বিষয়ে আমার কোন সন্দেহ নেই। কিছু কিছু সুর শোনা গিয়েছে এই রকম যে, এই সব নাম-টাম নিয়ে টানাটানির কি কোন দরকার আছে, এগুলো কোন ইস্যুই নয়। এইভাবে আমি সেই সমালোচকদের বলব, নাম দিয়ে কি হবে, গোলাপকে যে নামেই ডাকুন, গোলাপ সুন্দর। সেটা কথা নয়। কেন আমরা অতীতের ঔপনিবেশিক দায়ভার নিয়ে চলব? আমরা নিজেরা দাঁড়াব নিজেদের প্রয়োজনে। দু'একটা কাগজে এই সমালোচনাও শুনেছি, 'এই

ধরণের নাম বদল, পরিবর্তিত পরিস্থিতিতে "বাংলা" ঠিক হবে না, উদার-নীতির সঙ্গে মিলছে না' ইত্যাদি, ইত্যাদি। আমি তাদের সঙ্গে একমত নই। আমি নাম পরিবর্তন চাই। আর কলকাতার ক্ষেত্রে এখানে যা বলা হ'ল তাতে'ও আমার কোন দ্বিমত নেই। দেখুন কলকাতা আছে কলকাতাতেই এবং আমরা কলকাতাতেই থাকব। সুতরাং কলকাতা নিয়ে কোন সমস্যা নেই। এটা ঠিক যে, আমাদের প্রস্তাবের পরে দুটো সংশোধনী এসেছে এবং আমি প্রথমে যা ভেবেছিলাম এই সংশোধনীর মধ্যে দিয়ে তাই এসেছে। অর্থাৎ 'বাংলা' চলে আসছে। এ-ব্যাপারে কিছু সদস্য এখানে চিন্তা এবং উদ্বেগ প্রকাশ করেছেন। এ প্রশ্নে আমি সৌগত-বাবুর সঙ্গে একমত। একেবারে 'বাংলা' নামটাই আমাদের পক্ষে সবচেয়ে সঠিক হবে। যেমন আমাদের পশ্চিম দিনাজপুরের পশ্চিমটাকে মুছে দিয়েছি। এখন উত্তর দিনাজপুর, আর দক্ষিণ দিনাজপুর জেলা হয়েছে। আজকে আর বাংলার ক্ষেত্রে পশ্চিম শব্দটা থাকার বস্তুত কোন তাৎপর্য নেই। সেজন্য আমরা পশ্চিমটা তুলে দিতে চাই। আর 'বঙ্গ'-র চেয়ে 'বাংলা'-ই ভাল। 'বঙ্গ'-টা অনেক পুরনো শব্দ। সুতরাং ইঙ্গ বঙ্গ কলিঙ্গের চেয়ে 'বাংলা'-ই ভাল। 'বঙ্গ'-টা পুরনো কথা, তাই 'বাংলা' হওয়াই ভাল। এই প্রসঙ্গে আমি যেটা বলতে চাইছি, সেটা হচ্ছে, এটা আমরা সকলে মিলে করছি, সকলে ঐকমত্য হয়েই হচ্ছে। আমরা কলকাতার নাম পরিবর্তন করব—ক্যালকাটা তুলে দিয়ে শুধু 'কলকাতা' হবে। আর সৌগতবাবু যেটা বললেন, সেটার সম্বন্ধে আমি ফিরে গিয়েই সরকারীভাবে উদ্যোগ নেব—যেসব জায়গার নাম এখনো ঐরকম রয়েছে কন্টাই, মিদনাপুর ইত্যাদি, সেগুলো দেখব কিভাবে কি নোটিফিকেশন করা যায়। রাজ্যের মধ্যের কোন শহর, গ্রাম, মহকুমা, জেলার নাম পরিবর্তন করতে আমাদের দিল্লীতে যেতে হবে না। কিন্তু রাজ্যের নামের ক্ষেত্রে সৌগতবাবু যেটা বললেন সেটা সঠিক। এ-বিষয়ে আমি আমাদের সেক্রেটারীদের সঙ্গে এবং ল'ইয়ারদের সঙ্গে আলোচনা করেছি। পশ্চিমবাংলার নাম 'বাংলা' করতে হলে আমাদের লোকসভার অনুমোদন চাই। এক্ষেত্রে সংবিধান সংশোধনেরও ব্যাপার আছে। লোকসভার অনুমোদন পাওয়ার পরে আবার বিষয়টাকে এই বিধানসভায় নিয়ে আসতে হবে। সুতরাং প্রথমে লোকসভার অনুমতি নিয়ে সংবিধান পরিবর্তন করতে হবে। তা না হলে সংবিধানের সিডিউলের মধ্যে পুরানো নামের পরিবর্তে নতুন নাম ঢোকানো যায় না। এটা নিয়ে কেউ কেউ উদ্বেগ প্রকাশ করেছেন—এটা নিয়ে মত পার্থক্য হতে পারে বলে, কিন্তু আমার ধারণা এখানে মত পার্থক্যের কোন জায়গা নেই। মাদ্রাজ তামিলনাড়ু হয়েছে এবং এবং সবাই একমত হয়েই সেটা করেছে। যখন বোম্বাই মুম্বাই হয়েছে তখন শতকরা ১০০ ভাগই একমত হয়ে তা করেছে। সেই মত আমরাও এটা ১০০ ভাগ একমত হয়েই করব। আজকে এই বিধানসভার সকল পক্ষ থেকে আমরা সকলে ১০০ ভাগ একমত হয়েই এই প্রস্তাব গ্রহণ করছি। ইতিমধ্যেই আমি অনেকের সঙ্গে কথা বলেছি। অনেকেই বলবার চেষ্টা করেছেন—'পশ্চিম' বাদ দিলে খুব ভাল হয়। যদি নাও পারেন অন্ততঃ 'বাংলা' কথাটা রাখবেন। সুতরাং কোন দিক দিয়ে বিশেষ কোন বাধা আসবে বলে আমি মনে করি না। এ রাজ্যের প্রতিষ্ঠাবান লেখক, বুদ্ধিজীবীদের মত আমি জানি। তাদের সমর্থন আছে। এখন আমরা যা করছি তাতে

তাদের সমর্থন পাব এই বিশ্বাস নিয়ে, এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** স্যার, মাননীয় মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য-সহ সরকার এবং বিরোধী পক্ষের সমস্ত দলের সদস্যরা এই প্রস্তাবের পক্ষে তাদের সম্মতি জানিয়েছেন। অর্থাৎ সভার সমস্ত সদস্যই এই প্রস্তাবকে সমর্থন জানিয়েছেন। আমি যেহেতু এই প্রস্তাবের উত্থাপক সেহেতু আমি সকলকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আমার দৃঢ় বিশ্বাস এই সভার সমস্ত দল ১০০% ঐকমত্য হয়েই তাদের দায়িত্ব পালন করছেন। এর জন্য প্রস্তাবক হিসাবে আমি নিজে গর্বিত। আমরা আমাদের রাজ্যের ভাষা, সংস্কৃতি, ঐতিহ্যকে রক্ষা করার একটা গুরুত্বপূর্ণ ধাপ অতিক্রম করলাম। বিষয়টি এখানে উত্থাপনের সুযোগ করে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। প্রস্তাবটি সংশোধনী-সহ সর্বসম্মতভাবে গৃহীত হচ্ছে বলে আমি আর একবার সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

[12.20–12.30 p.m.]

**Mr. Speaker :** The Motion of Shri Rabindra Nath Mondal that –

In para 3 line 1 the word "Paschimbanga" be substituted as "Bangla" was then put and agreed to.

The motion of Shri Rabindra Nath Mondal, as amended. viz. –

এই সভা অবগত আছে যে, ঔপনিবেশিক শাসনের ফলশ্রুতি হিসাবে রাজ্যের রাজধানী শহর বাংলায় কলিকাতা ও ইংরাজীতে "ক্যালকাটা" নামে এবং স্বাধীনতার জন্মলগ্নে দেশ বিভক্ত হওয়ার সময় থেকে আমাদের এই রাজ্য বাংলায় পশ্চিমবঙ্গ এবং ইংরাজীতে "ওয়েষ্ট বেঙ্গল" নামে অভিহিত হয়ে আসছে এবং সরকারী ও বেসরকারী সব রকম যোগাযোগ ও চিঠিপত্রে উপরোক্ত নাম ব্যবহৃত হয়ে আসছে।

এই সভা মনে করে যে, বাংলা নামের সাথে সংগতি রেখে ইংরাজী ভাষায় তার লিখন ও উচ্চারণ হওয়া উচিত এবং রাজ্যের জনগণের আকাঙক্ষার সাথে তা সংগতিপূর্ণ।

অতএব, এই সভা বাংলা নামের সঙ্গে সঙ্গতি রেখে এই রাজ্যের নাম ইংরাজীতে "Paschimbanga" এবং কলিকাতা শহরের নাম ইংরাজীতে "Kolkata" প্রচলন করার জন্য রাজ্য সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছে।

was then put and carried.

### Motion Under Rule 185

**Mr. Speaker :** Now, I call upon Shri Subrata Mukherjee to move his motion under Rule 185.

**শ্রী সুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবং আমাদের শ্রী আব্দুল মান্নান, শ্রী অম্বিকা ব্যানার্জী, শ্রী সৌগত রায়, শ্রী তাপস ব্যানার্জী এবং শ্রী জটু লাহিড়ীসহ

যে ১৮৫ মোশন হাউসের কাছে রেখেছি তাতে মূলতঃ বন্ধ এবং রুগ্ন কলকারখানা সংক্রান্ত ব্যাপারে একটা সিদ্ধান্ত গ্রহণ করার জন্য। এখানে যে ব্যাপক এবং বেপরোয়াভাবে কারখানা বন্ধ ও রুগ্ন হচ্ছে তাতে প্রতিদিন প্রায় ১ জন করে শ্রমিক হয় আত্মহত্যা করছে, নয়তো স্টারভেশন ডেথ হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে এতে দ্বিমত না হয়ে সকলেই সমর্থন করবেন এটা আমি আশা করবো। আমরা বহু ব্যাপারে বিশেষ করে নন-অফিসিয়াল রেজোলিউশনে দেশের স্বার্থে একমত কোন না কোন সময়ে হয়েছি। কিছুক্ষন আগেও যে রেজোলিউশনটা পাশ হল তাতেও আমরা একমত হয়েছি। স্বভাবতঃই এই রেজোলিউশনের বিরোধিতা না করে সকলেই সমর্থন করবেন এই আশা করছি। আমি এখন এটা মুভ করছি। কয়েকজন বক্তা বক্তৃতা রাখার পরে আমি বক্তৃতা করবো।

The House notes with grave concern that a large number of large and small factories in the State are lying closed since long. Some of them like Metal Box, Hindustan Pilkington have been lying closed for many years and there are no signs of reopening of these industries. A factory like Dunlop has been lying closed for more than a year and several jute-mills are also under lock-out.

The House is of opinion that such closure is resulting in further fillip to the unemployment problem of the State.

The House is also of the opinion that only Rs. 500/- which is being paid as allowance to a worker of the closed factories, is too insufficient in the present market.

This House, therefore, calls upon the Government to set up a task force to tackle the problem of closed and sick factories as well as the problem of fresh unemployment in the State.

**Mr. Speaker :** There are no amendments to the motion.

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের বিধানসভার সদস্য শ্রী সুব্রত মুখার্জী সহ অন্যান্য কংগ্রেসের মাননীয় বিধায়করা আজকে যে নন-অফিসিয়াল মোশন এনেছেন বন্ধ কলকারখানা থাকার জন্য উদ্বেগ প্রকাশ করে, আমি তার সাথে একমত হয়ে কয়েকটি কথা বলতে চাইছি। আজকে পশ্চিমবাংলায় রাজ্যসরকার বারে-বারে বলবার চেষ্টা করছেন যে পশ্চিমবাংলায় শিল্পায়নের বাতাবরণ তৈরী হচ্ছে, পশ্চিমবাংলায় নতুন নতুন শিল্প আনবার জন্য তারা চেষ্টা করছেন। কিন্তু পশ্চিবাংলায় পুরানো শিল্পগুলি বন্ধ হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় নতুন শিল্প কিছুই আসছে না, বিনিয়োগও হচ্ছে না। এর ফলে পশ্চিমবাংলায় আজকে বেকারের তালিকা কোথায় গিয়ে দাঁড়িয়েছে, অ্যাট দি এন্ড অফ ১৯৯৮, ইন দি লাইভ রেজিস্টার অফ জব সিকার - এই সংখ্যাটা আমরা পাচ্ছি লেবার ইন ওয়েস্ট বেঙ্গল ১৯৯৮, সেখানে বলা হচ্ছে, পশ্চিমবাংলায় ৫৬ লক্ষ ৪৮ হাজার ৭৮০ জন বেকারের নাম নথিভুক্ত করা

হয়েছে। এই বেকারের তালিকা যদি দেখেন তাহলে দেখবেন, যাদের ১৯ বছর বয়স এইরকম তালিকাভুক্ত বেকারের সংখ্যা ৯ লক্ষ। আর ২০ থেকে ২৪ বছর যাদের বয়স এইরকম তালিকাভুক্ত বেকারের সংখ্যা প্রায় ২১ লক্ষ। অর্থাৎ যেটা কাজ করবার সবচেয়ে উৎকৃষ্ট সময় মানুষের জীবনে সেই রকম প্রায় ২১ লক্ষ তরুন যুবক যাদের হাত দুটো কর্মব্যস্ত, সৃষ্টির যজ্ঞে যারা মাতোয়ারা হতে পারতো, যারা নিজেদের সৃষ্টি দিয়ে, নিজেদের চিন্তা-ধারা দিয়ে এবং শারীরিক শক্তি দিয়ে দেশের উন্নয়নে সামিল হতো পারতো, আজকে এই বন্ধ্যা পশ্চিমবাংলায় এই ২১ লক্ষ তরুন যুবকের ৪২ লক্ষ কর্মক্ষম সচল হাতকে অচল করে রেখেছে এই বামফ্রন্ট সরকার। যাদের ২৫ থেকে ২৯ বছর বয়স এই রকম তালিকাভুক্ত বেকারের সংখ্যা ১৬ লক্ষ ৯৮ হাজার ৩৩৫ জন অর্থাৎ ১৭ লক্ষ। এই ২৫ থেকে ২৯ বছর বয়সের সৃজনশীল মানুষের একটা বেশীরভাগ অংশ অকর্মন্য হয়ে ভুগছে ১৭ লক্ষ মানুষ। শুধু তাই নয়, তার চেয়েও আতঙ্কের ব্যাপার, ৪০ বছরের উর্দ্ধে তালিকাভুক্ত বেকারের সংখ্যা ৫৬ হাজারের বেশী। এই মানুষগুলির হাল কি হবে? এদের ভবিষ্যৎ সম্পর্কে আজকে রাজ্যসরকারের দৃষ্টি-ভঙ্গী কি—মাননীয় মন্ত্রীমহাশয় যখন বক্তব্য পেশ করবেন—আমি আশা করি—তিনি এ ব্যাপারে সরকারের দৃষ্টি-ভঙ্গী আমাদের কাছে পরিপূর্ণভাবে ব্যাখ্যা করবেন।

আজকে এখানে শিল্পের অবস্থাটা কি? একের পর এক শিল্প যখন বন্ধ হয়ে যাচ্ছে তখন মন্ত্রীসভার কোন একজন দায়িত্বশীল মন্ত্রীকে খুঁজে পাওয়া যায় না সেই কারখানার মালিককে ডেকে নিয়ে এসে ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টকে সামনে রেখে শ্রমজীবী মানুষদের স্বার্থে সেই বন্ধ কারখানার দরজাটা খোলার জন্য কর্ম তৎপর হতে। ডানলপ কারখানা বন্ধ হয়ে গেল। আমরা দেখলাম ডানলপের মালিক ছাবরিয়া ভারতবর্ষ ছেড়ে বাইরে চলে গেল। যখন তিনি দুবাই-এ চলে গেলেন তখন এখানে রাজ্যসরকার একের পর এক তাদের গবেষনা শুরু করে দিলেন। তাদের মধ্যে কেউ কেউ এমনও কান্ডকারখানা করলেন যে সেই কারখানার গেটে গিয়ে সাত-তাড়াতাড়ি ঘোষনা করে দিলেন যে এই কারখানাটি আমরা অধিগ্রহণ করে নেব। সেখানে একবারও অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত চিন্তা ভাবনা করলেন না যে ভারতবর্ষে যে সাংবিধানিক রীতিনীতি আছে সেই রীতিনীতি অনুযায়ী একটা কারখানা অধিগ্রহণের ব্যাপারে রাজ্যসরকারের দায়দায়িত্ব কতটুকু, ক্ষমতা কতটুকু এবং কেন্দ্রীয় সরকারের দায়দায়িত্ব কতটুকু এবং ক্ষমতা কতটুকু। এটা না জেনে, না বুঝেই সাত-তাড়াতাড়ি তিনি কারখানার গেটে গিয়ে ঘোষনা করে দিলেন যে এই কারখানাটি আমরা অধিগ্রহণ করছি। আজকে ১।। বছর হয়ে গেল, সেখানে অধিগ্রহণ তো দূরের কথা, এই কারখানাটি সম্পর্কে এখনও পর্য্যন্ত সরকার কোন পদক্ষেপ নিতে পারলেন না। মন্ত্রী মৃণালবাবু এখানে আছেন, তিনি জানেন, মেটাল বক্স কারখানা বন্ধ হয়ে গেল, সুপ্রীম কোর্ট সেই কারখানাটি খোলার জন্য নির্দেশও দিল অথচ রাজ্য সরকার সেই কারখানার মালিককে বাধ্য করতে পারলেন না খুলতে। স্যার, মেটাল বক্সের ৩৯ জন ছাঁটাই শ্রমিক আত্মহত্যা করেছে। কেউ ট্রেনে গলা দিয়ে মারা গিয়েছে, কেউ উদবন্ধনে আত্মহত্যা করেছে। কেউ বিষ খেয়ে আত্মহত্যা করেছে, এমন কি কেউ কেউ পরিবার, পরিজন নিয়েও আত্মহত্যা করেছে। স্যার, বেকারীর জ্বালা

এক রকমের জ্বালা, তা সহ্য করা কঠিন কিন্তু একজন মানুষ যে চাকরি-বাকরি করে সংসার চালায় তার স্যোশাল কমিটমেন্ট বেড়ে যায়। তার পরিবারের প্রতি তার কমিটমেন্ট বাড়ে। সুতরাং একজন বেকারকে চাকরি দেওয়া যতটা গুরুত্বপূর্ণ তার চেয়ে একটা ছাঁটাই হওয়া শ্রমিককে নিয়ে সরকারের চিন্তাভাবনা করা আরও অনেক বেশী গুরুত্বপূর্ণ। যে চাকরি করতো, ছাঁটাই হয়ে গিয়েছে সে হয়ত একটা ভাড়া বাড়ীতে থাকতো, সেখানে ভাড়াটে হিসাবে তার একটা অবলিগেশান থাকে। তার ছেলেমেয়ে স্কুল, কলেজে পড়ে, ছেলেমেয়েদের কাছে তার একটা কমিটমেন্ট থাকে, একটা অবলিগেশান থাকে, সোসাইটির কাছেও তার কতকগুলি কমিটমেন্ট থাকে, অবলিগেশানস থাকে। স্যার, আজকে লজ্জার সাথে বলতে বাধ্য হচ্ছি, এই সমস্ত ছাঁটাই হওয়া শ্রমিক কর্মচারীদের পরিবারের মহিলারা নিজেকে সর্বস্বান্ত করে, তিলে তিলে বিক্রি করে দিয়ে তার পরিবারের পরিপোষণ করার চেষ্টা করছে। এটা অত্যন্ত লজ্জা এবং দুঃখের কথা। আমরা বারবার বলেছি, ওরা বিশ্বায়ণের সুযোগ নিয়ে ইন্ডাষ্ট্রি করবেন বলে কোথায় কোথায় সব ঘুরে বেড়াচ্ছেন। কমরেড সোমনাথ চ্যাটার্জী আজকে বোধ হয় আমেরিকাতে বসে আছেন। তিনি আজকে ইংল্যান্ড তো কালকে আমেরিকা, কালকে আমেরিকা তো পরশুদিন জাপান—দিনের পর দিন তিনি সরকারী কোষাগার থেকে যথেচ্ছ ভাবে খরচ করে শিল্পায়ণের নামে, শিল্পপতি ধরে আনার নামে এখানে ওখানে ঘুরে বেড়াচ্ছেন, মহোৎসব করে বেড়াচ্ছেন। আর পশ্চিমবঙ্গের অবস্থাটা কি? ১৯৮৫/৮৬ সালে সরকারী প্রদত্ত হিসাব অনুযায়ী এখানে রেজিষ্টার্ড কারখানার সংখ্যা ছিল—আমি সরকারী বই, ইকনমিক রিভিউ-এর ষ্টাটিসটিক্যাল এ্যাপেনডিক্স থেকে বলছি, এরা স্মল স্কেল ইন্ডাষ্ট্রির এখানে কি হাল করেছেন। ৮৫/৮৬ সালে ওরা বলছেন ২২ হাজার ৯৫৫টি রেজিষ্টার্ড স্মল ইউনিট ওদের ছিল। ৯০ সালে সেটা এসে দাঁড়িয়েছে ১৭ হাজার ২৪৬। '৯৭ সালে সেটা হ'ল ১৬ হাজার ৩৫৯। ২২ হাজার থেকে ১৬ হাজার ৩৫৯ হয়েছে। এর ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে পশ্চিমবঙ্গের শ্রমিক কর্মচারীরা। আজকে জুটের মালিকরা যখন তখন ধর্মঘট করিয়ে দিচ্ছে। যখন কাঁচা মাল বাজারে আসছে তখন যাতে পাট চাষীরা সেই মালের সঠিক দাম না পায় তারজন্য একবার তারা লক আউট করে দিচ্ছে। আবার যখন উৎপাদন করতে করতে তাদের ষ্টক ইয়ার্ডে মাল জমে যাচ্ছে তখন আর একবার বন্ধ করে দিচ্ছেন। সেখানে সরকারের কি কোন ভূমিকা আছে? আজকে এখানে ইঞ্জিনিয়ারিং কারখানা একটার পর একটা বন্ধ হয়ে যাচ্ছে। রেমিংটন কারখানা বন্ধ হয়ে আছে। সিটুর নেতা বাদল বোস সেটা বন্ধ করিয়ে দিয়েছে। আজকে বলুন, এই রেমিংটন কারখানাটি খোলার জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন, কতগুলি বৈঠক করেছেন? দেশের আইন অনুযায়ী গত ২২ বছরে আপনারা একজন মালিককেও কি গ্রেপ্তার করেছেন? যেসব মালিক পি. এফের টাকা খেয়ে ফেলেছে, ই. এস. আই.-এর টাকা দেয় নি তাদের কতজনকে গ্রেপ্তার করেছেন, জেল দিয়েছেন, জরিমানা করেছেন বলুন। একজন মানুষকেও আপনারা শাস্তি দেন নি। তার কারণ, এখানে শোষক এবং শাসক-শিল্পপতি, পুঁজিপতি এবং সরকারের এ্যালায়েড হয়ে গিয়েছে। মিলেমিশে একাকার হয়ে গিয়েছে। তার ফলে পশ্চিমবঙ্গে শিল্পের বাতাবরণ ধ্বংস হয়ে গিয়েছে, চিমনিগুলি ন্যুব্জ হয়ে গিয়েছে।

পুরানো কারখানাগুলি চলছে, যুবকরা তার জন্য কাজ পাচ্ছে না। আজকে তারা কাজ পেয়ে তাদের হাতকে সচল করে রাখবে, সেটাও পারছে না। তাদের পরিবারগুলি একটা দুর্বিসহ অবস্থার মধ্যে চলে যাচ্ছে। কাজেই আজকে বেসরকারী প্রস্তাব যেটা আমরা এনেছি, দলমত নির্বিশেষে সরকারী দলের সদস্যদের কাছে অনুরোধ করবো, আপনারা সকলে এই প্রস্তাবকে সমর্থন করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[12.30–12.40 p.m.]

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সৌগত রায় যে বক্তব্য রাখলেন যে আজকে পশ্চিমবাংলায় কলকারখানা বন্ধ হয়ে গেছে। আপনি নিশ্চয়ই জানেন যে পশ্চিমবাংলায় প্রায় ৫ লক্ষ শ্রমিক জুট মিলে কাজ করতো। একটার পর একটা সেগুলি বন্ধ হয়ে যাচ্ছে। হুগলী নদীর ওপারে হাওড়া, হুগলী, আর এপারে ২৪ পরগনা। আজকে প্রায় এক লক্ষর মত শ্রমিক কাজ করছে। আস্তে আস্তে সমস্ত মিলগুলি সিক হয়ে যাচ্ছে, বন্ধ হয়ে যাচ্ছে। আজকে প্রেম চাঁদ জুটমিল, বাউড়িয়া কটন মিল এবং হাওড়া এক সময়ে যেটা শিল্পাঞ্চল ছিল, সেখানে সমস্ত কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে। ওরিয়েন্ট মিল উঠে গেছে। লক্ষ লক্ষ শ্রমিক আজকে বেকার হয়ে গেছে, তারা অনাহারে দিন যাপন করছে। কেন্দ্রীয় সরকারের সেই ব্রিটিশ আমলের যে মিলগুলি ছিল মিলগুলির কোন পরিবর্তন করেনি। সেই মেসিনপত্র দিয়ে মালিকরা প্রোডাকশান করাতো। সেই মেসিনপত্রগুলি আস্তে আস্তে নষ্ট হয়ে গেছে, তারা কোন রকম ব্যবস্থা করেনি। এই মেসিনগুলি পরিবর্তন করে আরো উন্নত মানের মেসিন বসিয়ে জুটমিল চালু করবো, সেখানে শ্রমিকরা কাজ করবে, সেই ব্যবস্থা তারা করেন নি। তারপরে আমাদের দেশে সিনথেটিক এল। কেন্দ্রীয় সরকার এই সিন্থেটিক চালু করায় আমাদের জুটের দাম কমে গেল। পশ্চিমবাংলায় প্রায় ৪০ হাজার জুট মিলের জুট ব্যবসায়ীরা মার খেল, তারা জুটের দাম পেল না। জুট কর্পোরেশানও তাদের পাটের দাম সেইভাবে দিল না। ফলে আস্তে আস্তে এগুলি উঠে যাচ্ছে, বন্ধ হয়ে যাচ্ছে। আজকে ইঞ্জিনিয়ারিং শিল্প বন্ধ হয়ে যাচ্ছে। ডানলপ বন্ধ হয়ে গেছে, ইন্ডিয়ান মেসিনারী বন্ধ হয়ে গেছে, আরতি কটন মিল বন্ধ হয়ে গেছে। একটার পর একটা কারখানা সিক হয়ে যাচ্ছে। তারা বলছে যে পলিউশান চালানো যাবে না। আমি বলবো যে, এই মিলগুলিকে কি ভাবে চালানো যায় সেটা দেখতে হবে। এই সিক মিলগুলি—বি. আই. এফ. আর বলে একটা যন্ত্র কেন্দ্রীয় সরকার তৈরী করেছেন—সেখানে গেলে কোন লাভ হয় না। কোর্টে যে রকম দিন পড়ে, এখানেও সেই রকম একটা অবস্থা হয়ে আছে। আজকে কানোরিয়া জুট মিলের ৪।। হাজার শ্রমিক অনাহারে দিন যাপন করছে। বাউড়িয়া কটন মিলের অবস্থা একই রকম। প্রেমচাঁদ কটন মিল, সেটাও বন্ধ হয়ে গেছে। ইন্ডিয়ান মেসিনারী দীর্ঘদিন বন্ধ হয়ে আছে। আরতি কটন মিল বন্ধ হয়ে গেছে। হাজার হাজার শ্রমিক বেকার হয়ে গেছে। এই রকম ভাবে দেখা যাচ্ছে যে বড় বড় কারখানাগুলি মালিকরা বন্ধ করিয়ে দিচ্ছে, বিক্রয় করে দিচ্ছে, অন্যের হাতে দিয়ে দিচ্ছে। এই মিলগুলি সিক হয়ে যাচ্ছে এবং সেখানকার শ্রমিকরা অনাহারে দিন কাটাচ্ছে। আজকে এই মিলটা বন্ধ হয়ে যাচ্ছে,

কালকে ঐ মিলটা বন্ধ হয়ে যাচেছ। শ্রমমন্ত্রীকে আমরা এই সম্পর্কে জানাই, কিন্তু কোন ফল হয় না। আজকে মানুষের কাছে যখন আমরা বলি যে এই মিলগুলি সিক, কিসের জন্য সিক হল, কারা করেছে, সেটা তারা বুঝতে চায় না। তাই আমি মনে করি, যে সব মিলকে সিক বলে ঘোষণা করা হয়েছে তার ফলে শ্রমিকরা নন, মালিকরাই উপকৃত হয়েছেন। রাজ্যে বামফ্রন্ট সরকার যা প্রতিষ্ঠিত হয়েছে, এই সরকার কিন্তু শ্রমিক শ্রেণীর দ্বারা, ওয়ার্কিং ক্লাসের দ্বারাই প্রতিষ্ঠিত হয়েছেন। ১৯৬৭ সালে পশ্চিমবঙ্গে যখন যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয় তখন মন্ত্রী সুবোধ ব্যানার্জী শ্রমিকদের বলেছিলেন— তোমরা দাবী আদায় করতে মালিকদের ঘেরাও কর। ফলে মালিকরা তখন শ্রমিকদের ভয় পেতেন। কিন্তু আজকে মালিকপক্ষ বলছেন যে, শ্রমিকরা কাজ করেন না এবং তারা শ্রমিকদের বিরুদ্ধে নানারকম অভিযোগ জানান। ফলে শ্রমিকরা কোন জাষ্টিস পান না। তাই মাননীয় মন্ত্রী যে এ্যামেন্ডমেন্ট এনেছেন তার জন্য দায়ী কিন্তু বামফ্রন্ট সরকার নন, দায়ী হচ্ছেন কেন্দ্রের সরকার, কারণ তারাই বি. আই. এফ. আর.-কে বসিয়ে রেখেছেন। আমি অনুরোধ করবো, যাতে লক্ষ লক্ষ শ্রমিক পরিবারের মুখে হাসি ফোটান যায় তার জন্য ঐ মিলগুলোকে খুলবার ব্যবস্থা অবশ্যাই করবেন।

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুব্রত মুখার্জী এবং আরো চার-পাঁচজন রুল ১৮৫-য়ে বন্ধ কলকারখানা সম্পর্কে যে প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন করছি। এখানে যখন এই আলোচনা করছি তখন রাজ্যে ৫ লক্ষ শ্রমিক কর্মহীন হয়ে রয়েছেন, ৬৫ হাজার কলকারখানা বন্ধ হয়ে গেছে। এই প্রস্তাবের অন্যতম প্রস্তাবক শ্রী সুব্রত মুখার্জী বলছিলেন যে, প্রতিদিন কেউ না কেউ রাজ্যের কোথাও না কোথাও শ্রমিক আত্মহত্যা করছেন। এ পর্যন্ত ৩০০ থেকে ৩৫০ জন শ্রমিক আত্মহত্যা করেছেন। আর আমরা জানতে পারি নি এরকম আত্মহত্যার সংখ্যাও অনেক। আপনি জানেন, আসানসোলের পিলকিংটন গ্লাস ফ্যাক্টরী দীর্ঘদিন যাবদ বন্ধ হয়ে রয়েছে। ডানলপের মত একটা কোম্পানী, সেটাও বন্ধ হয়ে রয়েছে এক বছর ধরে, কিন্তু খুলবার কোন নাম নেই। আজকে পশ্চিমবঙ্গের মানুষের কাছে এই বার্তা পৌঁছে গেছে যে, একবার কোন কারখানা বন্ধ হয়ে তালা লাগলে সেটা দ্বিতীয়বার আর খোলে না। এখানে একটা অত্যন্ত প্রতাপশালী সরকার রয়েছেন যার মাথায় বসে রয়েছেন মাননীয় জ্যোতি বসু, যিনি নাকি প্রধানমন্ত্রী হবার যোগ্য ব্যক্তি। এক্ষেত্রে ওদের পার্টি বলতে পারেন উনি শ্রেষ্ঠ ব্যক্তি, কিন্তু বাংলার মানুষ তাকে শ্রেষ্ঠ ব্যক্তি বলে মনে করেন না, তাকে মনে করেন ধ্বংসের রূপকার হিসাবে। যদি কখনও ইতিহাস লেখা হয় সেখানে তার নাম ওভাবেই লেখা থাকবে। আপনারা যখন ক্ষমতায় এসেছিলেন তখন কংগ্রেসকে মালিকদের দালাল বলেছিলেন এবং নিজেদের বলেছিলেন মেহনতি খেটে খাওয়া মানুষের সরকার। আজকে মালিকপক্ষ যখন একের পর এক কারখানা বন্ধ করে দিচ্ছেন তখন কিন্তু জ্যোতিবাবু বা তার দল কিছুই করতে পারছেন না। সেখানে দেখছি, বামফ্রন্ট সরকার বিভিন্ন জায়গায় কাজোরিয়া, বাজোরিয়ার মত শিল্পপতিদের দালালে পরিণত হয়েছেন। ফলে ঐসব শিল্পপতিদের অঙ্গুলী হেলনে একের পর এক কারখানা বন্ধ হয়ে যাচ্ছে এবং সেগুলো কোনদিন যে খুলবে তা মনে হচ্ছে না। কোন কারখানা বন্ধ করতে হলে আগে

নোটিশ দিতে হয়, কিন্তু সে সব নিয়ম পশ্চিমবঙ্গে মানা হচ্ছে না। এখানে জ্যোতিবাবু এবং তার পার্টিকে সন্তুষ্ট করতে পারলে যেভাবে প্রয়োজন সেভাবে মালিকপক্ষ কলকারাখানা বন্ধ করতে পারেন, কর্মী ছাঁটাই করতে পারেন, বেতন কমাতে পারেন, বোনাস কমিয়ে দিতে পারেন।

[12.40–12.50 p.m.]

আজকে পশ্চিমবাংলার মানুষ আপনাদেরকে ভোট দিয়েছিল এই ভেবে যে, আপনাদের যে সরকারটা হবে সেটা মেহনতি মানুষের সরকার হবে, তাদের স্বার্থ রক্ষা করবে। কিন্তু আপনারা পশ্চিমবাংলায় ক্ষমতায় আসার পর তাদের ভুল ভেঙেছে, আজকে আপনাদের এই রাজত্বে ৫ লক্ষ শ্রমিক কর্মহীন অবস্থায় পড়ে রয়েছে। ছোট ছোট অনেক কলকারখানা বন্ধ হয়ে গিয়েছে, সেইগুলিকে খোলার কোন ব্যবস্থা আপনারা নিচ্ছেন না। আজকে মাননীয় সদস্য সুব্রত মুখার্জী মহাশয় সঠিক ভাবেই এই প্রস্তাব এনেছেন। ক্ষুধার জ্বালা সকলেরই আসে, শুধু কংগ্রেস করা ছেলেরা ক্ষুধার জ্বালায় কাতর হয় না সি. পি. এম.-এর ছেলেদেরও ক্ষুধার জ্বালা আছে। সকল বেকার ভাইদের জ্বালা একই। ক্ষুধার জ্বালা যখন আসে তখন সি. পি. এম.-কংগ্রেস বলে আসে না, সকলের জন্য আসে। যে সমস্ত মানুষের কাজ গিয়েছে তাদের অভাব চুড়ান্ত জায়গায় পৌঁচেছে। আজকে ডানলপ ফ্যাক্টরী বন্ধ হয়ে গিয়েছে, সেখানে উন্নয়ন স্তব্ধ হয়ে গিয়েছে, সেখানে কংগ্রেসের লোক যেমন থাকে সেখানে সি. পি. এম.-এর লোকেরাও থাকে, তাদের ছেলেমেয়েদের আর ভাত দিতে পারছে না। আজকে কোন মালিকের বিরুদ্ধে কোন ব্যবস্থা নিতে পেরেছেন? অনেক কারখানার মালিক তারা পি. এফ.-এর টাকা জমা দেয় নি, তাদের বিরুদ্ধে কোন এ্যাকশান নিতে পেরেছেন? আজকে যখনই আপনারা মিছিল করেন তখনই কেন্দ্রীয় সরকারের ঘাড়ে দোষ চাপান। আমি বলি আর কত দিন নিজেদের দোষ অপরের ঘাড়ে চাপিয়ে বেঁচে থাকবেন? আপনারা বলুন না দায়িত্ব নিয়ে যে এই ফ্যাক্টরী আমরা খুলতে পারি নি, এর জন্য আমরাই দায়ী, মানুষের উপকার করতে পারিনি, তার জন্য আমরাই দায়ী। পশ্চিমবাংলার মানুষের কাছে আপনারা একটা উদাহরণ খাড়া করুন না যে আপনারা এই কারখানাটা খোলবার চেষ্টা করেছেন। আজকে আসানসোলের হিন্দুস্থান পিলকিংটন বন্ধ, চিত্তরঞ্জনের হিন্দুস্থান কেবলস-এর কর্মীরা ৬-৭ মাস ধরে বেতন পাচ্ছেন না। কংগ্রেস আমলে যে সমস্ত কারখানা ন্যাশানালাইজ করে গিয়েছিল আজকে সেই কারখানার কি অবস্থা। আজকে সমস্ত বার্তা মানুষের কাছে পৌঁছে গিয়েছে। আজকে ন্যাশানালাইজ্ কারখানা বন্ধ হয়ে গিয়েছে। মানুষ জানত সরকারী কারখানায় নিরাপত্তা আছে, সরকারী চাকুরীর নিরাপত্তা আছে, ভবিষ্যতের নিরাপত্তা আছে। কিন্তু দেখা যাচ্ছে সরকারের অধিগৃহীত কারখানার নিরাপত্তা নেই। পশ্চিমবঙ্গ সরকারের হাতে আইন থাকা সত্ত্বেও মালিকদের বিরুদ্ধে তারা ব্যবস্থা করতে পারছেন না। তাই আসুন আমরা সকলে মিলে মাননীয় সদস্য সুব্রত মুখার্জীর আনা প্রস্তাবকে সমর্থন করি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় বিধায়ক সুব্রত মুখার্জী

এবং অন্যান্য মাননীয় বিধায়করা মিলে যে মোশান নিয়ে এসেছেন, ক্লোজ এবং সিক ইন্ডাস্ট্রি সম্পর্কিত যে মোশান নিয়ে এসেছেন সেই মোশানকে আমি নানা কারণে সমর্থন করতে পারছি না। মাননীয় বিধায়ক সুব্রত মুখার্জী উদ্বিগ্ন হয়েছেন, পশ্চিমবাংলায় বেশ কিছু শিল্প কারখানা রুগ্ন হয়ে পড়েছে, বন্ধ হয়ে গিয়েছে এবং তাদের শ্রমিক কর্মচারীরা যে দুর্দশায় পড়েছে সেই দুর্দশা তিনি উপলব্ধি করেছেন। আমরা জানি যে সুব্রত মুখার্জী মহাশয় আন্তর্জাতিক যে শ্রমিক ফোরাম আছে, আই এল. ও, সেই ফোরামে তিনি ভারতবর্ষের প্রতিনিধিত্ব করেছেন। তার অভিজ্ঞতা এই সম্পর্কে আছে। তার এই উদ্বিগ্নতা, এই বিষয়ে তার এই চিন্তা এটা খুবই স্বাভাবিক কথা। কিন্তু এই যে মোশান এই মোশানের পিছনে তার উদ্বিগ্নতা থাকা সত্ত্বেও একটা অন্য উদ্দেশ্য কাজ করছে বলে আমার ধারণা হয়েছে। কারণ এখানে মেটাল বক্স, হিন্দুস্থান পিলকিংটন থেকে আরম্ভ করে যে সমস্ত ফ্যাক্টারীর কথা উনি বলেছেন, ডানলপের কথা বলেছেন নানা কারখানা সিক হয়ে যাচ্ছে, লে অফ হচ্ছে, হিন্দুস্থান মোটর সুপ্রিমকোর্টে যাচ্ছে এই সমস্ত নানা কথা বলেছেন। ঠিকই এখানে প্রবলেম হচ্ছে না তা নয়। আমি বলতে চাই শুধু কি পশ্চিমবাংলার ক্ষেত্রে হচ্ছে? ভারতবর্ষের সর্বত্র আজকে ইন্ডাস্ট্রি ক্লোজড হয়ে যাচ্ছে, সিক ইন্ডাসট্রিতে পরিণত হচ্ছে। সেটা কেন হচ্ছে সুব্রতবাবু একবারও বললেন না। আমি সুব্রতবাবুকে ধন্যবাদ দেব এই কারণে উনি এখানে এই মোশান এনে আমাদের সঙ্গে সহযোগিতা করছেন এই ফোরামে কিছু বলবার সুযোগ পাচ্ছি বলে। শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষের সমস্ত জায়গায় কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে। কেন রুগ্ন হয়ে যাচ্ছে, সে সম্বন্ধে আমরা বারবার এখানে আলোচনা করেছি, মাঠে ময়দানে বলেছি, ক্ষেতে খামারে বলেছি। আমরা বিধানসভার ভেতরে বলেছি এবং পার্লামেন্টে আমাদের সদস্যরা বলেছেন। তার কারণ হচ্ছে, আজকে পূর্বতন কেন্দ্রীয় সরকার এবং আজকের যে কেন্দ্রীয় সরকার, তাদের যে আর্থিক নীতি, যে নীতি তারা গ্রহণ করেছে তার ফলে বাধ্য এখানকার কলকারখানাগুলো রুগ্ন হতে। কলকারখানাগুলো বন্ধ হয়ে যেতে বাধ্য। কারণ বহুজাতিক সংস্থাগুলো যেভাবে দেশীয় উৎপাদন ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করে তুলেছে, সাংঘাতিক ভাবে বিপর্যস্ত করে তুলেছে, আমরা বলেছিলাম যে, চারপাঁচ বছর, দশ বছরের শিশু যেমন পঁচিশ বছরের লোকের সঙ্গে সমান তালে দৌড়তে পারে না, তেমনি ঐ সমস্ত বিদেশী সংস্থার সঙ্গে আমাদের দেশীয় শিল্পসংস্থাগুলো প্রতিযোগিতায় পেরে উঠবে না। বিদেশী সংস্থাগুলোকে যদি এখানে দরজা খুলে দেওয়া হয় তাহলে কি তার সঙ্গে আমাদের দেশীয় কলকারখানাগুলো পাল্লা দিতে পারে? আমাদের 'টাটা' তারাও পাশ্চাত্য অনুকরণে চলে। সেও কিন্তু 'টাটা সুমো' যে গাড়ি বের করেছে, সে কিন্তু বহুজাতিক সংস্থার সঙ্গে যুক্ত হয়ে পড়েছে। 'হিরো হন্ডা' সেও বিদেশী সংস্থার সঙ্গে যুক্ত হয়ে পড়েছে। 'সামসুঙ কোম্পানী' আমাদের ইলেকট্রনিক গুডস্‌কে গ্রাস করে ফেলেছে। ফলে আমাদের দেশের মধ্যেকার উৎপাদন ব্যবস্থাকে বহুজাতিক সংস্থা তারা গ্রাস করে ফেলেছে। আমরা বারবার বলেছি, আগে বলেছি, এখনও বলছি, যে ভাবে বহুজাতিক সংস্থাকে আমাদের দেশে ইনভাইট করে নিয়ে আসা হয়েছে এবং বিজেপি সরকার যে ভাবে বেসরকারীকরণের ব্যবস্থা করছে, আজকে অবস্থাটা যে জায়গায়

চলে গেছে তাতে অত্যন্ত কঠিন ব্যাপার—এর ফলে এখানে ক্লোজ এ্যান্ড সিক ইন্ডাস্ট্রীর সংখ্যা বাড়ছে। আমাদের রাজ্য সরকার ইনসাফিশিয়েন্ট হলেও, রাজ্য সরকার তার লিমিটেশানের মধ্যেও ঐ সমস্ত বন্ধ হয়ে যাওয়া কলকারখানার শ্রমিকদের স্বার্থে ৫০০ টাকা করে দিচ্ছেন। এটাতেই প্রমাণ হয়ে যায় যে রাজ্য সরকার বন্ধ কলকারখানার শ্রমিকদের স্বার্থে কাজ করছেন। স্যার, আমি সুব্রতবাবুর উদ্বিগ্নতাকে সমর্থন করেও বলছি, এই মোশান যেহেতু উদ্দেশ্যপূর্ণ, সেজন্য আমি এর বিরোধিতা করছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় ডেপুটি স্পীকার, মাননীয় সুব্রতবাবু ১৮৫-তে যে মোশান এনেছেন আমি তার সঙ্গে একমত হয়ে বলতে চাইছি যে, উনি রাজ্যের লার্জ এ্যান্ড স্মল স্কেল যে ফ্যাক্টরিগুলো বন্ধ রয়েছে তার মধ্যে আমাদের দার্জিলিংয়ের একটাইমাত্র যে ইন্ডাষ্ট্রি, টী ইন্ডাষ্ট্রি—ওখানে চার-পাঁচটি ইন্ডাষ্ট্রি যেগুলো বন্ধ হয়ে রয়েছে, সেটা যদি উল্লেখ করতেন তাহলে ভাল হত। যাইহোক, আমি এই মোশানকে সমর্থন করতে গিয়ে দু'চারটি কথা বলতে চাইছি। স্যার, আপনি জানেন যে, দার্জিলিংয়ে মেইনলি দুটি টী গার্ডেন -ভান্টাকবান টী এষ্টেট এবং পেসক টী এষ্টেট — এই দুটি আই.টি.টি.সি.আই.'এর আন্ডারে আছে। এই দুটি এষ্টেট দীর্ঘদিন ধরে বন্ধ আছে। এর ফলে ওখানকার শ্রমিকরা কাজ না পেয়ে অন্যত্র চলে যাচ্ছে। এছাড়া মুন্ডাকোঠি টী এষ্টেট, লিংগিয়া টী এষ্টেট এই দুটি মালিকপক্ষ বন্ধ করে দিয়েছে। রিংটং এবং পুনটং এই দুটি টী এষ্টেট সিক ইন্ডাষ্ট্রিও রয়েছে। রাজ্য সরকার টী গার্ডেনের ম্যানেজমেন্টের সঙ্গে কথা বলে কি ভাবে চালু করা যায় যাতে গরীব শ্রমিকরা বাঁচতে পারে, তার জন্য আমি রাজ্য সরকারকে কথা বলতে অনুরোধ করছি। শুধু দার্জিলিংয়েই টী গার্ডেন নয়, নর্থ বেঙ্গলে তরাই অঞ্চলে টী গার্ডেন আছে। ষ্টেট গভর্ণমেন্ট এইসব টী ইন্ডাষ্ট্রীর আয়ের ওপরে নির্ভর করে। আজকে দেখছি যে ডুয়ার্স অঞ্চলে সি পি এম পক্ষের ইউনিয়ন ধর্মঘট করেছে। অথচ দার্জিলিংয়ে রাজ্যের স্বার্থে এবং শ্রমিকদের স্বার্থে কোন ধর্মঘট হচ্ছে না। সেই কারণে পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ জানাই যে, দার্জিলিংয়ের যে টি গার্ডেনগুলো রয়েছে যথা লিংগিয়া, রিংটং, পানটং এবং মুন্ডাকোঠীতে লক আউট হয়েছে সেগুলো খোলবার ব্যবস্থা করতে হবে। আর ইন্ডাষ্ট্রিজগুলোতে যে লক আউট হবে তাতে সরকার পক্ষ থেকে বেকার ভাতা স্বরূপ দেওয়া হচ্ছে মাত্র ৫০০ টাকা। এই টাকা এতো সামান্য যে এখানকার বাজারের সঙ্গে কোন সঙ্গতি নেই। সেইজন্য অনুরোধ জানাচ্ছি যে, এই ভাতা আরো বৃদ্ধি করা হোক। এই কথা বলে এই মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[12.50–1.00 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় স্পীকার স্যার, ১৮৫-রুলের উপরে যে প্রস্তাব সুব্রত বাবু এনেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি কারণ আজকে রাজ্যের সত্যিকারের শিল্পের অবস্থা কি—আজকে শিল্পের এবং শ্রমিকদের অবস্থা এতো খারাপ যে ট্রাডিশনাল যে শিল্প যথা চা, পাট, সুতাকল, ইঞ্জিনিয়ারিং শিল্পগুলো খুব খারাপ অবস্থা। পাট তো বন্ধ হয়ে গেছে, সুতাকল প্রায় সবই বন্ধ হয়ে গেছে। এন টি

সির আন্ডারে যে মিলগুলো আছে সেখানেও উৎপাদন নেই। শুধু ট্রান্সফরমেশান করছে, সুতা তৈরী করছে। কোন রকমে ব্রেক ইভেন পয়েন্টে চলছে। অনেকগুলো চা বাগান বন্ধ হয়ে গেছে। আমাদের বেকার সমস্যা ক্রমশ লাফে লাফে বেড়ে চলেছে। যত কারখানা বন্ধ হয়ে গেছে তার শ্রমিক সংখ্যা ৫ লক্ষর অধিক বলে আমার ধারণা। ১৯৯৫ সালের পর থেকে লেবার ইন ওয়েষ্ট বেঙ্গল কর্মচ্যুত লোকের সংখ্যা আর জানায় না। ১৯৯৫ সালে এই কর্মচ্যুত শ্রমিকের সংখ্যা ছিল ২ লক্ষ ৮৭ হাজার ৬৬। লজ্জার কারণেই হোক বা যে কোন কারণে কর্মচ্যুত শ্রমিকের সংখ্যা আর জানাচ্ছে না। ক্রমশ কারখানা কমে যাচ্ছে এবং ছোট ছোট কারখানা যে তৈরী হচ্ছে কিছুদিন পরে সেগুলোও বন্ধ হয়ে যাচ্ছে অথচ মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত তথ্য দিয়ে জানাচ্ছেন যে, এতো কারখানা চলছে এবং তাতে কত টাকা স্যাংশান হয়েছে জানাচ্ছেন। একদিকে টাকা স্যাংশান হচ্ছে আর অন্যদিকে কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, সেগুলো সরকারীভাবে পরিবেশিত হচ্ছে না। ১৯৯৫ সালে রেজিষ্ট্রিকৃত কারখানার সংখ্যা ছিল ১০ হাজার ৫৭, সেটা কমে যাচ্ছে এবং লেবার ইন ওয়েষ্ট বেঙ্গলে পরিষ্কার বলা আছে যে ১৯৯৭ সালে রেজিষ্ট্রিকৃত কারখানার সংখ্যা ৭ হাজার ৫৪৮টি। সুতরাং একটা ডাউন ওয়ার্ড ট্রেন্ড দেখা যাচ্ছে। রাজ্যের বড় বড় কারখানা বন্ধ হয়ে গেছে। গত এক বছরে বড় কারখানার থেকে অনেক শ্রমিক কর্মচ্যুত হয়েছে, প্রায় ৩৭ হাজার মানুষ কর্মচ্যুত হয়েছে। ডানলপ খোলার সম্ভাবনা দেখা যাচ্ছে না। কেশোরাম কটন মিল, কানোরিয়া মিল এরা তো বন্ধ হয়ে গেছে, টেক্সম্যাকোর একটা পার্ট বন্ধ। গৌরীপুর জুট মিল বন্ধ, গেস্টকীন উইলিয়ামে এককালে ১৪ হাজার লোক কাজ করত, এখন সেখানে ৭০০ মত লোক কাজ করে। সেখানে স্টিল ডিভিশানে কেবল কাজ হচ্ছে। এই তো হচ্ছে রাজ্যের অবস্থা। এই অবস্থাতে দাঁড়িয়ে আমি আপনার কাছে প্রস্তাব রাখছি যে, একটা টাস্ক ফোর্স নতুন করে গঠন করা হোক। যুগান্তর কাগজ বন্ধ হয়ে গেছে, গত সাড়ে চার বছর থেকে বন্ধ। অথচ রাজ্য সরকারের তরফ থেকে সেটা খোলার জন্য কোন উদ্যোগ নেই। সরকার একটু চেষ্টা করলেই যুগান্তর কাগজটি খোলা যেত। কত যে বন্ধ হয়ে রয়েছে, আরো কত যে মিল বন্ধ হবে তা জানা নেই। আপনারা জানেন ২ শতর বেশী মানুষ তারা আত্মহত্যার পথ বেছে নিয়েছে এই পশ্চিমবাংলায়। এখানে আমার আগের বক্তা তপন বাবু বলছিলেন, গ্লোবাল ইকনমির জন্য এই অবস্থা, যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসেন তখন অনেক কথা বলতেন, এখন বলছেন এইসবই নাকি গ্লোবাল ইকনমির ফসল। না বন্ধু, এইগুলি শুরু হয়েছে অনেক আগেই। গ্লোবাল ইকনমি থেকে নয়, তার অনেক আগে থেকেই এইগুলির মরণযাত্রা শুরু হয়েছে, শ্মশান যাত্রা শুরু হয়েছে। গ্লোবাল ইকনমি যদি এফেক্ট করতো, এখানে মৃণালবাবু বসে আছেন, উনি শালিমার ওয়াকর্স-এ গিয়েছিলেন, আমিও গিয়েছিলাম, আমার ইউনিয়নও ওখানে আছে, ওনারও আছে, ওরা আই. এস. ও. ৯০০২ (নাইন থাউজেন্ড টু) পেয়েছে, মৃণালবাবু ওখানে বললেন, ওরা ৯০০২ পেয়েছে, এতে সরকারের কোন টেকনিক্যাল নো হাউ এর সাহায্য ছাড়া, কেবলমাত্র কর্মসংস্কৃতির ডেভলাপ করে এফিসিয়েন্ট ম্যানেজমেন্ট দিয়ে শালিমার এই ৯০০২ পেয়েছে। আমি আশা করছি, এর ফলে এই লুজিং কনসার্ন প্রফিটেবিল

কনসার্ন হবে, লাভজনক সংস্থা হবে। আমি যে কথাটা বলতে চাচ্ছি, আমাদের রাজ্যে শ্মশান যাত্রা শুরু হয়েছে এই কারণে, যেদিন মার্কসবাদীরা কাঁধে লাল পতাকা তুলে দিয়ে শ্রমিক শ্রেণীকে বলেছে তোমাদের কাজ করতে হবে না, সেইদিন থেকে। সেই সময় যদি আপনারা বলতেন কাঁধে লাল পতাকা দেওয়ার মানে হল, তোমাদের এই কারখানাকে উন্নত করো, এই কারখানাকে সচল রাখ, এবং লাভজনক করো এই দায়িত্ব তোমাদের হাতে - এই কথাটা আপনারা বলেন নি, ফলে সেইদিন থেকে মরণ যাত্রা শুরু হয়েছে। আজকে আপনারা বলছেন গ্লোবাল ইকনমি, মাল্টিন্যাশানাল ইত্যাদি নিয়ে। আজকে চীন দেশে ৩৫ বিলিয়ান ডলার বিদেশী পুঁজি খাটছে, আমাদের দেশে সেখানে কত খাটছে—খুব বেশী হলে ২ বিলিয়ান ডলার। সেখানে চীন দেশে খাটছে ৩৫ বিলিয়ান ডলার। তার পরেও আপনারা বলবেন বিদেশী পুঁজি খাটছে? আমাদের দেশে কোন রিমারকেব্লি বিদেশী পুঁজি খাটছে না। আমাদের দেশের সবকারের অকর্মণ্যতা, দ্বিচারিতার মনোভাব এবং ভ্রান্ত রাজনীতির কারণে ক্লিয়ার ষ্ট্যান্ড নেওয়ার অক্ষমতায় আজকে আমাদের দেশে রাজ্যের শিল্পের দূরাবস্থার কারণ। সেই কারণের জন্য আমাদের দেশের শ্রমিকরা আত্মহত্যার পথ বেছে নিতে বাধ্য হচ্ছে। সুব্রতবাবু যেটা বললেন, বন্ধ কারখানার শ্রমিকদের ৫ শত টাকায় কিছু হয় না, যদিও এটা শুভ প্রচেষ্টা, সেইজন্য আমি বলতে চাই, এই ব্যাপারে সরকারের তরফ থেকে একটা সেল গঠন করুন এবং বন্ধ কারখানাগুলিকে কিভাবে খোলা যায় তার ব্যবস্থা করুন, রিভাইভ করুন — এই বলে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

**শ্রী রাজদেও গোয়ালা ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে যে আলোচনাটা হচ্ছে, বন্ধ কলকারখানা এটা শুধু পশ্চিমবাংলার ব্যাপাব নয়, আমি পশ্চিমবাংলা নিয়ে পরে আসব, কিন্তু সুব্রতবাবু বা সৌগতবাবু ওরা ভাল করেই জানেন যে কলকারখানা বন্ধ হয় কোন কারণে। কলকারখানা এই যে বন্ধ হচ্ছে, এই যে নীতি, এই নীতিটার অনিবার্য ফল হিসাবে সারা ভারতবর্ষের পক্ষে আমাদের ভাবতে হবে। দীর্ঘ ৫০ বছর যে নীতিটা গ্রহণ করা হয়েছে, সেই নীতিটার অনিবার্য ফল হচ্ছে যখনই যে আসুক না কেন, যারা থাকুন না কেন, যে নীতি গ্রহণ করুন না কেন, অনিবার্য ফল হচ্ছে, মুষ্টিমেয় কিছু লোকের হাতে দেশের সম্পদ একত্রিত হচ্ছে। সে টাটা বিড়লা, গোয়েঙ্কা, জোতদার জমিদার বলুন, এই সমস্ত সম্পদ মুষ্টিমেয় লোকের হাতে জমা হয়েছে, দেশের যা উৎপাদন তা যদি মুষ্টিমেয় লোকের হাতে চলে যায় তাহলে সেটা আমাদের দেশের ১৫।২০ ভাগ মানুষ যারা রাখছে, সেখানে ৮০।৮৫ ভাগ শহর বা গ্রাম-এর কৃষক যাই বলুন তারা কি করে তাদের থেকে নিজেদের জীবন-জীবিকা গ্রহণ করবে?

হ্যাঁ, নিশ্চয় এখানে অসুবিধা আছে। কিন্তু পশ্চিমবাংলা হচ্ছে একমাত্র রাজ্য, যারা এই শ্রমিকদের পাশে দাঁড়ানোর চেষ্টা করছে। আমরা ভালো করেই জানি বাজারের যা অবস্থা তাতে এই পাঁচশ টাকায় হয় না। এখন যারা আছে তারা তো দেশের সর্বনাশ করছেন, কিন্তু আপনারা যখন কেন্দ্রীয় সরকারের ক্ষমতায় ছিলেন তখন আপনারা সর্বনাশের ধারে পৌঁছে দিয়েছেন, তার ফলেই আজকে মানুষ বেকার হচ্ছে, কলকারখানা

**বন্ধ হচ্ছে, জিনিসপত্রের দাম বাড়ছে। ফলে এই ৫০০ টাকাতে কিছুই হচ্ছে না। কিন্তু বামফ্রন্ট সরকার শ্রমিকদের সরকার, গরীবের সরকার, কৃষকের সরকার। আজকে বামফ্রন্ট সরকারের বিরোধিতা করতে হবে বলেই আপনারা বিরোধিতা করে এই প্রস্তাব নিয়ে এলেন। আজকে সারা ভারতবর্ষ যদি পচে যায়, গলে যায়, তাহলে একটি রাজ্যে পদ্মফুল ফুটবে না। এটা আপনারা জানেন এবং এর ফল কি সেটাও আপনারা জানেন। আপনারা যে বিষয়টা এখানে বলেছেন সেই ৫০০ টাকাকে যদি আমরা হাজার টাকা করতে পারতাম তাহলে আপনাদের থেকে আমরাই বেশী খুশী হতাম। কিন্তু কোথায় পাব টাকা? আমাদের তো নোট ছাপাবার কোন অধিকার নেই, সেই অধিকার কেন্দ্রীয় সরকারের আছে। তাই আমি বলছি আসুন যে লড়াইটা হচ্ছে তাতে আমরা সকলে মিলে এগিয়ে আসি। আর শোভনদেববাবুর কথায় আমি যাব না, ওনাদের সেই প্যাকেজ কোথায় গেল। সারা ভারতবর্ষের ক্ষেত্রে সুষ্ঠভাবে জীবনযাপনের জন্য বামফ্রন্ট সরকার শ্রমিক, কৃষকদের স্বার্থে যে নীতি গ্রহণ করেছেন সেই নীতির পক্ষে আপনি আপনারা প্রস্তাবকে প্রতিষ্ঠিত করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।**

[1.00–1.10 p.m.]

**শ্রী কিরীটী বাগদী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে মোশানটা এখানে আনা হয়েছে আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আজকে কেন্দ্রীয় সরকারের কর্মসংকোচন নীতির ফলে লক্ষ লক্ষ শ্রমিক-কর্মচারী তারা বেকার হচ্ছে। হাওড়া, হুগলী, বাঁকুড়া সহ বিভিন্ন জায়গায় যে কলকারখানাগুলো রুগ্ন হয়ে আসছে তার একমাত্র কারণ হচ্ছে কেন্দ্রীয় সরকারের উদার নীতি। এই উদারনীতির ফল স্বরূপ আজকে এই কারখানাগুলো রুগ্ন হয়ে পড়ছে। কিন্তু বামফ্রন্ট সরকার আজকে তাদের পাশে দাঁড়িয়েছে। তাই এই মোশানকে আমি সমর্থন করতে পারছি না।

**শ্রী মৃণাল ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বন্ধ কলকারখানা সম্পর্কে এখানে যে প্রস্তাব আনা হয়েছে, সেই প্রস্তাবের মধ্যে একটা টাস্কফোর্স গঠনের প্রস্তাব রাখা হয়েছে। যে সমস্যা, তাকে আমি অস্বীকার করছি না। কিন্তু বক্তব্যের মধ্যে যেভাবে এসেছে, তাতে মনে হচ্ছে যেন এই সমস্যাটা অন্য কোন রাজ্যের নয়, শুধু পশ্চিমবঙ্গেরই সমস্যা। যদি বি আই এফ আর এর মাপকাঠি ধরা যায় মিডিয়াম স্কেল এবং লার্জ স্কেল ইন্ডাষ্ট্রিতে, এই মুহূর্তে বি আই এফ আর এ পশ্চিমবঙ্গে ইন্ডাষ্ট্রিজ রয়েছে কেন্দ্রীয় সরকারের কলকারখানাগুলি সহ ১৮২টি। আর মহারাষ্ট্রে আছে ২৯৪ টার উপরে এবং তামিলনাড়ু ইত্যাদি অঞ্চলে বি আই এফ আর-এর রেফার্ড কেস। কিন্তু পশ্চিমবঙ্গ থেকে কম নয়। বেকার পশ্চিমবঙ্গে অবশ্যই আছে। কিন্তু অন্য রাজ্যে নেই, এমন কিন্তু নয়। যদি তাই হত, তাহলে জয়পুরে ৫০ হাজার ছেলে রায়ট হত না মিলিটারিতে জয়েন করার জন্য। বিহারে ৪০ হাজার ছেলে রায়ট হত না মিলিটারিতে যাওয়ার জন্য। বেকার সমস্যা তো আছে। আমাদের এখানেও কলকারখানা রুগ্ন হচ্ছে। মাননীয় সদস্যরা জানেন যে, কেন রুগ্ন হয়। অনেক কারণেই হয়। ফান্ড শিফোনিং-এর জন্য হয়, প্রপার চেঞ্জের টাইমে যখন ডিমান্ড প্রোফাইল চেঞ্জ করে তখন ডাইভারসিফিকেশান না করার জন্য

হয়। আর আজকেই সিচুয়েশান দেখুন—১৯৯১ সালের পরে যখন আমার দেশের দরজা জানলা খুলে দেওয়া হল, তখন যে ধরণের প্রযুক্তি দরকার, তা না থাকার জন্য ইন্ডাষ্ট্রি আনতে পারেনি। ফলে সেক্ষেত্রে রুগ্ন হয়ে যাচ্ছে। শোভনদেববাবু বললেন যে, শিল্পনীতি, অর্থনীতি যা কেন্দ্রীয় সরকার করেছেন, সেই কারণে নাকি এখানকার ইন্ডাষ্ট্রি বন্ধ হচ্ছে না, সেই কারণে নাকি দেশের বেকার হচ্ছে না। অন্য কারণে হচ্ছে। এটা হচ্ছে কর্ম সংস্কৃতির জন্য। তিনি ট্রেড ইউনিয়ন করেন। তিনি যদি বলেন যে, আমাদের কর্ম সংস্কৃতির জন্য ইন্ডাষ্ট্রি বন্ধ হয়ে যাচ্ছে, তাহলে তিনিও এর থেকে আলাদা হবেন না। কারণ তিনিও এর নেতৃত্বে ছিলেন। আমি কখনোই মনে করি না, কর্মসংস্কৃতির সমস্যা বড়। কারণ এতকাল ধরে কল কারখানা ভালোই চলে এসেছে। কর্মসংস্কৃতি খারাপ হলে ভালো হয় কি করে? তারা প্রফিট করছে। হ্যাঁ সমস্যা আছে। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে অনেকগুলি প্রচেষ্টা নিয়েছি। অর্থাৎ ইনসেনটিভ স্কিমের মাধ্যমে প্রোমোটার এনে, ইউনিয়ন এনে, ব্যাঙ্ককে এনে আলাপ আলোচনার মাধ্যমে করছি। জটিলতাও আছে। হাইকোর্টের সমস্যা আছে। আমরা ন্যাশানাল আয়রন এ্যান্ড স্টিল নিলাম। আমরা সেটা কিনলাম, যাতে ব্যাক টু ব্যাক এগ্রিমেন্ট করে কাউকে দিয়ে সেটা চালানো যায়। কিন্তু আমরা পারিনি। কেন না হাইকোর্টে এটা ঝুলে আছে। ভারত ইলেকট্রিকাল আমরা কিনলাম। ব্যাক টু ব্যাক এগ্রিমেন্ট করলাম। এখনও আমরা চালু করতে পারি নি। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এই রুগ্ন শিল্পগুলিকে চালু করার জন্য নানা প্রচেষ্টা নিয়েছে। আমরা একসেস জমি বিক্রি করার আইন করেছি যাতে অ্যাসেটস্ কমিটি করে তার মধ্য দিয়ে বিক্রি করা এবং রিভাইভালের ক্ষেত্রে যথাযথ ব্যয় হচ্ছে কিনা, সেগুলি সুপারভাইজ করার জন্য আমরা কমিটি করেছি। আমরা রিলিফ আন্ডারটেকিং দেওয়ার জন্য ব্যবস্থা করেছি। নানা রকম রিলিফ, সেলস্ ট্যাক্স পাওয়ার ট্যারিফের ক্ষেত্রে আমরা ব্যবস্থা নিয়েছি। কিন্তু হচ্ছে না। তা সত্ত্বেও ব্যাপক পরিমাণে যে ফিরে আসছে তা নয়, আমরা এক্ষেত্রে সিদ্ধান্ত নিয়েছি যে, যদি কোন কারখানা রিভাইভ করার ক্ষেত্রে আমরা কিছু সফট লোন দিয়ে যাতে সাহায্য করা যায় তার চেষ্টা করছি। আপনারা জানেন মেটাল বক্স বলছে কারখানা রিভাইভ করার জন্য, আমরা ৫ কোটি টাকার লোন দেব এ্যাপার্ট ফ্রম ইনসেনটিভ স্কীমে। আজকে যে অর্থনৈতিক পরিস্থিতি সেখানে কারখানা খোলবার লোক খুব একটা পাওয়া যাচ্ছে না। কারণ আজকে বিদেশ থেকে যে টাকা আসছে সেটা ফাটকায় খাটছে এবং স্পেসিফিক কিছু কিছু কারখানায় খাটছে। নতুন কারখানা ভারতবর্ষে হচ্ছে না, কিছু কারখানা টেকওভার হচ্ছে, যেমন মারুতী থেকে সুজুকী, লিম্‌কা থেকে কোকাকোলা হচ্ছে। কিন্তু নতুন কারখানা হচ্ছে না। নতুন ইন্ডাষ্ট্রি হচ্ছে না। পুরানো কারখানাও বন্ধ হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতি অনুযায়ী এবং তার সাথে যেগুলি এ্যানসিলিয়ারী সেগুলিও বন্ধ হচ্ছে। এই কারণে প্রচুর কারখানা বন্ধ হচ্ছে এবং নতুন কারখানা না হওয়ার দরুন সেখানে চাকরী হচ্ছে না এবং বেকার বাড়ছে। এটা শুধুমাত্র একটা টাস্কফোর্স করলেই এর সমাধান হবে বলে আমি মনে করি না। আমাদের এখানে টাস্কফোর্স আছে, আমরা ২৭ তারিখে বসছি। আমরা আমাদের দপ্তরের মধ্যে দিয়ে ইন্ডাষ্ট্রিয়াল রি-কন্‌স্ট্রাক্‌শান কর্পোরেশন করার কথা বলছি। এগুলি করার পর আমাদের

যদি মনে হয় একটা টাস্ক্‌ফোর্স করলে ভালো হয় তাহলে এটা আমরা ভেবে দেখবো। এই সমস্যা শুধু পশ্চিমবাংলাতেই নয়, বরঞ্চ পশ্চিমবাংলা খানিকটা এগিয়ে এসেছে। যেমন জেশপের ক্ষেত্রে হয়েছে। অন্য রাজ্যে এই ধরনের সাহায্যের হাত বাড়িয়ে কেউ আসছে না। জেশপ্‌ যখন তার বাড়ী বিক্রি করে দিতে চাইছে, তখন কেউ এগিয়ে আসে নি। আমরা ২৭ কোটি টাকা দিয়ে বাড়ীটা কিনেছি, যাতে সেই টাকা সে রিভাইভের ক্ষেত্রে ব্যবহার করতে পারে। কাজেই পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার কিছু কাজ করছে না বা পশ্চিমবঙ্গে কিছু হচ্ছে না এটা বলা ঠিক নয়। অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে অনেক বেশী সাহায্য করার চেষ্টা হচ্ছে, রিভাইভ করার চেষ্টা হচ্ছে এবং কিছু রিভাইভ হয়েছে। যদি সময় থাকতো তাহলে আমি আরও বলতে পারতাম। হাজার হাজার হয়তো হয় নি, কিন্তু বেশ কিছু কারখানাকে আমাদের সরকার উদ্যোগ নিয়ে প্রোডাকশান করতে সাহায্য করেছে। সেন্ট্রাল অবজার্ভারের মাধ্যমে রিভাইভ করার ক্ষেত্রে আমরা প্রোপোজাল দিয়েছি। এবং কিছু কিছু রিভাইভ হয়েছে।

[1.10–1.20 p.m.]

**মিঃ ডেপুটী স্পীকার ঃ** আমি ১০ মিনিট সময় বাড়িয়ে নিলাম, আশা করি এতে সবার মত আছে।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বলতে চাইছি আমরা যে মোশান এনেছি তাতে আপনারা প্রথমেই ভুল করছেন, এখানে একটা অক্ষরও স্টেট গভর্ণমেন্টকে দায়ী করে কোথাও বলা নেই। পরিস্থিতিকে কেন্দ্র করে শ্রমিক-কর্মচারীদের মধ্যে যে বিপর্যয় অবস্থার সৃষ্টি হয়েছে তার জন্যই রেখাপাত করেছি মাত্র। একটা টাস্কফোর্স করলে এই সমস্যার সমাধান হবে না। এর গভীরতা এবং ব্যাপকতা তীব্র আমাদের পশ্চিমবঙ্গে, বিশেষ করে আমরা মনে করি শুধুমাত্র ৩, ৪টি লাইন-এর প্রস্তাবে এই সমস্যার সমাধান হবে না। এর গভীরে রাজ্য সরকারকে যেতে হবে, সেখানে সরকারের দায়বদ্ধতা মেনে নিতে হবে। আমি আশা করেছিলাম যে এটা আমরা এনেছি এবং সর্বসম্মতিক্রমে অন্ততঃপক্ষে কর্মচারীদের কথা ভেবে এটাতে আমরা ঐক্যমত হয়ে পাশ করতে পারবো।

সেইভাবে লক্ষ্য করলে কোন এ্যামেন্ডমেন্ট এই প্রস্তাবের বিরুদ্ধে দেওয়া হয়নি। নরম্যালি কোন এ্যামেন্ডমেন্ট না থাকলে বক্তৃতা করার জাস্টিফিকেশন নেই ধরে নেওয়া উচিত। সাধারণ ভাবে এটা ধরে নেওয়া যায় যে আপনারা সমর্থন করছেন। কিন্তু বক্তৃতায় সবার বলার পরেও বামপন্থীদের মধ্যে থেকে বলেছেন, বিরোধিতা করেছেন কিছু একটা গন্ধ পেয়ে। কিন্তু এতে একটাও রাজনৈতিক কথা লেখা নেই। এটা অস্বীকার করার উপায় নেই। যা বলা হয়েছে সব বাস্তব, এটা আপনাদের স্বীকার করতে হবে। সব কথাই রাজনীতির কথার বাইরে। অর্থনৈতিক ক্ষেত্রের আলোচনা সংকীর্ণ এবং ক্ষুদ্র হতে পারে না। এ ব্যাপারে সম্পূর্ণ রাজনীতির বাইরে গিয়ে চেষ্টা করতে হবে। আমরা করিও। আমরা বলি না, যে, আমরা করিনা। অস্বীকার কি করি? ১৯৯১ সালে বিকল্প

অর্থনীতির নাম করে, উদার অর্থনীতির নাম করে একটা অসম প্রতিযোগিতা আমাদের দেশে আনা হ'ল এবং যার কুফল সর্বস্তরে ভুগছে। এ বিষয়ে কোন সন্দেহ নেই। এটা শুধু এখানে নয়, সারা ভারতবর্ষ, এমন কি ভারতবর্ষের বাইরেও যে সমস্ত দেশ রয়েছে, যারা বহুদিন ধরে এই গ্লোবালাইজেশন করতেন তারাও এখন বলছে, চ্যালেঞ্জ অফ গ্লোবালাইজেশন। কেন চ্যালেঞ্জ? তার মানে গ্লোবালাইজেশনের ক্ষতি এখন সমস্ত দেশ আস্তে আস্তে বুঝতে পারছে। তবে এটা একটা অন্য দিক গেল। আমরা তো চেয়েছিলাম, চীন যে ভাবে গ্লোবালাইজেশন করছে সেই ভাবে করতে পারলে, অর্থাৎ ডাইরেক্ট ইনভেস্টমেন্ট করুক এবং তার উপর সরকারী নিয়ন্ত্রণ থাকুক। সেটা না থাকার ফলে আজকে ফ্রান্স থেকে 'ডাভ' সাবান, পাঁপড়, ভাজা, বাজার নিয়ে নিচ্ছে। এটা কোন মানুষ সমর্থন করতে পারে? এটা আমরা এখানে করতে চাই না। আমি ডানলপ এবং মেটাল বক্স-এর কথা বলেছিলাম। এগুলো শুধু ইন্ডাস্ট্রি নয়। এক একটা এলাকার অর্থনীতি এই সব কারখানার সঙ্গে জড়িয়ে আছে। মাননীয় মন্ত্রী কিন্তু তার উল্লেখ করেন নি। যদি বলা হয় দেশের মানুষ কী না খেয়ে মারা যাচ্ছে? সরকার বলবে, না। কিন্তু আজকে প্রায় গড়ে দু'জন করে অর্গানাইজড সেক্টরের শ্রমিক স্টার্ভেশন করছে না হয় আত্মহত্যা করছে। আজকে ডানলপ, হিন্দমোটরের মত কোম্পানি সরকারের অনুমতি ব্যাতিরেকে লে-অফ চালিয়ে যাচ্ছে। ইন্ডাস্ট্রিয়াল ডিসপ্যুট এ্যাক্টে লক-আউট, লে-অফ, ক্লোজার, অনেক কিছু আছে। কোথাও সাসপেনশন অফ ওয়ার্ক আছে। তাহলে কি সরকারের কোন দায়িত্ব নেই? বেপরোয়া ভাবে এইসব চলবে আর রাজ্য সরকারের লেবার ডিপার্টমেন্ট, ইন্ডাষ্ট্রি ডিপার্টমেন্ট কিছু দেখবে না? প্রশ্নটা সেখানে। এই সাসপেনশন অফ ওয়ার্ক যেটা হচ্ছে সেটা আসলে লক-আউট। কিন্তু কোথাও লক-আউট বলে বলা হচ্ছে না। কারণ, আমাদের সরকার লক-আউটকে বে-আইনি বলে ঘোষণা করেছেন। এই বে-আইনি লক-আউট হলে শ্রমিকরা লড়াই করে থাকে। মাননীয় সদস্যরা নাও জানতে পারেন কিন্তু মাননীয় মন্ত্রী মহোদয় তো তৈরী ছিলেন, উনি বোধ হয় বলতে ভুলে গেছেন। আজকে জেশপ, বার্ন ধুকছে। অল এভিনিউ অফ এমপ্লয়মেন্ট চোকড হয়ে যাচ্ছে। উই আর হেডিং টুয়ার্ডস এনাকিচিং। আমরা একটা নৈরাশ্যের দিকে এগিয়ে যাচ্ছি। আজকে সেটাকে তো স্বীকার করবেন। এটা বক্তৃতা দিয়ে আটকানো যাবে না। অর্থনৈতিক পথে এর মোকাবিলা করতে হবে।

[1.20–1.30 p.m.]

আপনারা অনেকে বক্তৃতা করলেন। প্রথম দিকে জ্যোতি বাবু বলেছিলেন এখানে এন. আর. আই. আনব। কিন্তু এখানে এন. আর. আই. এসেছে কোথায়? কটা বিনিয়োগ হয়েছে? কিছুদিন আগে রায়চকে একটা কনফারেন্স হল। সেখানে ডেস্টিনেশন বে অফ বেঙ্গল হল। কটা শিল্পপতি সেখানে গিয়েছিলেন? সেখানে আপনাদের আর. পি. জি এবং টোডি এই সব প্রোমোটারদের আপনারা নিয়ে গিয়ে একটা সম্মেলন করলেন। সেখানে কি করলেন? আপনারা কয়েকটা মউ সই করে বললেন, ঢালাও ভাবে শিল্প নিয়ে আসছি। ব্রিটিশ আমলের যে পরিকাঠামো সেই পরিকাঠামো শিল্পে আছে। আর

আপনারা বললেন যে, 'শিল্পে আমরা এক নম্বর হব'। শিল্পের পরিকাঠামো ছাড়া পৃথিবীর কোন দেশ এক নম্বর হতে পেরেছে? আজকে সিঙ্গাপুর, জাপান, জার্মান ইত্যাদি দেশগুলো শিল্পে উন্নত পরিকাঠামোর জন্যই তারা শিল্পে উন্নতি করতে পেরেছে। যদি আধুনিক পোর্ট না থাকে তাহলে শিল্পের উন্নতি হবে কি করে? আমাদের এখানে ক্যালকাটা পোর্ট ১১ হাজার কিউসেকের বেশী জল দিতে পারে না। আর হলদিয়া তো ড্রাই পোর্ট। পোর্টের কথা বললেই আপনারা সঙ্গে সঙ্গে বলেন, ফলতা পোর্ট করছেন। ওভাবে পোর্ট করা যায় না। একটা পোর্ট করতে গেলে এক্সপার্টদের দিয়ে সেই পোর্টের জন্য স্থান নির্বাচন করতেই ২ বছর সময় লেগে যায়। এম. কে. জালান, যে কুলফি বিক্রি করে তাকে দিয়ে ফলতার মত জায়গায় আপনারা পোর্ট করবেন বলে ঘোষণা করলেন। তার যোগ্যতা সম্পর্কে আমি আপনাদের কাছে জিজ্ঞাসা করতে চাই যে, আধুনিক পোর্ট করার মত তার কোন অভিজ্ঞতা আছে? পোর্ট করার সাথে সাথে আপনাকে উন্নত মানের জেটিও করতে হবে। যদি শিল্পে উন্নতি করতে চান তাহলে রাস্তাঘাটের উন্নতিও করতে হবে। বজবজে ৫০০ মেগাওয়াটের বিদ্যুৎ কারখানা করে দিলেন। কিন্তু সেখানে রাস্তাঘাটের কোন উন্নতি হয় নি। লর্ড ক্লাইভের আমল থেকে সেখানে বজবজ ট্রাংক রোড ছাড়া আর কোন রাস্তা নেই। সেখানে কারখানার মালিকরা নিজেও গাড়ী চালিয়ে যেতে পারেন না। সেখানে একটা কারখানার মালিক সুইডেন থেকে মোটর বোট কিনে এনেছেন। তাতে করেই তিনি কারখানায় যাতায়াত করেন। এভাবে কারখানা পরিদর্শন ছাড়া অন্য কোন রাস্তা নেই। এখান দিয়ে পেট্রোল ডিসট্রিবিউশনের গাড়ীগুলো যাবে, জুট মিলের গাড়ীগুলো যাবে। অথচ আপনারা কোন পরিকাঠামো তৈরী করেন নি। গত ৩ দিন আগে আমি নদীয়া জেলায় গিয়েছিলাম। সেখানে গিয়ে দেখলাম বিদ্যুতের অত্যাচার, বিদ্যুতের ট্যারিফের অত্যাচার। এখানে প্রসেসিং মিলগুলো সব বন্ধ হয়ে যাচ্ছে। আর বড় বড় কারখানাগুলোর কথা ছেড়েই দিচ্ছি। ডানলপ কারখানার ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রী সেখানে গিয়ে বললেন যে, এই কারখানা আর কেউ না খুললেও আমরা খুলব। আমি একটা কথাও বানিয়ে বলছি না। আমি যদি বানিয়ে কথা বলি তাহলে আমার বিরুদ্ধে প্রিভিলেজ মোশান আনবেন। জ্যোতিবাবু বললেন, 'আমি ২ মিনিটের মধ্যেই ৭ তারিখে খুলে দেব'। কিন্তু তা হল না। তারপর থেকে জ্যোতিবাবুকে বললে উনি প্রধানমন্ত্রাকে দেখান, আবার প্রধানমন্ত্রীকে বললে তিনি রাজ্য সরকারকে দেখান। কিন্তু সেটা যে তিমিরে ছিল সেই তিমিরেই থাকল। আজকে এই কারখানার অনেক লোক আত্মহত্যা করেছে। আপনাদের কোন দায়িত্ব নেই? আজকে ছাবারিয়াকে আপনারা জব্দ করতে পারেন নি। কেন জব্দ করতে পারেন নি? আপনার দপ্তরগুলো কেন আছে। ডায়রেক্টর অফ বোর্ডরা ইচ্ছে করলেই এগুলো করতে পারত। আমি বলেছিলাম দ্বিপাক্ষিক মিটিং ডাকুন। জর্জ ফারনানডেজ্ ফোন করেছেন চীফ্ মিনিস্টারকে এই জন্য যে, ডিফেন্সের জিনিষপত্র কিনতে হবে। কিন্তু দ্বিপাক্ষিক চুক্তি না হলে জিনিষপত্র কোথা থেকে দেবেন? মেটাল বক্সের ২৫৫ জন লোক না খেতে পেয়ে আত্মহত্যা করেছে। তারপর যখন খুলতে গেল তখন আপনাদের রঞ্জিতবাবু মালিকের পয়সা খেয়ে সর্বনাশ করল। আপনাদের পার্টির

অবস্থা দেখুন, আপনাদের লোককেই আপনারা গ্রেপ্তার করেছেন। আমরা তো সরকারে নেই, আপনারা সরকারে আছেন। আপনারা লক্ষ্মীবাবুকে গ্রেপ্তার করলেন প্রোমোটরের অভিযোগের ভিত্তিতে। ট্রেড ইউনিয়ন করি বলে লজ্জায় মাথা হেঁট হয়ে গেল। ঠিক আছে, গ্রেপ্তার করেছেন। কিন্তু তার সঙ্গে মন্ত্রীরও নাম উঠেছে। তা নিয়ে তদন্ত করবেন না? তদন্ত হবে না! তদন্ত হবে পার্টি অফিস থেকে! বুদ্ধদেববাবু আমাকে বললেন, 'পার্টি থেকে আমরা কমিশন গঠন করেছি তদন্ত করার জন্য।' পার্টি তদন্ত করবে ল' অব দি ল্যান্ডকে অমান্য করে! পার্টি এ জিনিস করতে পারে না। যে ঘুষ দেয় এবং যে ঘুষ নেয় তারা দু'জনই অপরাধী। পার্টির লোক হওয়া সত্ত্বেও লক্ষ্মীবাবু যদি ১৪ দিন গ্রেপ্তার হয়ে থাকতে পারেন, তা'হলে 'বেনী'-র মালিক কেন গ্রেপ্তার হবে না? তাকে আপনারা গ্রেপ্তার করেন নি, আপনাদের নেতাদের নাম বলে দিতে পারে, শুধু এই ভয়ে। প্রাক্তন প্রধানমন্ত্রী নরসীমা রাও ঘুষ দিয়েছিলেন, এই অভিযোগে তাকে আদালত থেকে ডেকে পাঠাচ্ছে, মাঝে মাঝেই তলব করছে। ঘুষ যে দিয়েছে তাকে গ্রেপ্তার করছেন না, যে নিয়েছে তাকে গ্রেপ্তার করা হয়েছে। এখানে লক্ষ্মীবাবু গ্রেপ্তার হ'ল, আর গোয়েঙ্কা, সিংহানিয়ারা সব বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে। প্রফেশনাল ট্যাক্স থেকে সিক্ ইন্ডাষ্ট্রিগুলির দুঃস্থ শ্রমিকদের ৫০০ টাকা করে দেওয়া হচ্ছে। কম হলেও এই টাকা দেওয়ার জন্য আমি খুশি। এর আগে আপনারা বলেছিলেন বেকার যুবক, যুবতীদের বেকার ভাতা দেবেন। কোন কিছু বিবেচনা না করেই দুম দুম করে বলে দেন, তারপরে দিতে পারেন না। প্রফেশনাল ট্যাক্স নিয়ে প্রশ্ন করায় হাউসে অর্থমন্ত্রী বলেছিলেন, ৫০ কোটি টাকা বেকার ভাতায় ঢুকিয়ে দিয়েছেন। পরবর্তীকালে লেবার মিনিষ্টারকে প্রশ্ন করা হয়েছিল, তিনি কি বলেছিলেন? আমি এখানে লেবার মিনিষ্টারকে কোট্ করছি। তিনি বলেছিলেন, "৫০ কোটি টাকা তো দূরের কথা, ৫০ পয়সাও প্রফেশনাল ট্যাক্স থেকে পাই নি।" উপরন্তু আরো কয়েকটা জায়গায় নতুন করে প্রফেশনাল ট্যাক্স বসিয়ে দিয়েছেন, নতুন করে মানুষের ওপর চাপিয়ে দিচ্ছেন। কি পারপাসে এই ট্যাক্স আদায় করা হচ্ছে? যত টাকা দুঃস্থ শ্রমিকদের জন্য প্রফেশনাল ট্যাক্স থেকে দেওয়া হচ্ছে ঠিক তত টাকা সরকার থেকেও দেওয়া হোক, তারপর দুটো অ্যাড় করে ঐ ৫০০ টাকাটাকে বাড়াবার চেষ্টা করুন। ৫০০ টাকা করে দিচ্ছেন, খুব ভাল কথা, এটা আরো একটু বৃদ্ধি করার জন্য আমি আপনাদের অনুরোধ করছি। এই প্রসঙ্গে আমি আপনাদের বলতে চাই আজকে স্টেট গভর্ণমেন্ট আন্ডার টেকিংগুলির কি অবস্থা। এখানে রাজদেও গোয়ালাবাবু বসে আছেন। প্রকৃত অর্থে উনিই ট্রাম কম্পানীর মালিক। ট্রামের কর্মচারীদের ৭ মাস ডি. এ. নেই। বোনাস পায় নি। তাদের ক্ষেত্রে ফোর্থ পে কমিশন ইমপ্লিমেন্ট করছেন না। আপনারা ট্রাম-এর সর্বনাশ করে দিয়েছেন। শালিমার ইঞ্জিনিয়ারিং ১২০০ লোক-সহ নিয়েছেন। সেখানে শুধু জেশপের বাড়িটা কিনেছেন। এটা কোন বড় কাজ নয়। আজকে ১২০০ লোকের মধ্যে মাত্র ২২৯ জন লোক দিয়ে কারখানা চলছে। ন্যাশানাল ট্যানারি একইভাবে চলছে। ভারত ইলেকট্রনিক্স কিনে ফেলে রেখেছেন, চালাচ্ছেন না। এ-সবের উত্তর চেয়েছিলাম, পেলাম না। কল্যাণী স্পিনিং মিল বন্ধ। ওয়েষ্ট দিনাজপুরের মিল বন্ধ। ন্যাশানাল স্টীল বন্ধ। ব্রীটানিয়া ইঞ্জিনিয়ারিং, স্যাক্সবিফার্মার, কৃষ্ণা গ্লাস প্রভৃতির

ভয়ঙ্কর অবস্থা। আপনাদের স্টেট গভর্ণমেন্টের আন্ডারে যে কারখানাগুলি রয়েছে, সেগুলি ভালভাবে চালাবার চেষ্টা করুন। এগুলো সব ঠিকভাবে চলছে না। আমি অবাক হয়ে যাচ্ছি, মন্ত্রীকে সহযোগিতা করবার জন্য কোন নেতা এখন তার পাশে নেই। তার ফলে এ বিষয়ে আমরা নেতাদের কাছ থেকে বা মন্ত্রীদের কাছ থেকে উপযুক্ত জবাব পাচ্ছি না। এই অবস্থায় রাজ্যের শ্রমিকদের স্বার্থে আমার এই প্রস্তাবকে সকলে সমর্থন করবেন, এই আশা নিয়ে, এই আবেদন জানিয়ে, আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** There is no amendment to this motion.

The motion of Shri Subrata Mukherjee that

The House notes with grave concern that a large number of large and small factories in the State are lying closed since long. Some of them like Metal Box, Hindustan Pilkington have been lying closed for many years and there are no signs of reopening of these industries. A factory like Dunlop has been lying closed for more than a year and several jute-mills are also under lock-out.

The House is of opinion that such closure is resulting in further fillip to the unemployment problem of the State.

The House is also of the opinion that only Rs.500/- which is being paid as allowance to a worker of the closed factories, is too insufficient in the present market.

This House, therefore, calls upon the Government to set up a task force to tackle the problem of closed and sick factories as well as the problem of fresh unemployment in the State.

was then put and lost.

[1.30–1.40 p.m.]

## Motion Under Rule 185

**শ্রীরবীন দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকার যেটা তদারকি সরকার সেই সরকার একটার পর একটা জন-বিরোধী সিদ্ধান্ত গ্রহণ করে আসছে যেটা তাদের এক্তিয়ারের মধ্যে নেই, সেই সম্পর্কে ১৮৫ ধারা অনুসারে আমি এই মোশনটা আনুষ্ঠানিক ভাবে এখানে উপস্থিত করছি।

"এই সভা মনে করে যে, বর্তমানে কেন্দ্রে অধিষ্ঠিত লোকসভায় আস্থাভোটে পরাস্ত বি.জে.পি জোট সরকার তদারকি সরকার হিসাবে প্রতিষ্ঠিত মাত্র এবং ঐ সরকারের সাংবিধানিক বা প্রথাগতভাবে কোন গুরুত্বপূর্ণ মৌলিক নীতি গ্রহণ বা কার্যকরী করার কোন অধিকার নেই"।

এই সভা অবগত আছে যে, কোন তদারকি সরকারকে কোন নির্বাচিত সংসদের কাছে তার জবাবদিহি করতে হয় না এবং অতীতে লোকসভা ভেঙ্গে যাবার পর যাঁরা অন্তর্বর্তিকালীন প্রধানমন্ত্রী হয়েছেন তাঁরা বা তাঁদের মন্ত্রিপরিষদ কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেন নি।

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, বর্তমানে কেন্দ্রের তদারকি সরকার বেশ কয়েকটি জনস্বার্থ-বিরোধী নীতি গ্রহণ এবং কার্যকর করছে, যেমন —

(১) সরকারী প্রশাসনিক কাঠামোকে সংকুচিত করা,
(২) বিভিন্ন উপায়ে সরকারী কর্মচারীদের সংখ্যা কমানো এবং নিয়োগ বন্ধ করা,
(৩) পরিষেবায় ঠিকাদারী প্রথার প্রবর্তন করা,
(৪) বৃহৎ বাণিজ্যিক গোষ্ঠীগুলিকে বিশেষ সুবিধা করে দেওয়া,
(৫) রাষ্ট্রায়ত্ত সংস্থার পরিবর্তে বহুজাতিক সংস্থাকে বরাত পাইয়ে দেওয়া, এবং
(৬) কয়েকটি রাষ্ট্রায়ত্ত সংস্থায় বিলগ্নীকরণ ও এফ. এম. বেতার সম্প্রচারের বেসরকারীকরণ করা।

অতএব, এই সভা কেন্দ্রের তদারকি সরকারের এইসব অনৈতিক জনস্বার্থ-বিরোধী ও স্বনির্ভরতা বিপন্নকারী কার্যকলাপের তীব্র নিন্দা করছে।"

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, রবীনবাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন সাধারণতঃ এই প্রস্তাব আর আমাদের মূল প্রস্তাব এবং পরবর্তীকালে আর একটি প্রস্তাব নিয়ে আসছেন শ্রীপ্রভঞ্জন মন্ডল মহাশয়, এগুলি প্রায় কাছাকাছি। রবীনবাবু, প্রথমেই বলেছেন, সরকারী প্রশাসনিক কাঠামোকে সংকুচিত করা হচ্ছে ভিন্ন উপায়ে সরকারী কর্মচারীদের সংখ্যা কমানো এবং নিয়োগ বন্ধ করা হচ্ছে, পরিষেবায় ঠিকাদারী প্রথার প্রবর্তন করা হচ্ছে, বৃহৎ বাণিজ্যিক গোষ্ঠীগুলিকে বিশেষ সুবিধা করে দেওয়া হচ্ছে, ইত্যাদি, ইত্যাদি। বৃহৎ বাণিজ্যিক শিল্প গোষ্ঠীগুলিকে যে সুবিধা করে দেওয়া হচ্ছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। একটু আগে বলছিলাম, এক সময়ে ইউ.এন.ও কন্ট্রোল করতো আই.এম.এফ এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ককে। এখন আই.এম.এফ এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক কন্ট্রোল করে ইউ.এন.ওকে। এখন টোটাল আই.এম.এফ. ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং ইউ.এন.ও মিলিয়ে কন্ট্রোল করছে মাল্টি-ন্যাশনাল এবং ট্রান্স ন্যাশনাল। স্বভাবতঃই তাদের প্রভাব পড়বেই যাদের কাছ থেকে আমাদের দেশ টাকা ধার করেছে। আমি মনে করি এই ধার করার রাজনীতি আমাদের দেশকে সর্বনাশ করছে এবং বহুজাতিক ব্যবসায়ীকে আমাদের দেশে ঢুকিয়ে দিচ্ছে। ফলে আমাদের বিরাট বাজার আমরা দিয়ে দিচ্ছি তাদেরকে। অপরদিকে অন্যান্য বাজারে আমরা ঢুকতে পারছি না, তাদের হাতে তুলে দিয়ে দিচ্ছি। ডব্লু.টি.ওর লেটেস্ট পরিসংখ্যান বলে দিচ্ছে, টোটাল যে এক্সপোর্ট এবং ইমপোর্ট হচ্ছে সারা পৃথিবীতে তার মাত্র ০.৩ পারসেন্ট আমরা করছি। গ্যাট থেকে ডব্লু.টি.ও. পর্যন্ত আমরা এমন কিছু ফল বাজার অর্থনীতি থেকে নিতে পারিনি। অপরদিকে আমাদের বাজারে বাইরের লোকের প্রভাব ভীষণভাবে বেড়ে গেছে, গুণগত মান কমেছে। অপরদিকে জিনিসপত্রের দাম ভীষণভাবে

বৃদ্ধি পাচ্ছে। আপনি লক্ষ্য করবেন, এক-একটা ওষুধ যার দাম এত বেশী হয়ে গেছে যে সেটা কেনা মানুষের নাগালের বাইরে চলে গেছে। লাইফ-সেভিং ড্রাগ আজকে ধরা-ছোঁয়া যায় না এবং তার সঙ্গে আজকে বিধ্বস্ত হয়ে গেছে আপনাদের পরিষেবাগুলি, বিশেষ করে স্বাস্থ্য সংক্রান্ত ব্যবস্থা। স্বভাবতই আপনার সঙ্গে একমত যে মুনাফাখোরদের সুবিধা আজকে নানাভাবে হয়ে গেছে এবং তার সঙ্গে নতুন করে সংযোজন হয়েছে পেটেন্টশিপ। ৩০০ থেকে ৩৫০ পেটেন্ট তো হয়েই গেছে, তার সঙ্গে আমি সম্প্রতি দেখলাম বেগুন এবং করলা তাও ওদের হাতে চলে গেছে। দুদিন পরে ওগুলির রস আমাদের কিনে খেতে হবে। এইভাবে আমাদের দেশের সর্বনাশ হচ্ছে। আমি শুধু একটি কথা তার সঙ্গে সংযোজন করতে চাই, আপনারা এক সময়ে এই সমস্ত বাইরের লোকেদের বিরুদ্ধে লড়াই করেছিলেন, আজকে তাদেরই মুখপাত্র হয়ে গেছেন - এটা অত্যন্ত দুঃখের কথা - দলগতদিক থেকে এবং সরকারের দিক থেকেও মাননীয় জ্যোতি বসু থেকে শুরু করে বুদ্ধদেববাবু পর্যন্ত। কিছুদিন আগে একটি সভায় জ্যোতিবাবু বলে এলেন, ট্রেড-ইউনিয়ন লোকেদের দেখে নেব, ট্রেড-ইউনিয়ন আন্দোলন করা চলবে না। উনি কি দেখে নেবেন? উনি বললেন, ধর্মঘট করলে ছেড়ে দেব না, আমরা এখানে শিল্প করতে চাই, শিল্পপতিদের এখানে শিল্প করতে দিতে হবে। ধর্মঘট হচ্ছে ল্ অফ দি ল্যান্ড, এটা আমাদের অধিকার। এটাকে কেড়ে নেবার অধিকার ওনাকে কে দিয়েছে? কই, একবার তো উনি বললেন না, লক-আউট করলে দেখে নেব, লে্-অফ্ করলে দেখে নেব, ক্লোজার করলে দেখে নেব? আজকে বহুজাতিক ব্যবসায়ীদের সঙ্গে একসঙ্গে খানাপিনা করছেন আর শ্রমিক কর্মচারীদের উপর আঘাত করে চলেছেন আর বলছেন এখানে কর্মসংস্কৃতি ধ্বংস হয়ে গেছে। অথচ এই জ্যোতিবাবু আগে যখন ট্রেড-ইউনিয়ন করতেন তখন তিনি সিটুর ভাইস-প্রেসিডেন্ট ছিলেন। সেই সময় উনি বলতেন, তোমরা কাজ করো না, শুধু টাকা নিয়ে যাও আর কর্মচারীরা রাইটার্স বিলডিংস-এর দেওয়ালে লিখতো, "আসি যাই মাহিনা পাই, কাজ করলে উপরি পাই। আর এখন উনি শিল্পপতিদের বাবা হয়ে গেছেন। এখন উনি বলছেন শিল্পগুলি বন্ধ হয়ে যাচ্ছে, বিনিয়োগ হচ্ছে না, তার কারণ, শ্রমিকদের কর্মসংস্কৃতি নেই। না। রিজার্ভ ব্যাংকের সমীক্ষাটা দেখুন। রিজার্ভ ব্যাংক তাদের সমীক্ষায় কেন কারখানা বন্ধ হচ্ছে, কেন কারখানা ক্ষতিগ্রস্ত হচ্ছে, কেন বিনিয়োগ হচ্ছে না সে সম্পর্কে বলতে গিয়ে যা বলেছেন তাতে দেখা যাচ্ছে সেখানে তারা দু পারসেন্ট ক্ষেত্রে দায়ী করেছেন শ্রমিক সংগঠনগুলিকে এবং বাকি ৯৮ পারসেন্ট ক্ষেত্রে দায়ী করেছেন অন্যান্য ফ্যাক্টরকে। এই ৯৮ পারসেন্টের ক্ষেত্রটা কিন্তু দেখা হল না, তাদের ধরাও হচ্ছে না, সেখানে লিকেজগুলি বন্ধ করার চেষ্টাও হচ্ছে না, সেখানে শুধু মাত্র দায়ী করা হচ্ছে ট্রেড ইউনিয়ানের সঙ্গে যুক্ত শ্রমিক কর্মচারীদের। একটু আগে শোভনদেববাবু আপনাদের যে দ্বিচারিতার কথা বলছিলেন, আপনাদের এই দ্বিচারিতা কিন্তু ভয়ানক প্রভাব বিস্তার করছে। আপনারা এখানে অনেক ভাল কথা বললেও এরমধ্যে একটা সংকীর্ণ রাজনৈতিক বক্তব্য রয়ে গিয়েছে। বি.জে.পি'র বিরুদ্ধে কথা বলে আমাদের সুড়সুড়ি দেবার প্রবণতা এখানে রয়েছে। আমরা তো মনে করি যে বি.জে.পি. সরকারের প্রতিটি পদক্ষেপই ভুল। স্বদেশী অর্থনীতির নামে যে বিদেশীয়ানা

তারা আরম্ভ করেছেন সেটা ভয়ঙ্কর। সেটাকে রোখার জন্য যে মানসিকতা রবীনবাবুদের থাকা প্রয়োজন কাগজে কলমে তা থাকলেও বাইরে কিন্তু তার প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি না। এই মোশানের অনেকগুলি মূল কথাই আমার আগের মোশানের সঙ্গে এক রকমের হলেও আমরা দেখলাম আমার আগের মোশানের আপনারা বিরোধিতা করলেন। সেই সময় নোস বললেন, তারপর আবার আমার কথার সমর্থনেই একটা মোশান আনলেন। এটা একটা অদ্ভুত ব্যাপার। মানসিক দিক থেকে আপনাদের অনেক কথার সঙ্গে একমত হলেও আগের মোশানটা যদি আপনারা সমর্থন করতেন তাহলে আমরাও উদার মনোভাব নিয়ে দাঁড়াতে পারতাম, কিন্তু তা আপনারা করলেন না। এখানে বলছেন, কর্মী সংখ্যা কমে যাচ্ছে, এভিনিউ অব এমপ্লয়মেন্ট কমে যাচ্ছে অথচ আপনারাই এখানে অবসরের বয়সসীমা ৬০ বছর বলে ঘোষণা করলেন। কেন্দ্রে বি.জে.পি. সরকার এসে ৬০ বছর করার সঙ্গে সঙ্গে আপনারাও ৬০ বছর করে দিলেন। আপনারা কি জানেন না এর ফলে নতুন এমপ্লয়মেন্টের ক্ষেত্রে কত লোক সুযোগ হারালো? বাইরে ট্রেড ইউনিয়ান করতে গিয়ে আপনারা এক রকম কথা বলেন, আর এখানে এসে অন্য রকম কথা বলেন। কেন্দ্রে বি.জে.পি. সরকার এসে তাদের কর্মচারীদের অবসরের বয়স সীমা ৫৮ থেকে ৬০ করার সঙ্গে সঙ্গে এখানেও মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী রাজ্যসরকারী এবং আধা সরকারী কর্মচারীদের অবসরের বয়সসীমা ৫৮ থেকে বাড়িয়ে ৬০ করে দিলেন। তাহলে আপনাদের নীতিটা কি? আপনারা এক দিকে কর্মী সংখ্যা কমার কথা বলছেন অপর দিকে এখানে সরকারী ও আধা সরকারী ক্ষেত্রে ৬০ বছর করে দিলেন। এর প্রতিবাদ করুন তাহলে বুঝবো যে মোশান এনেছেন তার পেছনে আপনাদের সততা আছে। আপনাদের এই যে ডুয়েল পলিসি এর বিরোধিতা করার জন্য আপনাদের মোশানকে সমর্থন করতে না পারার ব্যাপারে আমার বক্তব্য রেখে আমি শেষ করছি।

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীরবীন দেব, রবীন মন্ডল এবং অন্যান্যদের আনা এই প্রস্তাবকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। কেন্দ্রের যে বি.জে.পি. সরকার, এই তদারকি সরকারের আজকে কোন নৈতিক অধিকার নেই কিন্তু তবুও তারা ক্ষমতার অপব্যবহার করে, অপপ্রয়োগ করে গুরুত্বপূর্ণ অনেক ব্যাপারে সিদ্ধান্ত নিচ্ছে। গুরুত্বপূর্ণ, মৌলিক জাতীয় নীতি এই তদারকি সরকার পরিবর্তন করতে পারে না। এমন কি এই সরকার ক্ষমতায় অধিষ্ঠিত থাকার জন্য ইলেকসান কমিশনেরও নির্দেশ মানছেন না। সে দিক থেকে তার প্রতিবাদ করার জন্য যথার্থভাবেই এই প্রস্তাব আনা হয়েছে। আমরা জানি, বি.জে.পি. সরকার ক্ষমতায় বসেই স্বদেশীয়ানার নামে ভাঁওতা দেবার প্রচেষ্টা করেছিলেন কিন্তু তাদের সেই অপচেষ্টা মানুষ ধরে ফেলেছেন। যেমন নাকি পূর্বে কংগ্রেস সরকার গরিবী হটানোর নাম করে গরীবদের হটিয়ে দিয়েছিলেন, সাধারণ মানুষ সেই ভাঁওতা বুঝতে পেরে কংগ্রেসকে বর্জন করেছে। আজকে বি.জে.পি. সরকারকেও সাধারণ মানুষ এই হঠকারিতার জন্য বর্জন করবে, এই বিষয়ে কোন সন্দেহ নেই। আজকে এই প্রস্তাব যথার্থ সময়ে আনার জন্য, তাদের এই জনস্বার্থ বিরোধী বিপন্নকামী কার্যকলাপের নিন্দা করে যে প্রস্তাব আনা হয়েছে, আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[1.40–1.50 p.m.]

**শ্রীশোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রবীনবাবু এবং আরো কয়েকজন এখানে যে প্রস্তাব এনেছেন, এটা রাজনৈতিক প্রস্তাব, ইলেকশানের কাজে লাগাবার জন্য একথা বলেছেন। মুলতঃ আপনি জানেন যে, উনি এখানে বলেছেন যে কেন্দ্রে একটা সরকার হয়েছে, তদারকি সরকার। কেন এই তদারকি সরকার কেন্দ্রে হল সেটা আপনারা সকলেই জানেন। বাংলার মুখ্যমন্ত্রী জ্যোতি বসু কাদের হাতে হাত মিলিয়েছেন, যার জন্য এই তদারকি সরকার তৈরী হল কেন্দ্রে। লালু প্রসাদ যাদব নামটা জ্বলজ্বল করছে ভারতবর্ষের রাজনীতির মঞ্চে। আকাশের নক্ষত্রের মত জ্বলজ্বল করছে, তাদের সঙ্গে হাত মিলিয়ে হাঁটলেন দিল্লীতে। হাঁটলেন মুলায়েমের সঙ্গে, হাঁটলেন জয়ললিতার সঙ্গে, হাঁটলেন মুসলীম লীগের সঙ্গে এবং এই হাউসে বসে ঐখানে দাঁড়িয়ে জ্যোতি বসু বলেছিলেন যে, সোনিয়া গান্ধী দেহ দেখিয়ে রাজনীতি করেন। তার কাছে গিয়েও বললেন, 'দেহী তব পদ বল্লভ মূদারম। স্মরণধ্বনীতে নিয়োগো আমারে দিওনা দিওনা সরায়ে।' সেই সোনিয়ার পায়ে ধরে বলেছেন যে তোমাকে প্রধানমন্ত্রী করবো, করে বললেন যে আমরা এক মিনিটে সরকার গড়ে দেবো। কিন্তু হল না। সরকার এক মিনিটে হলনা, ৫ মিনিটে হলনা, অনেক পথ অতিক্রম করেও সরকার তৈরী হলনা। অথচ দায়িত্বজ্ঞানহীনের মত একটা সরকারকে ফেলে দিলেন, কিন্তু সরকার গঠনের হিম্মত নেই। সেজন্য কেন্দ্রে একটা তদারকি সরকার আছে। আপনারা এখানে বলেছেন যে, সরকারী প্রশাসনিক কাঠামোকে সংকুচিত করা হচ্ছে। রাজ্যের বামফ্রন্ট সরকার গঠনের সেটা করছে না? আমি নিজে মদ খেয়ে বলবো যে, মদ খাস না, মদ খেলে সিরোসিস অব লীভার হবে। এই সব কথা কি মানায়? রবীনবাবু অবশ্য এই ধরনের কথাবার্তা বলেন। আপনারা নিজেরা সরকারী পরিচালনায় সংকোচন করছেন না? আমরা সংবাদ পত্রে দেখেছি যে এক হাজার কোটি টাকা নিচ্ছে ক্যালকাটা কর্পোরেশান। তার মূল উদ্দেশ্য কি? ক্যালকাটা কর্পোরেশানে বিশ্ব ব্যাংক টাকা দেবে তাদের লোক কমাতে হবে, প্রশাসন সংকোচন করতে হবে, লোক সংখ্যা কমাতে হবে। এই শর্তে ক্যালকাটা কর্পোরেশানকে বিশ্ব ব্যাংক এক হাজার কোটি টাকা দিচ্ছে। সি.এস.টি.তে আপনারা কি করেছেন? ভি.আর.এস. দিচ্ছেন, আর লোকসংখ্যা কমাচ্ছেন। কেন্দ্রীয় সরকার যা করেছেন, রাজ্য সরকার একটু পরে করছেন। আপনারা একটু বিপ্লব করে নিচ্ছেন, তারপরে সেই রাস্তা দিয়ে হাঁটছেন। তারা প্রতিটি স্তরে একই রাস্তা দিয়ে হাঁটবার চেষ্টা করছেন। আমরা দেখছি যে কনট্রাকচ্যুয়াল সার্ভিস শুরু হয়েছে। আজকে সংবাদপত্রে বেরিয়েছে যে, ক্যালকাটা ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান বেলঘরিয়াতে তাদের শ্রমিকদের বসিয়ে রেখেছেন, কনট্রাক্টরদের দিয়ে কনট্রাকচ্যুয়াল সার্ভিস করাচ্ছেন। প্রত্যেকটি সরকারী সংস্থা, আধা সরকারী সংস্থায় আজ কন্ট্রাকচ্যুয়াল জব শুরু হয়েছে। আমি দেখছি যে আমাদের সংস্থায় যেখানে সেখানে কর্মীদের বসিয়ে রেখে কন্ট্রাকচ্যুয়াল জব দেওয়া হচ্ছে। গার্ডদের সংখ্যা কমিয়ে দেওয়া হচ্ছে, কর্মীদের সংখ্যা কমিয়ে দেওয়া হচ্ছে এবং সেখানে কনট্রাকচ্যুয়াল কাজে যাওয়া হচ্ছে। এটা নতুন কথা কি? আমার যেটা প্রশ্ন আপনাদের কাছে সেটা হচ্ছে, আপনারা বলছেন যে রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা বিলগ্নীকরণ এবং

বহুজাতিক সংস্থাকে কাজ পাইয়ে দেওয়া। এই ক্ষেত্রে আমার দুটো প্রশ্ন আপনাদের কাছে সেটা হচ্ছে, কেন্দ্রে যখন দেবগৌড়ার সরকার ছিল, আই. কে. গুজরালের সরকার ছিল, আপনাদের সমর্থন নিয়ে সেই সরকার চলছিল। তখন বিলগ্নীকরনের বিরুদ্ধে আপনারা একটি কথাও বলেননি। ব্যাংককে ডি-ন্যাশানালাইজ করার ব্যাপারে আপনারা একটি কথাও বলেন নি। সেদিন পার্লামেন্ট ফ্লোরে আপনাদের কোন বিপ্লবীকে দেখা যায়নি, যারা দাঁড়িয়ে সেদিন সরকারকে - (ভয়েজ) চুক্তি তো তার আগে হয়েছে, চুক্তি তো তার পরে হয়নি। সেদিন আপনাদের কোন নেতা, বা কোন পার্লামেন্ট মেম্বার ঠান্ডা ঘরে বসে ঠান্ডা উপভোগ করেছেন, ঠান্ডাঘরে ঘুমিয়েছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের এই চুক্তি বাতিল করার জন্য কোন দাবী করেননি কেন? সেদিন কেন আপনাদের সরকার, আপনাদের প্রধানমন্ত্রীকে দিয়ে এই বিমা এবং ব্যাংকের ব্যাপারে কোন প্রস্তাব করেন নি এবং সরকারকে কেন বাধ্য করেন নি যে এই প্রস্তাব বাতিল করতে হবে। ব্যাংক বি-জাতীয়করণ এবং বিমা বি-জাতীয়করণের বিরুদ্ধে কোন প্রস্তাব তোলেন নি? কাজেই এই ব্যাপারটা হচ্ছে একটা হিপোক্রেসি। বামফ্রন্ট হচ্ছে একটা হিপোক্রাট।

তারা নিজেরা ভন্ড, পলিটিকাল হিপোক্র্যাট এবং ডবল স্ট্যান্ডার্ড পলিটিক্সে বিশ্বাস করেন। একটা কাজ অন্য কেউ করলে সেটা অন্যায়, তারা নিজেরা করলে সেটা প্রগতিশীল কাজ - এই যুক্তি আমি বুঝতে পারি না। আপনারা নিজেরা যদি এটা নাই চাইতেন তাহলে আপনারা যে সরকার চালাতেন সেখানে পার্লামেন্টের ফ্লোরে দাঁড়িয়ে তাদের বাধ্য করতেন, বলতেন—এই চুক্তি বাতিল করতে হবে। এই ধরণের হুমকি যদি তাদের দিতেন তাহলে বুঝতে পারতাম অপনাদের পলিটিকাল চেষ্টিটি আছে। আপনাদের না আছে পলিটিক্যাল চেষ্টিটি, না আছে আন্তরিকতা। কেবলমাত্র রাজনৈতিক স্বার্থে ভোট বাক্সের কথা চিন্তা করেন। তাই যে প্রস্তাব এনেছেন তাকে সর্বান্তকরণে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাক্ষানন্দন দাস মহাপাত্র ঃ** মিঃ ডেপুটি স্পীকার স্যার, প্রথমে শোভনদেববাবুকে একটি কথা বলে রাখি, উনি ভুল করেছেন, খেয়াল নেই, একাদশ লোকসভায় কেন্দ্রের সংযুক্ত ফ্রন্ট মন্ত্রিসভার অর্থমন্ত্রী বীমা বিল উপস্থাপিত করেছিলেন ঠিকই, কিন্তু আমরা কম্যুনিষ্ট এবং বামপন্থীরা তার বিরোধিতা করেছিলাম এবং সেদিন স্বদেশ প্রেমের নাম করে ওরাও ঐ বিলের বিরোধিতা করেছিলেন। ফলে বিলটা আটকে গিয়েছিল। এখন কংগ্রেসের সহায়তা নিয়ে সেই বিল ওরা পাশ করিয়ে নিয়েছেন।

দ্বিতীয় বিষয় হ'ল, পোখরাণ থেকে কারগিল — এই নিয়ে জাতীয়তাবাদ এবং স্বদেশ প্রেমের যে হাওয়া সৃষ্টি করা হয়েছে তার মধ্যে দাঁড়িয়ে ভারতবর্ষকে জমিদারদের বখাটে ছেলের মত আমাদের দেশের সম্পদ বেচে দিয়ে নিজেদের লোভ লালসাকে চরিতার্থ করবার জন্য ঘৃণ্য খেলায় মেতে উঠেছেন তারা, ওই তদারকি সরকার। কিন্তু দোষটা চাপিয়ে দিলেন জ্যোতি বসুর উপর। তাদের ঘর সামলানোর দায় কি আমাদের? আমরা তো ওদের ঘর ভাঙতেই চাই। ওদের স্বদেশীয়ানার শ্লোগান—সেটা ভাঙতে চাই। যারা স্বদেশীয়ানার শ্লোগান তুলেছিলেন, ১৩ মাসের দুঃশাসনের ফলে তারপর আর বৈধভাবে টিকে থাকতে পারলেন না

তারা। সেই সরকার আজকে আমাদের সংবিধানের যে ঐতিহ্য তাকে ভাঙার দায়িত্ব গ্রহণ করেছেন এবং আমাদের দেশের মূল্যবান সম্পদকে একের পর এক বহুজাতিক সংস্থার হাতে তুলে দিচ্ছেন, টেলিকমকে কেন্দ্র করে টাটা এবং আম্বানীদের দালালি করছেন, পাবলিক সেক্টরের ১০ হাজার কোটি টাকার শেয়ার বেচে দেবার চেষ্টা করছেন। এরকম একটি সরকার যে সরকার মানুষের সমস্ত রকম অর্জিত অধিকার কেড়ে নেবার চেষ্টা করছেন, সাম্প্রদায়িকতার উস্কানী দিয়ে মানুষকে অন্ধকার পথে পরিচালিত করছেন, যখন আমাদের দেশ বহু ভুলত্রুটি, ব্যর্থতার মধ্যে দাঁড়িয়েও অর্থনৈতিক ক্ষেত্রে যখন তথাকথিত বাঘের মত দেশগুলির অর্থনৈতিক পিলার একের পর এক ভেঙে পড়ছে তখন আমাদের দেশ শক্ত পিলারের উপর দাঁড়িয়ে রয়েছে, কিন্তু ওরা সেই পিলারের মূলে কুঠারাঘাত করছেন। আজকে এই প্রস্তাব পাশ করাবার মধ্যে দিয়ে আমরা বাংলা তথা ভারতবর্ষের মানুষকে সেটাই অবগত করাতে চাই। এই প্রস্তাব আগামী দিনের নির্বাচনে বাংলা এবং ভারতবর্ষের মানুষের হাতে একটি ধারালো হাতিয়ার হিসাবে কাজ করবে বলে এই প্রস্তাবকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[1.50–2.00 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রী রবীন দেব যে প্রস্তাব এনেছেন, নীতিগতভাবে তার বিরোধিতা করবার কিছু নেই। এটা ঠিক যে, ভারতবর্ষে একটা অস্বাভাবিক পরিস্থিতি সৃষ্টি হয়েছে এবং এটা অভূতপূর্ব। কারণ ভারতবর্ষের সংবিধানে ৪৯ বছরে কোন তদারকি সরকার এত বেশিদিন ক্ষমতায় থাকে নি।

সংবিধানের নিয়ম অনুযায়ী লোকসভার দুটি অধিবেশনের মধ্যে ৬ মাস ফারাক থাকতে পারে। কিন্তু এর আগে নির্বাচন কম সময়ের মধ্যে অনুষ্ঠিত হয়েছে। এবারে যেহেতু মাঝখানে বর্ষা পড়ে গিয়েছে সেই জন্য নির্বাচন দেরী করে হচ্ছে। প্রায় শেষ দিকে নির্বাচিত নূতন সরকার করতে হবে। অক্টোবরের ২০ তারিখের আগে পর্যন্ত নির্বাচন পদ্ধতি চলছে। আমাদের দেশে কেন্দ্রে রাষ্ট্রপতি শাসনের ব্যবস্থা নেই, তাই কেন্দ্রে একটা সরকারকে থাকতেই হয়, সেই সরকারের প্রতি আস্থা না থাকলেও থাকতে হয়। আমার নিজের অভিজ্ঞতা আছে তদারকি সরকারের হয়ে কাজ করার। আমি জানি একটা সংখ্যা লঘিষ্ঠ সরকার থাকলে ক্যাবিনেট সেক্রেটারী একটা নোট দেয় এবং সেটা সমস্ত মিনিষ্টারের কাছে সারকুলেট করা হয়। তাতে বলা হয় বর্তমান সরকার চলবে কিন্তু কোন পলিশি ডিসিশান, নীতিগত সিদ্ধান্ত নিতে পারবে না। এই তদারকি সরকারের মন্ত্রীদের বারে বারে বিবৃতি যে ভাবে শুনছি তাতে মনে হচ্ছে দিস ইজ এ ফুল গভর্ণমেন্ট। এটা গণতন্ত্রের সঙ্গে পরিপূরক নয়। এটা ট্রাভেসটি অফ ডেমোক্রেসী ছাড়া আর কিছু নয়। লোকসভায় আস্থা ভোটে হেরেছে, ইট ক্যান নট বি এ ফুল গভর্ণমেন্ট। অন্য কোন সরকার নেই বলে ওদের কাজ চালাতে হচ্ছে। সংবিধানের অসম্পূর্ণতার সুযোগ নিয়ে কাজ চালাচ্ছে। এর মধ্যে কারগিলের যুদ্ধ আছে। যেহেতু যুদ্ধ সেই হেতু এই যুদ্ধকে কেন্দ্র করে কেন্দ্রীয় সরকারের মন্ত্রীরা নানা সিদ্ধান্ত নিয়েছেন, নানা রকম বক্তব্য রেখেছেন। সেই পরিস্থিতিতে কেউ কোন প্রতিবাদ করেন নি। যখন কারগিলের যুদ্ধ চলছিল তখন আমাদের দলের তরফ থেকে দাবি করা হয়েছিল রাজ্যসভার অধিবেশন

ডাকার জন্য। যেহেতু এই সরকারের আস্থা নেই, সেই জন্য যুদ্ধের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে রাজ্যসভা ডাকার আবেদন করা হয়েছিল। শাসক দল যেটা আছে সেটা সংখ্যা গরিষ্ঠ নয় খুবই সংখ্যা লঘিষ্ঠ। গণতান্ত্রিক রীতি-নীতি অনুযায়ী তাদের উচিত ছিল রাজ্যসভার অধিবেশন ডাকা কারগিল যুদ্ধের ব্যাপারে। কিন্তু তারা তা ডাকেন নি। যুদ্ধের পরে যে প্রশ্নগুলি তোলা উচিত ছিল সেইগুলিও তোলা হলো না। কি করে কারগিলে অনপ্রবেশকারীরা ঢুকলো, যখন বাজপেয়ী লাহোরে বাস নিয়ে ঢুকেছিল সেই সময় অনুপ্রবেশকারীরা ঢুকেছে কিনা এই সমস্ত প্রশ্নে কোন জবাব পাওয়া গেল না। এই পরিস্থিতিতে তদারকি সরকার যে সিদ্ধান্তগুলি নিচ্ছে সেইগুলি চোখে পড়ার মতো। রবীনবাবু যতগুলি বলেছেন সবগুলি আমার জানা নেই। সম্প্রতি যেটা কাগজে দেখেছি, যেটা রাষ্ট্রপতি বারণ করেছেন সেটা হচ্ছে টেলিকমের বিষয় নিয়ে। বাজপেয়ী সরকার নূতন একটা টেলিকম পলিশি চালু করেছেন যেটা হচ্ছে প্রাইভেট টেলিফোন কোম্পানী যেগুলি আছে সেলুলার অপারেটর ইত্যাদি, তারা কিছুদিন থেকে দাবি জানাচ্ছিল যে তাদের কিছু সুযোগসুবিধা দিতে হবে, তারা চালাতে পারছে না, তাদের লাইসেন্স ফি কম করে দিতে হবে। এই ব্যাপারে কোন সিদ্ধান্ত নরমালি নেওয়া উচিত নয়। কারণ টেলিকম পলিশির একটা মৌলিক নীতি আছে। যখন জগমোহন মন্ত্রী হিসাবে বললেন যে এই ব্যাপারে উনি কিছু সিদ্ধান্ত নিতে পারবেন না তখন তাকে সরিয়ে দেওয়া হলো। তাকে সরিয়ে দিয়ে বাজপেয়ী নিজে তার দায়িত্ব পালন গ্রহণ করলেন। প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন যে টেলিকম পলিশির সমস্ত দাবি মেনে নিয়েছেন। এটা বহু কোটি টাকার ব্যাপার, এই রকম সিদ্ধান্ত নিতে পারেন না। এর আগে রাষ্ট্রপতি কে. আর. নারায়ণন-কে দেখেছি বিমা চালু করতে দেন নি। এই বি. জে. পি. সরকার এর আগে বিহারের রাবড়ীদেবীর সরকারকে বরখাস্ত করতে চেয়েছিল, রাষ্ট্রপতি নাকচ করে দিয়েছেন। এবারেও রাষ্ট্রপতি তাদের টেলিকম পলিশিতে মত দেন নি। একই প্রশ্ন উঠেছে ইন্ডিয়ান এয়ারলাইন্স-এর ব্যাপারে, সেখানে ডিসইনভেষ্টমেন্ট হচ্ছে, শেয়ার বিক্রি করা হচ্ছে। গ্যাস অথরিটি অফ ইন্ডিয়া একটা লাভজনক কেন্দ্রীয় সরকারের সংস্থা, বম্বে হাই-এর গ্যাস বিভিন্ন জায়গায় নিয়ে যায়। তার শেয়ার বিক্রি করা হচ্ছে। রাষ্ট্রায়ত্ত সংস্থার মধ্যে চিদাম্বরম এইগুলিকে নবরত্ন বলতেন।

সেই নবরত্নের শেয়ারগুলো বিক্রি করছে। তার মধ্যে ভারত হেভি ইলেকট্রিক্যাল্স এবং ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন, এই ধরণের কোম্পানীগুলো আছে। আমি মৌলিক ভাবে এই বিলগ্নীকরণের বিরোধী, যেখানে সংস্থাগুলো ভাল চলছে। সংস্থাগুলো যদি ভাল চলে তাহলে তাদের বাজার থেকে টাকা তোলার দরকার নেই। তারা ব্যাঙ্ক থেকে টাকা ঋণ পেতে পারে এবং নিজস্ব রিসোর্স জেনারেট করতে পারে। রাষ্ট্রায়ত্ব সংস্থা ভাল চললেও তাকে প্রাইভেট সংস্থা থেকে টাকা তুলতে হবে, আমি এই মতের সঙ্গে একমত নই। অথচ বাজপেয়ী সরকার এই ধরণের সিদ্ধান্ত নিয়েছে। একটা তদারকি সরকার চলছে, কাজ চলার ব্যাপারে তারা কিছু সিদ্ধান্ত নিতে পারে। যেমন, কোন আমলা সরকারী কাজে বাইরে যাবেন, সেই ব্যাপারে সই করতে পারেন। তার বিদেশে যাবার ব্যাপারে ক্লিয়ারেন্স দিতে পারেন, সেই ব্যাপারে ফাইন্যাল সই করে দিতে পারেন। কিন্তু

তদারকি সরকার নতুন কিছু প্রোগ্রাম ইনিশিয়েট করতে পারে না। এমন কি তাদের কোন অর্ডিনান্স আনার অধিকার নেই। রাষ্ট্রপতি এই রকম কোন অর্ডিনান্সে সই করেন না। সেখানে বিজেপি সরকার যেভাবে চলছে, আমি দেখেছি, নির্বাচন ঘোষণার আগে পর্যন্ত প্রধানমন্ত্রী নিয়মমাফিক ভাবে একটার পর একটা প্রকল্পের উদ্বোধন করেছেন। আমি বুঝতে পারি না, সরকার ভেঙে যাওয়ার পর এখানে মেট্রো রেলের শিলান্যাস করতে এলেন। ইট মে বি যে নির্বাচনের দিন ঘোষণা হয়নি। কিন্তু তদারকি সরকারের প্রধান কোন মেট্রোরেলের উদ্বোধন করতে এলেন, এটা ভেবে দেখা দরকার। সরকারী টাকায়, ইন্ডিয়ান এয়ার ফোর্সের প্লেনে ঘুরে নির্বাচনের আগেই প্রধানমন্ত্রী নির্বাচনের প্রচারটা সেরে নিয়েছেন। আমি মনে করি, এটা অনৈতিক, যেভাবে এটা করা হয়েছে তা নিশ্চয়ই ঠিক নয়। নির্বাচনে দেশের মানুষ নিশ্চয়ই এই কথা বিবেচনা করবেন। এগুলো যদি লিপিবদ্ধ না করা হয় যে, তদারকি সরকার কতটা করতে পারে বা না পারে, এর পরে ভারতবর্ষের সংবিধানের পরিবর্তন দরকার হলে, তদারকি সরকারের কাজকর্ম বেঁধে দেওয়া হবে। কনডাক্ট অফ বিজনেস্ রুলস্ যেটা থাকে সেটা বেঁধে দেওয়া হবে। এরপর নানা কোম্পানী, টেলিকম একটা সুবিধার ব্যাপার। এছাড়া ইন্ডিয়ান এয়ার লাইন্সের প্লেন কেনার কথা চলছে। এর মধ্যে মিলিটারী হার্ডওয়ার বেশী টাকায় কেনার চেষ্টা চলছে। আর তিনমাসের মধ্যে সরকার তৈরী হবে, সুতরাং এর মধ্যে কোন বড় পার্চেজ ডিসিসন নেওয়া উচিত নয়। টেলিকম পলিশি নেওয়া, ডিস-ইনভেষ্টমেন্ট করা উচিত নয়। সেই কারণে আমি সর্বতোভাবে এর বিরোধিতা করছি। সেজন্য আমি এই প্রস্তাবকে নীতিগত ভাবে সমর্থন করছি। এটা আমাদের গণতান্ত্রিক দায়িত্ব। এই প্রতিবাদকে আমি সমর্থন করছি।

[2.00–2.10 p.m.]

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি প্রথমে মাননীয় সদস্য রবীন দেব প্রমুখ যে প্রস্তাব রুল ১৮৫ মোশান যেটি এনেছেন তাকে সমর্থন করছি। আমি আনন্দিত, যদিও সুব্রতবাবু একটু আগে বিরোধিতা করছিলেন, কি কারণে তা বুঝলাম না, সৌগতবাবু আপত্তি করেছেন নীতিগত ভাবে। আমি আবেদন করবো, এই প্রস্তাবকে সবাই সমর্থন করবেন। আমি আনন্দিত যে বাজপেয়ী সরকার ভোটে পরাজিত হয়েছেন এবং অনেক কাঠ-খড় পুড়িয়েও সরকার রাখতে পারেন নি। দুর্ভাগ্যবশতঃ একটা বিকল্প সরকার গঠিত হয়নি। তার জন্য ওরা অনেক কাঠখড় পুড়িয়েছিলেন। আমি সেইসব কথায় যাচ্ছি না। ওরা চেয়েছিলেন —শুধু ভোটে পরাস্ত হয়েছিলেন— নির্বাচনটা যাতে করা যায়। এটা ওরা চেয়েছিলেন। তাই নয়, এটাও করতে পারতেন না যদি না সাম্রাজ্যবাদী শক্তির মদত থাকতো, বৃহৎ বাণিজ্যিক গোষ্ঠীর মদত না থাকতো। তারা মদত দিচ্ছে কারণ তাদের স্বার্থ সেখানে জড়িত আছে। তারা চেয়েছিল এই কেয়ারটেকার গভর্ণমেন্টের উপরে ভিত্তি করে এদের পেছনে যদি বিনিয়োগ করা যায় তাহলে সেটা সুবিধা হবে এবং তাদের যে স্বার্থ সেটা চরিতার্থ হবে। এই সরকার তথা তদারকি সরকার যে পদক্ষেপ নিচ্ছেন সেই পদক্ষেপের থেকেই পরিষ্কার হয়ে যাচ্ছে

যে তাদের স্বার্থগুলো কি? এখানে যে সব কথা বলা হয়েছে আমি সে সবের মধ্যে যাচ্ছি না। একটা তো যুক্তির কথা বলা হচ্ছে যে এসব করা হচ্ছে নাকি ঘাটতি মেটাবার জন্য—কে ওদের ঘাটতি এতো করতে বলেছিল আর কেনই বা মেটাচ্ছেন বুঝলাম না। এটা কোন আসল কথা নয়, ওরা বলছেন ঘাটতি মেটাবার জন্য করছেন,—যদি ঘাটতি মেটানোর জন্যই করেন তাহলে টেলিকমে এই যে নীতি হচ্ছে সাড়ে ৪ হাজার কোটি টাকার লাইসেন্স ফি সরকারের পাওনা ছিল, সেটা ছাড় দিয়ে দিলেন। এতে কি করে সরকার ঘাটতি মেটাবেন বুঝলাম না। এই ব্যাপারে সুব্রতবাবুও বলেছেন, আমি সেই ব্যাখ্যায় যাচ্ছি না। সেখানে মন্ত্রী যেহেতু বাধা হয়ে দাঁড়ালেন এই নীতির পক্ষে, ওটাই জগমোহনের একমাত্র দোষ ছিল যে এর বিরোধিতা করলেন। আর ১ হাজার কোটি টাকা উনি দায়ের করলেন। সেইজন্য যেহেতু তিনি বাধা হয়ে দাঁড়ালেন এই নীতি বদলাবার ক্ষেত্রে, সেহেতু মন্ত্রীসভার দপ্তর বদলে গেল। এ একটা রেকর্ড তৈরী হল, এইরকম দৃষ্টান্ত খুব কম। এর পেছনে কি স্বার্থ আছে—বলা হয়েছে এটা তুলে দিলে রেভিনিউ শেয়ার করা হবে, আমি আর বলছি না, বাকিটা বুঝে নিন কি কি শেয়ার হবে। এই বিনিয়োগ ওরা করেছেন তো এইজন্যই এবং ওরা না থাকলে সুবিধা হবে কি করে? অর্থাৎ এর পেছনে বৃহৎ গোষ্ঠী যুক্ত আছে, বিদেশী শক্তি যুক্ত আছে। একজন বিদেশী কূটনীতিক, তার নাম এখানে করছি না, তিনি কি কারণে হঠাৎ ভারতবর্ষে এলেন আর উড়ে আবার চলে গেলেন, তা আমরা জানি। আমরা জানি কোথায় তার বিনিয়োগ ইত্যাদি আছে, টেলিকম ঘটনার সঙ্গে তার কি সম্পর্ক সব আমরা জানি। যে সব সুবিধা পাওয়ার জন্যে বিনিয়োগ করছেন, যাতে করে বিকল্প সরকার না হয়, এই সরকার টিকিয়ে রাখা যায় তার চেষ্টা করছেন এবং বিলগ্নী করছেন। আমি আর এসব ব্যাখ্যায় যাচ্ছি না। এই ব্যাপারে অনেকেই বলেছেন, সুব্রতবাবু বলেছেন, সৌগতবাবুও বলেছেন-এম সি এন এল, ভি সি এন এল, আই ও সি, গ্যাস অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড এসব নবরত্ন নিয়ে আপনারা সব বলেছেন। সেখানে কি যুক্তি আছে, কি এক্তিয়ার আছে এই সিদ্ধান্ত নেওয়ার যে ৪০টি চ্যানেল সহ এফ এম চ্যানেলকে প্রাইভেটাইজেশানের হাতে তুলে দেওয়ার, প্রাইভেটের হাতে তুলে দেবার কি এক্তিয়ার আছে। স্বাভাবিকভাবেই এসব সুবিধা পাওয়ার জন্য ইন্ডিয়ান এয়ার লাইন্স, এয়ার ইন্ডিয়ার ক্ষেত্রেও কত এসব করেছেন, সেগুলো সব বলা হয়েছে। তার পরে ইন্ডিয়ান কাউন্সিল অফ হিস্টোরিক্যাল রিসার্চ তার প্রধান কে নিয়োগ হবে সেই ব্যাপারে সংঘ পরিবারের ৩ জনের নাম প্যানেলভুক্ত করা হয়েছে। তাদেরকে সেখানে বসাতে হবে ইতিহাসকে বিকৃত করবার জন্যে। আমি এরমধ্যে দেখছি ওরা তো রাজ্যসভা ডাকলেন না, এই ব্যাপারে সৌগতবাবুও বলেছেন। রাজ্যসভা ডাকলে ওখানেই সব কথা হ'ত। রাজ্যসভা যদি ডাকতেন তাহলে জানা যেত কি করে ওরা ঢুকতে পারল। সেখানে যে দোষ দেওয়া হয়েছে রিসার্চ এ্যানালাইসিস্ উয়িং এর চীফ্ ওই যে অরবিন্দ দাভেকে, তাকে যা হোক করে নিজেদের পাপস্খলনের জন্যে এটা ওটা বলে, আর যাতে সে কিছু বলতে না পারে তার জন্য তাকে রাজ্যপাল পদে নিয়োগ করে দেওয়া হল। যাতে করে সে আর অনেক কিছু বলতে না পারে। এসব কাজ কেয়ার টেকার সরকার দিয়েই করানো যেতে পারে। অন্য কোন সরকারে

এসব রেকর্ড আছে? তারপরে এন টি পি সি ওখানে তালচেরে ওই যে দ্বিতীয় তাপ বিদ্যুৎকেন্দ্র তৈরী হচ্ছে ২ হাজার মেগাওয়াটের, ওই প্রকল্পের জন্য টেন্ডার হয়েছে। ওই টেন্ডারে লোয়েস্ট হিসাবে সবাই জানেন যে ভেলকেই ধরা হয়েছিল। কিন্তু সেখানে ব্যবস্থা করে কিভাবে এ বি পিকে পাইয়ে দেওয়া যায় তার ব্যবস্থা করলেন। এর পেছনে কি স্বার্থ আছে—নির্বাচনকে সামনে রেখে তার জন্য যা যা লাগবে তার ব্যবস্থা করার জন্যে চেষ্টা করছেন এবং কি করে সব জোগাড় করা যায় তার জন্যই কেয়ার টেকার গভর্ণমেন্টকে টিকিয়ে রাখতে হবে। আবার বলা হয়েছে সারচার্জ বসানো হবে, এটা নিয়ে একটা আলাদা প্রস্তাব আছে, আমি সেটা বলছি না। কেয়ার টেকার গভর্ণমেন্ট এসব কিছু করতে পারে কিনা জানার দরকার আছে। অর্থমন্ত্রী প্রকারন্তরে সারচার্জ বসাবে না এই কথাটাতো বললেন না। তখন তো বলতে পারলেন না যে, টাকার অভাব হবে না, কোন অসুবিধা হবে না ইত্যাদি। অথচ আমরা দেখতে পাচ্ছি যে, গুরুত্বপূর্ণ স্বার্থ যেসব বিষয়ে জড়িত, গুরুত্বপূর্ণ সব প্রশ্ন জড়িত, সেসব প্রশ্নের বিষয়ে এরা কিছুই করতে পারছেন না। তারপরে আরেকটা বিষয় নিয়ে অনেকদিন ধরেই বলছি যে, এখানে অনেকেই আছেন যারা হয়ত উচ্ছের রস খান, করলার রস খান।

তারা জানেন ব্লাড সুগার হলে, এইসব হলে হয়ত সম্ভাবনা থাকলে কম হবে। এটা নূতন আবিস্কার নাকি ওরা করেছে। এই যে জাম নিয়ে, করলা নিয়ে, বেগুন নিয়ে আগে তো এইসব হয়ে গেছে; বাসমতী-টাসমতী নিয়ে হয়েছে, তারপরে কিছু হলুদ নিম নিয়ে এইসব হয়ে গেছে, এখন সম্প্রতি ঐটা হল। কেয়ারটেকার গভর্ণমেন্ট করছে। কৈ এটা তো প্রতিবাদ করলেন না? কিছুই বোঝা যাচ্ছে না। সামনে গ্যাট-এর রিভিউ হবে, ৫ বছর পরে রিভিউ হবে, এটা ডিসেম্বর মাসে রিভিউ হবে। আপনারা এই ব্যাপারে কি প্রস্তুতি নিচ্ছেন? এটা তো আমরা কিছুই বুঝতে পারছি না। এটা তো নীতিগত কোন ব্যাপার নয়। প্রস্তুতি তো নিতে হবে। আমাদের বায়ো-পাইরেসি প্রিভেন্ট করার জন্য ব্যবস্থা নিতে হবে। কি প্রস্তুতি নিচ্ছেন আপনারা কৈ সেই ব্যাপারে তো কিছু দেখা যাচ্ছে না। আমাদের এখানে প্ল্যান্ট বিডারস রাইটস মানতে হবে। সেটা লেজিসলেশানে এরা আনতে পারবে না, পার্লামেন্ট নেই বলে। কিন্তু কি প্রস্তুতি হবে? এইসব নিয়ে আমরা দেখছি, দেশের যা পরিস্থিতি এখন, আক্রমণ হচ্ছে, তাই আমি আর এই ব্যাপারে কথা বাড়াতে চাচ্ছি না। ওরা আরো অনেক ঘটনা হয়ত ঘটাতে যাচ্ছে। আমাদের পশ্চিমবাংলায়, আজকে খবরের কাগজে আছে, আমাদের রাজ্যপাল প্রধান বিচারপতি নিয়োগ নিয়ে কি হবে, না হবে, এইসব নিয়ে ওরা এখন ব্যস্ত হয়ে পড়েছে। ওদের আর তর সইছে না ২ মাস! আসল কথা হচ্ছে, কেন এই সব করছেন। কারণ হচ্ছে একটাই ওদের ফ্যাসিবাদী মনোভাব, সংসদীয় গণতন্ত্রে একটা পার্লামেন্ট নেই। একটা কেয়ার টেকার গভর্ণমেন্ট রয়েছে। রাষ্ট্রপতি যেসব বিষয়ে আপত্তি করছেন, সেখানে রাষ্ট্রপতির পরামর্শ শুনতে ওরা নারাজ। রাষ্ট্রপতি ফেরত পাঠাবার পরেও এরা জারিজুরি করছেন। এই জিনিস ওরা করছেন, ওরা এইসব সহ্য করতে চান না। আর একটা বড় স্বার্থ হচ্ছে, যারা ওদের পিছনে বিনিয়োগ করেছিলেন, যাতে করে এই সরকার আস্থাভোটে জিততে পারে, যাতে করে সরকার হেরে না যায়, যাতে করে সরকারের পতন না হয় এবং বিনিয়োগকারীদের

স্বার্থ রক্ষা করবার জন্য, কারণ সেই বিনিয়োগকারীরা জানে, তারাও নিশ্চিত নয়, এই সরকার থাকবে কিনা, কিংবা ফিরে আসবে কিনা, আর ওরা যারা তদারকি সরকারে আছে ওরাও জানেন যে ওরা ফিরে আসতে পারবে কিনা, তাই তারা তাড়াহুড়ো করছেন। যাওয়ার আগে আমাদের দেশের যা কিছু আছে, আমাদের বিনিয়োগকারীদের স্বার্থে সেটা যাতে বিক্রি করে নিয়ে যাওয়া যায় সেইজন্যই আমাদের সমস্ত দিয়ে বিরোধিতা করতে হবে। আমি জানিনা শোভনদেববাবু কেন এর বিরোধিতা করছেন! আপনারা তো তদারকি সরকারে নেই, আপনাদের হয়ত ডাকে নি, আপনারা নিতে পারেন নি, আপনারা কেন বিরোধিতা করবেন, আমি সকলের কাছে আবেদন করবো, আপনারা ঐক্যবদ্ধভাবে এটাকে সমর্থন করুন।

**শ্রী রবীন দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে প্রস্তাব এখানে উত্থাপন করেছি, অন্যান্য সদস্যদের সহযোগিতায়, সেই প্রস্তাবের সমর্থনে যারা বলেছেন তাদের অভিনন্দন জানাচ্ছি, সাথে সাথে ২ জন সদস্য আছেন, এর মধ্যে একজন চলে গেলেন, তৃণমূলের শোভনদেব চট্টোপাধ্যায় আর অদ্ভুতভাবে সুব্রতবাবু বিরোধিতা করলেন। আমি সৌগতবাবুকে ধন্যবাদ জানাচ্ছি তিনি সুন্দরভাবে এটা উপলব্ধি করেছেন এবং তিনি তার বক্তব্যর সমর্থনে মূল প্রতিপাদ্য বিষয় যা ছিল একটা তদারকি সরকারের কি এক্তিয়ার আছে সেই সম্বন্ধে বলেছেন। আমরা জানি আমাদের জনবিরোধী নীতি অনেকদিন ধরে আমাদের দেশের উপরে চাপিয়েছে এই সরকার। আমরা এর জন্য সংগ্রাম ও আন্দোলন করছি। আমাদের স্বাধীনতার পরের থেকে এতদিন পর্যন্ত ১৩ জন প্রধানমন্ত্রী হয়েছেন, ১৩ জনের মধ্যে ইতিপূর্বে একজন ছিলেন চরণ সিং, তার মন্ত্রিসভার সদস্য ছিলেন সৌগতবাবু, তিনি পেট্রোলিয়াম দপ্তরের মন্ত্রী ছিলেন, ১৯৭৯ সালের জুলাই মাস থেকে ১৯৮০ সালের ১৩ই জানুয়ারী পর্যন্ত, তার পরে আবার ১৯৯১ সালের ৬ই মার্চ থেকে ১৯৯১ সালের ২০শে জুন পর্য্যন্ত চন্দ্রশেখরও তদারকি সরকারের দায়িত্ব পালন করেছেন। মাঝখানে আমরা জানি ১৩ দিন, ১৩ দিন করে ২৬ দিন এক সময় লাল বাহাদুর শাস্ত্রীর মৃত্যুর পর, তারপরে ইন্দিরা গান্ধীর মৃত্যুর পর ১৩ দিন ১৩ দিন করে গুলজারি লাল নন্দ জওহরলাল নেহেরুর মৃত্যুর পর তিনি ছিলেন। এই ২ বার ১৩ দিন ১৩ দিন করে; কিন্তু সেটাও অস্থায়ী প্রধানমন্ত্রী। কিন্তু এই যে গত ১৭ই এপ্রিল-এর পর যে সরকারটা আমাদের ঘাড়ে চাপল—শোভনদেববাবু ঐ ব্যাপারটা বুঝতে পারেননি—এই সরকারের তো অনাস্থা প্রস্তাবের জন্য পতন ঘটেনি। এই সরকারেরই আস্থা প্রস্তাবের জন্য তাদের পতন ঘটেছে। আস্থা প্রস্তাব কেন নিতে হল, যারা সমর্থন করছিলেন তারা সমর্থন প্রত্যাহার করে নিয়েছেন, ঐ জয়ললিতা যার বিরুদ্ধে মামলা আছে, এখানে উনি বললেন, আমাদের সাথে যুক্ত করে দিলেন, কিন্তু তিনি ছিলেন ঐ সরকারের সবচেয়ে বড় শরিক, বি.জে.পি.র পরেই।

[2.10–2.50 p.m. including adjournment]

তাদের সংখ্যাগরিষ্ঠতা নেই এইকথা জানা সত্ত্বেও তারা পদ আঁকড়ে ছিলেন। রাষ্ট্রপতির এটুকু ক্ষমতা আছে এবং আমাদের সংবিধানে যে নির্দেশ আছে, মন্ত্রিসভা

রাষ্ট্রপতির সিদ্ধান্ত মত চলবেন। বিশেষ ক্ষেত্রে তার ক্ষমতা আছে, যেখানে সরকার তার সংখ্যাগরিষ্ঠতা হারায়, তখন তার মতামত ব্যক্ত করা রাষ্ট্রপতির এক্তিয়ারের মধ্যে পড়ে। রাষ্ট্রপতি তাদের সংখ্যাগরিষ্ঠতা দেখানোর জন্য সময় দিয়েছিলেন এবং তারা আস্থা প্রমাণ করতে পারেন নি। তারই ফলশ্রুতিতে এই অবস্থা তৈরী হয়েছে এবং বিরোধীরাও সরকার গড়তে পারেন নি। ২৪শে এপ্রিলের পর থেকে এই কেয়ার টেকার সরকার চলছে এবং এই সরকার একটার পর একটা সৌগত রায় এবং সূর্যকান্ত মিশ্র সুন্দরভাবে উল্লেখ করেছেন—ব্যবস্থা গ্রহণ করেছেন, এটা হচ্ছে আমাদের সংসদীয় ব্যবস্থার উপরে আক্রমণ। শোভনদেব বাবু এখানে কিছু অশালীন উক্তি করলেন, যেটা শিষ্ঠাচার বিরোধী, রুচি বিরোধী, এটা তাদের দলের সঙ্গে মানানসই, তাদের নেত্রীর আচরণের সঙ্গে মানানসই। যে উক্তি তিনি এখানে করেছেন তার সঙ্গে সংসদীয় রীতি-নীতির কোন যোগাযোগ নেই। আমরা লক্ষ্য করছি এই তদারকি সরকার তারা একটা অজুহাত আনছেন ফুল গভর্ণমেন্ট হিসাবে কাজ করছেন। এটা অজুহাত, সংবিধানে কোথাও তদারকি সরকার বলে লেখা নেই, সংবিধানে তো অনেক কথা লেখা নেই। সংবিধানে লিখিত আছে মৌখিক প্রশ্নে কনভেনশান আছে, আগেকার কনভেনশানের কথা এখানে উল্লিখিত হয়েছে। ৩১শে মার্চ যে আর্থিক বছর শেষ হল সেদিন রামকৃষ্ণ হেগড়ে ঘোষণা করলেন—যে কথাটা মাননীয় মন্ত্রী এখানে উল্লেখ করলেন—৯৪৩টি এই রকম জিনিসপত্র রয়েছে, যার মধ্যে তরিতরকারি থেকে উচ্ছে পর্যন্ত রয়েছে। আমাদের সেই সুযোগ তারা বিদেশীদের হাতে তুলে দিচ্ছেন, এই আমদানি-রপ্তানি নীতি তারা এখানে চালু করে দিলেন। আমি বেশী উদাহরণে যাব না, এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন এবং সৌগতবাবু বলেছেন, এই তদারকি সরকার দায়িত্ব গ্রহণ করার পরে—সি. আই. আই.-য়ের যে রিপোর্ট বেরিয়েছে কয়েকদিন আগে যে ১৬৫টি প্রফিটিবল রাষ্ট্রায়ত্ব সংস্থা আছে, তার সামনের সারিতে যে দশটি সংস্থা আছে তার মধ্যে আটটি হচ্ছে পাবলিক সেক্টর ইউনিট। তার মধ্যে অন্যতম হচ্ছে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন, ভি. এস. এন. এল, মহানগর টেলিকম নিগম, জিঙ্ক ইত্যাদি। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশানকে কিভাবে দুর্বল করা হচ্ছে দেখুন, ডিস-ইনভেষ্টমেন্টের নামে যার শেয়ারের দাম ছিল ৫৭০ টাকা, সেটাকে নামিয়ে এনেছি ২৮০ টাকা। একটা এই ধরনের প্রফিটেবল সংস্থা, যে সংস্থা আমাদের দেশের স্বয়ম্ভরতার ক্ষেত্রে দায়িত্ব পালন করে এসেছে, এই রকম একটা সংস্থার শ্রমিক কর্মচারীদের রক্তে-ঘামে তৈরী একটা কোম্পানিকে বিদেশীদের হাতে তুলে দেবার জন্য এর শেয়ারের দাম কৃত্রিমভাবে ৫৮০ টাকা থেকে নামিয়ে ২৮০ টাকা করা হয়েছে। একটা রাষ্ট্রায়ত্ত সংস্থাকে দুর্বল করার কোন এক্তিয়ার আছে এই তদারকি সরকারের? এখানে এর আগে উল্লিখিত হয়েছে চল্লিশটি শহরে এস. এফ. সম্প্রসারণ বে-সরকারী সংস্থার হাতে তুলে দেওয়া হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয় যে কথাটা উল্লেখ করলেন, টেলিকম প্রশ্নে আজকে জগমোহনকে বিদায় নিতে হল। ৪,৫০০ কোটি টাকা নিয়ে আজকে কতগুলো সংস্থাকে প্রাইভেট সংস্থার হাতে তুলে দেওয়া হচ্ছে। সেই প্রাইভেট সংস্থাগুলো কারা, না রিলায়েন্স, তারা কারা টাটা, তারা কারা — এসার, তারা কারা - হিউজেস ইস্পাত, এই সমস্ত সংস্থাগুলোর

হাতে তুলে দেওয়া হচ্ছে। যে সব পুঁজিপতিদের একমাত্র উদ্দেশ্যই হচ্ছে মুনাফা, যাদের জনগণের প্রতি কোন দায়বদ্ধতা নেই, রাষ্ট্রের প্রতি তাদের কোন দায়বদ্ধতা নেই। আমি তাই নির্দিষ্টভাবে উল্লেখ করেছি এই প্রস্তাবের মধ্যে, ভেবে দেখুন।

ডিস ইনভেস্টমেন্টের পরিমাণ আগে কি ছিল। ১৯৯১-৯২ সালে ৩ হাজার ৩৮ কোটি টাকা। ১৯৯৪-৯৫ সালে ৫ হাজার ৭৮ কোটি টাকা। ১৯৯৮-৯৯ সালে ১ হাজার ২০০ কোটি টাকা। আমাদের অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে, এই বছর ১০ হাজার কোটি টাকা ডিস ইনভেস্টমেন্ট ঘটাবেন। এর আগে জানেন যে, এক কলমের খোঁচায় ৮টি রাষ্ট্রায়ত্ত সংস্থাকে বেসরকারীকরণের সিদ্ধান্ত নিয়েছেন। কোন মন্ত্রীসভার সিদ্ধান্ত নিয়ে বেসরকারীকরণ এর আগে ঘটেনি। ওই শোভনদেব বাবু চলে গেলেন, উনি এমন একটা সরকারের হয়ে গলাবাজি করছেন, যারা আমাদেরকে এক ভয়ঙ্কর অবস্থার মধ্যে ফেলে দিয়েছে। আমাদের রাজ্যের ৩৫০ কোটি টাকার সেস তুলে দেওয়ার চেষ্টা করেছিলেন। আমাদের কিছুটা অন্য যোগানের রাস্তা রাখতে হয়েছে, জানিনা কি পরিমাণ হবে। ওদের নেত্রী প্রায়ই বেঙ্গল প্যাকেজের কথা বলেন। মহাজন এখানে ১০ই ফেব্রুয়ারী ব্রিগেডে দাঁড়িয়ে ঘোষণা করেছেন যে, ওটা চালু করছেন। আর ওখানে কেন্দ্রীয় মন্ত্রী দিলীপ রায় বলছেন যে, কোন প্রশ্নই আসে না। আমাদের রাজ্যে ২৫০ কোটি টাকা সেস ছাড় দিয়ে সি ই এস সি'র কথা বলেন, পয়লা জানুয়ারী থেকে ফুয়েল সারচার্জ কমবে। তার কারণ ২৫০ কোটি টাকা ছাড় দিতে হয়েছে সেসে। ওদের ওই তদারকি সরকার একটার পর একটা আক্রমণ করে যাচ্ছে। তারা কিছুই মানে না। হিউম্যান রিসার্চের কথা বলেন। ওদের ক্ষমতা ওরা কুক্ষিগত করতে চাইছেন। ওখানে আর এস এসের কোন লোককে বসাতে চাইছেন। এমন কি সোনিয়া গান্ধীর যে সংস্থা আছে, সেটাকে ও সহ্য হচ্ছে না। তারা কোন কিছুই মানে না। তারা সংবিধান মানে না। তারা একটা দল, এক ধর্ম, এক জাতি এই ভিত্তিতে দেশ চালাতে চায়। এর আগেও বলেছি যে, স্বরাষ্ট্র সচিব থেকে শুরু করে সমস্ত ক্ষেত্রেই তাদের মনোমত লোককে বসাবার জন্য চেষ্টা করে যাচ্ছেন। যেটা সৌগতবাবুও উল্লেখ করেছেন যে, মনমত লোককে বসাতে হবে, আর এস এসের লোকদের বসাতে হবে। যারা সংঘ পরিবারের কথা বলবেন, তাদেরই বসাতে হবে। আমাদের দেশের কথা, এখানকার মানুষের কথা, আপামর জনসাধারণের কথা তাদের চিন্তায় নেই। শোভনদেববাবু তো অসহযোগিতা করবেনই। এছাড়া উপায় নেই। তিনি একদিকে মালিকের কথা বলেন, আবার একদিকে ট্রেড ইউনিয়ন করেন।উনি যারা দেশকে বিদেশীদের হাতে তুলে দিচ্ছেন, তাদের হয়ে ওকালতি করছেন।আর যারা বিরোধিতা করছেন এই সমস্ত জিনিষের তাদের সম্পর্কে অশালীন উক্তি করে যাচ্ছেন। উনি বিধানসভার রীতি-নীতি মানেন না। ওনার দলও রীতি নীতি মানেন না। তবে সব শয়তানেরই এক রা হতে পারে। আপনারাও তো একই হবে তাতে কোন দ্বিধা নেই। আপনারা দেখছেন যে সব জায়গা থেকে আপনারা সরে যাচ্ছেন। ওই দিল্লী থেকে সরে যাচ্ছেন, রাজস্থান থেকে সরে যাচ্ছেন, মহারাষ্ট্র থেকেও সরে যাচ্ছেন। আগামী দিনে সব জায়গা থেকেই সরে যাবেন। হ্যাঁ, আমরা রাজনীতির লক্ষ্য নিয়েই এই প্রস্তাব উত্থাপন করেছি। রাজনীতি মানে মত প্রকাশ করা।

আমরা মানুষের কথা ভাবি। তাই জনমতের কথা ভেবেই এই প্রস্তাব আমরা উত্থাপন করেছি। আমি আশা করি সকলেই এই প্রস্তাবকে সমর্থন করবেন এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Rabin Deb that—এই সভা মনে করে যে, বর্তমানে কেন্দ্রে অধিষ্ঠিত লোকসভায় আস্থাভোটে পরাস্ত বি.জে.পি.-জোট সরকার তদারকি সরকার হিসাবে প্রতিষ্ঠিতমাত্র এবং ঐ সরকারের সাংবিধানিক বা প্রথাগতভাবে কোন গুরুত্বপূর্ণ মৌলিক নীতি গ্রহণ বা কার্যকরী করার কোন অধিকার নেই।

এই সভা অবগত আছে যে, কোন তদারকি সরকারকে কোন নির্বাচিত সংসদের কাছে তার জবাবদিহি করতে হয় না এবং অতীতে লোকসভা ভেঙ্গে যাবার পর যাঁরা অন্তবর্তীকালীন প্রধানমন্ত্রী হয়েছেন তারা বা তাদের মন্ত্রিপরিষদ কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেন নি।

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, বর্তমান কেন্দ্রের তদারকি সরকার বেশ কয়েকটি জনস্বার্থ-বিরোধী নীতি গ্রহণ এবং কার্যকর করছে, যেমন—

(১) সরকারী প্রশাসনিক কাঠামোকে সংকুচিত করা;
(২) বিভিন্ন উপায়ে সরকারী কর্মচারীদের সংখ্যা কমানো এবং নিয়োগ বন্ধ করা;
(৩) পরিষেবায় ঠিকাদারী প্রথার প্রবর্তন করা;
(৪) বৃহৎ বাণিজ্যিক গোষ্ঠীগুলিকে বিশেষ সুবিধা করে দেওয়া;
(৫) রাষ্ট্রায়ত্ত সংস্থার পরিবর্তে বহুজাতিক সংস্থাকে বরাত পাইয়ে দেওয়া; এবং
(৬) কয়েকটি রাষ্ট্রায়ত্ত সংস্থায় বিলগ্নীকরণ ও এফ. এম. বেতার সম্প্রচারের বেসরকারীকরণ করা।

অতএব, এই সভা কেন্দ্রের তদারকি সরকারের এইসব অনৈতিক জনস্বার্থ-বিরোধী ও স্বনির্ভরতা বিপন্নকারী কার্যকলাপের তীব্র নিন্দা করছে।

was then put and carried.

**Mr. Deputy Speaker :** The House is adjourned for thirty minutes.

(At this stage the House was adjourned till 2.50 p.m.)

[2.50–3.00 p.m.]

**(After recess)**

**Motion Under Rule 185**

**Mr. Deputy Speaker :** Now, I call upon Shri Prabhanjan Mondal to move his motion under Rule 185.

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ভারতের বর্তমান পরিস্থিতি বিবেচনা করে আপনার অনুমতি নিয়ে—ভারতবর্ষের মানুষের উপর ভারতবর্ষের তদারকি সরকার বর্তমানে যে নতুন নতুন ট্যাক্স এবং সেস বসানোর যে দুরভিসন্ধি তার বিরোধিতা করছি। আমি মুভ করছি যে—"এই সভা অবগত আছে যে, ত্রয়োদশ লোকসভা নির্বাচনের তারিখ ইতিমধ্যে ঘোষিত হয়েছে এবং নির্বাচনী আচরণবিধিও লাগু হয়েছে।

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, বর্তমানে কেন্দ্রের তদারকি সরকার বেশ কিছু সিদ্ধান্ত কার্যকর করে এই রাজ্যসহ সমগ্র দেশের জনগণের উপর আর্থিক বোঝা চাপিয়ে অবর্ণনীয় বিপর্যয়ের মধ্যে ঠেলে দিয়েছে।

এই সভা মনে করে যে, কেন্দ্রের তদারকি সরকার জনগণের প্রতি দায়বদ্ধতার পরিবর্তে সংকীর্ণ দলীয় স্বার্থে দেশের সংসদীয় রীতিনীতিকে যথেচ্ছভাবে লঙ্ঘন করে চলেছে।

এই সভা আরও মনে করে যে, কেন্দ্রের তদারকি সরকার জনগণের উপর নতুন কোনও আর্থিক বোঝা কোন অবস্থাতেই চাপাতে পারে না।

অতএব, এই সভা বর্তমান কেন্দ্রের তদারকি সরকার কর্তৃক জনগণের উপর যে কোন ধরণের কর বা সেস্ আরোপের তীব্র বিরোধিতা করছে এবং সাথে সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই ধরণের জনবিরোধী পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত থাকতে দাবী জানাচ্ছে।"

(গোলমাল)

### Point of Order

**শ্রী সুব্রত মুখার্জী :** স্যার, আমার একটা পয়েন্ট অফ্ অর্ডার হচ্ছে এখানে যে মোশান আনা হয়েছে তাতে সব কল্পনার ভিত্তিতে করা হয়েছে, কেন্দ্রীয় সরকার এখনও কোন ট্যাক্স চাপান নি।

**শ্রী রবীন্দ্র নাথ মন্ডল :** স্যার, এই মোশানের মূল কনটেন্ট হলো আন্ডার দা লীডারশিপ্ অফ্ দিস কেয়ারটেকার মিনিস্ট্রী তারা বিভিন্ন ভাবে বিভিন্ন রকম কর ইমপোজ করছে। তারা জনবিরোধী নীতি গ্রহণ করছে। ওরা অনেক ডিস্ইনভেস্টমেন্ট করছে। এ্যাপ্রিহেন্ডিং দ্যাট আমরা মনে করছি এই সভা উদ্বিগ্ন যাতে কোন রকম ভাবে ইমপোজিশান অফ নিউ ট্যাক্সেস না হয়। মানুষের জীবনে দুঃখকষ্ট যেন আর না বাড়ে তার জন্য আমাদের দায়বদ্ধতা আছে।

**শ্রী সুব্রত মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রবীনবাবু যেটা বললেন করের বোঝা চাপানোর বিরুদ্ধে প্রস্তাব এনেছেন, তিনি পরিষ্কার ভাবে বলবেন যে এই কর কেন্দ্রীয় সরকার চাপিয়েছেন। এটা জনস্বার্থ বিরোধী। এই প্রস্তাবে উনি কোন পজিটিভ বা কোন ইতিবাচক কথা এখানে উল্লেখ করেন নি।

**Mr. Dy Speaker :** Under the Rule, the motion is in order. That is why we have admitted it.

(গোলমাল)

**শ্রী আব্দুল মান্নান ঃ** মিঃ ডেপুটি স্পীকার স্যার, মাননীয় সদস্য সুব্রত মুখার্জি রাইটলি পয়েন্ট আউট করেছেন। আমরা এমন কোন বিষয়ে আলোচনা করতে পারি না যেটা ছায়ার সঙ্গে যুদ্ধ করা হয়। জনগণের উপর ট্যাক্স যখন বোঝা হয়ে দেখা দেবে তখন নিশ্চয় আমরা বিরোধিতা করব। কিন্তু আমরা যদি আশংকার উপর ভিত্তি করে বিধানসভায় আলোচনা করি তাহলে তা বিধানসভার মর্যাদা রক্ষার ক্ষেত্রে উচিত কাজ হবে না। দেশের অন্যান্য বিধানসভা আমাদের বিধানসভার দিকে তাকিয়ে থাকে। সুতরাং, আজকে আশংকার উপর ভিত্তি করে আলোচনা করব, এটা ঠিক নয়। ওদের সাথে আমাদের রাজনৈতিক বিরোধিতা আছে ঠিকই। দিল্লীতে যে সরকার রয়েছে তারা জনস্বার্থ বিরোধী কাজ করছে, তাদের বিরুদ্ধে আন্দোলন করছি এবং করার জন্য সহযোগিতা করছি, সব ঠিক আছে। কিন্তু সম্পূর্ণ আইন মেনে কোন কাজ করতে হবে। গায়ের জোরে, সংখ্যাধিক্যের জোরে সব কিছু করা যায় না। এ্যাপ্রিহেনশনের উপর কোন আলোচনা হতে পারে না। আমার মনে হয়, এই মোশান আলোচনা করা উচিত হবে না। একটা কেয়ারটেকার সরকার ২০০ পারসেন্ট বা কত ট্যাক্স বসাতে যাচ্ছে তার উপর এ্যাপ্রিহেনশন করে কোন মোশান মুভ করা যায় না। তাই এই মোশান মুভ না করে ড্রপ করে দিন। বি. জে. পি.-র বিরুদ্ধে লড়াই আমরা করব। কিন্তু আশংকার উপর ভিত্তি করে এই আলোচনা করলে তা বে-আইনি হয়ে যাবে।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। কি কি সময়ে একটা মোশান তোলা যায় না সে ব্যাপারে ১৮৭ রুলে আছে 'ইন অর্ডার দ্যাট এ মোশান মে বি এ্যাডমিসেবল ইট স্যাল স্যাটিসফাই দি ফলোয়িং কন্ডিশনস, নেমলি ঃ এখানে আপনি পয়েন্টগুলো লক্ষ্য করুন (১) ইট স্যাল রেইজ সাবস্ট্যানসিয়ালি ওয়ান ডেফিনিট ইস্যু, এখানে বলছে, 'যে কোন ধরণের কর বা সেস্'—তার মানে এটা ওয়ান ডেফিনিট ইস্যু নয়। (২) তাহলে ইট স্যাল নট কন্টেইন আর্গুমেন্টস্, ইনফারেন্সেস, আইরনিক্যাল এক্সপ্রেশনস, ইম্পুটেশনস অর ডিফ্যামেটরি ষ্টেটমেন্টস্; এটাতে ইনফারেন্সেস্—ওরা যে কোন কারণে মনে করছে কেন্দ্রীয় সরকার কর বসাতে পারে। দিস ইজ এ্যান ইনফারেন্স। ইট ইজ নট এ্যা ফ্যাক্ট। (৩) ইট স্যাল বি রেষ্ট্রীকটেড টু এ ম্যাটার অফ রিসেন্ট অকারেন্স; তার মানে সাম্প্রতিককালে ঘটতে পারে এই রকম একটা ব্যাপার। কিন্তু এক্ষেত্রে কি ঘটছে তা স্পেসিফিক্যালি বলতে হয়। হতে পারে একটা ইনফারেন্স করলেন। কিন্তু তার উপর একটা মোশান হতে পারে না। আজকে যদি আপনি এই মোশানটা এ্যালাউ করেন তাহলে ভবিষ্যতে যে কোন সরকার যে কোন সিদ্ধান্ত এর উপর ভিত্তি করে নেবে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** স্যার, এই যে মোশান এসেছে এটা রুলসের বিরোধী। যেটা সৌগতবাবু বলেছেন ১৮৭-এ। এটা তাৎপর্যপূর্ণ, চিন্তার বিষয়। এটা যদি এ্যালাউ করেন তাহলে খুব খারাপ নজির সৃষ্টি হয়ে থাকবে আমাদের বিধানসভায়। পরবর্তীকালে

আমরাও অনেক কিছু আনতে পারব আপনি কিছুই করতে পারবেন না। আমাদের চিফ হুইপ আব্দুল মান্নান বলেছেন যে, ভারতবর্ষের মানুষ এই বিধানসভার দিকে তাকিয়ে থাকে। সুতরাং, এই জিনিস আমরা চাই না। আমরা কেন্দ্রীয় সরকারের নিশ্চয় বিরোধিতা করব। যে কর আরোপ করেছেন বা করবেন তার বিরোধিতা করব। কিন্তু এই মোশান নিয়ে, অনুমানের উপর ভিত্তি করে আনা এই মোশান নিয়ে যদি আলোচনা করি তাহলে তা খুব খারাপ নজির হয়ে থাকবে।

সেজন্য আপনাকে অনুরোধ করব যে, এই মোশানকে উইথড্র করে নেওয়া হোক। এ ব্যাপারে আলোচনা স্থগিত হোক। কর যদি বসায় তখন আমরা ১০০ পারসেন্ট এর বিরোধীতা করব। দরকার হলে আন্দোলন করব, দরকার হলে আমরা সেই কর আরোপের বিরোধীতা করব। কিন্তু যে কর চাপানো হয় নি তার সম্বন্ধে একটা ইনফারেন্স করে আমরা যদি আলোচনা করি, ইট উইল বি এ ভেরি ব্যাড্ প্রিসিডেন্ট ইন দিস আগস্ট সেশন। আপনার অবগতির জন্য অনুরোধ করছি যে, এই মোশান নিয়ে আর আলোচনা না করে এটাকে উইথড্র করে নেওয়া হোক। যদি সরকার কর বসান তাহলে আমরা নিশ্চয়ই তার বিরোধিতা করব এবং আমরা যে কোন আন্দোলনের জন্য প্রস্তুত আছি।

[3.00–3.10 p.m.]

**Shri Rabindranath Mondal :** প্রথমতঃ হল রুল ১৯১, "The Speaker may, after considering the state of business in the House and in consultation with the Leader of the House, allot a day or days or part of a day for the discussion.

প্রথম কথা হল ঠিকই আছে, এটা আপনিও বোঝেন, আমিও বুঝি। বিষয়টা হল আজকে আপনার মোশান যেটা আনা হয়েছে এটা বিজনেস এ্যাডভাইসরি কমিটিতে এর ম্যাটারগুলো ডিস্কাসড্ হয়, সেখানে লিডার অফ দি অপোজিশন, ওদের চীফ হুইপ, জ্ঞানসিং সোহন পাল মহাশয় ছিলেন। এরকম জিনিষ যেটা হাউসে একবার আলোচনা হয়েছে, কলিং এ্যটেনশনে আলোচনা হয়েছে, দুঘন্টা সময় দিয়ে আলোচনা হয়েছে। তারপরও ফুয়েল সারচার্জের উপর ৩১৯ এখানে এ্যাক্সেপ্টেড্ হয়েছে। এক্ষেত্রে সমস্ত রকম নিয়ম-নীতি ভঙ্গ করে বিরোধীদের এই মর্যাদা দেওয়া হয়েছে। আপনার বিজনেস এ্যাডভাইসরি কমিটিতে আমরা সকলেই ঐক্যমত হয়েছি। ওদের পক্ষ থেকে যে মোশান আনা হয়েছে আমাদের পক্ষ থেকেও এবং সেখানে ক্যাটেগরিকেলি এই বিষয় নিয়েও আলোচনা হয়েছে। যেহেতু আগে রবীন দেব যে মোশান এনেছেন সেটা ডিসইনভেস্টমেন্টের উপরও, এটাও বলা হয়েছিল যে আমরাও বুঝেছিলাম যে একটা নতুন ধরণের ট্যাক্স ইম্পোজ হতে চলেছে। কিন্তু সেটা একটা এ্যাপ্রিহেনশনও নয়। এ্যাপ্রিহেনশনের উপর হয় নি। আমাদের জেনারেল ফিচার হল আজকে বিভিন্ন রকম যা ট্যাক্সেস্ হচ্ছে, সেস্ বাড়ছে তাতে আমরা এ্যাপ্রিহ্যান্ড করছি। এই কেয়ারটেকার গভর্ণমেন্ট আরও রিপ্রেসিভ মেজার নিতে পারে, 'টু রিড্রেস্ দি সাফারিং অফ দি জেনারেল পিপল্'। আমরা মনে করি যে হাউসের একটা দায়িত্ব আছে। সেজন্য

আমরা রুলিং বেঞ্চ থেকে এই মোশান এনেছি।' It is admitted by the Speaker, it is admitted in the B. A. committee. So it is in the carried.'**এটাই হল আপনার কাছে** আমার সাবমিশন।

**মি. ডেপুটি স্পিকার ঃ** নো ফারদার ডিসকাশন। আপনারা তো বললেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমার একটা পারসোনাল এ্যক্সপ্ল্যানেশন আছে। আমাকে কোট করে বলা হয়েছে, সেজন্য আমি এই পারসোনাল এ্যক্সপ্ল্যানেশন দিতে চাইছি। স্যার, যেটা উনি বলেছেন যে, 'বিজনেস এ্যডভাইসরি কমিটিতে ওদের চীফ হুইপও ছিলেন, তিনি এটা সার্পোট করে গেছেন'। আমি স্যার বলছি, প্রথমতঃ আমাদের সই করার জন্য বলা হয়েছিল। তখনই আমরা বলেছিলাম যে, নিশ্চয়ই সেন্ট্রাল গভর্ণমেন্টের বিরুদ্ধে আমাদের বক্তব্য আছে। তারা যে পথে চলছে, জনস্বার্থ বিরোধী কাজ করছে, তার বিরোধিতা করার জন্য আমরা আছি। কিন্তু একটা এ্যাপ্রিহেনশন করে—আমার শত্রু বলে কালকে যদি কেউ বলে জ্যোতিবাবুকে চীফ মিনিষ্টার থাকতে দেব না—আমিও চাই না জ্যোতিবাবু এক সেকেন্ডও এখানে চীফ মিনিষ্টার হয়ে বসে থাকুন—কিন্তু আমাকেও আইনের মধ্যে যেতে হবে। যেহেতু আমার মেজরিটি নেই, আমাকেও মেনে নিতে হবে, আইনের পথে যেতে হবে। আমরা সেটা বলেছিলাম এ্যাপ্রিহেনশন করে কোন মোশান আনলে সেটাকে এ্যাডমিশন করবেন কিনা স্পীকার সাহেব? মাননীয় স্পীকার সাহেবও জিজ্ঞাসা করেছিলেন, কি ব্যাপার? কিন্তু তখন আমরা কপিটা পাই নি। কারণ আমরা সবাই মোশানটার কপি পরে দিই, সাবজেক্ট ম্যাটারটা আগে বলে দিই। আমরা ডিটেইলস পাই নি। আজকে গভর্ণমেন্ট চীফ হুইপ যেটা বললেন যে ট্যাক্স ধার্য হতে চলেছে। স্যার, চলেছে তার উপর ভিত্তি করে আমি আলোচনা করব, স্যার, এটা কি করে হতে পারে? কিসের উপর ট্যাক্স বসেছে, কিসের উপর ট্যাক্স বসছে,—আমরা তখন ফুল্ কনটেক্সট্ না পাওয়ার জন্য আমরা তখনও প্রশ্ন তুলেছি, এখনও বলছি এই কনটেক্সটা যেটা আছে, এই মোশানে যে কনটেক্সট্ আছে তার উপর ভিত্তি করে আলোচনা করা যায় না। ছায়ার সঙ্গে যুদ্ধ করবেন? ইগো রক্ষা করবার চেষ্টা করবেন না। হাউসের মর্যাদা হানি হয়, এমন কোন কাজ করবেন না। কি ট্যাক্স বসেছে, কোথায় ট্যাক্স বসেছে, কিসের ওপর ট্যাক্স বসেছে? এটা বলুন। আমাকে মিস্-কোট্ করা হয়েছে। তাই আমি অনুরোধ করছি দয়া করে এটা উইথড্র করে নিন। এইভাবে গায়ের জোরে কোন কিছু এখানে উত্থাপন করে পাশ করাবেন না। ভিত্তিহীন জিনিস নিয়ে এখানে আলোচনা করা যায় না। এটা ফিরিয়ে নিন।

**শ্রী মানব মুখার্জী ঃ** স্যার, যে বিতর্ক চলছে সে সম্বন্ধে কিছু বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই প্রস্তাবের দ্বিতীয় প্যারায় বলা হয়েছে, "এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, বর্তমান কেন্দ্রের তদারকি সরকার বেশ কিছু সিদ্ধান্ত কার্যকর করে এই রাজ্যসহ সমগ্র দেশের জনগণের উপর আর্থিক বোঝা চাপিয়ে অবর্ণনীয় বিপর্যয়ের মধ্যে ঠেলে দিয়েছে।" 'ঠেলে দিয়েছে',

এর মধ্যে কোন অ্যাপ্রিহেনশন নেই। কেয়ারটেকার সরকার ইতিমধ্যেই কর আরোপ করেছে এবং জনগণকে আর্থিক বিপর্যয়ের মধ্যে ঠেলে দিয়েছে। সেইজন্যই এখানে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। "অতএব, এই সভা বর্তমানে কেন্দ্রের তদারকি সরকার কর্তৃক জনগণের উপর যে কোন ধরণের কর বা সেস আরোপের তীব্র বিরোধিতা করছে এবং সাথে সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকার-এর কাছে এই ধরণের জনবিরোধী পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত থাকতে দাবী জানাচ্ছে।" ইতমধ্যেই কেন্দ্রের কেয়ারটেকার সরকার জনগণের ওপর ১ লক্ষ ৬৭ হাজার ৫২৬ কোটি টাকার কর বসিয়েছে। বাজেটের মধ্যে দিয়ে তারা এই কর বসিয়েছে।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি একটা কাগজের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার হাতে কাগজটা এসেছে, শোভনদেব চট্টোপাধ্যায় আমাকে দিয়েছেন। কাগজটা হচ্ছে, গভর্ণমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গল, ডিপার্টমেন্ট অব পার্লামেন্টারি অ্যাফেয়ার্স, চীফ্ হুইপ সেকশন।

(এই সময় মিঃ ডেপুটি স্পীকারের পরিবর্তে মিঃ স্পীকার আসন গ্রহণ করেন।)

**শ্রী সৌগত রায় :** স্যার, পয়েন্ট অব অর্ডার। চীফ হুইপ অফিস থেকে একটা কাগজ বেরিয়েছে, অ্যাজেন্ডা ফর দি মিটিং অব দি ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেম্বলি টু বি হেল্ড অন টুয়েন্টিয়েথ জুলাই অ্যাট ইলেভেন এ. এম.। তারপর কি কি প্রোগ্রাম থাকবে। প্রোগ্রাম হচ্ছে—(ডি) মোশান আন্ডার রুল ১৮৫—অ্যাপ্রিহেনডেড ডিসিশন অব দি ইউনিয়ন গভর্ণমেন্ট টু ইমপোজ নিউ ট্যাক্সেস—নোটিশ গিভেন বাই শ্রী প্রভঞ্জন মন্ডল অ্যান্ড আদার্স। এখনই মানব মুখার্জী বললেন, ট্যাক্স বসেছে। কিন্তু চীফ্ হুইপের সামারি থেকে এটা পরিষ্কার যে, অ্যাপ্রিহেনডেড ডিসিশনের ওপর এই বক্তব্য। সেইজন্য আমি আপনাকে বলছি, আপনি কাইন্ডলি মোশানটা পড়ুন, তাহলেই দেখবেন যে, "তদারকি সরকার কর্তৃক জনগণের উপর যে কোন ধরণের কর বা সেস আরোপের তীব্র বিরোধিতা করছে," তার মানে ইন দি ফিউচার কোন কর বা সেস আদায় করা না যায়, তার বিরোধিতা করছি। স্যার, আমি অলরেডি আমাদের রুল বই-এর ১৮৭ নং ধারাটা পড়েছি। তাতে কি কি কন্ডিশনে মোশান দেওয়া যায় না, তা দিয়েছে।

[3.10–3.20 p.m.]

তাতে কি কি কন্ডিশনে মোশন দেওয়া যায় না তা দিয়েছে। সেটা আমি বোলস্টার করার জন্য দেখছি, কাউল এ্যন্ড সাকদারের বইতে রুলসে পুরোপুরি দেওয়া হয়েছে। কাউল এ্যন্ড সাকদারের বইয়ের ৬০৫ পাতায় আছে, কনডিশন্স অফ অ্যাডমিসিবিলিটি—"In order that a motion for discussion of a matter of general public interest may be admissible, it should raise substantially one definite issue." আর ওরা বলছেন কি, যে কোন কর বা সেস। তা মানে ইট ইজ ডেফিনিট, It is not a single issue. It is a number of issues. ওরা ইনফারেন্স করছে কাগজে পড়ে যে, কারগিলে যুদ্ধটা হয়েছে ওরা ইনফারেন্স করছে যে কর আদায় হতে পারে। এটা আইরনিক্যাল

এক্সপ্রেসন্স। সুতরাং এই দুটো এবং ইট শ্যাল বি restricted to a matter of recent occurence.। অলরেডি অকার করেছে এইরকম একটা ঘটনা এখানে আলোচনা করা যেতে পারে। কাউল এ্যন্ড সাকদের ফারদার এ ব্যাপারে আপনার দায়িত্ব ক্লিয়ারলি বলে দিয়েছেন যেটা ৬০৭ পাতায় আছে যে স্পীকার কি করবেন? "A motion or a part thereof may be disallowed by the Speaker if in his opinion it is an abuse of the right of moving a motion or is calculated to obstruct or prejudicially affect the procedure of the House or is in contravention of the rules". Sir, this motion is clearly in contravention of the Rules as per Kaul and Shakdher, Page No. 607: "The Speaker has the inherent power to rule out a motion at any time before it is voted upon on the ground that it involves an abuse of the forms and procedure of the House." স্যার, এটা আপনার ইনহারেন্ট রাইটস আছে। সেইজন্য আমি আপনার কাছে অ্যাপিল করছি যে, ঠিক আছে, ভুল বশতঃ একটা মোশন ছাপা হয়ে গেছে, এখনো মোশনটা তো মুভ করা হয়নি, আপনার তো অধিকার আছে যে, রুলস্ অফ্ প্রোসিডিওর ছাড়া যদি কোন কিছু মোশন আসে ইনফারেন্সের উপর নির্ভর করে—এটা এমন কিছু মানি বিলও নয়, প্রেসটিজ ইস্যু নয় স্যার,—আমাদের হাউসে একটা নিয়ম থাকুক, এর পর নইলে কেউ বলবে, অমুক মন্ত্রী সি. পি. এম পার্টি ছেড়ে দিতে পারেন, মন্ত্রিসভা থেকে পদত্যাগ করতে পারেন, কিম্বা তার পার্টি ভেঙে যেতে পারে, এই ধরণের ব্যাপার নিয়ে এই হাউসে কি আলোচনা হবে? কিসের অ্যাপ্রিহেনশন হচ্ছে তা নিয়ে আলোচনা হতে পারে? তাই আপনার কাছে আমি অ্যাপিল করছি, আপনি পার্লামেন্টারী নর্মস এ্যন্ড প্রসিডিওরস' ফলো করে ইন কিপিং with the high office and dignity of your chair, আজকে এ ব্যাপারে রুলিং দিন। আপনার কাছে আমার হাম্বেল সাবমিশন, আপনি এই মোশন রুল-আউট করুন। এতে মহাভারত কিছু অশুদ্ধ হবে না, সরকার পড়বে না, ফিনান্সিয়াল ক্ষতি হবে না, কিন্তু হাউসটা একটা প্রসিডিওয়ের মধ্যে থাকবে। একটু আগে অতীশদা যে কথা বলেছেন, কেন্দ্রীয় সরকার যদি কর চাপায়, আমরা তার বিরুদ্ধে, কিন্তু কর চাপানো হল না, তার আগেই একটা মোশন হাউসে আনলাম—এটা একবার যদি করি তাহলে হাউসে আর কোন নিয়ম-কানুন থাকবে না। তাই আপনাকে আবার বলছি, এই মোশানটাকে রুল আউট করুন এবং এটা নিয়ে কোন আলোচনা হতে দেবেন না।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী :** স্যার, আমি আবার আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যে প্রস্তাবটি নিয়ে আলোচনা করা হচ্ছে সেটা সুনির্দিষ্ট একটি ঘটনার ভিত্তিতে করা হয়েছে। গত এপ্রিল মাস থেকে গোটা দেশের মানুষের উপর ১ লক্ষ ৬৭ হাজার ৫২৬ কোটি টাকার ট্যাক্স তারা ইতিমধ্যেই বসিয়েছেন। সুতরাং যেটা সৌগতবাবু বলবার চেষ্টা করছেন সেটা কিন্তু সঠিক নয়। এক্ষেত্রে যে বিষয়টি আলোচ্য, (গন্ডগোল) একটা নির্দিষ্ট বিষয়ের উপর এখানে আলোচনা হচ্ছে এবং তা হচ্ছে কর বা সেস বসানো। ক'টি সাবজেক্টের উপর হচ্ছে সেটা প্রশ্ন নয়, নির্দিষ্ট একটি বিষয় - কর এবং সেস বসানো তারই উপর আলোচনা হচ্ছে। কাজেই যে ঘটনা নির্দিষ্টভাবে ঘটেছে তারই উপর দাঁড়িয়ে

সদস্যরা আলোচনা চাইছেন। স্যার, আপনার কাছে অ্যাপিল করবো, আপনি রুলিং দিন যাতে ১৮৫ ধারা অনুসারে এই বিষয়টি নিয়ে আমরা আলোচনা করতে পারি।

**শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা ঃ** স্যার, এই যে মোশানটা এসেছে এটা আপনিও বুঝছেন, ওরাও বুঝছেন কি ব্যাপার কিন্তু বুঝেও না বোঝার ভান করছেন। সেন্ট্রাল গভর্ণমেন্ট যে ট্যাক্স বসাতে পারে বলে এ্যাপ্রিহেনসান করা হচ্ছে আমরা তার সম্পূর্ণ বিরোধী। কিন্তু তবুও আমরা এখানে দাঁড়িয়ে বলছি যে, আপনি যদি এই মোশানটা এ্যালাউ করেন আলোচনা এবং পাশ করার জন্য তাহলে হাউসের এটা রীতি হয়ে দাঁড়াবে এবং যে কোন এ্যাপ্রিহেনসানের উপর তখন হাউসে একটা ১৮৫-এ মোশান কি ৩১৯-এ মোশান আসতে পারে। পরবর্তী সময়ে তা হাউসের মর্যাদা রাখার ক্ষেত্রে একটা বিপজ্জনক অবস্থার সৃষ্টি করবে, খুব খারাপ নজির সৃষ্টি হবে। সেইজন্য আপনাকে আবার বলব, আপনি খুব ভালো করে চিন্তাভাবনা করে দেখুন যে এই মোশান আসা উচিত কিনা। কেন না এরকম মোশান এলে পরবর্তী সময়ে আরও এই ধরনের মোশান আসতে পারে যেগুলি সম্পূর্ণ ভাবে এ্যাপ্রিহেনসানের উপর ভিত্তি করে হবে। সেইজন্য আপনাকে বলব, এই রকম নজির যাতে সৃষ্টি না হয় সেটা আপনি দেখুন। ট্যাক্স বসাবার ব্যাপারটা অন্যায়, সেটার ব্যাপারে আমাদের অবস্থানের কথা নির্দিষ্টভাবে আমরা হাউসে বলেছি, বাইরেও বলেছি কিন্তু আমার অনুরোধ, হাউসে এরকম একটা খারাপ নজির সৃষ্টি করতে দেবেন না। আপনাকে বলব, আপনার মাইন্ডকে এ্যাপ্লাই করুন এবং ওদের বলুন যে এই ১৮৫-এর মোশানটা উইথড্র করে নিতে। পরবর্তীকালে যদি সত্যিকারের কর ধার্য হয় তাহলে নিশ্চয় তার বিরুদ্ধে ১৮৫ এ মোশান এনে আমরা তার তীব্র বিরোধিতা করবো।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমি একটা পয়েন্ট বলতে চাই।

**মিঃ স্পীকার ঃ** আপনাদের ব্যাপার আমি বুঝি না। লিডার বলার পর অন্য মেম্বাররা বলবেন—এটা কোথাকার নিয়ম আমি জানি না। আপনারা বারে বারে রুলস দেখান, কনভেনসান দেখান কিন্তু লিডার বলার পর অন্য মেম্বাররা বলবেন—আমি জানি না এটা কোথায় ঠিক করা আছে। লিডার সেইজ লাষ্ট। লিডারের পর বলার নিয়ম নয়। কি বলব, সবাই আপনারা লিডার। বলুন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, লিডার বলবেন না বলে আমাকে উনি আগেই বলতে বলেছিলেন। কিন্তু আপনি লিডারকে ডাকায় উনি বলেছেন। যে পয়েন্টটা উনি বলতে ভুলে গিয়েছেন সেটা উনি আমাকে বলতে বললেন বলে বলছি। একটু আগে মানববাবু বললেন যে কত কোটি টাকার ট্যাক্স বসছে। স্যার, এটা বাংলায় আছে, ইংরাজী থাকলে আপনার পক্ষে সুবিধা হত, যেহেতু বাংলায় আছে সেইহেতু একটা সমস্যা আছে। আপনিই কেটে দিতেন।

**মিঃ স্পীকার ঃ** না, না, ওটা আমার কাছে কোন সমস্যা নয়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আপনার প্রতি আমাদের পুরো আস্থা আছে। অতীতেও আপনি এরকম সিদ্ধান্ত অনেক নিয়েছেন।

**মিঃ স্পীকার :** আমার উপর আস্থা থাকলে বসে পড়ুন, আমাকে বলতে দিন।

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, আমি একটা পয়েন্ট নিয়ে বলব। এখানে মানববাবু বললেন, অনেকগুলি ট্যাক্স বসছে। এই মোশানের লাষ্ট প্যারাতে আছে, "অতএব, এই সভা বর্তমান কেন্দ্রের তদারকি সরকার কর্তৃক জনগণের উপর যে কোন ধরণের কর বা সেস আরোপের তীব্র বিরোধিতা করছে।" স্যার, এখানে যে ভাষাটি আছে তার থেকেই বোঝা যাচ্ছে যে কোন ধরণের ট্যাক্স বা সেস বসে নি। আপনারা এখানে 'বিরত' থাকতে বলেছেন। এখানে শেষের প্যারাটাই প্রমাণ করছে যে, কোন ধরণের সেস বা কর বসে নি। আপনারা আশঙ্কা করছেন এবং সেটাই লাষ্ট প্যারাটা বুঝিয়ে দিচ্ছে। কাজেই মানববাবু যেটা বললেন এটা তার সঙ্গে কনট্রাডিক্ট করছে। তাই বলছি, লাষ্ট প্যারাটা বাদ দিন, প্রথম দুটি নিন।

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** Hon'ble Member, Shri Saugata Roy has raised preliminary objection to the main motion being move under rule 185 saying that under the rules, this motion cannot be allowed and should be rejected. Its main contents are that the motion anticipates something will take place in future.

[3.20–3.30 p.m.]

That the motion raises substantially one definite issue and it contains no inferences. Now in any motion we have to go through the intent and contemplation of the motion. (interruption) Have patience.

Now the question is what is the debarment of 185? Hon'ble member Shri Saugata Roy has referred to Kaul and Shakdhar and referred to rule 187 of our Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly where it is stated that "In order that a motion may be admissible it shall satisfy the following conditions namely :—

(i) it shall raise substantially one definite issue,
(ii) it shall not contain arguments, inferences, ironical expressions; imputations or defamatory statements;
(iii) it shall not refer to the conduct or character of persons except in their public capacity;
(iv) it shall be restricted to a matter of recent occurrence;
(v) it shall not raise a question of privilege;
(vi) it shall not revive discussion of a matter which has been discussed in the same session;
(vii) it shall not anticipate discussion of a matter which is likely to be discussed in the same session;

(viii) it shall not relate to any matter which is under adjudication by a court of law.

Now we have to understand whether the question he has raised is of current occurrence or not. Whether it is subject to any decision by the Court of law or not; whether it has already been discussed in this session or not; (interruption) I will come to that in the last because that is the relevant part. "It shall not anticipate disscussion of a matter which is likely to be discussed in the same session." Now the session is closing today. There is no scope of any further discussion taking place. The only relevant aspect is whether it contains certain arguments or inferences, ironical expressions, imputations or defamatory statements. Now nowhere in this entire eight points that I have read there is anything which comes as a debarment to a motion being moved, says that, it shall not refer to an anticipatory legislation or anticipatory taxation because anticipatory taxation is also a policy of the government, which can always be criticised by anybody at any point of time. It has to be basically understood.

(Noise)

**Shri Atish Chandra Sinha :** Sir, please excuse me. You are on your legs. আপনি যেটা বলছেন তাহলে তো প্রত্যেক বার কেন্দ্রে যখন বাজেট হয় তার আগে একটা করে রেজলিউশান আনা উচিত যে বাজেট সেসানের আগে কোন ট্যাক্সেশান হবে না।

**Mr. Speaker :** Yes, because the session will continue. That is going to be discussed. Here there will be no discussion tomorrow. The session closes today. You have to understand that also. Very well. In the budget session you have the chance to discuss the budget because the whole session is going to take place.

Very well. Now whether it also has influence or not. The last paragraph of the motion reads : অতএব, এই সভা বর্তমান কেন্দ্রের তদারকি সরকার কর্তৃক জনগণের উপর যে কোন ধরণের কর এবং সেস আরোপের তীব্র বিরোধিতা করছে এবং সাথে সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই ধরণের জনবিরোধী পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত থাকতে দাবী জানাচ্ছে। এটা হচ্ছে লাষ্ট প্যারাগ্রাফ। The second paragraph says – what's the motion saying? What's the second and last paragraphs say? আমি সেকেন্ড প্যারাগ্রাফটা পড়ছি ঃ এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, বর্তমানে কেন্দ্রের তদারকি সরকার বেশ কিছু সিদ্ধান্ত কার্যকর করে এই রাজ্যসহ সমগ্র দেশের জনগণের উপর আর্থিক বোঝা চাপিয়ে অবর্ণনীয় বিপর্যয়ের মধ্যে ঠেলে দিয়েছে।

Now in this whole context what do we find - that the attitude of the motion or the context of the motion is to appeal through the State Government to the Central Government, to ask the Central Government to restrain itself from putting further burden on the people. Yes, always through the State Government - by a motion - to the Central Government through the State Government, to ask - all motions, .... (noise).. please, please. Any motion addressed to the Central Government, any motion to the Central Government will be through the State Government to ask the Central Government to do or not to do anything; yes, 'to ask' - that is the method. And there is no bar that any taxation - any taxation - proposed or not proposed will not be discussed. There is no bar in that. In the clauses given here, there is no bar, not a single bar. As such the objection is overruled - not in order.

[3.30–3.40 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ স্পীকার স্যার, আপনার এই সিদ্ধান্তের সঙ্গে আমরা একমত হতে পারলাম না, তার জন্য এই ডিবেটে আমরা পার্টিসিপেট করছি না।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের সভায় মাননীয় প্রভঞ্জন মন্ডল এবং অন্যান্যরা যে মোশান উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করে আমি সংক্ষেপে কয়েকটি কথা বলছি। স্যার, একথা অনস্বীকার্য, আমরা বারে বারে একটি কথাই বলতাম, বি. জে. পি. এবং কংগ্রেস - এই দুই দলের মধ্যে কোন তফাত নেই। আজকে এই সভায় তৃণমূল কংগ্রেসের একমাত্র সদস্যকে সমর্থন করে যে সুর তারা তুলে দিলেন এতেই প্রমাণ হয়ে গেলো, ওরা কংগ্রেসীরাই সারা ভারতবর্ষের রাজনীতিতে সাম্প্রদায়িক শক্তির উত্থানের সুযোগ করে দিয়েছেন। এতদিন যে কংগ্রেসকে বন্ধু বলে জানতাম এবং যারা মুখে বলে এসেছেন—আমরা সাম্প্রদায়িক বি. জে. পির বিরোধিতা করি, আজকে তাদের চরিত্র এখানে উদঘাটিত হয়ে গেছে।

এইগুলি বিরোধিতা করা ওদের যে ভাবে উচিত ছিল আজকে সেটা থেকে তারা বিরত থাকছেন। তাই মাননীয় সদস্য প্রভঞ্জন মন্ডল মহাশয় যে মোশান এনেছেন তা অভূতপূর্ব। ভারতের জনগণের উপর কোটি কোটি টাকার যে কর বসাচ্ছেন তাতে আমরা আশংকিত। এই তদারকি সরকারে থাকাকালীন সমস্ত কিছু লংঘন করে নূতন করে কর বসাতে যাচ্ছেন তাতে আশংকার যথেষ্ট কারণ রয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যসভার অধিবেশন ডাকার ব্যাপারে বহু দল বলেছিল। বলা যেতে পারে ওনাদের দলের পক্ষ থেকে বলা হয়েছিল, আমাদের বামফ্রন্টের অন্যান্য সদস্যরাও বলেছিলেন যে রাজ্যসভার অধিবেশন ডেকে এই সম্পর্কে বিশ্লেষণ করা হোক। কিন্তু তাতে তারা ভয় পাচ্ছেন। আমাদের ধারণা এই যে কর বসাতে চাইছেন এটা জনবিরোধী, এই ধরণের করের বোঝা জনগণের উপর চাপানো ঠিক হচ্ছে না। এটা শুধু যুদ্ধ কর নয়, আরো কিছু আছে, পোখরান থেকে শুরু করে কারগিল দখল দিয়ে নূতন করে কর

বসাতে চাচ্ছেন। সংগত কারণে মাননীয় সদস্য প্রভঞ্জন মন্ডল মহাশয় এই মোশান উত্থাপন করেছেন এবং আমি তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভন দেব চট্টোপাধ্যায় :** সম্পূর্ণ আইনকে উপেক্ষা করে এই প্রস্তাব আনা হয়েছে। যেহেতু এই আলোচনায় আমাকে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেখানে এর প্রতিবাদে আমি বক্তব্য রাখছি না।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাবকে সম্পূর্ণ ভাবে সমর্থন করছি। কংগ্রেস বন্ধুদের আমি জানাতে চাই যে, ইতিপূর্বে এই হাউসে গঙ্গা-পদ্মা ভাঙনের আশংকা করে যে প্রস্তাব এনেছেন এই ভাঙনে তাহলে মালদা বিলীন হয়ে যাবে? আসলে সুকৌশলে বি. জে. পি এবং তৃণমূলকে বাঁচাবার জন্য নূতন পথ নিয়েছেন। সেই জন্য পয়েন্ট অফ অর্ডার তুলে এই রকম জল ঘোলা করলেন। আপনারা অস্বীকার করতে পারবেন আপনাদের আমলে কেন্দ্রীয় সরকারকে দেখেছি, বি. জে. পি.-র আমলেও কেন্দ্রীয় সরকারকে দেখেছি পার্লামেন্টকে এড়িয়ে বিভিন্ন সময় অর্ডিনেন্স জারি করে পেট্রল ডিজেল এবং গ্যাসের দাম বাড়িয়ে দিয়েছেন। ভবিষ্যতে যাতে এটা না করতে পারেন তা এই প্রস্তাবের মধ্যে বলা আছে। এই বি. জে. পি. গভর্ণমেন্টকে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী অসভ্য বর্বর বলে থাকেন। আমরা দেখতে পাচ্ছি এই সরকার তাই। তাদের কাছ থেকে আমরা আর কি প্রত্যাশা করবো? আপনারা জনগণের কিছু বোঝেন না। তারা গ্রামোন্নয়নের ব্যাপারে বড় বড় কথা বলেন। তারা গ্রামোন্নয়ন না করে সামরিক খাতে কোটি কোটি টাকা বাড়িয়ে যাচ্ছেন। দেশ রক্ষা করার জন্য সামরিক খাতে ব্যয় করা দরকার। কিন্তু এই ভাবে সামরিক খাতে ব্যয় বাড়ানো মানে ভারতবর্ষের অর্থনীতিকে পঙ্গু করা। আমাদের এখানে শিক্ষা বলুন, স্বাস্থ্য বলুন, পানীয় জল বলুন সমস্ত ক্ষেত্রে হাহাকার। আমরা যদি অর্থনৈতিক স্বনির্ভরতার পথে না যেতে পারি, সামরিক খাতে ব্যয় বাড়িয়ে জনগনের উপর যদি করের বোঝা চাপানো হয় তাহলে বিশ্বের দরবারে ১৭৪টি দেশের মধ্যে আমাদের স্থান ১৩২শে হবে। আপনারা ভাল করে দেখবেন আমাদের স্থান ১৩২, ১৭৪টি দেশের মধ্যে।

তৃতীয়ত, এই করের কথা আগেই খবরের কাগজে বেরিয়েছে। উন্নয়নের প্রতিযোগিতায় আমাদের স্থান ৫২-৫৩তে। এই পরিস্থিতিতে আমাদের পশ্চিমবাংলা বিধানসভায় যে দায়দায়িত্ব আছে সেই দায়দায়িত্ব পালনে আমরা যদি ব্যর্থ হই, তাহলে ভারতবাসীর কাছে আমাদের মাথা নত হয়ে যাবে। ভবিষ্যতে আশংকার মধ্যে না গিয়ে আমরা যে একটা আশংকা প্রকাশ করছি, আপনারা এর আগে যে ভাবে গঙ্গা-পদ্মার ভাঙনের আশংকা করে যে প্রস্তাব দিয়েছিলেন, সেইরকম তদারকি সরকারের ২৬৫ নম্বর ধারায় তাদেরও ক্ষমতা নেই। আপনাদের প্রনব মুখার্জী আজকে বলেছেন যে, ২৬৫ ধারায় এই কাজ করার ক্ষমতা তাদের নেই। আজকে তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস (আই) যে ভাই ভাই সেটা প্রমাণিত হলো। আপনাদের মধ্যে এখানে এইরকম কতজন বসে আছেন তা আমার জানা নেই। আজকে জনগণের মধ্যে করের বোঝা চাপিয়ে দেবার চক্রান্ত চলছে। পশ্চিমবাংলায় আমাদের দায়দায়িত্ব পালনের জন্য যে প্রস্তাব

**আমরা উত্থাপন করেছি, তাকে আমি স্বাগত জানাচ্ছি। বিরোধী বন্ধুরা কৌশলে এই প্রস্তাবের ওপরে আলোচনায় অংশগ্রহণ না করার জন্য এটা করলেন। এই বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।**

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** (আলোচনায় অংশগ্রহণ করলেন না)।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী প্রভঞ্জন মন্ডল এবং অন্যান্যরা যে প্রস্তাব উত্থাপন করেছেন, সেই প্রস্তাবকে সমর্থন করে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা সভাকে জানাতে চাই। এটা আমরা সবাই জানি, দিল্লীতে বর্তমানে যে সরকার আছে, ভোটের ক্ষেত্রে তারা ৩৭ পার্সেন্ট ভোট পেয়েছিলেন।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** স্যার, আমার নামটা তো আপনি ডাকবেন?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনার নাম আমি আগে ডেকেছিলাম। আপনি হয়তো শোনেন নি। যাইহোক, আপনি বলবেন, তাহলে বলুন।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে যে মোশানটা এ্যাপ্রিহেন্ডেড করে রাখা হয়েছে এই কাগজে, আপনি দেখুন, সেখানে ৪ নম্বরে দেওয়া হয়েছে ডিসকাসান অন—Motion under Rule 185 regarding apprehended decision of the Union Government to impose new tax, cess. স্যার, আপনি যে কাগজটা দিয়েছেন, আপনি দেখুন, রবীন মন্ডলের প্যাডে টাইপ করা। এর পরেও বলতে চান? 'দি মোশান ইজ এ্যাপ্রিহেন্ডেড' এই শব্দটা লেখা আছে। তার পরেও লেখা হচ্ছে। রুলিং দেওয়া হয়েছে, ইট ইজ নট এ্যাপ্রিহেন্ডেড। রবীন মন্ডলের এই চিঠিতে - রবীনবাবু, আপনি দেখুন, আইন টাইন বলে তো কিছু আছে?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** সুব্রতবাবু, একটা রুলিং অলরেডি হয়ে গেছে। এখন এটার ওপরে আলোচনা করুন।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** এই কাগজটা স্পীকার সাহেব আগে দেখেন নি। তিনি ওভারলুক করে গেছেন। রবীনবাবুও ওভারলুক করেছেন। রবীনবাবুর টাইপ করা প্যাডে দেওয়া হচ্ছে কি, ১৮৫ রুলে এ্যাপ্রিহেন্ডেড ডিসিসান। এটা কি করে হয়? আমি আবার আপনার সুচিন্তিত মতামতের জন্য ওয়েট করছি।

স্যার, এই কাগজটা দেখুন, রবীনবাবু দেখুন, মানববাবু দেখুন। এই কাগজটায় অফিসিয়াল রেকর্ড এ্যাপ্রিহেনডেড আন্ডার রুল ১৮৫ আনা হয়েছে। তার ওপরে আপনি রুলিং দিন। Therefore, I again request you for your reply and ruling.

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** এটার রুলিং হয়েছে, এখন এর কোন ভ্যালু নেই। প্রিন্টেড যেটা তার উপরে আলোচনার জন্য স্পীকার পড়েছেন সেটা আলোচনা হয়েছে।

[3.40–3.50 p.m.]

**শ্রী মানবেন্দ্র মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যদের মধ্যে কেউ কেউ রাজনৈতিক অস্তিত্ব বজায় রাখার জন্যে এবং বি জে পি এবং তৃণমূল কংগ্রেসের কাছে গ্রহণযোগ্য হওয়ার জন্য সুব্রতবাবুদের মত রাজনৈতিক নেতারা তাদের অস্তিত্ব বি জে পি এবং তৃণমূলের কাছে রাখবার জন্যে যে উদ্বেগ প্রকাশ করেছেন তা খুব স্বাভাবিকভাবেই করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রী প্রভঞ্জন মন্ডল এবং অন্যান্য সদস্যরা যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। স্যার, আপনি জানেন যে বর্তমান সরকার কেয়ার টেকার সরকার। এদের জনগণের কাছে সংখ্যাগরিষ্ঠের ভোট কোনদিনই ছিল না এবং লোকসভাতেও সংখ্যাগরিষ্ঠতা হারিয়েছে। আগামী নির্বাচন না হওয়া পর্যন্ত এই কেয়ার টেকার সরকার তার দায়িত্ব পালন করছে। সুতরাং এই কেয়ার টেকার সরকার হিসাবে এই সরকার যে বাজেট পেশ করেছে সেই বাজেটে মোট ১ লক্ষ ৬৭ হাজার ৫২৬ কোটি টাকা ধার্য করা হয়েছে। আপনারা জানেন যে, সাধারণ মানুষের উপরে এই ট্যাক্সের বোঝার চাপ বিশেষ করে কাস্টমস্ এবং একসাইজ ডিউটিকে সেখানে সম্বলিত করে যে বাজেট প্রস্তাব করা হয়েছে তাতে ১ লক্ষ ৮ হাজার ৭০০ কোটি টাকার পরোক্ষ কর যেটা গত বছরের বাজেটের তুলনায় ১২ হাজার কোটি টাকা বেশী। আপনারা নিশ্চয় জানেন যে, এই ১২ হাজার কোটি টাকার বাড়তি পরোক্ষ কর বসিয়ে সাধারণ মানুষের উপরে চাপ যে দেওয়া হচ্ছে এতে সাধারণ মানুষ কি রিলিফ পাবে? কি রিলিফ বা রেহাই তাদের দেওয়া হবে? তাদের রিলিফ বা রেহাই দেওয়ার জন্য তো পরোক্ষ কর বাড়ান হয় নি। গত বছরে আমাদের বাজেটে খাদ্যশস্যের উপরে ভরতুকির পরিমাণ ছিল ৮ হাজার ৭০০ কোটি টাকা, এই বছর সেটা কমিয়ে দেওয়া হয় ৮ হাজার ২০০ কোটি টাকা। অর্থাৎ গরীব মানুষদের খাদ্যশস্যের ক্ষেত্রে ভরতুকি ৫০০ কোটি টাকা কমিয়ে দেওয়া হল। চিনির মত নিত্য প্রয়োজনীয় জিনিস যেখানে ৪০০ কোটি টাকা সাবসিডি দেওয়া হত, সেটা কমিয়ে ৩৬০ কোটি টাকা করা হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণ মানুষের উপরে এই যে বাড়তি ১২ হাজার কোটি টাকার বাড়তি কর বসানো হল। এই বাড়তি টাকা কিসের জন্য রাখছে—ওদের পক্ষে দাঁড়িয়েই আমাকে কেন্দ্রীয় সরকারের সমর্থনে একটি কথা বলতে পারি যে প্রতিরক্ষা খাতে আমাদের ব্যয় বেড়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত বছরের তুলনায় এই বছরে আমাদের প্রতিরক্ষা বাজেটে প্রায় সাড়ে চার হাজার কোটি টাকা বাড়ানো হয়েছে। স্যার, আপনি জানেন, এই মুহূর্তে ইতিমধ্যে আমাদের দেশের সীমান্তে হানাদারদের বিরুদ্ধে একটা বীরত্ব প্রকাশ করেছে আমাদের সেনা বাহিনী, সবাই সাফল্যর সাথে করে এসেছে। কিন্তু আজকে এই প্রশ্নটা আসা স্বাভাবিক যে লড়াই আমরা করে আসলাম সেই লড়াই-এর মধ্যে সেনা বাহিনীর বীরত্ব যতটুকু প্রকাশিত হোক না কেন, আমাদের কেন্দ্রীয় সরকারের ভূমিকা যথেষ্ট প্রশ্নের অবকাশ রাখে এবং এই প্রশ্নগুলির মুখোমুখি তারা হতে চাননি বলে লোকসভার কোন অধিবেশন ডাকতে তারা ভয় পাচ্ছেন এবং পিছিয়ে যাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই প্রশ্নটা আমি তুলতে চাই, যে লড়াই

আমাদের সেনা বাহিনী করল সেই লড়াই-এর জন্য তারা কতটা প্রস্তুত ছিল আমাদের সেনাবাহিনী। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই খবর খবরের কাগজে বেরিয়েছে, এমন কি হাই অল্টিচুডে দাঁড়িয়ে লড়াই করতে গেলে যে বিশেষ ধরণের জুতো লাগে, আমাদের সেনাবাহিনীর সেই জুতো পর্যন্ত ছিল না। আমরা বছরে ৪৫ হাজার কোটি টাকা ডিফেন্স এর জন্য খরচ করছি, অথচ গান রাডার বিপক্ষের দূরপাল্লার কামান ধরবার জন্য রাডার আমাদের সেনা বাহিনীর নেই। এমন কি রাত্রিবেলায় শত্রুপক্ষের উপর নজর চালাবার জন্য যে নাইট ভিসান ইক্যুইপমেন্টগুলি লাগে সেইগুলি পর্য্যন্ত আমাদের সেনাবাহিনীর কাছে নেই। বছরে ৪৫ হাজার কোটি টাকা আমরা ডিফেন্স-এর জন্য খরচ করবো আর বিদেশী হানাদারদের সামনে আমাদের সেনা বাহিনীকে যখন দাঁড়াতে হচ্ছে তখন দাঁড়াতে হচ্ছে সম্পূর্ণ অপ্রস্তুত অবস্থায়। এই মুহূর্তে আমাদের ভারতবর্ষের সেনা বাহিনী সবচেয়ে মূল্যবান হাতিয়ারের নাম ফ্রান্স থেকে কেনা মিরাজ টু থাউজেন্ড প্লেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সামরিক বিশেষজ্ঞরা এই প্রশ্নটা এই মুহূর্তে তুলছেন মিরাজ টু থাউজেন্ড এর মত এ্যারোপ্লেন, যুদ্ধ বিমান নিয়ে পাকিস্তানের সঙ্গে লড়াই করে আসলাম, এই হাই অল্টিচুডে মিরাজ টু থাউজেন্ড আদৌ একটা উপযুক্ত বিমান আমাদের কাছে হতে পারেনা। বরঞ্চ আমাদের কাছে জরুরী ছিল তুলনায় শ্লথ গতিতে উড়লেও অনেক বেশী গোলাবারুদ নিয়ে উড়তে পারে থান্ডার বোল্ট এর মত বিমানগুলি। আজকে আমাদের কাছে এই প্রশ্নগুলি স্বাভাবিক ভাবে চলে আসে। যে সরকারকে মাথায় রেখে এই হানাদারদের বিরুদ্ধে আমাদের লড়াই করতে হল তাদের নীতি আমাদের ডিফেন্স এর ক্ষেত্রে আত্মরক্ষার ক্ষেত্রে সেটা যথেষ্ট কিনা? এটা সন্দেহ করার যথেষ্ট কারণ আছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়। এই একটি সমস্যা তৈরী করার পিছনে আমাদের সরকারের ভূমিকা যথেষ্ট পরিমাণে আছে। আজ পর্যন্ত এই প্রশ্নর উত্তর পাওয়া যায়নি। যে পাহাড়ের চূড়াগুলি ১ বছর আগে আমাদের দখলে ছিল, কিসের জন্য সেই চূড়াগুলি পাকিস্থানের হানাদারদের দখলে চলে গেল। আজ পর্যন্ত এই প্রশ্নের উত্তর পাওয়া যায় নি। আমাদের ডিফেন্স মিনিষ্টার জর্জ ফার্নাণ্ডেজ এর সেই বিখ্যাত উক্তি হানাদারদের ব্যাপারটা পাকিস্তানের প্রধানমন্ত্রীও জানেন না, এমন কি আই. এস. আই. এর মত পাকিস্তানের গোয়েন্দা দপ্তর জানেন না। এই উক্তির অর্থ কি? এখনও পর্যন্ত দেশেব মানুষের কাছে তা পরিষ্কার নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সাধারণ মানুষ ট্যাক্স দিচ্ছি, অবশ্যই আমাদের দেশের প্রতিরক্ষার জন্য। আমাদের গোটা দেশের মানুষ ১০০ কোটি মানুষ, আমাদের সেনাবাহিনীর পাশে আছে। আজকে এই প্রশ্নটা ভাববার সময় এসেছে যে ট্যাক্স আমরা বসাচ্ছি বা ভবিষ্যতে আমরা যে ট্যাক্স বসাব, আমাদের প্রতিরক্ষার দোহাই দিয়ে এই রকম একটি সরকার দিল্লীতে থেকে থাকলে, দায়িত্বজ্ঞানহীন সরকার থাকলে, প্রতিরক্ষার প্রকৃত প্রতিরক্ষা খাতে এই টাকাগুলি যাবে কিনা? ফলতঃ যে আংশিক কথা এই প্রস্তাবের মধ্যে লিখিত হয়েছে এটা বাস্তব, এই সরকারের কোন যৌক্তিকতা নেই, নৈতিক যোগ্যতা নেই; এই ট্যাক্স বসানোর? কোন যোগ্যতা নেই জনগণের থেকে ট্যাক্স আদায় করার। যারা দেশের প্রতিরক্ষার মত কতকগুলি বিষয়ে মারাত্মক ত্রুটি করে আসছে, ফলতঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবকে সমর্থন

করার মাধ্যমে আপনাকে অনুরোধ করতে চাই, এই প্রস্তাব পাস হলে আমরা নিশ্চয় রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের উৎকণ্ঠা জানাব। মাননীয় বিরোধী দলের সদস্য কংগ্রেস সদস্যদের জিজ্ঞাসা করতে চাই, একটা সত্যি কথা বলতে, আপনাদের এত কুণ্ঠা কেন? আজকে টেকনিক্যাল এর আড়ালে সত্যি কথা বলতে এড়িয়ে গেলেন, এতে কিছু যায় আসেনা, পৃথিবীর ইতিহাস থেকেই দেখা গিয়েছে, দক্ষিণপন্থী ফ্যাসিস্ট শক্তি উঠবার মুখে আপনাদের মত দোদুল্যমান কেন্দ্রীয় শক্তিগুলি সত্যি কথা বলতে চিরকালই ভয় পেয়েছে।

টেকনিক্যালিটির দোহাই দিয়ে আপনারা সত্যি কথাটা এড়িয়ে যাচ্ছেন। বি. জে. পি., তৃণমূলের বিরুদ্ধে কথা বলার মত সাহস আপনাদের নেই। দেশের স্বার্থে প্রয়োজন হলে অপ্রিয় সত্য কথাটা বলার মত সাহসটুকু আপনারা হারিয়ে ফেলেছেন। আমি এই প্রস্তাবটাকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3.50–4.00 p.m.]

**শ্রী হাফিজ আলম সায়রনী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় ১৮৫ রুলসে যে মোশান আনা হয়েছে সেই মোশানকে সমর্থন করে আমি দু-চারটি কথা বলতে চাই। আমরা লক্ষ্য করলাম কংগ্রেসীরা এর তীব্র বিবোধিতা করতে লাগল, যাতে এই মোশানটার উপরে কোন রকম আলোচনা না হয়। আমরা জানি কংগ্রেস বিয়াল্লিশ বছর ধরে কেন্দ্রে ক্ষমতায় ছিল এবং এই বিয়াল্লিশ বছরে তারা কম পক্ষে বিয়াল্লিশ বার জনগণের দ্বারা নির্বাচিত সংসদকে এড়িয়ে প্রশাসনিক ভাবে ভারতের জনগণের উপরে করের বোঝা চাপিয়েছেন। কংগ্রেস যা করত তার যোগ্য উত্তরসূরী হিসাবে বি. জে. পি. সরকারও সেই কাজ করে যাচ্ছে। তাই আমরা এবং আমাদের দল মনে করে কংগ্রেস এবং বি. জে. পি.-র মধ্যে কোন তফাত নেই। এই বি. জে. পি. সরকার বুর্জোয়াদের স্বার্থ রক্ষা করার জন্য ভারতবর্ষের জনগণের উপরে যুদ্ধের নামে আবার কর বা সেস বসাতে চাইছে এবং কিছু আদায় করার পরিকল্পনা নিচ্ছে। এই বিষয়টা কিছু কিছু পত্র-পত্রিকা বা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে; তার উপরে দাঁড়িয়েই আমাদের সরকার একটা বে-সরকারী প্রস্তাব নিয়ে এসেছে। যদি তাদের সদিচ্ছা থাকত এবং গণতন্ত্রের উপরে বিশ্বাস থাকত তাহলে কংগ্রেসীরা এখানে আলোচনা করত। ওরা জানে যে কাজ আজকে বি. জে. পি. সরকার করতে চলেছে সেই কাজ ওরা বিয়াল্লিশ বছর ধরে করে এসেছে। কারগিলে পাকিস্তানের সঙ্গে ভারতের যুদ্ধ হয়েছে এবং সেই যুদ্ধে ভারতবর্ষের একশ কোটি মানুষ ভারতের সৈনিকদের পেছনে এসে দাঁড়িয়েছে এবং তারা ভারতেব প্রতিরক্ষা দপ্তরের সঙ্গে আছে। যেভাবে এই বি. জে. পি. সরকার প্রশাসন চালাচ্ছে, আমরা ইতিমধ্যে লক্ষ্য করেছি এবং বিভিন্ন পত্র-পত্রিকাতেও জানতে পেরেছি, কিভাবে সেখানে আতঙ্কবাদিরা ঢুকে পড়ল। আমাদের ইনটেলিজেন্স ব্রাঞ্চ তারা কোন খবর রাখতে পারছে না। তাই আমরা ধরে নিতে পারি ইনটেলিজেন্স ব্রাঞ্চ পুরোপুরি পঙ্গু হয়ে গেছে এবং তার জন্যই আমাদের খেসারত দিতে হচ্ছে। আমাদের ইনটেলিজেন্স ব্রাঞ্চ যদি শক্তিশালী থাকত তাহলে আমরা সতর্ক থাকতে পারতাম, তাহলে এই যুদ্ধের পরিস্থিতি

সৃষ্টি হত না। তাহলে দেশের মানুষের কোটি কোটি টাকা এই যুদ্ধের জন্য খরচ হতে পারত না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যে মোশান নিয়ে আলোচনা হচ্ছে তাতে যারা অংশগ্রহণ করেছেন, তাদেরকে ধন্যবাদ জানাই। আমরা যে বিষয়টা এখানে উত্থাপিত করেছি, তা নিয়ে এতক্ষণ ধরে আলোচনা চলছে। তাতে কংগ্রেসীরা পার্টিসিপেট করলেন না। একটা ছোট টেকনিক্যাল পয়েন্ট নিয়ে এখানের থেকে বললেন যে, পার্টিসিপেট করবেন না। পার্টিসিপেট করলে আমরা বুঝতে পারতাম যে, হ্যাঁ, সারা ভারতের মানুষ যা চাইছেন, তাদের সাথে আপনারাও হাঁটতে চেষ্টা করছেন। কিন্তু আপনারা হাঁটতে পারলেন না। এটা না পারার কারণ হচ্ছে বি জে পি ভারতের যে সর্বনাশ করতে চায়, সেই সর্বনাশের অন্যতম সাক্ষী হিসাবে আপনারা নিজেদের প্রমাণিত করলেন। আজকে বিধানসভার শেষ দিন। এটাতে আপনারা অংশগ্রহণ করলেন না, এটা ইতিহাসের পাতায় লেখা থাকবে। আমরা মনে করি যে, আপনারা কংগ্রেস, তার যে দায়বদ্ধতা আছে, জনগণের প্রতি যে দায় বদ্ধতা আছে, তা আপনারা স্বীকার করেন না। দেশের সামনে যে বিপদ এসেছে, অ্যাপ্রিহেনশান লক্ষ করে, ওই যে কার্গিল সীমান্তে যে যুদ্ধ হচ্ছে, অ্যাপ্রিহেনশান যদি ঠিক থাকে, ইন্টেলিজেন্স যদি ঠিক থাকত, তাহলে অ্যাপ্রিহেন্ড করার আগে থেকেই বুঝে উঠতে পারতেন অ্যাপ্রিহেনশান বেসড্ অন সাম রিজিন্স। যদি রিজিনের উপর বেস করে অ্যাপ্রিহেনশান তৈরী হয়, কার্গিল সীমান্তে যে সৈন্য সমাবেশ ঘটেছে, আমি অ্যাপ্রিহেন্ড করে আমার গভর্ণমেন্ট যদি চুপচাপ বসে থাকে ওয়ান ফাইন মর্নিং তারপর রিপোর্ট করবেন, তারপর আপনি কাঁড়ি কাঁড়ি টাকা ঢালবেন এবং বলবেন এবার কি হবে দেশের? আমরা সেটাই পয়েন্ট আউট করার চেষ্টা করেছি। আমরা বলছি ইয়েস দেয়ার ইজ অ্যাপ্রিহেনশান। কর তো বসিয়েছে। এই সরকার কর বসায় নি? ১ লক্ষ ৬৭ হাজার টাকার বেশী ট্যাক্স বসিয়েছে। আরও তো বাড়বে। আমরা ৪ টাকার পেঁয়াজ খেয়েছি। এই সরকারের সময়ে ৪০, ৫০ ও ৬০ টাকা পর্যন্ত পেঁয়াজ হয়েছে। ৩৫ টাকার তেল ৭০, ৮০ টাকা হয়েছে। তখন আপনারা এর বিরুদ্ধে কিছু বলেছিলেন কি? কিছুই বলেন নি। পরোক্ষভাবে এদের সমর্থনই করেছিলেন এবং আজকে আগে আপনাদের যে নীতি ছিল, সেই নীতি নিয়েই বিজেপি চালিয়ে যাচ্ছে। সেই নীতির আমরা প্রতিবাদ করছি। কিন্তু আপনারা করছেন না। ফুয়েল চার্জের ক্ষেত্রে দেখুন। এই ১৫ - ২০ দিনের মধ্যে পেট্রোল, ডিজেল, গ্যাসের উপর আবার টাকা বাড়িয়েছে। আবার এখানে ৩০ - ৩৫ পয়সা করে বাড়িয়েছে কেন্দ্রীয় সরকার। আমরা দেখছি যে, বিধানসভা, পার্লামেন্ট সমস্ত কিছু উপেক্ষা করে প্রশাসনিক কায়দায় একের পর এক দাম বাড়িয়ে চলেছে। এটা কোন আইনসিদ্ধ পদ্ধতি নয়। কোন পার্লামেন্টারী পদ্ধতি নয়। আপনারা রাজ্যপালকে পরিবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই তদারকি সরকার আবার ঘোষণা করছে যে, আই অ্যাম নট কেয়ার টেকার গভর্ণমেন্ট। এই জায়গায় দাঁড়িয়ে বলছেন পূর্ণ ক্ষমতা প্রয়োগ করছেন। রাজ্যপাল পরিবর্তন করছেন, রাজ্যসভা ডাকার জন্য বেশীর ভাগ দল বলছে, অন্ততঃ একটা ফোরাম আছে পার্লামেন্টে, যেখানে আলোচনা হতে পারে। এই জায়গায় একের পর এক এ্যাপ্রিহেনশান থেকে

আমরা এই প্রস্তাব আনছি। ট্যাক্স বেড়েছে, করের বোঝা মানুষের উপর চেপেছে। তাকে প্রতিরোধ করার জন্য শেষ দিনে এই রকম একটা ঐতিহাসিক প্রস্তাব আমরা উত্থাপন করছি। আশা করি আপনারা যারা উপস্থিত আছেন সবাই সমর্থন করবেন, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4.00–4.10 p.m.]

The motion of Shri Pravanjan Mondal that–

এই সভা অবগত আছে যে, ত্রয়োদশ লোকসভা নির্বাচনের তারিখ ইতিমধ্যে ঘোষিত হয়েছে এবং নির্বাচনী আচরণবিধিও লাগু হয়েছে।

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, বর্তমানে কেন্দ্রের তদারকি সরকার বেশ কিছু সিদ্ধান্ত কার্যকর করে এই রাজ্যসহ সমগ্র দেশের জনগণের উপর আর্থিক বোঝা চাপিয়ে অবর্ণনীয় বিপর্যয়ের মধ্যে ঠেলে দিয়েছে।

এই সভা মনে করে যে, কেন্দ্রের তদারকি সরকার জনগণের প্রতি দায়বদ্ধতার পরিবর্তে সংকীর্ণ দলীয় স্বার্থে দেশের সংসদীয় রীতিনীতিকে যথেচ্ছভাবে লঙঘন করে চলেছে।

এই সভা আরও মনে করে যে, কেন্দ্রের তদারকি সরকার জনগণের উপর নতুন কোনও আর্থিক বোঝা কোন অবস্থাতেই চাপাতে পারে না।

অতএব, এই সভা বর্তমান কেন্দ্রের তদারকি সরকার কর্তৃক জনগণের উপর যে কোন ধরনের কর বা সেস আরোপের তীব্র বিরোধিতা করছে এবং সাথে সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই ধরনের জনবিরোধী পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত থাকতে দাবী জানাচ্ছে।

was then put and carried.

**Motion under Rule 185 (regarding delay in sanction of Pension etc. to retired school teachers.)**

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** Before moving the motion I want to raise a point of order.

স্যার, আপনি দেখুন আব্দুল মান্নান, সঞ্জীব কুমার দাস এ্যান্ড আদার্স এরা একটা মোশান উপস্থিত করেছেন যে রাজ্যে বর্তমানে প্রায় ৪০ হাজার অবসরপ্রাপ্ত মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা পেনশন পাচ্ছেন না। This matter was discussed here time and again, এটা নিয়ে অনেক ডিস্কাশান হয়েছে, এখানে মন্ত্রী মহাশয় দাঁড়িয়ে স্টেটমেন্ট দিয়েছেন, ক্যাটেগরীক্যালী পয়েন্ট ওয়াইজ, নেমএয়াইজ বলেছেন। সেই জায়গায় বিরোধীরা কোন উত্তর দিতে পারেন নি। এখানে ওনারা একজন শিক্ষকের কথা বলুন যিনি টার্মস অফ রেফারেন্স মেনটেইন করেও পেনশন পান নি। Not a

single one. This is my point of order. এই বিষয়টা আবার এখানে তুলছেন, আমি মনে করি এটা এখানে তোলাটা বোধ হয় ঠিক হবে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, যে মোশান এনেছি—স্যার, আমরা জানি প্রভঞ্জনবাবুর আর কিছুই বলার নেই, আগেরটা বে-আইনী ভাবে হয়েছে বলে ওনার গাত্রজ্বালা মেটানোর জন্যই উনি বলছেন। উনি একটা প্রস্তাব আনুন, আমি চ্যালেঞ্জ করছি, ওনার প্রস্তাবে বিধানসভা থেকে একটা ফাইভ মেম্বার কমিটি করুন। তাতে ওনাদের চারজনকে এবং আমাদের একজন থাকবে, ওনার নেতৃত্বে একটা কমিটি করুন। কোথায় কোথায় আছে সেটা তখনই আমরা দেখিয়ে দেব।

**শ্রী সঞ্জীব কুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, "এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, রাজ্যে বর্তমানে প্রায় ৪০ হাজার অবসরপ্রাপ্ত মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষক ও শিক্ষিকা পেনশন পাচ্ছেন না;

এই সভা আরও লক্ষ্য করছে যে, কয়েক হাজার ষাটোর্ধ্ব প্রাথমিক শিক্ষক, শিক্ষিকাদের বেতন বন্ধ করে দিয়ে তাদের ভবিষ্যত অনিশ্চিত করে তোলা হয়েছে;

এই সভা মনে করে যে অবর বিদ্যালয় পরিদর্শকের, জেলা প্রাথমিক শিক্ষা পর্ষদ অফিসেরও জেলা বিদ্যালয় পরিদর্শকের (মাধ্যমিক) অফিসে কর্মচারীদের গাফিলতি ও পরিকাঠামোর ব্যবস্থা ভাল না থাকার ফলে পেনশন পেতে দেরী হচ্ছে; এবং

এই সভা আরও মনে করে যে, পেনশন প্রদানের নিয়মাবলী যথেষ্ট সরলীকরণ না হওয়ার ফলে এবং সরকারী নীতি ও কর্মপন্থা বিলম্বে প্রকাশের জন্য পেনশন মঞ্জুর করতে দেরী হচ্ছে,'

অতএব, এই সভা রাজ্য সরকারের নিকট উপরোক্ত বিষয়ের গুরুত্ব উপলব্ধি করে এই সব অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন এবং ষাটোর্ধ্ব শিক্ষক ও শিক্ষিকাদের বেতন যাতে সত্বর প্রদান করা হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছি।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মোশান আন্ডার ১৮৫ এই আলোচনায় অংশ গ্রহণ করে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নিশ্চয়ই ইন্টার মিডিয়েট যখন করেছিলেন তখন একটা পীস্ পড়ে ছিলেন, ফার্ডিনান্ড নিউ ম্যানের তাতে প্রবন্ধকার পাঠককে বলছেন, আমি যে কথা বলতে চাই তা তোমরা ১০০-বার শুনেছ তবুও আমি আবার বলছি। আজকে আমরাও ১৮৫ রুলসে যে মোশান এসেছে তাতে মাননীয় মন্ত্রীর কাছে যে কথা ১০০ বার বলেছি আবার বলছি তার শুভবুদ্ধির কাছে যে, হতভাগ্য শিক্ষক-শিক্ষিকাদের যে জটিল সমস্যার মধ্যে রাজ্য সরকার ফেলেছেন সেখান থেকে তাদের মুক্তি দেওয়া হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ থেকে ৫০।৫৫ বছর আগের যে সমস্ত প্রাইমারি স্কুল শিক্ষকরা আছেন তারা যখন এ্যাপয়েন্টমেন্ট পেয়েছিলেন তারা জানতেন ৬৫ বছর পর্যন্ত চাকরী করবেন। কিন্তু বামফ্রন্ট সরকার একটা আইন করে লিখিত ভাবে সার্কুলেশন দিয়ে বললেন নিউ ইন্টিগ্রেটেড স্কেল যারা নেবেন অর্থাৎ ৯০-

এর রোপা পাবেন তাদের ৬০ বছরে রিটায়ার করতে হবে এবং ওল্ড স্কেলে ৬৫ বছরে রিটায়ার করতে হবে। এটা চালু করলেন। এই রাজ্যের সরকারী কর্মচারীদের জন্য চতুর্থ পে-কমিশন তৈরী হয়েছিল তাতে হরিদাসবাবু ছিলেন চেয়ারম্যান। তার কোন রিপোর্ট বেরোয় নি। তার পরে সরকারী কর্মচারীদের চাকরীর বয়স-সীমা ৫৮ থেকে ৬০ বছর করে দেওয়া হ'ল। অথচ শিক্ষকদের ক্ষেত্রে নতুন পে-স্কেল নিয়ে চাকরীর বয়স-সীমা ৬৫ থেকে ৬০ বছরে কমে গেল। এই রাজ্যের শিক্ষক-শিক্ষিকারা কি চেয়েছিলেন? রাজ্যে একটা প্রগতিশীল বামফ্রন্ট সরকার আছে বলে যারা দাবী করেন তারা—৬৫ বছর পর্যন্ত চাকরী করবেন এবং নিউ স্কেল নেবেন—সরকার বললেন এটা চলবে না। এই জন্য গণতান্ত্রিক আন্দোলন করল শিক্ষকরা। কিন্তু রাজ্য সরকার সেই গণতান্ত্রিক আন্দোলনের কোন মূল্য দিলেন না। এর ফলে শিক্ষকরা কোর্টে গেলেন, রাজ্য সরকারও কোর্টে গেলেন। বহু অর্থ ব্যয় হ'ল। শেষ পর্যন্ত কোর্টের রায় রাজ্যসরকার মানলেন না। সরকারী শিক্ষকদের বাধ্য করলেন নিউ স্কেল নিলে ৬০ এবং ওল্ড স্কেল নিলে ৬৫ বছরে রিটায়ার করতে হবে। শেষ পর্যন্ত বাধ্য হয়ে এই রাজ্যে শিক্ষক-শিক্ষিকারা এটা মেনে নিলেন। কিন্তু যখন বললেন আমরা এটা মেনে নিচ্ছি তখন এই রাজ্য সরকার আবার নতুন নতুন সমস্যার সৃষ্টি করলেন। আমি আপনার সঙ্গে অনেক আলোচনা করেছি, বলেছি, আপনাদের সঙ্গে একমত। যারা রোপা ৯০ নেবেন তারা ৬০ এবং ওল্ড স্কেল নিলে ৬৫ বছর পর্যন্ত কাজ করতে পারবেন। এটাতে আমরা একমত। কিন্তু কোথায় অসুবিধা হ'ল? যারা ৬০-এর পর কাজ করতে শুরু করেছেন এই আশায় যে রাজ্য সরকার শেষ পর্যন্ত তাদের হয়তো একটা কিছু সুবিধা করবেন। কারো ৬১ বছর, কারো ৬২ বছর, কারো ৬৩ বছর, কারো ৬৫ বছর - তাদের আচমকা মাইনে বন্ধ করে দেওয়া হ'ল। মাননীয় মন্ত্রী মহাশয় দায়িত্ব নিয়ে বলতে পারবেন যে সারা রাজ্যের কিম্বা কোন প্রাইমারী স্কুল বোর্ড বা স্টেটের ডি. পি. সি. থেকে কোন অর্ডার ইস্যু হয়েছে, তোমরা বেতন পাবে না, স্কুলে আসবে না। বড়লোকেদের বাড়ীর ঝি, চাকরদের ছাড়িয়ে দেওয়ার আগেও মুখের কথায় বলতে হয় অমুক মাস থেকে আসবে না। কিন্তু এই বামফ্রন্ট সরকারের রাজ্যে শিক্ষক-শিক্ষিকারা সেই সুযোগও পেলেন না। এদের বাধ্য করলেন। এই স্বৈরাচারী মনোভাব দেখালেন।

[4.10–4.20 p.m.]

এরপর হলটা কি? কবে থেকে বন্ধ হবে তার কোন সার্কুলার নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নর্থ-২৪ পরগণা ও সাউথ-২৪ পরগণায় ১৯৯৩ সাল থেকে সবার মাইনে বন্ধ করা হল। কোন অর্ডার নেই, কোন লিখিত নেই, কোন সার্কুলার নেই, মুখে নেই, কাজ করে যাচ্ছে। এতো আজব দেশের আজব কাহিনী। আপনি নিশ্চয়ই জানেন, এরপর ১৯৯৬ সালের মে এবং জুন মাস থেকে আদার দ্যান্ ২৪-পরগণা ডিসট্রিক্টে মাইনে বন্ধ করে দেওয়া হয়। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি শিক্ষক কিনা জানি না। আমরা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সাবজেক্ট কমিটি থেকে অনুরোধ করেছিলাম যে, যারা ৬৫ পর্যন্ত কাজ করেছেন তাদের কারোর ৩ বছর মাইনে দিয়েছেন তাদের আর ২ বছর মাইনে দিয়ে এ্যাপ্রুভ করে তাদের রিটায়ারমেন্ট বেনিফিট দিয়ে দিন। অথবা যারা

কাজ করতে চান তাদের যদি নিউ স্কেলে টাকা দিয়ে থাকেন তাহলে তাদের টাকা ফেরত দিয়ে আবার তাদের ৬৫ পর্যন্ত কাজ করতে দিন। গভর্ণমেন্টের যে স্পিরিট আমরা সেটা চালু করতে চেয়েছিলাম। মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের সঙ্গে রাজি হলেন। হ্যাঁ, ব্যাপারটা ভেবে দেখা যেতে পারে। কিন্তু আমি জানি না যে, প্রাইমারী কাউন্সিলের চেয়ারম্যানের চাপে বা রাজ্য প্রাথমিক পর্ষদের চেয়ারম্যানের চাপে পড়ে শেষ পর্যন্ত সেটা পারলাম না সেটা আমার জানা নেই। এই ইস্যুটাতে তাই মাঝে মাঝে মনে হয় যে, রাজ্যের প্রকৃত শিক্ষামন্ত্রী কে? কান্তি বিশ্বাস না ভবেশ মৈত্র? এই প্রশ্নটা আমার মনে স্বাভাবিক কারণে এসে গেছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে, একজন শিক্ষক এ ব্যাপারে কেস করেছিলেন, মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের বলেছিলেন যে, 'দেখলেন তো সঞ্জীববাবু, সোহরাব সাহেব, অজিতবাবু, আপনাদের আবার একজন টীচার কেস করেছেন'। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার অবগতির জন্য জানাচ্ছি যে সেই টীচারকে অনুরোধ করে আনকনডিশনালি সেই কেস উইথড্র করে নিয়েছি, মাননীয় মন্ত্রী মহাশয়ের অনুরোধে, যাতে এই ব্যাপারে এই এ্যামবিগু ইটি টা, জটিলতা কেটে যায়। তা সত্ত্বেও কিন্তু এইটা হয় নি। স্যার, আমার কাছে রেকর্ড আছে আমি জমা দেব। যে কথাটা আমি বলতে চাই সেটা হল যে, যারা ৫ বছর কাজ করেছেন তাদের এ্যাক্সটেনশান এ্যাপ্রুভ করে দিয়ে এটা করে নিন। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, কাউন্সিলের চেয়ারম্যানরা বলছেন, আমরা ব্যাক্‌ডেটে এটা করতে যাব কিনা। পশ্চিমবাংলার ইতিহাস খুলে দেখুন যে, কোন সময়ে ঠিক মত এ্যপ্রুভাল দেওয়া হয় নি। ইজ্ ইট দি ফল্ট অফ দি টীচার? ইট ইজ দি ফল্ট অফ দি প্রাইমারি কাউন্সিল অর গভর্ণমেন্ট। এটা তাদের কোন ব্যাপার নয়? স্যার, আপনি অবাক হয়ে যাবেন যে, মালদা ডিসট্রিক্ট প্রাইমারি স্কুলে এক সঙ্গে ২৮.১২.৯৮ তারিখে একজন টীচার আমার কাছে রেকর্ড আছে, অয়ন কুমার ঝাওয়ের ফার্স্ট, সেকেন্ড, থার্ড, ফোর্থ এবং ফিফ্‌থ এ্যমেন্ডমেন্ট এ্যক্সটেনশন দিয়ে তাকে এ্যাপ্রুভ করেছেন। পুরুলিয়ায় ৩.৩.৯৯ তারিখে একজন টীচারকে ৩টে এ্যক্সটেনশন দিয়ে তাকে চিঠি দিলেন। আপনি অবাক হয়ে যাবেন, এই রাজ্য চলে কি করে? আমি সি. পি. এম. বিধায়কদের বলব পুরুলিয়ার ব্যাপারে, আমার কাছে রেকর্ড আছে, এ ব্যাপারে কোন লিখিত জবাব নেই, সেই এস. আই. সাহেব, সেই টীচারের কাছে গিয়ে বললেন যে, আপনাকে যে চিঠি দিয়েছি, প্লিজ উইথড্র, আপনাকে ফেরত দিতে হবে। এই রাজ্য এই ভাবে চলছে। তাই মাননীয় মন্ত্রীর কাছে আমার একান্ত অনুরোধ যে আপনি প্রতিহিংসাপরায়ণ হবেন না। আপনি ঠান্ডা মাথায় ভাবুন, আপনি শিক্ষক ছিলেন। যে বা যারা ৬৫ পর্যন্ত কাজ করতে চান তাদের এ্যক্সটেনশন দিয়ে তাদের এ্যাপ্রুভ করে তাদের কাজ করতে দিন। যারা ৬৫ পর্যন্ত কাজ করে ফেলেছেন তাদের দয়া করে এ্যক্সটেনশন দিয়ে এ্যাপ্রুভ করে তাদের বাকি মাইনে দিয়ে এবং রিটায়ারমেন্ট বেনিফিট দিয়ে দিন। এই ব্যাপারটা আমি বলতে চাই। এবারে পেনশনের ব্যাপারটা আমি বলব। আমি আবার মাননীয় মন্ত্রীর কাছে বিনীত ভাবে অনুরোধ করব যে, এই মোশানটা এনেছি সরকারকে চ্যালেঞ্জ জানাবার জন্য নয়, অনুরোধ করতে এনেছি। এই রাজ্যের হাজার হাজার প্রাথমিক শিক্ষকদের এটা একটা জলন্ত সমস্যা।

মাননীয় মন্ত্রী মহাশয়ের আন্তরিকতা ছিল বলে আমরা আলোচনায় পেয়েছি। কিন্তু কেন হচ্ছে না তা আমি জানি না। তাই অনুরোধ করার জন্য, আপনার কাছে বিচারের জন্য আমরা এই মোশান এনেছি। এই জটিল সমস্যাটাকে আপনি মিটিয়ে দিন। এর জন্য এই মোশান এনেছি। ধন্যবাদ।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় মাননীয় সদস্য সঞ্জীব দাস, আব্দুল মান্নান এবং অন্যান্য কয়েকজন বিরোধী দলের সদস্যরা যে প্রস্তাবটি এনেছেন সেটা সমর্থনযোগ্য নয়। ইতপূর্বে'ও ওঁদের পক্ষ থেকে কয়েকজন মাননীয় সদস্য অনুরূপ প্রস্তাব এই সভায় এনেছিলেন। আমরা দেখেছিলাম তাতে অনেক বিকৃত তথ্য ছিল. সত্যের অপলাপ ছিল, অতিরঞ্জন ছিল এবং সে কারণেই প্রস্তাবটি সেবারে খারিজ হয়ে গিয়েছিল। এবারেও ঐ একই ভাবে এই প্রস্তাব আনা হয়েছে। ওরা কোথায় এই সমস্ত ফিগার পেয়েছেন, আমি জানিনা! এখানে বলা হচ্ছে, 'রাজ্যে বর্তমানে প্রায় ৪০ হাজার অবসরপ্রাপ্ত মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা পেনশন পাচ্ছেন না।' এই ফিগার তো আমার জানা নেই, কোথায় পেলেন জানিনা! তারপর এর জন্য কাদের দায়ী করছেন? এখানে লিখেছেন, 'অবর বিদ্যালয় পরিদর্শকের, জেলা প্রাথমিক শিক্ষা পর্ষদ অফিসের ও জেলা বিদ্যালয় পরিদর্শকের (মাধ্যমিক) অফিসে কর্মচারীদের গাফিলতি ও পরিকাঠামোর ব্যবস্থা ভাল না থাকার ফলে পেনশন পেতে দেরী হচ্ছে।' সব কর্মচারীদের গাফিলতির জন্য নাকি কেউ পেনশন পাচ্ছে না! এটা আমাদের স্বীকার করতে হবে? হ্যাঁ, কোথাও এমন কিছু ঘটনা থাকতে পারে, কিন্তু তাই বলে সব ক্ষেত্রেই তাদের গাফিলতির জন্য শিক্ষক এবং অশিক্ষক কর্মীদের পেনশন পেতে দেরি হচ্ছে, এটা ঠিক নয়। কর্মীদের জন্য বিলম্ব হচ্ছে, এমন ঘটনা নিশ্চয়ই বিরল নয়। কিন্তু সবটাই সংশ্লিষ্ট কর্মচারীদের গাফিলতির জন্য হচ্ছে, এটা ঠিক নয়। আমরা যারা ভুক্ত-ভোগী, আমরা জানি বিদ্যালয়গুলিতে শিক্ষকদের সার্ভিস রেকর্ড ঠিক মত থাকে না। ফলে সেগুলো সংগ্রহ করতে বা বিকল্প ব্যবস্থা করতে অনেক দেরি হয়ে যায়। আমরা কেউ চাই না, যারা সারা জীবন শিক্ষকতা করেছেন, জীবনের শেষপ্রান্তে অবসর নিয়েছেন, কর্মক্ষমতা হারিয়েছেন সেই অবস্থায় তাদের ডি. আই. অফিসে, ডাইরেক্টর অব পেনশন অফিসে দৌড়াদৌড়ি করতে হোক। এটা আমরা কেউ চাই না। কিন্তু যে কোন নতুন ব্যবস্থা চালু করতে গেলে প্রথমে একটু অসুবিধা হয়। আগে শিক্ষকদের জন্য কোন পেনশন ব্যবস্থা ছিল না। যার জন্য স্কুলগুলিরও তাদের সার্ভিস সংক্রান্ত রেকর্ড ইত্যাদি রাখার তাগিদ অনুভূত হয় নি। তাদের সার্ভিস সংক্রান্ত রেকর্ড, জয়েনিং ডেট্ ইত্যাদি সমস্ত কিছু লিখে রাখা হ'ত না। প্রয়োজনও ছিল না। এখন পেনশন চালু হয়েছে। এখন পেনশন পাওয়ার ক্ষেত্রে রেকর্ডে স্কুলের রিকগনিশন চাই। অথচ এত দিন কোন স্কুলেই এই সব রেকর্ড রাখার কোন ব্যবস্থা ছিল না—কবে স্কুলে অ্যাপয়েন্টমেন্ট পেয়েছে, লিভ অ্যাকাউন্ট, পে ফিক্‌সেশনের কাগজ-পত্র, টাইম টু টাইম পে ফিক্‌সেশনের সমস্ত কাগজপত্র কোন স্কুলেরই এত দিন রাখা হয় নি। এটাই হচ্ছে বিলম্বের মূল কারণ। সব ক্ষেত্রে কর্মচারীদের গাফিলতির জন্য দেরি হচ্ছে, তা নয়। আগে কিছুটা দেরি হয়েছিল। ইদানিং বেশ কয়েক মাস আমরা দেখছি আগের তুলনায় অনেক তাড়াতাড়ি শিক্ষকরা

পেনশন পেয়ে যাচ্ছেন। ৪/৬ মাসের মধ্যেই হয়ে যাচ্ছে। কোন অসুবিধা হচ্ছে না। প্রভিশনাল পেনশন ২/৩ মাসের মধ্যেই হয়ে যাচ্ছে, কোন অসুবিধা হচ্ছে না। সরলীকরণের যে কথা বলা হয়েছে, সে সম্বন্ধে আমি বলব যে, বেশ কিছু সরলীকরণ করা হয়েছে। অনেক আইটেম, অনেক অপ্রয়োজনীয় আইটেম বাদ দেওয়া হয়েছে। আমাদের শিক্ষামন্ত্রী নিজেও শিক্ষক। অতএব তিনি নিশ্চয়ই চাইবেন না যে, একজন শিক্ষক বেকায়দায় পড়ে হয়রান হোন। আমরা শিক্ষকদের জন্য দীর্ঘদিন আন্দোলন করেছি। শিক্ষকদের স্বার্থ রক্ষার আন্দোলন করেছি। সুতরাং আমাদের আজকে বিরোধীদের কাছ থেকে শিক্ষা এবং শিক্ষকদের সম্বন্ধে কোন উপদেশ নেওয়ার প্রয়োজন নেই। আমাদের এই যে পেনশন দেওয়ার নিয়ম সব আছে তাতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা জিনিস ভেবে দেখতে অনুরোধ করব। প্রভিশনাল পেনশন বিলগুলি প্রতি মাসে পেমেন্ট করা হয় না। ৬ মাস, ৭ মাস, ১ বছর পরে দেওয়া হচ্ছে, এক সাথে করে দেওয়া হচ্ছে। এটা কি মাসে মাসে দেওয়ার ব্যবস্থা করা যায় না? একজিসটিং শিক্ষকরা যেমন মাসে মাসে বেতন পান তেমন অবসরপ্রাপ্ত শিক্ষকদের প্রভিশনাল পেনশন'ও দেওয়ার ব্যবস্থা করলে ভাল হয়। তাহলে তারা প্রতি মাসে একজিসটিং শিক্ষকদের বেতনের সাথেই তাদের পেনশনও পেয়ে যেতে পারেন। এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু চিন্তা-ভাবনা করে দেখতে বলছি। এই ক'টি কথা বলে এই উদ্দেশ্য-প্রণোদিত প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.20–4.30 p.m.]

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের পাড়া গাঁয়ে একটি কথা আছে, "কানে দিয়েছি তুলো আর পিঠে বেঁধেছি কুলো, কানে দিয়েছি ঢোল, যতই বলবি বল"—আজকে মাননীয় মন্ত্রীমহাশয়কে এই ব্যাপারে এতই বলছি, কিন্তু উনি কানে তুলো দিয়ে বসে আছেন, কিছুতেই ওনার কানে ঢুকছে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটু আগে প্রভঞ্জনবাবু বললেন, পেনশন কোথায় বাকি পড়ে আছে? কিন্তু স্যার, আমি তার সাক্ষী। ২ বছর আগে রিটায়ার্ড করেছি এবং কাগজে কোন গন্ডগোল নেই, অথচ আমাদের মুর্শিদাবাদ জেলায় সাড়ে ৫০০ দরখাস্ত পড়ে আছে এখনো। কারণ কোন লোক নেই, অ্যাকাউন্টস অফিসার নেই, ডি. আই. অফিসে লোক নেই। সেইজন্য ডি. আই. অফিসে ৫৫০ দরখাস্ত পড়ে আছে। আজকে আপনি হয়তো বলবেন, আপনি তো সাবজেক্ট কমিটির মেম্বার। আমি সাবজেক্ট কমিটির মেম্বার হিসাবে পেনশনকে কি করে সরলীকরণ করা যায় তার জন্য মাননীয় মন্ত্রীসহ পেনশন ডায়রেক্টরেটের সকলকে ডেকেছিলাম। সাবজেক্ট কমিটির চেয়ারম্যান, শ্রী পদ্মনিধি ধর মহাশয় হয়তো বলবেন, আপনার কাছে তো পেনশনের ফিগার আছে, সেটা পূর্ত ভবনে এগুলি জমা পড়ছে তার উপর। কিন্তু আসল ব্যয়রাম ঠিক কোথায়? ৮০০টি সার্কেল আছে। প্রাইমারী স্কুল, হাইস্কুল থেকে দরখাস্তগুলি আসছে না, সেগুলি ডিস্ট্রিক্ট অফিসে জমা পড়ছে না। তাছাড়া ডিস্ট্রিক্ট অফিস থেকে পূর্ত ভবনে আসতে দেরী হয়, আসল গলদ এখানেই। আমরা এর জন্য সরলীকরণের জন্য প্রস্তাব দিয়েছিলাম। কিছুটা হয়তো হয়েছে, কিন্তু আসল

সরলীকরণ হয়নি। এই ব্যাপারটা বুঝতে হবে। আমার কাগজে কোন গন্ডগোল নেই, তা সত্ত্বেও আমি পেনশন পাচ্ছি না। আমি এ ব্যাপারে চ্যালেঞ্জ করছি। কারণ অ্যাকাউন্টস অফিসার নেই, হি হ্যাজ বিন অ্যারেসটেড ফর সাম কেসেস। সেইজন্য দরখাস্তগুলি পড়ে থাকছে। এটাই হচ্ছে আসল ব্যাপার। এখন পেনশন কি করে সরলীকরণ করা যায় এই মোশান আনার এটাই উদ্দেশ্য। একটু আগে সঞ্জীববাবু বললেন, পেনশন সরলীকরণ করতে হবে। যদি সরকারী কর্মচারীরা পেনশন পান অফ দি ডেট অফ রিটায়ারমেন্ট তাহলে হোয়াই নট্ টিচার্স? শিক্ষকরা পেনশন পাবে না কেন? সুতরাং সেই ব্যবস্থা সরকারকে করতে হবে। আজকে প্রাথমিকস্তরে যে প্রবলেম সেই কথা মাননীয় মন্ত্রীমহাশয়কে বহুবার বলেছি। এখানে ৩টি প্রবলেম। আমি ৬০।৬৫ বছরের নিউ স্কেলের কথা বলতে চাই না। মাধ্যমিক স্তরে সেটা সেটেল্ড হয়ে গেছে। মোটামুটি যারা নিউ স্কেল তারা ৬০ বছর, ১৯৮১ সালের স্কেল তারা ৬৫ বছর। এই দুটি ক্ষেত্রে মাননীয় মন্ত্রীমহাশয়কে বলেছি এবং তিনি বার-বার কথা দিয়েছেন। কিন্তু মাধ্যমিকস্তরে কারো যদি অ্যাপ্রুভাল না থাকে তাকে পোস্ট অ্যাপ্রুভাল নিতে হয়। এই পোস্ট অ্যাপ্রুভালের অথরিটি হচ্ছে কাউন্সিল। কিন্তু কাউন্সিল কোন পোস্ট অ্যাপ্রুভাল দেয় না। অন দি বেসিস অফ দি হাইকোর্ট অর্ডার—হাইকোর্ট যে অর্ডারটা দিয়েছিলেন—অর্ডার নাম্বার ৮৪৫। ডেটেড ১২, আগষ্ট, ১৯৮৮, তাতে তারা ৩টি ক্লজের কথা বলেছিলেন। The primary school teachers who had opted for the revised pay scale in terms of G. C. No. 33-Edn(B) dated 7.3.90 and drew pay in that pay scale upto 60 years of age who continued beyond 60 years and served for varying periods of 1, 2, 3 or 4 years or more on old scale of pay and whose services were discontinued. কিন্তু যারা বলছেন ডিস-কনটিনিউড—কোন শিক্ষককে চাকরীতে ডিস-কনটিনিউ কোন কাউন্সিল করেনি। বহু শিক্ষক কাজ করছেন, কাউকে কোন কাউন্সিল ডিস-কনটিনিউড করেনি। আপনি দেখাতে পারেন, কোন কাউন্সিল থেকে ১ জন শিক্ষককেও চিঠি দেওয়া হয়েছে দ্যাট ইওর সার্ভিসেস ইজ ডিস-কনটিনিউড? আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে চ্যালেঞ্জ করলাম। যারা চাকরী করছে তারা মান্থলি রিটার্নে সই করেছে—অন্যান্য শিক্ষকরা বেতন পাচ্ছেন—কিন্তু তারা বেতন পাচ্ছেন না, ৫টা টার্মস শেষ হয়ে গেছে।

তিনি পেনশন দিতে পারছেন না। আপনার হিসাবে এই সমস্ত শিক্ষকদের নাম নেই। এই যে কয়েক হাজার পড়ে আছে দে সার্ভড দি ইন্সটিটিউশান। তাদের মান্থলি রিটার্নে সই-তে অন্য শিক্ষকরা বেতন পেয়েছে। পুরুলিয়া ডিসট্রিক্টে এরকম দেওয়া হয়ে গিয়েছে। এক দিনে এ্যাপ্রুভাল দিয়ে দিয়েছে। কিন্তু আপনি বললেন যে, হবে না। মন্ত্রীমহাশয়, আপনি কিন্তু কথা দিয়েছিলেন যে একটা ব্যবস্থা করবেন। আপনি বলেছিলেন, এরকম যারা আছেন তাদের ক্ষেত্রে আমি ব্যবস্থা করে দেব। I ask your conscience. আপনি বলেছিলেন, তার ভিত্তিতে সঞ্জীববাবু বললেন যে কেস উইথড্র হয়েছে। পদ্মবাবু জানেন, সাবজেক্ট কমিটির পক্ষ থেকে উই ওয়ার ডেপুটেড এই সমস্যার সলভ করার জন্য। প্রাইমারীর যে কয়েক হাজার শিক্ষক এই অবস্থায় আছে তাদের সমস্যার সলভ

করার জন্য সাবজেক্ট কমিটির তরফ থেকে আমরা আপনার কাছে গিয়েছিলাম। আপনি কথাও দিয়েছিলেন কিন্তু পরবর্তী ষ্টেজে বললেন যে আমার উকিল বাধা দিচ্ছে। আমি আপনাকে বলেছিলাম, কান্তিবাবু, আপনি শিক্ষামন্ত্রী, না, আপনার উকিল ঐ শক্তি মুখার্জী শিক্ষামন্ত্রী? আপনি ক্যাটাগরিক্যালি বলেছিলেন যে শক্তিবাবু বলছেন যে আবার যদি গভর্ণমেন্ট অর্ডার চেঞ্জ করে দেওয়া হয় তাহলে নানান রকমের কমপ্লিকেশান্স এ্যারাইজ করবে। আপনি বলেছিলেন, অতএব, আমি গভর্ণমেন্ট অর্ডার নতুন করে দিতে পারছি না। মন্ত্রীমহাশয়, আপনি জানেন, এর ফলে আজকে কয়েক হাজার শিক্ষক তারা অপশান দিতে পারছে না, তাদের ডেট ওভার হয়ে গিয়েছে। তারা যে কাজ করেছেন তা সমস্ত সারকামষ্টানসিয়াল এভিডেন্সে প্রমাণিত হচ্ছে কিন্তু তবুও তারা পাচ্ছেন না। আপনি চেয়ারম্যানদের বললে পরেই তারা পোষ্ট ফ্যাক্টো এ্যাপ্রুভাল দিতে পারেন যেমন মাধ্যমিকে ডি. আই. রা দেন কিন্তু তা আপনি করেন নি। এই সমস্যার আপনি সমাধান করছেন না। ফলে এক দিকে তারা পেনশন পাচ্ছেন না অপর দিকে তিন/চার বছর ধরে বেতন পাচ্ছেন না এমন কি পেনশনের দরখাস্ত পর্যন্ত দিতে পারছেন না রেকটিফায়েড হচ্ছে না বলে। সেইজন্য আজকে এই মোশানের মাধ্যমে বিষয়টির প্রতি গোটা হাউসের আমরা দৃষ্টি আকর্ষণ করছি। ফিনান্স বিলের দিন আলোচনার সময় আমি বলেছিলাম, তাজ্জব ব্যাপার কি রকম দেখুন। ৩১.১২.৮৫ পর্যন্ত যারা রিটায়ার করেছে তারা পেনশন বেনিফিট পাবে নতুন পে স্কেলে। তাদের যে নতুন পে স্কেল হয়েছে, তার যে রিভিউ হচ্ছে তারা কিন্তু বেনিফিট পাবে। ৩১.১২.৮৫-র পরে ৮১ সালের স্কেলে—আমরা তো বলি নি যে তারা নতুন স্কেলের সুযোগসুবিধা পাবে। তাদের আপনি সুযোগ দিয়েছেন যে তারা ৬৫ পর্যন্ত চাকরি করবে ওল্ড স্কেলে। আমি করেছি, আরও অনেকে করেছেন। কিন্তু ৩১.১২.৮৫র পরে তারা ঐ স্কেলেই বেনিফিটটা পাবে। আমরা নতুন স্কেল তো পাচ্ছি না। আপনি বলেছেন যে একটা পার্টিকুলার ডেট—৩১.১২.৮৫ পরে তারা যদি রিটায়ার করে বা মারা যায়—They will not get the benefit. আমি তাই বলছি যে আপনি এত প্রতিহিংসাপরায়ণ কেন? আপনি নিজে প্রধান শিক্ষক ছিলেন, বহুদিন শিক্ষকতা করেছেন, তাদের আন্দোলনের সঙ্গেও যুক্ত ছিলেন তাহলে আজকে আপনি এতো প্রতিহিংসাপরায়ণ হচ্ছেন কেন? আমার অনুরোধ, প্রাথমিক শিক্ষকদের এই অসুবিধাগুলি দূর করুন। যারা ৮১ সালের স্কেলে রিটায়ার করেছে বা করতে যাচ্ছে তাদেরকেও বেনিফিট-টা দিন। এই কয়েকটি কথা বলে, এই মোশানকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.30–4.40 p.m.]

**শ্রী শেখ দৌলত আলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী আব্দুল মান্নান সহ কয়েকজন বিধায়ক যে প্রস্তাব এনেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং হাউসের সকলের কাছে আবেদন জানাচ্ছি এই প্রস্তাবকে সমর্থন করতে। স্যার, আমি বুঝলাম না এখানে শিক্ষকদের কথা উঠতেই দেখলাম অনেকে জ্বলে উঠলেন। এটা কেন বুঝলাম না। বামফ্রন্ট সরকার বলেন যে তারা সবচেয়ে বড় গণতন্ত্রের ধ্বজাধারী।

তিনি বললেন যে, আমরা নীতি নিয়ে চলি। মাননীয় স্পীকার, স্যার, এমন এক নীতির রাজত্বে আমরা আছি, যে সরকার আগেও বলতেন এবং এখনও অনেক সময়ে বলেন যে, আমাদের অর্জিত অধিকার, এটা আমাদের দিতে হবে। কিন্তু তারা অনেক খারাপ দৃষ্টান্ত রেখেছেন। স্যার, মাটি থেকে মা পর্যন্ত যারা অর্জিত অধিকারের কথা বলে দাবী করেন, সেখানে ঘটনা বা দুর্ঘটনা এই বামফ্রন্টের রাজত্বে হচ্ছে। আজকে আমাদের যারা ৬৫ বছর চাকুরী করবেন, এই পেশায় শিক্ষক বন্ধুরা যারা এসেছিলেন, সরকার এত দায়বদ্ধতার কথা বলেন যে, হঠাৎ এক কলমের খোঁচায় তাদের ৫ বছর ছাঁটাই করে দেওয়া হল। তাদের ৫ বছরের অর্জিত অধিকারকে ছাঁটাই করে দেওয়া হল অন্যদিকে সরকারী কর্মচারীদের ৫৮ বছর থেকে ৬০ বছর করে দিলেন। এই নীতির ধ্বজাধারী গণতন্ত্রের পুজারী, তারা বেশীর ভাগ মানুষের মুন্ডুচ্ছেদন করছেন। তারা বলছেন যে, পশ্চিমবঙ্গে বেকারত্বের জ্বালার অবসানকল্পে তারা এই সব করছেন এবং সেই অবসানকল্পে ৫ বছর শিক্ষকদের ছাঁটাই করে দেওয়া হল। আজকে ৪০ হাজার মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকা, প্রাইমারী শিক্ষক-শিক্ষিকা পেনশনের জন্য ভুগছেন। আর অন্য দিকে সরকারী কর্মচারীদের ৫৮ থেকে ৬০ বছর করে দেওয়া হল। এর ফলে আরো যুবক যারা চাকুরী পেতেন তারা সেই সুযোগ থেকে বঞ্চিত হল। আজকে আমরা যারা শিক্ষক, যারা শিক্ষাব্রত নিয়েছি, এই রাজত্বে আমরা শিক্ষা জগতের শ্রমিক, আমাদের ন্যায্য পাওনা এই সরকার দিচ্ছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৪০ হাজার শিক্ষক-শিক্ষিকা, এদের জন্য বলা হয়েছে যে পেনশান ব্যবস্থার সরলীকরণ করা হবে। কিন্তু সেই সরলীকরণ করার ক্ষেত্রে যারা টপ অফিসার তাদের নিয়ে পেনশান অফিসে বসা হল এবং একটা ঢিলেঢালা সরলীকরণ করা হল। কিন্তু আমরা বাস্তবে দেখছি যে এতে আরো জটিলতা বৃদ্ধি করেছে। কাজেই আজকে এই মোশানের মাধ্যমে বলতে চাই যে, পেনশান যাতে শিক্ষক সমাজ পান সেটা সরলীকরণের মাধ্যমে দ্রুত করা সম্ভব কিন্তু এই প্রশাসনের ব্যর্থতায় সেটা হয়নি। আমাদের শিক্ষক সমাজের যারা পেনশান পাচ্ছেন না, তারা অনেকে আত্মহত্যা করছে। আজকে অনেক শিক্ষক তাদের শিক্ষকতা জীবনের ক্ষেত্রে এমন অবস্থায় এসেছে যে তারা আজকে জীবন যুদ্ধে পরাস্ত হয়েছে। আমরা বারেবারে প্রশাসনের কাছে একথা জানিয়েছি। খবরের কাগজ থেকে আরম্ভ করে সর্বত্র তার জ্বলন্ত প্রমাণ এবং নিদর্শন আছে। আমরা জানিনা যে, কেন আমাদের শিক্ষামন্ত্রী কানে তুলো দিয়ে আছেন! এটা সত্যি কথা যে, প্রাইমারী শিক্ষক বন্ধুরা, যারা এখানে চাকুরী করেছিলেন, তাদের ক্ষেত্রে তারা সেই ৬৫ বছরের পুরো পেনশান পাবেন, কিন্তু সেটাও তারা পাচ্ছেন না। তাদের আজকে কষ্টের মধ্যে দিয়ে দিন চলছে। সেই সময়ে বলা হয়েছিল যে, আমরা ওদের সম্পর্কে চিন্তা-ভাবনা করবো। কিন্তু কি করা হল? এডুকেশানের সাবজেক্ট কমিটির সদস্য হিসাবে আমি জানি যে কি কি নিরীখে পরীক্ষা করা হয়। ইন্সপেক্টররা রিপোর্ট দেয়, সেই রিপোর্ট দেওয়া সত্ত্বেও যারা বঞ্চিত হচ্ছে, এই রকম সংখ্যা অনেক আছে। আজকে তারা আর্থিক দিক থেকেও বঞ্চিত হচ্ছে। এই হচ্ছে অবস্থা। স্যার, এরা শিক্ষকদের সরকার বলে দাবী করেন, শ্রমিকের সরকার হিসাবে দাবী করেন। কিন্তু আজকে সেই শিক্ষক সমাজের ক্ষেত্রে দেখছি যে, তাদের

উপরে যে ধরনের অত্যাচার করা হচ্ছে, প্রশাসনিক জুলুম করা হচ্ছে সেটা সমস্ত রেকর্ড ছাড়িয়ে গেছে। আজকে জেলা পরিষদের অফিসগুলিতে প্রাইমারী শিক্ষক বন্ধুরা চরম লাঞ্ছনার শিকার হচ্ছেন। আজকে প্রশাসনিক ঢিলেঢালার ফলে পশ্চিমবাংলার শিক্ষকরা মার খাচ্ছে। শিক্ষা জগতে আজকে কেন এত পরিকাঠামোর অভাব? এখনও চাকরীর পদ যেগুলো পড়ে রয়েছে সেগুলো কেন পূরণ হচ্ছে না? স্কুল ইন্সপেক্টরের কাছে গেলে তিনি সহায়তা করেন না। যারা পেনশনের জন্য বারে বারে তাদের কাছে যাচ্ছেন, সেক্ষেত্রে তারা কোনরকম পরামর্শ দেন না। স্কুল ইনস্পেক্টর অফিস, প্রাথমিক শিক্ষাপর্ষদ অফিস এবং বিভিন্ন হায়ার সেকেন্ডারী সেলে অবসরপ্রাপ্ত শিক্ষকগণ তাদের রিটায়ারমেন্ট বেনিফিটের বিষয়ে জানতে গেলে তাদের সাহায্য করা উচিত ছিল, কিন্তু সেই সাহায্য তারা পাচ্ছেন না। ফলে শিক্ষক সমাজ আজকে পেনশন না পেয়ে আর্থিক দুর্দশার মধ্যে পড়ে তারা ছেলেমেয়েদের পড়াশুনা পর্যন্ত করাতে পারছেন না, অনেকে আত্মহত্যার পথও বেছে নিয়েছেন। আমাদের আর এক বন্ধু, তিনি নিজে শিক্ষক, তাই আগে অনেক কথা বলতেন। কিন্তু আজকে গণতন্ত্রের ধ্বজাধারী সেজে সত্য কথা বলার যে স্পিরিট, যে মানসিকতা, সেটা তিনি হারিয়ে ফেলেছেন। শিক্ষক সমাজের দুর্গতির কথা তিনি জানতেন, তবুও রোপা' ৯৮-এর টাকাটা আরো তিন মাস কনটিনিউয়েশনে যুক্ত করে দিয়েছেন। এই যে শিক্ষক সমাজের প্রতি অবিচার তার পরিপ্রেক্ষিতে যে প্রস্তাব এসেছে সে ব্যাপারে আপনারা নিরপেক্ষ থাকছেন। আমি আশা করি, আপনারা নিরপেক্ষ না থেকে আপনারা সোচ্চার হবেন। পেনশন না পাওয়া শিক্ষকরা যাতে পেনশন পান তার জন্য আপনারাও দাবি জানাবেন। এ-ব্যাপারে আপনাদের সমর্থন আমরা আশা করি, এই বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রীমতি শান্তা ছেত্রী ঃ** মিঃ স্পীকার স্যার, রুল ১৮৫-য়ে মাননীয় বিধায়ক শ্রীআব্দুল মান্নান এবং অন্যান্য মাননীয় বিধায়কগণ যে মোশান এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি দুই-চারটি কথা বলতে চাই। স্যার, আমি এই হাউসকে বলছি, বামফ্রন্ট সরকারের আগে টিচারদের কোন পেনশন ছিল না, কিন্তু এই সরকার এসে তাদের জন্য পেনশন প্রথা চালু করেছেন। তার জন্য সরকারকে আমি ধন্যবাদ জানাচ্ছি। সাথে সাথে আমি দুঃখের সঙ্গে বলছি, এই রাজ্যের ৪০ হাজার - বেশিও হতে পারেন—রিটায়ার্ড স্কুল টিচার পেনশন পাচ্ছেন না, এটা কিন্তু খুবই লজ্জার বিষয়। হয়তো পেপারস-য়ে কিছু ভুল থাকার ফলে তারা পেনশন পাচ্ছেন না। কাজেই রিটায়ার্ড টিচারদের পেনশন পাওয়ার সিস্টেমটা যাতে সরলীকরণ করা যায় সেদিকে তৎপর হবার জন্য আমি অনুরোধ করছি। আপনি নিজে পেনশনের ব্যাপারে উদ্যোগ নিন, এ ব্যাপারে আপনার সদিচ্ছাকে আপনি কাজে লাগান এই অনুরোধ করছি। এই পরিপ্রেক্ষিতে দার্জিলিং সম্পর্কে একটু বলছি। দার্জিলিং হীলে রিটায়ার্ড প্রাইমারী টিচার ৭৫০-এর বেশী রয়েছেন, সেকেন্ডারীতে ১০০-র বেশী রয়েছেন। আপনি জানেন, দার্জিলিং থেকে পেনশনের ব্যাপারে খোঁজ নিতে তাদের সল্টলেকে আসতে হয় এবং তার ফলে তাদের অনেক টাকা খরচ করতে হয়। তার জন্য এর আগে হাউসে দাবী জানিয়েছিলাম এবং এখন আবার দাবী জানাচ্ছি, দার্জিলিং-এর টিচারদের জন্য একটা সেপারেট পেনশন সেল করা হোক বোথ প্রাইমারী

এবং সেকেন্ডারী ক্ষেত্রে। এটা করলে দার্জিলিং-এর রিটায়ার্ড টিচারদের লাভ হতে পারে। স্যার, আমি আবার আপনার মাধ্যমে বলছি ১৯৯১ সালে যে অর্ডার হয়েছিল যারা ৬০ বছর পর্যন্ত চাকুরী করবে তারা নিউ স্কেলে আর যারা ৬৫ বছর পর্যন্ত চাকুরী করবে তারা ওল্ড স্কেলে থাকবে। তারপর একটা কোর্ট অর্ডার বার হয়। যারা ৬২-৬৩ বছর সার্ভিস করেছে তাদের মধ্যে কিছু কিছু শিক্ষককে টাকা রিফান্ড করে পেনশান দেওয়া হয়েছে। কিছু কিছু রিটায়ার্ড টিচার যারা টাকা ফেরত দিতে পারে নি তারা এখনও পর্যন্ত পেনশান পান নি। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তাদের একটু ছুট দেওয়া হোক, তারা যাতে পেনশান পায় তার সুযোগ দেওয়া হোক। সব শেষে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো রাজ্যে এই যে ৪০ হাজার রিটায়ার্ড টিচার্স পেনশান পান নি, কি ভাবে পেনশানের এই যে সিস্টেম আছে সেই সিস্টেম ইজি করা যায় যাতে ঐ ৪০ হাজার রিটায়ার্ড টিচার্স উপকৃত হতে পারে তার ব্যবস্থা আপনি করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.40–4.50 p.m.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব বিরোধী পক্ষ থেকে আনা হয়েছে আমার মনে হয় এই প্রস্তাব সম্পূর্ণ অপ্রাসঙ্গিক ভিত্তিহীন এবং অবাস্তব। এখানে সঞ্জীববাবু এবং মান্নান সাহেব সহ অন্যান্য সদস্যগণ যে প্রস্তাব এনেছেন তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি। এবারে প্রাথমিক এবং মাধ্যমিক স্কুলে যারা অবসর নিয়েছেন তার মধ্যে আপনারা বলেছেন ৪০ হাজার পেনশান পান নি। আগে আপনারা বলতেন লক্ষ লক্ষ, এবারে সংখ্যাটা কমিয়ে ৪০ হাজার বলেছেন। যাই হোক যেটা প্রকৃত তথ্য তার একটা অঙ্কের হিসাব দিচ্ছি। পশ্চিমবাংলায় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষক মিলিয়ে ৩ লক্ষ শিক্ষক। আপনারা সবাই জানেন বছরে গড়ে ২.৫ শতাংশ শিক্ষক অবসর গ্রহণ করেন। ৩ লক্ষের মধ্যে ২.৫ শতাংশ প্রতি বছর অবসর গ্রহণ করেন। ১৯৮৬ সাল থেকে নূতন পেনশন বিধি চালু হয়েছে। ১৯৮৬ সাল থেকে ১৯৯৯ সাল এই কয়েক বছরে অবসর গ্রহণ করেছেন ৯৭,৫০০ জন শিক্ষক। কনট্রিবিউটারী প্রভিডেন্ট ফান্ডের আওতায় যারা আছেন, পেনশান আইনের আওতায় যারা আসেন নি তাদের সংখ্যা হলো ১০,০০০। ৯৭ হাজার ৫০০ জন অবসর নিয়েছেন তার মধ্যে কনট্রিবিউটারি প্রভিডেন্ট ফান্ডের আওতায় যারা আছেন সেই ১০,০০০ বাদ দিলে থাকছে ৮৭,৫০০ জন। এই ৮৭ হাজার ৫০০ জনের মধ্যে এই ১৩ বছরের মধ্যে পি. পি. ও পেয়ে গেছে। চূড়ান্ত পেনশান পেয়ে গেছেন ৭৪ হাজার ৮৭৩ জন। পেনশান দেওয়ার কথা, পেনশান আইনের মধ্যে আছে এই রকম ১২ হাজার ৬২৭ জন অবসর নিয়েছেন, সি. পি. এফ নেই পেনশানে অপশান দিয়েছেন, এরা পেনশান পান নি। এর মধ্যে কেউ ২ দিন আগে অবসর নিয়েছেন আবার ২ বছর আগে অবসর নিয়েছেন সেই রকম থাকতে পারে। এই ৪০ হাজার, লক্ষ লক্ষ পেনশান পান নি, এই হচ্ছে তার রহস্য।

(মাননীয় সদস্য সৌগত রায় কিছু বলতে থাকেন)

৮৭ হাজার ৫০০ থেকে ৭৪ হাজার ৮৭৩ বাদ দিলে ১২ হাজার ৬৭২ জন হয়, এটা তো সোজা অঙ্কের হিসাব। আপনি ধৈর্য্য ধরে শুনুন।

(গোলমাল)

সুব্রতবাবু, আপনার শুনবার ধৈর্য্য আছে তো, তাহলে শুনুন। আমি পুনরায় বলছি। আমার সময়টা চলে যাবে। তিনলক্ষ শিক্ষকের মধ্যে প্রতি বছর ২.৫ শতাংশ করে অবসর নেন। ১৩ বছর হলো এই পেনশন আইন চালু হয়েছে। যদি প্রতি বছর ২.৫ শতাংশ অবসর গ্রহণ করেন, তাহলে ১৩ বছরে অবসরপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা দাঁড়ায় ৯৭,৫০০ (97,500)। এর মধ্যে ১০ হাজারের মত শিক্ষক যারা সিপিএফ'য়ে অপশান দিয়েছেন, তারা পেনশন আইনের অধীনে নন। যদি ৯৭,৫০০ থেকে ১০ হাজার বাদ দেওয়া যায়, তাহলে যারা পেনশন আইনের মধ্যে আছেন, তাদের সংখ্যা দাঁড়ায় ৮৭,৫০০ (87,500)। এর মধ্যে ৩০শে মে পর্যন্ত যারা পেনশন পেয়েছেন এই ১৩ বছরের মধ্যে, তাদের সংখ্যা হচ্ছে ৭৪,৮৭৩ (74,873)। এরা চূড়ান্ত পেনশন পেয়েছেন। এদের যদি বাদ দেওয়া হয়, তাহলে এখনও যারা পেনশন পান নি অথচ পেনশন আইনের মধ্যে আছেন, ১৩ বছরের মধ্যে তাদের সংখ্যা হচ্ছে ১২,৬২৭ (12,627)। এই হচ্ছে ৪০ হাজারের হিসাব।

দ্বিতীয়তঃ একটি বিষয়ে এখানে সঞ্জীববাবু বলেছেন যে, কোন জি. ও. ইস্যু না করে হঠাৎ বেতন বন্ধ করা হয়েছে। আপনি জানেন, হাইকোর্টের আদেশ হয়েছে। আপনি ডি. কে. বসুর আদেশের কথা জানেন। ডি. কে. বসু তার আদেশে বলেছিলেন, ৬০ এর পরে সেই সমস্ত শিক্ষকরা চাকুরী করতে পারেন যারা ১৯৯০ সালের বেতনহার নিয়েছেন। তারা ৬০ বছর পূর্ণ হওয়ার পরে চাকুরী করতে পারেন। কিন্তু এই মোকর্দ্দমার যখন চূড়ান্ত রায় বেরোবে, সেই চূড়ান্ত রায়ে যা বেরোবে, সেই অনুসারে তাদের ভাগ্য নির্ধারিত হবে। আমি অন্তবর্তীকালীন আদেশ দিচ্ছি। এর বিরুদ্ধে সুপ্রীম কোর্টে মোকর্দ্দমা দায়ের হয়। সুপ্রীম কোর্ট ১৯৯৬ সালে পরিষ্কার ভাবে খুব সমালোচনা করে বলে, কটাক্ষ করে বলে যে, শিক্ষকদের দু'নৌকায় পা দিয়ে চলার অভ্যাস ত্যাগ করতে হবে। যারা ১৯৯০ সালের সংশোধিত হারে বেতন পাবেন, তাদের ৬০ বছরে অবসর নিতে হবে। তারা ৬৫ বছর পর্যন্ত কাজ করতে পারবেন না। সুপ্রীম কোর্ট এই কথা পরিষ্কার ভাবে বলে। সেই অনুসারে যখন সরকার আদেশ দিতে চায়, তখন কিছু শিক্ষক সুপ্রীম কোর্টে মোকর্দ্দমা করেন। সুপ্রীম কোর্ট আবার হাইকোর্টে ফেরত পাঠায়। হাইকোর্ট চূড়ান্ত ভাবে মোকর্দ্দমার রায় দেন ১৯৯৮ সালে। সুপ্রীম কোর্টের যে আদেশ, সেই আদেশকে তারা বহাল রাখেন। আমাদের সরকারের কোন ক্ষমতা নেই, কোন ইচ্ছাও নেই যে সুপ্রীম কোর্টের যে আদেশ, সেই আদেশের কোন পরিবর্তন আমরা করবো। সেইজন্য সুপ্রীম কোর্টের যে আদেশ, ৬০ বছরে তারা অবসর নেবেন যারা ১৯৯০ সালের বেতনহার নিয়েছেন। আর যারা ১৯৮১ সালের বেতনহার নিয়েছেন, তারা ৬৫ বছর পর্যন্ত কাজ করতে পারেন। আমরা জানি, কিছু কিছু শিক্ষক সংগঠন কিছু শিক্ষকদের ভুল বুঝিয়েছেন। তারা ১৯৯০ সালের বেতনহার নেওয়ার পরও ৬৫ বছর পর্যন্ত কাজ

করেছেন। তাদের চাকুরীর ক্ষেত্রে কিছু জটিলতা সৃষ্টি হয়েছে। এই ব্যাপারে শিক্ষক সংগঠনের সাথে আমি একাধিকবার কথা বলেছি। আমি বলেছি যে, সুপ্রিম কোর্টের আদেশকে আমরা কখনও অমান্য করতে পারবো না, উল্লঙ্ঘন করতে পারবো না। সেক্ষেত্রে আমি আইনজ্ঞদের সাথে কথা বলেছি। আমি বিধি নির্দ্দেশকের সাথে কথা বলেছি। তারা বলেছেন যে, যে সমস্ত শিক্ষকদের এই সমস্ত সমস্যা দেখা দিয়েছে, তার জন্য আপনি কোন সাধারণ আদেশ প্রকাশ করতে পারেন না। তাহলে সুপ্রীম কোর্টের অনুমতি নিতে হবে। সেজন্য যে সমস্ত শিক্ষক অসুবিধার মধ্যে পড়েছেন, যারা ১৯৯০ সালের বেতনহার নিয়েছেন এবং ৬০ বছরের পরে কাজ করেছেন, যারা ৬০-এর পরে ৫ বছর পর্যন্ত কাজ করেছেন, সেখানে কোন সমস্যা নেই। কিন্তু পাঁচ বছরের আগে যারা দু'বছর বা তিন বছর পর্যন্ত কাজ করেছেন—১৯৯০ সালের বেতনহার নেওয়ার পরে ৬০ বছরের পরে যারা কাজ করেছেন, তারা যদি ব্যক্তিগতভাবে আবেদন করেন, আপনি ব্যক্তিগত ভাবে সেগুলো ফয়শালা করতে পারেন এবং সহানুভূতির সাথে আপনি নিশ্চয়ই বিবেচনা করতে পারেন। আমরা এই কথা বারে বারে বলেছি, কোন শিক্ষক পেনশন পাবেন না, এটা আমরা কখনও চাই না। আমরা পেনশন দেওয়ার জন্য প্রস্তুত। সেইজন্য বলছি—প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের মধ্যে মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে কোন সমস্যা নেই—যে সমস্ত প্রাথমিক শিক্ষক এই সমস্ত অসুবিধার মধ্যে আছেন, তারা যদি জেলা প্রাথমিক সংসদের মাধ্যমে আবেদন করেন, ব্যক্তিগত ভাবে আমরা নিশ্চয়ই তা সমাধান করবার চেষ্টা করবো। সেই সাথে একটি কথা এখানে বলছি, গতবার বলেছি, তার আগেরবারও বলেছি যে, পেনশন সংক্রান্ত যে বিষয়, এই বিষয়টিতে প্রকৃতপক্ষে আলোচনা করবার অধিকার এবং এক্তিয়ার অর্থ দপ্তরের। আমি তো সুবিধা পাচ্ছি। আমি বিদ্যালয় শিক্ষামন্ত্রী। আমার শিক্ষকরা সুবিধা পাচ্ছেন। পেনশন সংক্রান্ত যে আদেশ, সেই আদেশ জারী করবার অধিকার অর্থ দপ্তরের।

[4.50–5.00 p.m.]

পেনশন সংক্রান্ত অফিস হচ্ছে অর্থ দপ্তর। অর্থ দপ্তর পেনশন সংক্রান্ত কাজ করে এই কথা আমি একাধিকবার বলেছি। এটা আমাদের দপ্তরের বিষয় নয়। পেনশন সংক্রান্ত আলোচনা অর্থমন্ত্রীর কাছে করা দরকার কিংবা সাধারণ প্রশাসন, জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশান-এর বাজেটের আলোচনা হয় তখন বলতে পারেন। শিক্ষা দপ্তর হচ্ছে বেনিফিসিয়ারী দপ্তর। শিক্ষকদের পেনশন সংক্রান্ত যথোচিত উত্তর দেওয়া সাংবিধানিক অধিকার আমার নেই। পরিপূর্ণভাবে এটা আমাদের হাতে থাকতে পারে না, এটা পুরোপুরি অর্থ দপ্তরের বিষয়। তবুও আমাকে বলা হয় এবং সেই হিসাবে আমি বলতে বাধ্য হই। এই পেনশনের ব্যাপারে সত্য বাপুলী মহাশয় বলেছেন, আপনি শুনলে খুশী হবেন যে, এই পশ্চিমবঙ্গে শিক্ষকরা এখন থেকে যেদিন তারা অবসর নিচ্ছে সেই দিনই তাদের হাতে চূড়ান্ত কাগজপত্র দিয়ে দেওয়া হয়। সেখানে অবসর নেওয়ার ক্ষেত্রে প্রতি মাসে একশো জনের বেশী করে শিক্ষক মোটামুটিভাবে চূড়ান্ত কাগজপত্র পান। ৬ মাস আগে তার আবেদন করবে সেইজন্য নির্দেশিকা তৈরী করা হয়। ৬ মাস আগে থেকে কাজ

শুরু হয় সেই হিসাবে একজন শিক্ষক শেষ বেতনের সঙ্গে পেনশনের কাগজপত্র পেয়ে যায়, যাতে করে তারা এক মাস পরে বেতন পেতে পারে। এই কাগজ চাওয়ার ক্ষেত্রে কোন কোন জায়গায় অসুবিধা হচ্ছে। সেখানে কাগজপত্র ঠিকমত না থাকলে খুব অসুবিধা হয়, যেমন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের কাগজপত্র বিদ্যালয় থেকে আসে। সেখানে মুর্শিদাবাদে কিছু অসুবিধা আছে, সেটা সোহরাব সাহেব জানেন। মুর্শিদাবাদের বহু স্কুলের পরিচালক মন্ডলী কাগজপত্র প্রস্তুত করে দিচ্ছে না বলে আমরা তাদের অনুদান এবং শিক্ষকদের বেতন বন্ধ করে দিয়েছি। মেদিনীপুর জেলাতেও এই ঘটনা ঘটেছে, কাগজপত্র তারা ছাড়ছে না। আমরা তাদের বেতন বন্ধ করে দিয়েছি। অন্যান্য জেলাগুলোতে কোন অসুবিধা নেই। সেখানে ডি আই অফিস এবং পেনশন দপ্তরে এক এক মাসে যে দরখাস্ত জমা পড়ছে সেসব দেখে পেনশনের কাগজপত্র তারা তৈরী করছে। ডি পি সি অফিসে এই কাজগুলো হয়। মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে স্কুলগুলোর থেকেই কাগজপত্র আসে। অবসর নেওয়ার ৬ মাস আগের থেকেই আমরা কাগজপত্র জমা দিতে বলি যাতে কাজের সুবিধা হয়। যেদিন অবসর গ্রহণ করবেন সেই দিনই পেনশন সংক্রান্ত সমস্ত কাগজপত্র দিয়ে দেওয়া হবে। ভারতবর্ষের কোন রাজ্য শিক্ষকদের পেনশন দেওয়ার ক্ষেত্রে এই ধরণের ব্যবস্থা নিতে পারে নি। কোন রাজ্যে সম্ভব হয় নি, একমাত্র পশ্চিমবঙ্গে হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রে সমস্যা রয়েছে, সোহরাব সাহেব সেই সমস্যার কথা জানেন। প্রাথমিক শিক্ষকরা মাধ্যমিক শিক্ষকদের মত হাইকোর্টের নির্দেশ অনুযায়ী কাগজপত্র ৬ মাস আগেই জমা দিয়েছেন। কিন্তু প্রাথমিক শিক্ষকরা মকদ্দমা করার জন্যে ওদের কিছু ক্ষেত্রে পেনশন পেতে দেরী হচ্ছে। সেখানে তারা একটা জটিলতার সৃষ্টি করেছে, প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে অসুবিধা হচ্ছে তারা কেউ কেউ ৬৫ বছর পর্যন্ত কাজ করেছেন এবং ৯০ সালের হিসাবে দেওয়া বেতনও নিয়েছেন। তাদেরও পেনশন দেওয়ার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে না, কিন্তু যারা ৬২ বছর বয়স পর্যন্ত কাজ করবার পরে ছেড়ে দিয়েছে সেই প্রাথমিক শিক্ষকদের পেনশন দেওয়ার ব্যাপারে অসুবিধা হচ্ছে এবং তাদেরকে বেতন দেওয়ার ব্যাপারে অসুবিধা হয়েছে এটা আপনারা সবাই জানেন। এক্ষেত্রে যদি কেউ ব্যক্তিগতভাবে আবেদন করেন তার ক্ষেত্রে নিশ্চয় সহানুভূতির সঙ্গে আমরা বিষয়টি বিবেচনা করব। আমরা পেনশন সংক্রান্ত বিষয়ের যে ব্যবস্থা নিয়েছি তা সত্যি প্রশংসার যোগ্য এবং শিক্ষকদের অসুবিধা দূর করবার জন্যে আমরা সকলের সহযোগিতা চাই এই কথা বলে বক্তব্য শেষ করছি।

**শ্রী সঞ্জীব দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে সিদ্ধান্ত নিয়েছেন যে, নিউ স্কেল রোপা ৯০ অনুযায়ী ৬০ বছরে অবসর গ্রহণ আর ওল্ড স্কেল অনুযায়ী ৬৫ বছরে অবসর গ্রহণ এই ব্যাপারে আমি মন্ত্রীর সঙ্গে একমত। কিন্তু প্রাইমারি কাউন্সিল যে তুঘলকি রাজত্ব করছেন তার উদাহরণ হিসাবে জানাচ্ছি যে, মালদা ডিস্ট্রিক্টের প্রাইমারি কাউন্সিলের একজন টিচারকে পর পর ৫ বার এক্সটেনশান এ্যাপ্রুভ করেছে, পুরুলিয়াতেও ঘটেছে, তাহলে আদার ডিষ্ট্রিক্টের ক্ষেত্রে বাদ যাবে কেন।

সরকারের কি আদেশ আছে আমি বুঝতে পারি না। একটা সরকার, একটা প্রাইমারি

কাউন্সিল, এটা যত বাড়বে তত রকমের কাজও হবে। সেইজন্য আবার অনুরোধ করছি যারা ৬৫ বছর পর্যন্ত কাজ করেছে, নিউ স্কেল তারা নিয়ে থাকলে বাধ্য হবেন, টাকা ফেরত দিতে। তাদের এক্সটেনশান এর ব্যাপারটা মিটিয়ে দিন। আমি মন্ত্রীকে উদাহরণ দিতে চাই, ৪ হাজারের বেশী স্কুলে একজন করে শিক্ষক আছেন, সেই একজন শিক্ষকের উপর খড়গহস্ত এলে অনেক শিক্ষক-এর উপর সেই পড়বে। অনেক স্কুল শিক্ষক আছেন ৬০ এর পরে কাজ করছেন. সেই শিক্ষকরা মাহিনা পান না। শিক্ষার প্রতি দরদ থাকায় তারা দায়িত্ব ও কর্তব্যর খাতিরে শিক্ষকতা করে যাচ্ছেন। তাদের প্রতি যে অন্যায় অবিচার করা হচ্ছে এটা দেখবেন না! '৮৬ সালের পরে হিসাব দিলেন ১২ হাজার, ৮৬ সালের মধ্যে যারা তাদেরও পেনশান দেওয়ার কথা। আবার আমি অনুরোধ করছি, এই সার্কুলারে হিসাবটা ঠিক ঠিক ভাবে লেখেন নি। শুধু হাওড়া জেলার কথা বলছি ১ হাজার ২৬ টার মতন প্রাইমারী সেক্শানে পেনশান পাবার জন্য দরখাস্ত পড়ে আছে। যারা বলছিলেন পেনশান ৬ মাসের মধ্যে দেবেন, তাদের উদ্দেশ্যে বলছি, হুগলী জেলার পোলবায় শ্রীরাম রঘুনাথ চক্রবর্তী ১৯৯৫ তে রিটায়ার্ড করে, কোন পেনশান না পেয়ে ১৯৯৮ সালে মারা যান। ঐ জেলারই কার্তিক চন্দ্র মল্লিক ১৯৯৩ সালে রিটায়ার্ড করে কোনও পেনশান না পেয়ে ১৯৯৫ সালে মারা যান। হুগলী জেলার মুথাডাঙায় মৃগেন্দ্র নাথ রায় ১৯৯৪ সালে রিটায়ার্ড এর পর ১৯৯৮ সালের জুন মাসে মারা যান। কলকাতার কমলা ভগত রিটায়ার্ড করেন এপ্রিল ১৯৯৬তে মারা যান এপ্রিল ১৯৯৮তে, স্কুলের নাম পরেশ নাথ বালিকা বিদ্যালয়, ঢাকুরিয়া সার্কেল (XVII)। এই রকম অসংখ্য উদাহরণ দিতে পারি, হয়ত কোন একজন শিক্ষক ৬ মাস কিংবা ৯ মাসের মধ্যে পেনশান পেয়েছেন, তাই বলে ইউ ক্যান নট জেনারালাইজ ইট্, যে সবাই পাচ্ছেন। আপনি দুনিয়ার লোক দেখাতে পারেন—Is there any circular; is there any order from any part of the Government or primary district council. কিন্তু এটা ঠিক নয়। আমি আপনাকে অনুরোধ করছি যে সমস্ত শিক্ষক ৫ বছর কাজ করেছেন ৩ বছর মাহিনা দিয়েছেন, ২ বছরের মাহিনাটা দিয়ে তাদের রিটায়ারমেন্ট বেনিফিট দিন। যারা ৬৫ পর্যন্ত কাজ করেছে। এই স্বীকৃতি আমরা চাইছি। দয়া করে প্রতিহিংসাপরায়ণ হবেন না, করজোড়ে অনুরোধ করছি অমানবিক কাজটা করবেন না। আমি আবারও বলছি শিক্ষকদের সমস্যাটা মিটিয়ে দিন, শিক্ষকদের স্বার্থে, শিক্ষাক্রম-এর স্বার্থে, রাজ্যের শিক্ষার উন্নতির স্বার্থে, এই সমস্যা মিটিয়ে দেবেন এই আশা করি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sanjib Kumar Das that – এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,—রাজ্যে বর্তমানে প্রায় ৪০ (চল্লিশ) হাজার অবসরপ্রাপ্ত মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষক/শিক্ষিকা পেনশন পাচ্ছেন না;

এই সভা আরও লক্ষ্য করছে যে, কয়েক হাজার ষাটোর্ধ্ব প্রাথমিক শিক্ষক/শিক্ষিকাদের বেতন বন্ধ করে অবসর গ্রহণে বাধ্য করা হয়েছে এবং ১৯৮১ সালে কর্মরত শিক্ষক ও শিক্ষিকাদের বেতন বন্ধ করে দিয়ে তাদের ভবিষ্যৎ অনিশ্চিত করে তোলা হয়েছে;

এই সভা মনে করে যে, অবর বিদ্যালয় পরিদর্শকের, জেলা প্রাথমিক শিক্ষা পর্ষদ অফিসেরও জেলা বিদ্যালয় পরিদর্শকের (মাধ্যমিক) অফিসে কর্মচারীদের গাফিলতি ও পরিকাঠামোর ব্যবস্থা ভাল না থাকার ফলে পেনশন পেতে দেরী হচ্ছে; এবং

এই সভা আরও মনে করে যে, পেনশন প্রদানের নিয়মাবলী যথেষ্ট সরলীকরণ না হওয়ার ফলে এবং সরকারী নীতি ও কর্মপন্থা বিলম্বে প্রকাশের জন্য পেনশন মঞ্জুর করতে দেরী হচ্ছে;

অতএব, এই সভা রাজ্য সরকারের নিকট উপরোক্ত বিষয়ের গুরুত্ব উপলব্ধি করে এইসব অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন এবং ষাটোর্ধ্ব শিক্ষক ও শিক্ষিকাদের বেতন যাতে সত্বর প্রদান করা হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছে—

was then put and a Division was taken with the following results :–

**NOES**

Abu Ayes Mondal, Shri
Bera, Shri Dipak
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti
Biswas, Shri Sushil
Biswas, Shrimati Susmita
Bouri, Shri Angad
Bouri, Shri Haradhan
Chattopadhyay, Shri Jyoti Krishna
Chaudhuri, Shri Amar
Das, Shri Bidyut Kumar
Das, Shri Pushpa Chandra
Das Mahapatra, Shri Kamakshya Nandan
Deb, Shri Rabin
Dey (Bose), Shrimati Ibha
Dhar, Shri Padmanidhi
Dutta, Shri Himangsu
Ghosh, Shri Sunil Kumar
Giri, Shri Ashoke
Goswami, Shri Subhas
Hazra, Shri Samar
Hira, Shrimati Mili
Hore, Shri Tapan
Id. Mohammed, Shri
Kabi, Shri Pelab

Kisku, Shri Upendra
Kundu, Shri Ranjit
Mandal, Shri Prabhanjan
Md. Amin, Shri
Md. Ansaruddin, Shri
Md. Yakub, Shri
Mir Quasim Mondal, Shri
Mitra, Shri Biswanath
Mondal, Shri Biswanath
Mondal, Shri Rabindranath
Mozammel Haque, Shri
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Pratyush
Nanda, Shri Brahmamoy
Naskar, Shri Sankar Sharan
Naskar, Shri Subhas
Pan, Shri Bhaktaram
Ray, Shri Dwijendra Nath
Routh, Shri Dibakanta
Roy, Shri Mrinal Kanti
Saha, Shri Kripa Sindhu
Samanta, Shri Rampada
Saren, Shri Subhas Chandra
Sen, Shri Dhirendra Nath
Sengupta, Shri Purnendu
Sinha, Dr. Nirmal
Sinha, Shri Prabodh Chandra
Sk. Majed Ali, Shri
Unus Sarkar, Shri
Zamadar, Shri Badal

**AYES**

Abdul Mannan, Shri
Abdus Salam Munshi, Shri
Abu Hena, Shri
Abu Sufian Sarkar, Shri
Bhattacharjee, Shri Sudhir
Biswas, Shri Shashanka Shekhor
Chakraborty, Shri Gautam
Chettri, Shrimati Shanta

Das, Shri Sailaja Kumar
Das, Shri Sanjib Kumar
Dr. Fazley Haque
Gulsan Mullick, Shri
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Humayun Reza, Shri
Lahiri, Shri Jatu
Mahato, Shri Shantiram
Mahbubul Haque, Shri
Mainul Haque, Shri
Mal, Shri Asit Kumar
Mandal, Shri Tushar Kanti
Manjhi, Shri Ramjanam
Md. Abdul Karim Choudhury, Shri
Md. Sohrab, Shri
Mitra, Shrimati Sabitri
Mondal, Shri Ramprabesh
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Rabin
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Ray Chowdhury, Shri Biplab
Roy, Shri Tapas
Sardar, Shri Sital Kumar
Singha, Shri Sankar
Sinha, Shri Atish Chandra
Sk. Daulat Ali, Shri

The Ayes being 36 and Noes 57.

The motion was lost.

## CONSTITUTION OF THE ASSEMBLY COMMITTEES

**Mr. Speaker :** Hon'ble Members, I have an announcement regarding the formation of committees :–

[5.00–5.10 p.m.]

### Committee on Public Accounts, 1999-2000

1. Shri Abdul Mannan,
2. Shri Abu Ayes Mondal,

3. Shri Ajoy Dey,
4. Shri Ambica Banerjee,
5. Shri Gyan Singh Sohan Pal,
6. Shri Jayanta Kumar Biswas,
7. Shri Kamakhya Nandan Das Mohapatra,
8. Shri Kripa Sindhu Saha,
9. Shri M. Ansaruddin,
10. Shri Mostafa Bin Quasem,
11. Shri Narayan Mukherjee,
12. Shri Nazmul Haque,
13. Shri Rabindra Nath Mandal,
14. Shri Rabin Deb and
15. Shri Satya Ranjan Bapuli

have already been elected to constitute the Committee on Public Accounts, 1999-2000 under rule 302 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Now, in pursurance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. I appoint **Shri Satya Ranjan Bapuli,** Chairman of the Committee on Public Accounts, 1999-2000.

**Committee on Public Undertakings, 1999-2000**

1. Shri Adhir Ranjan Choudhuri
2. Shri Amar Chaudhuri
3. Shri Bimal Mistry
4. Shri Debabrata Banerjee
5. Shri Hafiz Alam Sairani
6. Shri Jyoti Chowdhury
7. Shri Mrinal Kanti Roy
8. Shri Nirmal Ghosh
9. Shri Pankaj Banerjee
10. Shri Paresh Nath Das
11. Shri Purnendu Sengupta
12. Shri Rajdeo Goala
13. Shri Ranjit Kundu
14. Shri Shiba Prasad Malick
15. Shri Sibendra Narayan Chowdhury
16. Dr. Sujan Chakraborty
17. Shri Sultan Ahmed
18. Shri Tapas Roy, and
19. Shri Unus Sarkar

have already been elected to constitute the Committee on Public Undertakings, 1999-2000 under rule 303D(2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Now in pursuance of Rule 255(1) of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I appoint **Shri Ranjit Kundu,** Chairman of the Committee on Public Undertakings, 1999-2000.

**Committee on Estimates, 1999-2000**

1. Shri Abdul Karim Chowdhury
2. Shri Bhadreswar Mondal
3. Shri Binoy Dutta
4. Shri Biswanath Mondal
5. Shri Chittaranjan Das Thakur
6. Shri Dwijendra Nath Roy
7. Shri Goutam Chakraborty
8. Dr. Gouripada Dutta
9. Shri Jahangir Karim
10. Shri Lakhan Bagdi
11. Md. Yakub
12. Dr. Motahar Hossain
13. Shri Nirmal Das
14. Shri Nirmal Mukherjee
15. Dr. Nirmal Sinha
16. Shri Prabhanjan Mondal
17. Shri Puspa Chandra Das
18. Shri Rabindra Ghosh, and
19. Shri Shibdas Mukherjee

have already been elected to constitute the Committee on Estimates, 1999-2000 under rule 303B(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Now, in pursuance of Rule 255(1) of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I appoint **Dr. Gouripada Dutta** Chairman of the Committee on Estimates, 1999-2000.

**Motion for Reconstitution of Committee on Reforms and functioning of the Committee System.**

**Mr. Speaker :** Whereas the Committee on Reforms and Functioning of the Committee System was constituted on the 4th April, 1997 to monitor, co-

ordinate, advice and guide all the Committee in their smooth functioning and to submit Report from time to time, as and when required; and

Whereas the Committee on Reforms and Functioning of the Committee System was reconstituted on 6.7.98 to come into operation with effect from 23.7.98.

Whereas it is now felt necessary that the Committee on Reforms and Functioning of the Committee System be reconstituted again;

This House, therefore, resolves that the Committee on Reforms and Functioning of the Committee system be reconstituted with effect from the 24th July, 1999 with the following members –

1. Shri Abdul Mannan
2. Shri Brahmamoy Nanda
3. Shri Debaprasad Sarkar
4. Dr. Gouri Pada Dutta
5. Shri Gyan Singh Sohanpal
6. Shri Kripa Sindhu Saha
7. Shri Padmanidhi Dhar
8. Shri Prabhanjan Mondal
9. Shri Purnendu Sengupta
10. Shri Saugata Roy
11. Shri Shyamaprasad Bose
12. Shri Tapan Hore

I think the House has the consent to this. (Voice–Ayes).

The Motion was adopted.

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint **Shri Prabhanjan Mondal** as Chairman of the Committee.

## Constitution of the Subject Committee on Urban Development, Municipal Affairs and Housing, Public Works and Tourism.

**Mr. Speaker :** In pursuance of Rule 310ZB (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the Motions for reorganisation of the Subject Committee adopted by the House on 10th April, 1997 and 4th July, 1997 I hereby nominate the following Members to constitute the Subject Committee on Urban Development, Municipal Affairs and Housing, Public Works and Tourism, 1999-2000.

1. Shri Abdul Mannan
2. Shri Ajoy Dey
3. Shri Ananda Gopal Das
4. Shri Biren Ghosh
5. Shri Buddhadeb Bhakat
6. Shri Kaliprasad Biswas
7. Smt. Kanika Ganguly
8. Shri Narmada Roy
9. Shri Pankaj Ghosh
10. Shri Rabindranath Chatterjee
11. Shri Rajdeo Goala
12. Shri Shiba Prasad Malick
13. Shri Subrata Mukherjee
14. Dr. Tapati Saha
15. Shri Tarak Bandyopadhyay

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I hereby appoint **Shri Subrata Mukherjee** as the Chairman of the Subject Committee on Urban Development, Municipal Affairs and Housing, Public Works and Tourism, 1999-2000.

**Constitution of the Subject Committee on Education, Information and Cultural Affairs and Sports & Youth Services**

**Mr. Speaker** : In pursuance of Rule 310N(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the Motion for re-organisation on the Subject Committee adopted by the House on 10th April, 1997 I hereby nominate the following Members to constitute the Subject Committee on Education, Information and Cultural Affairs and Sports & Youth Services, 1999-2000.

1. Shri Ajit Khanra
2. Shri Ashoke Giri
3. Smt. Gillian Rosemary D'Costa Hurt
4. Shri Debaprasad Sarkar
5. Shri Hafiz Alam Sairani
6. Smt. Kamal Sengupta (Basu)
7. Smt. Kumkum Chakraborty
8. Shri Md. Sohrab
9. Shri Nirmal Das

10. Shri Padmanidhi Dhar
11. Shri Sanjib Das
12. Smt. Santa Chhetri
13. Shri Sk Doulat Ali
14. Shri Sunil Kumar Ghosh
15. Smt. Susmita Biswas

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Shri Padmanidhi Dhar** as the Chairman of the Subject Committee on Education, Information & Cultural Affairs and Sports and Youth Services, 1999-2000.

[5.10–5.20 p.m.]

**Constitution of the Subject Committee on Health & Family Welfare**

**Mr. Speaker** : In pursuance of Rule 310P(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the Motion for reorganisation on the Subject Committees adopted by the House on 10th April, 1997 and 4th July, 1997, I hereby nominate the following Members to constitute the Subject Committee on Health & Family Welfare, 1999-2000.

1. Shri Abu Hena
2. Dr. Anupam Sen
3. Shri Bachcha Mohan Roy
4. Shri Badal Jamadar
5. Shri Dilip Das
6. Dr. Gouripada Dutta
7. Dr. Omar Ali
8. Shri Ramesh Roy
9. Shri Ratan Pakhira
10. Smt. Rubi Nur
11. Shri Shyamaprasad Pal
12. Shri Sushil Biswas
13. Dr. Tapati Saha
14. Shri Tarak Banerjee
15. Dr. Pravin Kumar Shaw

In Addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Subject Committee.

In pursuance of the Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Dr. Gouripada Dutta** as the Chairman of the Subject Committee on Health & Family Welfare, 1999-2000.

### Constitution of the Subject Committee on Social Welfare

**Mr. Speaker :** In pursuance of Rule 310C(1) of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the Motions for reorganisation on the Subject Committee adopted by the House on 10th April, 1997 and 4th July, 1997, I hereby nominate the following Members to constitute the Subject Committee on Social Welfare, 1999-2000.

1. Shri Bangshi Badan Maitra
2. Shri Brahmamoy Nanda
3. Smt. Deblina Hembram
4. Shri Debnath Murmu
5. Shri Haradhan Bauri
6. Smt. Ibha Dey
7. Smt. Kamal Sengupta (Basu)
8. Shri Kamalakshmi Biswas
9. Smt. Maya Rani Pal
10. Dr. Motahar Hossain
11. Shri Padmanidhi Dhar
12. Shri Quazi Abdul Gaffar
13. Smt. Sabitri Mitra
14. Shri Sabuj Dutta
15. Shri Subhas Goswami

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Shri Subhas Goswami** as the Chairman of the Subject Committee on Social Welfare, 1999-2000.

### Constitution of the Subject Committee on Transport and Public Health Engineering

**Mr. Speaker :** In pursuance of the Rule 310R(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the Motions for reorganisation on the Subject Committees adopted by the House on 10th April, 1997 and on 4th July, 1997, I hereby nominate the following

Members to constitute the Subject Committee on Transport and Public Health Engineering, 1999-2000.

1. Shri Abul Basar Laskar
2. Shri Angad Bauri
3. Shri Asit Mitra
4. Shri Bijoy Bagdi
5. Shri Jagannath Oraon
6. Shri Jayanta Chowdhury
7. Shri Kamal Mukherjee
8. Shri Lagandeo Singh
9. Shri Madan Mohan Nath
10. Shri Mihir Goswami
11. Smt. Shanta Chhetri
12. Shri Sk. Khabiruddin Ahmed
13. Shri Saugata Roy
14. Shri Subhas Chandra Saren
15. Shri Sushil Kujur

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Shri Saugata Roy** as the Chairman of the Subject Committee on Transport and Public Health Engineering, 1999-2000.

### Constitution of Subject Committee on Relief, Refugee Relief & Rehabilitation and Forest

**Mr. Speaker :** In pursuance of Rule 252(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly and read with the provisions contained in the Motion adopted by the House to-day in this regard I nominate the following Members to constitute the Subject Committee on Relief, Refugee Relief & Rehabilitation and Forest, 1999-2000.

1. Shri Bidyut Kumar Das
2. Shri Choudhuri Abdul Karim
3. Shri Bishnu Let
4. Shri Debisankar Panda
5. Shri Jyoti Krishna Chattopadhyay
6. Smt. Maya Rani Pal
7. Smt. Mili Hira
8. Shri Pankaj Banerjee

9. Shri Rabindranath Hembram
10. Smt. Sadhana Mallick
11. Smt. Sakuntala Paik
12. Shri Salib Toppo
13. Shri Saresh Ankura
14. Shri Soumendra Chandra Das
15. Shri Sudhir Pramanik

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby nominate **Shri Bidyut Kumar Das** as the Chairman of the Subject Committee on Relief, Refugee Relief & Rehabilitation and Forest, 1999-2000.

## Constitution of the Subject Committee on Welfare of Scheduled Castes/ Scheduled Tribes and other Backward Classes

**Mr. Speaker :** In pursuance of Rule 252(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the provisions contained in the Motion adopted by the House today in this regard I nominate the following Members to constitute the Subject Committee on Welfare of Scheduled Castes/Scheduled Tribes and Other Backward Classes, 1999-2000.

1. Shri Asit Mal
2. Shri Bhandu Maji
3. Shri Bijoy Bagdi
4. Shri Binoy Krishna Biswas
5. Shri Kamalakshi Biswas
6. Shri Khanra Soren
7. Shri Kiriti Bagdi
8. Shri Kshiti Ranjan Mondal
9. Shri Mehboob Mondal
10. Shri Nanda Rani Dal
11. Shri Phanibhusan Roy
12. Shri Prakash Minj
13. Shri Pramathanath Roy
14. Shri Shibaprasad Dalui
15. Shri Sital Sardar

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint Smt. Nanda Rani Dal as the Chairperson of the Subject Committee on Welfare of Scheduled Castes/Scheduled Tribes and Other Backward Classes, 1999-2000.

**Constitution of Subject Committee on Industrial Reconstruction, Cottage and Small Scale Industries**

**Mr. Speaker** : In pursuance of Rule 252(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the provisions contained in the Motion adopted by the House to-day in this regard I nominate the following Members to constitute the Subject Committee on Industrial Reconstruction, Cottage and Small Scale Industries, 1999-2000.

1. Shri Asit Kumar Mal
2. Shri Bimal Mistry
3. Shri Chaitan Munda
4. Shri Chittaranjan Das Thakur
5. Shri Subhas Naskar
6. Shri Jyotikrishna Chattopadhyay
7. Shri Madan Mohan Nath
8. Shri Mahabubul Haque
9. Smt. Mamata Mukherjee
10. Shri Phanibhusan Roy
11. Shri Prakash Minj
12. Shri Sadhan Pandey
13. Shri Sk Doulat Ali
14. Shri Soumendra Chandra Das
15. Shri Sunil Ghosh

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Shri Chittaranjan Das Thakur** as the Chairman of the Subject Committee on Industrial Reconstruction, Cottage and Small Scale Industries, 1999-2000.

**Constitution of the Subject Committee on Irrigation and Waterways and Water Investigations and Development**

**Mr. Speaker** : In pursuance of Rule 310T(1) of the Rules of Procedure and Conduct of the Business in the West Bengal Legislative Assembly read with the Motions for reorganisation on the Subject Committee adopted by the

**House on 10th April, 1997 I hereby nominate the following Members to constitute the Subject Committee on Irrigation & Waterways and Water Investigation and Development, 1999-2000.**

1. Shri Abu Sufian Sarkar
2. Shri Chakradhar Maikap
3. Shri Himanghsu Dutta
4. Shri Kamakshyanandan Das Mahapatra
5. Shri Mahamuddin
6. Shri Mainul Haque
7. Shri Nanigopal Chowdhury
8. Smt. Mili Hira
9. Shri Pankaj Kumar Ghosh
10. Shri Rabindra Ghosh
11. Shri Ram Prabesh Mandal
12. Smt. Sabitri Mitra
13. Shri Sailaja Das
14. Shri Saktipada Khanra
15. Shri Tapan Hore

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby nominate **Shri Tapan Hore** as the Chairman of the Subject Committee on Irrigation & Waterways and Water Investigation and Development, 1999-2000.

**Constitution of the Subject Committee on Panchayat, Rural Development, Land Reforms and Animal Resources Development**

**Mr. Speaker :** In pursuance of Rule 310L(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the Motions for reorganisation of the Subject Committees adopted by the House on 10th April, 1997 and on 4th July, 1997, I hereby nominate the following Members to constitute the Subject Committee on Panchayat, Rural Development, Land Reforms and Animal Resources Development, 1999-2000.

1. Shri Abu Hena
2. Shri Anil Mudi
3. Shri Bhaktaram Pan
4. Shri Chittaranjan Das Thakur
5. Shri Gulsan Mallick
6. Shri Id Mohammad

7. Shri Kamalakanta Mahato
8. Shri Manoranjan Patra
9. Shri Manik Chandra Mondal
10. Shri Md. Hannan
11. Shri Nanigopal Chowdhury
12. Shri Nripen Gayen
13. Shri Shashanka Shekhor Biswas
14. Shri Sudhir Bhattacharyya
15. Shri Tapas Chattopadhyay

In addition the Ministers of the Departments will be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Shri Nani Gopal Choudhury** as the Chairman of the Subject Committee on Panchayat, Rural Development, Land Reforms and Animal Resources Development, 1999-2000.

**Constitution of the Subject Committee on Power, Commerce & Industries, Science & Technology and Non-Conventional Energy Sources**

**Mr. Speaker :** In pursuance of Rule 310ZD(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the Motions for reorganisation on the Subject Committees adopted by the House on 10th April, 1997 and 4th July, 1997, I hereby nominate the following Members to constitute the Subject Committee on Power, Commerce & Industries, Science & Technology and Non-conventional Energy Sources, 1999-2000:—

1. Shri Ambica Banerjee
2. Shri Ashok Deb
3. Shri Biplab Ray Chowdhury
4. Shri Gurupada Dutta
5. Shri Gyan Singh Sohanpal
6. Shri Jatu Lahiri
7. Shri Narayan Mukherjee
8. Shri Narbahadur Chhetri
9. Shri Nishikanta Mehta
10. Shri Pelab Kabi
11. Shri Pratyush Mukherjee
12. Shri Purnendu Sengupta
13. Shri Rabin Deb
14. Shri Sobhandeb Chattopadhyay
15. Shri Timir Baran Bhaduri

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I hereby appoint **Shri Rabin Deb** as the Chairman of the Subject Committee on Power, Commerce & Industries, Science & Technology and Non Conventional Energy Sources, 1999 - 2000.

## Constitution of Subject Committee on Labour

**Mr. Speaker** : In pursuance of Rule 252(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the provisions contained in the Motion adopted by the House today in this regard I nominate the following Members to constitute the Subject Committee on Labour, 1999-2000:—

1. Shri Binoy Dutta
2. Shri Gaulan Lepcha
3. Shri Humayun Reza
4. Shri Sk. Jahangir Karim
5. Shri Jyoti Chowdhury
6. Shri Krishnaprasad Duley
7. Shri Madanmohan Nath
8. Shri Maniklal Acharjee
9. Shri Mehbub Mondal
10. Shri Mursalin Molla
11. Shri Rabin Mukherjee
12. Shri Ranjit Kundu
13. Shri Sudhan Raha
14. Shri Suniti Chattaraj
15. Shri Timir Baran Bhaduri

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I, hereby appoint **Shri Madanmohan Nath** as the Chairman of the Subject Committee on Labour, 1999-2000.

## Constitution of the Subject Committee on Agriculture, Agriculture Marketing, Food & Supplies, Food Processing, Horticulture and Fisheries

**Mr. Speaker** : In pursuance of the Rule 310Z(1) of the Rules of Pro-

cedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the Motions for reorganisation on the Subject Committees adopted by the House on 10th April, 1997 and 4th July, 1997 I hereby nominate the following Members to constitute the Subject Committee on Agriculture, Agriculture Marketing, Food & Supplies, Food Processing, Horticulture and Fisheries, 1999 - 2000:—

1. Shri Abdus Salam Munshi
2. Shri Abu Ayes Mondal
3. Shri Chittaranjan Biswas
4. Shri Dipak Bera
5. Shri Habibur Rahaman
6. Shri Haripada Biswas
7. Shri Manmatha Roy
8. Dr. Md. Fazle Haque
9. Dr. Ram Chandra Mondal
10. Shri Rampada Samanta
11. Shri Samar Mukherjee
12. Shri Sankar Saran Naskar
13. Shri Sital Sardar
14. Shri Subhas Mondal
15. Shri Subhas Naskar

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Member of the Committee.

In pursuance of Rule 255 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Shri Abu Ayes Mondal** as the Chairman of the Subject Committee on Agriculture, Agriculture Marketing, Food & Supplies, Food Processing, Horticulture and Fisheries, 1999-2000.

**Constitution of Subject Committee on Environment and Co-operation**

[5.20–5.30 p.m.]

**Mr. Speaker :** In pursuance of Rule 310X(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly read with the Motions for reorganisation on the Subject Committees adopted by the House on 10th April, 1997 and 4th July, 1997, I hereby nominate the following Members to constitute the Subject Committee on Environment and Co-operation, 1999-2000.

1. Shri Abu Hasem Khan Chowdhury
2. Shri Kartick Chandra Bag

3. Shri Khagendra Nath Mahato
4. Shri Lakhi Ram Kisku
5. Shri Manik Upadhyay
6. Shri Md. Yakub
7. Shri Mir Quasem Mandal
8. Shri Mursalin Molla
9. Shri Nandadulal Majhi
10. Shri Narmada Ch. Roy
11. Shri Ramjanam Majhi
12. Shri Sailaja Kumar Das
13. Shri Santi Ram Mahato
14. Shri Sk. Majed Ali
15. Shri Tushar Kanti Mondal

In addition the Ministers of the Departments shall be the Ex-officio Members of the Committee.

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Md. Yakub** as the Chairman of the Subject Committee on Environment and Cooperation, 1999-2000.

**Constitution of Committee on Rules**

**Mr. Speaker :** In pursuance of Rule 309 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby nominate the following Members to constitute the Committee on Rules, 1999-2000.

1. Shri Amar Chaudhuri
2. Shri Ambica Banerjee
3. Shri Paresh Das
4. Shri Debabrata Sarkar
5. Shri Gyan Singh Sohanpal
6. Shri Kamal Kanti Guha
7. Shri Kripa Sindhu Saha
8. Shri Krishna Prasad Duley
9. Shri Manik Chandra Mandal
10. Dr. Nirmal Sinha
11. Shri Pratyush Mukherjee
12. Shri Saugata Roy
13. Shri Soumendranath Mitra
14. Shri Subrata Mukherjee

and I, as the Speaker, also be a Member and the Chairman of the Committee.

## Constitution of Library Committee

**Mr. Speaker :** In pursuance of Rule I relating to the Library Committee as contained in the Appendix of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby nominate the following Members to constitute the Library Committee, 1999-2000:—

1. Shri Ajit Pandey
2. Shri Bachcha Mohan Ray
3. Shri Banamali Roy
4. Shri Brahmamoy Nanda
5. Smt. Gillian Rosemary D'Costa Hart
6. Shri Kirity Bagdi
7. Dr. Omar Ali
8. Shri Pramatha Nath Roy
9. Shri Puspa Chandra Das
10. Shri Rajesh Khaitan
11. Smt. Rubi Nur
12. Shri Rampada Samanta
13. Shri Samar Hazra
14. Shri Shantiram Mahato

and I, as the Speaker, shall be a Member and Chairman of the Committee.

## Constitution of Committee on Entitlements of the Members

**Mr. Speaker :** In pursuance of Rule 1 relating to the Committee on Entitlements of the Members as contained in the Appendix of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby nominate the following Members to constitute the Committee on Entitlements of the Members for the year 1999-2000.

1. Shri Abdul Mannan, Whip of the Opposition
2. Shri Anil Mukherjee, Deputy Speaker
3. Shri Atish Chandra Sinha, Leader of Opposition
4. Shri Brahmamoy Nanda
5. Shri Debaprasad Sarkar
6. Shri Gyan Singh Sohanpal
7. Shri Kripa Sindhu Saha
8. Smt. Kumkum Chakraborty
9. Shri Nabahadur Chhetri
10. Shri Prabodh Chandra Sinha, Minister-in-Charge, Parliamentary Affairs Department

11. Shri Purnendu Sengupta
12. Shri Rabin Deb
13. Shri Rabindranath Mandal, Chief Government Whip
14. Shri Samar Hazra
15. Shri Subhas Goswami

and I, as the speaker, shall be a Member and the Chairman of the Committee.

**Constitution of Committee of Privileges**

**Mr. Speaker :** In pursuance of Rule 304 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby nominate the following Members to constitute the Committee of Privileges, 1999-2000.

1. Shri Abinash Mahato
2. Shri Anil Mukherjee (Deputy Speaker)
3. Shri Kamakshya Nandan Das Mahapatra
4. Smt. Kanika Ganguly
5. Shri Kripa Sindhu Saha
6. Shri Manoranjan Patra
7. Shri Md. Sohrab
8. Smt. Nanda Rani Dal
9. Shri Rabindranath Mandal (Chief Govt. Whip)
10. Shri Satya Ranjan Bapuli
11. Shri Shyamaprosad Bose
12. Shri Saugata Roy
13. Shri Subhas Goswami
14. Shri Subrata Mukherjee
15. Shri Sultan Ahmed

In pursuance of Proviso to Rule 255(1) of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby nominate Shri Anil Mukherjee, Deputy Speaker as the Chairman of the Committee of Privileges, 1999-2000.

**Constitution of Committee on Government Assurances**

**Mr. Speaker :** In pursuance of Rule 307B(1) of the Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly, I hereby nominate the following Members to constitute the Committee on Government Assurances, 1999-2000.

1. Shri Abdul Mannan
2. Shri Ashoke Mukherjee
3. Shri Biswanath Mitra
4. Shri Deoki Nandan Poddar
5. Shri Jatindra Nath Roy
6. Shri Kamal Mukherjee
7. Shri Kripa Sindhu Saha
8. Shri Kshiti Ranjan Mondal
9. Shri M. Ansaruddin
10. Shri Nirmal Mukherjee
11. Shri Salib Toppo
12. Shri Samar Hazra
13. Smt. Shakti Rana
14. Shri Shankar Singh
15. Shri Tapas Banerjee

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Shri Deoki Nandan Poddar** as the Chairman of the Committee on Government Assurance, 1999-2000.

### Constitution of Committee on Subordinate Legislation

**Mr. Speaker :** In pursuance of Rule 307C(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I hereby nominate the following Members to constitute the Committee on Subordinate Legislation, 1999-2000.

1. Shri Ajit Pandey
2. Shri Ananda Kumar Biswas
3. Shri Ashoke Deb
4. Shri Biswanath Mitra
5. Shri Chitta Ranjan Mukhopadhyay
6. Shri Debabrata Banerjee
7. Shri Dibakanta Routh
8. Shri Goutam Chakraborty
9. Shri Haripada Biswas
10. Shri Id Mohammad
11. Shri Jadu Hembram
12. Shri Jatu Lahiri
13. Shri Mostafa Bin Quasem
14. Shri Mozammel Haque (Hariharpara)
15. Shri Mozammel Haque (Murshidabad)

16. Shri Nazmul Haque
17. Shri Tamal Majhi
18. Shri Tapas Banerjee
19. Shri Tapas Roy

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I hereby appoint **Shri Biswanath Mitra** as the Chairman of the Committee on Subordinte Legislation, 1999-2000.

**Constitution of House Committee**

**Mr. Speaker :** In pursuance of Rule 1 relating to the House Committee as contained in the Appendix of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby nominate the following Members to constitute the House Committee, 1999-2000.

1. Shri Abdul Salam Munshi
2. Shri Anandagopal Das
3. Shri Anil Mudi
4. Shri Biswanath Mondal
5. Shri Haradhan Bauri
6. Shri Khanra Soren
7. Shri Mahabubul Haque
8. Shri Mainul Haque
9. Smt. Mamata Mukherjee
10. Shri Manik Upadhyoy
11. Shri Md. Unus Sarkar
12. Shri Nishikanta Mehta
13. Shri Saresh Ankure
14. Shri Shibaprasad Dalui
15. Shri Sushil Biswas

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Shri Unus Sarkar** as the Chairman of the House Committee, 1999-2000.

**Constitution of Committee on Petitions**

**Mr. Speaker :** In pursuance of Rule 299 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby nominate the following Members to constitute the Committee on Petitions, 1999 - 2000.

1. Shri Bidyut Kumar Das
2. Shri Dwijendra Nath Roy
3. Shri Habibur Rahaman
4. Shri Kamala Kanta Mahato
5. Shri Lakshman Bagdi
6. Shri Manik Lal Acharyya
7. Shri Prabodh Purkait
8. Shri Nikunja Paik
9. Shri Sanjib Kumar Das
10. Shri Sanjoy Bakshi
11. Shri Shasanka Sekhar Biswas
12. Shri Sibdas Mukherjee
13. Shri Sibendranarayan Chowdhury
14. Shri Soumendra Chandra Das
15. Shri Jayanta Kumar Biswas

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby appoint **Shri Soumendra Ch. Das** as the Chairman of the Committee on Petitions, 1999-2000.

**Date of Commencement of the Committees for the year - 1999-2000**

**Mr. Speaker :** The Committees constituted for the year 1999-2000 will come into operation from 24th July, 1999 for one year.

As per the latest amendment to the Rules of Procedures and Conduct of Business in the West Bengal Legislative Assembly as recommended by the Rules Committee and approved by the House and to come into force with effect from 24th July, 1999, the Subject Committees constituted for the year 1999-2000 shall be termed as the Departmentally Related Standing Committees and will be covered by the new rules introduced by the said amendments.

The Committee on Entitlements of the Members and the Committee on Reforms and Functioning of the Committee System have also been incorporated in chapter XXV of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly which will also come into force with effect from 24th July, 1999.

The Committee on Entitlements of the Members, 1999-2000 and the Committee on Reforms and Functioning of the Committee System, 1999-2000 shall be guided by the said New Rules.

**Point of Information**

**শ্রী রবীন দেব :** স্যার, একটা ইন্‌ফরমেশন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত রবিবার আমাদের রাজ্যে তিনটি পৌরসভার নির্বাচন হয়েছিল—দমদম, সাউথ দমদম এবং মহেশতলা। এই তিনটি পৌরসভাতেই বিরোধীদের সমস্ত অপপ্রচার ব্যর্থ করে সি. পি. আই (এম)-এর নেতৃত্বে বামপন্থীরা জয়ী হয়েছে। দমদমে ২২টা আসনের মধ্যে বামপন্থীরা ১৩টা পেয়েছে, অপোজিশন ৯টা পেয়েছে। সাউথ দমদমে ২৩টা সি. পি. আই (এম) এবং সি. পি. আই; অপোজিশন ১২টা। মহেশতলায় ৩৫টা আসনের মধ্যে ইতিমধ্যে ২৩টা আসনের রেজাল্ট বেরিয়েছে। তার মধ্যে ১৬টা সি. পি. আই. (এম); ৭টা অপোজিশন।

[5.30–5.40 p.m.]

**BRIEF RESUME OF BUSINESS**

**Mr. Speaker :** Today the 20th July, 1999 is the last day of the 7th Session of the Twelfth Assembly. Before I adjourn the House sine-die I would like to make an announcement regarding Questions. Starred Questions to which replies have been received in the Secretariat but not answered in the House would be treated as Unstarred ones and replies thereto would be circulated to the Members.

Now, I shall narrate in brief about the business transacted during the Seventh Session of the Twelfth Assembly.

(Position as on the 20th July, 1999)

**Questions :**

| | | | |
|---|---|---|---|
| 1. | Total number of Notices of Question received | | 2510 |
| | (a) Short Notices | .. .. | Nil |
| | (b) Starred | .. .. | 1737 |
| | (c) Unstarred | .. .. | 773 |
| 2. | Total number of Notices of half-an-hour discussion received | .. .. | Nil |
| 3. | Total number of Questions admitted | .. | 1832 |
| | (a) Short Notice | .. .. | Nil |
| | (b) Starred | .. .. | 752 |
| | (c) Unstarred | .. .. | 1080 |
| 4. | Total number of Questions Disallowed | .. | 348 |
| 5. | Total number of Questions replied | .. | 1035 |
| | (a) Short Notice | .. .. | Nil |
| | (b) Starred | .. .. | 565 |
| | (c) Unstarred | .. .. | 470 |

| | | | |
|---|---|---|---|
| 6. | (a) | Total number of replies of Question received from the Department but not yet placed in the order paper (Starred & Unstarred) .. | 63 |
| | (b) | Number of Question pending with the Department | 678 |

**Government Bills:**

| | | | |
|---|---|---|---|
| No. of Bills introduced | .. | .. | 15 |
| No. of Bills Passed | .. | .. | 15 |

**Adjournment Motion:**

| | | | |
|---|---|---|---|
| Notices received | .. | .. | 62 |
| Notices disallowed | .. | .. | 14 |
| Consent with-held | .. | .. | 48 |

**Calling Attention Notice:**

| | | | |
|---|---|---|---|
| Notices rceeived | .. | .. | 157 |
| Notices admitted | .. | .. | 36 |
| Statements made | .. | .. | 3 |
| Statements to be sent direct to the members concerned | .. | .. | 2 |

**Motion Under Rule 185:**

| | | | |
|---|---|---|---|
| Notices received | .. | .. | 14 |
| Admitted | .. | .. | 11 |
| Disallowed | .. | .. | 3 |
| Discussed and adopted | .. | .. | 6 |
| Discussed and lost | .. | .. | 4 |
| Admitted but not discussed | .. | .. | 1 |

**Motion Under Rule 319:**

| | | | |
|---|---|---|---|
| Notice received | .. | .. | 2 |
| Notice admitted | .. | .. | 2 |
| Admitted and discussed | .. | .. | 2 |

**Motion Under Rule 169:**

| | | | |
|---|---|---|---|
| Notice received | .. | .. | 1 |
| Notice admitted | .. | .. | 1 |
| Admitted & discussed | .. | .. | 1 |

**Motion Under Rule 194:**

| | | | |
|---|---|---|---|
| Notice received | .. | .. | 1 |
| Notice admitted | .. | .. | 1 |

**Motion Under Rule 346:**

| | | | |
|---|---|---|---|
| Statement made | .. | .. | 2 |

**Laying of Rules:**

| | | | |
|---|---|---|---|
| Notices received | .. | .. | 25 |
| Rules laid | .. | .. | 25 |

**Laying of Annual Reports and Accounts of Government Companies and Undertakings Etc.**

| | | | |
|---|---|---|---|
| Reports laid | .. | .. | 29 |

**Privilege Issues:**

| | | | |
|---|---|---|---|
| Notices received | .. | .. | 4 |
| Disallowed | .. | .. | 3 |
| Under Examination | .. | .. | 1 (The House has constituted a Committee to enquire into a privilege case) |

| | | | |
|---|---|---|---|
| Mention Cases | .. | .. | 665 |
| Zero Hour | .. | .. | 150 |
| Number of Sitting | .. | .. | 43 |
| Total Hour of Sittings | .. | | 199 hrs. 35 minutes |

## FELICITATION

**Mr. Speaker** : Hon'ble Members, today is the last day of the sitting of the House. I would like to convey my thanks to the Hon'ble Chief Minister and his cabinet colleagues especially the Parliamentary Affairs Minister, the Chief Government Whip, the Whips of all parties, Hon'ble Leader of the Opposition, the group leaders of the respective political parties in the House, Hon'ble Deputy Speaker for their co-operation and assistance in running this House. It has been a very historic session. We lost four members during this session. We lost Sukumar Das, a very honourable gentleman. We lost Gopal Krishna Dey, a very humble person. We lost Nirod Roychowdhury, a very senior member and perfect gentleman and we lost Naren Hansda, a very simple person.

Today we were debating a resolution renaming Calcutta's name as 'Kolkata' and requesting Central Government to amend the name of West Bengal to 'Bangla'. Changing of names of States and Cities are taking place all over the world. It is the responsibility of the people of the State to keep pace with the changing time.

I am grateful for the co-operation I have got from the Leader of the Opposition. I have been presiding over the House for the last 18 years. I know the job of the Leader of the Opposition is a very difficult one. I appreciate his position and he has done his best to keep the House orderly and to see that work goes on. I am thankful to him. I am sure I will get co-operation from him in future also. I am thankful to each and every Member - those who have followed the rules and those who have not followed the rules. I only appeal to them, "Let us get down to more serious business and contribute more for the welfare and well being of the State and its people."

I will proceed to Japan on the second week of the next month on a United Nation Association work. I have been invited there to deliver lectures on the Sixth of August. As you all know Hiroshima Day is the World Peace Day. We observe it all over the world - the day on which nuclear bomb was exploded on Hiroshima and Nagasaki and we are attending a peace programme over there and there will be lectures, three lectures, to be delivered. I look forward to it because West Bengal believes in peace. We are opposed to nuclear blast also. We have not agreed to Government of India on the nuclear policy. West Bengal has a different character. It has given leadership and we all have to come together to understand that our prime responsibility is interest of the people, peace in the country and change, social change. If we cannot do that we fail in our duties.

I once again thank you all including my Secretariat staff for the trouble they have taken, media - the good and the bad ones - for all the trouble they have taken, for the time they spent here. I am sure in the years to come, the media will be more responsible.

With these words, I would request Shri Buddhadeb Bhattacharya to say a few words.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের বাজেট অধিবেশনের সমাপ্তি হচ্ছে। এই অধিবেশনে বাজেট পাশ করা ছাড়াও কয়েকটি গুরুত্বপূর্ণ বিল আমরা পাশ করেছি। তাছাড়া বিশেষ করে আপনি যেটা উল্লেখ করলেন, আজকে সকালে আমরা এখানে সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব পাশ করেছি যাতে এই রাজ্যের নাম হবে বাংলা এবং কোলকাতা শহরের নাম হবে—ক্যালকাটা থেকে কলকাতা। এই

একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব আমরা দলমত নির্বিশেষে সবাই নিতে পেরেছি। এই দীর্ঘ অধিবেশন আপনি যে ভাবে সভা পরিচালনা করেছেন তার জন্য প্রথমেই আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার এই দক্ষতা আজ সর্বজনস্বীকৃত। আজ জাতীয় স্তরে, আন্তর্জাতিক স্তরে, পার্লামেন্টারি অ্যাসোসিয়েশানে আপনার নেতৃত্ব স্বীকৃত হয়েছে আপনার বিশেষ দক্ষতার জন্য। আপনি সম্পূর্ণ গণতান্ত্রিক মনোভাব নিয়েই এই সভা পরিচালনা করেন। এর জন্য আপনাকে আমি বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি এখানে বসে আছেন সহ উপাধ্যক্ষ মহাশয়কে। আপনার অনুপস্থিতিতে তিনি যেভাবে হাউস পরিচালনা করেছেন তার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি বিরোধীদলের মাননীয় নেতা এবং চিফ হুইপ মহাশয়দের। ঝড়ের মুখেও তারা চেষ্টা করেছেন এই হাউসের মান মর্যাদা রক্ষা করার। যথেষ্ট গুরুত্ব সহকারে যাতে এই বিধানসভার কাজকর্ম হতে পারে তার জন্য বিরোধীদলের নেতা হিসাবে তিনি চেষ্টা করেছেন। সঙ্গে সঙ্গে আমি ধন্যবাদ জানাই সরকারী দলের চিফ হুইপ মহাশয়কে। তাকে অনেক পরিশ্রম করতে হয়েছে, দীর্ঘ সময় ধরে থাকতে হয়েছে। আমি ধন্যবাদ জানাই বিধানসভার আধিকারিকদের, ষ্টাফদের, অন্যান্য কর্মচারীদের। সবশেষে আমি ধন্যবাদ জানাই সংবাদপত্রের সাংবাদিকদের, যারা সকাল থেকে সন্ধ্যা পর্য্যন্ত এখানে বসে পরিশ্রম করে সাংবাদিকের দায়িত্ব পালন করেছেন। বিরোধী দলের সঙ্গে আমাদের যেসব বিষয় মতপার্থক্য আছে—কিছু ব্যাপারে মত পার্থক্য থাকবেই, উপায় নেই। আদর্শগত কারণে, কর্মসূচীগত কারণে মতপার্থক্য থাকবে। কিন্তু কিছু মত পার্থক্য পরস্পরের সঙ্গে আলোচনার মাধ্যমে আমরা মিটিয়ে ফেলতে পারি। রাজ্যের স্বার্থে প্রয়োজনে আমাদের এরকম আলোচনা করতে হবে এবং সে আলোচনার পথ খোলা রইল। ভবিষ্যতে আলোচনার মধ্যে দিয়ে আমরা সমস্যার সমাধানের চেষ্টা করবো। আমি সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। স্যার, আপনি জাপান যাচ্ছেন শুনলাম। শুভ খবর। আপনার যাত্রা শুভ হোক। ধন্যবাদ।

[5.40–5.50 p.m.]

**শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দু-দফায় দীর্ঘদিন ধরে আমাদের এই বাজেট অধিবেশন চলেছে। প্রথম অধিবেশন ৮ই মার্চ শুরু হয়, মাঝখানে কিছুদিন বন্ধ থাকার পর আবার ১০ই জুন থেকে শুরু হয়। আজকে তার পরিসমাপ্তি হ'তে চলেছে। দীর্ঘদিন ধরে আলোচনার মাধ্যমে আমরা বাজেট বরাদ্দগুলি পাশ করেছি। তাছাড়া অনেকগুলি গুরুত্বপূর্ণ বিল ও কিছু ১৮৫-এর মোশানও পাশ করেছি। স্যার, আপনি সঠিকভাবেই উল্লেখ করেছেন যে এই দীর্ঘ সেশানে এখানে বহু বিতর্ক হয়েছে এবং সেই বিতর্কের মধ্যেও হাউসের গণতান্ত্রিক মর্যাদা যাতে বজায় থাকে তার জন্য আমরা আপ্রাণ চেষ্টা করেছি। এরজন্য আপনি আমাদের দলকে এবং আমাকে ধন্যবাদ দিয়েছেন। আমিও আপনাকে তার জন্য ধন্যবাদ দিচ্ছি। স্বাভাবিকভাবেই আপনি বলেছেন—Times are changing people are becoming impatient. সেজন্য গণতান্ত্রিক যে রীতি ব্যবস্থা আমরা সেটা সব সময়ে মেনটেন করার চেষ্টা করি। অনেক

সময়ে হয়ত মাত্রার বাইরে চলে যায়। কিন্তু আমাদের চেষ্টা থাকে সব সময়ে সেই মাত্রার বাইরে কোন ব্যক্তি বা মানুষ বা সদস্য যেতে না পারে। আপনাকে আমরা এ্যাসিওরেন্স দিচ্ছি যে আগামী দিনেও সেই চেষ্টা আমরা অব্যাহত রাখবো। হাউসের মর্যাদা যাতে কোন রকমে ক্ষুন্ন না হয় সেটা আমাদের সকলকে দেখতে হবে এবং বিশেষ করে বিরোধী দলের নেতা হিসাবে সেই চেষ্টা আমরা অব্যাহত রাখবো। এই হাউস দীর্ঘদিন ধরে চলেছে এবং তার মধ্যে ৪ জন সদস্যকে আমরা হারিয়েছি, সেটা আপনি উল্লেখ করেছেন। এটা খুবই দুঃখজনক ঘটনা। আর একজন সদস্যর কয়েকদিন আগে হার্ট এ্যাটাক হয়েছিল এবং সেই সময়ে হাউসে যদি ডাক্তার না থাকতো, ই. সি. জি মেশিন না থাকতো, এ্যাম্বুলেন্স না থাকতো তাহলে হয়ত তাকে বাঁচানো যেত না। আমরা সকলে জানি, নির্মল ঘোষ, পানীহাটির সদস্য, তিনি এখন সুস্থ আছেন। এই দীর্ঘ সময়ের মধ্যে ৪ জন বিধায়ককে আমরা হারিয়েছি। আপনি তাদের নাম করেছেন। আমরা তাদের জন্য শোক প্রস্তাব পাশ করেছি এবং তাদের বিদেহী আত্মার প্রতি সম্মান জানিয়েছি। আমরা তাদের আত্মার শান্তি কামনা করছি। সেদিক থেকে এই হাউস যত তাড়াতাড়ি শেষ হয় ততই ভাল, কারণ তাহলে এই ধরনের ঘটনা আর ঘটবার অবকাশ থাকবে না। আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আপনি দক্ষতার সঙ্গে এই হাউস পরিচালনা করেছেন এবং যখনই হাউসে কোন গন্ডগোল হয়েছে, বিপর্যয় হয়েছে, আপনি সঙ্গে সঙ্গে ঐ আসনে বসে সেই বিপর্যয় রোধ করার চেষ্টা করেছেন, নিপুন হাতে সেটা সামলে দিয়েছেন। আপনার এই নিপুনতা শুধু পশ্চিমবঙ্গের মধ্যে সীমাবদ্ধ নেই, আন্তর্জাতিক ক্ষেত্রেও সেটা প্রসারিত হয়েছে। সেদিক থেকে এই বিধানসভার অধ্যক্ষ হিসেবে আমরা গর্বিত। আপনি এই চালানোর মধ্যে দিয়ে যে আন্তর্জাতিক খ্যাতি লাভ করেছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার এই খ্যাতি আরো বেশী করে চারিদিকে বিস্তৃতি লাভ করুক, সেই আশা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কেও আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কারণ তিনিও আপনার অনুপস্থিতিতে এই হাউস দক্ষতার সঙ্গে পরিচালনা করেছেন। তিনি আমাদের খানিকটা লিবারেল হওয়ার সুযোগ দেন, তার জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি আমাদের সরকারী দলের চীফ হুইপ রবীন মন্ডল মহাশয়কে। কারণ তার সহযোগিতা ছাড়া এই হাউস সুষ্ঠু ভাবে পরিচালনা করা অসুবিধা হত। তিনি বিশেষ ভাবে বিরোধী দলকে বেশী সুযোগ-সুবিধা দিয়েছেন, সেজন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি বিরোধী দলের নেতা হিসাবে এবং আমাদের দলের পক্ষ থেকে। আগামী দিনেও তার সেই সহানুভূতি থেকে আশা করি বঞ্চিত হব না। আমরা একটু বেশী আবদার করি যেটা হয়ত আমাদের পাওয়ার কথা নয়, সেটাও তিনি মেনে নেন। সেজন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবুকে, সংসদীয় মন্ত্রী প্রবোধ সিনহাকে, কান্তিবাবুকে, আমীন সাহেবকে, বীরেনবাবুকে, এখানে যারা আছেন এবং মন্ত্রিসভার সদস্যদের আমি ধন্যবাদ জানাচ্ছি। তারা সকলে আমাদের কাজে সহযোগিতা করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা অনুরোধ করবো। জানিনা, আজকে এটা এখানে বলা ঠিক হবে কি না। মাননীয় মন্ত্রীরা যদি আরো বেশী করে হাউসে উপস্থিত থাকেন তাহলে ভাল হয় এবং

তাতে হাউসের মর্যাদা বাড়বে। কারণ মাননীয় সদস্যরা-সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের - নানা বিষয়ে হাউসে মেনশান করেন। কিন্তু সে সময় মন্ত্রীদের উপস্থিতি এত সামান্য থাকে যে, মেনশনের কোন গুরুত্ব থাকে না। কিন্তু মেনশনের এক ঘন্টা সময়ে মন্ত্রীরা যদি বেশী বেশী করে উপস্থিত থাকেন তাহলে সদস্যরা যে সব বিষয়ে মেনশন করছেন সেটা তারা শুনতে পারেন এবং সক্ষম হলে তার উত্তর তারা সঙ্গে সঙ্গে দিতে পারেন। এটা হলে হাউসের মর্যাদা এবং সদস্যদের মেনশন করার প্রতি ইন্টারেষ্ট বাড়বে সে বিষয়ে সন্দেহ নেই। আমি আজকে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সমস্ত সদস্যদের ধন্যবাদ জানাবো, কারণ তাদের সহযোগিতা ছাড়া আপনার পক্ষে এই হাউসকে সুষ্ঠুভাবে পরিচালিত করা সম্ভব হ'ত না। আমি লেজিসলেচার সেক্রেটারীয়েটের সমস্ত স্টাফকে ধন্যবাদ জানাই, বিশেষ করে এ্যাসেম্বলী রিপোর্টারদের ধন্যবাদ জানাই। কারণ আমরা এখানে এত কথা বলি যা তারা সঙ্গে সঙ্গে নোট করেন এবং সঙ্গে সঙ্গে তা সরবরাহ করেন। সাথে সাথে যারা সাংবাদিক রয়েছেন, যারা আমাদের বক্তৃতা শুনে সংবাদপত্র এবং বিভিন্ন প্রচার মাধ্যমের সাহায্যে প্রচার করেন, তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি। তারা এখানে ঘন্টার পর ঘন্টা বসে থেকে আমাদের বক্তৃতা শোনেন, তার জন্য তাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

সর্বশেষে আপনাকে আবার আমি ধন্যবাদ জানাই। আপনি জাপান যাবেন হিরোসীমা নাগাসাকি ডে-তে। আমি কামনা করছি আপনার যাত্রা শুভ হোক। সেখানে গিয়ে আপনি দেশের, বিশেষ করে পশ্চিমবাংলার মর্যাদা বাড়াবেন। পুনরায় সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার চলতি বাজেট অধিবেশনের আজ শেষ দিন। দীর্ঘদিন ধরে এই অধিবেশন চলেছে দুই কিস্তিতে। এই অধিবেশনের মাধ্যমে আমরা বহু গুরুত্বপুর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছি, আইন পাশ করেছি, রাজ্য বাজেট পাশ করিয়েছি। দীর্ঘদিন ধরে আপনি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে সভার কাজ পরিচালনা করছেন এবং তার জন্য বহুভাবে আপনি অভিনন্দিত হয়েছেন। আপনার এই স্বীকৃতি শুধু আমাদের এই বিধানসভার গন্ডির মধ্যেই সীমাবদ্ধ নয়, জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে নিজ দক্ষতা এবং যোগ্যতার গুণে একটা স্থান তৈরী করেছেন, স্বীকৃতি লাভ করেছেন। এটা আমাদের কাছে সবচেয়ে বড় আনন্দ এবং গর্বের বিষয়। সংসদীয় ব্যবস্থা উন্নত করবার এবং তাকে সঠিকভাবে পরিচালিত করবার ক্ষেত্রে আপনার যে উদ্যোগ সেটা প্রশংসনীয়। আপনি বিধানসভা অধিবেশনের বাইরে যুব সংসদ এবং যুবকদের নিয়ে ফোরাম ফর পার্লামেন্টারী স্টাডি এবং কমনওয়েল্‌থ পার্লামেন্টারী এ্যাসোসিয়েশনের মাধ্যমে নানাভাবে সংসদীয় ব্যবস্থার বিভিন্ন দিককে নিয়ে আমাদের আলোচনার সুযোগ করে দিয়ে যাতে এই ব্যবস্থা সঠিক পথে চালিত হয় তার উদ্যোগ যা নিয়েছেন সেটা সত্যিই লক্ষ্য করার বিষয়। পার্লামেন্টারী সিস্টেমকে সুন্দর সাবলীল করবার ক্ষেত্রে আপনার এই যে উদ্যোগ তা আমাদেরও উৎসাহিত করেছে।

[5.50–6.00 p.m.]

এটা আমাকে বারে বারে বিস্মিত করেছে। আমি দেখেছি সংসদীয় ব্যবস্থা পরিচালনা করতে গিয়ে যে উদার মানসিকতা উদার হৃদয়ের প্রয়োজন সেই উদার মানসিকতা এবং উদার হৃদয় নিয়ে এই সভা পরিচালনা করে থাকেন। তার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। আপনার অবর্তমানে এই অধিবেশন পরিচালনা করার দায়িত্ব পালন করে থাকেন। সুব্রত মুখার্জী মহাশয় থাকলে মাঝে মাঝে তাকে বাধার সৃষ্টি করার চেষ্টা করেন। কিন্তু তা হলেও তিনি অত্যন্ত দক্ষতার সাথে এই বিধানসভা পরিচালনা করে থাকেন। আমি ধন্যবাদ জানাচ্ছি বিরোধী দলের মাননীয় নেতাকে, তার সহযোগিতা আমরা সব সময় পেয়েছি। বিরোধী দলের মাননীয় সদস্যবৃন্দ এবং সরকার পক্ষের মাননীয় সদস্যবৃন্দ তারা সকলে সহযোগিতা করেছেন বিভিন্ন ভাবে, তার জন্য আমি তাদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি মন্ত্রিসভার শ্রদ্ধাভাজন সকল সহকর্মী বন্ধুদের, তারা নানা ভাবে এই বিধানসভা পরিচালনার ক্ষেত্রে সহযোগিতা করেছেন। আমি সরকারী পক্ষের মাননীয় মুখ্যসচেতককে ধন্যবাদ জানাচ্ছি। তিনি এই ফ্লোর ম্যানেজমেন্টের দায়িত্বে থাকেন, তিনি এই কাজ অত্যন্ত নিপুনতার সাথে করেছেন। তার ফলে হাউস সাবলীল গতিতে পরিচালনা করা সম্ভব হয়ে থাকে। আমি ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার আধিকারিক এবং কর্মীবৃন্দকে যারা নিরলস প্রচেষ্টার মাধ্যমে হাউস চালানোর কাজে সহযোগিতা করে থাকেন। আমি ধন্যবাদ জানাচ্ছি গণমাধ্যম প্রতিনিধিদের। তারা এখানে প্রতিদিন এসে এই বিধানসভার সমস্ত সংবাদ সংগ্রহ করে সাধারণ মানুষের কাছে পরিবেশন করে থাকেন। সাধারণ মানুষের সাথে বিধানসভার যোগসূত্র স্থাপনের সহযোগিতা করে থাকেন। তার জন্য আমি তাদের পুনরায় ধন্যবাদ জানাচ্ছি। আপনি জাপান যাবেন, ওয়ার্ল্ড পিসের উপর সেখানে সভা হবে এবং সেখানে আপনি বক্তৃতা করবেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। বর্তমান পৃথিবীতে বিভিন্ন রাষ্ট্রে নানা ধরণের সমস্যা দেখা দিয়েছে। এই বিষয়ে সমস্যার সমাধান করার জন্য যে ধরণের সহযোগিতা বিভিন্ন শ্রেণীর মানুষের কাছ থেকে পাওয়া উচিত, সরকার এবং জনগণের মধ্যে কি ধরণের সম্পর্ক হওয়া দরকার, বিশ্বশান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে কি ভূমিকা গ্রহণ করা উচিত এই সম্পর্কে বিভিন্ন সেমিনারে নানা বক্তব্য রেখেছেন। দেশের ঐতিহ্য দেশের চিন্তা-ভাবনা তুলে ধরার ক্ষেত্রে আপনার সাফল্য আমরা ইতিমধ্যেই দেখতে পেয়েছি। এই বিদেশ যাত্রা আপনার আরো সাফল্য এবং সম্মান এনে দেবে এই আশা করে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট সেশানের শেষ দিন। ১০ই মার্চ শুরু হয়েছে, দীর্ঘ সময় ধরে চলেছে। এই লং পিরিয়র্ডে আপনি যে ভাবে পিসফুলী এবং মেথডিক্যালি এই হাউস পরিচালনা করেছেন তার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আপনার দক্ষতা শুধু ভারতবর্ষে নয় দেশ-বিদেশে যে ভাবে সম্মান অর্জন করেছে তার জন্য আমরা খুবই গর্বিত। আমরা ছোট দল হলেও আপনি যে ভাবে আমাদের পাহাড়ী এলাকার মানুষের কথা বলবার সুযোগ দিয়েছেন তার জন্য

আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি মাননীয় ডেপুটি স্পীকারকে ধন্যবাদ জানাচ্ছি। উনিও আমাদের দল ছোট হলেও এই হাউসে আমাকেবলবার অনেক সুযোগ দিয়েছেন, তার জন্য আমি তাকেপুনরায় ধন্যবাদ জানাচ্ছি। আমি মাননীয় গভর্নমেন্ট চিফ হুইপ, অপোজিশান চিফ হুইপ মিঃ মান্নান এবং লিডার অফ দি অপোজিশানকে বিশেষ ভাবে ধন্যবাদ জানাচ্ছি।

ওরা আমাকে এই হাউসে বাজেট সেশনে, বাজেট ডিসকাসানে বলার জন্য যে সময় সুযোগ দিয়েছেন সেজন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি অনারেবল মিনিষ্টারদের এবং এই হাউসের বিধায়কগণকে। আমি ধন্যবাদ জানাচ্ছি এ্যাসেম্ব্লির অফিসারদের, স্টাফদের এবং মিডিয়াকে। আমি আন্তরিক ভাবে ধন্যবাদ জানাচ্ছি আপনাকে এবং আপনি যে উদ্দেশ্যে জাপান যাচ্ছেন, আপনার যাত্রা শুভ হোক, এই কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্র নাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে আন্তরিক অভিনন্দন। এই বিধানসভায় স্পীকারের দায়িত্ব পালন করার মধ্যে দিয়ে আপনি আপনার যোগ্যতার মাপকাঠিতে উত্তীর্ণ হয়েছেন, আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করেছেন। সেজন্য আমরা গর্বিত। এই সভা পরিচালনার ক্ষেত্রে অনেক সময়ে অসুবিধা হয়ে যায়, আপনি বিরোধী দলের পক্ষ থেকে সভা পরিচালনাতে সহযোগিতা পেয়েছেন, সরকার পক্ষের সবক্ষেত্রে সহযোগিতা পেয়েছেন, এটা আমাদের দায়িত্বের মধ্যে পড়ে। বিরোধী পক্ষের মাননীয় দলনেতা এবং চীফ হুইপ তারা এই টারময়েল পরিস্থিতিতে যেভাবে এই হাউস পরিচালনার ক্ষেত্রে সাহায্য করেছেন, এটা উল্লেখযোগ্য। বিরোধীদের যে ভূমিকা সেটা তারা পালন করেছেন। এটা হাউসের মর্যাদাকে বাড়ায়। তারা উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছেন। সুব্রতবাবু মোটামুটি রেগুলার হয়েছেন, এটা ভাল। যাই হোক, বিরোধী পক্ষ তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। এছাড়া ডেপুটি স্পীকার তিনি আপনার অনুপস্থিতিতে দায়িত্ব পালন করেছেন। তাকে ধন্যবাদ জানাই। চেয়ারম্যান হিসাবে বন্ধুবর কৃপাসিন্ধু সাহা অনেক সময় সভা পরিচালনা করেছেন, সেটাও উল্লেখযোগ্য। তাকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় সদস্যদের নানান ধরণের অধিকার আছে, অনেক সময় তা খানিকটা সঙ্কুচিত হয়, তা সত্ত্বেও তারা সহযোগিতা করেছেন। বিধানসভার যে স্টাফ আছেন, রিপোর্টাররা আছেন, তারা তাদের দায়িত্ব পালন করেছেন। সবাই মিলিত ভাবে দায়িত্ব পালন করেছেন। মন্ত্রিসভার পক্ষ থেকে মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য্যর এই সভা পরিচালনার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা আছে। এইজন্য তাকে ধন্যবাদ জানাই। মাননীয় মন্ত্রীরা তারা সময় সুযোগ করে এসেছেন এবং এই সভা পরিচালনার ক্ষেত্রে সাহায্য করেছেন। আমি ব্যক্তিগতভাবে দুঃখিত, চারজন বিধায়ক তারা চলে গেছেন। প্রিয়জনের বিদায় আমাদের আপ্লুত করে, বেদনাহত করে। আমি আশা করবো, পরবর্তী বিধানসভার আগে পর্যন্ত বর্তমান যে সমস্ত বিধায়করা আছেন, তারা সুস্থভাবে থাকবেন, আর নতুন করে বেদনাহত করবেন না। এই আবেদন জানিয়ে, সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের সভার শেষ দিন। শেষ দিনে আমাদের একটা রীতি আছে আমরা পরস্পরকে অভিনন্দন জানাই, ধন্যবাদ জানাই। সেই হিসাবে আমরা আমাদের পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি, প্রায় চার-পাঁচ মাস যাবদ এই সভা পরিচালনার জন্য। কার্য পরিচালনার ক্ষেত্রেও আমরা দেখেছি বিভিন্ন সময়ে আপনি দৃঢ় হস্তে কার্য পরিচালনা করেছেন। সরকারী অথবা অন্য পক্ষের অনেক সময়ে অবাঞ্ছিত বক্তব্য বাতিল করে দিয়েছেন। আমরা গর্বিত যে আপনার মত মানুষকে আমরা স্পীকার সাহেব হিসাবে পেয়েছি। আপনি জাতীয় স্তর থেকে আন্তর্জাতিক স্তরে স্বীকৃতি লাভ করেছেন। আপনি আপনার নিজগুণে আগামী দিনে জাপান যাচ্ছেন। আপনার যাত্রার শুভ কামনা করি। আপনার অনুপস্থিতিতে ডেপুটি স্পীকারও খুব ভালভাবে হাউস পরিচালনা করেছেন, তার জন্য তাকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই বিরোধীদলের নেতাকে এবং সরকার ও বিরোধীদলের চীফ হুইপকে। ধন্যবাদ জানাই সচিবালয়ের সমস্ত কর্মচারীদের, যারা দিনরাত ধরে পরিশ্রম করেছেন। সাংবাদিক, বেতার এবং দূরদর্শনের প্রতিনিধি যারা তাদের ধন্যবাদ জানাই। তাদের মাধ্যমে সঠিকভাবে সংবাদ পরিবেশিত হয়েছে। ধন্যবাদ জানাই আমি হাউস মাঝে মাঝে পরিচালনার ক্ষেত্রে সকল সদস্যদের সহযোগিতা পেয়েছি তারজন্য, ধন্যবাদ জানাই সবাইকে।

[6.00–6.10 p.m.]

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় স্পীকার স্যার, সভা পরিচালনার ক্ষেত্রে যে সাংবিধানিক দায়িত্ব আপনি পালন করেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। এই দায়িত্ব পালনের ক্ষেত্রে বিরোধীপক্ষের সঙ্গে যদি ন্যূনতম বোঝাপড়া না থাকত সভা পরিচালনার অসুবিধা হত। সেই কারণে বিরোধী সদস্য সহ সমস্ত সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আপনি চেয়ারে বসে বিভিন্ন সময়ে বিরোধীদের উপরে ক্ষোভ প্রকাশ করেছেন, সেটা কতখানি স্বাভাবিক আর কতখানি কৃত্রিম, সেটা কখনো কঠোরভাবে আর কখনো পরিহাসের ছলে করেছেন তা উল্লেখের দাবী রাখে না। আপনার যোগ্যতা পরিমাপ করার ক্ষমতা আমাদের নেই। তাহলে আমাদের চেয়ে অধিকতর যোগ্য লোকের দরকার ছিল। আপনি যেভাবে সংসদীয় রীতি নীতি মেনে সভা পরিচালনা করেছেন তার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ। আপনি অনেক নজির তৈরী করেছেন। আপনার যোগ্যতা এবং দক্ষতা সংসদীয় ব্যবস্থায় অতুলনীয়। আপনার অবর্তমানে ডেপুটি স্পীকার যেভাবে সভা পরিচালনা করেছেন তারজন্য তাকে ধন্যবাদ জানাই। পরিষদীয় মন্ত্রী সভার মধ্যে সব সময়ে উপস্থিত থেকে যেভাবে সভা পরিচালনা করেছেন এবং সহযোগিতা করেছেন তার জন্য তাকে ধন্যবাদ জানাই। সমস্ত দলের মধ্যে সু-সম্পর্ক বজায় রাখার ক্ষেত্রে সরকারী চীফ হুইপ এবং বিরোধী দলের চীফ হুইপের অনবদ্য অবদান এবং তার জন্য তাকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই বিধানসভার সচিবালয়ের আধিকারিক থেকে আরম্ভ করে সমস্ত স্তরের মানুষ বৃন্দের, যারা ক্লান্তিহীন নিরলসভাবে সভার কাজ পরিচালনা করতে সহায়তা করেছেন।

সত্যি এখানে উল্লেখ এর দাবী রাখে এবং আরো এখানে যারা সংবাদ মাধ্যমের প্রতিনিধিরা আছেন যারা এখনকার খবর সাধারণ মানুষের কাছে পৌঁছে দিচ্ছেন তাদেরও আমরা ধন্যবাদ জানাচ্ছি এবং বিভিন্ন ভাবে যারা আমাদের সভা পরিচালনায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা করেছেন তাদের সকলের উদ্দেশ্যে আমাদের তরফ থেকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আপনাকে ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। আপনার নিজের দক্ষতা ও বিচারবুদ্ধি প্রয়োগ করে আপনি যে ভাবে সভা পরিচালনা করেছেন তার জন্য নিশ্চয় আপনি ধন্যবাদ পেতে পারেন এবং নিজের যোগ্যতার ফলে আপনি আন্তর্জাতিক স্তরে খ্যাতি লাভ করেছেন। জাতীয় স্তরে সম্মান অর্জন করেছেন। এর জন্য আমরা গর্বিত। আমি ধন্যবাদ জানাব সরকার পক্ষের চীফ হুইপ, বিরোধী পক্ষের চীফ হুইপ এবং বিরোধী দল নেতাকে সুষ্ঠভাবে হাউস পরিচালিত হওয়ার জন্য। আমি ধন্যবাদ জানাচ্ছি সাংবাদিক বন্ধুদের এবং বিধানসভার যে কর্মচারীবৃন্দরা রয়েছেন তাদেরও আমি ধন্যবাদ জানাই যে সভা পরিচালনা করার জন্য তারা যে সহযোগিতা করেছেন তার জন্য, অনেকে এখানে অতীত এবং বর্তমান টেনে তুলনা করেন, আমি সেটা করতে চাই না, আমি বলব বিধানসভার অতীত এবং বর্তমানকে নিয়ে যাতে আরো মানটা উন্নত করা যায় তার জন্য সুস্পষ্ট হতে হবে। এই সভায় মাননীয় সদস্যদের উপস্থিতির হারটা বাড়াতে হবে। এই কথা বলে আমি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মাননীয় অধ্যক্ষ এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট অধিবেশনের আজ শেষ দিন। স্বাভাবিকভাবে শেষ কথা বলার সঙ্গে সঙ্গে ধন্যবাদ যেমন আপনার প্রাপ্য সঙ্গে সঙ্গে মানুষদের মধ্যেও যেন একটা বিদায়ের সুর দেখা যাচ্ছে, এমন কি গণতন্ত্রের সংসদীয় ব্যবস্থাকে ঠিকভাবে বজায় রাখার জন্য সমস্ত বিধায়ক এবং কর্মচারীবৃন্দ যারা সহায়তা করেছেন এবং এই পরিষদীয় ব্যবস্থাকে আরো সহজ ব্যবস্থায় নিয়ে যাওয়ার জন্য আপনার যে দক্ষ পরিচালনা, কান্ডারীর মত আপনার যে ভূমিকা আমরা পশ্চিমবঙ্গবাসী হিসাবে তার জন্য গর্বিত। সমস্ত ভারতবর্ষব্যাপী আপনার যেমন দক্ষ পরিচালনার কথা শোনা গিয়েছে, আপনি আন্তর্জাতিক খ্যাতি লাভ করেছেন, অধিবেশনের শেষ দিনে যে সৌহার্দ্য বন্ধনের পরিবেশ দেখছি সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের পরস্পরের সঙ্গে, এবং বাংলাদেশ এর সঙ্গে যে বন্ধুত্ব তৈরী হয়েছে তা যেন আরো দৃঢ় হয় এবং সংসদীয় ব্যবস্থায় কর্মচারীবৃন্দ এবং সংবাদিক বন্ধুরা যারা আছেন তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং আপনার বিদেশ যাত্রা সফল হোক, শুভ হোক — এই ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১০ই মার্চ আমাদের যে বাজেট অধিবেশনের সূচনা হয়েছিল আজ তার শেষ দিন। এই অধিবেশন চলাকালীন আমরা ৪ জন বিধায়ককে হারিয়েছি. ˚সুকুমার দাস, ˚গোপাল কৃষ্ণ দে, ˚নিরোধ রায় চৌধুরী, ˚নরেন

হাঁসদা, বহু প্রাক্তন মন্ত্রী এবং বিধায়ককে আমরা হারিয়েছি। যখন চারিদিকে যুদ্ধের দামামা বাজছে এবং মুক্তির মন্দিরে সোপান তলে, সেই সমস্ত মৃত্যুঞ্জয়ী বীরদের আমরা এই হাউসে সম্মান জানিয়েছি, প্রথিতযশা সাংবাদিক বনফুলের শতবর্ষে তাকে আমরা শ্রদ্ধা জানিয়েছি, কর্ণগড়ের রাণী শিরোমণির প্রসঙ্গ এখানে এসেছে, তার সঙ্গে সঙ্গে আরও গুরুত্বপূর্ণ প্রসঙ্গ এই বাজেট অধিবেশনে আলোচনা এখানে হয়েছে। আমাদের বিধায়কবর্গ তারা নিজ নিজ এলাকার নানান সমস্যার কথা এখানে তুলেছেন। আপনি অত্যন্ত দৃঢ়তার সঙ্গে এই হাউসকে পরিচালনা করেছেন, আপনি ভারত বন্দিত, এক কথায় বিশ্ববন্দিত, আপনি হাউস পরিচালনার ক্ষেত্রে যে দৃঢ়তা দেখিয়েছেন এবং বিরোধীদের মাঝখানে থেকে সরকারী এবং বিরোধীদের মধ্যে একটা সামঞ্জস্যপূর্ণ অবস্থা তৈরী করার বিষয়ে আপনি অত্যন্ত নিপুনভাবে হাউস পরিচালনা করেছেন। আমি ধন্যবাদ জানাচ্ছি ডেপুটি স্পীকার মহাশয়কে এবং মন্ত্রীবর্গকে, আমি ধন্যবাদ জানাচ্ছি সরকারী দলের মুখ্যসচেতক, পরিষদীয় মন্ত্রী, যারা আমাদের এই হাউস পরিচালনার ক্ষেত্রে সাহায্য করেছেন। বিধানসভার কার্যবিবরণী লেখক এবং সংবাদপত্রের বন্ধু যারা এসেছেন তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। 'সর্ব্বে সুখিনঃ ভবন্তুঃ' , আপনি জাপান থেকে সুস্থ ভাবে ফিরে আসুন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[6.10–6.16 p.m.]

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। বাজেট অধিবেশনের শেষ দিন আজকে। আপনি সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সদস্যদের নিয়ে সুষ্ঠভাবে হাউস পরিচালনা করেছেন এর জন্য আপনাকে, ডেপুটি স্পীকার মহাশয়কে এবং সভাপতি মহাশয়দের আমি ধন্যবাদ জানাচ্ছি। সেই সঙ্গে ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার সচিব, সরকারী আধিকারিক, কর্মচারী বন্ধুদের। ধন্যবাদ জানাচ্ছি সংবাদপত্রের বন্ধুদের, দূরদর্শন এবং রেডিওর বন্ধুদের, যারা এই হাউসের খবর সরবরাহ করেছেন। আপনার জাপান যাত্রা শুভ হোক এবং আপনার দীর্ঘ আয়ু কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুপস্থিতিতে এই বিধানসভা পরিচালনার ক্ষেত্রে মাননীয় মুখ্যমন্ত্রী, হাউসের দলনেতা এবং মন্ত্রীমন্ডলী সাহায্য করার জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি পরিষদীয় মন্ত্রীকে এবং মাননীয় সরকারী পক্ষের চিফ হুইপকে, তাদের সাহায্য ছাড়া এই হাউস পরিচালনা করা সম্ভব হত না। বিরোধী দলের চিফ হুইপ এবং বিরোধী দলনেতা তারাও এই হাউস পরিচালনার ক্ষেত্রে সহযোগিতা করেছেন। আমি সমস্ত বিধায়কদের ধন্যবাদ জানাচ্ছি যাদের সাহায্য ও সহযোগিতা ছাড়া হাউস পরিচালনা করা সম্ভব হত না। আমি ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার সচিবালয়ের কর্মচারীবৃন্দকে যারা দীর্ঘ সময় ধরে অক্লান্ত পরিশ্রম করে এই কাজে সহযোগিতা করেছেন। আমি সংবাদমাধ্যমের বন্ধুদের ধন্যবাদ জানাচ্ছি যে, তারা আমাদের সঙ্গে থেকে গণতন্ত্রের চতুর্থ স্থানে অধিকার করে, গণতন্ত্রকে প্রসারিত করার জন্য সাহায্য করেছেন। আমি স্যার আপনাকে ধন্যবাদ জানাই। আপনার বিদেশ

যাত্রা শুভ হোক এবং আবার আপনাদের সকলের সঙ্গে দেখা হবে, এই আশা রেখে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Thank you, I would like to inform the members further that I will be going to Trinidad and Tobago from the 19th to 26th September. I do not know whether it will be possible or not because the course of Ensuing Parliamentary election, I have been proposed as a candidate for the Chairman of the Commonwealth of Parliamentary Association and the elections will be held during that period. I have spoken to the Hon'ble Buddhadeb Bhattacharjee and requested him to release me from the part for a period of time. So that I can go and contest in the election over there. As you know that time is going to be the peak election period. So, we wish you all well and hope to see you in the next session and we wish you all best for pujas and the elections as some of you may be contesting it. Those who are contesting, wish them all the best. The House stands adjourned sine die.

## Adjournment

(At this stage the House was adjourned sine die at 6.16 p.m.)

The House was subsequently prorogued with effect from the 21st July, 1999 vide Circular No. 287 LA / MT dated 27th July, 1999.

# INDEX TO THE

## West Bengal Legislative Assembly Proceedings (Official Report)

**Vol : 114 No-IV (Hundred and fourteenth Session) (March to July, 1999)**

(The 6th, 7th, 8th, 9th, 12th, 13th, 14th 15th, 16th, 19th & 20th July, 1999)


**Adjournment Motion**

PP-19,103,274,200,201,331,332,451,452,622,685,793-294

**BILL**

**Howrah Municipal Corporation Amendment Bill, 1999** PP-638-658

by—Shri Ashok Bhattacharya PP-638-639, 650-653,656, 657-658

by—Shri Jatu Lahiri PP-639-642

by—Shri Lagan Deo Singh PP-642-645

by—Shri Pankaj Banerjee PP-646-649

by—Shri Rabindra Ghosh PP-645-646

by—Shri Tapan Hore PP-649-650

**The Land Acquision (West Bengal Amendment) Bill, '99** PP-855-860

by—Shri Atish Chandra Sinha PP-855-857

by—Shri Kshiti Ranjan Mondal PP-857-859

by—Dr. Surjya Kanta Mishra PP-859-860

**The West Bengal Appropriation (No.2) Bill, 1999** PP-695-741

by—Shri Abu Sufian Sarkar PP-724-727

by—Dr. Asim Kumar Dasgupta PP-731-741

by—Shri Asit Mitra PP-721-724

by—Shri Brahmamoy Nanda PP-727-728

by—Shri Debaprasad Sarkar PP-712-716

by—Shri Md. Soharab PP-705-708

by—Shri Md. Yakub PP-709-712

by—Shri Mostafa Bin Quarem PP-701-705

by—Shri Nirmal Das PP-716-718

by—Shri Pankaj Banerjee PP-659-701

by—Shri Purnendu Sengupta PP-719-721
by—Shri Rampada Samanta PP-730-731
by—Shri Sobhandeb Chattopadhyay PP-728-730
**The West Bengal National University of Juridical Sciences Bill, 1999**
by—Shri Abdul Mannan PP-844-846
by—Shri Amar Choudhuri PP-843-844
by—Shri Asoke Kumar Deb PP-841-843
by—Shri Md. Yakub PP-841
by—Shri Nisith Adikary PP-846-850
by—Shri Subrata Mukherjee P-853
by—Shri Sujan Chakraborty PP-836-838
by—Shri Tapas Banerjee PP-839-840
by—Tapas Roy PP-831-835
**The West Bengal Primary Education (Amendment) Bill, 1999**
by—Shri Asok Kumar Giri PP-747-749
by—Shri Kanti Biswas PP-751-754
by—Shri Khara SorenP-751
by—Shri Sanjib Kumar Das PP-742-747
by—Shri Sudhir Bhattacharya PP-749-751
**West Bengal Regulation of Recruitment in State Government Establishments and Establishments of Public Undertakings, Statutory Bodies, Government Companies and Local Authorities Bill, 1999.**
by—Shri Abdul MannanP-661
by—Shri Atish Chandra Sinha PP-661-662
by—Shri Haripada Biswas P-665
by—Shri Kripa Sindhu Saha PP-662-663
by—Shri Mohammed Amin PP-666-667
by—Shri Padmanidhi Dhar P-662
by—Shri Saugata Ray PP-658-660
by—Shri Subhas Goswami PP-665-666
by—Shri Subrata Mukherjee P-661
by—Shri Tapan Hore P-662

**Brief Resume of Buisness** PP-1034-1036
**Calling Attention**
PP-19-20, 103-104, 201-202, 274-275, 332-333, 452, 531, 622-623, 685-686, 794-795, 927-928
**CONSIDERATION OF REPORT**
**Fourth Report of the Committee of Privileges, 1998-99**
PP-454-455
**CONSTITUTION OF COMMITTEES**
**Committee on Entitlements of the Members**
PP-1029-1030
**Committee on Estimates**
P-1016
**Committee on Government Assurances**
PP-1030-1031
**Committee on Petitions**
PP-1032-1033
**Committee on Privileges**
P-1030
**Committee on Public Accounts**
PP-1014-1015
**Committee on Public Undertakings**
PP-1015-1016
**Committee on Rules**
P-1028
**Committee on Subordinate Legislation**
PP-1031-1032
**Hovre Committee**
P-1032
**Library Committee**
P-1029
**Subject Committee on Agriculture, Agriculture Marketing, Food & Supplies, Food Processing, Horticulture and Fisheries**
PP-1026-1027

**Subject Committee on Education, Information and Cultural Affairs and Sports & Youth Services**
PP-1018-1019
**Subject Committee on Environment and Co-operation**
PP-1027-1028
**Subject Committee on Health & Family, Welfare**
PP-1019-1020
**Subject Committee on Industrial Reconstruction Cottage & Small Scale Industries**
P-1023
**Subject Committee on Irrigation and Waterways and water Investigations and Development**
PP-1023-1024
**Subject Committee on Labour**
P-1026
**Subject Committee on Panchayat, Rural Development, Land Reforms and Animal Resources Development**
PP-1024-1025
**Subject Committee on Power, Commerce & Industries Science & Technology and Non-Conventional Energy Sources**
PP-1025-1026
**Subject Committee on Relief, Refugee Relief & Rehabilitation and Forest**
PP-1021-1022
**Subject Committee on Social Welfare**
P-1020
**Subject Committee on Transport and Public Health Engineering**
PP-1020-1021
**Subject Committee Urban Development, Municipal Affairs and Housing, Public Works and Tourism**
PP-1017-1018
**Subject Committee on Welfare of Scheduled Castes/Scheduled Tribes and Other Backward Classes**
PP-1022-1023

## DEMAND

**Demand for Grants Demand Nos. 12, 77, 78, 80 and 81**
PP-343-370
by—Ashok Kumar Deb PP-352-354
by—Shri Asit Mal PP-349-350
by—Shri Brahmamoy Nanda PP-358-359
by—Shri Debabrata Bandyopadhyay PP-361-362
by—Shri Debaprasad Sarkar PP-356-358
by—Shri Jatu Lahiri PP-344-346
by—Smt. Mamata Mukherjee PP-346-349
by—Shri Narmada Chandra Roy PP-355-356
by—Shri Pramatha Nath Roy PP-359-360
by—Shri Shiba Prasad Malik PP-350-352
by—Shri Subhas Chakraborty PP-364-368
by—Shri Susanta Ghosh PP-362-364
**Demand for Grants Demand No. 22**
PP-484-497
by—Shri Biplab RoychoudhuriPP-491-493
by—Shri Biswanath Chowdhury PP-494-496
by—Shri Jayanta Biswas PP-493-494
by—Shri Paresh Nath Das PP-487-488
by—Shri Rabindra Ghosh PP-490-491
by—Shri Saugata Roy PP-484-487
by—Shri Tapas Roy PP-488-490
**Demand for Grants Demand Nos. 25 & 79**
PP-275-293
by—Shri Chittaranjan Dasthakur PP-279-280
by—Shri Kshiti Goswami PP-286-292
by—Shri Manohar Tirkey PP-285-286
by—Shri Mozammel Haque (Hariharpara) PP-281-282
by—Shri Nirmal Chandra Das PP-278-279
by—Shri Pratyush Mukherjee PP-282-283
by—Shri Rabindra Ghosh PP-277-278
by—Smt Shanta Chhetri PP-283-285
by—Shri Shyama Prasad Bose PP-276-277

**Demand for Grants Demand Nos. 26, 37 & 90**
PP-545-588
by—Shri Ajoy Dey PP-560-564
by—Shri Ashok Bhattacharya PP-581-587
by—Shri Brahmamoy Nanda PP-573-574
by—Shri Debaprasad Sarkar PP-569-571
by—Shri Jayanta Kumar Biswas PP-567-569
by—Shri Kirity Bagdi P-573
by—Shri Nirmal Mukherjee PP-551-554
by—Shri Pratim Chatterjee PP-578-581
by—Shri Rabin Mukherjee PP-574-578
by—Shri Rabindra Nath Chatterjee PP-564-567
by—Shri Satya Ranjan Bapuli PP-546-551
by—Smt. Shanta Chhetri PP-554-557
by—Shri Soumendra Chandra Das PP-557-560
by—Shri Tapas Banerjee PP-572-573
**Demand for Grants - Demand No. 38**
PP-37-64
by—Shri Ajit Pandey PP- 43-45
by—Shri Buddhadeb Bhattacharyya PP-55-61
by—Shri Md. Yakub PP-47-49
by—Shri Nirmal Das PP-49-50
by—Shri Pelab Kabi PP-50-52
by—Shri Saugata Roy PP-52-55
by—Shri Subrata Mukherjee PP-38-43
**Demand for Grants Demand Nos. 42 & 43**
PP-467-482
by—Shri Asit Mitra PP-467-469
by—Shri Biswanath Chowdhury PP-478-481
by—Shri Kirty Bagdi P-477
by—Shri Majed Ali PP-469-470
by—Shri Mehbub Mandal PP-472-473
by—Shri Mozammel Haque PP-474-475
by—Shri Narmada Chandra Roy P-474

by—Shri Sailaja Kumar Das PP-470-472
by—Shri Tapas Banerjee PP-475-477
**Demand for Grants Demand No. 44**
PP-497-509
by—Shri Asit Kumar Mal PP-505-506
by—Shri Bachcha Mohan RoyP-507
by—Shri Gurupada Dutta PP-500-502
by—Shri Hafiz Alam Sairani PP-504-505
by—Shri Pankaj Banerjee PP-497-500
by—Shri Satya Ranjan Mahato PP-507-509
by—Smt. Shanta Chhetri PP-502-503
**Demand for Grants Demand No. 51**
PP-370-379
by—Shri Kiranmoy NandaPP-374-379
by—Shri Sailaja Kumar Das PP-371-373
by—Shri Sudhir Bhattacharya PP-373-374
**Demand for Grants Demand No. 54 & 86**
PP-293-303
by—Shri Kalimuddin Shams PP-299-303
by—Shri Khara Soren PP-296-297
by—Shri Kirty Bagdi PP-297-298
by—Dr. Nirmal Sinha PP-298-299
by—Shri Nishi Kanta Mehta PP-295-296
by—Shri Sushil Biswas PP-293-295
**Demand for Grants Demand No. 56**
PP-127-139
by—Shri Abdur Razzak Molla PP-136-139
by—Shri Bhakta Ram Pan PP-129-130
by—Shri Jayanta Kumar BiswasPP-134-135
by—Shri Kirity Bagdi PP-135-136
by—Shri Mehbub Mondal PP-133-134
by—Shri Pankaj Banerjee PP-127-129
by—Shri Sheikh Daulat Ali PP-130-133

**Demand for Grants Demand No. 57**
PP-64-82
by—Atish Chandra Sinha PP-67-68
by—Shri Bhakti Bhusan Mandal PP-80-82
by—Shri Id Mohammed PP-74-75
by—Shri Kirity Bagdi P-77
by—Shri Narayan Mukherjee PP-68-70
by—Shri Prabodh Purkait PP-76-77
by—Shri Rabindra Nath Ghosh PP-72-74
by—Shri Sailaja Kumar Das PP-64-67
by—Shri Shashanka Shekhar Biswas PP-78-79
by—Shri Sheikh Daulat Ali PP-70-72
**Demand for Grants. Demand Nos. 59, 60, 62 and 63**
PP-221-254
by—Shri Debaprasad Sarkar PP-246-248
by—Shri Md. HannanPP-234-235, 246
by—Shri Monoranjan Patra PP-227-229
by—Shri Sanjib Kumar Das PP-229-234
by—Shri Sk. Daulat Ali PP-222-227
by—Dr. Surjya Kanta Mishra PP-248-252
**Demand for Grants Demand Nos. 66 & 68**
PP-140-180
by—Shri Abu Sufian Sarkar PP-166-168
by—Shri Debabrata Bandyopadhyay PP-173-179
by—Shri Dilip Das PP-160-162
by—Shri Gautam Chakravartty PP-171-173
by—Shri Haripada Biswas PP-149-151
by—Shri Kamakhya Nandan Das Mohapatra PP-158-160
by—Shri Mainul Hoque PP-164-165
by—Shri Md. Sohrab PP-140-145
by—Shri Nanigopal Chowdhury PP-162-164
by—Shri Prabhanjan Mandal PP-145-147
by—Shri Pramatha Nath Ray PP-147-149
by—Shri Rampada Samanta PP-165-166

by—Shri Ram Prabesh Mandal PP-156-158
by—Smt. Shanta Chhetri PP-151-152
by—Shri Sheikh Daulat Ali PP-154-156
by—Shri Subhas Naskar PP-152-154
by—Shri Unus Sarkar PP-168-171
**Demand for Grants Demand Nos. 82 & 89**
PP-379-400
by—Shri Amar Chaudhuri PP-391-392
by—Shri Haripada Biswas PP-385-386
by—Shri Khagendra Nath Mahato PP-383-385
by—Shri Manabendra Mukherjee PP-392-399
by—Shri Pankaj Banerjee PP-380-383
by—Shri Saugata Roy PP-386-391
**Felicitation**
PP-1036-1046
by—Shri Anil Mukherjee PP-1045-1046
by—Shri Atish Chandra Sinha PP-1038-1040
by—Shri Brahmamoy Nanda PP-1044-1045
by—Shri Buddhadeb Bhattacharya PP-1037-1038
by—Shri Kripasindhu Saha P-1043
by—Shri Prabodh Chandra Sinha PP-1040-1041
by—Shri Purnendu SenguptaP-1044
by—Shri Rabindra Nath Mondal P-1042
by—Shri Rampada Samanta P-1044
by—Shri Samar Hazra P-1045
by—Smt. Shanta Chhetri PP-1041-1042
by—Mr. Speaker PP-1036-1037
by—Shri Subhas Goswami PP-1043-1044
**GUILLOTINE**
**The following Demands were voted in guillotine.**
Demand Nos. 1, 3, 5, 6, 8, 9, 10, 11, 13, 14, 16, 20, 27, 28, 29, 31, 46, 49, 50, 64, 65, 74, 83, 84, 85, and 99.
PP-589-596

**LAYING OF REPORTS**

**Annual Accounts and Audit Reports of the West Bengal Industrial Infrastructure Development Corporation** P-275

**Annual Report and Accounts of the Webel Informatics Ltd.**
P-690

**Annual Report of the Webel Carbon & Metal Film Resistors Ltd.**
P-801

**Annual Report of the West Bengal Pollution Control Board.**
P-800

**Audit Reports and Accounts of the West Bengal Financis Corporation, Calcutta**
P-690

**Report of the Comptroller and Auditor General of India for 1997-98 (Civil) No. 3**
P-29

**Report of the Comptroller and Auditor General of India for 1997-98 (Civil) No. 4**
P-29

**Report of the Comptroller and Auditor General of India for 1997-98 (Commercial) No.2**
P-29

**Report of the Comptroller and Auditor General of India for 1997-98 (Revenue Receipts) No. 1**
P-29

**4th, 5th, 6th and 7th Reports and Accounts of the Teesta Fruit & vegetable Processing Limited**
P-689

**The 7th to 21st Annual Reports of the West Bengal Ceramic Development Corporation Ltd.**
P-106

**The 29th and 30th Annual Reports of the Central Inland Water Transport Corporation Limited**
P-334

LAYING OF RULES
**Amendments in the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Salaries, Allowances and other conditions of Service of the Chairman and the Judicial Members and the Administrative Members) Rules, 1997**
P-933
**The West Bengal Commission for women (Annual Statement of Accounts and Audit Report) Rules 1998**
P-801
**The West Bengal Commission for women (Salaries, Allowances and other conditions of service of the Chairperson, Vice-Chairperson and the Members) Rules, 1998**
P-801
**The West Bengal Land Reforms and Tenancy Tribunal Rules, 1997**
P-933
**The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Financial and Administrative Powers of the Chairman and Delegation) Rules, 1997**
P-933
**The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Procedure for the Inquiry into the charges of misbehaviour or Incapacity of the Chairman, the Judicial Members and hte Administrative Members) Rules, 1997**
P-934
**The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Salaries, Allowances and other Conditions of Service of the Chairman and the Judicial Members and the Administrative Members) Rules, 1997**
P-933
**Mention Cases**
PP-212-221, 334-340, 455-464, 531-541, 632-638, 691-694, 818-827
**MOTION**
**Motion Under Rule 185-regarding ante-people activities of Central Government.**
PP-966-980

by—Shri Amar Chaudhuri P-969
by—Shri Kamakhya Nandan Das Mohapatra PP-971-972
by—Shri Rabin Deb PP-966-967, 977-980
by—Shri Saugata Roy PP-972-974
by—Shri Sobhandeb Chattopadhyay PP-970-971
by—Shri Subrata Mukherjee PP-967-969
by—Dr. Surjya Kanta Mishra PP-974-977
**Motion under Rule 185-regarding charge of name of West Bengal and Calcutta**
PP-937-949
by—Shri Abdul Mannan P-945
by—Shri Atish Chandra Sinha PP-938-939
by—Shri Brahmamoy Nanda P-944
by—Shri Buddhadeb Bhattacharya PP-947-949
by—Smt. Gillian Rosemary D'Costa Hurt P-945
by—Shri Jayanta Biswas PP-941-942
by—Shri Md. Yakub PP-939-940
by—Shri Purnendu Sengupta PP-943-944
by—Shri Rabindra Nath Mondal PP-937-938
by—Shri Rampada Samanta P-944
by—Shri Samar Hazra PP-944-945
by—Shri Saugata Roy PP-945-947
by—Smt. Shanta Chhetri P-943
by—Shri Sobhandeb Chattopadhyay PP-942-943
by—Shri Subrata Mukherjee PP-940-941
**Motion Under Rule 185-regarding Delay in Sanction of Pension etc. to retired school Teachers**
P-997-1014
by—Shri Kanti Biswas PP-1007-1010
by—Md. Saharab PP-1002-1004
by—Shri Sanjib Kumar Das PP-998-1001, 1010-1012
by—Smt. Shanta Chhetri PP-1006-1007
by—Sk. Daulat Ali PP-1004-1006
by—Shri Subhas Goswami PP-1001-1002

**Motion Under Rule 185-Regarding imposition of Tax by Central Government**
PP-981-997
by—Shri Hafiz Alam Sairani PP-995-996
by—Shri Manabendra Mukherjee PP-992-995
by—Shri Pravanjan Mondal PP-981, 996-997
by—Shri Purnendu Sengupta PP-991-992
by—Shri Subhas Naskar PP-990-991
**Motion Under Rule 185-Regarding to set up a task force to tackle the Problem of closed and sick factories and problem of Unemployment in the state**
PP-949-966
by—Shri Kiriti Bagdi P-960
by—Shri Mrinal Banerjee PP-960-962
by—Shri Pankaj Banerjee PP-950-953
by—Shri Rabindra Ghosh PP-953-954
by—Shri Rajdeo Goala PP-959-960
by—Smt. Shanta Chhetri P-957
by—Shri Sobhandeb Chattopadhyay PP-957-959
by—Shri Subrata Mukherjee PP-949-950, 962-966
by—Shri Tapan Hore PP-956-957
by—Shri Tapas Banerjee PP-954-955
**Motion Under Rule 319 — Regarding statement made by the Minister-in-charge of the Higher Education Department on 30.06.99 on the Problem of admission of students after withdrawal of Higher Secondary Classes from 30 Colleges.**
PP-106-126
by—Shri Deba Prasad Sarkar PP-112-113
by—Shri Hafiz Alam Sairani PP-111-112
by—Shri Kanti Biswas PP-117-118
by—Shri Md. Sohrab PP-115-116
by—Shri Prabhanjan Mandal PP-109-110
by—Shri Purnendu Sengupta PP-116-117
by—Shri Satyasadhan Chakraborty PP-118-121

**?RESENTATION OF COMMITTEE REPORT**

**Report on the unfinished work of the Committee on Public Jndertakings, 1998-99**

›y—Shri Unus Sarkar P-631

**!nd Report of the Committee on Reforms and Functioning of the Committee System (1998-99).**

›y—Shri Probhanjan Mondal P-531

**›rd Report of the Committee on Government Assurances, 1998-99**

›y—Shri Kripa Sindhu Saha P-631

**'hird Report of the Subject Committee on Social Welfare (1998-99)**

y—Shri Subhas Goswami P-105

**th Report of the Subject Committee on Relief, Rufujee Relief & :ehabilitation and Forest (1998-99)**

y—Shri Bidyut Kumar Das P-631

**ixth Report of the Subject Committee on Environment & Co-peration (1998-99)**

y—Shri Md. Yakub P-689

**ighth Report of the Subject Committee on Education, ıformation & Cultural Affairs, Sports & Youth Services, 1998-99**

/—Shri Padmanidhi Dhar P-688

**inth Report of the Subject Committee on Irrigation & /aterways and Water Investigation & Development, 1998-99**

/—Shri Tapan Hore P-688

**:venth Report of the Subject Committee on the Welfare of :heduled Castes, Sceduled Tribes and Other Backward Classes 998-99)**

/—Shri Kshiti Ranjan Mondal P-29

**ventieth and the Twentyfirst Reports of the Committee on ıblic Accounts 1998-99**

'—Shri Satyaranjan Bapuli P-105

**venty-Second, Twenty-Third, Twenty-Fourth, Twenty-Fifth, venty-Sixth and Twenty-Seventh Report of the Committee on ıblic Accounts, 1998-99**

'—Shri Satya Ranjan Bapuli PP-688-689

**53rd Report of the Business Advisory Committee**
by—Mr. Speaker P-46
**54th Report of the Business Advisory Committee**
by—Mr. Speaker PP-482-483
**55th Report of the Business Advisory Committee**
by—Mr. Speaker P-719
**56th Report of the Business Advisory Committee**
by—Mr. Speaker PP-854-855
**QUESTIONS**
Admission in Private Engineering Colleges
by—Shri Pankaj Banerjee P-529
Advisory Board of the Mahajati Sadan
by—Shri Deoki Nandan Poddar P-419
Alleged Rape of a Maid Servant
by—Shri Pankaj Banerjee P-888
Bus Terminus
by—Shri Pankaj Banerjee P-888
Charge against a Police Officer
by—Shri Saugata Roy PP-414-418
Christian Community Institution
by—Shri Pankaj Banerjee P-896
Cultural Complex at Rawdan Square
by—Shri Pankaj Banerjee P-911
Expansion of Alipore Zoo
by—Shri Saugata Roy P-925
Extension of Metro Railway
by—Shri Saugata Roy P-757-762
Fire Services in Metro Railway
by—Shri Saugata Roy PP-196-198
G.S.F.P. Schools in Calcutta
by—Shri Pankaj Banerjee PP-88-94
Grand Prix
by—Shri Pankaj Banerjee PP-778

Guidelines of Supreme Court
by—Shri Gyan Singh Sohanpal PP-401-407
Hotel in Yuba Bharati Krirangan Complex
by—Shri Pankaj Banerjee P-777
Kidnapping of a Student
by—Shri Pankaj Banerjee P-910
Land Awarded to Street Hawkers near Krishna Glass
by—Sri Pankaj Banerjee PP-16-17
Malaria Control Committee
by—Shri Pankaj Banerjee PP-669-678
New Engineering College
by—Shri Pankaj Banerjee P-991
New Foreign Liquor Shop
by—Shri Pankaj Banerjee PP-100-101
Number of Squatters Colonies
by—Shri Pankaj Banerjee P-897
Prisoners' Tiffin
by—Shri Pankaj Banerjee PP-413-414
Private Medical College
by—Shri Sanjoy Bakshi P-896
Quota for Admission in Class XI
by—Shri Deokinandan Poddar P-529
Reconversion of Christians
by—Shri Saugata Roy PP-1-5
Revenue Collection by C.T.C.
by—Shri Pankaj Banerjee PP-328-329
Revival of Cold Storage Industry
by—Shri Sultan Ahmed PP-900-901
Sale-out Industry Land
by—Shri Pankaj Banerjee P-887
Physical Assualt on Reports
by—Shri Pankaj Banerjee P-887
Polic Firing
by—Shri Gyan Sohanpal PP-9-13

Tripartite Agreement in Jute Industry
by—Shri Saugata Roy P-781
Unemployment Allowances
by—Shri Pankaj Banerjee PP-764-768
Water from Tannughat
by—Shri Pankaj Banerjee PP-527-528
অত্যাধুনিক স্টুডিও
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-901-902
অধ্যাপকের বেতন বৃদ্ধির জন্য ব্যয়
—শ্রী তপন হোড় PP-530
অধিগৃহীত সংস্থার আর্থিক অবস্থা
—শ্রী তপন হোড় PP-877-878
অনগ্রসর শ্রেণী এবং উন্নয়ন নিগম
—ডঃ নির্মল সিংহ PP-785-787
অনগ্রসর শ্রেণীর ছাত্র ছাত্রীদের বৃত্তিমূলক শিক্ষা
—শ্রী শ্যামাদাস ব্যানার্জী PP-876-877
অনিয়মিত বেতন
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-438
অনুপ্রবেশকারী
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় PP-427
অনুপ্রবেশ রোধে গৃহীত পদক্ষেপ
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-420
অবিনাশ দত্ত মেটারনিটি হোম
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-916
অস্থায়ী কর্মী নিয়োগ
—শ্রী সুভাষ নস্কর PP-898
আইনজীবী কল্যান আইন
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-777-778
আত্মঘাতী কৃষক
—শ্রী সৌগত রায় PP-911-912
আদিবাসী ও তফশিলী ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসের ব্যয়
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-914
আলিপুরদুয়ারে হ্যান্ডলুম ডেভেলপমেন্ট কার্যালয়
—শ্রী নির্মল দাস PP-442-443

অ্যাথলেটদের জন্য অ্যাকাডেমী
—শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় P-329
অ্যাসেসমেন্ট প্রকল্প
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-526-527
ই. এস. আই. প্রকল্প
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-445-446
ইউটিলাইজেশন সার্টিফিকেট
—শ্রী সুধীর ভট্টাচার্য্য PP-511-515
ইডেনের গ্যালারী সংস্কার
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় PP-330
ইঞ্জিনিয়ারিং শিল্প
—শ্রী শিবপ্রসাদ মালিক PP-684
ইন্দিরা আবাসন যোজনায় হুগলী জেলা
—শ্রী রবীন মুখার্জ্জী PP-425-426
ইংরাজী মাধ্যম বিদ্যালয় স্থাপনে অনুমতি
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় PP-895-896
ঈশ্বর গুপ্ত সেতু
—শ্রী রবীন মুখার্জ্জী PP-886
উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত বিদ্যালয়ের সংখ্যা
—শ্রী সঞ্জয় বক্সী PP-528
উত্ত রপাড়ায় রাস্তা সংস্কার
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-907
উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন
—শ্রী গৌতম চক্রবর্ত্তী PP-776-777
উদ্বাস্তুদের জমির দলিল
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-528
উদ্বাস্তুদের জমির পড়চা
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-100
উদ্বাস্তুদের জমির স্থায়ী স্বত্ব
—শ্রী সঞ্জয় বক্সী P-103
একশিক্ষক-বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়
—শ্রী সুধীর ভট্টাচার্য্য P-101
এন. এস. এফ. ডি. সি. প্রকল্প
—শ্রী অবিনাশ মাহাতো ও শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম PP-784-785

ওরিয়েন্টাল গ্যাস
—শ্রী রবীন মুখার্জ্জী P-427
কর্মবিনিয়োগ কেন্দ্র
—শ্রী সঞ্জয় বক্সী P-918
কর্মচারী রাজ্য বীমার টাকা
—শ্রী কমল মুখার্জ্জী P-863
কর্মচারী রাজ্যবীমা হাসপাতালের নর্মস
—শ্রী জ্যোতি চৌধুরী P-788
করপোরেশন পরিচালিত বিদ্যালয়
—শ্রী কালীপ্রসাদ বিশ্বাস PP-198-199
করিমপুর থেকে কাঁসা স্টেট এক্সপ্রেসওয়ে
—শ্রী শশাঙ্ক শেখর বিশ্বাস PP-440-441
কলকাতায় অগ্নিকান্ড
—শ্রী ব্রহ্মময় নন্দ PP-597-614
কলকাতায় অসামাজিক কাজ
—শ্রী সঞ্জয় বক্সী P-788
কলকাতা উন্নয়নে বৈদেশিক আর্থিক সহযোগীতা
—শ্রী সঞ্জয় বক্সী P-185
কলকাতা বিমানবন্দর বেসরকারীকরণ
—শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় PP-320-321
কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থার সমীক্ষা
PP-768-773
কলকাতা হলদিয়া জলপথ
—শ্রী বহ্মময় নন্দ P-775
কাজীপুর নর্থ সুবার্বন হাসপাতাল সংস্কার
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় P-447
কামারকুন্ডু রেল ষ্টেশন
—শ্রী কালীপ্রসাদ বিশ্বাস P-900
কালভার্ট মেরামত
—শ্রী ইউনুস সরকার ও শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) PP-423-424
কাশীপুর লকগেট রোড
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-916-917
কাশী-বৃন্দাবনবাসী বিধবাদের অনুদান
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-920-921

কিশলয় অনাথ আশ্রম
—শ্রী ব্রহ্মময় নন্দ PP-411-413
কেন্দ্রীয় বাস টার্মিনাল
—শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী তপন হোড় P-774
কেন্দ্রীয় সহায়তা প্রকল্প
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-271-272
ক্রেতা পরিষেবা দপ্তর
—শ্রী আবু আয়েশ মন্ডল P-874
কোনা বাস টার্মিনাল
—শ্রী জটু লাহিড়ী PP-903-904
কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্র
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত P-324
ক্যানিং মহকুমা
—শ্রী বিমল মিস্ত্রী P-443
ক্যালেডোনিয়ান জুট মিল
—শ্রী অশোক দেব P-781
কৃষি বিপণন দপ্তর নির্মিত রাস্তা
—শ্রী কালীপ্রসাদ বিশ্বাস PP-782
খরাক্লিষ্ট এলাকায় পানীয় জল
—শ্রী সৌগত রায় P-200
খয়রামারী সেতু
—শ্রী ইউনুস সরকার ও শ্রী মোজাম্মেল হক P-882
খোলা বাজারে রেশন দ্রব্য বিক্রি
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় P-272
গঙ্গা অ্যাকশন প্ল্যান
—শ্রী সুভাষ গোস্বামী PP-191-196
গঙ্গা অ্যাকশন প্ল্যান
—শ্রী রবীন মুখার্জী P-426
গভীর ও অগভীর নলকূপের জলে আর্সেনিকের প্রবণতা
—শ্রী ব্রহ্মময় নন্দ PP-182-185
গ্রন্থাগারে জরিমানা বৃদ্ধি
—শ্রী সৌগত রায় PP-912-913
গ্রামীণ উন্নয়ণে বরাদ্দকৃত অর্থ
—শ্রী তপন হোড় P-617-620

গ্রামীণ পরিকাঠামো উন্নয়ণ প্রকল্প
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-529-530
গ্রাঁ প্রী মোটর রেস
—শ্রী অধীর রঞ্জন চৌধুরী PP-322-323
গ্রামীণ বিদ্যুৎ সংস্থা
—শ্রী আবু আয়েশ মন্ডল P-312-316
গ্রামীণ বৈদ্যুতিকরণে অগ্রগতি
—শ্রী তপন হোড় PP-422-423
গ্রামীণ বৈদ্যুতিকরণে কার্যালয়ের স্থানান্তর
—শ্রী মহবুবুল হক্ PP-436-437
গ্রামীণ বৈদ্যুতিকরণে বরাদ্দকৃত অর্থ
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় P-890-892
গোপীবল্লভপুর সাব-স্টেশন
—শ্রী সুভাষ চন্দ্র সোরেণ P-908
গৌরহাটি ই.এস.আই. হাসপাতাল
—শ্রী আব্দুল মান্নান P-923
চন্দননগরে বিদ্যুৎ চুরি
—শ্রী কমল মুখার্জী PP-882-883
চন্দননগর সরকারী কলেজ
—শ্রী কমল মুখার্জী PP-421-422
চর্মশিল্পের ডিজাইন স্টুডিও
—শ্রী আবু আয়েশ মন্ডল P-422
চল্লিশোর্ধ বেকারদের পরিচয় পত্র নবীকরণ
—শ্রী আব্দুল মান্নান PP-922-923
চোরাচালান বন্ধে গৃহীত পদক্ষেপ
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় P-897-898
ছাত্র সংঘর্ষ
—শ্রী সৌগত রায় P-912
জঙ্গীপুর আর. এম. সি.
—শ্রী পরেশ নাথ দাস ও শ্রী মোজাম্মেল হক P-792
জলপথ পরিবহন
—শ্রী জটু লাহিড়ী PP-326-327
জলপথ পরিবহণে জলযান
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় P-890

জাতীয় ক্রীড়ানীতি
—শ্রী তপন হোড় P-328
জি. টি. রোড সংস্কার
—শ্রী আব্দুল মান্নান P-922
জেলখানায় বেসরকারী পরিদর্শক
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-913-914
জেলবন্দীদের দৈনন্দিন খাদ্য
—শ্রী জ্যোতি চৌধুরী PP-420-421
জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্প
—শ্রী চিত্তরঞ্জন মুখোপাধ্যায় PP-101-102
জেলাভিত্তিক আবাসন প্রকল্প
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় P-198
জেলা হাসপাতাল সংস্কার
—শ্রী নির্মল ঘোষ P-449
জেলের অভ্যন্তরে হাসপাতাল
—শ্রী সুধীর ভট্টাচার্য্য P-419-420
টালীনালা সংস্কার
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় P-885-886
টোল ট্যাক্স
—শ্রী জটু লাহিড়ী P-329
ডানকুনি-ভদ্রেশ্বর রাস্তা সংস্কার
—শ্রী আব্দুল মান্নান PP-448-449
ডানকুনি স্টেশনের পাশে উড়ালপুল নির্মাণ
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-255-260
ডিয়ার পার্ক
—শ্রী মোজাম্মেল হক P-927
"ডে স্টুডেন্টস হোম"
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় P-921-922
তফসিলী ও আদিবাসী আবাসিক ছাত্রদের পোষণ ভাতা
—শ্রী সুধীর ভট্টাচার্য্য PP-518-522
তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রাবাস
—শ্রী সুধীর ভট্টাচার্য্য PP-435-436
তফসিলীজাতি ও উপজাতি পরিচয়পত্র
—শ্রী দেবব্রত ব্যানার্জ্জী PP-428-434

তফসিলীজাতি ও উপজাতি ছাত্রদের বৃত্তি
—শ্রী ডাঃ নির্মল সিংহ P-451
তন্তুজ, তন্তুশ্রী ও গ্রামীণ খাদি
—শ্রী তপন হোড় PP-330-331
তন্তুজীবি সমবায় সমিতির বকেয়া অর্থ
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-306-311
তন্তুজীবিদের কারিগরী সহায়তা
—শ্রী অজয় দে PP-789-790
তাঁত শিল্পে উন্নয়ণ
—শ্রী অজয় দে PP-437-438
থ্যালাসেমিয়া রোগ
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় P-684
থ্যালাসেমিয়া রোগীদের রক্ত পরীক্ষা
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-269-270
দারিদ্র সীমার নীচে মানুষ
—শ্রী অধীর রঞ্জন চৌধুরী P-620
দ্বিতীয় শ্রম কমিশন
—শ্রী তপন হোড় P-685
দুঃস্থদের সাহায্য
—শ্রী কমল মুখার্জী P-779
দূর পাল্লার বাস
—শ্রী গৌতম চক্রবর্তী P-327
ধান সংগ্রহ বন্ধ
—শ্রী সুভাষ গোস্বামী P-270
ধারাবাহিক শিক্ষা প্রকল্প
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-908-909
নকল পাঠ্যপুস্তক ছাপানোর অভিযোগে গ্রেপ্তার
—শ্রী শংকর সিং এবং শ্রী অসিত মিত্র P-102
নতুন শিল্প
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় PP-186-191
নতুন সঞ্চয় প্রকল্প
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-329-330
নদীয়া জেলা পরিষদের দূরভাষ
—শ্রী শশাঙ্ক শেখর বিশ্বাস PP-904-907

নদীয়ায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা
—শ্রীশঙ্কর সিংহ P-783
নদীয়ায় প্রাথমিক শিক্ষকের শূন্যপদ
—শ্রী শশাঙ্ক শেখর বিশ্বাস P-442
নদীয়ায় সি. ডি. ও.-র শূন্যপদ
—শ্রী শশাঙ্ক শেখর বিশ্বাস PP-443-444
নিত্যপ্রয়োজনীয় সামগ্রী আমদানী
—শ্রী কমল মুখার্জী PP-266-267
নেতাজী ইন্ডোর স্টেডিয়াম
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় PP-323-324
পরিবেশ দূষণ মুক্তির ছাড়পত্র
—শ্রী তপন হোড় PP-94-98
পরীক্ষক নিয়োগের পদ্ধতি
—শ্রী অজিত খাঁড়া P-446
পাকা রাস্তা নির্মাণ
—শ্রী রামপদ সামন্ত P-873
পাকা রাস্তা নির্মাণ
—শ্রী লক্ষ্মীরাম কিসকু PP-902-903
পার্ট টাইম লেকচারারদের ভাতা
—শ্রী তপন হোড় PP-523-526
পারিবারিক আদালত
—শ্রী কমল মুখার্জী PP-319-320
পুলিশ নিয়োগ
—শ্রী আবু আয়েশ মন্ডল P-874
পুলিশ আবাসন
—শ্রী সমর মুখার্জী P-435
পুরুলিয়া অস্ত্রবর্ষণে অভিযুক্ত বন্দী
—শ্রী সৌগত রায় PP-18-19
পুরুলিয়া শ্রম দিবস
—শ্রী লক্ষ্মীরাম কিসকু PP-438-439
পৌরকর্মীদের বেতন
—শ্রী জ্যোতি কৃষ্ণ চট্টোপাধ্যায় P-199
পর্যটন মানচিত্রে নবদ্বীপ শান্তিপুর
—শ্রী অজয় দে P-448

প্রতিবন্ধী শিক্ষাকেন্দ্র
—শ্রী ব্রহ্মময় নন্দ P-271
প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠান
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-682-684
প্রশ্নপত্র ফাঁস
—শ্রী আবু সুফিয়ান সরকার P-881
প্রাথমিক বিদ্যালয় স্থাপন
—শ্রী তাপস ব্যানার্জ্জী P-902
প্রাথমিক শিক্ষক নিয়োগের পদ্ধতি
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় P-884
প্রেসিডেন্সী কলেজে বহিরাগতের প্রবেশ নিয়ন্ত্রণ
—শ্রী সৌগত রায় PP-445-445
ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোন
—শ্রী রামপদ সামন্ত PP-614-617
ফুটবল অ্যাকাডেমী
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় P-325
বর্ধমানের হীরাপুরে নতুন কলেজ
—শ্রী শ্যামদাস ব্যানার্জ্জী P-780
বনবস্তী এলাকায় পঞ্চায়েত ব্যবস্থা
—শ্রী নির্মল দাস PP-621-622
বন্দী মুক্তি
—শ্রী জটু লাহিড়ী P-17
বন্ধকী লগ্নি প্রকল্প
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-407-410
বড়বাজার থানার বিভাজন
—শ্রী সঞ্জয় বক্সী P-448
বরাহনগর জেনারেল হাসপাতাল
—শ্রী অমর চৌধুরী PP-791-792
বরাহনগর স্টেট জেনারেল হাসপাতাল
—শ্রী নির্মল ঘোষ PP-923-924
বহুতল বাড়ীর অগ্নিনিরোধক ব্যবস্থা
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-621
বয়স্ক শিক্ষা
—শ্রী কমল মুখার্জ্জী PP-871-872

বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষ
—শ্রী অধীর চৌধুরী PP-418-419
বাউড়িয়া কটন মিল
—শ্রী রামজনম মাঝি PP-782-783
বাসের ভাড়া
—শ্রী সুধীর ভট্টাচার্য্য P-324
বাংলাদেশের ইলিশ
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-774-775
বাংলাদেশের প্রধানমন্ত্রীকে সংবর্ধনা
—শ্রী অধীর রঞ্জন চৌধুরী PP-15-16
বাংলা "সঙ্গীত মেলা"
—শ্রী রামপদ সামন্ত P-17
বিচারাধীন বন্দীর সংখ্যা
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় P-18
বিদ্যুৎ চুরির শাস্তি
—শ্রী অবিনাশ মাহাতো এবং শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম P-904
বিদ্যুতায়নের সংজ্ঞা
—শ্রী রামপদ সামন্ত P-445
বিদ্যুৎবিহীন মৌজা
—শ্রী আবু সুফিয়ান সরকার P-881
বিদ্যুৎ মিটার রিডিং-এ পঞ্চায়েত
—শ্রী তপন হোড় P-879
বিদ্যুৎ সমবায় সমিতি
—শ্রী তপন হোড় PP-880-881
বি. টি. রোড সংস্কার
—শ্রী নির্মল ঘোষ P-924
বিধানসভার সদস্য/সদস্যাদের আবাসন সমস্যা
—শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) P-273
বিধায়কদের নিরাপত্তারক্ষী
—শ্রী বুদ্ধদেব ভকত P-438
বিনা ব্যয়ে চিকিৎসা
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় P-267
বিভিন্ন ডেয়ারীতে কর্মী সংখ্যা
—শ্রী সঞ্জয় বক্সী P-789

বিশ্বব্যাঙ্কের সাহায্যে রাস্তা নির্মাণ
—শ্রী শ্যামাদাস ব্যানার্জী P-261
বেকার ভাতা
—শ্রী ব্রহ্মময় নন্দ PP-324-325
বেগমপুর তাঁতশিল্পে মন্দা
—শ্রী ভক্তরাম পান P-927
বেনিফীশ্যারী কমিটি
—শ্রী শ্যামাপ্রসাদ পাল P-260-261
বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজ
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-446-447
বে-সরকারী ইঞ্জিনীয়ারিং কলেজ
—শ্রী দেবব্রত ব্যানার্জ্জী P-791
বেহালা ফ্লাইং ট্রেনিং ইন্সস্টিটিউশন
—শ্রী অধীর রঞ্জন চৌধুরী P-775-776
ব্যাঙ্কের মাধ্যমে পেনশন প্রদান
—শ্রী গৌতম চক্রবর্তী P-913
ব্যাটারী চালিত বাস
—শ্রী তপন হোড় PP-316-318
ভিজিল্যান্স কমিশন
—শ্রী তপন হোড় PP-272-273
ভূয়ো রেশন কার্ড
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় PP-884-885
ভোজ্য তেল আমদানি
—শ্রী কমল মুখার্জী P-872
ভৈরব নদীর সেতু
—শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) P-899
মগরাহাটে বিদ্যুৎবিহীন মৌজা
—ডঃ নির্মল সিংহ PP-924-925
মৎসচাষ প্রকল্প
—শ্রী শ্যামাদাস ব্যানার্জী PP-321-322
মৎসচাষে পশ্চিমবঙ্গ
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-327-328
মহিলা কমিশনের সুপারিশ
—শ্রী তপন হোড় P-16

মাদার ডেয়ারী
—শ্রী ভক্তরাম পান এবং শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-926
মামলায় সরকারের স্বার্থ সুরক্ষা
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-762-764
মালদহে কাটাহাদিয়াড়ার বিদ্যালয়
—শ্রী সমর মুখার্জ্জী PP-780-781
মালদার রতুয়ায় বিদ্যুতায়ন
—শ্রী সমর মুখার্জ্জী P-895
মাশরুম ইত্যাদি চাষ
—শ্রী রামপদ সামন্ত PP-424-425
মিডি বাস ক্রয়
—শ্রী পঙ্কজ ব্যানার্জ্জী PP-888-889
মুক্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা
—শ্রী আবু আয়েশ মন্ডল P-101
মুখ্য সচিবের সমতুল্য আধিকারিক
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় P-889
মেদিনীপুরে দরিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবার
—শ্রী অজিত খাঁড়া PP-914-916
যুবভারতী স্টেডিয়াম চত্বরে হোটেল
—শ্রী তপন হোড় PP-878-879
রবীন্দ্রভারতীতে ভাঙচুর
—শ্রী ব্রহ্মময় নন্দ P-910
রাজ্য বিদ্যুৎ পর্ষদ
—শ্রী সুধীর ভট্টাচার্য PP-893-894
রাজ্যের আবগারী দোকানের সংখ্যা
—শ্রী শ্যামাদাস ব্যানার্জ্জী PP-99-100
রাজ্যে আলুর যোগান
—শ্রী রবীন মুখার্জ্জী P-886
রাজ্যে উৎপাদিত জল ও সৌর বিদ্যুতের পরিমান
—শ্রী সুধীর ভট্টাচার্য্য PP-892-893
রাজ্যে দুগ্ধ উৎপাদন
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-5-9
রাজ্যে মাছের চাহিদা
—শ্রী শঙ্কর সিংহ PP-439-440

রাজ্যের রাস্তা মেরামত
—শ্রী নন্দদুলাল মাঝি P-899
রাজ্যে শিশুবিকাশ প্রকল্প
—শ্রী সুধীর ভট্টাচার্য PP-17-18
রাজ্যে সেতুর শিলান্যাস
—শ্রী তপন হোড় PP-264-266
রামনগর এলাকার কাঠপুল সেতু
—শ্রী মৃণালকান্তি রায় P-901
রামনগরে জলস্তর
—শ্রী মৃণালকান্তি রায় PP-783-784
রাস্তা নির্মানের পরিকল্পনা
—শ্রী আবু সুফিয়ান সরকার P-882
রাষ্ট্রিয় পরিবহন সংস্থা
—শ্রী নন্দদুলাল মাঝি P-326
রুগ্নশিল্প পুনরুজ্জীবন
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-909
রেশনকার্ড
—শ্রী কমল মুখার্জ্জী P-271
রেশনকার্ড বিতরণ
—শ্রী সুধীর ভট্টাচার্য্য PP-267-268
রেশনদোকান মারফত খাদ্যসামগ্রী সরবরাহ
—শ্রী মোজাম্মেল হক ও শ্রী ইউনুস সরকার PP-268-269
রেশন সরবরাহে আর্থিক সাহায্য
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-273
রেশনে নিকৃষ্টমানের খাদ্য
—শ্রী কমল মুখার্জ্জী PP-872-873
রেশম চাষ
—শ্রী ব্রহ্মময় নন্দ P-443
লিগাল এইড্ সার্ভিস
—শ্রী সঞ্জয় বক্সী P-917
লোক-আয়ুক্ত প্রতিষ্ঠান
—শ্রী তপন হোড় P-878
শান্তিপুরে গ্রুপ ইলেক্ট্রিক্ সাপ্লাই
—শ্রী অজয় দে PP-918-919

শিক্ষক নিয়োগ
—শ্রী আবু আয়েশ মন্ডল P-875
শিক্ষক-শিক্ষণকেন্দ্রে সংরক্ষণ
—শ্রী অবিনাশ মাহাতো ও শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম P-102
শিক্ষকদের জন্য গৃহনির্মাণকল্পে ঋণ
—শ্রী কমল মুখার্জ্জী PP-98-99
শিক্ষা প্রতিষ্ঠানে অনগ্রসর শ্রেণীর সংরক্ষণ
—ডঃ নির্মল সিংহ PP-792-793
শিক্ষা প্রতিষ্ঠানে ও.বি.সি.দের সংরক্ষণ
—শ্রী অবিনাশ মাহাতো ও শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম P-450
শিল্পবিহীন জেলা
—শ্রী রামপদ সামন্ত P-199
শিলিগুড়ির সন্নিকটে উপনগরী
—শ্রী তপন হোড় P-200
শেওড়াফুলী নিয়ন্ত্রিত বাজার
—শ্রী আবু সুফিয়ান সরকার P-785
শ্রম ট্রাইব্যুনাল
—শ্রী দেবব্রত ব্যানার্জ্জী P-780
শ্রমিকদের জন্য বয়স্ক-শিক্ষা কেন্দ্র
—শ্রী তপন হোড় PP-678-682
শ্রীরামপুর জল প্রকল্প
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-925-926
সবুজ গো-খাদ্য চাষে বিশ্বব্যাঙ্কের ঋণ
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-13-15
সমবায় বিকাশ নিগম
—শ্রী আবু আয়েশ মন্ডল P-875
সমবায় সমিতির কর্মচারী ছাঁটাই
—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস P-787
সমবায় সমিতি কর্মচারীদের পে-কমিশন
—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস P-903
সমবায় সমিতিতে নিয়োগ
—শ্রী কালিপদ বিশ্বাস PP-899-900
সরকার পরিচালিত সংস্থায় ই. এস. আইয়ের বকেয়া
—শ্রী জ্যোতি চৌধুরী P-774

সরকারী কলেজ
—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস PP-441-442
সরকারী রুটে বেসরকারী বাস
—শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) P-327
সড়ক সংস্কার
—শ্রী শক্তিপদ খাঁড়া P-442
সাগরদত্ত হাসপাতাল সংস্কার
—শ্রী নির্মল ঘোষ PP-449-450
সাপের কামড়ে মৃতের আত্মীয়দের সাহায্য
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-861
সার্বজনীন প্রাথমিক শিক্ষা
—শ্রী দেবপ্রসাদ সরকার PP-83-88
সার্বিক সাক্ষরতা অভিযান
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-261-264
সি.এস.টি.সি-তে স্বেচ্ছা-অবসর
—শ্রী জটু লাহিড়ী P-776
স্কুল সার্ভিস কমিশন
—শ্রী অবিনাশ মাহাতো ও শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম PP-907-908
সেতু পুনঃ নির্মাণ
—শ্রী রামপ্রবেশ মন্ডল P-437
সেতু পুনর্নির্মাণ
—শ্রী সমর মুখার্জ্জী PP-894-895
সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক
—শ্রী শ্যামাপ্রসাদ পাল P-876
স্বনিযুক্তি প্রকল্প
—ডাঃ নির্মল সিংহ PP-450-451
হাইকোর্টে বিচারাধীন মামলা
—শ্রী আবু সুফিয়ান সরকার P-322
হাওড়ায় বন্ধ কারখানা
—শ্রী শীতল কুমার সর্দার P-782
'হাডকোর' ঋণ
—শ্রী তপন হোড় P-880
হাঁসখালি সমবায় সমিতির শূন্যপদ
—শ্রী শশাঙ্ক শেখর বিশ্বাস PP-787-788

হাস্কিং মিল
—শ্রী নন্দদুলাল মাঝি P-270
হিন্দমোটর কারখানায় লে-অফ
—শ্রী তপন হোড় P-877
হুগলী জেলা পরিষদের অডিট
—শ্রী কমল মুখার্জ্জী PP-861-862
হুগলী জেলায় দূষণ সৃষ্টিকারী শিল্প সংস্থা
—শ্রী কমল মুখার্জ্জী PP-863-871
হুগলীতে গভীর ও অগভীর নলকূপ স্থাপন
—শ্রী শক্তিপদ খাঁড়া P-790
হুগলী সদর হাসপাতাল
—শ্রী শক্তিপদ খাঁড়া PP-790-791
হোমিওপ্যাথিক চিকিৎসার প্রসার
—শ্রী কমল মুখার্জ্জী PP-883-884
১৯৯৮ সালে উৎপাদিত বিদ্যুতের পরিমাণ
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-919-920
১৯৯৮ এর বন্যায় ক্ষতি
—শ্রী সঞ্জয় বক্সী P-918
১৯৯৮ এর বণ্যায় প্লাবিত জমির পরিমান
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় P-917
৮০ জন ছাত্র পিছু একজন শিক্ষক
—শ্রী কমল মুখার্জ্জী PP-515-518

**RULING FROM CHAIR**
—Mr. Speaker
PP-243-245, 303-304, 664-665, 988-990

**STATEMENT ON CALLING ATTENTION**
**Regarding allegation against 10 Companies of Durgapur for non-depositing Provident Fund money**
by—Shri Md. Amin PP-795-797
**Regarding progress in setting-up of a New Medical College Midnapore Town**
by—Shri Partha Dey PP-690-691

**Regarding progress of Subarnarekha Barrage Project**
by—Shri Ganesh Chandra Mondal PP-797-800
**Regarding progress of work of the Rajarhat Township**
by—Shri Gautam Deb PP-928-933
**Regarding re-opening of India Machinery at Howrah**
by—Shri Mrinal Banerjee PP-623-625
**Regarding reported arrest of one Shri Dipankar Biswas alias Palash, a Trinamul congress leader allegedly involved in Ulfa terrorist activities at Jalpaiguri**
by—Shri Buddhadeb Bhattacharya PP-453-454
**Regarding reported arrest of one Samit Khemka, allegedly involved in cyber-crime**
by—Shri Buddhadeb Bhattacharya PP-20-23
**Regarding reported blast and collapse of Parascole Colliery of ECL in Andal, Burdwan on 6.7.99 resulging in death of 5 miners and injuries to many others**
by—Shri Bidyut Kumar Gangully PP-625-628
**Regarding reported fire at I.T.C. (edible) oil godown at Hyde Road Calcutta on 11.7.99**
by—Shri Pratim Chatterjee PP-629-630
**Regarding reported fire at Moon Electric factory at Baguihati under Rajarhat P.S. on 8.7.99**
by—Shri Pratim Chatterjee PP-628-629
**Regarding reported incident of devastating fire at 1, India Exchange Place, Kolkata on 4.7.99**
by—Shri Pratim Chatterjee P-211
**Regarding reported murder of a Congress(I) Leader Shri Manas Choubey on 27.5.99 at Kharagpur**
by—Shri Buddhadeb Bhattachrya PP-23-29
**Regarding state Govt.'s dicision on setting up a Law College in the State**
by—Shri Nishith Adhikary PP-333-334
**Regarding steps taken by the State Government to re open the Dunlop Rubber Industries at Sahaganj, Hooghly**

by—Shri Mirnal Banerjee PP-202-205

**Regarding Strike for indefinite period called by the workers of Tea Gardens in North Bengal Since 12.7.99 and conseqential situation arisen**

by—Shri Santi Ranjan Ghatak PP-686-688

**Zero Hour**

PP-340-343

PP-464-466

PP-541-544

PP-827-830

PP-935-737

Printed at : Basumati Corporation Limited
. 166 B. B. Ganguly Street, Kolkata-700 012/500/'03